[Canvas]
W. B. L. A. Debates
Vol. XLI
1965 — 66
16th Dec ~~1965~~ — 19th Jan
W. B. L. A. Library
55
2½"

(November-January, 1965-66)

(From 16th December, 1965 to 19th January, 1966)

The 16th, 17th, 20th and 21st December, 1965 and 5th, 6th, 7th, 10th, 11th, 13th, 14th, 17th, 18th and 19th January, 1966.

Published by authority of the Assembly under rule 353 of the Rules of [illegible] and Conduct of Business in the West Bengal L[illegible] Assembly.

Vol. XLI—No. 3

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Forty-First Session

(November-January, 1965-66)

(From 16th December, 1965 to 19th January, 1966)

The 16th, 17th, 20th and 21st December, 1965 and 5th, 6th, 7th, 10th, 11th, 13th, 14th, 17th, 18th and 19th January, 1966.

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Superintendent, Government Printing, West Bengal
Alipore, Calcutta 700 027

GOVERNMENT OF WEST BENGAL

Governor

Shrimati PADMAJA NAIDU

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

Shri PRAFULLA CHANDRA SEN, Chief Minister. Minister-in-charge of the General Administration, Political, Police, Defence, Special Anti-Corruption and Enforcement Branches of the Home Department and the Departments of Food and Supplies, Agriculture, Community Development, excluding the Community Development Branch and Development and Planning.

Shri KHAGENDRA NATH DAS GUPTA, Minister-in-charge of the Department of Public Works including Roads, and Construction Board, and the Housing Department.

Shri ISWAR DAS JALAN, Minister-in-charge of the Department of Excise and Judicial and Legislative Departments.

*Shri RABINDRALAL SINHA, Minister-in-charge of the Department of Education.

Shri TARUN KANTI GHOSH, Minister-in-charge of the Departments of Commerce and Industries, Cottage and Small-Scale Industries, Forests, and Co-operation.

Shrimati PURABI MUKHOPADHYAY, Minister-in-charge of the Department of Health, and the Small Savings Branch of the Finance Department.

Shri SYAMADAS BHATTACHARYYA, Minister-in-charge of the Departments of Land and Land Revenue, and Irrigation and Waterways.

Shri JAGANNATH KOLAY, Minister-in-charge of the Jails, Press and Passport Branches of the Home Department and of Parliamentary Affairs.

Shri SAILA KUMAR MUKHERJEE, Minister-in-charge of the Transport Branch of the Home Department and the Department of Finance excluding the Small Savings Branch.

Shrimati ABHA MAITI, Minister-in-charge of the Social Welfare, and the Constitution and Elections Branch of the Home Department and the Departments of Refugee Relief and Rehabilitation, and Relief and Social Wlefare.

*Member of the West Bengal Lagislative Council.

Shri S. M. FAZLUR RAHAMAN, Minister-in-charge of the Departments of Animal Husbandry and Veterinary Services, Fisheries, and Local Self-Government and Panchayats.

Shri BIJOY SINGH NAHAR, Minister-in-charge of the Departments of Information and Public Relations and Labour.

MINSTERS OF STATE

Shri SOURINDRA MOHAN MISRA, Minister of State in charge of the Department of Panchayats and also Minister of State for the Department of Education.

Shri TENZINNG WANGDI, Minister of State in charge of the Department of Tribal Welfare and also Minister of State for the Department of Co-operation, Animal Husbandry and Veterinary Services and Fisheries.

Shri SMARAJIT BANDYOPADHYAY, Minister of State in charge of the Department of Community Development Branch of the Department of Agriculture and Community Development and also Minister of State for the Department of Agriculture and Community Development.

Shri ARDHENDU SEKHAR NASKAR, Minister of State for the Police and Defence Branches of the Home Department and the Departments of Excise, Commerce and Industries, Cottage and Small-Scale Industries and Forests.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

The Speaker	... The Hon'ble Keshab Chandra Basu.
Deputy Speaker	... Shri Ashutosh Mallick

SECRETARIAT

Secretary	... Shri Prititosh Roy, M.A., LL.B., Higher Judicial Service.
Deputy Secretary	... Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barister-at-Law.
Deputy Secretary	... Shri Syamapada Banerjea, B A., LL B.
Assistant Secretary	... Shri Rafiqul Haque, B.A.
Assistant Secretary	... Shri Khagendra Nath Mukherji, B.A., LL.B.
Assistant Secretary	... Shri Bimal Chandra Bhattacharyya, B A , LL.B.
Assistant Secretary	... Shri Anil Chandra Chatarji
Registrar	... Shri Sankar Prasad Mukherjee, B.A.
Editor of Debates	... Shri Debabrata Chakraborty.
Chief Reporter	... Shri Prafulla Kumar Banerjee.
Gazetted Personal Assistant to Speaker and the Private Secretary to Speaker	Shri Santosh Kumar Banerjee and Shri Benoy Kumar Sen, B.A.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

·ALPHABETICAL LIST OF MEMBERS

A

(1) Abdul Bari Moktar, Shri. (Jalangi—Murshidabad.)
(2) Abdul Gafur, Shri. (Swarupnagar—24-Parganas.)
(3) Abdul Latif, Shri. (Hariharpara—Murshidabad.)
(4) Adbullah, Shri S. M. (Garden Reach—24-Parganas.)
(5) Abdul Hashem, Shri. (Magrahat West—24-Parganas.)
(6) Abdul Hossain Syed, Shri. (Farakka—Murshidabad.)
(7) Abdul Mansur Habibullah, Shri Syed. (Manteswar—Burdwan.)
(8) Adhikary, Shri Sailendra Nath. (Bhagabangola—Murshidabad.)
(9) Ahmed Ali Mufti, Shri (Maheshtola—24-Parganas.)
(10) Ashadullah Choudhury, Shri. (Sujapur—Malda.)

B

(11) Bagdi, Shri Lakhan. (Raniganj—Burdwan.)
(12) Baidya, Shri Ananta Kumar. (Sandeshkhali—24-Parganas.)
(13) Baksi, Shri Monoranjan. (Ausgram—Burdwan.)
(14) Bankura, Shri Aditya Kumar. (Sabang—Midnapore.)
(15) Bandyopadhyay, Shri Samarjit. (Karimpur—Nadia.)
(16) Banerjee, Shri Baidyanath. (Suri—Birbhum.)
(17) Banerjee, Shri Bejoy Knmar. (Rashbehari Avenue—Calcutta.)
(18) Banerjee, Shri Gopal. (Khardah—24-Pargans.)
(19) Banerjee, Shri Jaharlal. (Khandaghosh—Burdwan.)
(20) Banerjee, Shrimati Maya. (Kakdwip—24-Parganas.)
(21) Banerji, Shri Sankardas. (Tehatta—Nadia.)
(22) Barman, Shri Syama Prasad. (Kaliaganj—West Dinajpur.)
(23) Basu, Shri Abani Kumar. (Uluberia South—Howrah.)
(24) Basu, Shri Amarendra Nath. (Burtola South—Calcutta.)
(25) Basu, Shri Debi Prosad. (Nabadwip—Nadia.)
(26) Basu, Shri Gopal. (Naihati—24-Parganas.).
(27) Basu, Shri Hemata Kumar. (Shyampukur—Calcutta.)

B

(28) Basu, Shri Jagat. (Beliaghata North—Calcutta.)
(29) Basu, Shri Jyoti. (Baranagar—24-Parganas.)
(30) Basu, The Hon'ble Keshab Chandra. (Sukea Street—Calcutta.)
(31) Basunia, Shri Sunil. (Cooch Behar South—Cooch Behar.)
(32) Bauri, Shri Nepal. (Para—Purulia.)
(33) Bazlur Rahaman Dargapuri, Maulana. (Deganga—24-Parganas.)
(34) Beri, Shri Daya Ram. (Bhatpara—24-Parganas.)
(35) Besterwitch, Shri A. H. (Madarihat—Jalpaiguri.)
(36) Bhaduri, Shri Panchu Gopal. (Serampore—Hooghly.)
(37) Bhagat, Shri Budhu. (Nagrakata—Jalpaiguri.)
(38) Bhattacharyya, Shri Abani. (Bankura—Bankura.)
(39) Bhattacharya, Shri Bejoy Krishna. (Howrah East—Howrah.)
(40) Bhattacharya, Dr. Kanai Lal. (Howrah South—Howrah.)
(41) Bhattacharyya. Shri Mrigendra. (Daspur—Midnapore.)
(42) Bhattacharjee, Shri Nani. (Kalchini—Jalpaiguri.)
(43) Bhattachayya, Shri Syamadas. (Panskura West—Midnapore.)
(44) Bhowmick, Shri Barendra Krishna. (Mal—Jalpaiguri)
(45) Biswas, Shri Manindra Bhusan. (Bagdah—24-Parganas.)
(46) Blanche, C. L. (Nominated.)
(47) Bose, Dr. Maitreyee. (Fort—Calcutta.)
(48) Bose, Shri Promode Ranjan (Kaliachak—Malda.)

C

(49) Chakravarty, Shri Haridas. (Barabani—Burdwan.)
(50 Chakravarty, Shri Hrishikese. (Egra—Midnapore.)
(51) Chakravarty, Sri Jnanatosh. (Joynagar North—24-Parganas.)
(52) Chatterjee, Shri Mukti Pado. (Jangipur—Murshidabad.)
(53) Chattopadhyay, Shri Brindaban. (Balagarh—Hooghly.)
(54) Chattopadhyay, Dr. Sushil Ranjan. (Balurghat—West Dinajpur.)
(55) Chattoraj, Dr. Radhanath, (Labpur—Birbhum.)
(56) Choubey, Shri Narayan. (Kharagpur—Midnapore.)
(57) Chowdhury, Shri Benoy Krishna. (Burdwan—Burdwan.)

C

58) Chowdhury, Shri Birendra Nath. (Dhaniakhali—Hoogly.)
59) Chowdhury, Shri Subodh. (Katwa—Burdwan.)
60) Chunder, Dr. Pratap Chandra. (Muchipara—Calcutta.)

D

61) Dakua, Shri Mahendra Nath. (Mathabhanga—Cooch Behar.)
62) Das, Shri Abanti Kumar. (Khejuri—Midnapore.)
63) Das, Shri Ambika Charan. (Sagardighi—Murshidabad.)
64) Das, Shri Anadi. (Howrah West—Howrah.)
65) Das, Shri Ananga Mohan. (Mayna—Midnapore.)
66) Das, Dr. Bhusan Chandra. (Mathurapur South 24-Parganas.)
67) Das, Shri Dinabandhu. (Hasnabad—24-Parganas.)
68) Das, Shri Gobardhan (Mayureshwar—Birbhum.)
69) Das, Shri Gokul Behari. (Onda—Bankuta.)
70) Das, Dr. Kanai Lal. (Galsi—Burdwan.)
71) Das, Shri Khagendra Nath. (Falta—24-Parganas.)
72) Das, Shri Mahatab Chand. (Sutahata—Midnapore.)
73) Das, Shri Narayandas. (Mangalkot—Burdwan.)
74) Das, Shri Nikhil. (Burtola North—Calcutta.)
75) Das, Shri Radhanath. (Pandua—Hooghly.)
76) Das, Shri Sambhu Gopal. (Bharatpur—Murshidabad.)
77) Das, Shrimati Santi. (Chakdah—Nadia)
78) Das, Shri Sudhir Chandra. (Contai South—Midnapore.)
79) Das Adhikary, Shri Radha Nath. (Pataspur—Midnapore.)
80) Das Gupta, Shri Khagendra Nath. (Jalpaiguri—Jalpaiguri.)
81) Das Gupta, Shri Sunil. (Cooch Behar North—Cooch Behar.)
82) Das Gupta, Dr: Sushil. (Cossipore—Calcutta.)
83) Das Mahapatra, Shri Balai Lal. (Ramnagar—Midnapore.)
84) Dey, Shri Jiban Krishna. (Tufanganj—Cooch Behar.)
85) Dey, Shri Kanai Lal (Chanditala—Hooghly.)
86) Dey, Shri Tarapada. (Domjur—Howrah.)
87) Dhar, Shrimati Charushila. (Bangaon—24-Parganas.)
88) Dhara, Shri Sushil Kumar. (Mahishadal—Midnapore.)

D

(89) Dhibar, Shri Radhika. (Bishnupur—Bankura.)

(90) Doloi, Shri Nagen (Ghatal—Midnapore.)

(91) Dutt, Dr. Ramendra Nath. (Raiganj—West Dinajpur.)

(92) Dutt, Shri Ashoka Krishna. (Barasat—24-Parganas.)

(93) Dutta, Shrimati Sudharani. (Raipur—Bankura.)

F

(94) Fazlur-Rahman, Shri S. M. (Nakasipara—Nadia.)

G

(95) Gayen, Shri Brindaban. (Mathurapur North-West—24-Parganas.)

(96) Ghosh, Shri Deb Saran. (Beldanga—Murshidabad.)

(97) Ghosh, Shri Ganesh. (Belgachia—Calcutta.)

(98) Ghosh, Shri Sambhu Charan. (Chinsura - Hooghly.)

(99) Ghosh, Shri Tarun Kanti. (Habra—24-Parganas.)

(100) Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar. (Bagnan—Howrah.)

(101) Golam Yazdani, Dr. (Kharba—Malda.)

(102) Guha, Shri Kamal Ranti. (Dinhata—Cooch Behar.)

(103) Guha, Dr. Probodh Kumar. (Raina—Burdwan.)

H

(104) Haldar, Shri Haralal. (Budge Budge—24-Parganas.)

(105) Haldar, Shri Mahananda. (Chapra—Nadia.)

(106) Halder, Shri Adhar Chandra. (Canning—24-Parganas.)

(107) Halder, Shri Hrishikesh. (Kulpi—24-Parganas.)

(108) Halder, Shri Jagadish Chandra. (Diamond Harbour—24-Parganas.

(109) Hamal, Shri Bhadra Bahadur. (Jore Banglow—Darjeeling)

(110) Hansda, Shri Debnath. (Nayagram—Midnapore.)

(111) Hansda, Shri Jaleswar. (Ranibandh—Bankura.)

(112) Hansdah, Shri Bhusan. (Mahammad Bazar—Birbhum.)

(113) Hazra, Shri Monoranjan. (Uttarpara—Hooghly.)

(114) Hazra, Shri Parbati Charan. (Tarakeswar—Hooghly.)

(115) Hembram, Shri Kamala Kanta. (Chhatna—Bankura.)

I

(116) Ishaque. Shri A. K. M. (Bhangar—24-Parganas.)

J

(117) Jalan, Shri Iswar Das. (Barabazar—Calcutta.)
(118) Jana. Shri Mrityunjoy. (Kharagpur Local—Midnapore.)
(119) Jana, Shri Prabir Chandra. (Nandigram South—Midnapore.)
(120) Jehangir Kabir, Shri. (Haroa—24-Parganas.)
(121) Josse, Shri Lakshmi Ranjan. (Kalimpong—Darjeeling.)
(122) Joynal Abedin Shri. (Itahar—West Dinajpur.)

K

(123) Karam Hossain, Shri. (Taltola—Calcutta.)
(124) Kazim Ali Meerza, Shri Syed. (Lalgola—Murshidabad.)
(125) Khalil Syed, Shri. (Kushmandi—West Dinajpur.)
(126) Khamrai, Shri Niranjan. (Salboni—Midnapore.)
(127) Khan, Shri Gurupada. (Patrasayer—Bankura.)
(128) Khan, Shri Satyanarayan. (Jagathallavpur—Howrah.)
(129) Kisku, Shri Mangla. (Gangarampur—West Dinajpur.)
(130) Kolay, Shri Jagannath. (Kotulpur—Bankura.)
(131) Konar, Shri Hare Krishna. (Kalna—Burdwan.)
(132) Kuiry, Shri Daman. (Arsa—Purulia.)
(133) Kundu, Shri Gour Chandra. (Ranaghat—Nadia.)

L

(134) Lahiri, Shri Somnath, (Alipore—Calcutta.)
(135) Lutfal Haque, Shri. (Suti—Murshidabad.)

M

(136) Mohammad Afaque, Shri Chowdhury. (Chopra—West Dinajpur.)
(137) Mohanty, Shri Charu Chandra. (Dantan—Midnapore.)
(138) Mahata, Shri Mahendra Nath. (Jhargram—Midnapore.)

M

(139) Mahata, Shri Padak. (Balarampur—Purulia.)
(140) Mahata, Shri Surendra Nath. (Gopiballavpur-Midnapore.)
(141) Mahato, Shri Debendra Nath. (Jhalda—Purulia.)
(142) Mahato, Shri Girish. (Manbazar—Purulia.)
(143) Maitra, Shri Anil. (Ballygunge—Calcutta.)
(144) Maitra, Shri Birendra Kumar. (Harishchandrapur—Malda.)
(145) Maitra, Shri Kashi Kanta. (Krishnagar—Nadia.)
(146) Maiti, Shrimati Abha. (Bhagabanpur—Midnapore.)
(147) Maiti, Shri Subodh Chandra. (Nandigram North—Midnapore.)
(148) Maiti, Shri Bijoy Krishna. (Contai North—Midnapore.)
(149) Majhi, Shri Budhan. (Kashipur—Purulia.)
(150) Majhi, Shri Kandru. (Banduan—Purulia.)
(151) Majumdar, Shri Apurba Lal (Panchla—Howrah.)
(152) Majumdar, Shrimati Niharika. (Rampurhat—Birbhum.)
(153) Mallick, Shri Ashutosh. (Indpur—Bankura.)
(154) Mallick, Shri Ramendra Kishore. (Hanskhali—Nadia.)
(155) Mandal, Shri Adwaita. (Jaipur—Purulia.)
(156) Mandal, Shri Bhakti Bhusan. (Dubrajpur—Birbhum.)
(157) Mandal, Shri Krishna Prasad. (Narayangarh—Midnapore.)
(158) Mandal, Shri Siddheswar. (Rajnagar—Birbhum.)
(159) Manya, Shri Murari Mohan. (Syampur—Howrah.)
(160) Misra, Shri Sowrindra Mohon. (Manickchak—Malda.)
(161) Mitra, Shrimati Biva. (Kalighat—Calcutta.)
(162) Mitra, Dr. Gopikaranjan. (Hirapur—Burdwan.)
(163) Mitra, Shrimali Ila. (Manicktata—Calcutta.)
(164) Mohammad Hayat Ali, Shri. (Goalpokhar—West Dinajpur.)
(165) Mohammad Israil, Shri. (Naoda—Murshidabad.)
(166) Moitra, Shri Arun Kumar. (Siliguri—Darjeeling.)
(167) Mondal, Shri Amarendra. (Jamuria—Burdwan.)
(168) Mondal, Shri Bijoy Bhusan. (Uluberia North—Howrah.)
(169) Mondal, Shri Dulal Chandra. (Sankrail—Howrah.)
(170) Mondal, Shri Rajkrishna. (Kalinagar—24-Parganas.)
(171) Mondal, Shrimati Santilata. (Bishnupur East—24-Parganas.)
(172) Mondal, Shri Sishuram. (Gangajalghati—Bankura.)

M

(173) Mookerjee, Shri Naresh Nath. (Chowringhee—Calcutta.)
(174) Mukherjee, Shri Girija Bhusan. (Bhadreswar—Hooghly.)
(175) Mukherjee, Shri Ajoy Kumar. (Tamluk—Midnapore.)
(176) Mukherjee, Shri Pijus Kanti. (Alipurduar—Jalpaiguri.)
(177) Mukherjee, Shri Saila Kumar. (Howrah North—Howrah.)
(178) Mukherjee, Shri Sankar Lal. (Bally—Howrah.)
(179) Mukherji, Dr. Santosh Kumar. (Debra—Midnapur.)
(180) Mukhopadhyay, Shri Ananda Gopal. (Durgapur—Burdwan.)
(181) Mukhopadhyay, Shri Bhabani. (Chandernagore—Hooghly.)
(182) Mukhopadhyay, Shri Manik Chandra. (Barjora—Bankura.)
(183) Mukhopadhyay, Shrimati Purabi. (Taldangra—Bankura.)
(184) Mukhopadhyay, Shri Rabindra Nath. (Behala—24-Parganas.)
(185) Murmu, Shri Nathaniel. (Tapan—West Dinajpur.)
(186) Murmu, Shri Nimai Chand. (Habibpur—Malda.)

N

(187) Nahar, Shri Bijoy Singh. (Bowbazar—Calcutta.)
(188) Naskar, Shri Ardhendu Sekhar. (Magrahat East—24-Parganas.)
(189) Nawab Jani Merza, Shri Syed. (Raninagar—Murshdabad.)
(190) Noronha, Shri Clifford. (Nominated.)

O

(191) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad. (Entally—Calcutta.)

P

(192) Pal, Shri Bijoy. (Asansol—Burdwan.)
(193) Pal, Shri Kanai. (Santipur—Nadia.)
(194) Pal, Shri Provakar. (Singur—Hooghly.)
(195) Pal, Dr. Radha Krishna. (Arambagh West—Hooghly.)
(196) Pandit, Shri Krishna Pada. (Khanakul—Hooghly.)
(197) Pemantle, Shrimati Olive. (Nominated.)
(198) Platel, Shri R. E. (Nominated)

P

(199) Poddar, Shri Badri Prasad. (Jorasanko—Calcutta.)
(200) Pramanik, Shri Puranjoy. (Jamalpur—Burdwan.)
(201) Pramanik, Shri Rajani Kanta. (Panskura East—Midnapur.)
(202) Pramanik, Dr. Tarapada. (Amta—Howrah.)
(203) Prasad, Shri Shiromoni. (Nalhati—Birbhum.)

R

(204) Raha, Shri Sanat Kumar. (Berhampore—Murshidabad.)
(205) Rai, Shri Deo Prakash. (Darjeeling—Darjeeling.)
(206) Raikut, Shri Bhupendra Deb. (Kharba—Jalpaiguri.)
(207) Ray, Dr. Anath Bandhu. (Saltora—Bankura.)
(208) Ray, Shri Birendra Narayan. (Murshidabad—Murshidabad.)
(209) Ray, Shri Kamal Krishna. (Malda—Malda.)
(210) Ray, Shri Siddartha Sankar. (Bhowanipur—Calcutta.)
(211) Ray Chowdhury, Shri Khagendra Kumar. (Sonarpur—24-Parganas.)
(212) Roy, Shri Arabinda. (Udaynarayanpur—Howrah.)
(213) Roy, Shri Aswini. (Bhatar—Burdwan.)
(214) Ray, Shri Bankim Chandra. (Keshpur—Midnapore.)
(215) Roy, Shri Bijoy Kumar. (Sitalkuchi—Cooch Behar.)
(216) Roy, Shri Gonesh Prosad. (Beliaghata South—Calcutta.)
(217) Roy, Dr. Indrajit. (Chandrakona—Midnapore.)
(218) Roy, Shri Kamini Mohan. (Mainaguri—Jalpaiguri.)
(219) Roy, Shri Monoranjan. (Bijpur—24-Parganas.)
(220) Roy, Dr. Narayan Chandra. (Vidyasagar—Calcutta.)
(221) Roy, Shri Nepal Chandra. (Jorabagan—Calcutta.)
(222) Roy, Shri Pronab Prosad. (Rajarhat—24-Parganas.)
(223) Roy, Shri Tarapada. (Purulia—Purulia.)
(224) Roy Pradhan, Shri Amarendra Nath. (Mekliganj—Cooch Behar.)

S

(225) Saha, Shri Abhoy Pada. (Khargram—Murshidabad.)
(226) Saha, Dr. Biswanath. (Jangipara—Hooghly.)

S

(227) Saha, Shri Dhaneswar. (Ratua—Malda)
(228) Saha, Shri Jamini Bhusan. (Noapara—24-Parganas.)
(229) Santra, Shri Jugal Charan. (Bishnupur West—24-Parganas.)
(230) Saren, Shri Mangal Chandra. (Binpur—Midnapore.)
(231) Sarkar, Shri Sakti Kumar. (Baruipur—24-Parganas.)
(232) Sarker, Shri Narendra Nath. (Haringhata—Nadia.)
(233) Sen, Shri Bijesh Chandra. (Basirhat—24-Parganas.)
(234) Sen, Shri Narendra Nath. (Ekbalpur—Calcutta.)
(235) Sen, Shri Prafulla Chandra. (Arambagh East—Hooghly.)
(236) Sen, Shri Santi Gopal. (English Bazar—Malda.)
(237) Sen Gupta, Shri Niranjan. (Tollygunj—Calcutta.)
(238) Sen Gupta, Shrt Tarun Kumar. (Dum Dum—24-Parganas.)
(239) Shakila Khatun, Shrimati. (Basanti—24-Parganas.)
(240) Shamsuddin Ahmed, Shri. (Murarai—Birbhum.)
(241) Shamsul Bari, Shri Syed. (Midnapore—Midnapore.)
(242) Sharma, Shri Joynarayan. (Kulti—Burdwan.)
(243) Shukla, Shri Krishna Kumar. (Titagarh—24-Parganas.)
(244) Singha, Shri Hiralal. (Falakata—Jalpaiguri.)
(245) Singha, Dr. Radhakrishna. (Bolepur—Birbhum)
(246) Sinhadeo, Shri Raj Rajeswari Prasad. (Hura—Purulia.)
(247) Sinhadeo, Shri Sankar Narayan. (Raghunathpur—Purulia.)
(248) Sinha, Kumar Jagadish Chandra. (Kandi—Mnrshidabad.)
(249) Sinha, Shri Phanis Chandra. (Karandighi—West Dinajpur.)
(250) Soren, Shri Suchand. (Memari—Burdwan)

T

(251) Tanti, Shri Anadi Mohan. (Joynagar South—24-Parganas.)
(252) Tarkatirtha, Shri Bimalananda. (Purbasthali—Burdwan.)
(253) Thakur, Shri Sreemohan. (Ketugram—Burdwan.)
(254) Tudu, Shrimati Tusar. (Garhbeta—Midnapore.)

W

255) Wangdi, Shri Tenzing. (Phansidewa—Darjeeling.)

Z

(256) Ziaul Haque, Shri Md. (Baduria—24-Parganas.)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Thursday, the 16th December, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI KESHAB CHANDRA BASU) in the Chair, nine Ministers, two Ministers of State and 134 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Bonus to employees of State Government Industrial Undertakings

***446.** (Admitted question No. *1410.) **Shri Ananga Mohan Das :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের পরিচালিত শিল্প প্রতিষ্ঠানের কর্মচারিগণকে বেতন বাদে বোনাস দেওয়া হয় কি না; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে কি হারে উহা দেওয়া হইতেছে ?

Shri Bijoy Singh Nahar :

(ক) হ্যাঁ।

(খ) বোনাস আইন (বোনাস অ্যাক্ট) অনুযায়ী।

Payment of Bonus in Factories

***466.** (Admitted question No. *2028.) **Shri Sanat Kumar Raha :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাষ্ট্রীয় ক্ষেত্রে যে-সব কারখানা পশ্চিমবঙ্গে আছে তাহারা এ বৎসর বোনাস দিয়াছে কিনা;

(খ) বোনাস দেওয়া হইয়া থাকিলে কোন্ কারখানা কি হারে দিয়াছে; এবং

(গ) যদি কোন কারখানা বোনাস না দিয়া থাকে তবে তাহা কেন দেওয়া হয় নাই ?

Shri Bijoy Singh Nahar :

(ক) হ্যাঁ।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) ১৯৬৫ সালের বোনাস আইন প্রযোজ্য এমন সকল রাষ্ট্রায়ত্ত কারখানায় বোনাস দেওয়া হইয়াছে। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ক্ষেত্রে উক্ত আইন প্রয়োগ সম্পর্কিত বিষয়টি হাইকোর্টের বিচারাধীন আছে। কেন্দ্রীয় সরকারের আয়ত্বাধীনে দুর্গাপুরস্থ হিন্দুস্থান ষ্টীল-এর কর্মীদের বোনাস প্রশ্নটিও তদান্তাধীন রহিয়াছে। অন্য যেসব ক্ষেত্রে বোনাস দেওয়া হয় নাই সেখানে বোনাস আইন প্রযোজ্য নয়।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 466

রাজ্য সরকারের আয়ত্ত্বাধীন শিল্পসংস্থা

নাম ও প্রদত্ত বোনাসের পরিমাণ

(১) কল্যাণী স্পিনিং মিলস্, কল্যাণী, নদীয়া—একমাসের মূল বেতন।

(২) ওরিয়েন্টাল গ্যাস কোং, ১৪ কানাল ওয়েষ্ট রোড, কলিকাতা-৯—যে-সকল কর্মী সারা বৎসর যাবৎ কাজ করিয়াছেন তাহাদের দেড় মাসের মূলবেতন এবং যে-সকল কর্মী পুরা বৎসর কাজ করেন নাই কিন্তু ছয় মাস পর্যন্ত কাজ করিয়াছেন তাহাদের আনুপাতিক হারে বোনাস দেওয়া হইয়াছে।

(৩) দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড, দুর্গাপুর, জেলা বর্দ্ধমান—যে-সকল কর্মী মাসিক ৫০০ টাকার উপর হইতে ১,৬০০ টাকা পর্যন্ত বেতন পান, তাহাদের বার্ষিক বেতনের ৪ শতাংশ ন্যূনতম বোনাসরূপে দেওয়া হইয়াছে। যে সকল কর্মী মাসিক ৫০০ টাকা পর্যন্ত বেতন পান তাহাদের বার্ষিক বেতনের ৪ শতাংশ এবং তৎসহ কিছু অতিরিক্ত অর্থ (ex gratia) দিয়া মোট একমাসের বেতনের সমপরিমাণ অর্থ বোনাসরূপে দেওয়া হইয়াছে।

(৪) কালিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা—১৯৬৪-৬৫ সালের আর্থিক বৎসরের জন্য বেতনের ৪ শতাংশ অথবা ৪০ টাকা যে ক্ষেত্রে যাহা বেশী তাহাই দেওয়া হইয়াছে।

(৫) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা—দৈনিক বেতনে নিযুক্ত কর্মী ব্যতীত অন্যান্য সকল কর্মীকে আর্থিক বৎসরের বেতনের ৪ শতাংশ অথবা ৪০ টাকা যে ক্ষেত্রে যাহা বেশী তাহা দেওয়া হইয়াছে। দৈনিক বেতনে নিযুক্ত কর্মীদের বোনাস দেওয়ার প্রশ্ন সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

ভারত সরকারের আয়ত্ত্বাধীন শিল্পসংস্থা

নাম ও প্রদত্ত বোনাসের পরিমাণ

(১) ন্যাশনাল ইনষ্ট্রুমেন্ট লিমিটেড, রাজা সুবোধ মল্লিক রোড, কলিকাতা-৩২—বার্ষিক বেতনের ৪ শতাংশ।

(২) হিন্দুস্থান কেবলস্ প্রাইভেট লিমিটেড, রূপনারায়ণপুর, আসানসোল—হিসাবপত্র পরীক্ষা সাপেক্ষে অফিসার ব্যতীত অন্যান্য যে-সকল কর্মী ৫০০ টাকা পর্যন্ত মাসিক বেতন পান তাহাদের ১৫ দিনের বেতন 'একস গ্রাসিয়া'-রূপে দেওয়ার প্রস্তাব করা হয়। এই প্রস্তাব কর্মীবর্গ গ্রহণ করেন নাই।

(৩) গার্ডেনরীচ ওয়ার্কশপ, ৪৩।৪৬ গার্ডেনরীচ রোড, কলিকাতা-৪৪—৩১।৩।৬৫ তারিখে যে আর্থিক বৎসর শেষ হইয়াছে সেই বৎসরের জন্য কোম্পানী এবং ইউনিয়ন-সমূহের মধ্যে স্বাক্ষরিত ত্রিদলীয় চুক্তির শর্তানুসারে কর্মীদের ৪ শতাংশ বার্ষিক বেতন অথবা একমাসের মূলবেতন যে ক্ষেত্রে যাহা বেশী তাহা দেওয়া হইয়াছে।

(৪) ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড, ১৩ ক্যামাক ষ্ট্রীট, কলিকাতা-১৬—বার্ষিক আয়ের ৪ শতাংশ।

(৫) ইণ্ডিয়ান এয়ারলাইনস্ কর্পোরেশন, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলিকাতা—১৫ দিনের বেতন 'একস্ গ্রাসিয়া'-রূপে দেওয়া হইয়াছে।

Shri Ananga Mohan Das :
আপনারা যে বোনাস দিচ্ছেন বেতন বাদে, বছরে তাদের কি হারে বোনাস দেওয়া হয় ?

Shri Bijoy Singh Nahar :
প্রফিট থেকেই বোনাস দেওয়া হয়। মাইনের সঙ্গে তুলনা করে, চার থেকে কুড়ি পারসেণ্ট পর্যন্ত দেওয়া হয়, যা আমাদের বোনাস আইনে আছে।

Shri Ananga Mohan Das :
মনে করুন একজন ২০০ টাকা বেতন পান, সে কিরকম বোনাস পাবে ?

Shri Bijoy Singh Nahar :
আপনি যদি বোনাস আইনটা একটু ভাল করে দেখেন, তাহলে সমস্ত ডিটেলস পাবেন।

Shri Sanat Kumar Raha :
যারা এক বছর কাজ করেনি, তারা কিরূপ বোনাস পাবে ?

Shri Bijoy Singh Nahar :
এগুলি সমস্ত বোনাস আইনের মধ্যে আছে। আপনি যদি ঐ আইনটা একটু ভাল করে পড়ে দেখেন, তাহলে সব জানতে পারবেন।

Shri Sanat Kumar Raha :
১০ দিন ১২ দিন কাজ করার জন্য যে হারে বোনাস দেওয়া হয়েছে, তা রিপোর্ট-এ আছে, কোন ক্ষেত্রে বেতনের দশ ভাগ, আবার কোন ক্ষেত্রে বারো ভাগ, দেওয়া হয়েছে বোনাস, একস গ্রাসিয়া হিসাবে। এই রকম ভাবের কোন নিয়ম এখানে আছে কিনা ?

Shri Bijoy Singh Nahar :
আপনি যে এই রকম জায়গায়, যে দাবির ক্ষেত্র দেখাচ্ছেন, সেখানে তারা মালিকপক্ষ এবং কর্মচারী পক্ষের সঙ্গে ঠিক করে করেছেন। আমরা সেটাই তদন্ত করছি এবং দেখছি এখানে আরও কিছু প্রাপ্য টাকা তাদের দেওয়া যায় কিনা।

Shi Manoranjan Roy :
কল্যাণী স্পিনিং মিলে এই বোনাস নিয়ে একটা বিরোধ ছিল, যেটা শিল্প-মন্ত্রী দপ্তরে থাকাকালীন ওখানকার কর্তৃপক্ষ এককভাবে একটি বিবৃতি দিয়েছিল, তারপর সেই বোনাস নিয়ে গোলমাল করে শেষ পর্যন্ত শ্রমিকদের বিরুদ্ধে তারা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেন। তাতে অনেক শ্রমিক ছাটাই হয়ে যায়। একথা কি আপনি জানেন ?

Shri Bijoy Singh Nahar :
ছাটাই-এর বিষয় আমার জানা নাই, তবে সেখানে বোনাস দিয়েছে।

Shri Monoranjan Roy :
বোনাসের ব্যাপারে যে বিরোধ যেখানে আছে, সে সম্বন্ধে কি আপনি জানেন ?

Shri Bijoy Singh Nahar :
নোটিশ না দিলে বলতে পারবো না।

Shri Manoranjan Roy :
১৯৬৪ সালের বোনাসের ব্যাপারে সরকার পরিচালিত কোন কোন জায়গায় বিরোধ রয়েছে, সেটা কি আপান জানেন ?

Shri Bijoy Singh Nahar :
প্রশ্ন দিলে বলবো।

Shri Sanat Kumar Raha :
এই রকম সরকারী যে প্রতিষ্ঠান আছে, সেখানে শ্রমিকদের যা দেওয়ার কথা তা না দেওয়ায় বোনাস নিতে রাজী হয় নাই তা জানেন ?

Shri Bijoy Singh Nahar :
আমার যতদূর জানা আছে সব জায়গায় বোনাস দেওয়া হয়েছে।

Sbri Manoranjan Roy :
১৯৬৪ সালে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ কত পার্সেন্ট বোনাস দেওয়া হয়েছে ?

Shri Bijoy Singh Nahar :
ইলেকট্রিসিটি বোর্ডের খবর আমার কাছে নাই। এখন হাইকোর্টে কেস হচ্ছে, সেটা শেষ না হলে কিছু বলা চলে না।

Shri Ananda Gopal Mukhopadhyay :
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন রাষ্ট্রায়ত্ত শিল্পে গত বছর কর্মীরা কোন কোন জায়গায় যা বোনাস পেয়েছিলেন, এই বোনাস অ্যাক্ট হবার পর এই বছর কত জায়গায় তার চেয়ে কম পেয়েছেন ?

Shri Bijoy Singh Nahar :
এই বোনাস অ্যাক্ট হবার পর যারা বেশী মাইনে পেতেন, তারা বোনাস বেশী পেতেন, এই বোনাস অ্যাক্ট হবার পর তাঁদের খুব অল্প অংশ কম পেয়েছিল। কিন্তু তার তুলনায় বাংলাদেশের যাঁরা বোনাস পেতেন না, তাঁরা পেয়েছেন এবং যাঁরা কম পেতেন, তাঁরা বেশী পেয়েছেন এবং সাধারণভাবে অনেক সুবিধা তাঁদের হয়েছে।

Shri Ananda Gopal Mukhopadhyay :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রাষ্ট্রায়ত্ত শিল্পে গতবছর কর্মীরা বোনাসের দরুন যত টাকা পেয়েছিলেন, বোনাস অ্যাক্ট অনুযায়ী পেমেন্ট হওয়ায় এই বছর সেই টাকার পরিমাণ অনেক কমে গেছে কিনা ?

Shri Bijoy Singh Nahar :
নোটিশ দিলে এ সম্বন্ধে হিসেব নেবার চেষ্টা করবো।

Shri Sanat Kumar Raha :
ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীতে বোনাস দেওয়া হয়েছে কিনা ?
(No reply)

Shri Ananda Gopal Mukhopadhayay :
মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে দেখে বলবেন যে-সমস্ত ইণ্ডাট্রিয়াল ওয়ার্কাসদের এফিসিয়েনসি বেশী ছিল এবং প্রডাকসন ও লাভের ভিত্তিতে ওয়ার্কাররা বেশী বোনাস পেত, বর্তমানে বোনাস অ্যাক্ট হবার দরুন তাদের বোনাস কমে যাওয়ায় সেখানে প্রডাকসন-এর কোন ক্ষতি হবে কিনা ?

Shri Bijoy Singh Nahar :
আপাতত সেরকম কোন রিপোর্ট আমার কাছে নাই।

Application for Provident Fund money by the retrenched employees of Cossimbazar Manindra Mill

***447.** (Admitted question No. *1869.) **Shri Nani Bhattacharjee :**
শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাশিমবাজার মনীন্দ্র মিলের ছাঁটাই শ্রমিক কর্মচারীরা প্রভিডেন্ট ফাণ্ড স্কীমের প্যারাগ্রাফ ৬৯(ডি) অনুসারে সঞ্চিত সমস্ত অর্থ ফেরৎ পাইবার দরখাস্ত করিয়াছেন ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ যাবৎ কতজন ঐরূপ দরখাস্ত করিয়াছেন; এবং

(২) অবিলম্বে উঁহাদের টাকা দিয়া দিবার কী ব্যবস্থা করা হইয়াছে?

Shri Bijoy Singh Nahar :

(ক) হ্যাঁ।

(খ) (১) ১২১ জন।

(২) মিলের কর্তৃপক্ষ প্রয়োজনীয় নথীপত্র এবং রিটার্ণ দাখিল না করার জন্য পাওনা টাকা দেওয়া সম্ভব হয় নাই। কোম্পানীকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইয়াছে। ইহা ব্যতীত রিটার্ণ দাখিল না করার জন্যে মামলা দায়ের করা হইতেছে।

Shri Nani Bhattacharjee :

এই নির্দেশ আপনি কোন্ সময়ে দিয়েছেন?

Shri Bijoy Singh Nahar :

যখন আমাদের কাছে কমপ্লেন আসে হিসেব মিলিয়ে দেখা হয় এবং পরে নির্দেশটা দেওয়া হয়।

Shri Nani Bhattacharjee :

এই যে ১২১ জন দরখাস্ত করেছে, তাদের প্রভিডেণ্ট ফাণ্ড বাবত টাকার পরিমান কত?

Shri Bijoy Singh Nahar :

তা মোট জানা নাই।

Shri Nikhil Das :

এই যে আপনি কেসটি দাঁড় করিয়েছেন মালিকদের যে কন্ট্রিবিউসন দেওয়ার কথা, সেই কন্ট্রিবিউসন তাঁরা জমা দেন নাই—এই জন্য তো?

Shri Bijoy Singh Nahar :

মালিকদের কাছ থেকে শ্রমিকদের জন্য যে কন্ট্রিবিউসন দেওয়ার কথা, তা পাওয়া যায় নাই। তার জন্য দুটো কেস করা হয়েছে—একটা ক্রিমিনাল কেস আর একটা অন্য কেস্।

1-10—1-20 p.m.

Shri Nikhil Das :

কত মাসের টাকা মালিক এবং শ্রমিকদের ওরা জমা দেয়নি?

Shri Bijoy Singh Nahar :

কত মাসের তার হিসাব আমার কাছে নেই তবে বন্ধ ছিল অনেক দিন। আমার কাছে কেবল এইটুকু আছে যে, সমস্তগুলিরই কেস করা হয়েছে।

Shri Nikhil Das :

কথা কি সত্য যে প্রভিডেন্ট ফাণ্ডের কোন টাকাই মালিকরা জমা দেননি ?

Shri Bijoy Singh Nahar :

একেবারে দেয়নি তা নয়। কিছু দিন ধরে তারা দেয়নি।

Shri Nikhil Das :

আমার বক্তব্য হচ্ছে যতদিন দিয়েছে তার চেয়ে বেশী দিন দেয়নি এইটাই ছিল সাপ্লিমেন্টারি। অর্থাৎ কোয়ানটাম অব মানি যদি দেখেন তাহলে দেখবেন যে তাদের কাছে বিরাট টাকা পাওনা আছে এবং শ্রমিকরা ঘুরছে। আমার প্রশ্ন হচ্ছে লোকগুলি বরখাস্ত হয়ে গিয়েছে অথচ প্রচুর টাকা মালিকের কাছে রয়ে গিয়েছে। এই কেস চলার সাথে সাথে যদি ঐ টাকাগুলি ঝুলে থাকে তাহলে শ্রমিকদের কি অবস্থা হবে তা বুঝতেই পারছেন। সুতরাং এটার জন্য তাড়াতাড়ি ব্যবস্থা করবেন কি ?

Shri Bijoy Singh Nahar :

এখানে দুটো কেসই চলছে। একটা টাকা আদায়ের জন্য আর একটা টাকা দেয়নি তার জন্য ক্রিমিন্যাল কেস করা হয়েছে। যতক্ষণ না হিসাব পাওয়া যাচ্ছে যে, কার কত আছে সেটা দেওয়া যাচ্ছে না। এই জন্যই দেরী হচ্ছে।

Shri Sanat Kumar Raha :

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, ক্রিমিনাল কেস যখন করা হয়েছে তখন টাকা দেবার শর্তে রাজী হলে কেস তুলে নেওয়া হবে কিনা ?

Shri Bijoy Singh Nahar :

টাকা যদি দেয় তার পরে বিচার বিবেচনা করা যাবে।

Shri Sanat Kumar Raha :

আমি জানতে চাই টাকা দেবার প্রতিশ্রুতি দিলে হবে না, সম্পূর্ণ টাকা জমা দিতে হবে এবং তবেই আপনারা এই কেসে আপোস করতে পারেন। শুধু প্রতিশ্রুতি দিলে হবে না ?

Shri Bijoy Singh Nahar :

আপোস করবার কোন কথাই নেই। টাকা না দিলে কোন কেস উইথড্র করা হয় না।

Damage to Cooch Behar Jail

***448.** (Admitted question No. *1948.) **Shri Jiban Krishna Dey :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিক ঝড়ে কোচবিহার জেলার ক্ষতিসাধন হইয়াছে ;

(খ) সত্য হইলে, ক্ষতির বিবরণ এবং কোন্ অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(গ) জেলটি উন্নয়ন এবং সম্প্রসারণের প্রস্তাব বিবেচনাধীন আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে কতদিন থেকে আছে?

Shri Jagannath Kolay :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত জেলের দেওয়ালের উত্তরদিকের ২/৩ অংশ পড়িয়া গিয়াছে।

(গ) আছে।

(ঘ) সম্প্রসারণের প্রস্তাব সম্পর্কিত প্রাককলন প্রভৃতি কিছুদিন যাবত পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

Shri Jiban Krishna Dey :
জেল সম্পর্কে মন্ত্রিমহাশয় যেটা বললেন যে পড়ে গিয়েছে কিন্তু এটা ঠিকই যে আগে থেকেই সেটা পড়ো পড়ো হয়েছিল, যে কোন মুহূর্তেই সেটা যেতে পারতো। এই পড়ার আগে এটাকে সংস্কার করার জন্য জেল মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল কি ?

Shri Jagannath Kolay :
দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল এবং এই পড়ো পড়ো অবস্থা হবার জন্য ওটাকে ভেঙ্গে ভাল করে করার জন্য আমরা একটা প্ল্যান এসটিমেট করেছিলাম এবং জীবনবাবু যেটা বললেন যে, সেখানে ডিভিসন ওয়ান প্রিজনারদের থাকবার সেল নেই, জায়গা নেই সেখানে ডিভিসন ওয়ান প্রিজনারদের থাকবার জন্য একটা প্ল্যান এসটিমেট করা হয়েছে ১,৬৫,১৬২ টাকার এবং সেই এসটিমেটটা ফাইনান্স ডিপার্টমেন্টে পাঠাচ্ছি এবং তাদের স্যাংশন পেলেই কাজ আরম্ভ করবো।

Shri A. H. Besterwitch : The Hon'ble Minister has stated that he has called for an estimate. I know the Cooch Behar Jail very well and from my personal knowledge I know that from 1950 the Cooch Behar Jail is in a very poor condition. When did the Hon'ble Minister call for the estimate to reconstruct or repair the jail ?

Shri Jagannath Kolay : You want the date ? I have not got it here. I want notice.

Shri A. H. Besterwitch : Cooch Behar Jail is the District Jail. I was there many a time, and I can say that this jail is in such a poor condition that estimates should have been called for long long ago. That is why I want to know whether the Hon'ble Minister will be kind enough to see that this jail is repaired immediately ?

Shri Jagannath Kolay : I am trying to undertake the repairs immediately to improve the condition of the jail premises.

Shri Abhoy Pada Saha :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ঐ যে জেলে যার দুয়ের তিন অংশ ক্ষতি হয়েছে, ঐ জেলে কি আর কোন কয়েদী থাকে না ?

Shri Jagannath Kolay :
জেলে কয়েদী থাকে বইকি। উনি যে প্রশ্ন করেছেন তখন দেওয়ালটা ঝড়ে ভেঙ্গে পড়ে গিয়েছে এবং সেখানে ব্যামবু প্ল্যাক দিয়ে ঘিরে রাখা হয়েছে। এবং আর একটা কথা বলেছিলেন যে, ওখানে ডিভিসন ওয়ান প্রিজনারদের থাকবার জায়গা নেই, সেজন্য ওটা যাতে ভালভাবে করা যায়, ডিভিসন ওয়ান প্রিজনাররা যাতে ওখানে থাকতে পারে সেজন্য একটা প্ল্যান করেছি এবং ১লক্ষ ৬৫ হাজার টাকার একটা এসটিমেট হয়ে গিয়েছে, সেটা ফাইনান্স ডিপার্টমেন্টের কাছে পাঠাচ্ছি এবং ফাইনান্স ডিপার্টমেন্ট সেটা স্যাংশন করলেই তাড়াতাড়ি কাজ আরম্ভ করে দেবো।

Shri Jiban Krishna Dey :
জেলে ডিভিসন ওয়ান প্রিজনারদের থাকবার জন্য যে কোয়ার্টারস্ করবেন তার সংগে জেলের প্রাচীর ঝড়ে পড়ে যাবার কি সম্পর্ক আছে আমি বুঝতে পারছি না?

Shri Jagannath Kolay :
প্রাচীরটা খুবই খারাপ ছিল এবং সেটা ঝড়ে নয় এমনিই পড়ে যাবার মত অবস্থা হয়েছিল, সেইজন্য সেটা ভেংগে দিয়ে নূতন প্রাচীর করবার জন্য আমরা একটা এসটিমেট করেছি কিন্তু তার আগেই ঝড়ে ভেংগে পড়লো।

Shri Jiban Krishna Dey :
আপনাদের সমস্ত সতর্কতা সত্ত্বেও বিভিন্ন জেল থেকে নানা রকম ডাকাত কয়েদীরা পালিয়ে যায়। সতর্কতার নমুনাটা কি এই?

Shri Jagannath Kolay :
যাতে আরো সতর্ক হওয়া যায় এবং যাতে আরো তাড়াতাড়ি নূতন প্রাচীর তৈরি করা যায় সেইজন্য আমরা চেষ্টা করছি।

Implementation of declaration of bonus by factory owners

***449.** (Admitted question No. *2025.) **Shri Sanat Kumar Raha :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কারখানার কর্তৃপক্ষের পক্ষ থেকে বোনাস ঘোষণা করা সত্ত্বেও তাহা প্রদত্ত হয় নাই এরূপ ঘটনা কয়টি?

Shri Bijoy Singh Nahar :
এ বৎসর এ ধরণের কোন অভিযোগ পাওয়া যায় নাই।

Shri Sanat Kumar Raha :
আপনি প্রশ্ন উত্তরে বলেছেন ১৯৬৫-৬৬ সালে মণিন্দ্র মিল বোনাস দেয়নি এটা স্বীকার করেছেন অথচ বলছেন সেই রকম ঘটনা নেই। এই দুটি উক্তির মধ্যে তফাত হয়ে যাচ্ছে না কি?

Shri Bijoy Singh Nahar :
মাননীয় সদস্য যদি অনুগ্রহ করে প্রশ্নটা দেখেন তাহলে দেখবেন, কারখানা কর্তৃপক্ষের তরফ থেকে বোনাস ঘোষণা করা সত্ত্বেও বোনাস প্রদত্ত হয়নি, সেখানে আমি বলেছি যে বোনাস ঘোষণা করে দেননি সেই রকম কোন অভিযোগ ঐ মালিক কর্তৃপক্ষের তরফ থেকে বা শ্রমিকদের তরফ থেকে পাইনি বা অন্য কোন জায়গা থেকে পাইনি।

Shri Sanat Kumar Raha :
এই আগে যখন প্রশ্ন করেছিলাম তখন বলেছিলেন যে নোটিশ দেবেন আমি উত্তর দেবো। তারপর বলেছিলেন যে, এ বছর বোনাস দেয়নি এই রকম কেস আমাদের কাছে নেই। আজকে আপনারা বলছেন ঘোষণা করে বোনাস দেয়নি এই রকম কোন অভিযোগ পাননি, আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে ঘোষণা করেনি এমন মিল কয়টি আছে?

Shri Bijoy Singh Nahar :
সেটা আপনার কোশ্চেন, আমি বলিনি।

Shri Sanat Kumar Raha :
স্যার, হাউসকে মিসলিড করা হয়েছিল একটা উত্তর দিয়ে গতবার এই সেসনে যে এ বছরে বোনাস দেয়নি ঘোষণা করে এমন রিপোর্ট আমার কাছে নেই, নোটিশ দিলে আমি বলতে পারবো। কিন্তু যেখানে ঘোষণা করেও আটকে গেছে, দেওয়া হয়নি, ত্রিপক্ষীয় এগ্রিমেণ্ট না হওয়ার জন্য এই রকম কেস আছে কিনা তখন বলেছিলেন নোটিশ দেবেন। নোটিশ দিয়েছি এবং তার উত্তরে দেখছি তিনি বলেছেন যে, একটি কেসও নেই। আমার প্রশ্ন হচ্ছে ঘোষণা করেনি এই রকম মিল কটি আছে?

Shri Bijoy Singh Nahar :
ঘোষণা করেনি এই রকম জায়গা হলে নিশ্চয়ই সে সব জায়গা থেকে ট্রেড ইউনিয়ন থেকে অভিযোগ আসতো। আমাদের কাছে ঘোষণা করে তারপর টাকা আটকে আছে, দেয়নি, এই রকম কেস নেই। কিন্তু ঘোষণা করেছে নেয়নি এই রকম অভিযোগ আছে। নেয়নি আর প্রদত্ত হয়নি এই দুটির মধ্যে অনেক তফাত আছে।

Dr. Kanailal Bhattacharyya :
ঘোষণা করার পর নেয়নি এই রকম মিল কটা আছে?

Shri Bijoy Singh Nahar :
কয়েকটা লিষ্ট আছে বলতে পারি কিন্তু সম্পূর্ণ বলা সম্ভব নয়।

Shri Monoranjan Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে চটকলগুলিতে ১৯৬৪ সালের বোনাস, বেশীর ভাগ চটকলগুলিই—দু' তিনটি বাদে হয়ে গিয়েছে, আজ পর্যন্ত বোনাস আইন অনুযায়ী বোনাস ঘোষণা করেনি, এটা কি জানেন?

Shri Bijoy Singh Nahar :
যদিও এই প্রশ্ন থেকে ওটা আসে না তবুও বলছি চটকলগুলি প্রত্যেক জায়গায় মিনিমাম বোনাস দিয়েছে। হিসাব তাদের হচ্ছে, অনেক জায়গায় হয়ে গিয়েছে, অনেক জায়গায় হয়নি। যে সব জায়গায় হয়ে গিয়েছে সেখানেও আরো বেশী দেওয়া যায় কিনা সে-সব প্রশ্ন রয়ে গিয়েছে। এখানে প্রশ্ন হচ্ছে ঘোষণা করেছেন অথচ মালিক টাকা দেয়নি এই রকম কেস আছে কিনা ?

1-20—1-30 p.m.

Shri Monoranjan Roy :
আপনি যেটা বললেন ঘোষণা করেনি এই রকম জানা নেই……

Shri Bijoy Singh Nahar :
আপনি কোয়েশ্চেনটা দেখে বলুন আমি উত্তর দেবো।

Shri Monoranjan Roy :
আপনি যেটা বললেন তার উপরেই বলছি চটকলের মালিকরা ৪% দেবার—সেটা ঘোষণা ব্যাপার নয় সেটা হচ্ছে ১০ টাকা দিয়ে দিলাম তার পরে যদি পাও তো দেবো—যদি পাও অর্থাৎ ঘোষনা সেটা চারটি চটকল আজ পর্যন্ত করেছে আউট অব ৯২ মিলস। কাজেই ঘোষণা যে করে নি এটা সত্য এটা কি জানেন ?

Shri Bijoy Singh Nahar :
স্পীকার মহাশয়, এই প্রশ্ন থেকে ওটা কোথায় আসে আমি বুঝতে পারছি না।

Shri Sanat Kumar Raha :
স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে শ্রম-মন্ত্রী যে ব্যাখ্যা দিলেন যে, বোনাস ঘোষণা করা সত্ত্বেও প্রদত্ত হয় নি তার মানে কি এই ধরবো যে ঘোষণা করা সত্ত্বেও দেয় নি—দেয় নি এবং প্রদত্ত হয় নি এই দুটো আলাদা।

উত্তর নাই।

Shri Ananda Gopal Mukherjee :
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বোনাস অ্যাক্ট পাশ হবার পর ডিসেম্বর মাস পর্যন্ত ষ্টিপুলেটেড পিরিয়ড ছিল যে কত বোনাস কোন্ ইনডাষ্ট্রিতে ওয়ার্কারদের প্রাপ্য—সেই পিরিয়ডটা এক্সটেণ্ড করবার জন্য কতজন কর্তৃপক্ষ দরখাস্ত করেছে ?

Shri Bijoy Singh Nahar :
এখন তো তার হটাৎ উত্তর দিতে পারবো না। তবে এইটুকু বলতে পারি—যে আমরা এক্সটেনসন বিশেষ দিইনি।

Shri Sanat Kumar Raha :
ঘোষণা করা সত্ত্বেও প্রদত্ত হয় নি এমন কেস আছে কিনা ?

Shri Bijoy Singh Nahar :
আমি কতকগুলি বলতে পারি সবগুলির লিষ্ট আমার কাছে নেই যে ঘোষণা করা সত্ত্বেও নেয় নি কর্মীরা ডিসপিউট পড়ে আছে—মার্টিন বার্ন, বেথওয়ে কোঃ, হাওড়া, গেষ্টকিন উইলিয়মস, মেটাল বক্স, হিন্দুস্থান মোটরস—এই কয়টি আমার কাছে ছিল—এগুলির ডিসপিউট পেণ্ডিং ছিল—কিছু মিটে গেছে—কিছু মেটে নি।

Shri Anadi Das :
মন্ত্রিমহাশয় বললেন যে ৮ মাস যে সময় আছে সেই সময়ের মধ্যে বোনাস না দিয়ে অনেকে টাইম এক্সটেণ্ড করবার জন্য দরখাস্ত করেছে এবং সব ক্ষেত্রে না হলেও কোন কোন ক্ষেত্রে তারা এক্সটেণ্ড করেছেন—আইনে কি প্রভিসন আছে যে, আপনারা টাইম এক্সটেণ্ড করে দিতে পারেন ?

Shri Bijoy Singh Nahar :
আমরা বেআইনী কোন কাজ করছি না।

Shri Ananda Gopal Mukherjee :
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই টাইম এক্সটেনসন যাদের দেওয়া হয়েছে এই রকম একজনও আছেন কিনা ?

Shri Bijoy Singh Nahar :
নোটিশ দিলে খুঁজে দেখে বলতে পারবো।

Shrimati Santi Das :
মন্ত্রিমহাশয়ের কাছে কি জানতে পারি যে উনি বললেন যে আমরা কোন বেআইনী কাজ করি না—কিন্তু ওঁরা যে করেন তার প্রমান দিচ্ছি। ১৯৬৩-৬৪ সালে ওয়ার্কারদের এক মাসের বেতন দেওয়া হয় এই কারণে যে পাঁচ বছর না হলে পর তাদের নাকি এক মাসের বেশী বোনাস দেবার নিয়ম নেই—অথচ ওখানকার ষ্টাফেদের এক মাস থেকে দু মাসের বোনাস দেওয়া হয় নি—তাহলে এটা যে বেআইনী হয়েছে এটা স্বীকার করেন কিনা?

Shri Bijoy Singh Nahar :
প্রশ্নটা কি আমি ধরতে পারলাম না।

Diet of the patients of the Dhubulia T. B. Hospital, Nadia

***450 (Admitted question No. *2044.) Shri Kanai Pal :**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী টি, বি, হাসপাতালের রোগীদের অন্ততঃ একবেলাও বর্তমানে ভাত খেতে দেওয়া হচ্ছে কিনা ;

(খ) ইহা কি সত্য যে, ধুবুলিয়া টি, বি, হাসপাতালের সকল রোগীদেরই ২০শে অক্টোবর ১৯৬৫ থেকে বাধ্যতামূলকভাবে দুবেলাই রুটি খেতে দেওয়া হচ্ছে ; এবং

(গ) সত্য হ'লে ইহার কারণ কি ?

Shrimati Purabi Mukhopadhyay :

(ক) বর্তমানে দুই বেলায় ভাত দেওয়া হইতেছে।

(খ) হ্যাঁ, কয়েকদিন পর্যন্ত ঐ হাসপাতালে অপেক্ষাকৃত ভাল রোগীদের দুবেলাই রুটি খাইতে দেওয়া হইয়াছিল। ৬ই নভেম্বর তারিখ হইতে নিয়মিত ভাত দিবার ব্যবস্থা করা হইয়াছে।

(গ) চাউল সরবরাহের অভাব।

Shri Aswani Roy :

আপনি বললেন যে কয়েকদিন তাদের ভাত খেতে দেওয়া হয় নি—এবং ৬ই নভেম্বর থেকে ফের চালু করা হয়েছে—তাহলে কোন্ তারিখের থেকে কোন্ তারিখ পর্যন্ত তারা ভাত খেতে পারে নি।

Shrimati Purabi Mukhopadhyay :

মিডল অব অক্টোবর ১৬।১০।৬৫ তারিখ—তার পরে ভাত দেবার ব্যবস্থা হয়েছিল ফার্ষ্ট উইক অব নভেম্বর ১৯৬৫।

Shri Manoranjan Roy :

চাল কি আপনার ডিপার্টমেন্টে সংগ্রহ করতে পারেন নি বলে ভাত দিতে পারেন নি ?

Shrimati Purabi Mukhopadhyay :

আমাদের ওখানকার ডিষ্ট্রিক্ট হাসপাতাল ধুবুলিয়ায় একটা ডায়েট কন্ট্রোল করবার জন্য কমিটি আছে সেখান থেকে ডায়েট কন্ট্রাক্টার নিযুক্ত হয়—নিয়ম হচ্ছে ডায়েট কন্ট্রাক্টার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মারফত ফুড ডিপার্টমেন্ট থেকে চাল নেয়। কিন্তু ফুড ডিপার্টমেন্টের যে পারমিসন সেটা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট সেই সময় নদীয়া জেলার সর্বত্র চালের অভাব হওয়ায় শুধু হাসপাতালকে দুই বেলা ভাত দেবার জন্য চাল দিতে অস্বীকার করেন এবং আমাদের হেলথ ডিপার্টমেন্টকেও তিনি সেখান থেকে জানান নি—তিনি কন্ট্রাক্টারকে বলেন যে, তুমি বাজার থেকে সংগ্রহ করে নাও। বাজার থেকে দুবেলা এতো পেসেন্টকে খাওয়ানোর জন্য চাল সংগ্রহ কন্ট্রাকটার করতে পারেন নি—এই খবর যখন আসে তখন আমরা সেই কন্ট্রাক্টরকে বাতিল করে দিয়ে সরাসরি ফুড ডিপার্টমেন্ট থেকে চাল নিয়ে সেখানে পাঠিয়ে দিই এবং কোন ষ্টেজেই সমস্ত লোককে ভাতের বদলে রুটি খাওয়ানো হয় নি—যাদের রুটি খাবার মত কেস হয়েছিল তাদের খাওয়ানো হয়েছিল, বাদবাকীকে ভাত দেওয়া হয়েছিল।

Shri Manoranjan Roy :

মাননীয় মন্ত্রিমহাশয় যে বল্লেন ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বললেন এতো লোকের দুই বেলা ভাতের ব্যবস্থা করতে পারবো না—তাহলে একবেলা দিতে পারবেন ?

Shrimati Purabi Mukhopadhyay :

ঐ যে বললাম যাদের রুটি দেওয়া যেতে পারে তাদের দুইবেলা রুটি দেওয়া হয়েছে; বাদবাকিকে ভাতই দেওয়া হয়েছিল সেই সময়।

Shri Manoranjan Roy :

বাদবাকিদের দুই বেলাই ভাত দিতেন ?

Shrimati Purabi Mukhopadhyay :

যাঁরা দুই বেলা ভাত খাবার মত রোগী ছিলেন তাঁদের সেই সময় দুই বেলাই ভাত দেওয়া হয়েছে—আর যে সমস্ত রোগীরা রুটি খেতে পারেন তাঁদের সেই সময় দুই বেলাই রুটি দেওয়া হয়েছে।

Compilation of Consumers' Price Index for Working Class

***451.** (Admitted question No. *2059.) **Shri Monoranjan Roy :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Labour Ministry of the Government of India has intimated the State Government to appoint an Expert Committee for probing into the compilation of the consumers' price index for working class in Calcutta ; and

(b) if so, what action the State Government has taken so far ?

Shri Bijoy Singh Nahar : (a) No.

(b) The question does not arise but the State Government have decided to set up an Expert Committee.

Computation of cost of living index figures

***464.** (Admitted question No. *2215.) **Shri Rabindra Nath Mukhopadhyay :** Will the Minister-in-charge of the Labour Depart-ent be pleased to state—

(a) whether the West Bengal Government have received any representation from (i) the representatives of the different Trade Union Centres of West Bengal, and (ii) Government of India in respect of computation of cost of living index figures ; and

(b) if so, what steps have been taken by the State Government in this regard ?

Shri Bijoy Singh Nahar : (a) (i) Yes.

(ii) No.

(b) The State Government have decided to set up an Expert Committee to go into the matter.

Shri Monoranjan Roy :
আমি প্রথমে একটু জিজ্ঞাসা করি যে, এ বছর যখন দেখা গেল বাইরের চাল-ডাল তরি-তরকারি এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসের দামের তুলনায় অনেকখানি কম দেখানো হচ্ছে কষ্ট অব লিভিং ইনডেক্স তখন তার ফলে ওয়ার্কারদের মাইনে কাটা যেতে আরম্ভ করলো চটকল সুতাকলের ওয়ার্কারদের, ইঞ্জিনীয়ারিং-এর লক্ষ লক্ষ শ্রমিকদের—সেই সময় মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি যে ইঞ্জিনীয়ারিং কারখানায় শ্রমিকরা এবং সুতাকলের শ্রমিকরা মিলে এক দিনের ধর্মঘট করবেন বলে সিদ্ধান্ত করেছিলেন যার জন্য মন্ত্রিমহাশয় এদিকে দৃষ্টিপাত করেন এবং একটা এনকোয়ারী কমিটি বসান সেজন্য এবং এটা কি সত্য যে, মন্ত্রিমহাশয় সেদিন বলেছিলেন যে আমরা ইণ্ডিয়া গভর্ণমেণ্টকে লিখছি, যদি ইণ্ডিয়া গভর্ণমেণ্ট না বসায় তদন্ত কমিটি তাহলে আমরা একটা বিশেষজ্ঞ কমিটি ষ্টেট গভর্ণমেণ্ট থেকে বসাবো আপনারা এই ধর্মঘট তুলে নিন ?

Shri Boijoy Singh Nahar :
আমি ধর্মঘট সম্বন্ধে বলিনি—ষ্টেট লেবার অ্যাডভাইসারী বোর্ড-এ কথা হয়েছিল এবং সেখানে আমি বলেছিলাম যে আমরা ভারত সরকারকে লিখছি—যদি ভারত সরকার না বসান তাহলে আমরা বসাবো। সেইজন্য প্রশ্নোত্তরে এই কথা বলেছি যে, ভারত সরকার বসাচ্ছেন না বলে আমরা বসাবার জন্য ব্যবস্থা করেছি।

Shri Monoranjan Roy :
আপনাদের এই বিশেষজ্ঞ কমিটি বসতে কত দিন লাগবে ?

Shri Bijoy Singh Nahar :
আমরা যাঁদের নিয়ে করবো তাঁদের কাছে চিঠি দিয়েছি এবং তাঁদের জবাব পাওয়া গেলে আমরা খুব শীঘ্র মনোনয়ন করে একটা কমিটি করে দেবো।

Shri Monoranjan Roy :
এই বিশেষজ্ঞ কমিটিতে ট্রেড ইউনিয়নের কোন প্রতিনিধি নেবার ব্যবস্থা করবেন কি ?

Shri Bijoy Singh Nahar :
সেটা এখন ঠিক বলতে পারছি না—তবে আমরা পরীক্ষা করছি—কতকগুলি এক্সপার্ট'স, যাঁরা এসব বিষয়ে এক্সপার্ট তাঁদের আমরা কমিটিতে নেবো আর যদি মেম্বার হিসাবে ট্রেড ইউনিয়নের প্রতিনিধিকে না নিতে পারি তাহলেও যাতে তাঁদের পূর্ণ সাহায্য পাওয়া যায় তার ব্যবস্থা করা হবে।

Shri Monoranjan Roy :
এটা সম্পর্কে আপনাদের ১৯৬০ সালে যে কনজিউমার প্রাইস ইনডেক্স সেটা ঐ তদন্তের মধ্যে আসবে, না শুধু ১৯৩৯—১৯৪৪ সালের প্রাইস ইনডেক্স এই তদন্তের মধ্যে আনবেন এবং কলকাতার বাইরে আসানসোল, দার্জিলিং, জলপাইগুড়ির ডুয়ার্স অঞ্চল আসবে কিনা এই তদন্ত কমিটির মধ্যে ?

Shri Bijoy Singh Nahar :
আমরা সমস্ত বিষয়ে যেগুলি আপনি বলেছেন পরীক্ষা করে আমাদের আইন বিভাগ এবং আমাদের যাঁরা বিশেষজ্ঞ আছেন তাঁরা দেখে শীঘ্র রিপোর্ট দিলে যে কোথায় কতটা কি করতে পারি কোন্ কোন্ অঞ্চলে হবে, কিভাবে হবে—কোন্ বছরের জন্য হবে সেই সব রিপোর্ট পেলে আমরা বুঝতে পারবো। আমরা খুব তাগাদা দিচ্ছি রিপোর্ট' যত তাড়াতাড়ি হয় যদি লেবার কম পায় এই ইনডেক্স গোলমালের অসুবিধায়, অতএব যতটা তাড়াতাড়ি সম্ভব করবো, কতদিন লাগবে সেই ডেট বলতে পারবো না।

Number of Bonus Disputes pending

***452** (Admitted question No. *2078.) **Shri Aswani Roy :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) total number of disputes pending before the Department as on 31st October, 1965, where according to the Government calculation the industrial management have not fulfilled their obligations under Payment of Bonus Ordinance of 1965 in the State ;

(b) particulars of such cases that were under examination before the department on 31st October, 1965 ; and

(c) particulars of cases examined in October and the department advised for referring to a tribunal ?

1-30—1-40 p.m.

Shri Bijoy Singh Nahar : (a) Nil.

(b) and (c) Does not arise.

Shri Aswani Kumar Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় কিছুদিন আগে পাঁচুবাবুর প্রশ্নের জবাবে বলেছিলেন, পাঁচুবাবুর প্রশ্ন ছিল pending befor the Department as on 31st October, 1965 হয়ত এখন সে সব নেই কারণ গত ৩১শে অক্টোবর, ১৯৬৫তে কতকগুলি দিয়েছিলাম তার জবাবে বলেছিলেন সংখ্যাটা কিন্তু এখন নিল বলছেন কেন ?

Shri Bijoy Singh Nahar :
সে প্রশ্ন আলাদা আর এ প্রশ্ন আলাদা, বিষয়টি এখন Govt. circulation অনুযায়ী আমরা কোন রকম কিছু পাইনি, dispute হয় নি, industrial management have not fulfilled their obligations under Payment of Bonus Ordinance, 1965.

Shri Aswani Roy :
যে-কটি মালিক bonus declare করেছে তাদের হিসেব গণ্ডগোল আছে, Trade Union-গুলি আপত্তি জানিয়েছে সেখানে case-এর সংখ্যা বলতে পারবেন কি ৩১শে অক্টোবর-এ কি ছিল ?

Shri Bijoy Singh Nahar :
আমার সঠিক মনে নেই। তবে যতদূর মনে আছে ৭৫০টি আমরা পেয়েছিলাম তার মধ্যে ৪২৫ কি ৪৩০টি এরূপ সেটেল হয়ে গিয়েছে, বেই ৩৩০টির মত এগুলি বাকি আছে, বাকি অনেকই সেটেল হয়ে গেছে। একচুয়েল ফিগারটা বসাতে পারবো। না সেটা অন্য প্রশ্ন এখানে।

Shri Manoranjan Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে গভর্ণমেন্ট ক্যালকুলেশন অনুসারে যে মালিকরা দেয় নি, এরূপ ডিসপুট আছে বলে জানা নেই। গেষ্ট কীন উইলিয়াম-এর ডিসপিউট-এর জন্য লেবার ডাইরেক্টরেট যে প্রাথমিক হিসাব দিয়েছে সে অনুযায়ী গেষ্ট কীন উইলিয়াম-এর মালিকরা দিলেন না সে ডিসপিউট-এ আরও পেনডিং আছে ট্রাইবুনাল-এ।

Shri Bijoy Singh Nahar :
এ প্রশ্ন থেকে এটা আসে না। প্রশ্নটা আমি পড়ে দিচ্ছি তাতে আছে total number of disputes pending before the Department as on 31st October, 1965, where according to the Government calculation the industrial management have not fulfilled their obligations under Payment of Bonus Ordinance of 1965. আপনি যে কোম্পানী-র কথা বলেছেন সেটা এর মধ্যে পড়ে না।

Shri Manoranjan Roy :
আপনি কি জানেন according to the Bonus Ordinance payment calculation অনুসারে তারা payment calculation করে যা দেখে সেই calculation exactly সেটা ঠিক কিনা শ্রম দপ্তর থেকে প্রাথমিকভাবে ঠিক করেছিল। সে payment করতে অস্বীকার করায় এখানে যখন reference দিয়েছিলেন 1965এ 31st October that was panding before the Labour Department এটাই হল আমার বক্তব্য।

Shri Bijoy Singh Nahar :
বলেছি যে ৭০০এর মতন dispute ছিল তার মধ্যে কয়েকটা dispute হয়ে গিয়েছে—tribunal-এ গেছে—অনেকগুলি মিটে গেছে। যে জিনিসটা দেন নি কিংবা আইনে হিসাব করেন নি এরূপ dispute ছিল না।

Complaints of criminal activities against some employees of Kanchrapara T. B. Hospital

*453 (Admitted question No. *2088.) **Shri Syed Abul Mansur Habibullah** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) If it is a fact that during the period from January, 1962 to 15th November, 1965, some complaints of criminal activities of some of the employees of Kanchrapara T.B. Hospital were lodged with the said hospital authorities ; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the names of and the posts held by the persons against whom such complaints were made,

(ii) the nature of complaints made and the dates on which these complaints were lodged with the hospital authorities, and

(iii) the steps, if any, taken by the hospital authorities against these persons ?

Shrimati Purabi Mukhopadhyay : (a) Yes.

(b) The reply is given in the table below. The table consists of 32 names. I have given the names, nature of complaints made, steps taken and our departmental remarks along with the names. If I am required to read out the whole list it will take a long time. I, therefore, place the list on the table.

Table referred to in reply to clause (b) of starred question No. 453

(i) Names of the persons against whom such complaints were made and the posts held by them. (ii) Nature of complaints made and the dates on which these complaints were lodged with the hospital authorities. (iii) Steps, if any, taken by the hospital authorities against these persons. Remarks

1 (i) Shri Hrishikes Dey, G.D.A., (ii) On 27. 3 62 complaint of indisciplined activities and lawlessness were ledged by the Wardmaster and others, (iii) Complaint sent to the S.D.O., Ranagbat, and O/C. Chakdah P. S., for taking necessary action—The result of the reference made to the S.D.O , Ranaghat, and O/C., Chakdah P.S , is not yet known but the person concerned has been transferred to Ghargram in the meanwhile.

2 (i) Shri Sasankasekhar Roy, G.D.A., (ii) On 10. 4. 62 complaint of theft of dietary acticles was received against him, (iii) Forwarded the accused to the O,C, Ch kdah P.S., who arrested him u/s. 379, IPC. Placed under suspension following the arrest on 10. 4 62.—Acquitted of the charge by the Trying Magistrate, Ranaghat, and was reinstated in service.

3 (i) Shri Rajendralal Sarker, Gardener, (ii) On 18. 2. 63 complaint of theft of some quantity of tea-leaf from the Patients' kitchen was received, (iii) Forwarded the accused to the O/C., Kalyani P. S., who arrested him u/s. 379, IPC. Placed under suspension following the arrest on 18. 2. 62.—Acquitted of the charge by the Trying Magistrate, Ranaghat, and was reinstated in service.

4 (i) Shri Rajnarain Prosad, Gardner,

5 Shri Bijnath Ram, Gardener,

6 Shri Ramgobinda Singh, G.D.A., and

7 Shri Chotelal Ram, G D.A., (ii) On 5. 4. 63 the Police arrested the persons under section 151/107, Cr. P. C. (iii) Following their arrest by the Police all of them were placed under suspension.—Discharged by the Trying Magistrate on 23. 5. 62 and they were reinstated.

8 (i) Shri Priyangalal Dey, Fireman., (ii) On 15. 5. 63 a complaint was received from one Shri Lakshan Ch. Saha, a cloth pedlar of Naihati, alleging that the wife of Shri Saha had been enticed away by Shri Priyangalal Dey, (iii) The complaint in original was sent to the O/C., Chakdah P. S., for necessary action. The complainant was also advised to contact the Police and take recourse to law.—Further developments of the case are not known.

9 (i) Shri Ramchandra Ghosh, Gardener, (ii) On 4. 6. 63 complaint was received that the accused was causing nuisance under the influence of liquor while on duty, (iii) The accused was sent up to O/C., Kalyani P. S., who arrested him u/s. 290, IPC. He was placed under suspension following his arrest on 4. 6. 63.—Acquitted of the charge by the Trying Magistrate, Ranaghat, and was reinstated.

10 (i) Shri Kanailal Basfore, Sweeper, (ii) On 17. 6. 63 he was arrested by G. R. P. u/s. 118/122 of Railway Act., (iii) He was placed under suspension following his arrest on 17. 6. 63.—He was asked to pay a fine of Rs. 10 by the Court (Ranaghat). He was subsequently reinstated in service.

11 (i) Shri Jingan Basfore, Sweeper, (ii) On 2. 8. 63 complaint was received that the accused was causing nuisance under the influence of liquor at his residential area, (iii) The matter was reported to the O/C., Kalyani P. S., who arrested him u/s. 151, Cr. P. C. and 290, IPC.—Case ended in the acquittal of the accused by the Ranaghat Court and he was reinstated.

12 (i) Shri Probodh Ch. Kar, Fireman, (ii) On 12. 9. 63 complaint was received that the accused was causing nuisance under the influence of liquor in the hospital compound, (iii) The accused was sent up to O/C., Kalyani P.S., who arrested him u/s. 290, IPC. He was at once placed under su pension following his arrest on 12. 9. 63.—The trial ended in the acquittal of the accused by the Ranaghat Court and he was reinstated.

13 (i) Shri Nirmal Kanti Roy, Linen-Keeper, (ii) On 21. 9. 63 Shri Nirmal Kanti Roy who was wanted by Shampukur P. S. surrendered to the O/C., Shampukur P.S., Calcutta, and was bailed out. The arrest was under sections 148/226, IPC., (iii) On receipt of the information the accused was placed under suspension.—The accused was acquitted the charge by the Ranaghat Court and he was reinstated.

14 (i) Shri Anil Ch. Gope, Gardener, (ii) On 1. 10. 63 the Police arrested him u/ss. 54, Cr. P. C./379, IPC., (iii) On receipt of the information the accused was placed under suspension.—The accused was acquitted of the charge by the Ranaghat Court and he was reinstated.

15 (i) Shri Pearylal Balmiki, Sweeper, (ii) On 13. 10. 63 complaint was received that the accused assaulted another sweeper and robbed him of his money, (iii) The matter was reported to the O/C., Kalyani P. S., who arrested the accused u/s. 292, IPC, and he was placed under suspension.—The trial ended in the acquittal of the accused by the Ranaghat Court and he was reinstated.

16 (i) Shri Narayan Ch. Dey, G.D.A., (ii) On 20. 11. 63 he was arrested by Ranaghat G.R.P. at Kalyani Rly. Stn. u/ss. 147/323, IPC, (iii) On receipt of the information he has been placed under suspension.—The case is pending.

17 (i) Shri Charvaran Basfore, Sweeper,

18 Shri Junarbi Basfore, Sweeper, and

19 ShrSubJar Basfore, Sweeper, (ii) On 3. 12. 63 the Police arrested them u/ss. 54, Cr. P. C. and 46-A, Excise Act, (iii) On receipt of information they were placed under suspension.—The trial ended in the acquittal of the accused persons and they were reinstated.

20 (i) Shri Amulya Sil, CDA (Barbar), (ii) After a long absence the accused reported for duty on 18. 12. 63 but as he could not give any satisfactory reason of his unauthorised absence he was not allowed to join. It subsequently transpired that he was involved in a Railway case and was convicted, (iii) The matter was reported to D.I B., 24-Parganas, for enquiry and report. Report has been received that Shri Sil was charge-sheeted for travelling without ticket. He was convicted to pay a fine of Rs. 30 but as he could not pay the fine, he suffered imprisonment for one month. He was not allowed to join his duties.

21 (i) Shri Shyamlal Basfore, Sweeper,

22 Shri Idal Ram, Sweeper, and

23 Shri Bhadai (No. 1), Sweeper, (ii) On 2. 5. 64 complaint was received that the accused persons were gambling in their residential area, (iii) The information was sent to the O/C., Kalyani P. S., who arrested the persons u/s. 10, west Bengal Gambling Act & Prize Competition Act.—The trial ended in the acquittal of all the accused persons by the Trying Magistrate, Ranaghat, who acquitted them u/s. 245 (1), Cr. P. C. They were reinstated.

24 (i) Shri Lalmohan Basfore, Sweeper, (ii) On 22. 11. 63 complaint of theft of a tin of Disinfectant was received against the accused, (iii) He was forwarded to the Police who arrested him u/s 54, Cr. P. C., and he was placed under suspension.—The accused is reported to have been convicted by the Court. He was not allowed to join.

25 (i) Shri Bhupendranath Talukdar, Male Nurse, (ii) On 17. 11. 64 complaint of theft of some dietary articles was received against him, (iii) He was forwarded to the Kalyani P. S. where he was arrested under section 4(1), B.C.L.A. Act. He was placed under suspension following his arrest on 17. 11. 64.—The case ended in acquittal of the accused by the Court (Ranaghat) and he was reinstated. He has also been transfered from this Hospital.

26 (i) Shri Chotelal Ram, G.D.A,

27 Shri Basanta Mali, G.D.A,

28 Shri Subhas Ch. Das, Gardener, and

29 Shri Anil Gope, Gardener, (ii) On 6. 9. 65 on the complaint of the local Fishery Deptt., the Kalyani P. S. arrested them u/ss. 143/379/511, IPC., (iii) On receipt of the information all the accused persons have been placed under suspension following their arrest on 6 9. 65 —The case is pending.

30 (i) Shri Narayan Ch. Dey, GDA. (already under suspension since 20. 11. 63 in connection with another case u/ss. 147/323, IPC., by Ranaghat G.R.P.).

31 Shri Atul Chandra Sarder Gardener, and

32 Shri Sunil Chakraborty, G.D.A., (ii) On 15. 11. 65 at about 7-15 p.m. the Station Master, Kalyani Railway Station, intimated over phone that one female passenger was found in a pool of blood in the ladies' compartment of Kalyani Local Train. On identification it was proved that the deceased was Sm. Anowara Khatoon, Staff Nurse of the Kanchrapara T. B. Hospital, (iii) The G.R.P.S., Ranaghat, immediately took up investigation and arrested the three accused persons on 16. 11. 65 u/s. 302 (CRPS Case No. 26, dated 16. 11. 65). The accused have been placed under suspension —Investigation by the Police is proceeding.

Dr. Narayan Chandra Roy : Will the Hon'ble Minister please select some of the names and some of the heinous crimes from the list and read them out ?

Shrimati Purabi Mukhopadhyay : A copy has been sent to the Legislative Assembly but it is a long table. With regard to heinous crimes I find that the last case, i.e., the murder of a nurse of Kanchrapara T. B. Hospital, must be treated as most heinous crime. In this connection three names are appended here, viz. (1) Shri Narayan Chandra Dey, G.D.A., already under suspension since 20th November 1963 in connection with another case under section 147/323, I.P.C., by Ranaghat G.R.P., (2) Shri Atul Chandra Sarder, Gardener. The third name is Shri Sunil Chakraborty, G.D.A. The nature of complaints is that on 15th November 1965 at about 7-15 p. m. the Station Master, Kalyani Railway Station, intimated over 'phone that one female passenger was found in a pool of blood in the ladies' compartment of Kalyani Local Train. On identification it was proved that the deceased was Sm. Anowara Khatoon, Staff Nurse of the Kanchrapara T. B. Hospital. The following steps were then taken. The G. R. P. S., Ranaghat, immediately took up investigation and arrested the three accused persons on 16th November 1965 u/s 302 (GRPS Case No. 26, dated 16th November 1965). The accused have been placed under suspension. Investigation by the Police is proceeding.

Dr. Narayan Chandra Roy : Are you aware that in 1962 some cases of robbery, decoity and certain other cases were lodged with the Superintendent of Police against some of these people ?

Shrimati Purabi Mukhopadhyay : No. The activities were mostly done under the influence of liquor. Cases lodged with the Police but they were acquitted by the Court. So, we had to reinstate them according to rules as no case of robbery or decoity was found against them. But there are two cases where I find that the Railway Police made a complaint against theft of some coal and other things from the Railway yard. These cases are still pending and hence they are placed under suspension.

Dr. Narayan Chandra Roy : Are you aware that a complaint was made on the floor of the House when Dr. B. C. Roy was alive that some of these people were seen drunken and shouting at the women's ward with abusive language ?

Shrimati Purabi Mukhopadhyay: I have already told you about three cases where some people under the influence of liquor were seen to be misbehaving inside the compound of the hospital and even the ward and these cases were lodged with the Police. But ultimately they were acquitted by the Court. So we had to take them back.

Dr. Narayan Chandra Roy: These people, under the influence of liquor, went into the hospital, the female ward, and were shouting with abusive language. The authorities had to take note if it. So, did the Health Department think it proper to reinstate them ?

Shri Purabi Mukhopadhyay: You should consider the legal position. When a case goes to the Court and if the person is not convicted of any offence and if the Court acquits him honourably, then Government have to take him back. Though I do not want to take him back the rule stands otherwise, and if I do not take him back I will be hauled up.

Dr. Narayan Chandra Roy: Are we aware that these people were imported to Kanchrapara to break the union there which they did? In 1962 when people were hammered and thrown out of the ward, people belonging to the opposite union were aquitted by the Court and transferred to different places of Bengal. Under the orders of Dr. B. C. Roy I told them to please obey his orders, and one Shrimati Milan Bala Saha was recommended for reinstatement. Still she was not reinstated. People who were found to be innocent were thrown out. They did not get their job and were transferred out of Kanchrapara. What the cause of difference in these cases ?

Shrimati Purabi Mukhopadhyay: I do not bother to know who were the political parties forming unions inside the campus of the hospital. I am only concerned with the welfare of the patients and administration of the hospital. If any employee misbehaves he will be punished—in fact, he has been punished—and no political consideration can change the decision of the Government.

1-40—1-50 p.m.

Dr. Narayan Chandra Roy: Do you think that shouting inside the wards by those who were not convicted by the Court is safe for the womenfolk there ?

Shrimati Purabi Mukhopadhyay: We have taken them back since they have been acquitted by the Court.

Dr. Narayan Chandra Roy : But why did you take action against those who were not punished and acquitted by the Court in other corners of the country ?

Shrimati Purabi Mukhopadhyay : Of course, we tranferred all of them. Only two cases pending. Among this group we are going to transfer all of them as early as possible. In the context of the judgment of the Court we connot dismiss them.

Dr. Narayan Chandra Roy : Don't you think that there is differentiation ?

Shrimati Purabi Mukhopadhyay : There is no question of differentiation. As soon as they were acquitted, we had to reinstate them. All of them were transferred. We could not transfer only two cases because there was no vacancy in nearby hospital and because their wives were lying ill in the hospital. I think it is better not to transfer the husbands to other hospitals.

Dr. Abu Asad Mohammed Obaidul Ghani : The Hon'ble Minister has stated that the whole thing took place under the influence of liquor inside the wards, it appears that the liquor was freely used by hospital staff. If it is so, these people roamed about all the wards and inside the hospital under the influence of liquor, apart from the conviction of the Court. Cannot the hospital authorities take steps against such irregular behaviour and to prevent recurrence of these things ?

Shrimati Purabi Mukhopadhyay : I do not know whether liquor is being freely used inside the hospital. The doctors, at least the members of this House, may know. In some of the quarters sometimes it was found that the liquor was being used freely inside the campus and we have to take the help of Excise Department and also Anti-Rowdy Section Officers to take charge of these cases. But we cannot take any step in regard to cases which are not convicted in the Court.

Dr. Narayan Chandra Roy : Do you think the people will consider it safe to put their womenfolk in a hospital where the G.D.A. are permitted to roam about drunken and shouting with daggers and no action is taken just because the Police has said that no action is to be taken ?

Shrimati Purabi Mukhopadhyay : The question is a distortion of fact because the Police said that no steps could be taken as they were acquitted of the offence by the Court. There is a lot of difference between police report that no action can be taken and the Court not convicting the accused person. It is a very sorry state of affairs and as Health Minister I want to take very strong action.

Dr. Kanai Lal Bhattacharya :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই সমস্ত কেসগুলো কোর্টে না নিয়ে গিয়ে, আপনি কি এদের সরাসরি suspend করে নিজেরা enquiry কমিটি ফর্ম করে equiry করতে পারতেন না?

Shrimati Purabi Mukhopadhyay :
কাউকে suspend করতে হলে departmental action নিয়ে করতে পারি। কিন্তু যাকে suspend করা হলো সে যদি কোর্টে যায় we cannot prevent him from going to the court. কিন্তু যেগুলি নিজেরাই করতে পেরেছি, সেগুলি নিজেরা করেছি, আমরা তাদের অনেকের চাকরি নষ্ট করেছি এবং কাঁচরাপাড়া টি. বি. হাসপাতালে আমি হেলথ মিনিষ্টার হয়ে স্বীকার করছি এবং স্বীকার করতে আমি লজ্জা বোধ করছি, সেখানে patients যারা বহু বছর ধরে রয়েছে, ভাল হয়ে গিয়েছে তবুও হাসপাতাল premises ছাড়ছে না এবং এই ধরনের G.D.A. Staff সেখানে এমন একটা vicious circle গড়ে তুলেছে যে আজকে সেখানে যে drastic action নেওয়া উচিত ছিল, সেখানে আপনাদের পূর্ণ সমর্থন না পাওয়ার জন্য সেই action আমরা নিতে গিয়ে প্রতিবার পিছিয়ে আসছি। প্রত্যেকবার পিছিয়ে আসতে হচ্ছে and the Assembly should take note of this condition.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : On a point of privilege. The Hon'ble Minister has accused the Opposition for not co-operating Will she cite instances where we have refused to co-operate in this particular affair ?

Shrimati Purabi Mukhopadhyay : Please go through the proceedings of this Assembly. You can find it in the proceedings of this session.

Outbreak of Cholera in Purulia district

***154.** (Admitted question No. *2137.) **Shri Adwaitya Mondal :**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় গত জুলাই ও আগষ্ট মাসে যে ভয়াবহ কলেরা রোগ হইয়াছিল তাহাতে কোন্ থানায় কতজন ব্যক্তি আক্রান্ত হইয়াছিল ও কতজন ব্যক্তি মারা গিয়াছেন ;

(খ) সরকার এই কলেরা রোগ নিবারণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন; এবং

(গ) ইহা কি সত্য যে, এই কলেরা রোগের উৎপত্তির সময় স্বাস্থ্য বিভাগীয় কর্তৃপক্ষকে সংবাদ দেওয়া সত্ত্বেও তাঁহারা এ বিষয়ে উদাসীন ছিলেন?

Shrimati Purabi Mukhopadhyay :

(ক) আক্রান্ত ও মৃতের সংখ্যা নিম্নে দেওয়া হইল:

থানা	আক্রান্ত	মৃত
বাগমুণ্ডি	৮৫	০৪
ঝালদা পৌর এলাকা	৬৭	১৬
ঝালদা	২৫৬	৯১
জয়পুর	১২৪	৫৪
পুরুলিয়া	৫৩	২১
রঘুনাথপুর	৩১	১৮
আরশা	২৪	১৩
কাশীপুর	১০	৫
পারা	৪৯	২১

(খ) পুরুলিয়া জেলায় কলেরা রোগাক্রান্তের সংবাদ পাওয়ামাত্র স্থানীয় মুখ্য চিকিৎসা স্বাস্থ্যাধিকারিক (CMOH) স্থানীয় কর্মীদিগকে আক্রান্ত অঞ্চলে মোতায়েন করেন। স্বাস্থ্য কৃত্যক হইতেও অতিরিক্ত কর্মী প্রেরণ করা হয়। বসন্ত উচ্ছেদ পরিকল্পনার কর্মীদিগকেও কলেরা প্রতিরোধ কল্পে সাময়িকভাবে নিযুক্ত করা হয়। স্বাস্থ্য কৃত্যক হইতেও কয়েকজন মহামারী বিশেষজ্ঞকে উক্ত অঞ্চলে প্রেরণ করা হয়। উপদ্রুত পৌর এবং হাটবাজার এলাকায় স্থানীয় নেতৃবৃন্দ, কর্তৃপক্ষ এবং স্থানীয় পুলিশের সহায়তায় টীকাদানের ব্যাপক ও সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করা হয়। আক্রান্ত রোগীদের যতদূর সম্ভব হাসপাতালে স্থানান্তর করিবার উদ্দেশ্যে এম্বুলেন্সের বন্দোবস্তও করা হয়। কলেরা আক্রমণের সংবাদ পাওয়া মাত্র ব্যাপকভাবে পানীয় জলের কূয়াগুলি শোধনের ব্যবস্থা করা হয় এবং নদী ও বাঁধের জল ব্যবহার না করিবার জন্য প্রচারকার্য চালান হয়।

ইহা ছাড়া জেলা, মহকুমা হাসপাতালে ও স্বাস্থ্যকেন্দ্রসমূহে এবং ভ্রাম্যমান চিকিৎসা-সংস্থা কর্তৃক আক্রান্ত ব্যক্তিদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা হয়।

(গ) না, ইহা সত্য নহে।

Shri Adwaita Mondal :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই রোগের প্রথম উৎপত্তির সময় জেলা কর্তৃপক্ষ ও প্রাদেশিক কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই এবং তাছাড়া ডাক্তার, ambulance, নার্স প্রভৃতি রোগের ব্যাপকতার তুলনায় খুব কম ছিল?

Shrimati Purabi Muhhopadhyay :

এর প্রথম আক্রমণ ঝালদা পৌর এলাকায় ৪।১।৬৫ তারিখে আর পুরুলিয়ার Chief Medical Officer এবং স্বাস্থ্য অধিকর্তার কাছে সেই খবর আসে ৫।১।৬৫ তারিখে এবং তার পরদিন ছয় তারিখ থেকে সেখানে সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করা হয়। সেখানে যে সমস্ত ভ্রাম্যমান চিকিৎসক দল গিয়াছেন, তাঁরা সেখানে এখন পর্যন্ত রয়ে গেছেন, আমাদের মহামারী আইন এখনও বলবৎ আছে। অতএব একথা সত্য নহে যে অনেকদিন পর্যন্ত সেখানে কেউ যায় নাই।

1-50—2 p.m.

Shri Adwaita Mondal :

প্রথম যখন এই রোগের উৎপত্তি হয় তখন স্থানীয় কর্তৃপক্ষকে সংবাদ দেবার পরও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নি এবং শেষ পর্যন্ত জেলাধিপকে রেডিওগ্রাম করে প্রাদেশিক কর্তৃপক্ষকে জানাতে হয়েছিল। মন্ত্রিমহাশয় এই বিষয় কোন খোঁজখবর নিয়েছেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay :

আমি ত আপনাকে বলে দিলাম যে ঝালদহের কর্তৃপক্ষ ৪।১।৬৫ তারিখে এই সংবাদ পায়, সেই খবর আমাদের স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে আসে তারপর দিন ৫।১ তারিখে। আমাদের বিভিন্ন ইউনিট তখন অন্যান্য জায়গায় ছড়ান থাকায় তাদের সবাইকে সংগ্রহ করে নিয়ে ৬ তারিখে সেখানে কাজ শুরু করা হয়। তারপরে হেড কোয়ার্টার্স থেকে যখন আমরা ব্যাপক কলেরার সংবাদ পেয়ে আমাদের ভ্রাম্যমান ইউনিট পাঠাই সেই ইউনিট পাঠাবার জন্যই ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট রেডিওগ্রাম করেছিলেন।

Shri Hemanta Kumar Basu :

এই যে ১২০ জন লোকের যে মৃত্যু হল এই মৃত্যুগুলি কি সরকারী ব্যবস্থা করার আগে হয়েছে, না সরকারী ব্যবস্থা করার পরেও হয়েছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

না, পরেও হয়েছে।

Shri Hemanta Kumar Basu ;

সরকারী ব্যবস্থার আগে কতগুলি মারা গিয়াছে এবং পরে কতগুলি মারা গিয়াছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

এই রোগ ব্যাপকভাবে হয়েছিল। প্রথমে শুরু হয় হাজারিবাগে এবং সেখান থেকে মালদহ পৌর এলাকায় আসে। ওখানে এলে ব্যবস্থা নেবার সঙ্গে সঙ্গে বিভিন্ন অঞ্চল থেকে সংবাদ আসতে শুরু করে কারণ সেখানকার নদীর জল দূষিত হয়ে গিয়েছিল। একদিকে যখন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে অন্যদিকে যেগুলি অলরেডি অ্যাটাক হয়ে গিয়েছে সেগুলিকেত আর সঙ্গে সঙ্গে বন্ধ করা যায় না।

Shri Jiban Krishna Dey :
আপনি শতাধিক লোকের মৃত্যুর একটা ফিরিস্তি দিলেন এবং জল দূষিত হয়েছে বললেন, আমি জিজ্ঞাসা করছি এ' অঞ্চলে কি ব্যাপকভাবে টিউবঅয়েল বসান হয়েছে ?

Shrimati Purabi Mukhopadhyay :
ওটা টিউবঅয়েল এরিয়া নয়, ওখানে কুয়া ছাড়া উপায় নাই। যে জায়গায় টিউবঅয়েল হওয়া সম্ভব সে জায়গায় টিউবঅয়েল করা হয়েছে, বাদ বাকী জায়গায় কুয়া ছাড়া উপায় নেই।

Shri Jiban Krishna Dey :
এই এলাকাতে কলেরা ইনাকুলেশন নেওয়ার সংখ্যা কত এবং তারা এই কলেরা ইনাকুলেশন নেবার পর মারা গিয়েছে কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay :
সেগুলি হেমন্ত বাবুর প্রশ্নের উত্তরে বলেছি যে প্রত্যেকটি জায়গা থেকে যখন এক যোগে খবর এলো তখন আমাদের ভ্রামামান ইউনিট গিয়েছিল টীকা দেবার জন্য যে অঞ্চল হয় নি। কিন্তু যেখানে শুরু হয়ে গিয়েছে সেখানে রোগগ্রস্থ রোগীকেত আর টিকা দেওয়া যায় না।

Tuberculosis Relief Association, Calcutta

***455.** (Admitted question No. *2197.) **Dr. Abu Asad Mohammad Obaidul Ghani** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Tuberculosis Relief Association of Bengal receive any grant or aid from the State Government ;

(b) if so, what is the amount, and if it is ad-hoc or recurrent ;

(c) what is the nature and magnitude of the work carried on by the said Association ;

(d) if it has got any low cost X'Ray service for the poor and middle class T.B. patient ;

(e) if it runs any hospital for T.B. patients ;

(f) if so, what is the cost of treatment per bed and what amount the institution charges the patient per bed ; and

(g) if it runs any chest clinic or domiciliary treatment service ?

Shrimati Purabi Mukhopadhyay : (a) Yes.

(b) A non-recurring grant of Rs.5,000 was paid during 1964-65. This year no grant has been paid so far.

(c) The Association is a registered charitable institution doing voluntary service for the relief of T.B. patients since 1945. The nature of the work is (i) Diagnostic, (ii) Curative and (iii) Scientific.

It runs two chest clinics and one hospital in Calcutta. Magnitude of the work done during 1964-65 was as follows :

Clinics

Total No. of attendance	...	23,418
Total No. of X'Ray photo taken	...	8,314
Total No. of Laboratory attendance	...	7,611

Hospital

No. of patients treated in the indoor	...	50

(d) Yes.

(e) Yes, it runs a 25-bedded chest hospital at 95 Dilkhusa Street, Calcutta.

(f) The average cost of treatment per bed is about Rs.200 per month against which, the institution charges Rs.150 per bed per month. Out of the 25 beds, two are free.

(g) Yes, a Domiciliary Service Unit is functioning attached to its clinic at 73 Dilkhusa Street, Calcutta.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani :

আপনি বললেন যে এ বছরে ওদের গ্রান্ট দেওয়া হয়নি। এ বছরের কি টাইম শেষ হয়ে গিয়েছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

আমাদের কাছে এই বৎসরে কোন দরখাস্ত আসেনি। গ্রান্টগুলি সাধারণতঃ আমরা ডিসেম্বর মাসে রিলিজ করি। সেজন্য আশা করছি যারা দরখাস্ত করবে তারা ডিসেম্বর মাসের আগেই দরখাস্ত করে ফেলেছে। কিন্তু এদের কাছ থেকে এখনও আমরা কোন দরখাস্ত পাইনি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani :

এই যে ম্যাগনিচিউড অব ওয়ার্ক দেখালেন, এদের আরো গ্রান্ট দিয়ে বাড়াবার পরিকল্পনা আছে কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay :

এই অর্গানিজেশন অত্যন্ত ভাল কাজ করছে এবং এদের যে এক্স-রে তার জন্য লো চার্জ নেয় এবং সেটা ফার্ষ্ট অব ইটস কাইণ্ড ইন ওয়েষ্ট বেংগল বলা যেতে পারে, এত কমে আর কেউ এর পূর্বে করেনি। এঁদের টাকার অভাব হলে যত টাকা এঁরা চাইবেন তা আমাদের ক্ষমতা থাকলে নিশ্চয়ই দেওয়া উচিত। এঁরা সুন্দরভাবে কাজ করছেন, এঁদের আয় ব্যয়ের হিসাব ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ দেখলে দেখা যায় ফাইনান্সিয়াল পজিশন খুব ভাল। যাদের ডেফিসিট হয় তাদেরই আমরা টাকা দিই। ডেফিসিট যাদের হচ্ছে না, যাদের ফাইনান্সিয়াল পজিশন ভাল তাদের টাকা দেওয়ার প্রশ্ন উঠে না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani :
ফাইনান্সিয়াল পজিশন ভাল দেখিয়েছেন সত্য কিন্তু এই রকম ইনিষ্টিটিউশন আরো যাতে এক্সপ্যাণ্ড করে সেই কন্সিডারেশন করবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay :
নিশ্চয়ই। এদের যদি এক্সপ্যানশনের কোন প্রোগ্রাম থাকে তাহলে তাকে আমরা ফুল সাপোর্ট দেবো। আমরা এখন ওদের একটা ডোমিসিলিয়ারি ইউনিট-এর পুরো অ্যাটাচ করেছি এবং এই ধরণের যদি তারা এক্সপ্যানশন করতে চান তাহলে it is such a good organization and doing such a good work that we will do our best to help it.

Dr. Golam Yazdani :
ঐ যে চেষ্ট ক্লিনিক আছে ঐ চেষ্ট ক্লিনিকগুলি কি সমস্ত ষ্ট্রেপটোমাইসিন, এ্যান্টি টিউবারকুলার ড্রাগ সাপ্লাই করেন ?

Shrimati Purabi Mukhopadhyay :
আমাদের ইউনিটে যারা যায় তাদের দেওয়া হয়।

Shri Hemanta Kumar Basu :
ঐ এক্স-রের জন্য চার্জ কত নেওয়া হয় ?

Shrimati Purabi Mukhopadhyay :
ছয় টাকা চার্জ করে, রিপোর্টও দিয়ে দেয় এবং এক্স-রে প্লেটও দিয়ে দেয়।

Period of Suspension of the Industrial Workers

***456.** (Admitted question No. *2214.) **Shri Rabindra Nath Mukhopadhyay** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there is any provision for a time-limit for the period of suspension in the case of industrial workers ;

(b) whether there is any provision for subsistence allowance during the period of suspension ; and

(c) if the answers to (a) and (b) are in the negative will the Minister be pleased to state whether the Government considers the desirability to enforce time limit and subsistence allowance for the period of suspension ?

Shri Bijoy Singh Nahar: (a) There is no statutory provision for imposing a time limit to the period of suspension pending enquiry.

Periods of suspension as a measure of substantive punishment for misconduct are, however, subject to a limit of only four days as provided in clause 14 (b) of the model Standing Orders appended to Bengal Industrial Employment (Standing Orders) Rules, 1946. The employers covered by the Industrial Employment (Standing Orders) Act, 1946, must conform to the said model so far as is practicable in framing their own standing orders.

(b) No.

(c) The matter is under consideration of the Government of India.

Shri Monoranjan Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, অসংখ্য কেস আপনার লেবার দপ্তরে এসেছে যেখানে মালিকরা তদন্তের নাম করে শ্রনিকদের ছয় মাস পর্যন্ত সাসপেণ্ড করে দিয়ে তারপর তদন্ত করে ছাটাই করে দেয় এবং ছয় মাস তাদের বেতন দেয় না এবং সেই তদন্ত একটা প্রহসন হয় ?

Shri Bijoy Singh Nahar :
মাননীয় সদস্য বোধ হয় একটু কম করে বললেন ছয় মাসের বেশী রাখে এই রকম কেসও আমাদের কাছে এসেছে এবং এই জন্য আমরা অনেক আলোচনা করেছি, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে জানান হয়েছে এবং যে ষ্ট্যাণ্ডিং লেবার কমিটি ভারতবর্ষে রয়েছে সেখানে গত মিটিং-এ আমরা এটা তুলেছিলাম যে সাসপেনসন পিরিয়ডে যাতে ৫০ পার্সেণ্ট মাইনে প্রত্যেক শ্রমিক পায়। কিন্তু সেই আলোচনা গতবারে হয়নি, আমরা ভারত সরকারকে এর পরে জানিয়েছি এ বিষয় তাঁরা যেন নিজেরা ঠিক করে আইন পরিবর্তন করে এমন একটা ব্যবস্থা করুন যাতে অন্যায়ভাবে কর্মীদের উপর অত্যাচার না হয়।

Shri Monoranjan Roy :
মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা জানেন যে, সরকারী সংস্থা কল্যাণী স্পিনিং মিলে সেখানে কর্মীদের সাসপেণ্ড করে রেখে ছয় মাসের উপর এক পয়সা মাইনে না দিয়ে তারপরে বললেন

যে চার দিন সাসপেণ্ড করা হল সাবষ্ট্যানটিভ পানিসমেন্ট হিসাবে এবং চার দিন পানিসমেন্টের জন্য তারা ৬ মাস ব্যাগার খাটলো। এবং এর পরে আরো কত সংখ্যক কর্মচারীকে ছাটাই করা হয়েছে আপনি জানেন ?

Shri Bijoy Singh Nahar :

আপনি যেটা ইনডিভিজুয়াল কেস বললেন সে সম্বন্ধে নোটিশ দিলে বলতে পারবো।

Shri Anadi Das :

স্যার, এই রকম ঘটনা বহু আছে, কন্টিনিউড সাসপেনশনের কেস যদি লেবার কমিশনারকে জানান হয় তাহলে তিনি সাসপেনশন পিরিয়ডে কোন কন্সিলিয়েশন নিতে চান না। এই রকম কোন বিধান আছে কিনা যে এইগুলিকে কন্সিলিয়েশনে নেওয়া যাবে না ?

Shri Bijoy Singh Nahar :

আইনে সাসপেনশন ইজ নট পানিসমেন্ট, সেজন্য সাসপেশন অবস্থায় কন্সিলিয়েশন হয় না কিন্তু কতকগুলি জায়গায় যেখানে দেখা যায় যে সাসপেনশনটাই পানিসমেন্ট হয়ে যাচ্ছে সেই সব জায়গায় তাঁরা কন্সিলিয়েশন গ্রহণ করেন।

Shri Anadi Das :

জেনারালি যেটা আমি বললাম সেটা হচ্ছে দু'এক জায়গায় কন্টিনিউড সাসপেনশন এই ইস্যু দিয়ে ট্রাইবুনালে পাঠাবার পর কম্পানী হয়ত তাকে জবাব দিয়ে দিলো, সেখানে ইস্যু বদলে যাবার দরুন ট্রাইবুনাল সেই কেস বিচার করতে পারে না। যদি সাসপেনশনটা পুরো ডিশমিশাল হত তাহলে সেটা ট্রাইবুনালে থাকতে পারবে এমন কোন আইন তৈরি করবেন কি ?

2—2-10 p. m.

Shri Bijoy Singh Nahar :

আমি পূর্বেই বলেছি যে এই আইন করবার জন্য আমরা ইণ্ডিয়ান লেবার কনফারেন্সে আইটেম দিয়েছি ভারত সরকারকে লিখছি যে ইনডসট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট কিংবা অন্য যেভাবেই হোক এটা পরিবর্তন করে সব জায়গাতে যাতে করতে পারেন যাতে এই রকম সাসপেনসন মালিকরা না করতে পারেন অনেক দিন ধরে তার একটা ব্যবস্থা করার জন্য।

Shri Anadi Das :

মন্ত্রিমহাশয় কি বলবেন যে, কতদিন সাসপেনসন হলে গভর্নমেন্ট মনে করবে যে সেই সাসপেনসন পানিসমেন্ট হয়ে যাবে ?

Shri Bijoy Singh Nahar :

এটা বলা শক্ত।

Shri Anadi Das :

এই রকম ভাবে একটা রুল না থাকলে ২।৪।৬ মাস থাকলে সেটা কনসিলিয়েশন-এ আসছে না সুতরাং তার একটা যদি টাইম লিমিট না থাকে যে দু চার দিন বা আট দিনের মধ্যে এনকোয়ারী শেষ করা হোল যা কিছু ফাইন্যাল করা হোল তা যদি না হয় তাহলে কতদিন সাসপেনসন হলে পানিসমেন্ট বলে গণ্য হবে তার কোন একটা সীমা থাকে না এবং কনসিলিয়েসনেও যায় না।

Shri Bijoy Singh Nahar :

মাননীয় সদস্য ট্রেড ইউনিয়ন করেন তিনি নিশ্চয় জানেন যে এই রকম কোন আইন নেই যার ব্যাখ্যা দিয়ে আমরা বলতে পারবো যে এটা পানিসমেন্ট হয়েছে বা কোন দিনও ধার্য করা নেই—এইটাই করার জন্য আমরা ভারত সরকারের কাছে লিখেছি।

Mr. Speaker : Starred question No. 461 is held over till the next rotational day.

Starred Questions to which answers were laid on the tables

Minimum wages for the workmen in Glass Industry

***457.** (Admitted question No. *2217.) **Shri Nikhil Das :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether it is a fact that the Government is considering the case for fixation of minimum wages for the workmen engaged in the Glass Industry ; and

(b) if so, when it will be fixed and at what rate ?

The Minister for Labour : (a) Yes.

(b) A Minimum Wage Committee will be set up by the Government and after receiving the Committee's recommendation the Government will fix the rate of wages. The exact time when it will be fixed cannot be stated now.

Treatment under E.S.I. scheme at Specialist Centres

***458.** (Admitted question No. *2279.) **Shri Gopal Basu :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ই, এস, আই, স্কীমভুক্ত শ্রমিক কর্মচারী বা পরিবারভুক্ত অসুস্থ লোকজনদের কিচিৎসার জন্য স্পেশালিস্ট সেন্টারে যাইতে হইলে অ্যাটেণ্ডেন্টসহ রুগ্ন ব্যক্তিকে যাতায়াতের খরচ স্কীমের তহবিল হইতে দেওয়ার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা;

(খ) দূরবর্তী স্পেশালিস্ট সেন্টারে যাতায়াতের অসুবিধার কথা বিবেচনা করিয়া নৈহাটী জগদ্দল হাজিনগর এলাকায় কোনও স্পেশালিস্ট সেন্টার স্থাপন করার কোনও পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে কার্যকরী হইবে ?

The Minister for Labour : (ক) ই. এস. আই. করপোরেশনের বিবেচনাধীন আছে।

(খ) বর্তমানে নাই।

(গ) ঐ অঞ্চলে উপযুক্ত হাসপাতাল অথবা অন্য কোন উপযুক্ত প্রতিষ্ঠান পাওয়া গেলে এই বিষয় বিবেচনা করা হইবে।

Allegations against the administration of Tollygunge Bangur Hospital

***459.** (Admitted question No. *2280.) **Shri Saiendra Nath Adhikary :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, টালিগঞ্জ বাংগুর হাসপাতালের নার্সদের তরফ হইতে হাসপাতালের ইনার এডমিনিষ্ট্রেশন সম্পর্কে অভিযোগ সরকারের নিকট সম্প্রতি পেশ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

The Minister for Health : (ক) ও (খ) টালিগঞ্জ বাংগুর হাসপাতালের নার্সদের তরফ হইতে হাসপাতালের ইনার এডমিনিষ্ট্রেশন সম্পর্কে কোনও স্বাক্ষরিত অভিযোগপত্র পাওয়া যায় নাই; তবে ডি, এম, ও, অফিসের সমস্ত কর্মচারী, ওয়ার্ডমাষ্টার, ষ্টাফ নার্স এবং নার্সদের নাম করিয়া একখানা অস্বাক্ষরিত দরখাস্ত স্বাস্থ্য মন্ত্রীর নিকট দেওয়া হয়। উক্ত দরখাস্তে ঐ হাসপাতালের মেট্রনের বিরুদ্ধে কতকগুলি অভিযোগ ছিল। অভিযোগগুলি হাসপাতালের ডি, এম, ও-র দ্বারা তদন্ত করান হয়। তদন্তে প্রকাশ পায় যে সমস্ত অভিযোগগুলিই ভিত্তিহীন। এমতাবস্থায় কোনও ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজন হয় নাই।

Accident in the Calcutta Surgical Cotton Co.

***460.** (Admitted question No. *1870.) **Shri Nani Bhattacharjee :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that a serious accident occured on 30th October, 1965, due to kier burst in the Calcutta Surgical Cotton Co. of 7 Uma Kanta Sen Lane, Calcutta-30, resulting in serious injury to a worker ;

(b) if so, what is the reason of the said kier burst ; and

(c) the date when the said factory was last inspected by the Inspector of Factories ?

The Minister for Labour : (a) Yes, but the injured worker has since resumed his work.

(b) The accident occurred because the pressure within the kier exceeded its safe woıking pressure which is about 50 lbs.Sq inch.

(c) 30th April 1965.

Payment of bonus in Cossimbazar Manindra Mill and B. T. Mill

***462.** (Admitted question No. *2027.) **[Shri Sanat Kumar Raha :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাশীমবাজারের মণীন্দ্র মিল ও বি, টি, মিল গত তিন বৎসরে ও বর্তমান বৎসরে বোনাস দিয়াছে কিনা ; এবং

(খ) বোনাস দিয়া থাকিলে, কি হারে দেওয়া হইয়াছে ?

The Minister for Labour : (ক) মিলদ্বয়ের কর্তৃপক্ষ জানান যে, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালের জন্য বোনাস উপলক্ষে তাঁহারা কর্মীদের ex-gratia টাকা দিয়াছেন ও ১৯৬৪-৬৫ সালের জন্য বোনাস দেওয়া হয় নাই।

(খ) ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালের জন্য কর্মীদের মূলবেতনের প্রায় দশ দিনের সমান অর্থ দেওয়া হইয়াছে ও ১৯৬৩-৬৪ সালের জন্য প্রায় বারো দিনের মূলবেতনের সমান অর্থ দেওয়া হইয়াছে।

Supply of fish to the patients of Medical College Hospitals, Calcutta

***463.** (Admitted question No. *2045.) **Shri Kanai Pal :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে মেডিক্যাল কলেজ হাসপাতালের রোগীদের প্রায়ই মাছ অথবা মাছের পরিবর্তে ডিম বা অন্য কোন খাদ্য দেওয়া হচ্ছে না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় এর কারণ জানাইবেন কি ; এবং

(গ) অবিলম্বে এই অবস্থা দূর করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

The Minister for Health : (ক) না ;

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

X-Ray Department of the Eden Hospital, Calcutta

***465.** (Admitted question No. *2251.) **Shri Aswini Roy :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা ইডেন হাসপাতালে রঞ্জন-রশ্মি বিভাগের (এক্স-রে ডিপার্টমেন্ট) কাজ বর্তমানে বন্ধ আছে ;

(খ) সত্য হইলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত বিভাগ কোন তারিখ হইতে বন্ধ আছে ;

(২) বন্ধ হইবার পূর্বে উক্ত বিভাগে নিয়োজিত কর্মী সংখ্যা,

(৩) ১৯৬৪ ও ১৯৬৫ সালে জানুয়ারী হইতে আগস্ট পর্যন্ত প্রতিমাসে রঞ্জন-রশ্মি প্রয়োগ ও ব্যবহারের সংখ্যা ; এবং

(৪) উক্ত বিভাগ বন্ধের কারণ ?

The Minister for Health : (ক) না।

(খ) (১) প্রশ্ন উঠে না।

(২) নিয়োজিত কর্মী—

রেডিওগ্রাফার	...	১
এক্স-রে টেক্‌নিসিয়ান	...	১
নার্স	...	১
জেনারেল ডিউটি অ্যাটেণ্ডেণ্ট	...	৩

(৩)

		১৯৬৪	১৯৬৫
জানুয়ারি	...	১৫১	২৫০
ফেব্রুয়ারি	...	১২৮	৮১
মার্চ	...	৭৫	১৪১
এপ্রিল	...	১৬৪	১৩০
মে	...	১৪৩	১৩৬
জুন	...	১১৩	১৮৪
জুলাই	...	৩১৫	৮৭
আগস্ট	...	২৭৫	১৪৩

(৪) প্রশ্ন উঠে না।

Supply of butter to the patients of a few hospitals in Calcutta

***467.** (Admitted question No. *2046.)

Shri Kanai Pal : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে সেঠ সুখলাল করনানী মেডিক্যাল কলেজ ও ডাফ্‌রিন হাসপাতালের রোগীদের দীর্ঘদিন থেকে মাখন অথবা মাখনের পরিবর্তে অন্য কোন খাদ্য দেওয়া হচ্ছে না ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, সরকার অনুগ্রহ করে এর কারণ জানাবেন কি ?

The Minister for Health : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

To which Written Answers were laid on the table

Old age pension scheme in Sankrail Block, Midnapore

743. (Admitted question No. 2004.) **Shri Surendra Nath Mahato :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্ত প্রকার ভাতা পাইবার জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীনে নাই।

Old age pension scheme in Gopiballavpur Block I, Midnapore

744. (Admitted question No. 2006.) **Shri Surendra Nath Mahato :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ১নং ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে এ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Nayagram Block, Midnapore

745. (Admitted question No. 2007.) **Shri Surendra Nath Mahato .** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Gopiballavpur Block II, Midnapore

746. (Admitted question No. 2008.) **Shri Surendra Nath Mahato :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ২নং ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদনপত্র সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Jhargram Block, Midnapore

747. (Admitted question No. 2009.) **Shri Surendra Nath Mahato :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদন বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare: (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Jambani Block, Midnapore

748. (Admitted question No. 2010.) **Shri Surendra Nath Mahato:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জাম্বনী ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদন বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare: (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Binpur Block I, Midnapore

749. (Admitted question No. 2011.) **Shri Surendra Nath Mahato:** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর ১নং ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আর কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদনপত্র বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare: (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Old age pension scheme in Binpur Block II, Midnapore

750. (Admitted question No. 2012.) **Shri Surendra Nath Mahato:** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানার ২নং ব্লকে বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্য ভাতা পাইতেছেন ; এবং

(খ) বর্তমানে ঐ ব্লক হইতে আরও কতজনের উক্তপ্রকার ভাতা পাইবার জন্য আবেদন বিবেচনাধীন আছে ?

The Minister for Relief and Social Welfare: (ক) বর্তমানে কেহই পাইতেছেন না।

(খ) কোন আবেদনপত্র বিবেচনাধীন নাই।

Surrender of sanctioned money from Gopiballavpur Block II, Midnapore

751. (Admitted question No. 363.) **Shri Surendra Nath Mahato :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর ২নং ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরৎ দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই ; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) হাঁা, কিছু কিছু টাকা ফেরৎ দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) একটি বিবৃতি দেওয়া হইল।

Statement referred to in reply to Clauses (Kha) and (Ga) of unstarred question No. 751.

Statement showing the amount surrendered during 1963-64 and 1964-65 under different Agricultural and Community Development Schemes in Gopiballavpur II Block and reasons for such surrender.

	Scheme	Amount surrendered during. 1963-64	Amount surrendered during. 1964-65	Reasons for such surrender during the year 1963-64	Reasons for such surrender during the year 1964-65
		Rs.	Rs.		
1.	Seed Saturation Scheme.	720	2,436	Due to non-availability of seeds at scheduled rate.	Due to non-availability of seed.
2.	Local Manural Resources	6,200	...	Want of supervisory staff.	...
3.	Raising of additional seed bed.	1,463	...	The expenditure was not necessary	...
4.	Fertiliser demonstration	51	...	Due to late receipt of allotment	...
5.	Demonstration Centres	859	1,827	Want of staff and expenditure not necessitated.	Expenditure not necessitated.
6.	Training of Package Programme	...	250	...	Due to late receipt of allotment.
7.	Farmers' Field day	100	...	Due to late receipt of allotment.	...
8.	Intensification of Mustard Cultivation	...	50	...	Non-availability of good seeds.
9.	Oil Seed Development	1	10	...	Having no scope for expenditure
10.	Purchase and distribution of Dhaincha seeds for green manuring.	20	640	Non-availability of seeds.	...
11.	Result Demonstration	...	250	...	Due to late receipt of allotment.
12.	Small Irrigation	...	1,500	...	Due to late submission of schemes by the cultivators.
13.	Social Education	...	7	...	...

Small Irrigation Scheme in Rajnagar, Khayrasol, Dubrajpur and Ilambazar Blocks, Birbhum

752. (Admitted question No. 750.) **Shri Bhakti Bhussan Mondal :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর, খয়রাসোল, দুবরাজপুর, ইলামবাজার ব্লকে কতগুলি ছোট সেচ পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) উক্ত সেচ পরিকল্পনাগুলি কোন মৌজায় এবং নাম কি ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক)

রাজনগর	১১টি
খয়রাসোল	১০টি
দুবরাজপুর	১২টি
ইলামবাজার	১৪টি
	মোট—৪৭টি

(খ) এই বিষয়ে একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to Clause (Kha) of unstarred question No. 752.

Name of Block	Serial No.	Name of scheme	Location of Mauza
Rajnagar (Scheme No. 11) ...	(1)	Chandrapur Hir Bundh	Chandrapur
	(2)	Rajpur Tank Bundh	Rajpur
	(3)	Rani Hir	Raghunandanpur
	(4)	Kanagaray Tank	Belera
	(5)	Bedhaipur Irrigation Well No. I	Bedhaipur
	(6)	Bedhaipur Irrigation Well No. II	Bedhaipur
	(7)	Kusaipur Hir Bundh	Kusaipur
	(8)	Raghunandapur Hir	Raghunandapur
	(9)	Chelaputa Hir	Bandi
	(10)	Parasia Irrigation Well	Parasia
	(11)	Kurirbon Hir	Parasia
Khayrasole (Scheme No. 10) ...	(12)	Re-excavation of Biswas Pukur	Khayrasole
	(13)	Re-excavation of Kamali Tank	Nowpara
	(14)	Re-excavation of Hir Tank	Khayrasole
	(15)	Re-excavation of Dharampukur Tank	Paschim Shibpur
	(16)	Re-excavation of Bundh Tank	Palasboni
	(17)	Re-excavation of Hir Bundh	Tilsur
	(18)	Re-excavation of Dharampukur Tank	Pansuri
	(19)	Re-excavation of Boromuor Tank	Harichtola
	(20)	Construction of Kuor Dum	Barkha
	(21)	Re-excavation of Buripukur Tank	Kese

Illambazar (Scheme No. 14)	... (22)	Nutan Bandh re-excavation	Gangapur
	(23)	Barapukur Bundh re-excavation	Palsa
	(24)	Kamir Bundh re-excavation	Gopalnagar
	(25)	Kanakar Bundh re-excavation	Kamarpara
	(26)	Namar Bundh re-excavation	Gangapur
	(27)	Narandaha Bundh re-excavation	Kamarpara
	(28)	Chaktali Bundh re-excavation	Ulandi
	(29)	Ubgora Bundh re-excavation	Goltia
Illambazar	... (30)	Baropukur Bundh re-excavation	Khoyarboni
	(31)	Jamuna Bundh re-excavation	Ichapur
	(32)	Udaypur to Akamba Canal re-excavation	Udaypur, Dhulpur, Akamba, Kshudrapur
	(33)	Daspukur Bundh re-excavation	Udaypur
	(34)	Kandar Bundh re-excavation	Dharampur
	(35)	Construction of Regulator over Udaypur Canal	Udaypur
Dubrajpur (Scheme No. 12)	... (36)	Rexcavation of Yoger Tank	Japlai
	(37)	Re-excavation of Majergore	Uttardaha
	(38)	Re-excavation of Doyasanipukur	Ghoga
	(39)	Re-excavation of Nutonpukur	Ghoga
	(40)	Re-excavation of Dangalpukur	Korkari
	(41)	Re-excavation of Majumderpukur	Kalyanpur
	(42)	Re-excavation of Moralpukur	Koramkol
	(43)	Re-excavation of Debi Dighi	Simlakuri
	(44)	Re-excavation of Majuipukur	Barul
	(45)	Re-excavation of Kobasgore	Selarpur
	(46)	Re-excavation of Rammondal Tank	Paschimbonkati
	(47)	Re-excavation of Kankara Tank	Asdullah

T.A. and D.A. drawn by B. D. O's. and Panchayat Supervisors of Blocks of Moyna, Tamluk, Panchkura and Pingla, P.Ss. Midnapore

753. (Admitted question No. 1408.) **Shri Anangamohan Das:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না, তমলুক, পাঁশকুড়া এবং পিংলা থানার বিভিন্ন ব্লকের বি-ডি-ও এবং পঞ্চায়েৎ সুপারভাইজারগণ গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে টি-এ এবং ডি-এ বাবদ প্রত্যেকে কিরূপ অর্থ পাইয়াছেন; এবং

(খ) বর্তমানে উক্ত ব্লকগুলির জীপ চালু অবস্থায় আছে কি না?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবরণ নিয়ে দেওয়া হইল।

(খ) ব্লকগুলির মধ্যে কেবলমাত্র তমলুক ১, তমলুক ২ এবং পাঁশকুড়া ২ ব্লকের জীপগুলি চালু অবস্থায় আছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 753.

ব্লক ডেভেলপমেন্ট অফিসার এবং পঞ্চায়েৎ সুপারভাইজারগণের টি-এ এবং ডি-এ বাবদ বিভিন্ন ব্লকে ১৯৬২-৬৩ হইতে ১৯৬৪-৬৫ বৎসরে অর্থব্যয়ের বিবরণ।

ব্লকের নাম

	বৎসর	ময়না	তমলুক ১	তমলুক ২	পাঁশকুড়া ১	পাঁশকুড়া ২	পিংলা
		টা প	টা প	টা প	টা প	টা প	টা প
ব্লক ডেভে-লপমেন্ট	১৯৬২-৬৩	৪৭৬.৬৯	৬৫৩.১৫	৭১৬.৭৬	৬৯২.০৪	৮৮৫.০৬	১,০১৮.৮৫
অফিসার	১৯৬৩-৬৪	৪৫৯.৩৮	৭৩৮.৬০	১,১৮৮.০৩	২,২০১.৩৯	২৫৫.০৫	৯৭৩.৯৯
	১৯৬৪-৬৫	৩৫৬.৩৫	...	১,৪৭৩.০৫	১,২৩৭.৯৫	২১১.১০	১,১৩১.১০
এক্সটেনসন অফিসার	১৯৬২-৬৩	৪৭৮.৬০	৫০১.৩০	৫৫৩.৫৭	৫৭৮.৮৭	৮২৫.৬৩	৫৬৬.০২
(পঞ্চায়েত)	১৯৬৩-৬৪	...	১,০৪৬.০৭	২৫৩.১৬	৫৮১.৮৫	১,১৬২.২১	৫৫৯.৭০
	১৯৬৪-৬৫	৩৮১.২০	১,০৮৪.৬০	৫২৩.৮৫	৬৭৪.৯০	১,৪৫০.৪৫	৫৬২.১০

Financial assistance to the Scheduled Caste students in Moyna police-station, Midnapore

754. (Admitted question No. 1682.) **Shri Anangamohan Das:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার ময়না থানার বিভিন্ন হাই ও হায়ার সেকেণ্ডারী স্কুলের কতজন তপশীলী ছাত্র-ছাত্রীকে কি কি বাবদ কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(খ) ঐ দুই বৎসরে ময়না থানার দেউলী আদর্শ বিদ্যালয়ের কোন কোন ছাত্র কি কি বাবদ কত টাকা পাইয়াছিল?

The Minister for Education: (ক) ১৯৬২-৬৩ সালে মোট ৫৮ জন তপশীলী ছাত্র-ছাত্রী স্পেশাল স্টাইপেণ্ড, বুক গ্রাণ্ট, টিউসন ফিস, বোর্ডিং চার্জ প্রভৃতি বাবদ মোট ৭,৯৩২ টাকা পাইয়াছে।

১৯৬৩-৬৪ সালে মোট ৯০ জন তপশীলী ছাত্র-ছাত্রী স্পেশাল স্টাইপেণ্ড, বুক গ্রাণ্ট, টিউসন ফিস, বোর্ডিং চার্জ প্রভৃতি বাবদ মোট ১৪,৬৬৭ টাকা পাইয়াছে।

(খ) একটি তালিকা সংযুক্ত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 754

দেউলি আদর্শ বিদ্যালয়ের বৃত্তি প্রাপ্ত ছাত্রদের হিসাব

বৎসর	ছাত্রদের নাম	বিশেষ বৃত্তি বাবদ	বুক গ্রান্ট বাবদ	টিউসন ফিস বাবদ	বোর্ডিং চার্জ বাবদ	মোট
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
১৯৬২-৬৩	শ্রীতুষার ভৌমিক	৩০০	...	...	...	৩০০
	শ্রীচিত্তরঞ্জন দাস	৩০০	...	...	...	৩০০
	শ্রীসুবল বিশাই	৩০০	...	...	...	৩০০
	শ্রীদিবাকর মণ্ডল	...	৩০	...	২০০	২৩০
	শ্রীসন্তোষ সিংহ	...	৩০	...	...	৩০
	শ্রীবিষ্ণুপদ খাটুয়া	...	...	১২	...	১২
	শ্রীপরেশ বাজুয়া	...	...	৬০	...	৬০
১৯৬৩-৬৪	শ্রীবীরেন্দ্রনাথ ভৌমিক	...	...	...	২২০	২২০
	শ্রীঅমূল্য মণ্ডল	...	...	...	২২০	২২০
	শ্রীসুবল বিশাই	...	...	...	২২০	২২০
	শ্রীঅমল বর্মন	...	...	...	২২০	২২০
	শ্রীঅনন্ত বর্মন	...	...	...	২২০	২২০
	শ্রীসুধীর ভুঁইয়া	...	...	...	২২০	২২০
	শ্রীদিবাকর মণ্ডল	...	...	...	১০০	১০০
	শ্রীঅনন্ত ভৌমিক	৪৮	...	...	...	৪৮

Nursing Personnel in the State Hospitals in Calcutta

755. (Admitted question No. 1964.) **Shri Anangamohan Das**: স্বাস্থ্য-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার বিভিন্ন সরকারী হাসপাতালে বর্তমানে কতজন পুরুষ ও মহিলা নার্স আছেন ;

(খ) উহাদের বেতনের হার কি ;

(গ) যাঁহারা ১০ বৎসরের উপর কাজ করিতেছেন তাহাদের বেতনের হার কিরূপ করা হইয়াছে ;

(ঘ) কতদিন কাজ করিলে উহারা পেন্সন পান এবং কি হারে উহাদিগকে পেন্সন দেওয়া হয় ; এবং

(ঙ) মহিলা নার্সদের বিশেষ কি সুবিধা দেওয়া হয় ?

The Minister for Health: (ক) পুরুষ—১২৮ ; মহিলা—১৯২।

(খ) নার্সদের জন্য বর্তমানে নিম্নলিখিত বেতনক্রমগুলি চালু আছে :—

গ্রেড ফোর—৪০—১—৬০ টাকা (এই গ্রেডের যে সব আন-ট্রেইণ্ড নার্স অপরাপর নার্সদের মত ট্রেইনিং লইয়া উচ্চতর গ্রেডে না যাইতে পারেন তাঁহাদের বেতনক্রম—৪৫—১—৬৫ টাকা)।

গ্রেড থ্রি—৬৫—৩—৮০—৪—১৪৫ টাকা।

গ্রেড টু—১২৫—৩—১৪০—৪—২০০ টাকা।

গ্রেড ওয়ান (টু)—১৭৫—৭—২৪৫—৮—৩২৫ টাকা।

গ্রেড ওয়ান (ওয়ান)—৩৫০—২৫—৫২৫ টাকা।

ইহা ব্যতীত যে সব নার্স মেস-এ থাকিবার ব্যবস্থা আছে তাঁহারা বিনামূল্যে আহার পাইয়া থাকেন। যাঁহাদিগকে এই সুবিধা দেওয়া সম্ভব হয় না তাঁহাদিগকে নিম্নহারে দুর্মূল্য ভাতা দেওয়া হয়:—

বেতন টাকা				ভাতা টাকা
৫০ পর্যন্ত	...	...	...	৪৫
৫১—১০০ পর্যন্ত	...	...	...	৫৫
১০১—১৫০ পর্যন্ত	...	...	...	৭০
১৫১—২০০ পর্যন্ত	...	...	...	৭৫
২০১—২৫০ পর্যন্ত	...	...	...	৮০
২৫১—৩০০ পর্যন্ত	...	...	...	৯৫
৩০১—৪০০ পর্যন্ত	...	...	...	১০০
৪০১ ও তদূর্ধ পর্যন্ত		বেতনের ১১½ পার্সেন্ট+৩০		

ইহা ছাড়াও নার্সগণ ৫ টাকা ইউনিফর্ম অ্যালাউয়েন্স, ৫ টাকা ওয়াসিং অ্যালাউয়েন্স, ১০ টাকা অ্যামিনিটি অ্যালাউয়েন্স এবং যেখানে বিনা ভাড়ায় বাড়ি না দেওয়া যায়, শতকরা ১০ টাকা হারে হাউস রেন্ট অ্যালাউয়েন্স পাইয়া থাকেন।

(গ) উচ্চতর বেতনক্রমগুলিতে নিয়োগকে কত বৎসর চাকুরি করিতেছেন তাহার উপর নির্ভর করে না। গ্রেড ফোর ভুক্ত নার্সগণ সফলতার সহিত অক্সিলিয়ারী নার্স-কাম-মিডওয়াইভস ট্রেনিং এবং জেনারেল নার্সিং ট্রেনিং কোর্স সম্পূর্ণ করিবার পর যথাক্রমে গ্রেড থ্রি ও গ্রেড টুতে উন্নীত হন। অপরাপর উচ্চতর গ্রেডগুলিতে নিয়োগ সন্তোষজনক চাকুরি ও বিভাগীয় পরীক্ষার ফলাফলের ভিত্তিতে করা হয়।

(ঘ) অন্যান্য সরকারী কর্মচারীদের (ক্লাস ফোর স্টাফ ব্যতিরেকে) ক্ষেত্রে পেন্সনের যে আইন চালু আছে নার্সদের ক্ষেত্রেও সেই আইন প্রযোজ্য। ১০ বৎসর স্থায়ী চাকুরির পর তাঁহারা পেন্সনের অধিকারী হন। চাকুরিকালের উপর পেন্সনের পরিমাণ নির্ভর করে, যথা, ১০ বৎসর চাকুরির জন্য পেন্সনের পরিমাণ সর্বশেষ বেতনের ৮০ ভাগের ১০ ভাগ; ১১ বৎসর চাকুরির জন্য পেন্সনের পরিমাণ সর্বশেষ বেতনের ৮০ ভাগের ১১ ভাগ; ১২ বৎসর চাকুরির জন্য পেন্সনের পরিমাণ সর্বশেষ বেতনের ৮০ ভাগের ১২ ভাগ; এবং ৩০ বৎসর ও তদূর্ধ চাকুরির জন্য পেন্সনের পরিমাণ সর্বশেষ ৮০ ভাগের ৩০ ভাগ। ইহা ছাড়া তাঁহারা অবসরকালীন গ্র্যাচুইটিও পাইয়া থাকেন।

(ঙ) ওয়েস্ট বেঙ্গল নার্সিং সার্ভিস মূলতঃ মহিলা নার্সদেরই সংস্থা। নূতন করিয়া কোন পুরুষ নার্স এই সার্ভিস-এ নিযুক্ত হন না। সুতরাং মহিলা নার্সদের বিশেষ কোন সুবিধা দেওয়ার প্রশ্ন উঠে না। তবে বর্তমানে পুরুষ নার্সদের তুলনায় মহিলা নার্সগণ যে বিশেষ সুবিধা পান তাহা হইল বিনা ভাড়ায় হোস্টেলে থাকিবার সুবিধা। অবশ্য যাঁহাদিগকে (পুরুষ ও মহিলা) এই সুবিধা দেওয়া সম্ভব হয় না তাঁহারা একটি নির্দিষ্ট হারে বাড়িভাড়া পাইয়া থাকেন।

Municipal market at Chelidanga, Asansol

756. (Admitted question No. 2131.) **Shri Bijoy Pal**: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল পৌরসভা কর্তৃক চেলিডাঙ্গায় যে বাজারটি নির্মাণ হইতেছে তাহার কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) উক্ত বাজারের নির্মাণকার্য সম্পূর্ণ হইতে কতদিন সময় লাগিবে, এবং মোট কত টাকা খরচ হইবে;

(গ) উক্ত বাজার নির্মাণের জন্য কাহাকে ঠিকা দেওয়া হইয়াছে; এবং

(ঘ) উক্ত পৌরসভা কর্তৃক পূর্বাঞ্চল (মুরগাসোল বা উচাগ্রামের সন্নিকটে) আর একটি বাজার নির্মাণের যে পরিকল্পনা ছিল তাহার নির্মাণকার্য কতদিনে আরম্ভ হইবে?

The Minister for Local Self-Government: (ক) শতকরা নব্বই ভাগ সম্পূর্ণ হইয়াছে।

(খ) আশা করা যায়, ১৯৬৫ সালের ডিসেম্বর মাসের মধ্যেই সম্পূর্ণ হইবে। মঞ্জুরিকৃত ব্যয়ের পরিমাণ—২,৪১,৭৬৮ টাকা।

(গ) আসানসোলের নামপাড়ার অন্তর্গত শ্রীগৌরচন্দ্র রায়কে।

(ঘ) পূর্বাঞ্চলে পরিকল্পিত বাজারের নির্মাণকার্য সিমেন্ট সংগৃহীত হইলেই আরম্ভ হইবে।

Cases filed in connection with general election of the Santipur Municipality

757. (Admitted question No. 2211.) **Shri Kanai Pal:** স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর পৌরসভার বিগত নির্বাচনে কতগুলি আসনে নির্বাচনী মামলা দায়ের হয়েছে;

(খ) ঐ আসনগুলির প্রতিদ্বন্দ্বীদের নাম কি;

(গ) এই মামলাগুলির কোনটি কি কারণে রুজু হয়েছে; এবং

(ঘ) এই পর্যন্ত একটি মামলারও রায় হয়েছে কি না এবং রায় হয়ে থাকলে তার ফলাফল কি?

The Minister for local Self-Government:

(ক)

ওয়ার্ড নং	আসন সংখ্যা
১১	১
১২	১
১৯	১
২৫	১
	মোট—৪টি

(খ)

ওয়ার্ড নং	প্রতিদ্বন্দ্বীদের নাম
১১	১। শ্রীকালীচরণ দত্ত।
	২। কাশীনাথ ভট্টাচার্য।
	৩। শ্রীবংশভূষণ বসু।
১২	১। শ্রীসুনীলকুমার পাল।
	২। শ্রীজহরলাল সাহা।
১৯	১। শ্রীরমেশচন্দ্র বস্ক।
	২। শ্রীপাঁচুগোপাল সেন।
	৩। শ্রীসুনীতি প্রামাণিক।
২৫	১। শ্রীপ্রতাপচন্দ্র সাহা।
	২। শ্রীবংশীবদন দত্ত।
	৩। শ্রীক্ষৌণিশচন্দ্র ইন্দ্র।
	৪। শ্রীসুভাষচন্দ্র ঘোষ।

(গ) ওয়ার্ড নং	মামলার কারণ
১১	ঠিকভাবে ভোট গণনা হয় নাই, এইরূপ দোষারোপ করিয়া।
১২	ঐ
১৯	ভোটার তালিকা আইন অনুযায়ী তৈয়ারী হয় নাই, যে ঘরে ব্যালট বাক্স ছিল প্রিসাইডিং অফিসার প্রায়ই অনুপস্থিত থাকায় তাঁহার অনুপস্থিতিতে ভোটের বাক্সে ভোটপত্র ফেলান হইয়াছিল। প্রিসাইডিং অফিসার অক্ষম এবং নিরক্ষর ভোটারদিগকে ভোটদানে সাহায্য না করায় ৭ (সাত) খানি ভোটপত্র সমীক্ষার সময় অচিহ্নিত অবস্থায় পাওয়া গিয়াছিল, সমীক্ষার পর ব্যালট বাক্সগুলি প্রতিদ্বন্দ্বী অথবা তাঁহাদিগের নিযুক্তকের উপস্থিতিতে সীলমোহর করা হয় নাই, ঠিকভাবে ভোট গণনা হয় নাই, মিউনিসিপ্যালিটি হইতে নূতন ওয়ার্ডগুলির সীমা বর্ণনা করিয়া কোন সাধারণ নোটিশ দেওয়া হয় নাই,—এই দোষারোপ করিয়া।
২৫	ঐ

(ঘ) সংশ্লিষ্ট আদালত হইতে এ পর্যন্ত ফলাফল জানা যায় নাই।

Advisory Committee for Primary Health Centre

758. (Admitted question No. 1995.) **Shri Anangamohan Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির কোন পরামর্শদাতা কমিটি আছে কি না;

(খ) থাকিলে উহাদের সদস্যসংখ্যা কত ও কি ভিত্তিতে উহাদের সদস্য নিয়োগ করা হয়; এবং

(গ) ডেবরা ও সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরামর্শদাতা কমিটির সদস্যগণের নাম কি এবং উহা কবে গঠিত হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) সম্প্রতি এই রাজ্যের প্রথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির পরামর্শদাতা কমিটি (অ্যাডভাইসরি কমিটি) গঠনের নীতি পুনর্নির্ধারণ করা হইয়াছে। এই পুনর্নির্ধারিত নীতি অনুযায়ী নিম্নোক্ত নির্ধারিত সদস্য লইয়া জিলা ম্যাজিষ্ট্রেট উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির পরামর্শদাতা কমিটি গঠন করেন:—

(১) ব্লক ডেভেলপমেন্ট অফিসার—চেয়ারম্যান।

(২) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত অফিসার—সেক্রেটারী।

(৩) মহকুমা হেলথ অফিসার, (৪) উন্নয়ন ব্লকের সোশ্যাল এডুকেশন অর্গানাইজার, (৫) রাজ্য বিধানসভা/পরিষদের স্থানীয় সদস্য/সদস্যগণ, (৬) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এলাকার অঞ্চল পঞ্চায়েতের প্রধান অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট, (৭) জেলা অধিকর্তা কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক, *(৮) জনসাধারণের স্বাস্থ্য উন্নতি বিষয়ে আগ্রহী দুইজন সেবক (জেলাশাসক কর্তৃক মনোনীত)—সদস্যবৃন্দ।

*(ইহাদের কার্যক্রম এক বৎসর)

(গ) জেলা ম্যাজিষ্ট্রেট পুনর্নির্ধারিত নীতি অনুযায়ী ডেবরা ও সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পরামর্শদাতা কমিটি এখনও গঠন করেন নাই।

Distribution of Jute seeds to the Peasants of Kotwali police-station, Nadia

759. (Admitted question No. 1826.) **Shri Kashikanta Moitra :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে এ বছর নদীয়া জেলার কোতয়ালী থানার অন্তর্গত গোড়াগাছা, ঝাউতলা, বাঁশবেড়ে গ্রামে চাষীদের মধ্যে ভারতীয় পাটকল সমিতির মাধ্যমে যে পাট বীজ সরবরাহ করা হয় সেই পাট বীজে পাট না হওয়ায় পাট চাষীরা দারুণ ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(খ) ইহা কি সত্য যে এই সমিতি সরকার অনুমোদিত এবং শতকরা ৯০ ভাগ বীজে গাছ হবার গ্যারান্টি থাকা সত্ত্বেও এই সব বীজ থেকে পাট গাছ হয়নি ; এবং

(গ) সত্য হলে ক্ষতিগ্রস্ত চাষীদের ক্ষতিপূরণের ব্যবস্থা সরকার করেছেন কিনা ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) হ্যাঁ।

(খ) না, এই বিষয়ে সরকারের কোন অনুমোদন ছিল না।

(গ) উক্ত বিক্রয় সরকারী দায়িত্বে অনুষ্ঠিত হয় নাই, সুতরাং সরকারের পক্ষে ক্ষতিপূরণের প্রশ্ন উঠে না। তবে জানা গিয়াছে যে বন্টিত পাট বীজের নিষ্ফলতার কথা অবগত হইয়া উক্ত সমিতি এ বিষয়ে অনুসন্ধান করেন এবং ক্ষতিগ্রস্ত চাষীদের নগদ ক্ষতিপূরণ দেন অথবা পুনরায় উন্নত পাট বীজ সরবরাহ করেন।

Labour Co-operative Societies in Bankura district

760. (Admitted question No. 2074.) **Shri Aswini Roy :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কোনও শ্রম সমবায় আছে কি ;

(খ) যদি থাকে তাহলে ১৯৬৫ সালের ১লা নভেম্বর যে সকল শ্রম সমবায় ছিল, তাহাদের নাম ও প্রতিটি শ্রম সমবায়ের সভ্য সংখ্যা ; এবং

(গ) ১৯৬৫ সালের ১লা এপ্রিল হইতে ২০এ নভেম্বর পর্যন্ত উক্ত সমবায়গুলির কাজের বিবরণ ?

The Minister for Co-operation :

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) সংশ্লিষ্ট বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 760

বিবরণী

সমিতির নাম, সভ্য সংখ্যা এবং ১-৪-৬৫ হইতে ২০-১১-৬৫ পর্যন্ত কাজের বিবরণ।

(১) ছোট সাবেংগা কো-অপারেটিভ লেবার কন্ট্র্যাক্ট এ্যাণ্ড কনষ্ট্রাকশন সমিতি লিঃ ; ১৩১ ;

আলোচ্য সময়ে সমিতি কোন কার্য নির্বাহ করে নাই। সমিতির মূলধন বিনিয়োগের জন্য সরকার ১,০০০ টাকা অনুমোদন করিয়াছেন।

(২) কুলদিহা শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ ; ১০১ ;

কংসাবতী প্রকল্পের অধীনে সমিতি দুইটি চুক্তি নির্মাণ কার্য গ্রহণ করিয়াছিল। আলোচ্য সময়ে প্রায় ৪,০০০ টাকা মূল্যের এরূপ একটি নির্মাণ কার্য্য সমিতি সম্পূর্ণ করিয়াছে। অপর চুক্তিটির অধীনে প্রায় ৬,৫০০ টাকা মূল্যের কাজ অগ্রসর হওয়ার পর (ইহার মধ্যে প্রায় ২,০০০ টাকার মূল্যের কাজ আলোচ্য সময়ে করা হইয়াছিল) নির্মাণ কার্যটি বিভাগীয় ভাবে শীঘ্র সম্পূর্ণ করবার জন্য পরস্পর বোঝাপড়ার দ্বারা সমিতি কর্তৃপক্ষকে ছাড়িয়া দিয়াছেন। তাছাড়া উপজাতি কল্যাণ বিভাগের অধীনে আর, সি, সি, পাতকুয়া নির্মাণের একটি প্রায় ৫,৮০০ টাকা মূল্যের চুক্তিও সমিতি এই সময়ে নির্বাহ করিয়াছে। সমিতির মূলধনে সরকার ১,০০০ টাকা বিনিয়োগ করিয়াছেন।

(৩) উত্তর রায়পুর সমবায় শ্রমিক চুক্তি নির্মাণ সমিতি লিঃ ; ৩২০ ;

আলোচ্য সময়ে সমিতি উপজাতি কল্যাণ প্রকল্পের অধীনে ১,৫৮০ টাকা মূল্যের একটি মাত্র চুক্তি নির্মাণকার্য নির্বাহ করিয়াছে। সমিতি সমবায় বিভাগ হইতে মূলধন বাবদ ১,০০০ টাকা এবং উপজাতি কল্যাণ বিভাগ হইতে অনুদান হিসাবে ৮,৫০০ টাকা পাইয়াছে।

(৪) লক্ষ্মীসাগর কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট এ্যাণ্ড কনস্ট্রাকশন সমিতি লিঃ ; ১১৬ ;

উপজাতি কল্যাণ প্রকল্পের অধীনে সমিতি প্রায় ৫,০০০ টাকা মূল্যের আর, সি, সি, পাতকুয়া নির্মাণকার্য সম্পূর্ণ করিয়াছে। সমিতি আর কোন কাজ পায় নাই। মূলধন বাবদ সরকারের নিকট হইতে ১,০০০ টাকা পাইয়াছে।

(৫) মোলিয়ান অঞ্চল কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট এ্যাণ্ড কনস্ট্রাকশন সমিতি লিঃ ; ১০০ ;

আলোচ্য সময়ে সমিতি কোন কার্য নির্বাহ করে নাই। সমিতির আদায়ীকৃত মূলধনের পরিমাণ মাত্র ১০০ টাকা।

(৬) বাহারা মুড়ি ইউনিয়ন কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট এ্যাণ্ড কনস্ট্রাকশন সমিতি লিঃ ; ৫৬ ;

আলোচ্য সময়ে সমিতি কোন কার্য নির্বাহ করে নাই। উক্ত সময়ে সমিতিকে কোন কার্য দেওয়া হয় নাই। মূলধন বাবদ সমিতিকে ১,০০০ টাকা দেওয়া হইয়াছে।

(৭) বিবর্ণ অঞ্চল শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ ; ৭৬ ;

কংসাবতী প্রকল্পের অধীনে সমিতি প্রায় ৩৮,২৫৩ টাকা মূল্যের একটি চুক্তি নির্মাণকার্য আলোচ্য সময়ে গ্রহণ করে। উক্ত কার্যের কিছু অংশ সময়মত সম্পূর্ণ না হওয়ায় (উক্ত আংশিক কার্য্য) কর্তৃপক্ষ সমিতির কাছ হইতে ফিরাইয়া লন। কার্যটি অবশ্য এখন প্রায় সম্পূর্ণ হইয়াছে। সমিতির অধীনে কার্যটির প্রগতি প্রায় ২৭,০০০ টাকার হইয়াছিল। ইহা ছাড়া সমিতি উন্নয়ন প্রকল্পের অধীনে কালভার্ট ও ক্রস্‌ওয়ে সেতু নির্মাণকার্যও গ্রহণ করে। এই কার্যের প্রগতির পরিমাণ হইয়াছিল প্রায় ৫,০০০ টাকার। সমিতি মূলধন বাবদ সরকারের নিকট হইতে ১,০০০ টাকা এবং বাঁকুড়া জেলা কেন্দ্রীয় ব্যাঙ্ক হইতে ক্যাস ক্রেডিট ভিত্তিতে ২,০০০ টাকা ঋণ পাইয়াছে।

(৮) সাতমৌলী অঞ্চল শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ ; ৬৪ ;

কংসাবতী প্রকল্পের অধীনে সমিতিকে ১১,৫৬২ টাকার চুক্তি নির্মাণকার্য দেওয়া হয়। সমিতি কার্যটি হাতে লইয়া মাত্র ৫০০ টাকার কার্য করিয়াছে। মূলধন বাবদ সরকারের নিকট হইতে সমিতি ১,০০০ টাকা পাইয়াছে।

(৯) কল্যাণী ইউনিয়ন কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ ; ১১৬ ;

কংসাবতী প্রকল্পের অধীনে সমিতি মাত্র একটি চুক্তি নির্মাণকার্য গ্রহণ করে এবং মাত্র প্রায় ৫০০ টাকার মূল্যের কার্য সম্পূর্ণ করিয়াছে। সমিতি সরকারের নিকট হইতে মূলধন বাবদ ২,০০০ টাকা পাইয়াছে।

(১০) সুপুর অঞ্চল কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ; ৪৫ ;

সমিতির মূলধন এখন মাত্র ২১ টাকা। স্থানীয় ভাবে টাকা ধার করিয়া সমিতি উপজাতি কল্যাণ প্রকল্পের অধীনে ৪,৭০০ টাকা মূল্যের আর সি, সি, পাতকুয়া নির্মাণকার্য নির্বাহ করিয়াছে।

(১১) পশ্চিম রাজকাটা অঞ্চল সমবায় শ্রমিক সমিতি লিঃ; ৬০ ;

আলোচ্য সময়ে সমিতি কোন কার্য নির্বাহ করে নাই। ইহা ১,০০০ টাকার মূলধন উঠাইয়াছে।

(১২) জোড়াহিয়া ট্রাইব্যাল অ্যাণ্ড সিডিউল্ড কাষ্ট কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ; ১৪২ ;

আলোচ্য সময়ে সমিতি প্রায় ৩,৫০০ টাকা মূল্যের আর, সি, সি, পাতকুয়া নির্মাণকার্য নির্বাহ করিয়াছে এবং সাউথ ইস্টার্ন রেলের অধীনে ৫০,০০০ টাকার চুক্তি নির্মাণকার্য গ্রহণ করিয়াছে। এই কার্যে প্রগতির পরিমাণ প্রায় ৫,০০০ টাকার মত। সরকার সমিতিকে মূলধন বাবদ ১,০০০ টাকা দিয়াছেন।

(১৩) গড় গড়িয়া কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ; ৬০ ;

সমিতি এই সময়ে কোন নির্মাণকার্য নির্বাহ করে নাই। সমিতির মূলধনে বিনিয়োগের জন্য সরকার ১,০০০ টাকা অনুমোদন করিয়াছেন।

(১৪) মণ্ডল গ্রাম অঞ্চল লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন কো-অপারেটিভ সোসাইটি লিঃ; ২৮৪ ;

মৃত্তিকা সংরক্ষণ প্রকল্পের অধীনে সমিতি অল্প দিন আগে একটি কার্য পায়। সমিতি সরকারের নিকট হইতে মূলধন বাবদ ১,০০০ টাকা এবং উপজাতি কল্যাণ বিভাগের নিকট হইতে অনুদান বাবদ ৫,৫০০ টাকা পাইয়াছে। সমিতি এই সময়ে কোন নির্মাণকার্য করে নাই।

(১৫) সর্বোদয় কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ; ১০২ ;

এই সময়ে সমিতি কোন নির্মাণকার্য করে নাই। সমিতির আদায়ীকৃত মূলধনের পরিমাণ ৫০০ টাকা মাত্র।

(১৬) শ্যামসুন্দরপুর অঞ্চল শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ; ৫৫ ,

আলোচ্য সময়ে সমিতি কোন নির্মাণকার্য করে নাই। ইহার আদায়ীকৃত মূলধনের পরিমাণ ৪০ টাকা মাত্র।

(১৭) রায়পুর অঞ্চল শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ; ৬০ ;

এই সময়ে সমিতি কোন নির্মাণকার্য করে নাই। সমিতির আদায়ীকৃত মূলধন মাত্র ৪০ টাকা।

(১৮) কেশবপুর কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ;

(১৯) গোরাবাড়ী অঞ্চল কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লি;

(২০) সিহর কো-অপারেটিভ লেবার কন্ট্রাক্ট অ্যাণ্ড কনস্ট্রাকশন সোসাইটি লিঃ;

(২১) খালাগ্রাম ইউনিয়ন শ্রমিক চুক্তি ও নির্মাণ সমবায় সমিতি লিঃ—এই কয়টি সমিতি এখন চালু অবস্থায় নাই।

Calling Attention on matters of urgent public importance.

Mr. Speaker : Regarding the Calling Attention notice on the subject of reported letter of Shri M. C. Chagla, Union Education Minister, to all Chief Ministers, regarding legislation on University, called attention by Dr. Abu Asad Mohammad Obaidul Ghani on the 13th December, 1965, I will request the Hon'ble Minister that the reply may be given either tomorrow or on Monday positively.

Shri Jagannath Kolay : Sir, the reply will be given on Monday next.

Shrimati Ila Mitra : স্যার, আমার কথাটা হচ্ছে সোমবার উনি বলেছিলেন যে বৃহস্পতিবার হবে—সেই সময় আমাদের খুবই আপত্তি ছিল যে বিলটি চলছে—বৃহস্পতিবার খুবই লেট হবে এবং ততক্ষণে এই বিলটি পাশ হয়ে যাবে এবং আপনিও তখন রুলিং দিয়ে আমাকে বসিয়ে দিলেন—আজকে বৃহস্পতিবার বিলটি পাশ হয়ে গেছে—কাজেই আজকে বলতে আপত্তি কি ?

Mr. Speaker : শ্রীমতী মিত্র, আপনার আপত্তি অগ্রাহ্য করে বিলটি পাশ হয়ে গেছে—একচুয়েলি এ রকম বলা ইট ইজ নট প্রপার। আফটার অল কলিং এ্যাটেনসন-এর উত্তর ওরা সুবিধা মত তো দেবেন !—আই অলওয়েজ গিভ ইউ অপারচুনিটি।

উনি দু'দিন বাদে দেবেন বলেছিলেন তারপরেও যদি অনারেবল মিনিষ্টারের সময় দরকার হয়, সে হ্যান্ড……দি রাইট টু ডিক্লার।

কাজেই এক্ষেত্রে এই রকম বলাটা আই ডোন্ট থিংক ইট ইজ প্রপার।

Shrimati Ila Mitra : আপনার রুলিং আমি মেনে নিচ্ছি—কিন্তু এটা খুবই ইমপর্টেন্টে ব্যাপার বলেই বললাম তা না হলে বলতাম না।

Mr. Speaker : হ্যাঁ ইম্পর্টেন্ট ব্যাপারের জন্যই তো রাইটস অফ্ দি হাউস আছে।

I have received two notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Large scale smuggling of rice from the districts of North Bengal to Nepal, by Shri Haridas Chakravarty.

(2) Closure of Husking machine in the district of Burdwan, by Shri Aswini Roy, Dr. Narayan Chandra Roy and Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Aswini Roy, Dr. Narayan Chandra Roy and Shri Sanat Kumar Raha on the subject of closure of Husking machine in the district of Burdwan, The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay : Sir, it will be made on Monday next.

Seventh Report of the Committee on Estimates

Shri 'Baidyanath Banerjee : Sir, I beg to present before the Assembly the Seventh Report of the Estimates Committee on the action taken by the Government on the recommendations contained in the Second Report of the Estimates Committee of the West Bengal State Electricity Board.

Shri Kanai Lal Bhattacharya : মি: স্পীকার স্যার, আমি এই মন্ত্রিমণ্ডলীকে জিজ্ঞাসা করতে চাই যে গেষ্ট কন্ট্রোল অর্ডারটা কি শুধু আমাদের মত সাধারণ মানুষের উপর প্রযোজ্য—মন্ত্রীদের উপর কি প্রযোজ্য নয়? গতকাল অর্ধেন্দু শেখর নস্কর মহাশয়ের জাঠতুতো ভাইয়ের বিয়ের বৌভাত ২নং হিন্দুস্থান পার্কে হয়েছিল, সেখানে ৪০০ জন লোক চর্ব্য-চোষ্য-লেহ্য-পেয় পোলাও, কমলাভোগ খেয়েছে—হোয়ার এ্যাজ আমি আপনাকে বলছি রিসেন্টলি আমার এক শালীর বিবাহ হয়েছিল, তাতে আমরা বাধ্য হয়েছি রাধাবল্লভী, আলুর দম, বেগুনভাজা ইত্যাদি খাইয়ে আমাদের গেষ্টকে এন্টারটেন করতে। কাজেই আমি জিজ্ঞাসা করতে চাই যে এই গেষ্ট কন্ট্রোল অর্ডারটা মন্ত্রীদের জন্য আলাদা কিনা?

Shrimati Ila Mitra : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি একট গুরুতর বিষয়ে প্রতি। আজকে সমস্ত খবরের কাগজে বেরিয়েছে যে করপোরেশনের স্ট্যানডিং এডুকেসন কমিটির একজন সভ্য শ্রীধীরেন্দ্রনাথ দাসগুপ্ত—তিনি সার্ভে করে একটা ভয়াবহ চিত্র দিয়েছেন এবং বিশেষ করে তাতে উল্লেখ করা হয়েছে যে এই সমস্ত প্রাইমারী স্কুলগুলি যেগুলি করপোরেশনের আণ্ডারে চলছে সেগুলি একটা জোয়াড়ী, মাতাল এবং দুষ্কৃতকারীদের আড্ডাখানায় পরিণত হয়েছে বলে কতকগুলি পয়েন্টস তিনি উল্লেখ করেছেন। কাজেই এটা আমাদের কাছে একটা ভয়াবহ খবর বলে মনে হচ্ছে এবং ৪০ বৎসর ধরে শিক্ষা অত্যন্ত ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। সুতরাং এ সম্পর্কে সরকার কি ভাবছেন এবং সরকার কি ব্যবস্থা গ্রহণ করবেন সেটা আমরা জানতে চাই।

Shri Adwaitya Mondal : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী ও সমবায় মন্ত্রীর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলার বাবনান সোসাইটি থেকে ৩১'৫০ পয়সা করে ধান কিনছে এবং তাতে ২ টাকা ৫০ নয়া পয়সা খরচ বাদ দিচ্ছে রসিদের মধ্যে। এই ব্যাপারে আমরা এই হাউসে অনেকবার বলেছি এবং এ ব্যাপারে মন্ত্রী মহোদয় পুরুলিয়ায় গিয়ে বলে এসেছেন, তা সত্ত্বেও এগুলি চলছে—আমার বাড়ী থেকে আমার বাবা যে ধান বিক্রি করেছেন সেই ধান থেকেও বাদ দিয়েছেন।

Mr. Speaker : ঠিক আছে আপনি ওটা দেখিয়ে দিন।

Shri Aswini Roy : স্যার আমি একটা টেলিগ্রাম পেয়েছি, আমি সেই টেলিগ্রামটা পড়ে দিচ্ছি। "All Husking mills stopped operation under Defence of India Rules Acute rice scarcity when harvesting in full swing rice not being supplied to harvesting labourers harvesting being hampered approach Government suggesting remedy Dr. Mandal Pradhan Bonpas Anchal Panchayat".

Shri Anadi Das : স্যার, আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে শোধপুর কটন মিল—এটা কোম্পানী বন্ধ করে দিয়েছে এবং তাতে ৪০০ শ্রমিক বেকার হয়েছে এবং ২ হাজার লোককে প্রায় অনাহারের মুখে ছেড়ে দেওয়া হয়েছে। এখানে স্যার, একটা ইউনিয়ন ছিল—সেই ইউনিয়নকে নষ্ট করবার জন্য আর একটা ইউনিয়ন তৈরী করে তাদের ভিকটিমাইস করবার জন্য এটা করা হয়েছে; এই বিষয়ে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sanata Kumar Raha : স্যার আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় কর্ডন বহু জায়গায় হয়েছে। কর্ডন এলাকায় পুলিশ ধান চাল সিজ করে যে ২ কে. জি. পর্যান্ত পারমিসন তাও দেয় না সমস্ত আটকে দেয়, রসিদ দেয় না পুলিশ কেসও হয় না। এটার বিষয় সরকারের কোন পলিসি আছে কিনা জানতে চাই, কারণ যে সম্পত্তিগুলো পুলিস আইন থেকে চোরাকারবারী হয়ে যায় এবং সেটা বিক্রি হয় কিনা এ বিষয়ে যে তদন্ত করা উচিত। সরকারের পলিসি অবিলম্বে স্থির করা উচিত যে, কোন সিজ আটককালের লিষ্ট দিতে হবে That property should go to the treasury.

Shri Ardhendu Sekhar Naskar : On a point of personal explanation কানাইবাবু আমার কথা বলেছেন কিন্তু আমি জানি না আমার জাঠতুতো ভায়েরা কত আছে, জ্ঞাতি ইত্যাদি কোথায় কার বিয়ে হয়েছে। আমি বিয়েতে উপস্থিত ছিলাম না কিন্তু মাননীয় সদস্য যদি এরূপ ভাবে খেয়ে এসে এরূপভাবে নেমখারামি করেন তাহলে এর চেয়ে দুঃখের কথা আর কি আছে।

Dr. Kanailal Bhattacharya : আপনি সেখানে প্রেজেন্ট ছিলেন।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir.

Yesterday I had drawn the attention of the Hon'ble Minister for Parliamentary Affairs for clarification of yesterday's written answer—Thirty-First List, page 10; admitted question No. 2132. In the statement referred to in reply to clauses (Gha) and (Uma) of unstarred question No. 736, under item 3, it is shown that Shri Mannalal Kedia is in jail whereas under item 2 on the right side it is shown that the same Mannalal Kedia has been released. I wanted a clarification and the Hon'ble Minister for Parliamentary Affairs stated that he would give the answer to-day. I want to know what has happened to this thing.

Mr. Speaker : Hon'ble Minister for Parliamentary Affairs is not here. Mr. Besterwitch, I will request him to inform you about this particular point.

GOVERNMENT BILL

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council.

Shri Smarajit Bandyopadhyay : I beg to move that the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965 as passed by the West Bengal Legislative Council, be taken into consideration.

স্যার এই বিল জয়েন্ট সিলেক্ট কমিটিতে পাশ করবার সময় আমি আমার বক্তব্য মোটামুটি বলেছি। আবার আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেবার জন্য বলছি এর প্রধান প্রধান উদ্দেশ্যগুলি হচ্ছে নির্দিষ্ট পরিমাপের উপরের হিমঘরকে বাধ্যতামূলকভাবে লাইসেন্স নিতে হবে কতকগুলি সর্তসাপেক্ষে, হিমঘরগুলিকে উপযুক্তভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে—স্বাস্থ্য সম্পর্কিত কর্তব্যগুলির সর্ত পালন করতে হবে—পরিদর্শন, ওজন, মান, ইনসিওরেন্স, মাল ফেরত দেওয়া সম্পর্কিত ব্যবস্থা থাকবে, নিয়মমাফিক রসিদ দেওয়া, চুক্তি পত্রের ফরম, মালের ক্ষতি হলে হিমঘর মালিককে দায়ী করা ও ক্ষতিপূরণ দান প্রভৃতি, হিমঘরে মাল রাখা ব্যাপারে সমবায় সমিতি ব্যতীত কোনরূপ বৈষম্যমূলক আচরণ না করা, উপযুক্ত হিসাবরক্ষা, হিসাব পেশ, লাইসেন্সিং অফিসারের আদেশ পালন ইত্যাদি। লাইসেন্সিং অফিসারকে পরিদর্শন করা, নমুনা সংগ্রহ করে পরীক্ষার ব্যবস্থা করা, কোন মাল রাখা বা ফেরত দেওয়ার ব্যবস্থা করা ইত্যাদি ক্ষমতা দেওয়া হয়েছে। আদেশ ভংগের জন্য শাস্তির ব্যবস্থা, বিরোধ মীমাংসা, আপীল এবং মাল রাখলে রসিদের দ্বারা ঋণ পাওয়ার ব্যবস্থা (নিগোসিয়েবেল ইন্‌ষ্ট্রুমেন্ট করে) করা হয়েছে। আমি জানি এই কোল্ড স্টোরেজ বিল সম্পর্কে এই বিধানসভায় এবং বাহিরে জনমতের দাবী আছে। হিমঘরগুলি এখন শৈশব অবস্থায় আছে এর প্রসার আমাদের কাছে কাম্য। কৃষির উন্নতির জন্য, কৃষকের স্বার্থে কৃষি পণ্য রক্ষা ও কৃষক যাতে উপযুক্ত মূল্য পায় এবং অন্যদিকে যাতে পণ্য নষ্ট না হয় তারজন্য এটা নিয়ন্ত্রণ করা দরকার। এই উদ্দেশ্যেই এই বিল আনা হয়েছে। আশাকরি মাননীয় সদস্যগণ বিনা দ্বিধায় এই বিল গ্রহণ করবেন।

Mr. Speaker : Honourable members, there are several motions for circulation from different members on this Bill I find all the motions for circulation are out of order because the Bill has originated in the Council and transmitted to this House. I would, however, request Honourable members to speak generally on the motion for consideration of the Bill.

Shri Monoranjan Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয় এ কোল্ড স্টোরেজ ব্যাপারটা বর্তমান সামাজিক অবস্থায় একটা প্রয়োজনীয় জিনিষ কারণ অনেক জিনিষ আছে যেগুলি অত্যন্ত ক্ষণস্থায়ী। সেগুলিকে যদি আমরা কোল্ড স্টোরেজে রাখতে পারি তাহলে ২।১ দিন সে জিনিষকে ফ্রেস্‌ রাখা যায়। কিন্তু এ বিল যেভাবে আনা হয়েছে তাতে cold storage ব্যাপারটা ব্যবসায়ীদের হাতে সম্পূর্ণরূপে ছেড়ে দিয়ে এবং বড়বড় পুঁজিপতি তারা কোল্ড স্টোরেজ গড়ে তুলুক এটা শুধু সরকারের ইচ্ছা তা নয় তাদের উৎসাহ দেওয়া হচ্ছে, এবং cold storge এর মারফৎ যারা আড়ৎদার তাদের হাতে সমস্ত ব্যবসা ছেড়ে দেওয়া হচ্ছে, তার ফল কি হবে সেটাই বলছি। এখানে একটা জিনিষের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ১৯৬৪ সালে এক বৎসরের মধ্যে West Bengal Finance Corporation যে সমস্ত সংস্থাগুলিকে টাকা দেন তার মধ্যে ৩টা কোল্ড স্টোরেজকে টাকা ধার দিয়েছেন যাতে করে তারা কোল্ড স্টোরেজ গড়ে তুলতে পারে। শ্রীগঙ্গা কোল্‌ড স্টোরেজ ৫ লক্ষ টাকা ধার পেয়েছে W.B.F.C. কাছ থেকে। তাদের মোট ক্যাপিটাল ছিল ১০ লক্ষ এবং সেখানে সবচেয়ে মজার ব্যাপার হচ্ছে এদের বোর্ড অফ ডায়রেক্টার্স সবই অবাঙ্গালী এবং এরা বৃহৎ শ্রেণীর আড়ৎদার। বৈঁচি cold storage-টা কয়েকজন বড়বড় পুঁজিপতি মিলে করেছে ১ লক্ষ ৩১ হাজার Paid up Capital, আর এদের ১ লক্ষ ৩৪ হাজার টাকা W. B. F. Corporation থেকে দেওয়া হল cold storage করার জন্য। এবং পোদ্দার cold storage এতে এরূপ বড়বড় অবাঙ্গালী ব্যবসায়ী আছে তাদের ৩ লক্ষ ৫৫ হাজার টাকা ক্যাপিটাল

তাদের ৩ লক্ষ ৫০ হাজার টাকা Finance Corporation থেকে ধার দেওয়া হল। তারা cold stroage নিয়ে কি করেন সেটা শুনুন। এরা আড়ৎদারদের সংগে যোগসাজসে cold storage কে ব্যবহার করেন যার ফলে জনসাধারণ অর্থাৎ যারা কন্‌জিউমার তারা এর দ্বারা উপকৃত হচ্ছে না বরং তাদের অখাদ্য জিনিষ খাওয়ান হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় যে ফুড সেলার্স ইউনিয়ান আছে তারা ১৯৬১ সালে তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের কাছে গিয়েছিল এজন্য যে cold storage রেখে কিভাবে তারা জিনিষ পচাচ্ছে তাই নয় তারা দেখিয়ে ছিল জনসাধারণের কাছ থেকে কিভাবে তারা তিনগুণ জিনিষের দাম আদায় করছে। শুধু তাই নয় পচা ফল ৬ মাসে বাদে বিক্রি করতে গেলে পুলিস সে ফল বিক্রেতাদের ধরে অর্থাৎ যেন সমস্ত দায় দায়িত্ব সে ফল বিক্রেতাদের উপর। সে সময় মুখ্যমন্ত্রী বলে ছিলেন অন্ততঃ পচা ফলগুলো ১৫ দিনের বেশী থাকা উচিত নয়, এবং রাখতে দেওয়া উচিত নয়।

[2-20—2-30 p. m.]

আমরা এই বিলের কোথাও দেখতে পেলাম না, যে ফল বলুন, কি মাছ বলুন, কিম্বা আলু বলুন, তার কোন জিনিষটা, কতদিন ঐ cold storage-এ রাখতে পারবে। সে রকম কোন উল্লেখ এই আইনের মধ্যে নেই। হয়ত বলবেন regulation-এ আসবে। regulation-এ কি আসবে শেষ পর্যন্ত, তা আমাদের জানা আছে। কারণ পিছন থেকে টিকি ধরে নাড়বে, ঐযে বড় বড় cold storageএর মালিক আর ব্যবসাদার যারা, তারা। কাজেই সেই অনুসারে regulation তৈরী হবে। সেই ধরনের regulation আমাদের এ্যাসেমব্লীর সামনে নিয়ে আসার কোন দরকার নেই। এই বিলের মধ্যে সেই জিনিষটাও নেই,—সেই সময় ফল বিক্রেতারা এই দাবীও রেখেছিলেন সরকারের কাছে ও তদানিন্তন মুখ্যমন্ত্রীর কাছে যে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি এবং আড়ৎদারের প্রতিনিধি ও ফল বিক্রেতাদের প্রতিনিধি, তাদের নিয়ে একটা কমিটি গঠন করা হোক, এবং তাঁরা স্থির করুন কোন ফলটা কতদিন পর্যন্ত cold storageএ রাখা উচিত, বা উচিত নয়। কিন্তু এটা এই বিলের মধ্যে নেই। সরকারের কোন গ্রাহ্যের মধ্যে এটা আজ পর্যন্ত আসেনি। এখানে আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই মাননীয় মন্ত্রী স্মরজিৎ বন্দোপাধ্যায় মহাশয়কে—গত তিন বছর আগে, ফল বিক্রেতারা তাঁর কাছে গিয়েছিলেন এবং আমিও তাঁদের সঙ্গে ছিলাম, তখন তিনি বলেছিলেন—Agricultural Marketing Regulation Act বলে আমি একটা বিল শীঘ্রই আনছি। সেই বিল কোথায়? তিনটা বছর পার হয়ে গেলো, এখনও সেই বিল এলো না। যদি Marketing Billটা না থাকে, তাহলে cold storageএর ভিতর জিনিষ রেখে, বাজারের যে চাহিদা তার সঙ্গে সামঞ্জস্য রেখে, সেই cold storage থেকে জিনিষ বের করে নিয়ে এসে, বাজারে বিক্রয় করাত হবেই না, উপরন্তু যে সমস্ত আড়ৎদাররা আজকে বাজারে সমস্ত নীলামের ব্যাপারে যা ইচ্ছা তাই করছে, তারা এই cold storageএর সুযোগ, সুবিধা আরও বেশী করে নেবে। এই cold storage বিলের মধ্যে, জনসাধারণের সুবিধার জন্য বা কোন জিনিষ পচে যাচ্ছে, কি যাচ্ছে না, তার ব্যবস্থা সম্পর্কে; কোন রকম, কোন কিছু, কোথাও দেখতে পেলাম না। ফলে দাঁড়াবে এই, আমরা যা দেখছি, কমলা লেবু বলুন, কিম্বা আম বলুন, যেটা আমাদের মরসুমী ফল, সেই ফলগুলি যখন আসে, তখন তার শতকরা ৭৫ ভাগ চলে যায় cold storageএ। সেখানে রেখে, প্রথম থেকে দামটা বাড়িয়ে রাখা হয়, এবং ক্রমশঃ সেই ফলের চাহিদা যখন বাড়তে থাকে, তখন cold storage থেকে ফলগুলি আস্তে আস্তে, অল্প অল্প করে ছাড়া হয়, এবং তার দামটাও তার চাহিদার সঙ্গে সঙ্গে বাড়ান হয়। অর্থাৎ জিনিষগুলি অল্প করে ছাড়লো, আর তার দামটা বেশী রাখলো। এর ফলে, শেষ পর্যন্ত দেখা যায় যে বহু ফল পচে যায়, বা অখাদ্য হয়ে যায়, বা স্বাদবিহীন

হয়ে যায়। তখন সেই ফলগুলিকে একটু কম দামে বিক্রয় করলেও, আড়ৎদারদের যথেষ্ট মুনাফা থেকে যায়। এইভাবে, জনসাধারণের ঘাড় ভেঙ্গে, cold storageএর সুবিধা নিয়ে আমাদের এই সমস্ত জিনিষের দামটা বেড়ে যায়। আলুটা ধরুন, agricultural produceএর মধ্যে আমি প্রথমে যেতে চাই। সবচেয়ে মজার জিনিষ হচ্ছে এই যে, আলু যখন বাজারে প্রথম আসতে আরম্ভ করে শীতকালে, তখন আলুর দাম যা থাকে, আর বর্ষাকালে যখন আগে cold storage এর ব্যবস্থা ছিলনা, আলু কম হতো, বা চাহিদা অনুযায়ী কম পাওয়া যেতো বাজারে, তখন যে দাম থাকতো অর্থাৎ এই দুই সময়ের মধ্যে, যে দামের পার্থক্য থাকতো, আজকে সেই পার্থক্য নেই। অর্থাৎ বর্ষাকালে আলুর দাম যা, শীতকালেও আলুর দাম প্রায় তাই। চাহিদা যাই থাক, supplyটাকে restrict করে রেখে, cold storage থেকে এমন ভাবে অল্প অল্প করে আলুটা ছাড়া হয়, এবং যে বছর আলু কম হয়, যেমন এ বছর আলু কম হয়েছে, তখনত কথাই নেই, তাঁরা এইভাবে দামটা ম্যানুপুলেট করেন। কাজেই বাজারের যে চাহিদা, এবং দ্রব্য মূল্যের প্রতি কোন দৃষ্টি এই বিলের কোথাও একটি কথাও নেই। সে বিষয় যে সরকারের কোন চিন্তা আছে, সেটা এই বিলের কোথাও দেখা গেলো না। যদিও আমরা শুনি অনবরত এই কথা যে দ্রব্য মূল্যের price line আমরা hold করবো। সেই দ্রব্যমূল্য বাড়তে না দেওয়ার, এই হচ্ছে তাঁদের নমুনা। এই যে বিল আসছে cold storageএর সেটা আরও দ্রব্য মূল্য বাড়াবে। বিশেষ করে agricultural product এবং মাছ ইত্যাদি জিনিষের দাম বাড়ানর জন্য একটা যন্ত্র হিসাবে এই cold storage ব্যবহৃত হচ্ছে। সুতরাং যাতে এই সমস্ত জিনিষের মূল্য বাড়তে না পারে, তার জন্য আইন করে ব্যবস্থা করা উচিত ছিল। সেই রকম একটি কথা বা ধারা এই cold storage বিলের মধ্যে নেই।

Co-operative এর কথা সরকার বলেছেন। তাঁরা বলছেন যে co-operativeএর মারফৎ যত মাল আসে, সেগুলি যাতে cold storageএ আগে রাখবার সুযোগ পায়, সেদিকে নজর থাকবে। আপনারা যদি সত্যই চান যে কো-অপারেটিভ গড়ে উঠুক cold storageএর ব্যাপারে, তাহলে সেখানে আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে, কো-অপারেটিভের সঙ্গে জড়িত এই সমস্ত মালিকদের টাকা ধার দিয়ে, cold storage না খুলিয়ে নিজেরা দয়া করে অর্থাৎ সরকার কোন cold storage খুলতে পারেন না? তাহলে আপনারা ঐ দ্রব্য মূল্যের ব্যাপারে, সেখানে restrict করতে পারবেন, বা নিয়ন্ত্রণ করতে পারবেন। এবং নিজেরাই দেখতে পারবেন যে বাজারে কোন জিনিষের কত চাহিদা আছে, এবং সেটা পচাবার জন্যে দীর্ঘকাল ধরে যাতে cold storageএ না রাখা হয়, সেটা সরকার নিজেই দেখতে পারবেন, এবং তাহলে আড়ৎদারদের কারসাজি ঐখানে বন্ধ হয়ে যেতো।

কিন্তু সরকার যদি এটা ভালমনে করেন যে পুঁজিপতিদের কিছু টাকা ধার দেব তারা ঐ co-operative খুলবে এবং তারা মুনাফা করবে জনসাধারণের মাথায় কাঁঠাল ভেঙ্গে, আর সরকার শুধু মুখে বলবেন যে আমরা price line hold করছি, তাহলে এই price line hold করার এই হচ্ছে নমুনা। এই বিলে co-operativeএর কথা আছে আমি এ সম্বন্ধে একটু জানতে চাই যে কয়টা co-operative মারফৎ আজ পর্যন্ত co-operative basisএ সত্যিকার এই cold storage গড়ে উঠেছে এবং কয়টা private capital-এর underএ গড়ে উঠেছে যে private capitalকে সরকার টাকা ধার দিচ্ছেন? এ থেকে দেখা যাবে কো-অপারেটিভ মারফৎ cold storage গড়ে তুলবার যে কথা মুখে সরকার বলছেন, আসলে সেদিকে তাদের দৃষ্টি নাই তাহলে জনতার co-oprative cold storage সরকার নিজেই পাশাপাশি গড়ে তুলতেন।

বিলের মধ্যে আর একটা জিনিষ দেখতে পাচ্ছি যে producer সে ও রাখতে পারবে কিন্তু producer তারা কোথায়? চাষী আলু চাষ করে এবং আলু উঠলে বিক্রী করে দিয়েই খালাস তারা। তাই বিক্রী করে তাকে দু কিলো চাল কিনতে হবে ছ টাকা দিয়ে। কাজেই সেই আলু producerএর কাছ থেকে প্রথমে যাবে middlemanএর কাছে যাবে আড়ৎদারদের কাছে। আড়ৎদার সেই জিনিষটা নিয়ে এসে cold storageএ রাখবে। অথচ বিলের মধ্যে producer, producer বলে গালভরা কথা রাখা হয়েছে। তারপর কমলালেবু—এটা কি সরকার জানেন না যে সত্যিকার producer কমলালেবুর কে? যে চাষ করে সে। অথচ এই স্কীম সম্বন্ধে চাষীরা কিছুই জানেন না যে cold storage বলে একটি জিনিষ পৃথিবীতে আছে, তাদের কাছ থেকে আড়ৎদাররা কিনে নিয়ে আসে, সেখান থেকে আসে কলকাতার বড় আড়ৎদারের কাছে সেই বড় আড়ৎদারেরা কমলালেবু cold storageএ রাখে এবং আস্তে আস্তে সুবিধামত বাজারে ছাড়েন। তারপর ধরুন মাছ—মাছ যারা ধরেন তাঁরা নিজেরা মাছ বিক্রী করেন না, তারা নিজেরা নিয়ে এসে cold storageএ রাখেন। কিন্তু producerরা নিজেরা কোন জায়গায় তাদের উৎপন্ন দ্রব্য সামগ্রী cold storageএ রাখছেন না। শেষ পর্যন্ত রাখছেন ঐ আড়ৎদাররা, তাদের পেট মোটা হবে মুনাফা করে, আর এতে চাষীর সর্বনাশ হবে, cold storageএ মাল রেখে দিয়ে তারা ঐ চাষীর কাছ থেকে মালের দাম কমাবার আর একটা যন্ত্র হিসেবে ব্যবহার করবে এটা যেন সরকার মনে রাখেন। তাদের কোন গ্যারাণ্টি নাই আপনারা এমন একটা ব্যবস্থা রাখেননি যাতে চাষীরা বাঁচতে পারে।

তারপর লাইসেন্স ক্যানসেল করবার কথা বলা হয়েছে লোক দেখান। আসলে লাইসেন্সের কোন নির্দিষ্ট আদেশ না মানলে লাইসেন্সিং অফিসার সেই লাইসেন্স cancel করে দিতে আসবেন এরকম কোন কিছু এই বিলের মধ্যে নাই। হয়ত বলবেন regulationএ আসবে। ঐ regulationএ কি আসবে আমি জানি না, কিন্তু সেই রেগুলেশন যে Assemblyর মধ্যে আসবে বিলে সেকথাও নাই। কাজেই License cancel করে দেওয়া হবে ঐটা cold storageএর যিনি মালিক, তার, এই কথাটা গালভরা কথা বটে, কিন্তু আসলে তা কোনদিন কোন ক্ষেত্রে প্রয়োগ হবে না এ বিষয় আমরা নিঃসন্দেহ।

আর একটি কথা তাঁকে বলবো তা হচ্ছে এই cold storageএ যদি কোন কিছু রাখা হয় এবং তাকে যদি এসে বলে licensee যে cold storageএর মালিক যে তোমার জিনিষ নিয়ে যেতে হবে। কারণ আমি বললাম যে এই কারণের জন্য জিনিষটা নষ্ট হয়ে যেতে পারে। আর একটা ধারায় বলেছেন, ১২নং ধারায় বলছেন, জিনিষটা নষ্ট হয়ে যাবে বলে আপনি নীলাম করে দেবেন। নীলাম করে দেবার যে অধিকার তাঁরা cold storageএর মালিকের উপর দিলেন, এতে করে যারা সত্যিকার ব্যবসাদার cold storageএ জিনিস রাখছেন, তাদের উপর একটা চাপ সৃষ্টি করবে cold storageএর মালিক যে, সে। কাজেই জিনিষটা নীলাম করে দেবার প্রশ্নে নয়। আপনারা insure করবার কথা বলেছেন। আপনারা বলেছেন এক্ষুনি নিয়ে যেতে হবে এই নির্দেশ দিতে পারে। তার উপর জিনিষটা নীলাম করে দেবার কথা কেন যে আনলেন সেটা আমি এখন পর্যন্ত বুঝতে পারলাম না।

শেষ কথা একথা বলতে চাই এই ২২ নম্বর ধারায় যে employerকে, cold storageএর মালিক তাকে অভিযুক্ত না করে, যদি আইন ভঙ্গ করে তাহলে তার কর্মচারীকে অভিযুক্ত করবার ফাঁক এর মধ্য দিয়ে রেখে দিচ্ছেন। তারও আইন এইভাবে আছে যে যদি cold storageএর মালিক প্রমাণ করতে পারে যে তার কোন নির্দেশ ব্যতিরেকে নিজের থেকে সেই কর্মচারী খারাপ কাজ করেছে বা আইন ভঙ্গ করেছে, তাহলেও শেষ পর্যন্ত সেই মালিক আইনের

ফাঁক দিয়ে বেরিয়ে যাবে এবং সেই কর্মচারী ধরা পড়বে এবং তাকে আপনি সাজা দেবেন। কারণ আমরা জানি আপনাদের দৌড় কতদূর। সরকার মালিকের বিরুদ্ধে কিছু করবেন না। শেষ পর্য্যন্ত কর্মচারীকে টানাটানি করে দেখাবেন যে দেখো এত লোককে আমরা গ্রেপ্তার করেছি cold storage আইন ভঙ্গ করবার জন্য। দেখো সরকার কত ভাল। কাজেই আমি বলবো এই সমস্ত দিক দিয়ে জনসাধারণের স্বার্থের প্রতি একবিন্দুও দৃষ্টি এই আইনে দেওয়া হয় নাই। এই আইনের মধ্য দিয়ে কৃষিজাত দ্রব্যের দাম বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। এই আইনের দ্বারা ব্যবসাদার ও আড়তদারদের এবং অসাধু মুনাফাখোরদের একটা সুযোগ করে দেওয়া হয়েছে। এই আইনের দ্বারা নিত্য প্রয়োজনীয় জিনিষ যেমন আলু থেকে আরম্ভ করে মাছ, তরিতরকারী, ফলফুল ইত্যাদির দাম বাড়াবার একটি ব্যবস্থা আপনারা করে রাখছেন। এই কথা কয়টি বলে এ বিলের আমি তীব্র প্রতিবাদ ও বিরোধিতা করছি।

[2-30—2-40 p. m.]

Shri Apurba Lal Majumdar: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেংগল কোল্ড ষ্টোরেজ (লাইসেন্সিং এ্যাণ্ড রেগুলেশান) বিল, ১৯৬৫ এই বিলটা দীর্ঘদিন ধরে যে অসুবিধা পশ্চিমবংগে ছিল এবং হিমঘরের মালিকরা যেভাবে প্রডিউসারদের এক্সপ্লয়েট করে চলেছে তা বন্ধ করবার জন্য অনেকদিন ধরে পশ্চিমবংগের সাধারণ লোকের দাবী এই বিল সম্বন্ধে সেটা আজ বিধানসভায় উত্থাপন করা হয়েছে। কিন্তু এই বিলের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে সাধারণভাবে কয়েকটা নিয়ন্ত্রণের সুত্র ছাড়া আর বিশেষ কোন উপকারে প্রডিউসারের লাগবে বলে আমার বিশ্বাস হয় না। কনজুমার এবং প্রডিউসাররা এই বিলের সুযোগ নিয়ে উপকৃত হবে এটাই আমরা আশা করেছিলাম। হিমঘর সৃষ্টি হবার পর এক শ্রেণীর ব্যবসায়ীরা হিমঘর এমন ভাবে চালাচ্ছে যার দ্বারা আমরা দেখছি আমাদের দেশের যারা প্রডিউসার তারা উপকৃত হচ্ছে না। যারা হিমঘরের মালিক কতকগুলি বড় বড় ব্যবসায়ী এবং কতকগুলি মিডিল ম্যান তারাই লাভবান হচ্ছেন। পশ্চিমবংগে প্রায় ১১৬টি হিমঘর আছে তার মধ্যে দুই একটি মাত্র কোঅপারেটিভ সোসাইট্রির আর বাদবাকী সবই ব্যক্তিগত মালিকানায় নিবদ্ধ। এবং এই সমস্ত হিমঘরের মালিক এবং পুঁজিপতি তারা স্বনামে এবং বেনামে হিমঘর চালিয়ে প্রচুর মুনাফা লাভ করছে। এই মুনাফাকে চেক বা বাধা দেবার আজ পর্যন্ত আমাদের সরকার কোন চেষ্টা করেননি। এবং আমি মনে করি শেষ পর্যন্ত এই আইনে নিয়ে এসেছেন এবং এর দ্বারা পশ্চিমবংগের উৎপাদক এবং সাধারণ ক্রেতার কোন সুবিধা বা উপকার হবে বলে মনে হচ্ছে না। আজকে হিমঘরের তৈরীর ব্যাপারে বহু বড় বড় অবাংগালী ব্যবসায়ী ফিনান্স করপোরেশান থেকে ধার নিয়ে তারা হিমঘর প্রতিষ্টা করে বহু মুনাফা লুটছেন। বিশেষ করে হাওড়া, হুগলী, বর্দ্ধমান, ২৪ পরগনা, ইত্যাদি জায়গায় হিমঘর করে আলু এবং অন্যান্য কৃষিজাত পন্য হিমঘরে রেখে এই শ্রেণীর পুঁজিপতিরা প্রচুর মুনাফা লাভ করছে। সেজন্য আমরা আশা করেছিলাম এই আইনের মাধ্যমে কতকগুলি বিষয় সুস্পষ্ট ভাবে রাখা হবে। যার মধ্যে দিয়ে সাধারণ প্রডিউসার এবং ক্রেতা সাধারণ লাভবান হবেন। আমি একটা একটা করে পয়েন্ট এখানে উত্থাপন করছি। আমার প্রথম পয়েন্ট হচ্ছে যেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিলে কোথাও এই কথা রাখা নাই যে কত দর চার্জ করবে কত কোয়ানটিটি অব প্রডিউস রাখতে পারবে। যদি একমন আলু রাখি তাহলে দর কত নেবে। এই বিলের মধ্যে কোথাও মাননীয় মন্ত্রিমহাশয় ঠিক করে দেননি কি রেটে চার্জ করতে পারবে। কিন্তু এখানে দেখছি সেগুলি বিলের মধ্যে তিনি সংযোজিত করেননি এবং এটা না করার ফলে অবস্থা কি দাঁড়াবে? পশ্চিমবংগে যে হিমঘরগুলি রয়েছে আমরা জানি সেই হিমঘরগুলি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যে হিমঘরগুলি ভাড়া আদায় করছে তার তুলনায়

পশ্চিমবংগে অনেক বেশী ভাড়া আদায় করে। বাইরের অন্যান্য হিমঘরগুলিতে এক মণ আলু রাখলে যেখানে ২॥ টাকা, ৩ টাকার মত চার্জ করা হয় সে জায়গায় বাংলা দেশের হিমঘরগুলি ৫ টাকা, ৬ টাকা, ডবল রেটে চার্জ করে মুনাফা লুটে নিচ্ছে এবং সমস্ত কোল্ড ষ্টোরেজগুলির ভাড়ার হার যাতে একই রকম সমপর্যায়ভুক্ত করা যায় তারজন্য আইনে কোন ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। কাজেই রাজ্যের বিভিন্ন হিমঘরগুলিতে যে ভাড়া চার্জ করা হচ্ছে সেই ভাড়ার পরিমাণ যদি হ্রাস করে দেওয়া না হয়, সমস্ত হিমঘরগুলির ভাড়ার মধ্যে যদি সমতা এনে না দেওয়া যায় তাহলে ব্যবসাদারদের এক্সপ্লয়টেশন চলতে থাকবে পুরো মাত্রায়। দুঃখের কথা, যে সেকসন করা হচ্ছে তার মধ্যে ভাড়া হ্রাসের কথা, কি পরিমাণ রেটে ভাড়া আদায় করবেন, কি কোয়নটিটি অব প্রডাক্ট হিমঘরে রাখতে পারবে সে সম্পর্কে আইন সম্পূর্ণ নীরব। আমরা দেখছি কো-অপারেটিভ সোসাইটির পরিচালনায় যে দুটি হিমঘর পশ্চিমবংগে আছে তাঁরা একরকম রেট চার্জ করছেন, গভর্নমেন্টের যে একটা হিমঘর আছে সেখানে আর এক রকম রেট চার্জ করা হচ্ছে এবং আদার যে প্রাইভেট সেকটারে শতকরা ৯৯টি হিমঘর আছে তারা আর একরকম রেট চার্জ করছে। কাজেই এই সমতা বিধান এবং ভাড়া হ্রাস করা যে অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল এই হিমঘর কন্ট্রোল আইনে সেদিক থেকে সম্পূর্ণভাবে সরকার ব্যর্থ হয়েছেন এবং আমাদের দেশের মুনাফা শীকারীদের হাতে যারা প্রডিউসার, কনজিউমার, তাদের যে ইনটারেষ্ট সেটা খোরাকী হিসাবে তুলে দিয়েছেন মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য। ২নং আপনার দৃষ্টি আকর্ষণ করে একথা বলছি এই যে ১২৬টি হিমঘর বর্তমানে পশ্চিমবঙ্গে আছে তার মধ্যে ১১৩ টাই আমাদের দেশের পুঁজিপতি শ্রেণী সম্পূর্ণভাবে কন্ট্রোল করছে এবং অধিকাংশই আমাদের ফিনান্সিয়াল কর্পোরেশনের টাকা নিয়ে এই ব্যবসায় খাটিয়ে তারা প্রভূত পরিমাণে মুনাফার অঙ্ক বাড়িয়ে চলেছে। হিমঘর কিসের জন্য প্রয়োজন? হিমঘর এই জন্য প্রয়োজন যে একজন প্রডিউসার যদি সারপ্লাস, যথেষ্ট পরিমাণে খাদ্যশস্য উৎপাদন করে বা আলু উৎপাদন করে, বা ফলমূল উৎপাদন করে তাহলে সে যাতে মার্কেটে খানিকটা বেশী দর পেতে পারে তারজন্য ফলমূলগুলি প্রিজার্ভ করে রাখার জন্য এবং সে যাতে ন্যায্য মূল্য পেতে পারে তার ব্যবস্থা করার জন্যই হিমঘরের প্রয়োজন। অন্য দিকে আমাদের কনজিউমারদের যাতে ন্যায্য মূল্যে মালটা সরবরাহ করা যায় এইজন্য বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করে আমরা একটা সমতা রাখতে চাই, কনজিউমার্স এবং প্রডিউসারদের মধ্যে একটা রিলেশন এষ্ট্যাবলিস করতে চাই এই হিমঘরের মধ্যে দিয়ে। কিন্তু হিমঘর কন্ট্রোল আইন যেভাবে মন্ত্রিমহাশয় আমাদের সামনে এনেছেন তাতে আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই যে এই হিমঘরের মালিকরা দীর্ঘ ৮।১০ বছর ধরে যে এক্সপ্লয়টেশন করছে সেটাকে বন্ধ করার চেষ্টা হয়নি। আমি এই কথা বলতে চাই যে প্রাইভেট সেকটারে যদি হিমঘর করতে দেন তাহলে যেমন ইচ্ছা এক্সপ্লয়টেশনের সুযোগ আমরা তাদের দেবো। সেইজন্য আমরা বলছি কো-অপারেটিভ সোসাইটিকে উদ্বুদ্ধ করুন, কো-অপারেটিভ বেসিসে বিভিন্ন জায়গায় হিমঘর গড়ে তুলুন কিম্বা গভর্নমেন্ট ষ্টেট সেকটারে হিমঘর তৈরী করুন। কেননা প্রাইভেট সেকটরকে দিনের পর দিন জিইয়ে রাখার জন্য আজকে ৯৯ পার্সেন্ট হিমঘর মুনাফাবাজীদের দখলে রয়েছে। মাননীয় স্পীকার মহাশয় আপনি শুনলে আশ্চর্য হবেন হাওড়াতে এক একটা প্রতিষ্টান বা শিল্পগোষ্ঠীর হাতে ৫।৬ টা বা ৮টা করে হিমঘর রয়েছে এবং পশ্চিমবঙ্গে যত হিমঘর রয়েছে সেই হিমঘরের মালিকরা এ্যাসোসিয়েশন তৈরী করেছে এবং সেই এ্যাসোসিয়েশন কৃত্রিম অভাব সৃষ্টি করে মার্কেটে জিনিষের দাম বাড়িয়ে দিয়ে প্রচুর মুনাফা লুঠছে, ফলে একদিকে প্রডিউসাররা বঞ্চিত হচ্ছে আর একদিকে কনসিউমাররা বঞ্চিত হচ্ছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এই বৈজ্ঞানিক পদ্ধতিতে হিমঘরের সুযোগ নিয়ে আমাদের দেশের আনসক্রুপুলাস মজুতদাররা, অসৎ ব্যবসায়ীরা যাতে অতিরিক্ত মুনাফা লুঠতে না পারে সেজন্য তাদের হাত থেকে হিমঘরের কন্ট্রোলটা ছিনিয়ে এনে ষ্টেট কন্ট্রোলে আনা উচিত ছিল। এবং কো-অপারেটিভ সোসাইটির

মাধ্যমেই হোক আর ষ্টেট ওনারসিপের মাধ্যমেই হোক এই হিমঘরগুলি এমন বৈজ্ঞানিক পদ্ধতিতে করা উচিত ছিল যাতে কোন রকম ভাবে আমাদের দেশের প্রডিউসার এবং কনজিউমারদের মাঝখানে দালালি করার যে সুযোগ, এক্সপ্লয়েট করার যে সুযোগ এই দীর্ঘ ৮।১০ বছর ধরে নিচ্ছিল সেই সুযোগ থেকে বঞ্চিত করার জন্য এই আইনে প্রভিশন করা উচিত ছিল। কিন্তু এদিক থেকে আইন সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে এবং সেই প্রডিউসকে প্রাইভেট সেকটারে নিয়ে এসে লাইসেন্স দিয়ে হিমঘর করার যে অবাধ সুযোগ এই আইন করে দিয়েছে এই নীতির বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানাচ্ছি। এর পরে আর একটি বিষয়, যেটা তিন নম্বর ক্লজে আছে, সে সম্বন্ধে বলতে চাই। সেই বিষয়টা হল এই যে হিমঘরের মধ্যে যে সমস্ত প্রডিউষ্ট আর্টিকেল রাখা হবে, সে আলুই হোক, ফলমূলই হোক, আর মাছই হোক, হিমঘরের মালিকদের যে এ্যাসোসিয়েশন আছে সেই এ্যাসোসিয়েশন বহু সময়ে কৃত্রিম অভাব সৃষ্টি করে মার্কেটের সুযোগ বুঝে মাল ছেড়ে মুনাফা লুঠে নেয়, আবার বাজারের অবস্থা বুঝে মাল মজুত রেখে দিয়ে বাজারে কৃত্রিক অভাব সৃষ্টি করে, নিজেদের ইচ্ছা মত বাজারে দর উঠানামার ব্যবস্থা করে বেশী মুনাফা লোটার চেষ্টা করে। সেটা চেক করার কোন প্রভিসন আমাদের এই আইনের মধ্যে নেই। সেজন্য এর বিরুদ্ধে যদি কোন ব্যবস্থা না থাকে যে মাল কখন বাজারে ছাড়তে পারবে, কতদিন পর্যন্ত হিমঘরে রাখতে পারবে, এর যদি কোন বিধান না থাকে তাহলে এই কৃত্রিম অভাব তারা তৈরী করবেই এবং এই কৃত্রিম অভাব তৈরী করে প্রচুর পরিমাণে মুনাফা লুঠবেই।

[2-40—2-50 p. m.]

সেখানে আঘাত করা উচিত ছিল। আইনের মধ্যে প্রভিসন রাখা উচিত ছিল যে, যে এত দিনের বেশী রাখতে পারবে না বা গভর্নমেন্ট অর্ডার দেবার সংগে সংগেই বাজারে মাল ছেড়ে দিতে বাধ্য হবে। এই প্রভিশন যতক্ষণ না থাকবে ততক্ষণ পর্যন্ত বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে বাজারে দর তুলে দিয়ে অতিরিক্ত মুনাফা সাধারণ মানুষের কাছ থেকে আদায় করে নেবে সেই ব্যবস্থা এই আইনের মধ্যে পুরাপুরি রয়েছে, তার প্রতিবিধান করার ব্যবস্থা নেই এটা অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা। আমরা এও জানি যে পশ্চিমবংগে কনজিউমার্স মার্কেটিং সোসাইটি বলে কিছু নেই যা পাঞ্জাবে খানিকটা রয়েছে। কাজেই দর ওঠানামার ব্যাপারে হিমঘর থেকে মাল ছেড়ে দেবার ব্যাপারে প্রভিসন করা উচিত ছিল যে এতদিনের বেশী তারা মাল ধরে রাখতে পারবে না, লাইসেন্সিং অফিসার বা গভর্নমেন্ট নির্দেশ দিলেই মাল বাজারে ছেড়ে দিতে হবে। এ ব্যবস্থা কিন্তু আইনের মধ্যে নেই। এই আইনের মাধ্যমে আর একটা অতিরিক্ত ক্ষমতা লাইসেন্সিকে দিয়ে দেওয়া হচ্ছে সেটা হচ্ছে সেকশন ১২তে। সেকশন ১২ এই কথা বলছে যে যদি দেখা যায় যে কোন সময় মাল ডিটোরিয়েট করছে—হিমঘরে নানা কারণে মাল ডিটোরিয়েট করতে পারে, হয়ত ইলেকট্রিক সাপ্লাই ফেল করেছে তাপাংকের মাত্রা উঠানামা করার জন্য হয়ত মাল ডিটোরিয়েট করলো বা হয়ত হিমঘরের ভিত কাঁচা থাকার জন্য, অধিকাংশ হিমঘরের মালিক সায়েন্টিফিক ওয়েতে যে কাউণ্ডেশন করা উচিত তা না করার জন্য মাল ডিটোরিয়েট করলো এবং ডিটোরিয়েট যদি করে যায় তাহলে লাইসেন্সি ডিটোরিয়েট করার সংগে সংগে একটা করে নোটিশ দেবেন লাইসেন্সিং অফিসারকে আর একটা নোটিশ দেবে প্রডিউসারকে যে তোমার মাল খারাপ হয়ে যাচ্ছে এবং তুমি যদি ডেলিভারি না নিয়ে যাও তাহলে আমি নিলামে বিক্রি করে দেবো। মাননীয় চেয়ারম্যান মহাশয়, অত্যন্ত দুঃখের সংগে বলতে চাই, আইনে বলা হচ্ছে যে রিজিনেবেল টাইম দিয়ে দেবে, হোয়াট ইজ দি রিজিনেবেল টাইম? সাব ক্লজ ২ অব সেকসন ১২ বলছে যে রিজিনেবেল টাইম দিয়ে নোটিশ দিয়ে দেবে। কোন হিমঘরের মালিক জানিয়ে দিলো যে তোমার মাল নষ্ট হয়ে যাচ্ছে, তুমি নিয়ে যাও, নোটিশ হয়ত ঠিকমত তার কাছে পৌছাল না অথচ তিনি মালটা নিলামে বিক্রি করে দিলেন এবং নিলামের যে কষ্ট হল তা বাদ দিয়ে তারপরে তার টাকা তাকে হ্যাণ্ড ওভার করে দিলো।

এখানে কোন চেকিং অথরিটি নেই। এখানে দেখলাম যিনি লাইসেন্সি তিনি সর্বময় কর্তা—তিনি ইচ্ছা করলে নোটিশ দিয়ে যখন ইচ্ছা তখন সার্টিফাই করবেন। এই যে ডিটোরিয়েটিং কজ—এতে লাইসেন্সির কোন দায়িত্ব এর মধ্যে নেই—বিঅণ্ড হিজ কন্ট্রোল। কাজেই এই ব্যাপারে কোন অথরিটি নেই—লাইসেন্সি যদি চিন্তা করে দেখেন যে এটা বিঅণ্ড মাই কন্ট্রোল তাহলে সেকসন ১২-এ নোটিশ দিয়ে মাল সংগে সংগে বিক্রি করে দিতে পারবেন সেই অধিকার তাকে দেওয়া হয়েছে। এই অধিকার তাঁকে কোন মতে দেওয়া চলতে পারে না। তাছাড়া দেখেছি আজকাল বিভিন্ন আইনে এই ব্যবস্থা করা আছে যে অপরাধী যারা হবে তাদের ক্ষেত্রে অপরাধী বিচার করতে গেলে এমপ্লয়ীকে মূলত দায়ী করা হয়েছে—কিন্তু যিনি ওনার প্রপ্রাইটার ঐ কোল্ড স্টোরেজের তাকে একটা সেল্টার দেবার ব্যবস্থা এই আইনে করা হয়েছে। সে যদি ডিফেন্ট নেয় যে আমি ওকে অর্ডার করি নি বা আমি জানতাম না তাহলে ডাইরেক্টার বা ম্যানেজার বা সেক্রেটারীকে বাঁচাবার সুযোগ দেওয়া হয়েছে। সেটা অত্যন্ত অন্যায় বলে আমি মনে করি। আজকে সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত লেবার লেজিসলেশন বা অন্যান্য ফিস মার্কেটিং-এ সেখানে মূলত প্রপ্রাইটার বা ডাইরেক্টার অপরাধী। এখানে ডিফেন্স প্লি নেবার সুযোগ তারা করে দিয়েছেন যে আমি জানতাম না এই অবস্থা। তাহলে অধিকাংশ সময়ে তারা এমপ্লয়ীকে খাড়া করে দিয়ে বলবেন যে আমি নিজে করেছি মালিক জানে না এটা অত্যন্ত অন্যায় বলে আমি মনে করি। তাছাড়া বিলের কাঠামোর বাইরে বিরাট ষ্ট্যাটুটারি পাওয়ার দেওয়া হয়েছে—কিন্তু দুঃখের সংগে বলতে হয় যে সেই ষ্ট্যাটুটগুলি কি হবে না হবে তা বিধানসভার সদস্যদের জানবার কোন অধিকার নেই। অন্যান্য আইনে আমরা জানি মোটর ভিহিকেলস রুলে আমরা দেখি যে সেই রুলগুলি আমাদের এই হাউসের সামনে প্রথমে উত্থাপন করা হয় তার উপর আমরা এমেণ্ডমেন্ট করতে পারি—কিন্তু এখানে প্রেসক্রাইবড অথরিটি যে রুল করে দেবেন সেই রুলের বাইরে কিছু হলে সেই রুল সম্বন্ধে আমাদের বলবার কিছু আছে কিনা—সেগুলি কনজিমারদের ইন্টারেষ্টের এগেনষ্টে যাচ্ছে কিনা—আমরা লাইসেন্সিদের হাতের ক্রীড়নক হয়ে যাচ্ছি কিনা সেগুলি দেখবার অধিকার আমাদের বিধানসভার কোন সদস্যের থাকবে না এবং সেগুলি বিধানসভায় উত্থাপন করা হবে না—এটা অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা বলে আমি মনে করি। কাজেই আমি বলবো এই রকম একটা ভাইটাল জিনিসকে রুলের নাম করে বাইরে ফেলে না রেখে এগুলি আমাদের এখানে প্লেস করা দরকার এবং প্লেস করে তার উপর আমাদের বক্তব্য রাখবার সুযোগ থাকা দরকার। মোটকথা এই আইনের মাধ্যমে আমরা যে আশা করেছিলাম যে পশ্চিম বাংলার মজুতদার শ্রেণীর, হিমঘরের মালিক যারা নিজেরা ব্যবসা করছে তাদের হাত ভেঙ্গে দিয়ে আমরা প্রডিউসার এবং কনজিউমারদের রিলিফ দেবো—কিন্তু আমরা দেখছি যে এই আইনের মধ্যে তাদের শক্তিকে খর্ব করার কোন চেষ্টা হয় নি। বরং উল্টে আমরা তাদের বেআইনী কারবারকে লাইসেন্স করে দিচ্ছি—তাদের বেআইনী এক্সপ্লয়টেসনকে শীলমোহর করে দিচ্ছি—সেইজন্য দীর্ঘ দিনের কনজিউমার এবং প্রডিউসারদের যে ক্ষোভ সে ক্ষোভ আজও থেকে যাচ্ছে। সুতরাং আমি বলবো এই আইনের মুখোস পরিয়ে এই সরকার জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন এবং এই বিভ্রান্তির মধ্য দিয়ে আড়তদার পুঁজিবাদী যারা লক্ষ লক্ষ টাকা মুনাফা করছে তাদের পরোক্ষভাবে সমর্থন করছেন। কাজেই এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Manoranjan Roy : মিঃ চেয়ারম্যান স্যার, ইণ্ডিয়ান সাইকেল কারখানা গত আগষ্ট মাস থেকে বন্ধ হয়ে আছে। এবং তারা আগষ্ট মাসে যে কয়েকদিনের চাকুরী তারা করেছিলেন তাদের বেতন মালিক এখনও পর্যন্ত দেয়নি—প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা, ই, এস, আই-এর টাকা জমা দেন নি। এই এসেম্বলীর কিছু দূরে তাদের সমস্ত শ্রমিকরা ডিমনষ্ট্রেশন করে এসেছে এবং তারা এবং তারা একটা মেমোরেণ্ডাম নিয়ে এসেছে। তার বর্তমান মালিক হচ্ছে শ্রীরনদেব চৌধুরী ব্যারেষ্টার। এই কারখানাটা আগে ছিল গুপ্তদের—তাদের হাত থেকে তিনি

নেন এবং তিনি সেটা চালাতে না পেরে বন্ধ করে রাখেন। এই কারখানাটা অনায়াসে সরকার নিজের হাতে তুলে নিতে পারেন কারণ এখানে অনেক স্কীলড্ ওয়ার্কার আছেন এবং অনেক ভালভাল মেসিন আছে। গত মহাযুদ্ধের সময় এই কারখানাটা ওয়ারের অনেক জিনিস তৈরী করেছে এবং আমি শুনলাম যে সেখানে সেলও তৈরী হয়েছে।

Mr. Chairman : আপনি মেমোরেণ্ডামটা লেবার মিনিষ্টারকে দিয়ে দিন।

Shri Manoranjan Roy : হাঁা, আমি দিচ্ছি—কিন্তু আমি বলতে চাই যে এখানে ওয়ার প্রডাক্ট হতে পারে ডিফেন্সের জন্য—কারণ এখানে বহু মেসিন আছে। সবশুদ্ধ নিয়ে যদি সরকার এটা পরিচালনা করেন তাহলে এতগুলো স্কীলড্ ওয়ার্কার বেঁচে যায় এবং তার সংগে সংগে দেশের উৎপাদন বৃদ্ধি হতে পারে। এটাকে কো-অপারেটিভ করে নিতে শ্রমিকরা রাজী আছেন এবং তাঁরা দরখাস্তও দিয়েছে। কাজেই হয় কো-অপারেটিভ মারফৎ এটা শ্রমিকদের ব্যবস্থা করে দেওয়া হোক—অথবা সরকার এটা নিজের হাতে নিয়ে পরিচালনা করুন।

Shri Jagannath Koley : স্যার, এটা আরম্ভ করার আগে মিঃ বেষ্টার উইচ যে প্রশ্ন করেছিলেন—মান্নালাল কেডিয়া দু জন আছেন—একজন ছাড়া পেয়েছেন তার নাম মান্না লাল কেডিয়া এবং একজন জেলে আছেন তাঁর নামও মান্নালাল কেডিয়া। দুজনের নামই মান্নালাল কেডিয়া। যিনি জেলে আছেন মান্নালাল কেডিয়া তাঁর বাবার নাম শ্রীলাল কেডিয়া বরাকরের—আর একজন মান্নালাল কেডিয়া, তাঁর বাবার নাম বেনারসীলাল কেডিয়া—তিনি আসানসোলে থাকেন। এই দুইজনেই ভিন্ন বক্তি।

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the Council

[2-50—3 p. m.]

Shri Aswini Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল কোলড্ষ্টোরেজ (লাইসেন্সিং এণ্ড রেগুলেসন) বিলের যে খসড়াটা ১৯৬৫ সালে উত্থাপিত হয়েছিল সেই খসড়া বিলে কতকগুলি ভাল উদ্দেশ্য ছিল। প্রথম উদ্দেশ্য ছিল যে ব্যবহার্য যে আলু এবং অন্যান্য কৃষিজাত দ্রব্য তার সংরক্ষণ এবং বাজারের মূল্য সমতাটা রক্ষা করা। ২নং ছিল বর্তমান বৈজ্ঞানিক এবং যান্ত্রিক উন্নয়নের ফলে এই হিমভাণ্ডার তৈরীর ক্ষেত্রে যে সুবিধাগুলি হয়েছে সেই সুবিধাগুলি অসৎ উপায়ে এবং অস্বাস্থ্যকর অভ্যাসে কয়েকজন মুষ্টিমেয় ব্যবসায়ীরা গ্রহণ করে সমস্ত সুযোগগুলি নিয়ে নিচ্ছে, কাজেই সেই সুযোগগুলি এই বিলের মারফৎ সংকোচন বা দূরীকরণ করা। ৩নং ছিল সমবায় সমিতিগুলিকে অগ্রাধিকার দেওয়া। ৪নং যেটা সবচেয়ে ইমপর্টেন্ট কৃষির উৎপাদন ক্ষেত্রে বা আমাদের দেশে যখন খাদ্যের উদ্পাদন এখনও কম রয়েছে সেই উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে যাঁরা উৎপাদক যাঁরা কৃষক অধিকতর বেশী মূল্য তাঁরা যাতে পান সেই রকমভাবে একটা ব্যবস্থাপনা বিলে থাকবে। আর একটা ছিল শাস্তি বিধান। এই চার পাঁচটি উদ্দেশ্য মোটামুটি এই বিলে ছিল এবং আমরা তখন বলেছিলাম যে বিলটির উদ্দেশ্য ভাল এবং এই উদ্দেশ্যকে যাতে সফল করা যায় সেইজন্য এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল। আমি সিলেক্ট কমিটির একজন সদস্য ছিলাম এবং আমি আমার নোট অব ডিসেন্ট এই বিলের মধ্যে দিয়েছি। তা সত্বেও এই বিলের কনসিডারেশনের সময় কিছু কথা বলছি। কিছুটা উন্নতি জয়েন্ট সিলেক্ট কমিটি করেছে। সেদিক থেকে এই লাইসেন্স রিনিউয়্যাল ফির ক্ষেত্রে ১০০ টাকার জায়গায় ২০০ টাকা করা হয়েছে। তারপরে হিমভাণ্ডারে যে সমস্ত জিনিষগুলি থাকবে সেগুলি বাধ্যতামূলকভাবে ইনসিওর করা। এবং আজ পর্যন্ত আমাদের বাংলাদেশে কোন হিমভাণ্ডারে কি পরিমাণ আলু আছে সেটা জানা যায় নি। যা হোক জয়েন্ট

সিলেক্ট কমিটি এটা ঠিক করেছেন যে তিন মাস অন্তত রিটার্ণ দিতে হবে এটা ভাল কথা। এ খসড়া বিলে ছিল ইনস্পেকশন কি দিতে হবে। সেটাকে জয়েন্ট সিলেকট কমিটি মোটামুটিভাবে বাতিল করেছেন এবং আরও কয়েকটি ছোটখাট সংশোধন করেছে। সেই রেকমেণ্ডেড বিল যেটা সুপারিশসহ উত্থাপিত হয়েছে সেটা যদি কার্যকরী করা হয় তাহলে যে উদ্দেশ্যে বিলটি আনা হয়েছিল সেই উদ্দেশ্যটা কি সফল হবে?

এখানে আমার সংশয় আছে কারণ বর্ত্তমান অবস্থায় ১১৮, ১১৯টা হিমভাণ্ডার পঃ বঃ রয়েছে। সে ১১৮।১১৯টার মধ্যে মাত্র ২টা সমবায়ের ক্ষেত্রে এবং ২টা রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে আছে। এই অনুমানিক হিসাব যদি করা যায় তাহলে এই যে ৪টা হিমভাণ্ডার এতে শতকরা ৪ ভাগের বেশী কোন জিনিষ রাখা যায় না। তাহলে বাকি যে ৯৬ ভাগ কৃষক উৎপাদন করছে তারা ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হিমভাণ্ডারের সাহায্য নেয়। এই ব্যক্তিগত মালিকানায় পরিচালিত যে সমস্ত হিমঘর রয়েছে তারা কৃষকদের দাদন দেয় এবং দাদন দিয়ে সস্তাদামে কিনে নিয়ে হিমঘরে রাখে। এই স্বল্প দাম কি মাননায় সদস্যরা সকলেই এটা জানেন। আলু যখন ওঠে— আমি আলুর কথা বলছি এ জন্য যে অধিকাংশ হিমঘরই আলু গুদামজাত করে সে আলু যখন কৃষকরা মাঠ থেকে তোলে তখন তার দাম থাকে ১০।১৫ টাকা এবং আবার যখন সিম পিরিয়াড হয় ২।৪ মাস যায় তখন আলুর দাম ধীরে ধীরে বাড়তে আরম্ভ করে এবং আলুর দাম ৩৫ টাকা পর্য্যন্ত মণ ওঠে, এবার ৪৫ টাকা পর্যন্ত হয়েছে। কৃষকরা ১৫ টাকায় বিক্রি করছে এবং ৩৫৲ / ৪৫৲ টাকায় সাধারণ কনজিউমাররা কিনছে। মাঝখানে এই যে ব্যবধান এটা বিলোপ করা একটা উদ্দেশ্য ছিল এ বিলের কিন্তু এ বিলের দ্বারা সেই ব্যবধান দূর করা সম্ভব নয়। তাহলে যে ডিসট্রেস সেল পড়ে সে ডিসট্রেস সেল বন্ধ করা যাবে না। সেজন্য বাজারে মূল্য সমতা এবং কৃষকদের নায্য মূল্য দেওয়া এই বিল কার্য্যকরী হলেও সেটা করা যাবে না। এর কারণ কি? জয়েন্ট সিলেক্ট কমিটি এটা করতে পারলো না কেন? কারণ খসড়া বিলের যে উদ্দেশ্য ছিল যে লক্ষ্যের মধে এটা ছিল না। ব্যক্তিগত মালিকানা Black money নিয়োগ করে তার সঙ্গে Finance Corporationএর টাকা এ দুটা মিলিয়ে হিমঘরগুলি ব্যাঙের ছাতার মত গজিয়ে উঠেছে। এবং লক্ষ লক্ষ টাকা লাভ করছে। সেদিক থেকে এ হিমঘরগুলিকে সংকুচিত করে রাষ্ট্রায়ত্ব বা সমবায়ের ক্ষেত্রে হিমঘর প্রতিষ্ঠা করার লক্ষ মূল বিলে ছিল না। আপনারা সকলে জানেন আমাদের Planningএর যে ডায়রেকটিভ principle রয়েছে তাতে মূল শিল্পের ক্ষেত্রে যেটা রয়েছে যে মূল শিল্পগুলিকে ধীরে ধীরে রাস্ট্রায়ত্ব করতে হবে। প্রথমতঃ মূল শিল্প ইস্পাত ইত্যাদিগুলি যাতে গড়ে উঠে সেজন্য Planning Commissionএর ডায়রেকটিভ আছে এখানে সে ধরণের ডায়রেকটিভ না থাকার জন্য Black moneyর টাকায় হিমঘর রাখা হল এবং যার ফলে রাষ্ট্রায়ত্বের ক্ষেত্রে এর বিস্তৃতির কোন সম্ভাবনা নেই। সেজন্য মূল লক্ষ্য না রাখার ফলে যুক্ত নির্বাচন কমিটি তাদের সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে কাজ করার ফলে তারা এসব কাজ করতে পারেন নি। আরো কতকগুলি Joint Select Committee করতে পারতেন সেগুলি কিনা ছোট উৎপাদকদের ডিসট্রেস সেল বন্ধ করবার জন্য। অন্ততঃ পক্ষে যে সব হিমঘর নিজেরা উৎপাদক নয়, non-producer যারা তারা নিজেদের নামে নির্দিষ্ট পরিমাণ জিনিষ রাখবার যদি বিধিনিষেধ থাকতো তাহলে কৃষককের ডিসট্রেস সেল করতে হত না।

[3—3-10 p. m.]

২নং distress sale সম্পর্কে যেটা বলা হয়েছে সেখানে নিয়ন্ত্রণ আইন নেই, regulation থাকবে। ৩নং হচ্ছে রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে বিস্তৃতি এবং ব্যক্তিগত মালিকানার এই যে ব্যবধান রয়েছে সে সম্বন্ধে যদি বিলে প্রথম থেকে এটা থাকতো যে বর্ত্তমানে যে কোল্ড ষ্টোরেজ

রয়েছে সেগুলি ধীরে ধীরে নিয়ে নেওয়া এবং ভবিষ্যতে যা হবে সে অঞ্চলের চাহিদা অনুযায়ী সমবায়ের ক্ষেত্রে রাষ্ট্রায়ত্বের ক্ষেত্রে গড়ে তুলবো এরূপ কোন বিধি এর মধ্যে নেই। এ বিল চালু হবার পর দেখা যাচ্ছে এর কোন মৌলিক পরিবর্ত্তন হবে না। যদিও বলবেন ৩০ ধারায় আমরা সমবায়কে অগ্রাধিকার দেবার কথা বলেছি কিন্তু ৩০ ধারায় সমবায়কে অগ্রাধিকার দেবো একথা শুধু বললে হবে না, তারজন্য আইন করাও হবে। সেজন্য বিল যেখান থেকে আরম্ভ হয়েছে cold storage স্থাপনের ক্ষেত্রে তার লাইসেন্সের ক্ষেত্রে সেখানে যদি কোন রূপ ধারা বা বিধি না থাকে তাহলে cold storage-এর স্থাপনের ক্ষেত্রে যিনি লাইসেন্সিং officer তিনি বিচার বিবেচনা করে দেখবেন, সে আবেদন নূতন কোন cold storage-এর দরকার আছে কিনা। যদি সেরূপ cold storage-এর দরকার থাকে সেখানে লোকাল বডিরা যে সমস্ত রয়েছে Block Development রয়েছে Agriculture Extension রয়েছে Block সমবায় আছে সেখানে ঐ ধরণের সমবায়ের ক্ষেত্রে cold storage করবার সম্ভাবনা যদি না থাকে তাহলে ব্যক্তিগত মালিকানায় নূতন লাইসেন্স দেবার কথা চিন্তা করবেন কিন্তু এরূপ কোন বাধা নিষেধ থাকছে না, আমি জানি আমার জেলায় ঘুশখরা অঞ্চল পঞ্চায়েতের পক্ষ থেকে বহুদিন আগে সমবায়ের ভিত্তিতে কি করে cold storage করা যায় সেজন্য বহু আবেদন নিবেদন করেছিল, কিন্তু কিছু হলনা। হঠাৎ দেখলাম জনৈক মাড়োয়ারী ব্যবসায়ী যার বিভিন্ন জায়গায় cold storage আছে সে ১½ মাসের মধ্যে কালো টাকায় এবং Finance Corporation-এর টাকায় cold storage খুললেন। সেজন্য আমি আমার note-এর মধ্যে রেখেছি অন্ততঃ পক্ষে বিলে এই ত্রুটিগুলি রেখেছি। আমাদের কোন সংশোধনী এঁরা গ্রহণ করেন না কাজেই এই বিলে যে সমস্ত সংশোধনী দিয়েছি সেগুলোও গৃহীত হবে না। সেজন্য আমার যেটা suggestion সেটা হচ্ছে অবিলম্বে এই বিলের ত্রুটি বিচ্যুতিগুলি দূরীকরণ করে যাতে ভবিষ্যতে সমবায় ও রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে এই শিল্পের বিস্তৃতি লাভ ঘটে এবং বর্ত্তমানে ব্যক্তিগত মালিকানায় পরিচালিত যে cold storageগুলি রয়েছে সেইগুলি ধীরে ধীরে সরকার যাতে নিয়ে নেন এই রকম একটা বিল করা উচিত। এসব যদি করা হয় তাহলে বিলের যে উদ্দেশ্য বাজারে মূল্যের সমতা রক্ষা করা, কৃষক ও উৎপাতকদের অধিক মূল্য দেওয়া এবং Black Money ও unhealthy producers যারা রয়েছে তাদের বিলোপ সাধন করা তা সম্ভব হবে। সেজন্য অদূর ভবিষ্যতে আমার বক্তব্যের পরিপ্রেক্ষিতে এটা নূতন সংশোধনী বিল তিনি উপস্থিত করবেন।

Shri Puranjoy Pramanik : মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবাংলা cold storage বিল উত্থাপন করে একটা অত্যাবশ্যকীয় ব্যবস্থায় সমাধান করতে প্রয়াসী হয়েছেন বলে তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করছি। বর্তমানে যখন কৃষির উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে তখন এই রকম ধরণের বিল প্রকৃত উৎপাদকের কাছে আশীর্বাদ হিসাবে দেখা দেবে। শুধু তাই নয় কৃষক ফলন উৎপাদনের দিক থেকে আগ্রহ প্রকাশ করবে ও উৎসাহিত বোধ করবে। এই বিল আনয়নের উদ্দেশ্য সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত কথা বলেছেন, তা অত্যন্ত সময়োপযোগী বলা যেতে পারে। পূর্বে দেশে cold storage স্থাপিত হবার সঙ্গে সঙ্গে এক ধরণের মুনাফালোভী, অ-উৎপাদক cold storage-এর এক বিরাট অংশ ভাড়া নিয়ে প্রকৃত উৎপাদককে বঞ্চিত করার সুযোগ পাচ্ছিল, এবং তাতে প্রায় সফলকামও হয়েছিল। প্রকৃত উৎপাদক তার উৎপন্ন ফসল বিক্রি করতে ন্যায্য মূল্য পাচ্ছিল না। সেইজন্য এই বিল আনয়ন করা হয়েছে। এই বিল সেই সমস্ত বাধা দূর করতে সক্ষম হবে। আশা করি যে তারা মাঝে মাঝে যে কৃত্তিম ঘাটতি সৃষ্টি করতো, সমস্ত মাল আটকে রেখে, বাজারে না ছেড়ে, অতিরিক্ত মুনাফার জন্য, মাল না ছাড়ার জন্য যে চেষ্টা করত, সেটা বন্ধ করা সম্ভব হবে। এই বিলের সাহায্যে উৎপাদক ও ক্রেতার মধ্যে একটা মূল্যের ক্ষমতা দেখা দেবে, এবং বৎসরের সব সময়ই মালের সরবরাহ ঠিক থাকবে ও দরের বিশেষ পার্থক্য দেখা দেবে না।

এই বিল সিলেক্ট কমিটিতে যাওয়ার পর, সেখানে কয়েকজন সদস্য যা মন্তব্য করেছেন, তা বিবেচনার অপেক্ষা রাখে। তার কারণ, licencing কর্তৃপক্ষ যদি ঠিকভাবে নজর না দেন, এবং cold storage-এর মালিক, যিনি স্থান ভাড়া দেবেন, তিনি যদি ঐ স্থান ভাড়া গ্রহণকারী প্রকৃত উৎপাদক যিনি তার প্রতি লক্ষ্য না রাখেন; তাহলে আশঙ্কা করা যায় যে, এই বিলের যে উদ্দেশ্য তা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হবে।

তারপর দেখছি যে বিলের ৭ নম্বর ধারায় receipt, transferable-এর কথা লেখা হয়েছে এবং তাতে অনেক সদস্য আশঙ্কা প্রকাশ করেছেন যে এই বিলের সাহায্যে অনেক লোভী ও অতি মুনাফালোভী লোক, তারা এই গরীব কৃষকদের আর্থিক দুরবস্থার সুযোগ নিয়ে, তাদের রসিদ ক্রয় করে নিয়ে, এই বিলের আসল উদ্দেশ্যকে একেবারে বানচাল করে দেবেন। কিন্তু আমি বলি যদি licensing কর্তৃপক্ষের সুতীক্ষ্ণ দৃষ্টি থাকে তাহলে এই রকম অব্যবস্থা দূর করা সম্ভব হবে। তাছাড়া এই অব্যবস্থা দূর করা আরো সম্ভব হবে cold storage-এর মালিকদের হৃদয় বৃত্তির দ্বারা। আমি cold storage-এর মালিকদের কাছে নিবেদন করবো তাঁরা যেন দেশের বর্তমান অবস্থার দিকে লক্ষ্য রেখে এবং চাষী যাতে অধিক ফসল উৎপন্ন করতে পারে সেদিকে নজর রেখে, ফট্‌কাবাজীদের যেন দমিত করেন। ফট্‌কাবাজীদের যেন আর কোন রকম প্রশ্রয় না দেন। লাইসেন্‌সিং কর্তৃপক্ষ যদি তীক্ষ্ণ দৃষ্টি রাখেন, তাহলে নিশ্চয় এই বিল সার্থক হবে এবং কার্যকরী হবে বলে আমি মনে করি।

বর্তমানে আমাদের রাজ্যে ১২০টি মাত্র cold storage আছে। এই cold storage গুলি দেখা যায় যে, প্রয়োজনের তুলনায় অনেক কম। অনেক জায়গায় cold storage নাই, সেখানে cold storage স্থাপিত করা উচিত। যেমন আমার নির্বাচন কেন্দ্র বর্দ্ধমান জেলার জামালপুর থানা। সেখানে প্রধান ফসল হচ্ছে আলু, সেখানে কোন cold storage নাই। এর অন্তরায় হচ্ছে, সেখানে বিদ্যুতের অভাব। কারণ, বিদ্যুৎ সরবরাহ অধিক পরিমাণে না হলে, বেশী সংখ্যক cold storage স্থাপন করা সম্ভব নয়। বর্তমানে যা দেখা যাচ্ছে যে ব্যক্তিগত মালিকানাই cold storage বেশী রয়েছে। সেইজন্য আমি নিবেদন করবো সমবায় সমিতিগুলির কাছে যে তাঁরা যেন উৎপাদক সমবায় সমিতি গঠন করে cold storage স্থাপন করবার চেষ্টা করেন, তাহলে এই সমস্ত মুনাফালোভীদের দমন করতে পারা যাবে। তাছাড়া আমি সরকার পক্ষকে নিবেদন করবো তাঁরা ভবিষ্যতে cold storage এর যে লাইসেন্স দেবেন, সেই লাইসেন্স যেন সমবায় সমিতি ছাড়া অন্য কোন ব্যক্তিগত মালিকানার লোককে লাইসেন্স না দেন। তাহলে এই বিলের উদ্দেশ্য কতকটা সার্থক করা যেতে পারবে।

তাছাড়া এই বিল আসার জন্য প্রত্যেকটি cold storage গভর্নমেন্ট কন্ট্রোলের মধ্যে আসবে, এবং তাদের মাসে মাসে return দিতে হবে। সেই return দেখে পশ্চিমবঙ্গ সরকার বুঝতে পারবেন যে কোন্ জায়গায় কত মাল আছে। সেই মাল প্রয়োজন হলে Essential Commodities Act অনুযায়ী requisition করে জনসাধারণের মধ্যে বিলি করতে সক্ষম হবেন।

[3-10—3-20 p.m.]

তাছাড়া এই বিলে যে scientific ব্যবস্থাদি করা হয়েছে তার ফলে কর্মীরা খানিকটা সুযোগসুবিধা পাবে এবং মাঝে মাঝে যে আলু ইত্যাদি নষ্ট হয়ে যেত তা থেকেও রেহাই পাওয়া যাবে। এই scientific specification-এর জন্য অনেকখানি সুবিধা

রোকে পাবে। এখন এই scientific কারণে বা অন্য কোন ব্যাপারে যদি রক্ষিত মাল পচে যায় বা নষ্ট হয়ে যায় তাহলে তার জন্য উপযুক্ত ক্ষতিপূরণ পাওয়া যাবে। যেটা পূর্বে রোকে পেত না। এইজন্য চাষীরা উপকৃত হবে। এই কারণে এই বিলটিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhoy Pada Saha : মাননীয় স্পীকার মহোদয়, এ বছর ১৯৬৫ সালের ১লা জানুয়ারী থেকে ভারত সরকারের cold storage নিয়ন্ত্রণ আদেশ আইন চালু থাকা সত্ত্বেও বাংলা সরকারকে তাই cold storge license ও নিয়ন্ত্রণ আইন আনতে হচ্ছে। তার কারণ cold storage-এর মালিকগণ যেভাবে একাধারে কৃষিজাত পণ্য যারা উৎপাদন করে তাদের শোষণ করছেন, অন্য দিক ঐ দ্রব্য যারা ব্যবহার করে তাদেরও শোষণ করছেন এবং এর ফলে চরম অব্যবস্থা চলছে ঐ cold storage-এর দ্বারা। cold storage তৈরী করা একটা লাভজনক ব্যবসায় এটা জানতে পেরে আমাদের দেশের পুঁজিপাতিরা স্বতঃ প্রণোদিত হয়ে cold storage স্থাপন করলেন। তাদের লক্ষ্য হ'ল মুনাফা আদায় করা। তাদের এটা লক্ষ্য কখনো ছিল না যে জনসাধারণের সেবা করা। প্রকৃতই যদি সরকার এই দরদ নিয়ে ঐ ব্যবসায় নামতেন, তাহলে আইন করবার কোন প্রশ্নই উঠতো না। আইন করতে হচ্ছে তাদের সংযত করবার জন্য। কিন্তু যেভাবে আমাদের সরকার এই আইন নিয়ে এসেছেন, তাতে ঐ মালিকগণ তাদের মুনাফা থেকে যে বিরত থাকতে পারবে—এই আইনের দ্বারা তা মনে হচ্ছে না। আইনে অনেক ত্রুটিবিচ্যুতি আছে। সরকারকে আইন করতে হচ্ছে, কারণ জনসাধারণের তরফ থেকে একটা বিক্ষোভ উঠেছে যে, cold storage তৈরী করে দেশের জনসাধারণকে শোষণ করবার ব্যবস্থা তাঁরা কায়েম করছেন। জনসাধারণ-এর দ্বারা উপকৃত না হয়ে এর দ্বারা শোষিত হচ্ছে। সরকারের তরফ থেকে এমন কোন ব্যবস্থা নেওয়ার কোন ইঙ্গিত এই আইনে পাওয়া যাচ্ছে না যাতে একধারে উৎপাদনকারী কৃষকরা তাদের ন্যায্য খাটুনির মজুরি আর অন্যদিকে যারা ঐপণ্য ব্যবহার করবে, তারা তা ন্যায়সঙ্গত দামে পায়। এই cold storage তৈরী করে জমির মধ্যস্বত্বাধিকারী যেমন বেশী স্বত্ব উপভোগ করে, ঠিক তেমনি এই cold storageর ভূমিকাও হয়ে দাঁড়িয়েছে মালিকরা বেশী লাভবান হচ্ছে। আইনে এমন কোন হিসেব নিকাশের ব্যবস্থা নাই যাতে cold storage-এর মালিকের কতটা পাওয়া উচিত বা না উচিত। সেই ধারাটা হিসেব করে বেঁধে দেওয়া উচিত যে, এই ভাড়াতে জনসাধারণকে cold storage ব্যবহার করতে দিতে হবে। সেই রকম কোন পদ্ধতি এই আইনের মধ্যে নাই। আবার অন্য ধারে কৃষকরা যে তাদের জিনিস রাখবে, তাতে তাদের বেশী ভাড়া দিতে হবে। সেই হিসেবে এবৎসরও দেখা গেছে অনেক কিছু। সম্পত্তিসম্পন্ন কৃষক যারা cold storage-এ আলু রেখেছিলেন তাতে ভাড়া দিয়ে হিসেব করে তাঁরা দেখলেন তাঁদের মুনাফা থেকে এই ঘাটতি হলো এই লোকসান হলো। অপরাদিকে যারা ব্যবসায়ী, পুঁজিপতি, তারা ঐ জিনিস বাজার থেকে কিনে cold storage-এ রেখে বহু টাকা মুনাফা লুটেছে।

এতে এই ইঙ্গিতই পাওয়া যে যারা কৃষিজাত পণ্য উৎপন্ন করবে তারা ঐ cold storage-এর সুযোগ যাতে না নিতে পারে এভাবে না নেওয়ার একটা আবহাওয়া সৃষ্টি করা, যাতে তারা ঐ পদ্ধতি নিলে পুঁজিপতিরা তাদের পুঁজি খাটাতে পারবে না এইজন্য তাদের উপর ভাড়া বেশী করে চাপিয়ে দেওয়া এভাবে যারা পুঁজি খাটাবে তাদের ভাড়া কম করা। এই যে সমতা ব্যবস্থা রাখার যদিও এই বিলে আছে কিন্তু ঠিক ঠিক যে প্রযোজ্য হবে না যারা উৎপাদন করবে তাদের পক্ষে এবং যাদের পুঁজি আছে তাদের পক্ষে এই guarantee বিলের মধ্যে নেই। যদিও একই ব্যবস্থা নিতে হবে বিলে আছে তবুও নানা রকম পদ্ধতিতে cold storage-এর মালিকরা কৃষকদের বঞ্চিত করবে। সেজন্য আমার বক্তব্য যে cold storage যদি ব্যক্তি-

মালিকানায় থাকে তাহলে একধারে যারা উৎপাদনকারী তারা শোষিত হবে। এবং যারা ব্যবহারকারী তারাও শোষিত হবে। সেজন্য cold storage যাতে সমগ্র বাংলাদেশের cold storageগুলি রাষ্ট্রয়াত্ত করতে পারা যায় সেই ধারে লক্ষ্য রেখে আমাদের আইন তৈরী করতে হবে ব্যক্তি মালিকানা থাকলে হাজার আইন করে ব্যক্তি মুনাফা থেকে রেহাই পেতে পারবে না জনসাধারণ।

Shri Jiban Krishna Dey : মিষ্টার চেয়ারম্যান স্যার, আজকে আমরা জানি যে সীমাবদ্ধ আকারে হলেও অনেক গ্রামে electrification-এর সুযোগ গ্রামবাসীরা পেয়েছেন। এবং সরকারী অর্থে সরকারী Tax-এ আদায় করা টাকাতেই সেটা গেছে। তার ফলে যে সম্ভাবনা ছিল কৃষিপণ্য এবং তার একটা সুব্যবস্থা করে কৃষকদের একটা মুনাফা দেওয়া এবং কৃষিপণ্যের দিক থেকে একটা উন্নততর ব্যবস্থা করা যে সম্ভবনা এই বিলে অন্তত কিছু নেই। একটা সম্ভবনা আমরা জানি যে ছিল সমস্ত বিলের মধ্যে যদি আজকে ব্যক্তিগত মালিকানায় ১২০টি cold storage যা রয়েছে এর পেছন পেছন সরকার না দৌড়ে সরকার যদি সমগ্র কৃষিজাতপণ্য কাঁচা ফসল যেটা তাকে রক্ষার জন্য আজকে ব্যবস্থা করতেন তাহলে পরে সমস্ত দিক থেকে কৃষকরা উপকৃত হতেন। কিন্তু তার বদলে বিলে যেমন তার কোন ইঙ্গিত নেই—যে ১২০টা cold storage রয়েছে স্বভাবতই ব্যক্তিগত মালিকানায় তার ১১৮টা চলছে—সরকার তার পিছন পিছন হামাগুড়ি দিয়ে চলছেন যে ব্যক্তিগত পুঁজি এবং মুনাফা তার পিছনে সরকার হামাগুড়ি দিচ্ছেন—এটাই আমার প্রথম এবং প্রধান অভিযোগ। যতদিন পর্যন্ত এই সব cold storage চালু থাকবে এবং তার সংখ্যা যত বাড়বে সরকার লাইসেন্স ফি সেখানে ১৫০ টাকা থেকে ২০০ টাকা কিম্বা ২৫০ বা ৫০০ টাকা করলেন কিনা প্রশ্ন সেটা নয় ঠিক ততদিন পর্যান্ত ঐ পদ্ধতিতে এগুলি চালু রাখতে দেওয়ার মানে কৃষকদের সমস্ত কৃষিজাত ফসলের উপরে একচেটিয়া মালিকানার আধিপত্য বিস্তার করতে এগুলি সাহায্য করবে। এই জন্য যে সুযোগটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিম্বা বিজ্ঞান কিম্বা বিদ্যুত সম্প্রসারণের ফলে যে সম্ভাবনাটা আসছিল সেটা সরকার ব্যবহার করলেন না করতে পারলেন না—না করে ব্যক্তিগত উদ্যোগে তাকে ছেড়ে দেওয়া হল এবং যার ফলে কি দার্জিলিং-এর কমলালেবু কিম্বা মালদহের আম যে-কোন জিনিস হউক তার কোন সুরাহা এই বিলের দ্বারা হবে না। সরকারী সদস্য এই বিল সমর্থন করতে গিয়ে বলেছেন যে চেকআপের একটা ব্যবস্থা আছে। একমাস পর পর storage-এ কার কত মাল আছে তার একটা হিসাব সরকারকে দিতে হবে। সুতরাং চিন্তার তো কোন কারণ নেই। সব ব্যবস্থাই করা হয়েছে। সরকারের চেকআপের অভিজ্ঞতা সকলেরই আছে।

[3-20—3-30 p m.]

এই রকম সরকারী চেকআপ সম্বন্ধে অভিজ্ঞতা যেমন আমাদের আছে তেমনি সরকারের নিজেরও যথেষ্ট আছে। ধান চাল গুদামজাত করা, সরষে, ডাল, চিনি, ময়দা, কোনটার ষ্টক সম্বন্ধে না সরকারী বিধিব্যবস্থা আছে যে হিসাব দিতে হবে? কিন্তু আমরা হিসাবের কোন কুল পাওয়া যায় না। তার চেয়ে অনেক বড় ব্যবস্থা ব্যক্তিগত মালিকরা করেন যার ফলে সরকারী চেকআপের কিছু যায় আসে না। সম্প্রতি খাদ্যের ব্যাপারে ধান চাল পার্চেজিং-এর ব্যাপারে যেমন মিলকে কোনঠাসা করে এনেছেন ঠিক তেমনি কোল্ড ষ্টোরেজগুলিকেও কোন রকম ব্যক্তিগত মালিকানার উদ্যোগে করতে না দিয়ে সরকারের উচিত আজকে নিজের হাতে নিয়ে এই সম্ভাবনাকে গ্রামে গ্রামে ছড়িয়ে দেওয়া। এবং কৃষক যাতে তার অভাবের তাড়নায়, পেটের তাড়নায় তার কৃষিপণ্য বিক্রি করে দিতে বাধ্য না হয় এবং পুঁজিপতিরা যাতে তাদের সেই অভাবের সুযোগ নিয়ে কিনে নিতে না পারে সেই ব্যবস্থা করা উচিত। চালের ক্ষেত্রে যদ আমরা সেই সুযোগ কিছুটা নিতে পেরে থাকি তাহলে এই রকম ক্ষেত্রে আজকে কেন

পারা যাবে না আমি বুঝতে পারছি না। কারণ এতো আরো দীর্ঘস্থায়ী। কোল্ড ষ্টোরেজ আজকে যদি সরকার সেই রকম ইনিসিয়েটিভ নিতেন নিয়ে কো-অপরেটিভকে ঐ কোল্ড ষ্টোরেজ করতে দেওয়া হতো তাহলে আমরা জানি কোচবিহারের মত অন্যান্য জায়গা আছে যেখানে শিল্পের নামগন্ধ নেই, কিন্তু সেখানে ব্যারেন ল্যাণ্ড আছে যার মধ্যে প্রচুর আনারস হচ্ছে কিন্তু সেই হাজার হাজার আনারস সামান্য দরে বিক্রি হচ্ছে কিম্বা পচে যাচ্ছে বা পচে যাবার ভয়েতে অতি অল্প দামে সেগুলি বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে, সেখানে সরকারী কোন সুযোগ আজ পর্যন্ত পৌছায় নি যে কোন কোল্ড ষ্টোরেজ করে সেই আনারসগুলির সংরক্ষণের ব্যবস্থা করা। এজন্য এটা এমন কিছু ৯৫০ কোটি টাকার স্কীম নয় যে সরকারের আয়ত্বের বাইরে এবং যার জন্য করা যাচ্ছে না। আমাদের মন্ত্রিমহাশয়দের সামান্য একটু নজর থাকলেই এই কাজটুকু হতে পারতো, কিন্তু তাঁরা তা না করে মিল মালিকরা কোথায় কি করছে পিছনে পিছনে তিনি দৌড়াচ্ছেন যে এখানে একটু পুলটিস দেবেন বা এখানে একটু চেকআপের ব্যবস্থা করবেন বা একটু ট্যাক্স বাড়াবার ব্যবস্থা করবেন। আমি বলছি এইভাবে নয়, সম্পূর্ণ দৃষ্টিভঙ্গীকে উলটো দিক থেকে নেওয়া হোক। সরকার নিজে বলেন যে তাঁরা সমাজতান্ত্রিক হতে যাচ্ছেন, সমাজতন্ত্র করতে যাচ্ছেন, সমাজতন্ত্র যদি করতে চান তাহলে অন্ততঃ ছোট থেকে সুরু করুন, বিরাট ক্ষেত্র বাদ দিন। কিন্তু তাঁরা যদি ব্যক্তিগত পুঁজির পিছনে দৌড়ান তাহলে তাদের মহোৎসব পড়ে যাবে যা সর্বক্ষেত্রে পড়ছে। এই সম্ভাবনার ক্ষেত্র আমরা হাতে নিতে পারছি না এত সুযোগ থাকা সত্বেও এবং এর ফলে মালদহ, কোচবিহার এবং কৃষিজাত এলাকাগুলি যেগুলি ব্যাকওয়ার্ড, সেখানে সরকার ৫০ বছরেও শিল্প দেবেন কিনা জানি না, অন্ততঃ সেই এলাকা কৃষিজাত পণ্যের উপর নির্ভর করে যাতে বাঁচতে পারে, ন্যায্য দাম যাতে পেতে পারে সেই ব্যবস্থা সরকার হিমঘর করে দিয়ে করতে পারতেন। এইভাবে এনার্জি ব্যয় না করে বিলের পিছনে তাঁরা যদি হিমঘর নিজের হাতে নিতেন, নিজেরা উদ্যোগ নিয়ে চালাতেন, তাহলে জনসাধারণ উপকৃত হতো। তাই আমি সেদিকে দৃষ্টি আকর্ষণ করে এই বিলের বিরোধিতা করছি।

Shri Sailendra Nath Adhikary : মিঃ চেয়ারম্যান, স্যার ওয়েষ্ট বেঙ্গল কোল্ড ষ্টোরেজ লাইসেন্সিং এণ্ড রেগুলেশন বিল অনারেবল মিনিষ্টার যখন পেশ করলেন তারপরে জয়েন্ট কমিটি থেকে সেটা নির্ধারিত হয়ে আপার হাউস থেকে পাশ হয়ে এখানে আসার পর এ সম্বন্ধে কয়েকটি কথা প্রয়োজন হয়েছে। এই বিলের প্রিঅ্যামবলে বলা হচ্ছে—

> Whereas it is expedient to provide in the public interest for the licensing, supervision and control of cold storages in West Bengal to deal with matters incidental thereto.

একটা অ্যাক্টের প্রিঅ্যামবলই বলে দেয় যে সরকার সেই বিলটা নিয়ে এসেছেন তাঁর দৃষ্টিভঙ্গীটা কি সরকার নিজেকে সমাজতান্ত্রিক সরকার বলে কয়েকবার বলে ফেলেন এবং সেই সরকারের একজন অনুরক্ত সদস্য মৃত্যুঞ্জয়বাবু তিনিও দু'তিন বার বলে ফেললেন সমাজতন্ত্রের কথা, সেই সরকারের তরফ থেকে যে কোল্ড ষ্টোরেজ বিল নিয়ে আসা হল তার প্রিঅ্যামবল পড়ার পর দেখা যচ্ছে যে এটার একটা লিমিটেড স্কোপ রয়ে গিয়েছে। প্রিঅ্যামবলটা অল পারভারসিভ নয়, প্রিঅ্যামবলটা সোসিয়ালিষ্ট ওরিয়েন্টেশন দিয়ে তৈরী হয়নি, প্রিঅ্যামবলটা তৈরী হয়েছে নিছক সাইন্টিফিক ম্যানেজমেন্ট অব দি কোল্ড স্টোরেজ কিভাবে করা যায় তারই একটা ব্যবস্থা করা। এই উদ্দেশ্য নিয়েই এই কোল্ড ষ্টোরেজ লাইসেন্সিং বিলটা আনা হয়েছে। কোল্ড ষ্টোরেজের যে ইনার প্রবলেম, কোল্ড ষ্টোরেজের সংগে পশ্চিম বাংলার অর্থনীতির প্রবলেম, কোল্ড স্টোরেজের সঙ্গে সাধারণ মানুষের সমস্যার যে সংযোগ সেগুলি চোখের সামনে

রেখে যাঁরা সমাজতন্ত্রের কথা দূরে থাকুক নিজেদের গণতান্ত্রিক সরকার বলে ক্লেম করেন তাঁদের এই রকম প্রোগ্রামবল রচনা করা উচিত ছিল। কিন্তু এঁরা সেইভাবে প্রোগ্রামবলটা করেননি। এঁরা স্পষ্টভাবে প্রোগ্রামবলে বলে দিয়েছেন আমাদের এসব দিকে দেখবার কোন ফুরসত নেই, আমরা আপাততঃ কোল্ড ষ্টোরেজগুলি সাইন্টিফিক ওয়েতে ম্যানেজড হয় কিনা, সাইন্টিফিক ওয়েতে এটা চলে কিনা সেটা দেখবার জন্য এই বিলটা এনেছি। এখানেই আমার প্রথম আপত্তি। তার কারণ সোসিয়ালিষ্ট ওরিয়েন্টেশন যদি না থাকে তাহলে সোসিয়ালিজিমের কথা কেন বলেন? যে বিল নিয়ে এসেছেন সেখানে যদি জনসাধারণের দিক চোখের সামনে না থাকে তাহলে আপনারা গণতন্ত্রের কথা কেন বলেন? মিঃ চেয়ারম্যান, স্যার, এই কোল্ড ষ্টোরেজের কথা বলতে গিয়ে এই প্রবলেমের কথা আমি তুলতাম। কোল্ড ষ্টোরেজের একটা নিছক ব্যবস্থা নয়, এটা অন্যান্য ব্যবসার মত জনসাধারণের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত নাও হতে পারে এই ব্যবসা নয়। অধিকাংশ কোল্ড ষ্টোরেজ ব্যক্তিগত মালিকানায় চলেছে এবং অধিকাংশ কোল্ড ষ্টোরেজের দুর্নীতি চরম আকারে উঠেছে এবং অধিকাংশ কোল্ড ষ্টোরেজ বাংলা দেশের মানুষের, বাংলাদেশের পিজনট্রির সর্বনাশ করছে যা বহু কাগজে বহুবার উঠেছে। হুগলী জেলায় চুঁচুড়া আলুর একটা মস্তবড় কেন্দ্র, সেখানে যে সমস্ত কোল্ড ষ্টোরেজের আছে গতবার সেখানকার একটা বিখ্যাত পঞ্চায়েত সাপ্তাহিক পত্রিকায় দেখলাম সেখানকার কোল্ড ষ্টোরেজের যারা মালিক তারা ছোট ছোট আলুর ব্যাপারী এবং আলুর প্রডিউসার যারা আলু নিয়ে যাচ্ছে তাদের রিফিউজ করছে যে আমরা আলু নেবো না, তারপরে তাদের দালাল দিয়ে সেই আলু কিনে নিয়ে অল্প দরে নিজেরা কোল্ড ষ্টোরেজ থেকে আলু বের করছে তখন পাবলিককে ডবল দরে; অনেক সময় তিনগুণ দরে বিক্রি করছে। এইভাবে কোল্ড ষ্টোরেজটা ম্যানিপুলেশনের একটা কেন্দ্র হয়ে দাঁড়িয়েছে। যাঁরা এ বিষয়ে খবর রাখেন তাঁরা এটা জানেন এবং আমি বিশ্বাস করি যে মাননীয় স্মরজিতবাবু এই খবর রাখেন। সেইজন্য আমি জিজ্ঞাসা করছি এই কোল্ড ষ্টোরেজ বিলটা সেইভাবে ওরিয়েন্টেড হল না কেন? এই প্রশ্নের জবাব নিশ্চয়ই স্মরজিতবাবু দেবেন। স্যার, আপনি নিশ্চয়ই শুনেছেন যে মুখ্যমন্ত্রিমহাশয় বাংলাদেশের মানুষকে কদলীতত্ত্ব বলেছেন যে কলা কি রকম উপকারী জিনিস এবং আপনি খবরের কাগজেও দেখেছেন যে কলার নানা রকম ভ্যারাইটিস তৈরী করে অনেকে, অনেক মন্ত্রিমহাশয় খেয়ে পরিতৃপ্ত লাভ করেছেন।

[3-30—3-40 p.m.]

আমি সে বিষয়ে কোন কাজ করতে চাই না। আপনি ধরুন—এই অ্যাক্ট চালু হবার পর কি হতে পারে। আজ কাঁচকলার যারা ব্যবসায়ী তারা কলা নিয়ে মারকেটে দেন এবং সেই কলা সম্বন্ধে আপনি জানেন যে কলার উপর লোকের একটা আগ্রহ বেড়ে যেতে পারে মুখ্যমন্ত্রী কলা সম্বন্ধে যখন এতো বলছেন, 'কথাবার্তা' থেকে আরম্ভ করে 'ওয়েষ্ট বেঙ্গল উইকলি' পর্যন্ত কলার উপর অনেক থিওরি থিসিস লিখছেন।

Mr. Chairman : ওটা কাঁচকলা।

Shri Sailendra Nath Adhikary : হ্যাঁ স্যার, কাঁচাকলা দেখাবার মত যখন ব্যবস্থা আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি সেই সময় আপনি চিন্তা করে দেখুন চেয়ারম্যান মহোদয় আজ এই কোল্ড ষ্টোরেজগুলি ব্লাক মার্কেটিয়ারদের হাতে থাকলে এই কলার মারকেট কি হবে। মুখ্যমন্ত্রীর কলার প্রোগ্রাম একেবারে ভেসে যাবে। মুখ্যমন্ত্রী নিজে হয়তো কলা খেতে পারবেন—কিন্তু তিনি যেভাবে কাঁচাকলা খাওয়াবার বন্দোবস্ত করছেন তাতে তাকে কন্ট্রোলে আসতে হবে এবং কন্ট্রোলে আসতে গেলে আবার কোল্ড ষ্টোরেজের মালিকের কাছে ধরনা দিতে হবে যেমন চালকলগুলির মালিকদের কাছে তাদের ধরনা দিতে হয়েছে।

কাজেই অর্থনীতির মূল ভিত্তিটা যদি আজ চোখের সামনে না দেখি তাহলে কিন্তু এই আইনের কোন অর্থই হয় না। শুধু সায়েন্টিফিক এ্যাপলিকেসন এটা ঠিক দেশের বর্তমান অবস্থায় উপযুক্ত হচ্ছে বলে আমার মনে হয় না। আপনি জানেন কলকাতার বাজারে মৎস্য সংকট হয়েছিল এবং এখনও মৎস্য সংকট চলছে। প্রথম দিকে আপনি দেখেছেন যে এই মৎস্য সংকট সৃষ্টি করার পিছনে যেমন আড়তদাররা এবং কতকগুলি ব্ল্যাক লেগস ছিল তেমন কোল্ড ষ্টোরেজগুলিও ছিল। এই কোল্ড ষ্টোরেজগুলি বাঙ্গালীকে মাছ থেকে বঞ্চিত করবার চেষ্টা করেছিল আর সেই কোল্ড ষ্টোরেজগুলিকে সিমপল লাইসেন্স দিয়ে এবং সেখানে সায়েন্টিফিক মেথড এ্যাপ্লায়েড হচ্ছে কিনা তা দেখবার মত মেসিনারী রাখলেই কি বাঙ্গালী মাছ পাবে? এবং এই যে তারা মাছের রেটটা হাই করে রাখে সেই রকম অবস্থার পুনরাবৃত্তি কি বন্ধ হবে—তা নিশ্চয় হবে না। কাজেই সেদিক থেকে মন্ত্রিমহাশয়ের লক্ষ্য রাখা উচিত ছিল। কোল্ড ষ্টোরেজ এমন একটা জিনিস সেখানে সত্যিকারের আজ কো-অপারেটিভ সেক্টারকে এই কোলড ষ্টোরেজের মধ্যে অনুপ্রাণিত করে কো-অপারেটিভগুলিকে খাড়া করবার একটা মস্ত সুযোগ ছিল সরকারের কাছে। কো-অপারেটিভ এবং পেজেনটকে যারা চাষী স্মল প্রডিউসার তাদের কো-অপারেটিভ বানিয়ে সরকারের তরফ থেকে ইনিসিয়েটিভ নিয়ে—আমি কো-অপারেটিভ বানিয়ে এই কথাটি যখন বলবো তখন মন্ত্রিমহোদয়কে অনুরোধ করবো যে তিনি যেন এই কথাটার অর্থ এই না করেন যে কো-অপারেটিভ না হওয়া পর্যন্ত সরকারের কিছু নেই তা নয়—এই কোলড ষ্টোরেজের ব্যাপারে সরকারকে অগ্রণী হয়ে যদি তারা কো-অপারেটিগুলি তৈরী করতে পারতেন ইনিসিয়েটিভ নিয়ে কোআপারেটিভগুলি স্মল পেজেন্ট এবং স্মল প্রডিউসারদের নিয়ে তৈরী করতে পারতেন তাহলে কোল্ড ষ্টোরেজগুলি বাংলার অর্থনীতিতে একটা নূতন অবদান আনতে পারতো। বাংলার অর্থনীতিকে যেভাবে আজ চারিদিক থেকে ব্ল্যাক-মার্কেটিয়াররা হাত করে ফেলেছেন তার মধ্যে একটা সামান্য ফাটল ধারাতে পারতো যদি সরকারের তরফ থেকে ইনিসিয়েসন নিয়ে স্মল প্রডিউসারদের নিয়ে কোল্ড ষ্টোরেজগুলি তৈরী করতে পারতেন। আর একটা কথা বলছি যে সরকার এটা হাফহার্টেডলি করেছেন। সরকারের এ বিষয়ে সত্য সত্যিই কোন দিক দর্শন নেই। যদি তার দুটো ধারা আপনাকে বলি তাহলে বুঝা যাবে যে তারা কি বলতে চান ঠিক সেই জিনিসটা নিজেরা চিন্তা করেন। ক্লজ ৭(১)তে বলা হচ্ছে যে—

> No person shall after two months from the date of coming into force of this Act, start or carry on—I emphasise on these words—start or carry on the business of storing, or store, agricultural produce in cold storage except under and in accordance with the terms of a licence granted under this Act.

অর্থাৎ এই আইন চালু হবার পর দেড় মাসের মধ্যে উইদাউট লাইসেন্স যারা থাকবে তাদের কাজ করবার কোন রকম অধিকার থাকবে না—অর্থাৎ কোন কোল্ড স্টোরেজ একটা মুহূর্তের জন্য থাকা সম্ভব হবে না উইদাউট লাইসেন্স এই হচ্ছে ইন্টিন্‌জিক ভ্যালু অব দিস ক্লজ। সেখানে ক্লজ ৫-এ আবার কি বলা হচ্ছে—যেখানে এক্সপায়ারের চ্যাপটার আছে—

> But shall nevertheless continue to be liable for the agricultural produce already stored with him and shall be bound by the terms and conditions of any cold storage, etc.

অর্থাৎ যদি লাইসেন্স এক্সপায়ার করে—লাইসেন্স ক্যানসেল হয় তাহলে নিশ্চয় সে আর কাজ চালাতে পারবে না। কাজেই যদি কাজ চালাতে না পারে তাহলে লাইবেল থাকবে যেগুলি ষ্টোর্ড আছে। এটা কমনসেন্সের কথা—কিন্তু লিগ্যাল সেন্সে এদের থাকাটা—উইদাউট লাইসেন্স যদি ইললিগ্যাল কাজ করে তাহলে মামলাটা গিয়ে যে কোথায় দাঁড়াবে তা কেউ জানে না।

প্রডিউসাররা যারা সেখানে রেখেছে তাকে হাইকোর্টে ঘোরাফেরা করতে হবে, যদি কোল্ড ষ্টোরেজওয়ালারা কলা দেখিয়ে দেয় প্রডিউসারকে তাহলে কি হবে—ক্লজ ৫-এ যেভাবে দেওয়া হয়েছে তাহলে ক্লজ-থি-র যে মূল্য অর্থাৎ যে স্পিরিট—সেই স্পিরিটটা এখানে নেগেটেড হয়ে যাচ্ছে। সেইজন্য বলছি যে এটা হাফাজার্ডলি করা হয়েছে এবং হাফাজার্ডলি করা হলে কোন জিনিস ভালভাবে চলে না। কোল্ড ষ্টোরেজ আরও বেশী হোক। আমরা জানি আমাদের মুর্শিদাবাদ জেলায় সরকারী উদ্যোগে একটাও কোল্ড ষ্টোরেজ হয় নি—অথচ এর আগে মন্ত্রিমহোদয় বলেছিলেন যে এখানে হবে। আমের একটা বড় মার্কেট কিন্তু তবুও আজ পর্য্যন্ত হয় নি। একটা প্রাইভেট হয়েছে সেও ব্ল্যাকমার্কেট করছে বলে শুনছি। যা হোক সে সম্বন্ধে আর কিছু বলতে চাই না। কিন্তু আমরা চাই যে কোল্ড ষ্টোরেজ সব জায়গায় হোক—কোল্ড ষ্টোরেজ হওয়াটা অত্যন্ত সংগত—কিন্তু কোল্ড ষ্টোরেজের সাথে সায়েন্টিফিক ম্যানেজমেন্ট করলেই হবে—এই ভিউ নিয়ে যদি করেন তাহলে অর্থনৈতিক অবদান থেকে দেশ বঞ্চিত হবে সে কথাই মন্ত্রিমহাশয়কে বলবো।

Shri Nathaniel Murmu : মাননীয় চেয়ারম্যান, স্যার, এই ওয়েষ্ট বেঙ্গল কোল্ড ষ্টোরেজ (লাইসেন্সিং এণ্ড রেগুলেসন) বিলটি আনতে গিয়ে প্রারম্ভিক বক্তৃতায় সমরজিৎবাবু যে কথা বললেন এবং বিলটির আদ্যপ্রান্ত বিচারের পরে আমার যা মনে হয়েছে তাতে সেই পৌরাণিক বেহুলা লক্ষিন্দর উপাখ্যানের আমাদের সমরজিতবাবুকে চাঁদসদাগর বলে মনে হচ্ছে। সেই বেহুলা লক্ষিন্দর উপাখ্যান আপনি জানেন—চাঁদসদাগরের একমাত্র লক্ষ ছিল লক্ষিন্দরকে যাতে বিষধর সর্প দংশন না করে তার জন্য লোহা এবং ইসপাতের ঘর তৈরী করা এবং তা করে সব ছিদ্র তিনি বন্ধ করে দিলেন—কিন্তু তাতে একটা ফুটো ছিল যে ফুটো দিয়ে বিষধর সর্প মনসাদেবী তাকে দংশন করলো। এই কোল্ড ষ্টোরেজ বিলটিতে তিনি যেভাবে চাষীর পণ্য সম্পর্কে আশ্বাস দিলেন যে প্রডিউসারদের পণ্য সেখানে থাকবে এবং ন্যায্যমূল্য তারা পাবে—এতো আটঘাট বেঁধেও আমার মনে হয় তিনি সজ্ঞানে একটা ফুটো রেখে দিয়েছেন যে ফুটো দিয়ে বিষধর সর্প সেই লক্ষিন্দরের আলু কাঁচকলা বা কমলালেবু সেখান থেকে নিয়ে যাবে—সেটা হচ্ছে ৭নং ক্লজ। এটা ফুটো নয়—একেবারে বিরাট ড্রেন—যার সুযোগ গ্রহণ করে আড়তদার বা কালোবাজারীরা এই কোলড ষ্টোরেজের যে উদ্দেশ্য তিনি বললেন সেটাকে বানচাল করে দেবে। সেই ৭নং ফুটোটা একটু শুনুন—

> A cold storage unless it is otherwise specified thereon, be transferable by endorsement and shall entitle any lawful holder thereof to receive the agricultural produce specified as if he were the original hirer.

[3-40—3-50 p. m.]

গরীব চাষী তিনি তার জিনিস রাখবেন তারা জিনিস রেখে সেই distress sale-এর জিনিস রেখে cold storage-এর দাম পাচ্ছে না দীর্ঘদিন অপেক্ষা তারা করতে পারছে না বাজারে দাম উঠবে বলে সেজন্য বড় বড় যারা ফোড়ে তারা কম দামে কিনে নেবে, রসিদ নিয়ে নেবে এবং পরে সেটা বেশী দামে বিক্রি করবে। এইজন্য বলছি ৭ নং এর সুড়ঙ্গ পথটি বন্ধ করা দরকার। স্মরজিতবাবু ভাল লোক বলেই আমি জানি তিনি যদি সত্য সত্যই চাষীদের মঙ্গল করতে চান তা হলে এই ৭ নং ধারায় যে সংশোধনী সেটা নিশ্চয়ই বিবেচনা করবেন এবং তার যদি সংশোধনী গ্রহণ করা না হয় তাহলে Regulation-এর মধ্যে যখন rules frame করবেন তখন একটা check up-এর ব্যবস্থা রাখবেন। কারণ এটা রাখা দরকার যাতে

সুড়ঙ্গপথ বন্ধ হয়। আমি এই ৭ নং ধারায় যে সুড়ঙ্গপথ রয়েছে যার মধ্য দিয়ে চোরাকারবারীরা সুযোগ পাবে সেটা যদি বন্ধ করা না হয় তা হলে কিছুই হবে না। সেজন্যই আমি বলছি এটার পরিবর্তন করুন এবং তা করলেই কিছু হবে এবং তবেই সকলে অভিনন্দন জানাতে পারবো। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এই বিল সম্বন্ধে প্রধানত আপত্তি দেখছি যে private sector-এ যে cold storage আছে পুঁজিপাতিদের যে আছে তাতে অসুবিধা হবে এবং গরীব চাষীরা তাতে শোষিত হবে বলে বলা হয়েছে। এই বিষয়ে নীতিগতভাবে আমি একমত কিন্তু এই বিলের যে উদ্দেশ্য মাননীয় সদস্যগণের অনেকের সে বিষয়ে ভ্রান্ত ধারণা আছে। আমি দেখছি তাঁরা Anti-Profiteering Act or Anti-Hoarding Act থেকে আরম্ভ করে Nationalization of Industries এই বিলের মধ্যে এনেছেন। কিন্তু এই বিলের উদ্দেশ্য তা নয়। এই বিলের আওতায় এ সব আসে না। অন্য Industries যা public sector-এ চলছে or co-operative sector-এ চলছে এবং আমাদের দেশের সরকারের যে নীতি তা হচ্ছে মিশ্র অর্থনীতি পাশাপাশি private sector এবং public sector এবং co-operative sector চলছে তখন শুধু cold storage-এর Nationalization কেন দাবি করছেন তা বুঝতে পাচ্ছি না যখন নাকি cold storage একটা infancy stage এ আছে। Private sector যেরূপ আছে তাতে co-oprative sector-এর অসুবিধা হচ্ছে না এবং যাঁরা জনসেবক তাঁরা জানেন যে co-operative basis-এ আমরা যদি cold storage করবার চেষ্টা করি এই শিল্পের প্রবর্তন করি তা হলে কারুর তাতে আপত্তি হবে না বরং তাতে ভালই হবে। Private sector-এর সঙ্গে competition হবার ফলে চাষীরা আরও উপকৃত হবে। Private sector-এ আমাদের কতকগুলি cold storage আছে, Brooklyn আছে গড়বেতায় এবং শিলিগুড়িতে Warehouse Corporation-এ cold storage আছে, তারকেশ্বর W. B. State Warehousing Corporation-এ cold storage আছে। Public sector-এ যে নেই তা নয়। Co oprative sector এবং public sector দুই আছে এবং আমাদের সকলকে আরও বেশী চেষ্টা করতে হবে যাতে নাকি co-operative sector-এ আরও বেশী করে cold storage হয়। Public sector-এ আরও হবে। আমাদের নীতি হচ্ছে আরও cold storage বাড়ান যাতে চাষী তার জন্য যেগুলি পচনশীল সেগুলি রাখবার সুযোগ পায়। আগে গুদাম ছিল না তারা cold storage-এ রাখতে পারতো না, আমরা অনেকই অভিযোগ পেতাম যে তাদের বহু wastege হচ্ছে এবং অনেক সময় দেখা গেছে যে এই cold storage মালিকের গাফিলতিতে যে standard-এ cold storage maintain করা উচিত, যে পরিমান ঠাণ্ডা রাখা উচিত তা না রাখার জন্য চাষীদের ক্ষতিগ্রস্থ হতে হয়। সেগুলি যাতে করতে না পারে তারই ব্যবস্থা এই বিলে করা হয়েছে। যাতে অধিক অর্থ লাভ করতে না পারে, যাতে বেশী দাম বাড়াতে না পারে সে উদ্দেশ্যে এটা করা হয়েছে এবং সেগুলি বন্ধ করার ব্যাপারে এই বিল সহায়ক হবে। এই বিলের মধ্যে আছে যাতে চাষীরা সুযোগ পায়। Essential Commodities Act, Anti-Profiteering Actএ or Indian Penal Code আছে তাতে দুষ্কৃতকারীদের ধরা যাবে কিন্তু এর আগে পর্যন্ত Government জানতে পারতেন না যে কোন্ cold storageএ কত মাছ বা আলু আছে। এতে যে ব্যবস্থা আছে তাতে তাদের return দিতে হবে। কেউ যদি আলু ধরে রাখে তাহলে তার return দেখে জানতে পারা যাবে এবং প্রয়োজন হলে Essential Commodities Actএ সরকার তা seezi করতে পারবেন এবং ন্যায্যমূল্যে বিক্রি করতে পারবেন। Cold storage হবার পর আমরা দেখতে পাচ্ছি যে আলুর দাম সারা বৎসর প্রায় স্থিতিশীল অবস্থায় আছে। এটা হচ্ছে cold storage-এর অবদান। সুতরাং cold storage-এর বিরোধী আমরা নই, cold storage আরও প্রসার লাভ করুক এটাই আমরা চাই। বিশেষ করে

কৃষকেরা যাতে একজায়গায় তাদের জিনিস নিরাপদে রাখতে পারে। এবং রেখে যাতে নায্য-মূল্য পেতে পারে সেটাই আমরা চাই। এর ফলে কৃষকের উৎপাদন বেড়েছে তার প্রমান হচ্ছে আলু উৎপন্ন হয় যে সমস্ত অঞ্চলে সে সব অঞ্চলে উৎপাদন বেড়েছে। এবং গভীর নলকূপ হবার ফলে নদীয়া, মুর্শিদাবাদ, বেলডাঙ্গা ইত্যাদি অঞ্চলে আলুর চাষ বৃদ্ধি পেয়েছে। Cold storage-এর আগে এটা ছিল না। হরিণঘাটা, হাবড়া, আমডাঙ্গা ইত্যাদি জায়গায় এত বেশী টমাটো হয় যে আমি এক কৃষি-প্রদর্শনীতে গিয়ে দেখি যে সেখানে টমাটো দু আনা মণ দরে বিক্রি হয়েছে এর কারণ হল তারা বিক্রি করবার সুযোগ পাচ্ছে না এবং এর ফলেই তারা এভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। সে অঞ্চলের লোকেরা cold storage করবার দাবি করেছে। এরূপ অবস্থায় মাঝে মাঝে কৃষকদের এইসব পচনশীল জিনিস রাখবার জন্য cold storage-এর প্রয়োজন আছে। মনোরঞ্জনবাবু বলেছেন যে পচে যায় তার কোন ব্যবস্থা নেই এই clause 9এ আছে—

Every licensee shall keep the agricultural produce of one hirer separate from the agricultural produce of other hirer for which a separate receipt has been issued, in such a manner as to permit at all times.

সুব্যবস্থা নেই তা নয়। তিনি আরও বলেছেন যে licensee খুসিমত hirer-এর ফলে চাষীদের জিনিস অকসাৎ বেঁচে দেবে। সে বেচে দেবে এটা ঠিক না। কিন্তু clause 12এ agricultural produce-এর ব্যাপারে বলা আছে—

Whenever agricultural produce stored in a cold storage deteriorates or shows signs that it is about to deteriorate form causes beyond the control of the licensee, the licensee shall forthwith give notice of the fact to hirer, requiring him) Licensing Officer and to the hirer requiring the hirer to take delivery of the agricultural produce immediately, after surrendering the cold storage receipt duly discharged and paying all charges due to the licensee যদি hirer না নিয়ে নিয়ে যায়। If the hirer does not, within a reasonable time, comply with the notice given to him under sub-section (1), the licensee may cause the agricultural produce to be removed from the cold storage and sold in the prescribed manner by public auction at the cost and risk of the hirer.

[3-50—4-15 p. m.]

যদি না নিয়ে যায়, সেখানে একটা জিনিস পচে যাওয়াতে, তার সংস্পর্শে আর একজনের জিনিস নষ্ট হয়ে যেতে পারে। সেইজন্য ব্যবস্থা আছে যে নোটিশ দেওয়া হবে, যে তোমার জিনিস নিয়ে যাও, তোমার জিনিস পচে যাচ্ছে, বা পচতে আরম্ভ হয়েছে। এবং লাইসেন্সীর সমস্ত সতর্কতা অবলম্বন করা সত্বেও, কোন কারণে হয়ত সেটা পচে যাচ্ছে, তখন তাকে, তার মাল সরিয়ে নিয়ে যাবার জন্য নোটিশ দেওয়ার ব্যবস্থা আছে। আর একজন মাননীয় সদস্য বললেন, বোধহয় অপূর্ববাবু, যে agent বা employee কে ধরে সাজা দেওয়া হবে। Employee বা Agent, সে যখন তার trader-এর behalf-এ কাজ করবে, মানে offence করবে, তখন সে এই আইন অনুযায়ী, সাজা নিশ্চয় পাবে। কিন্তু যদি trader-এর,—যার behalf-এ কাজ করছে,—জ্ঞাতসারে অর্থাৎ তার knowledge and consent থাকা

সম্বেও করেছে, তাহলে সেই লাইসেন্সীও সাজা পাবে। অর্থাৎ দুজনেরই সাজা হবে। [Shri Apurbalal Majumdar; It should be presumed that he has got the knowledge and with his consent the employee is working.] As you are a lawyer, you know it very well that under the Contract Act, the act of the agent is presumed to be the act of the principal. That is the law. আর লাইসেন্সীং অফিসার সম্বন্ধে—অম্বরবাবু, না কে, বললেন মনে নেই, যে অফিসার যদি কোন অন্যায় করেন, তার কি প্রতিকার হবে? তার appeal-এর ব্যবস্থা আছে। প্রথমে appeal Director of Agriculture-এর কাছে করতে হবে। Director of Agriculture-এর রায়ে যদি সন্তুষ্ট না হন, তাহলে সেটা নিয়ে, স্টেট্ গভর্নমেণ্টের কাছে,—তার appeal করবার ব্যবস্থা আছে।

সুতরাং আমার মনে হয় যে-সমস্ত কিছু, কিছু ভ্রান্ত ধারণা আছে,—সেগুলি আমি দূর করতে পেরেছি। আমি আশাকরি আপনারা এই বিল সমর্থন করবেন।

The motion of Shri Smarajit Bandyopadhay that the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council, be taken into consideration was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After Adjournment]

4-15—4-25 p.m.

Clause 1

Shri Abhoy Pada Saha : Sir, I beg to move that in clause 1(13), lines 1-4, for the words beginning with "on such dates and" and ending with "for the different areas" the words 'through out the State by the State Government notification in the Official Gazette" be substituted.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এক নম্বর ক্লজের তের নম্বর উপধারায় এই কথা বলছেন যে, গভর্নমেণ্ট সব জায়গায় এই আইন চালু করবেন না বা প্রযোজ্য করবেন না, তাঁদের ইচ্ছামত notification দ্বারা জায়গাবিশেষে এই আইন প্রযোজ্য করবেন—এটা বলছি। আমি বলছি যে যখনই এই আইন বিধিবদ্ধ করবেন, তারপর থেকে এই রাজ্যের সর্বত্র প্রযুক্ত হবে। কারণ এই discrimination রাখার কোন কারণ দেখা যাচ্ছে না। তবে এই discrimination করতে গেলে তাতে পক্ষপাতিত্ব হতে পারে। কারণ রাজ্যের একটা জায়গায় যা প্রযুক্ত হবে, সেটা আর একটা জায়গায় প্রযুক্ত হবে না—এটা রাখা ঠিক উচিত হচ্ছে না। এই আইন বিধিবদ্ধ হবার পর এই আইনের আওতায় সব জায়গা আনতে হবে। এই এই কথাটাই আমি বলতে চেয়েছি।

Shri Smarajit Bandyopadhayay : স্যার, এখানে আছে—It shall come into force in such dates। সুতরাং একদিন যে করার বাধা আছে, তা নাই। ইচ্ছা করলে গভর্নমেণ্ট করতে পারেন আমি এই amendment oppose করছি।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 1(13), lines 1-4, for the words beginning with "on such dates and" and ending with "for the different areas" the words "throughout the State by the State Government notification in the Official Gazette" be substituted, was then put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Chairman : Amendment Nos. 14 to 17 are out of order.

Shri Abhoy Pada Saha : I am not moving the other amendments.

Shri Aswini Roy : Sir, I beg to move that after clause 2(4), the following be added :

"(4a) 'hire charge' means the charge prescribed by the appropriate authority for payment to the licensee either monthly or seasonally by the hirer for storing his agricultural produce in a cold storage ;

(4b) 'small producer' means an agricultural producer holding land below the economic holding and includes a peasant cultivating on Barga or Share Cropping System ;".

আমার এই দুটো amendment রয়েছে, এখন কেন এই amendment দিলাম? এখানে ভাড়ার হারের যে সংজ্ঞা দেওয়া হয়েছে, সেই সংজ্ঞার ক্ষেত্রে গোটা বিলটার মধ্যে—এই যে hire charge যখন একজন উৎপাদক licensee cold storage-এর মালিকের কাছে তার কৃষিজাত পণ্য জমা রাখতে যাবে, তখন এই hire charge দিতে হবে। বর্তমানে যে ভাড়ার হার, সেখানে বহু তারতম্য আছে। এখন বহুক্ষেত্রে আইনে না থাকার জন্য ভাড়ার হার অনেক সময় কমবেশী হয়ে থাকে, ফলে সমস্যা দেখা দেয়। একটা জায়গায় চার টাকা, পাঁচ টাকা আছে, আবার অন্য cold storage-এ হয়ত দশ টাকা আছে। সেইজন্য hire charge-এর সংজ্ঞা একটা থাকা উচিত এবং সেটা cold storage receipt-এর মধ্যে থাকবে। কাজেই এই cold storage receipt-এ যেটা থাকবে, সেই hire charge determine করবে কে? যদি hire charge-এর সংজ্ঞা না থাকে তাহলে কি সেটা licensing officer ঠিক করে দেবেন? যদি hire charge determine না করা হয় তাহলে ভবিষ্যতে কোন dispute হলে কোন্ নীতিতে সেটা ঠিক করবেন এবং কে ঠিক করবেন? সেইজন্য এই hire charge সম্বন্ধে একটা specific definition থাকা উচিত।

আর দুই নম্বর কথা হচ্ছে যে, আমি এখানে উৎপাদকের কথা বলেছি। উৎপাদক বলতে আজকে সত্যিকারের যারা উৎপাদক ভূমি সংস্কারের ক্ষেত্রে বা অন্যান্য ক্ষেত্রে যেটা প্ল্যানিং কমিশন বারবার বলে থাকে যে তাদের টেন্যান্সি রাইট দেওয়া উচিত। যারা স্মল প্রডিউসার তারাই সব চেয়ে বঞ্চিত হয়। কারণ তারা গুদামজাত করতে পারে না। অভাবের তাড়নায় তারা বিক্রি করতে বাধ্য হয়। সেজন্য আমি এই বিলে যাতে স্মল প্রডিউসারদের একটা ডেফিনেশান থাকে এবং থাকা উচিত সেই কথাই বলতে চেয়েছি। এরই পরিপ্রেক্ষিতে আমি আমার অন্যান্য

সংশোধনগুলি রেখেছি। উৎপাদক বলতেই আমি এদেরই মিন করিনি যাদের জমি থেকে সংসারের খরচ বাচানোর মত জমি নাই। যারা বর্গাদার বা আধিয়ার তাদের আমি স্মল প্রডিউসার হিসাবে বলতে চাচ্ছি। অর্থাৎ অ্যাগ্রিকালচারাল প্রডিউসার যারা বিলো দা একনমিক হোল্ডিং হোল্ড করছে। এবং বর্গাদার এবং আধিয়ারদের এর মধ্যে ইনক্লুড করছি। এই দুটো ডেফিনিশান থাকা উচিত। সেজন্য ক্লজ টু সাবক্লজ (৪) এটা যোগ করে দিতে বলছি।

Shri Smarajit Bandhopadhyay : ক্লজ টু, সাব ক্লজ (৪) হাইয়ারের ডেফিনিশান দেওয়া আছে—

> Clause 2 (4), hirer's definition : "hirer" means a person who hires on payment of the prescribed charges space in a cold storage for storing agricultural produce and enters into a contract or agreement with the licensee. for the purpose.

সুতরাং হাইয়ার চার্জ আলাদা করে দেওয়ার প্রয়োজন নাই। কত চার্জ হবে প্রেসকাইবড চার্জ এগ্রিমেন্ট এবং কন্ট্রাক্ট-এ থাকবে। তারপর সেকেণ্ড যেটা মাননীয় সদস্য অশ্বিনীবাবু বললেন যে স্মল প্রডিউসারদের একটা ডেফিনেশান দেওয়া প্রয়োজন আরও ক্ল্যারিফাই করবার জন্য, তিনি যে কথাটা ব্যবহার করেছেন agricultural producer holding land below the economic holding ইকনমিক হোল্ডিং এটা ভেগ তার কোন ডেফিনিশান নাই। এবং স্মল প্রডিউসার এটাও ভেগ সুতরাং গ্রহণ করা সম্ভব নয়। সেজন্য আমি দুটোই বিরোধিতা করছি ক্লজ থি্র।

The motion of Shri Aswini Roy that after clause 2 (4) the following be added :—

> "(4a) 'hire charge' means the charge prescribed by the appropriate authority for payment to the licensee either monthly or seasonally by the hirer for storing his agricultural produce in a cold storage ;
>
> (4b) 'small producer' means an agricultural producer holding land below the economic holding and includes a peasant cultivating on Barga or Share Cropping System ;"

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then agreed to.

Clause 3

Shri Abhoy Pada Saha : Sir, I beg to move that in clause 3, line 1, for the words "two months" the words "one month" be substituted.

এই আইন প্রস্তুত হবার পর দুই মাসের মধ্যে লাইসেন্স করতে হবে। কিন্তু আমি বলছি সেটা এক মাসের মধ্যে করা হউক। বেশী সময় দেবার কি প্রয়োজন আছে? একমাস সময় দিলেই যথেষ্ট হবে। একমাস সময় দেবার জন্যই আমি আমার অ্যামেণ্ডমেন্ট দিয়েছি।

[4-25—4-35 p. m.]

Shri Aswini Roy : I move that in clause 3, line 1, for the word "two", the word "three" be substituted.

স্যার, এই ৩নং ক্লজে আমার সংশোধনী হচ্ছে মন্ত্রিমহাশয় যেখানে দু'মাস সময় নিচ্ছেন যে এই আইন চালু হবার দু'মাসের মধ্যে তাকে লাইসেন্স করতে হবে সেখানে আমি বলছি তিন মাসের মধ্যে লাইসেন্স করতে হবে। এখন গোটা কোল্ড ষ্টোরেজ সিসটেমটা যেভাবে চলছে তাতে এই আইন চালু হলে দু'মাস খুব অল্প সময় তারা পাবে বলে আমি মনে করি। কারণ তাদের লাইসেন্স করাতে গেলে আইনটা প্রথমে চালু হবে, তারপরে তারা জানবে, তারপর লাইসেন্স করবার জন্য আবেদনপত্র ইত্যাদি যোগাড় করবে এবং আজ পর্যন্ত এই সমস্ত কোলড ষ্টোরেজ-এ কোন তথ্য থাকে না, যদিও আমি ব্যক্তিগত মালিকানায় কোল্ড ষ্টোরেজের খুব বিরোধী তবুও বলবো অন্ততপক্ষে তারা যাতে সঠিকভাবে লাইসেন্স করতে পারে সেজন্য সময়টা একটু বাড়ান হোক, দু'মাসের জায়গায় তিন মাস করা হোক।

Shri Smarajit Bandhopadhyay : স্যার, অভয়পদবাবু বলছেন যে দু'মাস না করে একমাস করা হোক আর মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় বলেছেন যে দু'মাস না করে তিন মাস করা হোক। আমরা মধ্যপন্থা অবলম্বন করেছি, মনে হয় ঠিকই করেছি।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 3, line 1, for the words "two months", the words "one month" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3, line 1, for the word "two", the word "three" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Abhoy Pada Saha : I move that in clause 4 (3), line 4, for the words "two hundred rupees" the words "one hundred rupees" be substituted.

I also move that in clause 4(3), line 5, for the words "two years" the words "one year" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলবার উদ্দেশ্য হচ্ছে কোল্ড ষ্টোরেজের মালিকদের উপর খুব বেশী করে চার্জ বসালে সেই চার্জ তাঁরা অবশ্যই দেবেন কিন্তু সেই চার্জ জনসাধারণের ঘাড় থেকেই আদায় হবে। এটা ঠিকই যে তাঁরা নিজে থেকে দেবেন না যত বেশী চার্জ তাঁদের উপর ধার্য করা হবে তাঁরাও চেষ্টা করবেন তত বেশী মুনাফা করে জনসাধারণের কাছ থেকে সেই টাকা আদায় করে নেবে। অতএব আমার অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে যদি ঠিক ঠিকমত কোল্ড ষ্টোরেজগুলিকে জনসাধারণের স্বার্থে ব্যবহার করতে হয় তাহলে চার্জ কম করতে হবে এবং তীক্ষ্ণদৃষ্টি রাখতে হবে কোল্ড ষ্টোরেজের মালিকদের উপর যাতে তাঁরা জনসাধারণের কাছ থেকে বেশী মুনাফা লুঠতে না পারে। সেজন্য আমি কম করে চার্জ ধার্য করার জন্য এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি।

Shri Apurba Lal Majumder : I move that in clause 4(1), line 4, for the words "five hundred" the words "one thousand" be substituted.

I also move that the following proviso be added to olause 4(1):—

"Provided that in case of Co-operative Society, the licensing fee will not exceed fifty per cent of the ordinary licensing fee".

I also move that in clause 4(3), line 4, for the words "two hundred", the words "four hundred" be susbstituted.

I also move that the following proviso be added to clause 4(3):—

"Provided that in the case of Co-operative Society, the licensing fee will not exceed fifty per cent of the ordinary licensing fee."

স্থার, এই ক্লজে লাইসেন্সিং ফি সম্বন্ধে বলা হয়েছে। এই বিলে প্রভিশন করা হয়েছে যে লাইসেন্স ফি ৫০০ টাকা এবং সেই লাইসেন্স চালু থাকবে ফর ফাইভ ইয়াস´। অন্যান্য সদস্য যা বলেছেন যে লাইসেন্স ফি বেশী করলে তার ইনসিডেনসটা অটমেটিক্যালি কনজিউমারদের উপর গিয়ে পড়বে, প্রডিউসারদের উপর গিয়ে পড়বে, আমার তা ঠিক মনে হচ্ছে না। হিমঘরের যারা মালিক, যারা গত ৮।১০ বছরে বহু টাকা মুনাফা লুঠেছে অ্যাট দি সেম টাইম কনজিউমার এবং প্রডিউসাররা এক্সপ্লয়েটেড হয়েছে, এক একটা অর্ডিনারি হিমঘর যেখানে ৬০।৭০ মণ মাল রাখার ব্যবস্থা আছে, এই রকম মাঝারি ধরনের হিমঘর তৈরী করতে হয়ত ৪ লক্ষ কি ৫ লক্ষ টাকা তারা খরচ করেছে, দু' তিন বছরের মধ্যে তারা সেই টাকাটা তুলে নিয়ে তারপরে পুরো মুনাফা চালিয়ে গিয়েছে কনজিউমার এবং প্রডিউসারদের এক্সপ্লয়েট করে, এদের কাছ থেকে বেশী টাকা আদায় করার জন্য আমি অ্যামেণ্ডমেণ্ট এনেছি যে ৫০০ টাকা কেন হাজার টাকা লাইসেন্স কি করে দেওয়া হোক ৫ বছরের জন্য। এটা করলে বছরে মাত্র ২০০ টাকা লাইসেন্স ফি পড়ছে। কিন্তু এই অ্যাক্টে যেখানে এক একজন ইনডিভিজুয়াল লাইসেন্স হোল্ডার বা লাইসেন্সি অর্থাৎ একজন পুঁজিপতি যে পরিমাণ লাইসেন্স ফি দিচ্ছে ঠিক সেখানে কো-অপারেটিভ সোসাইটিকেও ততটা পরিমাণ লাইসেন্স ফি দিতে হচ্ছে। আমরা এটা চাই না, অর্থাৎ কো-অপারেটিভ সোসাইটিকে এবং একজন অসাধু ব্যবসায়ীকে একই লেভেলে সরকার বিচার করতে পারেন কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গী একটু আলাদা। পুঁজিপতি যারা হিমঘর করে কনজিউমার এবং প্রডিউসার দুজনকেই এক্সপ্লয়েট করছে তাদের ক্ষেত্রে আমরা বলছি হাজার টাকা লাইসেন্স ফি করা হোক আর কো-অপারেটিভ সোসাইটির অধীনে যেসব হিমঘর আছে তাদের ক্ষেত্রে ৫০ পার্সেন্ট রিডাকশন করা হোক অর্থাৎ তাদের ক্ষেত্রে ৫০০ টাকা লাইসেন্স ফি করা হোক। তেমনি আবার সাব ক্লজ ৩ সম্বন্ধে একটা অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি যেখানে রিনিউয়াল অব লাইসেন্স ফি ২০০ টাকা পর্যন্ত ২ বছরের জন্য ধরা হয়েছে নট এক্সিডিং রুপিজ টু হানড্রেড, অবশ্য ম্যাকসিমাম লিমিট বেঁধে দিয়েছেন, এখানে ৫০ টাকাও করতে পারেন, ৫ টাকাও করতে পারেন, সেখানে আমার অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে দু' বছরের জন্য তাকে যে রিনিউ করা হবে সেখানে ২০০ টাকা লিমিট বেঁধে না দিয়ে অন্ততঃ ৪০০ টাকা করা হোক অর্থাৎ বছরে ২০০ টাকা রিনিউয়াল ফি যাতে আদায় করতে পারি তার প্রভিশন থাকা উচিত। ঠিক তেমনি কো-অপারেটিভ সোসাসই কর্তৃক পরিচালিত যে সমস্ত হিমঘর তাদের ক্ষেত্রে আমার এ' একই সাজেশন যে ফিপটি পার্সেন্ট রিডাকশন হওয়া উচিত এবং সেইভাবে তাদের যদি আমরা পেট্রোনাইজ না করি এবং তাদের যদি খানিকটা সুযোগসুবিধা না দিই তাহলে কো-অপারেটিভ সোসাইটি তাদের সংগে কমপিটিশনে পেরে উঠবে না, সেইজন্য কো-অপারেটিভ সোসাইটিকে খানিকটা উৎসাহ যোগান করতে হবে। অবশ্য গভর্ণমেণ্ট বলবেন এই আইনের সেকশন ৩০তে সাবসেকশন টু, ক্লজ (সি)তে আমরা একথা বলে দিয়েছি প্রাইয়োরিটিস to be given to the Co-operative Society.

ওখানে আপনারা অত্যন্ত হৃদয়ের পরিচয় দিয়ে বলেছেন প্রডিউস যখন রাখবে অর্থাৎ এগ্রিকালচারাল প্রডিউসের ক্ষেত্রে প্রাইয়োরিটি দেবো কো-অপারেটিভ সোসাইটির কোল্ড ষ্টোরেজগুলিকে সেখানে যেমন এই বদান্যতা উল্লেখ করেছেন অথচ লাইসেন্স ফিএর বেলায় একেবারে পুরোদমে অসাধু পুঁজিপতি ব্যবসায়ীগষ্ঠি যারা এক একজন ৪।৫টি করে হিমঘর কন্ট্রোল করছে তাদের সমপর্যায়ে ফেলে দিচ্ছেন কেন? এটা ঠিক হচ্ছে না। যদি সত্য সত্যই চান যে আরো হিমঘর তৈরী হোক ষ্টেট গভর্ণমেন্ট যদি না করতে পারেন তাহলে আমাদের যেসব কো-অপারেটিভ সোসাইটিগুলি আছে তাদের আপনারা কিছু উৎসাহ যোগান দিন, তাদের লাইসেন্স ফি কম করিয়ে দিন। এই কারণে আমরা যারা অসাধু ব্যবসায়ীগোষ্ঠী হিমঘর পরিচালনা করছে তাদের থেকে কো-অপারেটিভ সোসাইটি হিমঘরগুলিকে খানিকটা ডিফারেনসিয়েট করতে চাই। সেজন্য আমাদের স্পেসিফিক সাজেশন হল পুঁজিপতি ব্যবসাদারদের ক্ষেত্রে হিমঘরের লাইসেন্স ফি বাড়িয়ে দিন। যেখানে ১১৬টির মধ্যে ১১৪টা হিমঘর ব্যক্তিগত মালিকানায় মুনাফাশীকারীরা চালাচ্ছে যেখানে এক হাজার টাকা করুন নট একসিডিং ওয়ান থাউজ্যান্ট, আর যে মাত্র ২' তিনটি কো-অপারেটিভ সোসাইর হিমঘর কোনমতে চালু আছে তাদের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার না করে তাদের আরো খানিকটা সুযোগ দিন, তাদের উৎসাহিত করুন, তাদের ক্ষেত্রে ৫০ পার্সেন্ট লাইসেন্সিং ফি রিডাকশন করুন, রিডাকশন করে কো-অপারেটিভ সোসাইটি যাতে আরো এগিয়ে আসে, আরো হিমঘর তৈরী করার দায়িত্ব নেয় সেদিকে লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রী মিঃ ব্যানার্জীকে অনুরোধ করবো আমার এই অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করুন। কো-অপারেটিভ সোসাইটি কর্তৃক পরিচালিত হিমঘরের লাইসেন্স ফি অসাধু ব্যবসায়ীদের দ্বারা পরিচালিত হিমঘরের লাইসেন্স ফির সঙ্গে এক না করে কো-অপারেটিভ সোসাইটিকে উৎসাহ দানের জন্য ৫০ পার্সেন্ট রিডাকশন করুন এই হচ্ছে আমার বক্তব্য।

[4-35—4-45 p.m.]

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 4(1), line 4, for the word ' exceeding", the word "below" be substituted.

Sir, I also beg to move that the following proviso be added to clause 4(1) :

> "Provided that in case of cold storage run by a Producers' Cooperative, the licence fee shall not exceed two hundred and fifty rupees and in case of a cold storage run by a Cooperative comprising of small producers or poor peasants the licence fee shall not exceed one hundred and fifty rupees".

Sir, I also beg to move that the following proviso be added to clause 4(2) :

> "Provided that while granting a licence the Licensing Officer should ascertain from the local bodies whether a cold storage of a Producers' Cooperative exists or such Cooperative may be formed in a particular area or a new cold storage is needed further for storing the entire produce in particular area and preference be given to a cold storage run by the Cooperatives".

Sir, I also beg to move that the following proviso be added to clause 4(3):

> "Provided that the renewal fee for the cold storage run by a Cooperative should not exceed fifty per cent of the prescribed fee for the area."

Sir, I also beg to move that in clause 4(7), in line 4, after the word "applicant", the words "within fifteen days from the date of refusal" be added.

Sir, I also beg to move that in clause 4(8), in line 3, after the word "him" the words "within forty-five days after final disposal of the appeal" be added.

স্যার, ক্লজ ৪এ আমার কয়েকটা অ্যামেণ্ডমেণ্ট আছে। প্রথম হচ্ছে যেখানে আছে নট এক্সিডিং ৫০০ সেখানে এক্সিডিং কথাটা তুলে দিয়া বলেছি নট বিলো ৫০০। তারপরে এখানে একটা প্রভাইসো আমি অ্যাড করতে বলছি—প্রভাইসোটা হচ্ছে—

> "Provided that in case of cold storage run by a Producers' Cooperative, the licence fee shall not exceed two hundred and fifty rupees and in case of a cold storage run by a Cooperative comprising of small producers or poor peasants the licence fee shall not exceed one hundred and fifty rupees".

এই প্রভাইসোটা রাখার কারণ সেকশন ৩০এ আমাদের যে প্রাভিশন আছে যে সেটায় কারবার-ক্ষেত্রে কোঅপারেটিভ সোসাইটীকে প্রাইয়োরিটি দেয়া হবে এখন এটুকু যদি আমাদের অগ্রগতি হয় তাহলে সেখানে ভবিষ্যতে আরো প্রচুর কোল্ড ষ্টোরেজ হওয়া দরকার এবং সেখানে আমরা মনে করছি যে বর্তমানে কোল্ড ষ্টোরেজগুলি অধিকাংশ ব্যক্তিগত মালিকানায় পরিচালনা হওয়ার ক্ষেত্রে নানারকম অসৎ উপায় অবলম্বিত হচ্ছে সেক্ষেত্রে অন্ততপক্ষে weightage to the cooperatives কিছু দেয়া দরকার যাতে ব্ল্যাকমানি এবং ফাইন্যান্স কর্পোরেশনের টাকায় প্রতিষ্ঠিত এই কোল্ড ষ্টোরেজগুলির সংগে কোঅপারেটিভ সেকটরে যে কোল্ড ষ্টোরেজগুলি গড়ে উঠবে তা প্রতিযোগিতায় পেরে উঠবে না—সেক্ষেত্রে অন্তত: লাইসেন্সিং ফির ক্ষেত্রে তার শতকরা ৫০ ভাগ হওয়া উচিত যেটা প্রাইভেট সেকটরের ক্ষেত্রে হবে। সেজন্য এই প্রভাইসো দেয়া হয়েছে। তারপরে অ্যামেণ্ডমেণ্ট নং ৯১এ আমি যেটা বলছি সেটা হচ্ছে

> "Provided that the renewal fee for the cold storage run by a Cooperative should not exceed fifty per cent of the prescribed fee for the area."

এখন মাসরুমের মত বহুসংখ্যক কোঅপারেটিভ তৈরী হয়েছে। ভবিষ্যতে যেখানে কোল্ড ষ্টোরেজ তৈরী হবে সেখানে প্রতিযোগিতা যাতে বন্ধ করা যায় সেদিক থেকে নজর দিতে গেলে বা ভবিষ্যতে কোঅপারেটিভ বা স্টেট সেকটরকে ডেভলপ করতে গেলে যেটা প্রয়োজন সেটা হচ্ছে লাইসেন্সিংএর সময় যদি লাইসেন্সিং অফিসারের সেটা খেয়াল না থাকে তাহলে ভবিষ্যতে কোঅপারেটিভ সেকটরকে বাড়াতে পারবেন না। লাইসেন্সিং অফিসার বহু ক্ষেত্রে জেনারেলি এগ্রিকালচারাল সুপারিনটেনডেন্ট বা ডাইরেকটর বা ডিপুটি ডাইরেকটর অব এগ্রিকালচার হবেন—তিনি বহুক্ষেত্রে অন্যান্য ডিপার্টমেন্টের সংগে সংযোগ রাখেন এবং যাতে বিভিন্ন ডিপার্টমেন্টে একটা ইন্টিগ্রেশন হয় এবং সেই ইন্টিগ্রেটেড উপায়ে তিনি যাতে জেনে নেন যে এই

জায়গাতে নূতন কোঅপারেটিভ সেকটরে কেবল কোল্ড ষ্টোরেজ হবে কি না তার যদি পসিবিলিটি থাকে তাহলে প্রাইভেট সেকটরকে লাইসেন্স দেবার প্রয়োজন হয় না। সেজন্য যদি ডাইরেকটিভ না থাকে যে ভবিষ্যতে কোঅপারেটিভকে সম্প্রসারনের ক্ষেত্রে লাইসেন্স দেবার সময় থেকে যদি সুরু না হয় তাহলে কোঅপারেটিভ সেকটরের উন্নতি হবে না। তারপর সেখানে ৪(৩)এ দিয়েছে—এখানে একটা প্রভাইসো অ্যাড করবার কথা বলছি সেটা হচ্ছে—

> "Provided that the renewal fee for the cold storage run by a Cooperative should not exceed fifty per cent of the prescribed fee for the area."

এখন এই কোঅপারেটিভকে ওয়েটেজ দেবার কথা যেখানে বলছি সেখানে রিনিউয়্যালের ক্ষেত্রে যেখানে আছে ২৫০ টাকা সেটা ৫০ পারসেণ্ট অন্ততঃ রিনিউয়্যাল কি হিসাবে কোঅপারেটিভ ষ্টোরগুলির ক্ষেত্রে প্রভাইসো রাখার কথা বলছি। তারপর অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে ৪(৭) ক্লজের ক্ষেত্রে আমি যেটা বলছি সেটা হচ্ছে ঐ অ্যাপ্লিক্যাণ্ট কথা যেখানে রয়েছে সেখানে ঐ অ্যাপ্লিক্যাণ্ট-এর পরে after the word "applicant", the words "within fifteen days from the date of refusal" be added.

এখানে কি করা হচ্ছে, যেখানে লাইসেন্স অস্বীকার করা হচ্ছে বা রিনিউ করতে দেয়া হচ্ছে না বা ক্যানসেল করে দেয়া হচ্ছে সেই অর্ডারটা অন্তত: ১৫ দিনের মধ্যে তাঁর কাছে যাওয়া দরকার। আমি একটা টাইম স্পেসিফাই করতে বলছি। ওঁরা হয়ত বলবেন এটা রেগুলেশনে করা যাবে কিন্তু রিসেণ্টলি কিছুদিন আগে আমরা একটা বিল নিয়ে আলোচনা করেছিলাম যে হাইকোর্ট বহুক্ষেত্রে এটা অসংগতিপূর্ণ বলে বাতিল করে দেন। প্রেসক্রাইবড আথরিটি ইত্যাদির ক্ষেত্রে বাতিল করে দেন, যেমন জেলাপরিষদ্ আইনের ক্ষেত্রে হয়েছে। সেজন্য এখানে স্পেসিফিক্যালী একটা টাইম লিমিট থাকা উচিত যে অন্ততঃপক্ষে লাইসেন্স বাতিল হয়ে গেলে সেখানে কোল্ড ষ্টোরেজে মাল রেখে দিয়েছেন, লাইসেন্স বাতিল হবার পর তাঁকে যে আবেদন করতে হবে সেই অর্ডারটা হয়ত একমাস পরে পৌঁচাচ্ছে তাহলে হায়ারারর৷ তাদের মাল ড্যামেজ হয়ে যেতে পারে এবং মালিক যিনি কোল্ড ষ্টোরেজ পরিচালনা করছেন তাঁকে বহু কমপেনসেশনের সম্মুখীন হতে হবে। সেজন্য এখানে একটা সময় থাকা উচিত যে সময়ের মধ্যে বাতিল করা বা ক্যানসেল করার অর্ডারটা অন্তত: তাঁর কাছে গিয়ে পৌঁছিবে that is within 15 days এটা রাখতে বলছি। তারপর সেকশন ৪(৮)এ এখানে রয়েছে after the word "him" the words within forty-five days after final disposal of the appeal. সেকশন ৪(৮)এ যে বলা হচ্ছে where an application for the grant or renewal of a licence is refused, the fee, paid by the applicant along with the application shall be refunded to him. কিন্তু সভাপাল মহাশয়, মাননীয় সদস্যগণ জানেন যে সরকারের ঘরে টাকা গেলে সেই টাকা ফেরৎ পেতে অন্তত: ১/১॥০ বছর চলে যায়। সেজন্য তাঁর লাইসেন্স রিনিউ করলাম না, সেটা ক্যানসেল করে দিলাম এবারে টাকার ক্ষেত্রে একটা স্পেসিফিক টাইম লিমিট এর মধ্যে থাকা উচিত। সেজন্য সেকশন ৪(৮)এ ৪৫ ডেজ লিমিট সেটা আমি রাখতে চাচ্ছি।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, জয়েন্ট সিলেকট কমিটিতে আলোচনার ফলে আমরা ৫০০ টাকা লাইসেন্স ফি আর রিনিউয়্যাল ফি ২০০ টাকা করেছি এবং কো-অপারাটিভের দিকে তাকিয়েই আমরা ২০০ এবং ৫০০ টাকা করেছি তা না হ'লে হাজার টাকা এবং ৫০০ টাকা হত। অভয়পদবাবু যেটা বলেছেন রিনিউয়্যাল এক বছর অন্তর সেটা আমি মেনে নিতে পারি না। কারণ বছর বছর রিনিউয়্যাল করলে অনেক অ্যাডমিনিষ্ট্রেটিভ ডিফিকালটি আছে এবং লোকের হয়রানিরও ব্যাপার আছে। কাজেই আমরা হাজার টাকা এবং ৫০০ টাকা না করে ৫০০ এবং ২০০ টাকা করেছি কো-অপারেটিভের দিকে দৃষ্টি রেখে।

[4-45—4-55 p. m.]

Shri Apurbalal Majumdar : ২৫০ টাকা কোথায় আছে খুঁজে পাচ্ছি না।

Shri Smarajit Bandyopadhyay : ও হচ্ছে রিনিওয়াল। It is not exceeding Rs.500. Section 3 relates to renewal. Every license granted under this Act shall be valid for a period of 5 years and may, on application by the licensee, in the manner prescribed, and on payment of prescribed fee, not exceeding Rs.200 এই অবস্থাতে আমি amendment গ্রহণ করতে পাচ্ছি না।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 4(3), line 4, for the words "two hundred rupees" the words "one hundred rupees" be substituted, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that in clause 4(3), line 5, for the words 'two years" the words "one year" be substituted, was then put and lost

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 4(1), line 4, for the words "five hundred", the words "one thousand" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the following proviso be added to clause 4(1) :

"Provided that in the case of Co-operative Society, the licensing fee will not exceed fifty per cent of the ordinary licensing fee.",

was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 4(3), line 4, for the words "two hundred", the words "four hundred" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the following proviso be added to clause 4(3) :

"Provided that in the case of Co-operative Society, the licensing fee will not exceed fifty per cent of the ordinary licensing fee.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 4(1), line 4, for the word "exceeding", the word "below" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 4(1) :

"Provided that in case of cold storage run by a Producers' Co-operative, the licence fee shall not exceed two hundred and fifty rupees and in case of a cold storage run by a Co-operative comprising small producers or poor peasants the licence fee shall not exceed one hundred and fifty rupees."

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso b added to clause 4(2) :

"Provided that while granting a licence the Licensing Offic should ascertain from the local bodies whether a cold stora of a Producers' Co-operative exists or such Co-operative ma be formed in a particular area or a new cold storage is neede further for storing the entire produce in particular are and preference be given to a cold storage run by th Co-operatives.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso b added to clause 4(3) :

"Provided that the renewal fee for the cold storage run by a Co-operative should not exceed fifty per cent of the prescribe fee for the area.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 4(7), in line 4, after the word "applicant", the words "within fifteen days from the date of refusal" be added, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 4(8), in line 3, after the word "him", the words "within forty-five days after final disposal of the appeal" be added, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Abhoy Pada Saha : Sir, I beg to move that in clause 5(1), in line 8, after the word "produce" the words "which has to be disbursed to the receipt holder in accordance with such rules as may be precribed" be inserted.

স্যার, ৫নং ক্লজটা খুব গোলমেলে ধারা এটা যেভাবে বিধিবদ্ধ হয়েছে তাতে দেখা যাচ্ছে এতে গোলমালের সৃষ্টি হবে। এতে বলা হয়েছে যে, হিমঘরের লাইসেন্স যদি ক্যানসেল হয়ে যায় তাহলে যারা হিমঘরে জিনিস রাখবে তাদের এ জিনিসের জন্য দায়ি থাকতে হবে। হিমঘরের মালিকদের রিসিট অনুযায়ী হিমঘরের লাইসেন্স ক্যানসেল হয়ে গেলে হিমঘর বন্ধ হয়ে যাবে। জিনিসপত্র যা থাকবে সেসব নষ্ট হবার সম্ভবনা আছে। কিন্তু আইনে বলা হচ্ছে তিনি দায়ি থাকবেন রিসিট অনুযায়ী—এটা কিভাবে হবে তা বুঝতে পারা যাচ্ছে না। সেই হিসাবে amendment দেওয়া আছে যে লাইসেন্স হোল্ডাররা দায়ি থাকবেন। এবং জিনিস যারা ভাড়া করে রেখেছেন সে জিনিস মালিকের দিতে হবে, হিমঘর লাইসেন্স ক্যানসেল হয়ে গেলে হিমঘর চালানর অবস্থায় রাখতে পারে হিমঘরের এ জিনিসগুলো যাতে প্রিজার্ভড হয় সেজন্য বলছি প্রেসক্রাইবড করার জন্য রুলস্ করার জন্য যে ঐ পিরিওডএ যাতে জিনিসপত্র

নষ্ট না হয় তার জন্য Rules করা উচিত। Rules না করলে ঠিক ক্লিয়ার হবে না। সেজন্য আমি বলছি প্রোডিউসারের পর আর কিছুটা সংযোগ করা যেতে পারে which is to be disbursed to the receipt-holder in accordance with such rules as may be prescribed. এটা না বসালে ঠিক ক্লিয়ার হবে না, গোলমেলে অবস্থা থাকবে। সেজন্য আমি amendment দিয়েছি যে হিমঘরে যারা জিনিস রাখবে তাদের স্বার্থের জন্য পরিষ্কার আইন হওয়া দরকার লাইসেন্স ক্যানসেল হয়ে গেলে যারা ভাড়া করে রাখবেন ১০০ মণ জিনিস সংগে সংগে নিতে পারবেন না। জিনিস সরাতে গেলে অনেক সময় লাগবে এসব চিন্তা করে এ ধারাটা যাতে আরও পরিষ্কার হয় তার জন্য rules তৈরী করাতে হবে এ amendment আমি দিয়েছি।

Shri Aswini Roy : I beg to move that the following proviso be added to clause 5(2):

"Provided that the licensee shall be liable for payment of compensation for damage of the agricultural produce stored in a cold storage by hirer till the date of return of the licence by the licensee".

স্যার, আমি বলছি লাইসেন্স এক্সপায়ার করার পর কি অবস্থা হবে কোল্ড ষ্টোরেজে যারা মাল রেখেছে সংগে সংগে সেগুলি ডিসপোজ অফ করা যাবে না। সেজন্য আমি একটা প্রভাইসো দিচ্ছি যে লাইসেন্স মনে করুন হল আজকে তখন ক'দিনের মধ্যে সে ট্রেড ক্যারি করতে পারবে তাকে ডিসপোজ অফ করতে হবে সেজন্য আমি প্রভাইসো দিয়েছি। এখানে তিনি বলবেন এক্ষেত্রে কোন্ date এ লাইসেন্স উইথহেল্ড করা হল সেই date থেকে তার কোন লাইসেন্স থাকছে না, লায়েবিলিটি because of the licence being withheld. তারপর ঐ যে লাইসেন্স উইথহেল্ড হবার পর যিনি হায়ারার মাল রেখেছেন তাঁকে নোটিশ দিল যে cold storage এ আর মাল রাখবার অধিকার নেই এ period-এর মধ্যে damage হতে পারে তখন তিনি কোর্টের কাছে গিয়ে বলবেন যেহেতু আমার লাইসেন্স নেই, উইথহেল্ড হয়ে গেছে, ক্যানসেল হয়ে গেছে সেহেতু আমি আর cold storage-এর মালিক নই। কাজেই যে date এ ক্যানসেল হয়েছে তার পরবর্তী date এ যদি damage হয় তার জন্য আমি দায়ি নই, সেজন্য হায়ারারের খুব অসুবিধা হবে এবং লোকসান হবে। সেজন্য আমি প্রভাইসো দিচ্ছি যতদিন পর্যন্ত না লাইসেন্স রিটার্ন করছে ততদিন সেটা যেন cold storage এর মালিকের উপর আসে। সেজন্য এই প্রভাইসো দিয়েছি এবং মন্ত্রিমহাশয় ভেবে দেখুন এরূপ ধরনের প্রভাইসো থাকার দরকার আছে কিনা যদি আমরা হায়ারারদের সেভগার্ড করতে চাই।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, clause 5 এ আছে—

"shall nevertheless continue to be liable for the agricultural produce already stored with him and shall be bound by the terms and conditions of any cold storage receipts already issued in respect of any agricultural produce".

সুতরাং এরজন্য লায়েবেল কে হবে তার ভয়ের কারণ নেই। তা ছাড়া হায়ারার ইচ্ছা করলেই এর পর প্রভাইসো আছে অন্য cold storage-এ রাখতে পারে। সুতরাং নষ্ট হবার আশঙ্কা নেই বলে এ Amendment গ্রহণ করতে পাচ্ছি না।

The motion of Shri Abhoy Pada Saha that in clause 5(1), in line 8, after the word "produce" the words "which has to be disbursed to the receipt-holder in accordance with such rules as may be prescribed" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 5(2) :

> "Provided that the licensee shall be liable for payment of compensation for damage of the agricultural produce stored in a cold storage by hirer till the date of return of the licence by the licensee",

was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Aswini Roy : I beg to move that in clause 6, in line 4, after the word "produce", the words "and the rate of hire charge for storage" be added.

এই clause 6এ যেখানে রয়েছে agricultural produce, cold storage রিসিট, সেখানে তিনি হয়ত বলবেন রুল রেগুলেশনে এসব ছক কেটে দেবো যে cold storage রিসিটে কি কি থাকবে। কিন্তু আইনত এখানে থাকা উচিত যেখানে স্পেসিফিক্যালি cold storage রিসিট হায়ার চার্জ একটা থাকা উচিত। তার মধ্যে এসেনসিয়ালি এটা থাকবে। সেজন্য আমি বলছি After the word "produce", the words "and the rate of hire charge for storage" be added. যেমন কোন মালিক আলু রেখেছে সেটা মিষ্টি আলু না গোল আলু সেটা যেমন স্পেসিফিক্যালি থাকবে তেমনি ভাড়া কি হবে সেটাও স্পেসিফিক্যালি রিটার্নের মধ্যে থাকবে, সেজন্য ঐখানে কথাটা সংযোগ করতে বলছি।

[4-55—5-5 p.m.]

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এটার সম্বন্ধে আশঙ্কার কোন কারণ নেই। clause 6 says :

> For the agricultural produce stored in a cold storage by each hirer, the licensee shall issue a cold storage receipt in the prescribed form containing particulars relating to the agricultural produce.

এ সম্বন্ধে particular দেওয়া থাকবে prescribed formএ। আমি সমস্ত অ্যামেণ্ডমেন্টের বিরোধী।

The motion of Shri Aswini Roy that in clause 6, in line 4, after the word "produce" the words "and the rate of hire charge for storage" be added was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that the following proviso be added to clause 7 :

> "Provided that such transfer if endorsed in favour of traders who hoard out of higher profits motive will not be acceptable, as it would encourage monopoly trade through transferable cold storage receipts.".

আমার বক্তব্য হচ্ছে এই clause 7 এ, যে, যদি cold storage receipt transferable করা হয়, তাহলে সেই receipt নিয়ে, cold storageএর tradersরা ব্যক্তিগত ক্ষেত্রে, মুনাফার জন্য ব্যবহার করতে পারে। সেখানে traders' favourএ ব্যবহার করা হবে না।

Provided that such transfer if endorsed in favour of traders who hoard out of higher profits motive will not be acceptable as it would encourage monopoly trade through transferable cold storage receipts.

কাজেই আমার মনে হয়, এটা আমার জীবনের অভিজ্ঞতা যে, cold storageএর সুযোগ নিয়ে hiererরা মাল storage করে রাখে cold storageএ বেশী দাম পাবার জন্য। ব্যক্তিগত স্বার্থে ব্যবসায়ীশ্রেণী cold storage ব্যবহার করে, জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে। তাই আমার মনে হয়, এই ধরণের একটা provision থাকা উচিত, যাতে cold storage জনস্বার্থ বিরোধী না হয়।

Shri Aswini Roy : I beg to move that the following proviso be added to clause 7 :

"Provided that in case of sale on distress or on coercion such endorsement for transfer should not be valid and the apropriate authoritity may cancel such transfer.".

আমার এই ১০৩নং সংশোধনী, মাননীয় সদস্য সনৎবাবু যেটা রেখেছেন, তার সঙ্গে প্রায় একই। আমার ভাবটা একটু অন্য রকম হলেও spirit টা একই। প্রত্যেক সদস্যই এই বিলে, distress sale সম্বন্ধে অ্যামেণ্ডমেন্ট উত্থাপন করবার সময় বলে গিয়েছেন, এই transferগুলি হয় কি করে? অনেক সময় আগাম দাদন দিতে হয়, বা অনেক সময় বিশেষ ক্ষেত্রে, টাকার প্রয়োজন হয়। ঐ সব ছোট চাষী, তারা অভাবে পড়ে, অনেক সময়, যে-কোন দামে সেটাকে sale করে দেয়। সেইজন্য এই distress এবং coercion এই যে দুটো অবস্থা আসে, সেটাকে বন্ধ করবার জন্য আইনে একটা রক্ষাকবচ রাখা দরকার। সেইজন্য এখানে এই clause 7এ একটা proviso add করবার জন্য বলেছি। provided that in case of sale on distress or on coercion such endorsement for transfer should not be valid and appropriate authority may cancel such transfer. এখানে অবশ্য prescribed authorityর কথা, ওঁরা যা বলছেন, সেখানে আমি appropriate authorityর কথা বলেছি। তাঁরা যদি বোঝেন যে distress sale করছে, তাহলে সেই distress sale বন্ধ করবার জন্য transferকে invalid করতে পারেন। এই রকম একটা অধিকার থাকা উচিত। সেইজন্য আমি এই বিলে এই provisoটা রাখবার জন্য বলছি।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এঁরা endorsement এর বিরোধিতা করছেন কেন, তা আমি বুঝতে পারলাম না। কারণ ছোট ছোট চাষীদের শুধু যে বড় বড় অবস্থাপন্ন চাষীর কাছে থেকে ঋণ নিতে হয়, তা নয়, তাদের property রেখেও ঋণ নিতে হয়। তাদের property endorse বা transfer করে, গ্রামের কো-অপারেটিভ Bank বা Central Co-operative Bank বা pay office থেকে ঋণ নিতে পারেন। এখানে কোয়ারসন-এর প্রশ্ন ওঠে না। Coercion করলে, সেটা unlawful হয়ে যাবে। এখানে বলাই আছে যে "shall entitle any lawful holder thereof"– coercion করে যদি কেউ টাকা দেন, তাহলে সেটা unlawful হয়ে যাবে। সেইজন্য আমি এই অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারলাম না।

Shri Sanat Kumar Raha : On a point of clarification, Sir, আমার বক্তব্য হচ্ছে, cold storage এর transfer receipt নিয়ে traders'দের ব্যক্তিগত স্বার্থসিদ্ধি করবার সুযোগ আইনে থাকছে। এটাকে আপনি curtail করবেন কি করে? যদি কোন trader ব্যক্তিগত স্বার্থে বেশী মুনাফা করবার জন্য কিছু মাল আটকে রাখে, তাহলে সেখানে hireএর জন্য receipt transferable হবে না ট্রেডারের পক্ষে। কি ভাবে সেটা বন্ধ করবেন ?

Shri Smarajit Bandyopadhyay : এটাও আপনার, আমার কাজ যে, ট্রেডারকে বোঝান তুমি মহাজনের কাছে কবলিত হয়োনা, Bankএর কাছ থেকে ঋণ নাও। কোন মহাজনের কাছ থেকে ঋণ নিয়ে তার কবলে পোড় না।

The motion of Shri Sanat Kumar Raha that the following proviso be added to clause 7 :

> "Provided that such transfer if endoresed in favour of traders who hoard out of higher profits motive will not be acceptable, as it would encourage monopoly trade through transferable cold storage receipts."

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 7 :

> "Provided that in case of sale on distress or on coercion such endorsement for transfer should not be valid and the appropriate authority may cancel such transfer",

was then put and a division taken with the following result :

Noes—66

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri

Karam Hossain, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Ajoy Kumar
Mukherjee. Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Sarkar, Shri Sakti Kumar
Sen Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Singhadeo. Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra

Ayes—17

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Choubey, Shri Narayan
Ghosh, Shri Deb Saran
Lahiri, Shri Somnath
Majumdar, Shri Apurba Lal
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra

Ayes being 17 and the Noes 66, the motion was lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

[5-5—5-15 p.m.]

Clause 8

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 8, in line 3, after the words "prescribed fee", the words "not exceeding fifty paise" be inserted.

এই সংশোধনীটা খুব ছোট। এখন এই যে duplicate cold storage একজন hirer সে হয়ত দুই বস্তা আলু রেখেছে—আলুর দাম হয়ত ৩০ টাকা হবে, এখন সেই ক্ষেত্রে তার রসিদটা হারিয়ে গেছে এখন সে যখন একটা duplicate রসিদ চাইতে যাবে সেই বিকল্প রসিদের জন্য তাকে কি ফি দিতে হবে সেই সম্পর্কে একটা limitation থাকা উচিত। সেজন্য আমি বলছি যে prescribed authorityকে এইটুকু direction দেওয়া উচিত যে ঐ duplicate receipt-এর জন্য ৫০ নয়া পয়সার বেশী না নেওয়া হয়।

Shri Nathaniel Murmu : Sir, I beg to move that in clause 8, lines 2 and 3, the words "and on payment by him of the prescribed fee" be omitted.

সেখানে যে ফির কথা বলা আছে সেখানে আমি বলছি সামান্য একটা রসিদের জন্য ফি আদায় করা উচিত নয়। এটাই বলছি।

Shri Smarajit Bandopadhyay : স্যার, রসিদ হারিয়ে গেলে তার duplication নিতে ফি লাগবে এটা থাকলে একটা deterrent হয়। তাহলে সকলেই মনযোগ সহকারে রসিদ রেখে দেবে। সেজন্য এটা করা হয়েছে। আর অশ্বিনীবাবু যেটা বলছেন prescribed fee not exceeding 50P. এটার দরকার নাই কারণ prescribed fee বলা আছে, prescribed authority এটা ঠিক করবে rules-এ থাকবে। গরীবের কষ্ট না হয় নিশ্চয়ই তা দেখা হবে।

The motion of Shri Aswini Roy that in clause 8, in line 3, after the words "prescribed fee", the words "not exceeding fifty paise" be inserted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 8, lines 2 and 3, the words "and on payment by him of the prescribed fee" be omitted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 9A

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that after clause 9, the following new clause be added :

"9A. Every licensee shall charge only such fees from hirers as may be prescribed by rules made by the State Government."

স্যার, রুল মেকিং পাওয়ারস্ যা দেওয়া আছে রুল ৩০তে সেখানে মাল রাখতে গেলে কি পরিমাণ মালের জন্য কত ভাড়া হিসাবে দিতে হবে সে সম্বন্ধে কোন কিছু বলা নেই।

"sub-clause (2) (b) of rule 30 says that the granting of licences by the licensing officer to persons entitling them to act as weighers, measurers, samplers and graders of any agricultural produce stored or to be stored in a cold storage including the manner of making applications, fees to be paid and qualifications".

যদি উনি বলেন যে হায়ার করার জন্য যে সব কাষ্টমারস্ মাল সেখানে রাখবে তার জন্য আমরা একটা স্পেসিফিক্যালি রুল করে দেবো তাহলে সেখানেও আমি কিছু দেখছি না—

"qualifications necessary for the purpose of the period of validity, the method of obtaining renewal together with the fees to be

> paid for such renewal, or the grounds of cancellation of such licences, and the facilities to be granted and the authorities to be exercised by the holders of such licences".

সেজন্য আমার বিশেষ করে বলার কথা হচ্ছে এই আইনের এই ক্লজের মধ্যে দিয়ে আমরা আশা করেছিলাম যে কাষ্টমারস অর প্রডিউসাররা যে-সব মাল রাখবে হিমঘরে তার একটা ফি এখানে নির্দ্ধারণ করে দেওয়া উচিত তা না হলে আমরা সেই হিমঘরের মালিকদের মুঠোর মধ্যে পড়ে যাবো, তার ইচ্ছামত রুল নিয়ে সে ডিকটেড করবে। সেজন্য আমি এই বিলকে সার্কুলেশনে দেবার জন্য প্রথম পর্যায়ে যে বক্তৃতা করেছিলাম তখন বলেছিলাম যে হিমঘরের rates in West Bengal are higher in relation to the rates in other States, সেজন্য আমাদের এখানে রেটটাকে কমিয়ে আনতে হবে, অন্যান্য জায়গায় যে মণ প্রতি ২৷৷০ টাকা রেট আছে আমাদের এখানে তা করতে হবে। আমাদের পশ্চিমবঙ্গের হিমঘরগুলি ৫ টাকা, ৬ টাকা চার্জ করছে এবং বিভিন্ন ধরণের রেট আছে, একটা ইউনিফায়েড রেট নেই, ভাড়ার সমতা নেই এবং ভাড়া হ্রাস করার কোন প্রভিশন এই আইনে নেই। সেজন্য আমি স্পেসিফিক্যালি এটার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যে রুলস্ তৈরী করবেন ফিস টু বি পেড, রুলস্ ৩০, সাব-সেকসন ২(বি)তে যেটা লেখা আছে সেটা কি ইনক্লুসিভ সেই ফি? কি বলছেন আমি ঠিক বুঝতে পারছি না। এটা কি সেই ফি ইনক্লুড করছে?

Shri Smarajit Bondyopadhyay : আপনি হায়ারারের ডেফিনিশন দেখুন।

Shri Apurba Lal Majumdar : এখানে বলছে

> "hirer means a person who hires on payment of the prescribed charges space in a cold storage for storing agricultural produce and enters into a contract or agreement with the licensee for the purpose".

এই প্রেসক্রাইবড্ চার্জ কি হবে সেটা রুল করে বলবেন। রুলস্ করে যদি বলতে চান তাহলে সেখানে মেনসন করেননি কিছু। এখানে একটা মেনসন আছে ফিস টু বি পেড, চার্জেস টু বি পেড বলে কিছু দেখছি না।

> "entitling them to act as weighers, measurers, samplers and graders of any agricultural produce stored or to be stored in a cold storage including the manner of making applications, fees to be paid".

ফিসতো যেখানে লাইসেন্স করতে যাচ্ছে সেখানে ফিস দিচ্ছে, রিনিউয়াল যেখানে করতে যাচ্ছে সেখানে রিনিউয়াল ফি দিচ্ছে

> "it includes the renewal fee and not the charges to be paid by the hirer এখানে ruleএ কিছু দেখছি না qualifications necessary for the purpose, the period of validity, the method of obtaining renewal together with fees to be paid for such renewal, or the grounds of cancellation of such licences."

এটা থাকা উচিত। এখানে হায়ারার সম্পর্কে উনি বলেছেন যে prescribed charge for space in a cold storage আমরা করবো। কিন্তু প্রেসক্রাইবড্ চার্জ করবে রুল মেকিং পাওয়ার যখন দেওয়া হল এই আইনে ষ্টেট গভর্নমেন্ট সেই রুল মেকিং পাওয়ার হল, কিন্তু চার্জ সম্পর্কে কিছু লেখা নেই। সেজন্য আমি অ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেটাও স্পেসিফিক্যালি হওয়া

উচিত। কারণ, দরের সমতা এবং ভাড়া হ্রাস করাটা এসেনসিয়াল, এটা আমরা চাইছি, এটার স্পেসিফিক্যালি মেনসান থাকা উচিত। রুল মেকিং পাওয়ার করে দেওয়া দরকার, চার্জ সম্পর্কে সেটা বলা নেই বলে মন্ত্রিমহাশয় সেটা ক্লারিফাই করে দিন এটা ইনক্লুসিভ হচ্ছে কিনা। চার্জ কিরকম হবে, সেই চার্জ রুল মেকিং পাওয়ারের হাতে দিয়ে দিন এটাই আমার বক্তব্য।

[5-15 – 5-25 p.m.]

Shri Smarajit Bandyopadhyay : স্যার, অ্যামেণ্ডমেন্টে আছে ফিস ফ্রম হায়রার অ্যাজ মে বি প্রেসক্রাইবড বাই রুলস্ মেড বাই দি গভর্নমেন্ট, আর হাইয়ারারের ডেফিনিশনে আছে ক্লজ ২(৪)

"Hirer,' means any person who hires on payment of the prescribed charges space in a cold storage for storing agricultural produce and enters into a contract or agreement with the licensee for the purpose . ...that is who pays the prescribed charges for storing agricultural produce, etc."

এটাও প্রেসক্রাইবড চার্জের কথা আছে, এখানেও প্রেসক্রাইবড করা আছে। উনি বলছেন ফিস দেননি কেন, চার্জ কেন আছে? গভর্নমেন্ট যেটা আদায় করেন সেটা লাইসেন্স রিনিউ করার সময় ফিস বলা হচ্ছে আর প্রাইভেট পার্টি দেবে বলে চার্জ কথা বলা হচ্ছে ফি না করে। চার্জ মানেই ফি।

The motion of Shri Apurba Lal Majumdar, that after clause 9, the following new clause be added :—

"9A. Every licensee shall charge only such fees from hirers as may be prescribed by rules made by the State Government",

was then put and lost.

Clauses 10 and 11

The question that clauses 10 and 11, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 12

Shri Apurba Lal Majumdar : Sir, with your permission I beg to move that in clause 12(1), line 3, the words "from causes beyond the control of the licensee" be omitted.

স্যার, এই ক্লজ ১২তে সবটাই মনে হয় যে ফাঁক রয়ে গেল। এই ক্লজে ডিসপোজাল অব agricultural produce deteriorating to the cold storage. অর্থাৎ প্রডিউসার যে মাল কোল্ড ষ্টোরেজে রাখছে সেই মালটা ডেটিরিয়োরেট করছে এই মনে করে যখন তখন ইচ্ছা করলে বিক্রি করে দেবার অধিকার লাইসেন্সির আছে। এগ্রিকালচারাল ক্রপস stored in cold storage deteriorate or shows signs that it is about to deteriorate from causes beyond the control of the licensee. এই বিয়ণ্ড দি কণ্ট্রোল অব দি লাইসেনসি এটা আমি অমিট করতে চাই। এটা এইজন্য অমিট করতে চাই যে কোন কজ তার কণ্ট্রোলের মধ্যে কোন কজ তার কণ্ট্রোলের বাইরে এটা কোন ষ্ট্যাটিউটারি বডি ঠিক করে দিচ্ছে? আপনি দেখছেন যখনই এই ক্লজ ১২ অনুযায়ী একজন লাইসেনসি মনে করলো যে ডেটোরিয়েশন হচ্ছে ফর কজেস বিয়ণ্ড দি কন্ট্রোল অব দি লাইসেনসি তখন এল, ও-র কাছে একটা নোটিশ দিলেন এবং হাইয়ারের কাছে একটা

নোটিশ দিলেন টু টেক ডেলিভারি অব দি এগ্রিকালচারাল প্রডিউস ইমিডিয়েটলি এবং হাইয়ারার যদি সংগে সংগে মালটা নেবার বন্দোবস্ত না করে তাহলে তিনি অকসান সেল করে দিচ্ছেন। এই ক্লজের মধ্যে পাওয়ার দেওয়া আছে যে তিনি অকসান সেল করে দেবেন এবং অকসান সেল করার জন্য সমস্ত কষ্টটা তিনি হাইয়ারারের কাছ থেকে আদায় করে নেবেন। এখানে যিনি হিমঘরের অসাধু ব্যবসায়ী তিনি হলেন ওনলি person to determine under section 12, যে এই ডেটোরিয়েশন হচ্ছে ফর ন্যাচারাল cause or for some cause completely beyond his control. স্যার, আমি যদি বুঝতাম যে এই ক্লজের মধ্যে এই ব্যবস্থা থাকতো যে এটা হবার সংগে সংগে লাইসেনসিং অফিসার জানতে পেরে যতক্ষণ পর্যন্ত সেখানে এসে স্যাটিসফায়েড না হন অন দি স্পট অব এনকোয়ারী ততক্ষণ পর্যন্ত লাইসেনসির কোন অধিকার থাকবে না সেই মাল বাইরে নিয়ে গিয়ে নিলামে বিক্রয় করে দেওয়ার। অধিকার যদি এল, ও-র থাকতো তাহলে খানিকটা চেক থাকতো হিমঘরের মালিকের উপর। কিন্তু সেকসন ১২ হচ্ছে ইনডিপেণ্ডেণ্ট ক্লজ, এই ইনডিপেণ্ডেণ্ট ক্লজে আমরা দেখছি কোন রকম চেক করার বন্দোবস্ত নেই এবং লাইসেনসি একটা নোটিশ এল, ও-কে দেবার পর ইট ইজ নট difficult for the L. O. to go and inspect and to certify that it is beyond the control of the licensee.

স্যার, আপনি জানেন আজকাল অনেকে অল্প পয়সা ব্যয় করে বৈজ্ঞানিক পদ্ধতিতে না করে হিমঘর তৈরী করছে যে যেগুলিতে ঠিক অল সাইনটিফিক প্রসেস ফলো করা হয় না, যার ফলে সেগুলিতে সমস্ত জল ঢুকে মালগুলি নষ্ট হয়ে যাচ্ছে এবং অনেক সময় দেখা যাচ্ছে যে বিল্ডিংগুলির ষ্ট্রাকচার তারা এমনভাবে করে যে একটু ঝড় বা বৃষ্টি হলে সেগুলিতে জল ঢুকে ভেসে যাচ্ছে ধসে পড়ছে। এইগুলিকে তারা ন্যাচারাল ক্যালামিটি বলে দেবেন যে ঝড়ে ভেঙ্গে গেছে। স্যার, ১৯৬৫ সালে দুটো হিমঘরের দেওয়াল ধসে পড়ে গেছে, র‍্যাক খসে পড়ে গেছে—এমন এক্সজামপেল বহু আছে। এমনভাবে কনস্ট্রাকসান তারা করে সস্তায় বেশী টাকা ইনভেষ্ট না করে যাতে বেশী মুনাফা পেতে পারে এইভাবে সেগুলি তৈরী করে যার ফলে স্ট্যাকচারগুলি র‍্যাকগুলি ভেঙ্গে পড়ে যাচ্ছে। এখন হিমঘরের যিনি মালিক লাইসেনসী তিনি বলে দিলেন যখন পড়ে গেছে তখন বিয়ণ্ড মাই কনট্রোল। কাজেই হায়ারারকে যদি নোটিশ দিয়ে তিনি নিলামে বিক্রী করে দেন তাহলে দেয়ার ইজ নো চেক—এখানে একটা চেক থাকা দরকার। এখানে দুটো জিনিস থাকা দরকার যে এল, ও-কে এই পাওয়ার দিতে হবে যে এই ধরণের নোটিশ পাওয়ার পর এল. ও. সেখানে যাবেন, ইনকোয়ারী করবেন এবং ইনকোয়ারী করে স্যাটিসফায়েড হয়ে রিপোর্ট দেবেন যে বিয়ণ্ড হিজ কনট্রোল, তার কোন নেগলিজেন্স ছিল না। He is in no way connected with these or responsible for this deterioration, তাহলে হায়ারার যদি না নেয় সেখানে মালিকের বিক্রী করবার অধিকার থাকবে। কিন্তু সেখানে কোন প্রভিসান নেই, কোন ইনডিপেণ্ডেণ্ট অথরিটি নেই চেক করার জন্য, সেজন্য আমি এটা ডিলিট করতে চাচ্ছি। এই কথাটা ফর কজেস beyond the control of licensee. এই দুটো ছাড়া আর কোন উপায় নেই। লাইসেন্সিং অফিসারকে পাওয়ার দিতে হবে যে বিফোর his sale in auction, তাকে স্যাটিসফায়েড হতে হবে অন ইনকোয়ারী—the report will have to be submitted. He must give certificate to the licensee যে হাঁ তার কোন অপরাধ নেই। এটা না করলে এই সমস্ত অসাধু ব্যবসাদাররা যে কোন সুযোগ নিয়ে মাল নিলামে বিক্রী করে নিজেদের বেনামে কিনে নেবে, নিয়ে প্রোডিসারদের কম টাকা দেবার বন্দোবস্ত করবে—এটাই ক্লজ ১২এ করা হয়েছে। কাজেই এই ক্লজের মধ্যে এই সমস্ত লুপহোলগুলি রয়ে গেল এবং আপনারা হ্যাণ্ডেল দিয়ে দিচ্ছেন টু দি লাইসেন্সী অসাধু ব্যবসায়ী মারফত কিছু টাকা আদায় করবার জন্য, সেইজন্য আমি এই অ্যামেণ্ডমেন্টাকে প্রেস করছি।

Shri Aswini Roy : Sir, I beg to move that the following Explanation be added to clause 12(1):

"Explanation.—'Beyond the control of the licensee' means stoppage of electricity beyond the scheduled hour or any other causes arising out of the extraordinary circumstances due to natural calamities as will be prescribed by the authority."

Sir, I beg to move that in clause 12(3), in line 5, after the word "sale" the words "which should not exceed five per cent of the sale proceeds" be added.

Shri Smarajit Bandyopadhyay : স্যার, ক্লজ ২৪এ আছে লাইসেন্সীর কোন নেগলিজেন্সের জন্য যদি মাল নষ্ট হয়ে যায়, লস এবং ড্যামেজ হয় তাহলে কমপেনসেসান দিতে লাইসেন্সী বাধ্য থাকবেন হায়ারার যদি লাইসেন্সিং অফিসারের কাছে কমপ্লেন করে। কিন্তু এমন কতকগুলি কারণ থাকতে পারে যেগুলি লাইসেন্সীর নেগলিজেন্সের জন্য নয়, বিয়ণ্ড কনট্রোল খারাপ হয়ে গেছে এমন হয় অনেক সময় ভাইরাস আছে আলুর মধ্যে আগে হয়ত জানতেন না, কিন্তু পরে বেরিয়ে পড়ল—সেখানে লাইসেন্সীকে লায়াবেল করা অন্যায় হবে। সেই জন্য আমি এই অ্যামেণ্ডমেন্টির বিরোধিতা করছি। আর অশ্বিনিবাবু যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেটা উনি স্পেসিফিক্যালি বর্ণনা করতে চাচ্ছেন বিয়ণ্ড কনট্রোল মানে কি—তবুও সেখানে ভেগনেস থাকছে। সেখানে প্রেসক্রাইবড অথরিটির উপর নির্ভর করা হচ্ছে। সুতরাং আমি এটা আননেসেসারি বলে মনে করছি। কাজেই আমি এই অ্যামেণ্ডমেন্টগুলির বিরোধিতা করছি।

[5-25—5-35 p. m.]

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 12(1), line 3, the words "from causes beyond the control of licensee" be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following Explanation be added to clause 12(1):

"Explanation.—'Beyond the control of the licensee' means stoppage of electricity beyond the scheduled hour or any other causes arising out of the extraordinary circumstances due to natural calamities as will be prescribed by the authority.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 12(3), line 5, after the word "sale", the words "which should not exceed five per cent of the sale proceeds" be added, was then put and lost.

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clause 14

Shri Apurba Lal Majumdar : I beg to move that in clause 14(1), lines 1-2, the words "in the absence of reasonable excuse", be omitted.

স্যার, এখানে আছে ইন absence of reasonable excuse. স্যার, আমি প্রোডিউসার, আমি হিমঘরে মাল রেখেছি, আমি এখন মাল সেখানে থেকে ছাড়িয়ে নিয়ে যাব—তাতে হিমঘরের মালিকরা ইচ্ছা করলে মালটা নাও দিতে পারে। এই ক্লজে কেন এই পাওয়ারটা দিতে চাচ্ছেন—রিজনেবল এক্সকিউজের কি আছে—এভরি licensee shall in the absence of reasonable excuse. কোন্‌টা রিজনেবল আর কোন্‌টা রিজনেবল নয় সেটা কে বিচার করবে? মাল আমি রেখেছি, মালটা আমার এখনি দরকার, এই মুহূর্তে দরকার, মালটা আমি নিয়ে যাব তাতে মালিককে আবার এই পাওয়ার দেওয়া হল যে তিনি মালটা আটকে রাখতে পারেন যদি তার একটা রিজনেবল এক্সকিউজ থাকে। এটা ফ্যানটাসটিক, কেন ইউ আর showing so low. মালিককে সন্তুষ্ট করবার জন্য কি এই কাজটা ইনসার্ট না করলে হয় না? অসাধু ব্যবসাদারদের জ্বালায় তো আমরা মারা যাচ্ছি। এই সমস্ত হিমঘরের মালিকরা তো লক্ষ লক্ষ টাকা মুনাফা লুটছে, তারপরেও আবার কেন তাদের এক্সকিউজ দিয়েছেন? গরীব চাষী দুই মণ মাল রেখেছে, মালটা কালকে দরকার—উনি লিখে দিলেন রিজনেবল এক্সকিউজ, হোয়াট ডাজ ইট মিন? তা যদি থাকে তার জন্য আবার লাইসেন্সিং অফিসারের কাছে যাবে, ডিসট্রিক্ট এগ্রিকালচারাল অফিসারের কাছে যাবে, এক্সকিউজ রিজনেবল কি আনরিজনেবল সেটা ঠিক করার জন্য। কাজেই আমার মনে হয় যে এইরকমভাবে হ্যাণ্ডেল দিয়ে অসাধু ব্যবসায়ীদের তোষণ করার যে চেষ্টা করা হচ্ছে এটা আনথিঙ্কেবল এবং অত্যন্ত লজ্জার কথা। সেই জন্য আমি মনে করি ইট গোজ contrary to the very fundamental reason. এই ধরনের কোন ক্ষমতা হিমঘরের মালিকদের দেওয়া উচিত নয়। কারণ, এটার দ্বারা হিমঘরের মালিকদের সময়মত মাল না দেওয়ার জন্য উস্কানি দেওয়া হচ্ছে। কাজেই এটা আমি বলছি যে ডিলিট করা উচিত।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এখানে উইদাউট আননেসেসারি ডিলে কথাটা আছে। যদি কেউ রাত দুপুরে এসে বলে যে আমাকে মালটা দাও তাহলে তো সে দিতে পারবে না। সেইজন্যই ওটা রাখা হয়েছে। আর সব লাইসেন্সীই অসাধু বা দুর্নীতিপরায়ণ এটা মনে করার কোন হেতু নেই।

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 14(1), lines 1-2, the words "in the absence of reasonable excuse", be omitted was then put and a division taken with the following result :

Noes—57

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban

Hemrm, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Karam Hossain, Shri
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Riakut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Sarkar, Shri Sakit Kumar
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Ziaul Haque, Shri Md.

Ayes - 17

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Choubey, Shri Narayan
Ghosh, Shri Deb Saran
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra

The Ayes being 17 and the Noes 57, the motion was lost.

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 16, in line 5 after the word "produce" the words "giving priority for the agriculturist petty hirer" be added.

স্যার, ১৬ ধারার ৫ লাইনে যেখানে লেখা আছে প্রোডিউসার কথাটা সেখানে প্রাইওরিটি for the agriculturist petty hirer যোগ করতে চাই। কোল্ড ষ্টোরেজে যেসব উৎপাদক-ব্যবসায়ী তাদের প্রাইওরিটি দেওয়া উচিত। যাদের অবস্থা অপেক্ষাকৃত খারাপ তারা কোল্ড ষ্টোরেজের সুযোগ নিয়ে কিছুটা সুবিধা করতে পারে। সেজন্য আফটার দি word "produce" the words "giving priority for the agriculturist petty hirer", পেটি হায়ারারদের প্রাইওরিটি দেওয়া হোক। এটা বললে বিলের কোন গুণগত ক্ষতি

হবে না। সুতরাং আমার মনে হয় এই সেকসানের মধ্যে এটা গ্রহণ করলে পুওর হায়ারার, পেটি হায়ারার আপনারা তাদের প্রাইরিটি দিতে পারেন। আশাকরি এই অ্যামেন্‌ডমেণ্ট তিনি গ্রহণ করবেন।

Shri Smarajit Bandyopadhyay : পেটি হায়ারার কথাটা ভেগ সেজন্য এটা গ্রহণ করা যায় না।

[5-35—5-45 p.m.]

Shri Aswini Roy : I move that the following proviso be added to clause 16 :

"Provided that—

(a) a licensee who is not a producer is not eligible to store agricultural produce in the cold storage in excess of any quantity prescribed in his licence without prior sanction of the Licensing Officer ;

(b) preference for storing of the agricultural produce be given to hirers comprising of the small producers."

অর্থাৎ যে অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি প্রেসক্রাইব্‌ড অথরিটি তাকে লাইসেন্স দেবার জন্য এটুকুন মেনসান করে দেবেন যে 5 per cent হোক বা 10 per cent হোক সে যখন Producer নয় তখন এর বেশী মাল রাখতে পারবে না। আবার যদি দেখা যায় নিজের নামে মাল রাখতে পারছে না অথচ প্রোডিউসার হায়ারারর আসছে না সে ক্ষেত্রে প্রেসক্রাইব্‌ড অথরিটি রিলাক্স করে বলতে পারে বাকি যে ষ্টোরেজ রয়েছে সেটা পূরণ করবার জন্য মাল রাখতে পারেন এরূপ একটা প্রভিসান না থাকলে দুর্নীতির উৎস বন্ধ করা যাবে না।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, cold storage industriesর প্রথম অবস্থায় আমরা discrimination করতে চাই না। Small producer ছাড়া অন্য কেউ cold storage-এ মাল রাখতে যদি চায় তাদের রাখতে দেওয়া হবে না—এটা ঠিক নয়।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 16, in line 5, after the word "produce" the words "giving prioiity for the agriculturist petty hirer" be added, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 16 :

"Provided that—

(a) a licensee who is not a producer, is not eligible to store agricultural produce in the cold storage in excess of the quantity prescribed in his licence without prior sanction of the Licencing Officer ;

(b) preference for storing of the agricultural produce be given to hirers comprising of the small producers".

was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18

Shri Apurba Lal Majumdar : I move that in clause 18, in line 2, after the word "duplicate" the words "by the 7th of every month" be inserted.

I also move that in clause 18, lines 4-6, for the words beginning with "period of three months" and ending with "is submitted", the words "last month" be substituted.

I also move that the following proviso be added to clause 18:

"Provided that a licensee who is not a producer is not eligible to store agricultural produce in excess of the quantity prescribed by rules made by the State Government"

স্যার, এ সেকশনে বলা আছে যে হিমঘরে যেসব মাল রাখা হল তার কোয়ার্টারলি রিটার্ন গভর্নমেন্ট-এর কাছে দিতে বাধ্য থাকবে, এই কোয়ার্টালি রিটার্ন সম্বন্ধে আমার বক্তব্য হল যদি তিন মাস একসংগে কোন রিটার্ন গভর্নমেন্টের কাছে না করেন তাহলে তিন মাসের মধ্যে যে সমস্ত মাল, ষ্টোরিং করলো দুই মাসের মধ্যে সে সব বেরিয়ে চলে গেল তাহলে গভর্নমেন্ট-এর সে সব কন্ট্রোল করার সুবিধা থাকলো না। সেজন্য আমি বলছি quarterly return না করে monthly return করা হোক। এমাসে কি মাল রাখলো সেটা আগামী মাসের ৭ তারিখের মধ্যে লাইসেন্সের রিটার্ন গভর্নমেন্ট-এর কাছে প্লেস করবে যে at present কি ষ্টক আছে, অর্থাৎ কি article হিমঘরের ষ্টকে আছে তার হিসাব গভর্নমেন্ট-এর কাছে থাকবে এবং কন্ট্রোলটা মোর এফেকটিভ হবে। আমার মনে হয় কংগ্রেসীদলের একজন সদস্য বলেছিলেন প্রথম রিডিং-এর সময় যে হিমঘরে যে সমস্ত মাল আছে সে মাল বাইরে নিয়ে এসে কৃত্রিম অভাব দূর করবার জন্য বাজারে ছেড়ে দিয়ে মাল বিক্রি করা উচিত।

আমিত Essential Commedities Act অনুসারে সেখান থেকে মাল ধরে এনে বাজারে বিক্রি করবার ব্যবস্থা করতে পারি, stock seize করতে পারি। আমি এখানে বলছি এই আইনের মধ্যে সেই রকম একটা specific ব্যবস্থা থাকা উচিত ছিল। সময় নেই, ধরে নিলাম সেই Essential Commodities Actএর সুযোগ, গভর্নমেন্ট ইচ্ছা করলে নিতে পারেন, এবং তা play করতে পারেন। কিন্তু মালের, যদি তিন মাসে পরে, on the 4th month হিসাব আসে, তাহলে 4th monthএর হিসাব আসার সঙ্গে সঙ্গে, আবার এই হিসাবটাও আসবে, যে দু মাসের জন্য মাল রেখে, সেই মাল আবার বাজারে বেরিয়ে গিয়েছে। কাজেই effective control by Essential Commodities Actএ যদি আপনারা মাল seize করতে চান, বা মালের stock বাইরে বের করতে চান, আপনারা সেটা করতে পারবেন না। কারণ, তার সমস্ত facts a figures আপনার দখলে থাকছে না। সেইজন্যে quarterly returnএর পরিবর্তে monthly returnই হওয়া উচিত। Monthly returnটা থাকলে, সেই মালের ষ্টক, ছবির মত আপনার কাছে পরিষ্কারভাবে থাকে, এবং কোন সময় যদি দরকার হয় কৃত্রিম অভাব দূর করবার জন্য, গভর্নমেন্ট মনে করেন মার্কেটে ঐ মালগুলি ছেড়ে দেওয়া—দরকার তা আলুই হোক বা অন্য-তরিতরকারি-হোক না কেন বা যাহাই হোক না কেন, যদি ছেড়ে দেবার প্রয়োজন হয়, তাহালে গভর্নমেন্ট সেই facts and figures-কে কার্যকরী করতে পারবেন, এবং Essential Commodities Act টা apply করে, সেই মাল বাজারে বের করে আনতে পারবেন। সেই জন্য monthly return দরকার।

আমার আর একটি অ্যামেণ্ডমেন্ট হল ১২ নম্বর। তাতে আমি বলতে চাচ্ছি একটি fundamental কথা। আমাদের বাংলা দেশে যে ১১৬টি হিমঘর আছে, সেখানে হিসাব করলে দেখ যাবে কো-অপারেটিভের দুটো আমি ছেড়ে দিলাম, আর বাকি যে হিমঘরগুলি তার সঙ্গে বিভিন্ন অসাধু ব্যবসাদাররা তার মধ্যে জড়িত আছেন। তাঁরা করেন কি? নিজেরা যেমন হিমঘরের মালিক, সঙ্গে সঙ্গে তাঁরা আবার ব্যবসাদারও সেজে দাঁড়িয়ে যান। নিজেদের হিমঘরে, আবার নিজেদেরই মাল রেখে, ব্যবসাদার সেজে, সমস্ত মুনাফাটা তাঁরা নেন। অর্থাৎ একদিকে হিমঘরের ভাড়ার অর্থটা অন্যদিকে মাল store করে, বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে, তার মুনাফাটাও নেবার চেষ্টা করেন। অনেক সময় দেখা যায় যে bona fide producers যারা তারা হিমঘরে তাদের মাল রাখতে গেলে পর তাদের বলা হয় যে, আর জায়গা নেই, সব space fill up হয়ে গিয়েছে। Fill up কি হয়েছে? অসাধু ব্যবসায়ী, হিমঘরের মালিক একদিকে যেমন বিভিন্ন spaceটাকে নিজের নামে আগে থেকেই already reserve করে রাখেন, বা বেনামীতে, নিজের পেটোয়া লোক দিয়ে resurve করে রাখেন, সেখানে actual producers যারা তাদের হিমঘর আবশ্যক তারা হিমঘরের সেই facilities পায় না। এটা নিশ্চয় গভর্নমেন্ট নিজেও স্বীকার করবেন যে পশ্চিম বাংলায় যে ১১৬টি হিমঘর আছে, তা প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। এবং আমাদের দেশে কো-অপারেটিভ সোসাইটিগুলি যে immediately আরও প্রচুর হিমঘর তৈরী করে ফেলবেন, তারও সম্ভাবনা নেই। মাত্র তিনটি হিমঘর বর্ত্তমানে তৈরী করবার চেষ্টা করছে কো-অপারেটিভ সোসাইটি। কিন্তু গভর্নমেন্টের State ownershipএ আরও নূতন করে কোন হিমঘর তৈরী করবার পরিকল্পনা আছে বলে আমার অন্ততঃ জানা নেই। কাজেই প্রয়োজনের তুলনায় হিমঘরের সংখ্যা যখন এত কম তখন হিমঘরের বড় বড় মালিক যাঁরা, যাঁরা চার লাখ দশ লাখ টাকা ব্যয় করে হিমঘর তৈরী করেন তাঁরাই যদি আবার ব্যবসাক্ষেত্রে নেমে তাঁদেরই হিমঘরে তাদের নিজেদের মাল রেখে মুনাফা লুঠবার চেষ্টা করেন তাহলে এই আইনের যে মূল উদ্দেশ্য যে agricultural producers বা primary producersদের খানিকটা সুযোগ দেওয়া, সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হবে। বিভিন্ন জায়গায় এই রকম অবস্থা এসে দাঁড়িয়েছে যে primary producersরা হিমঘরে গিয়ে জায়গা পাচ্ছে না এবং তাদের ফেরত পাঠিয়ে দিচ্ছেন হিমঘরের মালিকরা। তার কারন হিমঘরের মালিক তাঁরা নিজেরা ব্যবসাক্ষেত্রে অবতীর্ণ হয়ে বেশীর ভাগ space occupy করে রাখেন তাঁরা নিজেরা বা তাঁদের নিজেদের পেটোয়া লোকদের দ্বারা ভর্তি করে রাখেন। সেইজন্য আমি এ্যামেণ্ডমেন্ট দিয়েছি। হিমঘরের মালিকরা তাদের নিজেদের ঘরের জায়গা বা কোন space occupy করে নিজেদের কোন মাল সেখানে রাখতে পারবেন না। কিন্তু আমি জানি গভর্নমেন্ট তাতে রাজি হবেন না। এখানে যাঁরা বড় বড় পুঁজিপতি তাঁরা হিমঘর রেখে, প্রচুর পরিমানে মুনাফা করছেন তাঁরা এই বিলের দ্বারা আরও প্রচুর পরিমাণে মুনাফা করবার সুযোগ পাবেন। সেইজন্য আমি বলছি যে এখানে একটা prescribe করে দেওয়া হোক, একটা limitation করে দেওয়া হোক এবং গভর্নমেন্ট একটা rule করে একটা prescribe করুন যে হিমঘরের মালিকরা বা প্রতিষ্ঠান তারা এর চেয়ে বেশী জায়গা রাখতে পারবেন না। একটা minimum percentage fix করে দেওয়া হোক যে তার চেয়ে বেশী coverage বা তার চেয়ে বেশী জায়গা হিমঘরের মালিকরা নিজেদের প্রয়োজনে নিতে পারবেন না। তা নাহলে primary producersরা সুযোগ পাবে না, তারা বঞ্চিত হবে হিমঘরের সুযোগ থেকে এবং ঐ অসাধু ব্যবসায়ীরা দু-দিক থেকে সুযোগ নিয়ে আমাদের agriculturist producersদের সমস্ত সুযোগ থেকে বঞ্চিত করবে। সেইজন্য আমি press করছি অন্ততঃপক্ষে অ্যামেণ্ডমেন্ট ১২টির প্রতি বিশেষ করে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে মালিকের পক্ষে সেখানে একটা limit বেঁধে দেওয়া উচিত যে যাতে তারা মাল সেখানে বেশী না রাখতে পারে।

[5-45—5-55 p. m.]

Shri Smarajit Badyopadhyay : মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় আগেই বলেছেন যুক্ত সিলেক্ট কমিটিতে original বিলের অনেক উন্নতি হয়েছে। Return দেওয়া সম্বন্ধে আগে annually ছিল, সেটা quarterly তিন মাসের মধ্যে দিতে হবে। আমরা monthly করতে চাই না। তাতে administrative difficulty হতে পারে। প্রধানতঃ আলুপ্রধান অঞ্চলে হিমঘরের মাসে মাসে return দেওয়ার ব্যবস্থা যদি না থাকে, তাহলে তেমন কিছু ক্ষতি হয় না। আমাদের Fish Control Order-এর বেলায় আলাদা কথা—সেখানে weekly return দরকার।

আর একটা কথা বলা হয়েছে যে producer ছাড়া আর কেউ হিমঘরে মাল রাখতে পারবে না। এরকম সংশোধনী আমি গ্রহন করতে পারছি না।

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 18, in line 2, after the word "duplicate", the words "by the 7th of every month" be inserted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 18, lines 4-6, for the words beginning with "period of three months" and ending with "is submitted" the words "last month" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the following proviso be added to clause 18 :

> "Provided that a licensee who is not a producer, is not eligible to store agricultural produce in excess of the quantity prescribed by rules made by the State Government."

was then put and a division taken with the following result :

Noes—57

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Karam Hossain, Shri
Khan Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada

Pramanik, Shri Puranjoy
Raikut Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy Shri Gonesh Prosad
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Ziaul Haque, Shri Md.

Ayes—14

Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch Shri A H.
Ghosh, Shri Deb Saran
Lahiri, Shri Somnath
Majumdar Shri Apurba Lal
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra

The Ayes being 14 and the Noes 57, the motion was lost.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : Honourable members, before I come to the next clause I will give my ruling.

On the 12th Movember last Shri Sambhu Charan Ghose, after moving his motion for leave to introduce his Bill in Bengali entitled "পশ্চিমবঙ্গ শিক্ষায়তনসমূহে ধূমপান বিধেয়ক (বিল), ১৯৬৫, raised a question of privilege in connection with that Bill.

Referring to provisions of sub-clause (b) of clause (1) of article 348 of the Constitution Shri Ghose pointed out that the authoritative text of a Bill, to be introduced in a House of the State Legislature shall be in the English language and an English translation of the Bill shall be published, according to clause (3) of that article, in the Official Gazette under the authority of the Governor. As his Bill in Bengali has neither been translated in English for an authoritative text nor published in the Official Gazette with an English translation he complains that there has been a breach of privilege. Shri Apurba Lal Majumder has raised a point of order in the same connection. His contention is that no Bill in Bengali can be brought forward in this House, as no law banning the continuance of English under the proviso to article 345 has yet been passed.

Dealing with the question of privilege raised by Shri Sambhu Charan Ghose, I find that article 348 1)(b) provides that the authoritative texts of all Bills to be introduced in the State Legislature shall be in the English language, while 348 (3) provides that an English translation of all Bills introduced in the State Legislature shall be

published in the Official Gazette under the authority of the Governor. Obviously there is a defference between the two expressions, "to be introduced" and "introduced", used in the above two clauses ; but it is to be noted that the provision in clause (3) will prevail "notwithstanding anything contained in sub-clause (b) of clause (1)". This would apparently mean that the English translation under the authority of the Governor is to be made after the introduction of Bills. Further, I am not in a position to appreciate as to how the rights and privileges of honourable members, generally, and, in particular that of Shri Ghose asking for leave to introduce his Bill, are affected by the non-publication of its English translation before introduction at this stage. The practice generally followed in the State Legislatures of Uttar Pradesh, Madhya Pradesh and Bihar, in respect of Private Members' Bills, is to publish the authoritative English text, in the Official Gazette after introduction. In the circumstances I am unable to uphold the point of privilege taken by Shri Ghose.

[5-55—6-7 p. m.]

Dealing with the point of order raised by Shri Apurba Lal Majumdar, I find that section 3 of the West Bengal Official Language Act, 1961, which has been brought into force from the 26th January, 1965, expressly authorises the use of Bengali in Bills introduced in the State Legislatures while section 4 of that Act allows the continuance of English for the same purpose. It is a provision in accordance with the first paragraph of article 345, which authorises the State Legislature by law to adopt Bengali, a language in use in the State, as the language to be used for all or any of the official purposes of the State. The proviso to article 345 has a different purpose ; it allows the continuance of English for so long as the State Legislature does not provide otherwise by law ; that is to say, it authorises the State Legislature to pass a law discontinuing the use of English. This the State Legislature has not yet done. There is thus no case of infringement of article 345, as contended by Shri Majumdar. I am, therefore, of the opinion that there is no substance in the point of order raised by Shri Majumdar. The consideration of the notice of Shri Ghosh for leave to introduce his Bill couched in Bengali language may, therefore, proceed.

Regarding the other point of privilege taken up by Shri Sambhu Charan Ghosh on the 19th November last, in connection with his Bill, his contention is that there has been a breach of privilege as the Governor failed to exercise the power conferred upon her under rule 66 of the Rules of Procedure of this House, since she did not order the publication of the members' Bill in the Official Gazette before introduction. He has further contended that there has been an arbitrary

discrimination between a Private Member's Bill and a Government Bill in asmuch as the former is not published in the Gazette while the latter is usually so published under rule 66, and that such discrimination has resulted in the violation of article 14 of the Constitution.

The rule 66 of the Rules of Procedure of this House reads as follows :

> "The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the Financial Memorandum, if any, accompanying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall not be necessary to publish it again."

From the first part of the said rule it will appear that the power reserved to the Governor is not obligatory and the word 'may' has hence been used. Hence, the fact that no order has been given by the Governor for publication of the said Bill at this stage does not involve any question of privilege. In the latter part of the said rule it is provided that in the event of an order being given by the Governor for the publication of any Bill in terms of the provision contained in the first part of the said rule it will not be any longer necessary to move for leave to introduce the Bill and if it is afterwards introduced, it shall not be necessary to publish it again. In the instant case once leave is granted the Bill will be published in the Official Gazette. I, therefore, find that there is no question of privilege involved in this present case.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the Council

Clause 19

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

Shri Nathaniel Murmu : Sir, I beg to move that in clause 20 (c), in line 2, after the word "stored" the words "in presence of the hirer of the produce" be inserted.

মিঃ চেয়ারম্যান, স্যার, আমার বক্তব্য হচ্ছে যিনি হিমঘরে মাল রাখবেন সেই মালের স্যাম্পেল যখন লাইসেন্সিং অফিসার নেবেন সেই সময় যিনি মাল রাখবেন তিনি যদি উপস্থিত থাকেন তাহলে একটা নিশ্চয়তা থেকে যায় যে কোন্ মালের স্যাম্পেল নিলেন। যিনি মাল রাখবেন তাঁর

অ্যাবসেন্সে যদি লাইসেন্সিং অফিসার মালের স্যাম্পেল নেন তাহলে একটা গোলমালের সুযোগ থাকে। হিমঘরের মালিক, লাইসেন্সিং অফিসার শুধু যদি স্যাম্পেল নেন তাহলে কোন্টার স্যাম্পেল নিয়েছেন সে সম্বন্ধে যিনি মাল রাখবেন তাঁর কাছে নিশ্চয়তা থাকছে না। যে মাল তিনি আনবেন সেই মাল সম্পর্কে নিঃসংশয় হবার জন্য স্যাম্পেল নেবার সময় প্রডিউসারের উপস্থিতি যেন বাধ্যতামূলক করা হয়, এই সামান্য সংযোজনটুকু গ্রহন করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

Shri Aswini Roy : Sir, I beg to move that after clause 20(d), the following be added :

"(e) fixation of the rate of hire charge and alteration of hire charge.

(f) requisition on payment of reasonable price of the whole or part of the agricultural produce stored in the cold storage with a proper notice to the licensee for maintenance of the equilibrim between supply and demand in the market."

স্যার, এখানে আমার বক্তব্য হচ্ছে দুটো জিনিষ লাইসেন্সিং অথরিটির হাতে থাকা উচিত, তাঁকে সেই পাওয়ার দেওয়া উচিত, সেটা হচ্ছে আমার অ্যামেণ্ডমেন্টের আরো দুটো সাব-ক্লজ এ্যাড করতে বলছি, একটা হচ্ছে ফিক্সেশন of the rate of hire charge and alteration of hire charge এই যে হায়ার চার্জের রেটটা করা হয়েছে সেটা ফিক্স করবে কে, না একটা প্রেসক্রাইবড্ অথরিটির কথা বলেছেন, কিন্তু লাইসেন্সিং অফিসারকে সেই ক্ষমতাটা দেওয়া উচিত। ২নং কথা হচ্ছে, বিলের উদ্দেশ্য বলা হয়েছে যে মূল্যসমতা এবং বাজারের চাহিদা যাতে মেটান যায় সেইজন্য এই বিলটা করা হচ্ছে। এই যে সাবমিশন অব কোয়ার্টারলি রিটার্নস টু দি হায়ারার এটা ভাল কাজ করা হল, অন্ততঃ তিন মাস পরেও আমাদের সরকার জানতে পারবেন যে কি পরিমাণ আলু আমাদের হিমভাণ্ডারে আছে। কিন্তু বর্তমানে কি দেখা যায়, না বাজারে একট অভাব সৃষ্টি করে দামটা বাড়িয়ে দেয়। সেই দাম বাড়ানটা বন্ধ করতে গেলে অন্ততঃ লাইসেন্সিং অথরিটির হাতে ক্ষমতা থাকা উচিত যিনি প্রয়োজনবোধে হিমভাণ্ডারে যে সব জিনিসপত্র আছে, যিনি হোল্ডার এবং লাইসেন্সি এই দু'জনকে প্রপার নোটিশ দিয়ে তাদের ঐ যে আলু বা কিছু আছে তা যাতে রিকুইজেশন করতে পারেন অ্যাট ফেয়ার প্রাইস সেইজন্য এই দুটো সাব-ক্লজ আমার অ্যামেণ্ডমেন্টে এ্যাড করবার কথা বলেছি। বাজারে চাহিদা এবং সরবরাহ এই দুটোর সমতা রাখবার জন্য প্রয়োজন হলে লাইসেন্সিং অফিসার কোল্ড ষ্টোরেজে যে সমস্ত জিনিস থাকবে সেগুলি রিকুইজেশন করতে পারবেন অন পেমেণ্ট অব ফেয়ার প্রাইস এই অ্যামেণ্ডমেণ্ট আমি রেখেছি।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এখানে প্রেসক্রাইবড চার্জের কথা অলরেডি আছে—ফিক্সেসন of the rate of hire charge ইত্যাদি আছে। এই বিলটা রিকুইজিসন করার উদ্দেশ্যে নয়। সুতরাং এটা আননেসেসারী বলে আমি মনে করছি। আর শ্রী মুর্মু যে প্রশ্ন তুলেছেন সেটা হচ্ছে ইন দি প্রেজেন্স অব দি হায়ারার সেটা সব সময় সম্ভব নয়। একজন লাইসেন্সিং অফিসার খবর পেলেন যে কোন অন্যায় কাজ হচ্ছে তিনি গিয়ে স্যাম্পল নেবেন তখন হায়ারার যদি না যান তাহলে কিছুই হবে না।

The motion of Shri Nathaniel Murmu that in clause 20(c), in line 2, after the word "stored" the words "in presence of the hirer of the produce" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that after clause 20(d), the following be added :

"(e) fixation of the rate of hire charge and alteration of hire charge,

(f) requisition on payment of reasonable price of the whole or part of the agricultural produce stored in the cold storage with a proper notice to the licensee for maintenance of the equilibrium between supply and demand in the market.",

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-7 p.m. till 1 p.m. on Friday, the 17th December, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 17th December, 1965, at 1 p.m.

Present :

Mr. Chairman (Shri NARENDRA NATH SEN) in the Chair, 6 Ministers, 3 Ministers of State and 133 Members.

[1—1-10 p.m.]

OBITUARY

Mr. Chairman : Honourable Members, before we commence the day's business, I am to refer to the passing away of the great literary luminary Somerset Maugham. When he visited India it was not the Taj or the temple at Madura which impressed him. He was moved by the picture of the Indian peasant. He said, "It was the peasant, terribly emaciated, with nothing to cover his nakedness but a rag round his middle, the colour of the sun-baked earth he tilled ; the peasant shivering in the cold dawn, sweating in the heat of the noon, working still as the sun set red over the parched fields, the starveling peasant toiling without cease in the north, in the south, in the east, in the west, toiling all over the vastness of India, toiling as he had toiled from father to son back, back for three thousand years when the Aryans had first descended upon the country, toiling for a scant subsistence, his only hope to keep body and soul together. That was the sight that had given me the most poignant emotion in India."

We condole his death.

I would now request you, Honourable Members, to stand in silence for two minutes as a token of respect to the memory of the departed great.

(Honourable Members stood in silence for two minutes.)

STARRED QUESTIONS

to which oral answers were given

Expenditure for the welfare of Scheduled Castes and Tribes people of Murshidabad district

***468.** (Admitted question No. *1708) **Shri Sanat Kumar Raha :** আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৩-৬৪ সালে ও ১৯৬৪-৬৫ সালে মুর্শিদাবাদ জেলায় আদিবাসী ও তপশীলী জাতির কল্যাণের জন্য কত টাকা বরাদ্দ ছিল এবং কত ব্যয়িত হয়?

Shri Tenzing Wangdi : The amount allotted and the amount actually spent during 1963-64 and 1964-65 for the welfare of Scheduled Tribes and Scheduled Castes of Murshidabad district are as follows :

	1963-64		1964-65	
	Allotment	Actual expenditure	Allotment	Actual expenditure
	Rs.	Rs.	Rs.	Rs.
Scheduled Tribes	99,978	91,367	1 58 804	86,116
Scheduled Castes	1 13,215	1,09,365	2,87,231	1,85,204

Shri Sanat Kumar Raha : দুই বৎসর আদিবাসী কল্যাণ দপ্তরের যে ব্যয়বরাদ্দ যা হয়েছিল সে টাকা খরচ করতে পারেন নি। এই থেকে দেখা যায় ১৯৬৩-৬৪ সালে আদিবাসীদের জন্য ৮ হাজার টাকা কম খরচ হয়েছে, তপশীলীদের জন্য ৪ হাজার টাকা কম খরচ করেছেন। ১৯৬৪-৬৫ সাল আরো ভয়াবহ। এ সময় আদিবাসীদের জন্য ৭২ হাজার টাকা এবং তপশীলীদের জন্য ১ লক্ষ ২ হাজার টাকা কম খরচ করেছেন। তাহলে বোঝা যাচ্ছে ক্রমশ: আদিবাসী কল্যাণ দপ্তরের কাজ অগ্রসর না হয়ে অবনতি হচ্ছে। কি কারণে এই পরিমাণ টাকা তারা খরচ করতে পারছেন না।

Shri Tenzing Wangdi : Sir, I admit that our performance for the year 1964 65 in the district of Murshidabad was not satisfactory. The main reason was that in some of the principal items, the amount allotted could not be spent. On further enquiry, Sir, I came to know that unfortunately the Officer-in-charge of that district could not co-ordinate properly with the other officers—officers like Kanungo, Block Development Officer, etc, in a suitable manner and that was one of the reasons why our performance was so bad for the particular year.

Shri Sanat Kumar Raha : Will the Hon'ble Minister be pleased to state whether that officer is still in the office ?

Shri Tenzing Wangdi : Sir, I can tell the House that in view of his unsatisfactory performance in the particular district, he has been transferred from Murshidabad ro Midnapur now.

Shri Sanat Kumar Raha : Will the Hon'ble Minister be pleased to state what are the machinery for propaganda work regarding this disbursement of the amount allotted by the Government for the welfare of the Scheduled Castes and Tribes ?

Shri Tenzing Wangdi : For the purpose of propaganda we have got Subdivisional Publicity Officers and under the existing arrangements they are directly under the District Publicity Officers. They did necessary publicity for various schemes that we undertake.

Shri Sanat Kumar Raha : Will the Hon'ble Minister be pleased to state whether these allotted funds for distribution are in form of Anchal Panchayat Raj, Anchal Parishad or Zilla Parisad ?

Shri Tenzing Wangdi : In each district we have Advisory Committee consisting of various members and they meet from time to time and in these meetings these informations are given to the members.

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister be pleased to state whether he is aware that in 1964 there was a proposal that the amount not spent for the Scheduled Castes and Scheduled Tribes will be adjusted to the next year ? Is that suggestion still in force ?

Shri Tenzing Wangdi : The amount not spent during the particular year is to be allotted to the following year, provided that period falls within the Plan period

Shri Abhoy Pada Saha : মন্ত্রিমহাশয়ের কি জানা আছে যে, ১৯৬৪-৬৫ সালে বহু দুস্থ আদিবাসী ছাত্র আবেদন করেও তারা সরকারের কাছ থেকে মুর্শিদাবাদ জেলায় কোন সাহায্য পায় নি এবং সেই দুস্থ ছাত্রদের পড়ার ব্যাঘাত হচ্ছে এবং তাদের পড়া স্থগিত রাখতে হয়েছে ?

Shri Tenzing Wangdi : I find from the informations that are gathered that this is one of the items for which the entire amount was not spent but a certain amount was spent.

[1-10—1-20 p. m.]

Shri Birendra Narayan Ray : আপনি বললেন যে বর্তমানে যিনি District Tribal Welfare অফিসার ছিলেন, তাঁকে মেদিনীপুর কো-অপারেটিভে transfer করা হয়েছে মুর্শিদাবাদ ডিষ্ট্রিক্ট থেকে। মুর্শিদাবাদ থেকে এঁকে transfer করবার পূর্বে, তিনি মালদহে Tribal অফিসার ছিলেন, সেই সময়, সেখানে তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ পেয়েছিলেন কি ?

Shri Tenzing Wangdi : আমার ঠিক জানা নেই।

Shri Sanat Kumar Raha : Will the Hon'ble Minister be pleased to state the functions of the present District Officer in charge of Tribal Welfare and whether his performance is found to be satisfactory to the Government or not ?

Shri Tenzing Wangdi : The present officer joined some time in April and his performance from April up to now is quite satisfactory and from his performance I can say that the right type of officer has been placed there.

Shri Birendra Narayan Ray : আপনি যে বলেছেন অনেকে মজুরীর টাকা খরচ করতে পারেনি। যেমন মগ্‌রা আদিবাসী স্কুলের hostel-এর জন্য ২০ হাজার টাকা sanction করা হয়েছিল, এই ডিষ্ট্রিক্ট অফিসারটিকে ঘুষ না দেওয়ার জন্য আজ পর্যন্ত তাঁরা টাকা পাননি। এ বছর সেই টাকা না পেলে, সেটা lapse হয়ে যাবে। এ সম্বন্ধে আপনি অনুসন্ধান করে দেখবেন কি ?

Shri Tenzing Wangdi : আপনি আমাকে এ সম্বন্ধে সমস্ত particular দেবেন, আমি নিশ্চয় দেখবো।

Shri Sanat Kumar Raha : একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আদিবাসী কল্যাণ প্রতিষ্ঠান দপ্তরের অফিসারদের মধ্যে এমন একটা অবস্থা সৃষ্টি হয়ে আছে যে, আমরা লোক পাঠালেও, তাঁরা সেখানে গিয়ে যোগাযোগ করতে পারেন না, এবং তাঁদের নিজেদের যে সমস্ত পেটোয়া লোক আছে, তাঁদের মারফৎ টাকাপয়সা নিজেদের মধ্যে বন্টন করে নেবার সুযোগ সৃষ্টি করে নেন, এবং কিছু পয়সা ঘুষ দিতে হয়। এই রকম অবস্থা সারা বাংলা দেশের মধ্যে চলছে। এ সম্পর্কে আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে আমার অভিজ্ঞতা থেকে বললাম। এ সম্পর্কে কোন রিপোর্ট মাননীয় মন্ত্রিমহাশয়ের নজরে আজ পর্যন্ত এসেছে কি না ?

Shri Tenzing Wangdi : As far as I can remember, I got a particular report from the honourable member in connection with the misbehaviour of that officer and I took necessary action, and that is one of the reasons why he had been removed from there. If I get similar reports, I shall certainly take action.

Shri Birendra Narayan Ray : এই যে ডিষ্ট্রিক্ট অফিসারটির কথা বললেন, উনি যখন মালদহে ছিলেন, তখন তিনি suspended হয়েছিলেন। কিন্তু উপর মহলের সহায়তা থাকার দরুন, তিনি তাঁর পূর্ব পদে অধিষ্ঠিত হন। এবারও কি সেই রকম হবে ?

Shri Tenzing Wangdi : না, তা হবে না।

Shri Bhadra Bahadur Hamal : ঐ অফিসারকে আপনি অন্য জায়গায় বদলি করে দেবার পর, তাঁর স্থানে যে অফিসারটি এসেছেন, তিনি কি ভালভাবে কাজ করছেন, জানেন ?

Shri Tenzing Wangdi : হ্যাঁ, ভালভাবেই কাজ করছেন।

Procurement of paddy through Co-operative Societies in Burdwan district

***469.** (Admitted question No. *2077.) **Shri Aswini Roy :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলায় আমন ধান্য ক্রয়ের জন্য সমবায় সংস্থাগুলিকে ভার দেওয়া হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সদর মহকুমায় থানা ভিত্তিতে ঐরূপ সংস্থাগুলির নাম ;

(২) প্রতিটি সংস্থাকে মূলধন বাবত সাহায্য, পৌনঃপুনিক সাহায্য ও গুদামভাড়া বাবদ সাহায্য ; এবং

(৩) ক্রয় আরম্ভের তারিখ ?

Shri Tenzing Wangdi : (a) Yes.

(b) (i) Twenty-three co-operative societies have been appointed as D.P. agents in the Sadar subdivision of the Burdwan district. The list of names is placed on the Library Table.

(ii) No direct financial assistance by way of working capital has been given by Government to these societies. An arrangement has been made for the advance by the Burdwan Central Co-operative Bank Ltd. of loan not exceeding Rs.1 lakh per society for the purchase of paddy under the guarantee of the State Government. A Government officer has been appointed to act as Executive Officer of each of the societies at Government cost At those purchasing centres where the societies have no godowns of their own, they may hire godowns in connection with the paddy procurement programme with the permission of the S.D Os. Each society may be given subsidy for hiring godowns at the rate of Rs.50 per month per godown, the total subsidy per godown not exceeding Rs.200.

(iii) The scheme of paddy purchase by co-operatives may be said to have started from 5th November 1965 The co-operative institutions under the scheme started purchase of paddy on different dates according to circumstances.

*List of names referred to in reply to (b) (i) of question No, *469*

Thana		Names of Societies
Burdwan	1.	Burdwan Thana Co-operative Agricultural Marketing Society Ltd.
Memari	2.	Debipur Union Co-operative Agricultural Credit Society Ltd.
	3.	Nabastha Union ,, ,, ,,
	4.	Kuchut Union ,, ,, ,,
	5.	Bijur Union ,, ,, ,,
	6.	Memari-Manteswar Processing Society Ltd.
	7,	Paharhati-North Memari Co-operative Agricutural Marketing Society Ltd.
	8.	Durgapur Union Co-operative Agricutural Credit Society Ltd.
	9.	Hatdoluibazar ,, ,, ,,
	10.	Poluibazar ,, ,, ,,
	11.	Nimo ,, ,, ,,
	12	Ahmadpur ,, ,, ,,
	13.	Gopgantar ,, ,, ,,
	14.	Burdwan Central Marketing Society Ltd.

Thana		Names of Societies
Ausgram	15.	Guskara Co-operative Multipurpose & Marketing Society Ltd.
	16.	Ausgram Block 2 Co-operative Agricultural Marketing Society Ltd.
	17.	Dirghanagar Union Co-operative Agricultural Credit Society Ltd.
	18.	Bilwagram Union ,, ,, ,,
	19.	Ausgram Union ,, ,, ,,
Bhatar	20.	Bhatar Co-operative Agricultural Production and Marketing Society Ltd.
Galsi	21	Galsi Thana Co-operative Agricultural Marketing Society Ltd.
Raina	22.	Raina-Khandaghosh Co-operative Agricultural Production & Marketing Society Ltd.
Jamalpur	23.	Jamalpur Thana Co-operative Agricultural Marketing Society Ltd.

Shri Aswini Roy : মাননীয় সভাপতি মহাশয়, এই কোশ্চেনটি খুব জরুরী বলে একটু সময় নেবো। মন্ত্রিমহাশয় বললেন যে এক লক্ষ টাকা করে প্রত্যেকটি কো-অপারেটিভ সোসাইটিকে Central Co-operative Bank থেকে loan বা ঋণ দেওয়া হচ্ছে, কিন্তু সরকার দিচ্ছেন না। তাহলে এই যে বর্দ্ধমান প্রভৃতি জেলায় ২৩টি সমিতির আপনি নাম করলেন, এই ২৩টির মধ্যে ১২টি সমিতি হচ্ছে মেমারী থানায়, তাহলে এই ১২টি সমিতিকে ১২ লক্ষ টাকা দিচ্ছেন, এবং অন্যান্য থানায়, যেমন সদর থানায় দেওয়া হচ্ছে এক লক্ষ টাকা, এবং ভাতার থানায় এক লক্ষ টাকা। এক লক্ষ টাকা আপনারা যদি দেন, তাহলে তা দিয়ে, ৬৬৬ থেকে ৬৬৭ মণ ধান কেনা যায়। এই যে একটিমাত্র করে সোসাইটি প্রতিটি থানায় করছেন এবং তাকে এক লক্ষ টাকা দিচ্ছেন, তাহলে, কৃষকরা যখন বাজারে ধান বিক্রয় করতে আসবে ভবিষ্যতে, তখন তাদের ধান সোসাইটি কিনবে কি করে ?

Shri Tarun Kanti Ghosh : ব্যাপারটা হচ্ছে, এক লক্ষ টাকা তাকে দিলাম, তা দিয়ে সে যতটা ধান কিনলো, সঙ্গে সঙ্গে সে ফুড ডিপার্টমেণ্টের assembled pointএ এসে সেটা দিয়ে দিলো, এবং সঙ্গে সঙ্গে সে payment পেয়ে গেলো। অর্থাৎ এই টাকাটা রোল করবে। আমাদের এই এক লক্ষ টাকা দিয়ে, যদি দরকার হয়, সে ১০ লক্ষ টাকার ধান কিনতে পারবে। এই হচ্ছে আমাদের স্কিম।

Shri Aswini Roy : এই যে টাকাটা roll করছে বলছেন কিন্তু, সেই টাকাটাত ৭ দিনের আগে clear হচ্ছে না। ধরুন আজকে আমি ঐ টাকা দিয়ে ছয়শো মণ ধান কিনলাম, তারপর ত আমি ৭ দিন আর কিছু কিনতে পারছি না, যতক্ষণ পর্যন্ত না, সেই টাকাটা clear হচ্ছে ?

Shri Tarun Kanti Ghosh : আপনি যে কথা বলছেন, আমি জানি তিনচার বার ওখান থেকে ঘুরে এসেছি, দেখেছি কি difficulty আছে। ওখানে refraction নিয়ে গোলমাল বেধেছিল আপনার ফুড ডিপার্টমেণ্টকে যেগুলি তারা বিক্রি করবে, সেগুলি খুটিনাটি গোলমালের জন্য তাদের পক্ষে অসুবিধা হয়ে গেছে। ধরুন কেউ একশো মণ ধান বিক্রি করছে তাতে 5% refraction বেরুলো ; কিন্তু ফুড ডিপার্টমেণ্ট ২½% এর বেশী নেবে না। অতএব এই

সমস্ত কারণে যতক্ষণ না ফয়সালা আমরা করছি ততক্ষণ আমাদের লোকসান হয়ে যাবে। Co-operative সোসাইটীর সেইজন্য কিছুদিনের জন্য দেরি হয়ে গেছে। কাল এর ফয়সালা হয়ে গেছে। এখন যা হবে শুরু করা হবে।

Shri Aswini Roy : ফয়সালা কি হয়েছে ?

Shri Tarun Kanti Ghosh : আগে 2½ per cent পর্যন্ত refraction allow করছিলাম, এই আড়াই পার্সেন্ট refraction এর জন্য double rate এ fine করছিলাম। এখন সেটা ঠিক হয়ে গেছে fine করবো না, আড়াই পার্সেন্ট পর্যন্ত allow করবো, আমরা Co-operativeগুলিকে জানিয়ে দিচ্ছি যে তোমরা দেখে নিও যে আড়াই পার্সেন্ট হচ্ছে কিনা। তারা যেগুলি আগে কিনে নিয়েছিল, তাতে লোকসান যাতে না হয় তার জন্য বন্দোবস্ত করছি।

Shri Aswini Roy : এই যে আপনি বলছেন আড়াই পার্সেন্ট refraction allow করছেন, কিন্তু আমাদের কাছে Co-operative Societyর representative এসেছে তাঁরা বলেছেন যে এটা সাড়ে তিন পার্সেন্ট না হলে Co-operative-এর লোকসান হবে। এটা আরো 1% বাড়াবার জন্য গভর্নমেন্ট কী করছেন ?

Shri Tarun Kanti Ghosh : তা নয় অশ্বিনীবাবু; আমরা অনেক সময় এবিষয়ে কথা কই না। ওরা বললো যে চিরকাল ধরে গভর্নমেন্ট যে আইনে কিনে এসেছে, তার বেশী করা তো ঠিক হবে না। ধরুন একমণ ভিজে ধান কিনলে পরে ৩।৪ সের কম হয়ে যাচ্ছে, অর্থাৎ আসলে ৩২।৩৬ সেরের বেশী কেনা হচ্ছে না। তারপর যদি দেখা যায় ২।৩ সের ধুলো থাকে, তাহলে তো ভয়ানক লোকসান হয়ে যাবে। তারজন্য আমরা বলে দিচ্ছি Co-operativeকে যাতে আর লোকসান না হয় তা দেখবার জন্য সেটা Co-operative মারফত হোক, আর ফুড ডিপার্টমেন্ট মারফত হোক, কিন্তু ভবিষ্যতের জন্য আমরা পরিষ্কার করে জানিয়ে দিয়েছি কালকের সিদ্ধান্তটি যে আড়াই পার্সেন্টের বেশী refraction যেন না থাকে Co-operative এ যদি বিক্রি করতে আসে তাতে ১০ সের ধুলো নিয়ে এলে তো চলবে না!

Shri Aswini Roy : এই যে আপনি বললেন টাকাটা roll করবে এখন তাহলে এক একটা থানা Co-operativeকে কিনবার অধিকার দিয়েছেন; তাহলে বাকি অঞ্চলে আপনারা কি কোন ব্যক্তিগত agent বা ঐ প্রাইমারী সোসাইটীকে তাদের কি agent হিসেবে নিয়োগ করছেন ?

Shri Tarun Kanti Ghosh : আপনি কি ঘুরে আসেন নাই আপনার এলাকা? আমরা যে নিয়ম করেছি তা আপনার জানা উচিত। আমরা নিয়ম করেছি Bank থেকে টাকা দিলাম Central Marketing সোসাইটিকে, সেই Marketing Societyকে feed করবার জন্য এক গাদা প্রাইমারী সোসাটি রয়েছে এই সমস্ত Primary Society will be fed by Central Co-operative Society. এই যে এক লক্ষ টাকা তাঁরা নিচ্ছেন, এই টাকাটা এরা দেবেন প্রাইমারী সোসাইটিগুলোকে। সেই টাকা roll করবে, অতএব really speaking একটা যে Marketing Society কাজ করছে তা নয় ব্যাংকের হাত দিয়ে Primary Society গুলি কাজ করবে।

Shri Aswini Roy : এই যে আপনি বললেন যে প্রাইমারী সোসাইটিগুলি দিয়ে কাজ করাবেন কিন্তু একটি থানার হেডকোয়ার্টারে যেখানে assembly point সবচেয়ে বড়, সেই জায়গাতে Marketing Societyর উদ্বৃত্ত capital যদি না থাকে, তাহলে তারা

ধান কিনতে পারবে না এবং এই রকম ঘটনা ঘটেছে। সেই সম্পর্কে ঐ থানা সেটাবে বা ঐ assemblage pointটা যেখানে বড় সেখানে more capital investmentএর ব্যবস্থা করছেন কিনা ?

Shri Tarun Kanti Ghosh : আপনাকে জানাতে পারি এবং আপনার মারফৎ সমস্ত কো-অপারেটিভকে জানাতে পারি আমাদের এই ধান কেনার ব্যাপারে তারা অগ্রগণ্য, অগ্রাধিকার এই কো-অপারেটিভকেই দেওয়া হয়েছে, কাজেই একথা নিশ্চিত বলতে পারি যে ধান কেনার ব্যাপারে তাদের টাকা পাবার কোন অসুবিধা হবে না।

[1-20—1-30 p. m.]

Shri Sanat Kumar Raha : হিসাব করে দেখুন কোন এলাকায় যদি হাজার মণ ধান এসে যায় তাহলে ৬ শত মণ কেনার পর কো-অপরেটিভকে বলতে হবে যে টাকা নেই আজকের মত, এই অবস্থা দাঁড়াচ্ছে কিনা ?

Shri Tarun Kanti Ghosh : এক সঙ্গে যদি হাজার মণ ধান এসে যায় কোন এলাকায় তাহলে সেই রকম এলাকার জন্য বেশী টাকা দেবার জন্য চিন্তা করছি।

Shri Aswini Ray : এই যে বললেন একজন একজিকিউটিভ অফিসার সরকারপক্ষ নিয়োগ করবেন, তিনি কি ইনসপেক্টারের গ্রেডের সমান হবেন, না তাঁর স্কেল অব পে কি হবে ?

Shri Tarun Kanti Ghosh : তা এখন বলতে পারবো না।

Shri Ananda Gopal Mukhopadhyay : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন বর্ধমান জেলায় একমন কোন সমবায় সমিতি আছে কিনা যারা এই ধান সংগ্রহের কাজ ঠিকভাবে করছে না।

Shri Tarun Kanti Ghosh : এখনও পর্যন্ত পুরো রিপোর্ট আমি পাইনি, আমরা ডিটেল জানি না কোন্ কোম্ জায়গায় করছে।

Shri Ananda Gopal Mukhopadhyay : মাননীয় মন্ত্রিমহাশয় কি তদন্ত করে দেখবেন যে বারবী এবং মন্তেশ্বর থানা কো-অপরেটিভ সোসাইটি যেটা কম্যুনিস্ট পরিচালিত তারা ইচ্ছাকৃতভাবে সরকারের এই নীতিকে বানচাল করবার জন্য ধান ক্রয় করছে না ?

Shri Tarun Kanti Ghosh : আমি এটা খোঁজ করে দেখবো।

Shri Ananda Gopal Mukhopadhyay : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যদি এই সংবাদ সত্যি হয়, তাহলে তিনি বলবেন কি ঐ সমিতি ধান কেনার জন্য সেন্ট্রাল কো-অপরেটিভ ব্যাংক থেকে টাকা নিয়ে বসে আছে কিনা ?

Shri Tarun Kanti Ghosh : আমি আগেই বলেছি মাননীয় সদস্য আনন্দবাবুকে যে কোন পার্টিকুলার সমিতি সম্বন্ধে যদি সংবাদ দিতে হয় তাহলে সেটা খোঁজ না নিয়ে আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Narayan Choubey : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ডেবরা কো-অপরেটিভ যার নেতারা হচ্ছেন কংগ্রেসী, এবং যার নেতা হচ্ছেন সন্তোষ মুখার্জী, এম, এল, এ, তাঁরা একমণ ধানও কেনেননি ?

Shri Tarun Kanti Ghosh : আমি আগেই বললাম যে পার্টিকুলার কো-অপরেটিভ সম্বন্ধে খোঁজ না নিয়ে বলতে পারবো না।

Shri Narayan Choubey : মেদিনীপুরের যে সব কংগ্রেসী নেতা, জোতদার, তাঁরা এই নীতিকে বানচাল করবার জন্য চেষ্টা করছেন, এটা কি জানেন ?

Shri Tarun Kanti Ghosh : আমরা জানি বিভিন্ন জায়গায় সমস্ত রাজনৈতিক কর্মী যারা, কংগ্রেসত বটেই, অন্যান্য রাজনৈতিক কর্মী যারা তারা এই ব্যাপারে পূর্ণ সহযোগতা করছে।

Shri Ananda Gopal Mukhopadhyay : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন আগে এই হাউসের মাননীয় কম্যুনিস্ট সদস্য হবিবুল্লা সাহেব এখানে বলেছেন যে বাররী কো-অপরেটিভ সোসাইটি ধান কিনছে না ?

(এ ভয়েস ফ্রম দি অপজিশন বেঞ্চ : কিনতে পারছে না।)

মি: স্পীকার, স্যার, আমি কম্যুনিস্ট সদস্যদের কাছে উত্তর চাই নি, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে উত্তর চেয়েছি। আমি তাঁকে প্রশ্ন করেছিলাম যে এই বাররী-মস্তেশ্বর কো-অপরেটিভ সোসাইটি ধান কিনছে কিনা, তিনি সঠিক তথ্য না থাকার দরুন বলতে পারছেন না। আমি আবার তাঁকে প্রশ্ন করছি এই হাউসে মাননীয় সদস্য হবিবুল্লা সাহেব কয়েকদিন আগেই এই কথা বলেছেন, তিনি জানেন কিনা যে বাররী-মস্তেশ্বর থানা মার্কেটিং সোসাইটি ধান কিনছে না ?

Shri Tarun Kanti Ghosh : আমি যা বলেছি এর পরে বিশেষ কিছু বলার নেই।

Shri Sanat Kumar Raha : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কো-অপরেটিভ, ডি, পি, এজেন্ট, এবং মিল মালিক, এরা একসঙ্গে ধান কিনছে কিন্তু কো-অপরেটিভের পক্ষ থেকে এই অভিযোগ আছে কিনা যে চালকলের মালিকরা তাদের এলাকা থেকে বেশী দাম দিয়ে চাল কিনছে ?

Dr. Narayan Chandra Roy : আনন্দগোপালবাবুর প্রশ্নের উপর আমি কথাটা রাখছি, আনন্দবাবুর কথা সত্য কিম্বা আমরা যা বললাম যে হবিবুল্লা সাহেব এই কথা বলেছেন এটা প্রসিডিংস আনিয়ে দেখবেন কি যে কোন্‌টা সত্য ? তা না হলে একজন সদস্যকে মিথ্যা কথা বলেছেন বলা হয়।

Mr. Chairman : ও প্রশ্নের উত্তরত হয়ে গিয়েছে।

Shri Tarun Kanti Ghash : মাননীয় সদস্য সনৎবাবুর প্রশ্নের উত্তরে এই কথা বলছি আপনি যে অসুবিধার কথাটা বললেন সেটা আমরা মুখ্যমন্ত্রীর নজরে এনেছি যে কো-অপরেটিভ সোসাইটি যেখানে ৪০.২০ কুইন্টাল কিনছি সেখানে রাইসমিল ৪১.২০ দিয়ে কিনছে। সে সম্বন্ধে আমরা যেটা বুঝেছি সেটা হচ্ছে এই পুরানো ধান যেটা ভিজে নয় সেটা কিনবার জন্য কিছু বেশী দাম দেওয়া অ্যালাউ করেছিলাম এবং কো-অপরেটিভ সোসাইটিকে আমরা বলে দিয়েছি যে আপনারা যদি পুরানো ধান কেনেন তাহলে আপনারা বেশী দাম দিয়ে কিনবেন। তা সত্বেও এই অভিযোগ আসছে, আমরা সেটা জানিয়েছি মুখ্যমন্ত্রীকে, মুখ্যমন্ত্রী ফুড কমিশনারকে বলেছেন এটা বিবেচনা করে দেখতে।

Shri Narayan Choubey : আপনি দয়া করে বলবেন কি মিলদের ধান কিনবার জন্য এই কথা বলা হয়েছিল যে তারা কেবলমাত্র মিলের গেটে এবং মিলের মধ্যে ধান কিনবে, কিন্তু একথা জানেন কি যে মেদিনীপুর জেলায় কেশপুর এলাকায়, বেলদা এলাকায় এবং দাঁতন এলাকায় মিলগুলি হাট থেকে ধান কিনছে ?

Shri Tarun Kanti Ghosh : আমি মাননীয় সদস্যকে এই কথা জানাবো যে কথা অখিনীবাবু এবং সনৎবাবু বলছিলেন যে একটা জায়গায় যদি বেশী ধান এসে উপস্থিত হয় তাহলে কি হবে, সেখানে কি কৃষকরা ধান নিয়ে ফিরে যাবে, না অল্প দামে তারা বিক্রি করে

দেবে? এই ধান কেনার ব্যাপারে আমাদের দুটো উদ্দেশ্য ছিল, একটা হচ্ছে যে প্রাইস সাপোর্ট দেওয়া যাতে দাম না পড়ে যায়, আর একটা হচ্ছে কো-অপরেটিভের মাধ্যমে ধান কেনা। কিন্তু মেদিনীপুর জেলায় দেখেছি সেখানে যেভাবে ধান আসছে বাজারে তাতে করে আমরা যদি সেখানে একসঙ্গে কিনবার ব্যবস্থা না করি তাহলে অনেক সময় কৃষকভাইদের অল্প দামে তা বিক্রি করে দিতে বাধ্য হবে কিম্বা তা ফেরত নিয়ে যেতে হবে। সেইজন্য মেদিনীপুর জেলায় আমরা এটা অ্যালাউ করেছিলাম যে হাটেতে তিনটি এজেন্সিই থাকবে।

Shri Sanat Kumar Raha : মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে বিবেচনা করা হচ্ছে যে কো-অপরেটিভের বেশী টাকা দরকার হলে তা দেওয়া হবে। কিন্তু বর্তমানে ধান কেনার ব্যাপারে কো-অপরেটিভ ভার্সাস মিল একটা কমপিটিশন চলছে এবং এখনই হচ্ছে হাই টাইম ধান কেনার। এই সময় পেরিয়ে গেলে সরকারের ষ্টেট ট্রেডিং বা ফুড পলিসির সর্বনাশ হবে। তবুও কেন বলছেন যে এখনও ডিটেল ঠিক করতে পারেন নি?

Shri Tarun Kanti Ghosh : তা নয়। যে জিনিসটা—যেমন ধরুন একটা ট্রান্সপোর্ট চার্জ দেওয়া হয়েছিল, যেখানে মিলের গেট পর্যন্ত তারা নিয়ে আসে সেখানে চার্জ দেওয়া হয় না। তা না হলে ৪০ পয়সা পার কুইনটল এবং বিয়ণ্ড এইট কিলোমিটার টেন পয়সা পার এক্সট্রা কিলোমিটার পার কুইন্টাল খরচ দেবার বন্দোবস্ত আছে এবং দেয়ার আর আদার গ্রাউণ্ডস্ অলসো। আমরা এই সব কথা মুখ্যমন্ত্রীকে বলেছি তিনি বিবেচনা করে দেখছেন।

Shri Narayan Choubey : হাটে মিল মালিককে চাল কিনতে দেবার ফলে, কো-অপরেটিভ এবং গভর্নমেন্টের প্রত্যক্ষ এজেন্ট, তাদের চেয়ে মিলের হাতে পয়সা বেশী থাকার জন্য অধিকাংশ ধানই মিলের হাতে চলে যাচ্ছে একথা কি জানেন?

Shri Tarun Kanti Ghosh : এটা ভুল বললেন। শুধু মেদিনীপুরে ধান বিক্রি হচ্ছে না, সমস্ত পশ্চিমবংগে হচ্ছে এবং আপনাকে জানাতে পারি মেদিনীপুরে যেহেতু এক সঙ্গে অনেক ধান আসছে সেজন্য ওখানে ঐ ব্যবস্থা করতে হয়েছে। কিন্তু আমাদের আসল উদ্দেশ্য হচ্ছে দুটো দিকে, ধানের দাম যাতে না পড়ে যায় এবং চাষীদের অল্প দামে বিক্রি করার হাত থেকে রক্ষা করার জন্য এই জিনিসটা সেখানে অ্যালাউ করা হয়েছে। আমি আপনাকে জানাতে পারি যে আমাদের কো-অপরেটিভ মিলের চেয়ে ৩০ হাজার টন বেশী কিনতে পেরেছে।

Shri Jiban Krishna Dey : আপনিত পশ্চিমবংগের বিভিন্ন জায়গা ঘুরে এসেছেন, কোন্ কোন্ জায়গায় পুরানো ধান বাজারে আসতে দেখলেন যেখানে বেশী দাম দিয়ে কিনতে হচ্ছে?

[1-30—1-40 p. m.]

Shri Tarun Kanti Ghosh : আমাদের পুরানো ধান কেনা সম্বন্ধে কোন প্রবলেম অ্যারাইজ করেনি, অতএব সেটা নিয়ে বলবার কিছু নেই।

Shri Jiban Krishna Dey : আপনারা তো বেশী দামে কিনছেন।

Shri Tarun Kanti Ghosh : বেশী দামে আমরা কিনেছি, একথা বলিনি, আমি বলেছি যে রাইসমিল যে এক টাকা বেশী দিচ্ছে তার ওয়ান অব দি রিজনস হচ্ছে যে পুরানো ধান বলে বেশী দাম দিয়ে কিনতে পারেন।

Shri Kasi Kanta Maitra : এই হাউস থেকে বার বার সরকারের পক্ষ থেকে বলে এসেছেন যে ২২ লক্ষ ১৮ লক্ষ টন ঘাটতি—পুরানো ধান যদি বাজারে অ্যাভেলেবল হয়, বিক্রির জন্য বাজারে আসে তা হলে তো ধরে নিতে হয় যে ক্রপ হার্ভেষ্টেড যা হয়েছিল the whole of it did not come to the market, there was some surplus. সব কনজিউম করতে পারে নি—কাজেই বাজারে ঘাটতি ছিল না—পুরানো ধান ছিল—একথাটা যখন বলছেন তখন আপনাদের যে উক্তি যে বাজারে ঘাটতি রয়েছে ২২ লক্ষ টন ১৮ লক্ষ টন সেটা কি নস্যাৎ হয়ে যাচ্ছে না ?

Shri Tarun Kanti Ghosh : আমার বন্ধু যেটা বললেন সেটা আমি ঠিক বুঝতে পারলাম না। তার কারণ হচ্ছে একটু বেশী দর দেবার জন্য আমরা ফুড ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করেছিলাম যদি কারও কাছ থেকে পায় তার জন্য বেশী দেবার ব্যবস্থা করেছি—তার মানে এই নয় যে হাজার হাজার টন পুরানো ধান বিক্রি হচ্ছে—এই হোল এক নং, দ্বিতীয় নং পুরানো ধান ছাড়াও গেটে এসে দিচ্ছে তার ট্রান্সপোর্ট কস্ট নেই সেইজন্য বেশী দেবার বন্দোবস্ত করেছি। তৃতীয় জিনিস হচ্ছে আর বছর লেভি ছিল না—অতএব যদি কেউ এক মণ লেভি দিয়ে থাকেন তাহলে আমরা কি করে বলবো।

Shri Kasi Kanta Maitra : মন্ত্রিমহাশয় যে বললেন পুরানো ধান কেনাটা একটা সমস্যা, উনি নিজে ভুলে যাচ্ছেন যে পুরানো ধানের উপর খুব বেশী গুরুত্ব দিয়েছেন মুখ্যমন্ত্রী নিজে। তিনি এই হাউসে বলে গেছেন যে পুরানো ধান কেনবার বেলায় দাম বেশী দেবো। যদি এই প্রবলেমটা সাইকোলজিক্যাল প্রবলেম না হয় তাহলে নিশ্চয় মুখ্যমন্ত্রী পলেসি স্টেটমেন্ট হিসাবে বলতেন যে পুরানো ধানের জন্য বেশী দাম দেবো, সুতরাং দু এক মণ বা এক মন ধানের জন্য বা এক টন ধানের জন্য পশ্চিমবংগ সরকার নূতন নীতি নির্ধারণ করতে যেতেন না—সেইজন্যই সাইকোলজিক্যাল প্রবলেম। সেই জন্য আমি বলছি যে তিনি স্পষ্টভাবে বলুন যেটা মাননীয় সদস্য জীবনবাবু বলেছেন যে বিভিন্ন জেলায় ঘুরে এসে কোন কোন কো-অপারেটিভ রিপোর্ট করেছেন যে এই এই জেলাতে পুরানো ধান কিনতে হয়েছে তার জন্য টাকার অভাব হয়ে গেছে।

Shri Tarun Kanti Ghosh : কোন কো-অপারেটিভ রিপোর্ট করেনি।

Shri Sailendra Nath Adhikary : উনি বললেন ট্রান্সপোর্ট চার্জ ইত্যাদি নাকি কো-অপারেটিভকে আলাদাভাবে দেওয়া হচ্ছে সেইজন্য দামটা মিলের তুলনায় কম—কো-অপারেটিভগুলি যে নিয়ে যাবে তার জন্য আলাদা ট্রান্সপোর্ট চার্জ দিচ্ছে আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে কো-অপারেটিভগুলিকে আপনাদের যে ফিড করাবার ইচ্ছা আছে এটা যদি প্রমান করবার একটা পদ্ধতি থাকতো তাহলে আপনি কো-অপারেটিভগুলিকে আলাদা-আলাদা-ভাবে আলাদা এরিয়ার বেঁধে না দিয়ে ঐ মিলের সঙ্গে একই সঙ্গে কমপিটিসানে নিয়ে যাবার যে ব্যবস্থা সেই ব্যবস্থায় কো-অপারেটিভ ডিপার্টমেন্ট থেকে সায় দিলেন কেন ?

Shri Tarun Kanti Ghosh : মোটেই তা করা হয় নি—বরং আমরা কো-অপারেটিভকে বিভিন্ন জায়গায় এককভাবে যাতে কিনতে পারে তার বন্দোবস্ত করবার চেষ্টা করেছি—শুধু মেদিনীপুরে যেখানে অনেক বেশী ধান এসেছিল বাজারে সেখানে সমস্ত ধান কেনা যাচ্ছিল না—সেখানে শুধু মেদিনীপুরের জন্য মিলকে তাদের গেটের বাইরে কেনবার অধিকার দেওয়া হয়েছে। সব জায়গায় গেটের কাছে কেনবার অধিকার আছে।

Dr. Kanai Lal Bhattacharya : Sir, this question has already taken up 25 minutes. May I know whether other questions will be taken up or not.

Shri Ananda Gopal Mukhopadhya: It is a burning question of the day.

Shri A. H. Besterwitch: How can the Cooperative Minister reply to supplementaries on food which is the duty of the Food Minister?

Dr. Kanai Lal Bhattacharya: মিঃ চেয়ারম্যান, স্যার, এখানে আবোল-তাবোল প্রশ্ন হচ্ছে, উনি ফুড মিনিস্টার নন, উনিও আবোল-তাবোল উত্তর দিচ্ছেন, এ জিনিস চলতে পারে না, আমি বলবো আদার কোয়েশ্চেনস হোক, You must be strict. এই রকম কোয়েশ্চেন হতে পারে না।

Shri Tarun Kanti Ghosh: আমি আবোল-তাবোল উত্তর দিই নি।

Dr. Kanai Lal Bhattacharya: আমি জিজ্ঞাসা করছি পুরানো ধানের প্রশ্নটা কো-অপারেটিভের মধ্যে কি করে আসে, এটা ফুড পলেসির ব্যাপার, একটা জেনারেল প্রশ্ন আনন্দবাবু স্পেসিফিক জিজ্ঞাসা করেছেন, উনি বলছেন জানি না নোটিশ চাই, তা সত্ত্বেও আপনি অ্যালাউ করছেন, এইভাবে কোশ্চেন আওয়ারের সময় নষ্ট হচ্ছে।

Mr. Chairman: সাম অব দি মেম্বারস রিকোয়েষ্ট করছেন যে এটা চলুক, আমি কি করবো?

Shri Ananda Gopal Mukhopadhyay: স্যার, কানাইবাবু ষ্ট্যাটুটারী রেসনিং এলাকার লোক, সরকারের বিশেষ বশম্বদ এলাকায় থাকেন……(ভীষণ গোলমাল)।

Dr. Kanai Lal Bhattacharya: মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি যদি এইভাবে একটা প্রশ্ন নিয়ে ড্রাগ করেন তাহলে আপনি কোশ্চেন আওয়ার ছেড়ে দিন।

Shri Ananda Gopal Mukhopadhyay: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই ময়লা ধানে বা ছিটে ৫% বাদ দেবার কথা এবং মিলকে আর কো-অপারেটিভকে কেনার দামের মধ্যে এই যে এক টাকা দামের তফাতের কথা আজকে যেমন হাউসে উঠেছে তেমন কয়েকদিন আগে বর্ধমান জেলা কংগ্রেস কমিটি আপনার কাছে এ প্রশ্ন রেখেছেন……(বিরাট গোলমাল)

Dr. Kanai Lal Bhattacharya: ইজ ইট রেলেভেন্ট? এইভাবে যদি হাউসের সময় নষ্ট হয় তাহলে আমাদের প্রতিবাদ করতে হবে, এই রকমভাবে কখনও হয়নি—এটা আন-প্রিসিডেন্টেড হয়ে যাচ্ছে।

Mr. Chairman: অনেক দিন হয়েছে।

Shri Aswini Roy: মন্ত্রিমহাশয় জানেন কি বারোরি কো-অপারেটিভ সোসাইটি এবং বনপাশ কো-অপারেটিভ সমিতি, এরা ধান কেনার ব্যাপারে যে সমস্যা তারা জানিয়েছেন সেই সমস্যাটা হচ্ছে আড়াই কে. জি-র জায়গায় তিন কে. জি.?

Shri Tarun Kanti Ghosh: আমি একটু কথা এখানে পরিষ্কার করে রাখতে চাই যে কো-অপারেটিভের সঙ্গে যে জিনিসটা যুক্ত সেটা অন্য কোন ডিপার্টমেন্টের হলেও কো-অপারেটিভের সঙ্গে যদি তার যোগ থাকে তাহলে সেই প্রশ্নের উত্তর দিতে আমি বাধ্য। এখানে যদি চেয়ারম্যান সাহেব আমাকে বন্ধ করে দেন তাহলে আমার বলবার অধিকার থাকবে না। আর আনন্দবাবু যে প্রশ্ন করলেন তার উত্তর আমি আগেই দিয়েছি যে মুখ্যমন্ত্রীর সংগে কথা বলে আমরা ঠিক করছি।

Non-ferrous metal factories

*470. (Admitted question No. *2140.) **Shri Nikhil Das :** Will the Minister-in charge of the Industries Department be pleased to state—

(a) what is the number of factories working on non-ferrous metals ;

(b) how many of them fall in the category of Small-Scale Industries ;

(c) what was the assessed requirement of copper, zinc, tin, lead and nickel for West Bengal for the years 1962, 1963, 1964 and 1965 ;

(d) what was the allotment of the non-ferrous metals mentioned in (c) for West Bengal for the years 1962 1963, 1964 and 1965 ; and

(e) whether it is a fact that industries working on non-ferrous metals are facing closure due to the promulgation of Scarce Metal Control Orders ?

1-40—1-50

Shri Tarun Kanti Ghosh : (a) 542.

(b) 491.

(c) There is no separate record of assessed requirement year-wise. However, for the year 1964, insofar as Small Scale Units are concerned, assessed requirement is given below :

Copper M. T.	Zinc M. T.	Tin M. T.	Lead M. T.	Nickel M. T.
16,000	20,000	1,450	5,650	150

Assessed requirement of non-ferrous metals for the organized units under Medium and Large Scale Undertakings is not known as these units are borne in the list of Director General of Technical Development and are sponsored by the Directorate for their requirements of raw materials.

(d) Particulars insofar as Small Scale Industrial Units are concerned are given below :

	Allotment by Government of India to units concerned.			Allotment by Govt. of India for November-December 1965.
	1962-63 (M. T.)	1963-64 (M. T.)	1964-65 (M. T.)	1965-66 (M. T.)
Copper	1,703	1,835	1,168	70
Zinc	1,477	1,515	901	74·3
Tin	945	135.69	173	15·2
Lead	102.5	88	250·7	34
Nickle	...	200 Kg.	570 Kg.	...

(e) No information of closure has yet been received.

Shri Nikhil Das : আমার প্রশ্নটার গুরুত্ব হচ্ছে এই যে, তিনি বললেন ৪৯১টা নন-ফেরাস মেটাল স্মল স্কেল ইণ্ডাসট্রির সংখ্যা আছে এবং তাতে আমাদের অ্যাসেস রিকোয়ারমেন্ট হচ্ছে ১৬ হাজার মেট্রিক টন কপার, সেখানে আমরা পাচ্ছি ১,১০৫ টন—৫ টু ৬ পার্সেন্ট। সুতরাং আমাদের এই যে অ্যাসেস রিকোয়ারমেন্ট ৫ টু ৬ পার্সেন্ট পাচ্ছি এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের স্টেট ইণ্ডাসট্রি থেকে কি বলা হয়েছে এই কোটা বাড়াবার জন্য?

Shri Tarun Kanti Ghosh : এই ধরণের একটা প্রশ্ন বোধ হয় তিন উইক আগে হয়েছিল এবং এ সম্বন্ধে আমরা কি করেছিলাম সেটা আলাপ আলোচনার জন্য আমি অপজিশনের মাননীয় সদস্যদের আহ্বান করেছিলাম। শ্রী টি, এন. সিং সে সময় এসেছিলেন। কানাই-বাবু আসতে পারেননি, নিখিলবাবু এসেছিলেন। আমি তাঁকে দেখিয়েছিলাম পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে যে জিনিস ১০।১২ বছর ধরে হয়ে আসছে যার জন্য আমরা বারবার এর প্রতিবাদ করে এসেছিলাম। আমাদের প্রতিবাদ করার পর ওরা একটা সেন্ট্রাল স্মল ইণ্ডাসট্রি অরগ্যানিজেশান এপয়েন্ট করেন। এই কমিটি রেকোমেণ্ড করে দেবেন কিভাবে নূতন করে এলটমেন্ট করতে পারেন। সোলড এলটমেন্ট হয়ে আসছে অন এড হক বেসিস। এই এড হক বেসিস কি লাইনে হয়েছে তা তাঁরা জানাতেন না এবং কত টন অন্য কোন স্টেটকে দিতেন তা তাঁরা জানাতেন না। আমরা সেটা ১৯৬৩ সালে জানতে পারি। তারপর থেকে আমরা তাদের বলি নিজেরাই এ সম্বন্ধে একটা ব্যবস্থা করতে। টি. এস. আই. ও. একটা নূতন রেকোমেণ্ড করে। তাদের রেকোমেণ্ডেশানের মূলকথা ছিল টোটাল রিকোয়ারমেন্ট কত, প্রোডাকসান ক্যাপাসিটি কত সেটা দেখে নিয়ে সেই অনুযায়ী এলট করতে বলি এবং তাঁদের চিঠিপত্র লিখেছিলাম। তারপর ১৯৬৬ সালের এপ্রিল মাস থেকে করব বলেন। ইন দি মিনটাইম পাকিস্তানের সংগে ইণ্ডিয়ার ওয়ার হবার পর তারা সমস্ত জিনিস ফ্রিজ করে দিয়েছে। অতএব এখন কি পোজিশান দাঁড়িয়েছে তা বলতে পারছি না, তবে তাঁরা কথা দিয়েছিলেন অরগ্যানিজেশানের রেকোমেণ্ডেশান অনুযায়ী তাঁরা ভবিষ্যতে ব্যবস্থা করবেন।

Shri Nikhil Das : ১৯৬৫-৬৬ নভেম্বর-ডিসেম্বরে দেখছি কপার আমরা অলরেডি যেটা পেতাম তাতে ছিল ১,১০০ মেট্রিক টন, কিন্তু এ দুমাসে ১০ অর্থাৎ ৫ থেকে ৬ পারসেন্ট তা থেকে কেটে নেওয়া হয় এবং ওয়ান পারসেন্ট অফ দি রিকোয়ারমেন্ট পেয়েছি এক মাসের জন্য এর ফলে বিভিন্ন কারখানায় রিট্রেঞ্চমেন্ট হচ্ছে। দুটো জিনিস কেন্দ্রীয় সরকার ফেরার্স মেটাল কন্ট্রোল অর্ডার অনুসারে হয়েছে। একটা হচ্ছে কোটা কেটে দিয়েছেন আর দ্বিতীয় পূরান যে পাওনা কোটা আমাদের ছিল সেটা ওঁরা ফ্রিজ করে দিয়েছেন। এর মধ্যে কেন্দ্রীয় শিল্প মন্ত্রী যখন এখানে এসেছিলেন তখন এ সম্পর্কে আমরা রিকোয়েষ্ট করেছিলাম আমাদের মন্ত্রি-মহাশয়কে বলবার জন্য সেই ফ্রিজের যে অর্ডার সেটা কি তারা উইড্র করেছেন?

Shri Tarun Kanti Ghosh : না। ফ্রিজের অর্ডার উইড্র করেন নি। কিন্তু তার সঙ্গে সঙ্গে ২।৩টা পয়েন্ট আমরা বলেছিলাম, একটা পয়েন্টে আমরা বলেছিলমে ইমিডিয়েটলি আমাদের যেটা ফ্রিজ করা হয়েছে সেটা রিলিজ করতে। আর যদিও না রিলিজ করতে পারেন তাহলে বাইরের যে অর্ডার ডিফেন্সের সেটা এখানে বেশী করে দেবার চেষ্টা করছেন। আমাদের গ্র্যাণ্ড হোটেলে যে সিটিং হয়েছিল সেখানে আমি একথা বলেছিলাম তাতে তারা বলেন এ সম্বন্ধে বিবেচনা করে দেখবেন কি করতে পারেন। তবে এখনও পর্যন্ত কিছু জানান নি।

Shri Nikhil Das : এর মধ্যে হাওড়ার বেলিলিয়াস রোডে ছোট Industry যেসব জায়গায় আছে সেখানকার অবস্থা সম্বন্ধে আনন্দবাজারে খবর বেরিয়েছিল, আমরা আমরা জানি নন্ ফেরাস মেটাল ব্লাক মার্কেটে পাওয়া যাচ্ছে ৫।৬ গুণ দাম দিয়ে। সেখানকার

যারা ছোট কারখানার ওয়ার্কার তারা আপনার ডিপার্টমেন্টের নজরে এনেছেন। আমাদের ক্রেয়াস্ মেটাল কন্ট্রোলার অর্ডারের পর, ব্ল্যাক মার্কেটে জিনিস পাওয়া যাচ্ছে, যারা এটা বিক্রি করছে তাদের নাম বলতে পারি কিন্তু এ দপ্তর কি স্টেপ নিচ্ছেন ?

Shri Tarun Kanti Ghosh : এটা আমার দপ্তরের স্টেপ নেবার প্রশ্ন নয়, এটা বাইরে থেকে যেখান থেকে হয় না সেখান থেকে আসে, যেহেতু সে স্টেট বেশী পাচ্ছে। কিন্তু এখানে যখন black merketing হয় তার মানে অন্য জায়গায় যেখানে বেশী আছে তারা এটা বিক্রি করছে এ কথাই টি, এন, সিংকে জানিয়েছি। এটা আমাদের হাত নয়। যদি লার্জ সেক্টারে দেন, কিম্বা আসামে যেট দিয়েছেন বিহারে যেটা দিয়েছেন, উড়িষ্যায় যেটা দিয়েছেন সেটা আমাদের হাতের জিনিস নয়।

Shri Nikhil Das : আমার প্রশ্ন হচ্ছে, কপার মেটাল কন্ট্রোলন কিন্তু কপারের যে সিট হয় কপারের যে বোলার হয় সেটা আর কন্ট্রোল থাকে না। আমার প্রশ্ন খুব ক্লিন এবং ক্লিয়ার ছিল কপার স্ট্রিপ আছে এবং বাইরের স্ট্রেট একসেস কপার পাবার জন্য স্ট্রিপ হিসাবে রোল হিসাবে আমাদের প্রভিন্সে পাঠাতে পারছে যেগুলি আমাদের ছোট কারখানা কিনতে পাচ্ছে। এগুলি Central Government-এর নজরে এনেছেন কিনা, যে স্ট্রিপ হিসাবে বিক্রি হচ্ছে।

Shri Tarun Kanti Ghosh : আমরা জানিয়েছি বাইরে থেকে এনে বিক্রি হচ্ছে।

Shri Nikhil Das : আপনি কি জানেন যে এক হাজারের উপর ওয়ার্কার এই ইণ্ডাষ্ট্রি থেকে অলরেডি রিট্রেঞ্চ হয়ে গেছে ?

Shri Tarun Kanti Ghosh : আমি ঠিক এ কথাই যে মিটিংএ মিঃ টি, এন, সিং কে বলেছিলাম।

Shri Aurabindo Roy : আপনি কি একথা জানেন যে বাংলা দেশের যে সমস্ত কারখানা এ সব নন্‌ফেরাস মেটালে চলছে তারা রিকোয়ারমেন্ট অনুসারে মাল পায় না অথচ অন্যান্য প্রদেশের যা রিকোয়ারমেন্ট নয় সে পরিমাণে তারা মাল পায় এবং সে মাল এখানে ব্লাক মার্কেট হতে আসে ?

Private electric companies under the State Government management

***471.** (Admitted question No. *2163.) **Shri Sambhu Charan Ghosh :** বানিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ যাবত পশ্চিবঙ্গের কতগুলি ব্যক্তিগত মালিকানার পরিচালনাধীন বিদ্যুৎ উৎপাদক সংস্থাকে সরকারী ব্যবস্থাধীনে আনা হইয়াছে ;

(খ) ঐ সংস্থাগুলি সরকারী ব্যবস্থাধীনে আনার পর বিদ্যুৎ সরবরাহের মূল্য বাড়িয়াছে কিনা ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কারণ কি ?

[1-50—2-00 p. m.]

Shri Tarun Kanti Ghosh : (ক) ৮টি।

(খ) ও (গ) কোন্ কোন্ জায়গায় বিদ্যুতের হার পড়িয়াছে এবং কোন্ কোন্ জায়গায় বাড়িয়াছে যে সমস্ত প্রাইভেট কোম্পানী হাইড্রো বা ষ্টিম পাওয়ারে সাপ্লাই করিত রাজ্য-বিদ্যুৎ পর্ষদ সেই সমস্ত এলাকায় বিদ্যুৎ সরবরাহ বাবত খরচ মিটাইবার

জন্য এবং তার চতুর্বর্তী এলাকার যে মূল্যে বিদ্যুৎ সরবরাহ হয় তার সঙ্গে সামঞ্জস্য রাখিয়া সরবরাহ করার জন্য মূল্য বাড়াইয়াছেন। কিন্তু যেখানে কোম্পানী ডিজেল অথবা ষ্টিম পাওয়ার সাপ্লাই করিত সেই সমস্ত ক্ষেত্রে পর্যন্ত সরবরাহমূল্য কমাইয়াছেন।

Gouripur Electrical Supply Company

***475.** (Admitted question No. *2172.) **Shri Samhhu Charan Ghosh :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই কতদিন হইল ইলেকট্রিসিটি বোর্ডের হাতে গিয়াছে;

(খ) গৌরীপুর সাপ্লাই বোর্ডের হাতে যাওয়ার পর বাল্ক সাপ্লাই-এর রেট বাড়িয়াছে কি না; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কবে হইতে উহা বাড়িয়াছে এবং বাড়িবার কারণ কি?

Shri Tarun Kanti Ghosh : (ক) ইং ১-৯-৬১ তারিখ হইতে।

(খ) হ্যাঁ

(গ) প্রথমে ১-৯-৬২ তারিখে তারপর ১-৪-৬৪ এবং অবশেষে আবার ১-৯-৬৫ তে বাড়িয়াছে। গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীর Bulk Supply Rate অত্যন্ত কম ছিল। যুদ্ধের আগেকার যে সমস্ত যন্ত্রপাতি ও মেশিনারী কোম্পানী বসাইয় ছিল সেগুলির অবস্থা অত্যন্ত জীর্ণ হইয়া গিয়াছিল। বোর্ড দেখিলেন যে পুরান মেশিনারী দ্বারা বিদ্যুৎ সরবরাহ অবস্থার উন্নতিসাধন অসম্ভব তাই বোর্ড প্রচুর মূলধন ব্যয় করিয়া বিদ্যুৎ সরবরাহের উন্নতিসাধন ঘটাইয়াছে। যুদ্ধের আগেকার সময়ের তুলনায় এখন যন্ত্রপাতি কয়লা ও শ্রমের মূল্য অত্যাধিক বাড়িয়াছে এই সমস্ত খরচ মিটাইবার জন্য বোর্ড তাহার Bulk Supply Rate বাড়াইয়াছে।

Shri Sambhu Charan Ghosh : আপনি প্রথম প্রশ্নোত্তরে বললেন এ পর্যন্ত ৮টি বে-সরকারী বিদ্যুৎ উৎপাদক সংস্থাকে সরকারী ব্যবস্থাধীনে আনা হয়েছে, এবং আপনি বলেছিলেন এর মধ্যে কতকগুলি রেট বাড়িয়েছেন আর কতকগুলি রেট কমিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি এই আটটি সংস্থার মধ্যে কয়টি bulk rate বাড়িয়েছেন, আর কয়টি রেট কমিয়েছেন?

Shri Tarun Tarun Kanti Ghosh : পাঁচটিতে রেট্ কমিয়েছেন, আর তিনটিতে রেট্ বেড়েছে।

Shri Shambu Charan Ghosh : যেগুলি বাড়িয়েছেন, সেগুলির নাম কি বলতে পারেন?

Shri Tarun Kanti Ghosh : বাড়িয়েছেন কার্সিয়াং ইলেকট্রিক সাপ্লাই, বর্দ্ধমান ইলেকট্রিক সাপ্লাই, গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই।

Shri Sambhu Charan Ghosh : যেগুলি বাড়িয়েছেন, সেগুলির শতকরা কত ভাগ বেড়েছে?

Shri Tarun Kanti Ghosh : এর মধ্যে আমি শুধু গৌরীপুর সম্বন্ধে বলতে পারি অন্যগুলির কথা আমি বলতে পারছি না।

Shri Sambhu Charan Ghosh : আপনারা এগুলি নেওয়ার আগে কত রেট্ ছিল এবং নেওয়ার পরে কত বেড়েছে?

Shri Tarun Kanti Ghosh : আমার কাছে এর details নেই। তবে গৌরীপুর সংস্থা সম্বন্ধে বলতে পারি। গৌরীপুর সংস্থা রেট্ বাড়িয়েছে হুগলী, চুচড়া, নৈহাটি, বাঁশবেড়িয়া এই সমস্ত জায়গা নিয়ে তারা supply করেছিল, light and fan ২৮ পয়সা ইউনিট ছিল, এখন বেড়েছে ৩৫ পয়সায় এবং যেখানে Industrial এর ক্ষেত্রে motor 1 H. Power এর জন্য ছিল ১৮ পয়সা, সেখানে এখন, up to 15 H Power, ২০ পয়সা করেছেন। যেখানে motor 4 H.P. এর জন্য ৭ পয়সা ছিল, সেখানে এখন দুটাকে একটা slab করে up to 15 H. P. ১৬ পয়সা করে দিয়েছেন। তারপর ধরুন heating and cooking ১২ পয়সা ছিল, সেটা ২৪ পয়সা হয়েছে। বাঁসবেড়িয়াতে light and fan-এর জন্য ছিল ২৮ পয়সা, সেটা এখন হয়েছে ৩৫ পয়সা। তারপর Industry-র ব্যাপারে, up to 1 H. P. পর্যন্ত ছিল ১৫ পয়সা, এবং up to 15 H. Power ছিল ২০ পয়সা। এই দুটকে, একটা slab করে দিয়ে, up to 15 H. P. and above 15 H.P. 16 পয়সা করা হয়েছে।

নৈহাটিতে light and fan-এর rate ছিল ৩২ আর ২৬ পয়সা। সেখানে, এখন একটা rate করে দিয়েছেন, ৩৫ পয়সা। Industrial Unit ২০, ২৫, ২৬ পয়সা respectively বেড়েছে।

Shri Sambhu Charan Ghosh : আমি প্রশ্ন করছি এই সমস্ত বে-সরকারী বিভিন্ন সংস্থাকে সরকারী আওতায় আনার পরে bulk rate বা হয়েছে। এইগুলি বিশেষ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী...... .. ।

Shri Tarun Kanti Ghosh : আমি বুঝতে পেরে there has been increase of rates in bulk supply on three occasions : In September, 1962, May, 1964 and September, 1965. In September, 1962, the rate was increased to the extent of about 13 per cent of the old rates. In May, 1964, the rate was increased from 15 to 22 per cent of the old rates. In September, 1965, the rate was increased from 38 to 68 per cent of the old rates.

Shri Sambhu Charan Ghosh : আপনি বললেন আটটি সংস্থা নেবার পরে তিনটা সংস্থা bulk supply rate বাড়িয়েছেন। আমি জিজ্ঞাসা করছি এই আটটি সংস্থা নেবার পরে আজ পর্যন্ত তাদের লাভ হয়েছে, না লোকসান হয়েছে ?

Shri Tarun Kanti Ghose : আমি গৌরীপুর সম্বন্ধে খোঁজ নিয়েছি সেখানে লাভ হয়েছে। আর সবগুলি যা পশ্চিমবঙ্গ পর্ষদের মধ্যে এসেছে, আলাদা করে তাদের হিসেব দেন নাই। আপনারা তো members of the Estimate Committee—সেখানে position কী আপনারা জানতে পারেন, আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম, পশ্চিমবঙ্গ পর্ষদের মধ্যে entire amount এসে গেছে কিনা সেটা বলতে পারি না।

Shri Sambhu Charan Ghosh : সেই আটটি সংস্থা যা পর্ষদ নিয়েছে, তার লাভ-লোকসানের হিসাব সরকারের কাছে নাই ?

Shri Tarun Kanti Ghosh : গৌরীপুরে লাভ হয়েছে আর অন্যগুলি যারা পর্ষদে এসেছে তার খবর পাইনি total কি হয়েছে না হয়েছে।

Shri Sambhu Charan Ghosh : আপনি বললেন এই Gouripur Supply Organization যখন বোর্ড নিল, তারপর তিন বার rate বাড়িয়েছেন ১৯৬২, ১৯৬৩, ১৯৬৫ সালে। এই Capital expenditure যথেষ্ট পরিমাণ বাড়াবার জন্যই তো এই rate বাড়াবার প্রয়োজন হয়েছে ?

Shri Tarun Kanti Ghosh : ২৫ লক্ষ টাকা খরচ হয়েছে। গৌরীপুর নিয়ে নেবার পরে আগেকার চেয়ে খরচ বেড়ে গেছে, কাজেই রেট বাড়ান হয়েছে যাতে প্রতিষ্ঠানকে profitably run করতে পারা যায়, সেইজন্য রেট বাড়িয়েছে, সুব্রাহ্মনিয়াম কমিটির যে রিপোর্ট মাদ্রাজের Industry Minister যার Chairman ছিলেন, তারা সারা ভারতবর্ষের বিদ্যুৎ-পর্ষদের জন্য যে rate দিয়েছেন সেইভাবে আমরা করতে চেষ্টা করেছি যাতে sufficient profit করতে পারি নিজেদের খরচ চালাবার জন্য। আমরা তিনটি stage করেছি first stageএ 1965 এ rate বাড়িয়েছি খরচ meet করবার জন্য।

Shri Sambhu Charan Ghosh : আপনার বোর্ড গৌরীপুর Supply হাতে নেবার পরে দুবার রেট বাড়িয়েছে। অথচ East India Electric Supply Company যারা বিভিন্ন জায়গায় supply করে, তারা রেট বাড়ায় নাই, এবার তাদেরও rate বাড়বে। একথা কি আপনি মনে করেন যে তার reasonable return এর সঙ্গে সামঞ্জস্য না রেখে, consumersদের স্বার্থ না দেখে রেট বাড়ান হয়েছে? আপনি কি অনুসন্ধান করেছেন যে এই রেট বাড়াবার পক্ষে তাদের যথেষ্ট যুক্তি আছে?

Shri Tarun Kanti Ghosh : আমি প্রফেসর ঘোষকে বলবো কোন Electric Supply Company 2 per cent over and above the Reserve Bank rate—তার থেকে বেশী profit করতে পারে না এই Reserve Bank rate হচ্ছে 6 per cent, তার উপর 2 per cent বাড়ালে অর্থাৎ 8 per cent এর বেশী কোন Electricity Supply Corporation profit করতে পারবে না। যখন কোন রকম complaint আসে, তখন আমরা হিসাব করে দেখি যদি দেখি তারা rate অযৌক্তিভাবে বাড়িয়েছে, তখন আমরা তাদের rate কমিয়ে দিতে বলি। আমরা যে Rating Committee appoint করেছি that Rating Committee goes into the whole details এবং তাঁরা যে recommend করেনা তারা সেটা মানতে বাধ্য। এখন পর্যন্ত ঐ কোম্পানী সম্বন্ধে আমাদের কাছে যে complaint এসেছে আমি Rating কমিটিকে এ সম্বন্ধে step নিতে বলবো।

STARRED QUESTIONS

to which Answers were laid on the Table

Factories for making stone-powder at Cossipore

***472.** (Admitted question No. *2199) **Shri Jiban Krishna Dey :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চিৎপুরঘাট লেনে (কাশীপুর) গঙ্গার ধারে স্টোন-পাউডার তৈরী করবার কিছু কারখানা আছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁা হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(১) এই কারখানাগুলির সংখ্যা কত,

(২) কারখানাগুলি সরকার কর্তৃক নিযুক্ত কোন ফ্যাক্টরী ইন্সপেক্টর যথারীতি পরিদর্শন করেন কিনা, এবং

(৩) কি, কি কাজে এই পাউডার ব্যবহার হয়ে থাকে?

The Minister for Commerce and Industrtes : (ক) হাঁা।

(খ) (১) পাঁচ।

(২) হাঁা।

(৩) সাবান এবং রবার জাত দ্রব্য রিফ্যাকটরী এবং ট্যালকম পাউডার ইত্যাদি তৈয়ারীর কাজে এই পাউডার ব্যবহৃত হয়ে থাকে।

Auction sale of forests in Jamboni police-statation

*473. (Admitted question No. *2226.) **Shri Mahendra Nath Mahata :** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state—

(a) if it a fact that an area of forests about 40 acres in Kadodiba mauza, police-station Jamboni, district Midnapore, was auction-sold this year for local sale of the firewood ;

(b) if so, what was the auction price and who was the auction purchaser ;

(c) how many curt-loads of firewood were obtained by the purchasers and have they all been sold to local purchasers ; and

(d) what is the price per quintal (or maund) for local sale ?

The Minister for Forests : (a) No. it is not a fact.

(b) and (c) Does not arise.

(d) The rate for firewood is Rs. 2·40 per quintal.

Managing Committee of the retail Consumers' Co-operative Society in Calcutta

*474. (Admitted question No. 2226.) **Shri Gopal Banerjee :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পাইকারী ক্রেতা সমবায় সমিতির মনোনীত ম্যানেজিং কমিটি কবে কার্যভার গ্রহণ করিয়াছিল এবং ঐ কমিটির সভ্য কাহারা ছিলেন ; এবং

(খ) এ পর্যন্ত কোন বার্ষিক সাধারণ সভা হইতে নূতন ম্যানেজিং কমিটি নির্বাচিত হইয়াছে কি না এবং হইলে নির্বাচিত সভ্যদের নাম কি ?

The Minister for Co-perative : (ক) ২০।৪।৬৩ তারিখে এই কমিটি কার্যভার গ্রহণ করে।

এই কমিটিতে মনোনীত সদস্যগণের নাম নীচে দেওয়া হইল :

শ্রীভূপতি মজুমদার	...	সভাপতি
শ্রীবদ্রিপ্রসাদ পোদ্দার	...	সহ: সভাপতি
শ্রীজে. এন. মুখার্জী	...	ডিরেক্টর
শ্রীমনোরঞ্জন গুপ্ত	...	ঐ
শ্রীপুণ্যব্রত বসু	...	ঐ
শ্রীব্যোমকেশ মজুমদার	...	ঐ
শ্রীনির্মল সেন	...	ঐ
শ্রীবলদেও সিং	...	ঐ
শ্রীএস. সি. মণ্ডল	...	ঐ
শ্রীকৃষ্ণচন্দ্র রায়	...	ঐ
শ্রীসমরেন্দ্রনাথ বসু	...	ঐ
শ্রীজয়ন্তানুজ বন্দ্যোপাধ্যায়	...	ঐ
শ্রীঅশোক কুমার মিত্র	...	ঐ
শ্রী পি, সি, মজুমদার	...	ঐ
শ্রীসুমিতা ব্যানার্জী	...	ঐ

(খ) হ্যাঁ। নির্বাচিত সদস্যগণের নাম নীচে দেওয়া হইল :
শ্রীনির্মলচন্দ্র সেনগুপ্ত
শ্রীতারক দাস দত্ত
শ্রীবিষ্ণুপদ সাহা
শ্রীঅমলকুমার পাল
শ্রীজয়ন্তানুজ বন্দ্যোপাধ্যায়
শ্রীমনোরঞ্জন গুপ্ত
শ্রীবিশ্বানন্দ দাস
শ্রীরবীন্দ্র নাথ ধর
শ্রীসমরেশ সেন

Electrification of deep tubewells

***476.** (Admitted question No. *2173.) **Shri Sambhu Charan Ghosh :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে কৃষি সহায়ক ব্যবস্থায় কতগুলি গভীর নলকূপকে বৈদ্যুতিকরণের পরিকল্পনা সরকারের ছিল ;

(খ) আজ পর্যন্ত কতগুলি নলকূপকে বৈদ্যুতিকরণ করা হইয়াছে ; এবং

(গ) হুগলী জেলায় কোন গভীর নলকূপকে বৈদ্যুতিকরণ করা হইয়াছে কিনা ?

The Minister for Commerce and Industries : (ক) কৃষি বিভাগের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে ১,৩২৩টি নলকূপ বসানোর ব্যবস্থা ছিল। ইহার মধ্যে আজ পর্যন্ত কৃষি বিভাগ রাজ্য বিদ্যুৎ-পর্ষদকে ৯১১টি নলকূপ বৈদ্যুতিকরণের জন্য বায়না দিয়াছে।

(খ) ৩০১টি নলকূপ বৈদ্যুতিকরণ হইয়া গিয়াছে। ১১৪টি নলকূপ এই মাসের মধ্যে বিদ্যুতিকরণ হইবে, বাকি ৪৯১টির বিদ্যুতিকরণের কাজ চলিতেছে এবং আশা করা যায় মার্চের মধ্যে শেষ হইবে।

(গ) হ্যাঁ।

UNSTARRED QUESTIONS

to which Written Answers were laid on the Table

Number of Original Side Suits, First Appeal and Second Appeals pending in the High Court at Calcutta

761. (Admitted question No. 635.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) the number of Original Side Suits pending in High Court of Calcutta for last three years ;

(b) the number of First Appeals and Second Appeals so pending in the said High Court for more than three years ;

(c) the number of Title Suits and other suits pending in the different District Courts for more than two years ; and

(d) what steps are in the contemplation of the Government to provide for speedy disposal of the accumulated cases and also to prevent such accumulation in future ?

The Minister for Judicial : (a) Pending at the end of 1964—10,593, 1963—10,146, 1962—10,016.

(b) The figures have been shown in the Annexure "A".

(c) The figures have been shown in the Annexure "B".

(d) For speedy disposal of cases in the High Court, working days and the number of courts have been increased. So far as accumulation of cases in the subordinate courts is concerned, the position is reviewed by the Court quarterly as also at the end of each year while considering the annual reports on the administration of civil and criminal justice in each district and direction is issued, where necessary for clearing off the accumulation as far as possible.

Statement referred in to reply to clause (b) of unstarred question No 761

Annexure "A"

Statement showing the number of First Appeals and Second Appeals pending in the High Court at Calcutta on the 30th June, 1965 for more than three years—

(i) First Appeals—1,505 cases.

(ii) Second Appeals—3,239 cases.

Statement referred to in reply to clause (c) of unstarred question No 761

Annexure "B"

Statement showing the number of Title Suits and other suits pending at the end of the 2nd quarter of 1965 in the different District Courts for more than two years.

Names of the districts		Number of suits pending
(1)		(2)
1. Burdwan	...	1,100
2. Birbhum	...	586
3. Bankura	...	475
4. Midnapur	...	878
5. Hooghly	...	1,236
6. Howrah	...	2,055
7. Purulia	...	727
8. 24-Parganas	...	11,709
9. Nadia	...	1,280
10. Murshidabad	...	764
11. West Dinajpur-Malda	...	929
12. Jalpaiguri-Darjeeling	...	264
13. Cooch Behar	...	19
Total	...	22,022
S. C. Court, Calcutta	...	221*
City Civil Court, Calcutta	...	449

*This refers to year-old suits only. The figures for over two years old suits are not available.

Improvement of Agriculture

762. (Admitted question No. 775.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the total amount provided for improvement of agriculture under the Third Plan Budget ;

(b) the total amount spent in each year from the beginning of the Third Plan period for the improvement of agriculture :

(c) if there was any phased programme for incurring such expenditure ;

(d) if so, whether it is a fact that the expenditure was not commensurate with programme set out each year ;

(e) if there was any target fixed for increase of agricultural production in this State ; and

(f) if so, to what extent the target was lacking in fulfilment and the reasons thereof ?

The Minister of State for Agriculure aud Community Development : (a) Rs.36,42,83,000.

(b) Following amounts have been spent—

1961-62—Rs.1,72,03,000

1962-63—Rs.2,76,18 000

1963 64—Rs 4 02,77,000

1964 65—Rs.8,26,23,000

(c) Yes.

(d) There was shortfall in expenditure during the first three years of the Plan, because there was no adequate staff for handling an outlay of the Rs.36,42 crores for the Third Plan, which is as large as five times the corresponding outlay for the Second Plan and also because many new schemes were introduced in the Third Plan. In the initial years, therefore, greater attention had to be paid to the building up of adequate organization and drawing up detailed schemes. Full implementation of the programme could be taken up from the fourth year, which witnessed an actual expenditure of Rs 7.50 crores phased under the Plan for expenditure that year.

(e) Yes,

(f) The shortfall in the target of additional production is estimated to be 14.8 per cent, in terms of rice.

The reasons furnished for shortfall of expenditure in reply to the question (d) also apply to shortfall in production. Besides, of late, we are not getting as much fertilizers from the Centre as we need to complete achieve our set objective of production which was based on the availability of adequate quantities of chemical fertilizers.

Number of cases pending in the High Court at Calcutta

763. (Admitted question No. 1028.) **Shri Ananga Mohan Das :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা হাইকোর্টে গত বৎসর বা ততোধিক সময় পূর্বে দায়ের করা কতগুলি মামলার নিষ্পত্তি আজও হয় নাই ?

The Minister for Judicial : কলিকাতা হাইকোর্টে ১৯৬৫ সালের ৩০শে জুন পর্যন্ত মোট ৩৫,৮৬৩টি মামলার নিষ্পত্তি হয় নাই। ইহার মধ্যে দেওয়ানী মামলার সংখ্যা ৩৩,৬৫৭টি এবং ফৌজদারী মামলার সংখ্যা ২,২০৬টি।

Fallow lands vested in Government in Egra police-station, Midnapore

764. (Admitted question No. 1857.) **Shri Hrishikesh Chakravorty :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় জমিদারী বিলোপ আইন চালু হইবার পর কি পরিমাণ খোসা পতিত জমি রাজ্য সরকারে বর্তিয়াছে (ভেস্ট করেছে) ;

(খ) এই ভেস্টেড খোসা পতিত জমিগুলিতে চাষ-আবাদের কোন পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে তাহা কবে কার্যকরী হইবে ?

The Minister for Land and Land Revenue :

(ক) ৬৪,১০ একর।

(খ) এখন পর্যন্ত কোন পরিকল্পনা করা হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Supply of cement and tin in Tamluk subdivision, Midnapore

765. (Admitted question No. 1963.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে এবং এই বৎসর অক্টোবর মাস পর্যন্ত মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় কত টিন ও সিমেন্ট সরবরাহ করা হইয়াছে ;

(খ) উক্ত দ্রব্যাদির কত পরিমাণ কত জনকে বণ্টন করা হইয়াছে এবং বর্তমান স্টক-এ কত দ্রব্য আছে ; এবং

(গ) মঞ্জুরীকৃত দরখাস্তের কতগুলি এখনও পারমিট পায় নাই এবং উহারা কবে উহা পাইবে ?

The Minister for Food and Supplies:

(ক) সিমেন্ট—

এপ্রিল ১৯৬৪ হইতে মার্চ ১৯৬৫ পর্যন্ত	...	২,৭৮৪	মে: ট:
এপ্রিল ১৯৬৫ হইতে অক্টোবর পর্যন্ত	...	২,৩২৩	মে: ট:
মোট	...	৫,১০৭	মে: ট:

উক্ত সময়ে তমলুক মহকুমায় কোন টিন সরবরাহ করা হয় নাই।

(খ) এপ্রিল ১৯৬৪ হইতে অক্টোবর ১৯৬৫ পর্যন্ত ৫,৮৯৬ মে: ট: সিমেন্ট ৬,০৭৯ জনকে দেওয়া হইয়াছে এবং বর্তমানে ১৮ মে: ট: সিমেন্ট মজুত আছে। টিনের কোন মজুত নাই এবং টিনের পারমিট কাহাকেও দেওয়া হয় নাই।

(গ) ২৮৬টি। উহা সরবরাহের পরিমাণের উপর নির্ভর করে।

Main items in Agricultural Development in the Third Plan period

766. (Admitted question No. 2194) **Shri Mahendra Nath Mahata**: Will the Minister-in-charge of Agriculture Department be pleased to state—

(a) What are the different main items in Agricultural Development in the Third Five-Year Plan ;

(b what amounts were allotted to each of these items in the said Plan :

(c) whether the amounts allotted have been, item by item, spent up according to the Plan ; and

(d) if the balance, if any, will be spent up during the remaining Plan period ?

The Minister of State for Agriculture and Community Development: (a) and (b) The original Plan provision for the different main items in Agricultural Development during the Third Five-Years Plan are as follows :—

			Rs.
1.	Seed Farms	...	1,00 00,000
2.	Supply, multiplication and distribution of seeds	...	1,93,29,000
3.	Manures and Fertilizers	...	2,41,87,000
4.	Improved cultural practices and plant protection	...	2,30,00,000
5.	Agricultural Education	...	42,00,000
6	Agricultural Extension and Training	...	1,38,00,000
7.	Demonstration and Publicity	...	1,66,88,000
8.	Land Development	...	1,00,00,000
9.	Minor Irrigation	...	15,84,92,000
10.	Soil Conservation	...	2,97,91,000

(c) No.

(d) It is expected that the current year's budget provision of Rs. 8.37 crores will be fully spent. If more funds are available the gap between the Plan provision and actual expenditure can be further narrowed down. Last year the expenditure was Rs. 8.26 crores which is 95.7 per cent of the budght allotment.

State Transport Corporations in West Bengal

767. (Admitted question No. 2253.) **Shri Aswini Roy**: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা বর্তমানে কয়টি আছে ও তাহাদের বিবরণ ; এবং

(খ) ১৯৬৫ সালের ৩০শে সেপ্টেম্বর প্রত্যেকটি সংস্থার নিয়োজিত প্রত্যেক শ্রেণীর (দক্ষ, অর্দ্ধদক্ষ ও অদক্ষ) শ্রমিকের সংখ্যা ও আনুপাতিক বেতনহার ও ভাতার হার ?

The Minister for Home (Transport): (ক) পশ্চিমবঙ্গ রাজ্যে তিনটি রাষ্ট্রীয় পরিবহণ সংস্থ্যা আছে। তাহাদের বিবরণ নিম্নে দেওয়া হইল—

(১) কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন: রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন অ্যাক্ট ১৯৫০এর ৩নং ধারা অনুযায়ী স্থাপিত একটি স্বয়ংশাসিত সংস্থা। ইহা ১৫-৬-৬০ তারিখে প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার লগ্নীকৃত অর্থ সম্পূর্ণ পশ্চিমবঙ্গ সরকারের। এই সংস্থা কলিকাতা ও তৎপার্শ্ববর্তী অঞ্চলে বাস চালাইতেছে।

(২) নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন: রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনস্ অ্যাক্ট, ১৯৫০ এর ৩নং ধারা অনুযায়ী স্থাপিত একটি স্বয়ংশাসিত সংস্থা। ইহা ১৫-৪-৬০ তারিখে প্রতিষ্ঠিত হয়। এই সংস্থায় লগ্নীকৃত অর্থের মধ্যে কিছুটা কেন্দ্রীয় সরকারের এবং বাকিটা পশ্চিমবঙ্গ সরকারের। এই সংস্থা উত্তরবঙ্গের পাঁচটি জেলায় বাস চালাইতেছে।

(৩) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট সার্ভিস: পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনে পরিচালিত একটি সরকারী সংস্থা। এই সংস্থার বাস সার্ভিস ১-৮-৬৩ তারিখ হইতে চালু হয়। ইহা দুর্গাপুর নোটিফায়েড এরিয়ার মধ্যে ও দুর্গাপুর হইতে আসানসোল, বর্ধমান, রাণীগঞ্জ, সিউড়ি প্রভৃতি অঞ্চলে বাস চালাইতেছে।

(খ)

সংস্থার নাম	শ্রমিকের সংখ্যা			আনুপাতিক বেতন (টাকা)			ভাতার হার
	দক্ষ	অর্দ্ধদক্ষ	অদক্ষ	দক্ষ	অর্দ্ধদক্ষ	অদক্ষ	
কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন	৬৩	২,০৫০	৯৪৩	১৮:	১১:	৪	দুর্মূল্য ভাতা ১৫০ টাকা বেতন পর্যন্ত ১০ টাকা, ১৫১ টাকা হইতে ৩০০ টাকা পর্যন্ত ২০ টাকা, ৩০১ টাকা হইতে ৬০০ টাকা, পর্যন্ত ৩০ টাকা, ৬০১ টাকা হইতে ১,০০০ টাকা পর্যন্ত ৪০ টাকা বাড়ী ভাড়া ভাতা মূল বেতনের শতকরা দশভাগ
নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন	৫১	৯৭	৩৬০	১৪:	৭:	৪	দুর্মূল্য ভাতা কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের হার অনুযায়ী চিকিৎসা ভাতা ১৫০ টাকা বেতন পর্যন্ত ৬ টাকা ধোলাই ভাতা ২ টাকা করিয়া প্রতি শ্রমিক পান।
দুর্গাপুর স্ট্রেট ট্রান্সপোর্ট সার্ভিস	২৫	২০	২৭	১৫:	৬:	৪	দুর্মূল্য ভাতা কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের হার অনুযায়ী

Establishment of General Hospitals at Naihati and Bhatpara

768. (Admitted question No. 2274.) **Shri Gapal Basu :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has any plan to establish any hospital (General or E.S.I. or composite) at or nearabout Naihati ; and

(b) if so, what is that and when it will be materialised ?

The Minister for Health : (a) and (b) Yes, Government has plans to establish General Hospitals at Naihati and Bhatpara. Site for Naihati Hospital has not been finally selected. Land is under aquisition for the Bhatpara Hospital.

Provident Fund Rules for the teachere and employees of the Chandernagore Municipal Corporation

769. (Admitted question No. 2293.) **Shri Bhabani Mukhopadhyay :** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর কর্পোরেশনের শিক্ষক ও অন্যান্য পৌরকর্মচারীদের জন্য প্রভিডেন্ট ফাণ্ড স্কীম চালু করার উদ্দেশ্যে রচিত নিয়মাবলী অনুমোদনের জন্য কতদিন পূর্বে সরকারী দপ্তরে আসিয়াছে ;

(খ) উপরোক্ত নিয়মাবলী অনুমোদন সম্পর্কে কোন সিদ্ধান্ত লওয়া হইয়াছে কি ; এবং

(গ) কবে নাগাদ প্রভিডেন্ট ফাণ্ড স্কীম চালু করা হইবে ?

The Minister for Local Self-Government : (ক) ৮-১১-৬০ তারিখে।

(খ) খসড়া নিয়মাবলী পরীক্ষা করার পর কিছু সংশোধনী প্রস্তাব করিয়া চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের মতামতের জন্য পাঠানো হইয়াছে। কর্পোরেশনের মতামত পাওয়া গেলে প্রয়োজনীয় সরকারী অনুমোদন দেওয়ার প্রশ্ন বিবেচনা করা হইবে।

(গ) সরকারী অনুমোদন হইলেই প্রভিডেন্ট ফাণ্ড স্কীম চালু হইবে।

Government Khas lands in Salanpur police-station, Asansol

770. (Admitted question No. 1496.) **Shri Haridas Chakraborty :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জ নাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার সালানপুর থানায় সরকারী খাস জমির পরিমান কত এবং তাহা কোন্ কোন্ মৌজায় অবস্থিত ;

(খ) উক্ত খাস জমির কোন অংশ বা কোন পুকুর এ পর্যন্ত কোনপ্রকার বিলি-বন্দোবস্ত করা হইয়াছে কিনা ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) যাহাদের মধ্যে বিলি করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা ;

(২) কাহাকে কত জমি বিলি করা হইয়াছে, তাহার পরিমাণ ও জমির বিবরণ, এবং

(৩) বিলি-বন্দোবস্তের শর্ত ?

The Minister for Land and Land Revenue : (ক) সালানপুর থানায় খাস জমির পরিমাণ ২৪৭৩'৭৩ একর। মৌজাওয়ারী হিসাবের একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(খ) হ্যাঁ, হইয়াছে।

(গ) (১) ও (২) একটি তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(ঙ) ১৩৭০ সাল হইতে ভূমিবণ্টন উপদেষ্টা কমিটির সুপারিশক্রমে দুই বৎসরের জন্য ভূমিহীন কৃষকদের পাঁচ একর পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হইতেছে। যাদের নিজস্ব জমি আছে তাদের জমি ও বিলি জমির মোট পরিমাণ পাঁচ একরের অধিক হইবে না। বণ্টিত জমির লাইসেন্স ফি অনুরূপ জমির প্রচলিত খাজনার দেড়গুণ। কৃষকগণ সমবায় কৃষি সমিতি গঠন করিলে প্রচলিত খাজনার হারেই ধার্য হইবে। কিন্তু এই ফি কোন ক্ষেত্রেই একর প্রতি দশ টাকার বেশি হইবে না।

Yield rate and procurement method of Paddy in the districts of West Bengal

771. (Admitted question No. 1856.) **Shri Girish Mahato**: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতি একরে উৎপন্ন ধান কোন্ জেলায় কত মণ হইতেছে ?

(খ) লেভিতে পাঁচ একরের উপর জমির ধান সরকার কোন্ কোন্ জেলায় সংগ্রহ করবেন ;

(গ) পাঁচজনের একটি পরিবারে সরকার কত মণ করিয়া ধান রাখিতে দিবেন ; এবং

(ঘ) কৃষি ট্যাক্স যাঁহারা দেন, তাঁহাদের পরিবারে কত মণ করিয়া ধান রাখিতে দিবেন ?

The Minister for Food and Supplies: (ক) এ সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে সংস্থাপিত করা হইল।

(খ) বিধিবদ্ধ রেশন এলাকা বহির্ভূত সমস্ত জেলাতেই লেভিপ্রথা অনুসারে ধান সংগ্রহ করা হইবে। সেচ এলাকায় দেড় একর জমির বেশি এবং সেচমুক্ত এলাকায় দুই একর জমির বেশি জমির উপর লেভি প্রযোজ্য।

(গ) পরিবারের জনসংখ্যা অনুসারে লেভিপ্রথা প্রযোজ্য নহে। কাজেই প্রশ্ন উঠে না।

(ঘ) কৃষি ট্যাক্স লেভি নির্ধারণের মান নহে, কাজেই প্রশ্ন উঠে না।

Bus Routes under R. T. A., Nadia

772. (Admitted question No. 2287.) **Shri Kanai Pal**: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার আর টি এ-র অধীনে কতগুলি বাসরুট আছে, রুটগুলির নাম কি এবং কোন্ রুটে কতগুলি বাস যাতায়াত করে ;

(খ) উক্ত বাসরুটগুলি যাঁরা পেয়েছেন তাঁদের নাম ও ঠিকানা কি, কে কোন্ রুটে পেয়েছেন ও কে কোন্ রুটে ক'খানা বাস পেয়েছেন ;

(গ) বর্তমানে আর কোন নূতন রুট চালু করার কোন পরিকল্পনা আছে কি ;

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে রুটগুলির নাম কি ;

(ঙ) প্রতিটি রুটের উভয় প্রান্তে (টারমিনাস) বাস স্ট্যাণ্ডে প্রকাশ্যভাবে টাইম-টেবেল টাঙিয়ে রাখার ব্যবস্থা আছে কি ; এবং

(চ) এই সব রুটের কোন বাস আকজো হয়ে গেলে তার পরিবর্তে অন্য বাস দেওয়ার ব্যবস্থা আছে কি ?

The Minister for Home (Transport): (ক) ৪৭টি বাসরুট আছে।

	রুটগুলির নাম		বাস সংখ্যা
১	কৃষ্ণনগর-শিকারপুর-গোপালপুর ঘাট	...	১৮
২	করিমপুর হইতে বহরমপুর (জলঙ্গী হইয়া)	...	১
৩	কৃষ্ণনগর হইতে করিমপুর (ধোরাদহ হইয়া)	...	১
৪	কৃষ্ণনগর হইতে আমতলাঘাট	...	১
৫	কৃষ্ণনগর হইতে পাতিকাবাড়িঘাট	...	২

	রুটগুলির নাম		বাস সংখ্যা
৬	কৃষ্ণনগর হইতে পলাশীপাড়াঘাট	...	১
৭	কৃষ্ণনগর হইতে হৃদয়পুর	...	৩
৮	কৃষ্ণনগর হইতে রাণাবাঁধ (চাপরা হইয়া)	...	২
৯	কৃষ্ণনগর হইতে রাণাবাঁধ (মাজদিয়া হইয়া)	...	২
১০	কৃষ্ণনগর হইতে খলবোয়ালিয়া	...	১
১১	কৃষ্ণনগর হইতে নবদ্বীপ ফেরিঘাট	...	১১
১২	কৃষ্ণনগর হইতে হাঁসখালি	...	৪
১৩	কৃষ্ণনগর হইতে টাউন সার্ভিস	...	৩
১৪	নবদ্বীপ টাউন সার্ভিস	...	২
১৫	শান্তিপুর টাউন সার্ভিস	...	১
১৬	বাগাঞ্চরা হইতে নারাঘাট (শান্তিপুর হইয়া)	...	১
১৭	কৃষ্ণনগর হইতে রানাঘাট (বাদকুল্লা-বীরনগর হইয়া)	...	১ (শূন্য)
১৮	কৃষ্ণনগর হইতে রামদহ (কামারহাটি-মুড়াগাছা হইয়া)	...	১ (শূন্য)
১৯	বেতাই হইতে পলাশী (পলাশীপাড়াঘাট হইয়া)	...	৪
২০	করিমপুর হইতে পলাশী মনুমেন্ট (পলাশীপাড়াঘাট হইয়া)	...	১
২১	কৃষ্ণনগর হইতে রানাঘাট (শান্তিপুর হইয়া)	...	৭
২২	কৃষ্ণনগর হইতে কালনাঘাট (শান্তিপুর হইয়া)	...	২
২৩	রানাঘাট হইতে হাবড়া (চাকদহ হরিণঘাটা এবং নগরউখরা হইয়া)	...	৩
২৪	চাকদহ হইতে বনগাঁ	...	৯
২৫	রানাঘাট হইতে কল্যাণী (নিউ রোড হইয়া)	...	১
২৬	রানাঘাট হইতে বনগাঁ (চাকদহ হইয়া)	...	২
২৭	কাঁচরাপাড়া হইতে নগরউখরা (হরিণঘাটা হইয়া)	...	১১
২৮	কৃষ্ণনগর হইতে কালিগঞ্জ	...	১
২৯	হাঁসখালি হইতে রানাঘাট (আড়ংঘাটা হইয়া)	...	৫+১
৩০	রানাঘাট হইতে হাঁসখালি (আড়ংঘাটা হইয়া)	...	১
৩১	কৃষ্ণনগর হইতে দাত্তপুর (গোতেপাড়া হইয়া)	...	১
৩২	বেথুয়াডহরি হইতে বীরপুরঘাট	...	১
৩৩	কৃষ্ণনগর হইতে বহরমপুর (ধুবুলিয়া হইয়া)	...	২
৩৪	কাঁচরাপাড়া রেলস্টেশন হইতে কল্যাণী রেলস্টেশন	...	৫
৩৫	কাঁচরাপাড়া রেলস্টেশন হইতে কল্যাণী রেলস্টেশন (গয়েশপুর হইয়া)	...	২
৩৬	চাকদহ হইতে নিমতলা	...	২
৩৭	দেবগ্রাম হইতে কাটোয়া (মতিয়ারা হইয়া)	...	১
৩৮	কৃষ্ণনগর হইতে ভালুকা	...	১
৩৯	চাকদহ হইতে আহুমিয়া	...	১
৪০	চাকদহ হইতে আইসমালি (গাঙনপুর হইয়া)	...	১
৪১	রানাঘাট হইতে কালনাঘাট (শান্তিপুর হইয়া)	...	১
৪২	কৃষ্ণনগর হইতে হুল্লারঘাট (ধুবুলিয়া হইয়া)	...	১
৪৩	চাকদহ হইতে আইসমালি (গাঙনাপুর হইয়া)	...	১
৪৪	নবদ্বীপ হইতে বর্ধমান	...	১

	রুটগুলির নাম		বাস সংখ্যা
৪৫	কৃষ্ণনগর হইতে কাটোয়াঘাট (দেবগ্রাম-মতিয়ারী হইয়া)	...	১
৪৬	কাটোয়াঘাট হইতে পলাশী (মতিয়ারী দেবগ্রাম এবং কালিগঞ্জ হইয়া)	...	১
৪৭	কৃষ্ণনগর হইতে করিমপুর (নাতিডাঙা হইয়া)	...	১

(খ) লাইব্রেরী টেবিলে রক্ষিত পৃথক তালিকায় উত্তর দেওয়া হইল।

(গ) ঐরূপ পরিকল্পনা আছে।

(ঘ) (১) কৃষ্ণনগর হইতে পলাশী মনুমেণ্ট।
(২) কৃষ্ণনগর হইতে বনগাঁ (দত্তপুলিয়া হইয়া)
(৩) নবদ্বীপ হইতে কালনাঘাট (নাদনঘাট হইয়া)।
(৪) নবদ্বীপ হইতে দুর্গাপুর (বর্ধমান হইয়া)।
(৫) রানাঘাট হইতে ঝিকরা (হরিণঘাটা হইয়া)।
(৬) কৃষ্ণনগর হইতে ধরমদহ (কামারহাটি মুড়াগাছা রেলস্টেশন হইয়া)।

(ঙ) অনুমোদিত টাইম-টেবল বাস ষ্ট্যাণ্ডে টাঙিয়ে রাখার ব্যবস্থা আছে।

(চ) একই রুটে তিনের অধিক বাস থাকিলে সেই রুটের অকেজো বাসের স্থানে ঐ রুটেরই বাস বেশিবার চালাইবার ব্যবস্থা আছে। বাসসংখ্যা উহার কম হইলে ঐ রুটে সব সময় পরিবর্তে বাস দেওয়া সম্ভব হইয়া উঠে না।

[2—2-10 p. m.]

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Chairman : The Hon'ble Minister-in-charge of Food and Supplies Department may please make a statement on the subject of agitation in Alipurduar subdivision about remission of levy on holding up to 7 acres of land and fixation of price of paddy at Rs.18—attention called by Sarbasree Nani Bhattacharjee and A.H. Besterwitch on 14th December, 1965.

Shri Ardhendu Shekhar Naskar : Reply will be made on Monday next.

Mr Chairman : I have receive three notices of calling attention on the following subjects :

(1) Strike of a section of workers in IIT, Kharagpur—from Shri Haridas Chakravarty ;
(2) Seizure of rice and paddy by police in cordon area done without giving any receipt—from Shri Sanat Kumar Raha; and
(3) Scarcity of kerosine oil—from Sarbasree Sanat Kumar Raha and Aswini Roy.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of seizure of rice and paddy by police in cordon area done without giving any receipt. Hon'ble Minister concerned may please make the statement today or give me a date when such statement will be made.

Shri Ardhendu Shekhar Naskar : Reply will be made on Tuesday next.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : স্যার, চাগলা চিঠির উপর উত্তরটা আজকে দেবার কথা ছিল তার কি হলো ?

Shri Ardhendu Shekhar Naskar : স্যার, আমি কালকে মাননীয় স্পীকার মহাশয়কে জানিয়ে দিয়েছি যে ঐ উত্তরটা আগামী সোমবার দেব।

Mr. Chairman : Shri Kashi Kanta Maitra may now make the reference to a matter for which I have given him permission but his request for discussion thereon is not allowed.

Shri Kashi Kanta Maitra : স্যার, বিধানসভার ১৯৪ ধারা রুল অনুযায়ী আমি একটা রেফারেন্সের জন্য আপনার কাছে ডিসকাসশনের জন্য পারমিশান চেয়েছিলাম আপনি তার পারমিশান দেননি কিন্তু বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আপনি আমাকে এখানে তুলতে অনুমতি দিয়েছেন। স্যার, কলকাতার একটি বিখ্যাত বিলেতী ঔষধ কম্পানী আছে তার নাম মেসার্স স্মিথ স্ট্যানষ্ট্রিট অ্যাণ্ড কোম্পানী লিমিটেড সেখানে একজন ১৯৬৩ সালে ব্রিটিশ অফিসার এক্স আর্মি অফিসার তিনি চীফ একজিকিউটিভ অফিসার হয়ে এসেছেন তিনি ভারত বিরোধী নানারকম কাজ করে যাচ্ছেন। গত পাকিস্তানী যুদ্ধের সময় ভারত সরকার ফরেনারর্স এ্যাম্পলয়মেন্ট রেগুলেশান অ্যাক্ট অনুযায়ী এই আদেশ জারী করেছেন যে এখানে পাকিস্তানী ন্যাশানাল যাঁরা আছেন তাদের চাকরি থেকে ছাড়িয়ে দিতে হবে। এই কোম্পানীর একজন পাকিস্তানী ন্যাশানালকে যাতে চাকরি থেকে ছাড়িয়ে দিতে না হয় সেজন্য তিনি তার ওয়ার্কস ম্যানেজার কমল চৌধুরী যিনি এ্যাডমিনিস্ট্রেশান-ইন-চার্জ তাকে এই ব্রিটিশ অফিসার বলেছিলেন যে ডি, সি, স্পেশাল ব্রাঞ্চে যেয়ে যাতে এই পাকিস্তানী ন্যাশানাল যাতে রাখা যায় তার ব্যবস্থা করতে। যেহেতু মিস্টার চৌধুরী এই প্রস্তাবে রাজী হননি সেইহেতু এই কভেনেন্ট অফিসারকে চাকরি থেকে টারমিনেট করে দেওয়া হল। এবং এইভাবে আরও তিরিশজন ভারতীয়কে চাকরি থেকে ছাঁটাই করে দেওয়া হয়েছে। যেহেতু মিস্টার চৌধুরী এই এ্যান্টি-ন্যাশানাল কাজ করতে চান নি বলে ঐ ব্রিটিশ অফিসার ওয়ার্ক ম্যানেজার (প্রোডাকশান) তাকে আদেশ করেন ডেপুটী কমিশনারের কাছে ঐ সম্বন্ধে ব্যবস্থা করতে। মিঃ চৌধুরী যখন রাজী হলেন না এই রকম একটা এ্যান্টি-ন্যাশান্যাল প্রস্তাব নিয়ে ডি, সি,-র কাছে যেতে তখন তিনি আর একজন ওয়ার্কস ম্যানেজারকে পাঠালেন এবং তিনি যে চিঠি কোম্পানীকে দিয়েছেন তার কপি আমি পড়ে দিচ্ছি, কি মারাত্মক চিঠি দেখুন। তিনি চীফ এগজিকিউটিভ অফিসার মিঃ জে ওটসকে লিখছেন—

> As advised by you, I met Mr. Gupta, the D.C., Special Branch, to discuss with him whether the employment of Shri Kamaluddin, the Pakistani National, could be somehow retained. On hearing my purpose of visit, the officer appeared to be immensely displeased. He was not prepared even to discuss this matter and told me in a very firm tone, that if the services of the Pakistani National is not terminated forthwith, we have to bear the consequences. I, therefore, feel that we should immediately terminate the services of Shri Kamaluddin.

এতেও তিনি সন্তুষ্ট হলেন না, তারপর ল অফিসারকে বললেন যে আপনি যান, গিয়ে আপনি বোঝান। ল অফিসার যখন বললেন যে এই রকম কাজ যদি আমরা করি তাহলে এটা অত্যন্ত

অন্যায় জিনিস হবে এবং তা হতে পারে না তখন বাধ্য হয়ে সেই কালিমুদ্দিনকে টার্মিনেট করলেন। টার্মিনেট করার পর এমপ্লয়িজ অব দি ইউনিয়ন বললেন যে আমরা দেশ রক্ষার জন্য চাঁদা দিয়ে সাহায্য করব এবং আমাদের এক দিনের পরিশ্রমে যা অর্থ অর্জিত হবে তা জাতীয় প্রতিরক্ষা ফাণ্ডে আমরা দেব। তাতে মিঃ ওটস বললেন যে আমাদের কোম্পানীর প্রোডাকসানের দরকার নেই। ইউনিয়নের সভাপতি একজন বিশিষ্ট নাগরিক এবং রাজ্যসভার মেম্বার, শ্রীধীরেন সেনগুপ্ত। তাঁরা তখন জানালেন যে আমাদের যে-কোন একটা দিন রবিবারে কাজ করতে দেওয়া হোক এবং অ্যাডভান্স টাকাটা আমাদের দিয়ে দেওয়া হোক, টাকাটা আমরা জাতীয় প্রতিরক্ষা তহবিলে দেব। আমাদের শ্রমমন্ত্রী শ্রীবিজয় সিংহ নাহারকেও তাঁরা আমন্ত্রণ জানিয়েছিলেন। কিন্তু কোম্পানী বললেন, মিঃ ওটস জানালেন যে আমরা রাজী আছি, কিন্তু এই শর্তে যে যদি কোম্পানী মনে করে যে ভবিষ্যতে আমাদের অতিরিক্ত প্রোডাকসানের দরকার নেই তাহলে এই টাকা সব ফেরত দিতে হবে। তখন ইউনিয়ন এবং কর্মচারীরা সেখানে তুমুল আন্দোলন করেন, গেট মিটিং হয় এবং দারুণ বিক্ষোভ সেখানে দেখা দেয়। এই ইউনিয়নের গরীব কর্মচারীরা প্রায় ৫ হাজার টাকা এক দিনের রোজগার জাতীয় প্রতিরক্ষা তহবিলে দিলেন। এই ব্রিটিশ কোম্পানী যাদের ২৩ লক্ষ টাকা নেট প্রফিট গত বছর হয়েছে এবং সাড়ে সাতাশ পার্সেণ্ট ডিভিডেণ্ড যারা শেয়ারহোল্ডারদের দিয়েছে এই রকম একটা কোম্পানী তার এমপ্লয়ীরা ৫ হাজার টাকা দেবার পর শেষ পর্যন্ত মাত্র ৩ হাজার টাকা দিলেন এবং শুধু তাই নয়, যেখানে এমপ্লয়ীদের এই দাবিগুলি মানছে না সেখানে এই ভদ্রলোক কোম্পানীর বাড়ী ২ লক্ষ টাকায় রেনোভেট করেছেন এবং এই যে ব্রিটিশ অফিসার এখানে বসে ভারত বিরোধী কার্যকলাপ করে যাচ্ছে

[2-10—2-20 p. m.]

এই সম্বন্ধে মন্ত্রীসভার একটা দায়িত্ব আছে। কেন না আসামেতে চা বাগানের ব্রিটিশ মালিক এই ধরণের কাজ করেছিলেন এবং তাঁর বিরুদ্ধে ভারত সরকার অ্যাকসান নিয়ে তাঁকে ভারতবর্ষ থেকে চলে যাবার নির্দেশ দিয়েছিলেন। এই যে মিঃ জে, বি, ওটস ইনি হচ্ছেন চীফ এগজিকিউটিভ অফিসার, এক্স মিলিটারী আর্মি মেজর, তিনি এখানে বসে এই যে অ্যান্টি-ন্যাশান্যাল কাজ করে যাচ্ছেন এই ব্যাপারে আমাদের পশ্চিমবংগ সরকারের হোম ডিপার্টমেন্টের একটা বিশেষ দায়িত্ব আছে এবং দুঃখের কথা যে অফিসারটি এই অ্যান্টি-ন্যাশান্যাল অ্যাকটিভিটিতে সাবস্‌ক্রাইব করতে রাজী হননি শ্রীকমল চৌধুরী যিনি তিন হাজার টাকা মাইনে পান তাঁকে ফোর্থ উইথ টার্মিনেট করে দেওয়া হয়েছে উইদাউট এ্যাসাইনিং এন রিজিন, যদিও তাঁকে চিঠিতে দেওয়া হয়েছে You are considered to be one of the most eligible persons for this post. ১২ বছরের সার্ভিস, তাঁকে ছাঁটাই করে দেওয়া হয়েছে এবং এছাড়া আরো ৩০ জন ভারতীয় কর্মচারীকে কোম্পানী থেকে ছাঁটাই করে দেওয়া হয়েছে। এ সম্বন্ধে আমি বসবার আগে বলছি যে আমাদের দৈনিক পত্রিকা যুগান্তরে ৯ই নভেম্বর তারিখে এই সম্পর্কে বিস্তৃত সংবাদ বেরিয়েছে। ১০ই নভেম্বর আনন্দবাজার বিস্তৃত সংবাদ বেরিয়েছে এবং দর্পণে গত সংখ্যায় ছিল এক শ্রেণী ব্রিটিশ অফিসারের ভারত বিরোধী কার্যকলাপ, গোয়েন্দা পুলিশের তদন্ত এই শিরোনামায় দর্পণে বিস্তৃত তথ্য বেরিয়েছে, কিভাবে এই অফিসার ভারতবর্ষে বসে ভারতবর্ষের বিরুদ্ধে কাজ করে যাচ্ছেন। আমি এই সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের মন্ত্রীসভার যাঁরা আছেন তাঁরা এই ব্যাপারে তদন্ত করুন এবং এই অফিসারের বিরুদ্ধে যাতে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যায় সে সম্বন্ধে আপনারা চিন্তা করুন। স্যার, আপনি আমাকে বলবার জন্য যে সুযোগ দিয়েছেন তার জন্য আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

Shrimati Purabi Mukhopadhyay: I can assure the House that we shall do out best to see that things are put in order.

Shri Jiban Krishna Dey : স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর একটা জরুরী বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে যুগান্তরে বেরিয়েছে, সেটা পড়ে দিচ্ছি তাহলে বুঝতে পারবেন। ঘটনাটা হচ্ছে কোচবিহারে গত দুই সপ্তাহ থেকে চাল একদম নেই। কোচবিহার টাউনে, বাজারে চাল নেই এবং রেশনের চালও বন্ধ। আমি ১২ তারিখে কোচবিহার থেকে এসেছি, দেখে এসেছি যে সেখানে চাল নেই। সেখানে বাজারে কো-অপারেটিভ এবং বিভিন্ন মিল ধানচাল সংগ্রহ করছে এবং ভালই সংগ্রহ হচ্ছে। আমার ধারণা ছিল যে আজকে সেখানে শহরে এবং গ্রামে রেশনের চাল চালান হচ্ছে। কিন্তু অবাক কাণ্ড মফঃস্বলে তো চাল দেওয়া হচ্ছে না বহুদিন আগেই বন্ধ হয়ে গেছে, এমন কি কোচবিহার টাউনেও আজ পর্যন্ত চাল দেওয়া চালু করা হয়নি। এর ফলে ৬০।৭০ হাজার পপুলেশান যে শহরে তার একটা ভয়ানক দুরবস্থা ঘনিয়ে এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বিশেষভাবে বলতে চাই যে কোচবিহার এরিয়ার নিদারুণভাবে জনসংখ্যা বেড়ে গেছে, তা নিয়ে এই হাউসে অনেক আলোচনা হয়েছে, সেজন্য গভর্নমেন্ট থেকে য দ কোচবিহারকে ষ্ট্যাটুটরী রেশনিং এরিয়া বলে গণ্য না করা হয় যেটা শিলিগুড়িকে গণ্য করেছেন তাহলে আমরাই বা কত বলব আর কোচবিহারের লোকই বা কত ভুগবে। সেজন্য সেখানে পূর্ণ রেশনিং চালু করা হোক সেই কথাই আপনার মাধ্যমে বলছি।

Shri Abhoy Pada Saha : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষকরে মুর্শিদাবাদ জেলায় সরকারী ধানচাল কেনা সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলা হচ্ছে ঘাটতি অঞ্চল, কিন্তু তবুও সেখানে যে ছোট কাঁদি মহকুমার চারটি থানা আছে সেটা বাড়তি অঞ্চল। কিন্তু সেই বাড়তি অঞ্চলকে ঘেরাও করে রাখা হয়েছে এবং সেখানে ধান চাল কেনার কোন বিশেষ ব্যবস্থা নেই, যাও আছে সেখানে ভীষণ অব্যবস্থা চলছে। সরকারী এজেন্টরা দুস্থ চাষীরা যাদের ধানচাল বিক্রি না করলে নয় তাদের কাছ থেকে ওজনে বেশী নিচ্ছে এবং দাম কম দিচ্ছে। আমার কাছে দুটো রসিদ আছে, তা দিয়ে দেখাতে পারি খাদ্যমন্ত্রীকে যে কিভাবে তারা ব্যবসা চালিয়ে ঐ গরীব চাষীদের ঠকাচ্ছে। একজন ৯ কে, জি, ধান বিক্রি করেছে তার ১৬ পয়সা কেটে নিয়েছে, একজন ৫০ কে, জি, ধান বিক্রি করেছে তার কাছ থেকে ১২ পয়সা কেটে নিয়েছে এমন কি রসিদ পর্যন্ত লিখে দিয়েছে। তাদের কাছে সরকারী কি আইন আছে আমি জানি না, সরকারী যে প্রচলিত দাম সেই দর থেকে তারা কম দর দিচ্ছে।

Shri Deb Saran Ghosh : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে যদিও তিনি এখানে উপস্থিত নেই, মুর্শিদাবাদ জেলার বেলডাংগা থানা এবং ভরতপুর থানার মাঝামাঝি অঞ্চলে কর্ডনইং ব্যবস্থা চালু আছে, সেখানে একটা নদী আছে, বেলডাংগা থানার অধিকাংশ চাষীর জমি আমন ধানের জমি হচ্ছে ভরতপুর থানার মধ্যে। সেখানে এই কর্ডন থাকার ফলে চাষীরা সেই সমস্ত জমি থেকে তাদের নিজেদের ধান আনতে পারছে না। দিন ১৫ আগে থেকে দরখাস্ত করা হয়েছে, সরকার যে নিয়ম করে দিয়েছে তাতে বেলডাংগা থানার অধিবাসীদের কাঁদি সাব-ডিভিসানে গিয়ে এস, ডি, ও, র কাছে, ম্যাজিষ্ট্রেটের কাছে দরখাস্ত করতে হবে, তারপর জে, এল, আর, ও গ্রামসেবক এনকোয়ারি করবে, তারপর অনুমতি পাওয়া যাবে। ইতিমধ্যে ধান জমিতে নষ্ট হচ্ছে। যেসব চাষী লেভি দিতে চায় তারা লিখে দিতে রাজী আছে কিন্তু নিজের জমির ধান বাড়ীতে আনার কোন সুযোগ তারা পাচ্ছে না। সেই অঞ্চলের চাষীদের ধান পারাপার করবার ব্যবস্থা যদি না করা হয়, যদি ধান নিয়ে যাবার অনুমতি না দেওয়া হয় তাহলে সেখানে শান্তি ভঙ্গের একটা আশংকা আছে। সেজন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে চাষীরা অবিলম্বে যাতে নিজেদের বাড়ীতে ধান নিয়ে যেতে পারে তার অনুমতি দেওয়া হোক তা না হলে সেখানে একটা অশান্তির সৃষ্টি হতে পারে।

Shri Gour Chandra Kundu : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের নদীয়া জেলা ঘাটতি জেলা, সেখানে র‍্যাশানিং

গ্রামাঞ্চলে কর্ডনিং অঞ্চলে সম্পূর্ণ বন্ধ। শহরাঞ্চলে যে র‍্যাশান দেওয়া হতো সেটা ১০০ গ্রাম করে দেওয়া হতো, সেটা কমিয়ে ৩০০।৪০০ গ্রাম করা হয়েছে। ফলে সেখানকার লোকের ভীষণ অসুবিধা হয়েছে। বর্ধমান, সারপ্লাস ডিষ্ট্রিক্ট থেকে চাল আনতে দেওয়া হচ্ছে না, র‍্যাশানে চাল গম সাপ্লাই বন্ধ করে দেওয়া হল, তা কমিয়ে দেওয়া হল, বাজারে চাল বিক্রি বন্ধ হল তাহলে তারা খাবে কি করে? তার কোন ব্যবস্থা গভর্নমেণ্ট করছেন না, সেজন্য সে বিষয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই, ওখানে যেসব চাষীরা হাসকিং মিলে ধান ভাংগাতে আসছে যেসব পুলিশ আছে তারা সেসব ধান কেড়ে নিচ্ছে এবং বলছে যে হাসকিং মিলে ান ভাঙ্গান চলবে না। ফলে চাষীদের ভাত খাওয়ার পক্ষেও একটা সমস্যার সৃষ্টি হয়েছে। এই বিষয় দৃষ্টি আকর্ষণ করলাম, আমি আশা করি খাদ্যমন্ত্রী এ বিষয়ে নদীয়া জেলা ম্যাজিষ্ট্রেটের সংগে কথাবার্তা বলে একটা প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

Leave of Absence

Mr. Chairman : I have received applications from Shri Jyoti Basu and Shri Rabindra Nath Mukhopadhyay for permission of the Assembly to be absent from its meetings.

I take it that the members have the permission of the House.

PRIVATE MEMBERS' BUSINESS

Shri Sambhu Charan Ghosh : মাননীয় সভাপাল মহাশয়, আমি এই বাংলা ভাষায় রচিত বিধেয়কটি আগেই উত্থাপন করেছি। কাজেই আমার বক্তব্যটা আজকে আমি সংক্ষেপে নিবেদন করবো। আমি যে বিলটি এনেছি—এর পিছনে মূলতঃ দুটি উদ্দেশ্য ছিল; প্রথম উদ্দেশ্য হচ্ছে যে পশ্চিম বাংলা বিধানসভায় বাংলা ভাষায় রচিত একটি বিধেয়ক আনার প্রচেষ্টা এবং দ্বিতীয় হচ্ছে যে শিক্ষাজগতে সুরুচিসম্পন্ন পরিবেশ সৃষ্টি করা। প্রথম উদ্দেশ্য সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই যে আমি দুঃখের সাথে লক্ষ্য করছি যে ১৯৬১ সালে পশ্চিমবঙ্গ সরকারী ভাষা আইন পাশ করা সত্ত্বেও আজ পর্যন্ত সরকারীভাবে কোন বিধেয়ক বাংলা ভাষায় এই বিধান সভায় উত্থাপন করা হয়নি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আমি দেখেছি যে সেখানে তাদের যে রিজিওন্যাল ল্যাঙ্গুয়েজ—সেই ভাষাতে তারা তাদের নিজের নিজের বিধানসভায় তারা বিধেয়ক উপস্থিত করে এবং তার উপর আলোচনা করে। কিন্তু ১৯৬১ সালের বাংলা ভাষায় বিল আনার যে আইন সে আইন পাশ করা সত্ত্বেও আজ পর্যন্ত সরকারপক্ষ থেকে কোন প্রচেষ্টা করা হয়নি। আমি নিজে অত্যন্ত গর্ব অনুভব করছি যে আমি বেসরকারীভাবে অন্ততঃ এই বিলটি বাংলা ভাষায় বিধানসভায় আনবার জন্য যে চেষ্টা করেছিলাম তাতে আমি সফলকাম হয়েছি। দ্বিতীয় যে বক্তব্য সেটা হচ্ছে যে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে উপযুক্ত সুরুচিসম্পন্ন পরিবেশ সৃষ্টি করা। মাননীয় সভাপাল মহাশয়, আমি গোড়াতেই বলে রাখতে চাই যে এই বিধেয়কটির মধ্য দিয়ে আমি ছাত্র-সমাজ বা কারও কাছে কোন নীতির কথা বলার উদ্দেশ্য নিয়ে বিলটি আনিনি। আজকে আমি দেখেছি এবং আপনিও নিশ্চয় জানেন যে আজকে আমাদের সমাজে এমন একটা অশ্লীল পরিবেশ আছে, কুরুচিসম্পন্ন পরিবেশ আছে যার মধ্যদিয়ে ছাত্রসমাজ তার মনোবৃত্তির যথেষ্টভাবে অনুশীলন করতে পারে না। আপনি নিশ্চয় দেখেছেন যে আজকে শহরের পথেঘাটে অশ্লীল সাহিত্য সমস্ত বাজারকে ছেয়ে দিয়েছে। আপনি নিশ্চয় জানেন যে কয়েক মাস আগ আমি এই হাউসে অশ্লীল পোস্টার প্রদর্শনীর বিরুদ্ধে একটা বিল এনেছিলাম কিন্তু সেই বিলের বিরুদ্ধে সরকার-পক্ষ থেকে আপত্তি করে সেই বিলটিকে বন্ধ করে দেওয়া হয়েছিল। কাজেই আজকে একথা অস্বীকার করে লাভ নেই যে আমাদের সমাজের চারিদিকে একটা কুরুচিসম্পন্ন অশ্লীল পরিবেশ আছে যার ভিতর দিয়ে শিক্ষা যথার্থভাবে প্রতিষ্ঠা লাভ করতে পারে না। ছাত্রসমাজের মনোবৃত্তি যথার্থভাবে অনুশীলন করতে পারে না। সেইজন্য আমি মনে করি আজকে অন্তত উপযুক্ত সময়

হয়েছে যে সময়ে আমাদের এটা চিন্তা করা উচিত। আমি প্রসঙ্গত মাননীয় সভাপাল মহাশয় আপনার কাছে একটা বিখ্যাত মনস্তাত্বিক ক্রয়েডের একটা উক্তি স্মরণ করিয়ে দেবো। মনস্তাত্বিক ক্রয়েড তাঁর থিওরি অব ডিনসে বলেছিলেন যে প্রত্যেকটি মানুষের সাব-কন্সাস মাইণ্ডে কতকগুলি কুবৃত্তি থাকে। ব্যাড ইন্সটিংস থাকে এবং আমরা যখন জাগ্রত অবস্থায় থাকি তখন আমাদের সেন্সারসিপ অব রিজন স্ট্রং থাকে—সেজন্য আমরা কোন খারাপ স্বপ্ন দেখি না। কিন্তু যখন আমরা নিদ্রা যাই তখন আমাদের সেন্সারসিপ অব রিজন আলগা হয়ে যায়—ফলে সেই ব্যাড ইন্সটিংটস-গুলি মাথা চাড়া দিয়ে উঠে এবং আমরা খারাপ স্বপ্ন দেখি। সমাজের ক্ষেত্রে ক্রয়েডের সেই তত্বকে যদি আমরা প্রয়োগ করি তাহলে আমরা দেখবো যে সমাজের মধ্যে যে সমস্ত কুবৃত্তি আছে সেগুলিকে যদি আমরা সমাজের অনুশাসনের দৃঢ়বল্গা দিয়ে তাদের সংযত করার চেষ্টা করি নিশ্চয় তার প্রতিফলন ঘটবে না। নিশ্চয় ছাত্রসমাজের মধ্যে কোনরকম কুরুচির প্রতিফলন ঘটাতে পারবে না। সেইজন্য আমি মনে করি যে সমাজের ক্ষেত্রে সেন্সারসিপ অব রিজন বা সমাজের অনুশাসনের বল্গা যাদের হাতে আছে তারা যদি তাদের কঠোর নেতৃত্বের মধ্য দিয়ে চালাবার চেষ্টা করেন তাহলে আমরা সুস্থ পরিবেশ সৃষ্টি করতে পারবো যার মধ্য দিয়ে ছাত্রসমাজ অন্তত তাদের মনোবৃত্তির যথার্থ বিকাশ ঘটাতে পারবে। সেই উদ্দেশ্যে নিয়ে আমি এই বিলটি এনেছি এবং মাননীয় সভাপাল মহাশয় আমি আপনার দৃষ্টি আর্কর্ষণ করছি- আপনি নিশ্চয় দেখেছেন যে গতকাল প্রত্যেকটি সংবাদপত্রে একটা সংবাদ বেরিয়েছিল যে কলকাতা করপোরেশনের প্রত্যেকটি স্কুল মাতালদের আড্ডায় পরিণত হয়েছে। এই যেখানে অবস্থা যে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ মাতালদের আড্ডা, জুয়াড়ীর আড্ডায় পরিণত হয় সেখানে আপনি কি বলতে পারেন যে সেই পরিবেশের মধ্য দিয়ে কোন ছোট ছাত্র-ছাত্রী তার শিক্ষা যথার্থভাবে পেতে পারে?—আমি মনে করি পেতে পারে না। সেইজন্য ধূমপান নিরোধ করা একটা উপলক্ষ্য। এটাকে কেন্দ্র করে আমি চেয়েছিলাম যে বলিষ্ঠভাবে নেতৃত্ব দেওয়া হোক সমাজের ক্ষেত্রে এবং সেই নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে আমি শিক্ষকসমাজকে আহ্বান করেছি যে তারা এগিয়ে আসুন—তাঁরা নূতন দৃষ্টান্ত—নূতন আদর্শ স্থাপন করুন যার মধ্য দিয়ে অন্তত আমরা এটাকে বন্ধ করতে পারবো। হয়তো এখুনি জবাব দিতে গিয়ে সরকারপক্ষ থেকে বলা হবে যে ১৯১৯ সালের তো একটা আইন ছিল ধূমপান নিরোধ করার জন্য। আমার মনে হয় সরকার-পক্ষের—যাঁরা ওদিকে বসে আছেন তাঁরা ১৯১৯ সালের আইনটিকে উল্টেও দেখেন নি। ১৯১৯ সালের আইনে ছিল ধূমপান নিরোধ যে কিশোর বালকেরা যাতে ধূমপান থেকে নিরত হতে পারে তারজন্য এই আইন রচনা করা হয়েছিল। কিন্তু তারমধ্যে দিয়ে কোনরকমভাবে তার ব্যবস্থা অবলম্বন করেননি। আমি ধূমপানটাকে খুব খারাপ হিসাবে রাখছি না—একটা উপলক্ষ যে এই রকম যে সমস্ত কাজগুলি চলছে সেগুলিকে বন্ধ করার জন্য উপযুক্ত নেতৃত্ব গড়ে তোলা দরকার। আমি এখানে নীতির কথা বলছি না। আমি শুধু শিক্ষা বা সমাজে একটা উপযুক্ত পরিবেশ রচনার উদ্দেশ্য নিয়ে এই বিলটি এনেছি। মাননীয় সভাপাল মহাশয়, আপনার কাছে আমি একটা নিবেদন করে রাখছি যে আপনার নিশ্চয় স্মরণ আছে যে এই উদ্দেশ্যে গত মাচ মাসে আমি একটা ঘটনার কথা উল্লেখ করেছিলাম। যারা নীতির কথা বলে, ধর্মের কথা বলে, যারা ধর্ম এবং নীতি নিয়ে ব্যবসা করে সেই শিক্ষাপ্রতিষ্ঠানে যে পাপচক্র গড়ে উঠেছে সে সম্পর্কে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করেছিলাম; তখন মাননীয় স্পীকার মহাশয় ছিলেন. তিনি মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করেছিলেন যে সে সম্পর্কে যথার্থ অনুসন্ধান করে পুনরায় একটা বিবৃতি দিতে; কিন্তু আজ পর্যন্ত কোন বিবৃতি আমরা পাইনি। আমি যে প্রতিষ্ঠানের কথা বলছি সে প্রতিষ্ঠান হচ্ছে বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দির। মাননীয় সভাপাল মহাশয়, আমি অত্যন্ত জোর করে বলতে পারি যে সেই বেলুড় রামকৃষ্ণ মিসনে ধর্ম এবং শিক্ষার ছদ্মবেশে যে পাপচক্র গড়ে উঠেছে এবং ছাত্রদের যে লজ্জাজনক কাজে যোগদান করতে বাধ্য করা হয় তার ফলে দেখা গেছে যে তাদের নৈতিক মান নেমে গেছে। আমি খুব জোর করে এবং দায়িত্বের সাথে বলতে পারি যে গত বছর এখানে একটা ছাত্রের জীবনকে তারা নষ্ট করে দিয়েছিল পেছনে বেআইনি চিঠি, গুণ্ডার ভয় সব কিছু দেখিয়ে ছাত্রটির জীবনে পরিসমাপ্তি ঘটাতে চেয়েছিল। সেই ছাত্রের নাম ছিল বিশ্ববিদ্যালয়ের সেরা ছাত্র

প্রদীপ গুপ্ত। আমি এখানে বলেছিলাম যে আপনারা অনুসন্ধান করুন যে বেলুড় বিদ্যামন্দিরে যারা নীতি এবং ধর্মের কথা বলেন সেখানে একটা পাপচক্র গড়ে উঠেছে যে চক্র গড়ে তুলে ছাত্রদের সেই সমস্ত কাজে যোগদান করাতে বাধ্য করানো হচ্ছে। আমি বলেছিলাম সেখানে অনুসন্ধান করুন দেখবেন যে কি অবস্থা। তা যদি করতেন তাহলে অনেক বিস্ময়কর তথ্য আমরা এ সম্পর্কে জানতে পারতাম এবং এই বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দির যারা নীতি এবং ধর্মের কথা বলে সেখানে দেখা গেছে যে দু বছর আগে একটা ছাত্র আত্মহত্যা করতে বাধ্য হয়েছিল এবং আমি জোর করে বলতে পারি যে সেখানে পরিচালকরা এমন একটা ঘৃণ্য নোংরা পরিবেশ সৃষ্টি করেছেন এবং তার মধ্যে ছাত্রদের যোগদান করা • বাধ্য করাচ্ছেন যার ফলে আজকে সেখানে ছাত্ররা বিক্ষুব্ধ হয়েছে। সেইজন্য আমার বক্তব্য এই বিলের মধ্য দিয়ে আমি রাখতে চেয়েছি যে নীতির কথা আমি ছাত্রদের শুনাতে চাই না—কিন্তু যারা নীতির কথা বলে, ধর্মের কথা বলে সেই নীতি এবং ধর্মের ছদ্মবেশে তারা সমাজকে যে কুপথে পরিচালনা করার চেষ্টা করছেন এবং সেখানে একটা অস্বাস্থ্য আবহাওয়ার সৃষ্টি করছেন তার বিরুদ্ধে কষাঘাত করার উদ্দেশ্য নিয়ে আমি এই বিলটি এনেছি। সেজন্য আমি আশা করবো যে সরকারপক্ষ নিশ্চয় এটা বিবেচনা করবেন এবং এই বিধেয়কটি গ্রহণ করতে নিশ্চয় সম্মত হবেন।

[2-20 – 2-30 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষা মন্ত্রিমহাশয় বিধান পরিষদের কাজে ব্যস্ত থাকার জন্য তাঁর পক্ষ থেকে এই প্রস্তাবিত বিধায়কের বিরোধিতা করবার জন্য আমি দাঁড়িয়েছি। আমি এই বিধায়ক উত্থাপনের বিরোধিতা করছি। এই বিধায়ক আনবার উদ্দেশ্য হিসাবে শ্রীশম্ভু ঘোষ এই মাত্র বল্লেন যে দুটি উদ্দেশ্যে তিনি এটা এনেছেন। একটা উদ্দেশ্য—তিনি খুব অহংকার করে বল্লেন বাংলা ভাষায় আইন আনবার জন্য। একটা আইনের প্রিঅ্যাম্বল থাকে, অপারেটিভ ক্লজেস থাকে, স্টেটমেন্ট অব অবজেক্টস এণ্ড রিজনস থাকে এবং ফাইন্যানসিয়াল মেমোরেণ্ডাম থাকে—আইনটা তোলপাড় করে সেটা কোন্ ভাষায় তুললেন সেটা আইনের উদ্দেশ্যর মধ্যে আসতে পারে না—it cannot be incorporated in the body of the Act or the Bill সেইজন্য সেই উদ্দেশ্য সম্পর্কে আমি কোন কথা বলবো না। তিনি যে উদ্দেশ্যেই এনে থাকুন না কেন একটা প্রস্তাবিত আইনের খসড়া তিনি আমাদের সামনে পেশ করেছেন—সেই আইন সম্পর্কে আমি আলোচনা করবো।

তিনি বলেছেন বিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ, নৈতিক পরিবেশ স্থাপনের জন্য তিনি এ আইন এনেছেন। সেই সঙ্গে সঙ্গে মদ্যপান অপ্রশস্ত ক্রয়েডিয়ান থিওরি ইত্যাদি বিষয় উত্থাপন করেছেন। আমি মনে করি এ সমস্ত আলোচনা খুব প্রাসঙ্গিক নয়, সুস্থ পরিবেশ রচনা করার জন্য যদি হয় তাহলে শুধু এটাকে আইন করে কি হবে। ১৯১৯ সালে জুবিনাইল স্মোকিং প্রহিবেশান আইন সম্বন্ধে বলেছেন যে একটা আইন আছে কিন্তু তার প্রয়োগ হয় না। কিন্তু আমি তাকে পালটা প্রশ্ন করছি যে আমরা সকলে মিলে যদি আইন পাশ করে নেই তাহলেও ইমপ্লিমেণ্টাল পাশ হবে না, কারণ বিলের অপারটিভ ক্লজে তিনি বলেছেন যে হেড মাষ্টার কেন বিদ্যালয়ের মধ্যে যে কেউ ধূম পান করলেই এপ্রোপ্রিয়েট অথরিটি গভর্নমেন্টকে জানাবেন। দ্বিতীয় দফায় তিনি বললেন কোর্টে দাঁড়িয়ে বিচার করাবেন। অতএব ১৯১৯ সালের যে আইন ব্যর্থ হয়েছে সেটা এখনও একই কারণে ব্যর্থ হবে, কারণ কোন হেড মাষ্টারের পক্ষে হেড অফ দি ইনষ্টিটিউসানের পক্ষে কোন ছাত্র শিক্ষক অভিভাবক কিম্বা স্কুলের পরিদর্শক এলে কমপাউণ্ডের মধ্যে ধূমপান করলে তাকে কোর্টে হলফ্ করাবেন এটা কোন কিছু হবে না, শম্ভু ঘোষমহাশয় এখানে যে আইন এনেছেন সে উদ্দেশ্য সিদ্ধ করার জন্য আমাদের অন্য কোন অস্ত্র আছে কিনা, আমরা বেঙ্গল এডুকেসান কোড পাশ করেছি তার ভেতরে দুটো চ্যাপটার

আছে, তাতে স্পষ্ট ভাষায় বলেছে যে কলেজের ছাত্র বা স্কুলের ছাত্র, বিদ্যালয়ের মধ্যে ধূমপান একেবারে নিষিদ্ধ, ১৯১৯ সালের আইনে একপক্ষ বলেছে যে শুধু ধূমপান কেন যারা বিক্রি করবেন তাদেরও দণ্ডদান করা হবে তা যদি আমরা প্রয়োগ না করতে পারি তাহলে এ বিলের যিনি উত্থাপক তিনি নিশ্চয়ই আশা করবেন না যে শিক্ষায়তনের কোন শিক্ষক এ আইন হাতে পেলে কাথায় কথায় তিনি কোর্টে নিয়ে যাবেন এবং সেটা উচিতও হবে না। কথা হচ্ছে নৈতিক প্রভাবের দিক থেকে এটা আমরা বন্ধ করতে পারি কি না? নৈতিক প্রভাব যেখানে ফেল করেছে সেখানে আমি মনে করি যদি আইন প্রয়োগ করতে হয় তাহলে বেঙ্গল এডুকেশান কোড যেটা আছে সেটা যথেষ্ট পরিষ্কার এবং সুষ্ঠু ভাষায় আছে। আপনারা যদি চান যে কোর্টে কি আছে তা আপনাদের অবগতির জন্য পড়ে দিতে পারি। চ্যাপটার থ্রি, সেকসান I রুল II অফ দি বেঙ্গল এডুকেসান কোড অফ 1921, page 73. সেখানে যদি দেখেন তাহলে দেখবেন, Smoking in College সম্বন্ধে স্পষ্ট ভাষায় লেখা আছে যে Principal of all Colleges should prohibit the sale of cigarettes or tobacco, in any form, on the premises of their institution and should also forbid the students to smoke in or outside those premises এবং তারপর বলছেন to exercise a healthy influence upon their pupils by abstaining from smoking upon the premises of their institutions or at any rate by not smoking before their students. অতএব এখানে শিক্ষক, অধ্যাপক, ছাত্র ইত্যাদি সকলের সম্বন্ধে বলা আছে। ঠিক ঐভাবে বেঙ্গল এডুকেশান কোড, চ্যাপটার ফাইভ, সেকসান সেভেন, রুল ওয়ান অফ বেঙ্গল এডুকেসন কোড তাতে অবজেকসানেবল প্রাকটিস বলতে তার মধ্যে স্পিটিং, স্মোকিং এবং অন্যান্য হ্যাবিট ইন এনি ফর্ম। Objectionable practice of spitting and smoking, the use of drugs or intoxicants, any form of gambling, disfiguring the school furniture or building and loitering or noisy behaviour within or outside the school premises should be regarded as a serious offence. Teacher should not smoke on the school premises during the school hours. আমাদের বেঙ্গল জুভেনাইল স্মোকিং অ্যাক্ট, 1919 এ ধূমপান নিষিদ্ধ করার জন্য এবং সিগারেট টোবাকো বিক্রি করা সম্পর্কে আইন করে নিষিদ্ধ করা আছে। আমার মনে হয় এই কোড পুনরায় উল্লেখ করে D.P.I-র পক্ষ থেকে স্কুল কলেজের দৃষ্টি আকর্ষণ করে সার্কুলার দিলে যে সুস্থ পরিবেশের কথা প্রস্তাব বিধায়কের পক্ষ উপস্থিত করেছেন সেটা সিদ্ধ হবে। সেজন্য আমি এ বিলের ইনট্রোডাকসানের বিরোধীতা করছি।

[2-30—2-40 p. m.]

The motion of Shri Sambhu Charan Ghosh for leave to introduce the পশ্চিমবঙ্গ শিক্ষায়তনসমূহে ধূমপান নিরোধ বিধেয়ক (বিল), ১৯৬৫, was then put and a division taken with the following result:

Noes—50

Abdul Bari Moktar, Shri
Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chadra
Das, Shri Ambika Charan
Das Gupta, Shri Khagendra Nath

Dhar, Shrimati Charushila
Dutta, Dr. Ramendra Nath
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Hazra, Shri Parbati Charan
Jana, Shri Mrityunjoy
Khalil Sayed, Shri
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Majhi, Shri Budhan
Mitra, Shrimati Biva
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Santra, Shri Jugal Charan
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Wangdi, Shri Tenzing

Ayes—31

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharya, Dr. Kanai Lal
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Dey, Shri Jiban Krishna
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Halder, Shri Adhar Chandra
Josse, Shri Lakshmi Ranjan
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada

The Ayes being 31 and the Noes 50 the motion was lost.

NON-OFFICIAL RESOLUTION

Shri Arabinda Roy : মিঃ চেয়ারম্যান, স্যার, আমার বক্তৃতা সেদিন সমস্ত বলতে পারিনি। আজকে যে প্রস্তাবটি নিয়ে আমরা আলোচনা করছি, এই প্রস্তাবটি পুরাপুরিরূপে সমালোচনামূলক প্রস্তাব, এই প্রস্তাবে যা আছে, তা আগাগোড়া পড়ে দেখলে, দেখবেন শুধু সমালোচনা আছে, সমাধানের কোন ইঙ্গিত তাতে দেওয়া হয়নি। আমি মনে করি, এরকম একটা প্রস্তাব, আজকের দিনে একটা বন্ধ্যা প্রস্তাব। কারণ আমরা সমস্যাজর্জরিত হয়ে আছি, তার আমরা সমাধান খুঁজছি। যেখানে, আমাদের সেই সমস্যা সমাধানের কোন ইঙ্গিত নেই সেখানে, এই রকম একটা নিছক সমালোচনামূলক প্রস্তাবের আলোচনার এখানে কোন প্রয়োজন আছে কিনা, সে সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছেন, তাতে শুধু সমালোচনা আছে। শ্রীঅশ্বিনী রায় মহাশয়, তিনি কিছু সমাধানের ইঙ্গিত, তাঁর অ্যামেণ্ডমেন্টের মধ্যে রেখেছেন।

Mr. Chairman : Shri Aswini Roy's amendment is out of order,

Shri Arabinda Roy : আচ্ছা স্যার, আমি তাঁর অ্যামেণ্ডমেন্টের কথা বাদ দিচ্ছি। কিন্তু এইরকম শুধু সমালোচনার কোন অবকাশ নেই, আজকের এই ধরণের বে-সরকারী প্রস্তাব এলে। কারণ, মুখ্যমন্ত্রিমহাশয়, তিনি হাউসের মধ্যেতে বলেছেন যে তাঁর খাদ্যনীতি বাংলা দেশে আংশিক সফলতা লাভ করেছে, এবং আংশিকভাবে সেটা সফল হতে পারেনি। তিনি বলেছেন statutory rationing area যেখানে যেখানে আছে সেখানে তিনি খাবার দিতে পেরেছেন। কিন্তু গ্রামাঞ্চলে যেখানে তিনি খাদ্যশস্যের মূল্য নিয়ন্ত্রণ করেছিলেন এবং modified rationing-এ চাল দিতে সুরু করেছিলেন, সেখানে modified rationing-এ ঠিক প্রয়োজনমত চাল দিতে পারেননি, এবং খাদ্যের যে মূল্য-দাম, তিনি বেঁধে দিয়েছিলেন, তাও ঠিক রাখতে পারেননি। ফলে, আমরা দেখছি, জনসাধারণ নিদারুন দুর্দশার মধ্যে পড়েছে। সেজন্য আমাদের সকলকে একথা স্বীকার করতে হয়েছে, এবং আমাদের এই হাউসে, এই বিষয় নিয়ে, বহুবার আলোচিত হয়েছে—যে ধানচালের দর বহুগুণ বেড়ে গিয়েছে, এবং এমন বেড়েছে যে তা সাধারণ লোকের ক্রয়ক্ষমতার বাইরে চলে গিয়েছে। সুতরাং আমরা আজকে যে বাস্তব পরিস্থিতির সম্মুখীন হয়েছি, সেখানে শুধু সমালোচনা করে নিক্রিয় থাকলে চলবে না, এই challenge-এর সম্মুখীন হতে হবে এবং এই challenge কে গ্রহণ করে সমস্যা সমাধান করতে হবে। আমি বিশ্বাস করি, এ মীমাংসা করা যায়। অবশ্য খুব সোজা ব্যাপার নয়। মীমাংসা করতে হলে একটা positive outlook নিয়ে, সমস্যা সমাধানের পথে অগ্রসর হতে হবে। সেই positive outlook একটিমাত্র section নিলে হবে না। অ্যাসেম্বলির সকল পক্ষকে নিতে হবে, এবং তার সাথে সাথে সমগ্র জনসাধারণকে সাথে নিতে হবে। আমি মনে করি, তা যদি আমরা নিতে পারি, তাহলে যে ফুড্ পলিসি মুখ্যমন্ত্রি-মহাশয় আমাদের সামনে রেখেছেন, তা সফল করতে পারবো। তাকে যদি সফল করতে পারি, তাহলে দেশে বর্তমানে যে খাদ্যসমস্যা দেখা দিয়েছে, তার মীমাংসা বা সমাধান করতে সক্ষম হবো। আর যদি তার সঙ্গে সংযোগিতা না করি এবং জনসাধারণকে এই খাদ্যসমস্যা সমাধান সম্পর্কে যদি অগ্রণী করতে না পারি, তাদের জাগ্রত করতে না পারি, তাদের সমস্ত সম্বলিত সংযোগিতাকে আহ্বান করতে না পারি, তাহলে খাদ্যসমস্যা সমাধান হবে না। দর ত বাঁধা আছে। কিন্তু, এই দরের বাহিরে বিক্রয় হচ্ছে, আমরা ঘুমিয়ে আছি, সরকার ঘুমিয়ে আছেন, যাঁরা কিনছেন তাঁরাও ঘুমিয়ে আছেন, আর যাঁরা বিক্রয় করছেন, তাঁরাও একেবারে বেহুঁশ হয়ে গিয়েছেন। এর যে একটা সামাজিক দিক আছে, একটা মানবিকতার দিক আছে, সেটা তাঁরা ভুলে গিয়েছেন। যাঁরা কিনছেন তাঁরা ভুলে গিয়েছেন, এবং যাঁরা বিক্রয় করছেন তাঁরাও ভুলে গিয়েছেন। সমাজ আজ এমন একটা অবস্থার মধ্যে এসে পড়েছে, যে বিক্রেতার

এই কথা মনে আসছে না, যে এই দরে আমি চাল বিক্রয় করিলে পাশের বাড়ীর লোককে অনাহারে বা উপসে থাকতে হচ্ছে। সে চাল কিনতে পারছে না। সুতরাং তার ঘুম থেকে তাকে জাগাতে হবে। সেই জাগরণী সৃষ্টি করতে হলে,—আজকে বিধানসভার সদস্য হয়ে যাঁরা আছেন তাঁদের যে বিরাট following আছে, গ্রামে গ্রামে তাদেরকে সাথে নিয়ে meet the challenge করতে হবে। তা না হলে, দর শুধু বেঁধে দিলেই, নিয়ন্ত্রিত মূল্যের মধ্যে জিনিসের দর থাকতে পারে না।

[2-40—2-50 p. m.]

বাংলা দেশের গ্রামে বেশীদরে বিক্রী করলেও কেউ তো নিষেধ করে না। পাশের বাড়ি থেকে তার জন্য কোন তিরস্কার নাই, ধিক্কার নাই। আমাদের politician-রা তো তার জন্য কিছু করছেন না! হ্যাঁ গভর্নমেন্ট দর বেঁধে দিয়েছেন। এর মীমাংসা একটা চাই। গভর্নমেন্ট এই জায়গায় fail করেছেন। শুধু ঘুষের অজুহাত দিয়ে নিজেদের কর্তব্যকে অবহেলা করলে চলবে না। সমগ্র সমাজের মধ্যে সেই চেতনাকে জাগ্রত করতে হবে। আমি বিশ্বাস করি পুলিশ যদি কোন সহযোগিতা না করে—শুধু যদি সমাজ জেগে ওঠে তাহলে বেশী দরে মাল বিক্রি হতে পারে না এবং এই কাজে বিধানসভার সদস্যরা বেশী সাহায্য করতে পারেন। এ-পক্ষ ও-পক্ষ মিলে বাংলা দেশের সমস্ত সক্রিয় কর্মী তাদের হাতে আছে। যেখানে দারুন খাদ্যসমস্যা, সেখানে লোকের লোভ বেশী হয়েছে, সমাজচেতনাবোধ হারিয়ে ফেলেছে, সেখানে যদি সমস্ত নেতৃস্থানীয় ব্যক্তিরা অগ্রসর না হয়ে আসেন, যদি তাঁরা সমগ্র জনসাধারণকে তাঁদের সাথে না নেন—তাহলে এই সমস্যার সমাধান হতে পারে না। এমন কি যে food policy মুখ্যমন্ত্রিমহাশয় এখানে রেখেছেন, সেটা full proof policy নয়, কোন full proof policy তিনি দিতে পারেননি। তাঁর পক্ষে সেটা দেওয়াও সম্ভব নয়। সমস্ত section of people-কে মনোরঞ্জন করে কোন পলিসি আসতে পারে না। এতে কেউ খুসি হবেন, আবার কেউ অখুসি হবেন। এ-পক্ষের ও-পক্ষের vested interest যাঁদের তারা প্রকাশ্যে না বলতে পারেন, কিন্তু গোপনে গোপনে—সংগঠনের খাতিরে বলছেন না" কোথায় sabotage করছেন, তা তাঁরা জানেন। প্রশ্ন হচ্ছে আমরা যদি সকলে সম্মিলিত না হই, তহলে food policy কখনো successful হতে পারবে না। কেউ কেউ বলছেন দু-একরে লেভী না করে—সাত একর থেকে লেভী করা হোক আবার কেউ বলছেন ধানের দাম ১৫৲ টাকা না করে ১৮৲ টাকা করা হোক। এররকম চুলচেরা হিসাব নিয়ে থাকলে চলবে না। এর ভালমন্দ দুটো দিক আছে। একটা food policy এখানে রাখা হয়েছে। এটাকে successful করা প্রয়োজন। তবে এটা বিশ্বাস করি পুরোপুরি এই food problem সমাধান হবে না বটে, কিন্তু যে দুর্ভিক্ষ অবস্থা এসে দাঁড়িয়েছে—তা থাকবে না। আমি deficit জেলা থেকে এসেছি। দু-টাকা থেকে আড়াই টাকা করে চাল কিনছি, আমি জানি সব বাড়িতে এই দরে চাল কিনতে পারছে না। যাদের income অল্প তারা কি করে আড়াই টাকা করে চাল কিনবে? মুখ্যমন্ত্রী যে food policy এখানে রেখেছেন তার চুলচেরা বিচার আমাদের মনঃপুত নাও হতে পারে, তবে আমি বিশ্বাস করবো সামগ্রিকভাবে বাংলা দেশের চিত্র নিয়ে উনি একটা food policy এখানে রেখেছেন। আমাদের সকলের সহযোগিতা দান করে তাকে সফলতা দিতে হবে। তা যদি না দেই, আগামী বছরের যে চিত্র মুখ্যমন্ত্রী রেখেছেন, যেটা সারা ভারতবর্ষের চিত্র। মধ্যপ্রদেশ deficit হয়েছে যেখানে ২০ লক্ষ টন উদ্বৃত্ত হয় সেখানে এবার ৩৫ লক্ষ টন deficit হয়েছে। রাজস্থান দুর্ভিক্ষের মুখোমুখি দাঁড়িয়েছে, বিহার ও উড়িষ্যায় উৎপাদন কম হয়েছে, অর্থাৎ সারা ভারতবর্ষে কম উৎপাদন হয়েছে। এই রকম ভয়াবহ চিত্র আপনি জানেন, PL 480 আজকে অনিশ্চিত তা সই হচ্ছে না। কালকে জাহাজ পাওয়া যাচ্ছে না। মাল উঠছে না। এই অবস্থা। তাছাড়া আমাদের defence-এর একটা বিরাট needs আছে। তার needs-এর পরিসীমা নাই। কোন বাঁধা ছকের মধ্যে সে needs meet করা যায় না। Desert-এর মধ্যে air dropping করতে হচ্ছে; mountain areaতে air dropping করতে হচ্ছে। তাতে যথেষ্ট wastage

হয়। তাছাড়া আরো কত কি লাগবে। দশ লক্ষ জওয়ানের জন্য ১০ লক্ষ unit পাঠিয়ে দিলে চলবে না। এই সমস্ত দিক বিবেচনা করে very grave picture before us, সেদিকে লক্ষ্য রেখে কলহদ্বন্দ্ব সব বন্ধ করে humanitarian ও positive line-এ চিন্তা করতে হবে, দেখতে হবে। তাই যদি দেখি তাহলে সুচারুরূপে মীমাংসা না হতে পারে—কিন্তু এই রকম ভয়াবহ অবস্থা থাকতে পারবে না। এই কথা আমি বিশ্বাস করি আমরা কিছু পাব। এর দুটো side আছে এই food policy-র। তার একটা side হচ্ছে procurement, আর একটা দিক হচ্ছে distribution-এর দিক।

একটা দিক হচ্ছে procurement-এর দিক আর একটা দিক হচ্ছে distribution-এর দিক। procurement-কে যদি আমরা successsful করতে পারি তবে আমাদের distribution-এর possibility থাকে। তা না হলে distribution আমরা করতে পারব না আমাদের povertyকে distribute করে লাভ নাই। অভাবকে distribute করে লাভ নাই। যদি পাই তবেই আমরা দিতে পারব। সেজন্য সংগ্রহটাকে মজবুত করতে হবে। সেই সংগ্রহে অনুগ্রহ করে আসুন। শুধু আপনাদেরই বলছি না আমি আমাদেরও বলব। সেই সংগ্রহে আমরা সবকার্য পরিত্যাগ করে লাগি। সকলকে বলি আপনারা দিন। আজকে বাংলা দেশে বৃহত্তর জনসাধারণের স্বার্থে এই সংগ্রহ। যারা large producer তাদের স্বার্থে এই সংগ্রহ বা লেভী নয়। Large producer-এর সংখ্যা আপনারা মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছে শুনেছেন মাত্র চার লক্ষ। তাছাড়া ৩১ লক্ষ পরিবার আছে তারা deficit grower, তাছাড়া বাংলা দেশে একটা বৃহত্তর জনসাধারণ আছে যারা কিনে খায়। অনেক grower আছে যাদের বছরে অধিকাংশ সময়েই কিনে খেতে হয়। সেজন্য যদি ১৫ টাকা ধান তারা বিক্রি করে আজকে তবুও তারা যখন কিনে খাবে তখন অল্প দামে কিনে খেতে পারে। এই বৃহত্তর বাংলা দেশের জনসমষ্টির জন্যেই আমাদের লেভীকে জোড়দার করতে হবে, আমাদের distributionকে equitable করতে হবে। Ditributionকে নিশ্চিন্ত করতে হবে, যেন অভাবের সময় rural areaতে এবং কলকাতাকে আমরা চাল দিতে পারি। বিশেষ করে rural areaর জনসাধারণ ভয়ানক suffer করেছে এবার। এমন suffer করেছে যে চক্ষে দেখা যায় না। সেজন্য তাদের কথা চিন্তা করে তারা কলকাতার জনসংখ্যার অনেক বেশী এমন suffer করেছে সেই suffering আজকে নিরসন করতে হবে। এবং নিরসন করতে হলে আমাদের লেভীকে জোড়দার করতে হবে। লেভীর একটা climate create করতে হবে যেন জনসাধারণ স্বেচ্ছাপ্রণোদিত হয়ে লেভী দেয়। এবার যে সব বড় বড় জোতদার জোচ্চুরীর মতলব নিয়ে, ধানচাল আটকে রেখেছে তাদের সম্পর্কে সরকারের কাছে গোপন লিস্ট পাঠিয়ে দিতে হবে। এবং আমরা সহযোগীতা দিয়ে তাদের বলব যে আপনারা ধান দিন, যদি ধান না দেন তাহলে সরকারের যে বিভাগ আছে সংশিষ্ট বিভাগ তাকে জানিয়ে দিতে হবে। বলতে হবে এরা এই কাজ করছে, এরা দেশের শত্রু। তারা নিশ্চয়ই সেখানে বিহিত করবেন। এবং অনেকে এখানে বলেছেন যে সরকারী কর্মচারীরাই গোলমাল করে দিচ্ছে—আমি বিশ্বাস করি যে করতে পারে—এটা তো নতুন কথা নয়, আমি জানি এরকম সরকারী কর্মচারী অনেক আছে, পুলিশের মধ্যে ত্রুটিবিচ্যুতি আছে, আমি জানি ধনেখালিতে কয়েকদিন আগে গিয়েছিলাম লেভীর ব্যাপারে সেখানে আমাকে অনেকে বলেছেন যে পুলিশে করছে। আমি বলছি আমাদের roleটা যেন আমরা play করি। আমাদের যে ভূমিকা আছে সেখানে যেন আমরা অসাড় হয়ে বসে না থাকি। আমাদের এই সমাজের মধ্যে কি করে বিক্রি হল ৪০ টাকা ধান—আমরা কিনলাম কি করে আর যারা বিক্রি করলেন তারা কি সজ্ঞানে চান পাশের বাড়ির লোকে উপবাসে যাবে? তারা নিশ্চয়ই তা চান না। কিন্তু একটা আবহাওয়া তৈরী হয়ে গেছে, বেশী দরে বেচলেও মনে দাগ কাটছে না। আজকে নতুন একটা আবহাওয়া সৃষ্টি করতে হবে। যে আবহাওয়াতে জনসাধারণ জোচ্চুরী করতে পারবে না। তার যেন কিছু

লজ্জা হয়, কিছু সরমবোধ হয়। আমার সেজন্য আপনাদের কাছে অনুরোধ এবং বিশেষ করে বিধানমণ্ডলীর কাছে আমার অনুরোধ যে তারা সক্রিয়ভাবে এই লেভী যাতে successful হয় এবং লেভীর যাতে একটা আবহাওয়ার সৃষ্টি হয় সেই আবহাওয়ায় পরে যাতে কেউ উল্টোদিকে না যেতে পারে, এরজন্য একটা আন্দোলন create করতে হবে। আমরা Politicsএ এত সময় নষ্ট করি যে আমরা এদিক দেখতে পারি না। এরজন্য আমি বলছি আমাদের সর্বসময় নিয়োগ করতে হবে। আমি বিশ্বাস করি তাহলে আর উল্টোফল হবে না। তাছাড়া আরেকটা দিক আছে উৎপাদনের দিক। আমরা deficit State। আমরা যদি চিরকাল বাইরে থেকে ধানচাল আনতে থাকি, আমাদের deficit থেকেই যাবে। একটা production-এরও একটা climate create করতে হবে। আমি দুটি একটি জায়গায় কাজ করে দেখেছি যে কতবেশী production করা যায়। যেখানে ২০ হাজার ৩০ হাজার মন আলু হত সেখানে ২॥০ লক্ষ মণ হয়েছে। আমরা সরকারী বিভাগকে চিঠি লিখে বলেছিলাম representation দিয়ে বলেছিলাম, ওরা ওখান থেকে বীজ কিনতে চেয়েছিলেন, জায়গার নাম উদয়নারায়ণপুর, আমরা বলেছিলাম যে উদয়নারায়ণপুর থেকে আপনারা প্রায় ২ লক্ষ মণ আলু পেতে পারেন। সেটা যদি আমরা individual effort রাখি—সবাই যদি চেষ্টা করি আমরা প্রত্যেকে ব্যক্তিগতক্ষেত্রে কিছু কিছু আমাদের বন্ধুবান্ধব শক্তি সামর্থ followers ইত্যাদি আছে, আমরা তাদের নিয়ে যদি একটা আয়োজন করি—আমি বিশ্বাস করি যে production আমরা করতে পারি তাতে 8 p. c. shortage make up করা বাংলা দেশে আদৌ শক্ত হবে না। আমাদের সত্যিকারের কাজ হচ্ছে লেভীর climate তৈরী করা, যে লেভী দিতে হবে, distributionকে equitable করতে হবে কিছুতেই আমার সমাজের কোন লোককে অনাহারে থাকতে দেব না। টাকার দাপটে একজন বেশী দরে চাল কিনে নিয়ে যাবে আর একজনের মুখের গ্রাস কিছুতেই তা হতে পারে না। সমাজ দীর্ঘকাল এটা সহ্য করতে পারে না। গভর্নমেন্ট তো পারেই না। এবং গভর্নমেন্টকে সহযোগিতা করতে হলে জনসাধারণকে এই ব্রত আজকেই গ্রহণ করতে হবে। এবার আমি বিশ্বাস করি মুখ্যমন্ত্রী যে আজকে food policy রেখেছেন সেই food policy আজকে successful হবে।

[2-50—3 p. m.]

আমি বিশ্বাস করি তা যদি করি তাহলে মুখ্যমন্ত্রিমহাশয় যে ফুড পলিসি রেখেছেন সেটা সাকসেসফুল হবে। শুধু সমালোচনা নয়, সমালোচনা একটা কমপার্টমেন্ট, আর একটা কমপার্টমেন্ট হচ্ছে পজেটিভ এ্যাপ্রোচ, পজেটি আউটলুক? আমরা প্রোডাকশন করবো, কিছু ক্রিয়েট করবে। এবং ডিসট্রিবিউশনকে ইকুইটেবিল করবো অ্যাট এনি কষ্ট। থ্যাংক ইউ, স্যার।

Shri Monoranjan Roy : মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সভ্য শ্রীঅরবিন্দ রায় মহাশয় আবেগপূর্ণ ভাষায় বিরোধী দলের সভ্যদের কাছে সহযোগিতার আহ্বান জানিয়েছেন। আমি খালি একটা কথা বলতে চাই যে আমরা যে প্রস্তাবের উপর আলোচনা করছি সেই প্রস্তাবে, নূতন খাদ্যনীতি যেটা এবছরে শুরু হয়ে আগামী বছরে আসছে তা নয়, এতে আছে

that the present food crisis and the rise of price of essential commodities are the result of the bankrupt policy of the Government in that it has failed to give effect to price-control, and check hoarding, profiteering and black-marketting.

যাই হোক, আমি অরবিন্দবাবুকে একটা কথা শুধু স্মরণ করিয়ে দিয় আমার বক্তব্য আরম্ভ করবো। তিনি বলেছেন জনসাধারণ নাকি ঘুমিয়ে আছে। জনসাধারণ ভাগ্যি জাগেনি, জাগলে ওঁদের আজকে এ' আসনে বসে থাকা সম্ভব হতো কিনা আমি জানিনা, একটু সামান্য জেগে ওঠার ভান করেছিল তাতেই তাদের শ্রীঘরে থাকতে হচ্ছে। এ বছর অক্টোবর মাসে সোনারপুরে যখন মণ মণ চাল ট্রাকে করে এ' এলাকা পার হয়ে যাচ্ছিল রাত দুপুরে তখন জনসাধারণ গিয়ে সেই ধানটা ধরে থানায় খবর দেয় যে আপনারা আসুন ধান পাচার করে নিয়ে যাচ্ছে চোরাকারবারিরা। অবশ্য এ' ধান এ' দরে বিক্রি করল ঠিকই কিন্তু তার ফল দাঁড়াল এই জনসাধারণকে আজ পর্যন্ত ভারত রক্ষা আইনে হাজতবাস করতে হচ্ছে, অনেকের বিরুদ্ধে মামলা চলছে কাজেই জনসাধারণের সহযোগিতা এই গালভরা বুলির পরিণতি কি সেটা আমাদের খুব জানা আছে। এই অ্যাসেম্ব্লীতে দাঁড়িয়ে অরবিন্দবাবু সোজাসুজি আমাদের দিকে চেয়ে যে বক্তৃতা দিলেন তাতে এই কথা মনে পড়লে বিধানসভার ২০ জন সদস্য, বিরোধী নেতা এবং ডেপুটি নেতাসহ, ভারতরক্ষা আইনে জেলে পুরে রেখেছেন। শুধু বিধানসভার সদস্য নয়, দু'হাজারের উপর কম্যুনিষ্ট পার্টির সভ্য এবং দরদীদের আপনারা ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করে রেখেছেন আর এখানে দাঁড়িয়ে কুৎসা রটনা করছেন যে কম্যুনিষ্ট পার্টির তরফ থেকে নাকি ধানের লেভির ব্যাপারে স্যাবোটার্জ করা হচ্ছে। আপনারা এই যে হাজার হাজার লোককে গ্রেপ্তার করে রেখে দিয়েছেন তার পরেও কি লজ্জা করে না এখানে দাঁড়িয়ে একথা বলতে? কে স্যাবোটাজ করে অরবিন্দবাবু কি জানেন না? ঐ বেঞ্চে যাঁরা বসে আছেন, যাঁরা হাজার হাজার বিঘা জমির মালিক তাঁরাই স্যাবোটাজ করে যাচ্ছেন, ঐ বড় বড় জোতদার গ্রামে আজকে কিভাবে কন্ট্রোল করে গরীব চাষীদের পিছনে নেতৃত্ব দিয়ে সরকারী নীতিকে ব্যর্থ করে দিচ্ছেন তা কি তিনি জানেন না? আপনারা কি জানেন না কতকগুলি অসাধু ভণ্ড কংগ্রেসের সভ্য রয়েছেন, নেতা রয়েছেন, তাঁদের গিয়ে বলুন কে স্যাবোটাজ করছে প্রফুল্লবাবুর এই প্ল্যানকে। অরবিন্দবাবুর আর ধৈর্য থাকলো না, তিনি চলে গেলেন। আমি শুধু বলতে চাই জনসাধারণ ঘুমিয়ে থাকেনি, জনসাধারণের উপর আপনারা জোর করে ভারতরক্ষা আইনে চাপিয়ে রেখেছেন। এই যে ৪০ টাকার চাল ৮০ টাকা, ১২০ টাকা পর্যন্ত উঠেছে, যে চাল গত বছর ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে এবং ১৯৬৫ সালের জানুয়ারী মাসে ঐ সোনারপুর ভাংগড় অঞ্চলে ২১ টাকা করে বিক্রি হয়েছে সেই চাল এবছর ডিসেম্বর মাসে বিক্রি হয়েছে ১২১ টাকা দরে, এটা কেন হল, কার দোষে হল? আপনারা বলেছেন পজেটিভ সাজেশন, পজেটিভ সাজেশনত বিরোধী পক্ষ থেকে বার বার করে ১৯৬৫ সালের এ্যাসেম্বলী প্রসিডিংস পড়ে দেখছিলাম প্রত্যেক বছর অপজিশনের পক্ষ থেকে বলা হয়েছে যে আপনারা এই খাদ্য সমস্যার সমাধান কখনও করতে পারবেন না যতদিন পর্যন্ত না আপনার ঐ চাষীদের জন্য ব্যবস্থা করছেন অর্থাৎ প্রকৃত ভূমিসংস্কার করছেন। প্রকৃত ভূমিসংস্কার কথাটা যদি নিগেটিভ হয়ে থাকে, কারণ এদের কাছে নেগেটিভ শোনাবে, প্রকৃত ভূমি সংস্কার হলে ঐ বেঞ্চে যাঁরা বসে আছেন, যাঁরা হাজার হাজার বিঘা জমি বেনামী করে রেখে দিয়েছেন তাঁদের আর এখানে এসে বসতে হতো না। এই প্রকৃত ভূমিসংস্কার ব্যবস্থা যতদিন না হচ্ছে, যতদিন পর্যন্ত কৃষকদের ঋণ ঐ মুকুবের ব্যবস্থা না হচ্ছে, যতদিন পর্যন্ত ঐ সার্ক, হাংগর, মানিলেণ্ডার, আর জোতদারদের হাতে তাদের ছেড়ে দেবেন ততদিন পর্যন্ত তাদের উপর ঐ পুলিশি জুলুমই গিয়ে পড়বে। যখন তারা, অরবিন্দবাবুর ভাষায় বলতে হয়, ঘুম থেকে জেগে উঠবে তখন পুলিশ গিয়ে তাদের টুঁটি চেপে ধরে জেলে নিয়ে গিয়ে পুরবে এই হচ্ছে পজেটিভ অ্যাপ্রচের অবস্থা। মাননীয় সভাপতি মহাশয়, আমাদের আগামী বছরের যে সরকারী নীতি তার যেহেতু প্রস্তাবের মধ্যে কোন স্কোপ নেই, অরবিন্দবাবু বলে গেলেন, সেইহেতু আমি আর বিশেষ কিছু সে সম্পর্কে বলতে চাই না। আমি শুধু অতীতে যা করেছেন কংগ্রেস সরকার, যার ফলে আজকে দেশের সামনে একটা দুর্ভিক্ষের পদধ্বনি গ্রামে প্রান্তরে শোনা যাচ্ছে সে সম্পর্কে দু'চারটি কথা বলবো। মাননীয় সভাপতি মহাশয়, এই কংগ্রেসী সদস্য যাঁরা এখনও কয়েক জন বসে আছেন তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৫১

সালে ভারতের তদানীন্তন প্রধানমন্ত্রী নেহেরুজী বলেছিলেন যে দু'বছরের মধ্যে ভারতবর্ষকে খাদ্যশস্যে আমি স্বয়ংসম্পূর্ণ করে দেবো। ১৯৫৩ সাল পার হয়ে যাবার সময় শ্রীবিনোবা ভাবে, কম্যুনিষ্ট নয়, বলেছিলেন নেহেরুর পদত্যাগ করা উচিত কারণ তিনি যে আশ্বাস দিয়েছিলেন, যে আত্মবিশ্বাস নিয়ে বলেছিলেন, সেটা তিনি করতে পারেননি। পদত্যাগ তিনি করেননি, তাঁর সম্বন্ধে আমি আর কিছু বলছি না কিন্তু তারপর পরবর্তীকালে এই অ্যাসেম্বলী হাউসে শুনেছি, ১৯৫৫ সালের প্রসিডিংস পড়লে দেখতে পাবেন আমাদের বর্তমান যিনি মুখ্যমন্ত্রী তিনি তখন খাদ্যমন্ত্রী এবং দুর্ভিক্ষমন্ত্রী ছিলেন, তিনি বাজেট ডিসকাশনের সময় বলেছিলেন যে খাদ্যে স্বয়ংসম্পুণ নাকি হয়ে গিয়েছি এবং ঠাট্টা করেছিলেন বিরোধী দলের লোক নাকি বেকার হয়ে যাচ্ছে এবং তাঁরা আর খাদ্য খাদ্য নিয়ে চিৎকার করতে পারবেন না। আজ '৬৫ সাল, ১০ বছর পরেও শুনছি দেশে ভীষণ খাদ্যসঙ্কট এবং আমাদের সবাইকে ত্যাগ স্বীকার করতে হবে। ত্যাগ স্বীকার কি রকম, না সপ্তাহে একবেলা খেতে পাবে না। কোটি কোটি লোক তারা ত দুবেলা পেট ভরে খেতে পায় না সারা বছর, একবেলা খেয়ে আছে। তারাতো ত্যাগ স্বীকার করছেই, ত্যাগ স্বীকার তাদের কাছে বলুন যাঁরা এই সংকট সৃষ্টি করেছে এবং ঐ কংগ্রেস নেতাদের কাছে। সাধারণ কৃষক, গ্রামের মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত তাদের কাছে ত্যাগের কথা বলতে হবে না। মাননীয় সভাপতি মহাশয়, এই খাদ্যমন্ত্রী গত বছর আমাদের কাছে বলেছিলেন ওজস্বিনী ভাষায় যে এবার খাদ্যাভাব হবে না কারণ ক্রপ হয়েছে।

[3—3-10 p.m.]

১৯৬৪-৬৫ সালে বাম্পার ক্রপ হয়েছে—১৯৬৫ সালের জন্য খাদ্যে আর কোন ঘাটতি থাকার কারণ নেই। কারন বিশেষ করে কলকাতাকে রেসনিং এরিয়া করে দিয়েছি। অরবিন্দবাবু চলে গেলেন শুধু একথা আমি তাঁকে শুনিয়ে দিতে চেয়েছিলাম যে সেদিন বিরোধী দলের নেতা তিনি এই কথা বার বার বলেছিলেন এবং সেদিন আমরাও বলেছিলাম তার মধ্যে আমি একজন ছিলাম আপ'ন এই শুধু কলকাতাকে রেসনিং এলাকা করার ফল কি হবে সেটা আমরা দিব্যচক্ষে দেখতে পাচ্ছি। যে গ্রামে আপনারা কোটি কোটি লোককে ঐ মুনাফাখোর জোতদার, মানিলেণ্ডার তাদের হাতে ছেড়ে দিচ্ছেন এবং তারা গ্রামে হাহাকার করে বেড়াবে খাদ্যের জন্য এবং খাদ্য সমস্ত চোরাকারবারীদের হাতে চলে যাবে—আপনাদের হাতে আর খাদ্য থাকবে না। আজকে তারা নির্ভর করছেন ঐ সমস্ত চালকল মালিকদের উপর যাদের কাছ থেকে আশা করছেন যে শতকরা ৫০ ভাগ নেবেন, কিন্তু তা পেয়েছেন কি? পান নি। সেদিন আমরা বার বার বলেছিলাম যে এইভাবে খাদ্যসমস্যার সমাধান করতে পারেন না, কাজেই খাদ্যসমস্যার সমাধান হয়নি তিনি বলেছিলেন যে রেসনিং করে দিয়েছি, আর গ্রামাঞ্চলে আমি মডিফায়েড রেসনিংয়ে এক কে. জি. চাল এবং এক কে. জি. গম দিয়ে যাবো, কিন্তু কোনটাই রাখতে পারলেন না। এই রেসনের অবস্থা কি দিনের পর দিন রেসনিংয়ের কোয়ানটিটি কমে কমে আসছে। আজকে শ্রমিকরা যারা ঐ বাউরিয়া চটকলে কাজ করছে তারা আমাকে জিজ্ঞাসা করেছিল যে আমরা একবেলা ছোলা খেয়ে দুটো তাঁত চালাতে পারবো না। বিধানসভায় দাঁড়িয়ে একথা বলছি আমি এটা সেদিন শ্রমমন্ত্রীকে বলেছিলাম এবং তার সেক্রেটারীকেও বলে এসেছিলাম যে শ্রমিকরা দুটো তাঁত এক সংগে চালাতে পারবে না। কারণ তাদের ছোলা খেতে হচ্ছে, দুইবেলা ছোলা খেয়ে দুটো তাঁত চালাবার কথা কেউ কি কল্পনা করতে পারেন? বিধানসভায় যাঁরা এখানে আছেন তাঁরা কি জানেন না যে ছোলার কারবার কারা করেন? এই বিধানসভারই যাঁরা ওধারে বসে থাকেন তাঁদেরই কিছু লোক ছোলা ৫০ টাকা মণ দরে বিক্রি করছে এবং তাই কিনে শ্রমিকরা খাচ্ছে এবং খেয়ে কারবার চালাচ্ছে কাদের জন্য—ঐ বড় বড় মুনাফাখোর বাঙ্গুর কোং, বার্ড কোং এবং ম্যাকমিলন কোং এদের মুনাফা বাড়াবার জন্য আর এখানে আমাদের বক্তৃতা হচ্ছে উৎপাদন বাড়াও উৎপাদন বাড়াবে কার জন্য? ঐ মুনাফাখোরদের জন্য বাড়াবে? আর তারা নিজেরা না

খেয়ে ছোলা খেয়ে উৎপাদন বাড়াবে? তাই তাদের আমি বলতে পারিনি যে তোমরা ধর্মঘট কোরো না। ছোলা খেয়ে দুটো তাঁত চালাও, একথা আমি বলবোও না তাদের এটা আমি পরিষ্কার বলে যাচ্ছি। এই তো আমাদের অবস্থা। এইভাবে আমাদের কোন কথাতেই মুখ্যমন্ত্রী এবং কংগ্রেস সরকার কানই দেন না। বার বার আমরা বলেছিলাম কালোবাজারীদের হাত থেকে আপনারা ধানচাল নিয়ে খাদ্যের পাইকারী ব্যবসাটাকে সরকার নিজের হাতে নিন, ১৯৫১ সালের কথা—মনে নেই, এই দাবি নিয়ে রাইটার্স বিল্ডিংস-এ আসতে গিয়ে ৮০ জন লোককে গুলি করে মারলেন সেকথা আমরা ভুলতে পারিনি, কি দাবি ছিল তাদের? ব্যাঙ্ককে ন্যাশনালাইজ করো খাদ্যশস্যের পাইকারী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ব করো। এই দাবি করেছিল ঐ কৃষক শ্রমিক-মধ্যবৃত্তরা। সেদিন কী জবাব আপনারা দিয়েছিলেন? তা কি আমাদের স্মরণ নেই? সেদিন তো আমরা পজেটিভ সাজেসন দিতে এসেছিলাম এবং সেই পজেটিভ সাজেসনের জবাব আমরা পেয়েছিলাম। কাজেই অরবিন্দবাবু চলে গেলেন তাঁকে একটু স্মরণ করিয়ে দিতে চেয়েছিলাম। সুতরাং একথাই শুধু আজকে বলবো আপনারা কোন একটা জায়গায় যদি সফল হতেন তাহলে আমরা বলাতাম যে এই জায়গায় আপনারা সফল হয়েছেন। আজকে এসে মুখ্যমন্ত্রী বলছেন আমরা আংশিকভাবে ব্যর্থ হয়েছি। টিউবওয়েল দেবেন, জল দেবেন কৃষকদের, তা কি পেরেছেন? আপনারা বলেছিলেন রিক্লেম করবো ফ্যালো ল্যাণ্ড তা কতটা করতে পেরেছেন? ৫৬ হাজার একর চাষ করবেন বলে টারগেট করেছিলেন ১৯৬৪ সালে সেখানে কত হাজার করেছেন ২৫%—.৪ হাজার মাত্র এই তো আপনাদের কৃতিত্ব। তারপরে আপনারা বলেছিলেন যে এবারে আমরা সফল হবো। একদিকে আপনারা ভূমিসংস্কার করলেন না আপনারা বলেছিলেন যে জমিদারিপ্রথা উঠিয়ে দিয়ে জমি সরকার হাতে নেবেন, কিন্তু সেই জমি সরকারের হাতে আসলো না। জমি যে কোথায় গেল সরকার নাকি তার খোঁজ জানেন না। আমরা জানি বেনামী হচ্ছে। জমিদারের ছেলে, নাতি, পুত্র নাতি, বৌ ছেলে সবায়ের নামে বেনামী হয়ে যাচ্ছে কাজেই ঐ জমি সেই জমিদার জোতদারদের হাতেই থাকছে কিন্তু সরকার খুঁজে পাচ্ছেন না, কি করে পাবেন? ঐ যে কয়েকজন জে. এল. আর. ও এবং অফিসারদের যাদের পাঠানো হয় তারা দেখেন এই বাজারে লুটেপুটে খাও। কাজেই তারা ঘুষ নিয়ে বেনামী জমি বেনামে রেখে দিচ্ছেন। সুতরাং এইভাবে আপনারা সমস্ত জিনিসটাকে পরিচালনা করছেন। এখানে দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী আসবে—আমরা জানি উপায় নেই কিছু। আজও কি আপনি ভূমিসংস্কার করবেন? কৃষকদের হাতে জমি দেবেন, আপনি কি ঋণ মুকুবের ব্যবস্থা করবেন কৃষকদের, গ্রামে গ্রামে কৃষকরা যাতে এগ্রিকালচারাল ইম্প্লীমেন্টস পায়, ঋণ পায় তার ব্যবস্থা করবেন? সার গিয়ে যাতে কৃষকদের হাতে পৌছায় তার কি ব্যবস্থা করবেন? রাস্তার মাঝখানে গিয়ে সার ব্লাকমার্কেটিয়ারদের হাতে চলে যায়। সেই ব্যবস্থা তো কিছুই আপনারা করেননি তাহলে কি করে জিনিসপত্রের আর কন্ট্রোলই বলুন ঠিক রাখবেন কি করে? গতকাল আমরা আলোচনা করেছি একটা বিল নিয়ে সেই সময় বারবার বলেছিলাম যে দেখুন আর একটা বিল আসছে—আর একটা যন্ত্রস্থ—যার মধ্য থেকে আমাদের কিছু কিছু খাদ্যদ্রব্য একটা সময় গরীব জনসাধারণ খেতে পেতো দাম কম হোত বলে উৎপাদনের সময় তাও পারবে না, সারা বছর এক রকম দাম যাবে এবং তা ক্রমশ বেড়ে বেড়ে যাবে। এই হোল কোল্ড ষ্টোরেজ বিল। এইভাবে একটার পর একটা ব্যবস্থা করবেন যাতে করে দিনের পর দিন জিনিসের দাম আরও বাড়বে এবং তার ফলে আজকে চালের দাম এই হয়েছে। এ বছর যেটা করছেন ঐ ধানকল চালকলের যারা মালিক তাদের উপর ভরসা করছেন আমাদের মুখ্যমন্ত্রী। কাজেই এর ভবিষ্যৎ যে কি হবে তা আমরা বুঝতে পারছি। জোতদারদের কাছ থেকে ধান আদায় করতে পারবেন না এই কারণে যে কংগ্রেসের যাঁরা লোক তাঁরাই হচ্ছেন জোতদার গ্রামাঞ্চলে—জোতদারেরাই হচ্ছে কংগ্রেসের খুঁটি তাঁদের কাছে গিয়ে ধান আদায় করার ক্ষমতা আপনাদের নেই। তাঁদের সঙ্গে যোগসাজস করবে ঐ

মানিলেণ্ডাররা ঐ অফিসারের। যে অফিসারদের সম্পর্কে কাগজে দেখলাম মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ওরা টাই বেঁধে থাকে—জনসাধারণের সঙ্গে ওদের কোন যোগাযোগ নেই। কিন্তু তাঁদের যোগাযোগ জোতদারদের সঙ্গে আছে। ঐ ভাগচাষী কৃষকদের পেটাবার জন্য ঐ সমস্ত অফিসাররা যায়। কাজেই জনসাধারণ বলতে যদি ঐ জোতদারদের বুঝায় তাহলে জোতদারদের সঙ্গে অফিসারদের যোগাযোগ আছে এবং থাকবে, যেমন মিলমালিকদের সঙ্গে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের থাকে পুলিশের কর্তাদের তাঁদের সঙ্গে দহরমমহরম থাকে এবং তাদের খোসামদ করতেই তাঁরা সব সময় ব্যস্ত থাকেন। আমি খালি এখানে একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো কারণ আমার সময় নেই। শ্রীমতী বিজয়লক্ষ্মী পণ্ডিত এবং শ্রীমতী পদ্মজা নাইডু আমাদের এখানকার রাজ্যপালিকা তাঁরা দুইজনে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন উৎসবে গিয়েছিলেন ভাষণ দিতে—তাঁরা দুজনেই সেখানে বক্তৃতা দিয়েছেন, আমি তাঁদের বক্তৃতার কিছু সারাংশ এখানে পেশ করে আমার বক্তৃতা শেষ করবো। আমাদের কথা বললেই বলবেন যে কমিউনিষ্ট তো, কাজেই বিপ্লব দেখবেন, কিন্তু আজ সেই বিপ্লবটা পদ্মজা নাইডুর মত লোকও দেখতে আরম্ভ করেছেন এটাই হচ্ছে কংগ্রেসের দুর্ভাগ্য। বিজয়লক্ষ্মী পণ্ডিত বলেছিলেন যে দেশের অর্থনৈতিক স্বাধীনতা অর্থহীন হয়ে যাবে যদি না রাজনৈতিক স্বাধীনতার পর সর্বব্যাপী অর্থনৈতিক উন্নতি ঘটে ইত্যাদি। খাদ্যের ব্যাপার যেখানে আছে সেখানে পদ্মজা নাইডু বলেছেন কৃষি অর্থনীতির ভারসাম্য হারায়ে সমাজে যে বিপ্লব দেখা দেবে তার উদাহরণস্বরূপ তিনি চীনের ইতিহাস উল্লেখ করতে চান। এটা আমাদের কথা নয়, এটা কমিউনিষ্ট বেঞ্চ থেকে বলেনি। এটা শ্রীমতী পদ্মজা নাইডু বলে এসেছেন। আমি শুধু একটুকু বলতে চাই যে কৃষকদের যদি ভূমির ব্যবস্থা না করেন, ব্যাঙ্ক ন্যাশন্যালাইজ করে মুনাফাখোরদের যদি হাত বন্ধ না করেন, যদি আজও পর্যন্ত চালকল মালিকদের উপর ভরসা করে থাকেন, যদি সেচের এবং অন্যান্য ব্যবস্থা কৃষকদের জন্য না করেন তাহলে শুধু এসো হে, অরবিন্দবাবুর কথা মনে পড়লো—মেরেছো কলসীর কানা তা বলে কি প্রেম দেবো না।

[3-10—3-20 p.m.]

আমরা প্রেম দিতে সব সময় রাজি আছি কিন্তু কৃষকদের সহ্যের সীমায় এসে পৌঁছেছে। জিনিসপত্রের দামের কথা বলেছেন, এই জিনিসপত্রের দাম কিভাবে দিনের পর দিন বেড়ে যাচ্ছে দেখুন। অশোক মেটা বক্তৃতা দিতে গিয়ে আমদানী রপ্তানীর কথা সেদিন Indian Chamber of Commerce and Industries সভায় বলে গেলেন, যে নীতির কথা ঘোষণা করে গেলেন, যে কি সুদূরপ্রসারী এর পরিনাম হবে জিনিসপত্রের উপর সে বিষয় ভেবে, আতঙ্কিত হয়ে আগামী বৎসর এর যে অবস্থা সৃষ্টি হবে তাতে জিনিসপত্রের দাম আরও ৪ গুণ বেড়ে যাবে। এক একটা বিল আপনারা বিধানসভায় আনছেন যার ফল এইগুলি জিনিসপত্রের উপর গিয়ে পড়ছে এবং জিনিসপত্রের দাম বাড়ছে। কাজেই এই প্রস্তাব সমর্থন করে শেষ করছি। আমি আশা করি আমাদের এ প্রস্তাবে জিততে পারব।

Shri Apurba Lal Majumdar : চেয়ারম্যান, স্যার, গত বৎসরের খাদ্যনীতির ব্যর্থতাই শুধু নয় একটা ঘৃণ্য এবং নীচ চক্রান্ত যা করে মজুতদার এবং মুনাফাখোরদের পকেট পূর্ণ করা হয়েছে। কিন্তু কোন দুর্নীতিপরায়ণ দেউলিয়া সরকার দেশের খাদ্যনীতির দ্বারা সমাধান করতে পারেননি গত ১৮ বৎসর ধরে। আমরা দেখতে পেয়েছি যে কংগ্রেসী রাজত্বে খাদ্য নিয়ে এক শ্রেণীর মুনাফাখোর এবং অসাধু ব্যবসায়ী তার নিজেদের পকেট পূর্ণ করে চলেছে এবং দেশের অগনিত দরিদ্র মানুষের প্রতিনিয়ত দারিদ্রের জ্বালা, প্রতিনিয়ত তারা ধুঁকে ধুঁকে মরছে। সেদিক থেকে একটু দয়া, মমতা কিছুই এ সরকারের নেই। স্যার, আপনি জানেন এই সরকার গত বৎসর যে খাদ্যনীতি ঘোষণা করেছিলেন, শহরের মানুষের জন্য Statutory Rationing-এর ব্যবস্থা করেছিলেন এবং গ্রামের মানুষদের জন্য Modified Rationing-এর ব্যবস্থা

করেছিলেন। সেই Modified Ration সম্পূর্ণভাবে ভেঙ্গে গেল, গ্রামের মানুষ একটুও খাবার যোগাতে পারেনি। শুধু তাই নয় এই দেউলিয় এবং দুর্নীতিপরায়ণ সরকার বিভিন্ন উদ্বৃত্ত এলাকাগুলিতে কর্ডন করে ফেললেন। বাংলা দেশের বিভিন্ন জায়গায় আটটা জেলাতে ঘাটতি জেলাগুলিতে যেখানে দরিদ্র মানুষ যাদের দুই বেলা পেট ভরে খাবার সংস্থান নেই, যারা একটাকা করেও চাল কিনে খেতে পারে না সেই সমস্ত জায়গায় দেড়টাকা, দুইটাকা, আড়াইটাকা কেজি দরে চালের দাম হল এবং তখনও বিধানসভায় কংগ্রেসী সদস্যারা বা তার মুখ্যমন্ত্রী মানুষের উপর একটু দয়া বা মমতা দেখালেন না। আমরা দেখলাম যে হাওড়া জেলায় বিভিন্ন অঞ্চলে বাউড়িয়া, পাঁচলা, সাঁকরাইল, জগৎবল্লভপুর, ডোমজুড় ইত্যাদি অঞ্চলে গত চারমাস ধরে সেখানকার লোকেরা তিনটাকা করে চাল কিনছে। কোন কোন অঞ্চলে আড়াই টাকায়, পাঁচলা, বাউড়িয়া, সাঁকরাইল, অঞ্চলে তিনটাকা করে কেজি চাল বর্তমানে বিক্রি হচ্ছে আর গভর্নমেণ্ট খাদ্যনীতি ঘোষণা করছেন। এবং আমাদের বাংলা দেশের এই ভাবেই খাদ্যের সমাধান করছি আমি জিজ্ঞাসা করছি কর্ডন করে উদ্বৃত্ত অঞ্চলগুলি উৎপাদিত চাল নিয়ে এসে M. R. Shop বা ঘাটতি অঞ্চলগুলির লোকেদের চাল সরবরাহ করতে সরকার পারেন কিনা? আমরা দেখছি উদ্বৃত্ত অঞ্চলে তখন বড় বড় মজুতদার এবং চোরাকারবারীদের সেখানে সুযোগ করে দেওয়া হচ্ছে। কৃত্রিম অভাবের মধ্য দিয়ে এবং কর্ডনের মধ্য দিয়ে চাল সেখান থেকে কেউ আনতে পারছে না। সেখানে কর্ডনের পুলিশের সঙ্গে আঁতাত করে পাঁচলা, সাঁকরাইল ইত্যাদি এলাকায় আড়াই টাকা, তিনটাকা করে কেজি চাল মুনাফাখোর এবং কংগ্রেসের সাহায্যে এবং পুলিশের সাহায্যে মুনাফাখোরেরা এভাবে লুঠে খাচ্ছে। কিন্তু কেন এরূপ হয় আমরা পরিষ্কারভাবে সেই কথাটাই সরকারের কাছ থেকে জানতে চাই। এই হচ্ছে একদিকের নীতি আর অন্যদিকের কংগ্রেস সরকারের চোরাকারবারীদের এবং মুনাফাখোরদের তোষনের ফলে এই অবস্থা হয়েছে। আমরা দেখতে পাই যে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে target ছিল food production-এর সে লক্ষ্যে যদি সরকার পৌঁছতে পারতেন, তাহলে প্রত্যেক মানুষকে মাথা পিছু ২১.৫ আউন্স করে চাল দৈনিক আমাদের পশ্চিমবংগ এবং ভারতবর্ষের মানুষকে দেওয়া যেত। কিন্তু তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে দশ কোটি টন খাদ্যশস্য উৎপাদনের target ছিল আজকে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সে target তারা পৌঁছতে পারেননি, তার জন্য আজকে চালের সরবরাহের ক্ষেত্রে মজুতদার এবং চোরাকারবারীদের সুযোগ করে দেওয়া হচ্ছে এবং অন্যদিকে মানুষকে শোষণের অবস্থা কায়েম করা হচ্ছে। স্মরণ রাখা দরকার যে গত সাত বৎসরের মধ্যে এই বৎসরই খাদ্যশস্য অধিক উৎপাদন হয়েছিল। ১৯৬৪-৬৫ সালে ভারতবর্ষের সব চেয়ে বেশী খাদ্যশস্য উৎপাদন হয়েছিল এবং পশ্চিম বাংলায় তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে কটা বৎসর পার হয়ে গেল, চতুর্থ বৎসরের মধ্যে ১৯৬৪-৬৫ সালে পশ্চিম বাংলায় সব চেয়ে বেশী চাল উৎপাদন হয়েছে। আমরা যদি হিসাব করে দেখি তাহলে দেখব যে এই পনের বৎসরের হিসাবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে চাল উৎপাদন হয়েছে তা আগের চেয়েও বেড়েছে এবং শতকরা লোকের সংখ্যা সেখানে বেড়েছে ২½ পারসেন্ট করে। প্রথম বৎসর সেখানে গভর্নমেণ্টের হিসাব যদি ধরি দেশের খাদ্যশস্যের উৎপাদন শতকরা ৩½ পারসেন্ট করে যদি ধরা হয় তাহলে আগের চেয়ে আমাদের খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে। প্রথম বৎসর যে লোকসংখ্যা বেড়েছে বা যে জনসংখ্যা বেড়েছে খাদ্য তার চেয়ে আরও অনেক বেশী পরিমান বেড়েছে, এবং সঙ্গে সঙ্গে যদি হিসাব করে দেখি তাহলে দেখব যে Government হিসাবে যে কথা বলেন তাতে আমাদের দেশে খাদ্যশস্যের উৎপাদন হয়েছে, সারা ভারতবর্ষেও বেশী এবং পশ্চিম বাংলার ভেতরে ৫৭ লক্ষ টন খাদ্যশস্য আমাদের এখানে উৎপাদন হয়েছে। এই কথা যদি স্বীকার করি তাহলে কেন এই বৎসরে খাদ্যশস্যের উৎপাদন যা নাকি সব চেয়েও বেশী উৎপাদন হয়েছে, সে বৎসরে চালের দাম এত বেশী কেন এবং মানুষকে এভাবে খাদ্যশস্য সংগ্রহ করতে হচ্ছে কেন? আমার মনে হয় কোনদিন এত বেশী দামে মানুষকে খাদ্যশস্য কিনতে হয়নি, কিন্তু আজকে এই অধিক দামে খাদ্যশস্য কিনতে হচ্ছে। এই কথা

সকলেই জানেন যে পশ্চিম বাংলা এবং ভারতবর্ষে ১৯৬৪-৬৫ সালেই সব চেয়ে ত বেশী খাদ্যশস্য উৎপাদন হয়েছে, Government-এর হিসাব এবং প্রফুল্ল সেন মহাশয় যে হিসাব দিয়েছেন তাতে ৫৭ লক্ষ টন চাল হয়েছে এই কথা বলা হয়েছে। তার এই হিসাব যদি দেখেন তাহলে দেখবেন যে গ্রামের এক কোটি চাষী আছে, সেই এক কোটি চাষীকে যদি ১৬ আউন্স করে খাবার দিতে থাকি তা হলে ১৬ লক্ষ টন চালের দরকার এবং অচাষী গ্রামের লোক, এক কোটি মানুষ যদি ১৪ আউন্স করে তাদের যদি ডেলি দিই তা হলে ১৪ লক্ষ টন লাগে এবং শহরের যদি দুই কোটি লোক থাকে তাদের যদি মাথাপিছু ১২ আউন্স করে দিই যা আজকে ১০ আউন্স করে দেওয়া হচ্ছে তা হলে মোট ৪ কোটি লোকের জন্য পশ্চিম বাংলায় লাগে ৫৪ লক্ষ টন। আমাদের প্রফুল্ল সেন মহাশয়ের হিসাবে ৫৭ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে এবং আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তিন লক্ষ টন পেয়েছি এবং সাত লক্ষ টন গম পেয়েছি। এইসব মিলিয়ে যদি দেখি তাহলে দেখব যে Govt. এর হিসাব বা প্রফুল্ল সেনের হিসাবে পশ্চিম বাংলায় ঘাটতি বলতে পারে না। প্রত্যেকে যদি ১৬ আউন্স করে খাবার দিই তা হলেও ঘাটতি হয় না, তবে আশ্চর্যের বিষয় আমাদের দেশে কৃত্রিম অভাব রয়েছে এবং আমরা দেখছি তিন টাকা থেকে ২৸৹ টাকা করে চাল বিক্রি হচ্ছে এবং এটা অত্যধিক দুঃখের কথা যে এই যে মুনাফাখোর মজুতদার এদের কথা আমরা বহুবারই বিধানসভায় বলেছি তারা এই কাজ করছে। আমাদের Bank জাতীয়করণের কথা—যে ব্যাঙ্ক কোটি কোটি টাকা এই সব মজুতদার এবং চালকলের মালিকদের দিয়েছে এবং সে টাকা দাদন দিয়ে গরীব চাষীর কাছ থেকে ফসল ওঠার আগে দাদন নেয়, আমরা দেখছি ৫০-৫১ সালে Reserve Bank ৫৪ কোটি দাদন দিয়েছেন এবং ১৯৬৩ সালে দেখা যাচ্ছে যে ৫২ কোটি টাকা দিয়েছেন। গত বৎসর আরও বেশী টাকা মজুতদার এবং মুনাফাখোর যারা চালকলের মালিক তাদের দেওয়া হয়েছে। এইভাবে তাদের দাদন দিয়ে গরীব চাষীর কাছ থেকে ফসল ওঠার আগে সেই ফসল কিনে নিয়ে তারা দেশে একটা কৃত্রিম অভাব সৃষ্টি করছে। তাছাড়া রয়েছে গ্রামের বড় বড় জোতদার যে জোতদাররা আজকে কংগ্রেসের স্তম্ভস্বরূপ।

[3-20—3-30 p.m.]

মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন এই নূতন ন্যাশান্যাল অ্যাপ্লায়েড রিসার্চ কমিটি যা রিসার্চ করেছেন, তাতে দেখা যায় যে গ্রামাঞ্চলে ১০ বৎসরের বেশী জমির মালিক হচ্ছেন শতকরা ১৩ জন লোক। এই যে শতকরা ১৩ জন লোক তাদের হাতে চাষের জমি শতকরা ৬৬ ভাগ রয়েছে এঁরা এই জমি ভোগ করে বসে আছেন। এই যে শতকরা ১৩ জন লোক, যারা দেশের ৬৬ ভাগ চাষের জমি দখল করে বসে আছেন, সেই জোতদারশ্রেণী, যারা প্রচুর মুনাফা করে এবং ব্যাঙ্কের সঙ্গে ঐ চালকলের মালিক এবং মজুতদার, এই তিন শক্তি একত্র মিলে বাংলা দেশের গ্রামগুলিতে আজ হাহাকার ডেকে আনছে। তার জন্যই আমরা ব্যাঙ্কগুলিকে জাতীয়করণের কথা বলি। ব্যাঙ্ক জাতীয়করণ করে, সেই ব্যাঙ্কের মাধ্যমে, চাষীর যে ঋণের প্রয়োজন, সেই ঋণ দিয়ে, দেশের খাদ্যশস্য বাড়ানর ব্যবস্থা করা হোক। ভূমি-সংস্কারের কথা বলতে চাই না, কারণ, বহু সদস্য এ সম্পর্কে উল্লেখ করেছেন। তবে আমি এইটুকু বলবো যে সেই ভূমিসংস্কার যতক্ষণ পর্যন্ত না হয়, আর এই ত্রি-শক্তি, একদিকে ব্যাঙ্ক একদিকে ঐ চালকলের মালিক, আর একদিকে ঐ বড় বড় জোতদার, এদের ক্ষমতাকে খর্ব করা না যায়, ততক্ষণ পর্যন্ত বাংলা দেশের খাদ্যসমস্যা সমাধান করা সম্ভব নয়। এই ত্রি-শক্তি একত্রিত হয়ে যেভাবে বাংলা দেশের সাধারণ মানুষের শোষণ করবার জন্য চোরাকারবারী করে লক্ষ লক্ষ টাকা মুনাফা লুঠছে, তাকে আঘাত হানবার জন্য, ব্যাঙ্কগুলিকে জাতীয়করণ করা দরকার, ঋণের ব্যবস্থা করা দরকার, সঙ্গে সঙ্গে প্রচুর পরিমানে ঋণ চাষীদের মধ্যে বিতরণ করা দরকার। ব্যাঙ্ক জাতীয়করণের সঙ্গে সঙ্গে ব্যবসাও সরকারের হাতে নেওয়া দরকার।

মিঃ চেয়ারম্যান, স্যার, আমার মনে পড়ে সেই ২১শে আগস্ট তারিখের কথা, যখন শ্রী সেন এখানে খাদ্য সম্পর্কে স্টেটমেন্ট দেন। তখন চালের দর দেড়টাকা, তার বেশী উঠছে না, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এই চার মাসে হাওড়া জেলার বিভিন্ন জায়গায় এবং নদীয়া, ২৪ পরগনার বিভিন্ন জায়গায় চালের দর হু হু করে বাড়ছে, অথচ সেই সময় ২১শে সেপ্টেম্বর তারিখে শ্রী সেন এখানে যখন স্টেটমেন্ট দিয়ে থাকেন, তেমনি করে রাইটার্স বিল্ডিংএ বসে সাংবাদিকের কাছে বললেন, এই দেখ এবার চালের দর উঠছে না, বাড়ছে না, পড়ে যাচ্ছে। তিনি বলছেন ২১শে সেপ্টেম্বর তারিখে যে চালের দর পড়ে যাচ্ছে, কারণ আমনধানের ফসল উজ্জ্বল। ২১শে আগস্ট তিনি বলেছেন, বড় বড় জোতদাররা বাজারে মাল ছাড়তে শুরু করেছে, আর আউসধান কাটা আরম্ভ হয়েছে। এই কথা ঘোষণা করলেন শ্রী সেন ২১শে আগস্ট তারিখে। অথচ লজ্জার কথা, ২০শে আগস্ট তারিখে তার এই কথা ঘোষণা করার সঙ্গে সঙ্গে ২০শে সেপ্টেম্বর তারিখে কলকাতার শহরে আমরা যে রেশন পেতাম ২ কে, জি, ৪০০ গ্রাম সেখানে ৫০০ গ্রাম কেটে দেওয়া হল, অর্থাৎ মাত্র ১৯শো গ্রামে গিয়ে পৌছল। অথচ তিনি লম্বা বক্তৃতা দিলেন যে জোতদাররা চাল ছাড়তে শুরু করেছে এবং আমনধানের ভবিষ্যৎ উজ্জল ইত্যাদি কথা বলার সঙ্গে সঙ্গে এই অবস্থা শুরু হল। এবং এর ফল কি দাঁড়ালো? এর ফল এই দাঁড়ালো, মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার মনে আছে সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদের রাজত্বকালে এখানে কলকাতা শহরে যখন রেশানিং ছিল, তখন মাথাপিছু তিন কে, জি, করে চাল দেওয়া হত, আর যারা খেটে খায় তাদের পরিমান আরও বেশী করে দেওয়া হত। এখন এই শহর এলাকায় মাথাপিছু ১৯শো গ্রাম করে চাল দেওয়ার ব্যবস্থা হল। কিন্তু কোন স্বাস্থ্যবান মানুষের পক্ষে এই ১৯শো গ্রাম সিরিয়ালে কখনও চলতে পারে না। কাজেই প্রকাশ্যে হোক, বা অপ্রকাশ্যে হোক বিভিন্ন বাজার থেকে তাদের চাল সংগ্রহ করতে হচ্ছে। সরকারের মাত্র এই ১৯শো গ্রাম চাল দেওয়ার মানে হল, এই কলকাতা শহরের মানুষ এবং শিল্পাঞ্চলের প্রায় ২০ লক্ষ লোককে চাল সরবরাহ করা হল না। সাধারণতঃ মানুষের স্বাস্থের জন্য যে পরিমাণ চালের প্রয়োজন তা সরকার মেটাতে পারলেন না। তার মানে হল, আমাদের এখানে যে ৭৫ লক্ষ লোক আছে, তাদের মধ্যে ১৫ থেকে ২০ লক্ষ লোকের চালের বরাদ্দ কেটে দেওয়া হল। সুতরাং এই লোকগুলি তারা বাইরে থেকে চাল সংগ্রহ করতে বাধ্য হল। তার ফলে, এখানে চালের চাহিদা পড়ে গেল, চাল আসায়। এখনও প্রফুল্লবাবু বলে বেড়াচ্ছেন, যে দরকার হলে আট আউন্সে নেমে যাবে এবং দরকার হলে কাঁচাকলা বা আলু আমি খাওয়াবো। এই সব কথা তিনি এখন বলতে শুরু করেছেন। কিন্তু তাঁর যে ব্যর্থতার ইতিহাস দীর্ঘ ১০/১৫ বৎসরের কলঙ্কের ইতিহাস সেগুলিকে সামনে রাখা দরকার। তিনি এইভাবে রেশনিং কেটে দিয়ে এমন একটা অবস্থা সৃষ্টি করলেন যে গ্রাম থেকে চাল এখানে নিয়ে আসতে তাঁরা বাধ্য হবেন। হাওড়ার আশপাশে বিভিন্ন জায়গার কথা আমি বলছিলাম। হাওড়া শহরে ঐ পাঁচলা এবং বাউড়িয়ার, মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন যে সেখানে শুধু যে একটা ইন্টার-ডিষ্ট্রিক্ট কর্ডনিং করা হয়েছে তা নয়, ডিষ্ট্রিক্টের মধ্যে কর্ডনিং করা হয়েছে। যেমন পাঁচলা থানার ১১টা অঞ্চলের মধ্যে ছয়টা অঞ্চল এক দিকে, আর পাঁচটা অঞ্চল আর এক দিকে।

সেই জোনের মধ্যে কেউ চাল নিয়ে গেলে পুলিশ তাকে arrest করে 4 P. C L. Act অনুসারে চালান দিচ্ছে। আপনি জানেন এই চাল আনতে গিয়ে বাউড়িয়ার লোক দিনের পর দিন নয়, সপ্তাহের পর সপ্তাহ নয়, মাসের পর মাস তারা মুগকলাই ছোলা খেয়ে আছে। সেইসব লোক যদি খাবার জন্য পাঁচ কে, জি, দশ কে, জি, চাল নিয়ে সেই জোনের মধ্যে দিয়ে যায় তাহলে পুলিশ তার উপর অত্যাচার করে। গত ৯ই তারিখে জয়নগর অঞ্চলে ১০ কে, জি, চাল সহ একজনকে পুলিশ ধরে নিয়ে গিয়ে বেদম মারধোর করার ফলে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। পাঁচলা থানায়, জগৎবল্লভপুর থানায় সেই সন্ত্রাসের

অবস্থা সৃষ্টি হয়েছে, বাউড়িয়াতেও সেই অবস্থার সৃষ্টি হয়েছে। সেই সমস্ত deficit areaর চারিদিকে ঘিরে ফেলা হয়েছে যাতে বাইরে থেকে কেউ সেখানে এক ছটাক না আনতে পারে। সেখানে চালের অভাবে মানুষকে মেরে ফেলবার একটি ঘৃণা ষড়যন্ত্র চলেছে, আমি বলতে চাই এই দু' তিনদিন আগে আমি দেখলাম পশ্চিম বাংলায় এবং ভারতবর্ষের শতকরা ২০ জন বয়স্ক লোক আজকে কার্যক্ষম নয়। আমরা যে intake করি diet প্রতিদিন তার calorie value এত কম। মি: বি, কে, ফাকস একজন Canadian expert in food যিনি বর্তমানে ভারতের Food Adviser হিসেবে এখানে আছেন, তিনি বলেছেন ভারতবর্ষে এবং বাংলা দেশে শতকরা ২০ জন থেকে ২৫ জন লোক কার্যক্ষম নয়। তার কারণ যে diet আমাদের intake করা দরকার তা না করার ফলে সুস্থতা ও কর্মক্ষমতা থাকছে না। যে সমস্ত deficit অঞ্চল, সেখানে বাইরে থেকে চাল আসতে দিচ্ছেন না আমাদের এই সরকার। লোক চালের অভাবে কলাই খেয়ে আছে তিন টাকা কে, জি, চাল কয়জনে কিনে খেতে পারে ? অথচ সেখানে কোন statutory rationingও করবেন না গভর্নমেন্ট, এই statutory rationing যেখানে আছে statutory ration এলাকা নয় সেখানে কর্ডনিং করে এই মানুষগুলিকে হত্যা করবার কি অধিকার আছে এই কংগ্রেস সরকারের ? এটা দুর্নীতিপরায়ন সরকারের পক্ষে একটি অমার্জনীয় অপরাধ। তাদের এই নীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Gopal Banerjee : মাননীয় চেয়ারম্যান, স্যার, এই যে আমাদের সোমবার এবং মঙ্গলবার সরকারের নূতন খাদ্যনীতি নিয়ে আলোচনা আছে—তারই পূর্বাহ্নে আজ নিখিলবাবুর এই প্রস্তাবের উপর আলোচনা এটা বৃথা সময়ক্ষেপ মনে হতে পারে। কিন্তু আমি মনে করি এর প্রয়োজন আছে। এইজন্য প্রয়োজন আছে যে, এই প্রস্তাবের মধ্যে, সরকারের চলতি বছরের যে খাদ্যনীতি, তার একটা মূল্যায়ন আছে এবং সাথে সাথে আগামী বছর যে খাদ্যনীতি হবে, তার লক্ষ্য নির্ধারণ করতে এই আলোচনা নিশ্চয়ই সাহায্য করবে। এই প্রস্তাব যদি আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করতে পারি তাহলে সরকারের আগামীদিনের যে খাদ্যনীতি, তার লক্ষ্য কি হওয়া উচিত—কোনদিকে আক্রমণ চালানো উচিত, কোন্ শ্রেণীকে আঘাত করা উচিত তা সাব্যস্ত হবে। কিন্তু এই সম্পর্কে স্পষ্টতা নাই একথা মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকে বোঝা যাচ্ছে। তিনি কয়েকদিন আগে এই কথা বলেছিলেন যে জেলাশাসকরা সরকারের নীতি কার্যে পরিণত করতে পারছেন না। এই নিয়ে বিরাট আন্দোলন শুরু হয়েছে। জেলাশাসকরা যদি এই নীতি ভাল করে না বুঝতে পারেন, তাহলে সাধারণ মানুষ কি করে তা বুঝবে ? একথা সরকারের সর্বপ্রথম স্বীকার করা উচিত—বাংলা দেশের ৩ কোটি ৯০ লক্ষ লোককে উপযুক্ত মূল্যে ন্যায্য পরিমাণ খাদ্য চলতি বছরে সরকার সরবরাহ করতে পারেননি। আপনি যারা একথা নিশ্চয়ই স্বীকার করবেন যে আগষ্ট সেপ্টেম্বর মাস থেকে আমাদের এখানে যে অবস্থা চলছে, সেই অবস্থা দেখে আজ যে কেউ মনে করতে পারে যে বাংলা দেশে কোন সরকার বহাল নাই। কলকাতা ও শিল্পাঞ্চলের লোক তাঁরা rationing করে কিছু কিছু খাবার দিয়েছেন বলে দাবি করেছেন যে তাতে তাঁরা আংশিক সাফল্যলাভ করেছেন একথার আজকে সম্পূর্ণভাবে প্রতিবাদ করতে হবে। তাদের স্বীকার করতে হবে যে তাদের খাদ্যনীতি সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। এর আংশিক সফলতার দাবির মধ্যে যে আত্মসন্তুষ্টির ভাব আছে, সেই আত্মসন্তুষ্টির ভাব থাকলে আগামীদিনের খাদ্যনীতি এবং খাদ্যসংগ্রহনীতি সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে।

[3-30—3-40 p.m.]

সরকারের যুক্তি কি যে কলকাতা এবং শিল্পাঞ্চলের লোকের ক্রয় ক্ষমতা বেশী, চলতি বছরের আগের বছর তারা বেশী খেয়েছে এবং বেশী কিনেছে তার জন্য গ্রামবাংলায় দাম ঠিক রাখা যায়নি। এই যুক্তিতে এই বছরে রেশনিং করা হয়েছে। লোককে খাওয়াবার জন্য নয় বাধ্য

করে ফোর্সড আণ্ডার কনজামশান করবার জন্য। আপনি জানেন স্যার, মডিফায়েড রেশনে বরাদ্দ ছিল দুই হাজার গ্রাম, এক হাজার গ্রাম চাল এবং এক হাজার গ্রাম গম। যখন ষ্টাটুটারী রেশন হলো তখন বরাদ্দ করা হলো ২,২০০ গ্রাম বাধ্য হয়ে লোককে বাহিরের থেকে চাল কিনে খেতে বাধ্য করা হয়েছিল, তারপর সেই বাহিরের চাল বন্ধ করে দেওয়া হলো পরে ২,৪০০ গ্রাম। গত যুদ্ধের সময় আমরা দেখেছি রেশনবরাদ্দ ছিল সাড়ে তিন সের আর যারা কায়িক পরিশ্রম করতো তারা আরও বেশী পেত। সেবারের রেশনের তুলনায় এবারে লোককে অন্তত এক সের কম খেতে বাধ্য করা হচ্ছে। এবং কায়িক পরিশ্রম যারা করে তাদের আরও কম খেতে বাধ্য করা হচ্ছে। এখন ফোর্সড আণ্ডার কনজামশান করাচ্ছেন। যদি একজন মজুর তাকে বেঁচে থাকতে হয়, তাকে কাজ করে বেঁচে থাকতে হয় তাহলে তাকে ব্ল্যাকমারকেটিংএ চাল কিনে খেতে বাধ্য হয় তার শরীর সুস্থ রাখবার জন্য। যদি হিসাব করে দেখা যায় যে যারা কায়িক পরিশ্রম করে তারা দুই সের চাল বা গম পায় কন্ট্রোল দামে আর দেড় সের চাল তাকে কিনে খেতে হয় ব্ল্যাকমার্কেট থেকে। কন্ট্রোলের সঙ্গে সঙ্গে একটা বিরাট ব্ল্যাকমার্কেট সৃষ্টি হয়েছে সরকারের সম্মতি নিয়েই। সরকার জোতদার, মহাজন, মিলমালিক, মুনাফাখোরদের চটাতে চান না। তাদের কাছ থেকে সংগ্রহ করতে চান না। তাই আজকে সরকার—কলকাতা এবং শিল্পাঞ্চলে গরীব লোকদের বাধ্য করিয়েছেন দেড় সের করে চাল ব্ল্যাকমার্কেটিং থেকে কিনে খাবার জন্য। আবার কলকাতার রেশনিং রাখতে গিয়ে মডিফায়েড রেশনিং এলাকা থেকে ৮০ হাজার মণ চাল সংগ্রহ করেছেন। মডিফায়েড রেশনিং কলাপস হয়ে গিয়েছে সম্পূর্ণরূপে। এই ফোর্সড আণ্ডার কনজামশন এর আরেকটি দিক দেখি যে কলকাতার লোকদের রেশন কার্ড বিলির কোন ব্যবস্থা নাই। কলকাতা শহরে বহুলোকের রেশন কার্ড নাই বিশেষকরে কলকারখানায় যারা কাজ করে, মজুর ক্লাশ, রিকশা যারা টানে, ঠেলা যারা চালায় তারা রেশন কার্ড করেনি, কারণ তারা জানত যে রেশন কার্ড করতে গেলে তাদের একদিন কাজ কামাই করতে হবে তাই তাদের রেশন কার্ড করার উৎসাহ ছিল না তারা খোলাবাজার থেকে খাদ্যশস্য ক্রয় করত কিন্তু চালের চোরাবাজারের দাম খুব বেড়ে গেল তাদের ক্রয়ক্ষমতার বাহিরে চলে গেল তখন তারা রেশন কার্ডের জন্য দরখাস্ত দিল কিন্তু সরকার আর নতুন করে রেশন কার্ড তাদের দিল না। আমি জানি এক বছর আগে দরখাস্ত করেছে তারা রেশন কার্ড পায়নি। সরকার তাদের খাওয়াবার দায়িত্ব নেবে না। সরকার বলবে যে গত আদমসুমারীর সংখ্যা নিয়ে এবং তার সঙ্গে ন্যাচারাল ইনক্রিজ যোগ করে যে সংখ্যা হয় সেই অনুযায়ী তারা রেশন কার্ড দিয়েছেন। সেখানে রাম পেল কি যদু পেল তা সরকার জানে না। যেহেতু সেই সংখ্যক তারা রেশন কার্ড দিয়ে দিয়েছেন সেইহেতু তাদের আর দায়িত্ব নাই। কি চমৎকার যুক্তি! সুতরাং তারা নতুন রেশন কার্ড আর দিলেন না। আমি জানি কলকাতার জেলেপাড়ার একজন লোক তার নাম সমর দাস তিনি মেটাল বক্সে চাকরি করেন তিনি ১০-১১-৬৪ সালে দরখাস্ত করেছিলেন আজ পর্যন্ত তিনি রেশন কার্ড পাননি। তিনি মেটাল বক্স থেকে এমপ্লয়ি সার্টিফিকেট দিয়েছিলেন কিন্তু তিনি রেশন কার্ড পাননি। মাননীয় মুখ্যমন্ত্রী সেই আদমসুমারীর সংখ্যা ধরে বসে আছেন, কিন্তু বাস্তবে তার যে কি পরিবর্তন হল এবং কত সংখ্যক লোক এখানে এসেছে তা তিনি মানতে রাজি নন, আদমসুমারীই হবে ভিত্তি। আমি জানি ব্যারাকপুর মহকুমাতে র‍্যাশন অফিসে একখানা র‍্যাশান কার্ডেরও এ্যাপ্লিকেশন নেওয়া হচ্ছে না। এই ভুয়া কার্ড আছে কোথায়? ভুয়া কার্ড তাঁরা ধরতে পারছেন না অথচ তারজন্য তাঁরা শাস্তি দেবেন জনসাধারনকে এটা কখনই হতে পারে না। আমি একটা ঘটনা দিচ্ছি, উত্তর দমদম পৌর-এলাকায় ৩নং এম, আর, সপের মালিক হচ্ছেন রাম নারায়ণ মণ্ডল, তাঁর দোকানে ৩,২৫০ ইউনিট ছিল, তিনি সেই ইউনিট মাসের পর মাস, বছরের পর বছর ড্র করছেন, হঠাৎ একদিন সেটা ধরা পড়লো তাঁর দোকানে কিছু সন্দেহ হওয়াতে। তারপর তাঁর দোকানটা একটা কো-অপারেটিভকে দিয়ে দেওয়া হল, সেই কো-অপরেটিভ তিন সপ্তাহ ধরে চালিয়ে দেখলো যে সেখানে ১৯ শত ইউনিটের বেশী লোকের র‍্যাশান সে দোকান থেকে বিলি হচ্ছে না। তাহলে এই ১৩'৫০ শত ইউনিট

কোথায় গেল? এই ভুয়া কার্ড বছরের পর বছর চললো কি করে? র‍্যাশানিং ডিপার্টমেন্টের সঙ্গে এই দোকানের যোগসাজস যদি না থাকে তাহলে তাঁরা তা করতে পারে না। অথচ তারজন্য সাধারণ লোককে র‍্যাশান দেওয়া হবে না। আর একটা ঘটনা, ১০ই ডিসেম্বর যুগান্তরে বেরিয়েছে যে পাইকপাড়া র‍্যাশনের দোকানের একজন মালিক এসে ১৭ শত ভুয়া ইউনিট জমা দিয়েছে। এই যে লোকগুলি র‍্যাশান দোকানের মালিক, যারা কংগ্রেসকে মদত দেয়, কংগ্রেসকে যারা টাকা যোগান দেয়, কংগ্রেস যাদের লালনপালন করে থাকে, তারা এই সমস্ত কাজ করবে আর তার জন্য কলকাতার শ্রমিক, মধ্যবিত্ত, র‍্যাশান পাবে না এই হচ্ছে এই সরকারের নীতি। এইভাবে তাঁরা কলকাতাকে খাবার জুগিয়েছেন, ফোর্সড আণ্ডার কম্প্যাক্শন করেছেন, এই হচ্ছে তাঁদের নীতি। স্যার, র‍্যাশান কার্ড নিয়ে কি চমৎকার যুক্তি দিচ্ছেন যে এখানে অবাঙ্গালী যদি কেউ থাকে আর তার পরিবার যদি বাংলা দেশে আসে তাহলে তাকে র‍্যাশান কার্ড দেওয়া হবে না। তারা এখানে শ্রম করে সম্পদ সৃষ্টি করবে আর তার পরিবারকে বাইরে থাকতে হবে এ কি রকম কথা? স্যার, জাতীয় সংহতির বড় বড় কথা বলা হয় কিন্তু এই রকম উগ্র প্রাদেশিকতা কি কখনও চিন্তা করতে পারেন? সরকারপক্ষ থেকে এইকথা বলার মধ্যে দিয়ে প্রাদেশিকতাকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। একথা ঠিক যে যদি বাইরের কোন জায়গা থেকে লোকজন আসে তাহলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাব খাদ্যের জন্য। যদি কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়ে না পারি তাহলে ঐ যে মিলের শ্রমিক তার উপর এসে তক্তি করবো তাতে যে কি লাভ হয় সেটা আমি বুঝতে পারি না। সুতরাং এটা কোন পথই হতে পারে না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনার জন্য যে চেষ্টা করার তা করুন কিন্তু যদি না করতে পারেন তাহলে প্রত্যেককে র‍্যাশন কার্ড দিতে হবে। কলকাতার শিল্পাঞ্চলের মানুষকে এই ফোর্সড আণ্ডার কম্প্যাক্শন করতে গিয়ে তাঁরা বাইরে যে অবস্থা করছেন, বাইরের অবস্থার কথা আমি বলতে চাই না কারণ অপূর্ববাবু এবং অন্যান্য বক্তারা যে সব কথা বলছেন, আমি শুধু এইটুকু বলবো বস্তিত তাদের এই যে টোয়েন্টি পার্সেন্ট অব দি মার্কেটেবল সারপ্লাস সোজা হিসাব দেখলে দেখা যায় যে সরকার নিয়ন্ত্রিত মূল্যে দিতে পেরেছে আর ৮০ পার্সেন্ট দিয়ে দিয়েছেন চোরাকারবারী, মিল মালিক, মজুতদারদের হাতে, যারা হিসাব করলে দেখা যাবে আগের বছরে ১০০/১৫০ কোটি মুনাফা লুটেছে। একে স্বীকার করে না নেওয়ার মধ্যে যে চরম আত্মসন্তুষ্টির মনোভাব রয়েছে তার প্রতিফলন, স্যার, আপনি দেখতে পাবেন নূতন খাদ্যনীতির ছত্রে ছত্রে। নূতন খাদ্যনীতির মধ্যে আপনি দেখতে পাবেন যে সরকার কোন লক্ষ্য নির্দিষ্ট করতে পারেননি যে কার বিরুদ্ধে এই নীতি প্রযোজ্য হবে। সংগ্রহের কথাই ধরুন, গভর্নমেন্ট প্রথমে বললেন ডিস্ট্রেস সেলের মধ্য দিয়ে সংগ্রহ করা হবে। ডিস্ট্রেস সেল কার কাছ থেকে নেওয়া হবে? কারণ আমরা দেখলাম গত বছরে যারা এই খাদ্যের চোরা কারবারের জন্য দায়ী, দেশের ভয়ঙ্কর অবস্থার জন্য দায়ী, তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা হল? তাদের বিরুদ্ধে কোন কথা নেই, বলা হল যে ডিস্ট্রেস সেল হবে, লেভির কথা হঠাৎ চিৎকার করে বলা হল কিন্তু তা স্পষ্ট করে বলা হল না। কিন্তু সংগ্রহের জন্য ডিস্ট্রেস সেলের সবচেয়ে বড় কথা হচ্ছে দাম, সেই দাম আজো ঠিক হল না, দাম নিয়ে এখনও টালবাহানা চলছে। আট আনা বাড়াবার কথা হচ্ছে, আমরা বলছি বোনাস দেও। যদি ১০০ কোটি টাকার উপর চোরাকারবারীরা বাংলা দেশের মানুষের কাছ থেকে এইভাবে শোষণ করে নিতে পারে এবং সেটা যখন সরকার নিজে দাঁড়িয়ে দেখেছেন তখন সরকার তাদের কিছু বোনাস দিতে পারেন না? ১৪, ১৫, ১৬ টাকা দাম ধরা হয়েছে, ২ টাকা কেন ৪ টাকা বোনাস দিলেও মানুষের যে ক্ষতি করেছে সেই ক্ষতি পূরণ হবে না। সুতরাং সেদিক থেকে তাঁরা এখনও দাম ঠিক করতে পারেন নি, ডিস্ট্রেস সেল সংগ্রহ করার জন্য যে মেশিনারি দরকার সেই মেশিনারী আজো হয়নি। আমি জানি ২৪ পরগনায় গ্রামের কৃষক ধান বিক্রি করতে চায়, কিন্তু কার কাছে বিক্রি করবে, কোথায় সেই মিশনারি? সঙ্গে সঙ্গে বলতে চাই এই কেনার জন্য যদি তাঁদের আগ্রহ থাকতো তাহলে অন্যরকম ব্যবস্থা হতো। ২৪ পরগনায় তাঁরা কিনতে পারবেন না, তাঁরা কি ব্যবস্থা করেছেন,

না আজকের বাইরের পাইকার, মজুতদাররা সেখানে গিয়ে সমস্ত ধান বেশী দামে কিনছেন, কর্ডনের কোন ব্যবস্থা নেই, সেখানে কর্ডন যা করা হয়েছে সেটা মানুষের নয় পুলিশের কর্ডন। পুলিশের কর্ডন অনায়াসে ভেদ করা যায়। সুতরাং তাতে সাধারণ মানুষ কেন উদ্বুদ্ধ হবে? সাধারণ মানুষের মনে ভয় আছে গত বছরের র‍্যাশানের অভিজ্ঞতা নিয়ে, তাদের এলাকা থেকে যদি চাল চলে যায় তাহলে সেই চাল আর ফিরে আসে না মডিফায়েড র‍্যাশানিং-এর মারফৎ। সুতরাং তারা কোন উৎসাহ পাচ্ছে না সরকারী নীতির সঙ্গে সহযোগিতা করবার জন্য। এখনই বাঁচবার জন্য তারা যে বেশী দাম পাচ্ছে তাতে তারা ধান বিক্রি করে দিচ্ছে। তাদের ভবিষ্যৎ অন্ধকার, তাকে যে আবার তার চেয়েও বেশী দামে কিনতে হবে সেটা তারা বুঝতে পারছে না। আশ্চর্যের কথা কলকাতায় বসে গভর্নমেন্ট এবং কংগ্রেসের অন্যান্য নেতারা বড় বড় বিবৃতি দেন, তাঁরা যদি গ্রামে গিয়ে প্রচার করতেন তাহলে আমি খুসী হতাম। এখানে দাঁড়িয়ে কম্যুনিষ্টদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে আমিও তো অভিযোগ এখানে দাঁড়িয়ে করছি ওঁরাও তো কোনদিন প্রচার করেননি এই নূতন খাদ্যনীতি সম্পর্কে, এখানে বসে বসে সংবাদপত্রে বড় বড় কথা বলেছেন আর তলায় তলায় জোতদারকে উৎসাহ দিচ্ছেন যে তুমি এই নীতিকে সাবোটাজ করো। তার, সংগ্রহের পদ্ধতি যদি বলেন তাহলে সেটা আরো মারাত্মক। ম্যাজিষ্টেটদের ডাকা হল, বলা হল কোটা নিয়ে যাও। কোটা কিভাবে পুরণ হবে? জোতদারদের কাছ থেকে আনা হবে, না ডিস্ট্রেস সেলের মধ্য দিয়ে আনা হবে তা নয়, ম্যাজিষ্টেটরা করলেন কি, সাবডিভিশন্যাল অফিসারকে কোটা দিলেন, সাবডিভিশনাল অফিসার অঞ্চল পঞ্চায়েতকে কোটা দিলেন। ছোটদের কাছ থেকে কেনা হবে, না ডিস্টেস সেলের মধ্য দিয়ে কেনা হবে, না আপোসে কিছুটা ধান গ্রাম থেকে এনে জমা দেওয়া হবে এটা কেউ জানে না। সুতরাং জোতদারদের বিরুদ্ধে কোন আঘাত নেই। গতবছরের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতা রিফ্লেকটেড হয়নি এই নূতন নীতির মধ্যে। জোতদার, মিল মালিক, পাইকারী মজুতদার তোষণনীতি গতবারে যা ছিল এবারেও সেই নূতন নীতির ছত্রে ছত্রে তা আছে। লেভির কথা ধরুন, লেভি কিভাবে করা হল, না জোতদার থেকে ছোট কৃষক সবাইকে শত্রু বানিয়ে দেওয়া হল, লেভি প্রত্যেকের কাছ থেকে আদায় করতে হবে। কেন ছোট কৃষকের কাছ থেকে লেভি আদায় করা হবে? সেতো স্বাধীনভাবে, স্বতঃপ্রবৃত্ত হয়ে ধান দিতে চায়। কিন্তু এঁদের কাছে ছোট কৃষক আর বড় কৃষকের কোন তফাত নেই, কারণ এঁরা জোতদারদের দালালি করতে অভ্যস্ত। এঁরা জোতদার সৃষ্টি করেছেন ভূমিসংস্কার আইনের মধ্য দিয়ে, জোতদার সৃষ্টি করেছেন, কো-অপরেটিভের মধ্য দিয়ে, জোতদার সৃষ্টি করেছেন ন্যাশনাল এক্সটেনশনের মধ্য দিয়ে, তাদের লালন পালন করেছেন, সুতরাং তাদের সঙ্গে সাধারণ কৃষককে একই পর্যায় দাঁড় করিয়েছেন। সেজন্য লেভি সম্পর্কে এখনই যা বলছেন তাতে লেভির ব্যাপারে একটা অত্যন্ত বিশৃঙ্খলা দেখা দিয়েছে। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্টেট নাকি কোথায় কি দিয়েছেন, এখানে দাঁড়িয়ে প্রফুল্লবাবু বক্তৃতা দিয়েছিলেন যে ডিস্ট্রেস সেল হচ্ছে তোমরা একমাত্র পথ, সুতরাং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটরা ডিস্ট্রেস সেল দেখছে যে ছোট কৃষকরা বিক্রি করে দিচ্ছে, তাদের কাছ থেকে লেভি পাওয়া যাবে না। দাও একটা নোটিশ করে কিছু লেভি আদায় করে নেও। এখানে দাঁড়িয়ে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের বিরুদ্ধে বলা হচ্ছে নিজের অপদার্থতা, অক্ষমতাকে ঢেকে অফিসারকে এঁরা চালাতে পারেন না, বোঝাতে পারেন না, এত বড় অপদার্থ আমি কোনদিন দেখিনি। দু'মাসের মধ্যে দুবার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের, সিনিয়ার-মোষ্ট অফিসারদের এইভাবে গালাগালি করার চেয়ে নিজের পদত্যাগ করা অনেক আগেই প্রয়োজন ছিল। ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা যে পারছেন না, ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের জয়েণ্টলি বলা উচিত

[3-40 - 4-50 p.m.]

যে এই চিফ মিনিষ্টারের আণ্ডারে কাজ করা অসম্ভব, বরং এর চেয়ে উন্মাদের সংগে কাজ করা সহজ, আমরা এই চিফ মিনিষ্টারের আণ্ডারে কাজ করতে চাই না। তারপরে কলকাতার র‍্যাশন কমাবার কথা হচ্ছে। কেন না জোতদারদের খুসী করবার জন্য ওদের টারগেট হচ্ছে ১৫ লক্ষ টন কেন ১৫ লক্ষ টন হবে? ডিস্ট্রেস সেলে নিশ্চয়ই কেনা হবে, এখানে মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয়

দেখিয়ে গিয়েছেন যে বড় জোতদারদের কাছ থেকে ১৫ লক্ষ টন চাল পাওয়া যাবে, তার সঙ্গে ডিস্ট্রেস সেল যোগ করলে আরো বেশী হয়। কেন সেটা আনা হবে না, কেন কোলকাতার লোককে কম খাওয়ান হবে? আপনারা যুক্তি দিচ্ছেন খাদ্য উৎপাদন কমেছে। আপনি যদি হিসাব করে দেখেন তাহলে দেখতে পাবেন ১৬ পার্সেন্ট উৎপাদন গত বছরের চেয়ে কমেছে। কিন্তু কলকাতায় ফার্ষ্ট সেপ্টেম্বর থেকে ২১শে সেপ্টেম্বর পর্যন্ত র‍্যাশান কার্ড হয়েছে সুতরাং কলকাতার লোক র‍্যাশান কমাবার যুক্তি আর মানবে না। শ্রমিকেরা ক্ষুব্ধ, আমি শুধু এইটুকু সাবধানবাণী করে দিয়ে যাচ্ছি যদি র‍্যাশন কমাবার জন্য চেষ্টা হয় তাহলে কলকাতার শ্রমিকরা তার জবাব দেবে ধর্মঘটের মধ্যে দিয়ে। এটা ছেলেখেলা নয়, খাদ্য নিয়ে, সাধারণ মানুষের জীবন নিয়ে ছেলে খেলা করবার অবকাশ নেই, সেজন্য এদিক থেকে আমি বলতে চাই এই প্রস্তাব আমি সমর্থন করছি এইজন্য যে এই প্রস্তাবের মধ্যে দিয়ে সরকারের অতীত নীতির মূল্যায়ণ হচ্ছে এবং সেই মূল্যায়ণ যদি সঠিক হয় তাহলে আগামী দিনের যেটা লক্ষ্য সেটাও ঠিক হবে। সুতরাং এই যে প্রস্তাব নিখিলবাবু এনেছেন এই প্রস্তাব আমি সমর্থন করেছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[**After Adjournment**]

[4-5—4·15 p. m.]

Shri Apurba Lal Majumder : Mr. Chairman, Sir, I find that there is no quoram in the House.

[At this stage the bell was rung]

Shri Shambhu Gopal Das : মি: চেয়ারম্যান, স্যার, যে প্রস্তাবের উপর আগে একদিন কিছুক্ষণ আলোচনা হয়েছিল সেই প্রস্তাবের অসমাপ্ত আলোচনা আজকে সুরু হয়েছে এবং সেই প্রস্তাবের উপর বিরোধীপক্ষের কয়েকজন বক্তা এবং কংগ্রেসপক্ষের একজন বক্তৃতা দিয়েছেন। শুধু খাদ্যশস্যের ক্ষেত্রে নয়—খাদ্যশস্য ছাড়াও অন্যান্য যে সমস্ত এসেনসিয়াল কমডিটিজ রয়েছে সে সম্পর্কেও এই প্রস্তাবে বলা হয়েছে এবং খাদ্যশস্য এবং অন্যান্য এসেনসিয়াল কমডিটিজ এ সমস্ত ব্যাপারে সরকারের বিগতকালের দেউলিয়া নীতি দায়ী সে বিষয়ে প্রস্তাবে অত্যন্ত স্পষ্ট করে বলা হয়েছে। আমি একথা স্পষ্টভাবে মনে করি যে খাদ্যশস্যর স্থায়ী সমাধানের জন্য সর্বপ্রথম প্রয়োজন বৈপ্লবিক ভূমিসংস্কার ছাড়া কোন মতে ফসল আশানুরূপ পাওয়া যায় না। এবং আমি মনে করি এবং ভেবে আশ্চর্য হয়ে যাই সরকার ফসল বাড়াবার কথা বলেন বটে কিন্তু বর্তমান ভূমিব্যবস্থার মাধ্যমে ভূমির বর্তমান ভূমির ফ্রাগমেন্টেসন অব ল্যাণ্ডকে বজায় রেখে কি করে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করে ফসল বাড়াবেন সে সম্পর্কে স্পষ্ট কথা বলেননি এবং তবুও আমি জানি যে তারা ফসল বাড়াবার কথা বলেন, খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার কথা বলেন সে কথা আপাতত থাক, কিন্তু মোটের উপর আমরা যা বাস্তব অভিজ্ঞতা থেকে দেখছি এবং জানি সরকারের অগ্রগতি তাতে আজকে স্পষ্ট হয়ে উঠেছে সে হচ্ছে এই যে বিগত ১৮ বছরের কংগ্রেসী শাসনে আজকে খাদ্যসমস্যা একটা উৎকট আকার ধারণ করেছে। আমরা জানি গত বৎসর এবং তারও আগে আমাদের মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী এবং ১৮ বছর ধরে যিনি খাদ্যমন্ত্রী তিনি এই সমস্যা সম্পর্কে বিভিন্ন বক্তৃতা দিয়েছেন। আমরা তাঁর কাছ থেকে অনেক সময় নূতন নীতি দাবি করেছি, নূতন নীতি হয়তো তিনি ঘোষণা করেছেন, অনেক কথা বলেছেন, অনেক আশার বাণী তিনি আমাদের শুনিয়েছেন এবং আজকে তার যা ফল হয়েছে তাতে আমরা বাস্তবে সঙ্কটের মুখোমুখি দাঁড়িয়ে আছি। আমাদের সামনে বলা হয়েছিল আগে যে আমাদের চালের উৎপাদন কম সেজন্য বেশী কম খেতে হবে, হয়তো পি. এল. ৪৮০ দিকে তাকিয়ে সে

কথা বলা হয়েছিল। তখন এই রকম হুঁসীয়ারী জানানো হয়েছিল, কোন কোন বিরোধী সদস্যদের তরফ থেকে সরকারের উদ্দেশ্যে যে শুধু বিদেশী গমের উপর নির্ভরশীল হতে বলাটা মারাত্মক হবে। আমরা সেই জিনিস লক্ষ্য করেছি যে গমের ক্রাইসিস দেখা দিয়েছে এবং পাক-ভারত যুদ্ধের পরে আমেরিকা যখন গম দিতে ইতস্তত-টালবাহনার ভাব দেখিয়েছিল তখন আমাদের কর্তাদের মাথায় হাত পড়েছে। আমরা জানি চালের বদলে গম খাও এটা যত জোরের সঙ্গে ঘোষণা করতেন আমাদের মুখ্যমন্ত্রী আজকে একথা তাঁরা বলতে পারেন না। দীর্ঘ ১৮ বছর ধরে বিরোধী পক্ষ থেকে খাদ্যশস্যের ব্যবসা পূর্ণ রাষ্ট্রীয়করণ ইংরাজীতে যাকে বলে স্টেট ট্রেডিং করার কথা বলে এসেছেন খুব বেশী দিন আগেও নয় এই সব কথাতে তার হাসতো এবং তাঁরা তা করতে চাননি। আজকে যদিও ঠিক স্টেট ট্রেডিং তারা করতে যাচ্ছেন না তবে এধরণের কথা মোটামুটি তাদেরই মুখে শুনা যাচ্ছে। আমরা জানি যে বিগত বৎসরে আমাদের খাদ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে আগামী বৎসর অর্থাৎ বর্তমান বৎসরে এই সংকট সমাধানের সমস্ত উপায় আমরা বাৎলে ফেলেছি। আমরা জানি যে খাদ্যশস্যের দাম তাঁরা বেঁধে দিয়েছিলেন ১৪/১৫/১৬ টাকা করে ধানের দাম বেঁধে দিয়েছিলেন এবং চালের দামও তাঁরা বেঁধে দিয়েছিলেন। কিন্তু যা বাস্তব সত্য তা কংগ্রেসপক্ষের অরবিন্দবাবু যতই বলুন না কেন সেই সত্যকে অস্বীকার করা যায় না এবং আমরা জানি যে বামপন্থীদের সেটা বেঁধে দেওয়া দর নয়, সরকার যে দর বেঁধে দিয়েছিলেন সেই দরে বাংলা দেশের কোথাও খাদ্যশস্য পাওয়া যায় না, চাল পাওয়া যায় না এবং ধানও পাওয়া যায় না এবং আমরা জানি মানুষের কষ্টের দিনে দুঃখের দিনে ৩২/৩৩ টাকা মণদরে ধান বিক্রি হয়েছে এবং ৫৫।৬০ টাকা মণদরে চাল বিক্রি হয়েছে। আজকে আমাদের সরকারপক্ষ থেকে আংশিকভাবে স্বীকার করেছেন এবং তাঁরা যদি করেন তাহলে এইটা প্রমান হয়ে যায় যে একটা সরকার যাদের হাতে অ্যাডমিনিস্ট্রেসন আছে, যাদের হাতে ক্ষমতা আছে এইসব থাকা সত্ত্বেও তারা চোরাকারবারীদের কাছে, সমাজ-শত্রুদের কাছে আত্মসমর্পণ করেছেন। আমরা জানি এবং আমরা জানি যে গত বৎসর এবং তার আগেও সরকার গ্রামাঞ্চলের চাষীদের কাছ থেকে ধান সংগ্রহের চেষ্টা করেছিলেন বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এই সমস্ত জায়গায় ধান সংগ্রহের চেষ্টা করেছিলেন, কিন্তু আমরা জানি যে কিভাবে বড় বড় জোতদাররা সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছিল; বেনামে যারা হাজার হাজার বিঘা জমি আজকে কৌশল করে রেখে দিয়েছে তারা কিভাবে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছে। অত্যন্ত শক্তিশালী ম্যাজিস্ট্রেট কিভাবে একজন ভদ্রলোকের কাছে আত্মসমপন করতে বাধ্য হয়েছেন মুর্শিদাবাদ জেলায়, তেমনি ঘটনা আমাদের জানা আছে। এবং সরকারপক্ষের সেই ঘটনা না জানার কথা নয়। এবং সেখানে ধান সংগ্রহ সেইভাবে হয়নি। এবং বর্ষার পরে কিভাবে অত্যন্ত উচ্চমূল্যে সেই ধান গরীব চাষীর কাছে বিক্রি হয়েছে। সেই চাষী হয়তো তা অল্প দামে বিক্রি করে দিয়েছিল ফসল উঠার মরশুমে তা আমরা জানি।

[4-15—4-40 p.m.]

আমরা জানি দোকানে দোকানে সাধারণ মানুষ চাল ও অন্য খাদ্যশস্য কিনতে গেছে সরকারী নিদৃষ্ট দাম চার্ট আকারে সেখানে দেওয়া আছে বটে কিন্তু সে দামে খাদ্যশস্য বিক্রি হয়নি, Blackএ বিক্রি হয়েছে।

Shri Amrendra Roy Pradhan : স্যার, হাউসে কোরাম নেই।

(At this stage quorum bell was rung and some members entered the Chamber)

Shri Sambhu Gopal Das : স্যার, আমি যে কথা বলছিলাম যদিও কংগ্রেসপক্ষ থেকে আজকে অনেক নূতন কথা বলা হচ্ছে এবং বিগত দিনের যে নীতি তার যখন আমরা সমালোচনা করতে যাচ্ছি তখন আমাদের দিকে অন্য কথা ছুঁড়ে দেওয়া হচ্ছে কিন্তু আমরা এটা ভুলতে পাচ্ছি না যে সরকারের একটা নিছক নীতির জন্য যে খাদ্যনীতির ক্ষেত্রে এবং অন্যান্য এসেন্সিয়াল কমোডিটির ক্ষেত্রে একটা সঙ্কট এনে দিয়েছে। আমরা আগেই বলেছি কিভাবে তারা চোরাকারবারীদের কাছে আত্মসমর্পণ করেছে। কেবল দু একটা ক্ষেত্রে ক্ষুদ্র ব্যবসায়ীদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করেছিলেন। কিন্তু সংগে সংগে আমরা জানি কিভাবে সেই কুখ্যাত মানুষগুলোর খুশির জন্য চেষ্টা হয়েছিল এবং কিভাবে তাদের কাছ থেকে সে ওয়ারেন্ট উইথহেল্ড করা হয়েছিল। স্যার আমি কি বলবো, হাউসে তো কোরাম নেই এটাতো মেছো হাট হয়ে দাঁড়িয়েছে, আপনিও চুপচাপ বসে আছেন।

স্যার, আমি বলছি আমার খানিটা সময় নষ্ট হয়েছে আমি আর বলতে চাই না এর পর যাঁরা আছেন তাঁরা বলুন।

[At this stage the House was adjourned for twenty minutes]

[**After adjournment**]

[4-40—4-50 p. m.]

Shri Sailendra Nath Adhikary : চেয়ারম্যান, স্যার, শম্ভুবাবুর যে রেজুলিউসান তা নিখিলবাবু নিয়ে এসেছেন সে সম্বন্ধে বলবার আগে একথা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে ফুড ক্রাইসিস্ সম্বন্ধে ট্রেজারী বেঞ্চের বিশেষ কোন আগ্রহ নেই। সেটা আপনিও বুঝতে পেরেছেন, কয়েকবার কোরাম ফেল্ করার ফলে হাউস বন্ধ করতে হল। এ অবস্থায় আমরা ভাবতে পারি না কি করে আমরা আমাদের বক্তব্য রাখবো, কার কাছে রাখবো ? এই হাউসের একটা বিরাট সমস্যা সে সমস্যা সম্বন্ধে তাঁরা চা খান বাইরে অথচ এখানে আসতে পারেন না। সেখানে আমাদের বক্তব্য রাখার চেষ্টা করা ভুল হবে। তবুও আমি এই রেজলিউসানের উপর কিছু বলতে চাই। সেদিন তৃতীয় শ্রেণীর কামরায় আমি আমার দেশ থেকে আসছিলাম। চাকদহ স্টেশন থেকে কয়েকজন ভদ্রলোক উঠে বসার পর গল্প করছিলেন কিন্তু এক ভদ্রলোক তাদের মধ্যে চুপকরে থাকায় একজন জিজ্ঞাসা করলেন কি ভাই চুপ করে আছো কেন তুমিতো রসিক লোক ? কথা বলছ না কেন তখন তিনি বললেন জান আমার মান বেড়েছে, "মান বেড়েছে"—বললেন হ্যাঁ দাম বেড়েছে তাই মান বেড়েছে দামী জিনিস খাচ্ছি বলে। আমি জিজ্ঞাসা করলাম দামী মানে কি বাদাম পেস্তা এসব খাচ্ছেন। তিনি বললেন "না মশাই আপনি তো দেখছি গেঁয়ো লোক"। চালের দাম সাড়ে চার টাকা, এখন কথা বলতে গেলে ভেবে কথা বলতে হয়। এটাই হচ্ছে সাধারণ মানুষের সরকারের প্রতি বিদ্রূপের তীক্ষ্ণ ও শাণিত ছুরি তা শানাচ্ছেন। Chief Minister গতবার এই Assemblyতে দাঁড়িয়ে বলেছিলেন কোন ভয় নেই—মাভৈ ! আমরা যখন দুর্ভিক্ষের কথা বলেছিলাম দমদম দাওয়াই—এর পর তখন Chief Minister এবং এই Ministry আমাদের দাবি সম্বন্ধে কিছুটা চিন্তা করবেন বলেছিলেন। তারপর এই হাউসে দাঁড়িয়ে Chief Minister বলেছিলেন আমনের বাম্পার ক্রপ্ হয়েছে, কাজেই এবার দুর্ভিক্ষ হবে না—হতে দেব না, এবং অপজিশনকে তিনি ভাবতে নিষেধ করেছিলেন। আমরা সে সময় বলেছিলাম এক টাকা দুই টাকা কেজি চাল খেতে হবে। দেখা গেল বাম্পার ক্রপ হবার পরেও পশ্চিম বাংলায় ৪।৫ কেজি টাকা চাল হয়েছে। কোথায় গেল সে বাম্পার ক্রপ্, অর্থাৎ এর দ্বারা বোঝা যায় Chief Minister এবং মন্ত্রিসভা তাঁরা নিজেরাই নিজেদের উপর সেন্সার করছেন। যে প্রতিশ্রুতি এখানে দেন সে প্রতিশ্রুতি বাইরে রাখতে পারেন না। এটাই হচ্ছে মন্ত্রিসভার চরিত্র।

মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি শুনে সবচাইতে আশ্চর্য হবেন যে দমদম্ দাওয়াই এর পর চিফ্ মিনিস্টার বুঝলেন যে নিজের হাতে আর ক্ষমতা রাখা সম্ভব হবে না, যদি এই চালের সমস্যার সমাধান না করি। তখন তিনি কি করলেন? তিনি চোরা কারবারীদের সঙ্গে একটা gentlemen's agreement করলেন। Gentlemen's agreement মানে ভদ্রলোকের সঙ্গে একটা চুক্তি। এইসব ভদ্রলোক কারা? যারা সমাজদ্রোহী, যারা সাধারণ মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলেন, তাঁরা হলেন ভদ্রলোক। যে চিফ্ মিনিস্টার ছাত্রদের deputation গেলে দেখা করতে চান না, শিক্ষকদের deputation গেলে দেখা করতে চান না, সেই চিফ্ মিনিস্টার, তিনি নিজে—ঐ সমস্ত চোরাকারবারীদের ডেকে, তাদের ভদ্রলোকের আখ্যা দিলেন। এই হচ্ছে সরকারের চরিত্র।

Mr. Chairman : Is this relevant; আপনার resolution এ আছে—food crisis and rise of prices.

Shri Sailendra Nath Adhikarey : সরকারের এই চরিত্রগুলি যদি বিচার, বিশ্লেষণ না করি, তাহলে খাদ্যসমস্যা কেন ব্যর্থ হচ্ছে, তার গলদ কোথায়, তা ধরতে পারবো না। (Noise and interruptions) আমি আর একটা জিনিস দেখলাম চিফ্ মিনিস্টার সেদিন তাঁর মন্ত্রিসভার তরফ থেকে বললেন আপনারা, সবাই austerity observe করুন, economy করুন। তাঁরা নিজেরা সব পোলাও, রোস্ট খাচ্ছেন, আর তিনি বলছেন কোলকাতার বাবুদের কম খাওয়াবো, কলা খাওয়াবো, তণ্ডুলজাতীয় জিনিস নিষিদ্ধ কলকাতার বাবুদের জন্য। আমি সেদিক থেকে আর কোন কথা বলবো না। কিন্তু তিনি যা করেছেন, তা হচ্ছে এক অদ্ভুত জিনিস। মানুষকে চাল দিতে পারছেন না, আর বলা হচ্ছে মুরগীর মাংস টাংস খাও। কিন্তু একটা গোটা মুরগীর রোষ্ট খেতে গেলে, তারজন্য কত পয়সা দরকার, সেটা তিনি বিবেচনা করে দেখেছেন? যে এই তণ্ডুল জাতীয় জিনিস ছেড়ে, মুরগী খেতে পারবে? বর্দ্ধমানে সেদিন চিফ্ মিনিস্টার গিয়েছিলেন, সেখানে একটা সোয়েস্তা গ্রামের পাঁচশো লোক নিমন্ত্রিত হয়ে এসেছিলেন। উনি সেখানে উপস্থিত ছিলেন কিনা জানি না, তবে অজয়বাবু সেখানে উপস্থিত ছিলেন। আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন, সেখানে পাঁচশো লোককে যথারীতি মুরগী থেকে আরম্ভ করে ঢালাওভাবে খাওয়ানো হয়েছে।

(এ ভয়েস—বাজে কথা।)

বাজে কথা যদি না হয়, তাহলে আপনি রেজিগনেশন দেবেন? মুখ্যমন্ত্রিমহাশয় এইরকমভাবে ঢালাও খাওয়ান, আর বাংলা দেশের লোক না খেয়ে থাকবে, এতবড় অপরাধ যারা করেন, তাঁদের সম্বন্ধে যদি আমরা কিছু না বলি, বিচার না করি, তাহলে আমরা নিজেদের বিবেকের কাছে দায়ী থাকবো।

আর একটা কথা হচ্ছে, সেদিন চিফ্ মিনিস্টার বলেছিলেন যে, তিনি একটা বিষয়ে ব্যর্থ হয়েছেন, এবং আর একটি বিষয়ে সার্থক হয়েছেন। Statutory Rationing এর ব্যাপারে Calcutta and Industrial এরিয়ায় ও suburbs-এ সার্থক হয়েছেন। আর ব্যর্থ হয়েছেন মফঃস্বলে procurement এর ব্যাপারে। Statutory Rationing এর ব্যাপারে সমস্ত দায়িত্ব হচ্ছে সরকারের, সেখানে তিনি সার্থক হয়েছেন। Statutory Rationing-এ যদি কতকগুলি লোককে ration card দিয়ে খাওয়ান হয়, তাহলে নিশ্চয়, এই সরকার সেখানে সার্থক হয়েছেন। কিন্তু কয়েক লক্ষ লোক ration card পায়নি। হাওড়া এবং কলকাতায় গাদাগাদা ration এর petition পড়ছে। (Interruptions).

[4-50—5 p. m.]

কলকাতায় গাদাগাদি রেশন কার্ডের petition কয়েকমাস ধরে অফিসে পড়ে আছে, লোকে রেশন কার্ড পাচ্ছে না। আমরা এজন্য Complaint করেছি যে অক্টোবর নভেম্বর থেকে

কার্ডের জন্য দরখাস্ত করে আজও তা পাচ্ছে না। সরকার তাদের রেশন কার্ড দিচ্ছেন তাদের যারা employer, তাদের সার্টিফিকেট নিয়ে দরখাস্ত করা সত্ত্বেও সরকার তাদের রেশন কার্ড দেন নাই। আমি জানি হাজার হাজার রিক্সাওয়ালাকে রেশন কার্ড দেওয়া হয়নি। আমি জানি রেলওয়ের টোকেন নিয়ে দরখাস্ত করেছে ১৯৬৪ সালে, পাঁচ সাত বার করে আসতে বলা দেওয়া হয়েছে, অথচ এখনো সেই railway employees-রা রেশন পাননি। এইভাবে দরিদ্র মানুষকে না খাইয়ে—কলকাতার রেশন ব্যবস্থা সফল হয়েছে successful হয়েছে বলে তারা দাবী করেছেন। আমি বলবো না-খাইয়ে রেখে মানুষের অশ্রুজলকে তাঁরা ব্যঙ্গ করেছেন। আসল কথা হচ্ছে food policy—যারা সেটা চালাচ্ছে, তাদের চরিত্র কি? এই ফুড পলিসি চালাতে গেলে যে দৃষ্টি থাকা দরকার, তা তাদের নাই। আজ পর্য্যন্ত দেখান নাই যে, মানুষ না খেয়ে আছে, তাদের এই চীফ্ মিনিস্টার বলেছেন orientation করবেন। তোমরা গম খাও, আর PL 480-তে এখন সেই গম না আসার ফলে তিনি এখন তাদের বলছেন—তোমরা কম খাও। তাহলে বুঝুন এই cordon ও corruption কত rampant হয়ে গেছে। আজকে কাগজে দেখলাম মেচেদা স্টেশনে ঢুকেজি চালের জন্য ট্রেন থেকে টেনে ফেলে দেবার জন্য একজন লোক মরেছে। এই হচ্ছে সরকারের food policy। হাওড়া, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি জেলা হচ্ছে deficit জেলা। আমাদের এইসব জেলা কেন deficit আছে? ভারত স্বাধীন হওয়ার ফলে যখন বাংলা দেশ ভাগ হলো—তারপর যে সব area-তে ধান হতো আগে, নদীয়া মুর্শিদাবাদে সেই সমস্ত এরিয়াতে এখন পাট জন্মাচ্ছে। তারফলে ভারতবর্ষের পাট শিল্পজগতের অন্যান্য দেশে প্রাধান্যলাভ করে আছে। তার থেকে Central Government কোটি কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন করছে। আমি জিজ্ঞাসা করছি—Central গভর্নমেন্টের দায়িত্ব কি নেই—এই Jute Growing Areaকে তাদের তহবিল থেকে মজুত খাদ্যভাণ্ডার থেকে খাওয়ান? আমি বলবো কলকাতাকে কেন্দ্রের আওতায় আনতে হবে। এখানে ৬০ লক্ষ লোক বাহির থেকে আসছে, তাদের সেই দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে। যে jute growing এলাকা, তারা jute grow করে ভারতবর্ষের Foreign Exchange বাড়িয়ে দিচ্ছে তারা কি এখন না খেয়ে থাকবে? সেখানে statutory rationing-এর দায়িত্ব নিতে হবে।

তারপর আমার কথা হচ্ছে আজকে সমস্ত food policyটা হচ্ছে এই কংগ্রেস সরকারের একটা দুর্নীতির চিত্র। এই ফুড ডিপার্টমেন্ট এমন একটা ডিপার্টমেন্ট হয়ে দাঁড়িয়েছে এই দীর্ঘ ১৮ বছর ধরে তারা এদেশে দুর্ভিক্ষ ডেকে নিয়ে আসছে। এই মুখ্যমন্ত্রী যতদিন খাদ্যমন্ত্রী ছিলেন, তিনি দুর্ভিক্ষ নিয়ে এসেছেন। আজকেও তিনি আমাদের সকলকে দুর্ভিক্ষের মুখে ঠেলে দিচ্ছেন। তিনি আজ যত কথাই বলুন না কেন জনতাকে দুর্ভিক্ষের মুখে ঠেলে দিলে—জনতার যে বাধা ও দৃঢ়তা আসবে তার দ্বারা ফুড পলিসির ব্যর্থতা বিচার হবে। এই কথা কয়টি বলে নিখিলবাবুর এই প্রস্তাব আমি সমর্থন করছি।

Dr. Narayan Chandra Roy : মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে বর্তমানে একটা বড় ডেপুটেশান বাগুইহাট দেশবন্ধুনগর থেকে এসেছে তার দাবিগুলি আমাদের খাদ্যমন্ত্রীর সামনে দিতে আজকে এবং তাদের এই গণসাক্ষর এই কাগজখানি তার হাতে দিচ্ছে আপনার মাধ্যমে আমি দিচ্ছি এবং তাদের প্রধান দাবি হচ্ছে ওখানে পূর্ণ রেশন করা হউক এবং কতকগুলি জায়গা সংযুক্ত করে দেওয়া হউক। এই কয়েটি দাবি তারা বিস্তারিতভাবে এখানে লিখেছে এবং এই দরখাস্তটা আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের কাছে দিচ্ছি।

Shri Narayan Choubey : স্যার, এই দাবিগুলি যাতে অবিলম্বে পূরণ করার ব্যবস্থা করা হয় তারজন্য আমরা দাবি জানাচ্ছি।

Shri Girish Mahato : স্যার, আজকে খাদ্যব্যবস্থার উপর যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। খাদ্যব্যবস্থা বিষয়ে শুধু যে পশ্চিমবঙ্গ সরকার অসামর্থ হয়েছেন তা নয়—ভারতে কংগ্রেস সরকারও আজ অসমর্থ হয়েছেন। এটা শুধু আমাদের কথা নয় আমাদের সরকারী বন্ধুরাও এটা সমর্থন করেছেন। স্যার, যতদিন পর্যন্ত এই কংগ্রেস সরকার শুধু পশ্চিমবঙ্গে কেন ভারতবর্ষে থাকবে ততদিন এই অপদার্থ কংগ্রেস সরকার খাদ্য-ব্যবস্থার কোন সমাধান করতে পারবে না। তার কারণ হচ্ছে এই সরকারের কোন ক্ষমতা নাই তারা যন্ত্রের মত চালিত হয়। স্যার, আপনি জানেন গত শরৎকালের অধিবেশনে আমাদের সরকার এখানে ধান্যমূল্য নির্দ্ধারণ করেছিলেন ১৪ টাকা মণ। কিন্তু তারপরে কার্তিক, অগ্রহায়ণ মাসে চোরাকারবারীরা মজুতদারেরা ৯ টাকা মণ দরে ধান কিনেছিল। মন্ত্রীরা সরকারী দর একরকম প্রচার করলেন, কিন্তু সরকারের কোন ক্ষমতা নাই যে সেই চোরা-কারবারীদের এবং মজুতদারদের ধরবার বা ৯ টাকা দরে ধান কেনা বন্ধ করবার। তারপর সরকার থেকে ধান requisition করা আরম্ভ করা হল আমরা দেখলাম যাদের হাজার মণ ধান আছে তাদের ধান requisition করা হল না কারণ তারা B. D. O. এবং কন্ট্রোলারদের সঙ্গে ঘুষের বন্দোবস্ত করে নিয়েছিল। আমি কর্তৃপক্ষের কাছে বলেছি যে এই B.D O. এবং কন্ট্রোলাররা হাজার হাজার টাকা ঘুষ নিচ্ছে কিন্তু কর্তৃপক্ষ কিছু করলেন না। তাই আমি পরিষ্কার করে বলতে চাই যে, কংগ্রেস সরকার যে সমাজতন্ত্রবাদের কথা বলেন সেটা হচ্ছে চোরাকারবারীতন্ত্র আজকে কংগ্রেস সরকার না পারছে চোরাকার-বারীদের শায়েস্তা করতে না পারছে লোককে খাদ্য দিতে। আজ পর্যন্ত সরকার গ্রামে বা শহরে rationএর ব্যবস্থা করতে পারেনি। আজ পর্যন্ত পুরুলিয়া শহরে চাহিদামত আদৌ ration supply করতে পারেনি আমরা বহু আবেদন করেছি কিন্তু এই বধির কংগ্রেস সরকার কর্ণপাত করেনি। গতবারের খাদ্যনীতিতে মানুষ না খেয়ে মারা গিয়াছে। অথচ এখানে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, মানুষ না খেতে পেয়ে মরবে না। আজকে কংগ্রেস সরকার নিজই স্বীকার করছে যে গ্রামের লোকদের ৩ টাকা ৪ টাকা করে চাল কিনতে হয়েছে। আমি জানি দেশে হাজার হাজার লোক না খেয়েই মরেছে। একথা তারাও প্রকারান্তরে স্বীকার করেছে। তাই আজকে বলছি খাদ্যব্যবস্থার একটা প্রতিকার করতে হবে। কিন্তু আমরা জানি এদের মুখের কথার কোন দাম নাই। ১৮ বছর ধরে এই অপদার্থ কংগ্রেস সরকার খাদ্যসমস্যার সমাধান করতে পারেনি এবং পারবেও না। তার কারণ এদের কোন নীতি নেই, ব্যবস্থা নেই, কোনো বাস্তব জ্ঞান নেই। এদের পিছনে আছে সেই চোরাকারবারীরদল যারা তাদের চালায়। তাদের কথায় এরা নীতি ঠিক করে।

[5—5-10 p. m.]

যদি বাস্তব অবস্থা এঁরা অনুভব করতেন তাহলে আমরা যে প্রস্তাব দিয়েছি সেটা গ্রহণ করতেন। আমরা বহু প্রস্তাব দিয়েছি কিন্তু কংগ্রেস সরকার আমাদের কথা শোনেন না, আমাদের সহযোগিতা চান না। আমরা বলছি কৃষির জন্য এই যে লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে এটা শুধু কাগজেকলমে খরচ দেখান হচ্ছে, কৃষির যে মূল উদ্দেশ্য তার জন্য খরচ হয়নি, এটাই হচ্ছে বাস্তব সত্য। কৃষিউৎপাদন বৃদ্ধি করতে হলে চাই সেচের ব্যবস্থা, চাই উন্নত ধরণের বীজ, চাই সার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কল্যাণী গিয়েছিলাম সারের ব্যবস্থা দেখতে ব্যাপার কি চলছে চাক্ষুষ উপলব্ধি করতে কিন্তু এই কংগ্রেস সরকারের খাদি বোর্ড থেকে বেনামীতে কংগ্রেসের লোকের দ্বারা পরিচালিত কল্যাণীতে সারের কেন্দ্র আছে। বোনমিলের যে সার সেটা এই কংগ্রেসী রাজত্বে কোথাও পাবেন না। আমাদের গরুর হাড় বিদেশ চলে যাচ্ছে। কল্যাণীতে হাড়ের সারের একটা কেন্দ্র রয়েছে সেটা কংগ্রেসের পাণ্ডাদের

দ্বারা পরিচালিত। সেখানে দেখবেন বোনমিলের সার প্রস্তুতের আয়োজন রয়েছে কিন্তু সেখানে বোনমিলের চিহ্ন নেই। আপনারা যে-কোন লোক কল্যানীতে যেতে পারেন। আমি নিজে গিয়েছি, সেখানে বোনমিলের সার আমি পেলাম না। সেখানে হাড়ের গাদা পেলাম আর দেখলাম বোনমিলের যন্ত্র মাকড়শার জাল ভর্তি হয়ে রয়েছে। দেশের হাজার হাজার হাড় বিদেশে চলে যাচ্ছে অথচ আমাদের এখানে বোনমিলের সার নেই। তাই বলছি আমাদের বোনমিলের সারের ব্যবস্থা করতে হবে। এর পরে আমি আমাদের পুরুলিয়া জেলার সেচের কথা বলছি। এই ১৮ বছরে ধরে আমাদের পুরুলিয়া জেলাতে আপনারা এক বিঘা জমিতেও সেচের ব্যবস্থা করতে পারেননি। তারপর চাই উন্নত ধরনের বীজ কিন্তু কৃষি-বিভাগ থেকে সেই বীজ আসে কখন, না ভাদ্র মাসে। ১৯শে অক্টোবর তারিখে ডি, সি, আমাদের ডেকেছিলেন এই ইমার্জেন্সি অবস্থায় রবিশস্যের উৎপাদন বাড়াবার জন্য। সেখানে সমস্ত বি, ডি, ও, অফিসাররা উপস্থিত ছিলেন; আমিও সেখানে গিয়েছিলাম কিন্তু কি দেখলম, সেখানে বি, ডি, ও-দের টি, এ, বিলের যে টাকা হয় সেই টাকার মত রবিশস্যও উৎপন্ন হয় না। আপনারা প্রত্যেকেই জানবেন এরা সমস্ত কারবার করছে। যারা কৃষককে বাঁচাতে চায় না, যারা মানুষের মুখে অন্ন দিতে পারে না, যারা মানুষের জীবন নিয়ে খেলা করছে, তারাই আজ লক্ষ লক্ষ টাকা তছরূপ করছে। আমি তাই বলছি এই কৃষিব্যবস্থা, খাদ্যব্যবস্থা কার্যকরী করতে এই সরকার অসমর্থ। এই ব্যবস্থার যদি পরিবর্তন না করেন তাহলে পশ্চিমবঙ্গ শেষ হয়ে যাবে।

Shri Monoranjau Baksi : মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে এই খাদ্য বিতর্কে অংশ গ্রহণ করে প্রথমেই আপনার কাছে নিবেদন করছি যে গত বছর মাননীয় মুখ্যমন্ত্রী যখন খাদ্যবিতর্ক উদ্বোধন করেন তখন তিনি বলেন যে দেশে প্রচুর খাদ্য এবং কেন্দ্রীয় সরকার আমাদের প্রচুর খাবার দেবে কাজে কাজেই আগামী মরশুমে আমাদের আর কোন ভাবনা নাই। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই মরশুম আসার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে দেশে অত্যন্ত খাদ্যাভাব। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন গত বছর খাদ্য-পলিসিতে যখন মূল্য নিয়ন্ত্রণ করা হয় তখন সেই সমস্ত মিলমালিককে ধান কিনবার ভার দেওয়া হয়। আমরা দেখেছি সেই সমস্ত মিলমালিকগণ কারচুপি করেন, সরকার তাদের নিয়ন্ত্রণ করতে পারেননি, ফলে সরকারের ঘোষিত যে মূল্যনীতি তা সম্পূর্ণ ব্যর্থ হয়। স্যার, আপনি জানেন, আমরাও জানি এবং সরকারও স্বীকার করেছেন বারবার করে যে গত বছরের যে মূল্যনীতি তা ফেল করেছে। আমি মনে করি এই মূল্যনীতি ফেল করার মানে সরকারের খাদ্যনীতি পুরাপুরি ব্যর্থ হয়েছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে আগামী মরশুমের জন্য সরকার যে খাদ্যনীতি গ্রহণ করতে যাচ্ছেন এই সন্ধিক্ষণে দাঁড়িয়ে গতবারের যে খাদ্যনীতি আলোচনা করছি সেই সমস্ত আলোচনা করার কালে আপনার কাছে আমি এই কথা রাখছি যে খাদ্যনীতিকে যদি সামগ্রিকভাবে সর্ব ভারতীয় নীতি হিসাবে গ্রহণ না করা যায় তাহলে আমার মনে হয় খাদ্যনীতির যে ব্যর্থতা সেটা শুধু এ বছরের জন্য বা আগামী বছরের জন্য নয় প্রতি বছরই লেগে থাকবে। মিঃ চেয়ারম্যান, স্যার, সেজন্য আমি সাজেশন দিচ্ছি আজকের এই খাদ্যনীতিকে শুধু পশ্চিম বাংলার নয় সর্ব ভারতীয় একটা নীতিরূপে গ্রহণ করা উচিত। যে সমস্ত টেবেল ফুড আছে সে জোয়ারই হোক, ভুট্টাই হোক আর ধানগমই হোক তার একটা দাম নির্ধারণ করে সর্বভারতীয় ভিত্তিতে যদি এই নীতি নির্ধারণ করা যায় তবেই আমার মনে হয় একটা সুষ্ঠু ব্যবস্থা হবে, তা না হলে কোন দিনই এর সুব্যবস্থা হবে না। আজকে কিছুক্ষণ পূর্বে কংগ্রেস দলের একজন মাননীয় সদস্য বহু কথা বললেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে তিনি প্রডাকশনের কথা বলেননি। আমরা জানি এই পশ্চিম বাংলার বিভিন্ন জেলাতে যে নদীয়া জেলার মন চূর্ণীতে, মেদিনীপুর জেলার শিলাই নদীতে, বর্ধমানের অজয় এবং দামোদর নদীতে, বহু একর জমি সেচের অভাবে অনাবাদী হয়ে পড়ে আছে, সেখানে যদি ওয়াটার পাম্প ফিট করে দেওয়া হয়,

লিফট ইরিগেশন করে দেওয়া হয় তাহলে সেখানে বহু একর জমি সেচ পাবার সুযোগ পাবে। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গের বহু আনক্লাইমেন্সড হাসকিং মেসিন আছে, আমি সাজেশন দিচ্ছি এই সমস্ত আনক্লাইমেন্সড হাসকিং মেসিনগুলিকে সরকার সিজ করুন কিছু কিছু কমপেনসেশন দিয়ে এবং এই সমস্ত সিজড হাসকিং মেশিনগুলি নিয়ে তাদের যে প্রাইম মুভার আছে সেগুলি জলে ফিট করে যে সমস্ত জায়গায় জল-সেচের ব্যবস্থা নেই সেখানে জলসেচের ব্যবস্থা করুন। তা যদি করা হয় তাহলে আমার মনে হয় পশ্চিমবঙ্গে কোথায়ও অসেচ এলাকা থাকবে না, সমস্ত সেচ এলাকা হয়ে যাবে। আজকে সরকার থেকে বড় বড় সেচের কথা বলা হয় কিন্তু চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন যখন কোন গ্রামে আগুন লাগে তখন ফায়ার ব্রিগেডের গাড়ি রাস্তায় ঘন্টা বাজিয়ে যায় আগুন নেভাবার জন্য, আমরা দেখি ফায়ার ব্রিগেডের তৎপরতা, যখন কোন গ্রামের চাষী কৃষি বিভাগকে ইরিগেশন ব্যাপারে খবর দেয় যে আমার গ্রামে সেচ হচ্ছে না, জল নেই ঠিক সেইভাবে ঐ ওয়াটার পাম্প মেশিনগুলি ঘন্টা বাজিয়ে জল সেচের জন্য যদি যায় তাহলে আজকে সরকারকে গ্রামের লোককে বলতে হবে না যে তুমি আমাদের সাহায্য করো, তখন গ্রামের লোক এমনিই স্বতঃস্ফূর্ত হয়ে সাহায্য করবে। কিন্তু আমরা জানি সরকার কথা বলেন এক কাজ করেন আলাদা। কাজে কাজেই কথা এবং কাজে মিল থাকা দরকার। মিঃ চেয়ারম্যান, স্যার, কয়েকদিন আগে কাগজে দেখলাম আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে আমাদের অফিসাররা কোট প্যান্ট পরে থাকে, মাঠের খবর রাখেন না। আমি বিশ্বাস করি তিনি ঠিক কথাই বলেছেন, সেজন্য আমি তাঁকে বলবো তিনি এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট, কো-অপারেটিভ ডিপার্টমেন্টের যাঁরা রাইটার্স বিল্ডিংস-এ আছেন তাঁদের নির্দেশ দিন যে অক্টোবর থেকে ফেব্রুয়ারী, জুন জুলাই মাস পর্যন্ত এই ৭ মাস গ্রামে গ্রামে থাকুন, গ্রামের চাষীর সঙ্গে মেলামেশা করুন। তা যদি না করতে পারেন তাহলে শুধু এখানে থেকে ধানের দাম নির্ধারণ করে দিলে হবে না চাষী রোদে পুড়ে জলে ভিজে নিজের জীবন বিপন্ন করে সারাবছর ধরে চাষ করে এসেছে, তাদের খোরাকী নিয়ে এই যে ছিনিমিনি খেলছেন তাতে গ্রামের লোক ভয় খাচ্ছে, আমরা ধান চাষ করছি, না আফিং চাষ করছি, না গাঁজা চাষ করছি? মিঃ চেয়ারম্যান, স্যার, এই ভয় আজকে গ্রামের সর্বত্র ছড়িয়ে পড়েছে। কাজে কাজেই অত্যন্ত বাস্তব বুদ্ধি নিয়ে যদি এই কাজ করেন তাহলে সমস্ত কাজ সার্থক হবে, তা না হলে সমস্ত ব্যর্থতায় পর্যবসিত হবে। সেজন্য আমি সাজেশন দিচ্ছি প্রত্যেক জেলাতে ডিস্ট্রিক্ট প্রোডাকশন কাউন্সিল খোলা হোক, সেখানে সমস্ত চাষীদের নিয়ে আসা হোক, সেই কাউন্সিলে তাদের মতামত নেওয়া হোক, এই যদি করা হয় তাহলে খাদ্যনীতি সাত্যিকারের সার্থক হবে, তা না হলে ব্যর্থ হবে। সরকার যে ১৪ ১৫ ১৬ টাকা ধানের দর ঠিক করেছেন চাষী সেই দামে ধান দিতে রাজী আছে যদি তারা কন্ট্রোল রেট খোল পায়, আলু পায়, অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিস পায় যে জিনিসগুলি বাঁচাবার জন্য প্রয়োজন, তাহলে নিশ্চয়ই তারা সরকারের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত। কিন্তু তা যদি না পায় তাহলে ৪০ টাকা কেন ৫০-৬০ টাকা দর হবে। আমি জানি বর্ধমান জেলা উদ্বৃত্ত জেলা, কিন্তু আসানসোল মহকুমাতে প্রচুর খাদ্যাভাব, ঐ দুর্গাপুরে যে শিল্পাঞ্চল হয়েছে, শিল্পাঞ্চল হক সেটা আমরা চাই, সেখানেও প্রচুর খাদ্যাভাব। আজকে আমি সাজেশন দিচ্ছি পশ্চিমবংগ সরকারের কর্তব্য হচ্ছে আসানসোল মহকুমার জন্য একটা সেপারেট জোন করে পশ্চিমবঙ্গ থেকে খাবার পাঠান উচিত, তা যদি না পাঠান তাহলে আমার মনে হয় সেখানে ভয়াবহ ব্যাপক দুর্ভিক্ষ দেখা দেবে এবং সেই দুর্ভিক্ষ সৃষ্টি করবে ঐ মুনাফাখোরী মিল মালিকরা। কাজে কাজেই এই সমস্ত দিক থেকে নীতিটাকে পুংখানুপুংখভাবে বিচার করে এগিয়ে চলুন, এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p. m.]

Shri Anadi Das : মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় সদস্য নিখিলবাবু যে প্রস্তাব এনেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই মাত্র। প্রথমত সরকার উৎপাদন কাজে

আগ্রহ দেখাতে এবং এটা বাড়াতে ব্যর্থ হয়েছেন। গত কয়েক বছর ধরে যে অবস্থা চলেছে তার অভিজ্ঞতা তারা নিতে পারেননি। এই অভিজ্ঞতার দ্বারা এটা সূচিত হয় গত কয়েক বছরের ঘটনা নিয়ে যে, সাহসের সঙ্গে নূতন কৃষিব্যবস্থা প্রবর্তন করবার জন্য চেষ্টা করা উচিত। কিন্তু সেই অভিজ্ঞতা তারা কাজে না লাগিয়ে গতানুগতিক পথে চলেছে। একথা পরিষ্কার বলতে পারা যায় যে আজকে সাহসের সঙ্গে নূতন কৃষিব্যবস্থা প্রবর্তন করা দরকার। চাষী যা কেনে তার দর বাঁধবার চেষ্টা না করে যা বিক্রি করে তার দর বাঁধবার চেষ্টাতে উৎপাদন কখনও বাড়বে না। শিল্পের ক্ষেত্রে লাভের হার নির্দিষ্ট না করে যদি চাষীর জিনিসের দর বেঁধে তাকে মেরে ফেলবার চেষ্টা হয় তাহলেও উৎপাদন বাড়বে না ফলে একটা মারাত্মক জিনিস হবে যে কৃষিক্ষেত্রে জমিতে এখন যে মূলধন খাটছে সেই মূলধন চাষ থেকে অন্য জায়গায় চলে যাবার চেষ্টা করবে এবং চাষ আরও বিপন্ন হবে। আমাদের চেষ্টা করতে হবে চাষকে এমন জায়গায় নিয়ে যাওয়া উচিত যাতে আরও মূলধন চাষে প্রযুক্ত হতে পারে। কিন্তু তার কোনই ব্যবস্থা নেই। আবার এই যে কৃষি-বিপ্লব যেটা হওয়া দরকার না হলে উৎপাদন বাড়তে পারে না—সেটা শিল্পবিপ্লব ছাড়া হতে পারে না। শিল্পে একটা নূতন ব্যবস্থা ছাড়া হতে পারে না। শিল্পব্যবস্থা, ব্যবসাব্যবস্থা সমস্ত দিক থেকে সামাজিক, অর্থনৈতিক, দার্শনিক সমস্ত দিক থেকে একটা নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে নূতন পদক্ষেপ ছাড়া আজকে একে আর পরিবর্তন করা যায় না। এটাই আমি বলি। ধান সংগ্রহে সরকার ব্যর্থ হবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ তাঁরা স্টেট ট্রেডিং চালু করলেন না—স্টেট ট্রেডিংএর নামে যেটা করেছেন সেটা স্টেট ট্রেডিং নয় ফলে ধান সংগ্রহ হতে পারে না। জোতদার, চালকল মালিক অন্যান্য মুনাফাখোর তাদের হাতে চলে যাবার এবং লুকিয়ে রাখবার অনেক ব্যবস্থা আছে। সর্বপরি গরীব জনসাধারণ যারা এই খাদ্য নিয়ে ছিনিমিনি হোক এটা চায় না—তাদের সহযোগিতা ছাড়া কিছুতেই আপনারা এই খাদ্যব্যবস্থার সন্তোষজনকভাবে সংশোধন করতে পারেন না। আবার গরীবদের সহযোগিতা আপনারা পেতে পারেন না ততক্ষণ যতক্ষণ বড় বড় মালিক, শিল্পপতি, জোতদারদের আপনারা সন্তুষ্ট করতে চাচ্ছেন। কাজেই আপনাদের একটা দিকে পা রাখতে হবে—হয় জোতদার ইত্যাদিদের ছাড়তে হবে আর না হয় যা অবস্থা চলছে তা আরও ভয়াবহ হবে। সমস্ত লোককে খাওয়াবার জোগাবার কথা সরকার বলছেন বটে কিন্তু সেটা সম্ভব নয়, গ্রামের লোক আশ্বস্ত হতে পারছে না যা আমরা দেখতে পাচ্ছি তাতে হওয়া সম্ভব নয়। তাই আসল হচ্ছে গ্রামের লোককে মেরে শহরের লোককে খাওয়ানো। আমি এখানে আপনার কাছে দু-একটি কথা বলতে চাচ্ছি যে দুর্নীতি কি চরমে উঠেছে। আমাদের ওখানে আমরা ৩০০ করে চাল পাচ্ছি রেশন এলাকার বাইরে জগাছা থানা অঞ্চলে—অথচ সেটা হাওড়া কর্পোরেসনের অন্তর্ভুক্ত। আর সেখানে এম, আর, সপ যেগুলি আছে সেগুলি সব দুর্নীতিতে ভরা। ইন্সপেক্টার ডেকে এনে ধরিয়ে দিলেও তারা ধরে না এবং তারা বলে আমরা যা দেখেছি তাই ঠিক। ওজন কম দিয়েছে, ১০০ করে দিয়েছে—ক্যাসমেমোতে লিখে রেখেছে—ইন্সপেক্টার এলো বল্লো ঠিক আছে—এই সব চলছে। আমি সর্বশেষ বলতে চাই—আমি প্রফুল্লবাবুকে ধন্যবাদ দিই তিনি একটা মস্তবড় বৈপ্লবিক কাজ করেছেন। বাংলা দেশে বিপ্লব অনেক দিন ধরেই ওভারডিউ হয়ে আছে, কিন্তু বাঙ্গালী শান্তিপ্রিয় বলেই বিপ্লব করছে না—সেজন্য প্রফুল্লবাবু স্থির করলেন যে বিপ্লব তোমরা করবে না আমি অত্যাচার কি রকমভাবে চালাই একবার দেখে নাও—এবং সেই অত্যাচারের ঠেলায় তোমাকে বিপ্লব করতে হবে। এদিক থেকে আমি প্রফুল্লবাবুকে ধন্যবাদ জানাই। স্যার, গান্ধিজী বলেছিলেন রামরাজত্ব করতে হবে। রামরাজত্বের ইতিহাস তিনি উল্টে দিতে চেয়েছিলেন। আগে রাবনরাজত্ব হয় তারপর রামরাজত্ব হয়—রাবন এসে অত্যাচার করে, জুলুম করে নানারকম করে তখন দেবতাদের টনক নড়ে তারপর রামের জন্ম হয় তারপর রাবনের নিধন হয়—এটাই আজ চলছে এর ভিতর দিয়ে। এর ভিতর দিয়ে গরীব জনতা জাগবে এবং তার ভিতর থেকে রামের জন্ম হবে এবং তার ভিতর দিয়ে এই রাজত্বের অবসান হবে।

Shri Jaharlal Banerjee : মাননীয় সভাপাল মহাশয়, আজকে বিরোধীপক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবের আমরা তীব্র বিরোধিতা করছি তার কারণ এই যে তাঁরা জগতের কিছু ভাল দেখতে পান কিনা জানি না—কিন্তু সরকার যা করেন তার কোন কিছু ভাল তাঁরা দেখতে পান না এটাই তাঁদের স্বভাব। অতএব স্বভাব যাঁদের এমন তাঁদের বলবার আমার কিছু নেই। আমি এখানে সংক্ষেপে দু' একটা কথা বলবো। আমি একথা দাবি করি না যে আমাদের সরকার গতবার যে খাদ্যনীতি নিয়েছিলেন সেটা সম্পূর্ণ সার্থক হয়েছে, তবে আমি একথা বলি যে সম্পূর্ণ সার্থক না হলেও বেশীরভাগই সার্থক হয়েছে এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে গতবার যে খাদ্যনীতি গ্রহণ করা হয়েছিল সেটাকে দুইভাগে ভাগ করা যায়। কলকাতা এবং শিল্পাঞ্চলকে ষ্ট্যাটুটারী রেসনিংয়ের আওতায় আনা হয়েছিল এবং গ্রামগুলির জন্য কিছু করা হয় নি। এই ছিল গতবারের খাদ্যনীতি এবং পরে দেখা গেল এই নীতি নেওয়া হয়েছিল যে যেখানে খাবার নেই খাবারের অভাব, সেখানে সরকার যতদূর সম্ভব এম, আর, সপের মাধ্যমে আংশিক রেসন দিয়েছেন। এই ছিল গতবারের খাদ্যনীতি। এই পরিপ্রেক্ষিতে আমাদের বিচার করতে হবে যে আমরা কতটা সাকসেসফুল হয়েছি, কতটা হই নি। একটা দিক যদি আমরা আলোচনা করি ষ্ট্যাটুটারী রেসনিং এরিয়ায় সম্পূর্ণ সার্থক হয়েছে আমাদের নীতি এ সম্বন্ধে কোন সন্দেহ নেই এবং আমি মনে করি বিরোধীপক্ষের গাত্রদাহের কারণ হচ্ছে সরকারের এই নীতি সার্থক হয়েছে তাই। কারণ কলকাতার বুকে খাদ্যনীতি বিরোধিতা করার নামে যে অসংযমের পরিচয় তার আগের আগের বছর তাঁরা দিয়েছেন, সরকারের এই বলিষ্ঠ খাদ্যনীতির জন্য এ বছর তাঁরা সেদিকে পা দিতে পারেন নি, সেইজন্যই তাঁদের হতাশার কারণ এবং এই হতাশার জন্য তাঁদের মধ্যে যে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে তাঁদের নিজেদের মধ্যে একটা যে অবিশ্বাসের ভাব এসেছে সেই অবিশ্বাসের ভাবই আজকে ফুটে উঠেছে তাঁদের বক্তৃতার মধ্যে। সেজন্য আমি মনে করি সরকারের নীতি যদি সার্থক না হোত তাহলে আগেকার দিনের মত আমরা দেখতাম যে কলকাতার রাস্তায় তাঁরা শুধু প্লাকার্ডই দিতেন না, নানা রকম শোভাযাত্রা নিয়ে বিধানসভা ঘেরাও করবা এইসব করতেন। (শ্রীনারায়ণ চৌবে : কালকের মিছিল দেখেন নি ?) কালকের যে মিছিল হয়েছিল সেটা খাদ্যের নয়, এই রকম ব্লাফ আমাদের দেওয়া যাবে না কালকের মিছিল যেটা ছিল সেটা কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের মিছিল। কাজেই ওটা কোন প্রশ্ন নয়। আর একদিক থেকে আমরা দেখছি, গ্রামের দিক থেকে সত্যিকারের আমরা সম্পূর্ণ সফলতা অর্জন করি নি একথা অসংকোচে আমাদের স্বীকার করতে হবে, তবে সরকার যথেষ্ট চেষ্টা করেছেন, যখন দেখা গেছে গ্রামাঞ্চলে অসাধু ব্যবসায়ীরা দর বাড়িয়ে চলেছেন তখন সরকার যতদূর সম্ভব এম, আর, সপের মাধ্যমে সেই সব অঞ্চলে চাল দিয়েছেন।

[5-20 – 5-30 p. m.]

আপনি জানেন যে বাংলা দেশ চিরদিন ডেফিসিট এরিয়া এবং পশ্চিম বাংলা যে ডেফিসিট সেটা আজকের কথা নয়। স্বাধীনতার আগে যখন পূর্ববাংলা আমাদের মধ্যে ছিল যখন গ্রেনারী অফ বেঙ্গল আমাদের মধ্যে ছিল তখন বর্মা প্রভৃতি দেশ থেকে চাল এনে আমাদের ঘাটতি পূরণ হত। আজকে জনসংখ্যা বেড়ে গেছে তার উপর উদ্বাস্তু ভাইবোনেরা আমাদের মধ্যে এসে গেছে। এসব ব্যাপারে আমাদের খাদ্য পরিস্থিতি দারুণ সংকটের মধ্যে আছে। তবুও আমি সরকারকে ধন্যবাদ দেবো যে সংকটজনক পরিস্থিতির মধ্যেও সরকারী নীতির ফলে বিরোধীদল বিশেষ সুযোগ করতে পারেনি। আপনারা জানেন যে সমস্ত দুর্নীতিপরায়ণ ব্যবসাদার অতি লোভের বশে সমস্ত মানুষের খাবার নিয়ে ছিনিমিনি খেলে আমি গর্বের সঙ্গে বলছি সরকার তাদের ক্ষমা করেননি। এবং বাংলা দেশের ইতিহাস যেদিন রচনা হবে সেদিন স্বর্ণাক্ষরে পশ্চিম বাংলা

সরকার এবং তার মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্রর সেনের নাম লেখা থাকবে। তিনি অকুতোভয়ে ঐ সব ব্যবসাদারদের গ্রেপ্তার করেছেন। যে D.I.R. তোলবার কথা তাঁরা বলেন সেই D.I.R.-এ আজও অনেক ব্যবসায়ী কারাবদ্ধ হয়ে আছে। যদি তা না করা হত তাহলে বাংলা দেশের খাদ্যপরিস্থিতি আরো খারাপ হত। তা হয়নি বলেই বিরোধীদলের এত ক্ষোভ। আমরা জনসাধারণকে বিশ্বাস করেছি, ব্যবসায়ীদের বিশ্বাস করেছি, এবং অতীতের অভিজ্ঞতায় ১৯৪৬ সালের অভিজ্ঞতায় তারা বুঝতে পারবে মানুষের খাদ্য নিয়ে তারা ছিনিমিনি খেলবে না। এখানেই আমরা ভুল করেছি। মানুষের শুভবুদ্ধিকে যদি বিশ্বাস করা ভুল হয় তাহলে আমাদের সরকার ভুল করেছেন। কিন্তু সরকার কোনদিনই কোন অসাধু ব্যবসায়ীর সঙ্গে কম্প্রোমাইজ করে নি। আমাদের সরকার দৃঢ়হস্তে ঐ সব চোরাকারবারীদের শাস্তি দিয়েছেন, আমরা দেখেছি এই সরকার আজও তাদের D.I.R-এ ধরে রেখে দিয়েছেন। আপনি হয়ত জানেন ঐ সব চোরাকারবারীদের ছাড়াবার জন্য আমাদের অনেক ঐ পক্ষের বন্ধু Writers' Buildings-এ ধর্ণা দিয়েছেন। তাঁদের নাম প্রকাশিত হলে তাঁরা লজ্জা পাবেন কিনা জানি না, আমরা পাবো। আজকে খবরের কাগজে দেখলাম যে জনৈক রাজবন্দী যখন জেল থেকে বেরচ্ছিলেন তখন তাঁর কাছ থেকে কিছু খাবার এবং অন্য কতকগুলি জিনিস পাওয়া গেছে সেগুলো জেল গেট থেকে কেড়ে নেওয়া হয়েছে। যে খবরের কাগজ ওঁরা প্রায় কোট করেন আমি সে খবরের কাগজের কথা বলছি। আগামী দিনের জন্য যে খাদ্যনীতি হতে চলেছে অতীতে অভিজ্ঞতার উপর ভিত্তি করে সে খাদ্যনীতি প্রস্তুত করছি। অতীত অভিজ্ঞতায় আমরা ব্যবসাদার কলওয়ালাদের যে বিশ্বাস করেছিলাম এবার তা করিনি। তাই গতবার 50 per cent কলে লেভি করা হয়েছিল এবার আমরা 100 per cent করবো। পাইকারি ব্যবসা সম্বন্ধে পশ্চিমবঙ্গ কংগ্রেস সরকার সর্বপ্রথম এ নীতি গ্রহণ করে জনসাধারণের শুধু ধন্যবাদার্হ হন নি তাঁরা সমস্ত ভারতবর্ষের খাদ্যনীতিতে একটা নেতৃত্ব দিয়েছেন। সেজন্য আমি নিজেকে গর্ব অনুভব করি কারণ আমি সেই সরকারের সঙ্গে সংশ্লিষ্ট যে সরকার এরূপ বলিষ্ঠ নীতি গ্রহণ করতে পারেন। হাই প্রাইসের কথা বলা হয়েছে। যাঁরা অর্থনীতির ছাত্র তারা জানেন হাই প্রাইস সব সময় একটা কুলক্ষণ নয় পার্চেজিং পাওয়ার বেড়েছে। মানুষ আজকে কিনতে পাচ্ছে মানুষের standard of living বেড়েছে সেজন্য জিনিসের দামও বেড়েছে এটা একটা ভাববার বিষয়। সেদিক থেকে আমরা সফলতা লাভ করেছি। সবশেষে বিরোধীপক্ষকে বলবো তারা ময়দানে যে বক্তৃতা দিতেন সে বক্তৃতা দেবার সুযোগ হারিয়ে বিধানসভার মাঝখানে তাঁরা বক্তৃতা দিতে চান। বিরোধীপক্ষের মধ্যে অনেকে আছেন যাঁরা দেশদ্রোহী দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন তাঁদের জনসাধারণের কাছে কিছু বলবার নেই তাই তাঁরা আপনার নিরাপদ আশ্রয়ে বক্তৃতা দিচ্ছেন। আমি সবশেষে বলছি আমরা আংশিক সফলতা লাভ করেছি তবুও আমি সরকারকে অনুরোধ করবো অতীতের যে ভুলভ্রান্তি করেছি অতীতে হয়ত মানুষকে বিশ্বাস করে অনেক ঠকেছি সে সমস্ত ছেড়ে দিয়ে আমরা বলিষ্ঠ নীতি যা গ্রহণ করেছি তাতেই অচল থাকবো এবং আশা করবো বিরোধীপক্ষের সদস্যগণ দেশের জনসাধারণের স্বার্থে সহযোগিতা করে সে নীতিতে সফলতা লাভ করবেন।

Shrimati Purabi Mukhopadhyay : মাননীয় সভাপাল মহাশয়, আমরা দীর্ঘ সময় ধরে যে বেসরকারী প্রস্তাব নিয়ে আলোচনা করছি, গত বৎসরের খাদ্যনীতি নিয়ে তা মূলতঃ পোস্ট মর্টেম করা হচ্ছে। বোধহয় সেজন্য স্বাস্থ্যমন্ত্রী হিসাবে সেই পোস্ট মর্টেম-এর জবাব আমি দিতে উঠেছি। আমাদের এখানে যখন খাদ্য বিতর্কের সূচনা করতে যান তখন মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন এবং স্বীকার করতে কুণ্ঠিত হন নি যে আমাদের খাদ্যনীতি আংশিকভাবে সফল হয়েছে—যতখানি সফল হবে বলে ভেবেছিলাম ততটা হয়নি। আমাদের খাদ্য ঘাটতি নূতন কথা নয় পশ্চিম বাংলায় ৩ কোটি ৯১ লক্ষ অধিবাসী যেখানে রয়েছে সেখানে আমাদের

১৬ আঃ করে খেতে দিতে হলে আমাদের দরকার হয় ৬৫ লক্ষ টন। ৬৫ লক্ষ টন যেখানে আমাদের প্রয়োজন সেখানে আমাদের প্রোডাকসান কোন দিনই ৬৫ লক্ষ টন হয় নি। বাম্পার ক্রপ যে বৎসর হল তাঁরা বললেন এত যে বাম্পার ক্রপ হল আর একদিকে সে বৎসরে কেন খাদ্যে এরূপ অবস্থা হল। মূলকথা ভুলে গেলেন বাম্পার ক্রপ যে বৎসর হয় সে বৎসর পশ্চিম বাংলায় ঘাটতি থেকে যায়, ঘাটতি পূরণ হয় না। এই ঘাটতি পূরণ হবার জন্য কেন্দ্রীয় সরকারের পুল থেকে আমাদের যা পাবার কথা ছিল কেন্দ্রীয় সরকার আমাদের পুরাটা দিতে পারেন নি। অর্থাৎ ৩ লক্ষ টন চাল যেটা দেবার কথা ছিল তা দিতে পারেন নি—২ লক্ষ ৮০ হাজার টন দিয়েছেন এবং গম দিয়েছেন ১ লক্ষ টন। একথা বিধানসভার অগোচরেই থেকে গেল। বিধানসভার বিভিন্ন বক্তা তাঁর বক্তৃতায় বাম্পার ক্রপ যে বৎসর হল সে বৎসর খাদ্যের এ অবস্থা কেন, একথা যখন বললেন, তখন এমন ভাব দেখালেন যে বাম্পার ক্রপ আমাদের সমস্ত ঘাটতি পূরণ হয়ে গিয়ে উদ্বৃত্ত ছিল। আমাদের সরকারের অপদার্থতায় আমরা সেটা ঘাটতিতে পরিণত করেছি। আসল কথা যেটা যে বৎসর আমাদের ঘাটতি যেটা থেকে গেল সেটা তারা এখানে উত্থাপিত করতে পারেন নি।

[5-30—5-40 p.m.]

আমরা পশ্চিমবঙ্গ সরকার গত বছর যে খাদ্যনীতি নিয়েছিলাম, তার মূলকথা ছিল, যে আমরা কৃষকের গায়ে হাত দেবো না, অর্থাৎ যারা সত্যিকার মাথার ঘাম পায়ে ফেলে চাষ করে, তাদের গায়ে যাতে বেশী হাত না পড়ে, সেদিকে লক্ষ্য রেখে আমরা প্রথম দিকে চলেছিলাম একথা সত্য যে, প্রথম দিক থেকেই এবারে আমরা যে বাড়াবাড়ি নীতি গ্রহণ করতে যাচ্ছি, তাতে উদ্বৃত্ত চাষীর গায়ে খানিকটা হাত পড়ছে এবং জোতদারের গায়ে এবং বড় চাষী, এদের আমরা খানিকটা Marketable surplus যেটা, সেটা বাজারে আসবে বলে ধরে নিয়েছিলাম বলে, প্রথম থেকে আমরা লেভি করে, procurement-এর জন্য বাড়াবাড়ি ব্যবস্থা করে, আদায় করতে হয় নি। আপনার স্মরণ আছে ১৯৬৪ সালে ২৫ পারসেন্ট মাত্র লেভি করা হয়েছিল। কিন্তু যখন দেখা গেল যে শতকরা ২৫ পারসেন্ট রাইস মিলের কাছে থেকে লেভি নিয়ে আমাদের বাদবাকি উদ্বৃত্ত ধানের হিসাব থাকছে না, চালের হিসাব থাকছে না, তখন আমরা 50 per cent levy করলাম, এবং বাদবাকি যেটা লেভিভুক্ত নয় অর্থাৎ 50 per cent দেবার পরে বাদবাকি 50 per cent রাইস মিলের কাছে রয়ে গেলো তাকে আমরা কন্ট্রোল করলাম, যে আমাদের সরকারী কর্মচারী বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের বিনা আদেশে বা তাদের জ্ঞাতসারে ছাড়া ঐ যে মাল রাইস মিলের হতে রয়ে গেলো, তা যেন free trade or free channelএ move করতে না পারে।

আপনি জানেন যে একট ডিস্ট্রিক্টএ 50 per cent levy যা আমরা নিয়ে চলে আসছি modified rationingএর দোকান থেকে বিলি করবার জন্য statutory ratoningএর এরিয়ায়, বাদবাকি 50 per cent, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে লেভি দেবার পরে, যেটা 50 per cent রইলো সেটাকে এখান থেকে যখন পাঠিয়েছেন, তখন যে জেলায় trade channelএ সেটা গেলো, সেই জেলার এস, ডি, ও কে সংবাদ দিয়ে, লেভি order-এর নোটিশ পাঠিয়ে দিয়ে, তিনি সেটা করেছেন। অতএব আমরা একেবারে পুরো বিনিয়ন্ত্রিত অবস্থায় ধানচালগুলিকে কোন জায়গায় কাজ করতে দেইনি। আমরা এবারে ঐ 50 per cent levy নয়, আরও বাড়াবাড়ি করেছি, তাদের কাছ থেকে 100 per cent লেভি করেছি এবং রাইস মিলগুলি আমাদেরই procurement, direct agent হিসাবে কাজ করবে। আমরা এইভাবে যেমন procurement করেছিলাম, তেমনি সেই সঙ্গে সঙ্গে Paddy and Rice Control, 1965, দিয়ে আমরা যে সমস্ত বড় চাষী একশো মণের বেশী ধান রাখতে চান, তাদেরও আমরা কন্ট্রোল

করেছিলাম, এবং যাঁরা লাইসেন্স নেয় নি, সেই সমস্ত জায়গায় শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে, আমরা তাদের ধান seize করেছি, এবং order দিয়ে ধান requisition করেছি। এই হিসাবে আমরা পেয়েছিলাম, এই Paddy and Rice Control Order, যারা violate করেছিল, সেখানে requisition করে ১.২৩ লক্ষ মেট্রিক টনএর মত ধান এবং ২.৮২ লক্ষ মেট্রিক টনএর মত চাল, আমরা তাদের কাছ থেকে সংগ্রহ করেছিলাম শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে। অতএব এই বেসরকারী প্রস্তাবে যে, hoarding বন্ধ করা হয় নি, profiteering বন্ধ করা হয় নি বলে, সরকারের বিরুদ্ধে যে নিন্দাসূচক কথা বলা হয়েছে, আমি তার প্রতিবাদ জানাচ্ছি। এই requisition order যাদের উপর করা হয়েছে, যাদের ধানচাল seize করা হয়েছে, তারা সব বড় জোতদার, producer—এই সব জেনেশুনেও আপনারা, একমুখে সকলে বলছেন, যে জোতদারের স্বার্থ সরকার দেখছেন। এবারে যখন আমরা একটা বৈপ্লবিক খাদ্যনীতি গ্রহণ করেছি দেখতে পাচ্ছি, এই বৈপ্লবিক শব্দটা, তাঁদের অনেকের গায়ে অত্যন্ত লাগছে। সেই সমস্ত বিরোধীদলের আমি নাম ধরে বলতে পারি, কোন কোন পার্টি ঐ জোতদারদের সপক্ষে। বামপন্থী যাঁরা রয়েছেন এখানে, যাঁদের আমরা কম্যুনিষ্ট left block বলি, তাঁরা সকলেই ঐ জোতদারদের পক্ষে। বর্দ্ধমান, বাঁকুড়া, বীরভূম প্রভৃতি surplus district-গুলিতে এঁরা গিয়ে সেখানে জোতদারদের সপক্ষে মিটিং করেছেন। এই সম্পর্কে তাঁদের সঙ্গে ওঁদের কোন লেনদেন হয়েছে কিনা জানি না।

আমরা seize করেছি, requisition করেছি তার সঙ্গে ৫০টি rice millকে D.I. Rules এ এখন পর্যন্ত আটক করে রেখে আমরা এই শুধু প্রমান করতে পেরেছি যে পশ্চিমবঙ্গ সরকার কিংবা পশ্চিমবঙ্গ সরকারকে যাঁরা পরিচালিত করেন কংগ্রেস পার্টি বা ruling party তাঁরা জোতদারের শত্রু না হলে সপক্ষে নয়। বর্তমানে শত্রু কথাটা ব্যবহার করা আমি পছন্দ করি না। আমাদের দেশের অধিবাসীকে আমি শত্রু বলবো এটা আমি বলতে চাই না। তাদের প্রতি যে নরমভাব দেখান হয়েছে তা পশ্চিমবঙ্গ সরকারের কার্যাকলাপ দেখে কেউ বলতে পারবেন না। শুধু এই ধরনের শক্ত কাজ করা হয়েছে বলে, এত লোককে এখানে conviction করা হয়েছে বলে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে অন্যান্য রাজ্য সরকার থেকে অভিনন্দন জানিয়ে পাঠান হয়েছে। পশ্চিমবঙ্গই প্রথম State যেখানে আমরা statutory rationing introduced করেছি, যেখানে আমরা Rice and Paddy Movement Control Order প্রথমে এখানে দেই। এই পশ্চিমবঙ্গ সরকারের দেখাদেখি বিভিন্ন রাজ্য সরকারও এখন এটা করতে সুরু করেছেন। যেভাবে আমরা ব্যর্থ হয়েছি বলে বলছেন, কেন খাদ্যশস্যের এখন পর্যান্ত ঘাটতি রয়েছে বলছেন, এর উত্তরে আমি বলবো এটা ততক্ষণই থাকবে যতক্ষণ আমরা পশ্চিমবঙ্গের আবাদযোগ্য জমিতে সেচপরিকল্পনা সুষ্ঠুভাবে ঐ জমিতে পৌঁছে দিতে পারবো, যতক্ষণ না চাষের যন্ত্রপাতি ঠিকমত চাষীর দরজায় পৌঁছে দিতে পারবো ততক্ষণ উৎপাদন যা কম হচ্ছে তা বাড়ানো সম্ভব নয়। আমরা যা নদীপরিকল্পনা করেছি তার বেশীর ভাগ নদীই বৃষ্টিজল দ্বারা পুষ্ট হয় বলবো। এই বছর বৃষ্টির জল গিয়ে তেমন দাঁড়ালো না। প্রথম দিকে যে figure বলেছিলাম production এর, sowing-এর সময় যে figure বলেছিলাম crop-cutting-এর সময় যে figure বলেছিলাম সে ফিগার খাটেনি। যাঁরা গ্রামের খবর রাখেন তাঁরা কলকাতা থেকে গ্রামাঞ্চলে গিয়ে ঘুরে এসে বলবেন যে বৃষ্টি তেমন না হবার দরুন ভাল শকুলকে ধানগাছ শুকিয়ে হলদে হয়ে গেছে। সেইজন্য সেই সমস্ত পরিকল্পনা থাকা সত্ত্বেও বৃষ্টি না হওয়ার জন্য drought এর জন্য যে পরিমাণ ফসল জল পেলে হতো, তা হয়নি। তারজন্য পশ্চিমবঙ্গ সরকার কেন দায়ী হবেন? আকাশের বৃষ্টি হল না তারজন্য পশ্চিমবঙ্গ সরকারকে দায়ী করতে চান? আপনাদের যুক্তি কতখানি যুক্তি সহ এটা আপনারা বুঝবেন।

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি স্পষ্ট ভাষায় দেখিয়ে দিতে চাই ওঁরা profiteering and haoarding সম্পর্কে যে প্রস্তাব এনেছেন যে আমরা ব্যর্থ হয়েছি—hoarding বন্ধ করতে

পারিনি, profiteering বন্ধ করতে পারিনি। কত কেস আজ পর্য্যন্ত আমরা যাদের ধরেছি এবং এখনো কত জেলে আছে এবং এখনো আদালতে রয়েছে এই সম্পর্কে আমি মোটামুটি একটা হিসাব এখানে দেব। ১৯৬৫ সালের October, 31 পর্য্যন্ত rice and paddy: Prosecution 3,719, persons involved—4,227, conviction cases—1,558, persons convicted—1,750; Wheat and wheat products: Prosecutions—271, persons involved—313, conviction cases—131; Sugar: prosecution—114, persons involved—130, cases convicted—54, convicted persons—54; Mustard oil: 542 prosecution cases, persons involved—559, conviction cases—291, persons involved and convicted—301; Fish: prosecution—462, persons involved—480, conviction cases—249, persons convicted—258; Pulses: prosecution cases—542, persons already prosecuted—610, cases of conviction—319, persons convicted—327; Vegetable oil: prosecution—52, persons involved—55, convicted cases—36, persons involved—58.

[5-40—5-50 p.m.]

These are the cases যেটা আমি এক্ষুনি আপনাদের কাছে বলছিলাম। এছাড়া ৫০ জন rice miller এখন D I Ruleএ arrest হয়ে আছে। আমরা statutory rationing করেছিলাম জানুয়ারী ৫ তারিখ থেকে, আমাদের statutory rationingএ আমাদের consumption লাগে ৩ লক্ষ ১৭ হাজার টন। এছাড়া modified rationing আমরা করেছিলাম দুটি উদ্দেশ্য—একটি গ্রামাঞ্চলে যেখানে dry হয়ে গেছে সেই সমস্ত জায়গায় modified rationing দেওয়া আর গ্রামাঞ্চলে শহর অঞ্চলের বাহিরে কিম্বা আধা শহর অঞ্চলে যেখানে statutory rationing নেই সেই রকম শহরগুলিতে যাদের ক্রয়ক্ষমতা খুব বেশী তারা ধানচালের দর বাড়িয়ে না দিতে পারে এই উদ্দেশ্যে শিলিগুড়ি, আসানসোল, দুর্গাপুর এই রকম ধরনের জায়গায় আমরা modified rationing করেছিলাম। তারজন্য requirment আমাদের হয়েছে modified rationing ২ লক্ষ ২২ হাজার টন। এখানে হাওড়া নিয়ে অনেক কথা হয়েছে যে হাওড়ায় ৩ টাকা সেরে চাল বিক্রি হয়েছে সেখানে কি অত্যাচার হয়েছে। কিন্তু আমি দেখছি হাওড়াতে modified rationing এর মারফৎ আমরা ৮ লক্ষ ৭১ হাজার ১৭শ জন লোককে আমরা modified rationing দিয়েছি। Modified rationingএর দোকান থেকে 1.1.65 থেকে 22.11.65 পর্য্যন্ত ২২ হাজার ৬২৭ টন চাল এবং ১৯ হাজার ১৫০ টন গম দিয়েছি। কথা হচ্ছে আমরা যে ১৬ আউন্স কিম্বা ১০ আউন্স যাই দিই না কেন ঘাটতি যখন আছে ভর্তিপেট সকলকে ১৬ আউন্স করে ঘাটতির সময় দেওয়া সম্ভব হয়নি। যাদের হাতে পয়সা রয়েছে তার চোরাবাজারের রাস্তায় চাল কিনে খেয়ে চোরাবাজারকে প্রশ্রয় দিয়েছেন এবং যে অসাধু ব্যবসাদারকে আমরা বন্ধ করতে চাই, শাস্তি দিতে চাই তাদেরই শুধু তারা ব্যবস্থা করেছেন সাহায্য করেছেন। একটু আগে বামপন্থী কমিউনিষ্ট বন্ধু বললেন যে সোনারপুরে যখন আন্দোলন হয়েছিল তখন D. I Rule প্রয়োগ করা হয়েছিল, Writers' Buildings যখন ঘেরাও করা করা হয়েছিল তখন গুলি করা হয়েছিল। Writers' Buildings যখন ঘেড়াও করা হয়েছিল ঐ M.L.A. শুনেছিলাম উনিই নিয়ে এসেছিলেন তা আমি বলি গুলি তো ওনার পিঠে লাগে নি। লাগলো গিয়ে ঐ চাষীদের যাদের মুখপাত্র হয়ে কথা বলে পেছনের দরজা দিয়ে সরে পড়েছিলেন। তাদের ভুলিয়ে নিয়ে এসেছিলেন—ক্ষুধার্ত মানুষকে তারা ভুলিয়ে নিয়ে এসেছিলেন যে Writers' Buildingsএ গেলেই তিনসের করে চাল আদলে দেওয়া হবে। Writers' Buildingsএর কাছে আজকাল ধানচাষ হচ্ছে কিনা তাই কমুনিষ্ট M.L.A. তাদের সঙ্গে করে ঐ ধান এবং চাল দেবার লোভ দেখিয়ে তারা নিয়ে এসেছিলেন। একে গণজাগরণ বলে না। আজকে গণজাগরণ ওঁরা বলেন

একটা জায়গায় ফুড সম্পর্কে মিটিং করতে গেলে আজকে বিরোধীদলের সঙ্গে কোন লে আসে না। কেন না এদের মুখোসগুলি তাঁদের সামনে খুলে গেছে। বামপন্থী কমুনিষ্ট—অ বিভিন্ন গ্রাম অঞ্চলে যাচ্ছি. এই food policy নিয়ে যখন আমরা মন্ত্রীসভার পক্ষ থেকে য তখন জনসাধারণ আমাদের প্রশ্ন করে আমরা চেষ্টা করি উত্তর দিতে। বামপন্থী কমুনি জোতদারের সঙ্গে সভা করে এক কথা বলেন আর ক্ষুদ্র চাষীর সঙ্গে আরেক কথা বলে এবং ঐ সভাতে দাঁড়িয়ে যখন জোতদারকে আমরা বলছি ধানের দর অতিরিক্ত মাত্রায় আ বাড়াতে পারব না, বাংলা দেশে ১ কোটি ৭৫ লক্ষ লোক চাষ করেন, এই ১ কোটি ৭৫ ল লোকের মধ্যে মাত্র ২০ লক্ষ লোক surplus চাষী আর ১ কোটি ৫৫ লক্ষ লোক হচ্ছে defic চাষী। যদি ধানের দর বেশী বাড়াই যারা কিনে খায় ঐ ১ কোটি ৫৫ লক্ষ চাষী কোন না বে সময়ে বছরে বাজার থেকে চাল কিনে খেতে বাধ্য হন—এছাড়া ২ কোটি ২০ লক্ষ লোক আ যারা non-producer অতএব তিন কোটি ৯৫ লক্ষ পশ্চিমবঙ্গের অধিবাসীর মধ্যে ২০ ল লোক ছাড়া বাদবাকি সকলে হচ্ছে বাজার থেকে ধানচাল কিনলে কিম্বা সরকার থে দিলে তবে তারা খেতে পান। আজকে কিনে খাওয়ার লোকের সংখ্যা বেশী। আজকে কি খাবার লোকের সংখ্যা যেখানে বেশী ধানের দর যদি এত অতিরিক্ত মাত্রায় বাড়ান যায় তাহ সেটা জোতদারের স্বার্থে বাড়ান হবে। কারণ ঐ ক্ষুদ্র চাষী যে ১ কোটি ৫৫ লক্ষ যে ছে চাষী আছে যে যারা বছরের কোন না কোন সময়ে বাজার থেকে চাল কিনতে বাধ্য হয় ত কিনে খাওয়ার দাম বেড়ে যাবে।

[5-50—6 p. m.]

আমি গত রবিবার মিটিং করতে গিয়েছিলাম, যে সভায় জোতদাররা বল যে আমাকে ধানের দাম বেশী দিতে হবে সেই সভায় ছোট চাষী বলছে যে এমন দা দেবেন না যাতে কিনে খেতে আমাদের বেশী লাগে। এবং আমাদের এই কথা সাধার মানুষ গ্রহণ করেছে এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আগামী খাদ্যনীতিক বৈপ্লবি এই জন্য বলা হচ্ছে যে তার মূলকথা হচ্ছে যাদের আয় কম, যারা ছোট চাষী তাদের স্বার্থেই খাদ্যনীতি পরিচালিত হচ্ছে এবং সমাজ বিপ্লব, অর্থনৈতিক বিপ্লবএর ভিত দিয়েই আসবে। যাঁরা বিপ্লবের নামে এতদিন চিৎকার করছেন তাঁরা আজকে সত্যিকারে বিপ্লব দেখে ভয় পাচ্ছেন, তাঁরা মনে করছেন ঐ বিপ্লবের চাপে তাঁরা নিশ্চিহ্ন হয়ে যাবেন ব আজকে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্যনীতির বিপ্লবের কথায় মুখ তুলে চাইছেন। তাঁরা জানেন মানুষে পেটের ক্ষুধার আগুন নিয়ে পশ্চিমবঙ্গে যে আগুন জালিয়ে তুলেছেন তাতে দেশের মানুষ তাঁদে ভুলবে না, বিরোধীদল যখন সাধারণ মানুষের কাছে গিয়ে এই খাদ্যনীতির বিপক্ষে বলতে যা তখন ঐ ক্ষুদ্র চাষী, ঐ কিনে খাওয়া মানুষ তাঁদেরকে ঐ আগুনে পুড়িয়ে মারবে। আজ এখানে দাঁড়িয়ে স্পষ্ট ভাষায় বলতে চাই গত বছর যে খাদ্যনীতি আমরা নিয়েছিলাম তার আংশি সাফল্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, পুরো সাফল্যের তিনি দাবি করেননি সুতরাং গতবারে আমাদের যে অভিজ্ঞতা হয়েছিল সেই অভিজ্ঞতার বশবর্তী হয়ে এ বছরে জন্য যে খাদ্যনীতি নিতে যাচ্ছি সেই খাদ্যনীতি পুরানো অভিজ্ঞতার ভিত্তিতে সর্বদিকে লক্ষ্য রে সর্বাত্মক, ব্যাপকভাবে এই পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়েছে। এখানে বর্তমান নীতি এব অতীত নীতি দুটো আপনারা ঘুলিয়ে ফেলেছেন, বর্তমান নীতি সম্পর্কে আমি বিশেষ কিছু বলবো ন কারণ এখানে খাদ্য নিয়ে সোমবার থেকে বিতর্ক হবে এবং পি, এস, ৪৮০-র রেজলিউশন যদি আসে তাতেও আমাকে বলতে হবে। অতএব আমি অতীত নীতি সম্পর্কে এই কথা বলবে যে গত বছরে যে নীতি ছিল তাতে আমরা চেষ্টা করেছিলাম মডিফায়েড র‍্যাশান মারফ গ্রামাঞ্চলে এবং স্ট্যাটিউটারি র‍্যাশান মারফত শহরাঞ্চলে যতটা সম্ভব আমরা দিয়ে যাবো। কিন আউন্স স্কেল কোন একটা করা সম্ভব নয়, সেটা অ্যাভেলেবিলিটির উপর নির্ভর করবে। আমর যা সংগ্রহ করতে পারবো সেটাই ভাগ করে দেবো। একদল শুধু খাবে আর একদল উপস দে

পশ্চিমবংগ সরকার সে নীতি গ্রহণ করতে পারেন না, তিনি শহরের বাবুই হোন আর গ্রামের ক্ষুদ্র চাষীই হোন। এ দিক থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যা পাবো বলে আশা করেছিলাম তা না পাওয়াতে আমাদের অসুবিধা হয়েছে. যে আউন্স আমরা দেবো বলেছিলাম সেটা ১৬ আউন্সত দূরের কথা ১০ আউন্সে কমিয়েছি, প্রয়োজন হলে আরো কমান হতে পারে। আপনারাই রেজোলিউশন করবেন পি, এল, ৪৮০ নেওয়া যাবে না আর আপনারাই বলবেন ১৬ আউন্স খেতে দাও, আসবে কোথা থেকে? অতএব যা প্রডাকশন হবে, যা আমরা ইনটারনালি প্রকিয়োর করতে পারবো এবং এক্সটারনালি যা পাবো তারই উপর নির্ভর করবে স্কেল অব র‍্যাশান কি হবে। সে দিক থেকে আমরা ভবিষ্যতে যে খাদ্যনীতি করেছি সেই খাদ্যনীতির স্কেল কি হবে তা আজকে বলা সম্ভব নয়। কেন বলা সম্ভব নয়? যে ৪৫ লক্ষ টন ধান আছে তার থেকে আমরা নিচ্ছি মাত্র ১৫ লক্ষ টন এবং কেন্দ্রীয় সরকার থেকে যা পাবো এবং পি, এল, ৪৮০ থেকে যা পাবো ভাবছি তা যতক্ষণ পর্যন্ত না সম্পূর্ণভাবে আমাদের হাতে আসবে বা ফার্ম কমিটমেন্ট যতক্ষণ না পাবো ততক্ষণ পর্যন্ত ডিষ্ট্রিবিউশনের পলিসি ঠিক করা যাবে না এবং কত আউন্স করে দেবো তা নির্ভর করবে সেই অ্যাভেলেবিলিটির উপর। আমি এইটুকু বলে আর বিশেষ কিছু বলতে চাই না, আমি শুধু বলতে চাই যে এখানে তাঁরা বলছেন যে আমেরিকার গম চাই না, আর গ্রামে গিয়ে মানুষকে উস্কানি দেবেন যে এই সরকার পেট ভরে খেতে দিতে পারছে না, এর পিছনে যে রাজনীতি আছে সেই রাজনীতি পশ্চিমবংগের অধিবাসী সহজেই বুঝবে। সেইজন্য আমি এই প্রস্তাবের পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে বিরোধিতা করছি।

Shri Nikhil Das : মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বক্তৃতা দিতে উঠে বললেন যে, তিনি পোস্ট মর্টেম করেছেন। কিন্তু তাঁর বক্তৃতা শুনে মনে হল যেভাবে আগুন জ্বালালেন তিনি তাতে ফায়ার সার্ভিস এর মন্ত্রী হিসাবে ফজরুল রহমান সাহেবের বক্তৃতা দিলেই ভাল হতো। মরা মানুষের গা থেকে আর রক্ত বেরুবে না, সে রক্ত শুকিয়ে গিয়েছে। তিনি যে কথা বলেছেন গতবারের খাদ্যনীতি সম্বন্ধে তার সব কথাই অসত্য এবং জেনেশুনেই সেটা বলেছেন এবং জ্ঞানপাপী যে হেতু সেহেতু বাড়তি বিতর্ক করে মনের যে পাপ সেটাকে ঢাকা দিতে চেয়েছেন। প্রথম কথা হচ্ছে, উনি ঘাটতিতথ্য আমাদের শুনিয়েছেন, ৩ কোটি ২৫ লক্ষ লোক আমাদের বাংলা দেশে, তাদের যদি ১৬ আউন্স করে দিই তাহলে আমাদের ৬৫ লক্ষ টন লাগে। আমি ওঁকে একটা কথা জিজ্ঞাসা করি ১৯৬১ সালের যে সেন্সাস তাতে ছিল ৩ কোটি ৫০ লক্ষ লোক, আর এই চার বছরে যারা বেড়েছে ৪৩ লক্ষ তাদের বয়স এক থেকে পাঁচ বছরের মধ্যে। এই এক থেকে পাঁচ বছরের মধ্যে যাদের বয়স তাদের ধরে কিন্তু ৩ কোটি ২৫ লক্ষ। এরমধ্যে এক মাসের যে শিশু, দু'মাসের যে শিশু তাকেও ১৬ আউন্স খেতে দিতে হয় এই তথ্য কোথা থেকে পেলেন আমি জানি না। মাননীয় সভাপাল মহাশয়, আমরা দেখছি এই ৩ কোটি ৫০ লক্ষ লোককে পুরা ১৬ আউন্স করে যদি দিই তাহলে আমাদের ৫৬ লক্ষ টন চাল লাগে।

Shri Ananda Gopal Mukhopadhyay : নিখিল বাবুকে একটা কথা বলি কিছু মনে করবেন না, একটা গরুকে প্রত্যেক দিন এক সের করে ধান খাওয়াতে হয় সেটা যেন তিনি মনে রাখেন।

(এ ভয়েস ফ্রম দি অপজিশন বেঞ্চ : স্যার, জোড়া বলদরা দিনে কত করে খায়?)

Shri Nikhil Das : ১৯৬১ সালের সেন্সাসে এক বছর যাদের বয়স ছিল তাদের গোনা হয়েছে। সেই গ্রুপের মধ্যে পাঁচ থেকে আট বছরের মধ্যে এসে যারা দাঁড়িয়েছে তারা ঐ পুরো ১৬ আউন্স খায় নি, তাই আমাদের ৫৬ লক্ষ টন প্রয়োজন হয় ১৬ আউন্স করে দিলে। গত বছরে ৫৭ লক্ষ টন আমাদের প্রোডাকশন হয়েছে, কেন্দ্র থেকে

আমরা গম পেয়েছি ৭ লক্ষ টন এবং ২ লক্ষ ৮০ হাজার টন চাল পেয়েছি, মোট ৬৬·৮০ হাজার টন খাদ্যশস্য আমরা পেয়েছি। তাহলে আমাদের ঘাটতি কি করে হয় ১৬ আউন্স করে দিলে? তাছাড়া কলকাতা এবং শিল্পাঞ্চলে যে ৫১ লক্ষ লোক আছে তাদের ১২ আউন্স করে প্রথমে দিয়েছি, পরে ১০ আউন্স করে দিয়েছি। ১৬ আউন্স করে হিসাব ধরলে ওখান থেকে আড়াই লক্ষ টন খাদ্য বেরিয়ে আসছে। সেই হিসাবে দেখা যায় ৫৪ লক্ষ টন খাদ্যশস্য যদি প্রপারলি ডিষ্ট্রিবিউটেড হয় তাহলে সবাইকে ১৬ আউন্স করে দেওয়া যায়। মাননীয় সভাপাল মহাশয়, তাই তিনি যেভাবে ঘাটতিতথ্য দিচ্ছেন সেই ঘাটতিতথ্য খাটেনা। কিন্তু এটা ঠিকই ১৬ আউন্স যথেষ্ট নয় বাংলা দেশের সাধারণ মানুষের পক্ষে। কারণ গ্রামের যারা মজুর, কারখানার যারা মজুর তাদের বাড়তি সিরিয়াল ফুড দেওয়া দরকার। সেদিক থেকে আমরা বলি যে বাংলা দেশে ঘাটতি আছে। তাদের যদি পুরো খাদ্য দিতে হয়, তাহলে যদি চার কিলো সাড়ে চার কিলো করে সপ্তাহে দিতে হয় তাহলে সেই অর্থে ঘাটতি আছে। কিন্তু যে অর্থে ওঁরা খাওয়াচ্ছেন, যে হিসাব ওঁরা দিচ্ছেন সেই হিসাবে বাংলা দেশে যে খাদ্যশস্য হয়েছিল এবং যে খাদ্যশস্য কেন্দ্র থেকে পেয়েছি তাতে আমরা অন্ততঃ ঘাটতি বলতে পারি না এটা জোর গলায় বলতে পারি। ২নং কথা হচ্ছে, আমরা নাকি চাষীদের কাছে গিয়ে বলি যে বাড়তি দাম নেবে এবং যারা কিনে খায় তাদের গিয়ে বলি তোমরা কম দাম দেবে। স্যার, একথা শুনলে হাসি পায়। আমাদের ধারণা ছিল যে মিসেস মুখার্জী একটু পড়াশুনা করে বক্তৃতা দেন, কিন্তু উনি অ্যাসেম্বলীতে এইভাবে মেঠো বক্তৃতা দেবেন এটা আমরা আশা করিনি। কারণ ফুডগ্রেন এনকোয়ারি কমিশনের রিপোর্ট তিনি নিশ্চয়ই পড়েছেন, হয়ত সুবিধামত ভুলে গিয়েছেন, তাঁরা বলেছেন যাঁরা গ্রোয়ার তাদের ইনসেন্টিভ প্রাইস দিতে হবে এবং যারা কনজিউমার তাদের কাছে ফেয়ার প্রাইসে জিনিস পৌঁছে দিতে হবে। এই হচ্ছে খাদ্য উৎপাদন এবং বন্টনের মূলকথা। তিনি কি করে যে এই খাদ্য উৎপাদন এবং বন্টননীতির মূলকথা ভুলে গেলেন সেটা আমি বুঝতে পারছি না। ৩নং কথা হচ্ছে, তিনি সোজা-কথা বলেছেন আমাদের ৬৬ পার্সেন্ট জমি ১৩ পার্সেন্ট লোকের হাতে আছে অতএব ধানের দাম যদি বাড়ে তাহলে তারাই লাভবান হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যুক্তি শুনলে হাসি পায়, কারন আমরা বার বার জোরের সঙ্গে বলছি যে, উপরের স্তরের জোতদার যারা তাদের উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স করুন, ইন্টিগ্রেটেড ইনকাম ট্যাক্স করুন এবং খাজনা তুলে দিন।

তাই জোতদারদের যদি বাড়তি ধান হয় এবং তারা যদি ধানের দাম বাড়তি হবার পরে বাড়তি টাকা পায় তাহলে ইনকাম ট্যাক্স করে সেই টাকা নিয়ে নেওয়া যায় এবং সেখানে ইনটিগ্রেটেড যে ট্যাক্স—সেই ট্যাক্সের কথা আমরা বার বার বলেছি এবং ইনকাম ট্যাক্সের মাধ্যমে সেই টাকা বড় চাষীর হাত থেকে আমরা আনতে বলেছি। কিন্তু সরকার সেটা করতে সাহস করেন নি। কারণ ঐ তরফের বহু মানুষ আছে যাদের গায়ে হাত পড়ে যাবে। কাজেই এই ধরণের ইনকাম ট্যাক্স যদি এগ্রিকালচারাল প্রডিওসের উপর করা যায় তাহলে কাজ হতে পারে—কিন্তু সরকার সেটা করতে পারেন না। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি যে, যে যুক্তি তিনি দিয়েছেন বড় বড় জোতদাররা দাম বাড়ালে লাভবান হবেন সেই যুক্তি টেকে না।

Shri Ananda Gopal Mukhopadhyay : স্যার, বর্ধমান জেলার মধ্যে সবচেয়ে বেশী জমির মালিক হচ্ছে ঐ তরফে বসে আছেন শ্রীমনসুর হাবিবুল্লা।

Shri Nikhil Das : স্যার, আর একটা কথা আমাদের মন্ত্রিমহাশয়া বলেছেন, আমি আশা করিনি তিনি এইভাবে কথা বলবেন—উনি বলেছেন লোকে নাকি খুব সুখে আছে, লোকের পেটে নাকি খিদে নেই।

Shri Aswini Roy : স্যার, আনন্দগোপালবাবু বোধহয় জানেন না যে মনসুর হাবিবুল্লার গোটা ফেমেলিতে মাত্র ৩০ বিঘা জমি আছে। তারা জমিদার ছিলেন জমিদারি আইনে সরকার সব নিয়েছেন।

Shri Nikhil Das : মাননীয় সভাপাল মহাশয়, দ্বিতীয় কথা বলেছেন যে, ক্ষুধার আগুন লোকের পেটে তেমন নাই, লোকে বামপন্থীদের কথা শুনছে না—তাই তারা অ্যাসেম্বলীতে চীৎকার করে যায়। বিজয়বাবু এখানে আছেন নাকি—তিনি কিছুদিন আগে বহরমপুর গিয়েছিলেন.........

Shrimati Purabi Mukhopadhyay : মিঃ চেয়ারম্যান, স্যার, আমার বক্তব্য বলে যে তিনটি পয়েন্ট উনি তুললেন—তিনটিই উনি হয় অসতর্কতাবশত কিম্বা ইচ্ছে করে ডিস্টর্ট করে উনি বলছেন। আমি পেটে ক্ষুধার আগুন নেই বলি নি, আমি মানুষ সুখে আছেন বলি নি এবং ৬৬ পার্সেন্ট জমিরও কোন কথা বলি নি।

Shri Nikhil Das : মাননীয় সভাপাল মহাশয়, বিজয় সিংহ নাহার মহাশয় এখানে নেই—কিছুদিন আগে তিনি বহরমপুরে গিয়েছিলেন; সেখানে তাঁর কি অবস্থা হয়েছিল তা তিনি জানেন। সেইজন্য উনি যা বলেছেন মন্ত্রীরা নিরাপদে প্রচার করেছেন, লোকে আমাদের কথা শুনে খুশী হচ্ছেন—তা হচ্ছেন না। লোকে তাদের ঘেরাও করছে, ধরছে এবং তাদের দাবি পেশ করছে। খগেন দাশগুপ্ত মহাশয় যদি থাকতেন তাহলে তিনি তাঁর জলপাইগুড়ির অভিজ্ঞতার কথা বলতেন যে কয়েক হাজার লোক ঘেরাও করে খাদ্য সম্বন্ধে কি বক্তব্য বলতে চেয়েছিল। এবং বিজয়বাবু যদি থাকতেন বলতে পারতেন যে বহরমপুরে কয়েক হাজার লোক তাঁকে কিভাবে খাদ্যের কথা বলেছিলেন। তৃতীয় কথা হচ্ছে মিছিল নাকি লোক হয় না। ১৪ই তারিখে কলিকাতার বুকে রাষ্ট্রীয় সংগ্রাম সমিতির ডাকে ১৫ থেকে ২০ হাজার লোক কলকাতার রাস্তায় মিছিল করে বেরিয়ে গেছে। সেখানে খাদ্যের দাবি ছিল, সভা এবং শোভাযাত্রা নিয়ন্ত্রণ বিল ছিল এবং বিনা বিচারে

[6-6 14 p.m.]

যাঁদের আটক করে রেখেছেন তাঁদের বিচার অথবা মুক্তি—এই তিনটি দাবির ভিত্তিতে সেই সমাবেশ হয়েছিল এবং সেটা যদি দেখতেন এবং পুলিশের রিপোর্ট নিলে দেখতে পাবেন যে কয়েক হাজার লোক সেখানে হয়েছিল। আমি এখন আসল জায়গাতে আসছি—আমি এই প্রস্তাবটাতে বলেছি যে খাদ্যসংকট যেটা এ বছর দেখা দিয়েছে এই খাদ্যসংকটের জন্য সরকারের দেউলিয়া নীতিই দায়ী, ২নং বলছি যে মূল্য নিয়ন্ত্রণনীতি সরকারের পুরোপুরি ব্যর্থ হয়ে গেছে, তাঁরা মূল্য নিয়ন্ত্রণ করতে পারেন নি। এটা সত্য বিনা যদি বিচার করে দেখি তাহলে দেখবো যে খাদ্যনীতিতে তিনটি কথা ছিল—গতবার মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছিলেন খাদ্যনীতি তিনটি বিষয়ের উপর দাঁড়িয়ে আছে। কলকাতা এবং শিল্পাঞ্চলের লোক তাদের ক্রয়ক্ষমতা বেশী, তাদের যদি কর্ডন করে ষ্ট্যাটুটারী রেসনিংয়ের মধ্যে এনে দিই বাইরের চাল যদি তাদের কাছে আসতে না পারে তাহলে বাম্পার ক্রপ যেটা আমাদের হয়েছে সেই বাম্পার ক্রপে গ্রামাঞ্চল ভেসে যাবে—গ্রামাঞ্চলে বাড়তি খাদ্য থাকবে, গ্রামাঞ্চলে মূল্য ঠিক জায়গায় থাকবে, সাপ্লাই এণ্ড ডিমাণ্ড থিওরি অনুসারে। গতবারের বক্তৃতা যদি ওঁর মনে থাকে তাহলে দেখবেন যে তিনি সাপ্লাই এণ্ড ডিমাণ্ড থিওরির কথা বলেছিলেন—উনি বলেছিলেন যোগান যদি বেশী থাকে যা আমাদের প্রয়োজন তার চেয়ে, তাহলে দাম বাড়তে পারে না তাহলে সাপ্লাই এণ্ড ডিমাণ্ড থিওরির উপর দাঁড়িয়ে কলকাতা এবং শিল্পাঞ্চলের লোককে ষ্ট্যাটুটারী রেসনিংয়ের জেলখানার ভিতর আটকে রেখে যাদের পার্চেজিং ক্যাপাসিটি সব চেয়ে বেশী, সেই করে মূল্য নিয়ন্ত্রণ করবেন, যাতে গ্রামে দর না বাড়ে তার চেষ্টা করবেন এই হোল মূলকথা। আর একটা কথা তিনি বলেছিলেন যেখানে ড্রাই হয়ে যাবে সেখানে মডিফায়েড রেসনিং দেবো। এগুলি যদি কিছু কিছু বিচার করে দেখি তাহলে দেখবো ষ্ট্যাটুটারী রেসনিং এলাকায় ২,৪০০ গ্রাম বলেছিলেন, আমরা তখন আপত্তি করেছিলাম—কিন্তু আজ সেটা নামিয়ে এনেছেন ১৯শত গ্রামে। কায়িকশ্রম যারা করে তাদের বাড়তি রেশন দেবার কথা ছিল ২০০ গ্রাম করে, গমের কথা—কাগজে কলমে বলেছিলেন—কিন্তু সেই ২০০ গ্রাম কলকাতা এবং শিল্পাঞ্চল এলাকার পাচটা শ্রমিকও পেয়েছি কিনা সন্দেহ। তাই ষ্ট্যাটুটারী রেসনিং এলাকায় কলকাতা শহরের বুকে চালের

চোরাকারবার চলছে এবং আড়াই তিন টাকা কিলোতে কলকাতায় স্থানবিশেষে চাল বিক্রি হচ্ছে এটা সবাই জানেন। দ্বিতীয় নং কথা যেটা বলতে চাই সেটা হচ্ছে গ্রামাঞ্চলে কি হয়েছে? এখানে তিনজন কংগ্রেসপক্ষের সদস্য যে বক্তৃতা করলেন তাঁদের যদি লজ্জা থাকতো তাহলে তাঁরা একথা স্বীকার করে নিতেন যে আমাদের মূল্য নিয়ন্ত্রণনীতি, খাদ্যনীতি ব্যর্থ হয়েছে—কাজেই তার ভিতরের ফাঁকগুলি বুজিয়ে দিতে হবে। এই কথা না বলে তাঁরা আংশিক সাফল্যের কথা বল্লেন। জহরবাবু বর্ধমান জেলা থেকে এসেছেন, অরবিন্দবাবু বা মিসেস মুখার্জী যা বললেন তাঁদের কাছ থেকে শুনলাম—এটা লজ্জার কথা যেবার বাম্পার ক্রপ হোল সেবার আড়াই তিন টাকা কে. জি. চালের দাম কি করে হয়? এইজন্যই হয় যে যারা জোতদার তারা ওঁদের বন্ধু। উনি একটা লিস্ট দিলেন যে এখানে আড়াই হাজার ওখানে এক হাজার ওখানে দুই হাজার ধরেছি। কত ধরেছেন আমরা তাতে ইন্টারেষ্টেড নই। সাধারণ মানুষে ইন্টারেষ্টেড একটা জায়গায় যে এই ধরার ফলে তাদের ঘরে যে চাল ছিল সেই চাল এনে বাজারে ছেড়ে দিয়ে চালের দাম কমাতে পেরেছেন কিনা, তা লোকের কাছে পৌঁছে দিতে পেরেছেন কিনা? সেটা তো পারেন নি। তাই চালের দর দিনের পর দিন বেড়ে গেল। তাই গ্রেপ্তার বা অগ্রেপ্তার এটা সাধারণ মানুষের কাছে এক জায়গায় এসে দাঁড়ায় যদি চাল তাদের কাছ থেকে দখল করে বাজারে ছেড়ে দিয়ে চালের দর না কমাতে পারেন।

Mr. Chairman : মিঃ দাস, আপনার এটা রিপ্লাই হচ্ছে, কাজেই Please do not repeat your original speech.

Shri Nikhil Das : স্যার, উনি যে পয়েন্ট রেফার করেছেন আমি সেই পয়েন্টের উপর বলছি। জোতদার, মজুতদারদের ঘরের ধান উনি নিজেই বলেছেন ধরেছেন, তাদের ঘরে বেশী ধান নেই। কিন্তু এখন পুরানো ধান বেরিয়ে বাজারে আসছে কি করে? চেয়ারম্যান, স্যার, ওঁরা স্বীকার করেছেন যে বাজারে পুরানো ধান এখনও বিক্রি হচ্ছে। তাহলে এটা হচ্ছে কি করে যদি মজুতদারদের ঘরে ধান না থেকে থাকে? আমার যা বক্তব্য প্রস্তাবে ছিল সেই বক্তব্য অত্যন্ত সোজা এবং সহজ যে গতবারের খাদ্যনীতি ব্যর্থ হয়েছে, দেউলিয়া খাদ্যনীতি হয়েছে, মূল্য নিয়ন্ত্রণ তাঁরা করতে পারেন নি এবং এটা সহজ ও সোজা কথা, সরকারের খাদ্য-নীতির প্রতি আমাদের যে অনাস্থা সেই অনাস্থা এই প্রস্তাবের ভিতর দিয়ে আমি তুলে ধরেছি এবং তারই পাশাপাশি বলতে চেয়েছি যে আমরা এবারে যে খাদ্যনীতি গ্রহণ করবো সেই খাদ্য-নীতিতে ঐ ধরণের ফাঁক এবং ফাঁকি যেন না থাকে। কারণ ঐ ধরণের ফাঁক এবং ফাঁকি যদি থাকে তাহলে সামনের বছর অবস্থা আরও সাংঘাতিকভাবে দেখা দেবে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আর দু' একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। সেই কথাটা হচ্ছে—অরবিন্দবাবু বলেছেন সহযোগিতার কথা। উনি বলেছেন বামপন্থীরা আসুন, আমরা সবাই সহযোগিতা করে এগিয়ে চলি। কিন্তু কোথায় সহযোগিতা করবো? মাননীয় সভাপাল মহাশয়, আড়াই টাকা কে. জি. দরে চাল বিক্রি হবে সেই যে নীতি তার সহযোগিতা করবো, জোতদারদের ঘরে হাজার হাজার মণ ধান থাকবে তার সহযোগিতা করবো, একচেটিয়া পুঁজিপতি যারা এই ধরণের ব্যবসা করে সাধারণ মানুষকে মেরে ফেলবে তার সহযোগিতা করবো, চাল কলের মালিক যারা তাদের ঘরে ধান লুকিয়ে রেখে তাদের মুনাফা লুঠবার যে সহজ ব্যবস্থা করে দেবেন তার সহযোগিতা করবো? গতবারের যে তিক্ত অভিজ্ঞতা সেই অভিজ্ঞতার ফলে বিরোধীপক্ষের লোকদের নিয়ে বসে এ বছর খাদ্যনীতি কি ধরণের হওয়া উচিত তার জন্য তো কোন চেষ্টা করলেন না।

একটা ভাঙা খাদ্যনীতি আমাদের সামনে এনে হাজির করলেন, এবং তা করে আমাদের তাতে সহযোগিতা করতে বলছেন। লোক না খেতে পেয়ে মারা যাবে আর সেই লোকগুলির দায়িত্ব আমরা নেব এবং সেখানে আমরা-সহযোগিতা করব? আমরা চাই না খাদ্য নিয়ে রাজনীতি হোক। মানুষ পেটভরে খেতে পাক এটা আমরা চাই। এই কথা বারবার বিধানসভায় দাঁড়িয়ে আমাদের বিরোধীপক্ষের হেমন্তদা থেকে শুরু করে সবাই বলেছেন। কিন্তু এবারে আমাদের অভিজ্ঞতা তিক্ত। বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও চোরাকারবারী, মজুতদারী, পুঁজিপতিদের আপনারা নিয়ন্ত্রণ করতে পারেন নি। যার ফলে চরম খাদ্যসঙ্কট দেখা দিয়েছে। এই তিক্ত অভিজ্ঞতার ভিত্তিতে দাঁড়িয়ে আমরা সকলে মিলে একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করব এটাই হওয়া উচিত ছিল। আপনারা একটা বৈপ্লবিক খাদ্যনীতি রাইটার্স বিলডিংস-এ বসে এসেম্বলীতে গ্রহণ করেছেন। ক্ষুধার্ত লোকের কাছে চাল পৌঁছে দিতে পারেন নি। অতএব বিপ্লবের কথা, সহযোগিতার কথা বলবেন না—মানুষ মারার সহযোগিতার কথা বলবেন না। এখানে বলে যাচ্ছি আগামী বছরে যে খাদ্যনীতি নিতে যাচ্ছেন তাতে আরও চরম খাদ্যসঙ্কট দেখা দেবে। চালকলগুলিকে যে ক্ষমতা দিচ্ছেন তাদের হাতে, লেভির নামে তাদের হাতে যে ধান রাখার সুযোগ দিচ্ছেন, রিটেলের নামে যে চোরাকারবারীর সুযোগ দিচ্ছেন তাতে এই ফাঁকগুলি যদি বন্ধ না করেন তাহলে সঙ্কট তীব্র থেকে তীব্রতরভাবে দেখা দেবে। এই সঙ্কটের হাত থেকে পরিত্রাণ পাবার জন্য ক্ষুধার্ত মানুষ যে আগুন জ্বালাবে সেই আগুনে বামপন্থীরা কোনদিন মারা পড়েনি সেই আগুনে পুড়ে মারা গেছে যারা ক্ষমতায় অধিষ্ঠিত আছেন এবং সেই আগুনে যদি কাউকে মারা যেতে হয় তাহলে সে আপনারাই মারা যাবেন—এই সাবধানবাণী উচ্চারণ করে আমি শেষ করছি।

Shri Bijoy Singh Nahar: স্যার, নিখিলবাবু বললেন আমি যখন বহরমপুরে গিয়েছিলাম তখন আমাকে ৪।৫ হাজার লোক ঘিরেছিল। কিন্তু আমি জানাতে চাই যে, আর, এস, পি-র ৭।৮ জন লোক চিৎকার করছিলেন। এবিষয়ে শ্রীসনত কুমার রাহা সব বলতে পারবেন, কারণ তিনি সেসময় উপস্থিত ছিলেন।

Shri Nikhil Das: পাঁচুবাবু এবং অপূর্ববাবু যে দুটা এমেণ্ডমেন্ট করেছেন সেগুলি আমরা গ্রহণ করছি।

The motion of Shri Panchu Gopal Bhaduri that in lines 3-5, for the words beginning with "in that it has failed" and ending with the words "black-marketing", the following be substituted :—

"in that it has pursued the capitalist path of development which fosters profiteering, hoarding and monopolising which at the same time defies ordinary efforts of price-control and which on occasions surrenders important economic positions to foreign capital",

was then put and lost.

The motion of Shri Nikhil Das "That this Assembly is of opinion that the present food crisis and the rise of price of essential commodities are the result of the bankrupt policy of the Government in that it has failed to give effect to price-control, and to check hoarding, profiteering and black-marketing," was then put and a division taken with the following result :

Noes—48

Abdul Bari Moktar, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M
Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Basu, Shri Abani Kumar
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Das, Shri Radhanath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Haldar Shri Haralal
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jehangir Kabir, Shri
Karam Hossain, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Santra, Shri Jugal Charan
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Shri Phanis Chandra
Ziaul Haque, Shri Md.

Ayes—19

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bhattacharya, Dr. Kanai Lal
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Dey, Shri Jiban Krishna
Ghosh, Shri Deb Saran
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada

The Ayes being 19 and the Noes 48 the motion was lost.

Adjournment

The House was adjourned at 6.14 p. m. till 1 p. m. on Monday, the 20th December, 1965, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 20th December, 1965; at 1 p. m.

Present

Mr. Chairman (Shri NARENDRA NATH SEN) in the Chair, 9 Ministers, 1 Minister of State and 165 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Dismissal and suspension of State Government employees

***414.** (Admitted question No. *2093.) **Shri Sailendra Nath Adhikari :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালের ১লা জানুয়ারি হইতে বর্তমান সময় পর্যন্ত কতজন সরকারী কর্মচারী বরখাস্ত ও সাসপেণ্ড হইয়াছে ; এবং

(খ) তাঁহারা কোন্ শ্রেণীর কর্মচারী এবং তাঁহাদের অপরাধ কি ?

Shri Saila Kumar Mukherjee : (ক) ৯-১২-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে ১৯৬২ সালের ১লা জানুয়ারী হইতে বর্তমান সময় পর্যন্ত ২,০৮৮ জন সরকারী কর্মচারী বরখাস্ত ও সাসপেণ্ড হইয়াছে। ইহাদের মধ্যে ১,৫৩৮ জন কর্মচারীকে সাসপেণ্ড ও ৮৷০ জন কর্মচারীকে বরখাস্ত করা হইয়াছে।

(খ) ইহারা দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীভুক্ত কর্মচারী। উপযুক্ত কারণ না জানাইয়া দীর্ঘদিনের অনুপস্থিতি, সরকারী কার্যে অবহেলা, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণ, ঔদ্ধত্য, সরকারী সম্পত্তির অপব্যবহার, দুর্নিতী এবং অপরাধমূলক কার্যের জন্য পুলিশ কর্তৃক ধৃত, প্রভৃতি কারণের জন্য ইহাদের বরখাস্ত বা সাসপেণ্ড করা হইয়াছে।

Shri Sailendra Nath Adhikary : মাননীয় মন্ত্রিমহাশয় যে ফিগার দিলেন সেটা আমাদের কাছে খুব একটা অ্যালামিং ফিগার বলে মনে হচ্ছে। আপনি বললেন যে দুর্নীতি ইত্যাদির জন্য দু'হাজারের উপর কর্মচারীকে ছাঁটাই করা হয়েছে, সাসপেণ্ড করা হয়েছে বা ডিসমিস করা হয়েছে। এরমধ্যে আপনি বলতে পারবেন কি দুর্নীতির জন্য কতজনকে সাসপেণ্ড করেছেন এবং চার্জসিট দিয়েছেন ?

Shri Saila Kumar Mukherjee : এটা বলা অসম্ভব। কারণ আপনার প্রশ্নের উত্তর পাওয়ার জন্য সরকারের যতগুলি বিভাগ আছে প্রত্যেকটি বিভাগকে পত্র লিখে বিভাগ অনুসারে এটা করা হয়েছে। আজকে যদি শুধু দুর্নীতির জন্য বলেন তাহলে আবার আমাকে এই ২০-৩০টি বিভাগের সঙ্গে যোগাযোগ করে বলতে হবে। আপনি যদি আমার কাছে আসেন তাহলে আমি খোঁজ করে আপনাকে বলতে পারবো।

Shri Sailendra Nath Adhikary : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আপনার ডিপার্টমেন্ট থেকে একটা সার্কুলার ইসু হয়েছিল, সার্কুলারটা হচ্ছে 4085F, dated 30-9-65. Economy measure during the present emergency. সেই সার্কুলার অনুসারে যে ব্যবস্থা করেছিলেন ফাইভ পার্সেন্ট ষ্টাফকে সারেণ্ডার করাবার জন্য বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে, তারপর raising of the yardstick of assessment of Staff by 7½% in the Secretariat and 5 per cent in other offices এবং কাট অব 5 per cent in contingent expenditure. এইভাবে চিঠি দিয়েছিলেন সেই অনুসারে কতজনকে ছাটাই করা হয়েছে।

Shri Saila Kumar Mukherjee : আমি প্রশ্নটা বুঝলাম না। প্রশ্নটা করেছিলেন দুর্নীতির জন্য সরকারী কর্মচারী কতজনকে সাসপেণ্ড এবং ডিসমিস করেছেন কিন্তু এখন আবার প্রশ্ন করছেন—আপনি ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত প্রশ্ন চেয়েছেন, এখন এই তিন মাস আগে সেপ্টেম্বরের সার্কুলারের কথা উল্লেখ করে ইকনমি মেজার্সের কথা বলছেন। তবুও আমি বলছি যে ইকনমি মেজার্সের জন্য কোন কর্মচারী সাসপেণ্ড বা ডিসমিস হয় না।

Shri Sailendra Nath Adhikary : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ইকনমি মেজার্সের জন্য কোনরকম সাসপেনশন বা ডিসমিস্যাল হয়নি। তিনি কি একথা জানাবেন যে সেপ্টেম্বরের পর থেকে কতগুলি সাসপেণ্ড হয়েছে ?

Shri Saila Kumar Mukherjee : আপনি যদি আবার প্রশ্ন করেন নিশ্চয়ই জানাবো।

Shri Sailendra Nath Adhikary : আপনি কি এটা জানেন যে আর একটা সার্কুলার ১৯-১১-৬৪ তারিখে, সার্কুলার নং ৪৫৬ এফ, আই, আপনারা তাতে এক্জিসটিং ইনকামবেণ্ড-এর উপর ওয়ার্কলোড চাপিয়ে কিছু ছাঁটাই করেছিলেন ?

Shri Saila Kumar Mukherjee : আমার জানা নেই, আপনি যদি আমাকে সাহায্য করেন তাহলে নিশ্চয়ই অনুসন্ধান করে আপনাকে বিশদভাবে জানাবো।

Shri Nani Bhattacharyya : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত ডিসমিস্যাল ও সাসপেনশন করা হয়েছে প্রায় ২,৪৩৮ জনকে, এরমধ্যে চার্জসিট কতজনকে দেওয়া হয়েছে এবং কত লোককে কারণ না দর্শিয়ে ডিসমিস বা সাসপেণ্ড করা হয়েছে ?

Shri Saila Kumar Mukherjee : গভর্নমেন্ট সার্ভেন্টস কণ্ডাক্ট রুল অনুসারে চার্জসিট না দিয়ে একজনকেও ডিসমিস করা যায় না। এটা ২২৬ অব দি কনষ্টিটিউশনে আছে। সুতরাং প্রতি কেস অনুসন্ধান করে এবং চার্জসিট দিয়ে সাসপেণ্ড বা ডিসমিস্যাল হয় এবং সাসপেণ্ড করার পর তাকে অপারচুনেটি দিয়ে ডিসমিস করা হয়। এই হচ্ছে প্রচলিত নীতি।

Shri Nani Bhattacharyya : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কত লোককে কারণ না দর্শিয়ে উইদাউট অ্যাসাইনিং এনি রিজিন ডিসমিস করা হয়েছে ?

Shri Saila Kumar Mukherjee : কাউকে নয়।

Shri Nani Bhattacharyya : এটা বোধহয় ঠিক কথা বলেছেন না, আমাদের কাছে এইরকম খবর আছে এবং তার নাম্বার কম নয় যাদেরকে ডিসমিস করা হয়েছে উইদাউট অ্যাসাইনিং এনি রিজিন, সেই সমস্ত কেস যদি আপনার কাছে দিই তাহলে কি আপনি তাদের কাজের ব্যবস্থা করতে রাজি আছেন ?

Shri Saila Kumar Mukherjee : আপনারা যদি আপনাদের কর্তব্য না করেন তাহলে আমি কি করতে পারি। আমার কাছে যদি দেন তাহলে নিশ্চয়ই এই বিষয় অনুসন্ধান করবো, কিন্তু আপনারাত দেননি।

Shri Nani Bhattacharyya : পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতির পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে কি যাদের কোন কারণ না দর্শিয়ে ডিসমিস করা হয়েছে তাদের লিষ্ট দেওয়া হয়নি? সে বিষয় কিছু বলতে পারেন?

[1-10—1-20 p. m.]

Shri Saila Kumar Mukherjee : এটা বহুদিনের পুরাতন ইতিহাস—ডাঃ রায়ের টাইমে চারবার অনুসন্ধান করে মাত্র ১৫/২০ জনকে পুনর্ণিয়োগ করা যায় নি এটা বহুবার বলা হয়েছে।

Shri Aswini Roy : আপনি এই যে ডিসচার্জের ফিগার দিলেন—এর মধ্যে পুলিশ রিপোর্টে পলেটিক্যাল গ্রাউণ্ডে ডিসচার্জ করা হয়েছে এই রকম কত কর্মী আছেন?

Shri Saila Kumar Mukherjee : আমার যতদূর জানা আছে, তা নেই। আমি গোড়াতেই বলেছি অপরাধে অভিযুক্ত।

Shri Sanath Kumar Raha : মন্ত্রিমহাশয় জানালেন যে সাসপেনসন বা ডিসমিস্যাল কোন ক্ষেত্রেই রিজনস অ্যাসাইন না করে হয় নি। আমি জানি অনেক কেস আছে যে পুলিশ রিপোর্টের ভিত্তিতে কোন কারণ না দেখিয়ে—নো লঙ্গার রিকয়ার্ড বলে জানানো হয়—এই রকম কেস আছে—সেইসব কেসগুলি ঢুকানো হয়?

Shri Saila Kumar Mukherjee : ঐ রকম ভেগ না বলে আপনারা যদি কেসগুলি দেন তাহলে সরকারের পক্ষে জানতে সহজ হয়। কাজেই এই রকম ভেগ কোয়েশ্চেন না করাই ভাল।

Shri Sudhir Chandra Das : মন্ত্রিমহাশয় জানাবেন কি—তিনি সাসপেনসন এবং বরখাস্তের যে তালিকা দিলেন তার মধ্যে কোন্ কোন্ বিভাগে কতজন কর্মচারীকে করা হয়েছে এবং কি কি অভিযোগে করা হয়েছে এবং কি বিষয়ে?

Shri Saila Kumar Mukherjee : আমি তো বললাম যে আমার কাছে যে বিরাট লিস্ট আছে তা পড়তে গেলে এক ঘন্টার উপর কেটে যাবে তাহলে আর কোন কোয়েশ্চেনই হবে না।

Shri Sailendra Nath Adhikary : মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন তার থেকে একটা জিনিস বোঝা যাচ্ছে যে অর্থ দপ্তর এখনও পর্যন্ত ওয়াকিংহাল নয় যে কিভাবে কি হয়েছে—তার কারণ তিনি প্রত্যেক বিষয়ে উত্তর দিলেন যে আমার ঘরে আসবেন জেনে যাবেন। আপনার ঘরে গিয়ে জানতে হলে তো এখানে প্রশ্ন করতাম না—সেইজন্য আমি আপনাকে সাপ্লিমেন্টারী করছি যে গত ২০শে অক্টোবর তারিখে বিভিন্ন নন-গেজেটেড এমপ্লয়ীজ এ্যাসোসিয়েসনের তরফ থেকে মুখ্যমন্ত্রী এবং আপনার কাছে এই ধরণের সাসপেনসন এবং ডিসমিস্তালের এগেনেষ্টে একটা মেমোরেণ্ডাম পেশ করা হয়েছিল কিনা এবং আপনি সেই মেমোরেণ্ডাম সম্বন্ধে কিছু জানেন কিনা?

Shri Saila Kumar Mukherjee : আমি তো বলেছি যে নিশ্চয় হয়েছিল এবং তার সঙ্গে এটা ছাড়া আরও ১০ দফা ছিল—সমস্তগুলি বিবেচনা ক'রে তার উত্তর জানিয়ে দেওয়া হয়েছে, তাদের সংগে আলোচনা হয়েছে এবং এই সাসপেনসন ব্যাপারটা বহু পুরাতন ব্যাপার। ডাঃ রায়ের টাইম থেকে বারে বারে হাউসে বলে দেওয়া হয়েছে যে কিছু করা যাবে না।

Shri Sailendra Nath Adhikary : আমি বলছি রিসেন্টলি যেভাবে ডিসমিস্তাল এবং সাসপেণ্ড হয়েছে এবং স্পেশ্যালি অ্যাসোসিয়েশনের টপ র‍্যাংকিং এবং বিভিন্ন ওয়ারকারদের করা হয়েছে বিভিন্ন এমপ্লইজ অ্যাসোসিয়েসনের সঙ্গে যারা অ্যাকচুয়েলি ঘনিষ্টভাবে আছেন—সে বিষয়ে আপনার সংগে ওরা কথা বলেছিলেন এবং আপনি কি একথা বলেছিলেন যে আপনাদের কথাটা খুবই যুক্তিসংগত I shall see it এটা কি ঠিক ?

Shri Saila Kumar Mukherjee : তাদের সঙ্গে আলোচনা করে দেখা গেল যে কিছুই করা যাবে না—এটা তো হাউসে বহুবার বলা হয়েছে।

Shri Anadi Das : মন্ত্রিমহাশয় বললেন যে বিনা কারণে কাউকে সাসপেণ্ড বা ছাটাই করা হয় নি। কিন্তু এমনতর বহু কেস রয়েছে যেগুলি Governor is pleased to terminate their services খবর নিয়ে জানা গেল।

Mr. Chairman : আপনার প্রশ্নটা করুন।

Shri Anadi Das : আমার প্রশ্নটা হচ্ছে স্যার, এইভাবে বহু ছাটাই করা হয়েছে। আমার এক আত্মীয়ের জবাব হোল যেহেতু তুমি অনাদি দাসের বাড়িতে থাক সেইহেতু তোমার গভর্নমেন্ট চাকুরি হবে না—এই ব্যাপার চলেছে......

Shri Saila Kumar Mukherjee : আপনি যদি কেসটা আমাকে দয়া করে দেন তাহলে আমি নিশ্চয় দেখবো।

Shri Kashikanta Moitra : আমার সাপ্লিমেন্টারী হচ্ছে—ইনডাষ্ট্রী ডিপার্টমেন্টের ডেপুটি ডিরেক্টার অব ইনডাষ্ট্রীজ মিঃ এস, সি, রায় নামে একজন অফিসারকে গত ৬ মাস আগে সাসপেণ্ড করা হয়েছে এবং আজ পর্যন্ত সেখানে ডিপার্টমেন্ট্যাল প্রসিডিংস কনক্লুড করা হয়নি এটা সত্য কিনা ?

Shri Saila Kumar Mukherjee : কাশিবাবু যেকথা বললেন এটা বলা সম্ভব নয়, এখানে ২৫টি ডিপার্টমেন্টের ৮০০ কেস আছে। কাজেই how can I pick up.

Factories for manufacturing instruments for technical education

***477.** (Admitted question No. 1911.) **Shri Ananga Mohan Das :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের পরিচালিত কয়টি কারিগরি শিক্ষার জন্য যন্ত্রপাতি নির্মাণের কারখানা আছে ;

(খ) পশ্চিমবঙ্গ সরকারের অধীন কারিগরি কর্মীরা কয়টি শ্রেণীতে বিভক্ত ; এবং

(গ) প্রত্যেক শ্রেণীর বেতন ও ভাতাদির হার কি ?

Shri Saila Kumar Mukherjee : (ক) কারিগরি শিক্ষার জন্য যন্ত্রপাতি নির্মাণের কোন কারখানা পশ্চিমবঙ্গ সরকার পরিচালনা করেন না।

(খ) ও (গ) ১১-১২-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদের ভিত্তিতে নিয়ে বিভিন্ন কারীগরি পদের নাম (Technical posts) এবং তাহাদের বেতনের হার সম্বলিত একটি বিবরণী বিধান-সভার লাইব্রেরী টেবিলে রাখার জন্য দেওয়া হইল।

বিবরণীতে যে বেতন কাঠামো দেখান হইয়াছে তাহা ছাড়া কারিগরি কর্মীরা অন্যান্য সরকারী কর্মীদের ন্যায় নিম্নলিখিত ভাতাসমূহ পাইয়া থাকেন।

১। মহার্ঘ ভাতা

বেতনের হার টাকা	মহার্ঘভাতার হার টাকা
১৫০ টাকা পর্যন্ত	১০ টাকা
১৫১— ৩০০	২০
৩০১— ৬০০	৩০
৬০১—১০০০	৪০
১,০০১—১০৩৯	১,০৪০ হইতে যে টাকা কম পড়ে।

২। বাড়ীভাড়া ভাতা

বেতনের হার		বাড়ীভাড়া ভাতার হার
১। যাঁহারা ১০০ টাকার উপরে বেতন পান	(ক) ভাড়া বাড়ীতে থাকিলে	বেতনের শতকরা ১০ ভাগের বেশী দেয় বাড়ীভাড়া ন্যূনপক্ষে ১০ টাকা —ঊর্ধপক্ষে (১) ৮০ টাকা অথবা (২) বেতনের শতকরা ১০ ভাগ, যাহা অপেক্ষাকৃত কম।
	(খ) নিজের বাড়ী/স্ত্রীর বাড়ী/স্বামীর বাড়ী অথবা পিতামাতার বাড়ীতে বাস করিলে।	বেতনের শতকরা ১০ ভাগ—ঊর্ধপক্ষে ৫০ টাকা।
২। যাঁহারা ১০০ টাকা পর্যন্ত বেতন পান।		বেতনের শতকরা ১০ ভাগ।

যাঁহারা ৩,০০০ টাকা পর্যন্ত মাসে বেতন পান এবং বাড়ী বাবদ অন্য কোনও সুযোগ পান না তাঁহারা কলিকাতা, হাওড়া, সাউথ সুবার্বন ও গার্ডেনরীচ মিউনিসিপ্যাল এলাকায় কাজ করিলে উপরি উক্ত হারে বাড়ীভাড়া বাবদ ভাতা পাইয়া থাকেন।

৩। চিকিৎসাভাতা

চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মাসিক ৫ টাকা হারে চিকিৎসাভাতা দেওয়া হয়।

Statement referred to in reply to clause (kha) & (ga) of starred question No. 477

Statement showing the different category of technical staff under the State Government and their scales of pay

Sl. No. (1)	Name of the posts (2)	Scale of pay (3) Rs.
1	Chief Engineer	2,000-125-2,250
2	Superintending Engineer	1,500-60-1,800
3	Executive Engineer	700-50-750-60-1,350
4	Assistant Engineer	325-30-475-35-1,000*
5	Sub Asstt. Engineer	200-10-400
	(a) Head Estimator	do Spl. pay 40
	(b) In-Charge of Subdivision	do do 60
6	Chief Electric Inspector I	1,300-60-1,600
7	Senior Electric Inspector	700-50-750-60-1,350
8	Electrical Inspector, Lift Inspector	325-30-475-35-1000
9	Junior Inspecting Officer	200 10-400
10	Mechanical Assistant	140-5-210
11	Sub-overseer	175-7-245-8-325
12	Tracer	125-3-140-200
13	Amin	150-5-250
14	Launch Driver	140-5-210
15	Serang	do
16	Sukhani	80-1-85-2-105
17	Pump Operator	200-10-400
18	Electrician-cum-Mechanics	do
19	Motor Driver	110-4-170
20	Chief Engineer, West Bengal Fire Service	400-25-450-30-600
21	Foreman	200-10-300 Spl. pay 20
22	Head Mechanic	do
23	Senior Mechanic	do
24	Mechanic, Grade I	140-5-210
25	Fitter & Turner, Grade I	do
26	Auto Electrician, Grade I	do

*In I & W. Department Compensatory Allowance at 16% of pay is granted to Assistant Engineer stationed at some outside stations. Staff in the Sundarbans also received Compensatory Allowance at 16% of their pay.

Sl. No. (1)	Name of the posts (2)	Scale of pay (3) Rs.
27	Mechanic, Grade II	110-4-170
28	Fitter & Turner, Grade II	do
29	Auto Electrician, Grade II	do
30	Printing & Sign Writers	do
31	Carpenter & Joiners	do
32	General Smiths	do
33	Ratiator and Steel Metal Workers	do
34	Fitters	100-3-136-4-140
35	Hammerman	80-1-65-2-105
36	Cobblers	65-1-85
37	Asstt. Electrical Engineer & Maintenance Superintendent	325-1000
38	Asstt. Engineer (Radio)	do
39	Senior Photographer-in-charge	250-550
40	Official Photographer	225-475
41	Senior Technical Supervisor	200-400
42	Oil Engine Mechanic	175-325
43	Sound Mechanic	do
44	Asstt. Official Photographer	do
45	Technical Supervisor	do
46	Operator	125-200
47	Motor Mechanic	200-300
48	Laboratory Assistant	125-200
49	Transformer Winder	do
50	Asstt. Operator	100-140
51	Driver	do
52	Electric Mistry	do
53	Operator for Duplicating Machine	do
54	Operator for Addressograghs	do
55	Foreman under Director of Industries	250-550
56	Supervisor	200 400
57	Senior Instructor	175-325
58	Junior Instructor	150-5-250
59	Head Reader	350-25-525
60	Selection Grade Reader	300-20-400-25-450
61	Reader, Grade I	250-15-400
62	Reader, Grade II	200-10-300
63	Reviser	125-3-140-4-200 with higher initial start at Rs. 164.

Sl. No. (1)	Name of the post (2)	Scale of pay (3) Rs.
64	Overseer	300-20-400-25-450
65	Supervisor	do
66	Section Holder	250-15 400
67	Machine Foreman	do
68	Binding Foreman	do
69	Lino and Mono Mechanic	do
70	Head Mechanic	do
71	Asstt. Section Holder	200-10-300
72	Foreman	do
73	Asstt. Mechanic	do
74	Asstt. Binding Foreman	do
75	Head Caster	do
76	Lino Type Operator	175-7-245-8-325
77	Mono Type Operator	do
78	Asstt. Lino & Mono Mechanic	do
79	Mono Casting	do
80	Ludlow Operator	200-10-300
81	Machinemen	125-200
82	Compositor	do
83	Mono Type Caster	do
84	Offset Machineman	do
85	Adrema Addressing and Duplicating Machine Operator	do
86	Binder	do
87	Vari Type Operator	do
88	Machanics	do
89	Electric Machanic	do
90	Asstt. Machanic	100-3-136-4-140
91	Asstt. Electric Machanic	do
92	Asstt. Machanic-cum-Boiler Attendant	do
93	Machine Inkman	do
94	Duplicating Machineman	do
95	Rota Print Asstt. Machineman	do
96	Junior Adrema Addressing & Duplicating Machine Operator	do
97	Distributor	do
98	Carpenters	do
99	Gas Fitter	do
100	Roller Moulders	do

Sl. No. (1)	Name of the posts (2)	Scale of pay (3) Rs.
101	Forme Proof Pressman	95-120
102	Lino Attendants (Barmen)	do
103	Carpenters	do
104	Forme Proof Inkmen	80-105
105	Forme Carriers	80-1-85-2-105
106	Forme Washers	do
107	General Foreman	250-15-550
108	Chief Supervisor	225-475
109	Chargeman Machanic (Turbine)	200-400
110	Linesman	140-210
111	Shift Electrician	110-170
112	Electrician	do
113	Asstt. Linesman	do
114	Mate	100-140
115	Helper	65-85
116	Petrolman	do
117	Instructor	140-5-210
118	Demonstrator	80-105
119	Foreman	250-550
120	Supervisor	200-400
121	Instructor (Senior)	175-325
122	do (Junior)	150-250
123	Workshop Attendant	65-85
124	Instrument Machanic	140-210
125	Mechanic	110-170
126	Asstt. to Mechanic	80-105
127	Surveyors—	
	(a) with L.C.E. certificate	200-400
	(b) with Sub-Overseer's certificate	175-325
	(c) with Pass certificate from a Govt. Survey School	150-250
	(d) with Pass certificate of the School Final Examination and practical experience	125-200
	(e) with practical experience	100-140

Sl. No.	Name of the posts	Scale of pay
(1)	(2)	(3)
		Rs.
128-129	Draftsman—	
	(a) with Sub-Overseer's certificate	200-400
	(b) with Sub-Overseer's certificate	175-325
	(c) with pass certificate from the Govt. College of Arts and its equivalent	150-250
	(d) with pass certificate of the School Final Examination and pratical experience	125-200
	(e) with practical experience	100-140
130	Tracer with practical experience only	100-140
131	Superintendent	200-400
132	Trainer-in-charge	175-325
133	Trainer	100-140
134	Teacher	do
135	Attendant	60-75
136	Foreman	100-140
137	Carpenter	do
138	Asstt. Foreman	80-105
139	Chargeman	do
140	Boiler Attendant	do
141	Mason	do
142	Blacksmith	do
143	Carpenter	do
144	Transport Officer	175-325
145	Engine Driver	100-140
146	Blacksmith	do
147	Plumbing Mistry	80-105
148	Mechanical Supervisor	175-325
149	Mechanical Mistry	140-210
150	Assistant Mechanic	80-105
151	Roller Driver	100-140
152	Belder	60-75
153	Salticrew	do
154	Nokar Majdoor	do
155	Tindal	do

Sl. No. (1)	Name of the posts (2)	Scale of pay (3) Rs.
156	Driver	60-75
157	Dandy	do
158	Manjhi	do
159	Khalasi	do
160	Mate	65-85
161	Skilled Khalasi	do
162	Fitter Mate	do
163	Assistant Electrict Mistry	do
164	Carpenter Mate	do
165	Mechanic	140-5-210
166	Welder, Grade I	140-210
167	Welder, Grade II	100-140
168	Silt Surveyor	175-325
169	Electrician	140-210
170	Assistant Foreman	do
171	Foreman	200-300
172	Head Wireman	110-170
173	Senior Wireman	100-140
174	Junior Wireman	80-105
175	Head Lineman	140-210
176	Khalasi Sarder	100-140
177	Driller	do
178	Tyre Fitter	do
179	Dragline Operator, Grade I	200-300
180	do Grade II	140-210
181	do Grade III	110-170
182	Blacksmith Mate	80-105
183	Foreman	225-475
184	Asstt. Foreman	200-300
185	Head Electrician, Gr. I	140-210
186	do Gr. II	110-170
187	Asstt. Electrician, Gr. I	100-140
188	do Gr. II	80-105
189	Head Mistry	140-210
190	Blacksmith	110-170
191	Mistry	do
192	Asstt. Black Smith, Gr. I	100-140
193	do Gr. II	80-150
194	Carpenter	110-170

Sl. No. (1)	Name of the posts (2)	Scale of pay (3) Rs.
195	Mudguard Mistry	110-170
196	Asstt. Mudguard Mistry, Gr. I	100-140
197	do Gr. II	80-105
198	Painter	110-170
199	Machineman	do
200	Asstt. Machineman, Gr. I	100-140
201	do Gr. II	80 105
202	Mechanic, Gr. I	100-140
203	do Gr, II	80-105
204	Tailor	100-140
205	Asstt. Tyreman	8-105
206	Head Fitters	140 210
207	Head Winder	do
208	Winders	100-140
209	Turner	do
210	Tester	do
211	Asstt. Winder	80-105
212	Asstt. Turner	do
213	Asstt. Fitter	do
214	Blacksmith	104-210
215	Painter Mate	100-140
216	Tinsmith	do
217	Asstt. Tinsmith	100-140
218	Tailor	do
219	Viceman	do
220	Fitter	110-170
221	Cleaner Mechanic	65-85
222	Boring Machineman	140-210
223	Technician, Grade I	do
224	do Grade II	110-170
225	do Grade III	100-140
226	Artisans, Grade I	65-85
227	Overseer	200-400

Shri Ananga Mohan Das : করীগরি কর্মীদের ১০০ টাকার নীচি যাঁরা কাজ করেন তাঁদের সংখ্যা কত ?

Shri Saila Kumar Mukherjee : তাদের সংখ্যাটা আমি এখন বলতে পারবো না —তবে অনেক।

Shri Ananga Mohan Das : তাঁদের কাজের দায়িত্ব বিচার করে তাঁদের বেতন-হার সংশোধন করবেন কি ?

Shri Saila Kumar Mukherjee : প্রত্যেক বারই তাই করা হয়েছে—যখন বাজেট তৈরি হয় তখন সংশ্লিষ্ট বিভাগ প্রত্যেকটি কর্মচারীর বিষয় বিচার করেন।

Shri Ananga Mohan Das : আপনি বললেন যে সরকার পরিচালিত কোন কারীগরী শিক্ষার জন্য যন্ত্রপাতি নির্মাণের কারখানা নেই—কিন্তু সরকারের দ্বারা সাহায্যপ্রাপ্ত কতকগুলি কারখানা আছে ?

Shri Saila Kumar Mukherjee : এটা কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেন্ট বলতে পারবেন।

Shri Ananga Mohan Das : সেখানে যে জিনিস তৈরি হয় সেগুলির গুণাগুণ পরীক্ষা করবার কোন ব্যবস্থা আছে কি ?

Shri Saila Kumar Mukherjee : আপনার প্রশ্নতো সে সম্বন্ধে নেই—তবে সেগুলি তাদের নিয়মানুসারেই চলে—অন্য প্রতিষ্ঠানের দ্বারা পরিচালিত।

[1-20—1-30 p.m.]

Shri Ananda Gopal Mukhejee : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বিভাগীয় কর্মী বিশেষ করে যারা কারিগরী কর্মী তাদের বেতন নির্দ্ধারণ করার সময় যেভাবে করেন তাদের job revaluation যেটা করেন, বেতন নির্দ্ধারণ করেন সেটা কি বিবেচনা করবেন ?

Shri Saila Kumar Mukherjee : এটা আমার প্রশ্ন নয়। Commerce and Industries-এর প্রশ্ন। অর্থ বিভাগের প্রশ্ন নয় আপনি যেটা বলছেন সেটা তাদের কাছে refer করতে হবে।

Shri Ananda Gopal Mukherjee : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, কারিগরি শিল্পে যে সমস্ত কর্মী নিয়োজিত আছেন তারা অন্যান্য শিল্পের উন্নতির জন্য সেখানে job revaluation যেটা বলেছেন যেহেতু সেই valuation এখান থেকে বেশী হওয়ায় তারা বেতন বেশী পান বলে তারা এখান থেকে চলে যাচ্ছেন এটা জানেন কি ?

Shri Saila Kumar Mukherjee : এটা শোনা কথা, সঠিক তথ্যের কথা বলতে পারবো না।

Howrah Improvement Trust Tribunal

***478.** (Admitted question No. *2081.) **Dr. Kanai Lal Bhattacharyya :** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) if it is a fact that up till this day Howrah Improvement Trust Tribunal has not been appointed and all cases of Howrah are being heard by the Calcutta Improvement Trust Tribunal at its Calcutta office ; and

(b) if so, why even after eight years of the formation of Howrah Improvement Trust, its Tribunal has not been appointed ?

Shri S. M. Fazlur Rahman : (a) Yes.

(b) As the number of references to the Tribunal arising out of land acquisition cases of the Howrah Improvement Trust was not expected to be large at the initial stages, an order was issued by Government under section 78 of the Howrah Improvement Act appointing the Calcutta Improvement Tribunal to perform the functions of the court in reference to the acquisition of lands for the Howrah Improvement Trust as well, the Howrah Improvement Trust paying only one-third of the cost on account of the remuneration of the Assessors and of the office establishment of the Calcutta Improvement Tribunal.

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে কতদিন পূর্বে এই order পাশ হয়েছে Howrah Tribunal-এ case-এর ব্যাপারে ?

Shri S. M. Fazlur Rahman : ২৩-৮-৬১

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে Improvement Trust Tribunal case যা refer করেছে তার বর্তমান সংখ্যা কত ?

Shri S. M. Fazlur Rahman : ১৯৬৩-৬৪তে ৫টা, ১৯৬৪-৬৫তে ৩৯টা, ১৯৬৫-৬৬র up to date ৩৬টা।

Shri Abani Kumar Basu : তার মধ্যে কতকগুলি case disposal হয় নি এবং কতকগুলি outstanding আছে ?

Shri S. M. Fazlur Rahman : পৃথক notice চাই।

Shri Anadi Das : আপনি যে order দিয়েছেন যে Howrah Improvement Trust Tribunal-এর দরকার নেই এবং case যে সমস্ত আছে তার সংখ্যাও খুব নয় অল্প সংখ্যক এবং Calcutta Improvement Trust Tribunal Howrah Improvement Trust Tribunalএ caseসমস্ত dispose of করবে আমার প্রশ্ন হচ্ছে যে এই dispose of হয়ে গেলে আমরা বুঝতে পারতাম কিন্তু সে কাজ ঐ Tribunal করতে পারেন নি। সেজন্য এটা খুব relevant question যে কতকগুলি case referred হয়েছিল এবং সে caseএর সংখ্যা কত ?

Shri S. M. Fazlur Rahman : Howrah Improvement Trust-এর case যে সমস্ত refer হয়েছিল সরকার সে ব্যাপারে বর্তমানে বিবেচনা করছেন যে এ ব্যাপারে কি করা যায়।

Shri Anadi Das : Question টা tribunal-এর এবং Howrah Improvement Trust Tribunal-এর case এই ভাবে কতদিন ফেলে রাখা হবে। পুনরায় এটা চালু হবে কিনা ?

Shri S. M. Fazlur Rahman : কাজের workload দেখে যতদূর আশা করা যায় এ কাজ খুব তাড়াতাড়ি হবে—acquisition এবং তার execution খুব ত্বড়িত গতিতেই হবে।

Absorption of graduate and under-graduate Special Cadre teachers of Howrah

***479.** (Admitted question No. *2111.) **Shri Abani Kumar Basu :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হাওড়া জেলার যেসব গ্রাজুয়েট ও আণ্ডার গ্রাজুয়েট স্পেশাল ক্যাডার শিক্ষক জুনিয়ার হাই স্কুলে নিযুক্ত ছিলেন সম্প্রতি সরকার সেইসব স্কুলের কর্তৃপক্ষকে ঐ সকল স্পেশাল ক্যাডার শিক্ষককে স্থায়ীভাবে ঐ সকল স্কুলে চাকরিতে বহাল রাখিবার আদেশ দিয়াছেন ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ৷ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) হাওড়া জেলার কয়টি জুনিয়ার স্কুলে এইরূপ নির্দেশ কার্যকরী করা হইয়াছে,

(২) সংশ্লিষ্ট স্পেশাল ক্যাডার শিক্ষকগণকে এইরূপ নির্দেশ সম্পর্কে পূর্বাহ্নে জানানো হইয়াছিল কিনা, এবং

(৩) উক্ত শিক্ষকগণ নিয়মিত বেতন পাইতেছেন কিনা ?

Shri Rabindra Lal Sinha : (ক) ১।৩।৬৫ তারিখ হইতে মাধ্যমিক বিদ্যালয়ে কার্যরত সকল স্পেশ্যাল ক্যাডার শিক্ষককে পরিচালক সমিতি কর্তৃক নিযুক্ত অন্যান্য সাধারণ শিক্ষকের (normal cadre teachers) পর্যায়ভুক্ত গণ্য করিয়া তাঁহাদের অনুরূপ সমস্ত সুযোগ-সুবিধা দিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) (১) হাওড়া জেলায় যে যে বিদ্যালয়ে স্পেশ্যাল ক্যাডার শিক্ষক নিযুক্ত আছেন সেই সকল বিদ্যালয়েই উপরোক্ত আদেশ বলবৎ হইয়াছে।

(২) জেলা পরিদর্শক সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরিচালক সমিতির নিকট নির্দেশ পাঠাইয়াছেন এবং স্পেশ্যাল ক্যাডার শিক্ষকগণের স্ব স্ব বিদ্যালয়ের পরিচালক সমিতির নিকট হইতে এই বিষয়ে অবহিত হওয়ার কথা।

(৩) উপরোক্ত শিক্ষকগণের যাহাতে নিয়মিত বেতন পাইতে কোন অসুবিধা না হয় সেজন্য তাঁহাদের বেতন বাবদ প্রয়োজনীয় অর্থ মাসিক সরকারী সাহায্য হিসাবে সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরিচালক সমিতিকে দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

Shri Abani Kumar Basu : আমার supplementry হচ্ছে যে, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যেসমস্ত স্কুল special carder teacher তারা appointment দিয়েছিলেন ঐ Managing Committee না সরকার তাদের service transfer করলেন তখন তাদের এ ব্যাপারে বাধ্য করা হয়েছিল কিনা সেটা জানাবেন।

Shri Rabindra Lal Sinha : শিক্ষকদের সম্মতি নিয়ে তবেই হতে পারে, Managing Committe-র কাছে যেসমস্ত স্কুলের vacancy হয়েছে সেই সমস্ত vacancyতে সেই special cadre শিক্ষকদের নেবার জন্য তারা অনুরোধ করেছেন।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন একটু আগে যে Managing Committeeকে নির্দেশ দেওয়া হয়েছে কিন্তু যেসমস্ত শিক্ষকদের নিয়োগ করা হয়েছে তাদের সম্মতি নেওয়া হয়নি। অথচ এখনি বললেন যে সম্মতি নিয়ে করা হয়েছে—সুতরাং এই জিনিসটা কি তা জানাবেন ?

Shri Rabindra Lal Sinha : প্রথম পাঠানোর কথা জিজ্ঞাসা করেছেন। প্রথম পাঠানো হয়েছে special cadre শিক্ষকদের এই বলে যে তারা স্কুলের শিক্ষক হবেন, তবে স্কুলকে সাহায্য করবার জন্য যতদিন না স্কুলে normal cadre হিসাবে absorb করছেন তাদের যে বেতন সেটা আমরা কনটিনিউ করে যাচ্ছি।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে special cadre শিক্ষক নিয়োগ করা হয়েছে, যাদের Sr. High School-এ নিয়োগ করা হয়েছে, সে সমস্ত Sr. High School 1960 থেকে তাহলে তাদের upgrading হবার পর তারা কোন সরকারী সাহায্য ad-hoc-grant পাচ্ছে না। আমি জানাতে চাই শিক্ষকদের বেতন দেবার জন্য তাদের কি কোন grant দেওয়া হচ্ছে ?

Shri Rabindra Lal Sinha : যেসমস্ত শিক্ষকদের ঐ বাবদ দিয়ে আসা হয়েছে সেই সমস্ত শিক্ষকদের বেতন বাবদ দিয়ে যাচ্ছি সেটা High School-ই হোক আর Sr. High School-ই হোক।

Shrimati Shanti Lata Das : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন তাদের সম্মতি নিয়ে Secondary School-এ যাদের পাঠানো হয়েছে সেখানে আমার প্রশ্ন হচ্ছে যে Primary School, Sr. High School-এ কাজ করছিলেন যাদের transfer করা হল ঐ সমস্ত Higher Secondary School তাদের continuity service থাকবে কিনা ?

Shri Rabindra Lal Sinha : না, এই continuity of service থাকবে না, তারা Primary School থেকে যেরকম service condition-এ ছিলেন তাদের service condition-এ উন্নতির জন্য তাদের বলা হয়েছে যারা যেতে চান তারা Secondary School-এর service condition যা আছে এবং অন্যান্য জিনিস মেনে নিয়ে Higher Secondary School-এ যেতে পারেন। কারণ তাঁদের কম বেতন সেখানে গেলে অনেক বেশী পাবেন।

Shri Ananda Gopal Mukhopadhyay : মাননীয় মন্ত্রিমহাশয় কি এরূপ জানেন যে Sr. High School-এ যেসমস্ত special cardre শিক্ষক আছেন তারা retire করলে তারা যে বেতনের অংশ সরকার থেকে ঐ school committee পেত শিক্ষক নিযুক্ত করবার পর সেটাকা দেবেন কিনা ?

Shri Rabindra Lal Sinha : সেটাকা দেবে না তবে স্কুলের অভাব বিবেচনা করে grant দিই।

Shri Anandagopal Mukherjee : যেসমস্ত Junior High School সরকারের কাছ থেকে কোন matching grant, deficit grant পান না, শুধু lump grant পান আজকে special cadre teacher হয়ত দুজন ছিল, একজন retire করে গেলে একজন অনুপস্থিত সেই সমস্ত স্কুল suffer করতে পারে এটা বিবেচনা করে দেখেছেন ?

Shri Rabinda Lal Sinha : Special Cadre সম্বন্ধে বলেছেন তাছাড়া Junior High School-এ কি অসুবিধা হচ্ছে না হচ্ছে সেটা আলাদা, প্রশ্ন দিলে বলতে পারব।

Shri Abani Kumar Basu : এই যে শিক্ষক Junior High School-ই হোক বা Secondry High School-ই হোক তাদের absorb করা হয়েছে, তাদের বেতন কি শিক্ষা বিভাগ থেকে মাসে মাসে পাঠান হয় ?

Shri Rabindra Lal Sinha : আমি বলেছি মাসে মাসে স্কুলের কাছে বেতনের ব grant পাঠানো হয়।

Shri Jahar Lal Banerjee : মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় বললেন যে এই সমস্ত graduat teacher দের কথা, এদের department এর যে scale দিয়েছেন সেটা দেওয়া হয় কিনা ?

Shri Rabindra Lal Sinha : আমি বলেছি তাদের যে normal cadre-এ absorb করার যে সিদ্ধান্ত করা হয়েছে তখন সব সুবিধাই পাবে।

Shri Ananda Gopal Mukherjee : যে সমস্ত স্কুলে ঐ সমস্ত special cad teacher-দের absorb করেন নি সেই সমস্ত জায়গায় বেতন আজও দিচ্ছেন কি না ?

Shri Rabindra Lal Sinha : যে স্কুলে দিয়ে আসছিলাম এবং যে গুলো deficit gran in-aid basis এ নয় সেখানে দেওয়া হচ্ছে। Deficit grant-in-aid basis-এ absorb হয়ে গেলে টাকা তারা অন্যভাবে পাবেন এ সব কথাই বলেছি।

Opening of post-graduate and law classes in the Hooghly Mohsin College

***480.** (Admitted question No. *2179.) **Shri Sambhu Charan Ghosh** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী মহসীন (সরকারি) কলেজে পোস্ট গ্রাজুয়েট এবং ল ক্লা খোলার প্রস্তাব সরকারের আছে ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে কবে হইতে ইহা খোলা হইবে ?

[1-30—1-40 p. m.]

Shri Rabindralal Sinha : (ক) হুগলী মহসীন (সরকারী) কলেজে পোস্ট গ্র্যাজুয়ে ক্লাস খুলিবার ব্যবস্থা হইতেছে ; কিন্তু ঐ কলেজে 'ল' ক্লাস খোলার কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

(খ) ১৯৬৫-৬৬ শিক্ষা বৎসর হইতে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকোত্তর ক্লাস খোলা হইতেছে।

Shri Amarendra Nath Roy Prodhan : একমাত্র রাষ্ট্রবিজ্ঞান খোলা হয়েছে, বাকি বিষয়গুলি পড়ান সম্পর্কে সরকার চিন্তা করছেন কি ?

Shri Rabindralal Sinha : প্রথম কথা হচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট টিচিংএর কোন ব্যবস্থা ছিল না, আমাদের উদ্দেশ্য হচ্ছে এখানে পোস্ট গ্র্যাজুয়েট টিচিংএর ব্যবস্থা করা। একসংগে সব করা যাবে না, এবছরে আমরা পলিটিক্যাল সায়েন্সের এ্যাফিলিয়েশনের জন্য ইউনিভারসিটি অব বার্ধমানকে লিখেছি, তারা কনষ্টিটিউয়েন্ট কলেজ হিসাবে স্বীকৃতি দিয়েছেন, এই বছরেই আমরা রাষ্ট্রবিজ্ঞানের ক্লাস খুলছি আমাদের সংগতি সাপেক্ষে আমরা আরো বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর খোলার কথা নিশ্চয়ই বিবেচনা করবো।

Shri Aswini Roy : এই যে ল'এর কথা বললেন, মহসীন কলেজে খোলা হয়নি ল'এর ক্লাস কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কোন কলেজে বা বিশ্ববিদ্যালয়ে এই ল'এর ক্লাস খোলার উদ্দেশ্য আছে কি ?

Mr. Chairman : That question does not arise.

Effect of Milk Products Control Order on the employees of sweetmeat shops

***481. (Admitted question No. *2192.) Shri Aswini Roy :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও শহরতলী এলাকার ছানা ও ক্ষীর তৈয়ারি নিষিদ্ধ আদেশ জারীর ফলে কতজন দোকান-কর্মচারী কর্মহীন হইয়াছে ; এবং

(খ) উক্ত কর্মচারীদের জন্য কোনও বিকল্প কর্মসংস্থানের প্রকল্প আছে কিনা ?

Shri S. M. Fazlur Rahman : (ক) যদি অনুমোদিত মিষ্টি ও নোস্তা খাবার প্রচুর পরিমানে তৈয়ারি ও বিক্রয় করা হয়, তাহা হইলে কোন কর্মচারীই কর্মহীন হইবার সম্ভবনা থাকিবে না।

(খ) যদি অদূরভবিষ্যতে দুগ্ধ সংগ্রহের পরিমান যথেষ্টভাবে বৃদ্ধি পায়, তাহা হইলে যে সকল অল্পসংখ্যক কর্মচারী কর্মহীন হইতে পারে সরকার তাহাদের নূতন দুগ্ধ ডিপোতে চাকরি দিতে প্রস্তুত আছেন।

Shri Aswini Roy : স্যার, উনি 'যদি' দিয়ে প্রশ্নের উত্তর দিয়েছেন, এখানে এই যে দুগ্ধ নিয়ন্ত্রণ আইন চালু হয়ে গিয়েছে, ছানা, ক্ষীর তৈরি বন্ধ হয়েছে, তার ফলে কতজন শ্রমিক বেকার হয়েছে এবং তাদের বিকল্প কি ব্যবস্থা তিনি করছেন ?

Shri S. M. Fazlur Rahman : এখানে একটা নিশ্চিত অবস্থা নেই। যেহেতু মামলাটা মহামান্য হাইকোর্টে বিচারাধীন আছে। যারা ব্যবসায়ী, যারা কর্মচারী তাদের মনের অস্থিরতা যায় নি কারণ তারা যদি জেতে আলাদা কথা, আর যদি এই আইন বহাল থাকে তাহলে বর্তমানে যেহেতু দুধ বাড়ছে সেহেতু তাদের অদূরভবিষ্যতে কর্মসংস্থানের যথেষ্ট সুযোগ আছে। গতকাল ১ লক্ষ ২০ হাজার লিটার দুধ উঠেছে। কাজে কাজেই আমরা ২৫/৩০টি নূতন ক্যান্টিন খুলবো, সেলিং বুথ করছি, প্রায় ১ হাজার বুথ করবো যদি দুধ বাড়ে, তাহলে সেখানে তারা প্রভাইডেড হবে।

Shri Aswini Roy : আপনি কি জানেন যে বড় বড় দোকান যেমন ধরুন ভীমনাগ, এই রকম ধরণের প্রায় ২৫/৩০টি দোকান তাদের ৫০/৬০ ভাগ কর্মচারী ছাটাই করেছেন ?

Shri S. M. Fazlur Rahman : ১৯টি দোকানের খবর আমরা পেয়েছি, তাদের কর্মচারীরা লিখিতভাবে আমাদের কাছে অভিযোগ করেছে, তাদের সংখ্যা হচ্ছে মোট ২৫০।

Shri Sanat Kumar Raha : স্যার, একটা প্রশ্ন আমি জানতে চাই, আমি যদি কোশ্চেন করি 'যদি' দিয়ে তাহলে আপনি ডিসঅ্যালাউ করেন কিন্তু মন্ত্রী যদি উত্তর দেন 'যদি' দিয়ে তাহলে কি সেটা অ্যালাউড হবে ?

Shri S. M. Fazlur Rahman : যদির কথা নয়, 'যদি' দিয়েছি এইজন্য যে নিশ্চিত হতে পারছি না অল দি রেকর্ড আমাদের কাছে নেই বলে। সেজন্য অনিশ্চিত অবস্থায় এছাড় অন্য কিছু জবাব দেওয়ার ক্ষমতা আমার নেই বা রেকর্ড নেই।

Shrimati Biva Mitra : যে সমস্ত কর্মচারীদের আজকে এই সমস্ত মিষ্টির দোকান থেকে ছাটাই করা হয়েছে সেই সমস্ত কর্মচারীদের আজকে খাবার সংস্থান নেই। আমি জিজ্ঞাসা করছি মাননীয় মন্ত্রিমহাশয় কি তাদের এই সময়টা যে সময়টা তারা কোন কাজ করতে পারবেনা তাদের কোন ভাতা দেবার ব্যবস্থা করতে পারবেন কিনা ? এবং এই সংগে আর একটা প্রশ্ন করছি যে সমস্ত দোকানগুলি জোর করে চালাচ্ছে না, বন্ধ করে রেখেছে, কর্মচারীরা যে সমস্ত দোকান অকপাই করে বসে আছে সেই সমস্ত দোকানগুলি রিকুইজেশন করে সেখানে কো-অপারেটিভের ব্যবস্থা করতে পারেন কিনা ?

Shri S. M. Fazlur Rahman : সেখানে এই রকম অবস্থা উদ্ভূত হলে নিশ্চয়ই ব্যবস্থা করা হবে। যে সমস্ত বড় বড় দোকানদার মিষ্টির দোকান বন্ধ করে অসংখ্য কর্মচারীকে ছাঁটাই করে দেবেন এবং তাঁদের নিজেদের জীবন ধারণের জন্য বিকল্প ব্যবস্থা করবেন অথচ তাঁদের কর্মচারীদের জন্য কোন ব্যবস্থা করবেন না সেখানে নিশ্চয়ই সরকার ওয়েলফেয়ার স্টেট হিসাবে তাদের জন্য সর্বপ্রকার ব্যবস্থা করবেন।

Shrimati Biva Mitra : অন্তরবর্তীকালীন তাদের ভাতার কোন ব্যবস্থা হবে কিনা ?

Shri S. M. Fazlur Rahman : সেটা বিবেচনা করছি। মহামান্য হাইকোর্টের রায় যতক্ষণ না প্রকাশিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা কোন নিশ্চয়তার মধ্যে নেই।

Dr. Abu Ashad Md. Obaidul Ghani মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এ সম্বন্ধে মামলা চলছে এবং ওখানে জিতে গেলে প্রশ্ন উঠে না। আমি প্রশ্ন করছি আপনার কাছে কি খবর আছে যে ওরা জিতে যাচ্ছে ?

Shri S. M. Fazlur Rahman : এটা আলোচনার বিষয় নয়।

Provident Fund money of the employees of Ranaghat Municipality

***482.** (Admitted question No. *2210.) **Shri Kanai Pal :** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাট পৌরসভার কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড খাতে আজ পর্যন্ত কত টাকা জমেছে ;

(খ) প্রভিডেন্ট ফাণ্ড ব্যবস্থা চালু হবার পর থেকে আজ পর্যন্ত পুরা টাকা পৃথক এ্যাকাউন্টে জমা আছে কি না ; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর 'না' হয়, কত টাকা জমা আছে এবং পুরা টাকা জমা না থাকার কারণ কি ?

Shri S. M. Fazlur Rahman : (ক) ১৯৬৫ সালের নভেম্বর মাস পর্যন্ত ২৪,৮৩৫ টাকা ৯৮ পয়সা।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

Rehabilitation of retrenched sweetmeat shop workers

***483.** (Admitted question No. *2249.) **Shri Sanat Kumar Raha :** পশুপালন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী নির্দেশে সন্দেশ ও অন্যান্য ছানা ও ক্ষীর জাতীয় মিষ্টি নির্মাণ নিষিদ্ধ হওয়ার প্রতিবাদে কতগুলি মিষ্টান্নের দোকান আজ পর্যন্ত ধর্মঘট হেতু বন্ধ রাখিয়াছে ;

(খ) এই সকল দোকানের মোট কর্মচারীর সংখ্যা কত ; এবং

(গ) এই আদেশের ফলে যে সকল দোকানদার ও কর্মচারী বেকার হইবে সরকার তাহার প্রতিনিধিদের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করিবার মনস্থ করিয়াছেন ?

Shri S. M. Fazlur Rahman : (ক) অনুসন্ধানে দেখা যায় যে ১৯টি দোকান ইদানিং বন্ধ রহিয়াছে।

(খ) ২২২ জন (সরকারের নিকট প্রদত্ত সংখ্যার ভিত্তিতে)।

(গ) যদি অনুমোদিত মিষ্টি ও নোন্তা খাবার প্রচুর পরিমাণে তৈয়ারী ও বিক্রয় করা হয়, তাহা হইলে কোন কর্মচারীরই কর্মহীন হইবার সম্ভাবনা থাকিবে না। তবুও যদি দুগ্ধ সংগ্রহের পরিমাণ যথেষ্টভাবে বৃদ্ধি পায় তাহা হইলে অদূর ভবিষ্যতে যেসকল অল্প সংখ্যক কর্মচারী কর্মহীন হইতে পারেন তাঁহাদের নূতন দুগ্ধ-ডিপোতে নিযুক্ত করিবার কথা বিবেচনা করা হইবে।

Shri Sanat Kumar Raha: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে সন্দেশের জায়গায় নোনতা জিনিস তৈরি করছে। আমি জিজ্ঞাসা করছি তার জন্য যথেষ্ট পরিমাণে ময়দা, আটা এবং পার্চেজার গভর্নমেন্ট দিতে পারবেন কি?

Shri S. M. Fazlur Rahman: পার্চেজার আমরা দিতে পারবো না, তবে ময়দা, আটা আমরা দিতে পারবো।

Shri Santa Kumar Raha: এই যে ১৯টি দোকান বন্ধ হয়েছে এই দোকানগুলি ধর্মঘট করার জন্য বন্ধ হয়েছে, না সন্দেশ বিক্রি বন্ধ হবার ফলে ক্রেতার অভাবের জন্য বন্ধ হয়েছে?

Shri S. M. Fazlur Rahman: এই ১৯টি দোকান যা বন্ধ হয়েছে তারা তাদের কর্মচারীদের যেটুকু পরিমাণ সুযোগ দেওয়া উচিত ছিল সেটা না দিয়ে তাদের হঠকারিতার জন্য বন্ধ করেছে।

Shri Sanat Kumar Raha: হঠকারিতা বলছেন, এই সম্পর্কে আপনাদের কাছে কোন রিপোর্ট আছে?

Shri S. M. Fazlur Rahman: আমাদের কাছে রিপোর্ট এসেছে যে আমরা যে যে খাবার গভর্নমেন্ট থেকে তৈরি করতে হুকুম দিয়েছি সেই দোকানগুলি সেইভাবে কর্মচারীদের দিয়ে কাজ করাতে পারত, কিন্তু তা পর্যন্ত তারা করেনি।

Shri Sanat Kumar Raha: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সন্দেশ বিক্রি বন্ধ হবার পর থেকে কোন ডাক্তার বা চিকিৎসকদের কাছ থেকে কোন অভিযোগ পেয়েছেন কিনা যে আমরা ছানা প্রেসক্রাইব করতে পারছি না?

Shri S. M. Fazlur Rahman: ছানা দরকার হলে দুধ কিনে তা থেকে ছানা তৈরি করে নিতে পারে, কাজেই এতে কোন অসুবিধা নেই।

Shri Anadi Das: যেসব দোকান বন্ধ আছে এই রকম কয়েকটি দোকানের সংখ্যা দিলেন। কিন্তু অনেক দোকান আছে যারা বন্ধ করেনি কিন্তু তাদের কর্মচারীর সংখ্যা কমিয়ে দিয়েছে, রিডিউস করেছে, সেই রিডিউসড্ কর্মচারীর সংখ্যা কত বলতে পারবেন কি?

Shri S. M. Fazlur Rahman: বিধানসভায় আমাদের কাছে যে সব প্রতিনিধি এসেছে এবং তারা যা জানিয়েছেন মেমোরেণ্ডামে এবং আমরা এনকোয়ারি করে যা দেখেছি তাতে সব দোকান চলছে কম বেশী। তবে এই ১৯টি দোকান একেবারে বন্ধ করে দিয়ে কর্মচারীদের ছাটাই করে দিয়েছে।

Shri Amarendra Nath Basu: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এমন অনেক দোকান আছে যারা সন্দেশ না করেও অন্য খাবার করে চালাতে পারতো। আমি জানি একটা খুব বড় দোকান, কে, সি, দাস, ধর্মতলায়, সে দোকান বন্ধ করেনি এবং কচুরী, সিংগাড়া, গজা ইত্যাদি

তৈরি করে চালাবার চেষ্টা করছে। তাদের দোকানে আগে যেখানে দৈনিক বিক্রি ছিল ৩ হাজার টাকা এখন সেখানে তারা দুইশত টাকাও বিক্রি করতে পারছে না। কাজেই তারা তাদের কর্মচারীদের ছাটাই করার জন্য নোটিশ দিয়েছে এবং অনেককে ছাঁটাইও করাতে পেরেছে। সেজন্য আমার মনে হয় সমস্ত কর্মচারী যারা শুধু কচুড়ী সিংগাড়া করে রাখতে পারবে না, এইভাবে ছাটাই হবে তাদের জন্য কি ব্যবস্থা হবে ?

[1-40—1-50 p. m.]

Shri S. M. Fazlur Rahman : আমি পূর্বেই বলেছি যে আমাদের দুধ যে পরিমাণে বেড়ে যাচ্ছে তাতে আমরা যদি এক হাজার সেলিং বুথ করি তাহলে চার হাজার করে সেখানে এমপ্লয়েড হতে পারেন—ইন দি মিন টাইম যারা কোয়ালিফায়েড অর্থাৎ ম্যাট্রিকুলেসন পাশ করেছে বা ম্যাট্রিকুলেসন পাশ করবার মত হয়েছে এমনও কিছু কিছু ছেলে আমাদের কাছে দরখাস্ত করেছে। আমরা তাদের অন্যভাবে চাকুরি দেবার চেষ্টা করছি আর ২৫।৩০ যে আমরা খুলছি তাতে ১০০ জন চাকরি পাবে তার উপর আমাদের যদি আরও দু লক্ষ লিটার হয়ে যায় তাহলে তো নিশ্চয় সেই দুধগুলি বাজারে ছেড়ে দিতে হবে। কাজেই এক হাজার সেলিং বুথ যদি আমরা করি তাহলে চার হাজার করে অন্ততপক্ষে এমপ্লয়েড হতে পারে।

Dr. Narayan Chandra Roy : আপনার কথাটা আমি ঠিক বুঝেছি কিনা বলবেন যে সরকার যেহেতু সন্দেশের বদলে কচুরী ভাজবার অনুমতি দিয়েছেন বা নির্দেশ দিয়েছেন সেজন্য সন্দেশওয়ালার কচুরী ভেজে এই লোকদের চাকরির সংস্থান করতে বাধ্য এবং না করলে সেটা নৈতিক অপরাধ হবে এই রকম কথার মানে কি ?

Shri S. M. Fazlur Rahman : আদৌ নয়, ব্যবসা করবার ফ্রিডম আছে, কে কি ব্যবসা করবে না করবে সেটা ব্যবসাদারের উপর নির্ভর করে—কিন্তু যখন এমপ্লয়ার এমপ্লয়ীর ব্যাপার হবে তখন নিশ্চয় সরকারের হস্তক্ষেপ করা দরকার।

Dr. Narayan Chandra Roy : সরকারের তরফ থেকে আপনি এই রকম মন্ত্রী হিসাবে বলছেন কিনা—যেহেতু মন্ত্রিমহাশয় বলে দিয়েছেন কচুরী করতে হবে—কচুরী করলে চাকরি পাবে যদি এখন কেউ না করে তাহলে সেটা কি ট্রাইব্যুনালে যাবে ?

Shri S. M. Fazlur Rahman : আমি পূর্বেই বলেছি যে মিষ্টির দোকানের কর্মীরা আমাদের কাছে লিখিতভাবে আবেদন করেছেন বা জানিয়েছেন যে আমরা পুনঃ পুনঃ অনুরোধ করা সত্বেও যে খাবার চালু আছে সেটা চালাতে দিন—তারা দিচ্ছেন না।

Dr. Narayan Chandra Roy : আমার প্রশ্নটা পয়েন্টেড মন্ত্রিমহাশয় বা সরকারের কোন অধিকার আছে কি যে কোন একজন ব্যবসায়ীকে বলেন যে তুমি এই ব্যবসা কর।

Shri S. M. Fazlur Rahman : না, তা নেই।

Shri Anadi Das : মন্ত্রিমহাশয় বললেন যে দোকানের কর্মচারী যারা ছাটাই হবে তাদের মিল্ক ক্যান্টিন বা ডিসট্রিবিউটিং সেন্টার করে চাকরি দেওয়া যেতে পারে—সেগুলি তো একজায়গায় ছাটাই করে আর একটা জায়গায় লাগাবার ব্যবস্থা। ইতিমধ্যে যারা নূতন চাকরির ক্ষেত্রে আসবে—যাদের ১৮ বছর বয়স ছিল ১৯ বছর হয়ে গেল তাদের জন্য কি করবেন ?

Shri S. M. Fazlur Rahman : বর্তমানে যাদের আশু প্রয়োজন বেশী—যাদের একটা জীবিকা ছিল সেই জীবিকাচ্যুত হয়ে যে মানুষ কষ্টের মধ্যে পড়ে আর চাকরি না পেয়ে যে মানুষ কষ্টের মধ্যে পড়ে—এই দুটোর মধ্যে পার্থক্য আছে। কাজেই যার আশু প্রয়োজন তাকে আগে দেখতে হবে।

Shri Monoranjan Roy: যেসমস্ত কর্মচারীরা কর্মচ্যুত হচ্ছেন এবং দোকানদাররা ইচ্ছাকৃতভাবে অন্য কোন ব্যবসা বা অন্য কোন জিনিস তৈরি করছে না—সেইসব কর্মচারীরা কো-অপারেটিভ করতে চাইলে আপনারা কি সেই দোকানগুলি রিকুইজিসন করে ঐ সমস্ত কর্মচারীদের হাতে দেবেন ?

Shri S. M. Fazlur Rahman: যদি দেখা যায় যে তাতে বেশীরভাগ লোকের সুবিধা হবে তাহলে নিশ্চয় সে সম্বন্ধে সরকার চিন্তা করবেন।

Government Sponsord Schools in C.I.T. Estates

***484.** (Admitted question No. *2295) **Shri Jiban Krishna Dey:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ নিয়মানুসারে সি-আই-টি এস্টেটে গভর্নমেন্ট স্পনসর্ড বিদ্যালয়গুলির কাজ চলিতেছে ;

(খ) মাধ্যমিক শিক্ষাবোর্ড না সরকারের শিক্ষা দপ্তর—কাহার নিয়ন্ত্রনাধীনে এই বিদ্যালয়গুলি পরিচালিত হয় ;

(গ) এই বিদ্যালয়গুলির ম্যানেজিং কমিটি ইচ্ছামত চাকরির শর্তাবলী রচনা করিতে পারেন কিনা ; এবং

(ঘ) ঐ সব বিদ্যালয় নির্মাণের খরচ সি-আই-টি না সরকার বহন করিয়াছেন ?

Shri Rabindra Lal Sinha: (ক) বে-সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলির যে নিয়মে পরিচালিত হয় সাধারণতঃ সেই নিয়মানুসারে এই বিদ্যালয়গুলি পরিচালিত হইতেছে।

(খ) সরকারী নিয়ন্ত্রনাধীনে সরকার কর্তৃক নিযুক্ত অ্যাডহক কমিটি দ্বারা পরিচালিত হয়। তবে পরীক্ষা, পাঠক্রম ইত্যাদিতে উক্ত বিদ্যালয়গুলি পর্ষতের নিয়ন্ত্রনাধীন।

(গ) সরকার কর্তৃক প্রবর্তিত Sponsored বিদ্যালয়গুলি পরিচালনার নিয়মাবলী প্রস্তুত সাপেক্ষে এ ক্ষেত্রে অ্যাডহক ম্যানেজি কমিটি শিক্ষক নিয়োগের ব্যাপারে কতকগুলি শর্ত আরোপ করেন এবং মনোনীত শিক্ষকগণ ঐ শর্তে রাজি হইলে নিযুক্ত হন।

(ঘ) সরকার বহন করিয়াছেন। তবে সি, আই, টি, জমির ব্যবস্থা করিয়াছেন।

Shri Jiban Krishna Dey: এই অ্যাডহক কমিটিগুলি কত বছর থেকে চলছে এবং আর কত বছর চলবে মনে করেন ?

Shri Rabindra Lal Sinha: অ্যাডহক কমিটিগুলি স্কুল হবার সময় থেকেই চলছে, সব স্কুল তো সব এক সঙ্গে হয় নি। আমরা নূতন নিয়মাবলী রচনা করছি এবং আমরা চেষ্টা করবো যত তাড়াতাড়ি পারি নিয়মাবলী রচনা শেষ করে নূতন ব্যবস্থা করার জন্য।

Shri Jiban Krishna Dey: এটা কি সত্য যে, কোন কোন স্কুলে এই অ্যাডহক কমিটি চার বছর হয়ে গেছে ?

Shri Rabindra Lal Sinha: ঠিক বলতে পারবো না, কোন্ স্কুল কবে হয়েছে—তবে আমরা আশা করছি যে, ১৯৬৬ সালের জানুয়ারি, ফেব্রুয়ারির মধ্যে আমাদের নিয়মাবলী কমপ্লিট হয়ে যাবে।

Shri Jiban Krishna Dey: আপনি শর্তের কথা বলছেন, শর্ত মানে তো এই যে শিক্ষকরা স্থায়ী হোক অস্থায়ী হোক তাদের যেকোন সময় ছাটাই করা যাবে without showing any cause. এই রকম ব্যাপারে বোধ হয় ?

Shri Rabindra Lal Sinha : স্থায়ী শিক্ষকদের ক্ষেত্রে তা করা যাবে না, তাছাড়া বোর্ড অব Secondary Education Act অনুযায়ী এই শিক্ষকদের অ্যাপীল কমিটির কাছে যাবার সম্পূর্ণ অধিকার আছে।

Shri Jiban Krishna Dey : এমন যদি হয়ে থাকে কোন বি এস সি বি টি টিচারকে যদি উইদাউট showing any cause ছাটাই করে দেওয়া হয় এবং সে প্রশ্ন যদি আপনার কাছে আসে তাহলে আপনি বিচার করবেন কি?

Shri Rabindra Lal Sinha : আমাদের বিচার করবার অধিকার নেই—তবে বোর্ড of Secondary Educationএর অ্যাপীল কমিটির কাছে তাঁরা অ্যাপীল করবেন—তাঁরাই বিচার করবেন।

Shrimati Illa Mitra : এই যে সি. আই. টি, বিল্ডিংয়ে সমস্ত স্কুল হয়েছে এই স্কুলের পরিকল্পনা কারা করেন যে কোন্ সি, আই, টি, বিল্ডিংএ কয়টি স্কুল হবে?

Shri Rabindra Lal Sinha : এটা সি, আই, টি, এবং শিক্ষা বিভাগ পরামর্শ করে করেন।

Shrimati Illa Mitra : গভর্নমেন্টের শিক্ষা বিভাগ?

Shri Rabindra Lal Sinha : স্পনসর্ড স্কুল হলে আমাদের গভর্নমেন্টের শিক্ষা বিভাগ।

Shrimati Illa Mitra : কোন্ জায়গায় কোন্ স্কুল জুনিয়ার হবে কি সেকেণ্ডারি হবে কি হায়ার সেকেণ্ডারি হবে—এটা কারা ঠিক করেন?

Shri Rabindra Lal Sinha : এগুলি স্পনসর্ড স্কুল, সুতরাং শিক্ষা বিভাগের দায়িত্ব আছে কোথায় স্কুল হবে, না হবে সেটা সরকার করেন সি, আই, টি-র সঙ্গে পরামর্শ করে। সি, আই, টি, সাজেস্ট করতে পারেন—তারপরে শিক্ষা ডিরেক্টরেট সেটা বিচার করে নির্ধারণ করেন।

Shrimati Illa Mitra : তাহলে স্কুল পরিচালনার ব্যাপারে সি, আই, টি-ই সর্বময় কর্তা in consultation with Government.

Shri Rabindra Lal Sinha : স্কুল হবার পর পরিচালক সমিতি হয়—স্কুল হবার আগে সি, আ, টি, এবং শিক্ষা ডিরেক্টরেট পরামর্শ করে ঠিক করেন।

Audit Report in respect of the jeep of Murshidabad District School Board

***485.** (Admitted question No. *2304.) **Shri Birendra Narayan Roy :** গত ২৮এ ফেব্রুয়ারি ১৯৬৩ সালের তারকাবিহীন ১৪ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ৮৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী অডিটর উক্ত জীপ সম্পর্কে কি বিষয়ে এবং কখন কিরূপ মন্তব্য করিয়াছিলেন; এবং

(খ) উক্ত আপত্তির (১) আগের তিন বৎসর এবং (২) পরের তিন বৎসর কোন্ বৎসর কত টাকা কি কি বাবদে উক্ত জীপের দরুণ খরচ হইয়াছে?

Shri Rabindra Lal Sinha : (ক) সরকারী অডিটর উক্ত জীপ সম্পর্কে ১৯৬০-৬১ সালে মন্তব্য করিয়াছিলেন যে বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট কর্তৃক বোর্ড অফিসে কাজ করার জন্য তাঁহার জিয়াগঞ্জস্থিত নিজ বাটী হইতে বহরমপুরে যাতায়াতের জন্য জীপ ব্যবহার বিধি বিরুদ্ধ হইয়াছে।

(খ) বোর্ডের জীপ বাবদ মোট খরচের হিসাব নিম্নে প্রদত্ত হইল :

	বৎসর	টাকা
(১)	১৯৫৮-১৯৫৯	৪,১১৮
	১৯৫৯-১৯৬০	৫,৫১৯
	১৯৬০-১৯৬১	৩,৯২০
(২)	১৯৬১-১৯৬২	৬,২৯৬
	১৯৬২-১৯৬৩	৩,৬৬১
	১৯৬৩-১৯৬৪	৪,৪৬১

Shri Birendra Narayan Roy : মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ঐ যে অডিটার আপত্তি করেছিলেন তাতে কত টাকা মিসইউজ হয়েছিল এবং সেই টাকা ফেরত নেবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

Shri Rabindra Lal Sinha : অডিটর বলেছিলেন যে ২,১৮২ টাকা ২৫ পয়সা এটা জীপের পেট্রোল বাবদ ঐ আসা যাওয়ায় গত বছর খরচ হয়েছে এবং আদায় করা সম্বন্ধে আপনি প্রশ্ন করেছেন—তাতে একটা মন্তব্য করেছিলেন অডিটার যে এটা আদায় করে নেওয়া উচিত—কিন্তু আদায় করে নিতে হলে আপনি এই আইনের ৪৭ ধারা দেখুন—গ্রামীন প্রাথমিক শিক্ষা আইনের ৪৭ ধারা অনুসারে অডিটারকে এটা ডিসঅ্যালাউ করতে হবে এবং সার্টিফিকেট ইসু করতে হবে। সার্টিফিকেট তিনি কোন ইসু করেন নি বা স্পেসিফিক্যালি ডিসঅ্যালাউ করেন নি।

[1-50—2 p. m.]

সার্টিফিকেট ইসু করা হোলে ৪৮ ধারায় দেখবেন যার উপর সার্টিফিকেট ইসু করা হবে তার একটা রাইট অফ অ্যাপিল আছে। সার্টিফিকেট ইসু না হলে সে রাইট অফ অ্যাপ্রিল এক্সারসাইজ করতে পারেন না। শুনানী হবার পর যে টাকা ধার্য হয় সে টাকা আদায় করা হয়। তখন আবার অডিটরকে ৪৯ ধারাতে সার্টিফিকেট পাঠাতে হবে কালেক্টারের কাছে। কিন্তু এইরকম কিছু না থাকায় টাকা আদায়ের প্রশ্ন ওঠে না। তাছাড়া মিউনিসিপ্যালিটি, ডিস্ট্রিক্ট বোর্ড স্কুল বোর্ড এর অডিটর অডিটে যে অবজেকসান করেন, অবজেকসান করার পর যে অডিট রিপোর্ট আসে সংশ্লিষ্ট বোর্ড তাঁরা সেই অডিট রিপোর্টের তখন জবাব দেন এবং জবাব দেবার পর অডিটর ফাইনাল ডিসিসান করেন।

Shri Anadi Das : উনি বললেন টাকা রিয়ালাইজ করতে নানারকম প্র্যাকটিক্যাল ডিফিকালটিজ আছে। আপনারা আইন তৈরি ও প্রয়োগ করার কর্তা এইরকমভাবে আইন তৈরি করে রাখলে একজন অন্যায়ভাবে সেটা ব্যবহার করতে পারেন এবং গভর্নমেন্ট কোন প্রতিকার করতে পারেন না—তাহলে এই ব্যবস্থা কেন করে রেখেছেন ?

Shri Rabindra Lal Sinha : আমি বলব It is a matter of opinion.

Shri Birendra Narayan Roy : আপনি বললেন যে ১৯৬০-৬১ সালের খরচের জন্য অডিট অবজেকসান করেছিল। এখানে দেখা যাচ্ছে ১৯৬০-৬১ সালে ৩ হাজার ৯২০ টাকা এবং ১৯৬১-৬২ সালে ৬ হাজার ২৯৬ টাকা খরচ হয়েছিল। এটা কি ঠিক যে ১৯৬২ সালে নির্বাচনের জন্য এই টাকা বেশী খরচ হয়েছিল ?

Shri Rabindra Lal Sinha : ১৯৬০-৬২ সালের খরচ এটা নয়। ১৯৬০-৬১ সালে অডিট এটা ধরেছেন। কিন্তু এটা খরচ হয়েছে ১৯৫৯ সালের এপ্রিল থেকে ১৯৬১ সালের সেপ্টেম্বর পর্যন্ত।

Shri Birendra Narayan Roy : বর্তমান জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদ সহ সমস্ত স্কুলবোর্ডের জীপগুলো বেটার সার্ভিসের জন্য উইথড্র করবেন কিনা?

Shri Rabindra Lal Sinha : এটা মতামতের প্রশ্ন। আমি মনে করি স্কুলবোর্ড জীপ ব্যবহার করেন প্রাইমারী স্কুলের ভাল সুপারভিসানের জন্য।

Shri Birendra Narayan Roy : আপনি কি জানেন যে এই স্কুলবোর্ডের জীপগুলি গরীব শিক্ষকদের ভয় দেখানোর জন্য ব্যবহার করা হয়?

Shri Rabindra Lal Sinha : মুর্শিদাবাদ জেলার স্কুল বোর্ডের অডিট রিপোর্ট নিয়ে এ প্রশ্ন। জেনারেল কোয়েশ্চেন, সুতরাং তা থেকে এ প্রশ্ন আসে না।

Introduction of State buses in some routes by Durgapore State Transport Authorities

***486.** (Admitted question No. *2327.) **Shri Haridas Chakraborty :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ দুর্গাপুর—চিত্তরঞ্জন, দুর্গাপুর—বরাকর, দুর্গাপুর—বাঁকুড়া প্রভৃতি রুটে সরকারী বাস চালু করবার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কি না; এবং

(খ) সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকিলে সেই সিদ্ধান্ত কতদুর কার্যকরী করা হইয়াছে?

Shri Salia Kumar Mukherjee : (ক) দুর্গাপুর—চিত্তরঞ্জন, ও দুর্গাপুর—বরাকর রুটে সরকারী বাস চালু করিবার কোন সিদ্ধান্ত সরকার এখনও গ্রহণ করেন নাই তবে বাঁকুড়া হইয়া দুর্গাপুর আরামবাগ রুটে বর্তমানে সরকারী বাস চলিতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Haridas Chakraborty : দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ-এর বাসরুটগুলি বিভিন্ন রুটে চালু করার জন্য নূতন কতগুলি বাস ১৯৬৫ সালে কেনা হয়েছে?

Shri Salia Kumar Mukherjee : ৬২টি চলছে দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্টে—২৫ খানা ছিল, সেগুলি বাদ দিয়ে ধরা যাবে।

Shri Haridas Chakraborty : দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণের জন্য কতগুলি বাস ১৯৬৫ সালে কিনেছেন?

Shri Saila Kumar Mukherjee : দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণের জন্য ১০০ খানা বাসের পরিকল্পনা ছিল। সেই ১০০ খানা বাস যখন এল তখন প্রথমতঃ সমস্ত রাস্তায় ১০০ খানা বাস চালাবার ব্যবস্থা ছিল না, দ্বিতীয়তঃ বাস গ্যারেজিং মেসিনারী আমাদের সেখানে যে কারখানা তৈরি হয়েছে তার সমস্ত জায়গায় নেই। কিন্তু দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন অটোনমাস করপোরেশন নয়, যেমন নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট করপোরেশান, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করপোরেশান। এটা একটা সরকারী বিভাগ। এদের ৩৬ খানা প্রাইভেট বাস নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট দাম দিয়ে নিয়েছেন ১৮ খানা, ২০ খানা বাস ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট নিয়েছেন। বাকী সবগুলি দুর্গাপুরে চলছে।

Shri Haridas Chakraborty : যে বাস কেনা হয়েছে তার থেকে একটা বড় সংখ্যক বাস নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট'কে দেওয়া হয়েছে এবং ১৮ খানা বাস ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট'কে দিয়েছেন। এই দেবার পেছনে যেখানে দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ-এর দ্বারা চলবার মত যথেষ্ট রুট ছিল যেখান থেকে নানারকম রিপ্রেজেনটেশান এসেছে সেখানে চালু না করে কোলকাতা এবং নর্থ বেঙ্গলে কেন পাঠালেন ?

Shri Saila Kumar Mukherjee : আপনি যা বলছেন তা উল্টো। আমাদের কাছে এসেছে এই রুটে বাস দেবেন না, প্রাইভেট বাস ওনাররা এসেছে, সব জায়গা থেকে আপত্তি পেয়েছি দেবার পক্ষে নয়, নূতন চালু করার পক্ষে। দুর্গাপুর—আসানসোল, দুর্গাপুর নোটিফায়েড এরিয়ায় ৩৬টি, দুর্গাপুর—বর্ধমান ৫টি, দুর্গাপুর—আসানসোল ৬টি, দুর্গাপুর—আসানসোল ভায়া রাণীগঞ্জ ২টি, দুর্গাপুর—রাণীগঞ্জ ৫টি, দুর্গাপুর—বোলপুর ভায়া সিউড়ি ২টি, দুর্গাপুর—আরামবাগ ভায়া বাকুড়া ২টি। সুতরাং আমরা ক্রমাগত এর দীর্ঘমেয়াদী বিস্তৃতি করছি এবং পরীক্ষামূলকভাবে কেমন চলে তা দেখে বাড়াব।

Shri Haridas Chakraborty : প্রাইভেট বাসের মালিকদের রিপ্রেজেনটেশানের ফলে আপনি সেখানকার দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ-এর বাসগুলি সেই সেই রুটে যেরুটে এক্সটেণ্ড করার কথা ছিল দুর্গাপুর—চিত্তরঞ্জন, দুর্গাপুর—বরাকর, দুর্গাপুর—আসানসোল—এই রুটগুলোতে যেহেতু প্রাইভেট বাসের মালিকদের আপত্তি আছে যাতে স্টেট বাস চালু না হয় সেই রিপ্রেজেনটেশানের চাপে আপনাদের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও বাস কিনে সেই বাস আপনারা কোলকাতা এবং নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট'কে পাঠিয়ে দিয়েছেন—এটা সত্য কিনা ?

Shri Saila Kumar Mukherjee : এটা ঠিক বিপরীত অবস্থা আপনি বললেন। আমরা তাদের রিপ্রেজেনটেশান অগ্রাহ্য করেছি এবং আমাদের সাধ্যানুযায়ী যতটা আমরা চালাতে পারবো, যতটা বাস রাখার জায়গা আছে, যতটা গ্যারেজ তৈরী হয়েছে সেই অনুপাতে এবং একটা ডিমাণ্ড ট্রাফিক সার্ভে অনুযায়ী ৭টা নূতন রুটে বাস বাড়িয়ে দিয়েছি এবং এক্সজিসটিং রুটে বাড়িয়েছি। অর্থাৎ ২৫ খানা থেকে এ বছর ৬২ খানা হয়েছে। সুতরাং রিপ্রেজেনটেশানের চাপ কিছু নয়। সুতরাং আপনি সেই প্রাইভেট ওনার্স'দের হয়ে বলছেন সেটা বুঝতে পারা যাচ্ছে।

Shri Haridas Chakraborty : প্রাইভেট বাসের মালিকরা জি, টি, রোডের উপর স্টেট বাস চালু না হয় তারজন্য আপনাদের উপর চাপ সৃষ্টি করেছে। কারণ জি, টি, রোড প্রাইভেট বাসের মালিকদের মুনাফা সবচেয়ে বেশী। আপনারা দুর্গাপুর—আরামবাগ, যে রুটটা ইম্পরট্যান্ট নয়, অথচ যে রুট দুর্গাপুর টু আসানসোল, দুর্গাপুর টু বরাকর, দুর্গাপুর টু চিত্তরঞ্জন যেখানে প্রাইভেট বাসে লোক ঝুলে যায়, দুর্গাপুরের ইস্পাত কারখানায় যাতায়াতের জন্য যেখানে প্রচুর বাসের দরকার সেখানে আপনারা করছেন না। দুর্গাপুর—আসানসোল, দুর্গাপুর—বরাকর এবং দুর্গাপুর—চিত্তরঞ্জন রুটগুলিতে বাসের চাহিদা থাকা সত্ত্বেও প্রাইভেট বাসের চাপে পড়ে আপনারা সেই সেই রুটে বাসগুলি চালু করছেন না কেন ?

Shri Saila Kumar Mukherjee : প্রাইভেট বাস ওনার্স'দের চাপে পড়ে নয়, তাদের বিরোধীতা করে আমরা নূতন রুটে অর্থাৎ দুর্গাপুর—বর্ধমান জি, টি, রোডের উপর দিয়ে, দুর্গাপুর—আসানসোল ৬ খানা জি, টি, রোডের উপর দিয়ে, দুর্গাপুর—রাণীগঞ্জ ভায়া আসানসোল জি, টি, রোডের উপর দিয়ে, দুর্গাপুর—বোলপুর খানিকটা জি, টি, রোডের দিয়ে যায় এবং নূতন দুর্গাপুর—আরামবাগ খোলা হয়েছে।

Shri Haridas Chakraborty : দুর্গাপুর—বরাকর, দুর্গাপুর—চিত্তরঞ্জন-এ কতগুলি স্টেট বাস চালু আছে ?

Shri Saila Kumar Mukherjee : এর উত্তর আগে দিয়েছি। স্টেট বাস সব জায়গায় চলে না।

[2—2-10 p. m.]

Shri Aswani Roy : যে রুটগুলিতে বাস চালু হয়েছে সেখানে ওভারলোডিং আছে এটা জানেন কিনা এবং আসানসোল—রাণীগঞ্জ, দুর্গাপুর—বর্ধমান, সেখানে যে স্টেট বাস চলছে সেই স্টেট বাসের সংখ্যা বাড়ানোর জন্য কোন পরিকল্পনা আছে কিনা টু কম্বাট দি ওভার ক্রাউডিং ?

Shri Saila Kumar Mukherjee : নিশ্চয়ই আছে। আগামী মার্চ মাস থেকে নূতন বাস হবে এবং ওখানে দেখবেন স্টেট ট্রান্সপোর্ট গ্যারেজ, ফ্যাক্টরী, তৈরী হচ্ছে, সেগুলি সম্পূর্ণ হয়নি বলে নূতন বাসগুলিকে ত আর রোদে জলে ফেলে রেখে নষ্ট করতে পারি না।

STARRED QUESTIONS

to which Answers were laid on the Table

Pisciculture Research Centres

***487.** (Admitted question No. *1914.) **Shri Ananga Mohan Das :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোথায় কোথায় মৎস্য গবেষণাগার আছে ;

(খ) উহাদের প্রতিষ্ঠার তারিখ ও মোট নিয়জিত মূলধন কি ; এবং

(গ) কতজন কর্মচারী উহাতে কাজ করেন ?

The Minister for Fishries : (ক) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় জুনপুটে টেকনোলজিকাল রিসার্চ স্টেশন নামে একটি মৎস্য গবেষণাগার আছে।

(খ) ১৯৪৫-৪৬ সালে ৬০,০০০ টাকা মূলধন লইয়া production of shark liver oil, fishmeal, etc. নামক প্রকল্পের প্রধান ঐ রিসার্চ স্টেশন প্রতিষ্ঠিত হয়। পরে নিম্নোক্ত প্রকল্প দুইটির গবেষণা কার্যও উক্ত রিসার্চ স্টেশনে করা হইতেছে। এতৎ সম্পর্কিত তথ্য নীচে দেওয়া হইল :

	প্রকল্পের নাম	প্রতিষ্ঠার সন	মূলধন
১।	Brackish water experimental fish farm	১৯৫৭-৫৮	৫০,০০০ টাকা
২।	Increasing the present rate of production of shark liver oil, fishmeal, etc.	১৯৬২-৬৩	১,৫০,০০০ টাকা

(গ) ২৮ জন।

Number of teachers in primary school in Howrah

***488.** (Admitted question No. *2112.) **Shri Abani Kumar Basu :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বর্তমানে কতজন প্রাইমারী শিক্ষক নিযুক্ত আছেন ;

(খ) কি কি বিষয় বিবেচনা করিয়া হাওড়া জেলার জন্য মোট এই সংখ্যা নির্ধারিত হইয়াছে; এবং

(গ) প্রতি জেলার জন্য প্রাথমিক শিক্ষকের মোট সংখ্যা নিরূপণের কোন নিয়ম আছে কিনা এবং থাকিলে তাহা কি ?

The Minister for Education : (ক) ৩১।৩।৬৫ তারিখে হাওড়া জেলায় প্রাথমিক ও নিম্নবুনিয়াদী বিদ্যালয়ে মোট কর্মরত শিক্ষকের সংখ্যা ৬,৩৬৬ জন ছিল।

(খ) ও (গ) প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নিয়ম নিম্নরূপ:

"প্রথম ১৩৫ জন ছাত্র পর্য্যন্ত সাধারণতঃ তিন জন শিক্ষক এবং তদূর্ধে প্রতি ৪০ জন ছাত্র অথবা উহার অংশের জন্য একজন করিয়া শিক্ষক নিয়োগ করা যায়।"

হাওড়া জেলাতেও উপরোক্ত নিয়মানুসারে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইয়া থাকে।

Introduction of free and compulsory primary education in municipal areas

***489.** (Admitted question No. *2165.) **Shri Shambhu Charan Ghosh :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইন পাশ হওয়ার পর কোন্ কোন্ পৌর এলাকায় প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও অবৈতনিক হিসাবে প্রতিষ্ঠা করা হইয়াছে?

The Minister for Education : ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা আইন বিধিবদ্ধ হওয়ার পর আসানসোল পৌর এলাকায় আবশ্যিক ও অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে।

তৎপূর্বে ১৯১৯ সালের আইন অনুযায়ী খড়দহ ও জঙ্গীপুর পৌর এলাকায় আবশ্যিক ও অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছিল।

Central Model School, Calcutta

***490.** (Admitted question No. *2240.) **Dr. Kanai Lal Bhattacharya :** Will the Hon'ble Minister-in charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the Central Model School, 220/2 Lower Circular Road, Calcutta, received a grant of Rs. 4,000 from Government for purchasing science equipments ;

(b) if so, whether said money was properly utilised and a laboratory for studying science has been built :

(c) if it is a fact that the authorities of the school appoint all teachers on contractual basis : and

(d) whether the account of the said school is regularly audited ?

The Minister for Education : (a) Yes.

(b) Yes. One of the class rooms has been converted into a Science Laboratory.

(c) Teachers are appointed according to rules framed by Managing Committee.

(d) Yes.

Assessment of ratable valuation of properties within Calcutta Corporation area

***491.** (Admitted question No. *2352.) **Shri Aswini Roy**: স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার পৌর এলাকায় সম্পত্তির বার্ষিক মূল্যায়ণ (রেটেবল ভ্যালুয়েশান) হার নির্ধারণের জন্য কমিটি নিয়োগ করিয়াছেন ;

(খ) সত্য হইলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নিযুক্ত ব্যক্তিদের নাম ও যোগ্যতার মান ?

The Minister for Local-Self Government: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Part-time appointment of primary school teachers

***492.** (Admitted question No. *1917) **Shri Ananga Mohan Das**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলায় গত দুই বৎসর যাবত কিছু সংখ্যক প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের শিক্ষক তাহাদের কর্তব্য সময়ের মধ্যে সরকারী তহশীলদার, কন্ট্রোল দোকানের কেরনী এবং গ্রাম্য পোষ্টমাষ্টারের কাজ করেন এবং রেজেস্ট্রী অফিসে দলিল লেখকেরও কাজ কাজ করেন ?

(খ) যদি উহা সত্য হয় তবে সরকার তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিবার মনস্থ করিয়াছেন ?

The Minister for Education: (ক) না। শিক্ষককে স্কুলের কর্তব্য সময়ের মধ্যে অন্য কাজ করতে দেওয়া হয় না।

(খ) এই প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the Table

Modified Ration Shops in Jhargram Block

773. (Admitted question No. 1935.) **Shri Surendra Nath Mahato**: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত অক্টোবর মাসে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল ;

(খ) এই সময় এই ব্লকের জন্য কত গম, চাউল ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণে সরবরাহ করা হইয়াছিল ;

(গ) উক্ত ব্লকের রেশন দোকানগুলি তাহাদের প্রাপ্য কোটা অনুযায়ী চাল, গম ও চিনি সংগ্রহ করিয়াছিল কিনা ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর না হয় তবে কোন্ কোন্ দোকান সংগ্রহ করে নাই এবং তাহার কারণ কি ?

The Minister for Food and Supplies : (ক) ৪০ টি।

(খ) বরাদ্দের পরিমাণ নিম্নরূপ—

চাউল	৪০০ কুইন্টাল
গম	৫২৬ „
চিনি	১১৩ „

বরাদ্দকৃত পরিমাণ সম্পূর্ণই সরবরাহ করা হইয়াছিল।

(গ) সকল এম-আর ডিলার বরাদ্দকৃত পরিমাণ সম্পূর্ণ সংগ্রহ করিয়াছিল।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Jambani Block, Midnapore

774. (Admitted question No. 1940.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জাম্বনী ব্লকে গত অক্টোবর মাসে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল;

(খ) উক্ত মাসে এই ব্লকের জন্য কত চাউল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে ঐ সময় মধ্যে এ দোকানগুলির কোন কোনটি তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাউল, গম ও চিনি তুলিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কোন্ দোকান কি কি জিনিস কত পরিমাণ কম তুলিয়াছে এবং তাহার কারণ কি?

The Minister for Food and Supplies : (ক) ২৬টি।

(খ)

	বরাদ্দের পরিমাণ (কুইন্ট্যালে)
চাউল	১১৫
গম	১৩৫
চিনি	৯০

উক্ত বরাদ্দের সবটাই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Nayagram Block, Midnapore

775. (Admitted question No. 1942.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে গত অক্টোবর মাসে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল;

(খ) এই সময়ে এই ব্লকের জন্য কত চাউল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে এই সময় মধ্যে ঐ দোকানগুলির কোন কোনটি তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ গম, চাউল ও চিনি তুলিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কারণ কি?

The Minister for Food and Supplies :

(ক) ৫টি।

(খ) বরাদ্দের পরিমাণ (কুইন্টালে)

চাউল	—
গম	১০
চিনি	৭

এই বরাদ্দের সমস্তই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shop in Gopiballavpur Block II, Midnapore

776. (Admitted question No. 1943.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ২নং ব্লকে গত অক্টোবর মাসে কতকগুলি রেশন দোকান ছিল :

(খ) এই সময়ে এই ব্লকের জন্য কত চাউল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল ;

(গ) ইহা কি সত্য যে, এই সময়মধ্যে ঐ দোকানগুলির কোন কোন দোকান তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাউল, গম ও চিনি তুলিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে কোন্ কোন্ দোকান কত পরিমাণ জিনিস কম তুলিয়াছে এবং তাহার কারণ কি ?

The Minister for Food and Supplies : (ক) ১৪টি।

(খ) বরাদ্দের পরিমাণ (কুইন্টালে)

চাউল	৩০
গম	২২
চিনি	৫০

এই বরাদ্দের পরিমাণ সমস্তই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Gopiballavpur Block I, Midnapore

777. (Admitted question No. 44.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ১নং ব্লকে গত অক্টোবর মাসে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল ;

(খ) এই সময়ে এই ব্লকের জন্য কত চাল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল ;

(গ) ইহা কি সত্য যে, এই সময় মধ্যে ঐ দোকানগুলির কোন্ কোন্টি দোকান তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাউল, গম ও চিনি তুলিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কোন্ দোকান কত পরিমাণ জিনিস কম তুলিয়াছে এবং কারণ কি?

The Minister for Food and Supplies : (ক) ১২টি।

(খ) বরাদ্দের পরিমাণ নিম্নে প্রদত্ত হইল :

চাউল — ×

গম — ২৬ কুইন্ট্যাল।

চিনি — ৫৭ কুইন্ট্যাল।

বরাদ্দকৃত পরিমাণ সম্পূর্ণই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না, ইহা সত্য নহে।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Sankrail Block, Midnapore

778. (Admitted question No. 1945.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লকে গত অক্টোবর মাসে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল;

(খ) এই সময়ে এই ব্লকের জন্য কত চাউল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, এই সময়মধ্যে ঐ দোকানগুলির কোন কোনটি দোকান তাহাদের প্রাপ্য কোটার কম চাউল, গম ও চিনি তুলিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কোন্ দোকান কত পরিমাণ কম মাল তুলিয়াছে এবং কারণ কি?

The Minister for Food and Supplies : (ক) ১৯টি।

(খ)	বরাদ্দের পরিমাণ (কুইন্ট্যালে)
চাউল	৪৫
গম	১৪৮
চিনি	৬৪

এই বরাদ্দের সমস্তই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Binpur Block I, Midnapore

779. (Admitted question No.1946.) **Shri Surendra Nath Mahata :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর ১নং ব্লকে গত অক্টোবর মাসে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল;

(খ) এই সময় মধ্যে এই ব্লকের জন্য কত চাল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, ঐ কালমধ্যে ঐ দোকানগুলির কোন্ কোন্‌টি দোকান তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাউল, গম ও চিনি তুলিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে কোন্ দোকান কত মাল তুলিয়াছে এবং কারণ কি ?

The Minister for Food and Supplies : (ক) ২৫টি।

(খ) বরাদ্দের পরিমাণ (কুইন্টালে)

চাউল	২৫০
গম	২২৫
চিনি	১০১

এই বরাদ্দের সমস্তই সরবরাহ করা হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Modified Ration Shops in Binpur Block II, Midnapore

780. (Admitted question No. 1947.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানার ২নং ব্লকে গত অক্টোবর মাসে কত মডিফায়েড রেশন দোকান ছিল ;

(খ) এই সময়ে এই ব্লকের জন্য কত চাল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল ;

(গ) ইহা কি সত্য যে, এই সময় মধ্যে এই দোকানগুলির কোন কোনটি দোকান তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাল, গম ও চিনি তুলিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে কোন্ দোকান কত পরিমাণ কম মাল তুলিয়াছে এবং কারণ কি ?

The Minister for Food and Supplies : (ক) ১৯টি।

(খ) বরাদ্দের পরিমাণ (কুইন্টালে)

চাউল	৩০৫
গম	৯০
চিনি	৮০

এই বরাদ্দের সমস্তই সরবরাহ হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Sadi High School and Sadi Senior Basic High School, Midnapore

781. (Admitted question No. 1629.) **Shri Balai Lal Das Mahapatra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার সাদি মৌজার একই কম্পাউণ্ডে সাদি হাই স্কুল ও সাদি সিনিয়ার বেসিক স্কুল দুইটি পাশাপাশি চলিতেছে,

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই বিদ্যালয় দুইটি গত পাঁচ বৎসরে কি কি বাবদ কত টাকা সরকারী সাহায্য পাইয়াছে,

(২) এই দুইটি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যগণের নাম কি,
(৩) এই দুইটি বিদ্যালয়ের শিক্ষকগণের নাম ও শিক্ষাগত যোগ্যতা কি, এবং
(৪) সিনিয়ার বেসিক বিদ্যালয়ের জন্য ফিডার স্কুল হিসাবে পাশাপাশি কতগুলি জুনিয়ার বেসিক বিদ্যালয় রহিয়াছে এবং তাহাদের নাম কি ?

The Minister for Education : (ক) হ্যাঁ।
(খ) (১) একটি তালিকা (১ নং) সংযুক্ত করা হইল।
(২) একটি তালিকা (২ নং) সংযুক্ত করা হইল।
(৩) একটি তালিকা (৩ নং) সংযুক্ত করা হইল।
(৪) রামনগর থানার বিভিন্ন স্থানে চারটি জুনিয়ার বেসিক স্কুল আছে। ইহাদের নাম—
১। খাদান গোবরা জুনিয়ার বেসিক স্কুল।
২। আসনপুর জুনিয়ার বেসিক স্কুল।
৩। তেঘোরী জুনিয়ার বেসিক স্কুল।
৪। যষ্টেঘোরী জুনিয়ার বেসিক স্কুল।
অবশ্য চতুর্থটির কার্য এখনও সুরু হয় নাই।

Statement referred to in reply to clause (kha) (1) of unstarred question No. 781

তালিকা নং ১

সরকারী সাহায্যের হিসাব

(ক) সাদি আর. এন. হাই স্কুল।

	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
	টাঃ	টাঃ	টাঃ	টাঃ	টাঃ
(১) সাধারণ বিভাগের জন্য অনুদান বাবদ (বিদ্যালয়টি ১.১.৬৩ হইতে মঞ্জুরী লাভ করে)	—	—	—	৪,২৬০	৩,০০০
(২) প্রাথমিক শিক্ষকদের ওয়ার্ড-এর বাবদ ...	—	—	—	৮৪,১৫	৪৫
(৩) সরকারী মাগগী ভাতা বাবদ —	—	—	—	১২০	—
(৪) তপশীলী অনুদান বাবদ	—	—	—	৭৩	—
(৫) ছাত্রবৃত্তি বাবদ —	—	—	—	—	১৪৪
(৬) শিক্ষকদের বর্ধিত বেতন বাবদ	—	—	—	১,৬৩১'২৫	—
(৭) রাজনৈতিক নির্যাতিত কর্মীদের পুত্রদের শিক্ষা বাবদ	—	—	—	১৪৪	—

(খ) সাদি সিনিয়ার বেসিক স্কুল

	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
(১) সাধারণ অনুদান বাবদ	—	৪,৭৫০	৭,১২৫	১১,৫৬৪	৮,৬৯৪
(২) গৃহনির্মাণ অনুদান বাবদ	—	২৩,৪৮১			

Statement referred to in reply to clause (kha) (2) of unstarred question No. 781

তালিকা নং ২

ম্যানেজিং কমিটির সদস্যদের নাম

(ক) সাদি আর, এন, হাইস্কুল

১। শ্রীত্রৈলক্যনাথ প্রধান—সভাপতি
২। শ্রীত্রম্ব্যককুমার মিশ্র—সহ-সভাপতি
৩। শ্রীগয়াপ্রসাদ গিরি—সচিব
৪। শ্রীরাধাগোবিন্দ বিশাল—সহ-সচিব ও প্রধান শিক্ষক
৫। শ্রীলক্ষ্মীকান্ত মহাপাত্র—সদস্য
৬। শ্রীবরদামণি দাসী ,,
৭। শ্রীধ্রুব সামন্ত ,,
৮। শ্রীসর্বেশ্বর পানিগ্রাহী ,,
৯। শ্রীপঞ্চানন গিরি ,,
১০। শ্রীনীলকণ্ঠ বেরা ,,
১১। শ্রীরমণীকান্ত দাস ,,
১২। শ্রীঅবিনাশ গিরি ,,

(খ) সাদি সিনিয়ার বেসিক স্কুল

১। শ্রীত্রৈলক্যনাথ প্রধান—সভাপতি
২। শ্রীগয়াপ্রসাদ গিরি—সচিব
৩। শ্রীলক্ষ্মীকান্ত মহাপাত্র—সদস্য
৪। শ্রীবরদামণি দাসী ,
৫। শ্রীসর্বেশ্বর পানিগ্রাহী ,,
৬। শ্রীনরেন্দ্রনাথ ভূঁইয়া ,,
৭। শ্রীপঞ্চানন কর ,,
৮। শ্রীঅবিনাশচন্দ্র গিরি ,,
৯। শ্রীসুশীল পাণ্ডা ,,
১০। শ্রীত্রম্ব্যককুমার মিশ্র ,,
১১। শ্রীঅবিনাশ গিরি—প্রধান শিক্ষক

Statement referred to in reply to clause (kha) (3) of unstarred question No. 781

তালিকা নং ৩

শিক্ষকগণের নাম ও শিক্ষাগত যোগ্যতা

(ক) সাদি আর. এন. হাই স্কুল

১। শ্রীরাধাগোবিন্দ বিশাল—এম এ, বি টি, প্রধান শিক্ষক
২। শ্রীচিন্ময় জানা—বি এ, বি টি, সহকারী শিক্ষক
৩। শ্রীপরিমল গিরি—বি এস সি, বি, টি, ,,
৪। শ্রীঅম্বিকা চরণ পণ্ডা—বি এ, ,,
৫। শ্রীহেমন্ত দাস—বি এস সি, ,,

৬। শ্রীবনবিহারী ভূঁইয়া—বি এ, সহকারী শিক্ষক
৭। শ্রীসুনীল গিরি—বি এ, ,,
৮। শ্রীজগদীশ জানা—বি এ, ,,
৯। শ্রীনীলকণ্ঠ বেরা—আই এ (স্পেশাল) ,,
১০। শ্রীমুরারী মোহন গিরি—কাব্য ব্যাকরণতীর্থ ,,

(খ) সাদি সিনিয়ার বেসিক স্কুল
১। শ্রীঅবিনাশ গিরি—বি এ (অনার্স), পি জি বি টি, প্রধান শিক্ষক
২। শ্রীআব্বাস আলি খাঁ—বি এ, পি জি বি টি, সহকারী শিক্ষক
৩। শ্রীসুশীল পণ্ডা—বি এ, পি জি বি টি, ,,
৪। শ্রীঅমূল্য প্রধান—বি এস সি, পি জি বি টি, ,,
৬। শ্রীসুরপতী ত্রিপাঠি—নন ম্যাট্রিক, কারিগরী শিক্ষক
৬। শ্রীগণেশ গিরি ,, ,,

Direction issued by the S.D.O., Sadar South, Midnapore, regarding distribution of Kerosene oil in Kharagpur

782. (Admitted question No. 1722.) **Shri Narayan Choubey**: Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) whether the Subdivisional Officer (Sadar South), Midnapore, had issued any directions regarding distribution of kerosene oil during the recent crisis of kerosene oil in Kharagpur and oher adjoning areas ; and

(b) if so, what were those direction ?

The Minister for Food and Supplies: (a) Yes.

(b) The following directions were issued by the S.D.O., Sadar South, Midnapore, to all agents and wholesalers of kerosene oil functioning in the Sadar subdivision, Midnapore (South) :

(1) The agents will select their own wholesalers and the wholesalers their own retailers including consumers Co-operative Societies functioning in the area and will forward a list of such wholesalers and retailers to the Subdivisional Officer, District Controller and Subdivisional Controller, Food and Supplies, Midnapore. It should be seen that no retailer of any area is deprived of his quota or a group of retailers get the entire quota at the cost of other retailers.

(2) The agents and wholesalers will submit weekly returns for the week ending Sunday showing opening balance, receipt (with details), sales (wholesaler/dealerwise) and closing balance to the officers noted above on the following Monday.

(3) The agents and wholesalers will not transfer any stock of kerosene oil from one subdivision to another without obtaining prior permission from the District Magistrate or the District Controller, as the case may be.

(4) The agents and wholesalers will keep a reserve stock of 20 per cent. (twenty per cent.) to meet the requirement of priority consumers, e.g., hospitals, jails, Police, Electrical Department. Institutions, Government or semi-Government bodies, etc , and will sell kerosene oil to priority consumers, subject to the approval of the S.D.O.s; concerned.

(5) The agents and wholesalers will charge prices of kerosene oil as was prevalent before 15th May 1965 and will issue Cash Memo/Credit Memo. against each transaction and will maintain a duplicate copy of the same for inspection by officer under S.D.O./S.C.F. & S./D.C.F. & S., Midnapore, and other Police Officials of the district.

(6) The wholesalers selling kerosene oil to relailers including Consumers' Co-operative Stores will obtain an undertaking from such purchasers to the following effect :

I, Shri ...., a retailer of kerosene oil, having business premises at .... police-station ....do hereby declare that I shall sell kerosene oil at the rate as was prevalent before 15th May 1965 to the consumer against ration card at the rate of 4 (four) bottles of 22 oz., each in the maximum per week per card against permits from the office of the S.C.F. & S , Midnapore/Anchal Pradhan where no cards are available and will keep accounts of such sales".

Verification of antecedents of Government employees

783. (Admitted question No. 1723.) **Shri Narayan Choubey :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) whether it is a fact that police enquiry is conducted regarding the antecedents of a Government employee, on his getting appointment ;

(b) if so, what are the points of reference of such enquiries ;

(c) officers of what category generally conduct such enquiry ; and

(d) how many Government servants have lost services as a result of such enquiry in the years 1964 and 1965 (up to date) ?

The Minister for Home (Political)**:** *(a) Character and antecedents* of a candidate for Government service are verified before his appointment.

(b) (i) Previous conviction of criminal offence or offence involving moral terpitude.

(ii) Dismissal or removel from Government service.

(iii) Association with subversive activities.

(c) Enquiry is conducted by the police under the supervision of an officer of gazetted rank.

(d) As the character and antecedents of prospective candidates for Government service are varified before appointment, the question of loss of service does not arise.

Supply of sugar in Bankura Sadar Subdivision

784. (Admitted question No. 1728.) **Shri Radhika Dhibar :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সদর মহকুমায় কোন কার্ড না দিয়েই প্রতি লোক ইচ্ছামত চিনি সরবরাহ পাইয়া থাকেন এবং বিষ্ণুপুর মহকুমায় কার্ডে ইউনিট হিসাবে চিনি দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Food and Supplies : (ক) ইহা সত্য নহে। বিষ্ণুপুর মহকুমার মত বাঁকুড়া সদর মহকুমাতেও কার্ডে ইউনিট হিসাবে চিনি দেওয়া হয়। তবে অবস্থাবিশেষে সাময়িকভাবে পারমিটের ব্যবস্থাও কোন কোন ক্ষেত্রে করা হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

Pay-scales of the Pharmacists

785. (Admitted question No. 1925.) **Shri Anadi Das :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্য বিভাগের অধীন কম্পাউণ্ডারদের জন্য কি কি গ্রেড আছে এবং কি কি যোগ্যতা থাকিলে এই গ্রেডসমূহ দেওয়া হয়;

(খ) জেল বিভাগের অধীন কম্পাউণ্ডারদের জন্যও একই গ্রেড চালু আছে কিনা;

(গ) যদি না থাকে, তবে কারণ কি; এবং

(ঘ) জেল হাসপাতালের কম্পাউণ্ডারগণ স্বাস্থ্য বিভাগের অধীন কিনা?

The Minister for Health : (ক) স্বাস্থ্য বিভাগের অধীন কম্পাউণ্ডারদের জন্য নিম্নলিখিত গ্রেডসমূহ চালু আছে :—

(১) গ্রেড—III—টা: ১২৫—৩—১৪০—৪—২০০

(২) গ্রেড—II—টা: ১৫০—৫—২৫০

(৩) গ্রেড—I—টা: ২০০—১০—৪০০

বিভিন্ন গ্রেডগুলির জন্য যে যোগ্যতা নির্দিষ্ট আছে তাহা নিম্নরূপ : -

(১) গ্রেড - III—রেজিষ্টার্ড ফার্মাসিষ্ট।

(২) গ্রেড II—ফার্মাসীতে ডিপ্লোমা ও অন্যূন ৩ বৎসরের অভিজ্ঞতা।

(৩) গ্রেড—I—গ্রেড—IIতে অন্যূন ৫ বৎসরের অভিজ্ঞতা।

(খ) না, জেল বিভাগের অধীন কম্পাউণ্ডারগণ কেবলমাত্র গ্রেড—III এর বেতনক্রম পাইয়া থাকেন।

(গ) জেল বিভাগের অধীনে কম্পাউণ্ডার পদে নিযুক্ত হইবার নিম্নতম যোগ্যতা স্বাস্থ্য বিভাগের গ্রেড –IOI কম্পাউণ্ডারের সমতুল্য। সেইজন্য জেল বিভাগের অধীন কম্পাউণ্ডারদিগকে স্বাস্থ্য বিভাগের গ্রেড—III কম্পাউণ্ডারদের অনুরূপ বেতনক্রম দেওয়া হয়।

(ঘ) না।

Government godowns for storing rice and paddy in Midnapore district

786. (Admitted question No. 1975.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চাউল ও ধান রাখিবার জন্য মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় রাজ্য সরকারের হাতে কতগুলি গুদাম রহিয়াছে ; এবং

(খ) তমলুক মহকুমার কোন্ কোন্ থানার কোন্ কোন্ স্থানে উহা রহিয়াছে এবং তাহাদের প্রত্যেকটিতে কি পরিমাণ চাউল বা ধান রাখার ব্যবস্থা আছে ?

The Minister for Food and Suppliss :

			সংখ্যা
(ক)	মেদিনীপুর সদর (উত্তর)	...	২৭
	মেদিনীপুর সদর (দক্ষিণ)	...	৩০
	তমলুক	...	২৩
	কাঁথি	...	৩১
	ঝাড়গ্রাম	...	৩০
	ঘাটাল	...	১৯
	মোট	...	১৬০

(খ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 786

তমলুক মহকুমার সরকারের নিজস্ব এবং সরকার নিযুক্ত এজেন্টগণের গুদামের বিস্তারিত বিবরণ

ক্রমিক নং	থানা	যে যে কেন্দ্রে গুদাম অবস্থিত	গুদামের সংখ্যা	গুদামগুলির মোট চাউল সংরক্ষণ ক্ষমতা (মেট্রিক টনে)
১	পাঁশকুড়া	কোলাঘাট	২	১,২১৮
	,,	পাঁশকুড়া	৩	৩০০
২	তমলুক	তমলুক	২	৩১৩
৩	সুতাহাটা	কুঁকড়াহাটি	১	৬০৯
	,,	বালুঘাটা	৩	৮০৯
৪	নন্দীগ্রাম	তেরোপাখিয়া	৩	১,২১৮
	,,	তেখালিবাজার	১	১০০
	,,	নন্দীগ্রাম	২	২০০
৫	মহিষাদল	গেঁওয়াখালি	৩	১,৩১৮
	,,	হরিখালি	১	১০০
৬	ময়না	শ্রীরামপুর	১	১০০
	,,	ময়না	১	১০০
		মোট	২৩টি	৬,৪৩৫

Test Relief Schemes for Moyna police-station, Midnapore

787. (Admitted question No. 1978.) **Shri Ananga Mohan Das** : ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার বিভিন্ন অঞ্চলে পঞ্চায়েতগুলি গত ১৯৬৪-৬৫ সালে টেস্ট রিলিফের জন্য কতগুলি প্রকল্প পাঠাইয়াছিল ;

(খ) উহাদের মধ্যে কোন্‌টির জন্য কত অর্থ বরাদ্দ ছিল এবং কোন্‌টি মঞ্জুর হইয়াছিল ; এবং

(গ) কোন্‌ কোন্‌টার কাজ কবে আরম্ভ হয় এবং কত পরিমাণ অর্থ প্রত্যেকটিতে ব্যয় হইয়াছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) ১৯টি।

(খ) ও (গ) : একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 787

ক্রমিক নং	অঞ্চল নং	প্রকল্পের নাম	বরাদ্দ অর্থের পরিমাণ (টাকা)	মঞ্জুর হইয়াছে কি না	কাজ হইলে কাজ আরম্ভ হইবার তারিখ	ব্যয়িত অর্থের পরিমাণ (টাকা)
১	১নং	পশ্চিম-দক্ষিণ ময়না ও দক্ষিণ ময়না খাল সংস্কার	৬,৮২০	হাঁ	১৩।৫।৬৪	৬,৭৩৫·০০
২	২নং	চোংরা-নিমতলা খাল সংস্কার	৩,৫৯৬	হাঁ	৬।৫।৬৪	৩,৫৯৫·৮৩
৩	ঐ	পূর্ব দোবান্দি বাঁধ সংস্কার	৫,২২৭	হাঁ	কাজ আরম্ভ হয় নাই	—
৪	ঐ	তিলখোজা-হাসনা খাল স স্কার	৯,১২৪	না	—	—
৫	৩নং	উত্তর শ্রীকান্ত কালীতলা-উত্তমপুর উত্তর-পশ্চিম সীমাস্থ বাঁধ সংস্কার	৩,৬১৮	হাঁ	৯।৫।৬৪	৩,৬১৮·০০
৬	৪নং	বসন্তচক-বিষ্ণুমিশ্রচক গ্রাম্য রাস্তা সংস্কার	৩,৫১৮	হাঁ	১৩।৪।৬৪	৩,৫১৮·০০
৭	ঐ	জায়গীরচক-কানচিরচক গ্রাম্য রাস্তা সংস্কার	৪,৮৩৬	হাঁ	কাজ হয় নাই	—
৮	৫নং	গৌরাঙ্গচক পশ্চিম ও উত্তরদিকের রাস্তা সংস্কার	২,৮৯৫	হাঁ	৮।৫।৬৪	১,৩২৮·৬৫
৯	৬নং	রামচক উত্তর ভেড়ি বাঁধ, দোনাচক পুর্ব ও পশ্চিম ভেরি বাঁধ এবং দক্ষিণ চংরাচক ভেড়ি বাঁধ সংস্কার	৪,৪২৬	হাঁ	১।৬.৬৪	৪,৪২৬·০০
১০	ঐ	দোনাচক রিজার্ভ ট্যাঙ্ক সংস্কার	৩,৮৩১	হাঁ	কাজ হয় নাই	—
১১	৭নং	পীরাচক পুষ্করিণী সংস্কার	২,২৩২	হাঁ	১৪।৫।৬৪	২,২৩২,০০
১২	ঐ	গাজীনা মধ্য খাল সংস্কার	৮,৯০০	না	—	—
১৩	ঐ	কিয়ারানা মধ্য খাল সংস্কার	৫,৬০০	না	—	—
১৪	৮নং	আরং কিয়ারানা গ্রাম হইতে ইসলামচক করের ফেরীঘাট পর্যন্ত রাস্তা সংস্কার	৬,০০০	হাঁ	১১।৫।৬৪	৫,৯৯৫·০০
১৫	ঐ	ময়না যোগদা সৎসংগ ব্রহ্মচর্য্য বিদ্যালয়ের খেলার মাঠ সংস্কার	৩,০২০	হাঁ	১০।৬।৬৪	৩,০২০·০০
১৬	৮নং	বগাছায় হেম বর্মণের দোকান হইতে গোবরাধনের কেশব জানার দোকান পর্যন্ত রাস্তা সংস্কার	৬,৫৪৭	হাঁ	কাজ হয় নাই	—
১৭	৯নং	চিরঞ্জীবপুর ভেড়ি বাঁধ মেরামত	৬,০০০	হাঁ	৫।৫।৬৪	৫,৯৮২·০০
১৮	ঐ	গিরিধরধারী খাল সংস্কার	১০,০০০	না	—	—
১৯	ঐ	দেউলি লালুগেরিয়া বাঁধ	৯,৯৮৫	না	—	—

Movement of Cattle in Calcutta

788. (Admitted question No. 2115.) **Shri Aswini Roy :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার রাজপথে গবাদি পশুর চলাচলের সময় সীমা হ্রাসের কোনও সিদ্ধান্ত হইয়াছে কি না ; এবং

(খ) সিদ্ধান্ত হইয়া থাকিলে তাহা কি ?

The Minister for Home (Police) : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Distribution of Gratuitous Relief in Nadia district

789. (Admitted question No. 2202.) **Shri Kanai Paul :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র নদিয়া জেলার খয়রাতি সাহায্য বিলির উদ্দেশ্যে বিগত দেড় বৎসর যাবৎ নদিয়া জেলাশাসক মহাশয় সরকারী সিদ্ধান্তমত প্রস্তুত অগ্রাধিকার তালিকা অনুযায়ী যত ইউনিটের জন্য যে মাসে যত টাকা সরকারের কাছ থেকে চেয়েছেন সরকার সেই মাসে তত টাকা সরবরাহ করেছেন কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয় যথাযথভাবে সরবরাহ না করার কারণ কি , এবং

(গ) গত দেড় বৎসর যাবৎ নদীয়া জেলাশাসক সরকারী সিদ্ধান্তমত প্রস্তুত অগ্রাধিকার তালিকার ভিত্তিতে সমগ্র নদীয়া জেলার জন্য কোন্ মাসে কত টাকা খয়রাতি সাহায্যের উদ্দেশ্যে চেয়েছেন এবং সরকার কোন্ মাসে কত টাকা সরবরাহ করেছেন তার মাস ভিত্তিক হিসাব কি ?

The Minister for Relief and Social Welfare : (ক), (খ) ও (গ) খয়রাতি সাহায্যের জন্য জেলাশাসকের অর্থ বরাদ্দের প্রস্তাব তাঁহার নিকট হইতে প্রাপ্ত অন্যান্য তথ্যাদির ভিত্তিতে পরীক্ষা করিয়া সকল ক্ষেত্রে জেলাশাসকের প্রস্তাব মত অর্থ মঞ্জুর করা সম্ভব হয় না। তবে খয়রাতি সাহায্যের জন্য অর্থের প্রয়োজন হইলে যে কোন সময়ে অর্থ বরাদ্দের প্রস্তাব পাঠাইবার জন্য জেলাশাসকে নির্দেশ দেওয়া আছে। ১৯৬৪ সালের জুন মাস হইতে ১৯৬৫ সালের নভেম্বর মাস পর্যন্ত সময়ে, বিভিন্ন মাসে নদিয়া জেলাশাসক খয়রাতি সাহায্যের জন্য যে পরিমাণ অর্থ তাঁহাকে বরাদ্দ করা হইয়াছে তাহা এতদ্সহ বিবরণীতে দেখান হইল।

Statement referred to in reply to unstarred question No. 789

Month and Year	Allotment asked for		Allotment received	
	In cash	In kind, i. e., in wheat Qtls.	In cash	In kind, i. e., in wheat Qtls.
June '64	—	1,500	—	1,500
July '64	—	2'240	—	2,000
August '64	68,5000	3,360	68,5000	2,900
September '64	—	4,480	—	1,600

Month and Year	Allotment asked for		Allotment received	
	In cash	In kind, i. e., in wheat Qtls.	In cash	In kind, i. e., in wheat Qtls.
October '64	—	3,583	1,65,000	1,600
November '64	—	3,698	—	1,400
December '64	—	3,921	8,000	1 160
January '65	—	3,250	50,000	—
February '65	—	2,924	40,000	—
March '65	—	3,069	40,000	—
April '65	1,55,392	—	60.000	—
May '65	1,55,864	—	80,000	—
June '65	2,17,386	—	16,000	2,000
July '65	2,18,608	—	2,00,000	—
August '65	2,37,090	—	2,00,000	—
September '65	2,57,200	—	2,50,000	—
October '65	2,74,490	—	2,00,000	—
November '65	2,87,412	—	1,00,000	—

Distribution of gratuitous relief in Ranaghat subdivision

790. (Admitted question No. 2203.) **Shri Kanai Paul :** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সমগ্র রাণাঘাট মহকুমায় খয়রাতি সাহায্য বিলির উদ্দেশ্যে বিগত দেড় বৎসর যাবৎ রাণাঘাট মহকুমা শাসকমহাশয় সরকারী সিদ্ধান্তমত প্রস্তুত অগ্রাধিকার তালিকা অনুযায়ী যত ইউনিটের জন্য যে মাসে যত টাকা সরকারের কাছ থেকে চেয়েছেন সরকার সেই মাসে তত টাকা সরবরাহ করেছেন কি ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'না' হয়, সরবরাহ না করার কারণ কি ; এবং

(গ) গত দেড় বৎসর যাবৎ রাণাঘাট মহকুমাশাসক সরকারী সিদ্ধান্তমত প্রস্তুত অগ্রাধিকার তালিকার ভিত্তিতে সমগ্র রাণাঘাট মহকুমার জন্য কোন্ মাসে কত টাকা খয়রাতি সাহায্যের উদ্দেশ্যে চেয়েছেন এবং সরকার কোন্ মাসে কত টাকা সরবরাহ করেছেন তার মাসভিত্তিক হিসাব কি ?

The Minister for Relief Social Welfare : (ক), (খ) ও (গ) খয়রাতি সাহায্য বিতরণের জন্য মহকুমা শাসকদিগকে প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট জেলাশাসক কর্তৃক সরকার হইতে এই উদ্দেশ্যে মঞ্জুরীকৃত অর্থ হইতে বরাদ্দ করা হইয়া থাকে। খয়রাতি সাহায্য বাবদ জেলাশাসকের অর্থ বরাদ্দের প্রস্তাব তাঁহার নিকট হইতে প্রাপ্ত অন্যান্য তথ্যাদির ভিত্তিতে পরীক্ষা করিয়া সকল ক্ষেত্রে জেলাশাসকের প্রস্তাবমত অর্থ সরকার কর্তৃক মঞ্জুর করা সম্ভব হয় না। এমতাবস্থায় জেলাশাসক ও মহকুমাশাসকের প্রস্তাবমত অর্থ বরাদ্দ করিতে পারেন না। ১৯৬৪ সালের জুন মাস হইতে নভেম্বর ১৯৬৫ পর্যন্ত সময়ে প্রতি মাসে রাণাঘাট মহকুমাশাসক নদীয়া জেলাশাসকের নিকট হইতে খয়রাতি সাহায্য খাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ চাহিয়াছেন এবং নদীয়া জেলাশাসক মহকুমাশাসকে যে পরিমাণ অর্থ মঞ্জুর করিয়াছেন তাহা এতদ্সহ উপস্থাপিত বিবরণীতে দেখান হইল।

Statement referred to in reply to unstarred question No. 790.

Month	Indented		Received	
	Cash	Kinds	Cash	Kinds
June '64	—	600Q	—	600Q
July '64	—	1,440Q	—	1,400Q
Aug. '64	—	1,440Q	—	1,160Q
Sept. '64	—	1,600Q	27,400	—
Oct. '64	—	1,600Q	66,000	—
Nov. '64	82,400	1,648Q	—	625Q
Dec. '64	83,528	1,670Q	3,275	—
Jan. '65	49,992	999.84Q	15,385	—
Feb. '65	66,158	1,422.32Q	18,310	—
Mar. '65	7,116	1,323.16Q	18,182	—
April '65	71,116	1,422.32Q	29,000	—
May '65	71,116	1,522.32Q	36,511	—
June '65	24,556	491.12Q	1,808	—
July '65	25,322	506.44Q	23,168	—
Aug. '65	25.166	503.02Q	21,232	—
Sept. '65	26,571	531.56Q	25,000	—
Oct. '65	29146	582.92Q	20,708	—
Nov. '65	33.236	664.72Q	12,900	—

Recipient of old age pension in Nadia district

791. (Admitted question No. 2204.) **Shri Kanai Lal Paul :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) নদিয়া জেলায় কোন্ কোন্ থানায় বর্তমানে কতজন কি হারে বার্ধক্যভাতা পাচ্ছেন; এবং

(খ) নদিয়া জেলায় কোন্ থানায় আরও কতজনের বার্ধক্য ভাতার আবেদন সরকারের বিবেচনাধীন আছে?

The Minister for Relief and Social Welfare : (ক) ও (খ) বার্ধক্যভাতার হার মাথাপিছু মাসিক কুড়ি (২০) টাকা। নদীয়া জেলার বিভিন্ন থানায় বার্ধক্যভাতা প্রাপকের বর্তমান সংখ্যা ও উক্ত ভাতার জন্য বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

থানার নাম	বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা	বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা
কোতয়ালী	১৪	৪২
কালীগঞ্জ	২	১
কৃষ্ণগঞ্জ	১	১১
নবদ্বীপ	১২	২১
চাপড়া	২২	২৭
নাকাশিপাড়া	১	—
রাণাঘাট	৬	১৭
শান্তিপুর	২	১২
চাকদহ	৫	৬
তেহট্ট	—	২
করিমপুর	—	১
হাঁসখালি	—	৬
মোট	৬৫	১৪৬

Langalhata Beel Drainage Scheme

792. (Admitted question No. 2264.) **Dr. Radha Nath Chattoraj:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীমের কাজ কতদুর অগ্রসর হইয়াছে;

(খ) ঐ কাজের ফলে কি পরিমাণ জলমগ্ন জমি এ পর্যন্ত উদ্ধার হইয়াছে;

(গ) এখনও কত পরিমাণ জমি বর্ষার পর জলমগ্ন হইয়া থাকে;

(ঘ) ইহা কি সত্য যে উক্ত স্কীমের কাজ শেষ হইলে ঐ এলাকায় সমস্ত জমিই জলমগ্ন হইতে উদ্ধার পাইবে; এবং

(ঙ) সত্য হইলে, উক্ত কাজ কতদিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways: (ক) লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীমের প্রথম পর্যায়ের কার্য সম্পন্ন হইয়াছে। উক্ত পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের কার্য আংশিকভাবে শেষ হইয়াছে।

(খ) প্রায় ২,১০০ একর।

(গ) প্রায় ৫০০ একর।

(ঘ) হ্যাঁ, তবে রবি ও বোরো চাষের সুবিধার জন্য লাঙ্গলহাটা বিলের গভীরতম এলাকায় কিছু জল ধরিয়া রাখা হইবে।

(ঙ) ইহা সঠিক বলা সম্ভব নহে, কারণ দ্বিতীয় পর্যায়ের অসম্পূর্ণ অংশ কার্যকরী করার বিষয় এখনও বিশেষজ্ঞের বিবেচনাধীন রহিয়াছে।

Provident Fund Money of the employees of the Berhampore Municipality

793. (Admitted question No. 2298.) **Shri Sanat Kumar Raha:** স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভার শ্রমিক ও কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড বাবত দেয় অর্থ পৌরসভার কর্তৃপক্ষ গত একবৎসর নিয়মিত জমা রাখিতেছেন কিনা; এবং

(খ) যদি না জমা দেওয়া হইয়া থাকে তবে কেন জমা দেওয়া হয় নাই?

The Minister for Local Self-Government: (ক) না।

(খ) পৌরসভার অর্থাভাব হেতু।

Construction of a subway near Railway Station

794. (Admitted question No. 2358.) **Shri Gopal Basu:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নৈহাটি জংশন স্টেশনের নিকটে একটি সাবওয়ে তৈরি করার বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার রেলওয়ে বোর্ডের সাথে গত তিন বৎসরের মধ্যে কোন কথাবার্তা চালাইয়াছেন কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সাবওয়ে তৈরি করা সম্পর্কে কতটা অগ্রগতি হইয়াছে, এবং

(২) কি নাগাদ তার কাজ শুরু হওয়া সম্ভব?

The Minister for Home (Transport): (ক) নৈহাটি জংশন স্টেশনের নিকটে সাবওয়ে তৈরি করার কোন প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক রেলওয়ে বোর্ডের নিকটে পাঠানো হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Distribution of gratuitous relief in Nadia district

795. (Admitted question No. 2373.) **Shri Kanai Pal :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার মৎস্যজীবীদের জন্য ১৯৬০ সাল থেকে আজ পর্যন্ত কোন খয়রাতি টাকা দেওয়া হয়েছে কিনা ; এবং

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর হাঁা হয়, তবে থানাওয়ারী তাদের নাম ও সাহায্যের পরিমাণ ?

The Minister for Relief and Social Welfare : (ক) ও (খ) মৎস্যজীবীদের জন্য বিশেষ কোন খয়রাতি সাহায্য দিবার ব্যবস্থা নাই। সাধারণভাবে সহায়-সম্বলহীন দুঃস্থ ব্যক্তিদিগকে যে খয়রাতি সাহায্য দেওয়া হয় তাহাতে কতজন মৎস্যজীবী উপকৃত হইয়াছেন তাহা বলা সম্ভব নহে।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

[2—2-10 p. m.]

Mr. Chairman : The Minister-in-charge of Refugee, Relief and Rehabilitation Department will please make a statement on the subject of mass scale desertion of East Pakistan refugees from Maharastra now staying at Howrah Station and road-side railway stations—Called attention by Shri Gopal Banerjee on the 15th December, 1965.

Shrimati Abha Maiti : The State Government is aware of desertions from Maharastra camps. 1,362 persons from Chanda and Babupeth and 245 persons from Bhadrabati camps have reached Howrah Station till 17th December, 1965. At the moment none of them continues to stay in Howrah Station. They have dispersed to different destinations and the State Government has no further information about their whereabouts. Some responsible officers of my Department have been directed to proceed to every district to have the information about the whereabouts of the deserters.

The new influx starting from 1st January, 1964 has created special problem. The Government of India has undertaken the responsibility of rehabilitating only those among the new migrants who wish to settle outside West Bengal. Pursuant to this, the State Government's responsibility has been to arrange for their reception at border check points and dispersal to Mana wherefrom the Government of India has been settling them in Dandakaranya area and in other States. The State Government has no say in the matter.

Interested in the welfare of the new migrants, the State Government has requested the Government of India to enquire and let the State Government know why they are deserting in such large numbers. Such information has not yet been made available to the State Government yet.

Shri Gour Chandra Kundu : মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা জানাবেন এই সমস্ত রিফিউজী যারা মহারাষ্ট্র থেকে চলে এসেছে, আমাদের জেলাতে বহু লোক আশ্রয় নিয়েছে, তারা যদি মানা ক্যাম্পে যেতে চায় বা দণ্ডকারণ্যে যেতে চায় তাহলে কি তাদের সেই সুযোগ দেওয়া হবে ?

Shrimati Abha Maiti : যদি তারা ফিরে যান নিশ্চয়ই গভর্নমেন্ট অব ইণ্ডিয়াকে বলে পাঠাবার ব্যবস্থা করার চেষ্টা করা যাবে।

Shri Gour Chandra Kundu : আমি বলছি মানা ক্যাম্প কিম্বা দণ্ডকারণ্য ক্যাম্পে যদি তারা যেতে চায় তাহলে তাদের সেই সুযোগ দেওয়া হবে কিনা ?

Shrimati Abha Maiti : আমি গভর্নমেন্ট অব ইণ্ডিয়াকে বলবো ফিরিয়ে নিয়ে যেতে, কিন্তু কোন্ জায়গায় নিয়ে যাবে সেটা বলতে পারবো না।

Shri Nani Bhattacharjee : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি কিছু ক্ল্যারিফিকেশন চাইছি। চণ্ড এবং ভদ্রাবতি ক্যাম্প থেকে যারা এসেছে প্রধানতঃ তাদের সম্বন্ধেই স্টেটমেন্ট দিলেন। তাছাড়া যেমন ধরুন মহারাষ্ট্রের ভাণ্ডারা বিরোসী ক্যাম্প থেকে ৬৭টি পরিবার এখানে এসেছে......

Shrimati Abha Maiti : এরা কোন্ ক্যাম্প থেকে এসেছে সঠিক সেটা বলতে পারছি না, মোটামুটি তারা বলেছে যে মহারাষ্ট্র থেকে এসেছি। ওখানে ছোট ছোট বহু ক্যাম্প হয়েছিল আশেপাশে, সেই সমস্ত ক্যাম্পের একটা ক্যাটিগোরির মধ্যে হচ্ছে ভদ্রাবতি। কোনটাকে ভদ্রাবতি ক্যাম্প বা অন্যান্য ক্যাম্প, আপনি যেসব কথা বলছেন সেই সবের লিষ্ট আমার কাছে আছে।

Shri Nani Bhattacharjee : এই প্রসংগে আমি একটা কথা জিজ্ঞাসা করছি সেটা হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয়া বললেন যে স্টেট গভর্নমেন্টের এই ব্যাপারে কিছু করণীয় নেই। কিন্তু হাওড়া স্টেশনের সংলগ্ন যে ট্রাম গুমটি সেই গুমটিতে ঐ ৬৭টি পরিবার, এখনও প্রায় ৫/৭ শত লোক পড়ে আছে। তাদের অন্ততঃ সাময়িক আশ্রয় এবং ডোল দেবার ব্যবস্থা—কিছুক্ষণ আগে বললেন যে কেন্দ্রীয় সরকারের সংগে তাঁদের করেসপনডেন্স হচ্ছে, সেই করেসপনডেন্স চলাকালীন তাদের আশ্রয় শিবিরে পাকাপাকিভাবে নিয়ে যাবার আগে পর্যন্ত আমার অনুরোধ আপনার কাছে এই সমস্ত উদ্বাস্তুদের জন্য সাময়িক আশ্রয় এবং রিলিফের ব্যবস্থা এই সরকারের তরফ থেকে করা হোক এবং মন্ত্রিমহাশয়া আমাদের এই সম্বন্ধে কিছু আশ্বাস দেন, সেই সম্বন্ধে কিছু বলুন।

Shri Ardhendu Shekhar Naskar : Sir, with regard to the Calling Attention Notice of Shri Aswini Roy and others on the subject of closure of husking machines in the district of Burdwan, I would make the following statement :

It has been reported that the closure of the husking mills has been made in the interest of procurement, and care has been taken to keep at least one husking mill running for each Anchal. No report of any stoppage of payment of wage in kind (rice) affecting hervesting has been received.

Shri Rabindralal Sinha : With regard to the Calling Attention Notice of Dr. A. M. O. Ghani on the subject of reported letter of

Shri M. C. Chagla, Union Education Minister, regarding legislation on University, I would make the following statement :

Shri M. C. Chagla, Union Minister for Education, has made a suggestion to the Chief Minister that no legislation affecting Universities should be passed without consulting the Union Ministry of Education and the University Grants Commission. Education, including Universities, is a State responsibility under entry No. 11, list No. 2 of the 7th schedule of the Constitution of India, and Shri M. C, Chagla has already appreciated this position. The State Legislature has full constitutional competence to consider and pass legislation with regard to State Universities.

[2-10—2-20 p m.]

Shrimati Ila Mitra : স্যার, আমার একটা ক্লারিফিকেসন আছে। আমি সর্বপ্রথমে বুঝতে পারি নি এখন বুঝলাম যে সব স্টেটমেন্টটা চাগলার নয়, চাগলার কিছুটা আর কিছুটা আপনি বলছেন। দুটো এক সঙ্গে করে জড়িয়ে দিয়েছেন। চাগলা বলেছেন যে ইউনিয়ন মিনিস্ট্রী এবং ইউ-জি-সি-র সঙ্গে পরামর্শ না করে ইউনিভারসিটি সংক্রান্ত কোন বিল যেন পাশ না করা হয়। এ সম্পর্কে আমরা সেই সময় বলেছিলাম যে আপাততঃ কিছুদিন এটা স্থগিত রাখা হোক।

Mr. Ghairman : আপনি কি ক্লারিফিকেসন চান ?

Shrimati Ila Mitra : তাহলে কি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর অনুরোধ বা নির্দেশ যাই হোক না কেন সেটা কি আমাদের স্টেট গভর্নমেন্ট শুনবেন না ?

Mr. Chairman : The Minister has already stated that the State Lagislature is competent enough to take necessary steps in the matter of passing of the Bill.

Shrimati Ila Mitra : সেটা তো কনষ্টিটিউসনের কথা বললেন। সেটা জানা সত্ত্বেও চাগলা নির্দেশ দিয়েছেন—বিশেষ কারণে এবং সেই বিশেষ কারণটা আমি বলছি না এই আইনসভায়—আপনি হয়তো বলবেন এখুনি যে বক্তৃতা দিচ্ছেন, তা সত্ত্বেও কিছুদিন এটা স্থগিত রাখা হলো না কেন সেটা আপনার কাছে জিজ্ঞাসা করছি।

Shri Shom Nath Lahiri : প্রশ্নটা হচ্ছে এই যে, মিঃ চাগলা যে সুপারিশ করেছেন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পরে যা বলা হলো তার মানে কি এই যে মিঃ চাগলার সুপারিশকে তাঁরা অগ্রাহ্য করেছেন ?

Shri Prafulla Chandra Sen : এর মানে কি, মাননীয় সদস্য তা বুঝে নিতে পারেন। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর স্টেটমেন্ট করেছেন, মানে কি সেটা আপনারা বুঝে নিতে পারেন।

Shri Shom Nath Lahiri : মিঃ চেয়ারম্যান, স্যার, মানে বুঝে নিতে পারি এটা বলবার জন্য মুখ্যমন্ত্রীর ওঠার কোন প্রয়োজন ছিল না। এটা পরিষ্কার করবার জন্য হাউসের কাছে আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে এর মানে কি এই যে ক্যাবিনেট বা পশ্চিম বাংলার শিক্ষামন্ত্রী মিঃ চাগলার সুপারিশ অগ্রাহ্য করেছেন ?

Mr. Chairman : **There cannot be a debate on it.**

Shrimati Ila Mitra : স্যার, ক্যালকাটা ইউনিভারসিটি বিলটি একটা গুরুত্বপূর্ণ ব্যাপার এবং সেই বিল যখন আলোচনা হচ্ছিল সেই সময় মিঃ চাগলার চিঠি এসেছে ...

Mr. Chairman : You may put in a short notice question and may get it clarified.

Shrimati Ila Mitra : আপনি আমারটা বিচার করুন—সেই চিঠির ভিত্তিতে যে স্টেটমেন্ট মন্ত্রিমহাশয় দিলেন তাতে মোটামুটি এই মানে হচ্ছে এই যে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর যে অনুরোধ বা নির্দেশ সেটাকে আমাদের স্টেট অগ্রাহ্য করলো সরাসরি—কিন্তু এটা কি তাঁরা ভাল করলেন? আপনারা কি জানেন যে আগামীকাল কলেজ শিক্ষকদের পক্ষ থেকে প্রতিবাদস্বরূপ মাস ডেপুটেসন এসেম্বলীর সামনে আসছে?

Mr. Chairman : এর উপর রিপ্লাই হয় না, আপনি বসুন।

Dr. Abu Ashad Obidul Ghani : স্যার, আমার কলিং অ্যাটেনসন ছিল আমি এর উপর একটা ক্লারিফিকেসন চাচ্ছি—মন্ত্রিমহাশয় বললেন Mr. Chagla appreciated our position. সেই রকম কি কোন চিঠি তিনি পেয়েছেন সেন্ট্রাল মিনিস্টারের কাছ থেকে?

Shri Rabindra Lal Sinha : Whatever I have stated in my statement I have nothing more to add.

Mr. Chairman : The Minister-in-Charge will please make a statement on the subject of agitation in Alipurduar Subdivision about remission of levy on holding up to 7 acres of land and fixation of price of paddy at Rs. 18—Called attention by Shri Nani Bhattacharyya and Shri A. H. Besterwitch on the 17th December, 1965.

Shri Ardhendu Sekhar Naskar : Sir, I would like to make the following statement :

R. S. P. has held a few meetings in Alipurduar subdivision area demanding fixation of price of paddy at Rs.18 and urging upon the Government not to procure levy from producers owning seven acres of land or less.

There is no report of surrounding the S.D.O. Shri K. N. Das Gupta, Minister, P. W. D., addressed public meetings at Alipurduar on 12th December 1965 and at Falakata on 13th December 1965. There was no untoward incident at the meetings addressed by the Minister.

Regarding the incident at Samuktala Hat facts are as follows :

In the afternoon of 10th December 1965 when an operator of Publicity Department was giving due publicity of the new food policy at Samuktala Hat, P. S. Alipurduar, he was manhandled by a group of Hat people there. On receipt of information SI B. Lama on duty at

a neighbouring checkpost hastened to the spot but he was also assaulted. Information was sent over telegram to Alipurduar P. S. when O/C. with force hastened to Samuktala Hat. On arriving at the Hat O/C. rounded up 23 persons from among those who had become violent and assaulted the Publicity operator and the Sub-Inspector.

Over this incident Alipurduar P. S. Case No. 6, dated 10th December 1965, under sections 147/148/149/332/323, IPC and 41(A) of DI Rules was started.

S. D. O. and S. D. P. O. also visited the spot. There was no interference with purchase of paddy by D. P. Agents.

Shri Nani Bhattacharyay : স্যার, আমি একটা ক্লারিফিকেশন চাচ্ছি—আমি কোন বক্তৃতা দেবার জন্য দাঁড়াই নি। এই যে ঘটনাটা শামুকতলা হাটে ঘটলো বলে বলা হচ্ছে তার পিছনে কি কারণ ছিল—সেই কারণগুলি কি এনকোয়ারী করা হয়েছে? যেমন আমি কারণগুলি বলে দিচ্ছি যে সেখানে চাল কেনার লোক ডিসট্রেস সেলের লোকাল মিলের এজেন্ট ছাড়া কেউ ছিল না। এবং সেই মিলের পক্ষ থেকে চার কুইন্টালের বেশী কেনার কেউ লোক ছিল না—টাকা ছিল না বলে। তারপরে দেখা গেছে যে শত শত লোক চাল বিক্রি করতে এসেছে ডিসট্রেস সেলে, অন্য কোন জায়গায় বিক্রি করবে না। সেই চাল কেনার লোক সরকারের প্রকিওরমেন্ট এজেন্ট ছিল না। মিল থেকে যেটা কেনা হচ্ছিল সেটা কেনার মত টাকা ছিল না।

Mr. Chairman : Mr. Bhattacharjee, please take your seat. I have received one notice of calling attention from Shri Jiban Krishna Dey on the subject of unemployment due to restrictions in the trade of flat rice and fried rice, which I have accepted. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay : Sir, the statement will be made on the 2nd working day of the House in January.

Enquiry Report laid on Library Table regarding allegations against Shri Murari Mohan Manya for unauthorised movement of rice out of Howrah district

Shri Ardhendu Shekhar Naskar : Sir, I beg to lay on the Library Table three copies of the enquiry report on the allegations against Shri Murari Mohan Manya, a member of this House, from the Syampur Constituency, regarding alleged unauthorised movement of rice out of Howrah district.

Dr. Kanai Lal Bhattacharya : May I know who has made this enquiry?

Mr. Chairman : It is laid on the Library Table.

Shri Kanai Lal Bhattacharya : I have got certain other points to ask. একটা কথা হচ্ছে এটা কিসের বেসিসে করা হোল, কেন লাইব্রেরী টেবিলে প্রেস করা হয়েছে এবং আমাদের হাউসের মেম্বারের কোন স্টেটমেন্টের ভিত্তিতে যদি এনকোয়ারী হয়ে থাকে তাহলে সমস্ত মেম্বারদের সেই এনকোয়ারীর সামনে ডাকা হয়েছে কিনা এবং আপনি এই রিপোর্ট লাইব্রেরী টেবিলে লে করতে কেন দিচ্ছেন—অ্যাসেম্বলীর সঙ্গে এর কি সম্পর্ক আছে—সেটা আমি জানতে চাই। আমরা অ্যালিগেসন দিয়েছিলাম, তাতে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এনকোয়ারী হবে—কিন্তু এটা বলেন নি যে গভর্নমেন্টের তরফ থেকে এনকোয়ারি হবে এবং সেই এনকোয়ারীতে কাকে অ্যাপয়েন্ট করবেন তা আমরা জানি না। আমরা যারা অ্যালিগেশন করেছিলাম—আমাদের কাছ থেকে কোন সাক্ষ্য নেওয়া হয় নি। হঠাৎ আজকে শুনছি যে সে ব্যাপারে একটা এনকোয়ারী করা হয়েছে। সুতরাং আমি আপনাকে জিজ্ঞাসা করছি—অন এ পয়েন্ট অব অর্ডার যে আপনি এইরকম এনকোয়ারীর রিপোর্ট অ্যাসেম্বলীর টেবিলে লে করতে দিতে পারেন কিনা? আমরা শুনেছি যে রঘু ব্যানার্জিকে দিয়ে এই এনকোয়ারী করানো হয়েছে। সুতরাং আমরা যারা চার্জেস লেভেল করেছি, সেটা প্রমাণ করবার সুযোগ আমাদের দেওয়া উচিত। কিন্তু সেটা আমাদের কোন মেম্বারকে বলা হয় নি। এর উপর অনেক কিছু ডিপেণ্ড করছে। এখানে মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ করে বলেছিলেন যে মুরারী মান্নাকে কংগ্রেস থেকে তাড়িয়ে দেবেন এবং একথাও উনি বলেছিলেন যে যদি এই তদন্ত প্রমাণিত হয় যে এটা ফলস্ তাহলে ডাঃ ভট্টাচার্য কি পদত্যাগ করতে রাজি আছেন—আমি বলেছিলাম হ্যাঁ, আমি রাজি আছি। কাজেই এর সঙ্গে অনেক কিছু জড়িয়ে আছে। সেইজন্য আমার জিজ্ঞাস্য যে এই সমস্ত অ্যালিগেসেনগুলি প্রমাণ করবার জন্য আমাদের কোন সুযোগ দেওয়া হয়েছে কিনা—এবং সুযোগ যদি না দেওয়া হয় তাহলে আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে সেই এনকোয়ারীর রিপোর্ট অ্যাসেম্বিলির টেবিলে কি করে লে করা হতে পারে?

[2-20—2-30 p. m.]

Shri Som Nath Lahiri : স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, হাউস থেকে কোন সিদ্ধান্ত হয় নি যে শ্রীমুরারী মান্না সম্বন্ধে কোন এনকোয়ারী করা হবে। হাউসে যখন শ্রীমুরারী মান্না সম্বন্ধে অভিযোগ হয়েছে তখন ইস্যুটা প্রিভিলেজ কমিটিতে দেওয়াটা স্বীকার মনে করেন নি। সুতরাং হাউসের কাছে এনকোয়ারী সম্বন্ধে কোন প্রশ্ন নেই। গভর্নমেন্ট নিজে থেকে একতরফা এনকোয়ারী করেছেন। হাউসের অভিযোগ এটা একটা হোয়াইট ওয়াসিং রিপোর্ট। তাঁরা যা ইচ্ছা করতে পারেন কিন্তু হাউসের কাছে এটা দলিল হিসাবে উপস্থিত করার কোন কারণ নেই। হাউস এটা ডিমাণ্ড করে না। সুতরাং তাঁদের এটা দরকার নেই। সেজন্য আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই রিপোর্ট এখানে লে করার কোন রিকোয়েস্ট করা হয় নি।

Dr. Kanai Lal Bhattacharya : মুখ্যমন্ত্রী যে এনকোয়ারী করেছেন সে সম্পর্কে খবর পেয়ে আমরা আরও তথ্য যোগাড় করেছি। যদি সেই রিপোর্ট লে করতে দেওয়া হয় তাহলে আমাকে বলতে হবে এবং সেগুলি আপনার সামনে প্লেস করব—We have got enough to prove that শ্রীমুরারী মান্না একজন চালের কারবারী, তিনি জেলেদের নাম করে হাজার হাজার কুইন্ট্যাল চাল ২৪-পরগনা জেলা দিয়ে পাচার করেছেন। (নয়েজ) এটা বলার আমাদের যুক্তি আছে। এই হাউসের একটা এনকোয়ারী কমিটি হোক এবং সেই এনকোয়ারী কমিটির সামনে আমরা সমস্ত কিছু বলব।

Shri Jagannath Kolay : কানাইবাবু একটা ভুল করেছেন—হাউসে এটা রেকর্ড হয়েছিল। গেলবার যখন ফুড ডিবেট হচ্ছে তখন ওরা বলেন মুরারীবাবু এই করেছেন। তখন মুখ্যমন্ত্রী বলেন এটার এনকোয়ারী করব এবং এনকোয়ারী কমিটির রিপোর্ট হাউসে প্লেস করব সেই অনুযায়ী তিনি সেই এনকোয়ারী কমিটির রিপোর্ট অ্যাসেম্বলি লাইব্রেরীর টেবিলে প্লেস করবেন।

Dr. Kanai Lal Bhattacharyya : এই এনকোয়ারীর ব্যাপারে আমরা চ্যালেঞ্জ করেছিলাম এবং কাউন্টার চ্যালেঞ্জ হয়েছিল। এই এনকোয়ারীর ব্যাপারটা আমরা ডিমাণ্ড করেছিলাম এবং আমরা এক্সপেক্ট করেছিলাম আমরা যখন চার্জ লেভেল করছি তখন আমরা আশা করেছিলাম আমাদের সাক্ষ্য গ্রহণ করা হবে। এজন্য আমরা মেটিরিয়ালস যোগাড় করে রেখে দিয়েছি। সেই মেটিরিয়ালসগুলি হাউসের কাছে প্লেস করছি এবং সেই মেটিরিয়ালসগুলি হাউসের শোনা দরকার। আমি আপনাকে বলছি We have got enough materials to prove our contentions.

Shri Nikhil Das : স্যার, আপনি যদি সুযোগ দেন তাহলে আমি একটা পয়েন্ট রাখব।

Mr. Chairman : I have heard your point, please take your seat. This has already been raised.

Shri Nikhil Das : আমি একটা নূতন পয়েন্ট হাউসের কাছে রাখব। আমি আপনার কাছে বিনীতভাবে নিবেদন করতে পারি ইররেগুলার ঘটনা যদি হাউসে ঘটে এবং সেটা যদি হাউসে চলতে দেন তাহলে হাউসের মর্যাদা বাড়ে না। এই পয়েন্ট যদি আপনার কাছে কোন সাবমিশান থাকে তাহলে আপনি সেটা করতে দেবেন না—আপনি গ্যাগ করবেন।

Mr. Chairman : You May raise your point of order later. Dr. Bhattacharya, this matter was raised here, it was discussed here and the Chief Minister promised in this House to hold an enquiry. Now he has held the enquiry. Whether the enquiry has been done with or without your knowledge, that is a different matter. But the Chief Minister is entitled to lay the report of the enquiry before the House. It is a Government document, and then as the matter was discussed here Government is entitled to lay it before the House. You may go there and if you like you may bring a motion for discussion on the subject.

Dr. Kanai Lal Bhattacharya : মোশান কি করে হয়। Assembly চলবে এবং report দেওয়া হবে। আপনারা যেটা বলেছেন সেটা একতরফা হয়েছে। আমাদের বক্তব্য আপনাদের শুনতে হবে, যে রিপোর্ট দেওয়া হয়েছে সে সম্পর্কে আমরা জানি। চীফ মিনিষ্টার যদি মনে করে থাকেন যে আমরা কিছু খবর রাখি না তা হলে ভুল করবেন। আমরা ভেতরের সমস্ত খবরই জানি এবং ভেতর থেকে তথ্য নিয়ে এসেছি।

Shri Ananda Gopal Mukherjee : On a point of order এখানে Chief Minister Houseএ promise করেছিলেন যে বিরোধীপক্ষ থেকে allegation করেছিলেন তিনি enquiry করবেন এবং Houseকে জানাবেন। আজকে এই report Houseএ lay করবার পর বিরোধীপক্ষের সদস্যরা Houseএর protection নিয়ে আর একজন memberএর againstএ vallify করছেন।

(তুমুল হট্টগোল)

এটা according to the rules of procedure is it permissible? আপনি যদি এখানে protection না দেন তাহলে Houseএ previlege নিয়ে বিরোধীপক্ষের সদস্যরা যেদিন যাকে খুশী গালিগালাজ দিয়ে যাবেন, এতে Houseএর privilege নষ্ট হচ্ছে সুতরাং আপনি এটা দেখুন।

Shri Hemanta Kumar Basu : Report যেটা দিয়েছেন সেটা one sided enquiry হয়েছে যে পক্ষ অভিযোগ করেছিল সে পক্ষকে ডাকা হয়নি এবং এইভাবেই enquiry হয়েছে।

Mr. Chairman : Chief Minister has laid the report, you can bring a motion for discussion on it

Dr. Kanai Lal Bhattacharya : অত্যন্ত পরিষ্কারভাবে জানতে চাই যে যে সমস্ত allegation করা হয়েছিল তার যদি enquiry করা হয়ে থাকে তাহলে যারা এই সমস্ত অভিযোগ করেছিল তাদের না ডেকে সেটা কি করে enquiry করে আপনি কি করে তার report দিতে পারেন how can it be laid before the House ?

Shri Nikhil Das : On a point of order আপনি একটা rulling দিয়েছেন এবং আমি rullingএর প্রতি submission করে বলছি my point of order is this, Houseএ একটা allegation এসেছিল এবং সে allegation oppositionএর তরফ থেকে আমাদের একজন মাননীয় সদস্য সম্পর্কে করা হয়েছিল। সুতরাং সেটা privilege কমিটিতে থাক—privilege committee is there সেখানে memberএর privilege নষ্ট হয়েছে কিনা দেখা যাবে।

Mr. Chairman : There is no motion for referring it to the Privilege Committee.

Shri Nikhil Das : লিখিত মোশান দেওয়া হয়নি বটে তবে আমরা মৌখিক বলেছি এবং আপনি সেটা জানেন। আপনি যদি Proceedings দেখেন তাহলে দেখবেন যে সেটা করা হয় নি। Enquiry যেটা তিনি করবেন বলেছিলেন সেটা তিনি একটা departmental enquiry করে কাকে দিয়ে কি করা গেল এবং সে enquiry-র খবর Houseএ কিছু বলবেন না এটা হতে পারে না, এটা ঠিক enquiry হয়েছে বলা যায় না।

Mr. Chairman : How can you prevent the Chief Minister from making a departmental enquiry.

Shri Nikkil Das : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার কথাটা ধৈর্য্য ধরে শুনুন Chief Minister Houseকে বলেন নি যে তিনি কাকে দিয়ে enquiry করাবেন। Houseএ যদি তিনি একটা কথাও বলতেন যে তিনি enquiry করাবেন তাহলে বুঝতে পারতাম, কিন্তু তিনি তা করেন নি এবং তিনি এভাবে একটা গোপন enquiry করিয়েছেন। এখানে other memberদের যে বলবার সুযোগ সেটা তিনি দেন নি। তাদের এ সম্বন্ধে কি বলবার আছে তা না করেই তিনি equiryএর একটা report tableএ place করলেন, এটা ঠিক মোটে enquiry হতে পারে না it cannot be a property of the Home তখনই property হতে পারে যখন যে বা যারা এ ব্যাপারে অভিযোগ করেছেন, allegation এনেছেন তাদের ডেকে নিয়ে যদি enquiry হয় তবেই সেটা Houseএর property হতে পারে। এবং এই যে irregular enquiry report যেটা Dept. এর কাকে দিয়ে করালেন সেটা হাউসের টেবিলে প্লেস করে, হাউসের মেম্বাররা যে allegation এনেছিলেন তাকে ছোট করার যে প্রচেষ্টা—এই প্রচেষ্টাই সফল হয় যদি আপনি reportকে টেবিলে প্লেস করতে দেন। সুতরাং আমার point of order হচ্ছে এটা যে এই ধরনের report হাউসে place হতে পারে না। এবং এটা irregular, this is my point of order.

[2-30—2-40 p. m.]

Shri Ananda Gopal Mukhopadhya : মিঃ চেয়ারম্যান, স্যার, আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে হাউসের বিরোধীপক্ষের সদস্য বন্ধুরা বিশেষ করে আমাদের পক্ষের শ্রীমুরারী মান্না এবং কয়েকজনের নামে এই ধরনের অভিযোগ হাউসে protectionএর সুযোগ নিয়ে আনছেন। যদি Chief Minister's enquiry report সম্বন্ধে তাদের কোন অভিযোগ থাকে তাহলে তারা Assembly Procedure Rulesএর মধ্যে গিয়ে তার প্রতিবাদ করুন। যদি তারা Assembly Procedure Rulesএর মধ্যে দেখেন য তাদের প্রতিবাদ জোরালো হচ্ছে না তাহলে আমি তাদের অনুরোধ করব তাদের যে অভিযোগ সেটা বাইরের কাগজে বিবৃতি দিয়ে করুন।

Shri Abani Kumar Basu : On the Point of Order, Sir. My Point of Order is this : After the Chairman has given his ruling. is it competence on the part of a member to discuss the ruling already given by the Chair ? With regard to the point of privilege just now mentioned, my point is : In writing Shri Murari Mohan Manna raised a motion of privilege which was discarded by the Chair already. Therefore this question does not arise at all. That is my Point of Order.

Shri Bhakti Bhusan Mondal : স্যার, আমার একটা point of order আছে। আপনি দেখুন স্যার, যে laying of Reports আমাদের Conduct of Business Rules যেটা আছে সেই অনুযায়ী তো laying of Reports হবে—laying of Reports যেটা উনি করছেন সেটা কোন্ rules অনুযায়ী করছেন সেটা বলুন। তার কারণ হচ্ছে কোন জায়গায় নেই যেখানে বলা যেতে পারে যে point-এ হলে উনি এখান lay করতে পারেন। কারণ laying সম্বন্ধে যে কয়টা rules আছে তা হচ্ছে 310, 351, 344(2) these are three rules যার through দিয়ে তাকে আসতে হবে। এখানে পরিষ্কার দেখা যাচ্ছে কোন জায়গা দিয়ে তিনি আসতে পারছেন না। কারণ এটা যদি হয় তাহলে প্রথমেই ঠিক করতে হবে Assembly-কে যে তারা কমিটি ফর্ম করবে কি না—এবং কমিটি ফর্ম করার পর এটা enquiry কি ভাবে হবে সেটা Assembly decide করবে। Assembly যতক্ষণ পর্যন্ত তা না করবে that will not be the property of the Assembly কাজেই Assemblyর একটা sanction নেবে। যেখানে Assembly rule করেনি বা Assembly কমিটি ফর্ম করেনি অথচ Assemblyর sanction চাচ্ছেন এটা কোন রকমেই পেতে পারে না। কাজেই

[2-40—2-50 p. m.]

অ্যাসেমব্লির একটা স্যাংশন নেবে। যেখানে অ্যাসেমব্লি রুল করে নি বা অ্যাসেমব্লি কমিটি ফর্ম করেনি অথচ অ্যাসেমব্লির স্যাংশন চাচ্ছে এটা কোন রকমেই দিতে পারে না। কারণ একটা পুলিশ রিপোর্ট এইভাবে অ্যাসেমব্লিতে লে করা যেতে পারে না। লে করাটা যদি অ্যাকসেপ্ট করা হয় তাহলে বলা হবে এই যে রিপোর্টটা যে করা হয়েছে এটা অ্যাসেম্ব্লি রুলস্ অনুযায়ী করা হয়েছে। কাজেই আমরা বলছি যেহেতু অ্যাসেমব্লি কমিটি করা হয় বা অ্যাসেমব্লির কোন রকম কনসেন্ট নেওয়া হয় নি সেহেতু এই রিপোর্টটি কোন কারণেই লে করা যেতে পারে না এবং That cannot get the sanction of this Legislative Assembly. কাজেই অন দ্যাট পয়েন্ট আমি বলছি।

Shrimati Purabi Mukhopadhya : অন এ পয়েন্ট অব অর্ডার

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশনস্)

Shri Bhakti Bhusan Mondal : আমি যেটা বললাম সে সম্বন্ধে একটা জবাব দিন, তারপরে আপনি বলবেন।

Shrimati Purabi Mukhopadhya : I also enjoy the same privilege as you enjoy as a member of the House.

Mr. Chairman : When a member raises a point of order another has got the natural right to speak on that point.

Shrimati Purabi Mukhopadhyay : মিঃ চেয়ারম্যান, স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এইমাত্র মিঃ মণ্ডল যে কয়টি রুলস্ এখানে কোট করলেন সেই রুলস্ দ্বারা যখন আমরা এখানে কিছু রিপোর্ট লে করি তখন সেটা হচ্ছে স্ট্যাটুটারি অবলিগেশন অর্থাৎ আমাদের সেই সব প্রভিশন দেওয়া হয়েছে অ্যাসেমব্লি হাউস চালাবার জন্য এবং যে সমস্ত কনষ্টিটিউশান রাইটস্ অ্যাণ্ড প্রিভিলেজেস্ দেওয়া হয়েছে তারই আণ্ডারে প্রটেকশান নিয়ে কিম্বা তার অ্যাডভানটেজ নিয়ে কতকগুলি বিজনেস এখানে আমাদের রিপোর্টের আকারে লে করতে হয়। তারই রুলসের ধারা উনি কোট করেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে একজন সদস্যের বিরুদ্ধে আর একজন সদস্য কতকগুলি অভিযোগ করেছিলেন, অভিযোগ সিরিয়াস কি সিরিয়াস নয় সে সম্বন্ধে আমি বলছি না, কিন্তু এই অভিযোগের বিরুদ্ধে চীফ মিনিস্টার বলেছিলেন যে আমি তদন্ত করবো। তদন্ত তিনি করিয়েছেন, মাননীয় মেম্বারদের সেই তদন্ত মনমত হতে পারে আবার নাও হতে পারে। চিফ মিনিস্টার যে তদন্ত করেছিলেন সেই তদন্তের রিপোর্ট তিনি সেই অভিযোগকারীকে আলাদা করে দেখাতে পারতেন কিম্বা হাউসে উচ্চারিত হয়েছে বলে হাউসে প্লেস করতে পারেন। অতএব সেই হিসাবে এই রিপোর্ট প্লেস করা হয়েছে। মিঃ মণ্ডল যে রুলস্ পড়ছেন সেই রুলস্ অনুযায়ী স্ট্যাটুটারি অবলিগেশন হিসাবে হাউসে কোন রকম রিপোর্টের কথা বলা হয়নি। It is not a statutory obligation on the part of the Government. অতএব উনি যে রুলস্ এখানে উল্লেখ করেছেন সেই রুলসের এটাও এখানে প্রযোজ্য নয়।

Shri Bhakti Bhusan Mondal : আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে উনি লে কথাটা বলেছেন তার উপর। আমরা বলছি উনি একটা স্টেটমেণ্ট করতে পারতেন, একটা রিপোর্ট প্লেস করতে পারেন কিন্তু লে করতে পারেন না। আমার কোশ্চেন হচ্ছে উনি উচ্চারণ করেছেন যে আমি লে করছি। আমার অবজেকশন হচ্ছে ঐ লেড অন দি টেবেল সম্বন্ধে। উনি একটা স্টেটমেণ্ট করতে পারেন, একটা ম্যাটার প্লেস করতে পারেন কিন্তু লেড অন দি টেবেল করতে পারেন না, এটাই আমার বক্তব্য।

Mr. Chairman : I would remind you about my ruling with regard to the Calcutta University Act. It was not the statutory obligation on the part of the Hon'ble Education Minister to lay the expert opinion on the Table, but still I gave the decision on the point of order that this expert opinion will have to be 'laid on the Library Table. Here also, the Chief Minister had promised in this house that he would make an enquiry. Through whom he would make the enquiry he did not tell us, and we are not competent to raise that question now. He had an enquiry made, may be through an officer of his, and he has placed the

report received from that officer. You may kindly go through the report, and if any member wants he may bring in a motion here for discussicn. This is my ruling. I would now appeal to you to allow resumption of the food debate.

Dr. Kanai Lal Bhattacharyya : স্যার, আপনি যা বললেন এটা কি এক্সপার্ট ওপিনিয়ন ? আগে যে প্রিসিডেন্ট ছিল সেটা হচ্ছে এক্সপার্ট ওপিনিয়ন হাউস থেকে চাওয়া হয়েছিল। কিন্তু এটা এক্সপার্ট ওপিনিয়ন কিনা আমি জানতে চাই এবং ইট ইজ সিমপ্লি মনগড়া কোন একজন অফিসারকে দিয়ে গভর্নমেন্ট একটা পুলিশ রিপোর্ট দিয়ে দেবে, গভর্নমেন্টের কোন অথরিটি আছে এইভাবে এনকোয়ারি করার ?

Mr. Chairman : This does not apply in this case.

Dr. Kanai Lal Bhattacharyya : কি করে হচ্ছে আমাকে বুঝিয়ে দিন। সেখানে এক্সপার্ট ওপিনিয়ন হাউস চেয়েছিল যে সেটা প্লেস করা হোক, এখানে হাউস সেরকম কিছু চায় নি। চিফ মিনিস্টার শুধু বলেছিলেন, হাউস কোন কমিটি করেনি।

Mr. Chairman : Was it is statutory obligation on the part of the Minister ?

Dr. Kanai Lal Bhattacharyya : প্রমিস করলে সেটা তিনি স্টেটমেন্টে দিতে পারতেন কিন্তু যেটা করছেন এটা অত্যন্ত ইরেগুলার হচ্ছে, একটা প্রেসিডেন্ট ক্রিয়েট হয়ে যাচ্ছে যে চিফ মিনিস্টার একটা প্রমিস করার জন্য একটা রিপোর্ট ইন দি ফর্ম অফ এনকোয়ারি লাইব্রেরী টেবিলে লে করা হবে।

Mr. Chairman : The Chief Minister has made a promise for enquring on the floor of the House and according to that he has placed the Report of the enquiry on the Table.

Dr. Kanai Lal Bhattacharyya : হোয়াই চীফ মিনিস্টার উইল হোল্ড দ্যাট এক্সট্রা প্রিভিলেজ ? আমি যদি কোন প্রমিস করি তাহলে আপনি কি আমাকে টেবিলে লে করতে দেবেন ? আপনি চীফ মিনিস্টারকে এত প্রিভিলেজ দিচ্ছেন কেন ? I am sorry to tell you that you are creating a very bad precedent এবং এই প্রিসিডেন্টের জন্য আমাদের সাফার করতে হবে। সেজন্য আমি আপনাকে রিকোয়েষ্ট করবো টু রিকনসিডার it and tell him to read it. উনি স্টেটমেন্ট দিন আপত্তি নেই কিন্তু লাইব্রেরী টেবিলে লে করে আসবেন উইদাউট হ্যাভিং এনি রুল ইন দি রুল বুক এবং আপনি সেটা অ্যালাউ করবেন এটা অত্যন্ত খারাপ প্রিসিডেন্ট হয়ে যাচ্ছে এবং ভবিষ্যতে এর দুর্ভোগ আমাদের ভুগতে হবে।

Mr. Chairman : The enquiry report is a Government document and the Minister concerned is entitled to lay it on the Table.

Shri Ananda Gopal Mukhopadhya : মিঃ চেয়ারম্যান, স্যার, বিরোধী সদস্য ডাঃ কানাইলাল ভট্টাচার্য আপনার রুলিং-এর বিরুদ্ধে তিনবার বলেছেন, এটা ভেরি ব্যাড প্রিসিডেন্ট, এটা এক্সপাঞ্জ করা হোক। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে উনি এখানে অভিযোগ সম্বন্ধে বলেছেন যে অভিযোগের কি অভিযোগের কি গুরুত্ব আছে। একজন বিশিষ্ট সদস্য তার একজন বিশিষ্ট সদস্যের বিরুদ্ধে অভিযোগ করেছেন কাজেই সে সম্বন্ধে হাউসের নিশ্চয় জানবার

অধিকার আছে এবং আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং নিশ্চয়ই অন্য সদস্যের অভিযোগের মত হবে না। এখানে একজন বিশিষ্ট সদস্যের বিরুদ্ধে অভিযোগ আছে, কাজেই সেটাকে হাউসে লে করার যে পারমিশন দিয়েছেন তাতে আমার মনে হয় যে আপনি ঠিকই করেছেন।

Shri Som Nath Lahiri : মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আপনাকে জিনিসটা পুনরায় বিবেচনা করতে বলছি এই কারণে যে রুলসের মধ্যে যা আছে তাতে লে করা সম্পর্কে কোন অধিকারের কথা নেই, শুধু আছে যদি মিনিস্টার কোন জিনিস এখানে কোট করেন তাহলে তাঁকে লে করতে হবে। কিন্তু এ ছাড়া লে করা যায় কি না যায় এ সম্পর্কে রুলসের মধ্যে কিছু নেই। এখন কথা হচ্ছে মিনিস্টার যদি এখানে উঠে তিনি যে সো-কল্ড এনকোয়ারি করেছেন সেই এনকোয়ারির কথা কিছু বলতেন তাহলে আপনি নিশ্চয়ই ডিমাণ্ড করতে পারতেন, আমরা ডিমাণ্ড করতে পারতাম যে যেখান থেকে তিনি ঐ জিনিসটা কোট করেছেন সেটা সুড বি লেড অন দি টেবেল। কিন্তু যখন মিনিস্টার এখানে কোন স্টেটমেন্ট করেন না অ্যাবাউট দ্যাট এনকোয়ারি তখন খামাখা উপর থেকে একতরফাভাবে তিনি রিপোর্ট লে করে গেলেন অন দি টেবিল তাহলে যে কথা কানাইবাবু বলেছেন সেই আশঙ্কা আছে চিফ মিনিস্টার হিসাবে তাঁর কোন স্পেসাল রাইট এই ব্যাপারে আমাদের রুলসের মধ্যে দেয় নি যে চিফ মিনিস্টার হলে যে কোন ডকুমেন্ট এনে বলতে পারবেন যে আমি টেবিলের উপর লে করে দিলাম তা হাউসকে নিতে হবে, পড়তে হবে, আর আমি এসে বললাম যে আমি লে করলাম আর আপনি বলবেন যে তা পারবেন না এই রকম কোন ডিষ্টিংশন কোন রুলের মধ্যে নেই। আপনি যদি অ্যালাউ করেন যে না কোন স্টেটমেন্ট না করলেও তিনি এসে যে-কোন পেপার লে করতে পারেন তাহলে সেই রাইট স্বাভাবত মেম্বারকে সমানভাবে দিতে হবে। গভর্নমেন্ট পেপার বলে আপনি যে কথা উল্লেখ করলেন রুলসের মধ্যে গভর্নমেন্ট পেপার বলে কোন স্পেশ্যাল প্রিভিলেজ এখানে পেলাম না। মেম্বারস প্রিভিলেজ হিসাবে কোন মেম্বার যদি কোন স্টেটমেন্ট করে বা মিনিস্টার কোন স্টেটমেন্ট করেন—মিনিস্টারস স্টেটমেন্ট করলেন সেটা তিনি রাখতে পারেন, কোন পেপার লে করা বাই ইটসেল্‌ফ without a previous statement from the paper in the Assembly. সেখানে কি মিনিস্টার কি মেম্বার কারও অধিকার সম্বন্ধে কিছু নেই। কাজেই আপনি যদি নূতন প্রিসিডেন্ট ক্রিয়েট করেন যে কোন মন্ত্রী যে-কোন ব্যাপারে পেপার লে করতে পারবেন উইদাউট having quoted from that Statement previously তাহলে আমার বলবার কিছু নেই।

Mr. Chairman : এ ব্যাপারে হাউসে ডিসকাসড হয়েছে—চীফ মিনিস্টার এখানে হাউসে প্রমিস করেছিলেন আর he has complied with that promise. It is for the information of members that he has placed those papers.

Shri Som Nath Lahiri : মিঃ চেয়ারম্যান, স্যার, আমার কথাটা আপনার যদি ঠিক মনে না হয় আপনি নাচক করে দেবেন। কিন্তু আপনি যে কথা বলছেন সে কথা রুলসের মধ্যে নেই—এই হচ্ছে অসুবিধা যে যদি চীফ মিনিস্টার বা কোন গভর্নমেন্ট স্পোকসম্যান কোন বিষয়ে কিছু করবেন বলেন হাউসে তাহলেপর তিনি এসে পেপার লে করে যেতে পারেন সাবসিকোয়েন্টলি—তার কোন অধিকারের কথা এখানে মেনসেন করা নেই। শুধু এইটুকু আছে যেটা হাউসের অধিকার যে যদি কোন ডকুমেন্ট থেকে কেউ কোট করেন তাহলে সেই ডকুমেন্ট ইন ফুল তাঁকে লে করতে হবে অন দি টেবিল প্রভাইডেড দ্যাট যে আরও কতকগুলি জিনিস আছে—নাহলে পর তিনি পার পেতে পারেন—সুতরাং লে করা অ্যাজ স্যাচ অধিকার এর মধ্যে নেই।

Mr. Chairman : আমি ইউনিভারসিটি বিলে আমার রুলিংয়ের কথাটা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি।

Shri Som Nath Lahiri : সেটা তো পার্ট অব দি Select Committee. এক্সপার্ট ওপিনিয়ন এসেছে টু দি সিলেক্ট কমিটি।

Mr. Chairman : No, it was not discussed in the Select Committee.

Shri Som Nath Lahiri : Government was trying to suppress it. গভর্নমেন্ট সেপারেট সিলেক্ট কমিটিতে যে এক্সপার্ট ওপিনিয়ন এসেছে তা লোকে জানলে পাছে স্বরূপ উদ্ঘাটিত হয় সেজন্য সেটা সাবপ্রেস করার চেষ্টা করেছিলেন এবং আপনি রাইটলি হাউসের অধিকার আপহোল্ড করেছেন যাই ordering that should he laid. এখানে তা নয়, এখানে হাউস থেকে কোন ডিমাণ্ড উঠে নি। সংকার এসে বলে গেলেন আমি লে করে দিয়ে চলে গেলাম যেদিন এ নিয়ে আলোচনা হয়েছিল সেদিন এই ডিমাণ্ড কেউ করেন নি যে আপনি একটা এনকোয়্যারী করে লে করুন। সুতরাং লে করতে হবে এই ডিমাণ্ড উঠে নি। তিনি অন হিজ ওন লে করলেন। এটা হতে পারে যদি উনি এসে তাঁর এনকোয়ারীর রিপোর্ট থেকে পড়তেন he is allowed to read it. তিনি তার পরে যদি লে করতেন তাহলে তার একটা যুক্তিসংগত, আইনসংগত কিছুটা বেসিস থাকতো। কিন্তু তা করলেন না। He did not quote from the statement, he simply laid it on the Table. তাই আমার হাম্বল সাবমিসন হচ্ছে যে এটা করার কোন অধিকার এর মধ্যে দেওয়া নেই। সুতরাং এটা করা যেতে পারে না।

Shri Saila Kumar Mukherjee : স্যার, আমার মনে হয় এতক্ষণ আমরা একটা কনক্লুসনের উপর তর্ক করছি। দুটো জিনিস আমরা গোলমাল করছি। লেয়িং on the Library Table আর প্লেসিং on the Library Table.

Dr. Kanai Lal Bhattacharyay : উনি প্লেসিং বলেন নি। এটা রেকর্ডেড হয়েছে এসেম্বলী প্রসিডিংসে যে লেড on the Library Table.

Shri Saila Kumar Mukherjee : যেগুলি স্ট্যাটুটারী অবলিগেসন—বহু কাগজপত্র আমাদের হাউসের মেম্বারদের কাছে মিনিস্টাররা যা লে করেন সংগে সংগে সেক্রেটারীয়েট স্টাফ প্রত্যেক মেম্বারকে তা পরিবেশন করেন। সেটা কনস্টিটিউসন্যাল অবলিগেসন। কিন্তু সে ছাড়াও এই বিধানসভার যদি ২৫ বছরের ইতিহাস দেখেন তাহলে দেখবেন যে যদি কোন গুরুতর বিষয় এই বিধানসভায় উত্থাপিত হয় এবং সে বিষয়ে উত্তপ্ত আলোচনা হয় এবং সে বিষয়ে যদি কোন মন্ত্রীর বা সরকারের বক্তব্য থাকে তাহলে সেটা মেম্বারদের অবগতির জন্য এবং আরও তথ্য এ বিষয়ে হাউস যাতে পায় তার লাইব্রেরীতে ইনফরমেশন-এর জন্য দেওয়া হয়। সেদিন ২০ খানা ভলিউম আপনারা দাবি করেছিলেন সি. এম. পি. ও. বিলে। সেগুলি লাইব্রেরী টেবিলে রাখা হয়েছে। সেদিন মেম্বাররা দাবি করেন যে ইউনিভারসিটি বিলের ব্যাপারে ভাইসচ্যান্সেলারদের কি ওপিনিয়ন—সেটা দেওয়া হোক—আপনি বলেছিলেন যে সেটা লাইব্রেরী টেবিলে রাখা উচিত। কিন্তু হাউসে কোন নিয়ম নেই কনস্টিটিউসন্যাল প্রভিসন নেই—স্ট্যাটুটারী অবলিগেসন নেই। কিন্তু মেম্বারদের উপকারের এবং মেম্বারদের অবগতির জন্য তা লাইব্রেরী টেবিলে লে করা হয়। এ বিষয়ে আমার যতদূর স্মরণ আছে কানাইবাবু এবং অপূর্ববাবু এই প্রসংগ তুলেছিলেন, অত্যন্ত উত্তপ্ত দীর্ঘ আলোচনা হয়েছিল এবং উভয় পক্ষের মধ্যে চ্যালেঞ্জ হয়েছিল। মুখ্যমন্ত্রী এখানে প্রকাশ্য সভায় বলেছিলেন যে আমি অনুসন্ধান করবো এবং জানাবো। আজকে অনুসন্ধান করে তিনি জানিয়েছেন এবং লাইব্রেরী টেবিলে দিয়েছেন আপনাদের অবগতির জন্য ইট ইজ not constitutional document nor a statutory document সুতরাং আমি বলবো আপনারা সেদিন যেভাবে আগ্রহ দেখিয়েছিলেন সেইভাবে যদি রিপোর্টটা পড়েন তাহলে বুঝতে পারবেন এবং চেয়ারম্যান মহাশয় তো বলে দিয়েছেন যে আপনারা পুনরায় সেই রিপোর্টের উপর আলোচনা করতে পারেন।

Shri Kanai Lal Bhattacharya : সেই এনকোয়ারী সম্পর্কে আমরা জানি যে কিভাবে এনকোয়ারী হয়েছে এবং কি এনকোয়ারী হয়েছে—তারা কি বলেছেন তাও আমরা জানি। আমাদের খাদ্য বিতর্কে যদিও এটা এর মধ্যে আসে না তা সত্ত্বেও এটা বিস্তারিত আলোচনা করবো এবং দেখাবো যে মুখ্যমন্ত্রী কিভাবে একজন অসৎ কংগ্রেস মেম্বারকে সেন্টার দেবার জন্য কিরকম নোংরামী করেছেন—সেটা আমরা এই হ উসের সামনে এক্সপোজ করবো।

Shri Saila Kumar Mukherjee : সে মোসন আনতে তো আমরা আহ্বান করছি। আপনারাই তো লজ্জিত, সংকিত হচ্ছেন।

Shri Ananda Gopal Mukherjee : স্যার, এটা আমরা ভাল করে দেখতে পাই যদি কানাইবাবু বাইরে একটা স্টেটমেন্ট করে দেন।

Shri Kanai Lal Bhattacharya : আমি শ্রীআনন্দ গোপাল মুখার্জিকে বলছি যে যুগান্তর কাগজে মুরারী মারা সম্বন্ধে বেরিয়েছে—কিন্তু তিনি তার প্রতিবাদ করেন নি। তাঁর যদি কেস করার ইচ্ছা থাকে তাহলে তিনি তো যুগান্তরের বিরুদ্ধে তা করতে পারেন।

Shri Ananda Gopal Mukherjee : যুগান্তর কাগজে কোন সদস্যের নাম নেই। আপনি দয়া করে একটা স্টেটমেন্ট নাম দিয়ে করুন।

Mr. Chairman : Honourable members, I have ordered that this report is to be placed on the Library Table and the matter ends there.

Shri Panchu Gopal Bhaduri : সভাপতি মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। আজ থেকে শ্রীরামপুরের রামপুরিয়া কটন মিলে—এটা একটা বড় মিল—তার বেশীর ভাগ শ্রমিককে প্রায় দেড় হাজার শ্রমিককে লে-অফ করা হয়েছে এবং এই লে-অফ করার হিড়িক বিভিন্ন মিলে এসে পড়েছে। যদি ন্যাশন্যাল ইমারজেন্সীর দিক থেকে দেখেন সেদিক দিয়ে কিংবা খাদ্যসংকটের মধ্যে লে-অফ করলে দুর্বিপাক আসে সেদিক থেকে এ সম্পর্কে সরকার কেন ভারতরক্ষা আইন অনুযায়ী মালিকদের সম্পর্কে কোন ব্যবস্থা করছেন না বা কি ব্যবস্থা করবেন সেটা জানতে চাই। দ্বিতীয় আর একটা প্রশ্ন হচ্ছে আগামী ১৯৬৬ সালে ভারত সরকার যে সমস্ত হলিডে উৎসবের ছুটি বরাদ্দ করেছেন তাতে মাইনরিটি কমিউনিটির কিছু লোক এসে আমাকে অনুরোধ করেছেন যে সংখ্যালঘু সম্প্রদায়ের ছুটি চার দিন থেকে একদিন কমিয়ে দেওয়া হয়েছে। আমি মন্ত্রিসভা মারফৎ ভারত সরকারকে জানাতে চাচ্ছি যে দুটা ইদ, মহরম, এবং নবীর জন্মদিন এই চারটে ছুটি বরাবর ভারত সরকার দিয়ে আসছেন—সেই চারটি ছুটি কমিয়ে এবারে শুধু ইদের ছুটি দেওয়া হচ্ছে; এতে সংখ্যালঘু সম্প্রদায় খুব মনোক্ষুন্ন হয়েছেন এবং এটা আমার জেলার অনেক প্রতিনিধি-স্থানীয় লোক আমার কাছে জানিয়েছেন।

Shri Anadi Das : আমি মন্ত্রিসভার দিকে এবিষয়ে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতায় Baby Food পাওয়া যাচ্ছে না। কিছুদিন আগে মন্ত্রিমহাশয় দুধ সম্পর্কে ব্যবস্থা করতে গিয়ে ছানা সব বন্ধ করে দিয়েছেন। তিনি চোখের জল ফেলে বলেছেন শিশুদের দুধ খাওয়াতে হবে। কিন্তু গরীব লোকের শিশুরা কি তা পাচ্ছে। Baby Food দিয়ে শিশুর স্বাস্থ্যরক্ষার কি তিনি চেষ্টা করেছেন? আজকে ডাক্তারের prescription দেখালেও দুধ পাওয়া

যায় না। এর আগে Defence of India Rule-এ চোরাকারবারীদের ধরা হয়েছিল, তাতে কিছুদিন পাওয়া যাচ্ছিল কিন্তু তারপর আবার পাওয়া যাচ্ছে না। এটার মন্ত্রিমহাশয় একটা ব্যবস্থা করুন।

Shri Nikhil Das: খাদ্য বিষয়ে একটা appeal আপনার মাধ্যমে রাখতে চাই। আজকে calling attention এর উত্তর তিন লাইন দিয়ে দেওয়া হল, সে উত্তর অস্পষ্ট। আমি শনিবার দিন বীরভূমে গিয়েছিলাম এবং বর্দ্ধমানে গিয়েছিলাম। সেখানে ২০শে নভেম্বর-এর orderএর মাধ্যমে আপনারা জেলাশাসককে ক্ষমতা দিয়ে দিয়েছেন যে husking machine বন্ধ করে দিতে। এখন সে husking machine বন্ধ হওয়ায় সে মেসিনে যারা harvest করে, তারা কি করে hervesting seasonএ hervest করবে সে বিষয়ে কিছু বলেন নি। Husking machine বন্ধ হয়ে যাওয়ায় যে চাল হয় সেটা বন্ধ হয়ে যাবার ফলে গরীবদের এরূপ এক সংকটজনক অবস্থা হয়েছে। আপনারা এসব শিলিংএর কোন ব্যবস্থা করেন নি, আজকে চাল পাবার জন্য husking machine দিয়ে চোরাকারবারী চলছে। আপনার মাধ্যমে আবেদন করবো অবস্থার কথা যেটা বলা হয়েছে আপনারা যেভাবে খুলে রেখেছেন তাতে অসুবিধা হবে আমার বক্তব্য হচ্ছে এই যে চোরাকারবারী হয় তার জন্য এটা অন্য পথে নিয়ে যাওয়া উচিত তাহলে লোক চাল নিয়ে চোরাকারবারী করতে পারে না। সেজন্য আমি বলেছি যে, চাল নিয়ে চোরাকারবারী করবেন না। আপনারা alternative ব্যবস্থা করুন, husking co-operative besis এ করুন এবং সরকার নিজের নিয়ন্ত্রণে চালান অথবা ঐ co-operative এর মাধ্যমে চালান। কিন্তু সরকার নিজের হাতে করছেন না এবং co-operativeএর মাধ্যমেও করছেন না অথচ husking machine বন্ধ করে দিচ্ছেন। আজ চাষীরা খেতে পাচ্ছে না তারা ধান সেদ্ধ করে খেতে বাধা হচ্ছে, এটা কি করে হতে পারে আমরা তা বুঝতে পাচ্ছি না। এর জন্য যে প্রশ্ন করা হয়েছে মাননীয় Ardhendu Babu তার মাত্র তিন লাইনে উত্তর দিয়াছেন। আমার কথা হল উনি গ্রামাঞ্চলে গিয়ে দেখে আসুন। এটা আসানসোল বা বর্দ্ধমানের ব্যাপার নয় এটা সমস্ত গ্রামাঞ্চলের ব্যাপার। আজকে husking machine বন্ধ হবার ফলে কি অবস্থা হয়েছে তা খবরের কাগজে বেরিয়েছে। আজকে চাষীরা এ ধরনের প্রবলেম ফেস্ করছে। আমরা চাই ব্যক্তিগত মালিকানা চলে যায় এবং সরকারী নিয়ন্ত্রণে ও co-operativeএর মাধ্যমে এগুলি চালান যায় এবং যাতে ধান থেকে চাল হতে পারে তার ব্যবস্থা করুন। It is a serious problem, rice mill গুলিতে ৮ লক্ষ মন milling হতে পারে, আবার যে ঢেঁকিতে ফিরে আসবে তা সম্ভব নয়। তাই আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীকে বলছি যে তিনি গ্রামের জনসাধারণের দিকে একটু তাকান। কালকে যেন খাদ্য বিতর্কের শেষে আমরা এ সম্পর্কে একটা আভাস পাই এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3—3-10 p.m.]

Shri Aswini Roy: মাননীয় সভাপাল মহাশয়, কলকাতার বাইরে গত কয়েক দিন ধরে কেরোসিন তেল পাওয়া যচ্ছে না এবং যাও পাওয়া যায় তাও অত্যাধিক দামে। আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি এর সুযোগ হয় যাতে লোক তেল পেতে পারে নায্যদামে। আর একটা Point Calling Attention এ বলেছিলাম যে agricultural labourers এর wage এর ব্যাপারে সেটা ঠিক নয়। Report যেটা পাওয়া গেছে সেটা অন্য রকম। গ্রামাঞ্চল থেকে telegram পাওয়া যাচ্ছে সংবাদ আসছে। আমি মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি সেখানে crisis হচ্ছে এবং অসুবিধা হচ্ছে।

Shri Anadi Das: কেরোসিন তেলের ব্যাপারে শুধু কলকাতায় নয় বালিগঞ্জ, হাওড়ায় ১২ আনা বোতল বিক্রি হচ্ছে। কাজেই এবিষয়ে মন্ত্রিমহাশয় ব্যবস্থা করুন।

Motion for extension of time for presentation of Report of the Committee on Public Accounts

Shri Pratap Chandra Chunder : Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee on Public Accounts on the Appropriation Accounts and the Finance Accounts of the State for 1962-63 and the Audit Report thereon be extened till the expiry of three months from the date of prorogation of the next Session.

Mr. Chairman : I take it that the motion is adopted.

DEBATE ON FOOD POLICY FOR 1966

Mr. Chairman : Honourable members, I have an appeal to make to you all, members on both sides of the House. We are going to resume a debate on a very important subject, viz., the focd situation and the new Government policy. The debate could not be concluded on the last occasion. I do not want to mention the reasons why it could not be done, you are all aware of it. But the country is eagerly and anxiously awaiting this debate so that the people may know what the Government's viewpoint is. This can be done only if the debate is allowed to continue and conclude in a calm and serene atmosphere. I therefore appeal to you all, to the members on both sides to allow this debate to continue and conclude in a calm atmosphere and allow all members to place their viewpoints before this House. A member may not agree wholly or partly with what the Hon'ble Chief Minister or, for the matter of that, anv other member says here. But that is no reason why he should be disturbed and interrupted. Let us all have this debate in a calm atmosphere and let all members be allowed to place their viewpoints before the House. I hope my appeal to you all in this matter will not go in vain.

Shri Gour Chandra Kundu : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আমাদের খাদ্য সম্পর্কে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে সে সম্পর্কে গুটিকতক কথা আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথমে আমি বলতে চাই যে খাদ্য নিয়ে আমরা কোনদিন রাজনীতি করার পক্ষপাতি নই—আমরা চাই যে কংগ্রেস সরকার আমাদের সঙ্গে সম্পূর্ণ সহযোগিতা করে এই খাদ্য-সমস্যার সমাধান করবার চেষ্টা করুন। আমারা গত ১৭ বছর যাবত এই কথাই বলে আসছি যে খাদ্যসমস্যার সৃষ্টি করে কংগ্রেস সরকার দেশটাকে জাহান্নামে পাঠাচ্ছেন, সুতরাং আজকে দেশের খাদ্য সমস্যার যদি সুষ্ঠু সমাধান করতে হয় তবে বিরোধী দলের সহযোগিতা নেওয়া দরকার। আমাদের মুখ্যমন্ত্রী সেই সহযোগিতা নেবার পরিবর্তে তিনি খবরের কাগজে এমন সব বিবৃতি দিচ্ছেন যাতে তিনি পরিষ্কার করে বলেছেন যে কংগ্রেস সদস্যদের সহযোগিতা নিয়ে আমি এই খাদ্যনীতিকে সফল করব। আমি প্রথমে সেই বিবৃতির তীব্র প্রতিবাদ জানাতে চাই যে শুধুমাত্র কংগ্রেস সদস্যদের সহযোগিতা নিয়েই দেশকে বড় করা যায় না—যদি দেশকে বড় করতে হয়, যদি মানুষের মুখে অন্ন তুলে দিতে হয়, যদি চোরাকারবারকে বন্ধ করতে হয় তবে সমস্ত বাঙালী জাতীর সহযোগিতা নিয়ে মুখ্যমন্ত্রীকে অগ্রসর হতে হবে। মুখ্যমন্ত্রীর এই ধরণের দায়িত্বজ্ঞানহীন বিবৃতি আজকে দেশের মধ্যে অত্যন্ত অরাজকতা

সৃষ্টি করতে সাহায্য করছে। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন আজ বাংলা দেশে একটা চরম খাদ্যসংকট চলছে, বাংলা দেশে তিন রকমের রাজত্ব হয়েছে—একটা রেশন এরিয়া যেখানে মানুষ কিছু কিছু চাল এবং গম পাচ্ছে, নন্‌রেশন এরিয়াতে চাল এবং গম পাওয়া যায় না, বাড়তি জেলা যেখানে বাজারে কিছু চাল পাওয়া যায় আর ঘাটতি জেলায় সেখানে বাজারে চাল বা গম কিছুই পাওয়া যায় না। নদিয়াতে চালের কেজি দুই টাকা হয়ত বর্দ্ধমানে ১ টাকা কেজি চাল পাওয়া যায়। মুর্শিদাবাদে চালের কেজি দুই টাকা হয়ত মেদিনীপুরে চালের কেজি এক টাকা। কলকাতা রেশনে দুই কেজি চাল ও গম পাওয়া যায়—আমরা নদীয়াতে যখন রেশন নিতে যাই—আমরা কোন সপ্তাহে ৪০০ পাই কোন সপ্তাহে ২০০ পাই আবার কোন সপ্তাহে কিছুই পাই না। অর্থাৎ বাংলা দেশে আমরা বাস করি, বাংলা দেশের মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন, বাংলা দেশে কংগ্রেস সরকার আর সেই সরকারের আমলে দেখা যাচ্ছে তিন রকম চার রকম পাচ রকমের রাজত্ব চলছে। এক এক জেলায়, এক এক গঞ্জে এক এক মহকুমায় এক এক রকম ভাবে দেশের জনসাধারণ খাদ্য পাচ্ছেন। এক এক দরে তারা খাদ্য পাচ্ছেন। এই ভয়াবহ অবস্থা চলছে। এবং আমরা দেখছি এই অবস্থার ফলে ২৪ পরগনা, হাওড়া, হুগলী এবং নদিয়া, মুর্শিদাবাদ এবং উত্তর বঙ্গের বিভিন্ন অঞ্চলে ব্যাপক দুর্ভিক্ষের অবস্থা চলছে। আমরা জানি এখন নতুন ধান উঠেছে, নতুন চাল উঠছে এই সময় প্রত্যেকটা জায়গায় চালের দাম কমে যেত, প্রত্যেকটা জায়গায় চালের দাম ঐ ৮৫, ৮০ নয়া পয়সায় নেমে যেত—গতবারেও আমরা এই সময়টা এই দরে চাল কিনেছিলাম। এইবার আমরা বাজারে যখন যাচ্ছি, চাল পাচ্ছি না দুই টাকা কেজি পর্যন্ত চাল কিনতে হচ্ছে। রেশনে চাল সরবরাহ বন্ধ, গম বন্ধ—যেটুকু ক্ষুদকুড়ো দিচ্ছেন তা মানুষের খাদ্যের অনুপযুক্ত। এর ফলে বাংলা দেশের কৃষক যাদের ঘরে হয়ত কিছু ধান আছে তার সংখ্যা অতি সামান্য—বাংলা দেশে যে মধ্যবিত্ত সম্প্রদায়, বাংলা দেশে যে শ্রমিক সম্প্রদায় বাংলা দেশের মেহনতী মানুষ, ক্ষেতমজুর ভাগচাষী গরীব চাষী তারা আজকে চালের অভাবে খাদ্যের অভাবে চরম দুরবস্থার মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। আমরা বারবার এইকথা বলেছিলাম যে এই অবস্থার যদি প্রতিকার করতে হয় তাহলে পরে খাদ্যশস্যে রাষ্ট্রিয় বাণিজ্য প্রবর্তন করা দরকার। আমাদের মুখ্যমন্ত্রী গতবার একটা বিবৃতি দিয়েছিলেন যে হ্যাঁ, খাদ্যশস্যের রাষ্ট্রীয় বাণিজ্য তিনি করবেন। State Trading of foodgrain কিন্তু তার মূলকথা কি ছিল? আমরা বলেছিলাম যে এই বাংলা দেশে ১০০ চালকল মালিক রয়েছে, এই বাংলাদেশে বড় বড় চোরাকারবারী মজুতদার রয়েছে তাদের হাত থেকে চালের ব্যবস্থা সম্পূর্ণরূপে ছিনিয়ে নিতে হবে। চালকলগুলি সরকারের নিয়ন্ত্রনে আনতে হবে। কিন্তু আজকে ঠিক তার উল্টো কাজ করা হল। চালকলগুলিকে নিয়ন্ত্রনাধীনে আনা হচ্ছে না এবং জাতীয়করণ করা হচ্ছে না। বরং তাদের সম্পূর্ণ সুযোগ দেওয়া হচ্ছে ধান কেনবার। তাদের বলেদেওয়া হল যে তোমরা ঐ চাষীর কাছ থেকে ধান কিনবে, তা থেকে চাল যা হবে তা সরকারকে দেবে। চালকলের মালিকগুলি যেন ধর্মপুত্র যুধিষ্টির তারা যেন এই সরকারের সেবা করবার জন্যই জন্মগ্রহণ করেছেন। এই মনোভাব মুখ্যমন্ত্রী দেখালেন। কিন্তু আমরা জানি এই যে ধানটা আসবে তার থেকে তারা যে চাল তৈরী করবে সেই চালের মধ্যে শতকরা ৫০ ভাগ তারা চোরা কারবারে পাঠিয়ে দেবেন। কিছু কিছু অসাধু অফিসার এই সমস্ত চালকলের মালিকদেরসঙ্গে সহযোগীতা করবেন এবং ঐ মিলমালিকদের পকেটে ৫০ ভাগ চাল যেতে দেবেন।

[3-10—3-20 p.m.]

তার ফলে সেই চালগুলি চোরাকারবারে বিক্রি হবে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন গতবারে আমরা দেখেছি বর্ধমানের বাজারে, বীরভূমের বাজারে, মেদিনীপুরের বাজারে এই যে চালগুলি বিক্রি হল ১.৫০, ১.৬০ দরে এই চালগুলি কোথা থেকে এলো? এই সব চালগুলি এলো ঐসব মিল মালিকদের গুদাম থেকে, তারা তাদের এজেন্ট মারফত ঐ চালগুলি বাজারে বিক্রি করতে শুরু করে দিলো এবং চোরাকারবার

করে লক্ষ লক্ষ টাকা মুনাফা করলো। আজকে যদি স্টেট ট্রেডিং করতে চান তাহলে মিল-মালিকদের যে ক্ষমতা দেওয়া হচ্ছে সেটা না দিয়ে সরকারী কর্তৃত্বাধীনে ধান কেনার ব্যবস্থা করা হোক এবং সরকার থেকে ৫ শত মণ কি এক হাজার মণ ধান দেবে সেই ধানটা মিলমালিকরা চাল তৈরী করবে। কিন্তু ধান কিনবার কোন ক্ষমতা মিলমালিকদের হাতে দেওয়া উচিত নয়। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে আপনারা বলছেন কো-অপরেটিভ মারফত, গভর্ণমেন্ট এজেন্ট মারফত ধান কিনবেন তার জন্য টাকা কোথায়? প্রথম দরকার হচ্ছে টাকা। কারণ আজকে চাষীকে যদি নগদ টাকা না দিয়ে বলেন যে পরে টাকা দেবো এখন তোমার ধান দাও তাহলে চাষী তার ধান দেবে না। কারণ তার নগদ টাকা প্রয়োজন সে ধারকর্জ করে চাষআবাদ করেছে, সেজন্য তাকে নগদ টাকা দিতে হবে। আমাদের সরকার বলছেন যে তাঁদের হাতে ৩০ কোটি টাকা আছে, অথচ এই ধানচাল সংগ্রহ করতে গেলে মোট ১০০ কোটি টাকার দরকার। গত বছর ১৪ হাজার টন চাল কিনবার জন্য কো-অপারেটিভকে দেওয়া হয়েছিল ১০ কোটি টাকা। এবারে আপনারা তিন ভাগে, মিল-মালিকদের কাছ থেকে ধান চাল কিনবেন, আপনার হ্যাণ্ডলিং এজেন্ট মারফত কিনবেন, আর কো-অপারেটিভ মারফত কিনবেন, তারজন্য মোট বরাদ্দ করেছেন ৩০ কোটি টাকা অর্থাৎ ১০ কোটি টাকা প্রত্যেকের ভাগে পড়ে। তাহলে কি করে ধানচাল কেনা হবে? যেখানে ১০০ কোটি টাকা প্রয়োজন সেখানে যদি ৩০ কোটি টাকা বরাদ্দ করা হয় তাহলে কি করে ধানচাল কিনবেন? সেজন্য প্রয়োজনীয় টাকা সেণ্টার থেকে আনিয়ে ধানচাল কিনবার জন্য যদি উপযুক্ত ব্যবস্থা না করেন, কো-অপারেটিভকে যদি টাকা না দেন তাহলে ধানচাল কেনা হবে না এবং সমস্ত ধানচাল চোরাকারবারের মধ্যে দিয়ে বিক্রি হয়ে যাবে এবং সমস্ত পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে এবং একটা দারুণ বিশৃঙ্খলার সৃষ্টি হবে। সেজন্য বলছি এই পরিকল্পনা যেটা মুখে বলা হয় এর মধ্যে আন্তরিক প্রচেষ্টার যথেষ্ট অভাব রয়েছে। গতবারে বলেছিলেন স্টেট ট্রেডিং করবেন করে বাংলা দেশের মানুষকে ধানচাল খাওয়াবেন। এবারও দেখা যাচ্ছে সেই পরিকল্পনার কথা মুখে বলা হল কিন্তু কার্যতঃ তাকে রূপায়িত করবার জন্য যে পরিমাণ অর্থবরাদ্দ করা দরকার সেই পরিমাণ অর্থবরাদ্দ করা হয়নি, তার ফলে সমস্ত পরিকল্পনা ব্যর্থ হয়ে যেতে পারে এই রকম প্রচণ্ড আশংকা আমাদের মনে দেখা দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিলমালিকদের সুযোগ সম্পূর্ণভাবে দেওয়া হল কিন্তু হাসকিং মিলগুলিকে বন্ধ করে দেওয়া হচ্ছে, যে কথা নিখিল বাবু বলেছেন, এবং আমিও নিজে বিভিন্ন জায়গায় এই সমস্যা উপলব্ধি করেছি যে হাসকিং মিলগুলি থাকার ফলে চাষীরা সেখানে ধান ভাঙ্গিয়ে চাল তৈয়ারী করে সিদ্ধ করে ভাত খেতো কেন না ঢেঁকি উঠে গিয়েছে, সেগুলি আপনারা বন্ধ করে দেওয়ার জন্য একটা সমস্যার সৃষ্টি হয়েছে। চাষীরা কি ধান সিদ্ধ করে খাবে? সেই হাসকিং মিলগুলি বন্ধ করে দিয়ে আপনারা আবার মিলমালিকের উপরেই ক্ষমতা দিয়ে দিচ্ছেন। আমরা জানি নদীয়া জেলার হাসকিং মিল বন্ধ করে দেওয়া হয়েছে, হরিণঘাটায় বন্ধ করা হয়েছে মুর্শিদাবাদ, ২৪ পরগনা, নদীয়ার বর্ডারে হাসকিং মিল বন্ধ করে দেওয়া হয়েছে। ঢেঁকি নেই, হাসকিং মিল নেই, ধান ভাঙ্গাবে কোথায়? সেইজন্য এটা আপনাদের বিবেচনা করবার জন্য বলছি যে আজকের দিনে যদি ধান ভাঙ্গাতে হয় তাহলে সেই হাসকিং মিল রাখার প্রয়োজন আছে। হাসকিং মিল থেকে যাতে চোরাকারবারে চাল না চলে যায় তারজন্য আপনারা অফিসার নিয়োগ করুন এবং সে সম্বন্ধে আইন তৈয়ার করেছেন যে হাসকিং মিল নিজের উদ্যোগে চাল তৈরী করতে পারবেনা সেটা ভাল কথা, কিন্তু হাসকিং মিলে ধান ভাঙ্গাতে দিতে হবে। আপনারা এই যে হাসকিং মিলের ব্যবসা বন্ধ করে দিচ্ছেন ফলে তারা এর থেকে যে রোজগার করতো সেটা বন্ধ হয়ে যাবার জন্য তারা বিপন্ন হয়ে পড়ছে। বহু লোক আমাদের কাছে এসে বলে এর একটা বিহিত করুন, প্রফুল্ল বাবুর মন্ত্রীসভার কি মাথা খারাপ হয়ে গেল? হাসকিং মিল সব বন্ধ হয়ে যাচ্ছে, সে সম্পর্কে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি

মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যে এটার একটা ব্যবস্থা করা দরকার। তারপরে কথা হচ্ছে আপনাদের ফুড পলিসি সম্বন্ধে আপনারা বলছেন যে রিটেলার বলে একটা জিনিষ থাকবে খুচরো ব্যবসায়ী ভাল কথা, সেই খুচরো ব্যবসায়ীদের ১৫ কে, জি, পর্যন্ত চাল বিক্রি করবার জন্য লাইসেন্স দেওয়া হবে। কিন্তু সে চাল কোথা থেকে পাবো ? ধরুন নদীয়া জেলায় আপনারা বর্ধমান থেকে, বীরভূম থেকে চাল আনা বন্ধ করে দিলেন এবং নদীয়া জেলায় যে চাল হবে সেটা আপনারা প্রকিয়োর করলেন তাহলে রিটেলার চাল পাবে কোথা থেকে? আমি দু'তিন জন মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে রিটেলার থাকলো, লাইসেন্স থাকলো, ১৫ কে, জি ও থাকলো কিন্তু সেই চাল কে দেবে? আপনারা কি তাদের বর্ধমান থেকে চাল আনার সুযোগ দেবেন, কিম্বা সরকারী গোডাউন থেকে কি তাদের চাল দেওয়া হবে? তা নয়, তাঁরা বলেছেন বাড়তি চাল তারা কিনবে। বাড়তি চালত সরকার কিনেই নিচ্ছেন, তাহলে বাজারে কোথা থেক চালটা আসবে আমরা বুঝতে পারছি না। কাজেই এই সমস্যা সম্বন্ধে মুখ্যমন্ত্রী যদি আমাদের বুঝিয়ে বলেন যে এই খুচরা ব্যবসায়ীরা কোথা থেকে চাল পাবে এবং কি দরে তারা বেচবে তাহলে আমরা আশ্বস্ত হতে পারি। মাননীয় সভাপাল মহাশয়, এইবারে আমি প্রোকিয়োরমেণ্ট সম্বন্ধে দু' একটা কথা বলতে চাই। উদবৃত্ত ধান-চাল প্রোকিয়োর করার নীতির আমরা সম্পূর্ণ সমর্থক। আজকে উদ্বৃত্ত ধানচাল চোরাকারবারীরা কিনে নিয়ে বেশী দামে বিক্রি করবে সেটা আমরা চাই না। আমরা চাই যে উদ্বৃত্ত ধানচাল সরকারের স্টকে আসুক এবং সরকার সেটা ন্যায্যভাবে বণ্টন করুন। কিন্তু উদ্বৃত্ত ধানচাল যাদের হাতে রয়েছে তাদের সরকার হস্তক্ষেপ না করে যদি গরীব চাষীর উপর, ভাগচাষীর উপর এবং মাঝারি চাষীর উপর অত্যাচার করেন, তাদের মুখের খোরাকি যদি কেড়ে নেন বা তাদের বীজধান যদি কেড়ে নেন তাহলে আমরা তার বিরোধী। কারণ মাননীয় সভাপাল মহাশয়, আপনি বিবেচনা করে দেখুন আজকে আইনে যেটা ঠিক করা হয়েছে দুই একর অর্থাৎ ৬ বিঘা পর্যন্ত ছাড় তারপরে ৭ বিঘা হলেই দিতে হবে। আমাদের জেলায় আমি দেখেছি ২ একর জমিতে ধান হয় ৮ মণ, কি খুব জোর হলে ৯ মণ হবে। সেই ৯ মণ ধানে তার চলতে পারে না। ধরুন তার যদি একরপ্রতি ৫ মণও ধান হয় তাহলে এক বিঘাতে তার দেড় মণ ধান চলে আসে তাহলে কি করে তার সংসার চলবে? বর্ধমানে কিছু বেশী হয়। কিন্তু ঘাটতি জেলায় যে সব জেলা নন-ইরিগেটেড যেখানে প্রোডাকশন অত্যন্ত কম সেখানে কিভাবে চলবে? একরে যদি ৫ মণ করে ধান হয় এবং একটা পরিবারে যদি ১০।১৫ জন লোক থাকে—যে পরিবারের দু জন লোক তার যে পরিমাণে ধানচালের প্রয়োজন আর যে পরিবারে ১০।১৫ জন লোক সেই পরিবারের ধান চালের প্রয়োজন একরকম নয়, নিশ্চয়ই বেশী সেই হিসাবে আমাদের বক্তব্য হচ্ছে ঐভাবে লেভি না করে যদি মাথা পিছু ১২ মণ ধরে চাষীর খোরাকীর জন্য দেওয়া যায় তাহলে তার সারা বছর চলতে পারে। আপনারা বাংলা দেশের চাষীকে কিছু দিতে পারেন নি, তারা রেডিও চাচ্ছে না, তাদের শিক্ষা কিছু দিতে পারেন নি, তারা চায় শুধু চাল, সেটাও কি আপনারা দেবেন না? সেই চাল যদি দিতে হয় তাহলে মাথাপিছু ১২ মণ করে ধান দিতে হবে এবং ৩০ কেজি করে বীজধান দিতে হবে। সেই বীজধান তা না হলে তারা কোথায় পাবে? আগামী ফসলের জন্য তাদের সেই ৩০ কেজি বীজধান দিয়ে দেওয়া প্রয়োজন। এইজন্য আমি বলছি মাথাপিছু ১২ মণ ধান এবং ৩০ কেজি বীজধান যদি পরিবার পিছু না দেওয়া হয় তাহলে তাদের সংসার চলতে পারে না। সুতরাং প্রোকিয়োরমেণ্টের যে বেসিস সেই বেসিস খুব রং, সেই বেসিসে যদি প্রোকিয়োর করেন তাহলে একটা দারুন বিশৃঙ্খলার সৃষ্টি হবে এবং চাষীরা বিপন্ন হয়ে পড়বে এবং আগামী বৎসরে ধান চাষ হবে না। সুতরাং এটা বিবেচনা করতে বলছি যে প্রথম হচ্ছে সেচ এলাকাতে ৫ একর পর্যন্ত লেভি থেকে বাদ দিন এবং সেচ বিহীন এলাকায় ৭ একর পর্যন্ত লেভি থেকে বাদ দিন এবং ১২ মণ মাথা পিছু খোরাকির জন্য এবং ৩০ কেজি

বীজধানের জন্য রেখে বাদবাকি লেভি করুন তাতে লেভি সম্পূর্ণরূপে সার্থক হবে এবং লেভি করলে চাষীরা আশ্বস্ত হবে এবং জনসাধারণও আশ্বস্ত হবে।

[3-20—3-30 p. m.]

এবং সেই লেভি করলে চাষীরা উৎসাহিত হবে। জনগণ উৎসাহিত হবে এবং তারা নিজে এসে সরকারী ক্রয়কেন্দ্রে ধানচাল দিয়ে যাবে। এখন দর সম্বন্ধে আমি দু একটি কথা বল চাই—যে দরটা সরকার ধার্য করছেন সে দরটা অত্যন্ত কম। আমরা হিসাব করে দেখেছি অ নদীয়া মুর্শিদাবাদের চাষীদের সঙ্গে আলোচনা করে দেখেছি তারা বলেন যে এক বিঘা জমি ধান উৎপাদন করতে গেলে ১৪।১৫ টাকা খরচ পড়ে যায় নিজেদের মেহনত ছাড়াও। সেখা এক মণ ধান তৈরি করতে গেলে যদি সাড়ে চৌদ্দ টাকা দর দেন তাহলে কি করে হবে। কা এ ধানটা বেচে চাষীকে নুন, তেল, কাপড়, মশলা, ঔষধপত্র কিনতে হবে। এখন তেলের দ পাঁচ টাকা হয়েছে—আগে কাপড় ছিল ২ টাকা এখন ৭ টাকা হয়েছে। ঔষধের দামও চার বেড়ে গেছে। কাজেই চাষীরা যদি ধানের ন্যায্য দাম না পায় তাহলে তারা সংসার চালা পারে না। সেইজন্য চাষীর খরচ বাঁচিয়ে তাকে যদি কিছু লাভ করতে হয় তাহলে অন্তত অ বলছি ১৭।১৮।১৯ টাকা দর দেওয়া উচিত। এবং তাতে চালের দাম যদি এক টাকা বা তাহলে কোন অসুবিধা হবে না। কিন্তু চাষীকে ন্যায্যদাম দিতে হবে—তা যদি না দেন তাহ আগামী বছর চাষীরা ধান উৎপাদন করতে উৎসাহ পাবেন না। তাতে দুর্ভিক্ষের অবস্থার স হবে। বাংলা দেশের মানুষ না খেয়ে মারা যাবে। সেইজন্য এই ধানের দরটা সম্ব একটু বিবেচনা করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে দেখছি এই প্রকিওরমেন্টের কথা বলছেন—এই প্রকিওরমেন্ট করতে হলে আমরা যেটুকু অভিজ্ঞতা পেয়েছি ফুড ডিবেটের জন্য তাঁরা অপেক্ষা রাখেন নি। এখন থেকেই গ্রামে গ্রামে প্রকিওরমেন্ট আ হয়ে গেছে। আমাদের অভিজ্ঞতা হচ্ছে সেই সমস্ত অফিসার এবং কো-অপারেটিভগুলি কার তারা হচ্ছে কংগ্রেসের বড় বড় জোতদার—জমিদার শ্রেণীর লোক—তারা এই কো-অপারেটিভগু দখল করে আছে। সেই গ্রামের যারা বড়লোক তারা কো-অপারেটিভকে বলে ডিস্ট্রি অফিসারের সংগে যোগসাজস করে লেভি থেকে বাদ চলে যাচ্ছে। যত কিছু অত্যাচার সাধা মানুষের উপর পড়ছে। সেই জিনিসটা যদি বন্ধ করতে হয় তাহলে পাবলিক কমিটি অত্য এসেনসিয়াল। অর্থাৎ প্রকিওরমেন্ট এই বেসিসে করা উচিত বারমণ খোরাকী বাদ দি উদ্বৃত্ত ধানটা সরকার কিনে নেবে এবং ২নং কথা হচ্ছে সেটা কিনে নিতে গিয়ে তা কো-অপারেটিভের মাধ্যমে কল বা হাওলিং এজেন্টের মাধ্যমে পাবলিক কমিটির মাধ্যমে করতে হবে। আমি বলতে চাই এই নীতি যদি আমরা গ্রহণ করি তাহলে আমরা পাবলি কমিটিতে অংশ গ্রহণ করতে রাজি আছি এবং আমরা নিশ্চয় সহযোগিতা করবো। আমি বর্ সম্বন্ধে দু একটা কথা বলবো। আপনারা ধরুন রেশনিং এরিয়ার মধ্যে ৭২ লক্ষ লোকে রাখলেন আর বাদবাকি তিন কোটি লোককে পুনরায় আপনারা চোরাকারবারীর পথে ঠে দিলেন। কারণ মডিফায়েড রেশনিং সম্বন্ধে কোন নিশ্চয়তা দেন নি। তিনি বলেছেন ধানচা যেমন যেমন উঠবে তেমন আমরা দেবো। আপনারা বর্ধমান, বীরভূম কর্ডন করে দিয়েছেন সেখানে ধানচাল আনতে দিচ্ছেন না। আপনারা নদীয়ায় ধানচাল প্রকিওরমেন্ট করছেন রেশনে-এ ৪০০ করে চাল দিচ্ছেন এবং ক্যাম্প কলোনী প্রভৃতি জায়গায় রেশন বন্ধ ক দিয়েছেন। বাজারে ধান চাল আসছে না কোথা থেকে লোকে চাল পাবে? লোকে ২ টাব সেরেও চাল পাচ্ছে না। এবং আউস চাল ১ টাকা ৮০ পয়সা দিয়েও কিনতে পাচ্ছেন না তারা কোথা থেকে পাবে। আপনারা সব বন্ধ করে দিয়েছেন। আমি সেইজন্য দাবি করি যে রেশনিং এলাকার বাইরে ২৫ কে, জি, চাল এবং গম রেগুলারলি প্রত্যেককে দেওয়া দরকার এবং সেটা দিয়ে যখন প্রয়োজন মিটবে না তখন কর্ডনিং সম্বন্ধে একটা ব্যবস্থা করা দরকার যেমন আমি এই প্রস্তাব দেবো যে বর্ধমান, নদীয়া, মুর্শিদাবাদকে নিয়ে আপনারা কর্ডন করুে

পারেন এইভাবে কিছু বাড়তি কিছু ঘাটতি জেলা এই দুটোকে মিলিয়ে নিয়ে করা প্রয়োজন বলে আমি মনে করি। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই যে এইভাবে সমস্যা সমাধানের পথে আমাদের এগুতে হবে। আমার ২নং বক্তব্য – রিটেলার যেগুলি আপনারা রাখছেন তাদের সরকার থেকে চাল সরবরাহ করতে হবে। অর্থাৎ বর্ধমান থেকে—বাড়তি জেলা থেকে চাল নিয়ে গিয়ে তাদের বিক্রি করবার সুযোগ দিতে হবে গভর্নমেন্ট রেটে। তৃতীয় গ্রামাঞ্চল এলাকায় রেশনের দাম কমিয়ে দিতে হবে এবং যা ঘাটতি হবে সেটা সরকার থেকে দিতে হবে এবং ধানের দর ১৮।১৯ টাকায় বাড়িয়ে দিতে হবে। ৪নং কথা হচ্ছে জনগণের কমিটির মাধ্যমে প্রকিওরমেন্ট এবং বন্টনব্যবস্থা চালু করতে হবে। ৫নং কথা হচ্ছে ফেমিলি পিছু লেভি এবং প্রডাকসন—অর্থাৎ যে জমিতে যেভাবে প্রডাকসন হবে তাতে ১২ মণ ধান খোরাকী রেখে বাদবাকি লেভি করতে হবে। এইভাবে লেভি করা চলতে পারে। আমার সর্বশেষ দাবি হচ্ছে মিলগুলিকে সরকারের কতৃত্বাধীনে আনতে হবে এবং ঐ মিলগুলিতে ধান ভাঙিয়ে জনগণকে খাওয়াবার দায়িত্ব নিতে হবে। আমি আশা করি মন্ত্রীমণ্ডলী এই সমস্ত ক্ষুধার্ত মানুষকে বাঁচাবার জন্য সমস্ত বিরোধীদলের সহযোগিতা নিয়ে সুষ্ঠু নীতি নিয়ে এগিয়ে যাবেন। তাতে বাংলা দেশ বাঁচবে, জাতি বাঁচবে, দেশও বাঁচবে।

Shri Bhakti Bhusan Mandal : মিঃ চেয়ারম্যান, স্যার, এই খাদ্যনীতি সম্বন্ধে বক্তৃতা করতে গিয়ে আমি প্রথমেই বলবো যে বক্তৃতার আর কোন প্রয়োজন আছে কিনা এ সম্বন্ধে আমার মনে সন্দেহ জেগেছে। কারণ গভর্নমেন্ট তার পলেসি যা স্থির করেছেন সে সম্বন্ধে লেজিসলেটিভ এসেম্বলীকে কোন কনসাল্ট করে করেন নি। দেখা গেল সমস্ত অর্ডার তাঁরা পাঠিয়ে দিয়েছেন—কাজেই এনফোরসড হয়েছে—একজিকিউসন হচ্ছে। একজিকিউসন হবার পরে আমরা এখানে যা বক্তৃতা করবো সেটা আমি অন্তত মনে করি পোস্ট মর্টেম examination of the dead body ছাড়া আর কিছু নয়। কাজেই আমি বুঝতে পারছি যে হাউসের সদস্যরা নিশ্চয় খুব বেশী এটা নিয়ে উৎসাহিত নয়। প্রত্যেকটি অর্ডার গেছে—লেভির অর্ডার হতে আরম্ভ করে ফুড পলেসি পর্যন্ত প্রত্যেকটি ডিফেকটিভ এবং দেখা গেছে, যে অর্ডারগুলি গেছে আজ প্রফুল্ল সেন যাই চীৎকার করে বলুন, তাঁর ক্ষমতা নেই অর্ডারগুলি এনফোর্স করার। কারণ প্রত্যেকটি ইললিগ্যাল অর্ডার হয়েছে এবং প্রত্যেকটি অর্ডার দেখবেন হাইকোর্টে গিয়ে সেটঅ্যাসাইড হবার মত অর্ডার হয়েছে। যেমন একটা কথা বলছি এমন লেভি করা হয়েছে যাতে বর্গাদারদের কি শেয়ার দিতে হবে তা বলা হয় নি। মালিককে বলা হয়েছে এতো শেয়ার দিতে হবে কিন্তু যতটা শেয়ারের কথা বলা হয়েছে দেখা গেছে যে সমস্ত টোট্যাল প্রডাকসন সেটা হবে না। অথচ সেখানে আইনে বলা নেই যারা চাষ করবে যারা হাফ নিয়ে যাবে তারা সেটা দেবে বা তার রেট কি হবে এইরকম ভাবে প্রত্যেকটি অর্ডার যদি পুংখানুপুঙ্খরূপে দেখি তাহলে দেখবো যে অর্ডারগুলি ইনফ্রাকচুয়াস এবং এই অর্ডার কোন কাজে লাগবে না। তবে উনি জোর করে বলতে চাচ্ছেন যে ফুড পলেসি আমার খুব ভাল। আমি কয়েকটি জিনিস বলছি অন্তত দেশের মানুষ বিশেষ করে যারা সাপ্লাইং সেন্টার থেকে আসছে তাদের তরফ থেকে বলছি বিশেষ করে ৮।১ জেলার তরফ থেকে বলছি সেই জেলায় সম্পূর্ণভাবে এই জিনিসটা ফিল করছে লেভির যে ফ্ল্যাট একটা রেট দিয়েছেন সেই রেটটা কি সব জায়গায় প্রযোজ্য হবে? জেলা ম্যাজিস্ট্রেটকে যে ডিসক্রিসন দিয়েছেন সেই ডিসক্রিসন আরবিট্রারী ডিসক্রিসন। কোনরকম পাওয়ার ইমপোজ করে দেওয়া নেই, তিনি যা ইচ্ছা তাই করতে পারবেন এই রকম বলে দেওয়া হয়েছে। আমি একটা কথা বলছি বলা হয়েছে যে কোন জায়গায় ৫ কুইনটল দিতে হবে—কোন জায়গায় ৪ কুইনটল দিতে হবে—কোন জায়গায় কি কনসিডারেসন করেছেন—কারণ প্রডাকসন varies from mauza to mauza. There are so many conditions—condition of irrigation, condition of non-irrigation, condition of fertility, এই কনডিসন অনুযায়ী যদি না করা হয় তাহলে এই যে একটা ফ্লাট রেট করে দিয়েছেন এই রেটে

কখনও লেভি হতে পারে না এবং এই লেভির জন্য আমি বলতে পারি সরকারের সংগে রক্তাক্ত সংগ্রাম সাধারণ চাষীদের হবে। আমি তাই বলছি যে এই লেভি সম্বন্ধে বা খাদ্যপলেসি সম্বন্ধে তিনি যদি চিন্তা না করেন তাহলে এর ভোগ তিনি তো করবেনই—শুধু তিনি নন সারা বাংলা দেশের লোক তার ফলভোগ করবেন। তবে আমি জানি যারা তিন টাকা কে, জি, এ বছর চাল কিনেছেন তাদের সাত টাকা কে, জি-তে চাল কিনতে হবে এইটা আমি পরিষ্কার বলছি। যারা কিনে খান তাঁরা হয়তো মনে করছেন লেভিতে আসবে—আমরা সস্তায় রেসন পাবো—কিন্তু তা পাবেন না। লেভি ফেল করবে জুন জুলাই আগস্ট মাসে মানুষ যখন ধান চাল পাবে—তখন সাত টাকা দশ টাকা দর হবে। প্রফুল্ল সেন এখানে এসে বলবেন আমি সংনীতি করতে গিয়েছিলাম—আমি সাকসেসফুল হই নি। যে সাকসেসফুল হইনি বললেই মানুষের পেট ভর্তি হয়ে যাবে।

[3-30—3-40 p. m.]

আমি একটা বিষয় সম্বন্ধে বলছি যে লেভির যে নীতি সে নীতি তা সম্পূর্ণভাবে এর ফলে ব্যর্থ হবে। লেভির মাধ্যমে কিভাবে সরকার সমস্ত জিনিসটাকে নষ্ট করছেন সেটা দেখছি। ৩টা point সম্বন্ধে আমি বলবো যে দর সম্বন্ধে বলা হয়েছে, যে Rate করা হয়েছে সে রেট হল ১৪-০০, ১৫-০০; ১৬-০০ টাকা। এবং চালের দাম ২৪-৫০, ২৬-০০, ২৭-০০ টাকা। একটা মিলে maximum প্যাডি করা হয় এক হাজার মণ। মিলিং সেটা হয় তিনশত বস্তা চাল, যদি সিলিং করা হয় তাহলে ৪৫০ মণ ধানে ৩০০ মণ চাল হয় production কত মিলওয়ালাদের কাছ থেকে এবং মিলের কাজ করে তাদের কাছ থেকে নিয়ে এসেছি যে maximum production কত হতে পারে। সেটা ১ হাজারের বেশী না। যেমন দুবরাজপুরের কথা যে সেখানে সিদ্ধ করার জন্য ঐ ৩০০ বস্তা চালের খরচ পড়ে সাড়ে সাত টাকা, এবং কাসীন সিদ্ধ করার জন্য আড়াই টাকা খরচ, কাসীন করে বেতন দেওয়া হয় ৪৮-০০ টাকা, মিলিং ১২-০০ টাকা, কয়লা ১২৫-০০ টাকা খুচরা অন্যান্য খরচ ২০-০০ টাকা। এরূপ ৩০০ মণ চাল করতে হলে ২২২-৫০ পয়সা লাগে। এই ২২২-৫০-এর মধ্যে এটা সকলের জানা আছে যে ৩ মণ ধানে ২ মণ চাল হয় এবং কুঁড়ো ১ মণ, যে কুঁড়ো ১২ আনা সের দরে বিক্রয় হয়। কাজেই দেখা যাচ্ছে ১ টাকার বেশী দাম হতে পারে না। সবচেয়ে বেশী ১ টাকার বেশী দাম হতে পারে না। কিন্তু দেখা যাচ্ছে ৩ টাকা থেকে সাড়ে তিন টাকা অর্থাৎ ঐ মিলওনারদের ২ টাকা থেকে আড়াই টাকা ক্লিন দেওয়া হচ্ছে। এই সুযোগে মিলকে যে position দিচ্ছেন অর্থাৎ যে চকাপেটান হচ্ছে যে Co-operative Marketing Society করা হবে। কিন্তু practically এই সরকারের পলেসি যেটা Co-operativeগুলির হাত গুটিয়ে তাতে বসে থাকতে হবে। টাকা যা দিয়েছেন তা অতি সামান্য। আমাদের যে Co-operative আছে দুটো থানায় প্রায় ৪০ হাজার টাকা দেওয়া হয়েছে। প্রতিদিন ঐ জেলায় ১ লক্ষ টাকার transaction হয়। ভেবে দেখুন সেখানে ৪০ হাজার টাকা দেওয়া হয়েছে। সুতরাং ভেবে দেখুন এক লক্ষ টাকা যেখানে ঐ ৪০।৪৫ হাজার টাকা দেওয়া হোচ্ছে, এভাবে কি করে কাজ হতে পারে? তিনটা system করেছেন একটা D. P. Agent-এর মাধ্যমে কেনা আর একটা মিল মালিকের মাধ্যমে কেনা আর একটা co-operative-এর মাধ্যমে কেনা। এই co-operarive-এর মাধ্যমে কি রকম কেনা হচ্ছে শুনুন। দুবরাজপুরে একটা জায়গায় যদি ধান কিনতে হয় ৪০ টাকা ২০ পয়সা চাষিদের কাছ থেকে নেবেন কিন্তু দুবরাজপুরে মিল কিনবে ৪১-২০ পয়সায়। একই জায়গায় যদি ৪০-২০ পয়সার দাম হয় আর মিলওয়ালারা যদি ৪১-২০ পয়সায় কেনে তাহলে co-operative-এ লোকে কেন বিক্রী করবে? আপনারা co-operative-এ ঐ একই system করার ব্যবস্থা করুন। আমি concretly এ বিষয়ে জেলার লোকেদের বলেছি,—অফিসারদের বলেছি এ সমস্ত উর্ধতন কর্মচারীরা বলেন যে এতে আমাদের হাত নেই। এটা হল Government-এর policy. Government-এর policy যদি change না করে তা

হলে আমরা কি করবো। আর একটা কথা হচ্ছে এই W. Q. C. S. সেটা কি-ভাবে দেওয়া হচ্ছে শুনুন। এই weight, quantity, certified stock এইভাবে যে W. Q. C. S. দেওয়া হচ্ছে Government-এর টাকা নেওয়া হয়েছে। আমি টাবার কথা যেটা বলছিলাম এই হাজার টাকা W. Q. C. S.-কে দেওয়া হবে অর্থাৎ যদি ১০ কুইন্টল ধান দেওয়া যায় তা হলে W.Q.C.S. এ কতটা এল। এর ৯।১০ পর্যন্ত payment পাওয়া যায় না। আমি দুবরাজপুরের টাকার জন্য জানি যে ৭ তারিখের টাকা ১৭ তারিখ পর্যন্ত পাওয়া যায় নি অথচ individual D. P. Agentএর কাছে দিলে তারপর দিনই টাকা পাওয়া যাচ্ছে, District Controller office আছে তাদের officeএ যদি ২ টাকা খরচ করেন তাহলে একদিনের মধ্যেই cash payment হচ্ছে। Co-operativeএর টাকা দেবার ক্ষমতা নেই। তাদের ১০ দিনেও payment হচ্ছে না, আর একটা কথা বলছি যে ধানচালের দর সম্বন্ধে যে কথা বলা হয়েছে সরকার কোন রকমে বিহারের বর্ডারে ধানচাল যাওয়া বন্ধ করতে পারছেন না। এই জায়গায় মস্ত বড় একটা range বিহারপ্রান্তে রয়েছে। বিহারের দাম হল ২০।২১ আর আমাদের ধানের দাম সেখানে ১৪, ১৫, ১৬ সুতরাং তাহলেই বুঝতে পারছেন ধান কিভাবে বিহারে পাচার হয়ে যাচ্ছে। যারা black করে তারা ধান এইভাবে নিয়ে যায়, পুলিশ যারা বর্ডারে থাকে তারা smuggler এবং black marketersএর বাড়ীতে যাচ্ছে এবং তাদের বলছে যে তোমরা ২ দিন যাওনি কেন? সেখানে ১০০ খানা গাড়ী গেলে সেখানে তারা পাচ্ছে ৫০০ টাকা। আমি পরিষ্কারভাবে দেখছি যে বর্ডারগুলিতে আপনারা D. P. Agent or Co-operative সেল রেখেছেন সেখানে ধান বিক্রি হচ্ছে না। অথচ হাজার মণ ধান বিহার বর্ডার দিয়ে চলে যাচ্ছে কারণ সেখানে ধানের দাম ২০।২১ টাকা। এইভাবে cost of production যে কথা বলা হয়েছে কিন্তু বাংলা দেশের ধান যদি বাংলার বাইরে চলে যায় তা হলে বিহারের কথাও ভাবতে হবে। কারণ আমাদের ধান যদি বিহারে যায় যে বিহার হল আমাদের neighbouring State সেখানের দাম হল ১৯।২০ টাকা। এই টাকা যদি না দেওয়া হয় তাহলে আপনারা কখনই paddy production বাড়াতে পারবেন না, ধানচাল বাড়াতে পারবেন না এবং নিতে পারবেন না। আপনারা যদি জোর করে মনে করেন ধান চাল নেব তা হলে রক্তের বন্যা বয়ে যাবে। Government তা হলে পরাজিত হবেন। আপনারা আজ পর্যন্ত emergencyএর দোহাই দিয়ে Government চালাচ্ছেন, আপনারা বামপন্থীদের আটকে রেখেছেন এই একটা foodএর ব্যাপারে। আজকে এর ফলে লোকে এটা recoup করে চাপ দিয়ে ঠাণ্ডা করে দেবে।

Shri Aswini Roy: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে Statement মন্ত্রিমহাশয় আমাদের সামনে রেখেছেন তাতে উনি বললেন যে নূতন খাদ্যনীতি হল গতবৎসরের সম্প্রসারণ। এখন যে সম্প্রসারণের কথা বলেছেন সে সম্বন্ধে দুটা কথা বলেছেন। একটা হচ্ছে proper price, cultivators দের একটা হচ্ছে equitable distribution to their consumer. এই দুটা কথা। আমি শুধু proper price সম্বন্ধে বলবো। Proper price বলতে গত বারের proper price যে ভাবে ছিল সে porper price কৃষকরা পায় না। এবং সেটাকে proper price ঠিক বলা যায় না। এটা বন্ধ করতে গেলে অনেক কষ্ট সহ্য করতে হয় Planning Commissionএর যে directive সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। Planning Commission যে কথা বলছেন কৃষিক্ষেত্রে the object must be to regulate within definite limits the prices of basic essentials. Price regulation involves at various points the necessary incentives to producers and it is therefore envisaged that Government would set up and promote the necessary co-operative and State agencies for procurement and sale of foodgrains at appropriate stages so as to strengthen its power to influence the course of prices and prevent anti-social activities like hoarding.

[3-40—3-50 p. m.]

এই যে directive principles তাঁরা দিয়েছিলেন, সেই directive principlesএ দেখছি কৃষক তার চেয়ে incentive, উৎসাহজনক price গতবার পাননি। Anti-social elements মজুতদার মুনাফাখোরদের রাজত্ব আজও চলেছে। কাজেই সেই নীতির যদি সম্প্রসারণ হয় তাহলে মারাত্মক এবং সর্বনাশা খাদ্যনীতি হবে।

এই price সম্পর্কে বলবো যে গতবার incentives price ছিল না। তার ব্যাখ্যা পরে করছি। এই সম্পর্কে আমি আর একটা জিনিস বলছি। Price সম্পর্কে অতীতে শুধু আমার কথা নয় আপনাদেরই নিয়োজিত Foodgrains Enquriy Committee headed by Shri Ashoke Meta তিনি এই সম্পর্কে কতকগুলি বলে গেছেন। মূল্যনিয়ন্ত্রণের ক্ষেত্রে কি কি critria, factor তা বিচার করতে হবে। সেদিক থেকে তিনি বলেছেন cost of production of the consumed foodgrains.

এই যে কতকগুলি মূলকথা তিনি বলে গেছেন সেই মূলকথার ভিত্তিতে আজকে দেখা যাচ্ছে যে agriculture workerদের wages বেড়েছে, last crop খাদ্যশস্যের দাম যদি ঐ অনুযায়ী না বাড়ে তাহলে কৃষকদের incentives দেওয়া হয় না। এটাই হচ্ছে আমার বক্তব্য। সেদিক থেকে আমি ভেবেছি। গত বছর যে ধানের দাম ছিল, সেই দামটা কৃষককে উৎসাহিত করছে না কৃষির উৎপাদন বাড়ানোর জন্য। তাহলে গত বছরের মজুতদার, মুনাফাখোর যেটা থাকলে কৃষককে আর ন্যায্য দাম দেওয়া হল না। এই নীতিটা সকলে বুঝতে পারছি। বর্তমান নীতিতে দেখা যাচ্ছে যে ওঁরা যেটা ধানের দাম বাঁধছেন, আমাদের জেলায় মোটামুটি মাঝারি ধানের দাম ১৫৲ টাকা। গতবার ছিল চালের মণ 37·50 nP. যেটা ছিল সেই ধানের দাম কম ছিল—সেটা তাঁরা মানতে চান নাই। এবার শুনছি ৫০ নঃ পঃ বাড়ানোর কথা উঠেছে। এই সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রিমহাশয় একটা কথা বলেছিলেন যে আমি কী করবো? Agricultural Price কমিশন আমার হাত বেঁধে দিয়েছেন। কাজেই ধানের দাম বাড়ানো যাচ্ছে না। সে ক্ষেত্রে Agricultural Price কমিশনের রিপোর্ট ভাল করে পড়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আরও উনি বলেছেন যে বেশী দাম দেওয়া যায় না। আর Agricultural Price কমিশন কী বলেছেন? আমরা এটাও বলেছি ধানের দামে ও চালের দামে এত তফাৎ কেন? তারা তাতে বিস্ময় প্রকাশ করেছেন। Agricultural Price কমিশন বলেছেন ৬৲ টাকা থেকে ৭৲ টাকা এই যে margin সেটা ভক্তিভূষণবাবু বলে গেছেন মিলে চাল উৎপাদন করতে এক টাকা দেড় টাকার বেশী খরচ পড়ে না। এখানে কুইনটাল প্রতি ৭।৮৲ টাকা মার্জিন সারা ভারতে কেন দেওয়া হচ্ছে? এই কথা বলে তাঁরা বিস্ময় প্রকাশ করেছেন। বিশেষ করে বাংলা দেশের চাল এবং ধানের দামের মধ্যে যে পার্থক্য ১·২৫ ন. প. কেন রাখতে দেওয়া হচ্ছে? সেই সম্পর্কে তাঁরা একটা মন্তব্য করেছেন। তাঁরা বলছেন আমরা বিস্ময় প্রকাশ করছি যে কেন এই ধানের দাম এবং চালের দামের মধ্যে এই পার্থক্য থাকবে? তাঁরা বলছেন যে While we have utilised the information available to us in arriving at these prices, it is possible that some peculiarity in a State has been missed ard in view of this minor adjustment of price schedule is to be made.

এইখানে বলে গেছেন। এবং ডাটার সম্পর্কেও তারা বলেছেন যে State Government যে সমস্ত data পাঠিয়েছেন সেই সমস্ত data সম্পর্কে আমরা বিস্ময় প্রকাশ করছি এবং তারা এটাও বলেছেন যে এই যে ৫ টাকা থেকে ৮ টাকা মার্জিন মিল মালিককে দেবার সম্পর্কে আমরা বলছি এটা সঠিক নয় তাদের তথ্যটা। এই তথ্যটা enquiry করবার জন্য একটা competent authorit একটা appoint করতে হবে। তাহলে দেখা যাবে আমরা যেকথা বলছি যে মিল মালিকদের যদি কুইনটালে ১॥০ টাকা দুই টাকা তিন টাকা দেওয়া যায় তাহলে ৭·৮ টাকা যেটা থাকে তা থেকে যদি ২ টাকা কেটে নেওয়া হয় এবং কৃষককে যদি সেই

৫ টাকা দেওয়া হয় তাহলে কৃষক উৎসাহিত হবে produce করবার জন্য। Agricultural Price কমিশনের যেটা বাধাদর তার নীচে উনি করতে পারেন। এবং সেদিন থেকে বিভিন্ন স্টেট কেরালা, মহারাষ্ট্র, অন্ধ্র তারা কৃষকদের ধানের দর বাড়িয়েছে। এখন একটা কথা হচ্ছে এই priceএর সম্পর্কে। Agricultural Price কমিশন এটাও বলে গেছেন যে আপনারা যে তথ্য দিচ্ছেন এই তথ্যের ভিত্তিতে আমরা দাম বাধলেও আপনারা মনে রাখবেন অন্ততপক্ষে কৃষককে "We may add that in doing so the Government should see that maximum advantage accrues to the growers" এই কথাটা lastly বলে গেছেন। এবং নোট করে নিন page 34, para 4/18, Agricultural Price কমিশন বইটা আমার কাছে আছে দেখে নিতে পারেন। এই কথা তিনি বলে গেছেন। সুতরাং আপনারা দাম বেশী বাধতে পারেন যদি আপনারা মনে করেন growerদের, producerদের interestএ প্রয়োজনীয়তা আছে। সেজন্য আমি মুখ্যমন্ত্রীকে পুনর্বিচার করতে বলছি, দামের ক্ষেত্রে। এখন এই যে দাম যেটাকে আমরা lower price বলছি। এই দামের ভিত্তিতে আপনাদের procurement কখনই successful হবে না। Agricultural Price কমিশন বার বার করে সাবধান করে দিয়েছেন সেটার কথাও আপনাদের জানিয়ে দিচ্ছি। তারা বলে গেছেন যদি মাননীয় জনৈক সদস্য সেদিন বলেছিলেন যে নীচেরওয়ালাদের যদি লেভি না করা যায় তারা জোতদারদের দিয়ে দিবে। সেখানে নীচেরওয়ালাদের লেভি যদি আপনারা করেন that is a coercion, distress sale বন্ধ করে না, coarce করে নেওয়া হচ্ছে সেখানে তারা বলে গেছে যে যদি low priceএ আপনারা procure করেন তাহলে কৃষকদের মধ্যে incentive থাকবে না এবং তারা ভবিষ্যতে উৎপাদন করবে না। There will be coercion on the peasantry. কাজেই সেদিক থেকে আপনারা বিচার করবেন। তৃতীয় কথা বলছেন যে যদি ওদের ধানটা না নেওয়া হয় লেভি করে না নেওয়া হয় তাহলে কি হবে? তার রাস্তা আছে। আপনারা যদি ধানের ন্যায্য দাম ঠিক করেন, যেমন industryতে workerদের bonus দেওয়া হচ্ছে এবং সেই bonus যদি আপনারা declare করেন কৃষক স্বেচ্ছায় Government Agencyর কাছে ধান দেবে এবং তারা জোতদারের কাছে যাবে না। প্রত্যেকটা দেশে এই প্রথা চালু আছে। বার্মায় আছে, ইতালীর মত capitalist countryতে আছে, কানাডায় আছে অস্ট্রেলিয়াতে আছে এবং এটা আমাদের Foodgrain Enquiry কমিটির অশোক মেহতা তিনিও suggestion দিয়েছেন। আমি পড়ে দিচ্ছি page 87, para 8/7, Foodgrain কমিটি: While the maximum price should normally remain the same throughout the year, it may offer a slightly higher price by giving of bonus during the first two m nths of the harvest so as to encourage the farmars to bring the produce to the market earlier কাজেই তিনি distress saleএর কথা যেটা বলছিলেন সেটা অসত্য।

[3-50—4-15 p. m.]

কাজেই এখানে যে ডিস্ট্রেস সেলের কথা বলেছিলেন সেটা অসত্য, এটা করলে ডিস্ট্রেস সেল বন্ধ হবে, কৃষক নিশ্চয়ই সরকারী মেশিনারির কাছে দেবে। তারপরে এই সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া বুলেটিনে বলে গিয়েছে, গত তিন বছরের গেজেট পড়লে দেখা যাবে প্রডিউসারদের যে প্রাইস এবং মার্কেট রেট এই দুটির মধ্যে তফাত আছে। আগস্ট বুলেটিন অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, পেজ ১৪৭, সেটা দেখলে আপনারা বুঝতে পারবেন। উনি বললেন যে হাত আমাদেরই বেঁধে দিয়েছে। হাতটা যদি এগ্রিকালচারাল প্রাইস কমিশন বেঁধে দেয় তাহলে সব ক্ষেত্রেই এগ্রিকালচারাল প্রাইস কমিশনের হাত বেঁধে দেওয়াটা মেনে নেওয়া উচিত। প্রকিয়োরমেন্টের ক্ষেত্রে এগ্রিকালচারাল প্রাইস কমিশন বলেছে There should

be three machineries to procure, All India Food Corporation, State Government Machinery and Co-operative Machinery একটা হচ্ছে অল ইণ্ডিয়া ফুড কর্পোরেশন, আর একটা হচ্ছে স্টেট গভর্নমেন্টের মেশিনারি এবং আর একটা হচ্ছে কো-অপারেটিভ মেশিনারি। উনি কি করলেন, না অল ইণ্ডিয়া ফুড কর্পোরেশনকে বাদ দিয়ে তার জায়গায় মিলওনার্সদের ঢুকিয়ে দিলেন, বিড়ালকে দিয়ে মাচ ভাগ করতে দিলেন। আমার জেলার সর্বত্রই, সেদিন মাননীয় আনন্দগোপাল মুখার্জী বললেন বারোয়ারী কো-অপারেটিভ ধান কিনছে না, কেন কিনবে, কিনতে গেলে ডিসঅনেস্ট হতে হবে, তারা ডিসঅনেস্ট হতে পারছ না বলেই কিনছে না। আপনারা কো-অপারেটিভে যে দাম বেঁধে দিয়েছেন তাতে সাড়ে তিন টাকা কেজি বা সের দাম দিতে গেলে তাদের লোকসান হচ্ছে, তাতে কুইন্টালে ১.৮২ পয়সা লোকসান হচ্ছে। হয় কো-অপারেটিভকে মিল মালিকের মত ডিসঅনেস্ট হতে হয়, হয়ে চাষীদের কাছ থেকে সাড়ে তিন কেজি বা পাচ কেজি ধান নিতে হয়, নিয়ে কৃষকের স্বার্থ ক্ষুন্ন করতে হয় না হলে তাদের ধান কেনা চলে না। সেজন্য কো-অপারেটিভ রাজী হচ্ছে না। কাজেই কো-অপারেটিভ ধান কেনার দিকে শঙ্কিত হয়ে উঠেছে, সে ক্ষেত্রে মিল মালিকেরা গ্রামে গ্রামে এজেন্ট পাঠিয়ে ১৬ টাকায় ধান কিনছে, রসিদ দিচ্ছে না, এই যে মিল মালিকদের সঙ্গে কো-অপারেটিভের প্রতিযোগিতা এই প্রতিযোগিতায় কো-অপারেটিভ পারছে না, ফেল করছে। ঐ সম্পর্কে আমার কাছে দু' তিনটি কো-অপারেটিভ লিখেছে, তাদের যে দাবি আছে সে দাবিগুলি আমি আপনার মাধ্যমে পড়ে দিচ্ছি। মিল মালিককে কোন রকমে ধান কিনতে দেওয়া হবে না, ধানের সাধারণ ধান, ধূলা ইত্যাদির জন্য প্রতি কুইনটাল সাড়ে তিন কেজি দিতে হবে, যে সব স্থানে সমবায় শক্তিশালী সেই এলাকায় ডি, পি, এজেন্ট বা মিলের ক্রয় রহিত করতে হবে, এবং বাড়তি ধূলার জন্য বা ধানের জন্য প্রতি কেজি ধানে ৮২ পয়সা যেটা কাটছে তার পরিবর্তে প্রকৃত ধানের দাম ৪১ পয়সা কাটতে হবে। এই যে কতকগুলি দাবি তাঁরা জানিয়েছেন এই দাবি যদি পূরণ না হয় তাহলে তাঁরা প্রকিয়োরমেন্ট করতে পারবেন না এবং সরকার যদি এইভাবে এই নীতি চালিয়ে যান তাহলে আমাদের যে বক্তব্য ফেয়ার প্রাইস দিয়ে বোনাস ডিক্লেয়ার করা এবং কো-অপরেটিভের কেনার দিকে যেসব অসুবিধা সেগুলি যদি বিচার না করা হয় তাহলে আপনারা যে সমর্থন বা সহযোগিতার কথা বলছেন সেটা আমরা করতে পারবো না এবং এই নীতির বিরুদ্ধে আমরা আন্দোলন করতে বাধ্য হবো।

[At this stage the House was adjourned for 20 minutes]

(After Adjournment)

[4-15—4-25 p. m.]

Shri Nathaniel Murmu : মি: চেয়ারম্যান, স্যার, আজকে এই খাদ্য বিতর্কে আমি আমার বক্তব্য বিশেষ একটা দিকে রাখবো। খাদ্যনীতির দুটো দিক আছে, একটা হচ্ছে সংগ্রহের দিক আর একটা হচ্ছে বন্টনের দিক। সংগ্রহনীতি সম্পর্কে আলোচনার অবকাশ আছে বলে আমার মনে হচ্ছে। কারণ বিধানসভায় খাদ্যনীতি চূড়ান্তভাবে নির্ধারিত হবার আগেই এই সংগ্রহনীতি চালু হয়ে গিয়েছে, এ সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তারা বলে গিয়েছেন। কিন্তু বন্টনের ক্ষেত্রে আমি মনে করি যদি তাঁরা ধীরভাবে চিন্তা করে বন্টনের নীতিকে ঢেলে সেজে গড়বার চেষ্টা করেন তাহলে বন্টনের ক্ষেত্রে যে অরাজকতার সৃষ্টি হবার আশংকা করছি সেটা সত্যে পরিনত হবে না। মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে সংগ্রহনীতি সম্পর্কে যে কথা বলেছেন তাতে তিনি বলেছেন যে তাঁরা বাংলা দেশ থেকে ১৫ লক্ষ টন চাল সংগ্রহ করবেন। এই ১৫ লক্ষ টন চাল তাঁরা দু'ভাবে সংগ্রহ করবেন, এক হচ্ছে বাজারে যে ধানচাল উঠবে সেটা তাঁরা কিনে নেবেন এবং আর এক হচ্ছে লেভি করে চাষীদের কাছ থেকে সংগ্রহ করবেন। এই ১৫ লক্ষ টন চাল

তাঁরা সংগ্রহ করবেন এবং বিধান পরিষদে তিনি বক্তৃতায় বলেছেন যে ওনারা আশা করছেন কেন্দ্র থেকে সাত লক্ষ টন গম পাবেন। তাহলে এই হিসাব থেকে আমরা বুঝতে পারছি যে তাঁরা একুনে ২২ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ করছেন। কিন্তু অন্য দিকে বণ্টনের ক্ষেত্রে যে হিসাব সেই হিসাবে দেখা যাচ্ছে স্ট্যাটুটারি র‍্যাশানিং এলাকা কলকাতা, আসানসোল এবং দুর্গাপুরের লোকদের খাওয়াতে তাঁদের ১০ লক্ষ টন খাদ্যশস্যর দরকার হচ্ছে। এদেরকে এই ১০ লক্ষ টন খাদ্যশস্য দেবার পর শহরাঞ্চলে ১২ আউন্স হিসাবে দিলে ১০ লক্ষ টন দরকার হবে, আর বাইরের মফঃস্বল শহরের যেসব বাসিন্দা বা গ্রামে যেসব ক্ষেতমজুর এবং যারা চাষ আবাদ করে অথচ জমি নেই এবং অফিস আদালত কাজ করে এই সব লোকের সংখ্যা হচ্ছে ৯০ লক্ষ তাঁদের হিসাবে, এদের চাহিদা হচ্ছে ১২ লক্ষ টন, সুতরাং মফঃস্বল শহর এলাকা এবং অকৃষি যেসব লোক আছে তাদের খাওয়াতে ১২ লক্ষ টন এবং স্ট্যাটুটারি রেশনিং এলাকার লোককে খাওয়াতে ১০ লক্ষ টন এইভাবে তাঁদের মোটামুটি সংগৃহীত যে ২২ লক্ষ টন সেটা নিঃশেষ হয়ে যাবে। তাহলে গ্রাম বাংলার যে উদ্বৃত্ত গরীব মধ্যবিত্ত ১॥ কোটি লোক আছে তাদের কোথা থেকে সরকার খাওয়াবেন তার হিসাব খাদ্যনীতির মধ্যে পরিষ্কারভাবে পাচ্ছি না। তাঁরা মডিফায়েড রেশনিংএর কথা ঘোষণা করেছেন এবং সেটা এ. বি. সি. ডি. ই. এই পাঁচ ভাগে রেশন কার্ড করবেন এবং সেটা কিভাবে চালু করবেন সে কথা বলেছেন। এই বিবৃতিতে স্বভাবতঃই মনে হয়, সাধারণ লোক বিশ্বাস করছে যে সরকার গরীব লোকদের আবার মডিফায়েড রেশন সরবরাহ করবেন। কিন্তু ঘটনাটা বিচার করলে দেখা যাচ্ছে এ. বি. সি. ডি. ই. এই পাঁচ পর্যায়ের রেশন কার্ড বিভিন্ন সময় চালু করার যে পদ্ধতি সরকার গ্রহণ করেছেন তার ফলে দেখা যাচ্ছে যে বহু লোক এই রেশনের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবে। তাহলে এই যে ১॥ কোটি লোক এই ১॥ কোটি লোটি লোকের খাদ্য বরাদ্দের কোন হিসাব সরকারের কাছে নেই। তাদের মডিফায়েড রেশন কোথা থেকে দেওয়া হবে এই সম্পর্কে পরিষ্কার বক্তব্য যদি বিধানসভায় না রাখা হয় তাহলে বিধানসভার সদস্যদের পক্ষে বণ্টনের ক্ষেত্রে পরিষ্কার কোন সাজেসান রাখার অসুবিধা আছে। দ্বিতীয়তঃ, মডিফায়েড রেশনের পরিমাণ কি হবে, স্ট্যাটুটরি এলাকায় যেমন নির্দিষ্টহারে এত গম এত চাল বলে দিচ্ছেন তেমনি গ্রাম বাংলার দুস্থ লোককে যে মডিফায়েড রেশন দেওয়া হবে বলেছেন তাতে সপ্তাহে মাথাপিছু কত চাল কত গম দেওয়া হবে সেই রকম একটা খসড়া বিবৃতি মুখ্যমন্ত্রী দিতে পারতেন, কিন্তু তিনি তা দেন নি। না দেওয়ার কারণ আমি জানি নিশ্চয়ই তাঁর স্টকে কিছু নেই। কিন্তু এই স্টক আনার জন্য কি সিদ্ধান্ত সরকার নিয়েছেন সেটা আমরা জানি না। স্বভাবতঃই আমরা আশঙ্কা করছি যে আজও গ্রাম বাংলায় যে লেভি এবং প্রোকিওরমেন্ট তার মধ্যে বড় গলদ আছে এবং সেকথা আমাদের বিরোধীপক্ষের বাক্তরা বলেছেন, তা সত্ত্বেও যে প্রোকিওরমেন্টের ব্যবস্থা করেছেন সেই প্রোকিওরমেন্ট শুধু কলকাতা, শিল্পাঞ্চলের এবং শহরাঞ্চলের লোককে খাওয়াবার জন্য, গ্রাম বাংলার যে দুস্থ চাষী যারা না খেয়ে হাল ঠেলে ফসল উৎপাদন করছে তাদের কাছে কোন আশার বাণী সরকার রাখতে পারেন নি। সেদিক থেকে খাদ্যনীতি ব্যর্থ হয়েছে বলে আমি মনে করি। আজকে তারা মডিফায়েড রেশনিংয়ের কথা বলছেন, স্টেট ট্রেডিংয়ের কথা বলছেন—কিন্তু মডিফায়েড রেশনিংএ অ্যালটমেন্টের কোন কথা নেই, স্টেট ট্রেডিংয়ের কথা বলছেন এবং তাঁরা বলছেন যে বিরোধী সদস্যরা একথা বলেছেন। আমরা স্টেট ট্রেডিংয়ের কথা বার বার বলছি। গতবারে বাজেট বিবৃতিতে জাপানের কথা উল্লেখ করে আমরা বলেছিলাম যে স্টেট ট্রেডিং এবং ইনটেনসিভ প্রাইসের কথা তাঁরা নীতিগতভাবে মেনে নিয়েছেন। আমরা বলেছি মনোপলি স্টেট ট্রেডিং অর্থাৎ সেখানে মিলের; সমবায়ের কোন হাত থাকবে না, সেখানে সরকারী তত্ত্বাবধানে সম্পূর্ণভাবে দায়িত্ব আসবে। সমবায়ের কথা শুনতে ভাল, কিন্তু মাননীয় চেয়ারম্যান মহাশয়, গ্রামাঞ্চলে যে সমবায় আছে সেই সমবায় এক একটা জোচ্চোরের আড্ডা হয়ে আছে। পশ্চিম দিনাজপুরের কয়েকটি নজীর দিয়ে আমি বলতে পারি ওপক্ষের মহারাজবাবু কুখ্যাত, সুখ্যাত প্রসিদ্ধ লোক সেই মহারাজ বোসের কো-অপারেটিভ আছে—শচীন

গুহ—এরা দু' জনে টাকা দিয়ে ধানচাল কিনছে—তাদের কোন মূলধন নেই এবং অনিবার্যভাবে এই ধান কেনার ক্ষেত্রে অরাজক অবস্থা দেখা দিয়েছে। সেখানে কোন রসিদ দেওয়া হয় না—এক সপ্তাহ ধান নিয়ে পরের সপ্তাহে টাকা দেওয়া হচ্ছে এবং লোককে ঘোরানো হচ্ছে এবং অনেক সময় টাকা থাকলেও তাঁদের রিফিউজ করা হচ্ছে এবং লোকে মাঠে সেই ধান কিনে নিচ্ছে। সুতরাং এই খাদ্যনীতি সরকার যেটা করেছেন মনোপলি স্টেট ট্রেডিং যদি করা যেতো এবং করার পূর্বে দীর্ঘদিন আলাপ আলোচনা করে যদি একটা সুষ্ঠু কর্মপন্থা নেওয়া হোত তাহলে নিশ্চই আমরা সহযোগিতা করতাম কিন্তু গ্রামাঞ্চলে রেশনের দায়িত্ব সরকার নিচ্ছেন না। মিঃ চেয়ারম্যান, স্যার, আর একটা কথা আমি বলি—আপনারা ৮।১০।১২ আউন্স খাওয়ান তাতে আপত্তি করি না—ইমারজেন্সির নাম করে খাওয়ান—কিন্তু আমরা জানি যে গ্রামের চাষীরা আট মাস না খেয়ে থাকেন। তারা একটা সময় খান—ধান যখন রোপন করেন, মাঠে যখন লাঙ্গল ঠেলেন সেই সময় তাদের যেমন করেই হোক খোরাকী জোগাড় করতে হয়—সে গাছ বিক্রি করেই হোক আর ঘটিবাটি বন্ধক নিয়েই হোক বা মহাজনের কাছ থেকে টাকা নিয়েই হোক তাদের খোরাক জোগাড় করতে হয় লাঙ্গল ঠেলতে হবে বলে। যারা ভাগচাষী তারা জোতদারদের কাছে ঋণ পায়, জোতদাররা এমনই ঋণ দেয় না—ভাগচাষী যদি না খায় তার ফলন সে পাবে না এই জন্যই তারা ধার নেয়। কিন্তু আজকে সরকারের খাদ্যনীতির ফলে গ্রামে কোন বাজার থাকছে না—আপনি জানেন যে জোতদারের কাছে মহাজনের কাছে সে যখন যাবে তখন তারা তাকে ফিরিয়ে দেবে। কারন তাদের স্বার্থ সেখানে থাকবে না। এ ক্ষেত্রে রেশনের যে ৮ আউন্স, ১২ আউন্স চাল তাও সে কিনতে পারবে না। কাজেই সে যদি না খায় তাহলে হাল ঠেলবে কি করে—অথচ খাদ্যনীতির আর এক দিক হচ্ছে আমাদের ঘাটতি পূরণ করতে হবে, ফুডস্টাফ আমাদের জোগাড় করতে হবে তার জন্য ফলন বাড়াতে হবে, উৎপাদন বাড়াতে হবে এবং উৎপাদন বাড়াতে গেলে মরশুমের সময় চাষীদের খোরাক দিতে হবে। সেজন্য আমি এই দাবি রাখতে চাই যে চাষীদের বর্ষাকালীন খোরাকী হিসাব করে সেই ধান চাষীদের দিতে হবে এবং চাষী যখন ধান কিনতে যাবে সেই সময় রেশনের বরাদ্দ হিসাব না করে সত্যিকারের খোরাকী হিসাবে চাল দিতে হবে ধান দিতে হবে এবং যারা কিনতে পারবে না তাদের ঋণ দিতে হবে যাতে ফসলের ক্ষেত্রে কোন রকম ক্ষতি না হয়। মিঃ চেয়ারম্যান, স্যার, এ দিকে সরকার আজ পর্যন্ত কিছু বক্তব্য রাখেন নি। গ্রাম-বাংলার এই যে একটা বিরাট সমস্যা চাষী যদি সময়ে পেট ভরে না খেতে পায় তাহলে আগামী বছর ফসল কম উৎপাদিত হবে চাষী সেই সময় লাঙ্গল ঠেলবে, না ক্ষুধার জ্বালায় হা অন্ন করবে এই প্রশ্ন আসবে। যদি সরকার এটা মনে করেন যে এ সম্পর্কে তাঁরা কোন ব্যবস্থা করবেন না তাহলে গ্রাম বাংলা চুপ করে থাকবে না লোকে রুখে দাঁড়াবে, চাষীরা স্ত্রীপুত্র পরিবারের চেয়ে বেশী ভালবাসে জমিকে—চাষীর জমির ভিতরই আত্মা। সেই জমিতে বণ্টন ব্যবস্থার গলতির জন্য যদি চাষাবাদ না করা যায় তাহলে সরকারের সঙ্গে সহযোগিতার কোন প্রশ্ন আসে না বরং চাষীর লাঙ্গল ঠেলে ফেলে দিয়ে তাদের পিছনে দাঁড়িয়ে সরকারের বিরুদ্ধে আমাদের আন্দোলন ঘোষণা করতে হবে—একথা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 p. m.]

Shri Asoke Krishna Dutta : মাননীয় চেয়ারম্যান মহোদয়, আগামী বৎসরের জন্য আমাদের বাংলা দেশের খাদ্যনীতির উপর এবং খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করে মাননীয় মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী যে বিবৃতি রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কিছু বলতে চাই। বাংলা দেশের খাদ্য পরিস্থিতি যে একটা ভীষণ আকার ধারণ করেছে এ বিষয়ে কারও মনে কোন সন্দেহ নেই এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতি রাখার সময় পরিষ্কারভাবে এই জিনিসটি তুলে ধরেছেন দেশের জনসাধারণের সামনে এই সভার মাধ্যমে। তিনি কোথায়ও গোপন করেন নি যে এই পরিস্থিতির গুরুত্ব কতখানি। বিশদভাবে ব্যাখ্যা করে জানানো

হয়েছে যে অন্যান্য বারের চেয়ে বাংলা দেশে এবারে ঘাটতি আরও বেশী এবং আমরা সাধারণভাবে বাইরে থেকে যেসমস্ত সাহায্য পেয়ে থাকি ভারত সরকার একটা বিরাট পরিমাণ খাদ্যশস্য বাংলা দেশকে সরবরাহ করে থাকেন। এ বছর সেই সমস্ত সরবরাহের অসুবিধার বিষয়ে তিনি বক্তব্য রেখেছেন। যে সময় এই খাদ্য বিতর্ক আরম্ভ হয়েছিল, মাঝে অনেকদিন চলে গেছে আমরা সব মেরে হারিয়ে ফেলেছি—যেভাবে আলোচনা হচ্ছিল সেই সময় আমরা সে বিষয়ে নিশ্চিত ছিলাম না, কিন্তু এর মধ্যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যা ঘোষণা করা হয়েছে তার থেকে আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি যে গত বছরের অপেক্ষা তিন ভাগের একভাগ মাত্র সরবরাহ আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আশা করতে পারি। এটা আমি চালের কথা বলছি, গমের কথা তিনি পরিষ্কারভাবে বুঝিয়ে দিয়েছেন যে কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রদেশ থেকে উদ্বৃত্ত তণ্ডুল জাতীয় পদার্থ পেয়ে থাকেন সেই সমস্ত প্রদেশে কি ভীষণ ঘাটতি, সে সম্বন্ধে আমাদের সচেতন থাকতে হবে। আমাদের ভারত সরকার গমের জন্য প্রধানত নির্ভর করেন বিদেশী আমদানীর উপর। এ বছর খুব ভাল করে আমরা প্রত্যেকেই জানি যে বিদেশী আমদানী কতখানি অনিশ্চয়তার মধ্যে রয়েছে। যদিও কিছুটা হয়তো আমরা এ মাসের কি জন্য আশা পেয়েছি—কিন্তু তার সঙ্গে রাজনীতি জড়িয়ে রয়েছে বলে কি ভয়ঙ্কর অনিশ্চয়তার মধ্যে আমরা রয়েছি এ জিনিষটা আমরা জানি। এই সমস্ত পরিস্থিতির মধ্যে আমাদের মনে রাখতে হবে যে এবারের খাদ্য সমস্যা একটা অত্যন্ত জটিল এবং বিরাট আকার ধারণ করেছে—সেই পরিপ্রেক্ষিতে আমাদের সব থেকে নির্ভর করতে হবে কতখানি নিজেদের রাষ্ট্র থেকে নিজেদের বাংলা দেশ থেকে প্রকিওরমেণ্ট করা যায় তার উপর এবং সেই নীতিও বিশদভাবে ব্যাখ্যা করে জানানো হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রীর ভাষণে। তিনি পরিষ্কারভাবে জানিয়েছেন যে তিন ভাগে প্রকিওর করতে হবে। মিলের সমস্ত প্রডাকসনের শতকরা ১০০ ভাগ প্রকিওর করা হবে। অনেকে মিলগুলির গত বছরের কার্যকলাপ সম্বন্ধে সমালোচনা করেছেন, আমাদের এটা মনে রাখতে হবে যে গত বছরের মিলের যে প্রডাকসন তার শতকরা ৫০ ভাগ নেওয়া হয়েছে, বাকি ৫০ ভাগ ব্যক্তিগত মালিকানার হাতে ছিল বলে তারা এতখানি দুর্নীতি করবার সুযোগ পেয়েছিল। সেটাকে বন্ধ করবার জন্য এবার মিলগুলির সমস্ত প্রডাকসনের শতকরা ১০০ ভাগ প্রকিওর করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া কো-অপারেটিভকেও ভার দেওয়া হয়েছে। মিল এবং কো-অপারেটিভ-এর প্রথম বছর হয়তো সমস্ত সামর্থের মধ্যে আসবে না বলে কিছু এক্সপিরিয়েন্সড হোলসেলারকে এবং অন্যান্য লোককে ডি, পি, এজেন্ট করা হয়েছে। এই নীতিই সরকারের মূল প্রকিওরমেণ্টের নীতি এবং ডিসট্রিবিউসনের ক্ষেত্রেও এই করা হয়েছে যে সমস্ত স্ট্যাটুটারী রেসনিং এরিয়া ছিল, তাছাড়াও গ্রামাঞ্চলে মডিফায়েড রেসনিং সমস্ত জায়গায় চালু করা হচ্ছে। গ্রামাঞ্চলে মডিফায়েড রেসনিং কিভাবে দেওয়া হবে তার জন্য এ, বি, সি, ডি, ই, এইভাবে পাঁচটি ভাগ করা হয়েছে কার কতটা কৃষিজমি আছে তার উপর ভিত্তি করে। এ বিষয়ে মুখ্যমন্ত্রী তাঁর statement এ পরিষ্কারভাবে বলেছেন, তিনি বলেছেন এবং আমরা দেখছি যে "A" category থেকে পাঁচ ভাগে বিভক্ত করা হয়েছে। কতটা procurement হতে পারে অর্থাৎ কতটা procurement করা যাবে, বাহির থেকে কতটা আমদানী করা যাবে অন্য প্রদেশ থেকে, বিহার থেকে এবং কেন্দ্রীয় সরকার থেকে কতটা আসবে তার উপর নির্ভর করছে বলে সমস্ত কিছু বলা হয়নি কিন্তু স্পষ্ট ইঙ্গিত করা হয়েছে যাতে উপযুক্ত পরিমাণ দেওয়া যায় এবং তার ব্যবস্থা করা হবে। গত কয়েক সপ্তাহ যেভাবে চলে আসছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে M R. এ যাদের কৃষিজমি নেই বা কম জমি আছে তাদের জন্য ব্যবস্থা কি করে করা যায় তা এটা দেখতে হবে এবং সরকারী নীতি সেই দিকে চলেছে। এ থেকে আমরা পরিষ্কার দেখছি যে সরকারী নীতি এই যে M. R. এলাকার মধ্যে যারা একবারে grow করেন না তাদের statutory এলাকার মধ্যে সমতা রেখে বণ্টন করছেন সেজন্য আমি ধন্যবাদ দিচ্ছি।

(A voice : এ সংবাদ আপনি কোথা থেকে পেলেন ?)

আমি আপনাদের একথা বলিনি যে Statutory Ration এবং M.R. সমভাবে বণ্টন রয়েছে আমি একই কথাই বলেছি যে এটা সেদিকে চলেছে। M. R এ গ্রামে কতটা সুবিধা আছে কিন্তু বাহির থেকে আনার নানান রকমই অসুবিধা আছে আমাদের এই M. R. গুলিকে ক্রমশঃ Statutory Ration এর মধ্যে নিয়ে আসতে হবে।

Shri Khagendra Nath Roychowdhury : Chief Minister একথা বলেন নি। হয়ত Chief Ministerএর বক্তব্য বুঝতে ভুল হয়েছে।

Shri Nikhil Das : Chief Minister বলেছিলেন যে আগামী বৎসরে M. R এ quantam will be same.

Mr. Chairman : If he has made any incorrect statement, it will be for you to contradict him when you will be speaking. Now he is speaking as an honourable member of this House.

Shri Nikhil Das : Chief Minister Houseএ বলেছিলেন যে Statutory Rationing M R এর quantam এক হবে।

Shri Asoke Krishna Dutta : আমার বক্তব্য আমি member হিসেবেই বলেছি, আমি Governmentএর কোন সভ্য নই সুতরাং তার behalfএ অর্থাৎ এই Governmentএর behalfএ কিছু বলতে পারি না। আমি একথা বলতে চাই যে মুখ্যমন্ত্রিমহাশয় statementএ এটাই বোঝা যায়। নিখিলবাবু যেভাবে কথ বলছেন তাতে আমি একথাই বলবো আমি যেভাবে বুঝেছি সেই ভাবেই বক্তৃতা দিয়েছি। আমার বক্তৃতা এরূপ interrupt করাটা শীলতা নয়, আশা করি তিনি এরূপ interrupt করবেন না।

Shri Nikhil Das : আমার কথা হচ্ছে আমরা যেটা বলেছিলাম new Food Policy আগামী বৎসর তাতে M: R. এবং S. R.এর quantam will be the same.

Mr. Chairman : Probably it is his own interpretation.

Shri Ashok Krishna Dutta : আপনি যখন বক্তৃতা দেন তখন interrupt করা হয় না। কিন্তু আমরা দেখছি যে আপনারা সকলেই interrupt করছেন। আমর সময় নষ্ট হচ্ছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি এটা দেখবেন। যে সমস্ত বক্তৃতাগুলি শুনলাম তাতে এটাই দেখতে পাচ্ছি যে মূলত সকলেই খাদ্যনীতিকে সমর্থন করে এসেছেন কেবল কতকগুলি বিষয় ছাড়া।

[4-35—4-45 p.m.]

তাই এই সমালোচনা করলেও আমরা দেখতে পাই যে সে সমালোচনা প্রধানত দুটো দিকে গেছে। একটা হচ্ছে দামবৃদ্ধি সম্বন্ধে আর একটা হচ্ছে লেভি করা হচ্ছে যেভাবে লেভি করা হচ্ছে সেখানে ছোট ছোট holding কম যারা চাষ করে থাকে তাদের কথা। আজকে অবশ্য কোন বক্তা এবিষয়ে বলেন নি, আজকে প্রধানতঃ বক্তৃতা অন্যদিকে গেছে সেটা হচ্ছে slab system সম্বন্ধে। কি অসুবিধা হচ্ছে তা বলেছেন আমি এ সম্বন্ধে দু একটা কথা বলতে চাই। বড়ই হোন আর ছোট holdingই হোন এবিষয়ে আমাদের বক্তব্য রাখা হয়েছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি এটা জানেন যে সরকার এবিষয়ে যথেষ্ট সচেতন। ছোট ছোট holding যার আছে তাদের অসুবিধা সরকার দেখছেন এইভাবে একটা system করা হয়েছে progressive slab system কয়েকজন বলেছেন যে এতে quantam of procurementএর, rate of procurement এর যথেষ্ট অসুবিধা হচ্ছে। কাজেই যে procurement

করা হচ্ছে বড় holding থেকেও করা হচ্ছে এবং ছোট থেকেও করা হচ্ছে। ছোটদের কাছ থেকে যে বেশী করা হচ্ছে তা নয় তাদের rate যে বেশী হবে না এ বিষয়ে সরকার যথেষ্ট সচেতন রয়েছে। যদি সম্ভব হয় তা হলে নিশ্চয়ই large holderএর কাছ থেকেই নেওয়া হত or procurement করা হত ছোটদের থেকে নেওয়া হত না। কিন্তু যে হেতু procurement করা দরকার ১৫ লক্ষ টণ সেটা বড় holdingএর কাছ থেকে কেবল নিয়েই করা সম্ভব নয়। মাননীয় সোমনাথবাবু সেদিন একটা অঙ্ক রেখেছিলেন, censure report যে 37½ per cent large holder আছেন। তারা ২২ লক্ষ টন produce করে। সেটা হিসাব করলে দেখা যায় যে তিনি যে হিসাব দিয়েছেন সেটা ঠিক নয়, তার কারণ ১৫ লক্ষ টন বেশী 37½ per cent নিয়ে হতে পারে। কিন্তু মাননীয় চেয়ারম্যান আপনি জানেন যে সোমনাথবাবু ভারতীয় অর্থনীতিতে একজন পণ্ডিতলোক কিন্তু তিনি এবিষয়ে যে বিকৃত তথ্য প্রকাশ করেছেন তাতে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। ঐ অঙ্ক থাকলে ১৫ লক্ষ টন হয় বা তা থেকে আসে কিন্তু এই large holder বা ভাগচাষীতে চাষ করায় অর্থাৎ এই সমস্ত large holding যারা অনেক সময় জমি ভাগ চাষে দেয় সুতরাং ভাগচাষে যে দেয় সে জমির উৎপন্ন অধিকাংশ এভাবে পায় জমির জোতদার এবং চাষী সুতরাং একটা হিসাবত হয় 7½ লক্ষ টন, ১৫ লক্ষ টন নয়। এইভাবে দেখতে গেলে ১৫ লক্ষ টন যে seed তা ছোট holding যারা তাদের কাছ থেকে নিতে হয়েছে distress saleএর কথা বলা হয়েছে এছাড়া আমরা দেখতে পাচ্ছি যে land reform policy করতে গিয়ে সেখানে বেনামীতে ছোট ছোট holding ভাগ করা আছে যদি ৭।৮টা একত্রে procurementএর ব্যবস্থা থাকে তা হলে বড় বড় holding যারা তারা এটাকে ছেড়ে দিয়ে ছোট ছোট holdingএ ভাগ করে রাখবে এবং লেভিকে avoid করে যাবে। অতএব এটা প্রয়োজন বলেই করা হয়েছে এবং এভাবে জমি ভাগ হয়ে যাবার possibility আছে। ছোট ছোট holdingএর কাছ থেকে যাদের সংখ্যা বেশী তাদের কাছ থেকে নেওয়া হবে আমি এটা সমর্থন করি। কারণ এটাই একমাত্র নীতি এবং এটাই কার্যকরী হতে পারে। এছাড়া আর একটা কথা বলা হয়েছে procurement সম্বন্ধে। সমালোচনার মধ্যে গৌরবাবু তার বক্তৃতা করার সময় বলেছেন যে সরকারের ইচ্ছা নেই procurement করবার। তিনি বলেছেন যে ১০০ কোটি টাকা যেখানে দরকার সেখানে মাত্র ৩০ কোটি টাকার কথা বলেছে। এই ১০০ কোটি টাকা তিনি কোথা থেকে পেলেন তা বুঝতে পাচ্ছিনা। ১৫ লক্ষ টনের procurement price যেটা সেটা দরকার। আমরা যদি এভাবে ১৫কে ২১ দিয়ে গুণ করি তা হলে সেটা মন হবে এবং গড়ে সেটা ৬৪ থেকে ৬৫ কোটি টাকা দাড়ায় কাজেই ৭০ কোটির জায়গায় তিনি ১০০ কোটি টাকা বলেছেন। একটা অঙ্ক কিভাবে বাড়ালেন সেটা বুঝতে পারছি না। আমার মনে হয় একটা শূন্যের এদিক ওদিক হয়ে গেছে। স্যার আপনার মনে আছে কিনা জানি না গত বৎসর চীনের কতকগুলি তথ্য এই Houseএ আমরা পেয়েছিলাম যে per aere production কত হয় কিন্তু পরে হিসাব করতে গিয়ে দেখা গেল যে তখন ২টা decimal point চলে গেছে, লক্ষটা কোটি হয়ে গেছে সেই চীনের মত ১০০ কোটির জায়গায় ৭০ কোটি হবে। যেখানে ৭০ কোটির প্রয়োজন সেখানে ৩০ কোটি টাকা বলা হয়েছে। মুখ্যমন্ত্রী এবিষয়ে একটা statement দিয়েছিলেন। তিনি তার statementএ বলেছেন যে State Bank of India বাংলা দেশের সরকারকে procurementএর জন্য ৫০ কোটি টাকা সাহায্য করতে প্রস্তুত।

তবে ৫০ কোটি টাকা হলেও সেই টাকায় সমস্তটা তো একসঙ্গে লাগবে না। মাল আসবে, বিক্রী হবে। কিছুটা circulate করবে। অতএব ৫০ কোটি টাকা থাকলে ৭০ কোটি টাকার procurement করা সম্ভব। এবিষয় টাকার অঙ্কেরও কোন অভাব নাই।

মাননীয় ভক্তিভূষণবাবু বক্তৃতা প্রসঙ্গে কো-অপারেটিভের কথা তুলেছেন। যেখানে এক একটা কো-অপারেটিভকে মাত্র ৪৪ হাজার টাকা করে বরাদ্দ করা হয়েছে, সেখানে কি করে

procure তারা করতে পারবে? কারণ সেখানে অনেক বেশী টাকা প্রয়োজন। এটা হয়ত ভক্তিভূষণবাবু জানেন না। আমি ব্যক্তিগতভাবে অভিজ্ঞতা থেকে বলছি, একটা জেলা কো-অপারেটিভ ব্যাঙ্কের সভাপতি হিসাবে বলছি যে এই নীতি বদল গেছে। এটা তিন সপ্তাহ আগের পুরোনো নীতি। গত দু-সপ্তাহের মধ্যে এই নীতির পরিবর্তন হয়েছে এবং যে সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্ক বেশী procure করতে পারছে তাদের ৩০ হাজার টাকা প্রথমে ছিল, তারপর ৪৪ হাজার লিমিট ছিল, কিন্তু সেই লিমিট বাতিল করে দেওয়া হয়েছে এবং অধিকার দেওয়া হয়েছে প্রয়োজন অনুযায়ী বেশী টাকা তারা পাবে, তাদের প্রয়োজনানুযায়ী সাহায্য করা হবে।

আর একটি কথাও উনি বলেছিলেন যে মিলের দর বেশী এবং কো-অপারেটিভের দাম কম। এর কারণ আমি বুঝতে পারছি না। এ ক্ষেত্রে সরকারী নীতি তো পরিষ্কার। মিলদের বলে দেওয়া হয়েছে, মিলের লোক এসে লেভি প্রাইসে তারা sale করতে করতে, মিলদের এলাকায় এলাকায় ঘুরে procure করার কোন অধিকার নাই, অথচ আমাদের কো-অপারেটিভকে সেই অধিকার দেওয়া হয়েছে, যদি কেউ কো-অপারেটিভের কাছে এনে বিক্রী করে তাহলে তাদের carrying cost দেওয়া হবে। অতএব কো-অপারেটিভদের দরটা মিলের দর অপেক্ষা স্বভাবতঃ বেশী হতে পারে। এবং আমাদের ২৪-পরগনা জেলার অভিজ্ঞতা থেকে দেখছি কো-অপারেটিভ মণপ্রতি আট আনা থেকে বার আনা বেশী দিতে পারছে মিলের থেকেও। সেদিক থেকে কি করে মিল সেখানে বেশী দিচ্ছে—তা বুঝতে পারলাম না। সেটা আমার বোধগম্য হল না। কারণ এখানে আইন তো পরিষ্কার রয়েছে। আর যেখানে মিল product cent per cent procure করে নেওয়া হবে, সেখানে মিলের কি সুবিধা হতে পারে বেশী দর দিয়ে procurement করে তা আমার বোধগম্য হয় না।

এ ছাড়া দর সম্বন্ধে অনেক রকম আলোচনা হচ্ছে, দরের কথা সম্বন্ধে অবশ্য Agricultural price কমিশনের কথা বলেছি এবং foodgrain enquiry কমিশনের রিপোর্ট থেকে ও পড়ে শোনান হয়েছে। সেদিনও অনেক আলোচনা হয়েছে এ বিষয়ে। এখন সব জায়গা—বিভিন্ন দেশ থেকে—অস্ট্রেলিয়ার কথা, কানাডার কথা বলা হলো। প্রত্যেকটি দেশে কৃষককে incentive price দেওয়ার প্রয়োজনীয়তা নিশ্চয়ই রয়েছে এবং জাপানের কথা একটু আগে মাননীয় মুর্ মহাশয় বলছিলেন যে জাপানে incentive price দিয়ে procure করা হয় এবং subsidy দিয়ে কম দরে বিক্রী করা হয়। কিন্তু এ সম্বন্ধে আমাদের সরকারের সামর্থের কথা ভাবতে হবে। আমাদের নূতন বাজেটে এই কয়েক সামান্য কয়েকদিন আগে এই সেসানের মধ্যে দেখতে পাচ্ছিলাম যে Defence Orient বাজেট হবার দরুন আমাদের যে সমস্ত নূতন নূতন tax করতে হচ্ছে সেখানে বাংলা দেশের সরকারের আজকের দিনে কান সামর্থ নেই—জাপান সরকারের মত বেশী দরে procure করে এনে subsidy দিয়ে সস্তাদরে সেই জিনিসটা বিক্রী করতে পারে। আর সেটা এখানে practicableও নয়। এই নিয়ে বক্তৃতা করা যায়, এই নিয়ে বিরোধিতা করা যায়, কিন্তু যাঁরা দায়িত্ব নিয়ে সরকার চালাবেন, তাঁদের পক্ষে যে এটা সম্ভব নয়—এটা তাঁরাই বুঝতে পারেন। কিন্তু যাঁরা সমালোচনা করছেন, তাঁদের পক্ষে এটা বোঝা সম্ভব নয়। সমালোচনার খাতিরে কতখানি হলে incentive দর দেওয়া হবে, তা নিয়ে অনেক আলোচনা হয়েছে। বার বার বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে মুখ্যমন্ত্রী নাকি বলেছেন Agricultural Price কমিশন তাঁর হাতে বেঁধে দিয়েছেন। আমিও তাঁর বক্তৃতা শুনছিলাম, তিনি কোথাও বলেন নি যে তাঁর হাত ওঁরা বেঁধে দিয়েছেন। তিনি বলেছেন যে অনেকগুলি জিনিসের উপর ভিত্তি করে এই ১৪-০০, ১৫-০০ ও ১৬-০০ টাকা দর স্থির করেছেন এবং সেই সমস্ত জিনিস সম্পর্কে বিভিন্ন জায়গা থেকে statistics আনিয়েছেন, data আনিয়েছেন। সরকার Agricultural Price কমিশনের recommended দরই ধরেছেন এবং তাছাড়াও Agricultural Price কমিশন যে দর recommend করেছেন,

তার সঙ্গে সামঞ্জস্য রয়েছে আমাদের এই দরের। আর একথা স্পষ্ট করে তিনি বলেছেন যে Agricultural Price কমিশন যে দর বেঁধেছেন, সরকার তার চেয়ে slightly উঁচু দরে লেভির price ঠিক করেছেন।

আমাদের মাননীয় অশ্বিনী রায় মহাশয়ও Foodgrain Enquiry কমিশনের রিপোর্ট থেকে পড়ে পড়ে শোনাচ্ছিলেন, আমাদের একটু আগে। তিনি যেটা পড়ে শোনালেন, সেটাই তো এই সরকারের নীতি। এই দুটোর মধ্যে আমি তো কোন পার্থক্য খুঁজে পাচ্ছি না। তিনি বলেছেন যে incentive price বেঁধে দিতে হবে এবং যে সময় নূতন ফসল উঠে সেই সময় procurement-এর সুবিধা হতে পারে। সেইজন্য একটু slightly higher price দিয়ে কয়েক মাসের জন্য procure করা দরকার। আমাদের সরকারও তা করেছেন, সেই জিনিসটাই করা হচ্ছে। আমাদের Agricultural Price কমিশন যে দর বেঁধে দিয়েছেন, পশ্চিম বাংলা সরকার তার চেয়ে আরো highly price দিয়ে procure করছেন। ঐ Foodgrain Enquiry কমিশনের রিপোর্টেও যা আছে, আমাদের পশ্চিম বাংলা সরকারও সেই রিপোর্টের ভিত্তিতে কাজ করছেন।

এ ছাড়া আর একটা জিনিস মান রাখতে হবে যে, সমস্ত ভারতবর্ষের অর্থনীতির সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতির অন্ততঃ খাদ্য বিষয়ে একটা পার্থক্য রয়েছে।

[4-45—4-55 p.m.]

আমাদের ভারতবর্ষের অন্যান্য প্রদেশ সমস্ত গোটা ভারতবর্ষ দেখলে ৭৫ থেকে ৮০ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল। অথচ আমাদের পশ্চিম বাংলার আজকের যে অবস্থা, অর্দ্ধেক লোক কৃষির উপর নির্ভরশীল এবং অর্দ্ধেক লোকের কৃষির সঙ্গে কোন সম্পর্ক নেই। এবং যে অর্দ্ধেক লোক কৃষির উপর নির্ভরশীল লাস্ট সেন্সাসে এই কথাই বলে। পশ্চিম বাংলায় 59 per cent লোক কৃষির উপর নির্ভরশীল নয় 51 per cent লোক কৃষির উপর নির্ভরশীল এবং যে 51 per cent লোক কৃষির উপর নির্ভরশীল তাদের মধ্যে অর্দ্ধেকের বেশী হলেন ডেফিসিট প্রডুউসার। অতএব শতকরা ৮০ ভাগ লোক চাল কিনে খায় গম কিনে খায় বাংলাদেশে। ভারতবর্ষের ছবি অন্য রকম। এই জিনিসটা আমাদের মনে রাখতে হবে। আমরা যদি procurement price বাড়িয়ে দিই—এটা সরকারের পক্ষে সুবিধাজনক যদি টাকার সামর্থ থাকতো তাহলে নিশ্চয়ই বাড়িয়ে দেওয়া হত। যত incentive দেওয়া যাবে তত লেভির কাজ সুবিধা হবে এটা কাউকে বুঝিয়ে দেবার দরকার হয় না। কিন্তু এই জিনিসটা practicable হতে হবে। যদি আজকে ১৪।১৫।১৬ টাকা না করে ১৮।২০।২২ টাকা করার সামর্থ্যে কুলাতো তাহলে নিশ্চয়ই করা হত। Incentive এর কথা কাউকে কখনই খুসী করা যায় না incentive কতখানি। আমার যতদূর মনে আছে এর আগের দিন যখন ডিবেট হচ্ছিল আমাদের বিরোধীদলের মাননীয় সদস্য খগেন রায় চৌধুরী মহাশয়, সেদিন বলেছিলেন যে তিনি কতকগুলি হিসাব দিয়ে বলছিলেন যে বিঘা প্রতি যদি ৫ মণ করে ধান ধরা যায় তাহলে তিনি একটা হিসাব দিয়েছিলেন যে ৯০ টাকা cost of production পড়ে এবং তার সংগে যদি একটা capital return দেওয়া যায় তাহলে ১৩০ টাকা পড়ে তাঁর মতে। অতএব তাঁরই মতে মণ প্রতি ২৬ টাকা cost of production পড়ে। অতএব ১৫ টাকাকে ১৮ টাকা করলেও তার হিসাবকে satisfy করা যায় না ২৬ টাকাটা সেখানে ২৮।৩০ টাকা করলে হয়ত incentive price হয়। Incentive কোথায় গিয়ে দাঁড়াবে এ বিষয়ে সমস্ত জিনিসটা বিবেচনা করতে হবে। আমাদের বিবেচনা করতে হবে বাংলা দেশে শতকরা ৮০ ভাগ লোক আবার কিনে খায়, শতকরা ২০ ভাগের কম উদ্বৃত্ত চাষী এটা মনে রাখতে হবে। এর সংগে সংগে মনে রাখতে হবে যে সমস্ত Agricultural Price কমিশন যেভাবে দর বলেছেন তার কথা মনে রাখতে হবে। অন্যান্য State কিভাবে procurement করছে তার কথা মনে

রাখতে হবে। একজন বিহারের কথা এখানে বলেছিলেন। বিহারের procurement price যেটা বাঁধা হয়েছে সেখানে আমাদের সংগে পার্থক্য নেই। কিন্তু সেখানে Free entrepriseকে ছেড়ে দিয়েছেন বেশী করে কেনবার জন্য যা থেকে ভক্তিবাবু বলছিলেন যে বাংলা এবং বিহার বর্ডার এলাকার জেলাগুলির কথা বিহারে চাল পাচার হয়ে চলে যাচ্ছে সেখানে আমরা জোর করে কর্ডন করা ছাড়া আর আমাদের পক্ষে কিছু করা সম্ভব নয়। অতএব এই জন্য বলব যে priceএর incentive কোন্ দরে হবে এটা প্রত্যেকের হয়ত এবিষয়ে মতে পার্থক্য থাকতে পারে। সুতরাং এইসব দিক বিবেচনা করে সরকারের নিজেদের ফার্মের দরের কথা মুখ্যমন্ত্রী এখানে রেখেছিলে সেখানে পশ্চিমবঙ্গ সরকারের capital expenditure বেশী তাদের overhead cost বেশী সমস্ত কিছু হয়েও ১০।১১ টাকা পশ্চিমবঙ্গ সরকারের cost of production সেখানে চাষীর cost of production কি করে বেশী হতে পারে এটা বোঝা যায় না। হয়ত স্থানীয় কোন কোন এলাকায় পার্থক্য হতে পারে সমস্ত গোটা প্রদেশটা প্রত্যেক জেলা প্রত্যেক মহকুমায় পার্থক্য আছে কোন কোন এলাকায় হয়ত কম পাচ্ছে সমস্ত জিনিসটা সামঞ্জস্য রাখলে যে দর রাখা হয়েছে এ দর যে খুব ভাল সবদিক থেকে তা আমি বলব না সবদিক বিবেচনা করে এটাই practicable দর যেটায় procurement করা সম্ভব এবং procure করে উপযুক্ত করে তা বিক্রি করা সম্ভব। এই সমস্ত দিক বিবেচনা করে আমি বলব যে-দর ধার্য করা হয়েছে এটা সমর্থনযোগ্য। আমি শেষ করার আগে বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকার শুধু যে খাদ্যনীতি এবারে একটা খুব দৃঢ় পদক্ষেপ এগিয়ে চলেছেন তাই নয় আমাদের পশ্চিম বাংলা সরকার শহরগুলিতে statutory রেশনিং করে সমস্ত ভারতবর্ষকে পথ দেখিছেন। ভারত সরকার সেই নীতি গ্রহণ করেছেন পশ্চিমবঙ্গ সরকারের পরে। এবং আমার বিশ্বাস যে নীতি আজকে আমাদের সরকার করতে চলেছেন অদূর ভবিষ্যতে ভারত সরকার সেই নীতি সমর্থন করবেন এবং সেই নীতিকে accept করবেন। আজকে এই নীতিকে শুধু সমর্থন করা নয়, এই নীতি যাতে সবদিক থেকে সাফল্যমণ্ডিত হতে পারে সেটা করা প্রয়োজন। মাননীয় সদস্য গৌর কুণ্ডু মহাশয় আক্ষেপ করে বললেন যে মুখ্যমন্ত্রী খালি কংগ্রেস সদস্যদের সমর্থন চেয়েছেন, আমি বলছি মুখ্যমন্ত্রী সকলেরই সমর্থন চান, কিন্তু অন্যান্য যাঁরা আছেন তাঁরা সমর্থন করবার জন্য প্রস্তুত নন, তাঁরা অন্যান্য বছরের মত খাদ্য নিয়ে রাজনীতি করতে চান। সেই জন্যই কংগ্রেস সদস্যদের সমর্থনের উপরেই মুখ্যমন্ত্রীকে নির্ভর করতে হবে। যে নীতি আজকে পশ্চিমবঙ্গকে বাঁচাতে পারে এবং যেটা একমাত্র উপায় সেই নীতিকে সাফল্যমণ্ডিত করার জন্য আবেদন জানিয়ে এবং সেই নীতিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch: On a Point of Order, Sir, Shri Asoke Krishna Dutta has passed a remark regarding the statistics of Shri Som Nath Lahiri. It is not 22 lakh tons, but 44 lakh tons. It is distortion of facts.

Mr. Chairman: That is no Point of Order.

Shri Girish Chandra Mahato: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি সরকারের খাদ্যনীতির বিরোধিতা করছি। কারণ, সরকার এই লেভি করে মুখের খাদ্য কেড়ে নিয়ে চাষীকে অনাহারে মারছেন। তার উপরে তাকে আরো একটা বিশেষ দিক দিয়ে ঘোর বিপন্ন করছেন। তার ধান কেড়ে নিয়ে, আপনারা তাকে টাকা দেবেন সত্য কিন্তু মনে রাখবেন তার চাষের কাজ সম্পন্ন হয় ধানের বিনিময়ে। শ্রমিকেরা কাজ করতে চাইবে না ধান না পেলে, খেতে না পেলে। তাছাড়া চাষী চাষ করে, তার মাথাখানা মহাজনের কাছে বিকিয়ে রেখে, তার তিনের চার ভাগ

বা চাষের অর্ধেক চাষ সেই মহাজনের জন্যই করে। ধান উঠলেই মহাজনের ঘরে সেই ভাগ পৌঁছে দিতে হয়। এর উপর তাকে ধান দিয়েই বাৎসরিক আরো বহু পাওনা মেটাতে হয়, যেমন নাপিতের, কামারের, আরো বহু জিনিসের। সে আজ এইসব ধান পাবে কোথায়? আপনারা ধানের উৎপাদন খরচ ধরেছেন এক মনে ১২ টাকা।

Mr. Chairman : মিঃ মাহাতো, আপনি রিটিন স্পীচ পড়বেন না, পড়ার নিয়ম নেই।

Shri Girish Chandra Mahato : পদীপিসি ডোমকে বলেছিলেন তোর বাঁশ কিনতে লেগেছে ছয় আনা, আর ছুরি সানাতে দুই আনা, তাহলে ঝুড়ির দাম হয় আট আনা। যা, আমি তোকে নয় আনাই দেব। পিসি ভুলে গিয়েছিলেন তার সারা দিনের শ্রমের কথা, অন্নের কথা। এখানেও আপনারা চাষীর সারা বছরের পরিশ্রম ও চাহিদার কথা ভুলে গিয়েছেন। আপনারা চাষের খরচ ধরেছেন, ভেবেছেন তার শ্রমটা ফালতু। এই সবের ফল হবে এই যে, একদিকে বিপন্ন চাষী চোরা বাজারকেই ধান তুলে দেবে এবং তা আপনাদেরই সাহায্যে আর অন্য দিকে মরিয়া চাষী চাষে বিমুখ হয়ে পড়বে। আপনারা চাষীর জীবনে এই সংকট সৃষ্টির সংগে সমগ্র ক্রেতাসমাজকেও আজ ঘোর বিপদের মুখে ঠেলে দিচ্ছেন। সকলকে বাঁচাতে উৎপাদককেও আধপেটা খেতে হবে। আপনারা তার এই স্বার্থপরতা সহ্য করবেন না, আপনারা জোর করে তার ভাগ ছিনিয়ে নেবেন এই আপনাদের ন্যায়ের দাবি! দুর্বিনীত চাষী আজ বলতে পারে আমি আমার পরিশ্রমে উৎপন্ন করেছি, তুমি আমার মুখের অন্ন, প্রয়োজনের অন্ন কেড়ে নেবার কে? তুমি এই ১৮ বছর ধরে নিজের প্রয়োজনের অন্নের ব্যবস্থা করনি কেন? তোমার অপরাধের জন্য আমি আজ কেন বঞ্চিত হব, অনাহারে থাকব? মুখ্যমন্ত্রী এবং আপনারা তাকে নিশ্চয়ই জাতির সংকট ও মানবতার কথা শোনাবেন। সাম্যের ত্রাণকর্তারূপে আপনাদের কাছে এই দুর্বিনীত চাষী দাবি করবে, জাতির আজ এই সংকটে আমার প্রোটিন কেনবার ক্রয়শক্তির অভাবের দিনে যারা আমার ক্রয়শক্তি হরণ করে সম্পদের শস্যভাণ্ডার স্ফীতকায় করে রেখেছে তাদের কাছ থেকে ছিনিয়ে এনে সাম্যের মর্যাদা রক্ষা কর। আমাকে বাঁচবার আশ্রয় দাও, আমার এই মারাত্মক ক্ষতির পূরণ হোক। আপনাদের কাছ থেকে এর উত্তর না পেলে আপনাদের সে মনে করবে ভাত দেবার মুরদ যার নেই সেই কিল মারবার গোঁসাই। মাননীয় মুখ্যমন্ত্রী এবং পশ্চিমবংগ সরকার এই সর্বাত্মক নিয়ন্ত্রণ গ্রহণ করবার আগে আপনারা বাস্তব অবস্থাগুলি উপলব্ধি করুন। লেভির জবরদস্তি ছেড়ে চাষীর উদ্বৃত্ত ধান স্বেচ্ছায় দেবার সহযোগিতার ভিত্তিতে এই পরিকল্পনা পরিচালনা করুন। ব্যবসায়ের উদ্দেশ্যে অপরে কেউ চালের কেনাবেচা যখন করতে পারবে না তখন চাষীর উদ্বৃত্ত চাল সরকারী ভাণ্ডারের জন্যই থাকবে। আর সুষ্ঠু সরবরাহব্যবস্থা দেখলে এবং ন্যায্য দাম পেলে চাষী ধানচাল ধরেও রাখবে না। যদি এই জনসহযোগিতা ও জনমতের ক্ষেত্র সৃষ্টির মধ্যে দিয়ে বাঞ্ছিত ফল না হয়, জরুরী অবস্থার জন্য লেভি প্রয়োগ হতে পারবে। আর এই পরিকল্পনায় লেভি কার্যধারা গভীর অবাস্তবতার পরিচয় দিচ্ছে। লেভির হিসাবে জমির শ্রেণী জমির উৎপাদন ক্ষমতা, চাষীর চাষের ক্ষমতা, ক্ষয়ক্ষতির অবস্থা, অনাবৃষ্টির বিষয় প্রভৃতি আদৌ বিবেচিত হয়নি। তারপর আরো মারাত্মক প্রশ্ন কর্ডনব্যবস্থা। এই বিষয়ে সরকারী অযোগ্যতা হিমালয় সদৃশ্য এবং দুর্নীত তার মধ্য থেকে কলুষ গংগা। দুর্নীতিমুক্ত উপযুক্ত ব্যাপক সুষ্ঠু ব্যবস্থার অনবদ্য আয়োজন দ্রুত না করলে এই সর্বাত্মক নিয়ন্ত্রণে অবিলম্বে বিপর্যয় ঘটবে। এর সংগে একটি বিশেষ কথা বলব যে পল্লীজীবনে যে স্বাভাবিক লেনদেন আছে তাকে ব্যাহত করবেন না। গ্রামের মধ্যে গৃহস্থ নিজের আহারের জন্য উৎপাদক চাষীর কাছ থেকে সরাসরি চাল ধান কেনার সুযোগ থেকে যেন বঞ্চিত না হয়। তার বাধা অপসারিত করুন। সরকারের যে ধান কেনার পরিমানের লক্ষ্য তাতে শহরাঞ্চল রক্ষা করতেই যাবে, গ্রাম উপেক্ষিত ও বঞ্চিত হবে, খাদ্যের বদলে তারা ত্যাগের উপদেশ পাবে, পরিকল্পনায় এই পরিণতি দাঁড়াবে আশংকা হচ্ছে। এই আইনে মারাত্মক নিয়ন্ত্রণের মধ্যে

স্তবকগুলি আর্থ প্রয়োগের যে ক্ষেত্র রাখা হয়েছে আমরা আশংকা করি সেগুলি ছিপি খোলা বোতলের থেকে দৈত্য হয়ে দাঁড়াবে এবং এই পরিকল্পনার প্রয়োগবিধি এখনই যা রূপ গ্রহণ করেছে আমরা তাতেও আতংকিত হচ্ছি। বিশ্বস্তসূত্রে সংবাদ পেয়েছি ধান খরিদের কাজ চোরাবাজারের দাগী ব্যক্তিদের ও সরকারী দলের কুখ্যাত অনুচরদের ইতিমধ্যেই সৌভাগ্যের অধিকারী করা হয়েছে। অবিলম্বে এই কর্মধারার পরিবর্তন চাই। আমাদের জেলার বিষয়ে আমার বিশেষ দাবি এই যে পুরুলিয়া জেলাকে উদ্বৃত্ত অঞ্চল বলে অসত্য দাবি খাড়া করে জেলাকে শোষণ করার পূর্বপন্থা অবিলম্বে বন্ধ করা হোক। ব্যাপক শাসনতন্ত্রের যোগে বিহারে চাল চালানের চোরাই কারবারের যে ধারা অবাধে চলছে আমাদের আশংকা এই নিয়ন্ত্রণে তা আরো অভাব হবে। দৃঢ় হস্তে এর প্রতিবিধান করা হোক। আমি এই দৃঢ় দাবি জানাচ্ছি যে, সরকার যদি এই সর্বাত্মক নিয়ন্ত্রণে বাস্তব দৃষ্টিভঙ্গী, এবং অপরিহার্য্য ব্যবস্থা ধারা অবিলম্বে গ্রহণ না করেন এবং সততার সংগে জনসহযোগিতায় অগ্রসর না হন তবে দেশের সংকট আরো সংকটতর করবে, খাদ্যজীবনে বিপর্যয় আনবে।

[4-55—5-5 p.m.]

Shri Sailendra Nath Adhikary: মাননীয় চেয়ারম্যান মহোদয়, নূতন খাদ্যনীতি ঘোষণা করবার সময় মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তৃতা দিয়েছিলেন সেটাকে যদি আমরা অ্যানালাইজ করি তাহলে দেখা যাবে যে তিনি বলেছিলেন—It is not a new policy, but extension of the old policy. এখন ওল্ড পলিসিটা কি সেটা যদি বিচার করতে হয় তাহলে আমরা দেখি ওল্ড পলিসির প্রাকটিক্যাল এফেক্ট হচ্ছে বাজারে চালের দর তিন টাকা পঞ্চাশ পয়সা কেজি হয়েছিল বা চলছে সেটাই যদি এক্সটেনশন হয় তাহলে এর ফলটা কি দাঁড়াবে সেটাও আমাদের ভেবে দেখতে হবে। মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় আর একটা কথা বলেছিলেন এনসিয়োরিং proper prices to cultivators and equitable distribution to consumers. এটাও একটা লক্ষ্য একথাও তিনি ঘোষণা করেছিলেন এবং তার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী একটা কথা বলেছিলেন যে এই ওয়ার ইমার্জেন্সির জন্য যে ইনফ্লেশন হয়েছে তারজন্য দর বেড়েছে এবং অল ইণ্ডিয়া ড্রাউট, যে কথা অশোকবাবুও বললেন, ড্রাউটও তারজন্য দায়ী। আর একটা ওঁরা বলেছিলেন পি. এল. ৪৮০ উপর আর নির্ভর করতে পারেন না বলে আওয়ার কনজামসনের দিকে তাঁদের ঝোঁক গেছে এবং সবশেষে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমরা প্রকিওর করবো লেভি করবো চাষীর কাছ থেকে ধান নেবো—কিন্তু শহর বাদে মহানগরী এবং ইনডাষ্ট্রিয়াল এলাকা বাদে এবং স্ট্যাটুটারী রেসনিং এলাকা বাদে আর কাকে আমরা চাল কি পরিমাণ দেবো সে গ্যারান্টি দিতে পারবেন না। উনি একটা বলেছিলেন আমার স্মরণ আছে ১০ আউন্স হতে পারে, ৮ আউন্স হতে পারে, ৬ আউন্স হতে পারে। এখন প্রশ্ন হচ্ছে যে যিনি এইরকম একটা নীতি স্পনসর করছেন, ইনিসিয়েট করছেন তাঁর চোখের সামনে যদি না থাকে এই ইনিসিয়েসনের ফলে কতটা দিতে পারবেন তাহলে কি করে দেশকে গাইড করবেন খাদ্যনীতির ব্যাপারে? ১০ আউন্স হতে পারে ৮ আউন্স হতে পারে এই যদি বলেন তাহলে চাষীরা আপনাকে ধান দেবে কেন? কেন এ কথা বলবার সাহস হোল না যে আমরা যা প্রকিওর করবো যা আমাদের লেভি হবে আমরা স্ট্যাটুটারী রেসনিং এলাকায় দিয়ে মডিফায়েড এলাকাতে পরিমাণ মত দেবো—সে কথা বলেন নি। পরে অবশ্য খবরের কাগজ মারফত অনেক রকম কথা লোকের সামনে বলেছেন এবং সেটা অফিসিয়াল কথা কিনা সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। আজকাল আমরা দেখছি এর আগে বাংলায় বৃহৎ চাষী বলে একটা কথা ছিল—বৃহৎ চাষীরা ধানকে হোল্ড করে রেখে দুর্ভিক্ষ সৃষ্টি করতে সাহায্য করে মিল মালিকদের সঙ্গে। কিন্তু আজ কাল আর একরকমের চাষী ভুঁইফোড়ের মত গজিয়ে উঠেছে যারা হচ্ছে মহৎ চাষী অর্থাৎ জমির দিকে যান না অথচ তারা কাগজেকলমে ফসল ফলান এবং সেই মহৎ চাষীর দল অর্থাৎ আমাদের শ্যামাদাস বাবুরা যাঁরা রাইটার্স বিল্ডিংয়ে কাজ করেন তাঁরা বিভিন্ন ধরণের স্ট্যাটিসটিকস দিয়ে বাংলা দেশের লোককে বোঝাতে চেয়েছেন কোন প্রকার অবস্থায় যখন বেগতিক দেখেন তখন বলেন আওয়ার প্রডাকশন যখন ভাল দেখেন তখন বলেন এবার বাম্পার ক্রপ

হয়েছে। এইরকম ভাবে খাদ্যনীতি চলে না। খাদ্যনীতি চালাতে হলে, তার একটা ডিংসটিংট ভিউ থাকবে—সেই ভিউয়ের অভাব আছে। স্যার, আজকে ওঁরা বলছেন এবং খবরের কাগজ মারফৎ প্রায়ই আমরা দেখতে পাচ্ছি যে এই সরকার নাকি স্টেট ট্রেডিংয়ে হাত দিয়েছে। আমার অন্তত ইকনমিক্সের স্টুডেন্ট হিসাবে যেটুকু পড়াশুনা আছে তাতে এটুকু বলেত পারি যে স্টেট ট্রেডিং বলতে যে জিনিসটা বুঝায় সেটাকে যদি স্টেট ট্রেডিং বলেন তাহলে এটাকে কি করে স্টেট ট্রেডিং বলেন? স্টেট ট্রেডিংয়ের প্রিকনডিসন হচ্ছে যে মিলগুলি জাতীয়করণ করতে হবে, ব্যাঙ্কগুলি জাতীয়করণ করতে হবে এবং ইকুইটেবল ডিসট্রিবিউসন করতে হবে—তবেই স্টেট ট্রেডিংএর সত্যিকারের ফুলফ্লেজেড পত্তন হবে। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি? চালকলের ১০০ মালিক যারা ৪ লক্ষ ৫ লক্ষ টন দেবে বলে গতবার বলেছিল তারা ২ লক্ষ ৬১ হাজার টন দিয়ে সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছিলেন। অথচ তাঁদেরই কাছে কোটি কোটি টাকা ছেড়ে দিয়ে তাদের চাল ভাগ করতে দিয়েছেন এবং তাদের দিয়ে ধানচাল কেনানো হচ্ছে। যেন বিড়ালকে দিয়ে মাছ ভাগ করানো হচ্ছে। এই জিনিসটা যদি আমরা স্বীকার করি তাহলে নিশ্চয় আমরা স্টেট ট্রেডিংয়ের কদর্থ করবো। দ্বিতীয় কথা ওঁরা মুখে বলেছেন ১৫ থেকে সুরু করো। —আমরা বলি যে বড় থেকে সুরু করো কিন্তু আসলে দেখা যাচ্ছে গ্রামাঞ্চলের যারা ছোট ছোট চাষী তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হচ্ছে। আর একটা কি দেখছি—ওঁরা বলছেন ডিসট্রেস সেলের জন্য ওঁরা অনেক ঢালাও ব্যবস্থা করেছেন। আমি মনে করি যে এই সময় যে ধান উঠলো যেটা বিক্রী করলো সেটা হোল ডিসট্রেস সেলের বিক্রী এবং সেখানে দেখা গেল ৫০ হাজার টনের বেশী তারা সংগ্রহ করতে পারেন নি। তাহলে এই সমস্ত ধান কোথায় গেল এবং এই সমস্ত ধান কি করে প্রকিওর করবেন। তাঁরা শহরকে রক্ষা করবার জন্য গ্রামকে উৎসন্নে দেবার চেষ্টা করেছেন। সেটাকে রক্ষা করতে না পারলে আমার মনে হয় কলকাতার রেসনিং ব্যবস্থাও ভেঙ্গে পড়বে। গ্রামের তো অবস্থা কাহিল হয়ে পড়েছে। আর একটা কথা আপনাদের বলছি যে গ্রামের মধ্যে ছোট ছোট দোকানে যে চাল বিক্রী হোত সেগুলি বন্ধ হয়ে গেছে। আমি মেদিনীপুরে গিয়েছিলাম সেখানে দেখছি, নদিয়ায় দেখছি—সব জায়গাতেই দেখছি। কিন্তু যারা কিনে খায় দৈনিক তারা যে কি করে খাবে সেই ব্যবস্থা কিছু করা হয় নি। যারা ওল্ড, ইনফার্ম এবং যারা ভিক্ষে করে খায় তাদের ভিক্ষার অন্ন নেই। আজকে সরকারের যদি ধান চাল এই রকমভাবে নিজ হস্তে নেবার সত্যিকারের মতলব থাকে তাহলে আজকে এই সমস্ত ওল্ড ইনফার্ম এবং বেগারদের খাওয়ানোর জন্য সরকারের একটা দায়িত্ব এসে পড়বে এবং তার জন্য আমি মনে করি যে সরকারের একটা ফ্রী রেসন কার্ড সিসটেম হওয়া উচিত। সবচেয়ে বড় হচ্ছে যে কোন একটা নীতিকে ইম্পলিমেণ্ট করতে হলে যে মেসিনারী দিয়ে ইমপ্লিমেন্ট করতে হবে সেই মেসিনারী ঘুনধরা মেসিনারী, ব্রিটিশ আমলের কতকগুলি মেসিনারী যার মধ্যে দুর্নীতি রয়ে গেছে। কাজেই ইম্পলিমেন্ট করতে হলে সেই ইম্পলিমেন্টসনের জন্য পুলিশকে ছাড়পত্র দিলেই চলবে না, সেই ইম্পলিমেণ্টেসনের জন্য আমরা মনে করি ক্রম বটম টু টপ যদি প্রত্যেক জায়গায় উইথ পাওয়ার আপনারা সর্বদলীয় কমিটি তৈরী করতে পারেন এই হাউস থেকে তাহলে অন্ততপক্ষে ইম্পলিমেন্টেসনের দিকে নজর পড়ে এবং একটা এক্সপেরিমেণ্টের দিকে সুযোগ আসে। ওঁরা বলছেন সরকার আমলাতান্ত্রিক যন্ত্র দিয়ে এই ব্যবস্থাকে সাকসেসফুল করবেন। আমলাতান্ত্রিক যন্ত্র দিয়ে যদি এই ব্যবস্থা সাকসেসফুল হোত তাহলে সরকার এর আগেই সাকসেসফুল হতে পারতেন। সর্বশেষ কথা হচ্ছে এই যে আমরা মনে করি স্টেট ট্রেডিং এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এ ব্যাপারে সরকারের পক্ষ থেকে সমস্ত দলকে নিয়ে বিশদভাবে আলোচনা করা উচিত ছিল। এখন এটা পোস্টমর্টেম কেস। অলরেডি সমস্ত অর্ডার ইসু করা হয়েছে, সমস্ত জিনিস করা হয়েছে তারপরে আমরা খাদ্যবিতর্ক করছি, এই হচ্ছে বাংলা দেশের বিধানসভার চেহারা যেখানে বাংলা দেশের যাঁরা শাসকদল তাঁরা বিধানসভাকে না জানিয়ে অর্ডার ইসু করে পলেসি ইম্পলিমেন্ট করে বিধানসভার কাছে আনেন এবং আমরা তার উপর বক্তৃতা করি, এটাই হচ্ছে আমাদের বর্তমান সরকারের যে রূপ সেই রূপের প্রতিফলন।

[5-5—5-15 p. m.]

Shri Radhakrishna Singha : মিঃ চেয়ারম্যান স্যার, আজকে নূতন খাদ্যনীতি সম্পর্কে বিতর্কে যোগদান করে আমি কতকগুলি সমস্যা আপনার সামনে রাখছি, এবং আশাকরি মন্ত্রিমহাশয় যিনি রয়েছেন তিনি এগুলি বিচার করবেন। আপনি জানেন যে, গতবারের যে ফুড পলেসি এই বিধানসভায় তৈরী হয়েছিল মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন, সেই ফুড পলিসি তাঁর ব্যর্থ হয়েছে। এবারে যে ফুড পলেসি তিনি তৈরী করেছেন, এটা আমরা বলেছিলাম যে স্যাশনালাইজেসন অব ফুডগ্রেনস, এটা সমর্থন করছি যে স্যাশনালাইজেসন তাঁরা করেছেন, কিন্তু সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে যে স্যাশনালাইজেশন যখন একটা স্টেট করে তখন তার আশে পাশের স্টেটকে দেখতে হয়। আজকে দেখবেন সবচেয়ে ভয়াবহ ব্যাপার হয়ে পড়েছে যে বাংলা দেশ থেকে যে সমস্ত চোরাকারবারীরা এতকাল বিহার পাকিস্তানে যে চাল চালান দিচ্ছিল তার একমাত্র কারণ হচ্ছে দাম। ধানের দাম করেছেন এখানে ১৪।১৫।১৬ টাকা এবং বিহার বর্ডারে ২১।২২ টাকায় বিক্রি হচ্ছে। মুখ্যমন্ত্রী থাকলে আমি বলতাম যে মুখ্যমন্ত্রী জানেন যে সাধারণ চাষী কখনও তাদের ধান ঘরে রাখে না, মার্চ মাসের মধ্যে তারা ধান বিক্রি করে দেয়।

সুতরাং লেভি করতে গেলে প্রথমেই জানা দরকার লেভি মানে হচ্ছে লেভি ইজ দি compulsory procurement by authority. গভর্নমেণ্ট যখন ১০০ পারসেণ্ট প্রোকিওরমেণ্ট করছেন তখন লেভির কোন কথা থাকতে পারে না। লেভিতে গভর্নমেণ্ট সমস্ত প্রোকিওরমেণ্ট করছেন। আমার কথা হচ্ছে মার্চ মাস পর্যন্ত ধানের দাম ১৮।১৯।২০ হতে হবে এবং মার্চের পর থেকে ১২।১৩।১৪ টাকা করতে হবে। আমি বলতে পারি মার্চ মাস পর্যন্ত সমস্ত ধান গভর্নমেণ্টের গোডাউনে চলে আসছে। তিনি বলেছেন ৩৫ লক্ষ কৃষিপরিবার বাংলা দেশে আছে, তার মধ্যে সাড়ে চার লক্ষ কৃষিপরিবার উদ্বৃত্ত। তা যদি হয় তাহলে আমি বলব এই সাড়ে চার লক্ষ উদ্বৃত্ত কৃষিপরিবার জানে এপ্রিল মাস থেকে ধানের দাম বাড়বে। ক্রেতা যখন গভর্নমেণ্ট এবং দাম যদি সমান রাখতে পারেন তাহলে এই লোক আর হোর্ড করে না। স্যাচারলি আমি বলব ধানের দাম মার্চ পর্যন্ত ১৮।১৯।২০ টাকা করুন এবং মার্চের পর ১২।১৩।১৪ টাকা করতে হবে। লেভি সম্বন্ধে বলতে গিয়ে বলব যে পশ্চিম বাংলায় ১ কোটি ৩০ লক্ষ একর জমি আছে। মুখ্যমন্ত্রীর স্টেটমেণ্টে দেখেছি মোটমাট ৪ কোটি বিঘা আছে। দেড়মণ করে যদি লেভি নেন তাহলে ১৫ মণ ধান দিতে হবে। এক্ষেত্রে বিহার করেছেন পার মিল one maund per bigha. আমাদের এইরকমভাবে যদি একটা ফ্লাট রেট লেভি করেন তাতে জনসাধারণ উত্তেজিত হয় না এবং সাধারণ মানুষ বোঝে যে আমাদের গভর্নমেণ্ট ঠিক করেছেন। আর এই লেভি রেটে দেখুন যে পশ্চিম বাঙ্গলার বিভিন্ন জমিতে বিভিন্নভাবে ধান উৎপাদন হয় এবং সেই উৎপাদন অনুসারে লেভি করা উচিত। সব জায়গায় ১১ মণ করে লেভি করলে কে দেবে, কেউ দিতে পারবে না। সেজন্য সরকারকে বলছি যে লেভি তাঁরা ফ্লাট রেটে করুন তাহলে ভাল হবে। লেভি করবার প্রয়োজন নেই। ধানের দাম বেঁধে রিক্যুইজিট কোয়ানটিটি চলে আসবে। লেভি করে ধান আনার আগে একটা কথা চিন্তা করতে হবে। আমাদের একটা সেনচুরী ওল্ড প্রথা আছে যে, চাষের সময় চাষীরা বড় বড় জোতদারের কাছ থেকে ধান পায়। যদি বড় যোতদারের সমস্ত ধান নিয়ে নেন তাহলে চাষীদের জন্য মজুত ভাণ্ডার করতে হবে—অর্থাৎ তারা যেন বুঝতে পারে যে তারা ঐ ধান পাবে। আপনারা জানেন যে বীরভূম ডিসট্রিক্ট সারপ্লাস ডিসট্রিক্ট। আপনি জানেন বীরভূম জেলা সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাস পর্যন্ত কোন রকম ধান এম, আর-এ চাল পায়নি এবং মুর্শিদাবাদ, নদিয়ায় লক্ষ লক্ষ টণ চাল পাঠান হয়েছে। দ্বিতীয়তঃ একটা কথা অশোকবাবু বললেন যে মিল ওনার্স ধানকলের প্রেমিসেস ছাড়া মিলগেট ছাড়া কোন এজেণ্টকে বিক্রী করতে পারবে না। এই রকম একটা অসত্য ভাষণ তিনি কেন দিলেন তা বুঝতে পারছি না। আমি বোলপুরে দেখেছি সেখানে নির্দেশ দিয়েছেন to procure rice from different areas. আপনি আমাকে চ্যালেঞ্জ করুন। আপনারা

কো-অপারেটিভ রেখেছেন তাঁরা কিনছেন ৪০'২০ পয়সা কুইন্টল এবং মিলওয়ালারা কিনছেন এজেন্টের মারফত ৪১'২০ পয়সা। এই যে ডিফারানসিয়েট এটা কি নীতিতে নির্ধারণ করেছেন তা বুঝতে পারছি না। প্রত্যেক মন্ত্রী ডিস্ট্রিক্ট-এ ডেপুটেড হয়েছিলেন, আমাদের বীরভূমে ডেপুটেড হয়েছিলেন শ্রীফজলুর রহমান সাহেব যিনি সমস্যার কোন সমাধান করতে পারেননি। তিনি বলেছেন আমাদের সামনে বড় দুঃসময়, আমরা আধ পেটা খেয়ে থাকবো। দেশ যখন বিপন্ন তখন বিধানসভার সদস্যরা কেউ ইরেসপনসিবল নন, রেসপনসিবিলিটি of the whole of the House and not of that part of the House.

[5-15—5-25 p. m.]

প্রত্যেক বিধানসভার সদস্য তাঁরা জনসাধারণের কাছে যাবেন এবং তাঁরা কষ্ট সহ্য করবেন। কিন্তু আপনারা জানেন কিছু কিছু ধান কর্ডনিং-এর জন্য নষ্ট হয়। কংগ্রেসী সদস্যরা, এম. এল. এ. এস. ডি. ও. ডি. সি.র সহযোগিতায় পাকিস্থানে চাল পাঠাচ্ছেন। এগুলি যদি লক্ষ্য না রাখেন তাহলে দেশবাসীকে কষ্ট স্বীকার করতে বললে হবে না। আমরা এখন এমারজেন্সির মধ্যে দিয়ে চলেছি। এখন এই ওয়ানেসের মধ্যে খাদ্যনীতিকে যদি না সাজান তাহলে দেখবেন দেশে আবার ডিসইনট্রিগ্রেসান হবার চান্স রয়েছে। আমরা এটা চাই না। দেশের বাহিরে যখন দুই শত্রু রয়েছে তখন দেশের এই একতাবদ্ধতাকে যেন দ্বিধাবিভক্ত না করি। বীরভূমের যারা চাষী রয়েছে তারা চাষের সময় ঠিক মতন ধান পেলে বীরভূম ডিসট্রিকট যেটা সারপ্লাস ডিসট্রিকট সেটা ডেফিসিটে পরিণত হবে। আর একটা কথা বলতে চাই বীরভূমের বর্ডার হচ্ছে বিহার এবং পাকিস্থান। আপনি কোঅর্ডিনেটেড সিস্টেম করুন। আপনি শুধু বর্ডার কর্ডন করে দিন। আপনারা জানেন ছিদ্র পথে জল থাকে না। পাকিস্থান বিহার বর্ডার যদি ওয়েল গার্ডেড করতে পারেন তাহলেই খাদ্য সমস্যার সমাধান হবে। এ ছাড়া চোরাকারবারী ও কালোবাজারী যদি সত্যি কনট্রোল না করতে পারেন তাহলে বলব যে আপনারা কংগ্রেস গর্ভমেন্ট স্বেচ্ছায় বলুন যে আমরা পারছি না। আপনারা আমাদের কথা শুনবেন না। চার্চিল বলেছিলেন ডেমোক্রেসি is the worst form of Government is no hard and attended to the opposition. আজ আমাদের সেই অবস্থা হয়েছে। আমরা যা বলি আমাদের কথার কোন দাম হয় না। তবুও আমি বলছি জনসাধারণের কথা বিবেচনা করবেন।

Shri Krishna Kumar Shukla : মাননীয় চেয়ারম্যান, স্যার, পশ্চিম বাংলায় প্রায় ৪ কোটি মানুষ আর তার একফালি জমি সেই পরিপ্রেক্ষিতে খাদ্যনীতির পর্যালোচনা করতে হবে। বিধানসভায় যে সমস্ত বিষয় খাদ্য সম্বন্ধে আলোচনা করা হয়েছে তাতে কয়েকটা জিনিস দেখা যায়। আমাদের বাংলা দেশে বিরাট জনসংখ্যার চাপ তার উপর মাটির কাছ থেকে আমাদের যা প্রাপ্য সেই প্রাপ্য না এলে যে অবস্থার উদ্ভব হয় সেরূপ আজ আমাদের সামনে দেখা যাচ্ছে। আমরা আজ এক জাতীয় সঙ্কটের মধ্য দিয়ে চলেছি এবং এই জাতীয় সঙ্কটকে এড়াতে গেলে বা একে রোধ করতে গেলে একে অন্যের উপর দোষ চাপিয়ে একে অন্যের উপর দায়িত্ব এড়িয়ে গেলে চলবে না আমরা আজকে যদি প্রকৃত জনপ্রতিনিধি হই যে জনপ্রতিনিধির কথা বার বার বলি কিন্তু সেই জনপ্রতিনিধিত্ব আমরা যদি পালন না করি তা হলে আমরা কর্তব্যচ্যুত হব। বারবার এ প্রশ্ন আলোচিত হয়েছে, জমি কত, মানুষ কত, কৃষক কত, কত উৎপাদন হয়, কতটা লেভি করা দরকার এই সমস্ত-তত্ত্ব এবং তথ্য বহুবার আলোচনা হয়ে আজকে এখানে যে খাদ্যনীতি উপস্থিত করা হয়েছে সেই খাদ্যনীতি ছাড়া অন্য কোন খাদ্যনীতি গৃহীত হতে পারে না, চলতে পারে না। সুতরাং একে সমর্থন করা ছাড়া কোন উপায় নেই। বাঁচতে গেলে এই নীতির পেছনে দাঁড়াতে হবে এবং এই নীতিকে সফল করে আমাদের এই সঙ্কটের দিন অতিক্রম করতে হবে। Incentive-এর কথা শুনলাম, মূলত এটা যখন স্বীকৃত হয়ে গেছে যে, যে খাদ্যনীতি উপস্থিত করা হয়েছে সেই খাদ্যনীতিই একমাত্র খাদ্যনীতি। পশ্চিম বাংলাকে যদি এই দুর্দিন

থেকে রক্ষা করতে পারা যায় তখনই exchange সম্বন্ধে আলোচনা হতে পারে। Incentive কথা শুনলাম যে দাম বাঁধা হয়েছে সেটা অত্যন্ত কম দাম। সেটা আরও বাড়ান হোক তা না হলে incentive পাওয়া যাবে না। চাষীদের কাছ থেকে ধান আসছে না, incentive হবে না। রক্তারক্তি হবে। ভক্তিবাবু procurement থেকে আরম্ভ করে রক্তারক্তিকাণ্ড পর্যন্ত বলে গেলেন এই যে পরস্পর বিরোধী উক্তি এর সঙ্গে এর গুরুত্ব আছে বলে মনে করি না।

আমি মনে করি incentive দেওয়ার যে চেষ্টা হচ্ছে, তার চেয়ে আরো বেশী incentive দিতে পারলে আমি আরো খুশী হতাম, আরো খুশী হতাম দেশের মানুষের কাছে যদি বলতে পারতাম যে আরো বেশী দাম দেওয়া হচ্ছে, আমরা দিচ্ছি, কিন্তু বর্তমান পরিপ্রেক্ষিতে যা দেওয়া হচ্ছে—তার চেয়ে বেশী দেওয়া সম্ভব না।

তারপর আমাদের মুর্মু সাহেব জাপানের কথা উল্লেখ করে যা বলেছিলেন, সেই জিনিসটা নিশ্চয়ই আমাদেরও কাম্য। আমরাও তাই চেয়েছিলাম; কিন্তু পারছি কি? আমাদের দেশের আর্থিক যে অবস্থা, আমাদের Exchequer-এর যে অবস্থা তাতে যখন সেটা দেওয়া যখন সম্ভব নয়, তখন সেটা বাদ দিতে হবে। কিন্তু আমরা কৃষকদের incentive দেওয়ার চেষ্টা করছি—বর্তমান এই খাদ্যনীতির মাধ্যমে। যে দাম ধানের বেঁধে দেওয়া হয়েছে তা ছাড়াও শতকরা কুড়ি ভাগ জলীয় অংশ থাকলেও আমরা সেই দামেই কিনবো। এ কি আমাদের incentive দেওয়ার চেষ্টা নয়? আমাদের এই চেষ্টাকেও কি সমর্থন করা যায় না? এ কথা কি বলা যায় না—যে এক পঞ্চমাংশ এতদুপরি অধিক দিয়ে আমরা incentive দেওয়ার চেষ্টা করছি? ঐ ১৪-০০ টাকা, ১৫-০০ টাকা, ১৬-০০ টাকা যে দাম বাঁধা হয়েছে, সেখানে ঐ যে 20% incentive দেওয়া হচ্ছে, তা বাদ দিয়ে দিলে আসল দামটা কোথায় গিয়ে দাঁড়ায়—সেটা বুঝতে হবে। খাদ্যমন্ত্রী বিবৃতি দেবার সময় বলেছিলেন গতবার যে খাদ্যনীতি ছিল, বর্তমান নীতি হচ্ছে তার সম্প্রসারিত রূপ। কিন্তু মাননীয় সদস্যগণ এর ব্যাখ্যা করতে গিয়ে তার বিকৃতি ঘটিয়েছেন।

প্রশ্ন হচ্ছে সত্যিই কি খাদ্যের অভাব নাই? সত্যিই কি জনসংখ্যা বেড়ে যাচ্ছে না? সত্যিই কি জাতীয় সঙ্কট হয় নাই? সত্যিই কি Public Exchequerএ সম্ভব নয়? সত্যিই কি আমরা চাষীকে ন্যায্যদাম দিতে পারছি না? সত্যিই কি এই দুর্দিন কাটিয়ে ওঠবার জন্য সামগ্রিক সহানুভূতি ও সাহযোগিতার দরকার? আজকে শুধু দোষারোপ করে দায় এড়িয়ে বাঁচা যাবে না এই বলে যে কংগ্রেসের সদস্যদের উপর নির্ভর করে মুখ্যমন্ত্রী তাঁর নীতি চালাচ্ছেন। আমরা বহুবার তাঁদের বিভিন্ন সময়ে আহ্বান জানিয়েছি, বহুবার তাঁদের আবাহন জানান হয়েছে, বহুবার তাঁদের confidenceএ নেবার চেষ্টা হয়েছে, এবারও নেবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমাদের অভিজ্ঞতা আছে তাঁরা চরম মুহূর্তে বিশ্বাসঘাতকতা করেছে শুধু সরকারের সঙ্গে নয়, দেশের মানুষের সঙ্গেও। আবার তাঁরা বলছেন আমরা তাঁদের সহযোগিতা চাই নি। সহযোগিতার মূল্য দেওয়া দরকার আজকে এই দুর্দিনে যতটা সম্ভব তার চেয়ে বেশী দিয়ে তাঁদের সহযোগিতা নেওয়া সম্ভব হচ্ছে না। আজকে তাঁদেরও দায়দায়িত্ব আছে এবং সেই দায়দায়িত্ব নিয়ে তাঁরা আমাদের মত বিধানসভায় এসে উপস্থিত হয়েছেন। দায়িত্ব যদি থেকে থাকে, তাহলে কেবল কথার ফুলঝুরি দিয়ে সেই দায়িত্ব পালন করা সম্ভব নয়। আমাদের গৌর কুণ্ডু মহাশয় হুমকি দিলেন চাল আসতে দেওয়া হবে না। ভক্তিভূষণ মণ্ডল মহাশয় বললেন—রক্তাক্ত কাণ্ড ঘটে যাবে, এই চাল যদি না আসে তাহলে সামগ্রিক ধ্বংসের দিকে আমরা এগিয়ে যাচ্ছি নাকি? যাদের দিয়ে এই রক্তাক্ত কাণ্ড করানোর এই প্রচেষ্টা,—তাদের দিয়ে এই রক্তাক্ত কাণ্ড বাধাবার চেষ্টা গতবারও হয়ে গেছে। এটা নূতন কিছু নয়। প্রশ্ন হচ্ছে যে আমরা আজকে অত্যন্ত শক্ত অবস্থার মধ্যে আছি। এই শক্ত অবস্থা কাটিয়ে ওঠা দরকার এবং সমগ্র পরিস্থিতি সামগ্রিকভাবে গ্রহণ করে নিয়ে বর্তমান নীতিকে সমর্থন করা দরকার। আমি আপনাদের উপর দোষারোপ করবার জন্য এই কথা বলছি না। কাল পর্যন্ত—পরশুদিন পর্যন্ত

PL480 সম্বন্ধে বে-সরকারী প্রস্তাবের আলোচনা হচ্ছিল, তখন কংগ্রেস সরকার জোতদারদের সমর্থক বলে কাদা ছোড়বার চেষ্টা তাঁরা করছিলেন। আমি অবশ্য একথা বলছি না যে তাঁরা জোতদারদের ব্রীফ্ দিয়েছেন, ওঁরা তাদের দালালী করছেন—একথা বলছি না। আমি একথা বলছি তাদের কৃষিপণ্যের উৎপাদনের জন্য যে ন্যায্যমূল্য তা কৃষকদের দিতে হবে। জমির উৎপাদনের পরিমাণ ও ন্যায্যমূল্য—দুটো জিনিস সামনাসামনি রেখে আজকে Public Exchequer-এর অবস্থা বিচার করে মূল্য স্থির করা হয়েছে।

[5-25—5-35 p.m.]

আজকে Public Exchequer-এর সামর্থকে বিচার করে নিয়ে একটা মূল্য স্থির করা হয়েছে। এবং যখন নতুন খাদ্যনীতির মাধ্যমে একথা জানান হয়েছে যে যাদের কাছ থেকে ধান গ্রহণ করা হচ্ছে আমাদের তাদের কাছে ধান ও চাল পৌঁছে দেওয়া হবে। এই আশ্বাসের পরিপ্রেক্ষিতে গোটা নীতিকে সমর্থন করার আছে। ৪২ বছরে যা অন্যেরা পারে নি আজকে আমরা পারব না—একথা আমরা বলছি না। এ বিশ্বাস আমাদের আছে। আজকে খাদ্যনীতির মাধ্যমে পশ্চিম বাংলার মানুষ এবং পশ্চিমবঙ্গের কৃষকের কাছে সরকার যে আশ্বাস রেখেছেন এই আশ্বাসকে সর্বোতভাবে তুলে ধরতে হবে এবং সঙ্গে সঙ্গে লেভি এবং procure-কে পুরাপুরি সফল করে দিয়ে বর্তমান দুরাবস্থা কাটিয়ে উঠার জন্য আমাদের সামগ্রিকভাবে চেষ্টা করে যেতে হবে। আজকে এই নীতির সমর্থনে আমার কয়েকটা কথা রাখার সঙ্গে মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রীর সঙ্গে আমি একথাও রাখতে চাই যে নতুন খাদ্যনীতি যখন প্রতিপাদিত হতে চলেছে পশ্চিম বাংলায় যখন তা কার্যকরীভাবে এগিয়ে আসছে, সমর্থন আমরা প্রত্যেকেই করছি বিশেষ করে শিল্পাঞ্চলের মানুষ তাদের অবস্থা একবার চিন্তা করে দেখবেন। এইজন্য বলছি যে কায়িক পরিশ্রম করে যারা মাথার ঘাম পায়ে ফেলে নতুন ভারতবর্ষের চেহারা দিচ্ছেন তাদের খাদ্যের সমস্যার দিকে বিশেষ-ভাবে চিন্তা করতে হবে। কৃষককে যেমন ন্যায্যমূল্য দিতে হবে উপভোক্তাকে ন্যায্যমূল্যে খাদ্য সরবরাহ করতে হবে। যাদের যা উপভোগের পণ্য দরকার তার কাছে তা পৌঁছে দিতে হবে। সর্বশেষে নতুন যে খাদ্যনীতি সম্প্রসারিতরূপে পশ্চিমবঙ্গের বিধানসভায় আমাদের কাছে উপস্থাপিত হয়েছে এই খাদ্যনীতিকে সমর্থন জানাচ্ছি। এবং এই বিশ্বাস আমরা রাখি আমরা প্রত্যেকে যদি সততার সঙ্গে এই খাদ্যনীতি সমর্থন করি তাহলে আমাদের দুর্দিন আমরা কাটাতে পারব।

Shri Syed Abul Mansur Habibullah : মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে এই আলোচনায় যোগদান করে প্রথমেই মুখ্যমন্ত্রী যে বিবৃতি আমাদের সামনে দিয়েছিলেন তার একটু উল্লেখ করতে এইজন্য চাই যে মুখ্যমন্ত্রীর বিবৃতি থেকে আমাদের এই আলোচনা যে জায়গায় আসছে সেই জায়গায় সত্যি করে বোধ হয় এর সমাধান নাই। মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমাদের দেশে এখন যে অবস্থা হয়েছে মাননীয় শুক্লা সাহেব যে কথা বলছিলেন যে জটিল পরিস্থিতি হয়েছে—আমরাও জানি যে জটিল পরিস্থিতি হয়েছে, কিন্তু এই পরিস্থিতি কারা সৃষ্টি করেছে, কারা এই পরিস্থিতিতে দেশকে এনে ফেলেছেন, কারা এর জন্য দায়িত্ব বহন করেছেন সে কথাটা তিনি উহ্য রেখে গেছেন বলে এই আলোচনা আমি মনে করছি। মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকেই বেরিয়ে আসবে যে আমাদের খাদ্য উৎপাদন আজকে ১৮ বছর ধরে বা ১৯৫০ সাল থেকেই ধরুন কেন বাংলা দেশের খাদ্য উৎপাদন ৫০ লক্ষ টনের মত হচ্ছে। তার আরো বাড়ে না কেন? কেন আমাদের দেশে সার উৎপাদন ব্যবস্থাটা তৃতীয় পরিকল্পনায় যে পর্যায়ে যাওয়া উচিত ছিল সেই পর্যায়ে যায় নি? কেন আজও আমাদের দেশকে P.L. 480তে নির্ভরশীল হয়ে থেকে হয় কেন? এবং তার এই সমস্ত প্রশ্ন গুলি এর সঙ্গে জড়িত আছে বলে আমি বিশ্বাস

[5-35—5-45 p.m.]

করি। আমি বিশ্বাস করি কেন্দ্রে কংগ্রেস গভর্নমেন্ট আজকে যে অর্থনীতি চালাচ্ছেন খালি এখানকার মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী তার জন্য দায়ী নন এবং আমি জানি সামগ্রিকভাবে কংগ্রেস গভর্নমেন্ট যেভাবে দেশের অর্থনীতি এবং মুদ্রানীতি চালাচ্ছেন তাতে এই রকম একটা খাদ্যনীতি আসা উপযুক্ত এবং তাই মুখ্যমন্ত্রী এনেছেন। কেন্দ্রে বসে তাঁরা যে ইনফ্লেশন করে চলেছেন সেই ইনফ্লেশন যে ফুডের ক্ষেত্রে আসবে তা আমাদের মুখ্যমন্ত্রী ভাল করেই জানেন এবং তাকে রোধ করবার ক্ষমতা তাঁর নেই এবং সেটা তিনি জানেন বলেই এমন একটা খাদ্যনীতি নিয়েছেন যাতে একদিকে মুদ্রাস্ফীতি চলতে থাকে আর একদিকে অন্ততঃ শহর বাজারের লোককে কিছু রেশনিং-এর মধ্যে রেখে মজুরদের মাইনে বৃদ্ধির যে দাবি, সারাক্ষণ সমস্ত দিক থেকে যে আক্রমণ আসছে সেগুলিকে জায়গায় জায়গায় ধরে রাখবার চেষ্টা করেছেন মাত্র। তিনি ইনফ্লেশন বন্ধ করবেন না, কেন না তাহলে তাঁর তথাকথিত স্টেট ট্রেডিংএর কোন অর্থ হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫ লক্ষ টন খাদ্য খরিদ করবার কথা তিনি বলেছেন এবং এদিকে তিনি সমস্ত হোলসেল ট্রেড বন্ধ করে দিয়েছেন। আমাদের যদি শ্রীঅশোক দত্তের কথায় বলতে হয় তাহলে শতকরা ৮১ জন লোক ধান বিক্রি করবে এই জানুয়ারী ফেব্রুয়ারী মাসে কিন্তু তা কিনবার ব্যবস্থা কোথায়? আজকে মাত্র ২ পার্সেন্ট ধানও বর্ধমান জেলায় উঠেনি। আজকে বর্ধমান জেলায় কি হচ্ছে, আমাদের বিরুদ্ধে নানা রকম আক্রমণ মাননীয় পূরবী মুখোপাধ্যায় এখানে করেছেন, আনন্দগোপাল বাবুও মিথ্যা করে বলেছেন যে বারোয়ারী কো-অপারেটি সোসাইটি ধান কেনেনি, আমি বলছি বারোয়ারী কো-অপারেটি সোসাইটি বর্ধমান জেলার অন্যান্য কো-অপারেটিভের চেয়ে বেশী ধান কিনেছে। কিন্তু তা সত্ত্বেও বলছি মন্তেশ্বর থানা থেকে এখনও ধান বেরিয়ে যাচ্ছে এবং মিল মালিকরা ধান নিয়ে যাচ্ছে পাণ্ডুয়া এলাকায় এবং মিল মালিকরা ধান পাচারের ব্যবস্থা করেছেন হাওড়া, হুগলী, নদিয়া ইত্যাদি জেলায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোন জায়গায় বারোয়ারী সমিতির নাম করিনি, আনন্দগোপাল বাবু যখন বলছিলেন বারোয়ারী কো-অপারেটিভ সোসাইটি কিনছে না সেজন্য আমি বলছি যে এটা সত্য নয়। মন্তেশ্বরে যে কো-অপারেটিভ আছে যাতে একজনও কম্যুনিস্ট নেই তারা ধান কিনছে না। যাই হোক আমি আমার বক্তব্যে ফিরে আসি। আজকে মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি এখানে রেখেছেন ১৫ লক্ষ টন খরিদ করার আমি বলছি ১৫ লক্ষ টনের চেয়েও অনেক বেশী ধান বিক্রি হবে। আমি মুখ্যমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি তিনি সেই ধান কেনার কি ব্যবস্থা করেছেন? তিনি সেই ব্যবস্থার কথা এখানে রাখেন নি এবং আমরা জানি আজ মিল মালিককে যে ৭॥০ লক্ষ টনের পারমিট দিয়েছেন সেই ৭॥০ লক্ষ টনের চেয়ে যদি ১৪ লক্ষ টনও বেরিয়ে যায় তাহলে তা ধরবার কোন ব্যবস্থা নেই। তাঁর ফুড ইনসপেক্টাররা যতই চেষ্টা করুক ঐ পাঁচু শেখের কিম্বা গোবর্ধন পালের গাড়ী ধরতে পারবে, তার গরুলাঙল ধরতে পারবে যে ব্যবস্থা তিনি ফুড লেভির মাধ্যমে করেছেন কিন্তু শত শত মণ চাল পার হয়ে যাবার ব্যবস্থা তাঁর নিজের খাদ্যনীতিতে রেখেছেন। তাঁর নিজের খাদ্যনীতি যখন বলতে পারে না যে ১৫ লক্ষ টনের বেশী তিনি খরিদ করতে পারবেন না তখন সেই ধান বিক্রি হবে না, যাবে কোথায়? সেই ধান ঐ চোরা বাজারের মাধ্যমে পাচার হয়ে যাবে। তার ব্যবস্থা তিনি তৈরী করে রেখেছেন, তিনি জানিয়ে দিয়েছেন আমি এই যে মডিফায়েড রেশনিংএর কথা বলেছি তার কোন পাকা বন্দোবস্ত করিনি, ঐ লোকগুলোর আষাড়, শ্রবণ, ভাদ্র মাসে খাওয়াবার দায়িত্ব নিইনি, লেভি অর্ডার যা করেছি তার কোথায়ও সেকথা নেই। কাগজে নানা রকম বিবৃতি দেওয়া হয়, রেশনিং সম্পর্কে অ, আ, ক, খ, গ, ইত্যাদি পাঁচ রকমের কার্ড করতে বলা হয়েছে কিন্তু কোন অ্যাসোসিয়েশন আছে? যে জোতদার ধান কিনে রাখে, যে জোতদার বাড়িয়ে নিয়েছে দেড় মণে দু মণ করে, সেই ডিসট্রেস সেল কি আজ হচ্ছে? আজকে ডিসট্রেস সেল বন্ধ করার কথা আনন্দবাবু কি করে বলেন? বর্ধমান জেলায় তিনি কি জানেন না

ডিসট্রেস সেল হয়ে গিয়েছে? মুখ্যমন্ত্রী কি জানেন না যে ডিসট্রেস সেল হয়ে গিয়েছে গত শ্রাবণ ভাদ্র আশ্বিন মাসে যখন চাষীকে দেড় মণে দু' মণ দিয়ে কিনতে হয়েছে? আজকে আপনি ভাগচাষীকে বলছেন যে তার ধান নেবেন কিন্তু অবস্থা কি হচ্ছে? না জোতদার ভাগচাষীকে বলছে যে আমাকে বিঘা প্রতি ৫ মণ করে ধান দিতে হবে, তোমার যে অংশ সেই অংশ থেকে ধান নিয়ে কো-অপারেটিভকে দিয়ে এসো এবং বিক্রির যে রসিদ সেটা আমার বাড়ীতে দিয়ে যেতে হবে তবে তুমি আগামী বছরে চাষ করার অধিকার রাখতে পারবে তা না হলে রাখতে পারবে না এই হচ্ছে সর্ত। জোতদাররা ভাগচাষীকে বলছে তোমার অংশের ধান কো-অপরেটিভকে দিয়ে তার রসিদ আমাকে দিয়ে যাও তবে তুমি আগামী বছরে চাষ করতে পারবে, আগামী শ্রাবণ আশ্বিন ভাদ্র মাসে ধান লাগে আমি দেবো কিন্তু এখন তোমার ধান বিক্রি করে আমাকে রসিদ দিয়ে যাও এই হচ্ছে আপনার নীতি, এই হচ্ছে আপনার সামগ্রিক ভাবে কৃষি নীতি, আপনার ইনফ্লেশন, মুদ্রাস্ফীতির নীতি, পি, এল, ৪৮০-র উপর নির্ভরশীলতা সমস্তর সংগে এই সমস্ত জড়িত রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় কয়েকদিন আগে আমি স্ট্যালিনের একটা প্রবন্ধ পড়ছিলাম, সেই প্রবন্ধটা হচ্ছে অন দি গ্রেন ফ্রন্ট এবং রাইট ডিভিয়েশন ইন দি সি. পি. এস. ইউ. অর্থাৎ কম্যুনিস্ট পার্টির সোভিয়েট ইউনিয়নের যে দক্ষিণপন্থী বিচ্যুতি এসেছিল তার আলোচনা করতে গিয়ে বলেছিলেন যে যাঁরা বিদেশী পুঁজির উপর নির্ভরশীল তার কথা বলেন, যাঁরা মনে করেন বাইরে থেকে ক্যাপিটাল না আনলে দেশকে গড়ে তোলা যায় না, যাঁরা মনে করেন যে বিদেশী পুঁজির সংগে যোগবন্ধন করা দরকার, তাঁরাই দেশের অভ্যন্তরে জমি ব্যবস্থার উপরে একচেটিয়া মুনাকার দিকে তাকিয়ে থাকে, তারাই একচেটিয়ে ভূমি ব্যবস্থা এবং ধনী কৃষকের উপর নির্ভরশীল করে বাইরে থেকে গ্রেন আমদানী করে দেশকে পরনির্ভরশীল করে তোলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে জোতদার শ্রেণী, ধনী কৃষক শ্রেণী, যারা মনে করে নিজেদের উপর আক্রমণকে প্রতিহত করতে হবে তারাই বলে থাকে আমাদের দেশে বাইরে থেকে খাদ্য আমদানী করো, আমাদের দেশে খাদ্য ঘাটতি আছে। আজকে যদি সত্যাই স্টেট টেডিংকে নিজের হাতে নিতে হয়, যদি সত্যাই দেশের খাদ্য ব্যবস্থাকে নিজের হাতে নিতে হয়, যদি সত্যাই সহরাঞ্চলকে খাওয়াতে হয়, যদি সত্যাই ব্লাক মার্কেটকে বন্ধ করতে হয় তাহলে উৎপাদন থেকে আরম্ভ করতে হবে এবং সেই উৎপাদনের উপর যখন ব্যবস্থা করা যাবে তখনই দেখা যাবে আমরা কোথায় নড়ে গিয়েছি, সেখানে দেখা যাবে জোতদার শ্রেণীকে পোষণ করে রেখেছি, ধনী কৃষক শ্রেণীকে পোষণ করে রেখেছি। আজকে আমরা সমস্ত গোড়া কেটে দিয়ে আগায় জল ঢালবার চেষ্টা করছি। আপনি যদি আজকে কর্ডনিং রেখে দেন তাহলে কিছু লোককে বিক্রি করতেই হবে সামনাসামনি কারণ বাজার নেই, যেখানে ৮/১০/২০টা গদি ছিল সেখানে এই গদি নেই, সেজন্য সেখানে কিছু লোককে বিক্রি করতে হবে। তাতে এত কিছু লাফাবার নেই যে আমরা সাফল্যমণ্ডিত হয়ে এত ধান কিনে ফেলেছি, লেভি ব্যবস্থা করে আমরা এত লাভবান হয়েছি। কিন্তু এত বড় কিছু করবার দরকার ছিল না, চাষী ধান বিক্রি করতো যদি চাষীর কাছে সেই জিনিষগুলি দেবার ব্যবস্থা হতো যেগুলি কোনদিন চাষীর কাছে দেবার ব্যবস্থা করেন নি। আজকে আমার বর্ধমান জেলায় আপনি যদি এখনই বলেন যে চাষীর প্রত্যেক প্রয়োজনীয় জিনিষ যেমন খোল সরবরাহ করবো তার বিনিময়ে তুমি আমাকে ধান দেও তাহলে চাষী নিশ্চয়ই ধান দেবে। নিয়ন্ত্রিত মূল্যে খোল সরবরাহ করলে নিশ্চয়ই চাষী ধান দেবে। চাষীর প্রয়োজনীয় জিনিষ যদি চাষীর কাছে সরবরাহের ব্যবস্থা করা যায় তাহলে চাষী কেন ধান দেবেনা? আপনি সেগুলি করবেন না, সেগুলির ব্যাপারে আপনি চাষীকে আঘাত করবেন আর সেখানে আমরা প্রতিবাদ করতে গেলে বলবেন যে তোমরা জোতদারের নীতি সমর্থন করছো তা বললে হয়না। আমাদের বক্তব্য কি, না, চাষীর প্রয়োজনীয় জিনিষ, যেমন লোন একটা প্রয়োজনীয় জিনিস, সার একটা প্রয়োজনীয় জিনিষ, সেগুলি যদি সরকার থেকে ব্যবস্থা না করা যায় তাহলে খাদ্যনীতি সক্রিয়ভাবে সফল হতে পারেনা। আজকে মন্ত্রী মহাশয় খুব জোর

দিয়ে বলেছেন যে খাদ্য বণ্টনের বিষয়ে এই লেসেজ ফেয়ার চলতে পারে না। উৎপাদন ব্যবস্থায় জোতদারি ব্যবস্থা কায়েম থাকবে, উৎপাদন ব্যবস্থায় চাষী তার মরা পেট নিয়ে যেমনভাবে লড়বে সেইভাবে চলবে, আপনি মাত্র ২ কোটি টাকা কৃষি ঋণ দেবেন তাতেই চলবে আর নিয়ন্ত্রণের বেলায় বলবেন আমরা শুরু হয়ে গিয়েছি তোমাকে নিয়ন্ত্রণ করবো তাতে চাষীর অসুবিধার সৃষ্টি হবে। আমরা মূলতঃ এই কথা বলছি এই কারণে যে জোতদার শ্রেণী এই খাদ্যনীতির মধ্যে দিয়ে আপনাকে ফাঁকি দেবে এবং আমাকেও ফাঁকি দেবে। আমি কোন পার্টির কথা বলছি না, আমি একথা এজন্য বলছি যে জোতদার শ্রেণী জানে কিভাবে জমি ফাঁক করে দিতে হয়, কাজেই ধান ফাঁক করা তার কাছে কিছুই নয়। লক্ষ লক্ষ বিঘা জমি যখন সে ফাঁক করে দেয় তখন ধান যেটা নড়ান যায় তাকে ফাঁক করতে তার কতক্ষণ লাগে? কাজেই তারা সে ব্যবস্থা করবে, তাদের জন্য আসানসোল খোলা আছে, নদিয়া জেলা খোলা আছে, হুগলী হাওড়া খোলা আছে, সেকথা তারা ভাল করেই জানে। আপনার এই সরকারী ব্যবস্থার সঙ্গে আপনার বি, ডি, ও, সার্কেল অফিসার সকলের সঙ্গে হাত মিলিয়ে তারা ব্যবস্থা করবে। আপনারা হিসাব দিয়েছেন, অশোকবাবু বলছিলেন, ঐ হিসাবের, এ, এস, আই, অব পুলিশের কি মূল্য আছে? বাংলা দেশে জমির হিসাব হয়েছে? আপনার সেটেলমেন্ট রেকর্ড পুরো হয়েছে? ১৫ বছর ধরে আপনি কমপেনসেশনের হিসাব দিতে পারেন নি আর সমগ্র জমির কত হিসাব করে বলে দিচ্ছেন এটা কি বাতুলতা নয়? আমি শ্যামদাসবাবুকে জিজ্ঞাসা করছি তাঁর জে, এল, আর, ও, কোন গ্রামে গিয়ে বলতে পারবে কোন মালিকের কত জমি আছে? বলবার ক্ষমতা নেই। আপনারা যে স্কেল বের করেছেন সেই স্কেল ঐ এ, এস আই, অব পুলিশের হাতে ছেড়ে দেওয়া হয়েছে। সে যাকে বলবে যে তোমার হাতে এই ধান আছে, তুমি দাও না দিলে তোমার গরু লাঙ্গল নিয়ে চললাম, যে কথা লেখা আছে গাড়ী বাড়ী পর্য্যন্ত থানায় নিয়ে গিয়ে হাজির করবে কিন্তু কার্যতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ কংগ্রেসী সদস্যরা যতই বলুন তা নিয়ে যাবেনা, ১০ কি ১৫ টাকা পেলেই ঐ এ, এস, আই, সরে যাবে। এই করে কি লেভি অর্ডার হচ্ছে? আজকে লেভি অর্ডার হচ্ছে ফুড ইন্সপেক্টরদের স্বর্গরাজ্য, ফুড অফিসারদের স্বর্গরাজ্য। আজকে লেভি অর্ডার করে খাদ্য সমস্যার সমাধান হবে না, তবে গত বছরের চেয়ে এবছরে জানুয়ারী ফেব্রুয়ারী মাসে সরকার খাদ্য কিনে রাখবার যে ব্যবস্থা করেছেন তার দ্বারা দেশের কিছুটা সুরাহা হবে একথা মনে করা যেতে পারে। কিছুটা অনটন যেটা চলছে সেটা দূরীভূত হতে পারে বলে আমার মনে হয়, কারণ, গত বছর জানুয়ারী মাসে তাঁরা কিনেননি। কিন্তু সামগ্রিকভাবে খাদ্যের উপর মিলমালিক, ট্রেডার, ব্ল্যাকমার্কেটিয়ারদের যে রাজত্ব সেটা অধিষ্ঠিত থাকবে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sarker: মাননীয় চেয়ারম্যান মহাশয়, খাদ্যনীতি সম্বন্ধে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী এখানে যে বিবৃতি পেশ করেছেন বিগত বৎসরের খাদ্যনীতির সম্প্রসারণ হিসাবে আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমরা দেখেছি বিগত বৎসরের যখন খাদ্যনীতি আমরা গ্রহণ করি কলকাতায় বিধিবদ্ধ রেসনিং যখন চালু হয় তখন একদল লোক ভেবেছিল এই বিধিবদ্ধ রেসনিং হয়তো আর আমরা চালাতে পারবো না। কিন্তু সেই বিধিবদ্ধ রেসনিং যখন চললো যখন কলকাতার বুকের উপর ঐ ব্লাকমার্কেটিয়ার প্রফিটিয়ার এবং মজুতদারদের সমাধি রচনার ব্যবস্থা করা হোল তখন কলকাতার বুক থেকে কিছু কিছু লোক আওয়াজ তোলবার চেষ্টা করেছিল এই রেসনিংয়ের বিরুদ্ধে। এবং এর বিরুদ্ধে তারা প্রতিবাদ করবার চেষ্টা করেছিল। কিন্তু কলকাতার সাধারণ মানুষ এই বিধিবদ্ধ রেসনিংয়ে সমর্থন জানিয়েছে অভিনন্দন জানিয়েছে। এটা প্রমাণিত হয়েছে যে এই রেসনিং চালু হবার ফলে কলকাতার সাধারণ মানুষের কষ্ট হয় নি এবং যারা পক্ষান্তরে ব্ল্যাকমার্কেটিং, হোর্ডিং, প্রফিটিয়ারিং করতো তাদের কলকাতা থেকে সেদিন বিদায় নিতে হয়েছিল। তাই গ্রামাঞ্চলে যখন সংশোধিত রেসনিং আমরা প্রবর্তন করলাম সেই সংশোধিত রেসনিং প্রবর্তিত হবার আগে জিনিসপত্রের যে মূল্য ছিল তাতে সাধারণ

মানুষকে খুব কষ্ট পেতে হয়েছিল একথা স্বীকার করি। কিন্তু এই সংশোধিত এবং বিধিবদ্ধ রেসনিংকে সামনে রেখে এবার সরকার যে নীতি নির্ধারণ করেছেন লেভির নীতি তাতে এটা পরিষ্কার হয়ে গেছে যে মানুষ অনেক উৎপাদন করেছে যার উদ্বৃত্ত ফসল আছে সে উদ্বৃত্ত ফসল সরকারকে দিয়ে দিতে হবে। আমি মাঠে চাষ করি—সাধারণ মানুষের সাথে আমার যোগাযোগ আছে, গ্রাম থেকে গ্রামান্তরে আমি ঘুরে ঘুরে দেখেছি আমি সভা করে দেখেছি আমি একটা জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান আমি জানি সেখানে ১৬টি ব্লক আছে সেই ১৬টি ব্লকের ভিতর ১৫টি ব্লকের দায়িত্ব নিয়ে আমি কাজ করছি—বিভিন্ন জায়গায় আমাদের সার্ভিস সোসাইটি মার্কেটিং সোসাইটি কাজ করছে। আমি সেন্ট্রাল ব্যাঙ্কের সভাপতি হিসাবে বিভিন্ন অঞ্চলে গেছি এবং সভা করেছি সাধারণ মানুষের সাথে আলোচনা করেছি যাদের জমি আছে যারা ফসল উৎপাদন করেছে তারা পরিষ্কার স্বীকার করেছে যে এই লেভি ইমপোজিসনের ফলে যারা আমন ধান উৎপাদন করেছে তারা সবাই তাদের উদ্বৃত্ত দিতে রাজী আছে। আজকে যারা এই লেভির নাম দিয়ে বিভ্রান্তি সৃষ্টি করেছেন তাদের আমি বলি যে বাংলা দেশের চিত্র তারা সবাই জানেন। বাংলা দেশের ৩ কোটি ৯২ লক্ষ লোক বাস করছে। ১ কোটি ৩০ লক্ষ একর জমি চাষের আবাদে এসেছে। সেই জমির ভিতর কত জমি ধানের জমি আছে কত পাটের জমি আছে কত সব্জীর জমি আছে তা বিচার করে দেখতে হবে। ঘাটতি বাংলার কথা চিন্তা করে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী যে নীতি ঘোষণা করেছেন আজকে আমরা দেখছি সেই নীতিকে কেউ বিশ্লেষণ করেন নি। তারা কোথায়ও দোষারোপ করেছেন পুলিশের কোথায়ও মিল মালিকের সম্বন্ধে দোষারোপ করেছেন। আমার জেলাতে একটা মাত্র মিল আছে সেখানে মিল মালিকরা মিলের গেটে ধান পারচেজ করছে—আমরা বিভিন্ন গ্রামাঞ্চলে গিয়ে ধান খরিদ করছি—আমাদের সাথে কারও সংঘাত হয় নি। হয়তো যেসব অঞ্চলে প্রচুর মিল আছে সেখানে কিছু হতে পারে—কিন্তু আমাদের ওখানে কিছু হয় নি। তারপরে এখানে স্টেট ট্রেডিং সম্বন্ধে কথা হয়েছে। স্টেট ট্রেডিংয়ের কথা বিশ্লেষণ করতে গিয়ে আইনের কথা বলা হয়েছে। অর্থনীতির ছাত্র হিসাবে অধিকারী মহাশয় যে বিশ্লেষণ করে গেলেন আমি জানি স্টেট ট্রেডিং যে রূপে নেওয়া হয়েছে—বর্তমান যা পরিবেশ আছে তাতে এর চেয়ে ভাল কিছু করা সম্ভব কিনা, সেটা আমি শুভ বুদ্ধি নিয়ে চিন্তা করতে অনুরোধ করি। যদি শুভ বুদ্ধি নিয়ে চিন্তা করে দেখেন তাহলে দেখবেন মহাসংকট যখন আমাদের সামনে দেখা দিয়েছে সেই মুহূর্তে আমরা যদি সামগ্রিক দৃষ্টি ভঙ্গি নিয়ে একে বিচার করতে না পারি যদি ভাবতে না পারি, আজকে যে খাদ্যাভাব আছে সেই খাদ্যাভাবটাকে যদি আমরা সামগ্রিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার না করি ভারতবর্ষের চিত্রের দিকে যদি আমরা একবার চেয়ে না দেখি তাহলে কিছুই হবে না। আজকে ভারতবর্ষের ১৬টি প্রদেশের ভিতর ১১টা প্রদেশ ডেফিসিট রান করছে।

[5-45—5-55 p. m.]

যখন সাধারণ মানুষ দুর্ভিক্ষের মুখোমুখি এসেছে তখন বিচার করতে হবে যে আমরা দুর্ভিক্ষ চাই, না, আমরা সমানভাবে ভাগ করে খেতে চাই। আজকে লেভি সম্বন্ধে ওঁরা বলছেন—কিন্তু আমাদের চিন্তা করে দেখতে হবে যে ওঁরা এ সম্বন্ধে কোন বিকল্প প্রস্তাব রেখেছেন কিনা। আজকে অত্যন্ত সুচিন্তিত এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে এই লেভির বন্দোবস্ত করা হয়েছে। আমি জানি আমার জমিতে আমি উৎপাদন করি, আমি আমার সমস্ত ধান লেভিতে দিয়ে দিয়েছি—একথা আমি জোর গলায় বলতে পারি যে তাতে আমার কোন কষ্ট হয় নি। আমি জানি যে আমি যে পর্যাপ্তের মধ্যে ছিলাম সে পর্যাপ্ত আমার থাকবে না। কাজেই ওঁরা যাদের প্রতি দরদ দেখাচ্ছেন, যাদের নিয়ে চিন্তা করছেন আমাদেরও তাদের প্রতি দরদ কম নেই। সাধারণ মানুষের ভোটে আমরা এসেছি—কাজেই তাদের দুঃখ কষ্ট নিশ্চয় আমরা দেখবো না। তাদের চেয়ে আমাদের যে বেদনাবোধ কম আছে একথা ঠিক নয়। আমরা পঞ্চাশের মন্বন্তরের সময় দেখেছিলাম যখন ৩৫ লক্ষ লোক বাংলা দেশের উপর না খেয়ে মারা গেছে তখন এই সমস্ত

ছরা যাঁরা আজ বড় গলায় কথা বলছেন তাঁরা সেই মৃতদেহের উপর নৃত্য করে ইংরাজের জয়গান করেছিলেন, আজ তাঁরা আন্দোলনের কথা রক্তাক্তের কথা বলছেন। আমরা পৃথিবীতে কম দিন আসি নি। বহুদিন ধরে স্বাধীনতা সংগ্রামে,শিশু থেকে আমরা জানি রক্তাক্ত আন্দোলন কাকে বলে। সে আন্দোলন আমরা দেখেছি। এতে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা হতে পারে কিন্তু এতে বিপ্লব করা যায় না এবং বিপ্লবের নেতৃত্ব দেবার জন্য যে পরিবেশ সৃষ্টি করা দরকার তা করা যায় না। শুধু একটা কথা এখানে বলতে চাই লেভির যে নীতি আজকে আমরা সাধারণ চাষীর সামনে তুলে ধরেছি সেটা সাধারণ চাষীর মঙ্গলের জন্যই করা হয়েছে এবং ভাগচাষীকেও তার পুরো সুযোগ সুবিধা দেবার জন্য করা হয়েছে। আমার বন্ধু হাবিবুল্লা সাহেবকে একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই যে এই চাষের সম্বন্ধে তিনি যা ভাবছেন—তিনি যে ভাল সার ও বীজ দেবার কথা বলেছেন সে পথে আমরা অনেক আগেই অগ্রসর হয়েছি। আমরা স্বীকার করি যে চাষীকে আমরা পুরো সুযোগ দিতে পারি নি। আজ যদি চাষীকে ভাল সারের ব্যবস্থা সেচের ব্যবস্থা ভাল বীজের ব্যবস্থা করে দিতে পারি তাহলে উৎপাদন যে বাড়বে এটা সম্বন্ধে বক্তৃতা করার কিছু নেই। আমি মাঠে কাজ করি আমি জানি ভাল সেচের ব্যবস্থা ভাল সারের ব্যবস্থা যদি থাকে তাহলে উৎপাদন নিশ্চয় বাড়বে। বিগত খাদ্য বিতর্কের সময় আমার বন্ধু অরবিন্দবাবু যা বলেছিলেন আমি তাঁর সংগে এক মত যে চাষীকে যদি পূর্ণ সুযোগ দেওয়া যায় তাহলে চাষীর ছেলেও ফিয়াট গাড়ী কিনতে পারে এ সুযোগ তার মাঠেই আছে। কাজেই চাষীর সম্বন্ধে চিন্তা করবার আগে পরিবেশ সম্বন্ধে চিন্তা করতে হবে এবং আমি আপনাদের সংযোগিতা কামনা করি—আসুন, জাতির জীবনে সমৃদ্ধি গড়ে তোলবার জন্য উৎপাদন বাড়াবার জন্য আমরা এক সাথে কাজ করি। তারপরে আমার কয়েকজন বন্ধু সমবায়কে নিন্দা করেছেন। আমি আজকে তাঁদের বলছি যে সমবায় যদি সত্যই দুর্নীতিপরায়ণ হয়ে থাকে, আপনারা তো সৎলোক আছেন—আপনারা নূতন করে সমবায় করে জাতির জীবনে নূতন আদর্শ স্থাপন করুন না কেন।

সৃষ্টি করুন, সে সৃষ্টির মাধ্যমে প্রমাণ করতে পারবেন এবং অনাচার মুক্ত করতে পারবেন। শুধু সমবায়ের নিন্দা করলে হবে না। সমবায় করে মানুষের সামনে হাজির করতে হবে। যাতে দুর্নীতি মুক্ত অনাচার মুক্ত সমাজ হয়। শুধু আক্রমণ করলে হবে না। আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই। লেভী প্রথা নিয়ে যখন আলোচনা করছি তাতে মূলতঃ আমি আমার জেলার সাধারণ মানুষের কথা বলছি যেখানে ১৮ লক্ষ লোক বাস করে ও সাড়ে ৭ লক্ষ একরে চাষ হয়। আমরা পাট বেশী উৎপাদন করি, ধান আমরা উৎপাদন করি, সেখানকার জমিতে কলাই, অড়হর, ছোলা হয়। আমাদের জায়গা শুধু ধানের উপর নির্ভর করেনা। সবজি, ছোলা, পাট, কলাইয়ের উপর নির্ভর করে। সুতরাং চাষীকে যদি সত্যিই সমৃদ্ধশালী করতে চান তাহলে ওর উপর কিছু করে আঘাত করার চেষ্টা করবেন না। কত লোকের জমি আছে তা সকলেই জানে। সাধারণ মানুষের কাছ থেকে আমরা সবাই এসেছি। আপনারা চিৎকার করছেন যে মানুষ লেভির নিন্দা করছে। তাঁকে জিজ্ঞাসা করবেন আপনার জমি আছে তিনি বলবেন না জমি নেই। আজকে ট্রেণে আসতে আসতে কয়েকজন ভদ্রলোক লেভিকে আক্রমণ করলেন। আমি তখন জিজ্ঞাসা করলাম আপনাদের জমি আছে, তাঁরা বললেন নেই এবং তখন বললাম যে আপনাদের অসুবিধা নেই .আপনারা রেশন পাবেন এবং আপনাদের খাওয়াবার দায়িত্ব গভর্নমেন্টের। তাই মুখ্যমন্ত্রী যে নীতি গ্রহণ করেছেন সেই নীতি শুধু বৈজ্ঞানিক নয়, এটা বলিষ্ঠ নীতি। সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি—

নব জীবনের সংকট পথে হে তুমি অগ্রগামী,
তোমার যাত্রা সীমা মানিবেনা কোথাও যাবেনা থামি,
যত আগে যাবে, দ্বিধা দন্দ্ব ঘুচে যাবে পাছে পাছে
পায়ে পায়ে তব ধ্বনিয়া উঠিবে মহাবাণী
আছে আছে।

[5-55—6-7 p. m.]

Shri Sunil Das Gupta : মিঃ চেয়্যারমান স্যার,মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি আমাদের সামনে রেখেছেন সেটাকে আমরা কৃষকমারা খাদ্যনীতি বলে সমর্থন করতে পারছি না। তিনি বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই বলেছেন, চীফ মিনিষ্টার বলেছেন, এ বছরে আমাদের উৎপাদন ৪৫ লক্ষ টন এবং আউসের উৎপাদন ৪ লক্ষ টন মোট ৪৯ লক্ষ টন চাল পশ্চিম বাংলায় উৎপাদন হয়। তাহলে গত বছরের সারপ্লাস প্যাডি কোথায় গেল যেটা কৃষক হোর্ড করে রেখেছিল সেটা নিশ্চয় এ বছর আসবে। কিন্তু তার হিসাব তিনি দেননি। কংগ্রেস দল এবং মুখ্যমন্ত্রী বড় বড় জোতদারদের সম্বন্ধে বহু বড় বড় কথা বলেছেন অর্থাৎ তাঁরা আজকে জোতদারদের শত্রু এবং আমরা জোতদারের বন্ধু। কিন্তু আমি একটা প্রমাণ দিয়ে দেখিয়ে দেব কিভাবে তাঁরা জোতদারের বন্ধু হয়ে আছেন। তাঁরা বলেছেন পুরানো ধান যদি কেউ জমা দেয় তাহলে তাকে দিতে হবে ১৪'৫০।১৫'৫০।১৬'৫০। কেন তাদের ৮ আনা করে পয়সা বেশী দেবেন? তারা যখন হোর্ড করে এ বছর ৩ টাকা করে চাল বিক্রী করলো তখন কেন তাদের ৮ আনা বেশী দেওয়া হচ্ছে সেটা বুঝতে পারছি না। এবং এটা বুঝতে পারা যায় জোতদারদের প্রতি আপনাদের ইনডাইরেক্টলি দরদ আছে। রাইস মিলগুলি গতবার ৪ লক্ষ টন খাদ্যশস্য দেবে বলেছিল, কিন্তু তারা দিয়েছে পৌনে ৩ লক্ষ টন। গত বছর ৫০ পার্সেণ্ট লেভি করে পাওয়া গেছে। আমরা জানি রাইস মিল ফুল স্কেলে চলেছিল, সেই রাইস মিলগুলি থেকে ৩ টাকা করে কে. জি. চাল আমাদের খাইয়েছিল। আজকে সেই রাইস মিলগুলির উপর তিনি বলেছেন ১৫ লক্ষ টন খাদ্যশস্য তিনি প্রোকিওর করবেন এবং রাইস মিলকে দেবেন ৭ থেকে ৮ লক্ষ টন। তাহলে যে রাইস মিলগুলি দুর্নীতি করে আমাদের ৩ টাকা কে. জি. চাল খাইয়েছিল আজকে সেই খাদ্যনীতি সাকসেসফুল করার জন্য ৫০ পার্সেণ্ট দায়িত্ব তাদের উপর দিচ্ছেন। আমরা জানি রাইস মিলগুলিকে ন্যাশনালাইজড না করে তাদের উপর যদি দায়িত্ব দেওয়া হয় তাহলে এ বছরের খাদ্যনীতি পুরাপুরিভাবে ব্যর্থ হবে। মুখ্যমন্ত্রী এই স্টেটমেণ্টের মধ্যে একটা মারাত্মক কথা বলছেন—অল স্টকস procured in deficit districts and pockets will remain in those districts and pockets for local distribution তার অর্থ কি কেন্দ্র থেকে খাদ্যশস্য পাওয়া যাবে না। এই কথা চীফ মিনিস্টার আমাদের প্রথমদিনের বক্তৃতায় বলেননি যে কেন্দ্রীয় সরকার আমাদের কত চাল দেবেন। তাই আমার মনে হয় একথা বলার উদ্দেশ্য হচ্ছে সারপ্লাস ডিসট্রিক্টে যে প্যাডি লেভি করে তাঁরা পাবেন সেই চাল কোলকাতার লোককে খাওয়াবেন এবং ডিফিসিট ডিসট্রিক্ট থেকে লোকালি প্রোকিওর করে সেই চাল মডিফায়েড রেশনিং এলাকায় চালান হবে। ১৯৫১ সালে কুচবিহারে খাদ্যের দাবীতে গুলি চলেছিল এবং আমাদের মুখ্যমন্ত্রী ঐ প্রফুল্লবাবু তিনি তখন ছিলেন খাদ্যমন্ত্রী। সেই সময় কুচবিহার জেলা থেকে চাল প্রোকিওর করে মডিফাইড রেশনিং এলাকায় পাঠান হয়েছিল। আমি বলছি ডেফিসিট সম্বন্ধে যদি এই নীতি পরিষ্কার করা হয় তাহলে প্রতিটা জায়গায় গুলি চলবে যদি সরকার এই নীতি পরিবর্তন না করেন। কর্ডন সম্পর্কে তিনি বলেছেন—থানা কর্ডনিং, ব্লক কর্ডনিং, জেলা কর্ডনিং। এই কর্ডনের ফল কি হবে? আমাদের কুচবিহার জেলা পাট ও তামাক উৎপাদন করে এবং তা থেকে বহু টাকা কেন্দ্রীয় সরকার পান—প্রায় ৩ কোটি টাকা কিন্তু আমরা যদি ধান উৎপাদন করি তাহালে কি হবে? আমাদের বাহিরে থেকে চাল দেন না। এই কারণে প্রাইস এনকোয়ারী কমিটি, এগ্রিকালচারাল প্রাইস কমিশন-এ একটা নোট অফ ডিসেণ্ট দিয়েছিলেন ডাঃ রাজ কৃষণ। তিনি একটা মারাত্মক কথা বলেছেন—While the short run effect of movement restrictions has been relative cheapness in surplus States, the deleterious long-term effect is that every State is resolving to be self-sufficient

in all essential foodgrains and is trying to steer its crop-pattern accordingly. এটা বলেছেন এগ্রিকালচারাল প্রাইস কমিশন। এই যদি অবস্থা হয় তাহলে সারপ্লাস ডিস্ট্রিক্ট হিসাবে বীরভূম, বর্ধমান, মেদিনীপুর জেলায় ১০ আনা কে. জি. চাল খায় এবং আমরা পাট তামাক করি বলে ৩ টাকা কে. জি. চাল খেতে হবে। আমরা যদি পাট তামাক না করি তাহলে ওয়েষ্ট বেঙ্গল ক্রপ প্যাটার্ন ভেঙে পড়বে এবং একটা নূতন বাংলাদেশ সৃষ্টি হবে এবং তখন আপনাদের খাদ্যনীতি কোথায় থাকবে? চীফ মিনিষ্টার আমাদের বলেছেন সিরিয়াল কম খাও। আমরা সিরিয়াল কম খেতে রাজী আছি। কিন্তু অন্যান্য দেশ সিরিয়াল কম খেয়ে অন্যান্য জিনিষ কতটুকুন খায় সেটা তিনি বলেন নি। অনেকগুলি দেশ আছে যেমন আমেরিকা সিরিয়াল কম খায় সারা বছরে ৬৫ কে. জি., ষ্টার্চ খায় ৪৮ কে. জি., ভেজিটেবল ১০৩ কে. জি., মাংস খায় ১০০ কে. জি., দুধ খায় ৮ কে. জি.। অবশ্য আমরা আমাদের অর্থনৈতিক দুরবস্থার জন্য সিরিয়াল বেশী খাই। আমরা সিরিয়াল খাই ১৩৪ কে. জি. ষ্টার্চ ১১ কে. জি., সুগার ১৭ কে. জি., পালসেস ২১ কে. জি, ভেজিটেবল ২৫ কে. জি., মিল্ক ১ কে. জি., মাংস ৩ কে. জি.। সিরিয়াল আমরা কম খেতে রাজী আছি অন্যান্য জিনিষ মাংস, দুধ, তরকারী, ডাল, চিনি যদি আমাদের সস্তা দামে ম্যাভেলেবল করে দেন এবং আমরা নিশ্চয় সিরিয়াল খাব না। সুতরাং আজকে এসব কথায় লোক ভুলবে না। গত বছরে আমরা একটা হিসাব দেখেছি ৩টা পরিকল্পনার পর আমাদের কৃষি দপ্তর বাংলাদেশকে যে অবস্থায় নিয়ে এসেছে তাতে কেন্দ্রীয় সরকার থেকে আমরা ১৯৬০-৬১ সাল থেকে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত ২৯ কোটি ৪৪ লক্ষ ৩১ হাজার ৩২৮ টাকার গম কিনেছি।

তিনটী পরিকল্পনার পরে আজকে পশ্চিমবঙ্গের কৃষি দপ্তরের কৃতিত্বের দরুণ আমাদের ৩০ কোটি টাকার এই last four years এ কেন্দ্রীয় সরকার থেকে খাদ্য শস্য কিনতে হয়েছে। কৃষির উন্নতি আমরা করবো না, ভূমি বন্টন আমরা করবো না, কৃষকদের হাতে জমি আমরা দেবনা, অথচ খাও কম, ত্যাগ কর বেশী। ওতে ভবি ভুলবার না। মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতির একটা জায়গায় বলেছেন—tighten your belt. মুখ্যমন্ত্রী আর একটা জায়গায় বলেছেন with the supplies we receive from the Government tighten your belt where necessary rationing.

কেন আমরা belt tight করবো? তিন তিনটি পরিকল্পনায় হাজার হাজার কোটি কোটি টাকা আমরা tax দিয়েছে.—গত ১৮ বছর ধরে আপনারা রাজত্ব করছেন। দেশের সামনে আজ একদিকে পাকিস্তান, অন্যদিকে চীন আক্রমণ করছে, অথচ আজ আপনারা belt tight করতে বলছেন। না খেয়ে শত্রুকে ঠেকান যাবে না। যদি শত্রুকে ঠেকাতে হয়, শত্রুর সঙ্গে লড়াই করতে হয়, তাহলে প্রত্যেককে খাবার দিতে হবে এবং পেটপুরে খেতে দেবার ব্যবস্থা করতে হবে। সেই কারণে আমি দাবী করছি—modified rationing, statutory rationing কিছুই আমরা চাই না। সমস্ত বাংলাদেশে আজকে state trading পুরাপুরি চলবে, সেই state trading অবিলম্বে চালু করতে হবে। সমস্ত mill আজকে nationalise করতে হবে, সারা বাংলাদেশে statutory রেশনিং করতে হবে।

আমার নিজের জেলার সম্পর্কে দু-একটি কথা এই প্রসঙ্গে রাখতে চাই। আমাদের জেলাতে ঐ আনন্দবাজার পত্রিকা এমন এক কাণ্ড করেছে যার জন্য আমার মনে হয় ঐ আনন্দবাজার পত্রিকার মালিককে D. I. Rule-এ গ্রেপ্তার করা উচিত। তাঁরা সংবাদ দিয়ে দিলেন ৭ একর পর্যন্ত লেভি মাপ। All India Radio থেকেও ঘোষণা করা হলো ৭ একরে লেভি মাপ। সেই সংবাদ গ্রাম থেকে গ্রামান্তরে ছড়িয়ে পড়েছে যে ৭ একর পর্যান্ত লেভি মাপ সংবাদপত্রে এ খবর ছাপা হয়ে গেছে। পশ্চিমবঙ্গ সরকার সেটা প্রেসনোট দিয়ে সেই সংবাদের প্রতিবাদ করলেন কিন্তু আনন্দবাজার পত্রিকায় আর সেটা ছাপা হল না। যেসমস্ত লোকে আনন্দবাজার পত্রিকা পড়েন, তাঁরা কিছুই জানেন না যে ৭ একর পর্যান্ত জমির লেভি মাপ হয় নাই, সে সংবাদ ভুল।

এখন যদি কেউ ৭ একর পর্য্যন্ত জমির ধান বিক্রী করে দেয়, তাহলে তারজন্য কে দায়ী হবে? এর প্রতিবিধানের ব্যবস্থা করা উচিত। যেসমস্ত পত্রিকায় এইরকম ভুল সংবাদ প্রচারিত হয়েছে—তাদের সম্বন্ধে একটা বিহিত ব্যবস্থা করা উচিত।

একটু আগে নরেনবাবু co-operative সম্বন্ধে বড় বড় কথা বলেছেন। তিনি নাকি তিন জন বড় মন্ত্রীর সঙ্গে বসেছিলেন, তারমধ্যে একজন বড় মন্ত্রী বললেন যে বাংলা দেশে co-operative-এর মধ্যে সমস্ত চোর, সব চোর এই co-operative এর মধ্যে বসে আছে। আমি ছিলাম না—তবে কংগ্রেস পক্ষের ও বিরোধিপক্ষের বহু সদস্য উপস্থিত ছিলেন। আমাদের কুচবিহারে সাহেবহাটে মামু'ই (?) co-operative ধান কিনছে। যে কৃষক ৪০ কেজি ধান নিয়ে যাচ্ছে, সেখানে ওজন করলে দেখা যায় ৩৭ কেজির বেশী হচ্ছে না। কি ব্যাপার! আর একজনের ৪০ কেজি ধান নিয়ে গিয়ে ওজন করে দেখা যায় ৩৭ কেজি। সে ছাড়ার পাত্র নয়। সে বাটখারা দেখলো। তন্নতন্ন করে খুঁজে দেখা গেল বাটখারার মধ্যে ভারা সীল করে দেওয়া আছে—সহজে বুঝবার উপায় নাই। এইভাবে তারা ধান কিনছে। অথচ তাদের সবাইকে এরজন্য গ্রেপ্তার করা হলোনা। এই co-operative এর মাতব্বরদের বা সেক্রেটারীকে গ্রেপ্তার করা উচিত।

আর একজন বড় কংগ্রেসী রহমান মিয়া যার বিরুদ্ধে রেশন কার্ড ঘটিত একটি মামলা আদালতে ঝুলছে আজ পর্য্যন্ত তার কিছু হল না।

তারপর বালেশ্বরে আর একটি co-operative ধান কিনতে গিয়ে বললো মুখ্যমন্ত্রী যে দর ঘোষণা করেছেন, তাহচ্ছে ৪০ কেজি ১৪ টাকা। পাবলিক বললে তা নয়, একমণ ১৪ টাকা। এই নিয়ে ভয়ানক আন্দোলন। ঐভাবে কিছু ধান তাঁরা কিনে নিয়েছেন।

তারপর যখন খবরের কাগজ নিয়ে আসা হল তখন দেখা গেল ৩৭ কেজি মানে একমণ তার দাম ১৪ টাকা। ঐ তিন কেজি একটা হাটে তারা পুরাপুরি খেয়ে ফেলল। Public এ হৈ চৈ করছে arrest হয়ে গেছে। আর একটা কেন্দ্রে এই co-operative টাকা নিয়ে না যাবার ফলে গণ্ডগোল হয় ২০ জনকে সেখানে arrest করা হয়েছে। এই co-operative এর উপর ভার দিয়ে তারা যদি মনে করেন যে খাদ্য তারা সংগ্রহ করতে পারবে তাহলে আমার মনে হয় সেটা স্বপ্ন। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি সবশেষে বলব যে বিভিন্ন জেলাতে তার বিঘা প্রতি উৎপাদনের হার বিভিন্ন রকম। সেটা ঠিক না করে তারা একটা গড় হার ঠিক করে দিয়েছেন। বীরভূমে যেখানে ১১ মণ হয়, ওয়েস্ট দিনাজপুরে সেখানে ৯ মণ হয়। আর কুচবিহার জেলায় তিন মণ হয়। আজকে আমরা বলে দিচ্ছি ঐ কুচবিহার জেলাতে যেভাবে কৃষক আন্দোলন দানা বেঁধে উঠেছে সরকার যদি ধানের মূল্যবৃদ্ধি না করেন কোন রকম লেভী করা সম্ভব নয়। আপনারা বলতে পারেন এতে জোতদারদের যা হয় তা হবে কিন্তু আমরা বলছি এটা জোতদারদের আন্দোলন নয় এটা কৃষকদের নিজেদের আন্দোলন তাদের বাঁচবার আন্দোলন। সরকার ধানের দর বৃদ্ধি করে দিন তাদের পুষিয়ে দিন নিশ্চয়ই তারা পাইকারকে ধান বিক্রি না করে সরকারকে ধান বিক্রি করবে আমি সেই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman : As there will be non-cereal lunch of the honourable members to morrow at the 'Meet the Challenge' Exhibition in the M. C. Pavilion, the House stands adjourned till 1-30 p.m. tomorrow. There will be no questions.

Adjournment

The House was accordingly adjourned at 6-7 p. m. till 1-30 p.m. on Tuesday, the 21st December, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 21st December, 1965; at 1-30 p. m.

Present

Mr. Chairman (Shri NARENDRA NATH SEN) in the Chair, 9 Ministers, 2 Ministers of State and 190 Members.

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

[1-30—1-40 p. m.]

Convicted prisoners

796. (Admitted question No. 1366.) **Shri Mrigendra Bhattacharyay :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলায় ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের ১লা জানুয়ারী এবং ১লা জুলাই তারিখে—

(ক) তিন বৎসর পর্যন্ত দণ্ডপ্রাপ্ত বন্দীদের সংখ্যা ছিল কত জন ;

(খ) পাঁচ বৎসর পর্যন্ত দণ্ডপ্রাপ্ত বন্দীদের সংখ্যা ছিল কত জন ;

(গ) সাত বৎসর পর্যন্ত দণ্ডপ্রাপ্ত বন্দীদের সংখ্যা ছিল কত জন ;

(ঘ) দশ বৎসর পর্যন্ত দণ্ডপ্রাপ্ত বন্দীদের সংখ্যা ছিল কত জন ; এবং

(ঙ) যাবৎ জীবন কারাদণ্ডপ্রাপ্ত বন্দীদের সংখ্যা ছিল কত জন ?

The Minister for Home (Police) :

	১লা জানুয়ারী :			১লা জুলাই :		
	১৯৬৩	১৯৬৪	১৯৬৫	১৯৬৩	১৯৬৪	১৯৬৫
(ক)	৪৩৬৩	৩৯৩২	৪০৯৭	৪৫৮৭	৪২২৩	৪১২২
(খ)	৯২১ ;	৯৫০ ;	৯৭৮	৯০৫ ;	৯৬৮ ;	১০৪২
(গ)	৫৪০ ;	৫৪৯ ;	৫৯১	৫৭১ :	৫৭৩ ;	৬০০
(ঘ)	২৭৮ ;	৩৩২ ;	৩৫২	৩০১ ;	৩৬৯ ;	৩৪৮
(ঙ)	৬৯৪ ;	৭৪১ ;	৯৮৫	৭২৬ ;	৭৭৫ ;	৮৮০

Distribution of Seedlings from Moyna and Pingla Blocks, Midnapore

797. (Admitted question No. 1413.) **Shri Ananga Mohan Das :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মেদিনীপুর জেলায় ময়না ও পিংলা থানাতে কি কি প্রকারের কতগুলি ফলের গাছ ও অন্যান্য গাছের চারা ব্লক অফিস হইতে বণ্টন করা হইয়াছে ;

(খ) উক্ত চারাগুলির গ্রহীতাগণ ঐ সকল চারা যথাসময়ে বসাইয়া চারাগুলিকে আজিও যত্নে প্রতিপালন করিতেছেন কি না সে বিষয়ে লক্ষ্য রাখিবার কোন সরকারী ব্যবস্থা আছে কি না; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
(১) বণ্টিত বিভিন্ন প্রকারের কতগুলি চারা বর্তমানে জীবিত আছে; এবং
(২) গত ১৯৬৪ সালে যতগুলি চারা বণ্টিত হইয়াছিল তাহার মধ্যে কতগুলি জীবিত আছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবৃতি দেওয়া হইল।

(খ) হ্যাঁ, স্থানীয় গ্রামসেবক তাঁহার স্বাভাবিক ভ্রমণসূচীতে এই বিষয়ে তদারক করিয়া থাকেন।

(গ) (১) বণ্টিত বিভিন্ন প্রকারের চারার অধিকাংশ (অর্ধেকের বেশী) জীবিত আছে।

(২)

ব্লক	বণ্টিত	জীবিত
ময়না	১৮,৪৩০টি	১০,৪৫২টি
পিংলা	৮,৮৬৮টি	৩,৭৫২টি

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 797

ব্লক অফিস হইতে বণ্টিত বিভিন্ন প্রকার ফলের গাছ এবং অন্যান্য গাছের চারার বিবরণ

ময়না ব্লক

১।	নারিকেল	১,০৮২
২।	সপেতা	৯৮০
৩।	জামরুল	১০২
৪।	পাতিলেবু	২৭০
৫।	লিচু	৯৩
৬।	কামরাঙ্গা	৭৮
৭।	আমলকী	১০
৮।	তেজপাতা	২২
৯।	কমলালেবু	২
১০।	পিয়ারা	৮১
১১।	গোলাপ কিশন	৩১
১২।	নাসপাতি	১৮
১৩।	আঙ্গুর	২২
১৪।	আনারস	৮
১৫।	বাতাবী	৩২
১৬।	আম	৫৩৬
১৭।	সুপারী	২,৮২৫
১৮।	কালোজাম	৯
১৯।	গোড়ালেবু	১

২০।	ডালিম	২
২১।	অর্জুন	৪৯৫
২২।	বট	৪৪০
২৩।	কৃষ্ণচূড়া	২৩৫
২৪।	রাধাচূড়া	১১৫
২৫।	দেবদারু	২৩০
২৬।	ঝাউ	৩,০০০
২৭।	সেগুণ	১০
২৮।	আকাশমণি	২৫০
২৯।	বাবলা	১০,৯০০
	মোট—	২১,৮৭৯টি

পিংলা ব্লক

১।	ইউক্যালিপটাস্	২০০
২।	কৃষ্ণচূড়া	২০
৩।	রাধাচূড়া	৩০
৪।	ঝাউ	২০০
৫।	দেবদারু	২০
৬।	শিরিষ	১০০
৭।	প্লাইরিসিডিয়া	১০০
৮।	অর্জুন	১০০
৯।	আকাশমণি	৪০০
১০।	সবজী চারা	২,০০,০০০
	মোট—	২,০১,১৭০টি

Institution of suits in Chandergor subdivision under D.I.R.

798. (Admitted question No. 1520.) **Shri Bhowani Mukhopadhyay :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ এবং ১৯৬৩ সালে চন্দননগর মহকুমায় ভারত রক্ষা আইনের ৪১ ধারায় কত জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল ;

(খ) ঐ সম্পর্কে কতজনের বিরুদ্ধে মামলা বিচারাধীন আছে ;

(গ) কতজনের সাজা হইয়াছে : এবং

(ঘ) কতজন মুক্তিলাভ করিয়াছে ?

The Minister for Home (Police) :

(ক) ৩২ জনের বিরুদ্ধে।

(খ) কাহারও বিরুদ্ধে কোন মামলা বিচারাধীন নাই।

(গ) কাহারও নয়।

(ঘ) ৩২ জন।

Durgapur Expressway

799. (Admitted question No. 1835.) **Shri Manoranjan Hazra :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর এক্সপ্রেস সড়কটির নির্মাণের জন্য মোট কত একর জমি দখল করা হয়েছে ;

(খ) এর মধ্যে বসতবাটীর সংখ্যা ক ;

(গ) জমি ও বসতবাটীর মালিকদের জমির দাম বাবদ মোট কত টাকা দেওয়া হয়েছে ;

(ঘ) এখনও কত টাকা দিতে হবে ;

(ঙ) সড়কটির নির্মাণ কার্য বর্তমানে কোন স্তরে আছে ; এবং

(চ) আনুমানিক কবে নাগাদ সড়কটি কার্যকরী হবে ?

The Minister for Development and Planning :

(ক) মোট ১৬১৪'৬৭ একর জমির দখল লওয়া হইয়াছে।

(খ) ১০টির অধিক হইবে না।

(গ) ৩০-১১-৬৫ তারিখ পর্যন্ত মোট ৪৮,৩২,৬৬৮ টাকা জমির মূল্য বাবদ দেওয়া হইয়াছে।

(১) তন্মধ্যে পতিত এবং আবাদী জমি বাবদ :	৪৫,৪১,২৪৮ টাকা
(২) বাস্তু ও অন্যান্য প্রকার জমি বাবদ :	২,৯১,৪২০ টাকা
মোট	৪৮,৩২,৬৬৮

(ঘ) ১১,৬৭,০০০ টাকা।

(ঙ) পালসিট ৪৩ মাইল পর্যন্ত পতিত এবং কৃষি জমি দখলের কার্য শেষ হইয়াছে। দখলিকৃত জমির ৩৫ মাইল পর্যন্ত মাটির কাজ ২টি বড় পুলের এবং ২৫টি কালভার্ট নির্মাণ কাজ শেষ হইয়াছে।

(চ) বর্তমানে আর্থিক অনিশ্চয়তার জন্য রাস্তা নির্মাণের কার্য বহুলাংশে শ্লথ করা হইয়াছে। এমতাবস্থায় সড়কটি কতদিনে কার্যকরী হইবে তাহা এখন বলা সম্ভব নহে।

River Pump Irrigation Scheme at Khairakuri, Birbhum

800. (Admitted question No. 1874.) **Shri Sanat Kumar Raha :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার খয়রাকুড়িতে যে রিভার পাম্প সেচের জন্য আছে তাহাতে কত ফুট পাইপ লাগিয়াছে ; এবং

(খ) ওই সেচের কার্যের জন্য কত ফুট পাইপ বরাদ্দ ছিল ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) বীরভূম জেলায় খয়রাকুড়ি নদী সেচ (রিভার পাম্প) পরিকল্পনায় এখনও কোন পাইপ বসান হয় নাই।

(খ) আপাততঃ পাঁচ হাজার ফিট পাইপ এই পরিকল্পনায় সেচের জন্য বরাদ্দ করা হইয়াছে।

Basis of allotment of doctors, nurses and compounders in hospitals

801. (Admitted question No. 1926.) Shri Aanadi Das: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাসপাতালসমূহে কত বেডের জন্য একজন ডাক্তার, কত বেডের জন্য একজন কম্পাউণ্ডার এবং কত বেডের জন্য একজন নার্স থাকার নিয়ম করা হইয়াছে;

(খ) জেল হাসপাতালগুলিতেও সেই নিয়ম প্রযোজ্য কিনা; এবং

(গ) যদি না হয়, তবে কারণ কি?

The Minirter for Judicial:

(ক) সরকারী হাসপাতালে মেডিক্যাল অফিসার, ফার্মাসিস্ট (কম্পাউণ্ডার) ও নার্সের শয্যাভিত্তিক অনুমোদিত সংখ্যা সংলগ্ন বিবরণীতে উপস্থাপিত হইল।

(খ) না।

(গ) গুরুতরভাবে অসুস্থ রোগীদিগকে এবং যেসমস্ত রোগীর ক্ষেত্রে বিশেষ ধরণের চিকিৎসার প্রয়োজন হয়, তাহাদিগকে কারাগারের বাহিরে সরকারী হাসপাতালে প্রয়োজনীয় পরীক্ষা ও চিকিৎসার জন্য পাঠান হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 801

শয্যা সংখ্যা—সর্বনিম্ন—	১০	২৫	৫০	৭৫	১০০	১৫০	২০০	২৫০	৩০০	৩৫০	৪০০	৪৫০	
সর্বোচ্চ—	২৪	৪৯	৭৪	৯৯	১৪৯	১৯৯	২৪৯	২৯৯	৩৪৯	৩৯৯	৪৪৯	৪৯৯	
১। মেডিক্যাল অফিসার :— (হোল টাইম)													
সর্বনিম্ন—	১	২	৩	৫	৫	৭	৯	১১	১৩	১৫	১৭	১৯	৪৯৯এর উর্দ্ধে শয্যা বিশিষ্ট হাসপাতালে অতিরিক্ত প্রতি ২৫টি শয্যার জন্য অতিরিক্ত একজন মেডিক্যাল অফিসার অনুমোদিত আছে।
সর্বোচ্চ—	২	৩	৫	৫	৭	৯	১১	১৩	১৫	১৭	১৯	২১	
২। ফার্মাসিস্ট— (কম্পাউণ্ডার)	২	২	৩	৩	৪	৪	৪	৪	৫	৫	৬	৬	৪৯৯-এর উর্দ্ধে শয্যা বিশিষ্ট হাসপাতালে অতিরিক্ত প্রতি ১০০টি শয্যার জন্য অতিরিক্ত একজন ফার্মাসিস্ট (কম্পাউণ্ডার) অনুমোদিত আছে।

৩। নার্স—

সরকারী হাসপাতালসমূহে প্রতি ৫টা শয্যার জন্য একজন করিয়া নার্স অনুমোদিত হইয়াছে। ইহা দ্বারা প্রতি সেবার ক্রমের জন্য ৩ জন করিয়া নার্স দেওয়া হইয়াছে।

Deep tube-well in Midnapore District

802. (Admitted question No. 1939.) **Shri Surendra Nath Mahato :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সেচের জন্য বর্তমানে কোন্ থানায় কয়টি গভীর নলকূপ আছে;

(খ) বর্তমান বৎসরে উক্ত নলকূপ বসাইবার কোন পরিকল্পনা আছে কিনা;
এবং

(গ) পরিকল্পনা থাকিলে কোন্ কোন্ থানায় ও কোন্ কোন্ মৌজায় বসান হইবে?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) এই সম্পর্কীয় একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

(খ) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলায় ১০০টি গভীর নলকূপ বসাইবার পরিকল্পনা আছে।

(গ) এ পর্যন্ত যে ৮৫টি স্থান নির্বাচিত হইয়াছে তাহার একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 802

The following deep tubewells have already been drilled in the following Thanas in Midnapore district

Serial No.	Police-Station	No.
1	Garbetta	1
2	Kharagpur	6
3	Narayangarh	13
4	Egra	1
5	Binpur	1
6	Jhargram	1
7	Panskura	1
8	Ghatal	1
9	Sankrail	3
10	Dantan	1
	Total	29

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 802

Selected deep tubewell sites, district Midnapore

Serial No.	Police-Station	Mauza	Remarks
1	Kharagpur	Patna	
2	Sankrail	Pathra	
3	Keshiary	Aurangabad	
4	Keshiary	Dodhebudhe	
5	Midnapur	Rupsa	
6	Midnapur	Khashgungle	

Serial No.	Police-Station	Mauza	Remarks
7	Jhargram	Jamda	
8	Keshpur	Tangageria	
9	Keshpur	Dulbar	
10	Keshpur	Khorda Radhaballavpur	
11	Sankrail	Naikansole	
12	Keshiary	Phandar	
13	Keshiary	Kanchanpur	
14	Midnapur	Jamsole	
15	Midnapur	Valki	
16	Dantan	Doyasti	
17	Narayangarh	Indeswarpur	
18	Keshpur	Mathuraboni	
19	Keshpur	Teghori	
20	Binpur	Harda	
21	Sankarail	Itamaro	
22	Keshiary	Bichitrapur	
23	Keshiary	Napo	
24	Midnapore	Palasha	
25	Midnapore	Chheraboni	
26	Garbetta	Tilakhula	
27	Narayangarh	Jhalharisankarakara	
28	Keshpur	Lepohapanchra	
29	Keshpur	Khirkul	
30	Binpur	Singpur	
31	Binpur	Dharahari	
32	Binpur	Barrajhariamura	
33	Binpur	Luxmisagar	
34	Keshpur	Sakundiha	
35	Keshpur	Toria	
36	Keshpur	Begunbari	
37	Keshpur	Banior	
38	Keshpur	Panchami	
39	Keshpur	Sibanandachak	
40	Keshpur	Chechura	
41	Keshpur	Sirajpur	
42	Midnapore	Sijua	
43	Midnapore	Baranchati	
44	Midnapore	Keshasole	
45	Midnapore	Jamkundu	
46	Midnapore	Manidaha	

Serial No.	Police-Station	Mauza	Remarks
47	Midnapore	Ghorachak	
48	Midnapore	Panchkuri	
49	Salboni	Chotapatharkukmi	
50	Salboni	Moupal	
51	Salboni	Kotalbera	
52	Salboni	Abradihi	
53	Garbetta	Nilgunge	
54	Panskura	Fakigung	
55	Panskura	Purba Pitpur	
56	Tamluk	Naikuri	
57	Mahisadal	Ajia	
58	Mahisadal	Chapi	
59	Daspur	Dubrajpur	
60	E. Daspur	Kaigeria	
61	Chandrakona	Jagannathpur	
62	Ghatal	Jalsorah	
63	Panskura	Baraberia	
64	Panskura	Gogras	
65	Panskura	Hatisal	
66	Mahisadal	Lakshya	
67	Mahisadal	Kalikakundu	
68	Daspur	Kalagechia	
69	Daspur	Khanjopur	
70	Chandrakona	Madanmohanpur	
71	Chandrakona	Radhaballavpur	
72	Ghatal	Khusman	
73	Daspur	Mamudpur	
74	Daspur	Shyamsundarpur	
75	Daspur	Supapursuri	
76	Daspur	Gopalpur	
77	Daspur	Gopalpur	
78	Chandrakona	Bagchari	
79	Chandrakona	Thakurhati	
80	Chandrakona	Srinagar	
81	Chandrakona	Nilgung	
82	Chandrakona	Dalimabari	
83	Chandrakona	Kanchkapur	
84	Tamluk	Barberia	
85	Tamluk	Nimtowri	

Wakf Estate in Midnapore District

803. (Admitted question No. 1971.) **Shri Ananga Mohan Das:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোথায় কত ওয়াকফ সম্পত্তি আছে ;

(খ) উহাদের পরিমাণ কত এবং গত ১৯৬৪ সালে উক্ত সম্পত্তি হইতে কত টাকা আয় হইয়াছে এবং উহা কিভাবে খরচ করা হইয়াছে ; এবং

(গ) গত ৩ বৎসরে উক্ত জেলায় উক্ত প্রকারের কত সম্পত্তি হস্তান্তরিত কি কারণে কাহাকে করা হইয়াছে ?

The Minister for Judicial:

(ক) মোট ৩৪৮টি ওয়াকফ এস্টেট আছে। উহাদের তালিকা এতদসহ সংযুক্ত করা হইল।

(খ) মোট সম্পত্তির পরিমাণ কমবেশী ৪৫৩৩ একর। উক্ত ওয়াকফ এষ্টেটগুলির মধ্যে মাত্র তিনটি ওয়াকফ এস্টেট গত ১৯৬৪-৬৫ সালের হিসাব দাখিল করিয়াছে। উহাদের আয়-ব্যয়ের বিবরণ ইহার সহিত পৃথকভাবে সংযুক্ত করিয়া দেওয়া হইল।

(গ) গত ৩ বৎসরের মধ্যে উক্ত জেলা হইতে কোন ওয়াকফ সম্পত্তি হস্তান্তরের জন্য বঙ্গীয় ওয়াকফ আইনের ৫৩ এবং ৫৪ ধারামতে কোন দরখাস্ত পাওয়া যায় নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 803

থানার নাম	ওয়াকফ সম্পত্তির সংখ্যা
(১) মেদিনীপুর	২১
(২) কেশপুর	১৫
(৩) শালবনি	১
(৪) গড়বেতা	৪
(৫) ডেবরা	২০
(৬) দাঁতন	১৩
(৭) খড়্গপুর (লোকাল)	১২
(৮) নারায়ণগড়	৮
(৯) পিঙ্গলা	৫
(১০) সবং	২
(১১) কাঁথি	৯
(১২) রামনগর	১
(১৩) ভগবানপুর	৪
(১৪) খেজুরী	৮
(১৫) এগরা	৩
(১৬) পটাশপুর	৯
(১৭) তমলুক	২৩
(১৮) ময়না	১

থানার নাম	ওয়াকফ সম্পত্তির সংখ্যা
(১৯) পাঁশকুড়া	৬০
(২০) নন্দীগ্রাম	৪৯
(২১) মহিষাদল	১৯
(২২) সুতাহাটা	২০
(২৩) ঘাটাল	১৭
(২৪) দাসপুর	১২
(২৫) চন্দ্রকোণা	১০
(২৬) জামবনি	২
মোট	৩৪৮

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 803

মাতোয়ালি মহবুদার রহমান, সাং সিতলপুর, পোঃ কল্যাণচক, থানা মহিষাদল, জেলা মেদিনীপুর। জমির পরিমাণ—২০ বিঘা ৮ কাঠা

ই, সি, নং ১৩৯

১৯৬৪ সালের হিসাব

আয়—

মোট—১,২৬২ টাকা

			ব্যয় টাকা	পয়সা
১। ইমাম	...	...	৯০০	০০
২। মোয়াজ্জেন	...	...	৩০০	০০
৩। সাঁজচেরাগ	...	...	১২০	০০
৪। শিরনি, বকরিদ ও জুম্বা	...	...	১২০	০০
৫। রাহিমোসাফির	...	...	৩৬০	০০
৬। রমজান ও ২৭শে বাৎসরিক	...	...	৪৯০	৮৪
৭। মহরম বাবত আশুরার অতিথি বিদায়।	...	...	৩০	৮৫
৮। ফতেয়া দোয়াজদাহাম	...	...	২০	৫০
৯। ফতেয়া ইয়াজদাহাম	...	...	২৫	৮০
১০। মোতওয়ালি এ্যালাউন্স	...	...	৩০০	০০
১১। মসজিদ মেরামত ও ঝাড়ুদার	...	...	২৫০	০০
১২। কৃষিক্ষেত্রের উন্নতি	...	...	২৫০	০০
১৩। খাজনা রাজস্ব	...	...	৩০	১৫
১৪। মসজিদ, জায়নামাজ ও পিকচার খরিদ।		...	১৬০	৫০
১৫। ওয়াকফ্ তহবিলে দেয়	...	...	৫	৬৯
১৬। পত্রাপত্রাদি ও রেজিস্ট্রেশন এবং মোহর।	...	...	৩০	০০
			৩,৩৯৪	৩৩

১৯৬৪ সালের হিসাব

মোসাম্মত রকিবননেসা বিবি, সাং মূলগ্রাম, পো: রাধানগর, থানা ঘাটাল, জেলা মেদিনীপুর।
জমির পরিমাণ ১৬ বিঘা ২ কাঠা ১৫ ছটাক।

ই, সি, নং ১৯০

মোট আয়—১,০৫৪ টাকা

			ব্যয় টাকা	পয়সা
১।	বিচধান্য ১ মণ	...	১৫	০০
২।	তুলার চাষ দেওয়া	...	৯১	০০
৩।	সার খরিদ	...	৬০	০০
৪।	সার ফেলা গরু ভাড়া	...	১২	০০
৫।	সার ফেলা মজুর	...	১২	০০
৬।	কাদায় চাষ দেওয়া	...	১২০	০০
৭।	ধান্য রোপণ মজুর	...	১০০	০০
৮।	ধান্য নিকান মজুর	...	১৫	০০
৯।	ধান্য ছেদন মজুর	...	৭৭	৫০
১০।	আঁটি বাঁধা ও তোলা মজুর	...	৩৭	৫০
১১।	ধান্য ঝাড়া মাড়া মজুর	...	৪৩	১২
১২।	তৈল তামাক	...	৮	০০
১৩।	মসজিদে সাজ চেরাগ ও জোম্মার দিনে খির ইং	...	৩৬	০০
১৪।	মোয়াজ্জমের বেতন ১২ মাস ১৫ টাকা হিঃ	...	১৮০	০০
১৫।	মোয়াজ্জমের তহবিল ও সেরহান আদি	...	১৬	০০
১৬।	খতিব ১২ মাস ৪ টাঃ হিঃ	...	৪৮	০০
১৭।	রমজান শরিফ মাসে একতারি ইং	...	৪০	০০
১৮।	তারাবির জন্য আকেজ	...	৬০	০০
১৯।	মিঠাই ২০ কে, জি	...	৪০	০০
২০।	মমবাতি ও আগর বাতি	...	৫	০০
২১।	শবেবরাতের মাসে মিলাদ শরিফ	...	১০	০০
২২।	ফাতেহাদোয়াজদামে মিলাদ শরিফ	...	১২	০০
২৩।	ফাতেহা এয়াজদাহামে মিলাদ শরিফ	...	১১	০০
২৪।	মোহাররাম মাসে মিলাদ শরিফ	...	১০	০০
২৫।	খাজা সাহেবের ওরান	...	১০	০০
২৬।	মসজিদ চুণপান	...	১২	০০
			১,০৮১	১২
	১৩৭০ সালের বাকী	...	৮২	২৫
			১,১৬৩	৩৭
	বাদ জমা	...	১,০৫৪	০০
	বাকী	...	১০৯	৩৭

১৩৬৪ সালের হিসাব

মোতওয়ালী—সেখ মনতাজ আলি, সেখ একরাম আলি, সেখ ইউনুস আলি, ওয়াসিউর রহমান—
সাং ডি-ঘাসিপুর,
পো: চকদ্বীপা,
জেলা মেদিনীপুর।

				খরচ টাকা	পয়সা
ই. সি. নং ২২৮২		(১)	ইউনিয়ন বোর্ড	১	··
থানা	জমির পরিমাণ	(২)	মোতওয়ালি	৩০০	··
সুতাহাটা	২২৩ বিঘা ১১ কাঠা ৩ ছ:	(৩)	ইমাম	৩০০	··
মোট আয়	৬৭৬·৭৫ প:	(৪)	কোরাণ শরীফ খতম	৫০	··
দেনা	১৬৬·২৫ প:	(৫)	মোসাফির খরচ	১৯২	··
	৮৪৩·০০ প:			৮৪৩	··

Arrests of dealers in Mustard oils and seeds in Midnapore District

804. (Admitted question No. 1972.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ এবং ১৯৬৫-৬৬ সালের বর্তমান সময় পর্যন্ত মেদিনীপুর জেলায় কতজন সরিষা, সরিষার তৈল ব্যবসায়ীকে ও সরিষার মিল মালিকের অতিরিক্ত মুনাফা বা চোরাকারবারের জন্য বা স্টক গোপন করার জন্য গ্রেপ্তার করা হইয়াছিল ;

(খ) উহাদের মধ্যে কতজনকে পরে কি কারণে ছেড়ে দেওয়া হয় এবং কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয় ; এবং

(গ) আদালত হইতে কতজন সাজা পাইয়াছে এবং কতজনকে ভারত রক্ষা আইনে আটক রাখা আছে ?

The Minister for Home (Police) :

(ক)

১৯৬৪-৬৫	১৯৬৫-৬৬ (বর্তমান সময় পর্যন্ত)
১৪ জন	৮ জন

(খ) ধৃত ব্যক্তিদের মধ্যে একজনকে উপযুক্ত প্রমাণাভাবে ছাড়িয়া দেওয়া হয় এবং ১৮ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। ইহা ছাড়া ২ জনকে আটক রাখা হয় এবং একজনের বিরুদ্ধে মামলা তদন্তাধীন আছে।

(গ) দুইজন সাজা পাইয়াছে। ১৯৬৪-৬৫ সালে ভারতরক্ষা আইনে দুইজনকে আটক রাখা হয় ও পরে ছাড়িয়া দেওয়া হয়।

Seizure of rice from the Calcutta-coming trains in S. E. Railway

805. (Admitted question No. 1979.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ-পূর্ব রেলওয়ের কলিকাতাগামী বিভিন্ন ট্রেনে সার্চ করিয়া সরকার এই বৎসর কোন মাসে কত চাউল আটক করিয়াছেন ;

(খ) উক্ত আটক চাউলের মূল্য সত্বাধিকারিগণকে দেওয়া হইয়াছে কি না এবং দেওয়া হইয়া থাকিলে উক্ত চাউলের পরিমাণ কত এবং মূল্য কত দেওয়া হইয়াছে ;

(গ) উক্ত আটক চাউলের কত চাউল কি কারণে সরকার বাজেয়াপ্ত করিয়াছেন এবং উক্ত বাজেয়াপ্ত চাউলের মূল্য কত ; এবং

(ঘ) উক্ত বাজেয়াপ্ত চাউল কোথায় কিভাবে বন্টিত হইয়াছে ?

The Minister for Home (Police) : (ক) এতদ্‌সম্পর্কে একটি বিবরণী সংগে যোগ করা হইল।

(খ) মাত্র একটি ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের আদেশ অনুসারে ৬৭৫ কে, জি আটক চাউল উহার সত্বাধিকারীকে ফেরৎ দেওয়া হইয়াছে।

(গ) উপরোক্ত পরিমাণ বাদে আটক সমস্ত চাউলই আদালতের আদেশমত বাজেয়াপ্ত করা হইয়াছে, যাহার মোট মূল্য হইতেছে ৬৭,০৭৬ টাকা ১০ পয়সা।

(ঘ) ইহা ম্যাজিস্ট্রেটের আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট সাবডিভিসনাল কন্ট্রোলার অফ ফুড এণ্ড সাপ্লাইজ্‌কে দেওয়া হইয়াছে এবং তিনি আংশিক রেশন দোকান মারফৎ ইহা বিক্রীর ব্যবস্থা করিয়াছেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 805

বিবরণী

মাস	আটক চাউলের পরিমাণ		
	কুইন্টাল	কে জি	গ্রাম
জানুয়ারী, ১৯৬৫	৬	০	০
ফেব্রুয়ারী ,,	১০	৩০	০
মার্চ ,,	১৫	২৫	০
এপ্রিল ,,	৮	০	০
মে ,,	১০	০	০
জুন ,,	১৬	৬১	০
জুলাই ,,	১০৫	৮৭	০
আগস্ট ,,	১৯৪	৪৪	৫০০
সেপ্টেম্বর ,,	২২৫	২০	০
অক্টোবর ,,	২৫০	১৩	৫০০
নবেম্বর ,,	১৯৬	৮৮	৫০০
মোট	১,০৩৮	৬৯	৫০০

Expenditure incurred for the welfare of scheduled castes and tribes people in Midnapore District

806. (Admitted question No. 1990.) **Shri Ananga Mohan Das :** আদিবাসি মঙ্গল বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন মহকুমায় কতজন (১) তপসিলী সম্প্রদায়ভুক্ত এবং (২) কতজন আদিবাসী বাস করে ; এবং

(খ) ১৯৬৪ সালে ইহাদের কল্যাণের জন্য সরকার কোন কোন খাতে কত টাকা বরাদ্দ ও ব্যয় করিয়াছেন ?

The Minister of State for Tribal Welfare :

(ক) মহকুমা	তফসিলী	আদিবাসী
সদর মহকুমা	১,৯২,০৯২	১,৬৩,২৫১
কণ্টাই	১,২৫,৬১১	২,০০০
তমলুক	১,১৩,৩৩৩	৬,০৬৫
ঘাটাল	৭৭,০১৩	৮,৯৭৮
ঝাড়গ্রাম	৫৫,৩৫৭	১,৪৯,৪৪২

(১৯৬১ সালের লোক গণনা অনুসারে)

(খ) একটি বিবরণী নিম্নে রক্ষিত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 806

১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার আদিবাসী ও তফসিলীদের কল্যাণার্থে রূপায়িত বিভিন্ন কার্য্যসূচীর নাম, বরাদ্দকৃত অর্থের পরিমাণ ও প্রকৃত ব্যয়ের বিবরণী।

কার্য্যসূচীর নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ টাকা	প্রকৃত ব্যয় টাকা
আদিবাসি মঙ্গল শিক্ষা সংক্রান্ত কার্য্যসূচী		
(১) বিদ্যালয়ের বেতন বাবত অনুদান	১,৬১,৫০০	১,৫৮,২৪২
(২) মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যয়নরত আদিবাসী ছাত্রদের পুস্তক ক্রয়ের জন্য অনুদান	১১,২০০	৬,২৭০
(৩) মাধ্যমিক শেষ পরীক্ষা বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফী বাবত আদিবাসী ছাত্রদিগকে অনুদান	১,২০০	৩৮৫
(৪) মাধ্যমিক বিদ্যালয়ের দরিদ্র মেধাবী আদিবাসী ছাত্রদিগকে বিশেষ বৃত্তি প্রদান	২০,৫০০	১৭,৪৩৫
(৫) মাধ্যমিক বিদ্যালয়ের আদিবাসী ছাত্রদিগকে ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য বৃত্তি প্রদান	২,১৯,৫৪০	২,০৯,২৪৬
(৬) বুনিয়াদী বিদ্যালয়ের আদিবাসী ছাত্রদের জন্য আশ্রম ব্যবস্থা	১৪,০৮০	১৪,০৮০
(৭) নূতন ছাত্রাবাস নির্মাণ	৪০,০০০	৪০,০০০
(৮) মাধ্যমিক বিদ্যালয়ের আদিবাসী ছাত্রদের জন্য কোচিং ব্যবস্থা	১১,১০০	৮,৩৩০
(৯) মাধ্যমিকোত্তর পর্য্যায়ে অধ্যয়নরত ছাত্রদিগকে বৃত্তি প্রদান	১০,০০০	৫,৫১৭
	৪,৮৯,৯২০	৪,৫৯,৫০৫
আর্থিক উন্নয়নমূলক কার্য্যসূচী		
(১) জীবিকার সহায়করূপে ছাগ পালন	৩,০৯০	২,৭০০
(২) জীবিকার সহায়করূপে মেষ পালন	৬০০	৬০০
(৩) জীবিকার সহায়করূপে শূকর প্রতিপালন	১১,৭৬০	৯,২০০
(৪) কারিগরী শিক্ষার জন্য আদিবাসী ছাত্রদিগকে বৃত্তি প্রদান	৬,৩৮০	৬,৩৮০
(৫) কারিগরী শিক্ষারত ছাত্রদের জন্য আবাসিক ব্যবস্থা	১,৬২০	১,৬২০
(৬) নির্দিষ্ট বৃত্তির আদিবাসী কারিগরগণকে আর্থিক সাহায্য দান	৫,৫০০	৫,৫০০
(৭) আদিবাসী অধ্যুষিত অঞ্চলে লাক্ষাচাষের উন্নতিবিধান	১১,১৫০	১১,১৫০

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 806 (contd.)

	টাকা	টাকা
(৮) আদিবাসীদের গবাদি পশু প্রজনন ও উন্নত ধরণের গবাদি পশুপ্রাপ্তির সহায়তার্থে বিতরিত বৃষের সংরক্ষণ	৯,৭২০	৯,০০০
(৯) ক্ষুদ্র ধরণের সেচ ব্যবস্থা	৪০,০০০	৪০,০০০
(১০) নন-মালবাহারী তসর শিল্পে উন্নতি বিধান	৫৮,৫০০	৪২,০২০
(১১) কাঠের সেতু ও ম্যাশনারি কালভার্ট নির্মাণ	৪,৬৪৮	৪,৪১৪
(১২) কৃষি জমি ও বাস্তুজমি ক্রয়ের ব্যবস্থা	৫০,০০০	৪৮,৫৫০
(১৩) শস্যগোলা স্থাপন ও সংরক্ষণের জন্য অনুদান	১,৩৪,৭৪৭	১,৩৪,৭৪৭
	৩,৩৭,৭১৫	৩,১৫,৮৮১
স্বাস্থ্য, গৃহনির্মাণ ও অন্যান্য বিষয়ক কার্যসূচী		
(১) বাস্তুভিটা ও গৃহ নির্মাণ সরঞ্জাম বাবদ অনুদান	৭২,০০০	৭২,০০০
(২) জনকল্যাণ মূলক বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে সাহায্য প্রদান	১০,৮২৪	১০,৮২৪
(৩) পানীয় জল সরবরাহের ব্যবস্থা	৭৫,০০০	৭৫,০০০
(৪) সাংস্কৃতিক, সামাজিক ও চিত্তবিনোদনমূলক কার্য্যের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানকে অনুদান	৫,০০০	৫,০০০
	১,৬২,৮২৪	১,৬২,৮২৪
	৯,৯০,৪৫৯	৯,৩৮,২১০
তফসিলী মঙ্গল শিক্ষা সংক্রান্ত কার্য্যসূচী		
(১) দরিদ্র তথা মেধাবী তফসিলী ছাত্রদের জন্য বিশেষ বৃত্তি	৫১,০০০	৩৯,৬৭০
(২) পুস্তক ক্রয়ের জন্য অনুদান	১৪,৭০০	১৩,৭৯০
(৩) ছাত্রাবাসের ব্যয়ের জন্য বৃত্তি	২,০১,০০০	১,৯০,০৬৮
(৪) মাধ্যমিক শেষ পরীক্ষা উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ফী বাবদ বৃত্তি প্রদান	৩,০০০	১,০৬৫
(৫) দরিদ্র মেধাবী তফসিলী ছাত্রদিগকে মাধ্যমিক বিদ্যালয়ে বিনা বেতনে অধ্যয়নের সুযোগ প্রদান	৯২,৬৪৬	৮৫,১২১
(৬) মাধ্যমিকোত্তর পর্য্যায়ের অধ্যায়নরত ছাত্রদিগকে বৃত্তি প্রদান	২,২১,০০০	২,০৮,৭২৪
	৫,৮৩,৩৪৬	৫,৩৮,৪৩৮
অধিক উন্নয়ন সংক্রান্ত কার্য্যসূচী		
(১) কারিগরী শিক্ষার জন্য বৃত্তি প্রদান	৩,৩২৩	৩,৩২৩
(২) কারিগরী শিক্ষারত তফসিলী ছাত্রদের আবাসিক ব্যবস্থা	২,০২৫	১,৯৬৫
(৩) নির্দিষ্ট বৃত্তির তফসিলী কারিগরগণকে আর্থিক সাহায্য দান	৮,০০০	৮,০০০
(৪) বলদ, যন্ত্রপাতি, ভূমি উদ্ধার, মাঝারি সেচ ব্যবস্থা প্রভৃতি বাবদ কৃষিকার্য্যের জন্য অনুদান	২২,০০০	২২,০০০
	৩৫,৩৪৮	৩৫,২৮৮

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 806. (Concld.)

স্বাস্থ্য, গৃহনির্মাণ ও অন্যান্য কার্য্যসূচী

(১) সাংস্কৃতিক, সামাজিক ও চিত্ত বিনোদনমূলক কার্য্য করিবার উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানকে অনুদান	৭;৫০০	৭,৫০০
(২) পানীয় জল সরবরাহের ব্যবস্থা	৯০,০০০	৯০,০০০
(৩) ঝাড়ুদারদের জন্য গৃহনির্মাণ	৬,৭৫০	৬,৭৫০
(৪) অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত ব্যক্তিদের জন্য বাস্তজমি	৫,০০০	৪,৮৯০
(৫) মাথায় করিয়া মাল বহনের অভ্যাস দূরীকরণ সহ ঝাড়ুদার ও মেথরদের কর্মব্যবস্থার উন্নতি বিধান	৩৫,৯২১	৩৫,৯২১
	১,৪৫,১৬৭	১,৪৫,০৬৭
	৭,৬৩,৮৭১	৭,১৮,৭৯৩

Prize for facilitating arrest of Pak spies

807. (Admitted question No. 2054.) **Dr. Golam Yazdani:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি "পাকিস্তানী চর" কিম্বা ছত্রী সৈন্য ধরাইয়া দিবার জন্য পশ্চিমবঙ্গের জনসাধারণের মধ্যে কতজন সরকারের ঘোষিত পুরস্কার পাইয়াছে ?

The Minister for Home (Police): একজনও নহে।

Fishermen Co-operative Society

808. (Admitted question No. 2061.) **Shri Sanat Kumar Raha:**

(ক) মৎস্যজীবী সমবায় সমিতির কার্যক্ষেত্র এলাকাগতভাবে সীমিত থাকে কিনা ; এবং

(খ) জলাশয় নিলাম ডাকে বন্দোবস্ত দিবার সময় এলাকার মৎস্যজীবী সমিতিকে অগ্রাধিকার দেওয়া হয় কিনা ?

The Minister for Co-operation: (ক) হ্যাঁ।

(খ) জেলার সমাহর্তা বৎসর আরম্ভ হইবার পূর্বে যে সমস্ত জলাশয় বন্দোবস্ত দেওয়া হইবে তাহার তালিকা সংশ্লিষ্ট সমবায় সমিতির সহনিবন্ধকের নিকট পাঠাইয়া থাকেন। সহনিবন্ধক সমিতিগুলির আর্থিক সংগতি ও অন্যান্য উপযুক্ততা বিচার করিয়া যে সকল সমিতির নাম সুপারিশ করেন তাহাদের নিকট হইতেই টেণ্ডার আহ্বান করা হয়। কাজেই এলাকার সমিতিকে অগ্রাধিকার দেওয়ার কোন ব্যবস্থা নাই।

Potato seed purchase loan in Hooghly District

809. (Admitted question No. 2122.) **Shri Monoranjan Hazra:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় আলুচাষীদের কাছ হতে এ বৎসরে ব্লকগতভাবে ১৫ই নভেম্বরের মধ্যে কত আলু ঋণের দরখাস্ত পেয়েছেন ;

(খ) কতজনকে ঋণ দেওয়া হয়েছে ; এবং

(গ) মোট টাকার পরিমাণ কত ?

The Minister of State for Agriculture and Community Development: (ক) আলুবীজ কেনার জন্য আলুচাষীদের সরকার থেকে কোন ঋণ দেওয়া হয় না। সুতরাং হুগলী জেলার আলুচাষীদের কাছ থেকে এ বৎসর আলু ঋণের কোন দরখাস্ত পাওয়ার প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

Badshahi Road

810. (Admitted question No. 2183.) **Dr. Radhanath Chattoraj:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ময়ূরাক্ষী নদীর দক্ষিণ হইতে অজয় নদের উত্তর সীমা পর্যন্ত ইতিহাস প্রসিদ্ধ বাদশাহী সড়কটি পাকা করিবার কোন ব্যবস্থা করিতেছেন কি?

The Minister for Public Works (Roads): উক্ত রাস্তায় মুর্শিদাবাদ জেলার গ্রামশালিকা হইতে মজলিসপুর এবং বর্ধমান জেলার মজলিসপুর হইতে রামজীবনপুর পর্যন্ত অংশ তৃতীয় পরিকল্পনায় পাকা করার ব্যবস্থা হইয়াছে। রামজীবনপুর হইতে অজয় নদের উপর অবধি বাদশাহী সড়কের অংশ উন্নয়নের কোন পরিকল্পনা বর্তমানে নাই।

Nadia District Hospital and Ranaghat Subdivisional Hospital

811. (Admitted question No. 2286.) **Shri Kanai Pal:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর সদর হাসপাতাল এবং রানাঘাট মহকুমা হাসপাতালে বর্তমানে কতগুলি করে শয্যা আছে এবং বহির্বিভাগে কত রোগী দেখার ব্যবস্থা আছে;

(খ) গত তিন মাসের মধ্যে এই দুই হাসপাতালের ভিতর ও বহির্বিভাগে সর্বোচ্চ কত রোগী ভর্তি ছিলেন বা চিকিৎসিত হয়েছেন; এবং

(গ) উভয় হাসপাতালের পরামর্শদাতা কমিটির সদস্যগণের নাম ঠিকানা কি?

The Minister for Health:

(ক)

	অনুমোদিত শয্যা সংখ্যা
নদিয়া জেলা হাসপাতাল, কৃষ্ণনগর	১৮০টি
রাণাঘাট মহকুমা হাসপাতাল	১২টি

নির্দিষ্ট সময়ে বহির্বিভাগে আগত সকল রোগীকেই দেখা হয়।

(খ)

হাসপাতাল	অন্তর্বিভাগ	বহির্বিভাগ
নদীয়া জেলা হাসপাতাল, কৃষ্ণনগর	২০৮ জন	৭৫০ জন
রানাঘাট মহকুমা হাসপাতাল	১৭ জন	৪৮২ জন

(গ) একটি তালিকা টেবিলে সন্নিবেশিত করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 811

নদিয়া জেলা হাসপাতালের পরামর্শদাতা কমিটি

সদস্য ও ঠিকানা

১। জেলাশাসক, নদিয়া, কৃষ্ণনগর।

২। নির্বাহী বাস্তকার (পূর্তবিভাগ), নদিয়া ডিভিসন, কৃষ্ণনগর।

৩। সভাপতি, কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি, কৃষ্ণনগর।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 811 (concld)

৪। সম্পাদক, ভারতীয় রেডক্রশ সোসাইটি, কৃষ্ণনগর শাখা, কৃষ্ণনগর।
৫। ডাঃ শৈলেন্দ্রনাথ সান্যাল, হাই স্ট্রীট, কৃষ্ণনগর।
৬। চীফ মেডিক্যাল অফিসার অব হেল্‌থ, নদিয়া, কৃষ্ণনগর।
৭। মহকুমাশাসক (সদর), কৃষ্ণনগর।
৮। মহকুমাশাসক (উত্তর), কৃষ্ণনগর।
৯। কাশীকান্ত মৈত্র, এম এল এ, কৃষ্ণনগর।
১০। সভাপতি, নদিয়া জিলা পরিষদ, কৃষ্ণনগর।
১১। রেভারেণ্ড এল আর মরো, বিশপস্ হোম, কৃষ্ণনগর।
১২। শ্রীনরেন্দ্রনাথ সরকার, এম এল এ, কৃষ্ণনগর (শক্তিনগর)।
১৩। ডাঃ প্রসাদকুমার মণ্ডল, হাই স্ট্রীট, কৃষ্ণনগর।

রানাঘাট মহকুমা হাসপাতালের পরামর্শদাতা কমিটি

সদস্য ও ঠিকানা

১। মহকুমাশাসক, রানাঘাট, রানাঘাট, জেলা নদিয়া।
২। সাবডিভিশনাল মেডিক্যাল অফিসার, রানাঘাট, রানাঘাট, জেলা নদিয়া।
৩। সাবডিভিশনাল হেল্‌থ অফিসার, রানাঘাট, রানাঘাট, জেলা নদিয়া।
৪। সভাপতি, রানাঘাট মিউনিসিপ্যালিটি, রানাঘাট, জেলা নদিয়া।
৫। মুনসিফ, রানাঘাট, রানাঘাট, জেলা নদিয়া।
৬। শ্রীক্ষীরোদ পাল চৌধুরী, রানাঘাট, জেলা নদিয়া।
৭। শ্রীশচীন্দ্রনাথ মল্লিক, রানাঘাট, জেলা নদিয়া।
৮। ডাঃ অজিতকুমার খাঁ, রানাঘাট, জেলা নদিয়া।
৯। শ্রীমতী উষা মজুমদার, প্রধান শিক্ষয়িত্রী, নাসরা উচ্চ বালিকা বিদ্যালয়, রানাঘাট, জেলা নদিয়া।
১০। শ্রী বি সি রায়, অধ্যক্ষ, রানাঘাট কলেজ, রানাঘাট, জেলা নদিয়া।
১১। শ্রীপাঁচুগোপাল কুণ্ডু, রানাঘাট, জেলা নদিয়া।
১২। সম্পাদক, রানাঘাট বার অ্যাসোসিয়েশন, রানাঘাট, জেলা নদিয়া।

Deed Registry Office at Santipur, Nadia

812. (Admitted question No. 2313.) **Shri Kanai Pal:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার শান্তিপুরে কত সালে রেজিস্ট্রী অফিস প্রতিষ্ঠিত হয়েছে;

(খ) এই অফিসের জন্য মাসিক কত টাকা বাড়ীভাড়া বাবদ খরচ হয়; এবং

(গ) এই অফিসের নিজস্ব গৃহ নির্মাণের কোন পরিকল্পনা আছে কি?

The Minister for Judicial: (ক) ১৯৬৫ সালের ১৬ই মার্চ তারিখে নদিয়া জেলার অন্তর্গত শান্তিপুরে নিবন্ধন কার্যালয়টি প্রতিষ্ঠিত হইয়াছে।

(খ) সম্পূর্ণ বাড়ীটির ভাড়া মাসিক ৮০ টাকা। তন্মধ্যে সরকার ভাড়া বাবদ মাসিক ৬০ টাকা ব্যয়ভার বহন করে এবং অবর নিবন্ধক বাকী ২০ টাকা মাসিক বহন করেন।

(গ) এইরূপ কোন পরিকল্পনা নাই।

Santipur Veterinary Hospital

813. (Admitted question No. 2315.) **Shri Kanai Pal :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর পশুচিকিৎসা কেন্দ্রটি স্থাপন করতে কি বাবদ কত খরচ হয়েছে ;

(খ) বর্তমানে এই কেন্দ্রে কতজন চিকিৎসক ও কর্মচারী আছেন এবং তাদের বেতনহার কি , এবং

(গ) এই কেন্দ্রটি স্থাপিত হওয়ার পর আজ পর্যন্ত কতগুলি পশু চিকিৎসিত হয়েছে এবং এই চিকিৎসা বাবদ কত খরচ হইয়াছে ?

The Minister for Animal Husbandry and Veterinary Services :
(ক) শান্তিপুর পশুচিকিৎসালয় স্থাপন করিতে—

১। বাড়ীনির্মাণ বাবদ—৪৪,২০০ টাকা।

২। আসবাবপত্র বাবদ—১,২৯৪ টাকা।

৩। চিকিৎসালয় যন্ত্রপাতি বাবদ—৩,৬৪৮ টাকা খরচ হইয়াছে।

(খ) বর্তমানে এই চিকিৎসালয়ে একজন পশুচিকিৎসক, একজন কম্পাউণ্ডার ও চতুর্থ শ্রেণীর দুইজন কর্মচারী আছেন। তাহাদের বেতন হার নিম্নরূপ—

১। পশুচিকিৎসালয়—২০০—১০—৪০০ টাকা।

২। কম্পাউণ্ডার—১২৫—৩—১৪০—২০০ টাকা।

৩। চতুর্থশ্রেণীর কর্মচারীদ্বয়—৬০—½—৬৫—১—৭৫ টাকা।।

(গ) এই পশুচিকিৎসালয় স্থাপিত হওয়ার পর এ পর্যন্ত ১,৩৪৯টি পশু চিকিৎসিত হইয়াছে এবং এই চিকিৎসা বাবদ এ পর্যন্ত ৪,১০৩ টাকা কেবল ঔষধের জন্য খরচ হইয়াছে।

Distribution of G. R. in Nadia District

814. (Admitted question No. 2371.) **Shri Kanai Pal :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি খয়রাতি সাহায্য বিলির জন্য বিগত দেড় বৎসর যাবৎ নদিয়া জেলার শান্তিপুর আরবান রিলিফ কমিটি ও বিভিন্ন আঞ্চলিক রিলিফ কমিটিগুলি অগ্রাধিকার তালিকা অনুযায়ী কত ইউনিটের জন্য সরকারের কাছ থেকে কত টাকা চেয়েছিলেন এবং সরকার কত টাকা দিয়াছেন তার পৃথক পৃথক মাস ভিত্তিক হিসাব ?

The Minister for Relief and Social Welfare : রিলিফ কমিটি কর্তৃক প্রস্তুত অগ্রাধিকার তালিকা অনুমোদনের পর জেলাশাসক সমগ্র জেলা ভিত্তিতে যে বরাদ্দ চান, বিভিন্ন তথ্যাদি পরীক্ষা করিয়া সরকার তদনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ করেন। এ ক্ষেত্রে রিলিফ কমিটি কর্তৃক সরকারের কাছ হইতে টাকা চাওয়া ও বরাদ্দের প্রশ্ন ওঠে না।

Number of Ration Cards and their units in Cooch Behar District

815. (Admitted question No. 1655.) **Shri Sunil Dasgupta :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোচবিহার জেলাতে প্রতি মহকুমার সহর ও গ্রামাঞ্চলে 'এ', 'বি' ও 'সি' শ্রেণীর রেশন কার্ডের সংখ্যা কত এবং উক্ত শ্রেণীগুলিতে কত ইউনিট ধরা আছে ?

The Minister for Food and Supplies : লাইব্রেরী টেবিলে রক্ষিত একটি বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

Lump grants sanctioned to Anchal Panchayats under Egra I and II Blocks, Midnapure

816. (Admitted question No. 2239.) **Shri Hrishikesh Chakraborty:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সাল হইতে ১৯৬৫ সালের অক্টোবর মাস পর্যন্ত মেদিনীপুর জেলার এগরা ১নং ও ২নং ব্লকের অন্তর্গত কোন্ কোন্ অঞ্চল পঞ্চায়েৎ কোন সালে কত টাকা লাম্প-গ্রান্ট পাইয়াছে;

(খ) কোন্ কোন্ গ্রামসভা সেই সেই সালে কত কত টাকা লাম্প-গ্রান্ট অঞ্চল পঞ্চায়েৎ হইতে পাইয়াছেন; এবং

(গ) প্রাপ্ত সাহায্য গ্রামসভাগুলি কি কি ভাবে ব্যয় করিয়াছেন?

The Minister of State for Panchayats: (ক) মেদিনীপুর জেলার এগরা ১নং ব্লকের অধীনে ১৯৬৩-৬৪ সালে কোন পঞ্চায়েৎ গঠিত হয় নাই বলিয়া ঐ সনে কোন লাম্প-গ্রান্ট দেওয়া হয় নাই। ১৯৬৪-৬৫ সালে পঞ্চায়েৎ নির্বাচন বাবদ ব্যয় বাদ দিয়া ঐ ব্লকের অধীন অঞ্চলগুলিকে যে টাকা লাম্প-গ্রান্ট হিসাবে দেওয়া হইয়াছে তাহার একটি বিবরণী (১নং) এর সঙ্গে দেওয়া হইল। ১৯৬৫-৬৬ সালে দেয় গ্রান্ট সরকার উক্ত সমস্ত অঞ্চল পঞ্চায়েতের নামে যে মাসেই মঞ্জুরী করিয়াছেন।

এগরা ২নং ব্লকের অধীন ৮টি অঞ্চল:—যথা, দেশবন্ধু, বাথুরিয়া, মঞ্জুশ্রী, বিবেকানন্দ, পানিপারুল, দুবদা, সর্বোদয়, ও বাসুদেবপুর। ইহাদের প্রত্যেকেই ১৯৬৪-৬৫ সালে ১,০০০ টাকা করিয়া মোট ৮,০০০ টাকা লাম্প-গ্রান্ট পাইয়াছে।

(খ) এই প্রশ্নের উত্তর একটি বিবরণী (২নং) লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(গ) প্রাপ্ত সাহায্য গ্রামসভাগুলি রাস্তা-মেরামত, জলনিকাশের ব্যবস্থা, নলকূপ খনন প্রভৃতি খাতে ব্যয় করিয়াছেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No 816

১নং বিবরণী

এগরা ১নং ব্লক	অঞ্চলের নাম		টাকার পরিমাণ
	(১) বরিদা	...	৬৪৭-৮৭
	(২) কশবা এগরা	...	৫৩০-৪৮
	(৩) ছত্রি	...	৫৫৯-৮৪
	(৪) জেড়থান	...	৪৪২-৪৫
	(৫) পাঁচরোল	...	৬০৩-৮৫
	(৬) সাহাড়া	...	৪৮৬-৫৮
	(৭) ঋষি বঙ্কিমচন্দ্র	...	৬৯১-৮৯
	(৮) জুমকী	...	৫৩০-৪৮

Shri Kamal Kanti Guha: মি: চেয়ারম্যান, স্যার, আমার একটা বক্তব্য আছে সেটা আমি প্রথমে বলে নিতে চাই, সেটা হচ্ছে আমরা দেখছি চেয়ারম্যান রোজ চেয়ারে এসে বসেছেন, কাজেই তাঁর একটা অ্যালাউন্সের ব্যবস্থা করা হোক।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Chairman : The Minister-in-Charge of Food and Supplies Department will please make a statement on the subject of seizure of rice and paddy by Police in cordon area without giving any receipt, called attention by Shri Sanat Kumar Raha on the 17th December, 1965.

Shri Smarajit Bandyopadhyay : Sir, in reply to the Calling Attention notice of Shri Sanat Kumar Raha, regarding the alleged seizure of rice and paddy by Police in cordon area without giving any receipt, I want to make the following statement :

Sir, a copy of the seizure list prepared by the Police personnel, on duty, immediately after the seizure, is made over to the person from whom rice and paddy are seized. Only in case of seizure of unclaimed rice and paddy no receipt can possibly be made over to anybody.

All rice and paddy seized by the cordoning Police are deposited at the Thana concerned, along with a copy of the relevant seizure list. At the Thana, a property Register is maintained for keeping the account of the seized food-stuffs. The seized rice and paddy are kept in the Police Malkhana till the disposal of the case under order of the Court. Whenever any such seized article is disposed of it is done under the direction of the Court through the Food Department and the sale proceeds are deposited to the Treasury.

As regards the permissible quantum of food-stuffs, it may be stated that only a bonafide adult visitor to the rationed area is allowed to bring food-stuffs not exceeding 2kgs. for his own personal consumption. The cordoning Police has been instructed to exempt only such persons from seizure.

Mr. Chairman : I have received two notices of Calling Attention on the following subjects, namely :

1) Acute scarcity of Kerosene oil in Calcutta by Shri Somnath Lahiri.
2) Problem in the transaction of business in rice and paddy in Tufangunj Sub-division by Shri Jiban Krishna Dey.

I have selected the notice of shri Somnath Lahiri on the subject of acute scarcity of Kerosene Oil in Calcutta. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay : Sir, the statement will be made on the 5th January, 1966.

Shrimati Ila Mitra: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা কেরোসিন তেল পাচ্ছিনা এটা খুবই আর্জেন্ট ম্যাটার, সুতরাং এটা সম্বন্ধে আজকেই কিছু বলুন।

Shri Jagannath Kolay: যাতে কালকেই তেল পান তার চেষ্টা করা হচ্ছে। তবে ৫ই জানুয়ারী আমরা কলিং এ্যাটেনশনের উত্তর দেবো।

Shri Pachu Gopal Bhadury: মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই বিধানসভাতে অপজিশনের মত নিয়ে কোন আলোচনা করা বা সিদ্ধান্ত করার রেওয়াজ বন্ধ হয়ে যাচ্ছে বলে একটা বিষয় সংকট উপস্থিত হয়েছে। ইমার্জেন্সি প্ল্যানের অর্থ বরাদ্দ নিয়ে কেন্দ্রের সংগে পশ্চিমবঙ্গ সরকারের একটা দ্বন্দ্ব হচ্ছে এবং কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে অবহেলা করছেন। ঐ ইমার্জেনসি প্ল্যান নিয়ে আমাদের এ্যাসেম্বলীতে কোন আলোচনা হয়নি, কোন সিদ্ধান্ত হয়নি। আমি মনে করি যদি পশ্চিমবঙ্গ সরকার বা মন্ত্রিসভা অবিলম্বে এখানে একটা আলোচনার ব্যবস্থা করেন ইমার্জেন্সি প্ল্যান নিয়ে তাহলে ইমার্জেন্সি প্ল্যানের উপর একটা সর্বসম্মত প্ল্যান নিয়ে কেন্দ্রকে কন্ট্রাক্ট করা চলতে পারে বলে আমি মনে করি। সেইজন্য অবিলম্বে এ্যাসেম্বলীর নুতনভাবে সেসন আরম্ভ হবার সংগে সংগে যাতে ইমার্জেন্সি প্ল্যানের উপর একটা আলোচনা আরম্ভ হয় বিধানসভায় সেই বিষয় আমি দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Nikhil Das: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন যে পাকিস্তানের সাথে ভারতবর্ষের যখন সংঘর্ষ চলে বা যুদ্ধ চলে তখন ভারতবর্ষের নাগরিক যারা পাকিস্তানে ছিলেন তাঁদের পক্ষে সেখান থেকে ভারতবর্ষে আসা অসম্ভব ছিল, তাঁরা সেখানে অন্তরীণ ছিলেন এবং পূর্ব পাকিস্তানে যাঁরা পশ্চিমবঙ্গের বা ভারতীয় নাগরিক অন্তরীন ছিলেন তাঁদের প্রথম দলটি ১৮ই ডিসেম্বর তারিখে বাংলাদেশে এসে পৌছান। তাঁদের যে দলটি এসেছে তার মধ্যে অনেক সরকারী কর্মচারী ছিলেন, তার মধ্যে অনেকে ওয়েষ্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে চাকুরী করতেন। কিন্তু দুঃখের সংগে আপনার মাধ্যমে জানাচ্ছি যে ওয়েষ্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের একজন কর্মচারী যিনি ১৮ই ডিসেম্বর প্রথম ব্যাচের সঙ্গে বাংলাদেশে এসেছেন তিনি যখন চাকুরীতে জয়েন করতে যান তখন তাঁকে জানিয়ে দেওয়া হয় যে তাঁর চাকরী চলে গিয়েছে। তখন তিনি বলেন যে আমি ওখানে আটকে পড়েছিলাম, আমার কোন দোষ নেই আমাকে চাকরীতে নেওয়া হোক। এইভাবে দু'তিন দিন তিনি চেষ্টা করেছেন তা সত্ত্বেও তাঁকে চাকরীতে জয়েন করতে দেওয়া হয়নি। তাই আমি মন্ত্রী সভার কাছে আবেদন করছি, শৈলবাবু এখানে আছেন তিনি এই গ্যারান্টি আজকে দিন যে ভারতীয় নাগরিক যাঁরা ওপারে অন্তরীন অবস্থায় ছিল তাঁরা এখানে ফিরে এসে সরকারী কাজে বা অন্যান্য জায়গায় চাকরীতে জয়েন করতে পারবে সেই এ্যাসিয়োরেন্স তিনি দিন।

Shri Saila Kumar Mukherjee: স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তরুণ বাবুর বিভাগ, আমি এটা তাঁর কাছে রেফার করে দেবো।

Shri Sailendra Nath Adhikari: মাননীয় চেয়ারম্যান মহাশয়, লেবার মিনিস্টার এখানে নেই তবে আমি আপনার মাধ্যমে লেবার মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি যে হাওড়ার বেঙ্গল জুট মিলস লিমিটেড কোম্পানী ৩০শে সেপটেম্বর তারিখে ৫টা পর্যন্ত কাজ করবার পর ১লা অক্টোবর থেকে নোটিশ দিয়ে দিলো যে মেশিনারি ব্রেক ডাউন হওয়ার জন্য মিলটা আপাততঃ বন্ধ থাকবে কিন্তু মেশিনারি ব্রেক ডাউন হওয়ার পর ৩ মাস চলে গিয়েছে, তারা তাদের প্রাপ্য মজুরী দেয়নি এবং এই ৩ হাজার সাড়ে ৩ হাজার লোক আজকে বেকার হয়ে পড়ে আছে এবং তাদের ইউনিয়নের তরফ থেকে লেবার কমিশনার এবং লেবার ডিপার্টমেন্টের কাছে কয়েকবার আবেদন করা হয় কিন্তু লেবার ডিপার্টমেন্ট আজ পর্যন্ত কিছু করেনি। ভারতবর্ষের অর্থনীতিতে, মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি এটা জানেন যে পাট শিল্প একটা বিরাট অংগ, সেই শিল্প

যেখানে তৈরী হচ্ছে সেই জায়গাটা বন্ধ হয়ে থাকলে তাতে শুধু যে লেবারদেরই ক্ষতি হবে তা নয় আমাদের ন্যাশনাল ইকনমিরও ক্ষতি হচ্ছে। সুতরাং এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে, লেবার ডিপার্টমেন্ট ত বটেই, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে আজ পর্যন্ত কোন এ্যাকশন নেওয়া হয়নি এবং আমি আবেদন করবো যে এই বিষয়ে অন্ততঃ পক্ষে ন্যাশনাল ইন্টারেষ্টে পশ্চিমবঙ্গ সরকারের অগ্রসর হওয়া উচিত।

Shri Sanat Kumar Raha : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রী স্মরজিত বাবুর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৮ই অগ্রহায়ণ তারিখে বাবুরাম মণ্ডল কাঁঠালিয়া গ্রাম থেকে তার নবান্নের জন্য ৮ কে, জি, ধান আনছিল—সেই রসিদ তাকে দেওয়া হয়নি। এই একটা ঘটনা আমি দিলাম, এই রকম শত শত ঘটনা আছে। ২ কে, জি, যেখানে পারমিসেবল—সেখানে গরীবলোকের সমস্ত ধান কেড়ে নেওয়া হয় রসিদ দেওয়া হয় না। এখানে যে স্টেটমেন্ট দিলেন স্মরজিত বাবু তাতে মনে হোল যে প্রত্যেক লোকের পিছু ২ কে, জি, দেওয়া হয় বাকিটার জন্য রসিদ দেওয়া হয়। আমি বলছি এটা সত্য নয়। আমাদের অভিজ্ঞতা আছে পুলিশ দু চার ছয় আট কে, জি, চাল পাচ্ছে সবটাই তারা নিয়ে নেয় দুই কে, জি, বাদ দেয় না এবং রসিদও দেয় না। আমরা তিনবার এ বিষয়ে এ্যাটেনশন ড্র করেছিলাম এ ব্যাপারে ওখানে যিনি রেসপনসিবল প্রকিওরমেন্ট লেভির ব্যাপারে শ্রীবিজয় সিং নাহার—ওঁরা সব মন্ত্রী মিলে যদি একটা ব্যবস্থা না করতে পারেন তাহলে ঐ গরীব লোকেরা মারা পড়বে।

[1-40—1-50 p.m.]

Presentation of Report of the Select Committee on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965

Shri Saila Kumar Mukherjee : Sir, I have great pleasure to present before the House the Report of the Select Committee on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965. The last date of submission expires to-day. I take this opportunity in placing on record my grateful thanks to the members of the Select Committee who within a period of six long sittings and in the midst of strenuous Assembly Session have finished deliberations on the Bill and have introduced major dynamic structural changes on the Bill which I hope to discuss when I present the motion for consideration of Report.

DEBATE ON FOOD POLICY FOR 1966

Mr. Chairman : Honourable members, I convey my sincere thanks to you for the restraint and toleration shown by you all yesterday which made it possible to have the Food Debate conducted in a calm and peaceful atmosphere. Today is the concluding day of the debate and I appeal to you once again to maintain that atmosphere and to exercise a bit more restraint and toleration towards one another's views so that the debate may be concluded smoothly and in a dignified manner. I thank you once again, honourable members.

Shri Haridas Chakraborty : মাননীয় সভাপাল মহাশয়, সরকারের খাদ্যনীতির আলোচনার দ্বিতীয় পর্যায় যা সুরু হয়েছে কালকে আমি অত্যন্ত মনোযোগ দিয়ে কংগ্রেস পক্ষের যারা বক্তা তাদের বক্তৃতা শুনার চেষ্টা করেছি। কংগ্রেস পরিষদীয় দলের সম্পাদক শ্রীঅশোক দত্ত মহাশয় এবং শ্রীকৃষ্ণ শুক্লা এঁরা দুইজনেই প্রধানত তাঁদের বক্তব্য রাখতে চেষ্টা করেছিলেন—তাঁদের সেই বক্তৃতার মধ্যে একমাত্র সরকারের সংগ্রহ নীতি যার উপর আমরা বিতর্ক করছি এবং আমাদের বিতর্কের অবকাশের আগে যে নীতি কার্যকরী হয়ে চলেছে সেই নীতিকে সফল করে তুলুন—এই আবেদন ছাড়া তাঁদের বক্তৃতায় আর নূতন কোন সংবাদ বা নূতন কোন যোজনা আমরা পেলাম না। আর যেটা পেলাম তা হোল অত্যন্ত সংকটজনক খাদ্য পরিস্থিতি, একটা জাতীয় সংকট, ভয়াবহ পরিস্থিতি এই রকম কতকগুলি বিশেষণ ছাড়া এই খাদ্য সমস্যার গভীরে প্রবেশ করে এই সমস্যা সমাধানের নূতন কোন ইঙ্গিত তাঁরা দিতে পারলেন না। মাননীয় সভাপাল মহাশয়, আমি শুধু অশোকবাবু এবং শুক্লাবাবুদের এই কথা বলতে চাই—এটা ভয়াবহ সংকটজনক পরিস্থিতির কথা উল্লেখ করেই কি তাঁদের দায়িত্ব সেখানে সীমিত হয়ে যায়? এই সংকটজনক খাদ্য পরিস্থিতির জন্য দায়ী কারা? কেন এই সংকটজনক খাদ্য পরিস্থিতি হোল সেই সম্পর্কে কোন ইঙ্গিত কি তাঁরা দিতে পারতেন না তাঁদের বক্তৃতায়। আমি এই কথা বলতে চাচ্ছি যে যারা কাড়িয়াছে মুখের গ্রাস তাদের করিয়াছ ক্ষমা ডাকিয়াছ নিজের সর্বনাশ। আপনারা আপনাদের ১৮ বছরের অনুসৃত নীতি দিয়ে কৃষকদের ঋণ মুক্ত করতে পারেন নি মহাজনদের হাত থেকে। আপনারা কোটি কোটি টাকা খরচ করেছেন তিনটি পাঁচশালা পরিকল্পনা জুড়ে। অথচ পশ্চিম বাংলার ১/৪ জমিতে জল সরবরাহ করা ছাড়া আর কিছুই আপনারা করতে পারেন নি। আপনারা কৃষকদের ঋণের ব্যবস্থা করতে পারেন নি ঐ বি, ডি, ও, মারফৎ কিংবা আপনাদের ঋণ দেবার যে পদ্ধতি সেই পদ্ধতিতে শুধুমাত্র ইউনিয়নগুলির সভাপতি কিংবা গ্রামের অধ্যক্ষ ইত্যাদি কয়েকজন যারা হচ্ছেন আপনাদের রাজনৈতিক দলের স্বার্থসিদ্ধির আড়কাঠি হিসাবে বিভিন্ন গ্রামে আছে তাদের স্বার্থ সিদ্ধি করা ছাড়া সাধারণ কৃষক সমাজের—তাদের উন্নত প্রথার চাষ করা কিংবা উৎপাদন বৃদ্ধির যে পরিকল্পনা সেই পরিকল্পনা আপনারা করতে পারেন নি। তারজন্য আমরা বার বার এই ১৮ বছর ধরে আমাদের দল থেকে বিভিন্নভাবে আমাদের বক্তব্য রেখেছি যে কেমন করে এই চাষীদের মুক্তি দেওয়া যায় কেমন করে এই উৎপাদন বাড়ানো যায়—তার পরিকল্পনা আমরা এখানে পেশ করেছি—আমরা জানি এই বিতর্কের জবাব দিতে উঠে বা এই বিতর্কে অংশ গ্রহণ করে আমাদের বক্তব্যকে ডুবিয়ে দিয়ে নিজেদের জীদকে বজায় রাখার জন্য যেমন নিজেদের নীতি পুনর্বার ঘোষণা করছেন ঠিক তেমনি করে যে ব্যর্থ নীতি আপনারা ১৮ বছর ধরে অনুসরণ করছেন যার নীট ফল হিসাবে আজকে আপনাদের স্বীকার করতে হবে এই সংকটজনক পরিস্থিতি—সেই সংকটজনক খাদ্য পরিস্থিতি থেকে ত্রাণ পাবার জন্য আপনাদের সেই ব্যর্থ নীতির কর্ণধারদের আবার আমাদের দায়িত্ব দিতে হবে—এটাই হচ্ছে অদৃষ্টের পরিহাস। মাননীয় সভাপাল মহাশয়, আমি শুধু একথা বলছি যে একদিকে যেমন ব্যর্থতার উপর দাঁড়িয়ে নূতন ব্যর্থতাকে তাঁরা আহ্বান করেছেন এই লেভি নীতির মারফৎ—ঠিক সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে সেই লেভির ক্ষেত্রে ওঁদের পূর্বেকার যে অনুসৃত নীতি বৃহৎ জোতদার, বৃহৎ জমির মালিক তাদের স্বার্থ বজায় রাখার চেষ্টা করছেন সেই লেভির মারফৎ। কালকে অশোকবাবু আমাদের দলের নেতা সোমনাথবাবু যে পরিসংখ্যান দিয়েছেন তার বিরোধিতা করেছিলেন। তিনি বলেছিলেন ঐ ১০ একর থেকে ২৫ একর পর্যন্ত বৃহত জোতের মালিক তার যে বাড়তি ধান তা সংগ্রহ করার নীতি যদি সরকার গ্রহণ করতেন তাহলে ১৫ লক্ষ টনের যে টারগেট আছে তা নিশ্চয় পূরণ করতে পারতেন। কিন্তু তা করেন নি। ১০ থেকে ২৫ একর পর্য্যন্ত বৃহৎ জোতের মালিক লেভি করার পরে তার হাতে যে উদ্বৃত্ত ধান থাকবে সেগুলি বাংলাদেশের চোরাকারবারীদের লিভিং সেল হিসাবে বিরাজ করবে বাংলা দেশের গ্রামাঞ্চলে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে একদিকে যখন এই অবস্থা চলছে, অন্যদিকে পরিসংখ্যানের ভিত্তিতে যে চিত্র দেখতে পাওয়া যায়

তাতে আমরা দেখছি যদিও সংকটজনক খাদ্য পরিস্থিতি আমরা স্বীকার করছি যে উৎপাদন সে পরিমাণ বাড়ে নি—কিন্তু তা সত্বেও প্রতি বছরই কিছু কিছু উৎপাদন বেড়েছে। আমি এ সম্পর্কে ষ্টেটসম্যান পত্রিকায় কাঁচকলা খাবার অভাবে গত ১৫ই নভেম্বর তারিখে যা বেরিয়েছে সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বলা হয়েছে যে খাদ্যশস্য কমেনি বরং বেড়েছে তা সহজেই নজরে পড়তো যদি নিয়ন্ত্রণ ও বিতরণের উন্নত ব্যবস্থা থাকতো। মাননীয় সভাপাল মহাশয়, নিয়ন্ত্রণ এবং বন্টন ব্যবস্থার মধ্যে মূল সমস্যা জড়িয়ে আছে এবং সেই বন্টন ব্যবস্থায় আমরা দুটো জিনিস দেখতে পাচ্ছি। একদিকে কলকাতা সহর আর সহরতলীকে নিয়ে স্ট্যাটুটারী রেসনিং-এর প্রবর্তত হয়েছে, আর অন্যদিকে যা ঘোষিত নীতি মফঃস্বলে বিশেষ করে আসানসোল দুর্গাপুর রাণীগঞ্জ ইত্যাদি কতকগুলি জায়গায় স্ট্যাটুটারী রেসনিং ব্যবস্থা প্রবর্তিত হবে। মাননীয় সভাপাল মহাশয়, এই স্ট্যাটুটারী রেসনিং এলাকার সমস্যাগুলি আপনি জানেন যে এক দিকে এখানে যে বরাদ্দ ছিল সেই বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে—অথচ সেই বরাদ্দ কমিয়ে দেওয়ার ফলে অবস্থা এই দাঁড়ালো যে কলকাতা সহর বা সহরতলী এলাকায় রেসনভুক্ত যে এলাকা সেই এলাকায় চোরাকারবারীদের প্রায় খোলা ময়দান তৈরী হোল। এবং স্বীকার করা হল যদিও যে কোটা দেওয়া হয়েছে সেটা

[1-50—2 p.m.]

চলবে। সুতরাং কালোবাজারীতে কিনতে হবে এবং কেনার যে সম্ভবনা তা বাড়িয়ে দেওয়া হল। যার ফলে ঐ গ্রামাঞ্চলে বৃহৎ জোতদারের হাতে যে জমি থাকবে সে সরকারের লেভি আদেশকে ফাঁকি দিয়ে ধান হস্তগত করবে। এবং কর্ডন এলাকায় যে চাল রেশান এলাকার মধ্যে আনবে এবং যোগান দেবে। অন্যদিকে গ্রামাঞ্চলে নূতন হাহাকার সৃষ্টি করল। একদিকে রেশানের কোটা হল অন্যদিকে রেশান কার্ড দেওয়া বন্ধ করে দেওয়া হল, এবং রেশন কার্ড বাতিল করবার ব্যবস্থা করা হল। খগেনবাবুকে আমি কার্ড দিয়েছি কিন্তু তার কোন প্রতিকার হয়নি। আর একটা বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। শ্রম সম্মেলনে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল পঃ বঃ শ্রমমন্ত্রীর কল্যাণে একটি মালিকও নিয়ন্ত্রিত মূল্যে ফেয়ার প্রাইস সপ্ করতে পারেন নি। তিনি একটি মালিককেও বাধ্য করতে পারেন নি যে নিয়ন্ত্রিত মূল্যে ফেয়ার প্রাইস সপ্ খুলতে হবে। আমি আসানসোল শিল্পাঞ্চলের দিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, সমস্ত আসানসোল মহকুমাকে Statutory Rationingএর আওতায় আনতে হবে। আপনি জানেন আসানসোল মহকুম প্রধানতঃ শিল্পাঞ্চল এবং সেটাকে গ্রাম ও শহরে বিভক্ত করবার উপায় নেই। কারণ সরকারের ঘোষিত নীতি অনুসারে একথা প্রমাণ হয়ে গেছে—অর্থাৎ সেখানে তারা পঞ্চায়েত নির্বাচন করেন নি। সেটা গ্রাম এলাকা নয় সেটা শিল্পাঞ্চল, সুতরাং সেখানে পঞ্চায়েত হতে পারে না। Ration দেবার কথা যখন আসছে তখন শুধুমাত্র আসানসোল রাণীগঞ্জ শিল্পাঞ্চল Ration এলাকা করা হচ্ছে। কিন্তু এর বাহিরের অঞ্চলগুলিকে যদি Ration এর বাইরে রাখা হয় তাহলে গ্রামাঞ্চলে ১, ২, ৩ kg. চাল বিক্রী হবে এবং Ration introduction হলে সে গ্রামাঞ্চলের চাল Ration এলাকার মধ্যে ঢুকে যাবে এবং গ্রামাঞ্চলের হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ অনাহারের দিকে এগিয়ে যাবে। সুতরাং আপনাদের এ নীতি যদি কার্যকরী করতে চান তাহলে সেটা ব্যর্থতায় পর্যবসিত হবে একথা বলে শেষ করছি।

Shri Shreemohan Thakur : মাননীয় সভাপাল মহাশয় আজকে খাদ্য বিতর্ক ব্যাপারে এক অদ্ভুত অবস্থা দেখা যাচ্ছে; প্রতিটি লোকের মুখে খাদ্যনীতি সম্বন্ধে আলোচনা হচ্ছে। কেউ কেউ জিজ্ঞাসা করছেন হ্যাগো আপনাদের পেটফুলো যেন বলে নাকি কেউ আছে? তোমরা তাকে চেন? আমি জিজ্ঞাসা করলাম কেন কি হলো? তারা বলেন তিনি এতসব বাজে কথা রেডিও ও খবরের কাগজ মারফৎ অনবরত বলেন যার ফলে ২।৩ টাকা কে, জি, চাল হয়ে যায়। তাঁর পেট বেশী ফুলে উঠলেই সব আজগুবী কথা কাঁচকলা থেকে সুরু করে বলেন। কেউ কেউ জিজ্ঞাসা করেছেন আপনাদের ওখানে মুখ্যমন্ত্রী কেউ আছেন তিনি দুর্ভিক্ষ ডেকে

এনেছিলেন, যিনি খানিকটা পেট খালি করতে গিয়ে ৩৲ টাকা কে, জি, চাল করেন এই ধরনের বক্তৃতা দিয়ে তিনি নাকি আবার দুর্ভিক্ষ মন্ত্রী নাম কিনেছিলেন। যিনি এক বক্তৃতায় ২৲ টাকা কে, জি, চাল করেছেন তিনি আবার খাদ্যনীতি করে কত টাকা কিলো চাল করবেন সেটা আমরা ভাবতে পাচ্ছিনা। গ্রামের লোকেরা বলেন চিনিতেই আমরা তাকে চিনে নিয়েছি। চিনির ব্যাপারে গ্রামে যেভাবে বিশ্বাসঘাতকতা করেছেন তা সবাই জানে। গ্রাম থেকে ধান চালান চলে যাবার পর দিন দিন সেখানে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হচ্ছে, অতএব এই দুর্ভিক্ষের অবস্থা যিনি সৃষ্টি করছেন তাঁর কথা আমরা শুনতে চাইনা। এখন এ ধরনের অবস্থা প্রতিকারের জন্য কি পথ আছে বলুন। গাছে কি ফল ফলে তা ফল দেখলেই বোঝা যায়। পুরাণ খাদ্যনীতি যা তিনি এতদিন চালিয়ে আসছিলেন তার ফলে ২।৩ টাকা কে, জি, চাল। এবারের খাদ্যনীতিতে জানিনা কত টাকা কে, জি চাল তিনি দাঁড় করাবেন। এরূপ কথা শুনে গ্রামে যাবার উপায় নেই। গোড়া থেকে শেষ পর্যন্ত সবই একটা আজগুবী কথা। একটা কথা শুনছি যে খাদ্য নিয়ে রাষ্ট্রীয় ব্যবসা পরিচালনা করবেন। বর্দ্ধমান, বীরভূমে আমরা দেখছি রাস্ট্র ব্যবস্থার নামে মিল মালিক এবং Agentদের দেবার ব্যবস্থা করেছেন। দেশের লোকও জানে যে এভাবে লক্ষ লক্ষ মণ ধানচাল পাচার করে দিয়ে দেশের লোককে দুর্ভিক্ষর মধ্যে ঠেলে দিয়ে তারা একটা একচেটিয়া ব্যবস্থা করছেন। গ্রামের লোক কেউ বিশ্বাস করেনা, ধান চাল যদি একবার গ্রামের বাইরে চলে যায় তারপর আবার ফিরে পাবেনা? তারা চিনি, কেরোসিনের উপমা দেয়। আমি বর্দ্ধমান জেলায় কেতুগ্রামের কথা বলছি। এর একদিকে বীরভূম, একদিকে মুর্শিদাবাদ এবং আর একদিকে নদিয়া। এখানকার হাজার হাজার চাষী খুব অসুবিধার মধ্যে পড়ছে। যেখানে যাচ্ছেন সেখানে পুলিশ হোমগার্ড বা হুলুমাস গার্ড আছে। এদের চাঁদির জুতা দিলেই সব ঠিক হয়ে যায়। এভাবে আপনারা ১৮ বৎসর ধরে গ্রামের লোকদের সংগে বিশ্বাস-ঘাতকতা করেছেন এবং আজও তা করছেন। সেজন্য বলছি দয়া করে যাতে ধানচালগুলো কর্ডন এলাকার বাইরে না যায় তার ব্যবস্থা করুন। D. M.কে বললে তিনি বলেন আমি কি করবো আমি চৌকিদার। বীরভূমে জমি বর্দ্ধমানে বাড়ী এরূপ লোক তারা বীরভূমে D. M.এর কাছে গিয়েছিল আমাদের কি হবে। তিনি সোজা বলে দিলেন মাঠে মাঠে খামার করুন খামার করে সেখানে বিক্রি করে দিয়ে খড় করে নিয়ে বাড়ী চলে যান। আপনাদের ভূমি সংস্কারের ফলে জমি তো ৫।৭ ভাগে ভাগ হয়ে গেছে। বাড়ীতে যেখানে খামার সেখানে তো ছাগল গরু হাঁস থাকে সেখানে তো ধান ফেলতে পারে না। সুতরাং ঐ মাঠে খামার করে ধান বিক্রি করে দিন এরূপ ধরনের আজগুবী খাদ্যনীতিতে গ্রামের লোক বিশ্বাস করে না। সেজন্য আপনারা order দিন যাতে গাছ ধান ঠিকভাবে তুলতে পারে।

[2—2-10 p. m.]

Shri Deb Saran Ghosh : মাননীয় চেয়ারম্যান, স্যার, ১৯৬৬ সালের খাদ্যনীতি যা যা ইতিমধ্যে বাংলা দেশের বিভিন্ন অঞ্চলে কার্য্যকরী হতে চলেছে বা সুরু হয়ে গেছে, সেই সম্পর্কে বিধানসভায় গতকাল থেকে আলোচনা সুরু হয়েছে। ১৯৬৬ সালের যে খাদ্যনীতি—মূলতঃ আমাদের দেশে যে খাদ্যনীতি আছে সে দিকে লক্ষ্য রেখে ১৯৬৬ সালের এই খাদ্যনীতি নির্ধারিত হয়েছে। আমাদের দেশে যে খাদ্য ঘাটতি আছে—এই কথাটা প্রমাণ করার জন্য মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে কংগ্রেসীদের বিভিন্ন সদস্য এযাবৎকাল যে সংখ্যাতত্ত্ব আমাদের সামনে খাড়া করেছেন, আমাদেরকে তাঁরা তা বিশ্বাস করাতে পারছেন না। শুধু আমাদের কাছে না—বাংলা দেশের সাধারণ মানুষ যারা কিনে খায় এবং খাদ্য উৎপাদন করে—এই খাদ্য ঘাটতির তত্ত্ব সেই বাংলা দেশের সাধারণ মানুষের কাছে আদৌ বোধগম্য হয় নাই। আমরা বিশ্বাস করি না এবং বাংলা দেশের সাধারণ মানুষও বিশ্বাস করে না যে সংখ্যাতত্ত্ব আমাদের সামনে রাখা হয়, এই বিধানসভায় রাখা হয়, আমি জোর করে বলতে পারি সেই সংখ্যাতত্ত্ব আদৌ সত্য নয়।

এই সংখ্যাতত্ত্ব যারা তৈরী করে, তারা আদৌ বিশ্বাসভাজন ব্যক্তি নয়। আমি সংখ্যাতত্ত্বের দিকে না গিয়ে বাস্তবে যা দেখছি—আজও বাংলা দেশের জোতদারদের গুদাম থেকে পুরাণ ধান সরকারী গুদামে বিক্রী হচ্ছে। মুখ্যমন্ত্রী সংখ্যা দিয়ে যা বোঝাবার চেষ্টা করেছেন বারবার তাতে দেখা যায় গোটা বছরের খাবার থেকে বাংলা দেশে ঘাটতি পড়ে তিন মাসের মত। কিন্তু আমরা দেখছি—যে সময় বিধানসভায় এই বক্তৃতা দিচ্ছি বাংলা দেশের বিক্রয় কেন্দ্রে গত বছরের শুধু নয়, তার আগের বছরের ধান আজকে জোতদারদের ঘর থেকে গুদাম থেকে সরকারী গুদামে বিক্রয় হচ্ছে ১৪॥০, ১৫॥০, ১৬॥০ টাকা দরে। গ্রামের সাধারণ মানুষ প্রশ্ন করছে খাদ্যে যদি ঘাটতি থাকবে, shortage থাকে, তাহলে ২।৩ বছরের পুরাণ ধান সরকারী গুদামে বিক্রী হচ্ছে কি করে? কাজেই এটা ভাওতা ছাড়া আর কিছুই নয়। এর মূলে বিরাট একটা ষড়যন্ত্র আছে। বারবার খাদ্য ঘাটতি আছে বলে দেশের যারা চোরাকারবারী, মুনাফাখোরী, তাদের মুনাফা করবার সুযোগ করে দেবার জন্য এই ঘাটতি তথ্য ও তত্ত্ব এখানে উপস্থিত করছেন। এই বছর লক্ষ্য করছি মুখ্যমন্ত্রী বলছেন কলকাতার বাবুদের জন্য কম রেশন বরাদ্দ হবে। এর কারণ আর কিছু নয় যাতে চোরাকারবারী মুনাফাখোরী অবাধে চলতে পারে তারই ব্যবস্থা করা হচ্ছে। তিন দিনের খাবার দেওয়া হবে রেশনের মাধ্যমে আর বাকী চার দিনের জন্য গোপন বাজারের থেকে কিনতে বাধ্য করা হবে। এই নীতি হচ্ছে ১৯৬৬ সালের খাদ্যনীতি এবং সেই চোরাবাজারের পথই তিনি খোলা করে দিচ্ছেন—এছাড়া আর কোন উদ্দেশ্য এর মধ্যে নাই। যদি খাদ্য ঘাটতি থাকতো তাহলে সোজাসুজি State Trading করতেন। সমস্ত খাদ্য সরকার কিনে নিতেন, মজুত করতেন এবং সেটা রেশানের মাধ্যমে সমভাবে বন্টন বা distribution করতেন। কিন্তু তা করা হচ্ছে না। যথারীতি মিল মালিক ধান কিনতে পারবে—চোরাকারবার করতে পারবে। Co-operative ধান কিনেও চোরাকারবার করবার সুযোগ পাবে। সরকার শহরাঞ্চলে কিছু statutory rationing করবে। গ্রামাঞ্চলের মজুর চাষী যারা বুকের রক্ত জল করে ফসল ফলাচ্ছে তাদের কি পরিমাণ রেশন দেওয়া হবে তা কেউ জানে না, জানান হচ্ছে না। আমি গ্রামাঞ্চলের মানুষ গ্রাম থেকে এসেছি, সেখানে (ক) শ্রেণীর কার্ড দেওয়া হবে, গোটা বছর modified ration তাদের দেওয়া হবে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়দের প্রশ্ন করছি যে জমি যার নাই গোটা বছরে মডিফায়েড রেশন দেওয়া হবে আংশিক রেশন দেওয়া হবে। ধরে নিলাম ৩।৪ দিনের তাদের রেশন দেওয়া হবে বাকী তিন দিন বাজার বন্ধ, গ্রামাঞ্চলে খুচরা ব্যবসা বন্ধ—তারা বলেছেন ২।১টা দোকান খোলা থাকবে ১০ কেজি, ৫ কেজি চাল তারা বিক্রি করতে পারবে। আমি প্রশ্ন করি—ধরুন একটা গ্রামে ১০০ ঘর লোকের বাস আছে—১০০ ঘর লোকের (ক) শ্রেণীর Card দেওয়া হয়েছে গোটা বছর তারা মডিফায়েড রেশন পাবে, ৪ দিনের রেশন তারা পাবে বাকী তিন দিনের রেশনের চাল তারা কোথা থেকে পাবে। গ্রামে একটা দোকান থাকে দুইটা রেশন দোকান যদি থাকে তাহলে ৫ কেজি ১০ কেজির বেশী চাল তারা বিক্রি করতে পারবে না। একটা পরিবারের কম পক্ষে যদি ১ কেজি চাল দিনে লাগে তাহলে সেই গ্রামের consumption হচ্ছে ১০০ কেজি চাল। কিন্তু গ্রামে একটা দোকানদার বা দুটো দোকানদার ১০ কেজি আর ৫ কেজির বেশী চাল বিক্রয় করতে পারবে না তাহলে আমি প্রশ্ন করি সেই (ক) শ্রেণী যাদের গোটা বছর রেশন দেবেন তারা বাকী দিনের চাল কোথা থেকে পাবে। স্যার, আমি সর্বশেষে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে লেভী করা হয়েছে, লেভী আদায়ের জন্য গ্রামাঞ্চলে বিভিন্ন থানা অঞ্চলেও কর্ডন করা হয়েছে। আমরা এর স্বার্থকতা কোথাও খুঁজে পাচ্ছি না। কিন্তু লেভীর নামে যে কর্ডন ব্যবস্থা চালু করা হয়েছে—এই কর্ডনের যে দুর্ভোগ গ্রামের চাষীকে কিভাবে ভোগ করতে হচ্ছে সেই সম্বন্ধে দুই একটা আমি এখানে তুলে ধরতে চাচ্ছি, বিশেষ করে বাড়তি এলাকার। আমি ঘাটতি এলাকার কথা বলব না। যেসমস্ত চাষীর কর্ডন এলাকার বাইরে তাদের বসতবাড়ী তাদের ধরুন জমি চাষ হয় কর্ডন এলাকার মধ্যে।

আজকে কর্ডন এলাকা থাকার জন্য তার নিজের যে জমির ধান তারা চাষ করেছে সেই জমির ধান কর্ডনের নাম করে তাদের ধান আটকে রাখা হয়েছে। সরকারের তরফ থেকে বলা হচ্ছে জেলা শাসকের কাছে দরখাস্ত করতে হবে গ্রাম সেবকের কাছে দরখাস্ত করতে হবে B. D. O. সাহেবকে দরখাস্ত করতে হবে। স্যার, কংগ্রেসের সদস্যরা বলেন আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি চালু করছেন সেই নীতিকে এর থেকে নাকি ভাল করা যেত না। কিন্তু আমি প্রশ্ন করি যে রাম অথবা রহিম বুকের রক্ত দিয়ে নিজের জমির ফসল ফলিয়েছে সেই জমির ধান সে নিজের বাড়ীতে আনতে পারবে না। তার নিজের জমি যেহেতু কর্ডন এলাকায় পড়েছে সেইহেতু সে আনতে পারবে না। মুর্শিদাবাদ এলাকার চাষী তার হয়ত বর্ধমান জেলায় কিছু জমি পড়েছে সেই জমির ধান সে আনতে পারবে না। এইভাবে আমরা লক্ষ্য করছি যে হাজার হাজার বিঘার ধান নষ্ট হয়ে যাচ্ছে। চোরে চুরী করে নিচ্ছে এবং আরও লক্ষ্য করছি মুর্শিদাবাদ জেলার জমির ধান বর্ধমান জেলার মহাজনকে বিক্রয় করতে বাধ্য করা হচ্ছে। আমি মনে করি এই নীতির নাম করে প্রফুল্ল সেনের যারা চাটুকার যারা স্তাবক তারা এই আইনসভায় বসে এই নীতির উচ্ছসিত প্রসংশা করছে কিন্তু বাংলা দেশের গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ চাষী নিজের জমিতে ফসল ফলিয়ে সরকারী কর্মচারীর কৃপাদৃষ্টির উপর নির্ভর করে বসে আছে। সেজন্য আমি বলছি চাষীরা পেটের ক্ষুধা রেখে কোন আইন কোন নীতি তারা কার্য্যকরী করতে দেবে না।

[2-10—2-20 p.m.]

Mr. Chairman Honourable members, I am very much pressed for time. There are 17 speakers on this side. Unless you confine yourselves within your time, it will not be possible to finish within the scheduled time. Therefore, kindly keep yourselves confined within the scheduled time.

Shri Adhar Chandra Halder : মাননীয় সভাপতি মহাশয়, আজকে সরকার যে খাদ্যনীতি প্রবর্তন করেছেন, যখন দেশে অভাব তখন খাদ্যনীতি প্রবর্তন করা দরকার কিন্তু সব থেকে দুঃখের বিষয় এই যে সরকার হঠাৎ এই খাদ্যনীতি প্রবর্তন করাতে কতকগুলি অসুবিধার সৃষ্টি হয়েছে। আজকে ১৮ বছর হল আমরা স্বাধীন হয়েছি কিন্তু ১৮ বছর ধরে আমরা খাদ্য সমস্যার সমাধান করতে পারিনি। এই সংগে একটা কথা আমার মনে পড়ছে যে এক শ্রেণীর ছাত্র আছে যারা সারা বছর ফাঁকি দিয়ে পরীক্ষার মাত্র কয়েক মাস আগে থাকতে তারা রাতদিন পড়তে থাকে, আমাদের সরকারের অবস্থাও হয়েছে ঠিক তাই। সরকার ১৮ বছর ধরে খাদ্য সমস্যার সমাধান করতে পারিনি, আজকে হঠাৎ তাঁরা যে খাদ্যনীতি প্রবর্তন করেছেন তাতে আমাদের বাংলা দেশের চাষীরা বিভ্রান্ত, দিশেহারা হয়ে পড়েছেন, তারা কি করবে স্থির করতে পারছেনা। খাদ্যনীতি প্রবর্তন করা দরকার এটা আমি মানি কিন্তু এই খাদ্যনীতি যেখানে প্রণয়ন করা হয়েছে সে সম্বন্ধে কিছু পরিবর্তন করা দরকার। যে খাদ্যনীতির প্রবর্তন করা হয়েছে তাতে বলা হয়েছে যে দুই একর জমি লেভি মুক্ত করা হবে। কিন্তু সেটা সর্বদিক থেকে বিবেচনা করে দেখতে গেলে দেখা যায় যে সেচবিহীন এলাকা ৭ একর জমিকে লেভি মুক্ত করা উচিত এবং সেচযুক্ত এলাকায় ৫ একর জমিকে লেভি মুক্ত করা উচিত। কিন্তু সরকার চাষের উন্নতির জন্য কিছু করেন নি। কৃষি বিভাগ এত অকর্মণ্য যে চাষের দিকে তাদের আদৌ লক্ষ্য নেই। দেশে এ বছরে ব্যাপকভাবে পোকা লেগেছে, বিশেষ করে সুন্দরবন অঞ্চলে পোকা লাগার ফলে বিঘা প্রতি দেড় মণের বেশী ফসল ফলেনি। সেজন্য সেই সুন্দরবন অঞ্চলের চাষীরা লেভি দেবে কি প্রকারে? সেজন্য লেভি প্রবর্তন করা উচিত ছিল জমির প্রকার ভেদে। বর্ধমানে এক শ্রেণীর জমি আছে, আর বাংলা দেশে অন্য শ্রেণীর

জমি আছে। বর্ধমানে যে পরিমাণে লেভি হবে আজ বাংলা দেশে সেই পরিমাণে লেভি দিতে হচ্ছে যার জন্য সরকারের এই খাদ্যনীতির কোন অর্থ হচ্ছে না। তারপরে আর একটা কথা, শুধু জমির দিকে লক্ষ্য করে এই খাদ্যনীতি প্রবর্তন করা হয়েছে, কোন পরিবারে কত লোকসংখ্যা আছে, কোন পরিবারে অল্প জমি এবং অধিক লোকসংখ্যা আছে, যেখানে জমির সংখ্যা একটু বেশী কিন্তু খুব বেশী লোক সংখ্যা আছে সেখানে সেই জনসংখ্যার সংগে তুলনা করে এবং জমির সংগে তুলনা করে খাদ্যনীতি প্রবর্তন করা উচিত ছিল, সরকারের খাদ্যনীতিতে সেই গলদটা হয়ে গিয়েছে। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন জয় জোয়ান জয় কিষাণ। কিষাণদের যেখানে জোয়ানদের সঙ্গে তুলনা করা হচ্ছে, আজ জোয়ানদের যেমন খাদ্যাভাব হতে দেওয়া উচিত নয় তেমনি কিষাণদেরও খাদ্যাভাব হতে দেওয়া উচিত নয়। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে কম খেতে হবে। কিন্তু যারা ঐ জোয়ানদের জন্য খাদ্য উৎপাদন করছে তাদের যদি আমরা কম খেতে দিই তাহলে তারা খাদ্যের উৎপাদন করতে পারবেনা। এই সমস্ত খাদ্যনীতির মধ্যে নানা রকম গলদ থাকার জন্য আমি এই খাদ্যনীতিকে সমর্থন করতে পারছিনা।

Shri Jiban Krishna Dey : মিঃ চেয়ারম্যান, স্যার, দেশবাসীকে দু'বেলা পেট ভরে খেতে দেওয়া এবং পরতে দেওয়া এই ছিল আমাদের স্বাধীনতা আন্দোলনের উদ্দেশ্য এবং স্বাধীন সরকার ভবিষ্যতে যে হবে তার কর্তব্য নির্ধারিত হয়েছিল যে দেশবাসীকে অন্ততঃ মোটা ভাত মোটা কাপড়, দু'বেলা খেতে এবং পরতে দিয়ে সন্তুষ্ট রাখা। দেশের মানুষ সমস্ত কিছু উজাড় করে দিয়ে এই স্বাধীনতা আন্দোলনের ডাকে সাড়া দিয়েছিল আমরা তা জানি। ১৮ বছর পরে আমাদের সেই নেতাদের আজ হঠাৎ খেয়াল হল যে তাঁরা ভুল করেছেন, সেদিন ভুল হয়ে গিয়েছিল। সেটা কি ? তাঁরা বুঝতে পারেননি যে পেট ভরে খেতে দেওয়া এটা যেমন একটা অপরাধ, পেট ভরে খেতে চাওয়াটাও তেমনি একটা অপরাধ এবং যে পেট ভরে খেতে চাইবে সেটা হবে দেশপ্রেম বিরোধী কাজ এবং পেট খেতে যদি না চায় সেটা হবে দেশপ্রেমের একমাত্র লক্ষণ। এতদিন পর্যন্ত আমরা দাবী করে এসেছি যে দেশের মধ্যে খাদ্যাভাব আছে, বহুমানুষ না খেয়ে মরছে, বহু দুঃখকষ্টের মধ্যে মানুষ আছে। কিন্তু আমরা দেখছি সরকার এই কথা স্বীকার করতে লজ্জা পাচ্ছিলেন খাদ্যাভাবের কথা, ঘাটতির কথা এবং দুঃখকষ্টের কথা, দেখলাম সরকারের যেন একটা দিব্যজ্ঞান এসে গিয়েছে, তাঁরা ঐ লজ্জাটাকে এখন গর্ব হিসাবে প্রচার করছেন যে দেশে মহাঘাটতি আমাদের কম করে খেতে হবে, সেটা কেন্দ্র থেকে আরম্ভ করে প্রদেশ পর্যন্ত সবাই একসুরে চিৎকার করেছেন যে খাদ্য নাই, খাদ্য নাই, খাদ্য নাই। আর একটা কথা আজ ১৮ বৎসর পরে তাঁরা বলেছেন যে খাদ্যে আজকে স্বাবলম্বী হও, অন্য কোন পথ নেই। এই ১৮ বছর তাঁরা কোথায় ছিলেন ? এই ১৮ বছরে তাঁরা একটা কাজও করেননি, আজকে হঠাৎ খাদ্যে স্বাবলম্বী হওয়ার কথা মনে পড়লে হালে পানি পাওয়া যাবে কেন ? তাই হালে আর পানি পাওয়া যাচ্ছেনা, আমাদের সরকার নাজেহাল হয়ে যাচ্ছেন। বিদেশ থেকে খাদ্য আমদানী করার পক্ষে আমাদের অসুবিধা আছে বা অন্যভাবে খাদ্য আমদানী করারও আমাদের অসুবিধা আছে একথা সরকার আমাদের বললেন যে আমেরিকার গম খাওয়া আমাদের পক্ষে হারামের মত কাজেই ঐ গম নেবে না। ভাল কথা, আমেরিকার সর্তযুক্ত গম আমরা খাবোনা। কিন্তু টাকা দিয়ে কোথায় গম পাওয়া যাবে ? যখন দেশের মধ্যে খাদ্যের অভাব আছে, দেশের মধ্যে উৎপাদন নেই, দেশ ঘাটতির মধ্যে আছে তখন স্বাবলম্বী হওয়া যায়না। আমেরিকা থেকে আমদানী করবোনা, নগদ টাকা দিয়েও অষ্ট্রেলিয়া, থাইল্যাণ্ড, বার্মা, ইত্যাদি থেকে আমদানী করা সম্ভব নয় এটাও সরকার বলছেন। তার মানে কি দাঁড়াচ্ছে ? তার মানে দাঁড়াচ্ছে দেশের মধ্যে খাদ্যাভাব, বাইরে থেকে আমদানী বন্ধ অতএব সমস্ত মানুষকে না খাইয়ে রাখতে হবে। এই না খাইয়ে রাখার নীতিকে সরকার আজকে দেশপ্রেমের নীতি হিসাবে গ্রহণ করেছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, এই নীতি দেশদ্রোহী নীতি, এই নীতিই দেশের লোকের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন এই হচ্ছে আমার প্রথম এবং প্রধান কথা। গেল

বছরে আমরা কি দেখেছি? খাদ্যনীতির মূল কথা আমরা জানি যে যেখানে ডেফিসিট সেখানে সেই সরকারের পক্ষে বাইরে থেকে খাদ্য আমদানী করাটা পাপ নয়। আজকে ব্রিটিশ সরকার যদি খাদ্য আমদানী না করেন তাহলে দেশের মানুষ তাঁকে অভিনন্দন জানাবেনা, সেখানে তাঁর পক্ষে খাদ্য আমদানী করাটাই হচ্ছে কর্তব্য। আমরা দেখেছি সোভিয়েট রাশিয়াতে যখন খাদ্যের অভাব হয়েছে তখন অন্য দেশ থেকে খাদ্য আমদানী করে দেশের মানুষকে পেট ভরে খাওয়ানর দায়িত্ব সরকার নিয়েছে, এটা হচ্ছে সরকারের কর্তব্য। দেশের মানুষকে পেট ভরে খেতে দেওয়ার দায়িত্ব সমস্ত গণতান্ত্রিক সরকারের প্রথম এবং প্রধান কাজ। আমার ধারণা এই সরকার যদি জাতীয়তাবাদী সরকার বলে দাবী করেন এবং তাঁরা যদি বলেন যে দেশের লোককে পেট ভরে খেতে দিতে পারবেন না এবং এমন কি যারা পেট ভরে খেতে চাইবে তাদের তাঁরা দেশদ্রোহীর পর্যায় ফেলে দেবেন তাহলে সরকারের এই যে দৃষ্টিভঙ্গী এই দৃষ্টিভঙ্গীর সাথে আমাদের এতটুকু মিল নেই এবং এই দৃষ্টিভঙ্গীর সাথে কোন সামঞ্জস্য দেশের লোকের নেই।

[2-20—2-30 p.m.]

মিঃ চেয়ারম্যান, স্যার, গতবারে মুখ্যমন্ত্রী বলেছিলেন একটা কথা যে হঠাৎ রাত্রি দুটোর সময় ঘুম ভাঙ্গার পরে আমার মাথায় একটা বুদ্ধি এসে গেল সেটা কি? —না ১৯৬৫ সালের খাদ্যনীতি। সেই ঘুমভাঙ্গা খাদ্যনীতির পরিণতি কি হোল? —না—কলকাতার মানুষকে সারা দেশবাসীর কাছে অপরাধী করে দাঁড় করানো হোল। আর গ্রামে যারা খাদ্য উৎপাদন করে তাদের তিন টাকা কে, জি, দরে চাল কিনতে হোল। এইভাবে সারাবছর কলকাতাকে বাংলার গ্রাম থেকে বিচ্ছিন্ন করা হোল। কলকাতার মানুষকে অপরাধী করা হোল এবং এইভাবে বাঙ্গালীর কৃষ্টি এবং ঐতিহ্যের সর্বনাশ সাধন করা হোল এবং জাতির মেরুদণ্ডকে টুকরো টুকরো করে দেওয়া হোল। এবং গ্রামকে না খাইয়ে রেখে দেওয়া হোল। কিন্তু তাতে কলকাতার লোক কি সুখে ছিলেন? আমরা জানি তাঁরা সুখে ছিলেন না। তাদের খাদ্য দেবার নাম করে পেট ভরে খেতে দেওয়া হয়নি। সমস্ত মানুষকে চোরাকারবার থেকে খাদ্য কিনতে বাধ্য করা হয়েছে। এইভাবে গ্রামের মানুষ না খেয়ে রইলো—কলকাতার মানুষ অর্ধেক খেতে পেলো। এই অবস্থা গেল বছর চলে গেছে। মুখ্যমন্ত্রী এখানে একটা কথা ঠিকই বলেছেন যে আমার এই নীতি ১৯৬৬ সালে আমি যে নীতি নিতে যাচ্ছি এটা নূতন নয়, এটা গত বছরের নীতির রূপান্তর ভাবান্তর কিংবা তার সম্প্রসারণ। এটা খুবই সত্যি কথা, গতবারে অপরাধীর কাঠগড়ায় ছিলেন কলকাতার জনসাধারণ এবং এইবার অপরাধীর কাঠগড়ায় দাঁড় করানো হচ্ছে দুর্গাপুর, আসানসোল, শিলিগুড়ি প্রভৃতির জায়গায় কিছু সংখ্যক লোককে। আজকে মুখ্যমন্ত্রী বলেই দিয়েছেন তিনি কিছুই গোপন করেন নি যে আমি যদি ১২ আউন্স পাই ১২ আউন্স খাবো যদি কম পাই ১০ আউন্স খাবো আরও যদি কম পাই ৮ আউন্স, আরও যদি কম পাই তাহলে কাঁচকলা মুলো খাবো না খাওয়া খেয়ে থাকবো যেন ওঁদের কোন দায়িত্ব নেই। এই বলে তিনি দেশবাসীর দায়িত্ব নিলেন না। দায়িত্ব নিলেন দুর্গাপুর শিলিগুড়ির। তিনি আজ পর্যন্ত নিজে দাঁড়িয়ে একথা বলতে পারেননি যে এটা আমি খাওয়াবো। সুতরাং তার এই যে খাদ্যনীতি যেটা আমি আগেই বলেছিলাম যে দেশের মানুষকে খাওয়াবার দায়িত্ব থেকে সরকারের অপসারণ, বিচ্যুতি এবং পশ্চাতাপসরণ এইটাই খাদ্যনীতির প্রথম এবং প্রধান কথা। মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে যখন নাকি তিনি খাদ্যনীতি নিতে যাচ্ছেন তখন আমরা দেখছি যে সরকার ঠিক গত বারের নীতিটাকে হেরফের করে নিয়েছেন। গতবার ৮ লক্ষ টন নিয়েছেন এবার ১৫ লক্ষ টন নেবেন। ঠিকই এবার কেন্দ্র খাদ্য দেবে না অতএব বেশী নিতে হবে—আর কলকাতার সাথে যদি আরও কিছু জুড়ে না দেওয়া যায় তাহলে লোক শুনবে কেন? সেইজন্য কিছু লোককে বাড়িয়ে নেওয়া হোল। কাজেই এটা স্বীকার করে নেওয়া হোল যে এবার ১৫ লক্ষ টন সংগ্রহ করবো। এবার ওঁরা বলেছিলেন যে ৫৯ লক্ষ টন ধানচাল

উৎপন্ন হবে। তা যদি হয় তাহলে মাত্র ১৫ লক্ষ টন নেবেন কেন? আমরা মনে করি যে গতবারের নীতিটাই পুরোপুরি রয়ে গেছে। তারপর আমরা বলেছি স্টেট ট্রেডিংয়ের কথা। স্টেট ট্রেডিং মানে এই নয় যে তিনি লোককে পেট ভরে খাইয়ে বাকী লোককে না খাইয়ে রাষ্ট্রীয় ব্যবসা করবেন। এমন ব্যবস্থার কথা আমরা বুঝি না। তাই আমরা বলেছিলাম সমস্ত মানুষের খাদ্যের দায়িত্ব গভর্নমেন্টকে নিতে হবে। কম যদি খায় তাহলে সমস্ত মানুষ কম করে খাবে, এবং আজকে যে খাদ্য আছে তা সুসম বণ্টিত হবে। কিন্তু বর্তমান অবস্থাতে আমরা তার কোন নিশ্চিত আভাস বা ইঙ্গিত দেখিনা। তারা ১৫ লক্ষ টন নেবেন এবং এই ১৫ লক্ষ টন সংগ্রহ করতে হলে যেভাবে করতে হয় সেইভাবেই তারা নীতি নিয়েছেন। আবার মিলকে বহালতবিয়তে রাখা হচ্ছে—তাদের বলা হয়েছে যে তোমরা কেন অর্থাৎ ১২ হাজার হাসকিং মেসিন গ্রামে বন্ধ হয়ে গেল। কিন্তু ১০০ মিল মালিক যারা গেল বছর চুরি-জোচ্চুরি করেছে—যারা তিন টাকা কে, জি, দরে চাল বিক্রি করেছে তাদের মুনাফাকে ঠিক করে রাখতে হোল। তারা চাল কিনেছে, এবারও কিনবে—তাদের কোন পাপ নেই—আমি সরকারকে বলছি যে এটা বন্ধ করতে হবে। ডি, পি, এজেন্ট মিলকে করা চলতে পারে না। সমবায় আছে—সরকারই ডাইরেক্ট পারচেজের ব্যবস্থা করুন এবং তা করা সম্ভব ছিল। ১৫ লক্ষ টন শুধু নয়, আমি বলবো ২৫ লক্ষ টন ধান বা চাল সংগ্রহ করা সম্ভব ছিল। কিন্তু তাঁরা যে কাঠামো তৈরী করছেন তার মানে কি—বেশীর ভাগ লোকের দায়িত্ব তাঁরা গেল বছর নেন নি এবারও নেবেন না। এখানে অশোকবাবু বলে গেছেন মিলের প্রডাকশনের কথা। মিল ধান চাল প্রডাকসন করে এ এক নূতন ইতিহাস আমরা শুনলাম। মিল কোন দিন ধানচাল প্রডাকশন করে না। চাষীরা প্রডাকশন করে—কাজেই যারা মিলকে প্রডিউসার বলে মনে করেন তাঁরাই এ সব জিনিস করতে পারেন। আমাদের বক্তব্য ছিল বাংলা দেশের কৃষকরা যারা নিজেরা হাতেনাতে খাটে, যারা নিজেরা ধান উৎপন্ন করে সেই এ্যাকচুয়াল প্রডিউসার যারা তাদের সারা বছর খাবার ঘরে রাখুন—কম পক্ষে ১২ মণ ধান রাখুন তারপর ধান লেভি করে নিয়ে আসুন। তাদের আপনারা পেট ভরে খেতে দিন—তাদের যদি পেট ভরে খেতে দেন তাহলে তারা অন্য জিনিসও প্রডিউস করবে—আর তা নাহলে কলকাতার লোকদের খাওয়াবার জন্য বা আসানসোলের লোকদের খাওয়াবার জন্য তারা ধান উৎপন্ন করবে না। কাজেই কৃষকদের মাথা পিছু যদি ১২ মণ খাবার না রাখেন তারপরে তাদের ধান নিয়ে আসার চেষ্টা না করেন তাহলে দেশের সর্বনাস হবে। এই প্রসংগে আমি একটা কথা বলতে চাই, আজকে কৃষক যে কোদাল কেনে যে কোদালের দাম ছিল ৫ আনা সেই কোদালের দাম আজ ৫ টাকা। লাঙ্গলের ফাল যার দাম ছিল ৩ আনা, তার দাম হয়েছে দেড় টাকা। একটা কাপড় যার দাম ছিল ১০ আনা—তার দাম এখন ৫ টাকা। একটা লণ্ঠন যার দাম ছিল ১০ আনা—তার দাম আজ ৩ টাকা। এইভাবে যে কোন জিনিসই বলুন যেগুলি কলকাতা বা আসানসোল বা দুর্গাপুর থেকে গ্রামাঞ্চলে যায় সেই সমস্ত জিনিসের উপর আপনারা কড়ায়গণ্ডায় আদায় করে নিয়েছেন—তখন আপনাদের কৃষকদের কথা মনে পড়ে নি। আজকে কৃষকদের চাষের খরচ অনেক বেড়ে গেছে—এটা এক্সপার্ট কমিটি পর্যন্ত বলেছে। কাজেই এই সমস্ত জিনিসের দাম যখন বেড়ে গেল তখন তো কৃষকদের কথা মনে হয় নি। আজকে কৃষককে সরষের তেল কিনতে হচ্ছে ১০।১২ টাকা দরে। কিন্তু যত আপনাদের নজর পড়লো ধানের দরের ক্ষেত্রে। এ ব্যাপারে আপনাদের দেশপ্রেমের বন্যা বয়ে যাচ্ছে। আমি বলবো আজকে আপনাদের কোন অধিকার নেই কৃষকের ধানের দাম কমানোর—১৮।১৯।২০ টাকার কম করা। আপনারা নিজেরাই স্বীকার করে নিয়েছেন যে বর্তমানে আপনারা ভিজে ধান কিনছেন ১৪।১৫।১৬ টাকা দরে। কাজেই সেই ভিজে অংশটা যদি বাদ দেন তাহলে তার দাম গিয়ে পড়ে ১৮।১৯।২০ টাকায়। সেই ভিজে ধানটা দু'দিন পরে আর ভিজে থাকছে না ফ্রেস হয়ে যাচ্ছে। সুতরাং তাদের যদি ২০ টাকা ধানের দাম দিতে না পারেন তাহলে আপনারা কোন ধানই পাবেন না। গ্রামাঞ্চলে তো ভাগ-চাষীদের সর্বনাশ ঘনিয়ে এলো—আপনারা তো কিছুই জানেন না। আপনারা কলকাতায় বসে

কেবল আইনই পাশ করে যাচ্ছেন। আপনারা যেহেতু ভূমি সংস্কার করতে পারেন নি—সেই হেতু যে জমি আপনাদের পাবার কথা ছিল সেই জমি আপনারা পাননি। সেই জমি যে কোথায় গেল তা আপনারা ধরতে পারেননি। জমির কোন হাত পা নেই, জমি এক জায়গায় পড়ে থাকে। কাজেই যখন আপনারা সেই জিনিস ধরতে পারলেন না তখন আর ধান ধরবেন কি করে? সুতরাং এর চেয়ে আর লজ্জার কিছু নেই। আমরা মনে করি যে এর দ্বারা কতকগুলি লোককে হয়তো গ্রেপ্তার করতে পারেন বহু জায়গায় দাঙগা হতে পারে—লাঠিগুলি চালাতে পারেন—কিন্তু জোতদারদের ধান আপনারা পাবেন না এই কাঠামোর দ্বারা এই ব্যবস্থার দ্বারা এইটাই আমরা পরিষ্কারভাবে মনে করি।

[2-30—2-40 p. m.]

যে ধান বাজারে এসেছে গরীব বাড়ীতে পৌঁছে দিয়ে যাচ্ছে সে তার পেটের জ্বালায় প্রাণের দায়ে সে ধান বিক্রী করছে আর সেই ধান কিনতে আপনারা হিমসিম হয়ে যাচ্ছেন। মাননীয় চেয়ারম্যান স্যার আমাকে সামান্য সময় দিলে আমি আরও কিছু অপদার্থতার কথা বলতে পারি। আজকে এরা কতবড় অপদার্থতার ব্যবস্থা করে রেখেছেন সেই কথাই বলছি। চৌলাখানা হাট সেখানে ৩০০ টাকা নিয়ে ধান কিনতে গেছেন ওদের লোকেরা ৩।৪ শত লোক ধান বিক্রী করতে এসেছে Distressed Patry. আপনি জানেন যে ৩।৪ শত লোক ধান বিক্রী করতে আসে, খরিদ্দার নেই সেই ৩।৪ শত লোক কাকে ধান বিক্রী করবে কারণ ক্রেতা মাত্র একজন। এইভাবে আপনারা পাইকারদের বন্ধ করে দিয়েছেন তাদের তাড়িয়ে দিয়েছেন, পুলিস সেখানের মিলের লোককে বলেছে তুমি ধান কিনলে তোমাকে গ্রেপ্তার করবো, তুমি ওখানে বসে থাক তোমাকে হাটে ঢুকতে দেওয়া হবে না। পুলিশের ভয়ে মিলের লোক সেখানে বসে আছে, ধান কিনতে যায় নি। কিন্তু দেখা গেল যে ৩০০ টাকা নিয়ে যিনি ধান কিনতে গেছেন তাতে মাত্র কয়েক মণ ধান কিনতে পারল তারপরেই সমস্ত শেষ হয়ে গেল। এধারে সন্ধ্যা হয়ে গেছে সেই ৩।৪ শত লোক পুলিস এবং জোতদারদের ঘেরাও করে বসে আছে, ধান তোমাদের নিতে হবে তা না হলে সমস্ত ধান মাথায় ঢেলে দেব। তখন চায়ের দোকান থেকে পুলিস খুঁজে নিয়ে সেই মিলের লোককে বলে আজকের মত আমাকে বাঁচাও বাবা। এধারে যখন সেই মিলের লোক সেই ধান কিনতে আরম্ভ করে তখনই আবার N.V.F.এর লোকেরা তাদের arrest করে তাদের বলে কেন তোমরা ধান কিনছো, পুলিস তখন হস্তক্ষেপ করে বলে যে বড় গড়বড় হয়ে গেছে আজকে এদের রেহাই দাও, কিনে নিয়ে যাক। Distressed Party বাড়ীতে বয়ে দিয়ে যাচ্ছে তা কেনবার ক্ষমতা নেই। আর আপনারা বলছেন যে জোতদাররা এবং লোকেরা ধান বাড়ীতে গোপন করে রেখে দিচ্ছে কোথায় কার জমি গোপন করা আছে কে কোথায় হিল্লীদিল্লী, পাকিস্তানে আছে এখানে কে তার ধান ভোগ করছে কিভাবে সেই ধান নিতে পারবেন ইত্যাদি এইসব আপনারা করছেন। সেজন্য আমরা চেয়েছিলাম যে ৭ একর পর্যন্ত আপনারা মাফ দিন। আমরা চেয়েছিলাম কারণ আমরা জানি এটা ৩ করা যায়। বেশীর ভাগ লোককে যদি জোতদারের থেকে আলাদা করা যায় তা হলে সেই ধান বার করা যাবে। কিন্তু যদি ৭ একর পর্যন্ত জমিকে মাফ না দিয়ে জোতদারের ল্যাংবোট করে দেন তাহলে গ্রামাঞ্চলে আপনারা ঢুকতে পারবেন না। জোতদারের ধান নেবার জন্য আপনারা ব্যবস্থা অবলম্বন করুন। কেবল বামপন্থীদের দোষ দিয়ে কাউকে দোষারোপ করে কোন লাভ হবেনা নিজেদের যে দোষ বা যে ভুল তাতেই আপনারা জড়িয়ে পড়েছেন। বারবার আপনাদের এই কথা মনে করিয়ে দিচ্ছি যদি না করেন তা হলে রক্ষা নেই। এভাবে আমরা দেখছি যারা বাড়ীতে ধান নিয়ে যাচ্ছে তাদের ধান আপনারা কিনতে পারছেন না। এভাবে দেখেছি যে কাকদ্বীপে বহু ধান উঠেছে সেখানে কেনবার লোক নেই। আমার তুফানগঞ্জ থেকে Telegram এসেছে আমি calling attentionএর নোটিশ দিয়েছিলাম যে সেখানে চাল কেনার লোক নেই ৭৫ পয়সায় চাল নেমে গেছে। মানুষ আজ সেই চাল নিয়ে ঘুরে বেড়াচ্ছে। জোতদারদের

আপনারা লেভি করবেন। তাদের নিজেদের জমির ধানে হাতই পড়েনি সে জোতদার সমানে ধান এবং চাল কিনে নিয়ে মজুত করছে এবং তার যা দেয় তা দিচ্ছে। D. P. Agentকে জমা দিয়ে সে তার রসিদ নিচ্ছে। জোতদারের দেয়া শেষ হয়ে গেল Governmentএর ঘরে জমা দেওয়া শেষ তার লেভির ধান যা আইনতঃ বলে দিচ্ছেন সে সমস্ত জোতদার ধান কাটার জায়গা থেকেই ঐ জমি থেকেই সে দিয়ে দিচ্ছে। গরীব তার ধান পাবেনা সমস্ত ধান যা সে তা পাচ্ছেনা এইভাবে ধান ফাঁকি দিয়ে চলে যাওয়া হচ্ছে। আমি সর্বশেষে বলি যে আপনারা সর্বদলীয় কমিটি করুন, এখনও সময় আছে—একবারে শেষ সময়ে আমরা এসে পৌঁছেছি প্রানের কাছে এসে গেছে এখনও যদি সবাইকে ডেকে একটা মারাত্মক অভিযান না দেন, দেশপ্রেমিক অভিযান না দেন তা হলে এটা সফল করা সম্ভব হবেনা। আজকে কি ভয়াবহ অবস্থা বাংলা দেশে সৃষ্টি হয়েছে এবং ভবিষ্যতে কি হবে তা কল্পনাও করা যায় না। তাই আমি বলছি এ খাদ্যনীতির জন্য, এ লেভির জন্য আপনারা সর্বদলীয় কমিটি করুন একথা শেষ বারের মতন আপনাদের কাছে বলছি। কারণ বাংলাদেশের স্বার্থে Publicএর স্বার্থে, জনসাধারণের স্বার্থে কৃষকদের স্বার্থে আপনারা এ ধরনের কাজ করবেন না। আজ আপনারা যদি এসব না করেন তাহলে দেশের কাছে একটা মস্ত বড় অপরাধী হবেন। আপনারা সর্বদলীয় কমিটি করুন, আপনারা খাদ্যসমস্যার সমাধান করুন এই দাবী রেখেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kamal Kanti Guha : মাননীয় চেয়ারম্যান, স্যার, কাছিমকে যেমন চিৎ করে দিলে সে হাটতে পারে না। প্রফুল্লবাবু সেরকম একটা একটা কাছিম একটার সময় হাউসে এনে চিৎ করে দেন এবং ৬টার সময় উপুড় করে দেন তখন তারা হাটতে শুরু করে। নমুনা হিসাবে দেখুন ফুড ডিবেট হচ্ছে ঐ party থেকে বলা হচ্ছে বামপন্থীদের কোন suggestion দেবার নেই আর ঐ দেখুন কংগ্রেস সদস্য ঘুমুচ্ছেন। মাননীয় চেয়ারম্যান, স্যার, এই হচ্ছে অবস্থা। আমি আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে আজকে আমরা দেখছি মন্ত্রীরা জেলায় জেলায় ঘুরছে ধান দিতে হবে দুর্ভিক্ষ প্রতিরোধ করতে হবে এই সব কথা তাঁরা বলছেন। স্যার, তাঁরা তাঁদের বক্তব্য যেভাবে রাখছেন এবং মন্ত্রীরা যতই ঘুরুন না কেন, যতই পুলিশ নিয়ে থাকুন যতই পুরবী মুখোপাধ্যায় তাঁর রাইটার্স বিল্ডিংসে নিয়ে যান বা জেলায় জেলায় ঘুরুন তাতে কোন কাজ হবে না। আজকে স্যার একটা মূল নীতি ঠিক করতে হবে কৃষককে খাবার জন্য কত মণ ধান দেবেন। এ সব কথা কোথাও পরিষ্কার বলেন নি উনি কেবল বলেছেন যে সমান করে ভাগ করে খেতে হবে। সমান করে ভাগ করে খাওয়ার প্রশ্ন যখন আসে তখন আমি মনে করি যে এক একটা লোক প্রতিদিন যা খাবে সেটা দেওয়া দরকার। ২২ আউন্স করে খাদ্য দরকার। সেখানে আমাদের Chief Minister বা কেন্দ্রীয় সরকার থেকে বলছেন যে ৮ আউন্স এবং দরকার হলে ৬ আউন্স serial দেব। বাকী যে খাদ্যের বড় একটা অংশ সেটা কোথা থেকে আসবে? বাকী ১৬ আউন্স কোথা থেকে আসবে—সেকথা কোথাও পরিষ্কার ভাবে বলেন নি। আজকে আমরা স্ত্রী ক্যানটিনে গিয়েছিলাম সেখানে আমাদের ডিমের ডেভিল খাওয়ান হয়েছে। মিষ্টি খাওয়ান হয়েছে অনেক কিছু খাওয়ান হয়েছে। আমাদের কথা হয়েছে সমান ভাগে করে খেতে হবে serial ৬ আউন্স সকলকে খেতে হবে বাকী ১৬ আউন্স ডিম সেদ্ধ, চা, ইত্যাদি হলে হবে। এসব কেনার জন্য যে টাকা দরকার সে টাকা গ্রামের কৃষকরা ৩০ টাকা মণ পাট বিক্রী করে এবং ১৪ টাকা মণ ধান বিক্রী করে কি করে ঐ ডিম, মাছ, মাংস, দুধ ঐ টাকায় কিনে খেতে পারবে সেকথা কিছুই বলেন নি। সেখানে আমার বক্তব্য যে ধান যেরূপ আপনারা লেভি করছেন অর্থের দিকেও আপনারা সেরূপ লেভি করুন। যাদের কাছে কালোবাজার আছে, আজকে আমরা দেখছি আপনারা কালোটাকাকে gold bond-এর মাধ্যমে আজকে সাদা করছেন, আজকে এই সরকার যদি এটা ঠিক করেন যে ৫০০ টাকার বেশী যাদের মাসিক আয় তাদের কাছ থেকে লেভি করে গ্রামের লোককে তা

বণ্টন করে দেব তাহলে তারা দুহাত তুলে Government-কে আশীর্বাদ করবে তবেই তারা ডিম, মাছ, মাংস খেতে পারে। আজকে সরকার যে সমান ভাগে ভাগ করে খেতে বলছেন সেখানে এই ব্যবস্থা না করে যদি কেবল কথায় বলে যান তাহলে হবে না। আজকে সমস্ত খাদ্য সমানভাবে ভাগ করে নিয়ে যদি লেভির ব্যবস্থা করেন তা হলে কেউ প্রতিরোধ করবে না। তা না হলে এটা প্রতিরোধ করবে। এটা আপনাদের জানতে হবে ১২ মণ করে মাথা পিছু দিতে হবে, বীজ ধান তাদের দিতে হবে, হালের খোরাক তাদের দিতে হবে তারপর তাদের যা উদ্বৃত্ত থাকবে তা আপনারা সমস্ত সীজ করে নিন বা লেভি করুন ত হলেই আপনাদের সঙ্গে হাত মিলাতে পারবে। আজকে দেখা যাচ্ছে আপনাদের আইনে ফাঁক থেকে যাচ্ছে জমির উপর লেভি করছেন সেটা ৭ একর বা ৮ একর না হলে হতে পারে না এটাই আমি বলছি। আমি ব্যক্তিগতভাবে এতে আপত্তি জানাচ্ছি কারণ ধরুন কোন পরিবারের কুড়ি জন লোক আছে আর কোন পরিবারে যদি ৪ জন লোক থাকে এ দুজনকেই সম পরিমাণ লেভি দিতে হচ্ছে। ২০ বিঘা জমির যে মালিক তার ১৫ জন লোক খেতে সুতরাং লেভি যেটা সেটা সেখানেই সমপরিমাণ দিতে হচ্ছে। এখানে একটা অসন্তোষ বা ফারাক থেকে যাচ্ছে, এই যে অবিচার করা হচ্ছে এতে আগুন জলে উঠবে এবং সে আগুনের প্রতিরোধ আপনারা করতে পারবেন না। আজকে যদি দেখা যায় যে আপনারা ৯ বিঘা জমির মালিক যাদের লেভি করবেন তার লেভি করবেন ৪ মণ ২ সের আর দুজন থাকলেও তাই হবে। এখানে আমার বক্তব্য হচ্ছে যে মাথা পিছু ১২ মণ করে খাবার ধান দিয়ে, বীজ ধান দিয়ে তার সমস্ত উৎপাদন খরচ দিয়ে তার লেভি করতে হবে। স্যার, আর একটা জিনিস মন্ত্রী মহাশয়ের চোখে পড়ে নি কিন্তু সেদিকে লক্ষ্য রাখা উচিত যে ২ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের লেভি করা হবে না। তাদের সরকার রেশন দেবেন এই কথা বলেছেন, কাজেই ২ একরের নীচে যাদের জমি আছে যারা ধান বিক্রী করতে চান তাঁদের ধান কেনার কোন রসিদ দেওয়া হয় না। Co-operative বা D. P. Agent-এর লোকেরা তাঁরা বলেন যে রসিদের দরকার নেই তোমাদের সরকার লেভি করবেন না। কাজেই আমার বক্তব্য হচ্ছে সরকারের কাছে যে ২ একরের নীচে যাদের জমি আছে লেভি হবে না ভাল কথা কিন্তু তারা ধান বিক্রী করলে তাদের রসিদ দেখাতে হবে এবং সে রসিদ যখন প্রথম ration নিতে যাবে তখন শো করতে হবে, তা দেখাতে হবে। কারণ মিল মালিকরা গ্রামের বড় বড় জোতদাররা তারা ধান কিনে নিয়ে তাদের যে কোটার লেভি সেটা তারা দিয়ে দিচ্ছে এইভাবে তারা তাদের লেভির যেটা প্রাপ্য সেটা দিয়ে দিয়ে নিজের ঘরেরটা চেপে রেখে দিচ্ছেন। এইভাবে তারা ৬০ টাকা দরে চোরাকারবারী করবার প্রতীক্ষা করছেন কাজেই সরকারের যে আইন তাতে আমরা বলছি যে আপনারা ৭ একর ধরুন ২ একরের যেটা বাদ দিয়েছেন দিন এবং আমার বক্তব্য মাথাপিছু ১২ মণ ধান দিয়ে, বীজ ধান দিয়ে আর উদ্বৃত্ত যা থাকবে তা সম্পূর্ণ লেভি করতে হবে। আমরা বিরোধী দল থেকে যা বলেছিলাম যে ১৮, ১৯, ২০ করুন কিন্তু আপনারা বলছেন যে ১৮, ১৯, ২০ দেওয়া যাবে না। আমরা মনে করি এর কিছুটা নিশ্চয়ই বাড়বে। কৃষককে তার প্রতিটি জিনিস দাম দিয়ে কিনতে হয়। তাকে আজকে সমান দাম দিয়ে সমস্ত জিনিস কিনতে হচ্ছে;। আমি একটা কথা বলবো যে গ্রামের লোককে কিভাবে বেশী দর দিয়ে জিনিস কিনতে হয়েছে। প্রফুল্লবাবুর কল্যাণে সরষের তেলের দাম ৭ টাকা ৮ টাকা হয়েছিল আর তখন Ration-এ সরষের তেল দেওয়া হয়েছিল শহরের লোক—কলকাতার লোক নির্দিষ্ট দরে Ration-এ সস্তায় সরষের তেল খেয়েছে। সেদিন কিন্তু মনে হয়নি এসব কথা যে গ্রামের মানুষ এক ছটাক সরষের তেল ব্যবহার করতে পারছে না। সেদিন ভাগ করে খাবার কথা উঠেনি। ঐ গ্রামের লোককে ৭ টাকা ৮ টাকা দরে সরষের তেল কিনতে হয়েছে, আজ প্রতিটি জিনিষ এই গ্রামের লোককে কিনতে হচ্ছে। সেইজন্য আমরা বলছি যে ধানের দর ১৮, ১৯, ২০ করতে হবে তা না হলে এটা সম্ভব হবে না। আপনারা যে দর বেঁধেছেন সেটা ঠিক নয়।

[2-40—2-50 p. m.]

আর নাহলে আপনাদের পরিষ্কার ঘোষণা করতে হবে ১৪৲ টাকা দরে যে ধান কৃষকদের কাছ থেকে আপনারা নিবেন, সেটা চাল করে কৃষকদের যখন রেশন দেবেন, তখন সেই চাল ২৮৲ টাকার বেশী তাদের কাছে বিক্রী করতে পারবেন না। সেকথা আপনারা বলছেন না। কৃষককে প্রতিশ্রুতি দিতে হবে চাল চিনি সরষের তেল সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিস নিয়ন্ত্রিত মূল্যে দেব, তাদের ক্রয় ক্ষমতার মধ্যে সব জিনিসপত্র তাদের কাছে পৌঁছে দেব—এই প্রতিশ্রুতি তো আপনি দিতে পারছেন না।

গ্রামাঞ্চলে আপনি আংশিক রেশন চালু করবেন। কিন্তু গ্রামের লোককে মাথা পিছু কতটুকু—কি পরিমাণ রেশন তাদের দেবেন সেকথা আপনি কেন এখন বলতে পারছেন না? এইজন্য গ্রামের লোকের মধ্যে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। আমরা দেখেছি কলকাতার লোক রেশনে বেশী চাল পেয়েছে, কাছাকাছি মফঃস্বলের লোকে বেশী চাল রেশনে পেয়েছে। কিন্তু তারই পাশাপাশি গ্রামাঞ্চলের লোকে যারা বুকের রক্ত দিয়ে আর তিলতিল করে ক্ষয় করে ধান তৈরী করেছে, তারা যেদিন চাল পায়নি, ধান, পচা গম দেওয়া হয়েছে, দুশো তিনশো গ্রাম করে ময়দা দেওয়া হয়েছে। তাদের এক ছটাক চাল দেওয়ার কথা আপনাদের মনে হয়নি। তারা দুদিন, তিনদিন, চারদিন পড়ে হয়ত একমুঠো ভাতের মুখ দেখেছে, কাজেই যখন রেশন চালু করবেন, তখন মাথাপিছু কি পরিমাণ রেশন আপনি দেবেন সেই কথা আপনাকে আজ ঘোষণা করতে হবে যে এতটা করে দেব। সেই আশ্বাস যদি তারা পেত যে সরকার যেটা দেবেন তাতে আমাদের সারা বছর চলবে, তাহলে কৃষকরা ঘর থেকে সরকারের ঘরে চাল পৌঁছে দেবে—নচেৎ নয়।

আর একটা কথা বলতে চাই—আজকে মিলকে ধান কেনার ক্ষমতা দেওয়া হয়েছে, সেখানে মিলে ভাঙবারও ক্ষমতা দেওয়া হয়েছে। বাংলা দেশের এই মিল মালিকদের কীর্তি আমরা জানি। সরকারও স্বীকার করতে বাধ্য হয়েছে যে বাংলা দেশের খাদ্য ব্যবস্থা যারা ব্যর্থ করে দিয়েছে, তার মধ্যে অন্যতম হচ্ছে বাংলা দেশের এই চালকলগুলি। অথচ এবারও তাদের ধান কেনবার ক্ষমতা দেওয়া হয়েছে, মিলিং করবার ক্ষমতা দেওয়া হয়েছে। এদের এই সুযোগ না দিয়ে কৃষকদের ঘরে কি করে দুটো পয়সা আসে, কি করে তাদের দুটো পয়সা দেওয়া যায়, তার ব্যবস্থা সরকারের করা উচিত ছিল। আজ গ্রামাঞ্চলের ধান সংগ্রহ করে সরকারের রেশনে সেই ধান দেওয়া উচিৎ। ১৪৲ টাকা করে কিনে যদি তাদের কাছে দেওয়া হতো তাহলে সস্তা দরে চাল পাওয়া যেত। গ্রামের অনাথা বিধবারা সেই ধান ভেঙ্গে দুটো পয়সা পেতে পারতো। মিলমালিকদের কাছ থেকে যে দরে চাল সরকার পাবেন, তার চেয়ে কম দরে গ্রামের লোকের থেকে পেত। গ্রামের লোকেরও দুটো পয়সা পাবার সুযোগ হতো, সরকারকে বলতে হবে যে দরে ধান কিনে নেবে তার চেয়ে একটাকা আট আনা যা খরচ হবে সেটা ধরে সরকার কৃষকদের কাছে চাল পৌঁছে দেবে—এই নীতি সরকারকে গ্রহণ করতে হবে।

কেন্দ্রের থেকে প্রতিশ্রুতি দিয়েছিল ৯০ লক্ষ টন চাল দেবে, তারমধ্যে মাত্র তিন লক্ষ টন দিয়েছে মুখ্যমন্ত্রী বলেছেন। বাংলা দেশের মানুষ সারা ভারতবর্ষের মানুষের সাথে স্বাধীনতা সংগ্রাম করেছে, গান্ধীজীর গুজরাটের মানুষ, নেহরুর উত্তর প্রদেশের মানুষের সঙ্গে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন করেছে। আমি কোন প্রাদেশিকতার কথা বলছি না, বলতে চাই না। তবে আমাদের উপর বরাবর অবিচার হয়েছে স্বাধীনতার সময় হয়েছে, নেতাজীর সময়ও অবিচার হয়েছে। বাঙ্গালী আসামী মারামারিও দেখেছি আমাদের উপর অবিচার হয়েছে। আজও দেখছি অবিচার হচ্ছে। আজকে যদি কেন্দ্র আমাদের খাওয়াতে না চান, আমাদের কাছে খাদ্য পৌঁছে দিতে না চান, তাহলে পরিষ্কার করে বলতে হবে যে আমাদের বাংলার পাট-যে ডলার নিয়ে আসছে, যেটা সমগ্র দেশকে উন্নতির দিকে নিয়ে যাচ্ছে, বাংলা দেশের পাট-চাষীরা মাথায় হাত দিয়ে বসে থাকবে খেতে পাবে না, তাদের ছেলেমেয়ে না খেয়ে চোখের

সামনে মারা যাবে—এ কখনও হতে পারে না। কেন্দ্র যদি প্রয়োজন মত আমাদের খাদ্য না দেয়, তাহলে আগামী বছর আর পাটের আবাদ হবে না। আমরা দেখেছি নীলকর সাহেবরা একদিন বাঙ্গালী কৃষকদের উপরে জোর করে নীলচাষের ব্যবস্থা করে বাংলার চাষীদের ধ্বংসের দিকে ঠেলে দিয়েছিল আজকে দরকার হলে এই সরকারের সাথেও বাংলার চাষীরা সেই লড়াই করবে। পাট আবাদ করবে না তার ঘরের খোরাক জোগার করবে তার বদলে আউস ধান আবাদ করে। তামাকের আবাদও তাই, আজকে তামাক আবাদ বন্ধ করে দেবে। দরকার হলে ঐ উত্তরবঙ্গের Doors এলাকায়, ঐ হিমালয়ের পাদদেশে বাংলার যে ভূখণ্ডগুলি পড়ে রয়েছে যেখানে চায়ের আবাদ হয়ে কোটি কোটি ডলার আসছে দরকার হলে ঐ চায়ের আবাদ বন্ধ করে দিয়ে সেখানে বাংলা যাতে খেতে পারে বাংলার চাষীরা বেশী করে ধান আবাদ করবে। কেন্দ্রকে পরিষ্কার ভাবে এই কথা স্মরণ করিয়ে দিতে হবে। একথার দায়িত্ব যদি পশ্চিমবঙ্গ সরকার না নেন তাহলে বাংলার চাষীরা নিজেরাই সে দায়িত্ব গ্রহণ করবে। স্যার, আরেকটা জিনিষ হচ্ছে এই এটা দুটো দিক থেকে বিচার করে দেখতে হবে, পেপারে দেখলাম যে দিনাজপুর থেকে ১০ লাখ টাকার ধান বিহারে চলে গেছে এবং এই সম্বন্ধে সরকার থেকে কোন প্রতিবাদ হয়নি। আমরা যতটুকু খবর পাচ্ছি যে আবার বাংলা দেশে জলপাইগুড়ি কুচবিহার দিনাজপুরের ধান নেপালে গিয়ে জমা হচ্ছে। এই সম্বন্ধে খাদ্য বিতর্কে এই হাউসে আমাদের বক্তব্য রেখেছি। তদন্ত হচ্ছে এবং সরকারও অস্বীকার করতে পারেন নি যে বাংলার চাল নেপালে গিয়ে তা নেপাল চাল নাম নিয়ে আমাদের কাছে বেশী দড়ে তা বিক্রী করা হয়েছে। এবারও ধান প্রচুর যাচ্ছে কোন ব্যবস্থা করা হচ্ছে না। ঐ যে দিনাজপুরের D.C., S.P. বা S.D.O. বা পুলিশ অফিসার কাউকে কোন রকম ভাবে শাস্তি দেওয়া হয়নি। প্রফুল্লবাবু গান গেয়ে বেড়াচ্ছেন, জেলার শাসকরা এই খাদ্যনীতি সফল করতে চাচ্ছেন না কিন্তু যে জেলাশাসকরা তাঁর খাদ্যনীতি সফল করতে চাচ্ছেন না তাদের তিনি শাস্তি দেবার কোন ব্যবস্থা করেন নি। জনসাধারণের সামনে কোন উজ্জল দৃষ্টান্ত তিনি তুলে ধরতে সাহস পাননি। স্যার, সেইখানে আমাদের বক্তব্য যে এক্ষুনি যদি আমরা চেক না দিতে পারি কেননা বিহারে, নেপালে এই চাল মজুত হয়ে আমাদের কাছে ঘুরে আসবে, এই ব্যবস্থাই করা হচ্ছে। একটি জিনিস হচ্ছে এই বাংলা দেশের মধ্যে কতকগুলি পাকিস্তানী ছিট আছে তা আপনি জানেন বিশেষ করে কুচবিহারের মধ্যে রয়েছে। এই ছিট পাকিস্তানে আমাদের ধান গিয়ে মজুত হচ্ছে। আমাদের গ্রামের যারা প্রতিপত্তিশালী কৃষক আছেন তাদের ধান ছিটমহলে গিয়ে জমা হচ্ছে। আবার ছিটমহলের যারা মালিক ঐ ছিটমহলে যে সমস্ত পাকিস্তানী নাগরিক বাস করেন তাদের বহু জমি আমাদের ভারতীয় খণ্ডে রয়ে গিয়েছে। আমরা সরকারকে বলেছি কোন ব্যবস্থা হচ্ছে না। ছিটমহলে আমাদের ধান যাচ্ছে এবং তাদের যে ধানী জমি আমাদের Indiaতে রয়েছে সেই ধান কেটে নিয়ে যাচ্ছেন। এটা বাধা দেবার কোন ব্যবস্থা নাই। দিনহাটার S.D.O.কে আমরা আমাদের পার্টির তরফ থেকে বারবার সতর্ক করেছি। ২০০ একর জমির মাত্র ৫ একর জমির ধান তিনি কেটে থানায় রেখেছেন আর বাকী ধান তিনি রকম রক্ষা করবার ব্যবস্থা করতে পারেন নি।

স্যার, আর ২টি কথা আমি আপনার মাধ্যমে বলতে চাই। আমাদের চীফ মিনিস্টার বলেছেন যে প্রায় ৮ লক্ষ টন চাল কম হবে, কেন কম হবে বাংলা দেশ কি কোন প্রাকৃতিক দুর্যোগ ঘটেছে যার জন্য এবার এত উৎপাদন আমাদের কম হয়ে গেল কিন্তু সে রকম অবস্থা আমরা দেখতে পাইনি। এ সম্বন্ধে তদন্ত করা উচিত যে কেন আমাদের উৎপাদন কম হচ্ছে। তিনটা পরিকল্পনা আমাদের চুলে বাংলা দেশে এতগুলি Block অফিসার রয়েছে, আবার অঞ্চল করেছেন, জেলা করেছেন, অফিসারের আর শেষ নাই। লাখ লাখ টাকা এদের পিছনে খরচ হচ্ছে অথচ উৎপাদন কমে যাচ্ছে কেন সেদিক নজর দিতে হবে। আমরা কি দেখছি যে গ্রামে গ্রামে B. D. O. রাখা হয়েছে যে Block Blockএ কৃষাণদের মধ্যে উন্নতির

ব্যবস্থা করবেন। তাদের চাষের আরও যাতে উৎপাদন বাড়ে সে ব্যবস্থা করবেন। এখন B. D. O.দের দেখছে কার কত ধান আছে লেভির দিকে B. D. O.দের দায়িত্ব দেওয়া হয়েছে আমি মনে করি সরকারের এই সিদ্ধান্ত অত্যন্ত অনুচিত হয়েছে।

[2-50—3-00 p.m.]

কারণ, বি, ডি, ও'দের দেখা উচিত গ্রামের কৃষক যাতে সার পায়, জল পায়, বীজধান পায়, পতিত জমিতে যাতে বেশী উৎপাদন হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। অথচ তাঁদের লেভির মধ্যে ঠেলে দেওয়া হয়েছে। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব সেটা হচ্ছে যতক্ষণ কৃষকরা তার ঘরে সারা বছরের খাবার রাখতে না পারবে ততক্ষণ পর্যন্ত সে আপনাদের সাথে হাত মেলাবে না। কাজেই আপনাদের আবার বলছি এত আইনের দরকার ছিল না, জেলায় জেলায় ঘুরে মন্ত্রী মহাশয়দের টাকা পয়সা খরচ করার দরকার ছিল না, দুটো আইন করে দিন যে সমস্ত ধান যার যখন বিক্রি করার দরকার হবে তখন সরকার নিযুক্ত যে লোক থাকবে তার কা ছ তাঁকে সেইধান বিক্রি করতে হবে, অন্য কারোর কাছে ধান চাল বিক্রি করলে তার সম্পত্তি বাজেয়াপ্ত হয়ে যাবে। এই আইনটা করুন, দেখবেন সব শায়েস্তা হয়ে যাবে, এ, বি, সি, ডি, ই, রেশন কার্ড করার আর মন্ত্রীরা গ্রামে গ্রামে ঘুরে জয় কৃষাণ, জয় পুলিশ বলে যে কীর্তন করে বেড়াচ্ছেন সেই যাত্রা-গানের আর দরকার হবে না। আপনারা সোজাসুজি আইন করুন যে বেশী দরে অন্যের কাছে ধান বিক্রী করবে সরকার ছাড়া ত'র সম্পত্তি বাজেয়াপ্ত হয়ে যাবে এবং ১০ বছরের জেল হবে। আর আপনারা সমস্ত দলগুলি নিয়ে কমিটি করুন, আমরা ধরে দেব কার ঘরে বেশী ধান আছে। সেই কমিটি আপনারা করবেন না। চীফ মিনিস্টার নাকি বলেছেন যে জেলা পর্যন্ত করতে পারব। জেলা ম্যাজিস্ট্রেটের খাস কামরায় বসে সেখানে আমরা কি পলিসি নেব? আপনারা গ্রামাঞ্চলের মধ্যে কমিটি ছড়িয়ে দিন, সেখানে দেখিয়ে দিতে পারব কোন্ জোতদার, কোন অঞ্চল পঞ্চায়েতের প্রধানের ঘরে বা কোন মণ্ডল কংগ্রেসের প্রেসিডেন্টের ঘরে ধান চাল লুকান আছে। সেখানে আমাদের নিয়ে কমিটি করবেন না, সেখানে আমাদের ব্যস্ত রাখবেন ডি, সি-র সাথে, ম্যাজিস্ট্রেটদের সাথে ঐ কাগজে কলমে প্ল্যান ঠিক করার ব্যাপারে। জেলা পর্যন্ত যে সর্বদলীয় কমিটি করবার সিদ্ধান্ত নিয়েছেন সেটা আপনাদের কুৎসিত মতলব থেকে আপনারা এই সিদ্ধান্ত নিয়েছেন। আমি সেজন্য বলতে চাই এই সিদ্ধান্তকে আরো ব্যাপক করে দিন যে প্রতি গ্রামসভায় সর্বদলীয় ভিত্তিতে কমিটি গঠন করা হবে। এটা যদি করেন তাহলে দেখবেন যারা মজুত করছে, যারা মানুষকে শোষণ করছে, যারা মানুষের ক্ষুধা নিয়ে ফাটকাবাজী খেলতে চায় তাদের শায়েস্তা করতে পারবেন। যখন আমরা বুঝব যে আমাদের সরকার সেই নীতিতে চলছেন সেদিন আমরা সমান ভাগ করে খাব, সেদিন যত কষ্ট আসুক যত কিছু করতে হোক সমানভাবে মাথা পেত নেব, সেদিনই হবে ত্যাগের পরীক্ষা, দানের পরীক্ষা, দেশপ্রেমের পরীক্ষা। তা না হলে নিজেরা জোচ্চুরি করবেন, জোতদার এবং মিলমালিকদের সংগে গাঁটছড়া বাঁধবেন আর আমাদের কাছে ত্যাগের কথা প্রেমের কথা বলবেন—ত্যাগ প্রেম এবার মাঠে মাঠে আপনাদের সাথে মোকাবেলা হবে, যেদিন বৈশাখ মাস পড়ার সঙ্গে সঙ্গে সূর্য্য যখন মানুষকে উত্যক্ত করে তুলবে, মানুষ যখন গরমে তেতে মেতে উঠবে সেদিন আপনাদের সংগে মোকাবেলা করা হবে গ্রামে গ্রামে মাঠে মাঠে লেভির ধান নিয়ে, এই সতর্ক করে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukherjee : মাননীয় সভাপতি মহাশয়, খাদ্য বিতর্কে অংশ গ্রহণ করে আমার প্রথমেই মনে হচ্ছে যে সরকার এই খাদ্যনীতি কেন গ্রহণ করেছেন একথা এই বিধানসভায় এবং বিধানসভার মাধ্যমে বাংলার জনসাধারণকে আজকে বিশদভাবে বুঝিয়ে বলার প্রয়োজন নেই। বিগত বছরে সরকারের যে খাদ্যনীতি তার সম্বন্ধে যখন আলোচনা শুরু হয় তখনই আমরা নানা বিতর্ক এখানে শুনেছি। বিগত বছরে সরকার খাদ্যনীতি গ্রহণ করে এই পথই নিতে চেয়েছিলেন যে কলকাতা এবং শিল্পাঞ্চলকে স্ট্যাটুটারি র‍্যাশনিং-এর মধ্যে

আনবেন এবং শিল্পপ্রধান এলাকাগুলি, সহরাঞ্চলগুলি, বিশেষ করে যেখানে খাদ্য উৎপাদন হয়না সেখানে মডিফায়েড র‍্যাশানিং-এর মাধ্যমে খাদ্য বিতরণের ব্যবস্থা সম্বৎসর চালু রাখবেন আর পশ্চিমবাংলার যে সমস্ত প্রান্তে খাদ্য ঘাটতি দেখা দেবে, মূল্য বৃদ্ধি হতে চাইবে সরকার সেখানে খাদ্য পৌঁছে দিয়ে সেই মূল্যবৃদ্ধিকে রোধ করবার চেষ্টা করবেন, জনসাধারণের যাতে অসুবিধা না হয় তা দেখবেন। এই নীতি আজকে এখানে দাঁড়িয়ে আমরা যদি পুংখানুপুংখরূপে বিচার করি, কয়েকদিন আগে বিধানসভায় আমরা করেছি তাতে আমরা দেখতে পেয়েছি যে সেখানে আশানুরূপ ফল লাভ হয়নি। আশানুরূপ ফল লাভ না হবার কারণ স্ট্যাটুটারি র‍্যাশান এলাকায় সরকার বিফল হননি, জনসাধারণের কষ্ট বাড়েনি, শিল্পাঞ্চল এবং গ্রামাঞ্চলে যেখানে সরকার ভেবেছিলেন যে মূল্য বৃদ্ধি হলে প্রয়োজনীয় খাদ্য সেখানে সরবরাহ করতে পারবেন তা সম্ভব হয়নি। এই সম্ভব না হবার কারণ কি? সরকার দুটি পদ্ধতিতে খাদ্য যোগান পাবেন ভেবেছিলেন, একটা পদ্ধতি ছিল যে রাইস মিলের কাছ থেকে তাদের যে টোটাল প্রোকিয়োরমেন্ট তার একটা অংশ লেভি করে নেবেন, আর কেন্দ্রের কাছ থেকে যে খাদ্য পাবেন এই দুইয়ে মিলিয়ে বাংলা দেশের এই চাহিদাকে মেটাবেন। কিন্তু হিসাব যা করেছিলেন সেই হিসাব গরমিল হয়ে গেল। কোথায়? না, রাইস মিলের কাছ থেকে যতটা খাদ্য পাবেন ভেবেছিলেন ততটা খাদ্য পেলেন না, প্রথম গরমিল হল এখানে। দ্বিতীয় গরমিল হল কেন্দ্রের কাছ থেকে যে পরিমাণ খাদ্যদ্রব্য পাবার আশা ছিল সেটাও পেলেন না। তৃতীয়ত: হচ্ছে, বৎসরান্তে আমরা আজকে দেখতে পাচ্ছি কিছু কিছু জায়গায় বিভিন্ন প্রান্তে মানুষের মধ্যে কষ্ট আছে, এরই পরিপ্রেক্ষিতে সরকারকে নূতন খাদ্যনীতি গ্রহণ করতে হয়েছে, আজ সেখানে সরকারকে সবল নীতি গ্রহণ করতে হয়েছে। কেন? এইজন্য যে পরমুখাপেক্ষী হয়ে থাকার দরুন আজকে সরকারকে আমি বলবো নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করতে হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী আজকে বারেবারে দিল্লী এবং বিভিন্ন প্রান্তে ছুটে বেড়াচ্ছেন খাদ্য পাবার জন্য যাতে বাংলা দেশের জনসাধারণকে ঘাটতি থেকে বাঁচাতে পারেন। কিন্তু এই পরমুখাপেক্ষী থাকার দরুণ তাঁর পক্ষে সম্ভব হয়নি বলে আজকে এই নীতি গ্রহণ করতে হয়েছে। তাই এই নীতি বিধানসভায় গ্রহণ করেছেন যে বাংলা দেশে যে উৎপাদন হবে তা বাংলা দেশের সমগ্র জনসাধারণকে সমান ভাবে ভাগ করে খেতে হবে। আজকে তাই বাংলা দেশে এই নূতন খাদ্যনীতিতে ১৫ লক্ষ টন কমপালসরি প্রোকিয়োরমেন্টের কথা উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি আজকে এই নীতির কথা বিচার করে দেখেন তাহলে দেখবেন বাংলা দেশে ৩৫ লক্ষ চাষী পরিবারের মধ্যে কমপালসরি লেভি মাত্র ৪ লক্ষ চাষী পরিবারের উপর জোর করে চাপিয়ে দেবার কথা সরকার ভাবছেন। বাকী ৩১ লক্ষ চাষী পরিবার যারা এক একর থেকে ১০ একর পর্যন্ত জমির মালিক, আজকে তাদের উপর চাপ দেবার কথা সরকার ভাবছেন না। ১৫ লক্ষ টন যদি আজ সরকারের হাতে আসে এবং কেন্দ্র থেকে যদি আশানুরূপ খাদ্য সরকার পান তাহলে স্ট্যাটুটারি এলাকার জন্য যা প্রয়োজন এবং বাংলা দেশের ঘাটতি মিটানর জন্য যে প্রয়োজন তাতে সরকারী হিসাব মতে তা করা যাবে মনে হচ্ছে। আজকে তাই এটা অপ্রীতিকর হলেও গ্রামের মানুষের কাছে, বিশেষ করে বড় চাষীর কাছে গ্রহণ যোগ্য না হলেও সরকারকে এই পথে এগুতে হচ্ছে। আজকে তাই বিধানসভায় যেখানে সারা বাংলা দেশের সমস্ত অঞ্চলের প্রতিনিধিরা উপস্থিত আছেন, স্যার, আমি আপনার মাধ্যমে তাঁদের অনুরোধ জানাবো যে আজ এই সংকটপূর্ণ মূহুর্তে তাঁদের সামনে দুটো পথ আছে, একটা হচ্ছে হয় গত বছরে যে খ দ্যনীতি ছিল সেই খাদ্যনীতি থাকুক, আর না হয় বর্তমান খাদ্যনীতি গ্রহণ করা হোক।

[3—3-10 p.m.]

আপনারাই সিদ্ধান্ত করুন, আপনারা মাঝখানে সস্তা কথা বলে দুই পক্ষকে বাঁচাতে চাইবেন না। আপনারা সাপও যাতে মরে লাঠিও যাতে না ভাঙ্গে সেই জিনিস করছেন। আপনারা

ভাবছেন বড় বড় জোতদারদের বিরুদ্ধে বড় বড় মালিকদের বিরুদ্ধে সরকারের বিরুদ্ধে আমরা বলবো আর যখন পশ্চিমবঙ্গ সরকার নীতি গ্রহণ করে ঐ চাষার কাছে বলবে ডাইরেক্টিভ হিসাব দিয়ে বলবে যে আজকে এতো ধান তোমাকে দিতে হবে তখন ওখানে শ্রীমোহনবাবু দাঁড়িয়ে উঠে ব্যাঙ্গ করে বক্তৃতা করবেন পেয়ফুল্লবাবু। আমি তাই সানুনয়ে নিবেদন করি যে আপনারা একটু হিসাব করে কথা বলুন। আপনারা জনপ্রতিনিধিই শুধু নন, অত্যন্ত দায়িত্বপূর্ণ প্রতিনিধি, অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে সভার মাঝখানে দাঁড়িয়ে আপনারা কথা বলছেন। আপনারা আপনাদের কথার মূল্য না দেন বাংলা দেশের জনসাধারণ দেন। আপনাদের নিজেদের দয়া করে খেলো করবেন না। আমি তাই আপনাদের একথা স্মরণ করিয়ে খাদ্যনীতি বিচার করতে বলি। আজ যদি আমরা চাষীকে বলতে পারতাম যে ৩০ টাকা ধানের দাম হবে, জনসাধারণকে যদি বলতে পারতাম ১০ টাকা দরে চাল পাওয়া যাবে আর ১০ আউন্স ১৫ আউন্স করে নয় ২০ আউন্স করে চাল দেবো তাহলে আমাদের চেয়ে খুশী আর কেউ হতে পারতেন না। আমরা সস্তায় তাঁদের কাছে নাম কেনবার চেষ্টা করতে পারতাম সস্তায় বাজী মাত করার পথ ছেড়ে দিয়ে আজ যখন সামনে দুর্ভিক্ষ আসতে পারে তাকে মোকাবিলা করবার জন্য সরকার আজকে দাঁড়িয়েছেন—আজ তাই সত্যিকথা বলার সময় এসেছে। যদি মনে করেন দেশের প্রতি আপনাদের দরদ আছে জনসাধারণকে বাঁচাতে হবে তাহলে সবল নীতি নিয়ে একসঙ্গে একসুরে কথা বলুন। এই নীতিকে কার্যকরী করতে হলে পর্বতপ্রমাণ বাধা আসবে—আজ নিজেদের বুক চিরে নিজেদের মনকে পরীক্ষা করার দিন এসেছে। ওধারে বসে আছেন বীরেন রায় মহাশয়, তিনি চার হাজার টাকার শাল গায়ে দিয়ে চাষীদের কথা বলেন মনে করেন আমরা বুঝি বড় বড় জোতদার। আজ আমাদের এ সম্পর্কে আত্মসমালোচনা করার সময় এসেছে। আমরা সমালোচনার নিশ্চয় সম্মুখীন হবো। যদি পরীক্ষায় উত্তীর্ণ হতে পারি এপক্ষে আমরা যারা আছি আমরা যদি জনসাধারণের কাছে গিয়ে নজির দেখাতে পারি তাহলে জনসাধারণ তা গ্রহণ করবে এবং তা গ্রহণ করলে বাংলা দেশ বাঁচবে। কেমনভাবে বাঁচবে—সবাই যদি দুবেলা পেটপুরে খেয়ে বাঁচি একসঙ্গে বাঁচবো। দুবেলা যদি পেটপুরে খাই সবাই একসঙ্গে বাঁচবো এই নীতিকে সফল করার জন্য। আমি তাই আপনার সামনে মাননীয় অধ্যক্ষ মহাশয় একথা বলতে চাই, বাংলা দেশের খাদ্যনীতি যা গৃহীত হয়েছে এছাড়া কোন পথ নেই। এছাড়া যদি কোন পথ থাকে বিরোধী পক্ষ সে পথ তুলে ধরবেন এই অনুরোধ আমি তাঁদের কাছে করছি। তাঁরা বলছেন বড় বড় মালিকদের আমরা এজেন্ট করে দিয়েছি, তাদের সঙ্গে আমরা যোগসাজস করেছি—গালভরা বুলি আপনারা আওড়াচ্ছেন—আমি আপনাদের বলি আজ বাংলা দেশের সরকার কো-অপারেটিভের মাধ্যমে ধান কেনার নীতি গ্রহণ করেছেন। আজ সেই কো-অপারেটিভকে কার্যকরী করবার জন্য গ্রাম গ্রামান্তরে সংগঠন গড়ে উঠলো না কেন এখনও পর্যন্ত শৈশবে রয়ে যাচ্ছেন কেন ঐ কো-অপারেটিভগুলি? এখনও পর্যন্ত কেন তাদের জোর বাড়ছে না। বাড়ছে না এইজন্য সকলের সহযোগিতা ছাড়া তা সম্ভব নয় এবং সরকার যখন বৎসরের এই সময়ে নূতন নীতি গ্রহণ করছেন তখন রাতারাতি এমন কিছু তারা করতে পারেন না যাতে ফলে সমস্ত ব্যবস্থা বানচাল হয়ে যাবে। দায়িত্ব তাঁদের হাতে নেই তাই তাঁরা বলতে পারেন অমুকের সঙ্গে তমুকের সঙ্গে গাঁটছড়া বেঁধেছো। কে করবে এই কাজ দেখিয়ে দিন। আমি তাই আপনাদের আহ্বান করি যদি এখনও পর্য্যন্ত আপনারা সহযোগিতার হাত বাড়ান বাংলা দেশ রক্ষা পেলে আপনারা সেই সহযোগী হিসাবে আপনাদেরকে ধন্য বলে মনে করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা হিসাব পরীক্ষা করে দেখছিলাম যে এ পর্যন্ত কত প্রকিওরমেন্ট হয়েছে। আমি শুনলাম প্রায় ৬০ হাজার টন প্রকিওরমেন্ট হয়েছে। কো-অপারেটিভ শৈশবে আছে, বিভিন্ন জেলায় তাদের কোন শাখা প্রশাখা গ্রাম গ্রামান্তরে গড়ে উঠেনি। কিন্তু কো-অপারেটিভের মাধ্যমে ৩০ হাজার টনের মত প্রকিওরমেন্ট এ পর্যন্ত হয়ে উঠেছে এবং আমি আপনার সামনে শুধু এই কথা বলি ৩৭ হাজার গ্রামে চাষীর কাছ থেকে তার সে উদ্বৃত্ত শস্য সরকার লেভি করে নিচ্ছেন। সেই লেভির ধান তারা যেন ঠিকমত জায়গায় এসে দিতে পারে এর

জন্য মেশিনারী সেট-আপ করাটা যদি কেউ মনে করেন সরকার যাদুমন্ত্রের মত করতে পারবেন তাহলে যিনি এইটা ভাবছেন তাঁর বুদ্ধি সম্বন্ধে আমাদের সন্দেহ হয়। আমি তাই আপনাদের বলবো যে এ কাজ অত্যন্ত দুরূহ। ভারতবর্ষ এবং বাংলা দেশে হাজার হাজার ব্যবসায়ী এ কাজ করতেন। তাঁদের আজকে বাদ দিয়ে সরকার তিনটি এজেন্সির মাধ্যমে এই কাজ আরম্ভ করেছেন এবং বিশেষ করে ৬টি জেলায় কো-অপারেটিভকে বেশীর ভাগ প্রাধান্য দিয়ে কাজ আরম্ভ করেছেন এবং আমি বলছি যে সেখানে আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে। আমি হিসাব করে দেখছিলাম এ পর্যন্ত কো-অপারেটিভ ডাইরেক্ট যা টাকা দেবার পশ্চিমবঙ্গে ফতোয়া দিয়েছেন তা ১ কোটি ২৫ লক্ষ টাকা ছয়টি জেলাতে, আর ছয়টি জেলাতে গ্যারান্টি দিয়েছে ১কোটি ৫০লক্ষ টাকার। এর মাধ্যমে আমরা দেখছি থানা কো-অপারেটিভ এবং প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটিগুলি কাজ করে চলেছে। বিভিন্ন খবরের কাগজে কাজ কিভাবে চলছে তার আলোচনা, সমালোচনা সমস্ত বেরোচ্ছে—আমি তার সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাচ্ছি না, আমি শুধু এইটুকু তথ্য এই হাউসের মাঝখানে রাখতে চাই১ লক্ষ থেকে ৩ লক্ষ টাকা থানা মার্কেটিং সোসাইটির হাতে দিয়েছেন যা তারা ধান কেনার কাজে লাগাচ্ছে এবং প্রাইমারী সোসাইটিগুলিকে ২ হাজার টাকা। তাছাড়া নিজেদের যা সম্পত্তি আছে তাই তারা কাজে লাগাচ্ছে। আমি মনে করি যে এই কাজকে আরও একটু জোরদার করতে হলে আরও একটু টাকার যোগান দরকার পড়বে। আমি জানি সরকার সে টাকার যোগান দিতে কোনরকম ভাবে পেছপা হবেন না। কিন্তু এখানে একটা জিনিস দরকার হবে—সেটা হচ্ছে—অত্যন্ত অল্প সময়ের মধ্যে ৩৭ হাজার গ্রামে হাজার হাজার চাষীর কাছ থেকে ধানকে সংগ্রহ করার ব্যাপারে যাতে চাষীর কোনরকম অসুবিধা না হয়, যাতে সে বিক্রি করতে এসে ফিরে না যায় এই সমস্ত জিনিসকে বিচার করে বন্দোবস্ত করে কাজে এগুতে হবে। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে এই কাজ দেখেছি যে পশ্চিমবঙ্গ সরকার আজ তাদের মন্ত্রীদের মধ্যে কাজ ভাগ করে দিয়েছেন। জেলায় জেলায় তাঁদের দায়িত্ব দিয়েছেন এবং আমরা দেখেছি যে তাঁরা জেলায় জেলায় ঘুরে বেড়াচ্ছেন। অনেকে বলতে পারেন যে তাঁরা আজকে মাঠে মাঠে নৃত্য করে বেড়াচ্ছেন—কিন্তু নৃত্য তাঁরা করতে যাচ্ছেন না—তাঁরা আজ দেশের স্বার্থে পশ্চিমবঙ্গের গ্রাম গ্রামান্তরে ঘুরে বেড়াচ্ছেন—দেশকে বাঁচাতে হবে বলেই ঘুরে বেড়াচ্ছেন যাতে করে কোন চাষী পরিবার কোনরকম অসুবিধার সম্মুখীন না হন, কোন কো-অপারেটিভের ক্ষেত্রে বা কোন জেলার শাসন ব্যবস্থায় যাতে একটা ডিসিসন অন দি স্পট হয় তারজন্য মন্ত্রীরা আজকে জেলায় জেলায় ঘুরে বেড়াচ্ছেন। তাঁর সঙ্গে সেখানকার যেসমস্ত কো-অপারেটিভ অর্গানাইজার আছেন যাঁরা বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত—আমি বিশেষ করে আপনাদের বলবো যে যাঁরা বিভিন্ন কংগ্রেস প্রতিষ্ঠানের সংঙ্গে যুক্ত এবং সমাজ উন্নয়ন কাজের সঙ্গে যুক্ত তাঁরা আজ এই কাজের মধ্যে নেমেছেন। লজ্জার কিছু নেই, দুঃখের কিছু নেই, অভিযোগের কিছু নেই—আপনারা এই কাজে অংশগ্রহণ করতে পারছেন না বলে আপনাদের মনে হতাশা এসেছ। আপনারা এই কাজে অংশগ্রহণ করুন—এই কাজে আপনারা নামুন এবং এই কাজকে সার্থক করে তুলুন তাহলে আপনারা আনন্দ পাবেন, হতাশা ব্যর্থতা আপনাদের মনে আসবে না—আপনারা সেখানে আর আগুন দেখতে পাবেন না। মাননীয় সভাপাল মহাশয়, একথা আমি বারংবার বলবো যে আজকে আমরা একটা চরম সময়ের মুখে এসে দাঁড়িয়েছি। আমরা আজকে কি বলি সংবাদপত্র মারফৎ তা প্রচারিত হয়, জনসাধারণ পুংখানুপুংখরূপে তা পড়েন—কোন জায়গায় হতাশ হন, কোন জায়গায় আশা পান। এই নিরাশা এবং আশার মধ্যে দোদুল্যমান অবস্থায় জনসাধারণকে না রেখে আসল কথাট যেন তাঁদের কাছে পৌছে দেওয়া হয়। জনসাধারণের দেশপ্রীতি আমাদের চেয়ে বেশী—তাঁরা ডাকবার আগে সাড়া দেন। কাজেই তাঁদের নিয়ে আমরা দেশকে সঙ্কটমুক্ত করতে পারবো এ বিশ্বাস এবং ভরসা আমাদের আছে। তাই যে খাদ্যনীতি গ্রহণ না করলে দেশের সর্বনাশ হবে বলে আমি মনে করি সেই খাদ্যনীতিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 p.m.]

Shri Birendra Narayan Roy : On a point of personal explanation. মি: চেয়ারম্যান, স্যার, কংগ্রেসী সদস্য আনন্দ গোপাল মুখার্জি বলেছেন যে আমার গায়ে ৫ হাজার টাকা দামের শাল আছে। (কোট দেখাইয়া) এটা কোথা থেকে শাল হল তা বুঝতে পাচ্ছি না। তিনি অতুল্যবাবু এবং প্রফুল্লবাবুর কাছে থেকে ৫ হাজার টাকার শাল কিনতে পারেন। আমার মত লোক তা কিনতে পারে না।

Shri Bhadra Bahadur Hamal : মি: চেয়ারম্যান, স্যার, আমি আমার বক্তব্যে ডিসট্রিক্ট দার্জিলিং জেলা সম্বন্ধে বলবো। ঙিল ডিসট্রিক্টে ধান কম হয় এবং চাষ করতে অনেক খরচ লাগে ১৯০ টাকা একরে খরচ হয় এবং প্রায় ৮ মণ ধান হয় সেখানে যদি Ratoin দেন তাহলে সর্বনাশ হবে। সেজন্য বলছি যে এখানে ১০ একর পর্যন্ত লেভি বাদ দিতে হবে নাহলে চাষী বাঁচবে না। তারপর তার বাদবাকি গভঃ বলতে পারেন। এটা হচ্ছে আমাদের ডিমাণ্ড। আমি একটা বিষয় বলতে চাই কচ্ছ ও লাহোর সীমান্তে আমাদের যেসমস্ত জোয়ান ফাইট করে এসেছে প্যাটন ট্যাংকের বিরুদ্ধে এবং অটোমেটিক মেসিন নিয়ে ফাইট করে এসেছে তখন সে সময় দার্জিলিংএ একজন জোয়ানকে তার স্ত্রী বললো যে তোমার ছেলেপুলে না খেয়ে স্কুলে গেছে ১ কেজি চাল নিয়ে এস। Ration Card করে এরূপ করে দিয়েছেন যে চোরাকারবারী এবং এবং M. R. পাশাপাশি চলছে। সেখানে চোরাবাজার এত বেশী চলছে এবং সেটা কারা চালাচ্ছে সেটা ঐ আনন্দবাবুর দল জানেন। আপনারা দার্জিলিং-এ নেপাল রাইস দিচ্ছেন সেই রাইস নিয়ে black marketing হচ্ছে। এই চোরাকারবারীরা হল আপনাদের দেবতা। যে জোয়ান প্যাটন ট্যাংকের বিরুদ্ধে ফাইট করে এল সে জোয়ান বাহাদুরকে হাতে পায়ে ধরে ২ কেজি চাল ৩ টাকা দামে নিতে হচ্ছে। এ অবস্থা কারা সৃষ্টি করেছে, daily চোরাবাজার থেকে চাল নিতে হচ্ছে তা না হলে তারা খেতে পাচ্ছে না, জোয়ানরা যদি দেখে তার বউ ছেলেমেয়ে কেউ খেতে পাচ্ছেনা তাহলে তাদের মন ভেঙ্গে যাবে এবং সে আর মেসিনগান চালাতে পারবে না। দার্জিলিংএ চা বাগানের চায়ের দ্বারা আপনারা অনেক বিদেশী মুদ্রা অর্জন করেন। এই চা বাগানে যারা dependent তাদের ration নেই। Family ration পায় না। গার্ডেনে যারা কাজ করে তারা ration পায় যারা কাজ করে না ration পায় না। এভাবে আপনারা দেশের লোককে ঠেলে দিচ্ছেন। দার্জিলিংএর অবস্থা কি সেখানে রূরাল এরিয়ায় সেখানে ধান হয় না সেখানে যে বস্তি আছে সেখানে একবারে চাল দিচ্ছেন না। লোকগুলো খাবে কি? চোরাকারবারীরা আপনাদের দেবতা সেজন্য আপনারা তাদের পুষছেন। সিপাইদের সামনে তারা বেশী দামে চাল বিক্রি করছে পুলিশ এনফোর্সমেন্ট যারা তাদের ধরবে তারাই লাইন দিয়ে ১৷০ বা ১৷৷০ টাকায় এবং রাত্রিবেলায় ২৷৹ টাকা দরে চাল কিনছে। এ অবস্থা যে কতদিন চলবে তাও ঠিক নেই। এই যে নূতন food policy নিয়েছেন তাতে দেখছি চোরাকারবারীরা আপনাদের কাছে ভগবানের চেয়ে বড়। নেপাল রাইস কোথা থেকে যাচ্ছে ভদ্রপুরের Rice Mill সম্বন্ধে কে জানেনা। প্রত্যেক লোক জানে এনফোর্সমেন্ট জানে দার্জিলিংএর D S.P. জানে, মন্ত্রীমণ্ডলীও জানে শিলিগুড়িতে ধানের বড় চোরাকারবারীদের আড্ডা। ১ কোটি টাকার ধান চালান করে গলগলিয়া দিয়ে। এরা electionএর সময় আপনাদের টাকা দিচ্ছে সেজন্য আপনারা কিছু করতে পাচ্ছেননা। সেজন্য বলছি আপনারা যদি চোরাকারবারী বন্ধ করতে চান তাহলে পুরা ration দিন। আবার বলছেন কলা খাও। কিন্তু যে কলার চপ আজকে খাওয়ালেন আমাদের তা আমরা করতে পারবো না। কারণ দার্জিলিং জেলায় চারকোল পাওয়া যায় না। যাও পাওয়া যায় তাও চোরাকারবারীতে বিক্রয় হয়

কিন্তু আপনাদের চপ করতে যা খরচ তা আমাদের মত লোকের দ্বারা সম্ভব নয়। সেজন্য বলছি লাল বাহাদুর শাস্ত্রী সংকটের দিনে কলকাতায় এসে জয় জোয়ান বললেন ঠিক সে সময় দার্জিলিংএর জোয়ান ২ কেজি চালের জন্য চোরাকারবারীর পা ধরলেন, এ অবস্থা আপনারা করবেন না।

Shri Nani Bhattacharjee : চেয়ারম্যান, স্যার, আনন্দবাবু বলেছেন বিরোধী পক্ষের তরফ থেকে পাল্টা খাদ্যনীতি কি হবে বা কি হওয়া উচিত সে সম্বন্ধে কোন কথাই বলেন নি। আমরা সামনে বৎসরের যে নূতন খাদ্যনীতি কংগ্রেস গভর্নমেন্ট-এর পক্ষ থেকে প্রস্তাব করা হয়েছে তার কেবল বিরোধী সমালোচনা করছি। আমরা কি পাল্টা খাদ্যনীতির কথা বলেছি এবং এই সরকারের কাছে কি পাল্টা খাদ্যনীতি দিয়েছি শুধু R.S.P. পক্ষ থেকে নয় সংযুক্ত বামপন্থী ফ্রন্টের পক্ষ থেকে তা বলতে চাই। আমরা পরিষ্কারভাবে একচেটিয়া রাস্ট্রায়ত্ব বাণিজ্য ধানচালের ক্ষেত্রে সেটা আমরা চাচ্ছি। অশোক মেটার প্রস্তাব হল বা সেটা কমিটির প্রস্তাব হল সরকার ধানচালের বাজারে খরিদ্দার হিসাবে নামুন—আরো ৫টা খরিদ্দার আমরা চাই না। আমরা চাচ্ছি সরকার একচেটিয়া ভাবে বাজারে ধানচাল উঠলে সেগুলি কিনুন। সেজন্য আমরা চাচ্ছি যারা অল্প জমির মালিক ৭ একর পর্য্যন্ত ধরেছি অসেচ এলাকায় এবং ৪½ একর পর্যন্ত সেচ এলাকায় যাদের সামান্য বেশী হয় তার বাদ দিয়ে বাকি যা থাকে তার উৎপাদনের ভাগ, তার সংসারে প্রয়োজন, তার মাথাপিছু ১২ মণ হিসাবে রেখে বাকি সব সরকার কিনে নিন।

[3-20—3-30 p.m.]

যে রকম লেভির হার ধার্য্য করা হয়েছে, তার আমরা সমালোচনা করেছি এইজন্য যারা ধনী জোতদার ২৫ একরের জোতদার, ২০ একরের জোতদার, ১৫ একরের জোতদার তারা লেভির যা ধার্য্য হার, সেই হার অনুযায়ী ধান দিয়েও দায়িত্ব পালন করেও বহু উদ্বৃত্ত ধান তার ঘরের মধ্যে থেকে যায়, সেটা চোরাকারবারের জন্য হয়ে যাবে, যেমন অতীতে চোরাকারবারের জন্য হয়ে আসছে। এটা কংগ্রেসের মাননীয় সদস্যরা যে জানেন না, মন্ত্রী সভার সদস্যরা যে জানেন না তা নয়। যে চোরাবাজারীর জন্য হিসেবে ধনী জোতদারদের ধান আসছে, বরাবর এসেছে এ পর্যন্ত। সেইজন্য আমরা চেয়েছি যারা ৭ একরের বেশী জমির মালিক, মাথাপিছু ১২ মণ হিসেবে খোরাকী, চাষবাসের জন্য যা প্রয়োজন সেই বাবাদ ধরে রেখে অবশিষ্ট ধান সরকার নিজে কিনে নিন। এই অবশিষ্ট ধান যা থাকবে তার মোটামুটি একটা হিসেব হচ্ছে ১৫ লক্ষ টনের মত হ'তে পারে। সুতরাং সেইভাবে যদি হয়, ভাল, তা যদি না হয়, তাহলে আমরা কম খাব, সে প্রশ্নে পরে আসছি। কথা হচ্ছে উদ্বৃত্ত চাষী যারা লেভির হার বাড়িয়ে আরো ঘরে উদ্বৃত্ত ধান থাকবে, সরকার তার ধান পুরোপুরি কিনে নিন, এই লেভির হারের মধ্যে বেনামী জমির ধান ধরা হয় নাই সরকারের খাসজমির ধানও ধরা হয় নাই, ধনী জোতদারদের মহাজনী ধানও ধরা হয় নাই; সরকার স্বীকার করেছেন কৃষিঋণের শতকরা ৪৭ ভাগের যোগান দেয় ধনী চাষী দরিদ্র চাষীকে, মহাজনীসূত্রে পাওয়া ধান এটাও সরকার সম্পূর্ণ নিয়ে আসুন। এটা আমরা চেয়েছি, এমন কি ধনী চাষীরা দরিদ্র চাষীকে আগাম দিয়ে জলের দরে তার ধান কিনে নেয়, সেটা তাদের থেকে যাচ্ছে। ব্যবসায়ী সূত্রে পাওয়া ধানও সরকার নিজের ঘরে নিয়ে আসতে পারেন। সেই কথাই আমরা রাস্ট্রায়ত্ত বাণিজ্য বলতে বুঝেছি। কারা সেই ধান কিনবেন? আনন্দগোপাল বাবু বললেন চালকলদের কিনতে দেওয়া হয়েছে, তাদের উপর লেভি করা হয়েছে তাঁরা কিনছেন, কো-অপারেটিভ কিনছেন। Co-operative এর মধ্যে দুর্নীতি আছে জানি। সেই co-operative মারফৎ ধান কিনুন। কিন্তু সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি সেই co-operative দিয়ে কিনলে হবে না। আরো বহুলোক দরকার যাদের মাধ্যমে ধান সংগ্রহ করতে হবে, লোক দরকার বলে কি যারা কুখ্যাত একচেটিয়া ব্যবসাদার, ধানচালের পাইকারী ব্যবসা করে আসছে; চালকলের মালিক যারা ধানচালের ব্যবসা করে আসছে, যারা দীর্ঘ ৮।১০ বছর ধরে সরকারী যে দর কাগজপত্রে রেখে

তার উর্ধমূল্য করে জনসাধারণের জীবনে দুর্গতির বোঝা নিয়ে আসছে, তাদের দিয়ে চাল কিনতে হবে? তার পরিনাম ১৯৪৪ সালের আগে যে control, তখন যে পরিনাম ঘটেছিল তার দিকেই আমরা এগিয়ে যাচ্ছি। সেই পরিনাম কি? তারা যখন সরকারের হয়ে সরকারী ধান সংগ্রহ করবেন, তার পাশাপাশি চোরাকারবারের জন্ত হিসেবে ব্যবহার করবার জন্ত বে-আইনীভাবে ধান সংগ্রহ করে যাবেন। তার হিসেব নেবার মত লোক সরকারী দপ্তরে নাই। ঠিক ঠিক চালকলের মালিক যথা সরকারী অর্ডার নিয়ে ধান সংগ্রহ করবেন তার পাশাপাশি চোরাকারবারের ধানও তারা সংগ্রহ করবেন, সেই হিসেব নেবার লোক ঐ ফুড ইন্সপেক্টার নয়, ...স্টক verification হয় না, হলেও কিছু দক্ষিণা দিয়ে তারা এড়িয়ে থাকেন। ১৯৫৪ সালে যখন বাংলাদেশে control ছিল তখন চালকলের মালিক দেখেছি কিভাবে সরকারী সংগ্রহের পাশাপাশি চোরাকারবারের জন্ত ধান সংগ্রহ করেছে। পাইকারী ব্যবসায় ছিল সরকারী সংগ্রহ নীতির পাশাপাশি। এইভাবে তারা চোরাকারবারও তখন গড়ে তুলেছিল। কাজেই সেই খাদ্যনীতিকে সফল করতে হলে প্রয়োজন মত সৎ ছেলে খাদ্যদপ্তরে recruit করতে হবে, বহু সৎলোক আছে তাদের D. P. Agent নিযুক্ত করতে হবে। এবং তাদের হাত দিয়ে কুখ্যাত চোরাকারবারী নয়, কুখ্যাত এইরকম ধরণের লোক নয় তাদের মারফৎ তোমরা ধানচাল জোগাড় কর—সেকথা আমরা বলেছি। কিন্তু বিভিন্ন জেলার তালিকা নিন মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি দেখবেন যে কংগ্রেসের একটা সুপারিশ হলেই হল, D. P. Agents হবার জন্ত টাকার ছড়াছড়ি চলছে, তদ্বির তদারকের ছড়াছড়ি চলছে, শুধু কি D. P. Agent হিসাবে যে কমিশন সেই কমিশনের আশায় না handling charge এর আশায় তা নয়—তারা জানে এই পাঞ্জাটা তারা যদি পায় তাহলে তার পাশাপাশি চোরামজুত গড়ে তোলবার সুযোগ তারা পাবে, তারজন্য টাকার খেলা বিভিন্ন জেলায় সুরু হয়ে গিয়েছে। এবং কাদেরকে D. P. Agent হিসাবে নিযুক্ত করা হয়েছে যারা ধানচালের ব্যবসায়ে চোরাই চালানদার হিসাবে নাম কিনেছে। যারা সরকারী বাঁধা দর কাগজপত্রে দেখে সেখানে আড়াই টাকা তিন টাকা দরে চাল খাইয়েছে তাদেরকে সব বেছে বেছে D. P. Agent নিযুক্ত করা হয়েছে। রাষ্ট্রায়ত্ত বাণিজ্য চলবে এইভাবে—সেভাবে চলতে পারে না। সেইজন্যই আমরা বলেছি যারা সৎলোক আছে তাদেরকে recruit করা হউক, সরকারী কর্মচারী বাহিনী বাড়িয়ে দেওয়া হউক এবং সেই বাহিনীর মারফতে চাল সংগ্রহ করা ধান সংগ্রহ করার নীতি গ্রহণ করুন যেটা তারা co-operative এর মারফতে পারবেন না। Co-operative-এর উপরে নজর দেবার ব্যবস্থা করা হউক। এইভাবে আমরা সংগ্রহের কথা বলেছি। তৃতীয় আমরা বলেছি যে সর্বদলীয় কমিটি গঠন করতে হবে জনসাধারণের স্বতঃস্ফূর্ত উদ্যোগের উপর দাঁড়িয়ে ঐ তদারকির ব্যবস্থা করতে হবে। যে D. P. Agent যারা ধান সংগ্রহ করছে সরকারের হয়ে তারা জাল জোচ্চুরি করছে কিনা তা দেখবার জন্য, যে stock co-operative তুলছে অনেক co-operative-এ আমরা জানি যারা ক্ষমতাসম্পন্ন Director তারা co-operative এর নামে নিজেদের বেনামী ব্যবসা করে থাকেন সেইরকম ব্যবসা চলছে কি না যেগুলি দেখবার জন্য জনসাধারণের কমিটি সর্বদলীয় ক্ষমতাসম্পন্ন কমিটি পুলিশ পাওয়ারওয়ালা কমিটি তৈরী করার কথা আমরা বলেছি। সেকথা তো মানা হয়নি। তারপরে আমি যে কথা বলতে চাই যে আমরা আজ দেখতে পাচ্ছি যে সরকার বলেছেন ১৫ লক্ষ টন চাল সংগ্রহ করবেন আমরা ঐ A. B. C. D.-র জন্য কি পরিমাণ চালের দরকার হয় তার একটা আনুমানিক হিসাব আমরা করেছি—প্রফুল্লবাবুর হিসাবের ভিত্তিটাকে ধরে নিয়ে সেটা আমি আপনার কাছে রাখছি। Statutory এলাকায় ৮২ লক্ষ population ধরা হয়েছে যদি শিলিগুড়ি পর্যন্ত এবং আসানসোল দুর্গাপুর পর্যন্ত ধরে নেওয়া হয়। ১২ আউন্স করে ধরলে সেখানে আনুমানিক ১০ লক্ষ টনের দরকার হবে। এবং ঐ যে সহরের বাকী ১৮ লক্ষ লোক তাদের জন্য আনুমানিক আমরা ধরেছি ২ লক্ষ টনের দরকার হবে। Restaurant, hotel প্রভৃতির জন্য আমরা ধরেছি ২ লক্ষ টন দরকার পড়ে। এবং B.C.D. গ্রামাঞ্চলে যেমন কৃষি মজুর যাদের কৃষি বৃত্তি নয় কোন জমি নাই এইরকম

ধরনের লোক তাদের সংখ্যা আমরা ধরেছি ৫০ লক্ষের মত কৃষি মজুর এবং ঐ রকম কৃষি পেশা নয় কৃষিজীবি নন্ অন্য পেশায় নিযুক্ত আছেন জমি নাই সেই সমস্ত মিলে আমরা ৫০ লক্ষ ধরেছি। এবং তাদের জন্য আমরা ১৬ আউন্স হিসাবে ধরেছি। সেই সমস্ত মিলিয়ে ৯০ লক্ষ লোকের জন্য আমরা ১২ লক্ষ টন ধরেছি। ১৮ লক্ষ urban population এবং গ্রামাঞ্চলের কৃষি মজুর এবং যাদের কাছে কোন কৃষিজমি নাই অন্য পেশায় নিযুক্ত এইরকম লোকের সংখ্যা ৫০ লক্ষ ধরে তাদের ধরা হয়েছে ১২ লক্ষ টন। Next আসছে B.C.D. গ্রুপের—প্রফুল্লবাবু তিন শ্রেণীর লোককে কাউকে সাড়েচার মাস কাউকে সাড়েপাঁচ মাস এবং কাউকে সাড়েনয় মাস খাওয়াবার দায়িত্ব নিয়েছেন। আমি হিসাব করেছি এর পরিমাণ হচ্ছে আণুমানিক দেড় কোটী লোক। এবং এদের সাড়েচার মাস সাড়েপাঁচ মাস এবং সাড়েনয় মাস ১৬ আউন্স হিসাবে যদি দিতে হয় তাহলে আরও ১২।১৩ লক্ষ টন খাদ্যের দরকার পড়ে। প্রফুল্লবাবু যাদের খাওয়ানোর দায়িত্ব নিয়েছেন এই নতুন খাদ্যনীতি অনুসারে তাদের ৩৬ লক্ষ টন খাদ্য দেওয়া দরকার পড়ে। আর ১৫ লক্ষ টন সংগ্রহ হচ্ছে।

[3-30—3-40 p.m.]

এবং সেই সংগে সংগে কেন্দ্র থেকে তাঁরা ৭ লক্ষ টন পাচ্ছেন। সুতরাং ১৫ লক্ষ আর ১০ লক্ষ যদি ধরে নিই তাহলে ২৫ লক্ষ টন পাচ্ছেন তাহলে বাকী ১১।১২ লক্ষ টনের যে দরকার তার জন্য কার দ্বারস্থ হবেন?

Shrimati Purabi Mukhopadhyay : আপনার হিসাবে তাহলে টোটাল পপুলেশন কত হল?

Shri Nani Bhattacharyya : আমি ৪ কোটি ধরেছি, তার মধ্যে শিশুরাও পড়ে যাচ্ছে।

Shrimati Purabi Mukhopadhyay : তাহলে ৬৫ লক্ষ টন রিকয়্যারমেন্ট হয়।

Shri Nani Bhattacharyya : ৬৫ লক্ষ টন হতে পারেনা এ হিসাব আমি আগেই দিয়েছি। সুতরাং ৩৬ টনের মধ্যে আমরা মাত্র দেখতে পাচ্ছি সরকারের হাতে থাকছে ১৫ লক্ষ টন, আর সেন্টার থেকে যেটা পাবেন সেটা। তাহলে বাকি খাদ্যের জন্য কার দ্বারস্থ হবেন, না, সেই চোকারবারীদের দ্বারস্থ হতে হবে। চোরাকারবার যারা তৈরী করছে চালকলের মালিক তারা রাতারাতি সাধু হয়ে গেল একথা মনে করবার কোন কারণ নেই। প্রফুল্লবাবু বলেছিলেন যে ৭ শত চালকলকে তিনি সরকারী কব্জার মধ্যে নিয়ে আসবেন। সেটা গেল কোথায়? তিনি বলেছিলেন যে হাসকিং মিল বন্ধ করে দিয়ে সরকারের নিজের হাতে সেগুলিকে নিয়ে আসা দরকার। কিন্তু আজ দেখছি তাদেরই হাতে আমাদের ছেড়ে দেওয়া হচ্ছে এবং যারা পাইকারী ব্যবসায়ী তাদেরই ডি, পি, এজেন্ট হিসাবে নিয়োগে করা হচ্ছে, তারা সেই সরকারী পানজা নিয়ে চোরাকারবারকে মজবুত করবে এবং সরকারী বিধি অনুসারে তার কাগজপত্র রাখবে এবং এই কাগজপত্র রাখার ফল আমরা এ বছরে দেখেছি যে চালের দর ২৷৷০ টাকা ৩ টাকা উঠেছে এবং সামনের বছরে কত টাকায় চাল তারা খাওয়াবে আমরা জানিনা, যার সংগতি থাকবে সে বাঁচবে, যার থাকবেনা সে মরবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন বিগত খাদ্যনীতির কথা। তিনি কি জানেন না পণ্ডিত নেহেরুর হিসাবমত শতকরা ৬০ জন লোকের যেখানে সাড়ে সাত আনা দৈনিক খরচ করার সাধ্য নেই সেখানে ঐ ক্যান্টিনে খাওয়ার কথা যেটা বললেন সেই শ্রী ক্যান্টিনে খাওয়াটা তাদের কাছে চাঁদে হাত দেওয়ার সমান। কাজে কাজেই এগুলির তাঁরা কি জবাব দেবেন? একটা নতুন বই বেরিয়েছে, তার থেকে দু' একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। গতবারের খাদ্যনীতি সম্বন্ধে তাঁর যে ডিমাণ্ড এণ্ড সাপ্লাই থিওরি সেটা আজো এই মনোপলির যুগে চলছে। কারণ প্রফুল্লবাবু বলেছেন

১৯৬৫ সালে কৃষকদের সম্বন্ধে একটা বইতে, তার নাম নিউ ডাইমেনসন, পেজ ১৬২, তিনি বলছেন: We want to protect this interest, now when this year the bumpur crop will go to the market the price will naturally tend to fall. চাষীদের ইন্টারেষ্ট তাঁরা রক্ষা করতে চাচ্ছেন। যখন বাম্পার ক্রপ হল এবং তারপরে তার প্রাইস খুব নীচে নেবে গেলে তাতে চাষীদের স্বার্থের ক্ষতি হবে সেটা মেনে নেবার জন্য অনুরোধ করা হয়েছে। কি অবস্থা দেখলাম, মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী যেদিন থেকে এই মন্ত্রী সভা গঠিত হয়েছে সেদিন থেকেই তিনি খাদ্যের ভাণ্ডার হাতে নিয়েছেন এবং সেইজন্য তার খাদ্যের ব্যাপারে অভিজ্ঞতা সবচেয়ে বেশী এবং তাঁর সেই ক্যালকুলেশনের উপর বাংলা দেশের জনসাধারণের ভবিষ্যত নির্ভর করছে। আর একটা জায়গাতে তিনি বলেছেন সেটা হচ্ছে ফুড পলিসি এবং প্ল্যান সম্বন্ধে, পেজ ১৬৮, সেখানে তিনি বলছেন চলতি বছরে যে খাদ্যনীতি নিয়েছেন সেটা হচ্ছে ইউনিক, unique this is how we have met and are still meeting the challange thrown by the hoarders at all stages. This is unique not only in the whole of India but also for our own State which has many brilliant records of such measures in the past. কি ব্রিলিয়েন্ট রেকর্ড যে ৩ টাকাতেও লোকে চাল পাচ্ছেনা, আজকে এই মরশুম সময়ে মাননীয় সভাপতি মহাশয়, ২৷৷০ টাকা, ৩ টাকা দরে চাল বিক্রী হচ্ছে ঘাটতি অঞ্চলে এবং সেখানে পাচ্ছি যে চোরাকারবারের সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। সেজন্য আমার শেষ কথা বলতে চাই যে এটা আমরা চেয়েছিলাম যেসব চোরাকারবারী, পাইকারী ব্যবসায়ীরা চোরাকারবারী চালিয়ে, চালকলের মালিকরা চোরাকারবার চালিয়ে জনসাধারণের মুখের গ্রাস কেড়ে নিয়ে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা জমিয়েছেন তাদের হাতে ১৬ আনা এই খাদ্য ব্যবসা না রেখে নিজের হাতে নিন। কিন্তু আপনারা যাতে চোরাকারবারীরা প্রশ্রয় পায় সেই নীতি নিয়েছেন। সেইজন্য মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আমার বক্তৃতার উপসংহারে এই কথাই বলবো যে চরম খাদ্য সংকটএর ধ্বনন্তরী দাওয়াই প্রফুল্লবাবু দেননি, মনন্তরী দাওয়াই তিনি দিয়েছেন, এবং তার হাত থেকে পরিত্রাণ পাবার জন্য আমি বাংলাদেশের জনসাধারণকে এগিয়ে আসবার জন্য আহ্বান জানাচ্ছি।

Shri Kashi Kanta Maitra : মাননীয় চেয়ারম্যান মহাশয়, মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি দেশের কাছে রেখেছেন সেটা দারুণ দুর্যোগ এবং সংকট সম্ভাবনাপূর্ণ এটা ভেবেই এবং সেই গভীর আশংকা বোধ থেকেই আমি তাঁর এই নীতির তীব্র বিরোধিতা করছি। আমি মুখ্যমন্ত্রীর কাছে আজকে এই সভার মাধ্যমে এবং আমার বক্তব্যের মাধ্যমে কয়েকটি প্রশ্ন রাখতে চাই। আমার প্রথম প্রশ্ন যে কোন দেশে কোন খাদ্যনীতি এবং তা যদি বৈপ্লবিক নীতি হতে চায় তাহলে তা গ্রহণ করতে গেলে সর্বাগ্রে জানা দরকার দেশের মোট চাহিদা কত এবং সেই চাহিদার হিসাব-নিকাশ করতে গিয়ে স্পষ্ট ভাষায় জানাতে হবে যে জন পিছু প্রাপ্ত বয়স্ক পিছু কত আউনস খাদ্য আমরা ধরে দেশের মোট চাহিদার পরিমাণ তৈরি করেছি এবং সেই চাহিদার পরিমাণ ভেবে তারপর দেখতে হবে যে আমার দেশে কত লক্ষ সামগ্রী আছে, কত এ্যাভেলেবেল। এই এ্যাভেলেবিলিটির সংখ্যা জেনে এবং আমার ডিমাণ্ড, রিকয়ারমেন্ট ক্যালকুলেশন করে যদি আমি দেখি যে আমার চাহিদার চেয়ে সরবরাহ কম তাহলে বুঝতে হবে আমার সেখানে ঘাটতি আছে এবং সেখানে প্রশ্ন আসে কিভাবে সেই ঘাটতি পূরণ করবো। সুতরাং মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রথম প্রশ্ন হচ্ছে তিনি একটা বিপদজনক চিত্র এঁকে বারবার করে বাংলা দেশকে বিভ্রান্ত করছেন এবং চোরাকারবারীদের লুণ্ঠনের পথ উন্মুক্ত করছেন, প্রসস্থ করছেন। কিসের ভিত্তিতে, কি তথ্যের ভিত্তিতে তিনি বারবার করে দেশকে বলছেন যে আমাদের দেশে ঘাটতি আছে? এই হাউসে আমি একাধিকবার বলেছি, আশার কথা যে বিরোধী দলের অন্যতম নেতা শ্রীনলিনী ভট্টাচার্য মহাশয় আমাকে সমর্থন করে গত অধিবেশনে বক্তৃতা করেছেন এবং আজ সেই কথা বলেছেন, কিন্তু দুঃখের কথা যে মুখ্যমন্ত্রী আজকে এই হাউসে বলেছেন আমি নাকি এই ব্যাপারে একা,

আমার সংগে আর কেউ নেই, যেহেতু বিরোধী দলের কেউ আমার সংগে একমত হচ্ছেন না অতএব আমার প্রশ্নের জবাব দেওয়ার প্রয়োজন তিনি মনে করেন না। আমি তাঁকে জিজ্ঞসা করছি তাহলে স্ট্যাটিসটিক্যাল ট্রুথ, ম্যাথমেটিক্যাল ট্রুথ এটাও কি মেজোরিটি ভোটে নির্ধারিত হবে? ২ আর ২-এ ৪ হবে, কি ২ আর ২-এ ৫ হবে, কি ৭ হবে, এটাও কি মেজোরিটি ভোটে হবে? আজ যদি মেজোরিটি ভোট বলে যে হাইয়ার ম্যাথামেটিকসএ ২ আর ২-এ ৭ তাহলে তাই আপনারা বলুন। কিন্তু মুখ্যমন্ত্রী যে স্ট্যাটিসটিকস দিয়েছেন তাতে আমি দেখিয়েছি যে আমাদের চিত্র এত করুণ চিত্র নয়, এত ভয়াবহ চিত্র নয় যে এইভাবে তিনি আমাদের কাছে লুসিড পিকচার রেখেছেন। এর ফল কি হচ্ছে? ফল হচ্ছে এই যে দেশের মুনাফাবাজীরা ওত পেতে রয়েছে, আপনারা যেই বলছেন যে ১৮ লক্ষ টন, ২২ লক্ষ টন ঘাটতি তারাও অমনি বলছে যে দেশে ঘাটতি আছে, ঘাটতি যদি থাকে তাহলে দেবে কোথা থেকে? তাই চালের দাম ১ টাকা থেকে ২।৩।৪ টাকা পর্যন্ত হচ্ছে। আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে মুখ্যমন্ত্রী যখন তাঁর তথাকথিত এই বৈপ্লবিক খাদ্যনীতি আনতে গেলেন তখন এটা আমি আশা করবো এই নীতি গ্রহণ করবার আগে তিনি কতকগুলি মৌলিক সিদ্ধান্তে এসে পৌঁছেছেন যে কি কি বেসিক কনসিডারেশন কি কি জিনিষ বিচার করে তিনি এই নীতি নিলেন। এটা আমাদের জানান দরকার। এটা ঠিকই তিনি যে কথা বলছেন। It is indicative lucid of a programatic consideration or is it ideological or is it just out of a dogmatic consideration to meet the emergent needs or special needs of a particuar period of time. এটা আমি জানতে চাই। চীফ মিনিস্টারকে আজকে সেই কথা বলতে হবে। চতুর্থতঃ প্রত্যেক দেশে বিশেষ করে গণতান্ত্রিক দেশেত বটেই যখন এই রকম বিতর্কমূলক, নূতন সম্ভাবনাপূর্ণ বিপদজনক খাদ্যনীতি নিয়ে নূতন নীতি গ্রহণ করা হয় তখন সরকারী এবং বেসরকারী লেভেলে আলোচনা হয়, সার্ভে হয়, রিপোর্ট হয়, তদন্ত হয় এবং তার ভিত্তিতে একটা সিদ্ধান্ত নেওয়া হয়। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি তাঁর এই তথাকথিত বৈপ্লবিক খাদ্যনীতি গ্রহণ করবার আগে তিনি কি কি সরকারী লেভেলে কোন কোন দপ্তরের সংগে আলোচনা করেছেন, কোন সার্ভে রিপোর্ট বা রেকমেণ্ডেশন আছে কিনা? যদি থেকে থাকে তাহলে কাঁরা সেই রিপোর্ট, রেকমেণ্ডেশন দিয়েছেন সেটা আমাদের জানান দরকার এবং যদি কোন বেসরকারী রিপোর্ট নিয়ে থাকেন তাহলে বেসরকারী রিপোর্টের সোর্সটা কি, তাঁদের রিপোর্ট বা রেকমেণ্ডেশনটা কি সেটা আমাদের কাছে রাখবেন।

[3-40—3-50 p. m.]

মুখ্যমন্ত্রী এটা করছেন না—তিনি নিজের মত একটা জিনিস চালু করে চাপাতে চেষ্টা করছেন। আমি মুখ্যমন্ত্রীকে খুব বিনয়ের সংগে জিজ্ঞাসা করছি। Does he really want that this great democratic institution, this august body, this Legislative Assembly is going to act just as a registering machine, to sheepishly register or rubber-stamp the bad decisions, whims and caprices of Chief Minister Sen or his bureaucratic buffers of Food Department. মুখ্যমন্ত্রী বলছেন যে কলকাতায় খাদ্যনীতি আমার সফল হয়েছে। আমি ওঁকে জিজ্ঞাসা করছি—কি করে সফল হয়েছে? আজকে কলকাতার ১২ লক্ষ বা ১৯ লক্ষ লোককে চার আউন্স দু আউন্স দিয়ে বলতে পারেন যে সফল হয়েছে—কাজেই সফলতার মাপকাঠিটা কি সেটা আমি জানতে চাচ্ছি। পঞ্চমতঃ আমি জিজ্ঞাসা করছি যে খাদ্য এবং পুষ্টির সংগে যে নিবিড় সম্পর্ক সেই সম্পর্কের কথা বিবেচনা করে মুখ্যমন্ত্রী কি আজকে আমাদের কাছে বলতে পারেন যে এই রেশন বরাদ্দ বিচার করবার সময় খাদ্যের সংগে পুষ্টির সম্পর্ক বিবেচনা করে রেশন বরাদ্দ ঠিক করেছেন? এই যে আজকে কলকাতার ৯·৩ আউন্স করে খাবার দেওয়া হচ্ছে এবং গ্রামাঞ্চলে গরুকে দেবার মত ছোলা এবং পাতা... য় মেশানো খুদ দেওয়া হচ্ছে ৪।৫ শত কে জি করে তার পুষ্টির সংগে কোন যোগাযোগ

আছে কিনা এবং তার নিউট্রিটিভ ভ্যালু আছে কিনা—দেশের যা নিউট্রিটিভ রিকোয়ারমেন্ট সেটা স্যাটিসফাই করছে কিনা এই যে রেশন দিচ্ছেন তার দ্বারা সেটা জানতে চাই। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে বাজারে লভ্য যে জিনিস পাওয়া যায় তরি-তরকারী মাছ মাংস ডিম প্রভৃতি নিত্য প্রয়োজনীয় সামগ্রী যা এ্যাভেলেবল সেটা বিবেচনা করে তার দামের কথা বিবেচনা করে দেশের মানুষের পারচেজিং পাওয়ারের কথা বিবেচনা করে রেশনে যে কম খাবার দিচ্ছেন সেটাকে অগমেন্ট সাপ্লিমেন্ট করবার মত রিসোর্সেস—পারচেজিং পাওয়ার এবং ক্যাপাসিটি কনজিউমারদের আছে কিনা সেটা বিবেচনা করে কি এই রেশনের কর্মসূচী গ্রহণ করেছেন? The State is an ideal employer হওয়া উচিত প্রত্যেক দেশে। স্টেট গভর্নমেন্ট এমপ্লয়ীদের যে বেতন দিচ্ছেন আমি মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করে বলছি এটা কি ঠিক? তিনি বলছেন কলকাতার টাউনবাবু—ইংরাজ যেভাবে আমাদের মধ্যবিত্ত শিক্ষিত বাবুদের অপমান করেছে সেই পরাধীনতার যুগে দাসত্বের গ্লানিময় অধ্যায়ে সেইভাবে আমাদের মুখ্যমন্ত্রী শিক্ষিত মানুষকে সহরের বাসিন্দাদের টাউনবাবু বলে বলছেন। ঠিক আছে তাঁর ক্ষমতা আছে, ক্ষমতায় মদমত্ত হয়ে তিনি যাকে ইচ্ছা অপমান করছেন—কিন্তু আমার জিজ্ঞাসা হচ্ছে তিনি যে টাউন বাবুদের খাবারের ব্যবস্থা করেছেন—তিনি এখানে বলতে পারেন যে হ্যাঁ, দেশের যারা তিন হাজার টাকার গভর্নমেন্ট অফিসার রাইটার্স বিল্ডিংসের আর, গুপ্ত, Special Cabinet Adviser, Home Secretary, Departmental Secretary drawing a salary of Rs.2,000 per month এই ইনকাম গ্রুপের জন্য এই ফুড টেবল, যারা দু হাজার থেকে এক হাজার রোজগার করেন তাদের এই ফুড টেবল যারা এক হাজার থেকে ৫০০ টাকা রোজগার করেন তাদের এই ফুড টেবল এবং যারা ৫০০ থেকে ১০০ টাকা রোজগার করেন তাদের এই ফুড টেবল এবং ১০০ টাকার নীচে যারা রোজগার করেন তাদের এই ফুড টেবল—সেখানে মানুষের কাছে টেস্ট হবে যে আমাদের দেশে যা এ্যাভেলেবল রিসোর্সেস আছে তাতে আমরা এই খাদ্য তালিকা দিয়েছি এবং মানুষকে এতে স্যাটিসফায়েড হতে হবে। সুতরাং আজকে যে নীতি সেটা সম্পূর্ণ ব্যর্থ নীতি—দেশকে দেউলিয়া করার নীতি। আমাদের মুখ্যমন্ত্রী কৃষি বিষয় সম্বন্ধে অনেক বড় বড় কথা বলছেন। আমি মুখ্যমন্ত্রীকে বলছি যে কাইনডলি protect yourself from the nauseous flutteries of your sycophents. যারা আপনাকে স্যারাউণ্ড করে রয়েছে সেই তোষামদকারীদের হাত থেকে নিজেকে মুক্ত করুন—এতে আপনারা বিভ্রান্ত হচ্ছেন এবং দেশকে বিভ্রান্ত করছেন। আজকে ধানের দাম কি হবে তা আমি বলবো না। আমি শুধু মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি, তিনি বলছেন ধানের প্রডাকসন কষ্ট ৫ থেকে ১৪ টাকা—১৯৫৬-৫৭ সালের সেন্ট্রাল গভর্নমেন্ট রাইস ইকনমি অব ইণ্ডিয়া বলে একটা সার্ভে করেছেন এবং সেই সার্ভে করে তাঁরা বলেছেন যে তখন বাংলা দেশে একরে প্রডাকসন অনুযায়ী খরচ পড়তো ১৯৮ টাকা। কষ্ট অব প্রডাকসন ৫০%এর উপর হয়ে গেছে—সেটা যোগ করলে একরে ফলতে খরচ হচ্ছে ৩০০ টাকা। বাংলা দেশের নদীয়া জেলায় প্রডাকসন হচ্ছে একরে ১২ মণ। কাজেই ১৪ টাকা যদি ধানের দর হয় আর ২০ টাকা যদি বিচালি ধরে নেওয়া যায় তাহলে ২৬৩ টাকা হয় প্রায় ৩০০ টাকা খরচ হচ্ছে। গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার সার্ভে রিপোর্ট—রাইস ইকনমি অব ইণ্ডিয়া বলেছেন যেটা তাঁরাই বের করেছেন। সাহারাণপুরে জাপানীজ এক্সপার্ট এসে তদন্ত করে বলেছেন যে এক একর জমিতে ধানের ফলন ফলতে 10 man days calculated at the rate of Rs. 2 per day to be given to every wage-earner employed in agriculture, it comes to Rs. 180. It amounts to only labour charges. এবং জাপানীজ এক্সপার্টরা বলছেন This constitutes 60 per cent and the remaining 40 per cent is there. সেই ৪০% এ্যাড করলে আপনার একরের খরচ গিয়ে দাঁড়ায় ৩ শত টাকা। কাজেই ৩০০ টাকা যদি খরচ দাঁড়ায় তাহলে ধানের দাম ২০ টাকার কম কখনও হতে পারে না। সুতরাং সেটা

তিনি বিবেচনা করুন। মুখ্যমন্ত্রী বলেছেন যে স্টেবিলাইজ করবেন। স্যার, আমার কাছে এটা অদ্ভুত লাগে। আমি আপনার মাধ্যমে বলছি যে এখানে ডিকন্ট্রোল পিরিয়ডে চালের দাম ছিল ২৬ টাকা ১৯৬০ সালে। ১৯৬২ সালে ছিল ২৩·৮০, ১৯৬১ সালে ছিল ২০·১৪, ১৯৫৪ সালে ছিল ২২ টাকা—এটার গড় নিয়ে যদি স্টেবিলাইজ করেন তাহলে ২০ থেকে ২৪ টাকায় স্টেবিলাইজ হওয়া উচিত রাইসের প্রাইস। কিন্তু এখানে স্টেবিলাইজ করেছেন ৩০·১৫-এ এবং সেটা আরও বেড়ে যাচ্ছে এবং সেটা ৪০ টাকার প্রায় দাঁড়াবে। তাহলে যেখানে স্টেবিলাইজ হওয়া উচিত ২৪ টাকায়—সেখানে স্টেবিলাইজড করছেন ৩৮/৩৫ টাকায় চালের ব্যাপারে। আর ধানের বেলায় যেহেতু গরীব কৃষক তাদের করবার কিছু নেই তাদের বেলায় স্টেবিলাইজ করছেন ১৪ টাকা। এটা কোন দেশী নীতি? রবীন্দ্রনাথ যাকে বলেছেন 'নাহি জানে কার দ্বারে দাঁড়াইবে বিচারের আশে, শুধু দুটি অন্ন খুঁটি প্রাণ কষ্টসিষ্টে কোন মতে রেখে দেয় বাঁচাইয়া, সে অন্ন যখন কাড়ে, সে প্রাণে আঘাত দেয় গর্বান্ধ নিষ্ঠুর অত্যাচারে, নাহি জানে কার দ্বারে দাঁড়াইবে বিচারের আশে, দরিদ্রের ভগবানে বারেক ডাকিয়া দীর্ঘশ্বাসে মরে সে নীরবে।' এই কথা কবিগুরু বলে গেছেন এবং তার এ্যাডভানটেজ নিচ্ছেন এই অপদার্থ সরকার। চাষীর কোন দাবি নেই, শক্তি নেই, তাদের কোন অর্গানাইজেসন নেই, বেয়ানেট নেই বলে আজকে চাষীর উপর অত্যাচার হচ্ছে। Stabilization is quite good, it is necessary: but stabilization at the remunerative level or at the unremunrative level? Must stabilization be below the cost of production? ফলে দেশের ফিউচার কি হবে? আমি স্যার, মুখ্যমন্ত্রীর কাছে রাখছি এগ্রিকালচার and industry must go hand in hand. সোবিয়েট এক্সপেরিমেন্ট যেটা হয়েছে তার ইতিহাস ফলো করুন। সোবিয়েট রাশিয়াতে যে কুলাকস মেসিনারী তাদের ছিল, পারফেক্ট স্টেট মেসিনারী স্ট্যালিন তৈরী করেছিলেন, সেখানে লেভি করেছিলেন—সেখানে কি হয়েছিল? ওয়ার কম্যুনিজম পিরিয়ডে লেনিনের আগে যখন এটা আসলো—যখন এ লেভির নাম করে চাষীর উপর উৎপীড়ন এলো তখন কি করলেন—মাঠে গিয়ে কৃষকরা সমস্ত হুইট পুড়িয়ে দিয়েছে এবং তাদের শুয়োরগুলি বল্লম দিয়ে মেরে দিয়েছে, জালিয়ে দিয়েছে, বলেছে দেবো না। সর্বনাশ হয়ে গেল রাশিয়াতে—মহাবিপ্লবী লেনিন ছুটে এসে বল্লেন ক্রাই হল্ট—থামো—নিউ ইকনমিক পলিসি এলো রাশিয়াকে বাঁচাবার জন্য কিন্তু সেই পলিসি শেষ পর্যন্ত রাশিয়াকে বাঁচাতে পারেনি। স্ট্যালিনের সমস্ত জীবদ্দশায় দেখবেন যে পার কুইন্টাল হুইটের দাম ছিল ৮·৪ রুবলস। স্ট্যালিনের মৃত্যুর পর সেটাকে বাড়িয়ে ১৯৫৩ সালের জুন মাসে নূতন সরকার যখন হোল মেলেনকভের সেটা ১৫৬% বাড়ানো হয়েছিল, ১২০ রুবলস পার কুইন্টাল হয়েছে এবং তাতে দেখছি, আজকে দেখাল প্রেস রিপোর্টে যে সোভিয়েট রাশিয়ায় এগ্রিকালচার ফেলিওরের জন্য নেতৃত্ব বদল হয়ে যাচ্ছে—আর এখানে এগ্রিকালচার ফেলিওরের ফলে মুখ্যমন্ত্রীর গতি আরও পাকাপুক্ত হয়ে যাচ্ছে। রিপোর্টে বলেছেন In fixing delivery goals, comrades, we should not make mistakes, because in fixing delivery goals from the farmers we are determining something which is indeterminate, but there will be mistakes, ভুল হবে। এমনকি ব্রেজনেভ সাবধান করে দিয়েছেন পার্টি কমরেডদের খামখেয়ালী কোর না। আজকে চাষীদের উৎসাহ দিতে হবে—চাষীর যে প্রাইস সেটা ইনডিউসিভ এবং ইনডিউসিভ প্রাইস হওয়া উচিত—তবেই সে দেশে প্রডাকসন বাড়বে। উনি বলছেন যে জাপানের এক্সপেরিমেন্ট এখানে চালবার চেষ্টা করছেন। জাপানের ধানের দাম ৩২ টাকা আর ব্লাক মার্কেটে চাল ৫০ টাকা মণ দরে বিক্রি হয়? তাহলে জাপানের এক্সজাম্পেলকে ফলো করে আপনারা ৩২ টাকা ধানের দাম বাড়াতে রাজী আছেন? আপনাদের নীতি কি? আমি পড়েছি জাপানের এক্সপেরিমেন্ট—সেখানে চাষীর কাছে ইন এ্যাডভান্স এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলছেন—

তোমার কয় বিঘা জমি—তোমার ১৫ বিঘা জমি যদি থাকে তুমি বলো সরকারকে কত মণ ধান দিতে পারবে—সে বল্লো আমি ৫০ মণ দেবো—এই নাও তোমাকে ৫০% এ্যাডভান্স করলাম। গভর্নমেন্ট সেটা করুন। তাঁরা লেভির জুলুম বন্ধ করে দিন—১০ একর জমির মালিকদের উপর পর্যন্ত তাঁদের বলুন যে সোইং সিজন যখন আরম্ভ হবে তখন ৫০% এ্যাডভান্স আমরা এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে দিয়ে দেবো। তাহলে দেখবেন সেখানে ফলন বাড়বে এবং সেখানে চাষী তার ধান উৎসাহভরে পৌছে দেবে। কিন্তু চাষীকে যদি ভয় দেখিয়ে নেন তা হলে কি হবে?—আপনারা পুলিশ, মিলিটারী লাঠিবাজী করে হয়তো কিছু ধান নিয়ে নিতে পারেন এবং কংগ্রেসীরা হয়ত তাতে হাততালি পেতে পারেন তবে আমি ওয়ার্ন করে দিচ্ছি মুখ্যমন্ত্রীকে যে 1966 is not the last year in the country's history.

[3-50—4-20 p.m.]

1967-আসবে production fall করবে। কেননা চাষী food crop থেকে cash crop-এ তার জমি convert করবে এবং production যদি fall করে তাহলে বাংলা দেশে ভয়াবহ অবস্থা দেখা দেবে। সেজন্য বলছি মুখ্যমন্ত্রী Soviet-এর experiment follow করুন। Soviet Russiaয় collectivisation করা হয়েছিল। There were three main objects, firstly to control the peasant politically, secondly to exact the maximum amount of crops from the peasant and thirdly to divert surplus agricultural labour into industry. আর এখানে যে food policy নিয়েছেন সেই policy-র উদ্দেশ্য হচ্ছে collectivisation নয়। এর উদ্দেশ্য হচ্ছে আগামী নির্বাচনের জন্য to control the peasants politically and to exact maximum amount of grains from peasants by means fair or foul and thirdly to proletarianise the small peasants. আজ এই যে লাঙল যার জমি তার slogan তুলেছেন সেখানে আমি জিজ্ঞাসা করছি tractor যার জমি তার হবে এই সমস্ত সস্তা বাহাদুরী নিচ্ছেন না কেন? চাষী tractor দিয়ে জমি চাষ করে না। 70% চাষ করে 2·7 সেই 2·7 acres সে tractor দিয়ে চাষ করেনা। Average চাষী tractor দিয়ে চাষ করে না। যে জমিতে মালিক tractor দিয়ে চাষ করে সেখানে কি অবস্থা হবে? তাই বলছি এরকম ধরনের কথা বলে আপনারা দেশকে বিভ্রান্ত করেছেন। ফলে হবে কি হবে কি ভদ্রলোক middle class চাকরীর মোহ ছেড়ে জমিতে যাবে—There will be greater incidents of population on limited supply of agricultural land. ১ কোটি ৩৪ লক্ষ জমি cultivated land, সেই জমি যদি ২ কোটি মানুষের মধ্যে ভাগ করতে চান that would mean keeping 79 per cent of the people perpetually tied to the agriculture, এবং keeping them condemned to poverty and ruined. গভর্নমেন্টকে আইন করে বলতে হবে এই একটা family—এর চাষীর definition দিতে হবে, tillers-এর definition দিতে হবে, peasant-এর definition দিতে হবে। কিন্তু তা করছেন না। তাই বলছি agriculture-এর সাফল্য দরকার, কেননা for increased food, (2) for expanded market and (3) expanded availability of surplus. সেই lonable fund surplus হলে industry তৈরী হবে। আগামী বছর agriculture fail করলে পশ্চিম বাংলার industry দারুণ মার খাবে এবং বাংলা দেশের অবস্থা সঙ্কট হবে। আপনারা ঘাটতি জেলার কথা ভাবছেন না। আমি বলছি কোলকাতা ও industrial area ভাগ করে দিয়ে সেখানে ছিনি সম্পূর্ণভাবে cordon করে দিয়ে ১৬ আউন্স করে খাবার দিন, inter-district cordon তুলে দিন তাহলে দেখবেন গ্রামে চালের

অভাব হবে না। মহীশূরে এই রকম একটা experiment তারা করেছেন এবং তাঁরা সফল হয়েছেন। Ministry of Food, Govt. of India, 1950তে একটা Foodgrain Investigation Committee তৈরী করেছিলেন। আমার পিতা স্বর্গতঃ লক্ষ্মীকান্ত মৈত্র এই কমিশনের চেয়ারম্যান ছিলেন। তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন সেই রিপোর্টে তাঁরা বলেছিলেন The Committee consider the 14 ozs. per day per adult as the minimum amount of ration and this quantity or even 16 ozs. should be assured to the entire adult rationed population. এই বলেছেন কোলকাতা ও rationed areaতে যদি খাবারের দাম বাড়িয়ে দেওয়া যায় তাহলে কোন ভয় নেই। তাঁরা ভাবছেন লোকে বেশী খাবে তা নয়। কমিটি তার report-এ বলেছে In this connection the Committee would like to emphasis that normally the offtake of grains does not increase in the same propotion as the increase in the ration scale. It is a well-known fact that higher scale of ration, less is the offtake. As stated already a survey of cereal offtake made at our instance in a city where non-statutory rationing and open markets were functioning side by side, revealed that the daily offtake per adult was just slightly more than the ration scale. It is not therefore likely a large amount of additional grain would be required by accepting this proposal. শেষ করছি এই বলে যে বাংলা দেশের খুব দুর্ভাগ্য। অদ্ভুত পরিহাস যে মুখ্যমন্ত্রী আমাদের কাঁচকলা খাবার কথা বলেছেন। অদ্ভুত পরিহাস যে তিনি আমাদের দারিদ্র্যকে উপেক্ষা করছেন। বাংলা দেশের অদৃষ্টের পরিহাস যে বাংলা দেশের জীবনে ৩টি মুখ্যমন্ত্রীকে আমরা পেয়েছি তাঁদের কথা এবার চিন্তা করে দেখুন। প্রথম মুখ্যমন্ত্রী ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ হাভাগন্ধা একজন bachelor ছিলেন। তারপর এলেন ভারত বিখ্যাত bachelor, চিরকুমার glamorous Dr. Roy, তারপর এলেন নূতন চিরকুমার তিনিও স্ত্রীপুত্র বর্জিত, ঘরসংসার নেই ছেলেপিলে নেই। এঁরা সাধারণ মানুষের দুঃখকষ্ট জানেন না তাই তারা "বাবু" বলে উপেক্ষা করেন, কম খাও বলেন। তাই বলছি মানুষের দারিদ্র্য নিয়ে উপেক্ষা না করে সত্যিকারের যদি দেশের কল্যাণ চান তাহলে সাধারণ মানুষকে confidenceএ নিন। তরুণবাবু আমার জেলা কৃষ্ণনগরে গিয়েছিলেন লেভির মিটিং করতে এবং সেই মিটিং হয়েছিল রবীন্দ্র ভবনে। আমার মনে হচ্ছিল রবীন্দ্রনাথ বেঁচে থাকলে তিনি ফলিডল খেয়ে আত্মহত্যা করতেন—পটাসিয়াম সাইয়ানাইড খেয়ে আত্মহত্যা করতেন না। কারণ পটাসিয়াম সাইয়ানাইডে ভেজাল ঢুকেছে। রবীন্দ্র ভবনে চাষী নিধন যজ্ঞ হচ্ছে দেখে তিনি ফলিডল খেয়ে আত্মহত্যা করতেন। শেষে মুখ্যমন্ত্রীকে সাবধান করে দিচ্ছি এই বলে যে তিনি জেনে রাখুন জনসাধারণের মধ্যে থেকে আওয়াজ উঠেছে, তারা বুঝতে শিখেছে। তাই বলছি—"দামামা ঐ বাজে, দিন বদলের পালা এল ঝড়ো যুগের মাঝে।" তারা বলবে "পালিশ করা জীর্ণতাকে চিনতে হবে আজি, দামামা তাই উঠেছে বাজি।" "জয়-হিন্দ।"

Shrimati Ila Mitra : চেয়ারম্যান স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এখানে মুখ্যমন্ত্রী বা কাউকে দেখছি না খাদ্যমন্ত্রী রয়েছেন তার দৃষ্টি আকর্ষণ করে বলছি। কলকাতা বিশ্ববিদ্যালয় বিল এখানে পাশ হয়ে গেছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয় বিলের আলোচনা Councilএ এখনও চলছে, যে বিলে শিক্ষাবিরোধী যে ধারাগুলি রয়েছে তার প্রতিবাদে সমস্ত অধ্যাপক একটা বিরাট শোভাযাত্রা করে Assemblyর দরজার সামনে অপেক্ষা করছে, পুলিশ তাদের আটকে দিয়েছে। তাই আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি হয় আপনারা কেউ গিয়ে তাঁদের কথা শুনুন না হয় তাঁদের ডেকে পাঠান। তারা আপনাদের কাছে তাঁদের বক্তব্য রাখতে চান। এ সম্পর্কে একটা কিছু বললে আমি তাদের জানাতে পারি।

Sambhu Charan Ghosh : স্যার, আজকে কয়েক সহস্র অধ্যাপক তাঁরা এখানে এসেছেন। সেখানে শোভনতার দিক দিয়ে অন্তত: একজন মন্ত্রী তাঁদের সংগে গিয়ে দেখা করুন। বিশ্ববিদ্যালয় বিলের প্রতিবাদে তারা হাজির হয়েছেন। সেখানে গিয়ে তাদের বক্তব্য শোনবার মত ভদ্রতা থাকা উচিত তাদের বক্তব্য সেখানে রাখা উচিত এই বক্তব্য আপনার মাধ্যমে রাখছি।

Mr. Chairman : It would be better if you contact the Education Minister.

(At this stage the House was adjourned for 20 minutes)

[After adjournment]

[4-20—4-30 p.m.]

Shri Birendra Narayan Ray : স্যার; আজকে খাদ্য বিতর্কের পূর্বে কয়েকটা কথা আপনার মাধ্যমে হাউসে রাখতে চাই। আমার প্রথম বক্তব্য হল ভারতবর্ষের মত কোন দেশে খাদ্য একটা প্রাদেশিক subject হতে পারে না এটা Central subject হওয়া উচিত। এটা অন্যান্য জাতীয় সমস্যার মত জাতীয় সমস্যা। এটা প্রাদেশিক সমস্যা নয়। এই প্রাদেশিক সমস্যার জন্য কি ফল হয়েছে দেখুন। যখন প্রাদেশিক সরকার খাদ্য দিতে পাচ্ছেন না তখন তারা কেন্দ্রীয় সরকারের ঘাড়ে দোষ চাপাচ্ছেন এবং কেন্দ্রীয় সরকার সুযোগমত সমস্ত দায়িত্ব চাপিয়ে দিচ্ছেন প্রাদেশিক সরকারের উপর এই প্রাদেশিক সরকার এবং কেন্দ্রীয় সরকারের যুদ্ধে আমরা উলুখাগড়ার দল জনসাধারণ মারা পড়ে যাচ্ছি, সেজন্য আমি আমাদের বেঞ্চের তরফ থেকে বারবার দাবী করে চলেছি যে খাদ্যকে All Indian Basis-এ গ্রহণ করা হোক এবং এটা প্রাদেশিক subject থেকে তুলে নেওয়া হোক। এই প্রাদেশিক এক্তিয়ার হওয়াতে কি কি অসুবিধা হচ্ছে তা বলেছি। কয়েকটা State সারপ্লাস স্টেট এবং কয়েকটা হচ্ছে ডেফিসিট স্টেট। সেজন্য প্রত্যেকটা State-এর খাদ্যনীতি স্বতন্ত্র প্রকিওরমেন্ট স্বতন্ত্র rate স্বতন্ত্র, যেমন বিহারে ২০ টাকা ধানের দাম করেছে আর আমাদের এখানে ১৪, ১৫, ১৬ এর ফলে সীমান্তবর্তী অঞ্চল থেকে বিহারে চাল চলে যাচ্ছে। শোনা যাচ্ছে উত্তরবংগের সমস্ত চাল নেপালে চলে যাচ্ছে, আবার বর্ষার সময় যখন সে চাল আসবে তখন তার নাম হবে বিহারী চাল, নেপালী চাল, এটাই হচ্ছে নীতি।

আর একটা কথা হচ্ছে যে আপনারা গান্ধীভক্তরা কী করেছেন দেখুন। মাদক বর্জন করবেন বলেছিলেন পারেন নি, তার একমাত্র কারণ হচ্ছে এক একটা স্টেট dry করেছেন তার পাশের আর একটা wet রেখেছেন, তার ফলে dry State বেশী করে wet হয়েছে আপনাদের এই খাদ্যের বেলায়ও তাই হবে। সেইজন্য বারবার বলছি শুধু ধানচাল তার সাথে বাজরা, জোয়ার, ভূট্টা ইত্যাদি সমস্ত staple food ঐ একই কারণে সমগ্র Central গভর্নমেন্টের নিয়ে নেওয়া উচিত এবং যার যা প্রয়োজন সেটা বিবেচনা করে সমানভাবে সকল রাজ্যে distribute করবেন। তা না হলে এর ফল হবে মারাত্মক। এবার যেমন চালের কেজি ৩ টাকা ৪ টাকা হয়েছে, এইভাবে যদি চালান, তাহলে চালের মুখ আর আগামীবারে দেখা যাবে না, অনাহারে, অর্দ্ধাহারে তিলে তিলে সকলে শুকিয়ে মারা যাবে, আপনারা তারপরে statement দেবেন যে কেউ অনাহারে বা অর্দ্ধাহারে মারা যায় নি।

এই ধানের দর নিয়ে নানা রকম কথা উঠেছে, আমি একটা হিসেব দিচ্ছি। ধরুন বাংলা দেশের চাল course rice ২০ টাকা মণ দর বেঁধে দিয়েছেন, দেড় মণ ধানে এক মণ চাল তার দাম হলো ৩০ টাকা। ঐ দেড় মণ ধান ভাঙ্গা ইত্যাদির খরচ ২.২৫ টাকা। তাহলে ৩২.২৫ ন. প. একমণ চাল পাচ্ছি। গুদাম ও অন্যান্য খরচ ২.৫০ টাকা দিলে ৩৫ টাকা মণ হয়। কেন

আপনারা সেই দামে দিতে পারবেন না? সেখানে অত বেশী নিচ্ছেন কেন? আজকে আপনারা ধানের দর আরো একটু বাড়িয়ে দিন। সেই টাকাটা যাতে দরিদ্র চাষী পায়, তার ব্যবস্থা করুন। এই টাকা তো আর আমেরিকা, রাশিয়া, ক্যানাডা বা অষ্ট্রেলিয়া যাবে না। আমাদের চাষীর ঘরেই থাকবে। সেই টাকা নিয়ে চাষী অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র কিনবে। তাদের অবস্থা যদি ভাল হয়, তাতে আপনাদের চোখ টাটানোর কারণ কী? ধানের দর যদি চাষীর কাছে lucrative দর করেন, তাহলে তারা আরো বেশী ধান চাষ করতে উৎসাহিত হবে। তাতে ধানের চাষ বাড়বে। কিন্তু যেভাবে আপনারা দর বেঁধে দিয়েছেন, তাতে আসছে বছর আর তারা ধানের চাষ করবে না, Cash cropএর চাষ করবে, তার ফলে বাংলা দেশের মানুষ অনাহারে মারা পড়বে। আপনাদের ঐ যে Grow more food compaign, তার একটা নমুনা এখানে রাখতে চাই। এই Grow more foodএর জন্য প্রত্যেক প্রাইমারী স্কুলে ৫০৲ টাকা করে দেওয়া হচ্ছে। তাতে কি চাষ হবে? তাতো বুঝতে পারছি না। ছাত্ররা স্কুলে আসছে, বাড়ী ফিরে যাচ্ছে ছুটীর পরে সেখানে একটা লোক রাখা দরকার। ঐ ৫০৲ টাকা দিয়ে কি লোক রাখবে না, বেড়া দেবে? কি ফসল তাতে উৎপন্ন হবে? প্রাইমারী স্কুলে দেখছি কিছু কিছু আলু বীজ গেছে, তা সেখানে নষ্ট হচ্ছে। একটা হিসেব দেখিয়ে দিচ্ছে যে সব খরচ হয়ে গেছে।

এক দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমাদের রাস্ট্রমন্ত্রী বলেছিলেন যে মুর্শিদাবাদের বাগোর থানায় কোন গুলি চলে নাই। কিন্তু পুলিসের ব্যবহৃত গুলি টোটা স্পীকারকে বিধানসভায় দেওয়া হয়েছে, তার কি হলো? যেখানে আমি জানি আপনাদের নীতির জন্য বড় বড় জোতদার একত্র হয়ে যে চাষীর উপর অত্যাচার করছে তার নমুনা দিচ্ছি। মুর্শিদাবাদের বাগোর থানায় মালিক গৌরচন্দ্র সাহ, তার জমিতে চাষীরা ধান কাটতে যায়, তখন ঐ অঞ্চলের জোতদার সবাই একত্রিত হয়ে যান—বীরেন সাহা তার বন্দুক আছে—Jotdars from all camps unite.

এইসব শ্লোগান দিয়ে আপনাদের খাদ্যনীতির জন্য ৫০।৬০ জন জোতদার সেখানে উপস্থিত হয়ে গুলি চালিয়েছে। আজও তার কিছু হল না, যে বন্দুক থেকে গুলি চালিয়েছিল, এই টোটা তার সঙ্গে মিলিয়ে দেখলে দেখা যাবে সেই বন্দুক থেকে এই গুলি ছুড়েছিল, আমি হাউসে refer করেছি মুর্শিদাবাদ জেলায় এক আদিবাসী সাঁওতাল বর্গাদার ন্যায্য ভাগ ৪৭ ভাগ চাওয়ার জন্য তাকে পিটিয়ে মারা হলো। পুলিস রিপোর্ট দিয়েছে যে সে ধান চুরি করতে গিয়েছিল, হাওড়াতেও এই রকম একটা ঘটনা ঘটেছিল।

স্যার, কিছুদিন আগে এই হাওড়াতেই একই ঘটনা ঘটেছিল যে একটা পুলিশ অফিসার যিনি অজ্ঞান হয়ে গিয়েছিলেন সেই অজ্ঞান অবস্থা থাকাতেই মুখ্যমন্ত্রী statement দিলেন যে আত্মরক্ষার জন্য তিনি গুলি চালিয়েছিলেন। আমি জানিনা এখানেও পুলিশ report দিয়েছে কিনা যে সেই আদিবাসী সাঁওতালটী মৃত্যুর পর স্বর্গ অথবা নরক থেকে আপনাদের বলে গিয়েছে কিনা যে ধান চুরী করতে এসেছিলাম। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তৃতা করেছেন তার মধ্যে নতুন কিছুই নাই কেবল একটি জিনিষ নতুন আছে যে আগে উনি বলতেন কম খাও আর গম খাও আর এখন বলছেন কম খাও আর কাঁচকলা খাও। স্যার, আমরা কম খেতে রাজী আছি এবং কাঁচাকলা খেতে রাজী আছি যদি আমরা বুঝতে পারি যে হ্যাঁ আমাদের দেশের খাদ্য সামগ্রী এতটা আছে এবং লোকসংখ্যা এত আছে আমরা ভাগ করে তাই খাব। কিন্তু স্যার, আমি যা দেখেছি যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যখন ইংল্যাণ্ডে প্রতি মিনিটে একটি করে বোমা পড়ছিল তখন ও কিন্তু—আজকে আপনারা যে অবস্থার সৃষ্টি করেছেন ইংল্যাণ্ডে সে অবস্থা তখনও সৃষ্টি হয় নি। তখন একটি করে ডিম প্রধানমন্ত্রী খেয়েছেন আর সাধারণ লোকেও তাই খেয়েছে। প্রধানমন্ত্রী যখন পাননি সাধারণ লোকও তখন পাননি। আজকে

আপনাদের ঘরে ঘরে গিয়ে দেখুন আপনাদের বুকে হাত দিয়ে দেখুন আপনারা কি খাবার খাচ্ছেন কি আয়াসে আছেন আর বাংলার জনসাধারণ কি অবস্থায় আছে। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী একটি জিনিষ স্বীকার করেছেন যার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। তিনি বলেছেন যে গত বছরের খাদ্যনীতি আংশিক সফল হয়েছে এবং আংশিক বিফল হয়েছে। তিনি সফল হয়েছেন বলেছেন এই কারণে যে statutory rationing অঞ্চলে তাঁর খাদ্যনীতি সফল হয়েছে কিন্তু গ্রামাঞ্চলে ব্যর্থ হয়েছে আমি বলব এটা তার আংশিক সত্য কথা তিনি খুব বিনয় করে বলেছেন। তিনি কখনই চাননি যে গ্রামীণ বাংলার মানুষ কিছু খাক্। উনি চেয়েছিলেন কেবলমাত্র কলকাতা এবং বৃহত্তর কলকাতার লোককে কিছু কিছু খেতে দিয়ে সারা ভারতবর্ষে তার সুনাম বাড়ান এবং সারা ভারতবর্ষের কংগ্রেসের কাছে এই প্রচার করা যে আমার খাদ্যনীতি একটা বৈপ্লবিক খাদ্যনীতি এবং তোমরা সকলে আমার খাদ্যনীতি গ্রহণ কর। স্যার, আমি একটা মহাজন বাক্যে পড়েছিলাম যে কেবলমাত্র নীচে রক্ত সঞ্চালন করলেই স্বাস্থ্যের লক্ষণ বলা যায় না বরং সেটা অস্বাস্থ্যের লক্ষণ। সেই রকম শুধু কলকাতাকে কিছু কিছু খেতে দিয়ে সারা বাংলাদেশের লোককে উপবাসে রাখা সেটা বাংলাদেশের স্বাস্থ্যের লক্ষণ নয় অস্বাস্থ্যের লক্ষণ। অবশ্য কংগ্রেসী সদস্যদের যে চেহারা আমরা দেখি তাহলে সেটা স্বাস্থ্যের লক্ষণ। কিন্তু সেটা সারা বাংলা দেশের স্বাস্থ্যের লক্ষণ নয়।

স্যার, আমি লেভি সম্বন্ধে একটি কথা বলছি। আমার জেলায় যে সমস্ত লেভি হচ্ছে তার ভিতর কয়েকটি দুর্নীতির ঘটনা আমার নজরে এসেছে। দুই তিনটি চাষী যাদের উপর লেভির আদেশ হয়েছিল তারা লেভি দিয়েছে এবং রসিদও পেয়েছে অথচ তারপর আবার জেলাশাসক আর একটা নোটিশ দিয়েছে যে তোমার ধান জমা হয়নি, যদি ধান না দাও তাহলে আইনের সাহায্য নেওয়া হবে। তিনি আমার কাছে রসিদ নিয়ে এসেছিলেন আমি জেলাশাসককে জানিয়েছি কিন্তু তাদের নীচে যারা আছে তারা কেবল ঘুষ আদায় করতে ব্যস্ত তাদের অন্যদিকে নজর নাই। সেইজন্য আমি এই খাদ্যনীতির বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Dr. Narayan Chandra Roy : মিঃ চেয়ারম্যান, স্যার, আমার বক্তব্য খুব সংক্ষিপ্ত। আর আমার বক্তব্যের মূল কথা হচ্ছে এই যে আমাদের গত কয়েক বছরের অভিজ্ঞতা হচ্ছে ক্যাবিনেট এবং পার্টি ওখানে যা করেন আর এখানে যা বলেন অনেক সময় তা মেলেনা। সেজন্য এখানে সেই কথাগুলি যাতে এক রূপে টেবিল হয় সেটার উপর জোর না দিয়ে কতগুলি যে ঘটনা হয়েছে তার সম্বন্ধে মাননীয় সভাপতি মহাশয়ের মারফৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম নম্বর হচ্ছে আগামী দিনে খাদ্যসংক্রান্ত ব্যাপারে খুব দুর্দিন আসছে সে সম্বন্ধে এদিক এবং ওদিক কারোরই দ্বিমত নেই। এ সম্বন্ধে একটা আমূল নীতির পরিবর্তন দরকার সে সম্বন্ধে কারো মতদ্বৈধতা নেই। এ সম্বন্ধে এতদূর মতৈক্য ছিল যে পূজার আগে শোনা গিয়েছিল এই নীতি প্রবর্তিত হবার আগে হয়ত যে জেলা থেকে নেতৃবৃন্দকে ছেড়ে দিয়ে খাদ্য সম্বন্ধে একটা বিচার বসবে এবং তারপরে বাইরে আপনারা এই নীতি বা আদেশ দেবেন। আমরা দেখলাম কাজে উল্টো ঘটলো, বিভিন্ন শক্তি ভেতরে কাজ করেছিল। আজকে যেহেতু এই নীতি কার্যে পরিণত হতে চলেছে এবং যেহেতু কতকগুলি জিনিস আমাদের চোখে ফুটে উঠেছে সেহেতু আমার বক্তব্যটা সেই দৃষ্টিভঙ্গী থেকে রাখছি। আপনারা আমাদের দৃষ্টিভঙ্গি এবং আপনাদের দৃষ্টিভঙ্গি যে এক নয় সেটা ননীবাবুর বক্তৃতা থেকে বুঝেছেন। কেননা আমরা বরাবর চাইছি, আপনাদের কয়েকজন সভ্য বাইরের সভায় বলেছেন যে আপনাদের চাওয়া জিনিসই ত করছি। না, করেননি। আমরা স্ট্যাটুটারি র‍্যাশানিং চেয়েছিলাম, আপনারা কয়েক জায়গায় দিচ্ছেন। আমরা চেয়েছিলাম স্টেট ট্রেডিং, যেকথা ননীবাবু খুব সংক্ষিপ্ত ভাষায় বলেছেন যে বাজারে চাল কেনার সময় সরকারই একমাত্র ক্রেতা হবে, আনন্দবাবু তাঁর কথার মাধ্যমে তাঁদের অক্ষমতার কথা বলে গিয়েছেন যে

যে সরকার একদিনে তাড়াতাড়ি এটা গজিয়ে তুলতে পারেন না। কিন্তু যে নিষ্ঠুরতা আপনারা ভবিষ্যতে নেবেন এবং বর্তমানে নিচ্ছেন গরীব মানুষের উপর এই নিষ্ঠুরতা যদি কিঞ্চিদাংশ নিতেন ঐ মিল মালিকদের উপর যারা গুদাম দখল করে বসে আছেন, যেমন বাড়ী রিকুইজেশন করে তেমনি গুদাম রিকুইজেশন করে সেই সংগঠনকে আপনারা ভাড়া দিতেন তাহলে না হয় বোঝা যেত। এইগুলি যদি আপনারা মিল মালিকদের কাছ থেকে জোর করে নিয়ে নিতে পারতেন তাহলে মাঝে মাঝে আপনারা যে বৈপ্লবিক কথাবার্তা বলেন তার একটা মানে বুঝতাম। কিন্তু বিপ্লবের কথা বারেবারে বললেই বিপ্লব হয়ে উঠেনা, বিপ্লবকে কতকগুলি কাজের কষ্টি পাথরে যাচাই করে দেখতে হয় যে তাতে বিপ্লবের 'ব' আছে কি নাই। প্রথম কথা যেটা বললাম যে লোক আপনারা নিতে পারছেন না, আনন্দবাবু বললেন সংগঠন দাঁড় করান যায়না, আপনারা বলবেন কো-অপরেটিভের টাকা কম, কো-অপারেটিভ সংগঠন কম, তাদের ধান তুলে রাখবার জায়গা কম, যেভাবে আপনারা অন্য মানুষকে নিয়োগ করছেন, আপনারা যদি রিকুইজেশন করে চালকল নিতে পারতেন, তাদের কল কারখানা সমস্ত গুদাম নিতে পারতেন এবং নিতেন এবং সেই নেওয়াটা কার্যে পরিণত করতে গেলে সেইসমস্ত পল্লীতে সকল দলের সহযোগিতা না চাইলে খালি কংগ্রেস কর্মীদের কথায় এটা যে হতোনা এটা নিশ্চয়ই আপনারা জানেন এবং ভবিষ্যতেও এটার প্রমাণ পাবেন। যে সংগঠন ১৮ বছর ধরে এই পথে আপনাকে নিয়ে এসে ফেলেছে, আজ যারা আপনাকে বাংলায় যাকে বলে পথে বসিয়েছে আজকে সেই সংগঠনের হাতেই আপনি বাধ্য হয়েছেন এতবড় গুরুত্বপূর্ণ একটা জিনিস তুলে দিতে। সেই ম্যাজিস্ট্রেট, সেই বি, ডি, ও, সেই ডি, পি, এ, সংগঠন যারা চিরকাল টাকার আস্বাদ পেয়েছে, যারা টাকা এধারে ওধারে চেটে খেয়ে নিয়েছে তাদের হাত দিয়েই আপনারা এই কাজ করছেন। আজকে বিভিন্ন জায়গায় মুখ্যমন্ত্রীকে বলতে হচ্ছে যে প্যান্ট পরা ম্যাজিস্ট্রেটের দল—কাগজে একথা বলতে হয়, তাতে কতখানি রাগের ভিতর দিয়ে এই কথাগুলি ফুটে উঠে, কতখানি ব্যর্থতা অনুভব করে রাগে এই কথাগুলি কাগজে বলেন, পাবলিসিটি দিয়ে ফেলেন, এটা কি আমরা বুঝতে পারিনা। কিন্তু তিনি ত অন্যান্য শক্তি যারা তাঁর এই চিন্তাধারাকে রূপায়িত করতে পারতো, তাঁর সাথে এসে দাঁড়াতে পারতো, তাঁদের তিনি একবারও ডাকেননি, তাঁর চিন্তাধারাকে রূপায়িত করবার জন্য, চিন্তাধারার একটা রেখাঙ্কন করার জন্য তিনি তাঁদের সহায়তা চাননি। তিনি যেটা বারবার চেয়েছেন, অশোকবাবুও চেয়েছেন, আনন্দবাবুও চেয়েছেন খুব উত্তপ্ত গলায় চেয়েছেন, খুব আবেগের সংগে চেয়েছেন, সেটা হচ্ছে তাঁদের কথাগুলি কার্যে পরিণত করার জন্য, আমাদের দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার জন্য। দেশপ্রেমে উদ্বুদ্ধ হবার মানে হচ্ছে অশোকবাবু যেটা বলেছেন, আনন্দবাবু যেটা বলেছেন এবং মন্ত্রিমহাশয়দের তরফ থেকে যেটা বলা হয় সেগুলি পুংখানুপুংখরূপে কার্যে পরিণত করা বিপ্লবের একটা চরম কথা। কিন্তু তাত নয়। আমার কথা আপনাকে নিতে হবে, আমি আপনার চেয়ে কিছু কম এষ্ট্যাবলিস নয়, আপনি খালি ওখানে কংগ্রেসের ছাপ নিয়ে বসে আছেন বলে আপনি আমার চেয়ে বেশী কিছু ত্যাগ করেননি সুতরাং কেন আমি বিশ্বাস করবো যে আপনার একটা ভয়ানক দেশপ্রেম আছে। আর আমি দেশের মানুষকে চাল খেতে দেবোনা, তার থেকে কেড়ে নেবো, আজকে আপনি তাকে খাওয়াতে যাচ্ছেন একথা আমি বিশ্বাস করিনা, অন্য লোকেই বা কেন বিশ্বাস করবে প্রমাণ করতে হবে আপনাকে। আমি সেজন্য আমার বক্তব্য খুব সংক্ষিপ্ত করছি যে এখনও সময় আছে এর মধ্যে যদি আমরা সত্যিই অনুভব করি যে ভবিষ্যতে দুর্দিন আসছে তাহলে আপনাকে যে সংগঠনের মারফত এই নীতিকে কার্যে রূপ দেবেন সেই সংগঠনের মারফত যেখানে কোপ পড়া উচিত ছিল তা সেখানে পড়েনি। আপনার মুখ্যমন্ত্রী কাগজের মারফত বলেছেন যে আপনারা বড়লোককে ছেড়ে দিয়েছেন, গরীব মানুষকে আঘাত করেছেন। একথা আমরা বলি নাই। আজকে এই নীতির ফলে শুধু এক জায়গায় নয়, প্রত্যেকের কথার মধ্যে ধ্বনিত হচ্ছে কোথায় কাকে পিটিয়ে মেরে ফেলা হয়েছে, বলে দিয়েছে যে ধান চুরি করতে এসেছে। গরীব মানুষ থানায় গেল কিন্তু তার কোন প্রতিকার হয়না, তার কথা কোন জায়গায় রেকর্ডেড হয়না একথা কি আপনার জ না নেই?

আমি একথা বলছি যে সব জিনিসের শেষ আছে কিন্তু এই জিনিসের কখনও শেষ হয়না। চাষীর ধানচাল নিয়ে খেলা করা এটা অত্যন্ত ভয়ংকর জিনিস। সমস্ত পৃথিবীতে বিভিন্ন জায়গায় এই নিয়ে এক কোন থেকে আর এক কোন পর্যন্ত আগুন জ্বলেছিল। এখানে সকলেরই সহযোগিতা আছে, সকলেই চান যে এই দুর্দিন আটকাবার জন্য সরকারের পাশে এসে দাঁড়াতে, সকলেই চায় দেশের লোকের মুখে অন্ন যুগিয়ে দিতে, ভাণ্ডারে চাল তুলে আনতে এবং কোন কোন জায়গায় ধান চাল আছে, যেকথা জীবনবাবু, কমলবাবু, বা কানাইবাবু বলেছেন, আমরা প্রত্যেকে প্রতিশ্রুতি দিচ্ছি যেসব জায়গায় আপনাদের বি, ডি, ও, পুলিশ অফিসার, সামনের দিকে চোখ থাকা সত্ত্বেও পিছনের দিকে চেয়ে দেখে না সেখানে আমরা বের করে দেবো কোথায় কোথায় ধান চাল আছে সেখানে যদি আপনারা আমাদের সহযোগিতা নেন এবং পুলিশ ফোর্স আমাদের সহযোগিতা করে। আমার বক্তব্য শেষ করার সময় বলছি যে আমরা এর গুরুত্ব অনুভব করছি অথচ আপনারা লোকের কাছে এটা প্রমাণ করতে চাইছেন, একথা বলছেন যে আমরা করলে হয়ত সফল হতো, যেহেতু বিরোধী দল করেনি অতএব এটা বিফল হয়েছে। আপনি একথা অনেক জায়গায় বলেছেন। প্রত্যেক কাগজে অল্প বিস্তর দেখা গিয়েছে, কালকের আনন্দবাজারেও আছে বিভিন্ন জেলায় লেভি আদেশ ও জেলায় জেলায় সংবাদদাতাদের তথ্য ও মত সংগ্রহ। কিন্তু তাঁরা কেউ সাহস করে বলেননি যে কম্যুনিস্ট দক্ষিণ, কি কম্যুনিস্ট বাম একটা ডিস্ট্রিক্টে কোন জায়গায় বলেছেন যে, যে দর স্থির হয়েছে এই দরটা ন্যায্য দর? তাঁরা যে ডিটেল দিয়েছেন ডিস্ট্রিক্ট বাই ডিস্ট্রিক্ট আমি তাঁদের তারজন্য ধন্যবাদ দিই। সেই তথ্যগুলি আমাদের কি সাহায্য করে? আমি একজন্য আবার আপনাদের কাছে অনুরোধ করছি যে আপনারা যদি এ সম্বন্ধে সত্যই সফলতা অর্জন করতে চান তাহলে আপনাকে অনেক দূর এগিয়ে যেতে হবে। কিন্তু আপনাদের মতিগতি যে অন্য রকম সেজন্য রাজবন্দীদের মধ্যে যাঁরা কাজ করেন তাঁরা ধানচাল নিয়ে আপনাদের সহযোগিতা মূলক সমালোচনা করেছেন। কেননা, আপনার কথার সংগে তাঁদের অনেকগুলি মিল আছে, সেগুলি চেয়ারম্যানের কাছে হয়ত নেই, স্পীকারের কাছে জেল থেকে আমাদের বিভিন্ন রাজবন্দী এ সম্বন্ধে আর্টিকেল, প্রবন্ধ এবং এর উপর বক্তৃতা পাঠিয়েছেন যেগুলি হয়ত এ্যাসেমব্লীর ফ্লোরে পড়া উচিত ছিল সেগুলি কোন কারণে পড়া হয়নি কিন্তু আমরা পরে দাবী করবো অন্ততঃ সেগুলি এ্যাসেমব্লী প্রসিডিংসএ ছাপা যায় কিনা। তাতে আপনি দেখবেন কতকগুলি জায়গায় আমরা আপনাদের নীতি সমর্থন করতে পারি আবার কতকগুলি জায়গায় আমাদের বিরোধিতা আছে। আপনারা যদি আমাদের সহযোগিতা নেন, আপনারা যদি গরীবকে ছেড়ে দিয়ে বড়লোককে ধরার নীতি নেন এবং সেই সংগে সকলের সহযোগিতার নীতি যদি নেন তাহলে আমরা সম্পূর্ণরূপে আপনাদের সহযোগিতা করতে রাজী আছি এবং তাহলেই আপনাদের খাদ্যনীতি বা নূতন নীতি সফল হবে। তা না হলে যতবার আপনারা এই খাদ্যনীতি নিয়েছেন ততবার অপ্রাচুর্য খাদ্যনীতি করে আপনারা ভ্রষ্ট হয়েছেন এবং তার রেজাল্ট হয়েছে এক টাকা থেকে আরম্ভ করে তিন টাকা, চার টাকা পর্যন্ত দর বেড়ে গিয়েছে। ১০ বছরের ইতিহাস হচ্ছে প্রত্যেক বছর পদস্খলন মানে এক ধাপ পড়েছেন। একবারও কোন কথা বলতে পারেন নি যেখানে করেছেন তার ফলে একটু উঠেছেন। একটার পর একটা, রানাঘাটে বক্তৃতা দেওয়া থেকে আরম্ভ করে তার আগের ১০ বছরের ইতিহাস দেখুন, সেখানে থেকেও একটা শিক্ষা লাভ করা উচিত ছিল। সেটা ছাড়াও দেশ জুড়ে আরো অন্য লোক আছে যারা বিচার করছে, চিন্তা করছে, এটাও ভাববার দরকার আছে। আমি বক্তব্য শেষ করার সময় আপনার মারফত মুখ্যমন্ত্রীকে সর্বদলীয় কমিটি করার আহ্বান এবং আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p. m.]

Shri Apurbalal Majumdar : মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই যে খাদ্যনীতি সরকার ঘোষণা করেছেন এই খাদ্যনীতি ব্যর্থ হতে বাধ্য। আমরা মনে করি যে এই খাদ্যনীতিকে কংগ্রেস

সরকারের তরফ থেকে ওপাশের যারা সদস্য আছেন তাঁরাই ব্যর্থতায় পর্যবসিত করবেন। বিভিন্ন মিলের তরফ থেকে মিলমালিকদের এই চাল সংগ্রহ করার যে নীতি সরকার গ্রহণ করেছেন সেই নীতি অনুসারে আমরা দেখবো যে মিলমালিকরা তাদের চোরাকারবার এবং মুনাফা সুলভ মনোভাবের জন্য সরকারী নীতিকে ব্যর্থ করে দিয়ে তাদের নিজেদের পকেট পূরণ করবার চেষ্টা করেছেন। যেসব মিলের মধ্য দিয়ে গভর্নমেন্ট চাল সংগ্রহ করতে চান তাদের চেহারাগুলি আজ আমাদের কাছে পরিষ্কার হয়ে উঠেছে। আমরা দেখেছি যে এবার সরকার যে নীতি গ্রহণ করেছেন বা করবেন বলে ঘোষণা করেছেন—যারা এক থেকে তিন বিঘা পর্যন্ত জমির মালিক ২।৫।১০ কাঠা তাদের মার্চ মাসের ১৫ তারিখ পর্যন্ত কোন চাল দেবার নীতি গভর্নমেন্ট গ্রহণ করেন নি এবং না করার ফলে বাজার থেকে চাল যখন সম্পূর্ণ উঠে যাবে তখন ঘাটতি জেলাগুলিতে দেখা দেবে অনাহার এবং বিভীষিকার রাজত্ব। সেইজন্য আমরা মনে করি কর্ডন এলাকাতে ভাল করে—যেসব জায়গায় স্ট্যাটুটারী রেশনিং আছে সেগুলি কর্ডন করে বাকী জেলার মধ্যে যেখানে থানা ভিত্তিক কর্ডন রয়েছে সেগুলি তুলে দেওয়া দরকার এবং যেসমস্ত জেলা ভিত্তিক কর্ডন রয়েছে যেমন মেদিনীপুর থেকে হাওড়ায় চাল আসা বারণ আছে সেগুলি তুলে দেওয়া দরকার এবং ঘাটতি অঞ্চলগুলিকে উদ্বৃত্ত অঞ্চলের সংগে যদি ট্যাগ করা না হয় তাহলে ঘাটতি অঞ্চলগুলি মারা পড়বে। সেইজন্য মেদিনীপুরের চাল যাতে হাওড়ায় আসতে পারে যেখানে স্ট্যাটুটারী রেশনিং নেই যেমন বর্ধমানের চাল নদিয়ায় যেতে পারে—যেখানে স্ট্যাটুটারী রেশনিং নেই তার ব্যবস্থা না করলে বাংলা দেশের ঘাটতি অঞ্চলগুলিতে দুর্ভিক্ষ এবং মহামারী দেখা দেবে। আমি যে কথা বলছিলাম যে মিলমালিকের হাতে তুলে দেওয়া হয়েছে যে চাল কেন গভর্নমেন্ট সেখান থেকে লেভি নেবেন—কিন্তু তাদের চেহারাগুলি সম্বন্ধে এর আগেই আমরা বলেছি এবং সেই সংগে আমরা হাওড়া জেলার মুরারী মান্নার কথা উল্লেখ করেছিলাম গত ৩রা নবেম্বর এবং সেই ভিত্তিতে গতকাল নাকি সরকারের তরফ থেকে একটা তদন্ত করে এক তরফা এক পেশা একটা রিপোর্ট টেবিলের উপর রাখা হয়েছে। সেখানে আমরা যারা অভিযোগ করেছিলাম এবং মুখ্যমন্ত্রীর চ্যালেঞ্জ গ্রহণ করেছিলাম যে প্রয়োজন হলে বিধানসভার সদস্যপদ আমরা পরিত্যাগ করবো, সেখানে আমি ছিলাম ডাঃ ভট্টাচার্য ছিলেন শ্রীশম্ভু ঘোষ ছিলেন—আমাদের কাছে কোন বক্তব্য যিনি এনকোয়ারী করেছেন রঘু ব্যানার্জি তিনি শোনেন নি। আমাদের কাছে যে দলিলপত্র আছে সেগুলি আমরা পেশ করতে চেয়েছিলাম—কিন্তু সেদিকে দিকপাত না করে তার মনগড়া মুরারী মান্নাকে একটা সার্টিফিকেট দেবার জন্য একপেশা একটা রিপোর্ট পেস করা হোল। মাননীয় চেয়ারম্যান মহাশয়, যে ৭২ জন লোককে পারমিট দেওয়া হয়েছে, পারমিটে লেখা আছে যে পারমিট হোল্ডারদের নিজেদের এগ্রিকালচার প্রডাক্ট। অথচ এনকোয়ারী করে দেখা গেল যে সেই ৭২ জনের মধ্যে ৪৩ জন মানুষের কোন ধান জমি নেই। কিন্তু লেখা হয়ে গেল যে তারা তাদের নিজেদের জমির উৎপন্ন ফসল নিয়ে হাওড়া থেকে চলে যাবে মাছ ধরতে তথাকথিত ধীবরেরা এবং বাকী ২৯ জনের যে জমি আছে তাও তাতে এক মাস বা দুই মাসের বেশী খোরাক হয় না। অক্টোবর মাসে যখন পারমিট ইসু হোল তখন তাদের নিজেদের এগ্রিকালচার প্রডাক্ট বলে কিছুই ছিল না যদি তাদের পারমিট ইসু করা হোল এবং সেই পারমিট ইসু করা সম্পর্কে স্বীকার করা হয়েছে রিপোর্টে যে একমাত্র ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ছাড়া এই পারমিট ইসু করার মালিক আর কেউ নয়। উলুবেড়িয়া সাবডিভিসন্তাল কন্ট্রোলার যার ক্ষমতা নেই সেই পারমিট ইসু করার তিনি তাঁর ক্ষমতার অপব্যবহার করে ক্ষমতা না থাকা সত্ত্বেও তিনি এই পারমিটগুলি ইসু করলেন। অথচ রঘু ব্যানার্জীর রিপোর্টে তাকে সার্টিফিকেট দেওয়া হোল যে তিনি একজন অত্যন্ত সৎ অফিসার। সুতরাং অন্যায় যদি করেও থাকেন তাহলে কোন ব্যবস্থা অবলম্বন করা হবে না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার সামনে আর একটা কথা বলছি সুপারিনটেনডেন্ট অব পুলিশ, হাওড়া, আর. কে. ভট্টাচার্য আই. পি. এস. তাঁর রিপোর্ট থেকে বলছি

তাঁর রিপোর্টে তিনি বলেছেন যে যে অফিসার অন্যায় করে তাঁর ক্ষমতা না থাকা সত্ত্বেও এই চালগুলি চোরাকারবারের চালান দিতে সহায়তা করেছে তার বিরুদ্ধে সুটেবল এ্যাকসন নেওয়া হোক। ১।১১।৬৫ তারিখে তিনি এই লেটার লিখেছেন। কিন্তু রঘু ব্যানার্জির রিপোর্টে সেইসমস্ত চিঠির কোন উল্লেখ করা নেই। তিনি চেপে গেছেন। আর একটা চিঠির কথা আপনার কাছে উল্লেখ করবো যে চিঠিতে তিনি লিখেছেন যে এই চালগুলি সুন্দরবন ২৪ পরগনার বিভিন্ন জায়গায় ব্লাকমার্কেটে বিক্রি হয়ে গেছে। হাওড়া জেলার এস. পি. সেইটা লেখা সত্ত্বেও এগুলি তাঁর রিপোর্টের মধ্যে স্থান পায় নি—এগুলি চেপে যাবার বন্দোবস্ত হয়েছে। লজ্জার কথা এই যে ১২টি পারমিট ইসু হয়েছে এনকোয়ারীর সময় ৭ জন যাদের নামে পারমিট ইসু হয়েছে তারা যিনি এনকোয়ারী করেছিলেন রঘু ব্যানার্জি তাঁর কাছে এসে বলেছিলেন যে পারমিটের জন্য আমরা কোন দরখাস্ত করিনি এবং তাদের মধ্যে ৫ জন লিখিতভাবে প্রতিবাদ জানিয়েছেন যে আমরা পারমিটের জন্য কোন দরখাস্ত করি নি। কিন্তু তাদের নাম জাল করে তাদের সই জাল করে ফোরজারী করে এই পারমিটগুলি তাদের নামে ব্যবহার করা হয়েছে আর রঘু ব্যানার্জী যিনি হোম সেক্রেটারীর পদ পাবার জন্য কংগ্রেস দলকে এবং মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করবার জন্য চেষ্টা করছেন তিনি মিথ্যা ভুয়ো এক তরফা রিপোর্ট দিয়ে সেই সমস্ত ফোরজড পারমিট যা ইসু হয়েছে এবং যারা অন্যায় করেছে এস. ডি. ও এবং সাব-ডিভিসন্যাল কন্ট্রোলার তাদের ক্ষমতা না থাকা সত্ত্বেও এই কাজগুলি করেছেন তাদের সার্টিফিকেট দিয়েছেন সৎ অফিসার বলে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা দেখলাম রিপোর্টে তাঁরা বলছেন যে একটা বিশেষ দিনে তাদের সমুদ্র যাত্রা করতে হবে। কাজেই সময় আমাদের ছিল না—কিন্তু পারমিটগুলির দিকে যদি লক্ষ্য করা যায় তাহলে দেখা যাবে যে পারমিট ইসু হয়েছে ৮ দিন ধরে—৮ থেকে ১৫।১৬ তারিখ পর্যন্ত পারমিট ইসু হয়েছে—এই সময়ের মধ্যে সাব-ডিভিসন্যাল কন্ট্রোলার এস. ডি. ও—তিনি একটা টেলিফোন যোগে হাওড়ার ডিসট্রিক ম্যাজিস্ট্রেটের সঙ্গে কথা বলার সময় পায় নি। ফুড ডিরেক্টরের সঙ্গে কথা বলার সময় পায় নি। কারণ তা করলে সেই পারমিট ইসু হবে না। সেইজন্যই এস. ডি. ও এবং সাব-ডিভিসন্যাল কন্ট্রোলার তিনি একটা টেলিফোনযোগে হাওড়ার ডিট্রিক ম্যাজিষ্ট্রেট কিংবা ফুড ডিরেক্টরের কাছে সে কথা উল্লেখ পর্যান্ত করেন নি—তাঁদের পারমিসন চাননি। এখানে রিপোর্ট রঘু ব্যানার্জী বলেছেন সততায় উদ্বুদ্ধ হয়ে এ ফিসারম্যানদের জন্য চোখের জল ফেলে এই কাজগুলি করা হয়েছে। স্যার, আজ মুরারী মান্নাকে লম্বা সার্টিফিকেট দিয়েছেন যে তিনি এই কাজ করেন নি—তার সঙ্গে এর কোন যোগসাজশ নেই। আর. কে. ভট্টাচার্য যিনি হাওড়ার পুলিশ সুপারিনটেনডেন্ট তিনি লিখছেন এই পারমিটগুলি কেন ইসু করা হোল? Our confidential enquiries have disclosed that these permits were issued by the Subdivisional Controller, Food and Supplies, Uluberia, under instructions from the S. D. O. Uluberia. The latter when contacted have stated that these permits were issued on representation made by Shri Murari Mohan Manna. তারপর তিনি বলছেন issuing authority was not empowered to issue such permits and also that those persons representing themselves as fisher-men did not require such large quantity of rice for personal consumption. মাননীয় চেয়ারম্যান মহাশয়, উনি বলেছেন যে মুরারী মান্না এই ছবির মধ্যে নেই, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে প্রতুলকৃষ্ণ হাতী যিনি ছিলেন মুরারী মান্নার কর্মচারী তিনি ঐ তথাকথিত ধীবরদের দরখাস্ত শ্যামপুর থেকে সংগে করে নিয়ে এলেন। রিপোর্ট বলছে—

[4-50—5 p.m.]

Report-এ বলেছে সেটা নিয়ে এলেন প্রতুল কৃষ্ণ হাতী। তিনি শ্রীমুরারী মান্নার employee তাঁর textile mill-এ তাঁর under-এর একজন কর্মচারী। ৭ তারিখে দরখাস্ত

করেছেন Sub-divisional Controller-এর কাছে। ৭ তারিখে যে দরখাস্তের জন্ম হয়েছে সেই দরখাস্তের জন্ম হবার আগে ৬ তারিখে শ্রীমুরারী মান্না recommendation করে বললেন। আপনি দেখবেন্ ৬ তারিখে এখানে flag দিয়ে, appendix দিয়ে এবং ৬ তারিখে recommendation করেছিলেন যে এদের permit issue করে দাও। অর্থাৎ ৭ তারিখে দরখাস্ত হবার আগে তাঁর recommendation চলে গেল আপনি এই permit গুলো করে দিন। এই প্রতুল কৃষ্ণ হাতী, যিনি শ্রীমুরারী মান্নার কর্মচারী, তিনি এসে দরখাস্ত দিলেন S. D. O.-র কাছে এবং Sub-divisional Controller-এর কাছে আবার দরখাস্ত দিলেন যে permit গুলো আমাকে দিয়ে দেওয়া হোক। অর্থাৎ ধীবররা শ্যামপুকুর থেকে আসতে পারবে না আমার কাছে দিয়ে দেওয়া হোক। সঙ্গে সঙ্গে সেই হাতী, যিনি শ্রীমুরারী মান্নার কর্মচারী, তাঁর পকেটে সেগুলো দিয়ে দেওয়া হোল। ধীবররা আসেনি, দরখাস্ত পেশ করেনি। তাদের তরফে এলেন শ্রীমুরারী মান্নার কর্মচারী এবং তার হাতে সমস্ত permitগুলো দিয়ে দেওয়া হোল। সেই permit থেকে ২ হাজার মণ চাল পাচার হল। ধীবররা যা বলেছে আমাদের নিজেদের উৎপাদিত ফসল ধীবরদের কিনা, তাদের জমি আছে কিনা সেইগুলি সব report-এ চেপে গেলেন। ধীবরদের কোন agricultural produce নেই। হাওড়ার S. P. কি report দিয়েছে সেগুলি সব চেপে দেওয়া হয়েছে। আর সেই permitগুলো সম্বন্ধে আরও কথা শুনুন। সেই permit-এর fromগুলি রাতারাতি কোলকাতায় Food Directorate ও উলুবেড়িয়ার রাজ রাজেশ্বরী প্রেসে ছাপা হয়ে গেল। ৭ তারিখে দরখাস্ত করল এবং উলুবেড়িয়ার প্রেসে সেই formগুলো ছাপা হলো। এক তারিখ থেকে সেই permit issue করতে আরম্ভ হল। কিন্তু report-এ এ সম্পর্কে কোন উল্লেখ নেই। কোথায় form পাওয়া গেল, ধীবরদের জমি আছে কিনা, agriculture produce কিনা সেসব দেখা হল না। এর থেকে মারাত্মক হচ্ছে হাওড়ার D. M. যে চিঠি লিখেছিলেন মেদিনীপুরে সেটা। এখানে মুখ্যমন্ত্রী বলেছিলেন এই সমস্ত চাল তারা দীঘায় নিয়ে গেছে মাছ ধরার জন্য। হাওড়ার D. M. ২২ তারিখে 22-10-65 একটা চিঠি লিখেছিলেন Memo No. 2853 মেদিনীপুরের S. P.র-কাছে এখান থেকে ধীবররা চাল নিয়ে গেছে কিনা। 7-12-65 তারিখে সেখান থেকে report এসেছে। অর্থাৎ মেদিনীপুরের S. P. report দিয়েছেন Howrah D. M. এর কাছে—The matter was enquired by the O. C., Digha P. S and the local D. O., Contai. None of the permit-holders could be traced out. None of them could be traced out in Digha. কেউ দীঘায় যায়নি। শুধু এই শ্রীমুরারী মান্না কেন? আমরা জানি ডায়মণ্ডহারবারের M.L.A. শ্রীজগদীশ হালদারের ভাই শ্রীকালো হালদার পাকিস্থানে চাল গোপনে পাচার করার জন্য D.I R.-এ গ্রেপ্তার হয়েছেন। তিনি একজন মিলমালিক এবং তাঁকে গভর্নমেন্টের জন্য চাল কেনার জন্য agent করা হয়েছে। তিনি তাঁর ভাইয়ের সঙ্গে সহযোগিতা করে পাকিস্থানে চাল পাচার করেছেন। তাঁর অপরাধ তাঁর ভাই D.I.R.-এ গ্রেপ্তার হয়েছেন। গভর্নমেন্ট সেই enquiry থেকে ফিরে তাঁকে বাঁচাবার চেষ্টা করছেন এবং তাঁকে চাল কেনার জন্য agent করেছেন। সেই কালো হালদার আমাদের কংগ্রেসী এম, এল, এ, শ্রীজগদীশ হালদারের ভাই। এইভাবে কারা গভর্নমেন্টের খাদ্যনীতিকে বানচাল করছে দেখুন। শ্রীরথু ব্যানার্জিকে stamp দিয়ে বাঁচান হচ্ছে শ্রীমুরারী মান্নাকে। Sub-divisional Controller, Civil Supplies বেআইনীভাবে চাল পাচারের জন্য এরা যে ষড়যন্ত্র করেছেন সেই প্রত্যেকটা অফিসারের নির্লজ্জ সাফাই গাইবার জন্য শ্রীরথু ব্যানার্জির যে report সেটা অত্যন্ত লজ্জাকর ও ঘৃণিত রিপোর্ট। আমরা যারা উল্লেখ করেছিলাম আমরা সেখানে সগর্বে বলব যে independent enquiry সেখানে আমরা সম্পূর্ণ দায়িত্ব নিয়ে আমাদের সমস্ত অভিযোগ প্রমাণ করব, না হয় বিধানসভা থেকে পদত্যাগ করব।

Shri Jagadish Haldar : অপূর্ববাবু যা বললেন তারমধ্যে কোন সত্যতা নেই।

Shri Apurba Lal Mazumdar : আপনার ভাই গ্রেপ্তার হয়েছে কিনা একথা স্পষ্ট ভাষায় বলুন ?

Shri Jagadish Haldar : না গ্রেপ্তার হয় নি।

Mr. Chairman : Shri Panchu Gopal Bhaduri may now like to speak.

(At this stage Shri Jaynarayan Sharma rose to speak)

Mr. Chairman : Shri Sharma, please take your seat. I hope the honourable member will please keep in mind my earnest appeal to maintain peace.

Yes, Shri Bhaduri

Shri Panchu Gopal Bhaduri : মাননীয় সভাপাল মহাশয়, যে খাদ্যনীতি নিয়ে বিতর্ক করছি সেটা আমাদের বিরোধী পক্ষের মতামতের কোন অপেক্ষাই রাখেন না এই সরকারী দল। কারণ তারা এটা চালু করতে সুরু করেছেন এবং চালু করবেন। এখন প্রশ্ন হচ্ছে এই যে খাদ্যনীতি তাঁরা চালু করবেন যে খাদ্যনীতিতে দেশের লোক খাদ্য পাবে কিনা এ জিনিষটা আমাদের বিচার করা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য আমি ভাল করে পড়ে দেখলাম, অতীতকালে তিনি যেমন বিনিয়ন্ত্রনের ঋষি ছিলেন, যেমন মালিক শ্রেণীর পক্ষের মন্ত্রী ছিলেন তাঁর সে স্টেট ট্রেডিং বিরোধী পক্ষের স্টেট ট্রেডিংএর সংগে ফর্মালি মিল হলেও বস্তুতঃ অনেক গড়মিল রয়েছে। সেদিক থেকে কংগ্রেস পক্ষ থেকে যারা বারবার বলছেন যে বিরোধী পক্ষ যে কথা আগে আগে বলেছিল আমরা যখন সে জিনিষ নিচ্ছি তখন তারা কেন এর বিরোধীতা করছেন।

[5—5-10 p.m.]

সেই সম্পর্কে যে কথা এখন বিবেচনা করে দেখতে হবে—এইমাত্র শ্রীমুরারি মান্নার কেস নিয়ে চীৎকার হল, হুল্লোড় হলো, আমি মনে করি যদি মিলমালিক এবং কারবারী বিরোধী নীতি গভর্নমেন্ট নেন তাহলে তার সংগে সংগে গভর্নমেন্টের উচিত কোন private enquiry না করে, সরকারী একজন অফিসার দিয়ে enquiry না করে তার সম্পর্কে একটি open enquiry করুন। আমি আশা করবো তাহলে সমস্ত বিষয়টা clear করতে পারবেন। একটা clear যদি না করতে পারেন তাহলে যে কথা আপনারা বলেছিলেন তাকে বহিষ্কার করে দেন। তবে এই সম্পর্কে একটা open enquiry হওয়া দরকার যাতে পশ্চিমবংগের নাগরিক বুঝতে পারবে গভর্নমেন্ট-এর মালিক ঘেঁষা পলিসি, না এটা জনগণকে খাদ্য দেবার পলিসি, তাই আমি শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের যে বক্তব্য এবং তারপরের যে অর্ডার তাতে দেখা যাচ্ছে মালিক শ্রেণীর পক্ষের নীতি তিনি এখনো অনুসরণ করে চলেছেন। ঐ যে ধান এবং চালের দরের একটি অনাবশ্যক ফারাক—ধানের দর যদি ১৪ টাকা হয় তাহলে সেখানে চালের দর ২৮ টাকা হবার কারণ নাই। সেখানে ২১ টাকা কিংবা তার কাছাকাছি ২২ টাকা চালের দর হতে পারে। কিন্তু শ্রীপ্রফুল্লচন্দ্র সেন তিনি সেই জায়গায় মিলমালিকদের মণ পিছু ৪।৬ টাকা মণে বোনাস দিচ্ছেন, তাঁর যে মালিকদের প্রতি সমর্থন সেটা এখানে প্রকাশ পাচ্ছে। আর জোতদারদের প্রতি যে কেবল তার সমর্থন আছে তা নয়, মজুতদারদের সম্পর্কেও তাঁর একটি নরম মনোভাব রয়েছে। কেউ কেউ অবশ্য তাঁকে জোতদার সমর্থকও বলেছেন গত বছরের চালের জন্য।

গত বছরের চাল যে দেবে, তাকে মণ পিছু আট আনা করে বোনাস দেওয়া হবে। গত বছর মজুতদার যারা ৩ টাকা করে চালের দর জনসাধারণের কাছ থেকে নিয়েছে, তাদের দস্তুরমত সাজা হওয়া উচিত। তারা এখন গভর্নমেণ্টের কাছে চাল বিক্রী করতে আসলে আট আনা করে বোনাস পাবে, ভারতবর্ষের সরকার ব্যাণ্ডমাষ্টারের মত যে tune set করেছেন যে ৩ হাজার ৪ হাজর কোটী কালোটাকার মালিক যারা, তারা দেশপ্রেমিক হবে যদি তারা কিছু কিছু চাল সরকারকে দেন। যারা কালোসোনার মালিক তারাও দেশপ্রেমিক হবে, যদি ঐ কালোসোনার ছিটেফোটা তাঁরা সরকারকে দেন। গত বছরের মজুতদার চোরাকারবারী মালিক যদি চাল নিয়ে আসে, তাহলে তারা দেশপ্রেমিক হবে এবং উপরন্তু মণ পিছু আট আনা করে বোনাস পাবে। আমাদের পশ্চিমবঙ্গে যাকে আমরা বলি অর্ধবঙ্গেশ্বর শ্রীঅতুল্য চরণ ঘোষ তিনি গদা ভেজে বলেছেন যে জোতদারদের নিধন করে তিনি ভাগচাষীদের জমির মালিক করবেন। তাহলে আমি সবচেয়ে বেশী খুশী হতাম, তিনি আমার বাল্যবন্ধুও বটেই অতীতের বহুদিনের সহকর্মীও বটেই, তিনি যদি এই কাজ করতেন তাহলে আমরা তাঁকে নমস্কার করতাম, কিন্তু তিনি উৎপাদনের ক্ষেত্রে জোতদারদের ক্ষমতা কমালো না। তিনি গ্রামের সামাজিক জীবনের নেতা হিসেবে জোতদার কৃষককে ভাগচাষীকে এবং ক্ষেতমজুরকে ধান ও টাকা কর্জা দিয়ে আসে সেই টাকা এবং ধান কর্জা দিয়ে তাদের কর্জার মধ্যে রাখে সেই ভাগচাষীকে এবং ক্ষেতমজুরদের জোতদারদের প্রভাব থেকে অর্থনৈতিক ও সামাজিক প্রভাব থেকে ছাড়িয়ে আনা হল না তিনি গদা ঘুরিয়ে বললেন যে ভাগচাষীকে জমির অধিকার দেওয়া হবে। আজকে কি হচ্ছে সারা বাংলাদেশে? জোতদারদের প্রভাবে ভাগচাষীরা না-দাবী লিখে দিচ্ছে, বহু রেজিস্ট্রী হচ্ছে। বহু Revenue Stampএর উপর ভাগচাষীরা লিখে দিচ্ছেন যে অমুক অমুক দাগের এই এই জমিতে আমাদের কোন দাবী নাই। এখন না-দাবী লিখে দেবার হিড়িক চলেছে বাংলা দেশে অতুল্যবাবুর এই ঘোষণার পরে। ঐ অতি বিপ্লবী এবং অতি দায়িত্বহীন ঘোষণা যার সঙ্গে বাস্তব কাজের কোন মিল নাই, তার ফলে এটা হয়েছে এবং সেদিক থেকে এই গভর্নমেণ্ট জোতদার সমর্থক নীতি নিয়ে চলেছেন এটা বোঝা যায়। এই গভর্নমেণ্ট মালিক শ্রেণীর গভর্নমেণ্ট। গ্রামাঞ্চলের মালিক বড় জোতের মালিক তাদের দলের পক্ষে।

আর একটি জিনিষ, প্রফুল্লচন্দ্র সেনের লেভি সম্বন্ধে যে বিবৃতি, তাতে দেখা যাবে যে ছয় বিঘা, ৮ বিঘা জমির চাষী তাদের যদি ধরা যায় উদ্বৃত্ত, তাদের খোরাকী ও বীজধান রেখে, তাহলে তাঁরা দিচ্ছেন বেশী আর বড় জোতদাররা তারা খোরাকী বীজধান বাদে যে উদ্বৃত্ত অনেকখানি দুশো তিনশো মণ তাঁরা বাঁচাতে পারছেন এবং সেই জোতদাররা নানাভাবে শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে সাহায্য করে চলেছেন।

জোতদারকে নানাভাবে আজও শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সাহায্য করে চলেছেন। কিন্তু একথা ঠিক যে এই যে খাদ্যনীতির history হল চাষীর কাছ থেকে ধান পেলে তবে সহরাঞ্চলে rationing চলবে, তবে ঐ A আর B শ্রেণী যারা গ্রামের দুস্থলোক যারা ধানচাল উৎপাদন করে না বা অতি সামান্য উৎপাদন করে তাদের জানুয়ারী মাস বা তার অব্যবহিত পর থেকে তাদেরও ration দেওয়া যাবে, এই যে জিনিষটা এই rationing প্রথা ফেল করতে বাধ্য যদি না জোতদারদের কাছ থেকে আদায় করা যায়। এবং আমি শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে ঐ ইংল্যাণ্ডের সেকেলে রাজা Unready Ethelred তিনি সব কাজেই unready হতেন আমি Unready Ethelred বলে শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকে মনে করি না। তাকে মনে করি চতুর প্রবঞ্চক তিনি জোতদারদের রক্ষা করছেন এবং করবেন। এদিকে দেখুন দুর্ভিক্ষের panic সৃষ্টি করা হয়েছে, ৪১ লক্ষ লক্ষ টণ চাল হলে তাকে যতই dramatise করুন তাকে দুর্ভিক্ষের যুগের উৎপাদন বলা যায় না। তার সঙ্গে কেন্দ্রের যদি কিছু গম এবং চাল দিতে পারে তা যদি নেন তাহলে এই ৪১ লক্ষ টন এবং তার সঙ্গে কেন্দ্রের সাহায্য মিশিয়ে কিছুতেই দুর্ভিক্ষের অবস্থা বলা যায়না। শ্রীপ্রফুল্লচন্দ্র সেন দুর্ভিক্ষের panic প্রচার করার ফল কি

হচ্ছে, আজকে গ্রামাঞ্চলে distress sale নেই, distress sale যেটুকু তা কেন্দ্রের মতন সরকারী agent টাকা নিয়ে হাজির থাকে না। Distress saleএর বদলে price sale হচ্ছে। ছোট কৃষকরা ২০ টাকা ২৪ টাকা ২৫ টাকা দামের চাল ব্যাপারীদের কাছে এবং মাঝারী বিত্তবান গৃহস্থ যারা গ্রামে আছে যারা দুর্ভিক্ষ হবে বলে ভয় করছে তারা কিনে নিচ্ছে। কাজে কাজেই আজকে গ্রামের যা চেহারা, গ্রামে গেলে দেখবেন যে হাজারে হাজারে ঐ সমস্ত মাঝারী চোরাকারবারী মাঝারী মজুতদার তাদের কেনবার agent বেরিয়ে পড়েছে, cycle করে হুগলী জেলার চাল জাঙ্গীপাড়ার ঐ যে সমস্ত সরকারী অফিসার B D.O. বেশীরভাগ জায়গার B.D.O. তারা অসৎ বেশীর ভাগ জেলার অঞ্চল প্রধান তারা কংগ্রেসের জোতদার শ্রেণী থেকে এসেছেন। কাজে কাজেই আজকে যে ধানচাল সংগ্রহের নীতি সেটা মন্ত্রীসভা পাঠাচ্ছেন D.M.এর কাছে, D.M. S.D.O.এর কাছে, S.D.O. B.D O.কে বলে দিচ্ছেন, B.D.O. অঞ্চল প্রধানদের ডেকে বলছেন তোমার অঞ্চলে কি পাওয়া যাবে ঠিক কর। অঞ্চল প্রধান তিনি কাজ গুছাচ্ছেন। তিনি বেশীরভাগ জায়গায় জোতদারদের প্রতিনিধি হিসাবে অঞ্চলের সমস্ত প্রতিনিধিদের নিয়ে তিনি ব্যবস্থা করছেন কিভাবে ধান পাওয়া না যায়। সেদিন মালদহে বিভিন্ন মাড়োয়াড়ী এবং অন্যান্য লোকদের সারা মালদহ ব্যাপী যে সম্মেলন হয়েছে তারা প্রস্তাব করেছে বিনিয়ন্ত্রণ। এবং স্বতন্ত্র পার্টি প্রস্তাব করছেন বিনিয়ন্ত্রণ এবং কংগ্রেসের মধ্যে এখন একটা চেষ্টা দেখা যাচ্ছে যে আমেরিকান গম আনিয়ে এবারকার খাদ্য সমস্যার সমাধান করতে হবে। তারজন্য Subramanium তিনি তেলের বাটী আর ভিক্ষার ঝুলি নিয়ে আমেরিকায় গেছেন। পরে শাস্ত্রীজি গিয়ে দাসখতে সই দিয়ে হয়ত সেই গম পাওয়ার চুক্তি সম্পন্ন করবেন। আমেরিকান গম এবং এদিকে high price—ধানচালের high price এটাই হয়ত পরের দিকে হয়ে যাবে। মাঝখানে কংগ্রেস সরকার জনগণের পক্ষে আসছিলেন সংকট দেখে এবং পাকিস্তান চীন ইত্যাদির আক্রমণের মুখেতে আমেরিকান গম না দেবার টালবাহানা তার মধ্যে তারা যে নীতির দিকে আসছিলেন এখন মনে হচ্ছে পশ্চাৎপসারণ করছেন—তাই আমাদের অনুরোধ যদি তারা সত্যি সত্যি সেই নীতি অনুসরণ করতে চান তাহালে সর্বস্তরে সর্বদলীয় কমিটি গঠন করুন। শহর অঞ্চলে আমি শুনতে পাচ্ছি সেখানে ১০ আউন্স চাল খেয়ে malnutritionএ বহু কেস হাসপাতালে ভুগছে। ডাক্তাররা সেই কথাই বলছে। কাজে কাজেই সহর অঞ্চলে ration card ফিরিয়ে দিন ১০ আউন্সের জায়গায় ১২ আউন্স করুন। আর মেহনতী মানুষ তারা আজকে দুটো মেসিনের জায়গায় ৪টা মেসিন মালিকদের হুকুমে চালাচ্ছে তাদের জন্য যদি একবেলা একপেয়ালা চাল বা গমের ব্যবস্থা না করেন তাহলে কলের চাকা ঘোড়া খুব মুস্কিল হবে। যেদিক থেকে সহর এবং মেহনতী মানুষদের জন্য ১৬ আউন্স করে চালের ব্যবস্থা আর সহর অঞ্চলে ration card যদি ফিরিয়ে দেন আর সর্বদলীয় কমিটি যদি সর্বস্তরে নিয়োগ করেন আর জোতদারদের বিরুদ্ধে তাদের সমস্ত উদ্বৃত্ত আদায় করবার জন্য আন্দোলন আরম্ভ করুন, অন্তত আমি বলতে পারি এই সমস্ত, অষ্টবামের এই মিলিত কমিটি আপনাদের সাহায্য করবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p. m.]

Shri Monoranjan Bakshi : মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে এই খাদ্যনীতি সম্পর্কে বলতে গিয়ে আমি আপনার কাছে নিবেদন করছি যে আজকে বিধানসভাকে কি রকম গুরুত্ব দেওয়া হয় তা আপনি নিজেই বুঝতে পারছেন যে এই খাদ্যনীতি মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে পেশ করেছেন তাতে সেই নীতি সম্পর্কে পুংখানুপুংখভাবে আলোচনা করবার পূর্বেই আজকে সারা পশ্চিমবাংলার গ্রামে গ্রামে নূতন খাদ্যনীতির প্রয়োগ আরম্ভ হয়ে গিয়েছে এবং সেখানে নানা রকম গোলমাল দেখা দিয়েছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি জানেন আজকে যাঁরা দায়িত্বশীল পদে অধিষ্ঠিত আছেন, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী সভার সদস্য এমন সমস্ত উক্তি করেন

যে উক্তির ফলে দেশে খাদ্যনীতি অত্যন্ত বিভ্রান্তির সৃষ্টি করেছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি যদি ৪ঠা ডিসেম্বরের যুগান্তর পড়ে দেখেন তাহলে দেখতে পাবেন যে বাংলা দেশের সুসাহিত্যিক তারাশংকর বন্দোপাধ্যায় গ্রামের চিঠি বলে যেটা লেখেন সেখানে তিনি স্তম্ভিত হয়ে গিয়েছেন। তিনি এক জায়গায় বলছেন আজকে সকালে দেখলাম একজন মন্ত্রী বল্‌ছেন যে আমাদের খাদ্য পরিবর্তন করতে হবে এবং আমরা সেটা মানি যে পরিবর্তন করা উচিত, কাঁচা কলা খেতে হবে। আবার বৈকালে শুনলাম যে কোন কোন মন্ত্রী বলছেন আমাদের মাথার চুল কেটে নাকি সার দিতে হবে। মাথার চুলে নাকি ১২ ভাগ নাইট্রোজেন আছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, একেই ত খাদ্য নিয়ে মানুষ আজকে অত্যন্ত বিব্রত হয়ে পড়েছে তার উপর ভাগচাষী, যারা জমির মালিক নয়, যাদের চালচুলো কিছুই নেই, শুধু মাথার চুল আছে তারাও সংকিত হয়ে পড়েছে সরকারী এই নীতির ফলে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে আপনি জানেন খাদ্য যে আমাদের দেশে কম পড়েছে তার একমাত্র কারণ হচ্ছে দেশে আমরা দেখতে পাচ্ছি সরকার শিল্পোন্নয়নের নামে সমস্ত আমন ধানের জমিগুলিকে দখল করতে শুরু করেছেন। আপনি বর্ধমান জেলার দিকে তাকিয়ে দেখুন, আমাদের শিল্প কারখানার দরকার নেই একথা নিশ্চয়ই কেউ বলবে না, তবুও বর্ধমান জেলার দিকে তাকালে দেখা যাবে দুর্গাপুর, যেখানে দামোদর উপত্যকা হয়েছে, যেখানে দুর্গাপুর কলকারখানা হয়েছে, ব্যাণ্ডেলে তাপ বিদ্যুত কারখানা হয়েছে, এই রকম বড় বড় কারখানা যেখানে হচ্ছে সেখানে দেখবেন সমস্ত চাষের জমিগুলিকে নিয়ে তাঁরা ছিনিমিনি খেলতে আরম্ভ করেছেন। যখন ব্যাণ্ডেলের তাপ বিদ্যুত কারখানা তৈরী হয় তখন বহু মানুষ আবেদন নিবেদন করেছিল যে আমাদের জমিগুলি ফিরিয়ে দেওয়া হোক কিন্তু তা ফিরিয়ে দেওয়া হয়নি। বর্ধমান, বীরভূম জেলায় বহু পতিত জমি পড়ে আছে, সেখানে কিছু না করে কেবল সরকারের ঝোক হচ্ছে চাষের জমিগুলিকে নিয়ে শিল্প তৈরী করা। ফলে ধানের জমির মৃত্যু ঘটান হচ্ছে, ধানের চাষ কমে যাচ্ছে। মিঃ চেয়রম্যান, স্যার সরকার যে লেভি করেছেন আপনি জানেন যে চাষী তার বুকের তাজা রক্ত দিয়ে, জীবন দিয়ে চাষ করে, আজকে আপনার নিশ্চয়ই পুত্র কন্যা আছে, যদি আপনার বুক থেকে আপনার কন্যাকে কেউ ছিনিয়ে নেয় তাহলে আপনার মনে কি ভাবের উদয় হয়? তেমনি ভাবে চাষীর ঘর থেকে জোর করে সরকার যদি ধান নিয়ে আসে তাহলে তাদের মনে কি ভাবের উদয় হয় সেটা আপনি চিন্তা করুন। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি সেজন্য বলছি যেটা আমাদের বেঞ্চ থেকে বারবার বলা হয়েছে যে সরকারের খাদ্যনীতি শুধু একটা প্রদেশে নয় সারা ভারতবর্ষে একটা নীতি করে লেভি প্রত্যাহার করে নেওয়া হোক এবং সমস্ত জায়গাতে একটা দাম নির্ধারণ করা হোক। সেটা যদি করতে পারেন তাহলে সরকারী নীতি সার্থক হবে, তা না হলে এই যে বৈপ্লবিক নীতি এটা দেশের উপর একটা বিপর্যয় নিয়ে আসবে। কাজে কাজেই সেদিক থেকে আজকে সরকারের চিন্তা করা উচিত। সেই চিন্তা যদি করতে না পারেন তাহলে আমরা মনে করি তাঁরা দেশকে একটা ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছেন।

Shri Monoranjan Roy: মাননীয় স্পীকার মহাশয়, তিনদিন ধরে খাদ্য সম্পর্কে আলোচনা হচ্ছে, আজকে বোধ হয় শেষ বক্তা আমি, আমি আর কোন জিনিষের পুনরাবৃত্তি করতে চাই না, শুধু দু' একটা কথা মন্ত্রী মণ্ডলীকে স্মরণ করিয়ে দেবো এবং আশা করবো যে তাঁরা একটু শুনবেন এবং তার সম্পর্কে ব্যবস্থা করা যায় কিনা একটু ভেবে দেখবেন। মুখ্যমন্ত্রী হাউসে নেই, তিনি আমার কথাগুলি শুনবেন না কিন্তু তা সত্ত্বেও যিনি উপমন্ত্রী আছেন, স্মরজিতবাবু, তিনি দয়া করে শুনবেন এবং তিনি তাঁর কাছে রিপোর্টটা করতে পারেন। আমি প্রথম কথা বলছি যে আজকে শ্রমিক যারা উৎপাদন করে এবং কৃষক তাদের অবস্থা সম্বন্ধে আর বিস্তৃত ব্যাখ্যা দিতে চাই না, তার কারণ রোজ খবরের কাগজে তাদের অবস্থা সম্বন্ধে জানতে পারছেন এবং এখানে বিরোধী দলের পক্ষ থেকে বক্তার পর বক্তা বর্তমানে কৃষক বিশেষ করে গরীব চাষী যারা এবং যারা ক্ষেতমজুর, ভাগচাষী, তাদের কি অবস্থা এবং আগামী দিনে কি অবস্থা আসছে সে

সম্পর্কে বিস্তারিতভাবে বলেছেন। আপনারা যে একটা তথাকথিত বৈপ্লবিক নীতি নিয়েছেন তার মধ্যে এ, বি, সি, ডি, ই, করে র‍্যাশান কার্ডের ব্যবস্থা করেছেন গ্রামাঞ্চলে তার একটা জিনিষ আপনাদের মনে করিয়ে দিতে চাই যে যারা (এ) র‍্যাশান কার্ডভুক্ত তাদের আপনারা প্রথম থেকেই মডিফ্যায়েড র‍্যাশান দিচ্ছেন। কিন্তু (বি) ভুক্ত যারা অর্থাৎ যাদের এক আধ কাঠা জমি আছে, বাবার যে জমিটা ছিল সেটা ভাইদের মধ্যে ভাগ হতে হতে শেষ পর্যন্ত এক এক ভাইয়ের ভাগে এক কাঠা, আধ কাঠা জমি পড়েছে, তারা জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ, এই তিন মাস র‍্যাশান কার্ডে কোন খাদ্য পাচ্ছে না। তাহলে তারা কোথা থেকে পাবে? তাদের সম্পর্কে কি ব্যবস্থা হচ্ছে সেটা আমরা কেউ বুঝতে পারছি না এবং (সি) র‍্যাশান কার্ড ভুক্ত যারা তাদের অবস্থাও ঠিক তাই হবে। অর্থাৎ এক একরের বেশী যদি তার জমি থাকে কিম্বা এক একর থেকে এক কাঠা জমিও যদি তার বেশী থাকে তাহলে ছয় মাসের মধ্যে সে কোন র‍্যাশান পাচ্ছেনা। তার মানে হচ্ছে এই যে ছয় মাসের মধ্যে তার এক একর জমিতে যে ধান হচ্ছে সেই ধানে হয় সে খেতে পাবে তা না হলে সে উপোস করে মরবে। গ্রামাঞ্চলে আপনারা বলছেন যে খোলা বাজারে কিছু কিছু চাল আপনারা ছাড়বেন কিন্তু তার দামটা কি হবে তাও ঠিক করে দিলেন না অথচ আপনারা বলছেন যারা (বি) র‍্যাশান কার্ড ভুক্ত অর্থাৎ আধ কাঠা যাদের জমি আছে তারা মার্চ মাস পর্যন্ত কোন চাল পাবে না। তাদের যে ধানটা উঠলো আধ কাঠা বা এক কাঠা জমি থেকে সেটাতে তারা এই নভেম্বর ডিসেম্বরে মধ্যেই খেয়ে শেষ করে দিচ্ছে, এক কণা ধানও তাদের থাকছে না। তাহলে জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ মাসে তারা কি খাবে? এই দিকে দয়া করে একটু নজর দিন। আপনারা বলছেন খুব বৈজ্ঞানিক এবং বৈপ্লবিক নীতি হয়েছে কিন্তু আমাদের কৃষকরা এসে বলছে গ্রামাঞ্চলে যে এটা সম্পূর্ণ অবৈজ্ঞানিক হয়েছে, আমরা খাবো কি আমাদের বলে দিন। আপনারা সবার জন্য চালের ব্যাপারে সমান ত্যাগ স্বীকারের ব্যবস্থা করতে যাচ্ছেন এই হচ্ছে আপনাদের বক্তব্য। আমি বলতে চাই যে যদি ডিম, মাছ, মাংস, দুধ, এগুলির ব্যাপারে মোটামুটি একটা সমান ব্যবস্থা করতে পারতেন তাহলে চালের কথা যেটা আপনারা বলছেন যে ত্যাগ স্বীকার করা তার কিছুটা অর্থ বোঝা যেতো। কিন্তু সেটা আপনারা করছেন না। যদি আমরা কাঁচকলার চপের সংগে ডিমের ডেভিল আর মুরগীর মাংস এবং পাঁঠার মাংসের রোষ্ট খেতে পারি তাহলে আমার কি দরকার সিরিয়াল খাওয়ার? কোন দরকার নেই। কিন্তু গরীব চাষী ভাত খেতে পায়না। আমার সংগে একজন অফিসারের কথাবার্তা হয়েছিল, তিনি বলেছিলেন যে সোমবার দিন তিনি সিরিয়াল খাননা। আমি জিজ্ঞাসা করেছিলাম কি কি খান? তিনি বললেন আমরা কাঁচকলা দিয়ে চপ তৈরি করি এবং কি একটা ধোকা তৈরী করি, একটু ডাল খাই, আর একটু সুপ খাই আর মাংসের একটু রোষ্ট খাই, আর দুগ্ধ জাতীয় কোন একটা দ্রব্য খাই, এতে আমাদের চমৎকার চলে যায়, কোন অসুবিধা হচ্ছে না। আমাদের জনসাধারণ সেই অফিসারের ভাষায় খাদ্যের অভ্যাস পরিবর্তন করতে পারেছেন না বলে আমাদের চালের এত দুর্মূল্য হয়েছে এবং চাল পাওয়া যাচ্ছেনা। তিনি অফিসারত, কাজেই জনসাধারণের কি অবস্থা সেটা জানেন না, জনসাধারণ আজকে যে মাছ, মাংস, দুধ, ডিম, এর কোনটাই শতকরা ৮০ জন লোক খেতে পায় নায় না সে সম্বন্ধে তার কোন ধারণা নেই। আমি গত দিন নন অফিসিয়াল রেজলিউশনে বলতে গিয়ে এইকথা বলেছিলাম এই সমস্ত অফিসারদের জোতদার এবং মিলমালিকদের সংগে ঘনিষ্ঠ যোগাযোগ আছে, সাধারণ লোক, গরীব চাষী কৃষকদের সংগে তাদের যোগাযোগ নেই। আমি এবারে শ্রমিকদের কথায় আসছি, শ্রমিকদের যে অবস্থা আজকে সৃষ্টি হয়েছে, কিছুদিন পূর্বে বাউড়িয়া মিল বন্ধ হয়ে গিয়েছিল, হুকুমচাঁদ মিল বন্ধ হয়ে গিয়েছিল এবং আরো মিল বন্ধ হয়ে যাচ্ছে এবং যা.ব, যদি আমরা শ্রমিকদের জন্য র‍্যাশান বাড়াতে না পারি তাহলে ঐ পাঁচ ঘন্টা লোহার সংগে তাদের পক্ষে সংগ্রাম করা সম্ভব নয়। তাঁরা যখন লোহার সংগে সংগ্রাম করে ঘর্মাক্ত কলেবরে ক্যান্টিনে খেতে বসেন তখন গিয়ে দেখেন যে চালটা আগে দেওয়া হতো সেই চালের অর্ধেক করে দেওয়া হচ্ছে, তাও মাঝে মাঝে একেবারে পাওয়া যাচ্ছে না। এই হচ্ছে শ্রমিকদের অবস্থা। এই অবস্থায় কারখানগুলি চালু থাকবে—এ

[5-20—5-30 p m.]

কি করে আশা করেন। এবং কারখানাগুলি চালু না থাকায় অবশ্য দেশের কি ক্ষতি হবে তা আমি জানি না, তবে মালিকদের যদি ক্ষতি হয় তাহলে জোর করে তারা কারখানা চালু করবে এবং আপনারা ডি. আই. আর, শ্রমিকদের উপর প্রয়োগ করবেন। কিন্তু তাতে করেও চালু রাখা যাবে না যদি আপনারা তাদের ক্যান্টিনে পুরো খাদ্য দেবার ব্যবস্থা না করেন, যদি শ্রমিকদের জন্য ১৬ আউন্স খাদ্যের ব্যবস্থা না করেন এবং কৃষকদের যদি মডিফায়েড রেসনিংয়ে যেটা আপনারা দিতে চাচ্ছেন তার চেয়ে বেশী দেবার ব্যবস্থা না করেন তাহলে দেশে অবশ্যম্ভাবী আন্দোলন আসবে কেউ তা ঠেকাতে পারবেন না। আপনারা বামপন্থীদের, ট্রেট ইউনিয়ন নেতাদের অথবা গণআন্দোলনের নেতাদের ধরে জেলে পুরে রাখতে পারেন—কিন্তু এতে ক্ষুধার জ্বালাকে বন্ধ করতে পারবেন না। ঐ যে রাজ্যপাল কল্যাণী ইউনিভারসিটির সমাবর্তন উৎসবে বলেছিলেন যে পৃথিবীতে নাকি দুটো পঞ্চম বাহিনী আছে—একটা ক্ষুধা এবং আর একটা ক্ষুধা নিয়ে দুর্ভাবনা এবং কৃষিতে ভারসাম্য হারালে বিপ্লব অনিবার্য এটা তিনি স্মরণ করিয়ে দিয়েছিলেন—আমিও স্মরণ করিয়ে দিচ্ছি। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। কর্ডন আপনারা যেটা করলেন সেখানে বাজারে পর্যাপ্ত পরিমাণে চাল না দেন অথবা যদি মডিফায়েড রেশনিংয়ে পর্যাপ্ত পরিমাণে রেশন না দেন তাহলে চোরাকারবার অবশ্যম্ভাবীভাবে হবে। কলিকাতা সহরে যদি ১২শত গ্রাম রেখে দেন তাহলে আপনারা চোরাকারবার বন্ধ করতে পারবেন না এবং চোরাকারবার এখনও চলছে তা সবাই জানেন। এই ব্যবস্থা থেকে যদি আপনারা কোন পরিবর্তন আনতে চান, বার বার করে আপনারা যেটা বলেছেন যে আপনারা বিরোধী পক্ষের কোনরকম সহযোগিতা চান—সেই সহযোগিতার প্রাথমিক ধাপ হিসাবে আমি বলবো যে আমাদের বেঞ্চের বিশেষ করে যাদের জেলে রেখে দিয়েছেন, বিরোধী দলের নেতাকে আটক করে রেখে দিয়েছেন, যিনি ১০ বছর ধরে এই নীতির কথা বলেছেন স্টেট ট্রেডিংয়ের কথা বলেছেন যার বিরুদ্ধে আপনারা পুলিশকে পর্যন্ত লেলিয়ে দিয়ে রেখেছেন অথচ সেই জিনিস করতে পারেন নি, আমি বলবো তাদের ছেড়ে দিন। এবং এই যে নীতির কথা আমরা বলেছি তা পরিবর্তন করে চালাবার চেষ্টা করুন।

Shri Balai Lal Das Mahapatra: মাননীয় সভাপাল মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী সরকারের যে বৈপ্লবিক খাদ্যনীতি ঘোষণা করেছেন, এতে বাংলা দেশের কি বিপ্লব আসবে তা জানি না, তবে একটা জিনিস বলা যেতে পারে যে বাংলা দেশের ৩৪ হাজার গ্রামে চোরাকারবারীদের যে স্বর্গ রাজ্য প্রতিষ্ঠিত হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আগামী এপ্রিল মাস হতে দেখা যাবে, মাননীয় সভাপাল, সরকারের এই খাদ্যনীতি ঘোষণার সংগে সংগে সারা পশ্চিম বাংলায় একটা সংশয় এবং অস্বস্তিকর অবস্থার সৃষ্টি হয়েছে এবং লোকের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। প্রত্যেক জায়গায় যান, গ্রামের যে কোন অঞ্চলে যান দেখবেন সেখানে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে। এই সরকারের খাদ্যনীতির মূল কথা হচ্ছে কি—তাঁরা বলেছেন যে ধান্য সংগ্রহ করবেন লেভির দ্বারা এবং বন্টন ব্যবস্থা করবেন। কিন্তু এই ধান্য সংগ্রহের ব্যবস্থাটাকে এমন একটা অবস্থার মাঝখানে তাঁরা নিয়ে যাচ্ছেন যেটা এমনই ত্রুটিপূর্ণ এবং উৎপীড়নমূলক যে কোন লোক সেটা সমর্থন করতে পারছে না। যদিও প্রজাসোসালিস্ট পার্টি সম্বন্ধে কেউ কেউ অভিযোগ করছেন, কোন কোন মন্ত্রী এবং কংগ্রেস নেতা এই কথা বলছেন যে প্রজাসোসালিস্ট পার্টি খাদ্যনীতির বিরুদ্ধাচরণ করে দেশদ্রোহিতার কাজ করছে এবং চোরাকারবারী এবং মজুতদারদের সমর্থন করছেন। আমি এর জবাব বেশী দেবো না—কিন্তু একটা প্রবাদ বাক্য আছে বলবো—"পাগলে কি না বলে ছাগলে কি না খায়।" এ ছাড়া আর কিছু বলার প্রয়োজন নেই। আমাদের বক্তব্যটা কি সেটা যদি তাঁরা অনুধাবন করতেন তাহলে এই অভিযোগ তাঁরা আমাদের বিরুদ্ধে আনতে পারতেন না। আমি কেবল

এইটুকুই বলতে চাই যে যেভাবে তাঁরা গ্রামে গ্রামে নোটিশ জারির ব্যবস্থা করেছেন লেভির জন্য তাতে গ্রামের মধ্যে যে আতঙ্কের সৃষ্টি হচ্ছে তাতে আমরা নিশ্চিন্ত থাকতে পারবো না। জমিতে কত ফলন হোল, চাষীর ঘরে প্রয়োজন কত এবং চাষীর খরচ কত তা দেখা হবে না। কিন্তু আদেশের দ্বারা, আইনের দ্বারা সমস্ত ধান কেড়ে নেওয়া হবে। এইভাবে যে প্রকিওরমেন্টের লুণ্ঠন সব জায়গায় চালিয়ে দেওয়া হবে এ কখনও আমরা বরদাস্ত করতে পারি না। লুণ্ঠন চলে তাহলে সমগ্র বাংলা দেশের মনোবল ভেঙ্গে যাবে এবং তার ফলে দেশের প্রতিরক্ষা ব্যবস্থা বিঘ্নিত হবে এবং ভেঙ্গে পড়বে। এইজন্য আমরা এই তীব্র প্রতিবাদ করছি। আমরা খাদ্যের পাইকারী ব্যবসার পূর্ণ রাষ্ট্রয়াত্ত করবার জন্য এবং চোরাকারবারী ও মজুতদার নিশ্চিহ্ন করবার করবার জন্য বারবার দাবী করেছি। কিন্তু আজ কংগ্রেসীরা ঠিক বুঝতে পারছে না যে আমরা প্রতিবাদ করছি। আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করতে গিয়ে বিতাড়িত হয়েছি। মুখ্যমন্ত্রী এখানে যাই বলুন না কেন আমি বলবো তিনি অসত্য ভাষণ দিয়েছেন। আমরা গিয়েছিলাম বাংলা দেশের খাদ্য সমস্যা নিয়ে আলোচনা করতে—কিন্তু আমরা অপমানিত হয়েছি এটা সত্য কথা এবং সংগে সংগে আমরা জানিয়ে দিচ্ছি যে কাঁথিতে কংগ্রেস নেতৃবৃন্দ গিয়েছিলেন ১১ই ডিসেম্বর। সেখানে কাঁথিবাসী এই খাদ্যনীতির প্রতিবাদে পূর্ণ হরতাল পালন করে তার উপযুক্ত জবাব দিয়েছেন। এখানে আমি বলতে চাই অতুল্যবাবু এবং শ্যামাদাসবাবু প্রভৃতি একই উক্তি করেছেন যে এই হরতাল করে এবং খাদ্যনীতির প্রতিবাদ করে প্রজাসোসালিস্ট পার্টি দেশদ্রোহিতা করছে—। এরকম নির্লজ্জ উক্তি কোন দায়িত্বহীন ব্যক্তি ছাড়া আর কেউ করতে পারেন বলে আমার ধারণা নেই। শ্যামাদাসবাবু সেখানে বলেছেন আমরা নাকি আগুন নিয়ে খেলা করছি। কিন্তু আমরা বলছি তাঁরাই আগুন নিয়ে খেলা করছেন—সমগ্র বাংলা দেশের জনসাধারণের ক্ষুধাকে নিয়ে তাঁরা খেলা করছেন। কাজেই আজ যদি তাঁরা খাদ্যনীতির পরিবর্তন না করেন এবং জনসাধারণের সহযোগিতা নিয়ে কাজ না করেন এবং সুষ্ঠ বন্টন ব্যবস্থা না করেন তাহলে ক্ষুধার যে আগুন—ক্ষুধার দাবানল জ্বলে উঠবে তাকে দমাবার কোন শক্তি সরকারের থাকবে না।

Shri Abani Bhattacharyya: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের দেশের খাদ্য সঙ্কট থেকে আমরা পরিত্রাণ সবাই পেতে চাই এবং সে সম্বন্ধে যে কোন দ্বিমত কারও আছে তা মনে হয় না। সরকার যে নীতি গ্রহণ করেছেন এবং যা কার্যকরী করবার চেষ্টা করছেন সেই নীতির কতকগুলি ল্যাপসেস বা লুপহোলস আছে—তার যেগুলি আমাদের চোখে পড়ছে আমি তার দু' একটা কথা আপনার সামনে রাখতে চাচ্ছি। লেভি আপনারা করেছেন—কিন্তু লেভি করা হয়েছে একটা ফ্লাট রেটে। সমস্ত জমির উপর একই রেটে লেভি করা হয়েছে—বর্ধমান, হুগলী, হাওড়া, ২৪ পরগনা, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, সব জেলার জন্য জমির একই রেটে লেভি করা হয়েছে। আমরা জানি যে জমির প্রডাকটিভিটি সব এক নয়, ডিফারেন্ট ডিস্ট্রিক্টে জমির একটা প্রডাক্টিভিটি লেবেল আছে সেটা সরকার নিশ্চয় জানেন। এই ফ্লাট রেটে লেভি না করে ডিস্ট্রিক্ট ওয়াইজ একটা যদি ডিফারেন্ট প্রডাক্টিভিটির উপর ভিত্তি করে এই নীতিটা নেওয়া হোত তাহলে I think that would have been more realistic. এটা একটা আনরিয়েলেষ্টিক নীতি নেওয়া হয়েছে। এই ফ্লাট রেট ছাড়া আমরা লেভির সিলিং তুলতে বলছি—তার একটা যুক্তি আমাদের আছে এবং সেই যুক্তির কথা অনেকে বলে থাকবেন। কম জমির মালিক চাষী সে ফলন বেশী করতে পারবে না।

[5·30—5·40]

তার কারণ হল সে পুঁজি নিয়োগ করতে পারে না এবং সেটার একটা statistical bearing পাচ্ছি from Government of India Bulletin from Reserve Bank of India Bulletin, June, 1965 সেখানে একটা গড় হিসাব করা হয়েছে, যে জমির আয় ৫০০ টাকা, সারা ভারতে পুঁজি নিয়োগের যে হার তা 12·4 per cent যে জমির আয় five hundred rupees. সে তুলনায় সারা ভারতে গড় 12·4 কিন্তু সে তুলনায় পশ্চিম বাংলায়

11'5। আবার আয় যেখানে ৫০০ থেকে হাজার সেখানে ভারতের গড় আয় 25'1 এবং বাংলা দেশে 14'8 per cent এবং আয় যেখানে আড়াই হাজার সেখানে সারা ভারতবর্ষে 44'1 per cent এবং বাংলা দেশে 32'5 কম আয় হলে পুঁজি নিয়োগ করতে পারেন না। Productivity ও production capacity বাড়ে। This is one of the reasons. যার জন্য বলছি যে আপনারা ceiling বেশী রাখুন। আর একটা কারণ হচ্ছে এখন অনেক পরিবার আছে যে পরিবারের জনসংখ্যা হয়ত ২০ জন। ২ বিঘা জমি সিলিং রাখেন তাহলে ২০ জনের পক্ষে তা থেকে যথেষ্ট খাবার পায় না। সুতরাং একটা এরূপ ceiling রাখার পেছনে কি যুক্তি তা বুঝি না। আর একটি কথা রাখতে চাই এই হাউসের সামনে যে যে machinery-র মধ্য দিয়ে এই নীতি operate করতে চান—আপনি জানেন যে this is a corrupt machinery এই machinery-র প্রত্যেক স্তরে corruption আছে এবং সেই corruption-এর মধ্য দিয়ে এই নীতি সফল করা সম্ভব হবে কি না এটাই প্রশ্ন, সে corruption-কে দূর করে সেই corruption-এর বদলে কি নীতি নিচ্ছেন এসব জানা দরকার। আজকে food policy-কে সাকসেসফুল করতে হলে যেটা every stage beginning from Gramsava stage সেই গ্রামসভা থেকে B. D. O. এবং তার উপর যত স্তর আছে সেই প্রত্যেকটা স্তরে দুর্নীতি দূর করবার জন্য আজ নূতন legislation চাই। বাংলা দেশে যে খাদ্যনীতি নেওয়া হয়েছে তার একটা parallel আছে রাশিয়াতে। লেনিন যখন ছিলেন তখন সেখানে food procurement করা হয়েছিল। সেই food procurement-এর সময় it was found যে সমস্ত policy বানচাল হয়ে যাচ্ছে because of the procurement agents। তারা একটা ঢালাও আইন করলেন—Shoot them any corrupt officers—এবং are you prepared to do that? সেটা করান তবেই আপনারা সাকসেসফুল হবেন।

Dr. Golam Yazdani: মাননীয় চেয়ারম্যান, স্যার আজকে সরকার যে বৈপ্লবিক খাদ্যনীতি নিয়ে এসেছেন তাকে সফল করতে হবে। কিন্তু তারজন্য যা করা দরকার তা যদি করতেন তাহলে বুঝতে পারতাম যে সফল হতে পারে। আমি গ্রামাঞ্চলে দেখে এসেছি যে এই order-এর amendment যদি করা না হয় তাহলে এর সাফল্য আসবে না। সরকার যদি এইভাবে আইন করেন এবং এইসব অর্ডার দেন তাহলে চাষীদের মধ্যে আজকে যে আতঙ্কের সৃষ্টি হয়েছে তা দূর হবে না। আজকে চাষীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে এরমধ্যে দুই শ্রেণীর লোক আছে। ছোট চাষী। এবং বড় চাষী দু রকমের যারা ছোট চাষী তাদের মধ্যে হতাশা হল এই যে মাত্র এই কয়েক বিঘা জমি লেভি থেকে বাদ দেওয়া হয়েছে এবং যারা এই ছোট ছোট চাষী কি করে তারা তাদের পরিবারের ভরনপোষণ করবে এই হল তাদের কথা। আর যারা বড় চাষী যারা জোতদার তাদের উদ্বেগ হল এই যে যে ধানটা আজকে লেভিতে দিতে হবে সেই লেভির ধান যদি আর কখনও না দেওয়া হয় তহলে ঐ যখন দুর্দ্দশার দিন ঘনিয়ে আসবে তখন তারা বেশী দরে যেটা বিক্রী করত সেই বর্ধিত দর সেই মুনাফা থেকে বঞ্চিত হচ্ছে বলে তাদের মধ্যে হতাশা এসেছে, সুতরাং হতাশা দু'রকমের। তাই আমরা এটা মনে করি যে আজকে যে মাত্র ৬ বিঘা জমি লেভি থেকে বাদ দেওয়া হয়েছে এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। আমরা দাবী করছি অন্তত: ৭ বিঘা পর্য্যন্ত লেভির অর্ডার মঞ্জুর করা হোক তার কারণ হল এই যে গ্রামাঞ্চলে যে ৭ একর জমির মালিক সে কখনই ধান মজুত রাখতে পারে না। এবং পরিবারের ভরনপোষণের জন্য তাকেও ঐ ধান খরচ করতে হয়। এমন কি সেইসব ধান বিক্রী না করলে হয় না ঐ ধান বিক্রী করলে জীবনধারণের জন্য অন্য অন্য যে সমস্ত জিনিসের দরকার হয় তা তাকে করতে হয় কাজেই এটা খুব ভালভাবে সরকারকে দেখতে হবে। তারপর আমরা দেখতে পাচ্ছি যে আজ মফঃস্বলে এই সরকারের নীতি সম্বন্ধে অনেক রকম বিভ্রান্তি সৃষ্টি হয়েছে এবং এটা বিশেষ ক'রে দেখা যাচ্ছে এরমধ্যে একটা ভীষণ ধরণের খাদ্যনীতি রয়েছে সেটা হল এই যে আজকে যারা বড় বড় জোতদার তারা লেভীর ধান দিয়ে দিচ্ছেনা কিন্তু দিয়ে দিচ্ছে কিভাবে, সেটা দেখতে হবে, তারা নিজেদের ধান দিচ্ছেন না।

আমরা দেখতে পাচ্ছি যে অন্য জায়গা থেকে অন্য গ্রাম থেকে এবং অন্যান্য ক্যাডারদের কাছ থেকে কিনে এনে তারা ঐ তাদের দেয় ধান পূরণ করেছে। তারা গরীব লোকেদের কাছ থেকে ধান নিয়ে দিয়ে দিচ্ছে এবং নিজেদের নামে রসিদ লিখে নিচ্ছে। এইভাবে এখানে একটা বিরাট ফাঁক রয়েছে এখানে ধান দেবার যে কথা হয়েছে সেই জায়গায় উৎপাদিত ধান না দিয়ে যে কোন ধান এই কথাই বলা হয়েছে। যে কোন ধান তার নিজের জমিতে উৎপন্ন ধান নয় সুতরাং আজকে এই যে বড় একটা ফাঁক রয়েছে এর ফলে এই ধরনের কাজ চলছে—এবং এতে নীতি সফল করা সম্ভব হবে না। ২ একর পর্যন্ত মাপ যেটা সেটা ৭ একর পর্যন্ত নির্দিষ্ট করতে হবে। আমরা দেখেছি যে সরকারের যা রেট সে রেট সরকার তা পরিবর্তন করেছেন এবং এটা যদি ভালভাবে পরিবর্তন করেন তাহলে গরীব চাষী সরকারের প্রতি কৃতজ্ঞ থাকবে, তাদের বাহবা দেবে এই ভেবে আজকে এই ধরনের একটা রাজনৈতিক খেলা চলেছে এবং গ্রামের সাধারণ মানুষ আজকে রাজনৈতিক খেলা বুঝতে পেরেছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে জোতদারদের মধ্যে কেউ ক্ষতিগ্রস্থ হচ্ছেন না। এখন হয়ত বিভ্রান্ত হচ্ছেন কি কি হচ্ছে সেটা বুঝতে পারছেন না কিন্তু তারা এটা জানবেন এবং আগামী কয়েক মাস পর খাদ্যের ব্যবহারে তারা মুনাফার পাহাড় গড়ে রাখবেন তাদের উপর নির্ভরশীল যে গ্রামের মানুষ তাদের কাছে বর্ধিত দরে তারা বেচাকেনা করতে থাকবে এবং যেহেতু এটা marketable surplus নয় এবং বা আইন নেই সে হতু পাইকারী ব্যবসা চলছে না এবং সমস্ত জোতদার or traders এবং hoarders এর চুরকমেরই ভূমিকা পালন করবে। এর ফলে চাষীরা দর পাচ্ছে এবং আজকে বিহার এবং উদাহরণ স্বরূপ বলছি যে মালদহের borderএ ১৯।২০ টাকা মণ ধান বিক্রী হচ্ছে অথচ এখানে হচ্ছে ১৩, ১৪, ১৫, ১৬ টাকা। সুতরাং smuggling হয়ে যাচ্ছে। আমি এখানে একটা smuggling এর বিষয়ের কথা বলতে পারি। আজকে যদি দর না বাড়ান—যেটা আমরা দাবী করেছি যে ১৮, ১৯, ২০ করুন কিন্তু তা না করে এটা কি করছেন সেটা ভেবে দেখা দরকার, আজকে যেখানে statutory rationing সেই statutory rationingএ আপনারা ৭৫ পয়সা কেজিতে চাল দিচ্ছেন আর এখানে আপনারা বলছেন বৈপ্লবিক নীতির কথা। আপনারা কোনই বৈপ্লবিক নীতির সৃষ্টি করছেন না, আপনারা বৈপ্লবিক নীতি নিন যাতে মধ্যবিত্ত মানুষ, সাধারণ মানুষ তারা ৭৫ পয়সায় কেজিতে যাতে তারা চাল পান এবং যারা বড়লোক যাদের বেশী আর তাদের যেন আপনারা ১.৫০ পয়সা করে চাল দেবার ব্যবস্থা করেন কারণ তা হলে এটা পুষিয়ে যাবে। আপনারা যদি চাষীদের বেশী দর না দেন তা হলে এ সমস্যার সমাধান হবেনা। এরূপ কেন করছেন না এমন একটা বৈপ্লবিক নীতি করুণ এবং এ ধরনের নীতি কলকাতায় হওয়া দরকার। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটা নজীর place করব। আমাদের মালদহ জেলায় আমাদের খাদ্যমন্ত্রী ওখানে একটা order pass করেছেন সে order হল যে মালদহ জেলা থেকে ৯ লক্ষ ৬০ হাজার কুইন্টল ধান procure করতে হবে। এই যে হিসাব এ হিসাব একটা ভুল তথ্যের উপর করেছেন। আমি এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি challenge করছি যে এই তথ্য ভুল। এই তথ্যের উপর তারা মালদহ জেলায় যে ৯ লক্ষ ৬০ হাজার কুইন্টাল ধান চাইছেন কিন্তু মালদহ একটা deficit এলাকা সেখানে marketable surplus যেটা ১০ থেকে ১১ ভাগ কিন্তু তারা সেটা ভুল করে এই marketable surplusটা ৩২ ভাগ দেখিয়েছেন, সেখানে যদি লেভি করতে হয় তা হলে সেখানে মাত্র ৩ লক্ষ ১৫ হাজার কুইন্টাল ধান procure হতে পারে। সুতরাং যে তথ্য দেওয়া হয়েছে সেটা ভুল। এর ফলে কি সৃষ্টি হয়েছে না সেখানে এক ত্রাসের সৃষ্টি হয়েছে। মালদহ জেলায় আপনারা বেশী করে procure করতে চাইছেন এবং তারজন্য ঐ অঞ্চলে যেসমস্ত জায়গা সেখানে তহশীলদারদের দিয়ে জমি survey করান হচ্ছে এইভাবে survey করার ফলে তারা সমস্ত অঞ্চলকে ধরে এইভাবে তারা করেছেন। সেখানে আমবাগান, বাঁশবাগান ইত্যাদি সমস্ত কিছু ধান জমি বলে দেখান হয়েছে এবং সেইভাবেই record করা হয়েছে। আমি উদাহরণ

স্মরণ বলছি যে আফজল হোসেন সাহেবের বাড়ী যার J. L. No. 49 খতিয়ান নং 167 তার জমির পরিমাণ ৩ একর ৮ শতক সেই জমিতে কোনদিন ধান হয় না অথচ সেটাকে ধেনো জমি বলে তহশীলদাররা রেকর্ড করেছেন। এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে আমবাগান, বাঁশবাগান ইত্যাদি অনেক জায়গা ধানের জমি বলে রেকর্ড করা হয়েছে তার কারণ এই যে মালদহ জেলা থেকে এত বেশী ধান procurement করবার যে programme নিয়েছেন এটা ভুল তথ্যের উপর নিয়েছেন এটা ঠিক নয়। তাই আমি মনে করি যে মালদহ জেলায় procurement করবার যে পদ্ধতি নিয়েছেন সেটা ভুল এটার সংশোধন করুন। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে মালদহ deficit district অথচ সেইখানে এভাবে কর্ডন করা হচ্ছে।

[5-40—5-50 p. m.]

মিঃ চেয়ারম্যান স্যার, আর একটি জিনিষ আছে যে মালদহ জেলা deficit এলাকা, সেখানে কর্ডনিং করে দিয়েছেন—ঐ হরিশ্চন্দ্রপুরে একটি কর্ডনিং, আর গাজোল, বামনগোলা ও মালদহ একটি কর্ডনিং, আর কালিয়াচক, মানিকচক ও ইংলিসবাজারকে তার বাইরে রাখা হয়েছে। ঐ সমস্ত এলাকার কালিয়াচক, মানিকচক ও ইংলিসবাজার থেকে ধানচাল আসতে পারছেনা। যার ফলে সেখানে মালদহ টাউনে চালের দর দেড় টাকা দু টাকা বিক্রী হচ্ছে।

আর একটি জিনিষ মালদহ সহরে যেখানে modified rationing, সহরের লোককে হাতে রাখতে হবে বলে তাদের per card ৫ কেজি করে বেশী extra চাল দেওয়া হয়, কিন্তু ঐ কর্ডনিং হবার ফলে সেখানে কোন চাল আসছে না, এজন্য এখন স্কুলের ছাত্ররা voluntary service দিচ্ছেন, তারা দুশো ছাত্র বামনগোলা থেকে, ঐ surplus area থেকে চাল এনে এনে ক্ষুধার্ত মালদহের মানুষকে বাঁচিয়ে রাখছেন, আজ তিনদিন হলো ম্যাজিস্ট্রেট সেটা বন্ধ করে দিয়েছেন। তারা দু কেজি চাল সকালবেলা ও দু কেজি চাল বিকেলবেলা এই রকম করে প্রায় ১০ মণ চাল ছাত্ররা ঐ কর্ডনিং এরিয়া থেকে deficit এলাকায় নিয়ে আসছে এই রকমভাবে কর্ডনিং থাকার ফলে ওখানে একটা বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে।

আর একটি কথা আমি বলছি পাশের পঃ দিনাজপুর জেলা হলো surplus জেলা, সেখানে মিলমালিকদের সঙ্গে সরকারী কর্তাদের পড়তায় পড়েনা বলে পশ্চিম দিনাজপুর থেকে মিলিং-এর জন্য, চাল করার জন্য ধান টালিগঞ্জে নিয়ে আসছেন। মালদহে দুটো রাইসমিল তাঁরা সমস্ত ধান চাল করতে রাজী আছেন; অথচ তাদের কোন চাল করতে দেওয়া হচ্ছেনা। মালদহের বুকের উপর দিয়ে ধান চলে আসছে কলকাতায় অথচ মালদহের মিলগুলিতে চাল করা হচ্ছেনা।

Shri Prafulla Chandra Sen : মাননীয় সভাপতি মহাশয়, আমার কয়েকজন বিরোধী মাননীয় সদস্য বলেছেন যে ১২ মণ করে মাথাপিছু কৃষককে খাবার জন্য দিতে হবে। আমি তাঁদের কথা শুনে অঙ্ক কষতে আরম্ভ করলাম। সত্যি ১২ মণ করে যদি মাথাপিছু দিতে হয় বীজটীজ ইত্যাদি বাদ দিয়ে তাহলে অবস্থা কী দাঁড়ায়। আউশ ধানে ৪৯ লক্ষ টন, বীজ বাদ দিলে ৪৪ লক্ষ টন দাঁড়ায়। হিসাব করলাম আমাদের ৩৫ লক্ষ কৃষক পরিবার আছে। যদি পরিবার পিছু ৫ জন লোক ধরা যায় তাহলে ১ কোটি ৭৫ লক্ষ লোক হয়। আর মাননীয় সদস্যদের কথামত যদি ১২ মণ করে মাথাপিছু দেই, একজনকে দেব, আর একজনকে দেব না তা তো হতে পারে না, তাহলে ৭৭ লক্ষ টন ধান লাগে। আমাদের ৪৪ লক্ষ টন চালের হিসেব, ৪৪এর দেড়া করলে ৬৬ লক্ষ টন ধান হয়। সেখানে ৭৭ লক্ষ টন ধান যদি শুধু কৃষক পরিবারকে দেই, তাহলে ঐখানে ১১ লক্ষ টন ধান ঘাটতি হবে। বোধ হয় এটা তাঁরা মনে করেন নাই, তাঁরা তা বলতে পারেন না, তাঁরা নিশ্চয়ই ন্যায্য বলেছেন। তাহলে ন্যায্যটা দেখা যাক্। যারা উপর দিকে আছে, তাদের কথা ভেবে বলছেন, নীচের দিকের কথা ভাবছেন না। উপরদিকে

যারা আছে উদ্বৃত্ত কৃষক বা স্বয়ংসম্পূর্ণ কৃষক পরিবার মোটামুটি পশ্চিমবাংলায় উদ্বৃত্ত এবং স্বয়ংসম্পূর্ণ কৃষক পরিবারের সংখ্যা ১০ লক্ষ থেকে ১২ লক্ষ পরিবার, আমি কম করে ধরি ১০ লক্ষ পরিবার। এই ১০ লক্ষ পরিবারে ৫০ লক্ষ লোক। ওঁরা বলেছেন মাথাপিছু ১২ মণ করে দিতে হবে হিসেব করে দেখলাম, তাহলে ধানে আমাদের লাগছে ২২ লক্ষ টনের কিছু বেশী। অর্থাৎ চালের হিসেবে মাননীয় সভাপতি মহাশয় আপনি জানেন ১৪ লক্ষ টন। আমাদের একটা হিসাব আছে একটা দেশে যত খাদ্য জন্মায়, উৎপন্ন হয়, তার marketable surplus কত? বাজারে কত আসে? সব চেয়ে বেশী যেটা বাজারে আসে বলা হয় তার পরিমাণ শতকরা ৩০ ভাগ অবশ্যি আমাদের দেশে কয়েকটা সমীক্ষা করা হয়েছিল এবং তার ফলে দেখা গেছে যে marketable surplusএর পরিমাণ কমে যাচ্ছে, ৩০ থেকে ২৫এ নেমেছে, ২২শে নেমেছে আর এখন শুনছি ১৮। আচ্ছা তর্কের খাতিরে ধরে নেওয়া যাক যে marketable surplus ৩০ তাহলে যদি ৪৪ লক্ষ টন চাল থাকে তার শতকরা ৩০ ভাগ কত না ১৪ লক্ষ টন। তাহলে মাননীয় বন্ধুদের হিসেব মতন আর কারো জন্য কিছু থাকে না। হয়ত তাঁরা অতটা তলিয়ে দেখেন নি—হিসেব করে যদি দেখতেন তাহলে তাঁদের কথায় তাঁদের যুক্তির যে কি অসঙ্গতি তা তাঁরা বুঝতে পারতেন। এখন একটা সবচেয়ে বড় কথা হচ্ছে এই যে আমরা এবার এই নীতি গ্রহণ করছি কেন। বর্তমানে আমাদের শুধু পশ্চিম বাংলা নয় ভারতবর্ষের খাদ্যের উৎপাদনের শস্যের উৎপাদনের পরিপেক্ষিতে আমরা এই নীতি গ্রহণ করতে বাধ্য হচ্ছি।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি বোধহয় দেখেছেন যে এবারে দিল্লীতে গিয়েছিলাম, আমাদের প্রধান মন্ত্রী এবং কেন্দ্রীয় কৃষি এবং খাদ্যমন্ত্রীর সঙ্গে অনেক আমি আলোচনা করেছিলাম। তারা বললেন যে যতই আমরা চেষ্টা করি এক লক্ষ টনের বেশী চাল তোমাদের দিতে পারব না। এবছর আমাদের উৎপাদন হয়েছিল ৫৭ লক্ষ টন চালের হিসাবে বলছি আর কেন্দ্র দেবেন বলেছিলেন তিন লক্ষ টন। গতবার যখন আমি বলেছিলাম তখন কম পেয়েছিলাম আমরা ২ লক্ষ ৮ হাজার টনের মত পেয়েছিলাম তিন লক্ষ টনের মধ্যে। বর্তমানে আমাদের কথা এই যে ২ লক্ষ ৮৭ হাজার টন আমরা পেয়েছি ৩ লক্ষ টনের মধ্যে আর ৫৭ লক্ষ টন আমাদের হয়েছিল তা থেকে যদি ক্ষয়ক্ষতি, বীজের জন্য বাদ দিই তাহলে পরে আমরা পাব এই ৫১ লক্ষ টন কি ৫২ লক্ষ টন বেশী করেই ধরা গেল—৫২র সঙ্গে প্রায় তিন যোগ করুন ৫৫—এবং আমরা এ পর্যন্ত ৭ লক্ষ টনের উপর গম পেয়েছি—৫৫ আর ৭ তাতে ৬২ হয়। আমাদের এই কলকাতা আর শিল্পাঞ্চল যেখানে প্রায় ৭২ লক্ষ লোক—আমরা বিধিবদ্ধ রেশনিং দিচ্ছি, তাদের জন্য আমরা এ পর্যন্ত যা খরচ করেছি আমি বলতে পারি আমরা চাল দিয়েছি ৩ লক্ষ ৯১ হাজার ৯৩৭ টন, আর এদের জন্য আমরা গম দিয়েছি ৩ লক্ষ ৬৮ হাজার ২৩৩ টন। গম আমাদের কাছ থেকে কম নিয়েছে কেন, মাননীয় সভাপতি মহাশয় আপনি বোধহয় জানেন যে আমরা ইদানিং পাউরুটী আর কুপনের বিনিময়েও দিচ্ছি না। পাউরুটী নিয়ন্ত্রণমুক্ত করে দিয়েছি। বাজারে পাউরুটী লোকে পাচ্ছে, সেইজন্য আবার দোকান থেকে বিধিবদ্ধ রেশন অঞ্চলেও গম কম নিচ্ছে। আমরা অবশ্যি মোট গম পেয়েছি কেন্দ্রের কাছ থেকে ৬ লক্ষ ৭২ হাজার টন—আরও ৭ হাজার টন আমরা পাব। তাহলে ৭ লক্ষ ৩৬ হাজার টন। তার মধ্যে কলকাতা এবং শিল্পাঞ্চলে আমরা খরচ করেছি ৩ লক্ষ ৬৮ হাজার টন, আর এর উপরে আরেকটু যোগ করতে হবে পাউরুটীর জন্য যেটা দেওয়া হয়েছে তার পরিমাণ ২৪ হাজার টন হবে। তাহলে ৩ লক্ষ ৬৮ হাজার আর ২৪ হাজার প্রায় ৪ লক্ষই ধরুণ। তাহলে তিন লক্ষ টন গম এবং গমজাত দ্রব্য আমরা গ্রামাঞ্চলে দিয়েছি। আমরা অর্দ্ধেকটা নিয়ে নিচ্ছি ধানকল থেকে চালকল থেকে—এ পর্য্যন্ত আমরা পেয়েছি তিন লক্ষ ৩২ হাজার টন আর গ্রামাঞ্চলেও আমরা চাল দিয়েছি, সেই চালের পরিমাণ হচ্ছে প্রায় ২॥০ লক্ষ টন। তাহলে গ্রামে আমরা তিন লক্ষ টন গম দিয়েছি এবং ২॥০ লক্ষ টন চাল দিয়েছি। মোট ৫॥০ লক্ষ টন দিয়েছি।

[5-50—6 p.m.]

আর কলকাতা শিল্পাঞ্চলে আমি এইমাত্র বললাম যে ৩ লক্ষ ৯১ হাজার টন চাল দিয়েছি আর ৩ লক্ষ ৬৮ হাজার টন গমজাত দ্রব্য দিয়েছি এবং পাউরুটির জন্য ২৪ হাজার টন দিয়েছি। কিছু পাউরুটি অন্যান্য জায়গায় যায়, আমরা চলাচলে বাধা দিচ্ছিনা, এখান থেকে পাউরুটি নবদ্বীপে যেতে পারে, তবে বেশী পরিমাণে যায় বলে মনে হয়না। তাহলে আমি যেটা বলছিলাম যে গত বছরে আমাদের ৫৭ লক্ষ টন চাল হয়েছে, আমরা কেন্দ্র থেকে প্রায় ৩ লক্ষ টন চাল পেয়েছি এবং ৭ লক্ষ টনের কিছু বেশী গম পেয়েছি, তা সত্ত্বেও আমাদের এই বিধিবদ্ধ রেশনিং এলাকা বাদে সরকারী নিযুক্ত দোকান থেকে আমরা প্রায় ৩ লক্ষ টন গম আর ২৷৷০ লক্ষ টন চাল সংশোধিত রেশন হিসাবে দিয়েছি। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে তবুও আমরা মূল্য সমতা রক্ষা করতে পারিনি। (শ্রীনিখিল দাস: কারণ সব চোরাকারবারে চলে গিয়েছে।) আমার কাছে আজকে সকালবেলায় কমিশনার অব পুলিশ এসেছিলেন, তিনি ঠাট্টা করে বলেছিলেন যে আমিও আপনার একজন প্রোকিয়োরমেণ্ট এজেণ্ট হয়ে গিয়েছি। আমি বললাম, কি রকম? মাননীয় সদস্যরা যে চোরাকারবারীদের কথা বললেন তিনি কলকাতায় তাদের কাছ থেকে ৯০০ টন চাল ধরেছে। আমি কমিশনার অব পুলিশের কথা বলছি, আমি ইন্সপেক্টার জেনারেল অব পুলিশের হিসাব দিচ্ছিনা, তিনি শুধু কলকাতাতেই ৯০০ টন চাল ধরেছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে আমরা ধানকলকে ছাড়িনি, বড় চোরাকারবারীকে ছাড়িনি, লক্ষপতি, কোটিপতিকে ছাড়িনি বা মাঝারি রকমের চোরাকারবারকেও ছাড়িনি।

(হট্টগোল)

মাননীয় সভাপতি মহাশয়, ওদের গায়ে বড্ড লাগছে। আমরা সবই নিয়ে নিলাম, ওরা করবে কি? ওঁদের আর কিছু বলবার বা করবার নেই। ওঁরা এখন বলছেন যে, মশায়, ধানকলগুলি নিয়ে নেন না কেন? আমার মনে মনে ছিল যে ধানকলগুলি নিয়ে নেবো। কিন্তু দেখা গেল যে সেগুলি নিয়ে চালাবার ক্ষমতা আমাদের নেই। মাননীয় সদস্যরা যদি পারেন তাহালে তাঁরা এটা করতে পারেন। একজন মাননীয় সদস্য বললেন যে প্রাইভেট হাসকিং মিল আমরা নিয়ে নিচ্ছিনা কেন? এদের কিছু ভাল করে জানবার প্রয়োজন নেই। প্রাইভেট হাসকিং মিল কাকে বলে, হলার কি, তার কাজ কি তা তাঁরা জানেন না। বাইরে থেকে কেউ ধান সিদ্ধ করবে, শুকনো করবে, তারপরে সেই সিদ্ধ শুকনো ধান মাথায় করে হোক, গরুর গাড়ী করেই হোক, আর ট্রাকে করেই হোক তা হলারে নিয়ে যাবে, নিয়ে গিয়ে ভাঙ্গাবে। আমাদের পশ্চিমবঙ্গে আমি আগেই বলেছি, মাননীয় সভাপতি মহাশয়, আপনি হয়ত শুনেছেন যে ১২।১৩ হাজার হলার আছে, সেই ১২।১৩ হাজার হলার আমার পক্ষে বা সরকারের পক্ষে চালান সম্ভব নয়। তবে সমবায় সমিতি যদি হতো তাহালে নিশ্চয়ই তাদের হাতে আমরা দিতে পারতাম। মাননীয় সদস্যরা যদি সমবায় সমিতি করেন তাহলে খুব ভাল কথা কিন্তু সেদিকে তাঁদের নজর নেই। একজন মাননীয় সদস্য এখানে খুব পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা দিলেন। তিনি জাপানের কথা বলতে পারেন কিন্তু আমরাও আর রাতারাতি জাপানের মত হতে পারবোনা। জাপানে তাঁর মত এই রকম বক্তা নেই। (শ্রীকাশীকান্ত মৈত্র জাপানে আপনার মত মুখ্যমন্ত্রীও নেই।) জাপানে আমার মত মুখ্যমন্ত্রী নেই সত্য কিন্তু মাননীয় সদস্যর মত বক্তাও নেই। কারণ তিনি পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা দিয়েছেন যে জাপানে ৩২ টাকা চালের দর। (শ্রীকাশীকান্ত মৈত্র:—আপনি শোনেননি, আমি বলেছি ৩২ টাকা ধানের দর।) জাপানে একজন লোকের মাথাপিছু আয় আমাদের দেশের টাকায় আড়াই হাজার টাকা, আর সে জায়গায় ভারতবর্ষে ৩৩৪ টাকা। ভারতবর্ষের এক একজন লোকের মাথাপিছু আয় ৩৩৪ টাকা আর জাপানে মাথাপিছু ২৷৷০ হাজার টাকা।

(হট্টগোল)

মাননীয় সভাপতি মহাশয়, এঁরা যুক্তিপূর্ণ কথা সহ্য করতে পারেন না, এঁদের গায়ে লাগে। আমাদের এখানে আর জাপানের সংগে আকাশ পাতাল তফাৎ। আমি জাপানের কথা কেন অনেক দেশের কথা বলতে পারি। একজন মাননীয় সদস্য বললেন আমরা এখানে খাদ্য উৎপাদন করতে পারছি না, কিছু করতে পারছি না, আমাদের কেন্দ্রীয় কৃষি ও খাদ্যমন্ত্রী ভিক্ষার ঝুলি হাতে নিয়ে আমেরিকা গিয়েছেন। আমি একথা বলতে পারি যে ইউ, এস, এস, আর-এর এক এক বর্গমাইলে যেখানে ১২৮ জন লোকের বাস ভারতবর্ষে সেখানে ৩১২ জন লোকের বাস এবং পশ্চিমবংগে সেখানে ১ হাজার ৩২ জন লোকের বাস। যে দেশে প্রতি বর্গমাইলে ১২৮ জন লোকের বাস তারাও ভিক্ষার ঝুলি হাতে নিয়ে এক কোটি টন গম কিনেছে ক্যানাডার কাছ থেকে। আমাদের খাদ্য এবং কৃষিমন্ত্রী তিনি শুধু ভিক্ষার ঝুলি হাতে নিয়ে আমেরিকাই যাননি, তিনি ভিক্ষার একটা বটুয়া নিয়ে অস্ট্রেলিয়াতে গিয়েছিলেন এবং তিনি ভেবেছিলেন যে কিছু গম সেখান থেকে তিনি নিয়ে আসবেন। কিন্তু মাননীয় সভাপতি মহাশয়, অস্ট্রেলিয়াতে এমন নিদারুণ অনাবৃষ্টি হয়েছে যে সেখান থেকে আর গম পাবার কোন আশা নেই। আমাদের এখানে চীনের প্রভাব সম্পন্ন লোক আছেন, যে চীনে প্রতি বর্গমাইলে ১৩৫ জন লোক বাস করে সেই চীন এখনও খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়নি, লিপ ফরোয়ার্ড করেও তা করতে পারেনি। রাশিয়া শিল্পে অনেক উন্নতি করেছে, বৈজ্ঞানিক পদ্ধতিতে অনেক জিনিষ উন্নত করেছে এটা কেউ অস্বীকার করতে পারবে না, কিন্তু তারাও খাদ্য সমস্যার সমাধান করতে পারেনি। আজকে সত্যই দুঃখের কথা যে আমাদেরও খাদ্য সমস্যার সমাধান হয়নি। আমরা বারবার বলেছি যে আমাদের এখানে ৪০ লক্ষ উদ্বাস্তু এসেছে, আমাদের এখানে মৃত্যুর হার কমেছে কিন্তু আমাদের এখানে জন্মের হার বেশী কমাতে পারিনি। আমাদের এখানে বাইরে থেকে, সেদিন আমি বলেছিলাম ৫৬ লক্ষ লোক, আজ বলছি ৬০ লক্ষ লোক ইট কাটতে বা অন্যান্য কাজ করতে এসেছে। একজন মাননীয় সদস্য বললেন আমি নাকি তাঁদের বাবু বলে অপমান করেছি। মাননীয় সভাপতি মহাশয়, আমরা কি বাবু নই? ক্যালকাটা কর্পোরেশনে আপনি জানেন ৩৪ হাজার লোক কাজ করেন, তার মধ্যে ৩০ হাজার লোক এসেছে অন্য প্রদেশ থেকে। তাহলে আমরাত সকলেই বাংগালী বাবু কেননা আমরা দৈহিক কোন কাজ করবো না অথচ ১২ মণ করে পেট ভরে খাবো যে পরিপ্রেক্ষিতে আমাদের এই খাদ্য ঘাটতি হয়েছে তাতে দরকার হলে আমাদের কাঁচকলাও খেতে হবে বই কি।

(তুমুল হর্ষধ্বনি)

এটা হাসির কথা নয়, ঠাট্টার কথা নয়, এটা ওঁদের অজ্ঞতার কথা মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে পৃথিবীতে এমন অনেক দেশ আছে যেমন ধরুন জার্মানী, আয়ারল্যাণ্ড যাদের মোটা অংশের প্রধান খাদ্য হচ্ছে আলু। আমরা যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে খেতে চাই, আমরা যদি কার্বোহাইড্রেড আলু থেকে নিতে পারি তাহলে নেবোনা কেন? যেখানে পশ্চিমবংগে ২ লক্ষ টন আলু হতো, গতবার সেখানে ৭ লক্ষ ৬০ হাজার টন আলু হয়েছে, এবারে সেখানে ৯ লক্ষ টন হবে। দরকার হলে আলুরও র‍্যাশান করবো যদি আমরা আলু খাই। যেসব দেশ আমাদের চেয়ে ঢের বেশী বিজ্ঞান এবং টেকনলজিতে উন্নত সেই সমস্ত দেশও আজ পর্যন্ত খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়নি। কাজেকাজেই আমাদের দেশের পক্ষে এটা মোটেই লজ্জার ব্যাপার নয়। অনেকে অনেক খুচরা কথা বলেছেন যে, মশায়, এক একর পর্যন্ত ধরলেন কিন্তু তার যদি দু ছটাক কম হয় তাহলে কি হবে? আমি জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দিয়েছি যে তুমি যদি মনে কর যে কারো ৯ বিঘা জমি থাকলেও তার খোরাকি চলবে না তাহলে তাকে র‍্যাশান দেওয়া হবে। এমনও হতে পারে যে তার ২০ বিঘা জমি আছে কিন্তু তার ধান পোকায় খেয়ে ফেলেছে, সেই রকম বহু চিঠি আমার কাছে এসেছে, আমি সমস্ত দরখাস্তগুলি জেলা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠিয়ে

দিয়েছি, যদি সত্যই ধান পোকায় খেয়ে থাকে তাহলে তার কাছ থেকে লেভি নেবোনা। লেভি সম্বন্ধে আমাদের এখানে নানা রকমের কথা উঠেছে, আমি আগে এখানে বিশদভাবে বলেছি। লেভিটা কিসের উপর কি তথ্যের উপর করা হয়েছে সে সম্বন্ধে জানতে চাওয়া হয়েছে।

[6—6-13 p.m.]

যেমন ইনসিওরেন্সে লোকে প্রিমিয়াম দেয়। আমাদের ভারতবর্ষ এবারে ১৯৬৬ সালে দারুন খাদ্য সংকটের মধ্য দিয়ে যাবে। কাজে কাজেই যেমন ইনসিওরেন্সের প্রিমিয়ামের মত আমরা সরকারের কাছে দিচ্ছি—ব্লাক মার্কেটিয়ার বা হোলসেলারের কাছে দিচ্ছি না—তেমন আমরা সরকারের কাছ থেকে কিছু পাবো। যদি আমরা গ্রামে সাড়ে পাঁচ লক্ষ টন দিতে পারি, আমরা যদি সহরে এবং শিল্পাঞ্চলের থেকে ৭ লক্ষ টন বেশী পাই নিশ্চয় দেবো ন্যায্য দরে এবং এই কাজ আমরা করছি এই রকম একটা নূতন খাদ্য সংকটের মধ্য দিয়ে যাচ্ছি বলে আর কোন কারণ নেই। আমরা যদি বুঝতাম যে এ বছর আমাদের ফসল ভাল হয়েছে, মধ্যপ্রদেশে, উড়িষ্যায়, মহারাস্ট্রে ভাল হয়েছে তাহলে আমরা হয়তো খাদ্যনীতি আর একটু অন্যরকম ভাবে করতাম। কিন্তু এ বছর এই সমস্ত কথা বিবেচনা করে আমরা করেছি। একজন মাননীয় সদস্য বললেন যে, মহাশয়, কি করে লেভি ঠিক করলেন। আমি তো বলছি যে আমাদের দেশে যেখানে ৫৭ লক্ষ টন, ৩ লক্ষ টন, ৭ লক্ষ টন এই ৬৭ লক্ষ টন আমরা পেয়েছি তাতে সব জায়গাতে আমরা মূল্য সমতা রাখতে পারি নি। কাজেকাজেই আজকে আমাদের প্রত্যেকের কাছ থেকে কিছু নিতে হবে, আজকে প্রত্যেককে কিছু কম করে খেতে হবে—কোন উপায় নেই। তবে আমরা বলেছি কৃষকদের ১২ মণ করে যদি দিতে না পারি—তার চেয়ে কম হবে, আমাদের যা আছে তা আমরা ভাগ করে নেবো। কাজেকাজেই যারা ১২ মণ করে বলছেন তারা গরীবদের কথা বোধ হয় ভাবছেন না। আমি বিশ্বাস করি, মাননীয় সদস্যরা যাঁরা বিভিন্ন দলে আছেন তাঁরা নিশ্চয় গরীবদের কথা ভাবছেন। একজন মাননীয় সদস্য খুব পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতায় বললেন যে ৩০০ টাকা করে এক একর জমিতে ধান চাষের খরচ। আমি ধান চাষের সম্বন্ধে আগে অনেক কথা বলেছি—কিন্তু বোঝাবো কাকে? কেউ যদি না বুঝে কথা বলে তাহলে বোঝাবার কিছু নেই। আমি কতবার বলেছি যে আমাদের দেশে যে ৩৫ লক্ষ কৃষক পরিবার আছে তাদের মধ্যে সাড়ে চার পাঁচ লক্ষ উদ্বৃত্ত আর ৫ লক্ষ স্বয়ংসম্পূর্ণ বাকী ২৫ লক্ষ ঘাটতি। তারা যা উৎপাদন করে কারও ৯ মাসের কারও ছয় মাসের কারও তিন মাসের কারও এক মাসের হয়। মাননীয় সদস্য যা বলেছেন যদি তিন বিঘা জমি থাকে তার কি হবে। সে খেতে পাবে পেট ভরে—তার সারা বৎসরের মত খোরাক হয়। মাননীয় সদস্যরা গরীবদের কথা ভাবছেন না উপর থাকের কথা ভাবছেন। কেন ভাবছেন সেটা নিজেদের মনটাকে যাচাই করে বুঝুন।

(নিখিল দাস :—সব বাজে কথা বলছেন)

যখন যুক্তির কথা বলা হয় তখন ওঁরা বলেন যে বাজে কথা বলছেন। ওঁদের ভয় হচ্ছে, আশঙ্কা হচ্ছে—আমরা এই যে কাজ আরম্ভ করেছি সংগ্রহের এবং এ পর্য্যন্ত আমরা যা সংগ্রহ করেছি তাতে আমরা মনে করছি যে লক্ষণ ভাল। আপনি শুনলে আশ্চর্যান্বিত হবেন যে কালকে পর্য্যন্ত আমরা ৬১ হাজার টন ধান সংগ্রহ করেছি এবং আপনি শুনে আরও আশ্চর্যান্বিত হবেন এবং ওঁরাও বোধহয় একটু বিব্রত হবেন যদি বলি যে এই ৬১ হাজার টনের মধ্যে ৪৫ হাজার টন ধান কো-অপারেটিভ সংগ্রহ করেছে। আর 'এ ডাইরেক্ট প্রকিওরমেন্ট এজেন্ট এবং ধানকল' মিলে ১৬ হাজার টন সংগ্রহ করেছে। আমার বন্ধু ডাঃ নারায়ণ রায় মহাশয়, সব সময় বিবেচনা করে বক্তৃতা দেন ওজন করে কথা বলেন—তিনি বুঝেছেন এবং বুঝেছেন বলেই তিনি সেইরকম ভাবে জিনিষটা আলোচনা করেছেন। কিন্তু অনেকে মনে করেছেন যে আমাদের তাহলে রইলো কি? অতুল্যবাবু তিনি পুরো বঙ্গেশ্বর না, অর্দ্ধেক বঙ্গেশ্বর, না সিকি বঙ্গেশ্বর না দু আনা

বঙ্কেশ্বর—বঙ্কেশ্বর বলে দিলেন যে লাঙ্গল যার জমি তার ভয়ঙ্কর ব্যাপার—তিনি ভয়ঙ্কর অন্যায় কাজ করেছেন; আমাদের মায়াপুরে যে অধিবেশন হয়েছিল পশ্চিমবঙ্গ রাজনৈতিক সম্মেলন তাতে আমরা একথা বলেছি যে আমরা চাই ইকনমিক হোল্ডিং। আমি সকালে একটা বই পড়ছিলাম তাতে বলেছে যে যার ৩০।৪০।৫০।৬০।৭০ বিঘা জমি আছে তার উৎপাদন কম, যার জমি কম তার উৎপাদন বেশী এবং রুশ দেশে এটা প্রমাণ হয়েছে এবং যাদের সামান্য জমি থাকবে তাদের খুব বেশী উৎপাদন হয়। কালেকটিভ ফার্মই হোক আর সরকারী ফার্মই হোক তাদের উৎপাদনের তুলনায় এদের উৎপাদন বেশী। সেজন্য আমরা চাচ্ছি যাতে প্রত্যেক কৃষক পরিবারের ইকনমিক হোলডিং হয় এটা কি করে করতে হবে? গণতন্ত্র সম্মত পদ্ধতিতে যে জিনিষ আজকে আমরা ভাবতে আরম্ভ করি সে জিনিস কার্যে পরিণত করতে হয়তো ৪।৬ বছর গেলে যেতে পারে, একটা ভাবনা আরম্ভ হয়েছে। ওঁরা ভাবছেন পায়ের তলা থেকে জমি চলে গেলে ওঁরা পাতালে প্রবেশ করবেন, কি কি—করবেন সেজন্য ও'রা ভয় পাচ্ছেন শংকিত হচ্ছেন। যদি এইভাবে চলে তাহলে কংগ্রেসের মত একটা প্রতিষ্ঠান—সেই মহা বিপ্লবী প্রতিষ্ঠানে পরিণত হলে গণতন্ত্র সম্মত উপায়ে তাঁরা বিপ্লব করবেন এটা তাঁরা সহ্য করতে পারছেন না। অনেক মাননীয় সদস্য বলেছেন যে ইলেকসনের জন্য নাকি করছেন আবার অনেকে বলেছেন রাজনৈতিক মতের জন্য করছেন আমি তো ১৯৪৮ সাল থেকে শুনছি তিনটি জিনিষ দুর্ভিক্ষের পদধ্বনি, কংগ্রেসের এইবার পতন আসছে ইলেকসনে দেখে নেবো। সেই একটা কথা মনে হোল—একজনকে মারলো একটা লোক সে বললে এখানে মারো, ওখানে মারো, সেখানে মারো, এইভাবে সর্বাঙ্গে মারলো তবুও বলছে ওখানে মারো—কোথায় মারবে তাহলে?

(গোলমাল)

এখন আমরা একটা নির্দেশ দিয়েছি আমাদের খাদ্য বিভাগ থেকে শনিবার দিন সেটা বোধ হয় সর্বত্র চলে গেছে, আমার কয়েকজন মাননীয় বন্ধু গিয়েছিলেন, তাঁদের আমি বলে দিয়েছি যে গ্রামাঞ্চলে সংশোধিত রেশনে ধান দাও কেননা, আমাদের চারিদিকে যে ধান ছড়িয়ে আছে সেই ধান তো রাতারাতি আমরা চাল করতে পারবো না—এবং এটাতে ফল ভাল হয়েছে মালদহতে আগেই করেছিলাম, সেখানে সংশোধিত রেশনে আমরা ধান দিচ্ছি, তারা কুটে নিতে পারে। এটা আমরা গ্রামাঞ্চলে করবো। আমাদের ধানকলের অনেক মালিকরা আমাদের সংগে একটু অসহযোগিতা করেছেন। আমার বন্ধুরা মনে করেন যে আমরা তাঁদের দালাল—কিন্তু আমরা তাঁদের দালাল নয়, ওঁরাই এখানে দালালী করছেন তাঁদের। আমাদের এখানে খুটিনাটি যে সমস্ত কথা উত্থাপিত হয়েছে আমরা জানি যে এটা একটা সোজা ব্যাপার নয়, কঠিন ব্যাপার কাজেই আমরা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে জানিয়ে দিয়েছি যে সেখানে যদি ধানের উৎপাদন কম হয় তাহলে কম নিতে হবে। কিন্তু আমাদের ভিত্তিটা—খাদ্যনীতির মূল কথা হচ্ছে যে ভারতবর্ষের খাদ্যের অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা এই নীতি গ্রহণ করতে বাধ্য হয়েছি। কাজে কাজেই এই নীতি আমরা সফল করবো। অনেক মাননীয় বন্ধু বলেছেন যে মহাশয়, আমাদের সংগে আসুন না সহযোগিতা করি—আপনি জানেন বারবার বলেছি যে আমাদের এখানে মহামুস্কিল—কারণ আমাদের পণ্ডিতপ্রবর কাশীকান্ত মৈত্রের সংগে আর আমাদের শ্রীকমল গুহের সংগে যদি সমিতি হয় তাহলে, কার কথা শুনবেন? কার কথা শুনবো, আমাদের এখানে আমি বারবার বলেছি সংসদীয় গণতন্ত্র যেখানে চলে সেখানে ২টা নীতি আছে ২টা দল দায়িত্বজ্ঞান সম্পন্ন নেতৃসম্পন্ন থাকে। তারা ঠিক নির্দ্ধারিত কার্যসূচী অনুযায়ী চলে। কিন্তু সে রকম বিরোধীদল এখানে নেই—কাকে নেবো, এ ওকে কাটছে।

(নয়েজ)

আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই। প্রাপ্ত বয়স্কদের ভোটে যে নির্বাচন জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, অঞ্চল পঞ্চায়েৎ ইত্যাদি যেসব জায়গায় হয়েছে সেসব জায়গায় আমাদের এ পক্ষের ও পক্ষের M. L. A.-রাও আছে। সেখানে গিয়ে কাজ করান জনসাধারণের সংগে কাজ করুন। আমাদের কংগ্রেসের মধ্যে নানা মত থাকতে পারে তাতে কাহার কিছু যায় আসে না। যে মত সংখ্যাগরিষ্ঠ সে মত অনুসারে কাজ করা হয়, তাতে যদু বাবুর কি হল বা মধু বাবুর কি হল তা দেখা হয় না। দুঃখের বিষয় কি বলবো, মাননীয় সদস্যরা প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের নির্বাচনে সেখানে যেতে পারেন না। জনসাধারণের যদি তাদের উপর আস্থা না থাকে তাহলে আমাদের কিছু করবার নেই। খাদ্যনীতি সম্বন্ধে বলতে গিয়ে তাঁরা ঘুরিয়ে মুরারী মারা সম্বন্ধে বলেছেন এই হাউসের এক, দুই, তিনজন সদস্য বলেছিলেন একোয়ারী হোক আমি একটা এনকোয়ারী করেছি—একজিকিউটিভ এনকোয়ারী, আমি তাঁদের কাছে বলছি যে অনুগ্রহ করে তাঁরা তিনজন তাঁরা যতসব জানেন সই করে আমাকে জানাবেন আমি নিশ্চয়ই আরো ভালভাবে এনকোয়ারী করবো।

Adjournment

The House was then adjourned at 6-13 p. m. till 1 p. m. on Wednesday, the 5th January, 1966 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 5th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 7 Ministers, 3 Ministers of State and 172 Members.

Request for holding over some of the questions due to some Minister' absence from Calcutta

[1—1-10 p. m.]

Shri Jagannath Kolay : মাননীয় মন্ত্রীমহোদয়, আজকে সেচ বিভাগ এবং P.W.D. বিভাগের কোয়েশ্চেন ছিল। কিন্তু সেচ ও P.W.D. বিভাগের মন্ত্রী, তাঁরা নর্থ বেঙ্গল tour করতে গিয়েছেন, তাদের ফেরবার কথা ছিল গতকল্য প্লেনে। কিন্তু inclement weather-এর জন্য তাঁরা আসতে পারেননি। তাঁরা টেলিফোন করেছেন যে ট্রেনে করে তাঁরা start করেছেন, এই ট্রেন এসে পৌঁছাবে পাঁচটার সময়। সেই জন্য আমি অনুরোধ করবো, এটা next dayতে দেওয়া হোক।

Shrimati Ila Mitra : মি: স্পীকার স্যার, আমি ওঁর কথা শুনেছি। এটা অত্যন্ত important কোয়েশ্চেন। এটা আমার admitted question No. 1805—গতবারেও ঠিক এই রকম অবস্থা হয়েছিল, তখন মন্ত্রিমহাশয় উপস্থিত ছিলেন, কিন্তু, তিনি উত্তর দিলেন, কোয়েশ্চেনের উত্তর ready নেই এই কথা তিনি বলেছিলেন। তখন আপনি মন্ত্রিমহাশয়কে বলেছিলেন, কেন আপনারা উত্তর দেবার জন্য তৈরী থাকেন না? তখন আপনি নিজেই বলে ছিলেন যে, মেম্বররা কোয়েশ্চেন অনেক দিন আগে দিয়েও কেন উত্তর পান না? এটা খুব important কোয়েশ্চেন।

Mr. Speaker : শ্রীমতি মিত্র, উনি যেটা বললেন, কাগজে সকালবেলা আমি দেখলাম যে inclement weatherএর জন্য প্লেন চলেনি, তাঁরা আটকে গিয়েছেন।

Shrimati Ila Mitra : মন্ত্রীরা ত শুধু পড়ে দেবেন, আপনার ডিপার্টমেন্ট থেকে ত তৈরী হয়ে আসে উত্তর। মন্ত্রীরা ত কোয়েশ্চেনের উত্তর লেখেন না, কোয়েশ্চেনের উত্তর লেখেন তাঁর দপ্তর। তাঁরা সমস্ত খোঁজ, খবর নিয়ে লেখেন।

Shri Jagannath Kolay : মন্ত্রীরা সেটা approve করতে পারেন, বা না করতে পারেন।

Mr. Speaker : শ্রীমতি মিত্র সেটাত উনি বলছেন না। উনি বলছেন যে কোয়েশ্চেনের replyটা এখনও পর্যন্ত তাঁর কাছে আসেনি।

Shrimati Ila Mitra : আগেও আমার এই admitted question No. 1805, এর জবাবে উনি বলেছিলেন যে, এই প্রশ্নের জবাব এখনও পর্যন্ত আসেনি।

Shri Jagannath Kolay : আমি দেখছি, কালকেই যাতে এটা placed হয়ে যায়।

Shrimati Ila Mitra : খালি placed করলেই হবে না। মন্ত্রিমহাশয়ের সঙ্গে যদি আমি কথা বলতে না পারি, তাহলে কিছুই হবে না।

Mr. Speaker : শ্রীমতি মিত্র, এটা নিয়ে ওঁর সঙ্গে তর্ক করে লাভ নেই। It is a right of yours, you will get it, and on the last occasion I pointed out to all the Ministers concerned that the replies should reach the members in time or reach my Secretary in time. আজকে এটা অবশ্য বলতে পারা যায় যে for the day under certain circumstances he has been held up. অতএব আজকে এ সম্বন্ধে আর কোন কথা না বলাই ভাল।

Shrimati Ila Mitra : দুর্যোগের মধ্যে মন্ত্রিমহাশয় পৌঁছাতে পারেনি, সেটা অন্য কথা। কিন্তু আমার প্রশ্নের জবাব পাচ্ছি না।

Shri Jagannath Kolay : আমি একটা proposal দেই স্যার, পরশুদিন যদি এই held over question নেন, তাহলে আমাদের আপত্তি নাই?

Mr. Speaker : শ্রীমতী মিত্র, আজকে ওটা postpone করা হলো; All the other questions will be answered just now. So far as the question of Shrimati Ila Mitra is concerned, the same will be taken up day after tomorrow. The questions to the Hon'ble Ministers who have been held up and are not present here will be taken up on the next rotational day.

Shri Birendra Narayan Ray : মি: স্পীকার স্যার, আমার একটা কোশ্চেন—*532 (admitted question 2425) এর উত্তর পাইনি। এর আগেও পাইনি।

Mr. Speaker : মি: রায়, ওটার যিনি জবাব দেবেন, তিনিও আটকে পড়েছেন, আসতে পারেন নাই।

Shri Birendra Narayan Roy : স্যার, আমি এটার উত্তর অনেকদিন পাচ্ছি না।

Mr. Speaker : শ্রীরায়, আমি আপনাকে বলেছি—আমি দেখছি আমার কাছে অনেক কোশ্চেনের জবাব আসেনি। তাছাড়া unfortunately অনেক মিনিস্টার এখানে নাই। আমি দেখছি under these particular circumstances ছাড়া যাতে প্রত্যেকটি question is answered in time এবং সমস্ত question-এর answer যাতে একই সময় আমার কাছে আসে, হাউসে আসে, মেম্বাররাও তা পায়। আমি তার জন্য repeatedly মন্ত্রীদের অনুরোধ করেছি—তাঁদের personal attention draw করেছি। আশাকরি তারা এ বিষয়ে অবহিত হবেন। অবশ্য আজকের কথা বলা যায় না—because the Hon'ble Minister have been held up there.

Shri Birendra Nath Roy : এই কোশ্চেন সম্পর্কে যে তথ্য সংগৃহীত হয়েছে, সেটা তো আজকে বলা যায়।

Mr. Speaker : এটা আপনাদের right আছে। I shall see that your rights are duly respected.

Shri Nikhil Das : ঐদিন কি আমরা দু ঘণ্টা সময় পাব? আজকের এক ঘণ্টা সময় নষ্ট হয়ে গেছে। আজকে যে এক ঘণ্টা সময় আমরা lose করলাম তার জন্য দায়ী কে? আমি appeal করবো এই যে held over হলো এই question-এর যে right আমাদের আছে, সেটা যেন আমরা next rotation day-তে পেতে পারি।

Mr. Speaker : মি: দাস, এই practice তো কোনদিন follow করা হয় নাই। এটা held over হলো বলে আর একদিনের সময় যোগ হয়ে যায়—এরকম তো কখনো হয়নি।

Shri Nikhil Das : এরকম ঘটনা অনেকবার ঘটে গেছে।

Mr. Speaker : আমরা যদি mutually agree করি যে কালকে question hour হবে না—এটা করতে পারি—considering the circumstances that they are not present here today. যেহেতু—The Ministers concerned unfortunately have been held up due to inclement weather—অতএব এর জন্য নূতন কোন procedure সৃষ্টি করা উচিত নয়, তা করাও চলবে না। এটা যেমন next rotational day-তে হয়ে থাকে পূর্বে যেমন হয়ে গেছে—বরাবর সেইভাবে এটা করতে হবে। এটা তো নিজস্ব কোন কাজের জন্য হয়নি। কাজেই—That will be taken up on the following rotational day.

Shri Somnath Lahiri : যদি mutual consent নিয়ে question না হয় তাহলে পরের দিন সময় বাড়ানোর প্রশ্ন ওঠে না। কিন্তু এখানে যেকোন কারণেই হোক—due to the failure of the Minister to appear.

Mr. Speaker : মি: লাহিড়ী, ওটা বলবেন না। বরং বলুন—due to the circumstances beyond their control.

Shri Somnath Lahiri : আমি বলছি—inabilityর জন্য, যেটা beyond control, তারজন্য কোশ্চেনের reply হল না– তার ফলে অন্য বিজিনেসে এক ঘণ্টা সময় বেশী হোয়ে গেল; তাহলে পরের দিন এক ঘণ্টা সময় question occasion-এ কেন বাড়ানো হবে না? মিনিস্টার নাই—question হল না। অথচ এই question hour হচ্ছে আমাদের একটা important right. তার সময় সীমাবদ্ধ আছে এক ঘণ্টা। এই right থাকা সত্ত্বেও আমরা mutual consent-এ কোন কোন ক্ষেত্রে রাজী হয়েছি যে আজকে withheld হোক। কিন্তু এখানে mutual consent-এর ব্যাপার নয়। আজকে সেই important এক ঘণ্টা সময় আমরা ছেড়ে দিতে বাধ্য হলাম—no doubt due to their failure. তাহলে অন্য আর একদিন দু ঘণ্টা কোশ্চেনের জন্য আমরা সময় পাব।

Shri Nikhil Das : আমাদের appeal হচ্ছে আজকে মিনিস্টাররা আসতে পারলেন না—due to inclement weather beyond their control. সেই প্রশ্ন আমি তুলছি না। কিন্তু এই যে আজকে আমরা এক ঘণ্টা lose করলাম, এটা mutually ব্যাপার নয়। Next rotational day-তে এর উত্তর যেন আমরা পেতে পারি—সেটা আপনি দেখবেন। এটা আমাদের একটা important right.

Mr. Speaker : আরো তো question আছে, তার reply পাবেন। Whole list-এর মধ্যে যে কয়টা হচ্ছে না—তার কথা বলছি।

STARRED QUESTIONS

[To which oral answers were given]

Cultivation of Gunja

***526.** (Admitted question No. *2543.) **Shri Sailendranath Adhikari :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গাঁজা চাষের কোনও উন্নতি হইয়াছে কি না;
(খ) বর্তমানে কোথায় কোথায় গাঁজা চাষ হইতেছে ও তাহার পরিমাণ কত; এবং
(গ) বিদেশে বার্ষিক কি পরিমাণ গাঁজা রপ্তানী হয় এবং পশ্চিমবঙ্গে কিরূপ কন্‌জামড হয়?

[1-10—1-20 p.m.]

Shri Iswar Das Jalan : (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে মুর্শিদাবাদ জেলার দিলফোরবাগ, আমাইপাড়া ও বিলকান্দি ফার্মে মোট ১৫০·৫৮ একর জমিতে গাঁজা চাষ হইতেছে।

(গ) পশ্চিমবঙ্গে উৎপন্ন গাঁজা বিদেশে রপ্তানী হয় না। পশ্চিমবঙ্গে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে ২১২৬৫ কে. জি. গাঁজা ব্যবহৃত হইয়াছে।

Shri Birendra Narayan Ray : (ক) প্রশ্নের উত্তরে আপনি বললেন যে গাঁজা চাষের উন্নতি হয়েছে, কিন্তু এই খবর কি আপনার জানা আছে যে গাঁজার ব্যাপারে আপনারা যে একটা কো-অপারেটিভ করেছিলেন সেটা লিকিউডেশানে গিয়েছে?

Shri Iswar Das Jalan : হ্যাঁ, সেই কো-অপারেটিভ আমরা ঠিকভাবে করতে পারিনি।

Shri Kashi Kanta Maitra : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা যে কন্ট্রোল রেট সরকার বেঁধে দিয়েছেন গাঁজার তার চেয়ে খোলাবাজারে যেটা কালোবাজার বলা হয় সেখানে গাঁজার দাম অনেক কম এবং কারণ কি?

Shri Iswar Das Jalan : বাহিরে থেকে স্মাগলিং হয়।

Shri Narayan Choubey : বাহিরে থেকে অর্থাৎ নেপাল এবং বিহার থেকে গত এক বছরে কত স্মাগলিং ধরা পড়ছে?

Shri Iswar Das Jalan : সেটা জানতে হলে নোটিশ দিতে হবে।

Shri Kashi Kanta Maitra : তাহালে কি মন্ত্রী মহাশয় স্বীকার করে নিচ্ছেন যে গাঁজার সরকার নির্দ্ধারিত যা দাম খোলাবাজারে বা কালোবাজারে তার চেয়ে দাম কম?

Shri Iswar Das Jalan : তা আমি বলতে পারব না তবে যদি কম হয় তাহালে স্মাগলিং হচ্ছে।

Shri Birendra Narayan Ray : মাননীয় মন্ত্রী মহাশয় আমার একটা প্রশ্নের উত্তরে এই মাত্র বললেন যে ওঁরা গাঁজার একটা কো-অপারেটিভ ফারমিং করেছিলেন সেটা লিকিউডিশানে গিয়েছে, তাহলে আপনি কি করে বলছেন যে উন্নতি হয়েছে?

Shri Iswar Das Jalan : সে ফিগার আমি এখন আপনাকে দিতে পারব না তবে আমাদের উন্নতি হয়েছে।

Shri Anadi Das : ১৯৬৪-৬৫ সালে কত খরচে, কত গাঁজা উৎপন্ন হয়েছিল এবং তার আগে কত খরচে কত গাঁজা হয়েছিল তা যদি জানা যায় তাহলেই বোঝা যাবে যে গাঁজা চাষের উন্নতি হয়েছে ?

Shri Iswar Das Jalan : সেটা জানতে হলে আমাকে নোটিশ দিতে হবে।

Shri Anadi Das : বর্তমানে কম খরচে উৎপন্ন হচ্ছে আগের চেয়ে এই যদি না হয় তাহলে কি করে বোঝা যাবে যে উন্নতি হচ্ছে ?

Shri Iswar Das Jalan : সে আমি এখন কিছু বলতে পারব না

Dr. Golam Yazdani : রপ্তানী থেকে বছরে কত টাকা লাভ হয় ?

Shri Iswar Das Jalan : ফিগার আমার কাছে এখন নাই।

Shri Kashi Kanta Maitra : আমি আপনাকে জিজ্ঞাসা করছি গাঁজা, মদ, আফিং এই সমস্ত জিনিষের প্রডাকশান বেড়ে কনজামশান বাড়লেই কি দেশের প্রগ্রেস হচ্ছে বলে মনে করেন ?

Shri Iswar Das Jalan : না।

Shri Sanat Raha : গাঁজা যে স্মাগলিং করে আসে বলেই কি সস্তা দাম—এটাই কি আপনি বলতে চান ?

Shri Iswar Das Jalan : বাংলার বাইরে থেকে আসে বলেই সস্তা দাম।

Shri Sanat Raha : বাংলা দেশের ভিতরে গাঁজা যে ফার্মিং হয়, তার থেকে স্মাগলিং হয়, যেমন ধরুন মুর্শিদাবাদ জেলায় ঘাগড়া শহরে মদের দোকানে পর্যান্ত গাঁজা বিক্রি হয়।

Shri Iswar Das Jalan : সে খবর আমার কাছে নেই।

Shri Birendra Narayan Ray : শ্রীসনৎ রাহা মহাশয় এই মাত্র যে প্রশ্ন করলেন তাতে আপনারা ঠিকমত তদন্ত করছেন না এবং এই জন্যই আপনারা মোহন লাল জৈনকে লাইসেন্স দিয়েছেন এবং তাকে স্মাগল করার সুযোগ করে দিয়েছেন।

Shri Iswar Das Jalan : তিনি তো অনেকদিন ধরেই আছেন।

Want of accommodation in the High Court Building

*527. (Admitted question No. *2558.) **Shri Kashi Kanta Maitra :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that for want of accommodation in the High Court Building Additional and/or New Judges could not be appointed in the High Court in Calcutta ; and

(b) if so, will the Minister be pleased to state the reasons why additional constructions could not be made ?

Shri Iswar Das Jalan : (a) Yes.

(b) In order to provide additional accommodation for the High Court the Government has already sanctioned the construction of a

two-storeyed building with the foundation for a six-storeyed one on the land at the west of the Assembly House for the Office and the Record Room of the High Court. Necessary provisions for the purpose have also been made in the Budget for the current year, but it has not been possible to take up the construction for non-availability of vacant possession of the land on which the building is proposed to be constructed. All possible steps are being taken by Government to start the construction work as early as possible.

Steps have, in the meantime, been taken for providing additional accommodation by making suitable additions and alterations in the present High Court building and the work of construction of 4 additional court rooms and 5 additional chambers for the Judges has already been taken up. Construction of 2 court rooms and 2 chambers has been completed and they will be ready for use in the first week of January, 1966. Construction of 2 more court rooms and 3 more chambers has made much progress and those are expected to be ready for use in February, 1966.

Shri Kashi Kanta Maitra : Will the Hon'ble Minister be pleased to state if it is a fact that the State Government had sanctioned a sum of about Rs.22 lakhs for construction of a new building, new annexe, for the Calcutta High Court ? If so, when it was first sanctioned ?

Shri Iswar Das Jalan : It was sanctioned some time ago, but there was some difficulty about it. So far as the present year is concerned Rs.6 lakhs has been provided for in the budget.

Shri Kashi Kanta Maitra : Please answer my supplementary. The State Government had sanctioned an amount of Rs 22 lakhs, not a small amount. The said amount was going back as unspent merely because of the complete dereliction of duty of the departmental officers and latches of the departmental officers. Can't you give us the date when the amount was first sanctioned ?

Shri Iswar Das Jalan : I don't find it in the papers here.

Shri Kashi Kanta Maitra : Since when the State Government realised that as a result of lack of accommodation facilities Additional Judges were not being appointed although the High Court was in need of Additional Judges for quick disposal of arrear cases ?

Shri Iswar Das Jalan : I think the Additional Judges were sanctioned only a year ago. Since then we have been trying to accommodate the Judges in the existing building. So far as the annexe which we propose

to construct, there were certain difficulties and on account of those difficulties it could not be proceeded with. This year we have allotted Rs.6 lakhs for the purpose.

Shri Kashi Kanta Maitra : So far as the main building is concerned 4 additional court rooms are being improvised; but do you know that the High Court is going to have about 9 more Judges including the 4 Additional Judges? If they do so, how can the construction of 4 rooms help the elevation of the members of the Bar or the Higher Judicial Service to the High Court Bench?

[1-20—1-30 p. m.]

Shri Iswar Das Jalan : So far as my information goes, it is only for the Judges who are going to be appointed. If there be vacancies for more Judges, which I believe, there is, the rooms are already there. They do not require additional rooms. It is only for the Additional Judges that we are providing for these rooms.

Shri Kashi Kanta Maitra : Will be Hon'ble Minister be pleased to give us an assurance as to the time by which the new annexe of the Calcutta High Court is going to be completed?

Shri Iswar Das Jalan : That will take some time.

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

Recruitment of persons in West Bengal Police and West Bengal Armed Police Services

817. (Admitted question No. 116.) **Shri Mrigendra Bhattacharyya** : স্বরাস্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গে কোন বৎসর কতজন বেঙ্গল পুলিশ এবং বেঙ্গল আর্ম পুলিশে ভর্তি করা হইয়াছে ;

(খ) পশ্চিমবাঙ্গলার বাহিরের কোন কোন প্রদেশ হইতে কতজন ভর্তি করা হইয়াছে এবং তাহাদের শিক্ষাগত যোগ্যতা কি ;

(গ) পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এদের ভর্তি করা হয় অথবা কি পদ্ধতিতে এদের রিক্রুট করা হয় ; এবং

(ঘ) উক্ত কয় বৎসর যাহাদের রিক্রুট করা হইয়াছে তাহাদের শিক্ষার মান কি ?

The Minister for Home (Police) : (ক) একটি বিবরণী নিম্নে যুক্ত করা হইল।

(খ) উল্লিখিত সময়ে বিহার হইতে ৫৮৪ জন, উত্তরপ্রদেশ হইতে ৯০১ জন, আসাম হইতে ৫০০ জন, উড়িষ্যা হইতে ৮ জন, পাঞ্জাব হইতে ৩২৫ জন ও মহীশূর হইতে ১ জনকে ভর্তি করা হইয়াছে।

(১) কনস্টবল—যে কোন ভারতীয় ভাষা পড়িতে ও লিখিতে পারা।
(২) সাব-ইন্সপেক্টর ও ডি, এস, পি,—অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের স্নাতক।
(৩) আর্মড সাব-ইন্সপেক্টর—উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া।

(গ) একমাত্র ডি, এস, পি-গণই পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিযুক্ত হন। প্রশ্নের উত্তরে বর্ণিত অন্যান্য পদের লোকদের নিয়োগ সরাসরিভাবে হইয়া থাকে।

(ঘ) 'খ' প্রশ্নের উত্তরে বর্ণিত নিম্নতম শিক্ষাগত যোগ্যতা ইহাদের সকলেরই আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 817

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
পশ্চিমবঙ্গ পুলিশ	১২৪০	১০৪৭	১১৯২	১৭০০
পশ্চিমবঙ্গ আর্মড পুলিশ	৪৫২	১১০৪	১৭৯৬	২৮৩৪

Spurious Drug Manufacturing Factory

818. (Admitted question No. 137) Shri Mrigendra Bhattacharyya : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জায়গায় কয়টি ভেজাল ঔষধ প্রস্তুতির কারখানার সন্ধান পাওয়া গিয়াছে;

(খ) কোন কোন কারখানা হইতে কি কি জিনিসপত্র পাওয়া গিয়াছে এবং কতজন ব্যক্তিকে এতদসংশ্লিষ্ট ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(গ) বিচরার্থ কোন্ কোন্ কেস-এর ফাইনাল চার্জসীট দেওয়া হয় এবং কতজনের কি প্রকার সাজা হইয়াছে?

The Minister for Home (Police) : (ক), (খ) ও (গ) উল্লিখিত সালগুলিতে পশ্চিমবঙ্গের কেবলমাত্র কলিকাতাতেই ভেজাল ঔষধ প্রস্তুতির কারখানার সন্ধান পাওয়া গিয়াছে। সংশ্লিষ্ট মামলাগুলির বিচারে দোষী সাব্যস্ত ব্যক্তিদিগকে ২০০ হইতে ৫০০ টাকার মধ্যে বিভিন্ন পরিমাণে অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। প্রশ্নের অন্যান্য বিষয় সম্বন্ধে দুইটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. 818

বিবরণী—১

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
ভেজাল ঔষধের কারখানার সংখ্যা	৭	৪	১৩	৩
গ্রেপ্তারের সংখ্যা	১১	১০	২৩	৩
চার্জশীট দেওয়া হইয়াছে এমন কেসের সংখ্যা	৩	২	৮	১
সাজাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৪	২	৩	১

বিবরণী—২

ক্রমিক সংখ্যা	কারখানার নাম ও ঠিকানা	যে যে জিনিসপত্র পাওয়া গিয়াছে
	১৯৬১-৬২ সাল	
১।	মেসার্স গ্লুকোস প্রডাক্টস (পি) লিঃ ১৪৩।১ রাজা দীনেন্দ্র স্ট্রীট	ইনজেকসন দিবার জল
২।	মেঃ গ্লুকোডেক্স ল্যাবরেটরী ৩াই কমলাল স্ট্রীট	ইরগাপাইরীন

ক্রমিক সংখ্যা	কারখানার নাম ও ঠিকানা	যে যে জিনিসপত্র পাওয়া গিয়াছে
৩।	মেঃ ইউনাইটেড ড্রাগ হাউস, ১০বি হায়াৎ খাঁ লেন।	ইনজেকসন দিবার জল
৪।	মেঃ এরিয়ান কেমিক্যাল ওয়ার্কস, ৩।২ বৃন্দাবন মল্লিক লেন।	ঐ
৫।	মেঃ ইন্টারন্যাশনাল ড্রাগ হাউস, ১৩এ সুরা ক্রস লেন।	ঐ
৬।	মেঃ বোসেস ল্যাবরেটরী, ৫৩ রাজা দীনেন্দ্র স্ট্রীট।	বিভিন্ন ঔষধের অংশ ও কাঁচা মাল।
৭।	মেঃ ড্রাগ হাউস, ২২১ মহাত্মা গান্ধী রোড।	পেথিড্রিন হাইড্রোক্লোর
	১৯৬২-৬৩ সাল	
১।	মেঃ নিউ স্ট্যাণ্ডার্ড কেমিক্যাল, ১৮এ রাজা রাজচন্দ্র সেন লেন।	আইলোশন
২।	মেঃ সুশীল কুমার সরকার, ৫৭।৬ বি, টি, রোড।	ঐ
৩।	মেঃ এনর্জেটিক রিসার্চ কেমিক্যাল, ২৭ ডাঃ সুরেশ সরকার রোড।	ঐ এবং ইয়ার ড্রপ
৪।	মেঃ বেঙ্গল মেডিক্যাল রিসার্চ ৬৩।৩ সূর্য সেন স্ট্রীট।	ইনজেকসন দিবার জল
	১৯৬৩-৬৪ সাল	
১।	মেঃ রামমোহন সিংহ, ৭ মেছুয়াবাজার ষ্ট্রীট।	বেদনা শান্তি রস
২।	মেঃ ইষ্টার্ন মেডিক্যাল হল, ২৬ চৌরঙ্গী লেন।	ইনজেকশন দিবার জল
৩।	মেঃ যুগল কিশোর শারাফ, ৭।১এ আচার্য জগদীশ বোস রোড।	ঐ
৪।	মেঃ এ, সি, চক্রবর্তী এণ্ড কোং, ২০ বারোয়ারীতলা লেন।	ঐ

ক্রমিক সংখ্যা	কারখানার নাম ও ঠিকানা	যে যে জিনসপত্র পাওয়া গিয়াছে
৫।	মেঃ এম্ কুণ্ডু, ১৫৮ বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট।	ইনজেকশন দিবার জল
৬।	মেঃ মকসুদ হোসেন, ৫৮ সি রফি আহমেদ কিদোয়াই রোড।	ঐ
৭।	মেঃ চক্রবর্ত্তী ফার্মেসী, ৭।১এ আচার্য প্রফুল্ল চন্দ্র রোড।	ঐ
৮।	মেঃ ভগবতী প্রসাদ কেদিয়া, ১৩ সুরা ফার্স্ট লেন।	ঐ
৯।	মেঃ রাজেন আচার্য পি-২৯ নেতাজী কলোনী।	অ্যান্টি-টকজিন
১০।	মেঃ শক্তি কেমিক্যাল ওয়ার্কস, ১০।১১ আচার্য প্রফুল্ল চন্দ্র রোড়।	নেত্র বন্ধু ও চর্মবন্ধু
১১।	মেঃ দেবব্রত দত্ত, ৩৪।১৪ কলুটোলা স্ট্রীট।	বরিক অ্যাসিড্
১২।	মেঃ বিভূতি ভূষণ বোস, ১১।ই।৩৬ ক্যানিং ষ্ট্রীট।	ঐ
১৩।	মেঃ দীপক নারায়ণ বোস, ৩১।বি মহেশ বারিক লেন।	আই লোশন

১৯৬৪-৬৫ সাল

ক্রমিক সংখ্যা	কারখানার নাম ও ঠিকানা	যে যে জিনসপত্র পাওয়া গিয়াছে
১।	মেঃ বিশ্বাস মেডিক্যাল হল ৯।১ মুন্সীগঞ্জ রোড।	ইনজেকশন দিবার জল
২।	মেঃ ভিটামিন ল্যাবরেটরী ৪৩।৩বি বাগবাজার ষ্ট্রীট।	ঐ
৩।	মেঃ দিবেদী কেমিক্যাল ওয়ার্কস, ৩০ আপার চিৎপুর রোড।	চালমুগরা তেল

Procurement of Rice from Rice Mills

819. (Admitted question No. 482) **Shri Somnath Lahiri :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে এ পর্যন্ত হিসাব অনুযায়ী পশ্চিম বাংলার চাউল কলগুলিতে কত চাউল তৈয়ারী হইয়াছে এবং কত ধান মজুত আছে ;

(খ) চাউল কল হইতে সরকার ১৯৬৫ সালের এ পর্যন্ত কত চাউল সংগ্রহ করিয়াছেন এবং বৎসর শেষ হওয়ার মধ্যে আর কত সংগ্রহ করার আশা রাখেন ; এবং

(গ) উক্ত সময়ে চাউল কল ছাড়া অন্য সূত্রে সরকার চাউল সংগ্রহ করিয়াছেন কি না এবং করিলে তাহার পরিমাণ কত ?

The Minister for Food and Supplies : (ক) ৪৩৮২৫২ মেঃ টন (৩০এ সেপ্টেম্বর, পর্যন্ত) চাউল তৈয়ারী হইয়াছে। ১০৯৯৭ মেঃ টন ধান মজুত আছে। (৩০এ সেপ্টেম্বর, ১৯৬৫ পর্যন্ত)।

(খ) ২৮৯৯৯৩·২ মেঃ টন (২৫।১১।৬৫ পর্যন্ত) বৎসরের অবশিষ্ট সময়ের মধ্যে এইরূপ চাউল সংগ্রহের কোন লক্ষ্য নাই।

(গ) হঁ্যা।

ভারত সরকার হইতে প্রাপ্ত—২৭৮৮৪৫ মেঃ টন। (৪।১২।৬৫ পর্যন্ত) সমবায় সমিতির মাধ্যমে প্রাপ্ত—১৭৬·৯৫৬ মেঃ টন।

Schemes under the Rural Manpower Programme

820. (Admitted question No. 777.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the number of schemes sanctioned under the scheme for utilisation of Rural Manpower in each District of this State of West Bengal with the amount of money involved for expenditure ; and

(b) the names of the schemes submitted for sanction from Uluberia Blocks I and II and what is the present position of such schemes ?

The Minister of State for Agriculture and Community Development : (a) The number of schemes sanctioned under the Rural Manpower Programme and the amount of costs of the sanctioned schemes in each district are shown year by year in the enclosed statement.

(b) Uluberia I and II Blocks have not yet come under the purview of the Rural Manpower Programme. Hence the question of submitting schemes for sanction in respect of those Blocks does not arise.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 820

STATEMENT

Rural Manpower Programme

Name of District	Year	No. of Schemes sanctioned under R. M. Programme	Sanctioned cost of the Schemes.
1	2	3	4
			Rs. P.
Burdwan	1960-61	15	1,12,532·00
	1961-62	...	...
	1962-63	15	56,810·00
	1963-64	41	1,80,152 00
	1964-65	12	50,770·00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	8	37.677·00
Midnapore	1963-64	9	1.62,050·00
	1964-65	11	2,18,619·00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	...	...
Birbhum	1961-62	11	1,08,593,00
	1962-63	13	91,295·00
	1963-64	37	1,69,864·00
	1964-65	...	...
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	8	58,300 00
Hooghly	1962-63	2	1,99,876-70
	1963-64	3	79,600·00
	1964-65	6	42,720·00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	...	...
Cooch Behar	1964-65	5	34,009·00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	24	...
West Dinajpur	1964-65	10	67,877·00
	1965-66 (From 1-4-65 to 30-9-65)	11	52,403 00

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 820—concld.

			Rs. P.
Purulia	1961-62	6	1,81,369.00
	1962-63	...	...
	1963-64	28	3,57,570.21
	1964-65	38	4,66,980.00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	...	...
Darjeeling	1963-64	10	19,177.00
	1964-65	25	1,32,723.00
	1965-66	...	...
Nadia	1963-64	1	1,85,726.00
	1964-65	19	5,94,965.00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	...	...
Murshidabad	1962-63	22	6,44,083.00
	1963-64	7	1,33,813.00
	1964-65	10	75,610.50
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	11	84,488.00
Bankura	1961-62	27	1,78,500.00
	1962-63	...	...
	1963-64	9	1,03,387.00
	1964-65	28	4,08,532.00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	4	26,170.00
Malda	1961-62	2	3,550.00
	1962-63	17	38,706.00
	1963-64	29	2,88,309.00
	1964-65	69	1,34,311.00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	39	1,27,302.50
24-Parganas	1960-61	6	1,33,141.00
	1961-62	...	...
	1962-63	...	...
	1963-64	19	1,44,883.00
	1964-65	54	4,29,539.00
	1965-66 (from 1-4-65 to 30-9-65)	15	76,227.00

Arrests of Adulterators and Profiteers

821. (Admitted question No. 797.) **Shri Birendra Narayan Roy :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদ্য ভেজাল অথবা অধিক মুনাফা লইবার অভিযোগে গত ছয়মাসে কয়জনকে সরকার গ্রেপ্তার করিয়াছিলেন ;

(খ) তাঁহাদের নাম কি এবং কোন তারিখে কয়জনকে গ্রেপ্তার করা হইয়াছিল ;

(গ) কয়জনকে বিচারার্থে প্রেরণ করা হইয়াছে এবং কয়জনকে বিনা বিচারে আটক করা হইয়াছে ;

(ঘ) বিচারে কয়জনের সাজা হইয়াছে ; এবং

(ঙ) বিনা বিচারে আটকের মধ্যে বর্তমান সময় পর্যন্ত কয়জনকে এবং কোন কোন জনকে মুক্তি দেওয়া হইয়াছে (তারিখ সহ) ?

The Minister for Home (Police) : (ক) ৭৬৭ জনকে।

(খ) সময়াভাবে এই তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

(গ) ১,৪২০ জনকে বিচারার্থে প্রেরণ করা হয় ও ৩৬ জনকে ভারতরক্ষা বিধি অনুযায়ী আটক করা হয়।

(ঘ) ৫৬১ জনের।

(ঙ) মোট তেরজনকে মুক্তি দেওয়া হয়। মুক্তির তারিখসহ তাহাদের নামের তালিকা সংযুক্ত হইল।

Statement referred to in reply to clause (Uma) of unstarred question No. 821

	নাম	মুক্তির তারিখ
১।	শ্রীভুরামল আগরওয়াল	৩০।১০।৬৫
২।	শ্রীরামগোপাল আগরওয়াল	১৯।৯।৬৫
৩।	শ্রীবদরীপ্রসাদ আগরওয়াল	৩০।১০।৬৫
৪।	শ্রীবনসদেও তেওয়ারী	২২।৯।৬৫
৫।	শ্রীবিসুধা মিশির	ঐ
৬।	শ্রীগোপাল সিং	ঐ
৭।	শ্রীদাতারাম পারুলিয়া	৪।৯।৬৫
৮।	শ্রীসুবোধ কুমার সাধুখাঁন	৩০।৬।৬৫
৯।	শ্রীনারায়ণচন্দ্র পাল	ঐ
১০।	শ্রীকালিদাস সাধু ওরফে সাধুখাঁন	ঐ
১১।	শ্রীরবীন্দ্রনাথ কুমার	ঐ
১২।	শ্রীশম্ভুনাথ মুখার্জি	ঐ
১৩।	শ্রীমহাদেও প্রসাদ মুক্কেকা	ঐ

Violation of Guest Control Order

822. (Admitted question No. 846) **Shri Monoranjan Bakshi :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম বাংলার কোন জেলায় কত সংখ্যক ব্যক্তি গত আগস্ট মাস হইতে এ পর্যন্ত অতিথি নিয়ন্ত্রণ আইন অনুসারে অভিযুক্ত হইয়াছেন ?

The Minister for Home (Police) : এ সম্পর্কে পশ্চিম বাংলায় কাহাকেও অভিযুক্ত করা হয় নাই।

Production of Jute and Aus Paddy in Murshidabad district

823. (Admitted question No 1083) **Shri Sanat Kumar Raha :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় এ বৎসর ও গত বৎসর কী পরিমাণ পাট ও আউস উৎপন্ন হয় ; এবং

(খ) পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত পাট এ বৎসর উৎপন্ন হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) গত বৎসর (১৯৬৪-৬৫ সালে) মুর্শিদাবাদ জেলায় ৫,৬৬,১০০ গাঁইট পাট ও ৬৯,৮০০ টন আউস চাউল উৎপন্ন হইয়াছিল। এ বৎসর পাট ও আউসের উৎপাদনের চূড়ান্ত হিসাব জানা যায় নাই।

Average yield of Aman Paddy in West Bengal

824. (Admitted question No. 1306) **Shri Saiyad Abul Monsur Habibulla :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের আমন ধানের জমিতে গড় ফলন কত ও সেচপ্রাপ্ত জমিতে কত ; এবং

(খ) যে জমিতে সেচের সুযোগ নাই সেই জমিতে ফলন কত ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) গত বৎসর (১৯৬৪-৬৫ সালে) পশ্চিমবঙ্গে একর প্রতি আমন চালের গড় উৎপাদন ১৩·১৮ মণ হইয়াছিল। সেচপ্রাপ্ত জমি ও সেচের সুযোগ নাই এইরূপ জমিতে ফলনের পৃথক হিসাব নাই। কিন্তু প্যাকেজ এলাকায় ফলন হইয়াছিল একর প্রতি ২০ মণ।

Gram-dan

825. (Admitted question No. 1391.) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গ্রামদান আইনের আওতায় কতগুলি গ্রাম কোন জেলায় গ্রাম পরিষদের অন্তর্ভুক্ত হইয়াছে ?

The Minister for Land and Land Revenue : গ্রামদান নিয়মাবলী চূড়ান্ত না হওয়ায় এখন পর্যন্ত গ্রাম পরিষদ গঠিত হয় নাই। সুতরাং গ্রামদান আইনের আওতায় এখনও কোন গ্রাম, গ্রাম পরিষদের অন্তর্ভুক্ত হওয়ার কোন প্রশ্ন উঠে না।

Memorandum to the Chief Minister by some women (fruit sellers)

826. (Admitted question No: 1448,) **Shri Monoranjan Roy :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ৫০ জন মহিলা ফল ও তরকারি ফেরিওয়ালা পুলিশের অত্যাচার সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কাছে ৫ই জুন ১৯৬৩ সালে একটি স্মারকলিপি দিয়াছিল; এবং

(খ) সত্য হইলে, উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছিল ?

The Minister for Home (Police) : (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Grow More Food Scheme in Falakata, Mairadanga and Deogaon Anchals, Jalpaiguri

827. (Admitted question No. 1465.) **Shri Kashi Kanta Maitra :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় ফালাকাটা, ময়রাডাঙ্গা, দেওগাঁও অঞ্চলে অধিক ফসল ফলাও আন্দোলনকে সার্থক করার জন্য রাজ্য সরকারের কৃষিদপ্তরের কয়টি এবং কি কি ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সেই সব স্কীমগুলি দ্রুত চালু করার জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং তা সম্পন্ন করার জন্য কোন সময় নির্দিষ্ট করা হইয়াছে কি না ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ফালাকাটা, ময়রাডাঙ্গা, দেওগাঁও অঞ্চলে কোন ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Seizure of Licensed Firearms in Govt. custody

828. (Admitted question No. 1382.) **Shri Birendra Narayan Roy :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৫ সালের ১লা জানুয়ারী হইতে বর্তমান সময় পর্যন্ত বৈধ লাইসেন্সধারী কিছু ব্যক্তির নিকট হইতে আগ্নেয়াস্ত্রগুলি সরকার নিজ হেফাজতে রাখিয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কয়জনের এরূপ আগ্নেয়াস্ত্র সরকারী হেফাজতে আছে;

(২) উক্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা কি; এবং

(৩) কি কারণে সরকার এরূপ ব্যবস্থা লইয়াছেন ?

The Minister for Home (Police) : (ক) হাঁ।

(খ) (১) ৮৮২ জনের।

(২) জনস্বার্থের খাতিরে নাম ও ঠিকানা প্রকাশ করা সম্ভব নয়।

(৩) আভ্যন্তরীণ নিরাপত্তার প্রয়োজনে এই ব্যবস্থা করা হয়।

Requisition of Police Force from other States

829. (Admitted question No. 1584) **Shri Mrigendra Bhattacharyya :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৫ সালে ৩১।১০।৬৫ পর্যন্ত বাংলার বাহিরের কোন কোন প্রদেশ হইতে কি কি কারণে এবং কি কি কাজের জন্য কতজন পুলিশ আনান হইয়াছিল এবং এ জন্য কি কি বাবদ কত টাকা খরচ হইয়াছে ?

The Minister for Home (Police) : বিহার, উত্তরপ্রদেশ এবং কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনীর অফিসারসহ মোট ১,২২১ জন পুলিশ কলিকাতায় ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন উপলক্ষে আইন ও শৃঙ্খলা রক্ষার সাধারণ কাজের জন্য এবং উত্তর অংশ ভারত পাকিস্তান সীমান্ত সংঘর্ষের জন্য এই রাজ্যে আনান হয়। উত্তরপ্রদেশ হইতে আনীত পুলিশ বাহিনীর রেশন বাবদ কেবলমাত্র ২৮,৫৬৯৲ (আটাশ হাজার পাঁচ শত উনসত্তর) টাকা এ পর্যন্ত খরচ হইয়াছে। অন্যান্য খরচের জন্য দেয় টাকার হিসাব এখনও সংশ্লিষ্ট রাজ্যগুলি হইতে পাওয়া যায় নাই।

Stoppage of supply of Rice from Modified Ration Shops in Kharba P.S., Malda

830. (Admitted question No. 1626) **Dr. Golam Yazdani :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলার খরবা থানার মডিফায়েড রেশন দোকানে চাল দেওয়া বন্ধ করা হইয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি কারণে বন্ধ করা হইয়াছে ;

(২) ঐ নির্দেশ কোন্ তারিখ হইতে কার্যকরী করা হইয়াছে ;

(গ) মালদহ জেলার আর কোন্ কোন্ স্থানে চাল দেওয়া বন্ধ করা হইয়াছে এবং কবে হইতে ;

(ঘ) ইহা কি সত্য যে মালদহ জেলা হইতে হাজার হাজার কুইণ্টাল গম বাহিরে পাঠান হইতেছে ; এবং

(ঙ) সত্য হইলে তাহার পরিমাণ কত এবং কবে হইতে তাহা হইতেছে এবং কাহার নির্দেশে তাহা হইতেছে ?

The Minister for Food and Supplies : (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) (১) নির্দিষ্ট পরিমাণে খাদ্যশস্য বন্টন করাই এম, আর, স্কীমের নির্দ্ধারিত ব্যবস্থা। ঐ খাদ্যশস্যের মধ্যে চাউল বাধ্যতামূলক দফা নহে। চাউল, গম ও গমজাত দ্রব্যের প্রত্যেকটির যে কোন এক সময়ে যেরূপ সরবরাহ থাকে তদনুযায়ী জেলা নিয়ামকের আদেশ সাপেক্ষে উহা বন্টন করা হয়।

(২) চাউল বন্টন ১৫।১০।৬৫ তারিখ হইতে বন্ধ করা হইয়াছে।

(গ) ঐ তারিখ হইতেই মালদহ জেলার জন্য সমস্ত পল্লী অঞ্চলে চাল দেওয়া বন্ধ করা হইয়াছে।

(ঘ) ও (ঙ) মালদহ জেলার চাহিদার অতিরিক্ত গম থাকায় উহা হইতে ২১।১০।৬৫ তারিখ হইতে এ যাবত ১০,০০০ কুইন্টাল গম সরকারী আদেশক্রমে ২৪ পরগণা, হাওড়া ও নদিয়া জেলাতে স্থানান্তরিত করা হইয়াছে।

Procurement of Rice from Rice Mills in Cooch Behar district through Levy System

831. (Admitted question No. 1656) **Shri Sunil Dasgupta :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুচবিহার জেলাতে ১৯৬৫ সালে এ পর্যন্ত কি পরিমাণ লেভীর চাল পাওয়া গিয়াছে;

(খ) কোন্ কোন্ মিল হইতে কি কি পরিমাণ চাল পাওয়া গিয়াছে;

(গ) কোনও মিল হইতে হিসাব অনুযায়ী লেভীর চাউল পাওয়া যায় নাই এরূপ অভিযোগ এ বৎসর সরকার পাইয়াছেন কি; এবং

(ঘ) অভিযোগ পাইয়া থাকিলে তাহার বা তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Food and Supplies : (ক) অক্টোবর ১৯৬৫ পর্যন্ত ২৮৪১০.৭৮ কুইন্টাল।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(গ) হ্যাঁ। একটি মাত্র মিল-এর বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়াছে।

(ঘ) এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বিত হইতেছে। বিষয়টি বর্তমানে পুলিশের তদন্তাধীন আছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 831

Statement showing millwise procurement of rice on Government account this year up to October 1965 in Cooch Behar

(Figures in quintals)

	Rice Mills	Levy rice realised from January to October, 1965
1.	Bhawani Rice Mills, Dinhata	4,546.75
2.	Shri Mahabir Rice and Flour Mill, Haldibari	3,174.48
3.	Sree Sree Kali Rice and Oil Mill, Pundibari	3.309.00
4.	Mohanta Brothers Rice Mill, Cooch Behar	677.25
5.	Sarkar Brothers Rice and Oil Mill, Dewanhat	125·25
6.	Changrabandha Rice and Oil Mill, Changrabhandha	4,542·50
7.	Mohanlal Maheswari, Tapurhat	143.25
8.	Bajoria Agent (P) Ltd., Rice and Oil Mill, Cooch Behar	150·00
9.	Ram Prosad Bania, Cooch Behar	82·50
10.	Mahakali Rice and Oil Mill, Dinhata	5,924·10

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 831—concld.

11.	Jethmal Bothra, Cooch Behar	819·75
12.	Mahaluxmi Milling Products, Dinhata	693·00
13.	N. K. Rice and Flour Mills, Dewanhata	135·00
14.	M. M. Rice Mill, Tufanganj	690·00
15.	Narayan Ch. Saha, Dinhata	70·50
16.	Shri Luxmi Rice Mill, Cooch Behar	2,995·50
17.	Dhurchand Baid, Dinhata	59·25
18.	Nabin Chand Ram, Cooch Behar	102·00
19.	Sankar Brothers Rice Mill, Dewanhat	72·00
20.	Mahaluxmi Mill, Cooch Behar	150·00
21.	Gobinda Ram Oswal, Tufanganj	7·70
	Total ...	28,470·78

Realisation and non-Realisation of Canal Tax at Village Chakta, Burdwan

832. (Admitted question No. 1663.) **Shri Sudhir Chandra Das :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার চাকটা গ্রামে ১৯৬৩ এবং ১৯৬৪ সালে কত ক্যানেল কর আদায় হইয়াছে ;

(খ) ঐ গ্রামে ১৯৬৪ সালে ক্যানেল কর কত অনাদায় আছে ;

(গ) ইহা কি সত্য যে ১৯৬৪ সালে ঐ গ্রামের যে সকল জমিতে সেচের জল দেওয়া হয় নাই যে সকল জমির উপর ক্যানেল কর আদায়ের নোটীশ জারী করা হইয়াছে ;

(ঘ) ইহা সত্য হইলে তাহার কারণ কি ;

(ঙ) ইহা কি সত্য যে ঐ গ্রামের উত্তর ও পশ্চিমদিকের বহু অংশ নদীর ও কাঁদরের জন্য জলমগ্ন থাকে এবং ঐ জলমগ্ন অংশের জমির উপরও ক্যানেল কর আদায়ের নোটীশ জারী হইয়াছে ; এবং

(চ) ইহা সত্য হইলে ঐরূপ নোটীশ জারীর কারণ কি ?

The Minister for Irrigation and Waterways : (ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার চাকটা গ্রামে ১৯৬৩ এবং ১৯৬৪ সালে যথাক্রমে ৪,১৬৮ টাকা ১০ পয়সা এবং ৪,৬৩৬ টাকা ৭০ পয়সা আদায় হইয়াছে।

(খ) উক্ত গ্রামে ১৯৬৪ সালের ক্যানেল কর আদায় বাদে মোট অনাদায়ের পরিমাণ ১০,৫৭৩ টাকা ২০ পয়সা।

(গ) এবং (ঘ) যে সকল জমিতে সেচের জল দেওয়া হয় না সেই সকল জমির উপর ক্যানেল কর ধার্য করা হয় না ; অতএব নোটীশ জারী করার প্রশ্ন উঠে না।

(ঙ) ও (চ) উক্ত গ্রামের উত্তর ও পশ্চিমদিকে বহু অংশে জল সরবরাহ করা হয় না। সুতরাং নোটীশ জারী করার কোন প্রশ্নই উঠে না।

Electrification of Deep Tubewells

833. (Admitted question No. 1695.) **Shri Sanat Kumar Raha :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন জেলায় কয়টি গভীর নলকূপ বসান হইয়াছে এবং কয়টি বৈদ্যুতিক শক্তিতে চালিত আছে।

(খ) পশ্চিমবঙ্গে মোট কয়টি ক্ষেত্রে লিফ্‌ট ইরিগেশন চলিতেছে; এবং

(গ) যথাক্রমে এই গভীর নলকূপের দ্বারা লিফ্‌ট ইরিগেশন দ্বারা মোট কত জমিতে সেচ পাইতেছে?

The Minister of State for Agriculture and Community Development : (ক) এই সম্পর্কীয় একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(খ) পশ্চিমবঙ্গে মোট ৬৮টি লিফ্‌ট ইরিগেশন প্রকল্প চলিতেছে।

(গ) প্রত্যেকটি গভীর নলকূপ এবং লিফ্‌ট ইরিগেশন প্রকল্প হইতে আপাততঃ গড়ে যথাক্রমে ১০০ এবং ১২৫ একর জমিতে জল সরবরাহ করা হইতেছে।

Statement referred to in reply io clause (Ka) of unstarred question No. 833

	District	No. of Tubewells Drilled	No. of Tubewells operated by electricity
		2	3
1.	Nadia	448	173
2.	24-Parganas	159	142
3.	Murshidabad	221	27
4.	Burdwan	126	...
5.	Hooghly	117	1
6.	Howrah	3	...
7.	Birbhum	1	...
8.	Midnapore	29	21
9.	Bankura	59	6
10.	Malda	1	...
11.	Cooch Behar	3	...
12.	Jalpaiguri	10	...
13.	West Dinajpur	4	...
14.	Darjeeling	1	...
	Total	1,182	370

Deep Tubewell for Sundarban Anchal

834. (Admitted question No. 1744.) **Shri Adhar Chandra Haldar :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন অঞ্চলে কৃষিকার্যের জন্য গভীর নলকূপ স্থাপনের কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা;

(খ) এই অঞ্চলে এ পর্যন্ত কোথাও গভীর নলকূপ বসানো হইয়াছে কি না ; এবং

(গ) বসান হইয়া থাকিলে কোথায় কোথায় বসানো হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) বর্তমানে সুন্দরবন অঞ্চলে গভীর নলকূপ বসানোর কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Fixation of price of Paddy

825. (Admitted question No. 1745.) **Shri Kandru Majhi :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংগৃহীত ধান্যের গুণানুসারে মূল্য নির্ধারণ কাহার রিপোর্ট অনুযায়ী হইয়া থাকে ;

(খ) তিনি কি এ বিষয়ে ট্রেনিংপ্রাপ্ত বিশেষজ্ঞ ; এবং

(গ) ধান্যের গুণানুসারে মূল্য নির্ধারণের কি বিধিবিধান আছে ?

The Minister for Food and Supplies : (ক) যে পরিদর্শক যখন ধান্য সংগ্রহ করেন তিনি অতি মিহি শ্রেণী ব্যতীত আর সকল শ্রেণীর ধান্যের দর West Bengal Aman Paddy Price Control Order, 1964 এবং West Bengal Aus and Baro Paddy Price Control Order 1965 অনুসারে স্থির করিয়া থাকেন। অতি মিহি শ্রেণীর দর এই বিভাগীয় ডিরেক্টর অফ্ ইন্সপেক্সন ও কোয়ালিটি কণ্ট্রোলচূড়ান্তভাবে স্থির করেন।

(গ) জেলাতে নিযুক্ত পরিদর্শকগণ এ বিষয়ে ক্রমে ক্রমে ট্রেনিং পাইতেছেন এবং বর্তমানে তাঁহারা ধানের শ্রেণী বিভাগে সক্ষম।

(গ) উপরোক্ত (ক)-তে লিখিত কনট্রোল অর্ডার অনুসারে মূল্য নির্ধারণ করা হইয়া থাকে।

Names of M. R. Dealers residing within five miles of border area in Purulia District

836. (Admitted question No. 1749.) **Shri Kandru Majhi :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বিহার বর্ডার এরিয়ার কত দূরত্বের মধ্যে কোন্ কোন্ থানার মধ্যে কোন্ কোন্ গ্রামে কতগুলি এম, আর, দোকান আছে এবং তাহাদের নাম ও ঠিকানা কি ; এবং

(খ) এইসব এম, আর, দোকানদার বহাল করিবার পূর্বে যথারীতি তদন্ত করা হইয়াছিল কি না এবং কর্তৃপক্ষের আদেশ লওয়া হইয়াছিল কি না ?

The Minister for Food and Supplies : (ক) এতৎসহ সংযোজিত একটি বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

(খ) হাঁ।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 836.

Names of M. R. dealers residing within 5 miles of Border Area

Name of Police-Station		Name of M. R. dealer	Name of Village
Para P.S.	...	Shri Sunil Kumar Tewari	Parbahal
		Shri Ram Kinkar Mahata	Tentuldah
		Shri Suresh Chandra Mahata	Doruda
		Shri Bhibuti Bhusan Sen	Malanchadih
		Shri Sisir Kumar Pandey	Chalunia
		Shri Kalipada Chakraverty	Deoli
Purulia P.S.	...	Shri Bhuban Chandra Baxi	Raniband
		Shri Shib Prd. Pandey	Rudra
		Shri Kaghen Chandra Pandey	Chirka
		Shri Nil Kamal Dubey	Bhuandih
		Shri Ram Kumar Mukherjee	Ghagarjuri
		Shri Durgadas Ojha	Dindiha
		Shri Amulya Ratan Mahato	Chainpur
		Shri Nagendra Nath Mahato	Purda
		Shri Padma Lochan Mahato	Kudhiband
		Shai Sristidhar Mahato	Pizargoria
Joypur P.S.	...	Shri Nagendra Majhi	Sdh
		Shri Hare Krishna Mahato	Bahdudih
		Md. Ismail	Ropo
		Secy., Gunja S. K. US	Gunja
Raghunathpur P.S.	...	Shri Girish Chandra Mahtao	Poradih
		Shri Chunilal Modak	Chelyama
Burdwan P.S.	...	Shri Jagannath Agarwwlla	Burdwan
		Shri Banamali Dey	Chilli
Baghmundih P.S.	...	Suisa S. K. US	Suisa

Cancellation of M. R. dealerships in Purulia district

837. (Admitted question No. 1755.) **Shri Girish Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়ার ডি-ই-বি পুলিশ ১৯৬৪ সালের জানুয়ারী হইতে ২৫-১০-৬৫ তারিখ পর্যন্ত কতগুলি এম-আর দোকান বাতিল করার জন্য সুপারিশ করিয়াছেন এবং তদানুসারে কতগুলি এম-আর দোকান বাতিল হইয়াছে ; এবং

(খ) ১৯৬৪ সালের জানুয়ারী হইতে ৩০এ সেপ্টেম্বর ১৯৬৫ সাল পর্যন্ত ডি-ই-বি পুলিশ কতগুলি এম-আর দোকানদারের বিরুদ্ধে কোর্ট মামলা রুজু করিয়াছে, কতগুলি খালাস পাইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) এই সময়ে সর্বসাকুল্যে ২৬টি এম-আর দোকান বাতিল করার জন্য পুরুলিয়ার ডি-ই-বি পুলিশ সুপারিশ করিয়াছিলেন এবং এই ২৬টি দোকানই তাহাদের সুপারিশক্রমে বাতিল করা হইয়াছে।

(খ) উক্ত সময়ের মধ্যে ৪ জন দোকানদারের বিরুদ্ধে ডি-ই-বি পুলিশ মামলা রুজু করিয়াছে এবং মামলাগুলি বিচারাধীন আছে।

Inspection of Rice Mills in Purulia District

838. (Admitted question No. 1772.) **Shri Kandru Majhi :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ডিস্ট্রীক্ট কন্ট্রোলার মহোদয় নিয়মিতভাবে সকল মিলের কাজকর্ম পরীক্ষা বা পরিদর্শন করেন কিনা ;

(খ) উত্তর যদি 'হঁ্যা' হয় তবে গত এক বছরে কোন্ কোন্ মিল কোন্ কোন্ তারিখে পরিদর্শন বা পরীক্ষা করিয়াছেন এবং পরীক্ষা বা পরিদর্শনান্তে মিলের ইন্সপেকসন বহিতে নিয়মমাফিক সহি করিয়াছেন এবং সেইভাবেই টি-এ বিল লইয়াছেন ; এবং

(গ) গত এক বছরে পুরুলিয়া জেলা হইতে কোন্ তারিখে কত চাউল বা ধান কোন্ জেলায় পাঠান হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) সরকারী পরিদর্শকগণ মিলের কাজ পরিদর্শন করেন। তাঁহারা ব্যতীত জেলা নিয়ামকও প্রয়োজন বোধে মিলগুলি পরিদর্শন করিয়া থাকেন।

(খ) এ সম্বন্ধে একটি বিবরণী সংস্থাপিত করা হইল। মিলে মিলের রেজিস্টার ব্যতীত আলাদা কোন ইন্সপেকসান বহি নাই। টি-এ বিল ডাইরীর সহিত চেক্ করিয়া নিয়মমাফিক জেলা ম্যাজিস্ট্রেট পাশ করিয়া থাকেন।

(গ) এ সম্বন্ধে একটি বিবরণী সংস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 838

জেলা নিয়ামকের মিল পরিদর্শনের তারিখ।	যে-স্থানে মিল পরিদর্শন করা হইয়াছে তাহার নাম।
১।১।৬৫	বলরামপুর
৫।৪।৬৫	রঘুনাথপুর ও আদ্রা
৯।৪।৬৫	বলরামপুর
১।৫।৬৫	বলরামপুর ও কোরাং
৭।৫।৬৫	হুড়া
৯।৫।৬৫	কোরাং ও বলরামপুর
১৩।৫।৬৫	দুবড়া
১৪।৫।৬৫	বলরামপুর
২৮।৫।৬৫	বলরামপুর
৩১।৭।৬৫	কোরাং
১।৮।৬৫	আনাড়া (Husking mill)
১২।৯।৬৫	কোরাং ও বলরামপুর
১৫।৯।৬৫	রঘুনাথপুর
৪।১০।৬৫	আদ্রা
১৭।১০।৬৫	কোরাং
১৯।১০।৬৫	রঘুনাথপুর, কাশীপুর ও তালাজুড়ি
২১।১০।৬৫	হুড়া
৩১।১০।৬৫	বলরামপুর

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 838

Details about Rice and Paddy despatched from Purulia District to the different districts during the year 1965

Date of despatch	Name of district	Paddy	Rice
1-1-65 to 20-5-65	Calcutta	270,796,900 Grams	..
8-1-65 to 20-5-65 } 30-10-65 to 3-11-65 }	Calcutta		3,915,343,800 Grams
3-8-65 to 27-8-65	Murshidabad		996,743,640 Grams
24-9-65 to 25-10-65	Nadia		843,257,061 Grams
March '65 to July '65	Jalpaiguri (on trade account)		76,454,000 Grams
July '65	Asansol Subdivision (on trade Account)		5,000,000 Grams

Consumers Co-operative Stores in Midnapore District

839. (Admitted question No. 1897.) **Shri Anangamohan Das :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত বৎসর কয়টি সমবায় বিপণন সমিতি খাদ্যশস্যের ব্যবসা করিয়াছিল ;

(খ) উহাদের প্রত্যেকে উক্ত সময়ে কত ধান ও চাল ক্রয় করিয়াছিল এবং কত কিভাবে বণ্টন করিয়াছিল ;

(গ) উক্ত সময়ে সরকার উহাদের প্রত্যেককে কিরূপ সাহায্য করিয়াছিলেন ; এবং

(ঘ) যে সকল সমবায় বিপণন সমিতি খাদ্যশস্যের ব্যবসা উক্ত সনে করে নাই তাহাদের নাম কি ?

The Minister for Co-operation : (ক) এগারটি। (খ) এ সম্পর্কে একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 839

	ধান্য		চাউল	
	ক্রয় কুইন্টাল	বিক্রয় কুইন্টাল	ক্রয় কুইন্টাল	বিক্রয় কুইন্টাল
১। পিংলা থানা কো-অপ্ মার্কেটিং সোসাইটি লিঃ	১,৯৫৮.১১	২,০৮১.৫১		
২। জি,কে,এস, কো-অপ্ মার্কেটিং সোসাইটি লিঃ	৩৬.৫১	৩৮.৮১		
৩। কেশিয়ারী সমবায় বিপণন সমিতি লিঃ	৫৫৩.১৪	৫৬৯.১৯		

উপরোক্ত তিনটি সমিতির প্রত্যেকটি নিকটবর্তী চাউলকলে তাহাদের ধান্য বিক্রয় করিয়াছিল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 839—contd.

	ধান্য		চাউল	
	ক্রয় কুইণ্টাল	বিক্রয় কুইণ্টাল	ক্রয় কুইণ্টাল	বিক্রয় কুইণ্টাল
৪। হলদিয়াহাটা থানা কো-অপ্, মার্কেটিং সোঃ লিঃ	...	...	১,৬৫০.৪২	৩,৩৮৯.৩৯
৫। নন্দীগ্রাম থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ।	১১.৭৯	১১.৫৪	৮০.৫৮	৮০.৫৭

৪নং ও ৫নং সমিতি রেশনকার্ডের বরাদ্দ অনুযায়ী চাউল বন্টন করিয়াছিল।

৬। মহিষাদল থানা কো-অপ্, এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ।	...	...	৯১৪.০০	৯১৪.০০
৭। কোলাঘাট কো-অপ্, মার্কেটিং সোসাইটি লিঃ	...	...	১,২৯৭.০০	১,২৮৭.০০
৮। পাঁশকুড়া থানা কো-অপ্, মার্কেটিং সোঃ লিঃ	...	...	৩৩৫.০০	২,৯৯.০০

৬নং, ৭নং এবং ৮নং সমিতি পারমিট অনুযায়ী অনুমোদিত ব্যবসায়িগণকে চাউল বন্টন করিয়াছিল। তাহা ছাড়া ৬নং সমিতিটি অপর ব্যক্তিগণকেও রেশনকার্ডের বরাদ্দ অনুযায়ী চাউল বন্টন করিয়াছিল।

৯। পটাশপুর থানা কো-অপ্, মার্কেটিং সোঃ লিঃ	১,৭২০.০০	১,৭২০.০০	...	...
১০। এগরা থানা কো-অপ্, মার্কেটিং সোঃ লিঃ	৬৯.০০	৬৯.০০	...	...
১১। ভগবানপুর থানা কো-অপ্, মার্কেটিং সোসাইটি লিঃ	১৮.০০	১৮.০০	...	...

৯নং, ১০নং এবং ১১নং সমিতি সরকারী গুদামে উহাদের ধান বিক্রয় করিয়াছিল।

(গ) ১নং হইতে ৮নং পর্যন্ত সমিতিগুলিকে ধানচালের ব্যবসার ব্যাপারে কোনরূপ সরকারী সাহায্য দেওয়া হয় নাই। ৯নং হইতে ১১নং সমিতিগুলিকে ব্যাঙ্ক গ্যারাণ্টিতে মিন ক্রেডিট দেওয়া হইয়াছিল এবং ঐ তিনটি সমিতিতে সরকারী খরচে একজিকিউটিভ অফিসার নিয়োগ করা হইয়াছিল।

(ঘ) ১। খড়্গপুর সেণ্ট্রাল কো-অপ্ মার্কেটিং সোসাইটি লিঃ

২। গোপীবল্লভপুর থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

৩। কেশপুর থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

৪। ঝাড়গ্রাম কেন্দ্রীয় সর্বার্থসাধক সমবায় বিপণন সমিতি লিঃ

৫। সবং থানা লার্জসাইড কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

৬। দাঁতন ডেভেলপমেণ্ট ব্লক 'টু' লার্জসাইড কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোঃ লিঃ

৭। চন্দ্রকোণা থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

৮। ময়না থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

৯। পরমানন্দপুর কৃষি ও বিপণন সমবায় সমিতি লিঃ

১০। তমলুক ইউনিয়ন নং ১৩ কৃষিজ বিপণন সমবায় সমিতি লিঃ

১১। তমলুক ইউনিয়ন নং ৭ কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

১২। খেজুরী থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

১৩। রামনগর থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

১৪। কাঁথি থানা কো-অপ্ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ

Yatra Parties in Midnapore District

840. (Admitted question No. 1902.) **Shri Anangamohan Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় লাইসেন্সপ্রাপ্ত কতগুলি যাত্রাদল আছে ;

(খ) গত ১৯৬৪ সালে ঐ জেলায় কয়টি যাত্রাদল সরকার হইতে কি হারে সাহায্য পাইয়াছে ; এবং

(গ) লাইসেন্স বিহীন কয়টি যাত্রাদল গত ১৯৬৪ সালে সরকার হইতে সাহায্য পাইয়াছে ?

The Minister for Education : (ক) দল হিসাবে যাত্রা পার্টিগুলিকে কোন লাইসেন্স দেওয়া হয় না। তবে বিশেষ বিশেষ অভিনয়ের জন্য যাত্রাদলকে জেলা শাসকের অফিস হইতে অনুমতিপত্র দেওয়া হয়।

(খ) ও (গ) যাত্রাদলগুলিকে নিম্নরূপ আর্থিক সাহায্য দেওয়া হইয়াছিল :—

১৯৬৩-৬৪ ৮০টি এককালীন ৪০৲ (প্রতিদলকে চল্লিশ টাকা হারে)

১৯৬৪-৬৫ ৮৫টি এককালীন ৪০৲ (প্রতিদলকে চল্লিশ টাকা হারে)

Office of Divisional Commissioner

841. (Admitted question No. 1922.) **Shri Mrigendra Bhattacharyya :** স্বরাস্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে "ডিভিশনাল কমিশনার"এর পোস্ট ও অফিসসমূহ উঠিয়ে দেওয়ার বিষয় সরকার চিন্তা করিতেছেন ;

(খ) সত্য হইলে, কতদিনে উহা কার্যকরী করা হইবে এবং ইহার কারণ কি ; এবং

(গ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ ডিভিসন্যাল অফিসে অফিসারদের এবং ক্লাস ফোর স্টাফদের বেতন বাবদ কত টাকা খরচ হইয়াছে ?

The Minister for Home (General Administration) : (ক) এরূপ কোন প্রশ্ন সরকারের বিবেচনাধীন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) একটি বিবরণী এই সঙ্গে পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 841

বিবরণী

ডিভিশন	অফিসারদের বেতন বাবদ ব্যয়				ক্লাশ ফোর স্টাফদের বেতন বাবদ ব্যয়			
	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
	টাকা	টাকা	টাকা	টাকা	টাঃ পঃ	টাঃ পঃ	টাঃ পঃ	টাঃ পঃ
প্রেসিডেন্সী বিভাগ	৫২,৭৫৭	৪৬,২৭০	৪৯,৮৫০	৪২,১০০	১১,৫৯৩.৯৬	২৫,০১৫.০৪	২৪,৮১৭.০৬	২৫,০২১.৫৩
বর্ধমান বিভাগ	৪৭,২২৬	৪৮,৫৩০	৫৫,০৫৬	৫৪,৩৪৬	১৫,২২৪.০০	১৬,৮৪৫.০০	১৭,২২৮.০০	১৮,১৪৮.০০
জলপাইগুড়ি বিভাগ	...	...	৩৭,০১৮	৪৩,৯৪৪	৬,৪১২.০০	৯,০৩৮.০০	১২,০০০.০০	১৩,৩০০.০০

বিশেষ দ্রষ্টব্য :—১৯৬৩-৬৪ হইতে জলপাইগুড়ির জন্য স্বতন্ত্র বিভাগ স্থাপিত হইয়াছে। তাহার পূর্বে জলপাইগুড়ি ও প্রেসিডেন্সী লইয়া একটি বিভাগ ছিল।

Airconditioning of Minister's and Officer's Rooms

842. (Admitted question No. 1924.) **Shri Mrigendra Bhattacharyya :** গত ১লা মার্চ ১৯৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৩১০নং (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৫) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের জানুয়ারী মাস হইতে ১০ই নভেম্বর, ১৯৬৫ তারিখের মধ্যে কোন মাসে কোন কোন্ মন্ত্রীর বা অফিসারের অফিস ঘর বা থাকিবার সরকারী বাড়ী শীতাতপ নিয়ন্ত্রিত করা হইয়াছে ;

(খ) কোন্ বাড়ীর জন্য কত টাকা খরচ হইয়াছে ; এবং

(গ) জরুরী অবস্থার জন্য সরকারী সর্বস্তরে ব্যয় সংকোচনের মহড়া চলা কালে এইরূপ ব্যয় বৃদ্ধির কারণ কি ?

The Minister for Public Works : (ক) এতদসহ একটি বিবরণী পেশ করা হইল।

(খ) বিবরণীটির চতুর্থ স্তম্ভ দ্রষ্টব্য।

(গ) সাম্প্রতিক পাকিস্তানী আক্রমণ এবং তজ্জনিত জরুরী পরিস্থিতির পূর্বেই এইসব কাজ মঞ্জুরী করা হইয়াছিল। গত আগষ্ট মাসের মধ্যে কাজগুলি মোটামুটি শেষ হইয়া যায়।

Statement referred to in reply clause (Kha) of unstarred question No. 842

	মন্ত্রীর/অফিসারের নাম	অফিস ঘর বা থাকিবার সরকারী বাড়ী	কাজ হওয়ার সময়	খরচের পরিমাণ
	(১)	(২)	(৩)	(৪)
				টাকা
১।	শ্রীশৈল কুমার মুখার্জী	বিধান সভার গৃহে অফিস ঘর	জুন হইতে আগষ্ট	১০,০৩৯
২।	শ্রীতরুণকান্তি ঘোষ	,,	,,	১০,০৩৯
৩।	শ্রীবিজয় সিং নাহার	,,	,,	১০,০৩৯
৪।	শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্য	,,	,,	১০,০৩৯
৫।	শ্রীঈশ্বরদাস জালান	,,	,,	৮,৪৩৫
৬।	শ্রীরবীন্দ্রলাল সিংহ	,,	,,	৮,৪৩৫
৭।	শ্রীফজলুর রহমান	,,	,,	৮,৪৩৫
৮।	শ্রীমতী পূরবী মুখার্জী	,,	,,	৮,৪৩৫
৯।	শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়	,,	,,	৮,৪৩৫
১০।	শ্রীসৌরেন্দ্র মোহন মিশ্র	,,	,,	৮,৪৩৫
১১।	শ্রীমতী আভা মাইতি	,,	,,	৮,৪৩৫
১২।	শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর	,,	,,	৫,৭৮৮
১৩।	শ্রীতেনজিং ওয়াংদি	,,	,,	৫,৭৮৭
১৪।	শ্রীসুবিমল দত্ত (ভিজিল্যান্স কমিশনার, ওয়েষ্ট বেঙ্গল)	,,	মে মাসে	৭,৯৫০
				১,১৮,৭২৬

Ration Cards at Jhargram

843. (Admitted question No. 1934.) **Shri Surendranath Mahata :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম সহরে বর্তমানে কতগুলি রেশন কার্ড চালু আছে ; এবং

(খ) উক্ত সহরে এ পর্যন্ত কতগুলি রেশন কার্ড ভুয়া বলিয়া ধরা পড়িয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) ৩,৮৮৭ খানি।

(খ) মোট ২৬ ইউনিটের ৬ খানি ভুয়া রেশন কার্ড ধরা পড়িয়াছে। এছাড়া ১৯৭টি বাড়তি ইউনিটও ধরা পড়িয়াছে।

Requisition of land for rehabilitation of refugees

844. (Admitted question No. 1955.) **Dr. Radhakrishna Singha and Birendra Narayan Ray :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের জন্য সরকার কিছু জমি এ্যাকুইজিসন বা রিকুইজিসন করিয়াছিলেন ;

(খ) করিয়া থাকিলে, জেলাওয়ারী তাহা কত ;

(গ) বর্তমানে উক্ত জমিগুলির কোনটি কাহার দখলে আছে ; এবং

(ঘ) বীরভূম জেলার (১) সুপুর আমবাগান ক্যাম্প এবং (২) মুর্শিদাবাদ জেলার কুমিটোলা ক্যাম্পে বর্তমানে কয়জন উদ্বাস্তু আছেন ?

The Minister for Refugee Relief and Rehabilitation : (ক) হাঁ ;

(খ) সংযোজিত তালিকা দ্রষ্টব্য ;

(গ) দখলীকৃত জমি উদ্বাস্তু পুনর্বাসনকল্পে বন্টন করা হইয়াছে ;

(ঘ) বর্তমানে পশ্চিমবঙ্গে উদ্বাস্তুগণের শিবির বা ক্যাম্প নাই, ১৯৬১ সালের মার্চ মাসের মধ্যে সকল শিবির বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। রাজ্যের বাহিরে পুনর্বাসন গ্রহণ করিতে অনিচ্ছা প্রকাশ করিয়া বহু উদ্বাস্তু পরিবার উক্ত সময় হইতে শিবির অঞ্চলেই রহিয়া গিয়াছেন। বীরভূম জেলার সুপুর আমবাগান শিবিরাঞ্চলে ১২৪টি পরিবার এবং মুর্শিদাবাদ জেলার কুমিটোলা শিবিরাঞ্চলে ২৩০টি পরিবার এখনও অবস্থান করিতেছেন।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 844

উদ্বাস্তু পুনর্বাসনের জন্য সংগৃহীত জমির জিলাওয়ারী তালিকা :—

ক্রমিক নং	জিলার নাম	জমির পরিমাণ (একর)	মন্তব্য
১।	২৪-পরগনা	২৪,০৪১-৪১	
২।	নদিয়া	৮,৭০৭-৮৭	
৩।	মুর্শিদাবাদ	২,৯৬৭-৯০	
৪।	মালদহ	১,৫৪৬-৭৮	
৫।	পশ্চিম দিনাজপুর	৩২৩-৭৮	
৬।	কুচবিহার	২,২২৮-৩৪	

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 844—concld.

ক্রমিক নং	জিলার নাম	জমির পরিমাণ (একর)	মন্তব্য
৭।	জলপাইগুলি	৫,৫২০-৩৯	
৮।	দার্জিলিং	১৮২-০৫	
৯।	হাওড়া	৪৩৮-২৩	
১০।	হুগলী	১,৯৯৭-৬৫	
১১।	বীরভূম	৯৮৯-৫৮	
১২।	বাঁকুড়া	৩৫৪-০৮	
১৩।	বর্ধমান	২,০৮৫-৩২	
১৪।	মেদিনীপুর	৬,৫৮৬-০৬	
১৫।	পুরুলিয়া	১৩-২৫	
	মোট	৫৭,৯৮২-৬১	

Moharars in the Joint Sub-Registry Office of Tamluk and Moyna

845. (Admitted question No. 1980.) **Shri Ananga Mohan Das:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক এবং ময়না জয়েন্ট সাব-রেজেস্ট্রী অফিসে যথাক্রমে কতজন মোহরার ও অতিরিক্ত মোহরার কাজ করেন;

(খ) উহাদের বেতনের হার কি এবং বেতন বাদে আর কি কি বাবদ টাকা তাহাদিগকে দেওয়া হয়; এবং

(গ) ময়না সাবরেজেস্ট্রী অফিসে লাইসেন্স প্রাপ্ত কতজন দলিল লেখক আছে?

The Minister for Judicial: (ক) মেদিনীপুর জেলার তমলুক নিবন্ধন কার্য্যালয়ে দুইজন মোহরার ও এগারজন অতিরিক্ত মোহরার কাজ করেন। উক্ত জেলার ময়নায় অবস্থিত যুগ্ম নিবন্ধন কার্যালয়ে একজন মোহরার এবং চারজন অতিরিক্ত মোহরার কাজ করেন।

(খ) মোহরাদের বেতনের হার হইতেছে ১০০—৩—১৩৬—৪—১৪০ টাকা। বেতন বাদে মোহরারগণ দুর্মূল্য ভাতা পাইয়া থাকেন। তাঁহারা চিকিৎসা সংক্রান্ত সুবিধা পাইবারও অধিকারী। অতিরিক্ত মোহরারগণ প্রতি তিনশত শব্দ সম্বলিত দশ পৃষ্ঠা নকল করিলে এবং ঐরূপ কুড়ি পৃষ্ঠা মিলাইয়া দেখিলে একটাকা হারে পারিশ্রমিক পাইয়া থাকেন। পারিশ্রমিক বাদে তাঁহাদের প্রথম অন্তবর্তীকালীন ও দ্বিতীয় অন্তবর্তীকালীন ভাতা, বোনাস, অতিরিক্ত বোনাস, দুর্মূল্য ভাতা এবং নগদ ভাতা দেওয়া হয়।

(গ) বর্তমানে পনরজন লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক আছেন।

Orphanages

846. (Admitted question No. 2200.) **Shri Surendra Nath Mahata:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পরিচালিত কতগুলি অনাথ আশ্রম আছে;

(খ) কোথায় কোথায় আশ্রম আছে; এবং

(গ) কোন্ আশ্রমে কতজন অনাথ বালকবালিকা বর্তমান আছে?

The Minister for Education : (ক) অনাথ আশ্রম (অর্ফানেজ) বলিতে যাহা বুঝায়, সেইরূপ আশ্রম বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের শিক্ষা বিভাগের পরিচালনাধীনে একটিও নাই, তবে যদি অনাথ আশ্রম বলিতে সমাজ কল্যাণ ভবন সোশ্যাল ওয়েলফেয়ার হোম বুঝায় তবে শিক্ষা বিভাগের পরিচালনাধীনে ঐরূপ ভবন দশটি আছে।

(খ) ও (গ) সংশ্লিষ্ট তথ্যাদি নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 846.

	সমাজ কল্যাণ ভবনের নাম	বালক সংখ্যা	বালিকা সংখ্যা
১।	আমতলা স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ বোটানিক গার্ডেন, হাওড়া	৮৪	...
২।	বানিপুর নরসিংহদাস কোটারী স্টেট ওয়েলফেয়ার হোম, ইউনিট-১, পোঃ বৈগাছি, ২৪-পরগনা	২৪৯	...
৩।	ঐ, ইউনিট-২	২৩৯	...
৪।	ঐ, ইউনিট-৩	২৪৫	...
৫।	বানিপুর স্টেট ওয়েলফেয়ার হোম, ক্যাম্প-১, পোঃ বৈগাছি, ২৪-পরগনা	১১৮	...
৬।	বাঁকুড়া স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ বাঁকুড়া	...	১৪৬
৭।	সেন্ট্রাল স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ	১২৬	...
৮।	কন্টাই স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ কন্টাই, মেদিনীপুর	...	১৪১
৯।	মণীন্দ্র মিলস স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ কাশিমবাজার, মুর্শিদাবাদ	৩৯	...
১০।	ধান্যকুড়িয়া গার্লস স্টেট ওয়েলফেয়ার হোম, পোঃ ধান্যকুড়িয়া, ২৪-পরগনা	...	১৯৯

Upgrading of 4-Class Junior High Schools into 10-Class High Schools in Jhargram Subdivision

847. (Admitted question No. 2001.) **Shri Surendra Nath Mahata :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের অক্টোবর মাস পর্যন্ত মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহাকুমায় কোন্ কোন্ ফোর ক্লাস জুনিয়ার হাই স্কুলকে টেন ক্লাসে উন্নীত করা হইয়াছে; এবং

(খ) কোন্ কোন্ বিদ্যালয়ের টেন ক্লাশে উন্নীত করিবার আবেদন বিবেচনাধীন আছে?

The Minister for Education : (ক) নিম্নলিখিত ফোর ক্লাস জুনিয়র হাইস্কুলগুলিকে দশম শ্রেণীযুক্ত হাইস্কুলে উন্নীত করা হইয়াছে :—

১৯৬৪ সালে

১। নটাপুর জুনিয়ার হাইস্কুল।

২। পাথরা জে-সি-এস-সি জুনিয়ার হাইস্কুল।

৩। খালশুলি জুনিয়ার হাইস্কুল।

১৯৬৫ সালে

১। চোরেচিতা জুনিয়ার হাইস্কুল।

২। বাকরা এস জুনিয়ার হাইস্কুল।

৩। মহাপাল জুনিয়র হাইস্কুল।

৪। খরিকা জুনিয়ার হাইস্কুল।

৫। বাঁশদা এস-সি জুনিয়ার হাইস্কুল।

(খ) ১। বাঁশ পাহাড়ী জুনিয়ার হাইস্কুল।

২। বালিগেরিয়া জুনিয়ার হাইস্কুল।

৩। পেটবিন্ধি ডি-কে-এম জুনিয়ার হাইস্কুল।

৪। তিলাবনি জুনিয়ার হাইস্কুল।

৫। কেশিয়া পাতা জুনিয়ার হাইস্কুল।

Levy on paddy

848. (Admitted question No. 2026.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পরিবারের লোকসংখ্যার ভিত্তিতে খাদ্যশস্য ছাড় দেওয়া হইবে কিনা ; এবং

(খ) একর ভিত্তিতে লেভি ধার্য্য করার সহিত পরিবারের লোকসংখ্যার বিষয় বিবেচনা করা হইবে কিনা ?

The Minister for Food and Supplies : (ক) না।

(খ) না।

Total acreage of land under paddy cultivation and production of rice per acre

849. (Admitted question No. 2057.) **Shri Anadi Das :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২ সাল হইতে ১৯৬৪-৬৫ পর্যন্ত প্রতি বৎসর পশ্চিমবঙ্গে কত পরিমাণ জমিতে ধানচাষ হইয়াছিল ; এবং

(খ) ঐ বৎসরগুলিতে একর প্রতি কত পাউণ্ড চাল উৎপাদিত হইয়াছিল ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ও (খ) :—

সাল	পশ্চিমবঙ্গে মোট ধানচাষের জমির পরিমাণ (লক্ষ একর)	গড়ে একর প্রতি উৎপন্ন চাউলের পরিমাণ (পাউণ্ড)
১৯৬১-৬২	১০৯.২৬	৯৬৭.৭০
১৯৬২-৬৩	১০৯.৮৪	৮৮৫.৪৪
১৯৬৩-৬৪	১১১.৯৭	১,০৫০:০২
১৯৬৪-৬৫	১১৫.৪২	১,১০০.২২

Rice and Paddy purchasing centres in Murshidabad District

850. (Admitted question No. 2064.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় কতগুলি চাউলের ও ধানের সরকারী ক্রয় কেন্দ্র খোলা হইবে এবং কোথায় কোথায় এই কেন্দ্র হইবে ?

The Minister for Food and Supplies : এতদ্‌সহ সংযোজিত একটি বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 850.

District—Murshidabad

Name of the Police station	Name of the Assembling Point	Name of the P.Gs. opened in addition to Assembling Points
Kandi	Kandi	
	Gokarna	Natungram, Puran darpur
	Mahaland	...
Barwan	Kuli	...
	Nima	Panuti, Sundarpur, Panchthupi
Khargram	Eroali	Parulia
	Hatpara	Khargram
	Indrani	Nonadanga, Joypur
Bharatpur	Salar	Bazarsahu, Simulia
	Bharatpur	Amlai, Tenya
	Jajan	...
Berhampur	Khagra	Khagraghat Road
Beldanga	Saktipore	...
	Chourigachha	...
	Beldanga	Kalitola, Sargachhi
Nowda	Trimohini	Sarbangapur Patikabari
Hariharpara	Hariharpara	Baruipara
Domkal	Domkal	Garaimari
Jallangi	Jallangi	Sagarpara
Raninagar	Raninagar	Islampore
Lalgola	Lalgola	...
Bhagwangola	Bhagwangola	...
Nabagram	Nabagram	Rainda, Iyra,
	Panchgram	...
Jiaganj	Jiaganj	Azimganj
Sagardighi	Sagardighi	Sekhardighi, Manigram Sahapur, Mahipal.
Raghunathganj	Raghunathganj	Mandalpur, Mirjapur
Suti	Nimtita	Bahutali, Banshabati
Samserganj	Dhulian	...
Farakka	Farakka	Nisindra, Bindugram
Murshidabad	...	Lalbagh

Family allowances to the D.I.R. Detenus

851. (Admitted question No. 2065.) **Shri Sanat Kumar Raha :** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ভারতরক্ষা আইনে ধৃত রাজবন্দীদের মধ্যে কতজনের ভাতার আবেদন রাজ্য সরকারের বিবেচনাধীন আছে ;

(খ) কতজন ভাতা পাইবেন না বলিয়া সরকার কর্তৃক নির্দেশ দেওয়া হইয়াছে ; এবং

(গ) কি কি কারণে ভাতা বন্ধ হয় ?

The Minister for Home (Special) : (ক) ভারতরক্ষা আইনে ধৃত বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত ব্যক্তিদের মধ্যে ৩৮ জনের পারিবারিক ভাতা মঞ্জুরের প্রশ্ন বিবেচনাধীনে আছে।

(খ) ১২ জন ভাতা পাইবেন না বলিয়া স্থির হইয়াছে।

(গ) বন্দী মুক্ত হইলে ভাতা দেওয়া বন্ধ হয়। যাঁহার নামে ভাতা প্রেরণ করা হয় তিনি মারা গেলে পরবর্তী গ্রহীতার নাম না জানা পর্যন্ত সাময়িকভাবে ভাতা প্রদান স্থগিত রাখা হয়। ইহা ছাড়া অন্য কারণে ভাতা দেওয়া বন্ধ হয় না।

Schemes for water supply and drainage for south Subarban Municipality

852. (Admitted question No. 2100.) **Shri Rabindra Nath Mukhopadhyay :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to refer to the reply to clause (b) of question No. 283 (Admitted question No. 818) as mentioned in the questions for written answer of the 14th List, dated Thursday, the 18th November, 1965, and submit a brief outline of the schemes now being implemented under the interim schemes for water supply and drainage only for the South Subarban Municipality ?

The Minister for Development and Planning : Brief outlines of the South Subarban Water Supply Scheme (2nd phase) and the Manikhali Basin Drainage Scheme are appended herewith.

Statement referred to in reply to unstarred question No 852

Brief outline of South Subarban Water Supply Scheme (Second Phase)

South Suburban Water Supply Scheme has been drawn up for a designed population of 1.75 lakhs for which a supply of 3.5 m g.d. is required @ 20 g.p.c.d. This water would be drawn from 10 Nos. of 6" dia. tube-well by pumping 16 hours a day each tube-well yielding 22,000 g.p.h.

The municipality has been divided into five new zones for the purpose of the Scheme. The present distribution of population is however very irregular and more than 80 per cent. of the population is concentrated in the northerm three zones. The southern two zones are very sparsely populated and the developments too are very widely

scattered. For the purpose of deriving the maximum benefit from a limited capital outlay the entire water supply scheme has been divided into two phases, of which phase I has been completed. Phase II consisting of waterworks for the southern two zones and some extension of the work of the Northern three zones.

Works under phase II of the scheme would include complete waterworks and distribution system for the remaining portion of the municipality not covered by works under phase I, additional tube-wells for four number of zones : elevated reservoir for three number of zones and extension of distribution mains as necessary have also been included so as to effect a complete and comprehensive water supply system throughout the municipal areas.

The scheme was prepared in year 1958 and works are being taken up. The growth of population of the Municipality has not been very uniform as envisaged earlier. The municipal authorities have requested to consider this factor before taking up execution. Any addition and alteration that may be necessary due to this factor in the present scheme will be made.

Brief outline of the Manikhali Basin Drainage Scheme

Area :

The Basin covers an area of 22 Sq. miles of land of which about 3.31 Sq miles lie within the jurisdiction of the Calcutta Corporation and remaining 18 69 Sq. miles within the notice-stations of Metiabruz, Garden Reach, Behala and Mahestala of 24-Parganas district. It incorporates the whole of Garden Reach Municipal area and a portion of the South Suburban Municipal area, west of Diamond Harbour Road.

The Scheme :

The sanctioned schemes estimated to cost of Rs.30 lakhs provides for (i) resectioning of the new Manikhali Khal, the old Manikhali Khal and the Hayatpur Khal, (ii) excavation of new branch channels with regulators at their outfall ends, (iii) additional sluice and remodelling of existing sluices at the outfall of the new Manikhali Khal, (iv) a single vented sluice at the outfall and of the Old Manikhali Khal, (v) strengthening and repairing of the existing sluices on Hayatpur Khal, and (vi) remodelling and reconstructing the Railway and road bridges and other ancillary works.

Benefits :

Out of total basin area of 22 Sq miles 18 Sq. miles are non-agricultural and the remaining 4 Sq. miles are agricultural in nature out of which 1 Sq. mile will be fully benefited and 3 Sq. miles will be partly benefited. The removal of drainage congestion in the urban and semi-urban areas will be a boon from the point of view of sanitation and would help in industrial growth.

Possession of a land in Uluberia Mauza, Howrah

853. (Admitted question No. 2106.) **Shri Abanikumar Basu :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া মৌজার ৮২৬ নং খতিয়ানভুক্ত ১৯০ দাগের জমিটি বর্তমানে কাহার দখলে আছে ;

(খ) ঐ জমিটি কি উলুবেড়িয়া মহকুমা শাসককে জমা বিলি করা হইয়াছিল ; এবং

(গ) যদি "খ" প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে কাহার পক্ষ থেকে কবে ঐ জমিজমা বিলি করা হয় ?

The Minister for Land and Land Revenue : (ক) উলুবেড়িয়া ইনষ্টিটিউট এবং ভিক্টোরিয়া মেমোরিয়াল লাইব্রেরীর দখলে আছে।

(খ) উক্ত জমি যখন উলুবেড়িয়া ইনষ্টিটিউট-এর সভাপতিকে লিজ দেওয়া হয় তখন মহকুমা শাসক পদাধিকার বলে উহার সভাপতি ছিলেন।

(গ) ১৯৪১ সালের খাস মহল বিভাগ কর্তৃক লিজ দেওয়া হয়।

Total area of forests in Purulia District and scheduled rate of fuel

854. (Admitted question No. 2139.) **Shri Adwaita Mandal :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পুরুলিয়া জেলায় বন অঞ্চল কত ;

(খ) পুরুলিয়া জেলায় 'কুপ' করিয়া ঠিকাদারের মাধ্যমে বিক্রয় হয় কি ; এবং

(গ) উক্ত জংগলের জ্বালানী কাঠের কোন অনুমোদিত দর আছে কি ?

The Minister of State for Forests : (ক) ৩৩৮.২৮ বর্গ মাইল।

(খ) হাঁ, হয়।

(গ) হাঁ, আছে।

Yield rate of Paddy in Sankrail police-station, Howrah

855. (Admitted question No. 2140.) **Shri Dulalchandra Mondal :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হাওড়া জেলার শাঁকরাইল থানার মধ্যে যে সমস্ত ধানী জমি আছে সরকারী কৃষি বিভাগ এই সমস্ত জমিতে বিঘা প্রতি ১০ মণ গড় ফলন হয় বলিয়া হিসাব করিয়াছেন ; এবং

(খ) যদি ইহা সত্য হয় তাহলে কিসের ভিত্তিতে এই হিসাব ধরা হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) থানাভিত্তিক কৃষি পরিসংখ্যান রাখা হয় না।

(খ) প্রশ্ন উঠে না।

Per capita expenditure in different types of schools

856. (Admitted question No. 2180.) **Shri Sambhu Charan Ghosh :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

Per capita expenditure in different types of Secondary Schools and Primary Schools, i.e., Government Schools, schools managed by District Board and Municipalities, aided and unaided schools?

The Minister for Education : A Statement is laid on the table.

Statement referred to in reply to unstarred question No. 856.

Statement showing per capita expenditure in different types of institutions on 31st March, 1964

Sl. No.	Management	Per capita expenditure in Higher Secondary School	High School	Junior High School	Senior Basic School	Primary/ Junior Basic School
		Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1.	Government	247·92	129·75	134·38	58·93	32·97
2.	District Board	...	...	56·50	...	...
3.	District School Board	...	...	...	...	30·22
4.	Municipal Board	144·96	97·01	97·55	...	53·79
5.	Aided	121·84	80·68	66·11	102·99	34·55
6.	Unaided	177·27	88·27	54·99	...	65·95

N.B.—The figures are provisional.

Street accidents in the Diamond Harbour Road

857. (Admitted question No. 2413.) **Shri Rabindra Nath Mukhopadhyay :** Will the Minister-in-charge of the Home (Police) Department be please state—

(a) No. of street accidents in the Diamond Harbour Road within the South Subarban Municipality in the year 1964 and the latest available figure for the year 1965, and

(b) No. of fatal cases during the above noted period?

The Minister for Home (Police) :

	1964	1965 (up-to-date)
(a)	126	108
(b)	9	7

Production of Paddy in Irrigated and non-irrigated lands in the State

858. (Admitted question No. 2216.) **Shri Sanat Kumar Raha :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জমির ধান্য ফলনের হার সেচ এলাকা ও অসেচ এলাকায় মোটামুটি গড় কত;

(খ) সেচ এলাকায় সর্বোচ্চ ফলন সাধারণভাবে কত এবং কোন্ কোন্ এলাকায় এবং সর্বনিম্ন কত কোন্ কোন্ এলাকায়;

(গ) অসেচ এলাকায় জমির ফলন (ধান্য) কোন্ এলাকায় সর্বোচ্চ কত এবং কোন্ এলাকায় সর্বনিম্ন কত; এবং

(ঘ) যে সমস্ত এলাকায় সর্বনিম্ন পরিমাণ ফলন হয় সেই সমস্ত লেভির হারও কি সর্বোচ্চ ফলন এলাকার সমান হইবে?

The Minister of State for Agriculture and Community Development : (ক), (খ) ও (গ) সেচ ও অসেচ এলাকা হিসাবে ফলনের কোন পরিসংখ্যান রাখা হয় না। কেবলমাত্র জেলা ভিত্তিক (অর্থাৎ সমগ্র জেলার) ফলনের হার সম্বন্ধে পরিসংখ্যান রাখা হয়। সুতরাং এই তথ্য প্রদান করা সম্ভব নয়।

(ঘ) সেচ এলাকায় ও অসেচ এলাকায় লেভির হার বিভিন্ন। সেচ এলাকায় অবস্থিত সকল জমির উপর লেভির হারও একই প্রকারের। অসেচ এলাকায় অবস্থিত সকল জমির উপর লেভির হারও একই প্রকারের। শস্যহানীর ফলে ক্ষতিগ্রস্ত উৎপাদকের উপর লেভির হার হ্রাস করিবার ক্ষমতা জেলা সমাহর্তাদিগকে দেওয়া হইয়াছে।

Small Irrigation Schemes in Jhargram and Midnapore Sadar North Subdivisions

859. (Admitted question No. 2225.) **Shri Mahendra Nath Mahata :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be please to state—

(a) how many small irrigation schemes were submitted by the local M.L.A's and how many enquired into by the Government for their feasibility in 1963-64 and 1964-65 in Jhargram Sub-division and Midnapur Sadar North Subdivision;

(b) how many of them were taken up and how many completed and their names; and

(c) how many of the feasible remaining schemes are likely to be taken up this year?

The Minister of State for Agriculture and Community Development : (a), (b) and (c) A statement containing the required information is attached.

Statement referred to in reply to unstarred question No. 859.

Jhargram Subdivision

Number of Small Irrigation Schemes submitted by Local M.L.A.'s			How many enquired into by Government for their feasibility			How many of them were taken up	How many of them were completed	And their names	How many of the feasible remaining schemes are likely to be taken up this year
1963-64	1964-65	Total	1963-64	1964-65	Total				
47	16	63	47	16	63	13	12	(1) Astajuri S.I. Scheme (2) Chhandpura S.I. Scheme (3) Jharna S.I. Scheme (4) Kasal reservoir S.I. Scheme (5) Jamtalgora S.I. Scheme (6) Ukhaldoba S.I. Scheme (7) Dhabai Khal Bundh S.I. Scheme (8) Sukhnukhali Bundh under S.I. Scheme (9) Chotogaharia Bundh under T.R. Scheme (10) Bhalukhulia Bundh under S.I. Bundh (11) Baincha to Bundh Gora Veri Bundh under T. R. Scheme (12) Kanyadiha Tank under T.R. Scheme.	1

Sweetmeat stalls in Calcutta

860. (Admitted question No. 2250.) **Shri Aswni Ray :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও সহরতলী এলাকার মিষ্টান্ন বিক্রয় সংস্থার (সুইটমিট স্টলস) কোনও সংখ্যা তথ্য আছে কি ; এবং

(খ) থাকিলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৫ সালে ৩১এ মার্চ এবং ১৯৬৫ সালের ১লা সেপ্টেম্বর উক্ত সংস্থায় নিয়োজিত মোট কর্মচারীর সংখ্যা ?

The Minister for Labour : (ক) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ দোকান সংস্থা আইনে রেজিস্ট্রীভুক্তির জন্য যে সমস্ত মিষ্টান্ন প্রতিষ্ঠানের নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছে তাহাদের সংখ্যা তথ্য আছে।

(খ) ১৯৬৫ সালের ৩১এ মার্চ পর্যন্ত সময়ের জন্য কোন ভিন্ন সংখ্যা তথ্য নাই। ১৯৬৫ সালের ১লা সেপ্টেম্বর পর্যন্ত ৩,৩৫৪টি মিষ্টান্নের দোকান ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন অনুসারে রেজিস্ট্রেশনের জন্যে দরখাস্ত করিয়াছেন এবং তাহাদের কর্মচারীর সংখ্যা ৬,৯৪০ জন।

T.A., D.A., etc., drawn by Subdivisional Magistrates and Civil Supply Officers of Midnapore District

861. (Admitted question No. 2261.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমা ম্যাজিস্ট্রেট এবং মহকুমা সিভিল সাপ্লাই অফিসারগণ গত ১৯৬৪-৬৫ সালে সরকারী তহবিল হইতে কত টাকার ডি, এ, টি, এ, এবং অন্যান্য ভাতা লইয়াছেন ; এবং

(খ) উহার মধ্যে কত করিয়া টাকা নিজ মহকুমার বাহিরে যাওয়ার জন্য প্রদত্ত হইয়াছিল ?

The Minister for Home (General Administration) : (ক) ম্যাজিস্ট্রেটগণ ৮,০৪৪ টাকা ৪০ পয়সা। মহকুমা সিভিল সাপ্লাই অফিসারগণ ৭,০৭৩ টাকা ৬০ পয়সা।

(খ) মহকুমা ম্যাজিস্ট্রেটদের ক্ষেত্রে—৩,৩৭৯ টাকা ৭৪ পয়সা। মহকুমা সিভিল সাপ্লাই অফিসারদের ক্ষেত্রে—১,১৪৩ টাকা ৬০ পয়সা।

Proposal for establishment of a hospital under Barrackpore Development Block

862. (Admitted question No. 2276.) **Shri Gopal Basu :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর উন্নয়ন ব্লকের অধীনে কোনও হাসপাতাল প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে কয়টি এবং কোথায় ?

The Minister for Health : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Number of periodicals published from Nadia District

863. (Admitted question No. 2285.) **Shri Kanai Pal:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক পত্রিকার সংখ্যা কত; পত্রিকাগুলির নাম কি এবং কোন্‌টির প্রচার সংখ্যা কত; এবং

(খ) ১৯৬০ সাল হইতে আজ পর্যন্ত সরকার কোন্‌টিতে কত টাকার বিজ্ঞাপন দিয়েছেন?

The Minister for Information and Public Relations: (ক) নদিয়া হইতে প্রকাশিত পত্র পত্রিকার তালিকা ও প্রচার সংখ্যা:

		প্রচার সংখ্যা	জেলা সমাহর্তা কর্তৃক প্রদত্ত প্রচার সংখ্যা
	সাপ্তাহিক		
১।	বঙ্গরত্ন	পাওয়া যায় নাই	৪৩৫
২।	নবদ্বীপ বার্তা	১,০৯১	১,৮০০
৩।	নদীয়া মুকুর	৮৬	৫০০
	পাক্ষিক		
১।	অগ্নিযুগ	পাওয়া যায় নাই	...
২।	বিদ্যুৎ	১,৪৯৯	...
৩।	চাষী মজদুর	পাওয়া যায় নাই	...
৪।	নদীয়া সমাচার	৩৬৭	...
৫।	নদীয়া দর্পণ	৩৬২	৪৫০
৬।	নদীয়ার মান	পাওয়া যায় নাই	...
৭।	বার্তাবহ রাণাঘাট	৫০০	...
	মাসিক		
১।	অগ্নিবীণা	১২৫	...
২।	গৌড়ীয় পত্রিকা	১,০০০	...
৩।	হোমশিখা	পাওয়া যায় নাই	৭,২৬১
৪।	মিলন-বীথি	পাওয়া যায় নাই	...
৫।	সাত্বিক	পাওয়া যায় নাই	৯৮৬
৬।	সাহিত্যশ্রী	২০০	...
৭।	শ্রীগৌড়ীয় দর্শন	পাওয়া যায় নাই	...
৮।	সূচনা	পাওয়া যায় নাই	...

উপরিলিখিত তালিকা ভারত সরকারের রেজিস্ট্রার অব্ নিউজ পেপারের বার্ষিক বিবরণী (১৯৬৪) হইতে সংকলিত।

(খ)		টাকা পয়সা
১।	নদীয়ার কথা	৩৮৬.০০
২।	বঙ্গরত্ন	১,৬৩৮.২৫
৩।	নদীয়া দর্পণ	৫৯৪.০০
৪।	নদীয়া সমাচার	২২.৫০
৫।	নদীয়া মুকুর	৭০৭.৯৫
৬।	নবদ্বীপ বার্তা	৪৬৫.০০
৭।	হোমশিখা	২,১৪৫.০০
৮।	সাপ্তিক	২৪৫.০০
৯।	বার্তাবহ	১৭২.০০

ইহা ছাড়াও বিভিন্ন এজেন্সি মারফৎ এবং জেলা সমাহর্তা কর্তৃক উপরোক্ত পত্র-পত্রিকা-গুলিতে বিজ্ঞাপন দেওয়া হইয়াছে। তাহার পূর্ণ তালিকা প্রস্তুত করা সময়সাপেক্ষ। কেবলমাত্র সরাসরি তথ্য দপ্তর হইতে প্রদত্ত বিজ্ঞাপনের হিসাব দেওয়া হইল।

Facilities of fishing in the tanks within the Presidency Jail Compound to the detenus

864. (Admitted question No. 2306.) **Shri Kanai Pal :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্য যে প্রেসিডেন্সী জেলে আটক রাজবন্দীদের গত ১৯৪৯।৫০ সালে এই জেলে ভিতরকার পুকুরে ছিপে মাছ ধরার অধিকার দেওয়া হয়েছিল, কিন্তু বর্তমানে সে অধিকার থেকে তাঁদের বঞ্চিত করা হচ্ছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, সরকার অনুগ্রহ করে জানাবেন কি ঐ সময় এই মাছ ধরার ব্যাপারে কি কোন সর্ত ছিল, যদি থেকে থাকে সেগুলি কি এবং বর্তমানে রাজবন্দীদের মাছ ধরতে না দেওয়ার কারণ কি?

The Minister for Home (Jails) : (ক) ইংরেজী ১৯৪৯।৫০ সালে তৎকালীন পৌর কারার (প্রেসিডেন্সী জেল) ডেটিনিউদের কারাভ্যন্তরের পুকুরে ছিপে মাছ ধরিবার জন্য অনুমতি দেওয়া হইয়াছিল কিনা তাহা কাহারও জানা নাই। এই বিষয়ে কোন নথি এ দপ্তরে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Protection of Balurghat town

865. (Admitted question No. 2323) **Shri Rabindranath Mukhopadhayay :** Will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) What action, if any, has so far been taken by Government for the protection of Balurghat town and for the protection of the people of that town inhabiting on the northern bank of the Khari from floods; and

(b) The amount of money, if any, sanctioned for this purpose?

The Minister for Irrigation and Waterways : (a) Necessary protective works from Congresspara to the District Magistrate's Bungalow under the Balurghat Town Protection Scheme (Phase I) have already been completed. The scheme covers protection of a part of the northern bank of the Khari river.

(b) Rs. 8,71,000.

Quarters for the Jail Warders of Dum Dum Central Jail

866. (Admitted question No. 2342.) **Shri Monoranjan Hazra :** স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম সেণ্ট্রাল জেল ওয়ার্ডারদের সংখ্যা কত ;

(খ) সংখ্যানুপাতে কতজন ওয়ার্ডার কোয়ার্টার পাবার অধিকারী ;

(গ) ইহা কি সত্য যে একটি পরিবার থাকার কোয়ার্টারে একাধিক পরিবারকে স্থান দেওয়া হয়েছে এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি ?

The Minister for Home (Jails) : (ক) ২৫৩ জন।

(খ) ইহার কোন আনুপাতিক হিসাব নাই। সমস্ত ওয়ার্ডারদেরই ব্যারাকে থাকিবার ব্যবস্থা আছে। তবে কিছু সংখ্যক ওয়ার্ডারদের পরিবার লইয়া থাকিবার জন্য সরকারী কোয়ার্টার দেওয়া হয়।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Potable water in Dum Dum Central Jail

867. (Admitted question No. 2348.) **Shri Monoranjan Hazra :** স্বরাস্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দমদম সেণ্ট্রাল জেলে পানীয় জল ব্যবহার যোগ্য নয় বলে বিশেষজ্ঞগণ মতামত প্রকাশ করেছেন ; এবং

(খ) সত্য হইলে সরকার প্রতিকারের কি ব্যবস্থা করেছেন ?

The Minister for Home (Jails) : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Treatment and training in the School of Physical Medicine attached to the S. S. K. M. Hospital

868. (Admitted question No. 2356.) **Dr. Radhanath Chattoraj :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এস. এস. কে. এম হাসপাতালে স্কুল অফ্ ফিজিক্যাল মেডিসিন-এর মাধ্যমে গত তিন বৎসরে প্রতি বৎসর কতজন রোগীর চিকিৎসা হইয়াছে ;

(খ) ঐরূপ চিকিৎসা প্রণালী পশ্চিমবাংলার আর কোন্ কোন্ হাসপাতালে আছে ;

(গ) প্রতিটি জেলায় ঐরূপ চিকিৎসা ব্যবস্থার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) ঐ হাসপাতালে বর্তমানে স্কুল অফ্ ফিজিক্যাল মেডিসিনে বিশেষজ্ঞ ডাক্তারের সংখ্যা কত এবং ঐ স্কুল হইতে গত তিন বৎসরের প্রতি বৎসর কতজন ডাক্তার বিশেষজ্ঞর ডিপ্লোমা পাইয়াছেন ?

The Minister for Health: (ক) স্কুল অফ্ ফিজিক্যাল মেডিসিনে চিকিৎসিত রোগীর সংখ্যা গত তিন বৎসরে নিম্নরূপ ছিল :—

১৯৬২-৬৩	...	২৮,৩০৯ জন।
১৯৬৩-৬৪	...	২৫,৬৬১ জন।
১৯৬৪-৬৫	...	২৬,৩৩৬ জন।

(খ) আর কোন হাসপাতালে নাই। (গ) না। (ঘ) এই শিক্ষা প্রতিষ্ঠানে ফিজিওথেরাপি এবং অকুপেশন্যাল থেরাপিতে শিক্ষণপ্রাপ্ত ডাক্তারের সংখ্যা একজন। কোন ডাক্তার এই প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা পান নাই কারণ এখানে ডাক্তারদের স্নাতকোত্তর (বিশেষজ্ঞের) ডিপ্লোমা দেওয়ার ব্যবস্থা নাই।

Wheat grinding Centres at Bishnupur, Bankura

869. (Admitted question No. 2387.) **Shri Radhika Dhibar:** ত্রাণ ও ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর সহরে যে গম ভাঙ্গা যাঁতা সেন্টার আছে তাহাতে কতজন মহিলা টেষ্ট রিলিফে গম ভাঙ্গিয়া থাকেন ;

(খ) উক্ত সেন্টারটা কাহার কর্তৃত্বাধীনে পরিচালিত হইয়া থাকে ;

(গ) উহার পে-মাষ্টার ও মোহরারের নাম কি এবং কে ইহাদিগকে নিয়োগ করিয়াছেন : এবং

(ঘ) যেসমস্ত মহিলা উক্ত সেন্টারে গম ভাঙ্গিয়া জীবিকা নির্বাহ করে তাহাদের নিয়োগ ও বাতিল কাহার আদেশে ও কিরূপ ভিত্তিতে হইয়া থাকে ?

The Miniter for Relief and Social Welfare: (ক) ৩০৯ জন।

(খ) শাসকের কর্তৃত্বাধীনে বিষ্ণুপুর মহিলা সমিতি কর্তৃক পরিচালিত হইয়া থাকে।

(গ) পে মাষ্টার শ্রীমতী শিবানী ব্যানার্জী। মোহরার (ওয়ার্কস ক্লার্ক) (১) শ্রীমতী দুর্গা হাজরা এবং (২) শ্রীমতী মুকুল রায়। মহকুমা শাসকের অনুমোদনক্রমে স্থানীয় বি, ডি, ও, কর্তৃক তাঁহারা নিযুক্ত হইয়াছেন :

(ঘ) জীবিকা নির্বাহের অন্য কোন ব্যবস্থা নাই এইরূপ দুঃস্থ কর্মক্ষম মহিলারা আলোচ্য প্রকল্পে কাজ করিতে পারেন। এই প্রকল্পে কাজ করিবার যোগ্যতা সম্পর্কে প্রয়োজনীয় সিদ্ধান্ত স্থানীয় বি, ডি, ও, মহাশয় করিয়া থাকেন। প্রকল্পে কার্যরত কোন মহিলার পরবর্তী সময়ে জীবিকা নির্বাহের কোন ব্যবস্থা হইলে এইরূপ মহিলা, এবং শারীরিক অক্ষমতা ইত্যাদি কারণে কেহ কেহ, এই প্রকল্পে কাজ করিবার অনুপযুক্ত বলিয়া বিবেচিত হইতে পারেন।

T. R Schemes sanctioned for Purulia district

870. (Admitted question No. 2408.) **Shri Girish Mahato:** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ কোন্ ব্লকে টি আর স্কীমে ১৯৬২-৬৩ সালে কতগুলি বাঁধ মঞ্জুর হইয়াছিল্;

(খ) আজ পর্যন্ত কতগুলির কার্য সম্পূর্ণ হইয়াছে ; এবং

(গ মানবাজার থানায় কতগুলির কাজ সম্পূর্ণ হইয়াছে ?

The Minister for Relief and Social Welfare : (ক) ব্লক অনুযায়ী মঞ্জুরীকৃত বাঁধের সংখ্যা দেওয়া হইল—

পুঞ্চা ৩টি, ঝালদা (১নং) ১টি, ঝালদা (২নং) ১টি, হুড়া ১টি, কাশীপুর ২টি, রঘুনাথপুর (১নং) ১টি।

(খ) উপরোক্ত নয়টি বাঁধের কার্য সম্পূর্ণ হইয়াছে।

(গ) মানবাজার থানায় ১৯৬২-৬৩ সালে সহায়ক কাজের মাধ্যমে কোন বাঁধের কার্য মঞ্জুর করা হয় নাই।

Inclusion of the village Dakshin Dhadka within Asansol Municipality

871. (Admitted question No. 2471.) **Shri Bejoy Pal :** স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল থানায় অবস্থিত দক্ষিণ ধাদকা গ্রামটি সম্প্রতি আসানসোল পৌর সভার অন্তর্ভুক্ত করা হইয়াছে কি ; এবং

(খ) হইয়া থাকিলে, তাহা কি ভিত্তিতে করা হইয়াছে ?

The Minister for Local Self-Government : (ক) হাঁ।

(খ) ১৯৩২ সালের বংগীয় পৌর আইনের ৬ (১) (ডি) ধারায় এবং উক্ত ধারার অনুবিধি (প্রোভাইসো) (২) ও (৪) এ বর্ণিত সর্তাদির ভিত্তিতে।

Grant of loans or subsidies to fishermen for augmenting fish production

872. (Admitted question No. 780.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether there is any arrangement for granting loans or subsidies to fishermen for augmenting fish production in the State ; and

(b) if so, the amount of loans and grants paid to individual fisherman and also to co-operative societies in each district during 1964-65 ?

The Minister for Fisheries : (a) Yes.

(b) A list showing the amount of loans and subsidies granted to fishermen and to their co-operatives in each district during 1964-65 is placed on the Library Table.

Firearms

873. (Admitted question No. 1379.) **Shri Birendra Narayan Ray :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর জেলাওয়ারী কতগুলি বেআইনী আগ্নেয়াস্ত্র পুলিশ ধরিতে পারিয়াছে (কি কি প্রকারের আগ্নেয়াস্ত্র তাহার তালিকা সহ) ;

(খ) এতৎসংশ্লিষ্ট ব্যাপারে কতজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে ;

(গ) কয়টি ক্ষেত্রে আসামীদের কি কি শাস্তি হইয়াছে ;

(ঘ) কয়টি ক্ষেত্রে আসামীরা খালাস পাইয়াছে;
(ঙ) কয়টি ক্ষেত্রে মামলা এখনও চলিতেছে; এবং
(চ) কয়টি ক্ষেত্রে উক্ত আগ্নেয়াস্ত্রগুলির সম্ভাব্য মালিকের কোনও সন্ধান পুলিশ করিতে পারে নাই?

The Minister for Home (Police) : (ক) হইতে (চ) একটি তথ্য সম্বলিত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Loans sanctioned for reclamation of tanks in Midnapore district

874. (Admitted question No. 1890.) **Shri Anangamohan Das :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে মেদিনীপুর জেলায় কোন্ থানায় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য পুকুর সংস্কার বাবদ কত টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছিল;
(খ) ঐ সকল পুকুরগুলির কয়টির সংস্কার করা হইয়াছে এবং মাছ চাষ হইতেছে; এবং
(গ) যে সকল ব্যক্তি ঐ বাবদ টাকা লইয়া এখনও কাজ আরম্ভ করে নাই তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা লওয়া হইতেছে এবং তাহাদের সংখ্যা কত?

The Minister for Fisheries : (ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় মাছের উৎপাদন বৃদ্ধির জন্য পুকুর সংস্কার বাবদ প্রদত্ত ঋণের একটি থানাওয়ারী তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ঐ সকল পুকুরের মধ্যে ২৫৮টি পুকুরের সংস্কার করা হইয়াছে এবং মাছ চাষ হইতেছে।

(গ) তিন ব্যক্তি ঐ বাবদ টাকা লইয়া এখনও কাজ আরম্ভ করেন নাই। তাহাদের মধ্যে দুইজন আরও এক বৎসর করিয়া সময় প্রার্থনা করিয়াছেন এবং পুকুর-সংস্কার বাবদ টাকা খরচ না করার জন্য তৃতীয় ব্যক্তির নিকট উহা আদায় করার ব্যবস্থা করা হইতেছে।

Purchasing Centres for food articles

875. (Admitted question No. 2024.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার হইতে নূতন খাদ্যনীতি প্রবর্তনের পর সবসাকুল্যে এজেন্সি, সমবায় ও সরকারী ক্রয় কেন্দ্রসহ মোট কতগুলি খাদ্যশস্য ক্রয় কেন্দ্র হইবে, এবং
(খ) কোন্ নীতির ভিত্তিতে এইরূপ কেন্দ্র খোলা হইবে এবং কয় মাইলের মধ্যে ঐরূপ কেন্দ্র হইবে?

The Minister for Food and Supplies : (ক) এই পর্যন্ত যতগুলি খাদ্যশস্য ক্রয় কেন্দ্র খোলা হইয়াছে তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ইহা ব্যতীত উপরোক্ত ক্রয় কেন্দ্রগুলি হইতে দূরবর্তী স্থানে বাস করে এইরূপ কৃষকগণ যাহাতে তাহাদের শস্য সরকারী এজেন্টদের নিকট বিক্রয় করিবার সুবিধা পাইতে পারে সেই উদ্দেশ্যে গ্রামাঞ্চলে আরো কিছু ক্রয় কেন্দ্র খুলিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন। এই সমস্ত ক্রয় কেন্দ্রের মোট সংখ্যা কত হইবে তাহা বলা সম্ভব নহে কারণ ক্রয় কেন্দ্র খোলা হইবে অবস্থা ও প্রয়োজন অনুযায়ী।

(খ) খাদ্য কেন্দ্রগুলি সেই সমস্ত স্থানে খোলা হইয়াছে যেখানে গ্রামাঞ্চল হইতে বহুল পরিমাণে ধান ও চাউল বিক্রয়ের জন্য আনা হয়। ভবিষ্যতে আরো যে সমস্ত অতিরিক্ত ক্রয় কেন্দ্র খুলিবার কথা, উপরোক্ত কেন্দ্রগুলি হইতে দূরে বসবাসকারী কৃষকদের সুবিধা দিবার প্রয়োজন অনুসারে তাহাদের স্থান নির্বাচন করা হইবে।

Modified rationing operation in the districts of Purulia and Murshidabad

876. (Admitted question No. 2135.) **Shri Adwaita Mandal & Shri Birendra Narayan Ray:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারী ১৯৬৫ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত (১) পুরুলিয়া জেলার ও (২) মুর্শিদাবাদ জেলার কত ব্যক্তিকে মডিফায়েড রেশন দেওয়া হইয়াছে (মাসওয়ারী); এবং

(খ) উক্ত রেশনে কি কি খাদ্যদ্রব্য দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies: (ক) ও (খ) এ সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে সংস্থাপিত করা হইল।

inancial assistance to the Libraries in Hooghly district

877. Admitted question No. 2235.) **Shri Monoranjan Hazra:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ এই দুটি আর্থিক বৎসরের মধ্যে হুগলী জেলার কতগুলি পাঠাগারকে অর্থ সাহায্য করা হয়েছিল; এবং

(খ) পাঠাগারগুলির নাম ও দেয় অর্থের পরিমাণ?

The Minister for Education: (ক) ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ এই দুইটি আর্থিক বৎসরের মধ্যে হুগলী জেলায় যে সকল পাঠাগারকে অর্থ সাহায্য করা হইয়াছিল তাহার সংখ্যা—১৯৬২-৬৩ সালে ১১২টি এবং ১৯৬৩-৬৪ সালে ১২৭টি।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Registered Co-operative Societies in Egra police-station, Midnapore

878. (Admitted question No. 2237.) **Shri Hrishikesh Chakravarty:** সমবায় সমিতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় এ পর্যন্ত রেজিস্ট্রীকৃত কোন্ কোন্ অঞ্চলে কি কি প্রকারের সমবায় সমিতি রহিয়াছে;

(খ) এই এলাকার মধ্যে কোন্ কোন্ সমবায় সমিতি লিকুইডেটেড্ ও বিভিন্ন কারণে অকেজো অবস্থায় আছে;

(গ) উক্ত সমবায় সমিতিগুলির মধ্যে ১৯৬৫ সালের বাবদ কে কত টাকা কেন্দ্রীয় সমিতি হইতে কৃষিঋণ পাইয়াছে;

(ঘ) বর্তমান বৎসর সরকারী খাদ্য সংগ্রহ নীতি চালু হইবার কালে গ্রামের কোন্ কোন্ সমিতি খাদ্য ক্রয় করিবার ভার গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) বর্তমান বৎসর সরকারীভাবে সংগৃহীত খাদ্য গুদামজাত করিবার জন্য কোন্ কোন্ সমবায় সমিতির তদারকে গুদাম রহিয়াছে?

The Minister for Co-operation: (ক) হইতে (ঙ) বিস্তারিত বিবরণ লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

ADJOURNMENT MOTIONS

Mr. Speaker: I have received four notices of Adjournment Motions—

(1) from Shri Panchu Gopal Bhaduri whose motion runs thus:

The House do now adjourn to discuss a matter of urgent and grave public importance namely, failure of the State Government to provide promised ration from the 1st January to persons of "A" category in the rural areas, when shut in by strictest cordoning there is immense suffering and deprivation of food on these sections of people.

(2) from Shri Kashi Kanta Maitra whose motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of public importance and of recent occurrences namely, the dismal food situation in Nadia and other deficit districts.

(3) from Shri Nani Bhattacharyya, Shri Nikhil Das and Shri A. H. Besterwitch whose motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrences namely, refusal of the Government to accept the food programme of the United Left Front and initiation in its stead, by the Government, of a food policy which has given rise to extensive black-marketing throughout the State causing suffering to the people.

(4) from Shri Nikhil Das and Shri A. H. Besterwitch whose motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrences namely, death of Makhan Lal Dutta, a driver of Calcutta State Corporation due to an attack by some notorious persons on the 22nd December, 1965 on a procession of the employees of Calcutta State Transport Corporation.

I have withheld consent to all the notices.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: The Minister of Food & Supplies will please make a statement on the subject of acute scarcity of Kerosene oil in Calcutta, called attention by Shri Somnath Lahiri on the 21st December, 1965.

Shri Smarajit Bandyopadhyay: I will make a statement to-morrow.

Mr. Speaker : To-morrow it will be given to the members. But in this session I find that many other statements promised for a particular day are being postponed to the next day or some other day. I am not talking about this solitary case, this particular season.

Shri Samarjit Bandyopadhyay : আমাদের ফুড এ্যাণ্ড সাপ্লাই মিনিস্টার, চিফ মিনিস্টার আসেননি বলে ফাইলে সই হয়নি সেইজন্ত আমি এই স্টেটমেন্টটা দিতে পারছিনা।

Mr. Speaker : মিঃ ব্যানার্জী, ডোন্ট মিসআণ্ডারষ্ট্যাণ্ড মি, আমি আমার এক্সপিরিয়েন্স থেকে বলছি এর আগে অনেকবার দেখেছি যে স্টেটমেন্টগুলি যেদিন দেবেন বলা হয় সেইদিন বলেন কাল দেবো, পরশু দেবো। এটা একটা সিংগিল অকেশন নয়। তবে আজকের যেটা এইরকম যদি পার্টিকুলার সারকমস্টান্সেস হয়, আজকে যেমন চিফ মিনিস্টার আটকে আছেন। It is my duty or my business to see that it is not pressed for on the day.

I have received eight notices of Calling Atrention on the following subjects, namely :

1) Recognition of Indian College of Arts and Crafts—from Shri Aswini Roy, Shri Gopal Banerjee, Sm. Ila Mitra and Dr. A. M. O. Ghani,

2) Non-availability of Kerosene oil in the rural areas of Burdwan district—from Shri Aswini Roy and Shri Haridas Chakravarty.

3) Retrenchment and lay off workers in the Cotton Textile Industry of West Bengal—from Shri Panchu Gopal Bhaduri.

4) Scarcity of foodgrains in Malda district—from Dr. Golam Yazdani.

5) Death of a person in police lock up of Bharatpur P. S., Dt Murshidabad—from Shri Abhoypada Saha.

6) Want of supply of rice in modified rationing areas in the deficit pockets of Murshidabad district—from Shri Sanat Kumar Raha.

7) Death of Shri Makhanlal Dutta in procession of State Transport workers—from Shri Sanat Kumar Raha.

8) Permit for rice for individual families from their own lands—from Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of want of supply of rice in modified rationing area in the deficit pockets of Murshidabad district. The Hon'ble Minister-in-charge will please make a statement or give a date.

Shri Smarajit Bandyopadhyay : Sir, I will make the statement on Monday next.

CONVICTION OF MEMBER

Mr. Speaker : Honourable members, I have to report that intimation has been received by me that Shri Kanai Pal, a member of this House, has been convicted under section 11 of the West Bengal Security Act, 1950, and sentenced to rigorous imprisonment for two years by the Magistrate (First Class), Ranaghat, on the 17th December, 1965.

Shri Narayan Choubey : স্যার, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রীর স্থানে যিনি আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেটা হচ্ছে এই আমাদের মেদিনীপুর জেলাকে সারপ্লাস জেলা বলে বলা হয়, অনেক ধান চাল হয়, সেই জেলাতে প্রকিওরমেণ্টের ব্যাপারে, লেভির ব্যাপারে, আগে বলা হয়েছিল মিলগুলিকে যে মিলের গেটে তারা ধান কিনবে। তারপর বলা হয়েছিল যে কোন কোন জায়গাতে, দু'একটা থানাতে যেমন কেশপুর থানাতে তারা হাটেগঞ্জে ধান কিনতে পারবে। কিন্তু আমাদের জেলাতে হাটে-গঞ্জে, প্রত্যেক থানাতে মিলগুলিকে ধান কিনতে দেওয়া হচ্ছে যার ফলে সরকারী কো-অপারেটিভ বিভাগও আপত্তি করেছে যে এইভাবে যদি মিলগুলিকে ধান কিনতে দেওয়া হয় তাহলে প্রকিওরমেণ্ট বানচাল হয়ে যাবে। বর্তমানে মিল থেকে হিসাব বহির্ভূত ধান চাল পাওয়া গিয়েছে। আমাদের জেলাশাসক এবং খাদ্য বিভাগের যিনি বড় কর্তা তাঁদের এই যে মিল মালিক প্রীতি এর ফলে আমাদের সরকারের যে ধান চাল সংগ্রহের নীতি সেটা বানচাল হবে। আমি সে জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের মেদিনীপুর জেলায় সবচেয়ে বেশী ধান হয় অথচ আমাদের জেলাতে বীরভূম বাঁকুড়ার চেয়ে ধান সংগ্রহ কম হয়েছে।

Shri Panchu Gopal Bhaduri : মিঃ স্পীকার, স্যার, আমি যে এ্যাডজোর্ণমেণ্ট মোশনটি এনেছিলাম সেটা বর্তমান সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রামাঞ্চলে যারা চাষ করেনা, যাদের জমি নেই কিম্বা যারা অকৃষক জনসাধারণ সেই রকম লোকের মধ্যে যে দুঃখ দুর্দশা বিশেষ করে ঘাটতি এলাকায় যেখানকার ধান চাল সেখানকার লোকের অভাব পূরণ করতে পারেনা, অত্যন্ত সাংঘাতিক হয়েছে। আমি জানি আমার যে এলাকায় বসবাস তারই প্রান্ত সীমাতে যেসব গ্রাম এলাকা, সেখানকার লোকেরা কার্যতঃ সহরবাসী, সহরে তাদের কাজকর্ম কিন্তু গ্রামবাসী বলে সহরের র‍্যাশন পায়না এবং গ্রামের মডিফায়েড র‍্যাশান মারফত র‍্যাশান ১লা জানুয়ারী থেকে দেবার কথা ছিল তাও দেওয়া হয়নি, কাজেই তারা ২০০/৩০০ গ্রাম করে সপ্তাহে পাচ্ছে যার ফলে তাদের ভীষণ কষ্ট উপস্থিত হয়েছে এবং বাইরে কর্ডোন এত স্ট্রিক্ট যে এমন কি সেখানকার বুড়ী স্ত্রীলোকও যদি ১ কেজি চাল নিয়ে আসে তবে তাকে ভীষণভাবে মারধর করা হয়। সেদিক থেকে সমস্ত বন্ধ হয়ে গিয়েছে যার ফলে সাংঘাতিক দুরবস্থার সৃষ্টি হয়েছে এবং সংগে সংগে গভর্নমেণ্টের প্রতি দারুণ অবিশ্বাস এবং অনাস্থার সৃষ্টি হচ্ছে, তাতে আমার দুঃখ নেই কিন্তু গভর্নমেণ্টের সংগে অনাস্থা সৃষ্টির সংগে সংগে যে জিনিসটা অত্যন্ত সাংঘাতিক সেটা হচ্ছে প্রকিওরমেণ্ট সম্বন্ধে যে অবিশ্বাস সৃষ্টি হতে চলেছে এবং তার মধ্যে দিয়ে চোরাকারবারীদের গ্রোথটা ক্রমশঃ ক্রমশঃ সমস্যার ব্যাপার হয়ে উঠছে। এই অবস্থায় খুব ভাল হতো যদি মাননীয় স্পীকার মহাশয় আমার এ্যাডজোর্ণমেণ্ট মোশনটার অনুমতি দিতেন। অনুমতি কেন দিলেন না আমি জানিনা।

[1-30—1-40 p.m]

Shri Sanat Kumar Raha : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি পুলিশ এবং যারা কর্ডন করেছেন সেই দপ্তরের মন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলা একটা ডেফিসিট জেলা—সেখানে ১৫ টাকা থেকে আরম্ভ করে ৩১ টাকা পর্যন্ত ধানের দর। লোকে জীবনধারণ করবার জন্য প্রাণপাত করে ছুটোছুটি আরম্ভ করেছে। তারা

দু'চার কে, জি, আনবার জন্য চেষ্টা করছে। একজন তিন কে, জি, চাল আনছিল—আজিমগঞ্জ চেকপোস্টে তাদের ধ র যে গামছায় বাঁধা ছিল সেই গামছা পর্যন্ত নিয়ে নেয়। আবার কাপড় থাকলে বলে কাপড় খুলে রেখে যাও—এটা ঠাট্টা করে বলে কিনা জানিনা—এই রকম হচ্ছে তাদের ব্যবহার। এইভাবে চতুর্দিকে ব্যাপক দুর্নীতি চলছে এবং আমরা জানি ছোট ছোট চাষী যারা তিন চার কে, জি, আনতে চায় তাদের সংগে পুলিশের রসিকতা বেশী কারণ তাদের কাছ থেকে ঘুষঘাষ আদায় করা যায় সহজেই। অবশ্য এই কর্ডনিং যে খুব ট্রিক্টলি চলছে এ আমি মনে করি না। কিন্তু যারা তিন চার কে, জি, করে নিয়ে আসে তাদের কাছ থেকে দু'চার ছয় আনা ঘুষ নিয়ে ছেড়ে দেওয়া হয়। কিন্তু যারা বড় বড় গরুর গাড়ী নিয়ে ধান চাল পাচার করে তাদের ক্ষেত্রে কিছু করা হয় না। আমি একটা রিপোর্ট করার ফলে বহরমপুরে কিছু কিছু ধরা হয়েছে—দু' চার জন বড়কে। আমার বক্তব্য হচ্ছে সরকারের পলেসি যাই থাকুক না কেন তাদের দু কে, জি, করে এলাউ করুন—তাদের কাপড় খুলে পর্যন্ত নেবার পারমিসন কে দিয়েছে ?

Shri Nikhil Das : মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন কলকাতা স্টেট ট্রান্সপোর্ট সম্পর্কে আমি একটা এ্যাডজর্ণমেন্ট মোশন দিয়েছিলাম, আপনি অনুমতি দেন নি। তবুও আমি এ ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—শৈলবাবু এখানে আছেন তিনি যেন একটু শোনেন। গত ২২শে ডিসেম্বর কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেসনের যারা কর্মচারী তারা তাদের ন্যায়সংগত কয়েকটি দাবী নিয়ে একটা শান্তিপূর্ণ মিছিল নিয়ে যাচ্ছিল কর্তৃপক্ষের কাছে সেই দাবীগুলি পেশ করার জন্য। তাদের সেই দাবীগুলি ছিল ৮ ঘন্টা কাজের সময় বাঁধতে হবে, বোনাস দিতে হবে, তাদের স্থায়ী কর্মচারী করতে হবে ইত্যাদি এবং মোটর ট্রান্সপোর্ট ওয়াকারস এ্যাক্ট যেটা সর্বক্ষেত্রে চালু সেটা সরকার নিয়ন্ত্রিত বা আধা সরকারী যে সংস্থা সেটাতে এখনও চালু হয় নি। তারা মিছিল করে যাচ্ছিল হঠাৎ কোথা থেকে কয়েকটি গুণ্ডা প্রকৃতির লোক তাদের উপর আক্রমণ করলো।

Mr. Speaker : মি: দাস, যেখানে এ্যাটেনসন ড্র করা দরকার সেখানে করুন ; এইভাবে এতক্ষণ বাদে আপনি এলেন, এত দেরী করে বললে কি করে হবে You can draw the mere attention and nothing beyond.

Shri Nikhil Das : আমি আপনার মাধ্যমে সেটা বলতে চাই, আমার এ্যাডজর্ণমেন্ট মোশন ছিল।

Mr. Speaker : তাহলে আমাকে বলতে হয় এ্যাডজর্ণমেন্ট মোশনে কোন স্টেটমেন্ট করা আমাদের এখানকার ফ্লোরে বা রুলসে প্রভাইড করে না—তা সত্বেও আজকে প্রথম দিনে আমি সকলকে বলতে দিলাম। আপনার যেখানে দরকার সেখানে এ্যাটেনসন ড্র করুন বাট do not take the time of the House otherwise.

আর এটাকে প্রেসিডেন্ট বলেও কোন দিন নেবেন না।

Shri Nikhil Das : স্যার, সেই শোভাযাত্রার উপর হামলা হবার ফলে একজন ড্রাইভার নিহত হয়—তাকে হত্যা করা হয়। কাজেই আপন র মাধ্যমে আমার বক্তব্য সরকারের কাছে যে ২২শে ডিসেম্বর থেকে আজ ৫ই জানুয়ারী এ পর্যন্ত সরকার এ ব্যাপারে কি করেছেন এবং সরকার তদন্ত করে থাকলে তা জানাবেন কিনা এবং সেই যে একটা নিরাহ কর্মচারী মারা গেল সে ব্যাপারে সরকার কি করেছেন সেটা জানতে চাই। এ ব্যাপারে সরকারের কি কোন কর্তব্য নেই। আমরা সরকারের নীরবতা এ ব্যাপারে লক্ষ্য করছি। সরকারের তরফ থেকে এ ব্যাপারে কোন কিছু বিবৃতি দেখিনি। তাই শৈলবাবু এখানে আছেন—আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই এ ব্যাপারে তারা কি করেছেন এবং কতদূর করেছেন এবং সেই যে নিরীহ লোকটিকে হত্যা করা হোল সে ব্যাপারে কি কোন কিছুই হবে না ?

Shri Khagendra Kumar Roy Chowdhury : মাননীয় স্পীকার মহাশয়, সোনারপুর থানায় গত ৫ মাস যাবত কোন রেশন দেওয়া হচ্ছে না। একটা ডেপুটেশন কিছু দিন আগে স্মরজিৎ বাবুর কাছে এসেছিল—সেখানে রেসেন-এ চাল নেই এবং ঐ এলাকায় ধানও হয়নি। কিছু দিন আগে স্মরজিৎ বাবু এই এসেম্বলী ফ্লোরে একটা স্টেটমেন্ট পড়ে শুনিয়েছিলেন যে গ্রামের দিকে দুই কুইন্টল পর্যন্ত দেবেন যদি নাম রেজিস্ট্রী করেন পঞ্চায়েতে। আমি দু দিন ধরে ডি. এম-এর কা ছ খবর জানবার জন্য চেষ্টা করেছিলাম এবং বলেছিলাম যদি চাল না দেন তাহলে পঞ্চায়েতে নাম রেজেস্ট্রী করে যাতে দুই কুইন্টল চাল আনতে পারে তার ব্যবস্থা করুন—কিন্তু ডি. এম. বললেন যে আমরা এমন কোন অর্ডার পাইনি। এখন কথা হচ্ছে—একটা এলাকায় ১৫ই ডিসেম্বর থেকে রেসন দেবার কথা—সেখানে আজ ৬ মাস ধরে রেসন দেওয়া হয় নি। আমি এটা জানিয়ে রাখি যে মাথা পিছু সাত গ্রাম করে রোজ দেওয়া হয়েছে। এই এসেম্বলী ফ্লোরে তিনি স্টেটমেন্ট দিয়েছিলেন যে দুই কুইন্টল করে চাল আনতে দিতে পারেন। সেটা আনতে দেন নি, রেসনও চালু করেন নি, সেই এলাকায় ধান চাষ হয়নি—এখন সেই লোকগুলি খাবে কি? এবং ডি. এম.কেও বলেছি—তিনি বলেছেন আমরা কিছু জানি না। স্মরজিত বাবুর কাছে একটু আগে জিজ্ঞাসা করেছিলাম—তাতে কিছুই বুঝতে পারলাম না। দ্বিতীয় হচ্ছে ওঁরা বলেছিলেন যে মজুরদের ভাল খেতে দেবেন। জয়ার ২নং কারখানা থেকে খিচুড়ি দেওয়া হচ্ছে। তারা ফুড রিফিউজ করেছে। কাজেই ওঁদের কাছে অনুরোধ সেখানে যাতে ওয়ার্কারদের ক্যান্টিনে চাল সংবরাহ করার ব্যবস্থা হয় দেখবেন এবং সোনারপুরে এম. আর. সপ মারফত যাতে অবিলম্বে রেসন দেওয়া হয় তার ব্যবস্থা করবেন।

Shri Hemanta Kumar Basu : মি: স্পীকার স্যার, আমারও ঐ নিখিলবাবুর মত এ্যাডজর্ণমেন্ট মোশন। সেদিন একটা শান্তিপূর্ণ শোভাযাত্রা ষ্টেট ট্রান্সপোর্ট ওয়ার্কাস ইউনিয়নের যাচ্ছিল ওয়েলিংটন স্কোয়ারে—তাদের দাবী ছিল ৮ ঘন্টা কাজ করা, চাকুরী স্থায়ী করা, বোনাস দেওয়া ইত্যাদি। হঠাৎ তাদের উপর কয়েকটি গুণ্ডা আক্রমণ করলো এবং মাখন দত্ত বলে একজন ড্রাইভার তাতে হত হয়। এ বিষয় নিয়ে ট্রান্সপোর্ট ওয়ার্কারদের সঙ্গে কথাবার্তা হয়, চুক্তি হয়, সেই চুক্তিগুলিকে কিভাবে কার্যে পরিণত করা হচ্ছে এবং এ ব্যাপারে কাউকে গ্রেপ্তার করা হয়েছে কিনা আমরা জানতে চাই।

Shri Nani Bhattacharjee : মাননীয় স্পীকার স্যার, আমি একটা এ্যাডজর্ণমেন্ট মোশন দিয়েছিলাম আপনি কনসেণ্ট উইথহেল্ড করেছেন। সেটা হচ্ছে যে গভর্নমেন্ট ধনী কৃষকদের কাছ থেকে সারপ্লাস প্যাডি প্রকিয়োরমেন্ট ব্যাপারে ফেল করেছেন বলতে পারা যায় এবং এ ব্যাপারে গ্রামাঞ্চলের বিভিন্ন দৃষ্টান্ত দেওয়া যায়। যেসমস্ত মিলওনার এবং ডি. পি. এজেন্ট ধান বা চাল সংগ্রহ করছে তারা তার বিনিময়ে রসিদ দিচ্ছে না—অথচ এই সরকার সেই রসিদ দেবার ব্যবস্থা চালু করতে পারেন নি। অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি যে রাইসের দাম বিশেষ করে ঘাটতি এলাকায় এবং কলকাতার আসেপাশে যে সমস্ত ফ্রিজ এলাকা যেখানে এম. আর. সপ চালু আছে এখনও পর্যন্ত সেই সমস্ত এলাকায় এম. আর. সপ মারফত যা ধান চাল দেওয়া হচ্ছে তা কোথায়ও ২।৩ কে. জি চাল, কোথায়ও ২ কে. জি. ধান আর ৫০০ গ্রাম হুইট—কোথায়ও ১ কে. জি. চাল ৫০০ গ্রাম হুইট—এতে হচ্ছে না এবং বাজারে কোন চাল আসতে দেওয়া হচ্ছে না। কর্ডন রেখে দেওয়া হয়েছে এবং যেখানে ১০ কে. জি. পর্যন্ত সিঙ্গল ট্রানজাকসন হতে পারে বলে স্মরজিতবাবু বলেছিলেন সেখানে আমরা জানি ২।৩ কে. জি. পর্যন্ত চাল বা ধান আসতে দিচ্ছেন না। তার ফলে কলকাতার আশেপাশে এলাকায় ২৷৷৹ টাকা পর্যন্ত চাল চোরাপথে বিক্রী হচ্ছে এবং অন্য দিকে মফঃস্বল সহরগুলিতে ১ টাকা ৪ আনা থেকে আরম্ভ করে ১ টাকা ১২ আনা দরে, কোথায়ও কোথায়ও ২ টাকা দরে পর্যন্ত চাল বিক্রী হচ্ছে—বিশেষ করে ডেফিসিট ডিষ্ট্রিক্টগুলিতে এই অবস্থা

চলছে এবং তাতে চোরাকারবার কেঁপে উঠছে। এই চোরাকারবার কেঁপে উঠার ব্যাপারে যারা চোরাকারবারী সেই ডি, পি, এজেণ্ট যাদের নিয়োগ করা হয়েছে এবং মিলওনারস তারা আজকে চোরাকারবার ফাঁপিয়ে তোলবার চেষ্টা করছে এবং অংরেডি এর মধ্যে যে সময় অন্যান্য বছর মরশুমের সময় ধান চালের দর কম থাকে সেখানে আমরা দেখতে পাচ্ছি যে মরশুমের সময় সরকারের অপদার্থ পলিসির দরুণ জনসাধারণের দুর্গতি বেড়ে যাচ্ছে এবং সেখানে স্মরজিতবাবু বলছেন যে ১০ কে, জি, পর্যন্ত সিঙ্গল ট্রানজাকসন হতে পারে কিন্তু এ ব্যাপারে কোন অর্ডার এস, ডি, ও, বা ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে দেওয়া হয়নি এবং তাঁরা জিজ্ঞাসা করলেই বলছেন আমরা কোন কিছু জানি না।

[1-40—1-50 p.m]

Shri Kashi Kanta Maitra : অধ্যক্ষ মহাশয় আমি যে এ্যাডজোর্নমেণ্ট মোসান দিয়েছিলাম তাতে আমি বিশেষ করে নদিয়া এবং মুর্শিদাবাদ ঘাটতি জেলার সমস্যার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, নদিয়া জেলা শুধু ঘাটতি নয় আউস প্রধান জায়গা, আউস ধান ওঠবার পর সরকার এমন নীতি নিয়েছেন এক থানা থেকে আরেক থানায় কর্ডন প্রথা চালু করে এক থানা থেকে আর এক থানায় ধানচাল আসতে পাচ্ছে না। ফলে বিধবা যারা ধান ভানতো বা চাল আনা নেওয়া করতো তারা খুব দুর্দ্দশার মধ্যে পড়েছে। এবং গ্রামাঞ্চলের বাইরে চাল চলে যাচ্ছে এবং ১-৪৫ পয়সার চাল ২-০০ বা ২-৫০ বিক্রী হচ্ছে। হয়তো সরকার বলেছেন ৫ রকমের ক্যাটিগোরী রেশান কার্ড হোল্ডার হবে। কিন্তু একটা লোক যে থানায় আছে সে থানায় তার জমি নেই, অন্য থানায় আছে সে কিন্তু সেখান থেকে চাল আনতে পারছে না। অথচ গভর্নমেন্টের নির্দেশে তার Ration Card ক্যানসেল করে দেওয়া হয়েছে। এর ফলে মানুষের মধ্যে নানা রকম হায়রানী দেখা যাচ্ছে তারা নিজেদের ধান আনতে পারছে না, Ration পাচ্ছে না, খোলা বাজারে চালও নেই। ওয় তো মুখ্যমন্ত্রী ১১ই অক্টোবর তারিখে কৃষ্ণনগরে যে অদ্ভুত বক্তৃতা দিয়ে এসেছিলেন তার ফলে Writers' Buildings এর দপ্তর এবং জেলা দপ্তরের মধ্যে একটা লড়াই হচ্ছে। রাস্তায় রাস্তায় লড়াই হচ্ছে গরীবদের প্রাণহানী হচ্ছে। মুখ্যমন্ত্রীর পুলিশ এবং এনফোর্সমেন্ট, পেটিয়ল ট্রেডার্সদের উপর হামলা করছে, এ্যারেস্ট করছে এবং হাজার টাকার উপর জামিন নিচ্ছ। পার্টিকুলারলি কৃষ্ণনগরের এনফোর্সমেণ্ট পুলিশের হামলা চরমে উঠেছে। নদিয়া জেলায় আমরা দেখেছি প্রত্যেকবারই বামপন্থীরা আন্দোলন করে তখন জেলাশাসক প্রাইস কনট্রোল অর্ডারকে উপেক্ষা করে ট্রেডার্সদের সংগে বসে গোপনে চুক্তি করে চালের দাম বাড়ান। এখানে প্রাইস কনট্রোল অর্ডার এনফোর্স করতে পারছে না। অথচ Under the guise and pretect of controlling prices. এই রকম অবস্থার ফলে ছোট ছোট দোকানদার মারা যাচ্ছ, ৫০০ গ্রাম করে Ration আপনারা দিচ্ছেন সেটায় মানুষ কি করে বাঁচবে তা বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় যদি একটা এনাউন্সমেণ্ট করেন যে এক অঞ্চল থেকে আর এক অঞ্চলে ধান যেতে কোন বাধা নেই তা হলে পুলিশের হায়রানীর হাত থেকে মানুষ রক্ষা পেতে পারে এবং খোলাবাজারে চাল available হলে লোক খানিকটা খেয়ে বাঁচতে পারে।

Shri Shambhu Charan Ghosh : On a point of order Sir, আমি রুল 241-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। রুল 241 পরিষ্কারভাবে বলেছে সরকার পক্ষ থেকে যখন কোন Order issue করা হবে বা কোন রুল ফ্রেম করা হবে এগুলি সভায় সদস্যদের মধ্যে বিলি করা হবে। রুল 241 অনুযায়ী সরকারের সমস্ত Order পেতে আমরা হকদার কিন্তু সেখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ Order, লেভি Order যেটা সরকার চালু করেছেন যে লেভির উপর Order বিভিন্ন জায়গায় লোকে High Court-এ মামলা করেছে এবং High Court রুল জারি করেছে। আমি অনুসন্ধান করে জেনেছি আপনার দপ্তরে যে সেই লেভি Order এর কোন কপি এখানে আসে নি।

Mr. Speaker : আপনি যে Point of order দিয়েছেন, আমার যতদূর মনে হয় December এর মাঝামাঝি এই হাউসে এই Point of order নেওয়া হয়েছিল। সেদিন এখানে মিঃ কোলে ছিলেন তিনি বলেছিলেন যে কি Position-এ আছে দেখবো। তিনি এখন নেই। তাঁর Attention draw করবো।

Shri Shambhu Charan Ghosh : আপনি স্যার রুলিং দিলেন তা সত্বেও লেভি অর্ডার এ গ্রামের জোতদার তারা ডি, এম, এর কাছে দরখাস্ত করে চাষীরা ছাড় পাচ্ছে ৩ একরের উর্দ্ধে। তারা এর কপি পেলো এবং হাইকোর্ট মামলা করলো হাইকোর্ট থেকে রুল ইসু হলো। কিন্তু এখানে রুলিং দেওয়া সত্বেও, মন্ত্রী মহাশয় আশ্বাস দেওয়া সত্বেও আপনার দপ্তর এরূপ কোন কিছু পায় নি বা আসে নি। আমি অনুরোধ করবো যাতে তাড়াতাড়ি এটা অনুসন্ধান করেন।

Mr. Speaker : আই উইল টেক আপ দি ম্যাটার আপনাদের পাবার জন্যই টেক আপ করবো আদারওয়াইজ নয়।

Shri Nani Bhattacharjee : আপনি এর আগে রুলিং দিয়েছিলেন সেটা হচ্ছে রুল ২৪১ এর অর্ডার অনুসারে যাতে এই সমস্ত অর্ডার খুব ইমিডিয়েট দেবার ব্যবস্থা হয়। রুল ২৪১ এ অবজার্ভ হচ্ছে না। সেটা যাতে হয় সেটা আপনি রুলিং দিয়েছিলেন এবং কড়া ভাবেই বলেছিলেন। আপনি এই অর্ডার দিন বা বলুন ২৪১ অনুসারে যে সমস্ত অর্ডার জমে গেছে বিশেষ করে ফুড এর ব্যাপারে দেখা যাচ্ছে যে সেখানে অনেক অর্ডার জমে গেছে যা আমরা পাই নি। ওঁরা হয়ত এর পরে যে সমস্ত অর্ডার পাওয়া যাবে সেগুলি বিলি বন্টনের বন্দোবস্তো করবেন। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করবো যে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে আপনি এটা যদি জানান। কারণ এ পর্যন্ত যে সমস্ত অর্ডার বেরিয়েছে ইসু হয়েছে নূতন বৎসরে সেগুলি যাতে মেম্বাররা পায় তার ব্যবস্থা করুন। কারণ ঐ সমস্ত অর্ডার যা ইসুড হয়ে গেছে তা তারা পায়নি। ক্যালকাটা গেজেট তখনও সব লাইব্রেরীর টেবিলে পাওয়া যাচ্ছে না। জগন্নাথবাবু এসিওরেন্স দিয়েছিলেন।

Mr. Speaker : মিনিস্টার নেই, মিঃ কোলে এলে হি উইল সি এবং দি ম্যাটার will be looked into and they will carry out my direction. আমার ডাইরেকশানই ছিল rule 241 to be observed এবং that will be again my direction ; my request and my order that after all the rule is there and that should be observed.

Shri Nani Bhattacharjee : এবং সেটার সঙ্গে আমি যেটা বলেছিলাম যে খাদ্য সংক্রান্ত ব্যাপারে যেসমস্ত অর্ডার ইসু হয়েছিল বা যেসমস্ত বেরিয়েছে সেগুলি দেবার জন্য।

Mr. Speaker : আপনি যেটা বললেন আমি সেটা বলতে পারবো না আমি বলবো রুল অবজার্ভ হয়নি Henceforward this must be observed. Looked to the past I find copies given to the members. ইন দিস কেস দি ম্যাটার উইল লুকড ইনটু।

Shri Nani Bhattacharjee : উনি যেটা বললেন পয়েন্ট অব অর্ডারের উপর এটা বলা হয়েছে। তারপর যেসমস্ত অর্ডার বেরিয়েছে, আপনার রুলিংসের পর যেসমস্ত অর্ডার বেরিয়েছে সেগুলি যাতে আমাদের মেম্বাররা পায় সেটা যদি আপনি দেখেন এবং একটা স্পেসাল ডাইরেকশান দেন তো ভাল হয়।

Mr. Speaker : আমি আপনাদের রাইটের কথা বলছি So that you may get your right, you may get your things ; and that you may get your papers সে জন্য I am talking for you.

Shri Nikhil Das : আইন যদি না মানে তাহলে এর কি হবে ?

Mr. Speaker : রুলিং মানতে বাধ্য।

Shri Nikhil Das : ওঁরা মানছেন না তার প্রতিকার কি। এটা কি হাউসকে অবমাননা করা হচ্ছে না। রুলিং যে মানছে না এর প্রতিকার কি হবে ?

Mr. Speaker : আমি রুল এ্যাসাটেন করছি, রাইটটা এ্যাসাটেন করছি। রাইটটা যাতে রক্ষিত হয় সেটা দেখবো অর্ডার যাতে ক্যারিআউট করা হয় সেটা দেখবো।

Shri Nikhil Das : শৈলবাবু আছেন তিনি বলুন না।

Mr. Speaker : শৈলবাবু বা অন্য কারো কোন কথা নয় I will see that it is carried out.

[1-50—2 p.m]

Mr. Speaker : মি: বোস, এটাকে নিয়ে, আর বার বার করে, আপনাদের সকলের বলার প্রয়োজন করে না, যখন আমি এটা fully accept করেছি। When I am assuring that the direction, সেদিন এ্যাসেম্বলিতে যেটা দেওয়া হয়েছে, that should be carried out and which was also agreed to and accepted by Mr. Kolay. উনি এখানে নেই, আসুন, তাঁকে জিজ্ঞাসা করবো, এবং এটা যাতে করেন তার আমি ব্যবস্থা করবো। তা যদি না করেন, তাহলে rule-টা আমি পাল্টে দেবো then and there.

GOVERNMENT BILL

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council.

Clause 21

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 21(1), line 11, for the words "fifty rupees per day", the words "twenty-five rupees per day for the first ten days and thereafter fifty rupees per day" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, এই Clause 21-এর উপর আমার সংশোধনীটা রেখেছি। যেখানে ঐ cold storage খোলবার সময় বা cold storage এর business সংক্রান্ত ব্যাপারে যে শাস্তি বা penalty-র কথা বলেছেন, সেই penalty-র ক্ষেত্রে, এই ক্লজের para 11-এ আমি একটা সংশোধনী এনেছি। সেটা হচ্ছে যে that in clause 21(1), line 11, for the words "fifty rupees per day", the words "twenty five rupees per day for the first ten days and thereafter fifty rupees per day". প্রথম দশ দিন ৫০ টাকা না করে, ২৫ টাকা করা উচিত, এবং পরবর্তী সময় যদি সে আদেশ অমান্য করে, তাহলে ৫০ টাকা হারে শাস্তিটা থাকবে দৈনিক। সে ক্ষেত্রে যখন ঐ cold storage-এর আইন চালু হবে, তখন অনেকেই তা জানতে পারবেন না। Cold storage-এর যাঁরা মালিক, তাঁদের অজ্ঞতার জন্য, সময়মত ঐ নূতন আইন চালু হলে, যেটাকে মানতে পারলেন না, সে ক্ষেত্রে তার শাস্তি হচ্ছে হাজার টাকা।

এই হাজার টাকা শাস্তি হবার পরে, সঙ্গে সঙ্গে সেই আইন মানতে গেলে, যে কাজগুলি করা উচিত, তা এত অল্প সময়ের মধ্যে হবে না। সেই জন্য আমি বলবো, এই আইনে এই রকম একটা deterrent punishment-এর ব্যবস্থা না রাখাই উচিত। একজন আ দশ অগ্র হ করলো বলে, তার শ স্তি হিসেবে একেবারে হাজার টাকা জরিমানা হল, সেট চালু হবার সঙ্গে সঙ্গে, তার আগে যে ত্রুটি বিচ্যুতি ছিল, ঐগুলো সংশোধন করতে, সেগুলো make up করতে, আরও কিছু বেশী সময় দরকার হবে। সেই জন্য হাজার টাকা জরিমানা করবার পরে, আবার প্রত্যেক দিন ৫০ টাকা না রেখে, তাদের শাস্তির জরিমানার হারটা প্রত্যেক দিন ২৫ টাকা রাখবার জন্য বলেছি। তাও তাঁরা না মানেন, সেটা তাঁরা সংশোধন না করেন, বা আইনটা না মানেন, তাহলে নিশ্চয় তাদের দৈনিক ৫০ টাকা হারে জরিমানা হওয়া উচিত। সেইজন্য আমি আমার এ্যামেণ্ডমেন্টে এই কথাটা রেখেছি যে for the first ten days at the rate of Rs.25, and after 10 days at the rate of Rs.50.

Shri Shambhu Charan Ghosh : Sir, I beg to move that in clause 21(1), line 8, for the words "six months", the words "one year" be substituted.

Sir, I also beg to move that in the clause 21(1), line 9, for the words "one thousand" the words "five thousand" be substituted.

মিঃ স্পীকার স্যার, আমার দুটা এ্যামেণ্ডমেন্ট আছে। একটা হচ্ছে, যেখানে ছয় মাস punishment-এর কথা আছে, সেখানে আমি এক বছর রাখতে বলছি, এবং যেখানে এক হাজার টাকা fine আছে, সেখানে আমি পাঁচ হাজার টাকা fine, substitute করতে চাচ্ছি। এই ক্লজটি হচ্ছে, penalty clause, অর্থাৎ যে সমস্ত cold storage-এর মালিক, যারা এই আইন চালু হবার পরে বে-আইনীভাবে ব্যবসা করবেন, বা এই আইনকে যথাযথভাবে পালন করবেন না, বা যাঁরা, তাঁদের সমস্ত documents গুলি নষ্ট করে ফেলবার চেষ্টা করবেন, এই রকম ধরনের যদি কোন কাজ cold storageএর মালিকরা করেন, তাহলে তার জন্য শাস্তি বিধানের কথা এই ক্লজে বলা হয়েছে।

মিঃ স্পীকার স্যার, বংলাদেশে ১১৬টি cold storage আছে। তারমধ্যে মাত্র দুটি সমবায় প্রথায় চলে। বাকী ১১৪টি ব্যক্তিগত মালিকানায় চলে। এবং এঁরা অসাধু উপায়ে বে-আইনীভাবে cold storage-এ মাল মজুত করে রেখে, সরকারকে ট্যাক্স ফাঁকি দেবার উদ্দেশ্যে বিভিন্ন খাতাপত্র maintain করেন।

যদি এই বিলের উদ্দেশ্য হয় এই সময় অন্যায় বে-আইনী অসাধু কার্য্যকলাপ বন্ধ করে হিমঘরের মধ্যদিয়ে একটি সুষ্ঠুভাবে সমস্ত হিমঘরগুলো নিয়ন্ত্রণ করবার জন্য চেষ্টা করবেন তাহলে সেখানে এক হাজার টাকা ফাইন যথেষ্ট নয়। তার কারণ আমরা দেখছি এক একটি হিমঘর থেকে বছরে ৫০ হাজার টাকা মালিক মুনাফা করে। সেইজন্য আমি মনে করি penalty যাতে ভালভাবে তার সামনে রাখা যায় অর্থাৎ ৬ মাসের পরিবর্তে এক বছর imprisonment এবং এক হাজার টাকার জায়গায় পাঁচ হাজার টাকার ফাইন করার ব্যবস্থা রাখা হোক এটাই আমি সুপারিশ করছি। আশা করি আমার এই সংশোধনী মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন।

Shri Sanat Kumar Raha : I beg to move that in clause 21(1), line 8, for the words "six months" the words "one year" be substituted.

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 21(1), line 9, for the words "one thousand rupees" the words "two thousand rupees" be substituted.

Shri Sanat Kumar Raha : মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার amendment ৩৯ ৪০ নম্বর মুভ্ করছি এই জন্য যে বাংলা দেশে যে আইনটা রাস্ট্রায়ত্ত ব্যবসায়ের জন্য আনা উচিত ছিল সেটা ব্যক্তিগত মালিকানায় সম্পূর্ণ ছেড়ে দেওয়া হয়েছে। একটি cold storage করতে ৫।৭।৮।৯।১০ লাখ টাকা খরচ হয়। যারা কারবারী একচেটিয়া ধনী, তাদের হাতে এই ব্যবসা চলে যাচ্ছে। State trading-এর ফলে বর্তমানে যারা ধান চালের পাইকারী ব্যবসা করতেন, লক্ষ লক্ষ টাকা যারা মুনাফা লুটেছে ১০।১২ বছর ধরে, তারা আজকে এই ব্যবসায়ে ঝাঁপিয়ে পড়েছে। কাজেই আমরা যে amendment দিয়েছিলাম তার একটা মন্ত্রিমহাশয় গ্রহণ করলেন না। রাস্ট্রায়ত্ত ব্যবসা যেটা হওয়া উচিত ছিল, সেটা তিনি ব্যক্তিগত মালিকানার হাতে ছেড়ে দিচ্ছেন এবং তাতে কি অবস্থা হতে পারে সে কথা amendment মারফৎ আমি তাঁকে জানিয়েছিলাম। কিন্তু এই amendment তিনি গ্রহণ করবেন কিনা জানিনা, ৮।১০ লক্ষ টাকায় তারা cold storage করতে পারবে। তারা যদি সরকারের মত একচেটিয়া ব্যবসা সুরু করে, তাহলে তাদের এই penalty বেশী হবে না। তাদের প্রতি আপনাদের এত বেশী দাক্ষিণ্য কেন? সেইজন্য আমি বলছি ছয় মাসের জায়গায় অন্ততঃ এক বছর জেল দেওয়া উচিত এবং এক হাজার টাকা ফাইনের জায়গায় দশ হাজার টাকা জরিমানা হওয়া উচিত। তাদের কাছে এক হাজার দু-হাজার টাকা ফাইন কিছুই নয়। আর আপনি যে imprisonment-এর ব্যবস্থা করেছেন, সেও তাদের কাছে অতি তুচ্ছ। তারা হাসতে হাসতে এই cold storage আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাবে। তারা cold storage-এর একচেটিয়া ব্যবসা করে বাংলা দেশকে ধ্বংস করতে চায়। আমার মনে হয় এই penalty clause আরো stringent হওয়া উচিত। এই cold storage বিধি লঙ্ঘন করলে যথেষ্ট পরিমাণ ফাইন penalty হিসাবে আদায় হওয়া উচিত। সেই দৃষ্টিভঙ্গী দিয়ে আমি এই সংশোধনী এনেছি।

[2—2-10 p.m.]

Shri Smarajit Bandyopadhyay : স্যার, আপনি একজন আইনজ্ঞ আপনি নিশ্চয়ই জানেন যে ৬ মাস জেল এবং এক হাজার টাকা ফাইন কগনিজেবল্ অফেন্স এণ্ড ট্রায়েবেল বাই ম্যাজিস্ট্রেট এবং এই শাস্তিটা খুব কম শাস্তি নয়। সে দিক থেকে আমি মনে করি ৬ মাস জেল এবং এক হাজার টাকা ফাইন এবং অফেন্স যদি করতেই থাকেন তাহলে পার ডে ৫০ টাকা ফাইন সাফিসিয়েন্ট পানিশমেন্ট সেজন্য উনি যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন এটা আমি গ্রহণ করতে পারছি না। আর অশ্বিনীবাবু যে এ্যামেণ্ডমেন্ট এনেছেন তাতে দেখছি তিনি তো বরং দাক্ষিণ্যের কথাই বলছেন। যেখানে আমরা পার ডে এ্যাডিশনাল ফাইনের কথা বলেছি ৫০ টাকা সেক্ষেত্রে তিনি দশ দিনে ২৫ টাকার কথা বলেছেন। সুতরাং এ্যাডিশনাল ফাইন যদি পার ডে ৫০ টাকা থাকে এবং তার সঙ্গে ৬ মাস জেল থাকে তাহলে সাফিসিয়েন্ট বলে মনে করি।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 21(1), line 8, for the words "six months" the words "one year" be substituted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 21(1), line 9, for the words "one thousand rupees" the words "two thousand rupees" be substituted was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that in clause 21(1), line 8, for the words "six months", the words "one year" be substituted was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghose that in clause 21(1), line 9, for the words "one thousand" the words "five thousand" be substituted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 21(1), line 11, for the words "fifty rupees per day" the words "twenty-five rupees per day for the first ten days and thereafter fifty rupeees per day" be substituted was then put and lost.

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Shri Aswini Roy : আমার পরবর্তী amendment হচ্ছে clause 22. Sir, I beg to move that in clause 22(2), lines 1-2, for the word "Sub-Inspector", the word "Inspector" be substituted. এখানে আছে যদি কোন কমপ্লেন কোল্ড স্টোরেজের বিরুদ্ধে করা হয় তাহলে কোন ওয়ারেন্ট ব্যতীতই সাব-ইন্সপেক্টার এ্যারেস্ট করতে পারবে। এখন এইসব সাব-ইন্সপেক্টরের সম্পর্কে আমাদের যে অভিজ্ঞতা তাতে আমরা দেখেছি যে, অনেক সময় তারা ব্যক্তিগত বিদ্বেষের বশে কোন কারণ না দেখিয়েই একেবারে অকারণেই উইদাউট ওয়ারেন্টে এ্যারেস্ট করতে পারে। সেজন্য ওয়ারেন্ট যদি ইস্যু হত, সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট ওয়ারেন্ট ইস্যু করতেন সেক্ষেত্রে বোঝা যেত এ্যারেস্ট করবার জাষ্টিফিকেশান আছে কিনা। কিন্তু যেখানে জাষ্টিফিকেশান আছে কি নাই এটাই সন্দেহজনক সেক্ষেত্রে সাব-ইন্সপেক্টারের মত একজন নিম্নপদস্থ কর্মচারীর উপর এই গুরুদায়িত্ব দেওয়া সঙ্গত নয়। সেজন্যই আমার এ্যামেণ্ডমেন্ট হচ্ছে যে নট বিলো the rank of Inspector of Police অর্থাৎ এখানে ইনেসপেক্টর অব পুলিশ হওয়া উচিত। যেখানে সাবডিভিশানাল ম্যাজিস্ট্রেট বা কোন ফার্স্ট ক্লাশ ম্যাজিস্ট্রেটের কাছে ওয়ারেন্ট ইস্যু করার জন্য যেতে হচ্ছে না সে ক্ষেত্রে একজন সাব-ইন্সপেক্টারের উপর এই গুরুদায়িত্ব দেওয়া অন্যায় বলে মনে করি।

Shri Smarajit Bandyopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয় কগনিজেবল অফেন্স-এর বেলায় সাব-ইন্সপেক্টর অব পুলিশ সব সময় এলিজিব্যল। তাছাড়া এখানে ভাষাটা হচ্ছে any police officer not below the rank of Sub-Inspector of Police. তার থেকে ইনেসপেক্টার বাদ যাচ্ছেন না। সুতরাং ইনসপেক্টার এ্যারেস্ট করতে পারবেন না এমন কোন কথা নাই।

The motion of Shri Aswini Roy that in clause 22(2), lines 1 2, for the word "Sub-Inspector" the word "Inspector" be substituted was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clause 24

Shri Aswini Roy : I move that in clause 24(1), line 4, for the word "thirty", the word "fortyfive" be substituted. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক্লজ ২৪এ আমার এ্যামেণ্ডমেন্ট হচ্ছে ১১৫ নম্বর সংশোধনীতে বলা হয়েছে যে হায়ারারকে ৩০ দিনের ভিতর দরখাস্ত করতে হবে। এখানে ক্ষেত্রটা কি—ক্ষেত্রটা হচ্ছে এই যে ব্যক্তি মাল জমা

রেখেছেন আলুই বলুন বা অন্য জিনিষ বলুন সেটা যদি লাইসেন্সি অর্থাৎ কোল্ড স্টোরেজের মালিক কর অবহেলার জন্য নষ্ট হয়ে যায় তাহলে যিনি মাল জমা রেখেছেন তাকে ৩০ দিনের মধ্যে দরখাস্ত করতে হবে। এর আগে এই ধরনের যে রুল হয়েছে সেটা হলো রুল ১২—cases beyond the control of the licence. এই কথাটা আছে। এবং সেখানে এই বিয়ণ্ড দি কন্ট্রোল অব দি লাইসেন্সি এই কথাটা এক্সপ্লেন না করে লাইসেন্সিকে যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে। সেখানে কোন টাইম লিমিট করা হচ্ছে না যে তিনি এত দিনের ভিতর যতশীঘ্র সম্ভব জানাবেন। সেই টাইম লিমিট যদি না রাখা হয় তাহলে যিনি মাল রেখেছেন তিনি কি করে জানবেন যে মাল নষ্ট হয়ে যাচ্ছে। অর্থাৎ কোল্ড স্টোরেজের মালিক যদি সময়মত নোটীশ না দেন তাহলে যিনি মাল রেখেছেন তিনি ক্ষতিপূরণের দাবী করবেন সেই দাবী করা তার পক্ষে সম্ভব হবেনা। কিন্তু এখানে time limit করা হচ্ছে ৩০ দিনে। গরীব চাষী তারা স্বভাবতই আইন কানুন জানে না নোটীশ পেয়ে ক্ষতিপূরণের দরখাস্ত কিভাবে করতে হবে তার জন্য তাদের অন্য লোকের আশ্রয় নিতে হবে। এই নোটীশ পাওয়া এবং নোটীশের জবাব দেওয়ার জন্য এই ৩০ দিন অত্যন্ত কম। সেজন্য যদি গরীব চাষীর স্বার্থে এই আইন হয় তাহলে ৩০ দিনের জায়গায় ৪৫ দিন করার জন্য যে সংশোধনী দিয়েছি সেটা গ্রহণ করা হউক।

Shri Smarajit Bandopadhyay: আমরা এই ৩০ দিন রেখেছি। এইজন্য যে লাইসেন্সিং অফিসারকে লিখতে হবে loss or deterioration in agricultural produce এটা ডিটেকটেড হবার ৩০ দিনের ভিতর। যত দেরী হবে তাতে এ্যাগ্রিকালচারাল প্রডিউসারদের ও হাইয়ারারদের ক্ষতি হবে। দিন বাড়ান মানেই হায়ারারদের ক্ষতি। সেজন্য কমপেনসেশান যাতে তাড়াতাড়ি পাওয়া যায় তারজন্য ডেটিরিওরেশান যেমনি ডিটেকটেড হবে তার সংগে সংগে লাইসেন্সিং অফিসারকে জানানোর বিধান রয়েছে। আর লাইসেন্সি বা কোল্ড স্টোরেজের মালিক জানাবার এই রকম কোন এ্যামেণ্ডমেন্ট নাই সেজন্য আমি এই এ্যামেণ্ডমেন্ট অপোজ করছি।

The motion of Shri Aswini Roy that in clause 24(1), line 4, for the word "thirty", the word "fortyfive" be substituted, was then put and lost.

The question that clause 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

Shri Aswini Roy: I move that in clause 25(b) (ii), in line 2, after the words "West Bengal" the words "and subsequently to the State Government" be added. আমার এ্যামেণ্ডমেন্ট নাম্বার হচ্ছে ১১৬। এখানে ২৫ (বি) (২) যেটা আছে সেটা হল In any other case, to the Director of Agriculture, West Bengal. এখানে দুটা জিনিষ আছে। একটা হচ্ছে এ্যাপীল কার কাছে করতে হবে—সেখানে লাইসেন্সিং অফিসার যদি করে থাকেন, লাইসেন্সিং অফিসার বিলো the rank of the Director of Agriculture. সে ক্ষেত্রে ডেপুটী ডাইরেক্টার যদি লাইসেন্স মঞ্জুর করে তাহলে ডাইরেক্টার অব এ্যাগ্রিকালচারাল করা হবে। কিন্তু আগেই বলা হয়েছে সেকশন ২৫ (বি) (১) হল দি কেস of a refusal, cancellation or assessment by the Licensing Officer being the Director of Agriculture, West Bengal, to the State Government. সেক্ষেত্রে তিনি স্টেট গভর্নমেন্ট পর্যন্ত তিনি যেতে পারবেন। আমার মনে হয় যে ডেপুটী ডাইরেক্টার যে লাইসেন্স মঞ্জুর করেছেন সেটা ডাইরেক্টার অব এ্যাগ্রিকালচার প্রথমে করলেই পরবর্তী ক্ষেত্রে তার অধিকার থাকে স্টেট গভর্নমেন্টের কাছে

আপীল করবার। সে জন্যই একটি কথা এ্যাড করতে বলছি in any other case to the Director of Agriculture, West Bengal and subsequently to the State Government. কেন তার স্টেট গভর্নমেন্টের কাছে দরখাস্ত করবার অধিকার থাকবে না?

[2-10—2-20 p. m.]

সেজন্য সাবসিকোয়েন্টলি টু দি স্টেট গভর্নমেন্ট এটাও থাকা উচিত। যেমন আগে খালি স্টেট গভর্নমেন্টের কথা আছে তেমনি এখানে ডিরেকটার অব এ্যাগ্রিকালচারের কাছে করলে তিনি যদি সন্তুষ্ট না হন, তিনি যদি এ্যাগ্রিভড থেকে যান তাহলে সাবসিকোয়েন্টলি টু দি স্টেট গভর্নমেন্ট এই কথাটা এ্যাড করবার জন্য আমি বলছি এবং আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয় এই সংশোধনীটা মেনে নেবেন।

Shri Smarajit Bandopadhyay : স্যার এ্যাডমিনিস্ট্রেশনের সুবিধার জন্য এই রকম করা হয়েছে। লাইসেন্সিং অফিসার যদি কোন লাইসেন্স রিফিউজ করেন, ক্যানসেল করেন, তাহলে তখন ডিরেকটার অব এগ্রিকালচারের কাছে এ্যাপিল করা চলবে। ইন এনি আদার কেস তার মানে ডিরেকটার অব এগ্রিকালচারের নীচে যদি কোন অফিসার ক্যানসেল করেন তাহলে সেখানে স্টেট গভর্নমেন্টের কাছে করা যায়। ডিরেকটার অব এগ্রিকালচারের নিম্নতম যদি কোন অফিসার রিফিউজ করেন বা ক্যানসেল করেন তাহলে ডিরেকটার অব এগ্রিকালচারের কাছে করা চলবে। ষ্টেট গভর্নমেন্ট মানেই সেক্রেটারি টু দি ষ্টেট গভর্নমেন্ট।

The motion of Shri Aswini Roy that in clause 25 (b) (ii), in line 2, after the words "West Bengal", the words "and subsequently to the State Government" be added, was then put and lost.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

Mr. Speaker : There are two amendments to clause 26. Both are out of order.

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 27 & 28

The question that clauses 27 and 28 do stand part of the Bill were then put and agreed to.

Clause 29

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 29(2)(c), in line 1, after the word "societies" the words "and petty agriculturist hirers" be inserted.

Shri Sanat Kumar Raha : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যামেণ্ডমেন্ট নম্বর হচ্ছে ৪১। এর আগেও এই ধরনের এ্যামেণ্ডমেন্ট ছিল কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় সে সংশোধনীগুলি গ্রহণ করেননি। এর উদ্দেশ্য হচ্ছে বরাবর এই যে কোল্ড স্টোরেজের মধ্যে যাতে গরীব চাষী এবং ছোট ছোট ক্ষুদ্র ব্যবসায়ীরা সুযোগ বেশী পায় এবং বড় বড় ট্রেডাররা যাতে মুনাফা

করার সুযোগ কম পায় সেজন্য বহুভাবে এই রকম ধরনের এ্যামেণ্ডমেণ্ট বারবার আমার চেষ্টা করা হয়েছে কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় তা গ্রহণ করেননি। আমি তাই মনে করি শেষ এ্যামেণ্ডমেণ্ট আমার এই ধরনের একটা আছে যেটার নম্বর হচ্ছে ৪১, যেখানে আমরা রেখেছি প্রাইয়োরিটিস to be allotted to the Co-operative Societies for storing their agricultural produce in cold storage. সেখানে শুধু কো-অপারেটিভ সোসাইটি দেওয়া হয়েছে আমি তার সংগে একটু যোগ করতে চাই যে ক্ষুদ্র ক্ষুদ্র যারা পেটি এগ্রিকালচারিষ্ট হায়ারার্স তাদেরও প্রাইয়ারিটির মধ্যে নেন। সেইজন্য আমার এ্যামেণ্ডমেণ্টের কর্ম হচ্ছে এই যে That in clause 29(2) (c), in lines 1, after the word "Societies", the words" "petty agriculturist hirers" be inserted হয়ত সরকিতবাবু বলবেন যে পেটি এগ্রিকালচারিষ্ট হায়ারারস বলতে আবার কি। ডেফিনিশন হবে, এটা ভেগ, কিন্তু এটা ভেগ নয়, স্পষ্ট করে দিন। আমার বক্তব্য হচ্ছে ৭ একর, কি ১০ একর, কি ১৫ একর পর্যন্ত যাদের জমি আছে তারা এর মধ্যে পড়ে যাবে, তারা কোল্ড স্টোরেজে মাল রাখতে পারবে এবং তাদের পেটি এগ্রিকালচারিষ্ট বলতে পারবো ইন রিলেশন টু আদার ট্রেডার্স এ্যাণ্ড হোর্ডারস। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে যে যারা ছোট ছোট এগ্রিকালচারিষ্ট, যারা ছোট ছোট উৎপাদক, তাদের সুযোগ বেশী দেওয়া হোক, সেই প্রাইয়োরিটি দেওয়া হোক। এই সংশোধনী আপনি গ্রহণ করে নিন।

Shri Sambhu Charan Ghosh : Sir, I beg to move that clause 29(9)(b) be omitted.

Sir, I also beg to move that after clause 29(2), the following new sub-clause be added :—

"(3) Every rule made under this section shall be laid, as soon as may be, after it is made, before each House of the State Legislature while it is in session for a total period of thirty days which may be comprised in one session or in two successive sessions, and if, before the expiry of the session in which it is so laid or the session immediately following, both Houses agree in making any modification in the rules or both Houses agree that the rules should not be made, the rules shall thereafter have effect only in such modified form or be of no effect, as the case may be, so however that any such modification or annulment shall be without prejudice to the validity of anything previously done under that rule".

স্যার, আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে ৮৩ এবং ৮৪।৮৩তে আমি বলেছি যে ক্লজ ২৯(২) (বি) এটা অমিট করতে বলছি এবং তার পরিবর্তে সাব-ক্লজ ৩ নুতন একটা সাব-ক্লজ আনতে চাচ্ছি। এই সাব-ক্লজের মধ্যে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে কোল্ড স্টোরেজ সংক্রান্ত যখন কোও রুলস তৈরী করবেন সরকার তখন সেই রুলগুলি যাতে করে বিধানসভার উভয় কক্ষে পেশ করা হয় এবং তার উপর যদি কোন সংশোধন আসে সেগুলিকে গ্রহণ করে সেইভাবে কার্যকরী করার যেন ব্যবস্থা করা হয়। ক্লজ ২৯এ যেখানে পাওয়ার্স টু মেক রুলস বলা হচ্ছে সেখানে পুরাপুরি রুলস করার সমস্ত ক্ষমতা সরকার নিয়ে নিচ্ছেন এবং রুল করার ব্যাপারে

আমরা দেখেছি এমন কি যারা ওয়ে করবে এই সেই গ্রামের কৃষকরা কোল্ড স্টোরেজে চাকরী করবে তাদের সম্পর্কেও সমস্ত রুলস সরকার ফ্রেম করবেন। এইজন্য আমরা মনে করি সেই সব এলাকার প্রতিনিধি হিসাবে আমাদের বক্তব্য যাতে স্পষ্ট ভাষায় থাকতে পারে সেইজন্য আমি আমার সংশোধনী সাব-ক্লজ ৩টা এখানে এনেছি সমস্ত রুলসগুলিই যেন বিধানসভার উভয় কক্ষেই পেশ করা হয় আমাদের অনুমোদনের জন্য বা আমরা সেটা পরিবর্তন করার যাতে সুযোগ পাই সেই উদ্দেশ্যে আমি এই সংশোধনী এনেছি এবং আমি আশা করবো মাননীয় মন্ত্রিমহাশয় এই সংশোধনীটা গ্রহণ করার চেষ্টা করবেন।

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 29(2)(c), in line 3, after the word "storage", the words "and licensing of cold storages run by the Co-operatives and particularly to Co-operatives comprising of the small producers" be added. স্যার, আমার সংশোধনী নম্বর হচ্ছে ১২০। এখানে ক্লজ ২৯(২) (সি) এখানে আর একটা জিনিস আমি অ্যাড করতে বলছি। ক্লজ ২৯(২) (সি) বলছে যে যদি কোন কো-অপারেটিভ সোসাইটি তার মাল স্টোর করতে চায় তাহলে তাকে অগ্রাধিকার দেওয়া হবে এই ধরনের নিয়ম তৈরী করবার ক্ষমতা চাওয়া হচ্ছে। এ ক্ষেত্রে আমাদের বাংলা দেশে যে কোল্ড ষ্টোরেজ তার সংখ্যা বর্তমানে দেখা যাচ্ছে ১১৯টি। এই ১১৯টির মধ্যে মাত্র দুটি হচ্ছে সমবায় ভুক্ত আর একটা হচ্ছে রাষ্ট্রায়ত্ব। এই কোল্ড ষ্টোরেজের দুর্নীতির কথা ইতিপূর্বে আমরা জানি বা মাননীয় মন্ত্রিমহাশয় যেটা স্বীকার করেছেন করে বিলটা নিয়ে এসেছেন সেই দুর্নীতি একেবারে উৎপাটিত করতে গেলে এবং যারা ছোটখাটো প্রডিউসার তাদের স্বার্থ রক্ষা করতে গেলে ব্যক্তিগত মালিকানার পরিবর্তে সমবায় এবং রাষ্ট্রায়ত্বের ক্ষেত্রে যত বেশী সংখ্যক কোল্ড ষ্টোরেজ বিস্তার লাভ করবে ততই আমার মনে হয় দুর্নীতিগুলি দূরীভূত হবে। যেমন মাল রাখার ক্ষেত্রে একটা অধিকার থাকছে নিয়ম তৈরী করার যে কো-অপারেটিভকে অগ্রাধিকার দিতে হবে সেই রকম কোল্ড ষ্টোরেজ যখন নূতন হবে তখন তার লাইসেন্সিংএর ক্ষেত্রে সেই রকম সব পরিমান অধিকার থাকা উচিত। যদি কোন অঞ্চলে নূতন কোল্ড ষ্টোরেজের লাইসেন্স দেওয়া হয় সেখানে যদি কোন সমবায় ভিত্তিতে কোল্ড ষ্টোরেজ করে তাহলে তাকে অগ্রাধিকার দিতে হবে। এই যে লাইসেন্সের ক্ষেত্রে যেটা সেকশন ২৯ (২) (সি) দেওয়া হচ্ছে মাল রাখার ক্ষেত্রে আমি এখানে সংযোজন করতে চাই যে লাইসেন্সিংএর ক্ষেত্রেও কোল্ড ষ্টোরেজকে অগ্রাধিকার দেওয়া হোক। সেজন্য আমি এই সংশোধনী রাখছি এবং মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি এই সংশোধনীটা গ্রহণ করুন।

Shri Smarajit Bandopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কথা সনৎবাবু আগেই বলেছিলেন যে স্মল প্রডিউসারস কারা হবে তার কোন ডেফিনেশন দেওয়ার স্কোপ নেই সুতরাং আমরা কো-অপারেটিভ সোসাইটিকে প্রায়রোটি দেবো এটা আমরা রাখতে চাই। দ্বিতীয় হচ্ছে মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় যে কথা বলেছেন, তিনিও ঐ একই কথাই বলেছেন আবার তার সংগে লাইসেন্সিংএর ক্ষেত্রে কো-অপারেটিভকে দেওয়া হোক। লাইসেন্সিংএর যে ধারা সেটা অলরেডি গৃহীত হয়ে গিয়েছে, এখানে তার কোন স্কোপ নেই। সুতরাং আমি তাঁদের এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারবোনা বলে দুঃখিত। মাননীয় শম্ভু ঘোষ মহাশয় যে কথা বলেছেন সমস্ত রুল দুটো হাউসেই পেশ করতে হবে এটা আমি গ্রহণ করতে পারছি না কারণ তাতে দেরী হয়ে যাবে। বহু আইন আমরা করেছি তাতে এই রকম বিধান নেই।

[2-20—2-30 p.m.]

The motion of Shri Sanat Kumar Raha that in clause 29 (2)(c), in line 1, after the word "societies" the words "and petty agriculturist hirers" be inserted, was then put and a division taken with the following result:

Noes—74

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shrimati Santi
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hemram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Monammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati

Ayes—38

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Besterwitch, Shri A. H.
Bhaduri Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharyya, Dr. Aboni
Choubey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Dolai, Shri Nagen

Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Halder, Shri Hrishikesh
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Sbri Daman
Kundu Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray. Shri Birendra Narayan
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

Ayes being 38, Noes 74, the motion was lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that claue 29 (2)(b) be omitted, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that after clause 29 (2), the following new sub-clause be added :

"(3) Every rule made under this section shall be laid, as soon as may be, after it as made, before each House of the State Legislature while it is in session for a total period of thirty days which may be comprised in one session for a total period of thirty days which may be comprised in one session in which it is so laid or the session immediately following, both House, agree in making any modification in the rule or both Houses agree that the rule should not be made, the rule shall thereafter have effect only in such modified form or be of no effect, as the case may be ; so however that any such modification or annulment shall be without prejudice to the validity of anything previously done under that rule," was then put and a division taken with the following result :

Noes—74

Abdul Gafur, Shri
Abdul Latif. Shri
Abdullah. Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ananga Mohan
Das Dr. Bhusan Chandra
Das, Shrimati Santi
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan

Hazra, Shri Parbati Charan
Hemram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Monammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra Shri Jugal Charan
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati

Ayes—38

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharyya, Dr. Aboni
Choubey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Dolai, Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Halder, Shri Hrishikesh
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Natl
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

Ayes being 38 and Noes 74, the motion was lost.

The motion of Shri Aswini Roy that in clause 29 (2)(c), in line 3 after the word "storage", the words "and licensing of cold storages ru by the Co-operatives and particularly to Co-operatives comprising (

the small producers" be added, was then put and a division was taken with the following result:

Noes—74

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Basu, Shri Abani Kumar
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shrimati Santi
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hemram, Shri Kamala Kanta
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Monammad Israil, Shri
Mondal, Shri Amarendra
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik. Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Tapa Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati

Ayes—38

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharyya, Dr. Aboni
Choubey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Jiban Krishna
Dolai Shri Nagen
Ghosh, Shri Deb Saran
Golam Yazdani, Dr.
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra

Halder, Shri Hrishikesh
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Siddheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

Ayes being 38, and Noes 74, the motion was lost.

The question that Clause No. 29, do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Speaker's Observation regarding non-observance of rule 241 of the Rules of Procedure and Conduct of Business

Mr. Speaker : Before I come to the third reading of the Bill, I may draw the attention of Hon'ble Mr. Jagannath Kolay, to another matter. On the last occasion in December a point of order was raised by some honourable members that rule 241 is not being observed. Rule 241 provides that copies of all regulations, rules, sub-rules, by-laws, etc. are to be made available to the members. At that time I had drawn your attention that according to our usual practice the members are being furnished with copies of all laws, rules, etc. But since some time past no papers are being made available to them. Now, rule 241 must be observed. You had then observed that you would look into the matter and do the needful. When you were not here, attention of the Chair was drawn to the fact that copies of the orders, regulations, laws, by-laws, etc., which are being issued by different departments, are not being made available to the members.

Shri Jaganath Kolay : আপনি যেটা বললেন, আমি সারকুলার দিয়ে দিয়েছি যে ফিউচারে সব অর্ডারস এবং বাই-লজ যেগুলি গেজেটেড হয় সেগুলি দেবার জন্য এবং তা দেওয়া হবে।

Mr. Speaker : আমি যে দিন বলেছিলাম এ্যাটলিষ্ট সেদিন থেকে যাতে পায় সেটা করবেন।

Shri Jaganath Kolay : ওঁদের বাড়ীতে তো সব যায়।

Mr. Speaker: Let us confess that it is not only the gazette—the rule provides—all papers should be made available to them. Previously copies of all these rules, sub-rules, laws, by-laws, regulations were being sent to our secretariat to be distributed among the members. I do not know how long, but for some time past none of the papers are being made available.

Shri Jagannath Kolay: I shall enquire into the matter.

Mr. Speaker: They should get them.

Shri Jagannath Kolay: They must get them.

Shri Nikhil Das: স্যার, আপনি ওঠা বলে দিন যে যে তারিখে রুলিং দিয়েছেন সেই তারিখ থেকে যেন কাগজ পত্র যায়।

Shri Saila Kumar Mukherjee: Is it your observation that every order of the Government which is published in the Calcutta Gazette and that each copy of the gazette are to be made available?

Mr. Speaker: Previously all those copies were being sent to this Secretariat. I am following the old practice, nothing new is being done.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council

Shri Smarajit Bandyopadhyay: Sir, I beg to move that the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as settled in the Assembly, be passed.

Shri Shambhu Charan Ghosh: মাননীয় স্পীকার মহাশয়, হিমঘর নিয়ন্ত্রণ বিল যখন এই হাউসের সামনে উত্থাপন করা হয়েছিল তখন আমরা অত্যন্ত স্পষ্টভাবে এই কথা বলেছিলাম যে হিমঘরগুলির মধ্যে মালিকরা যে সমস্ত অসাধু উপায় অবলম্বন করে এই হিমঘরের উদ্দেশ্য বানচাল করার চেষ্টা করছে? এই বিলের মধ্য দিয়ে সেই সমস্ত উদ্দেশ্য সাধন করা হচ্ছে না। অর্থাৎ বিলের যে উদ্দেশ্য ছিল হিমঘরগুলিকে সঠিকভাবে নিয়ন্ত্রণ করা এবং ঠিক ঠিক যাতে সেই হিমঘরের মধ্যে মজুত জিনিস কনজিউমারের কাছে অল্পদামে পৌঁছে দেওয়া যায়—সেই সম্পর্কে কোনরকম ব্যবস্থা এরমধ্যে ঘোষণা করা নেই। স্পীকার মহাশয়, আপনি জানেন যে পশ্চিম বাংলায় ১১৬টি হিমঘর আছে—তারমধ্যে অধিকাংশ হিমঘরই কতকগুলি ব্যক্তিগত মালিকানার মধ্য দিয়ে পরিচালিত হয়। মাত্র দুটি হিমঘর—হুগলীতে একটি, বর্ধমানে একটি—সমবায়ের ভিত্তিতে পরিচালিত হয়। এছাড়া একচেটিয়ে পুঁজিপতি যারা তারা তাদের কারবারকে ফলাও করবার জন্য প্রচুর মুনাফা লোটার জন্য এই হিমঘরগুলিকে হাতিয়ার হিসাবে ব্যবহার করে। এই সমস্ত হিমঘরগুলিকে তৈরী করতে যে টাকা তাদের লাগে—যে মূলধন তারা বিনিয়োগ করে সেটা তারা অত্যন্ত অল্প সময়ের মধ্যে তুলে নেন এবং তারমধ্যে দিয়ে তারা একদিকে গরীব চাষীদের বা উৎপাদনকারীদের ঠকাবার চেষ্টা করে অপর দিকে মালকে মজুত রেখে দেশে কৃত্রিম অভাব সৃষ্টি করার চেষ্টা করে।

[2-30—2-40 p.m.]

সেটা অনুসন্ধান করে দেখা গেছে যে যেসমস্ত হিমঘরে ৬০ থেকে ৭০ হাজার মণ আলু ধরে সেই হিমঘর তৈরী করতে ৪ লক্ষ টাকার মত খরচ হয়। ৪ লক্ষ টাকা ব্যয় করে একটা হিমঘর প্রস্তুত হলো যার capacity হল ৬০ থেকে ৭০ হাজার মণ আলু রাখা এবং যেখানে ১ মণ আলু রাখার জন্য ঐ সমস্ত মালিকরা ৬ থেকে ৭ টাকাতেই করেছেন। যদি ৭ টাকাই রেট হয় তাহলে ১ বৎসরে ঐ ৭০ হাজার মণ আলু থাকলে অনেক টাকাই উঠে আসে, ৪ লক্ষ ২০ হাজার টাকা ১ বৎসরে তার এসে যায় আরও যদি ১০ হাজার টাকা maintain করবার জন্য ধরা যায় তাহলে দেখা যাবে ১ বৎসরের মধ্যেই মালিক তার সমস্ত মূলধন উসুল করে নিয়ে মোট লাভ করেছে ১০ হাজার টাকা। এইভাবে দেখা যাচ্ছে যে আজকে মুনাফা করবার জন্য অত্যন্ত সুবিধাজনক অবস্থা এঁরা তৈরী করে দিয়েছেন যার জন্য কিছু কিছু পুঁজিপতি তাদের অর্থ এই হিমঘর তৈরী করবার জন্য ব্যয় করছেন। এই হিমঘরগুলির মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে এই হিমঘর শুধুমাত্র আলু উৎপাদনকারীরা যে কেবল সুযোগ সুবিধা পাচ্ছে তা নয় যারা হিমঘরের মালিক তারা এই ব্যবসায়ের নামে স্বনামে এবং বেনামীতে নিজেরাই আলু রাখবার চেষ্টা করেছেন এবং বাজারে আলু ছাড়ার যে সময়ের প্রয়োজন সে সময়ে না ছেড়ে একটা কৃত্রিম অভাব সৃষ্টি করে বাজারে বেশী দামে বিক্রী করবার চেষ্টা করতে বাধ্য করেছেন। যাতে এটা না হতে পারে অর্থাৎ যাতে তারা এ ধরনের কাজ না করতে পারে এবং আলু উৎপাদনকারীরা যাতে হিমঘরে আরও আলু রাখার সুবিধা পায় সেদিক থেকে কোন কথাই এই বিলে নেই। তার checkingএর কোন ব্যবস্থা নেই। একটা কথা বলা হয়েছে যে সমবায় সমিতিকে Priority দেওয়া হবে। কিন্তু তারমধ্যে দেখা যাবে যে সমবায় সমিতির নামে হিমঘরের মালিকরা নিয়ন্ত্রণ করে অর্থের মধ্য দিয়ে বা বিভিন্নভাবে এটা নষ্ট করবার চেষ্টা করছেন। এই বাংলা দেশের হিমঘরগুলি যদি পুরাপুরি সরকারের নিয়ন্ত্রণে আনতে না পারা যায় তাহলে দেখা যাবে যে সেগুলি সমবায় ভিত্তিতে গড়ে না উঠে ব্যক্তিগত দুর্নীতি যেটা সেটাই দেখা যাবে। সেজন্য আমরা গোড়া থেকেই বলেছিলাম যে পশ্চিমবঙ্গ সরকারের উচিত এই হিমঘরগুলিকে জাতীয়করণ করা। যদি সম্ভব না হয় তাহলে এই আইন পাস হবার সঙ্গে সঙ্গে দেখা উচিত যাতে অধিক সংখ্যক সমবায় ভিত্তিতে এই হিমঘর গড়ে উঠে। তা যদি না হয় তাহলে দেখা যাবে যে হিমঘরে উৎপাদনকারী চাষীদের কোন স্থান নেই। অপর দিকে বাজারে সবসময় একটা কৃত্রিম অভাব সৃষ্টি হবে। সুতরাং সরকার যত কথাই বলুন না কেন এর ফল ভাল হবে না এবং সস্তা দামে লোকে জিনিস দিতে পারবে না। সেজন্য বিলের তৃতীয় রিডিং-এ আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলবো যে এ বিল পাশ হবার পরে নিয়ন্ত্রণের ক্ষেত্র বলে দিয়েও penalty clause থাকলেও এরমধ্যে এমন কতকগুলি ফাঁক আছে যার সুযোগ নাকি ঐ হিমঘরে অসাধু ব্যবসায়ীরা গ্রহণ করবেন। সুতরাং বেশী checkingএর ব্যবস্থা না থাকলে একদিকে যারা আলু উৎপাদনকারী ঐ কৃষক তাদের মাল মজুত রাখবার কোন সুবিধা হবে না অন্যদিকে কৃত্রিম অভাব বাজারে সৃষ্টি করবেন এই হিমঘরের অসাধু ব্যবসায়ী মালিকরা। সেজন্য এই বিলকে ঢেলে সাজাবার প্রয়োজন আছে বলে আমরা মনে করি এবং এই বিলের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sanat Kumar Raha: মিঃ স্পীকার স্যার, আজকে আমরা হিমঘর বিলের ৩য় পর্য্যায়ের আলোচনা যখন সুরু করেছি তখন আমরা হাতেপেয়েছি মনোপলি একচেটিয়া কমিশানের রিপোর্ট, ভারতবর্ষে একচেটিয়া কারবার এ সম্পর্কে যত নরম করেই বলা হোক না কেন কমিশানের মেম্বাররা তা থেকে ইঙ্গিতে জানিয়েছেন যে ভারতবর্ষে একচেটিয়া পুঁজিপতি ক্লাস আমাদের সমাজের মধ্যে ছেয়ে বসে পড়বে। এর বিরুদ্ধে তাঁরা যত কথা বলুন একজনের সিলেকটিং নোট অন্য মত পোষণ করেছেন। তিনি এ সম্পর্কে একটা বিশেষ হুঁশিয়ারী দিয়েছেন যে আমাদের একচেটিয়া পুঁজিপতির বিরুদ্ধে সজাগ থাকা উচিত এবং তাদের সমাজ জীবন এবং আর্থিক জীবনে ঢুকতে দেবার কোন সুবিধা যেন না থাকে। আমরা যে সময়

এনকোয়ারী কমিশানের রিপোর্ট পাই সে সময় ভারতবর্ষে একচেটিয়ার বিরুদ্ধে তীব্র ঘৃণা ফুটে উঠেছে। যে সময় ধান চালের ব্যবসা একচেটিয়া করে নেবার জন্য সরকার আধাআধি রাস্ট্রয়ত্ত্ব করিয়াছেন সে সময় হিমঘর বিলকে যেটা সম্পূর্ণভাবে রাস্ট্রায়ত্ত্ব করা উচিৎ ছিল সেটাকে সম্পূর্ণরূপে ব্যক্তিগত করা হয়েছে। এরূপ ধরনের বিল আমাদের দেশে ছিল না। যতটুকুন নিয়ন্ত্রণের ব্যাপারে করেছেন যাতে সন্তুষ্ট হওয়া উচিত কিন্তু বর্তমান পরিস্থিতির দৃষ্টিভঙ্গীতে আমরা এতে সন্তুষ্ট হতে পাচ্ছি না। কারণ আজকে যে বিল না এসে বৎসরের আগে যে ধরনের বিল আসা উচিত ছিল ঠিক সে ধরনের বিল হয়েছে। ১৯৬৪ সালের জানুয়ারী থেকে সারা ভারতবর্ষে আবশ্যকীয় পণ্য আইন হিমঘরের উপর প্রযোজ্য করা বিষয়ে বাংলা দেশে কোন আইন না থাকায় তারপর এ আইন এল। এ আইন পাশ হলে আশা করা যায় কেন্দ্রীয় আদেশ প্রত্যাহৃত হবে। যা হোক এ বিল সম্পর্কে ৩য় পর্যায়ে কয়েকটা কথা বলতে চাই। বাংলা দেশে একচেটিয়া অনুপ্রবেশ যথেষ্ট হয়েছে। বাংলা দেশে প্রায় দুর্ভিক্ষ অবস্থা আছে। এ দুর্ভিক্ষের জন্য দায়ী সেই সমাজের শত্রু দেশের শত্রু যারা একচেটিয়া কারবার করে। আমাদের দেশের সমস্ত মানুষকে ক্ষুধায় কাতর রেখে দিনের পর দিন মুনাফা অর্জন করে চলেছে। সেই তাদের হাতে বাংলা দেশকে ছেড়ে দেওয়া হয়েছে। আজকে এ সমস্যা শেষ করে দেবার জন্য সরকার থেকে একটা নীতি গ্রহণ করেছেন সেটা হচ্ছে রাস্ট্রীয় ব্যবসা। এ পদ্ধতির সমালোচনার জায়গা এটা নয়। যদিও অনেক ত্রুটিবিচ্যুতি আছে তথাপি আমরা মনে করি রাস্ট্রীয় ব্যবসা খাদ্যের ভিত্তিতে করে মানুষকে বাঁচান যায়। সারা বাংলা দেশের ক্ষেত্রে নয় সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে এটা স্পষ্ট ভাবে দেখা গেছে যে ভারতবর্ষের মানুষকে যদি বাঁচাতে হয় তাহলে একচেটিয়ার ক্ষেত্রে আইন তৈরী করতে হবে। আজকে দুঃখের বিষয় সে একচেটিয়াকে খর্ব করবার জন্য একটা ব্যাপক বিল আনা উচিত ছিল তখন হিমঘর বিল একটা সু-সংহত ভাবে না এনে আধাখ্যাঁচড়াভাবে একটা বিল আনা হয়েছে। এ বিল কি ভাবে পরে দেখা দেবে তা বলা শক্ত। বড় ধনীরা, একচেটিয়া ব্যবসায়ীরা হিমঘর করতে পারে। সাধারণ ধনীর পক্ষে হিমঘর করা সম্ভব নয়। ৮।১০ হাজার টাকা খরচ করে সে জায়গায় ১ লক্ষ মণ আলু রাখা যায়, ১ লক্ষ মণ আলু রাখতে গেলে যেরূপ যন্ত্রপাতি দরকার যে পরিমাণ staff রাখতে হবে সেসব খরচ করতে গেলে ৮।১০ লক্ষ টাকা দরকার। কিন্তু আজকে বাংলা দেশে ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে ১১৬টা হিমঘর আছে। তারা যদি এসোসিয়েশন করে তাহলে একচেটিয়া কারবার তাদের হাতেই থেকে যাবে। আজকে হিমঘর এসোসিয়েশন একচেটিয়া কারবার আপনারা যতই দর নির্দিষ্ট করে দিন না কেন সে এসোসিয়েশন তারা যে দর নির্ধারণ করে দেবেন তাদের রোখবার ক্ষমতা আপনাদের নাই। অর্থাৎ তাদের যে জোট যে এসোসিয়েশন তারাই এটা পরিচালনা করবেন। এবং Associationকে

[2-40—2-50 p.m.]

রোখবার ক্ষমতা আপনাদের নেই। যে ১১৬টি হিমঘর, একচেটিয়া ব্যক্তিগত মালিকানায় যে হিমঘর, তারা গোষ্ঠিগত হয়ে একজোট হয়ে Association form করে, তার monopoly রেখে, তাকে পরিচালনা করবে। আমি তাই বলতে চাই মাত্র সমবায়ের ক্ষেত্রে দুটি হিমঘর আছে। তার সমালোচনার মূল বস্তু আমি এখনও পাইনি। আমি মনে করি একদিকে সমবায় যদিও প্রগতিশীল কিন্তু তারচেয়েও মনে করি বাংলা দেশের যে সামাজিক পরিবেশ, বাংলাদেশের কৃষকের যে অবস্থা, তাতে উৎপাদকের জন্য, বিশেষ করে গরীব উৎপাদকের জন্য, ছোট ছোট উৎপাদকের জন্য এই হিমঘরের ব্যবস্থা আগে হওয়া উচিত। আরও উচিত, জনসাধারণের স্বার্থে, ক্রেতার স্বার্থে, হিমঘর এমনভাবে ব্যবহার করতে দেওয়া উচিত, যাতে করে হিমঘরের সুযোগ নিয়ে, জিনিসের দাম কেউ বাড়াতে না পারে। দু-আনা, তিন-আনার আলু, ১৪ আনায় খেতে হবে এ রকম ব্যবস্থা না করে হিমঘর চালু রাখা যায়, সেই রকম

দৃষ্টিভঙ্গী নিয়ে, এই বিল রচনা করা হয়নি। আমাদের কতগুলি পরামর্শ ছিল, তা দেওয়ার আর এখন উপায় নেই। আমি শুধু বলতে চাই এই বিলে কতকগুলি ত্রুটি থেকে গিয়েছে। যেমন হিমঘরের ভাড়া। কি রেটে ভাড়া হবে, তার একটা সমীকরণ, একটা uniform rate, থাকা দরকার। যে রেটটা রাখলে পর, সাধারণ লোকের পক্ষে সেখানে জিনিস রাখা সম্ভব হবে। যে রেটটা করলে পর সাধারণ ছোট ছোট কৃষকরা তাদের উৎপন্ন ফসল হিমঘরে রাখতে পারে, সেই রকম একটা uniform rateএর ব্যবস্থা বা সুযোগ এখানে নেই। এখনও পর্যন্ত বর্তমানে উচু, নীচু হারে যে রেট চলছে, সেই রেটের একটা সমীকরণ, equalisation বা uniformity আনার চেষ্টাও হয়নি। তৃতীয়ত, সারা ভারতবর্ষে এটা ঠিক হয়ে গিয়েছে। অন্যান্য প্রদেশে হিমঘরের ভাড়া কম। বাংলাদেশে তার চেয়ে অনেক বেশী। আমরা জানি, এবং কাগজের পৃষ্ঠায় এর সংবাদ আমরা দেখেছি। একচেটিয়ার বিরুদ্ধে কোন বিধি নিষেধ পরিষ্কারভাবে করার নির্দ্দেশ এই বিলের মধ্যে পাওয়া যায়নি। চাষীর অগ্রাধিকারের ব্যবস্থা কোন ক্ষেত্রেই দেওয়া হয়নি। এ সম্বন্ধে কোন defination নেই, scope নেই। ছোট চাষীর সম্বন্ধে নানা কথা বলে, অজুহাত দেখিয়ে, আপনারা পাশ কাটিয়ে গিয়েছেন। যাঁরা এই এই বিল এনেছেন, তাঁরা যখন এই বিল রচনা করেন, তখন তাঁদের মগজের মধ্যে এইটা আনা উচিত ছিল যে হিমঘর বস্তুটি হচ্ছে সাধারণ চাষী এবং ক্রেতাদের জন্যই মূলতঃ হওয়া উচিত। হিমঘর বস্তুটি মালিকের জন্য নয়, এই দৃষ্টিভঙ্গী থাকা উচিত ছিল। কিন্তু তাঁদের দৃষ্টিভঙ্গী ছিল যে হিমঘরের যারা প্রতিষ্ঠা করবেন তাদের কতটা সুযোগ, সুবিধা দেওয়া যায়। বাংলাদেশে হিমঘর কত দ্রুত গড়ে উঠতে পারে, ব্যক্তিগত মালিকানার খাতিরে, এবং কি পরিমাণ মুনাফা পেলে পর হিমঘর প্রতিষ্ঠা করবার জন্য তারা incentive পায়, এই দৃষ্টিভঙ্গী নিয়েই এই বিল রচিত হয়েছে। যদি সাধারণ চাষীর, ক্রেতার সুযোগ-সুবিধার প্রতি দৃষ্টিভঙ্গী থাকতো তাহালে সেইরকম provisionsগুলি নিশ্চয় এই বিলে থাকত। কিন্তু, এই দৃষ্টিভঙ্গী ছিলনা। যেখানে ৮ লক্ষ, ১০ লক্ষ টাকা হিমঘরের জন্য খরচ হবে এবং তার মালিক এক এক দিনে ৫ হাজার, ৭ হাজার টাকা কামাবে, আর সেখানে penaltyর ব্যবস্থা করেছেন কি? যে আইনটা সাধারণ ফৌজদারী আইন, সেই বৃটিশ যুগ থেকে চলে আসছে, cognizable offence বলে, নাম দিয়ে, আমরা সেখানে বলছি ৫০০ টাকার বেশী জরিমানা করা উচিত নয়, এবং ছয় মাস জেল যথেষ্ট। কেন? ডি, আই, রুলে একজনকে ছয় বছর আটাকে রাখতে পারেন। একটা আইন বদলাবার যদি প্রয়োজন হয়, তা বদলাতে হবে। যারা ৫ লাখ টাকার কারবার করে এক এক দিনে পাঁচ, সাত হাজার টাকা রোজগার করেন, সেইসব লোকের কাছে, আমি যদি penaltyর জন্য দাবী করি যে দু হাজার টাকা তোমার fine হবে, বা এক বৎসর জেল হবে, তাহালে এটা খুব অন্যায় কথা? দরকার হয় আমাদের আইন বদলাতে হবে। কাজেই আইনটা এইভাবে রচিত হওয়া উচিত। কোথায় Jail Codeএর কি আইন আছে, কোথায় কি cognizable offence, ঐ ফৌজদারী কোর্টে কি আছে বা না আছে অত তত্ত্বকথার মধ্যে না গিয়ে, সাধারণ লোক এই চাইছে যে, যে লোক ১০ লাখ টাকা খরচ করে হিমঘর তৈরী করে, সে ঘুষ খেয়ে, যে কোনভাবে মানুষকে নানা রকম দুর্নীতির পথে ঠেলে নিয়ে গিয়ে যদি হিমঘর চালাতে পারে, সেই লোকের যদি কোনদিন fine হয়, তাহলে তার penaltyর জন্য একটা দাক্ষিণ্যের মত দুশো, পাঁচশো টাকা নয়, দাক্ষিণ্যের জন্য হবে কমসে-কম ১০ হাজার টাকা, এবং অন্ততঃ তার এক বছর জেল হওয়া উচিত। এ রকম ব্যবস্থাও এই আইনের মধ্যে রাখা হয়নি। সেইজন্য আমার মনে হয় এখানে বহু ত্রুটি, ছিদ্র, দ্বার, দরজা খোলা আছে, যার ভিতর দিয়ে হিমঘরের মালিক, যারা বড় বড় মালিক, তারা সকলে মিলে হিমঘরের Association form করে, তাদেরকে lead করবে এবং ঐ দরজা দিয়ে তারা বেরিয়ে যাবেন। তাঁরা জিনিস মজুত করে রেখে দাম বাড়িয়ে দেবেন, তার বিরুদ্ধে কোন প্রতিকারের

বা প্রতিরোধের ব্যবস্থা নেই। এই বিলের মধ্যে এমন কোন আইনের provisions করা হয়নি, যে হিমঘরের মধ্যে মাল রেখে, ইচ্ছাকৃতভাবে সেই মাল খালাস না করে, বাইরে scarcity create করে দিয়ে, দুর্মূল্য বাজার বলে, দু আনার, চার আনার মালিককে হয়ত ১ টাকা, ২ টাকায় বিক্রি করতে পারে।

এই বিলের মধ্যে এমন কোন provision করা হয় নাই—যারা হিমঘরের মধ্যে মাল রাখে, তারা ইচ্ছাকৃত ভাবে সেই মাল খালাস না করে সেখানে রেখে দিয়ে বাইরে একটা কৃত্রিম scarcity create করে এবং দুর্মূল্যের বাজার বলে দু-আনা, চার আনার আলু এক টাকা, দেড় টাকা দু-টাকা বিক্রী হতে পারে। কাজেই দেখা যাচ্ছে যে এজন্য হিমঘরের প্রয়োজন নাই। এখন পৌষ মাসে চাল বাজারে ছ' আনা, সাত আনা, আট আনা যেখানে চাল হয়, আজ সেখানে ১০ আনা, ১২ আনা, ১৩ আনা যেখানে কর্ডন, surplus এলাকা, সেখানে ৩১ টাকা মণ চালের দর। ঠিক এই ভাবে দুর্নীতি চলবে, দুর্নীতির দরজা বহু দরজা খোলা রেখেছেন এই বিলের মধ্যে। এই দরজাগুলি বন্ধ করতে না পারলে, একচেটিয়া ব্যবসায়ী যদি ঘায়েল করা না যায় এই বিলের মধ্য দিয়ে, তাহলে এক বছরের মধ্যে দেখবো এই বিল বন্ধ হয়ে গেলেও এই বিলের যে উদ্দেশ্য ছিল, তা পূরণ হল না এবং ছোট ছোট ব্যবসায়ীরা এই হিমঘরের কোন সুযোগ পেল না। একচেটিয়া Co-operative Farm করে দিয়ে গোটা বাংলা দেশে নূতন মুনাফা নূতন পুঁজি খাটছে এই হিমঘরের মাধ্যমে। তারপর কৃষক যারা হিমঘরে মাল রাখবে, নষ্ট হয়ে গেলে তার ক্ষতিপূরণ দেওয়ার কোন নির্দিষ্ট ব্যবস্থা এর মধ্যে নাই; কি হারে কি ক্ষতিপূরণ দেবেন তার কোন নির্দিষ্ট ব্যবস্থা নাই। আইনে রুল কি হবে তা জানি না। শুধু আমি বলছি প্রভিশান একটা আইনের মধ্যে থাকা উচিত যাতে কৃষকদের ন্যায্য অধিকার স্বাভাবিক ভাবে আইনের ভেতর রক্ষা করতে পারি। যে কৃষক বা যে লোকেরা হিমঘরে মাল রাখেন, তাঁদের সেই রসিদের উপর লোনের ব্যবস্থা ব্যাঙ্ক থেকে দেওয়ার ব্যবস্থা থাকা উচিত। রসিদের against-এ credit পাওয়া উচিত—এই ব্যবস্থা বর্তমান যুগে নিশ্চয়ই থাকা উচিত ছিল। হিমঘরে রাখা মালের রসিদ transfer করার ব্যবস্থা করা হয়েছে। আমি একটা amendment দিয়ে এসেছিলাম এই trnsfer-এর বিরুদ্ধে এই কারণে যে এই transfer বেনামী হয়ে যাবে। এর ফলে গরীব লোক টাকার জন্য কম দামে এই রসিদ বিক্রী করতে বাধ্য হবে। আর বড় বড় ব্যবসায়ীরা কম দাম দিয়ে—দু-চার পয়সা দিয়ে সেই রসিদগুলি কিনে নেবে। বড় বড় ব্যবসায়ীরা আলুর ছোট ছোট মালিকদের কাছ থেকে কিনে নিয়ে দশটি ছোট ছোট মালিকদের আলু এক জায়গায় রেখে দিয়ে তিন মাস ছয় মাস পরে সেই আলুর দাম বাড়িয়ে দিয়ে ডবল ইন্‌কাম করবে। এই রকমভাবে রসিদ transfer করার সুযোগ নিয়ে সেই রসিদ একচেটিয়াকারবারী কিনে নিতে পারবে, বেনামদার হতে পারবে। সেই বেনামী হস্তান্তরের বিরুদ্ধে কোন প্রতিকারের ব্যবস্থা এই বিলে নাই। সেইজন্য আমার amendment ছিল এই রসিদ যখন হস্তান্তর হবে, তখন priority দিতে হবে তাকে যে সাধারণ লোক—সাধারণ trader, বড় বড় trader, হিমঘরের মালিক বা তার বেনামী ব্যবসাদারদের হাতে সেই রসিদগুলি না যায়।

এই আইনের মধ্যে বাধ্যতামূলক বীমারও কোন ব্যবস্থা নাই। হিমঘরে মাছ, আলু ইত্যাদি নানা জিনিস থাকবে। সেই জিনিসগুলি রাখার সঙ্গে সঙ্গে তার বীমার একটা ব্যবস্থা থাকা উচিত ছিল।

এই আইনে যে ছিদ্রগুলি রইল, সেই ক্ষুদ্র দরজা দিয়ে বৃহৎ বৃহৎ রুইকাতলা সব বেরিয়ে যাবে। আমার তাই বক্তব্য হচ্ছে মন্ত্রিমহাশয় যে বিলটা নিয়ে এসেছেন, এই হিমঘর বিল সম্পর্কে বাংলা দেশে নূতনত্ব থাকলেও যে ধরনের বিল আসলে মানুষ সুখী হতো—উৎপাদকদের বিশেষভাবে উপকার হতো, ক্রেতা সাধারণের স্বার্থ রক্ষিত হতো, সেই ধরনের বিল এটা নয়। কাজেই আমি হুঁশিয়ার করে দিচ্ছি এই বিলে যতটুকু ছিদ্র আছে, সেগুলি যতদূর সম্ভব দূর করুন, বন্ধ করার ব্যবস্থা করুন; প্রয়োজন হলে রুল তৈরী করে বন্ধ করুন। যতশীঘ্র সম্ভব

আবার একটা comprehensive বিল নিয়ে আসুন যে সম্বন্ধে স্মরজিৎবাবু আধা রাজী হয়ে গেছেন। এখানে agricultural hirer সম্বন্ধে definition কিছু নাই। সেই সব definition ইত্যাদি দিয়ে একচেটিয়া ব্যবসাদারদের বিরুদ্ধে যে সমস্ত কথা বললাম—সেই সবের প্রতিকারের ব্যবস্থা সমেত একটা সু-সংহত বিল নিয়ে আসুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nathaniel Murmu : মিঃ স্পীকার স্যার, এই হিমঘর বিল যখন আইনে পরিণত হতে চলেছে, সেই সময় আমাদের শেষ বক্তব্য রাখলেও এর অপাতত কোন মূল্য দেবেন না আমি জানি। বিলের দফাওয়ারী আলোচনায় যে সমস্ত সংশোধনী আমরা রেখেছি, সে সম্পর্কে মন্ত্রিমহাশয় যেভাবে উত্তর দিয়েছেন, তাতে মনে হয় যে তিনি এটি মনস্থির করেই এসেছেন যে বিরোধী পক্ষের সদস্যরা যত সারগর্ভ বক্তৃতা বা যুক্তি দেননা কেন তিনি তাদের একটিও গ্রহণ করবেন না। আমরা সরকারকে সাহায্য করবার মন নিয়েই বিভিন্ন amendment দিয়েছিলাম চাষীরা যে কৃষিজাত পণ্য রাখবেন হিমঘরে, সেখানে তাঁরা উৎসাহ পাবেন পণ্যের ন্যায়সঙ্গত মূল্য ভবিষ্যতে পাবেন বলে। কিন্তু সেসব তিনি কিছুই গ্রহণ করেন নাই।

এই হিমঘর বিল এতে তার মুখবন্ধে মন্ত্রী মহাশয় যে বক্তৃতা দিলেন তাতে তিনি বলেছিলেন চাষীরা যাতে উৎসাহ পায়, চাষীরা যাতে কৃষিজাত পণ্যের ন্যায়সঙ্গত মূল্য পায়, চাষীর উপর যাতে ফাটকাবাজী না চলে তারজন্য তিনি এই বিল এনেছেন। বিশেষ করে হচ্ছে ২০ ও ২১ নম্বর ধারা তিনি যেভাবে সংযোজিত করেছেন তাতে চাষীদের নিরাপত্তার কোন ব্যবস্থা করা যায়নি। আমার আগে আরো দু-জন বক্তা বলেছেন আজকে হিমঘর পুরাপুরি ব্যক্তিগত মালিকানার আওতায় বাংলাদেশে চলছে।

[2-50—3 p.m.]

১১৬টার মধ্যে মাত্র দুটো সমবায়ের মাধ্যমে চলছে আর বাকী ১১৪টা ব্যক্তিগত মালিকানায় চলেছে। মন্ত্রী মহাশয় যদি খেয়াল করতেন তাহলে দেখতে পেতেন তৃতীয় বার্ষিকী পরিকল্পনার যে রূপরেখা কেন্দ্রীয় সরকার বের করেছেন তাতে তারা হিমঘরের অবদান সম্পর্কে বলেছেন যে হিমঘর এমনভাবে গড়ে তুলতে হবে যাতে চাষীরা ন্যায়সংগত মূল্য পায়। আপনি দেখছেন যে রসিদ বিক্রী করবার সুযোগ তিনি রেখেছেন—এটা অত্যন্ত জানা কথা কোন চাষী দীর্ঘদিন হিমঘরে তার পণ্য জমা রাখতে পারেনা, সেই রসিদের জোরে মরশুমের সময় যে লোকটা তার রসিদ কিনে নেবে সেই বাজারে বিক্রী করে উপরি মূল্য আদায় করে নেবে। এই ফাঁকি রোধ করবার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নেই। এর একটা মাত্র উপায় হচ্ছে হিমঘরগুলি পুরাপুরি সরকারী নিয়ন্ত্রণাধীকে নিয়ে আসা। জাপানে হিমঘরে চাষীরা তাদের কৃষিপণ্য রেখে যে ন্যায়সঙ্গত মূল্য পাচ্ছে আশা করি মন্ত্রিমহাশয় তা অবগত আছেন। আজকে আমাদের দেশের খাদ্যসংকট সমাধানের জন্য রাষ্ট্রীয় ব্যবসা হলেই এই সমস্যার সমাধান হতে পারে। কিন্তু এঁরা রাষ্ট্রীয় ব্যবসার নাম করে একটা আধাখেঁচরা জিনিষ করছেন। এই হিমঘরের ব্যাপারেও হিমঘরের উদ্দেশ্য সফল করবার নাম করেও এরা যে জিনিষ করছেন সেই এই রকম একটা আধাখেঁচরা জিনিষ। সেখানে ফাটকাবাজী হবে। চাষীদের সেখানে মাল রাখার দরুন যে লাভ হবে তা ফাটকাবাজেরাই পাবে। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আমার এই আবেদন যে সরকারী নিয়ন্ত্রণাধীনে এই হিমঘরগুলি থাকা দরকার যাতে চাষীর সংগে উৎপাদকের সংগে সরকারের সম্পর্ক থাকবে, কৃষিপণ্য সমস্তই সরকারী তত্ত্বাবধানে থাকবে। এবং রসিদ বিক্রির ব্যবস্থা যাতে না থাকে। যদি এই রকম একটা সামগ্রীক সরকারী প্রচেষ্টা হত তাহলে চাষীকে এই ফাঁকিতে পড়তে হত না। এই বিল সম্পর্কে আজকে এখানে যে আশংকা প্রকাশ করা হয়েছে সেই আশংকা মোটেই অমূলক নয়। তাই আমরা বারে বারে

এদের কাছে দাবী করেছি যে—এই বিলের সংশোধন তারা নানাভাবে আনতে পারেন। এবং সেটাই তারা করুন। সর্বোপরি এই প্রচেষ্টা থাকা দরকার যাতে হিমঘর কোন সময়েই যাতে বেসরকারী নিয়ন্ত্রনাধীনে চলে না যায়। মন্দের ভাল হিসাবে সমবায়ের উপরে তত্বাবধানের ভার দেওয়া যেতে পারে। চাষীর স্বার্থে, তারা যাতে তাদের কৃষিপণ্যের ন্যায্য মূল্য পেতে পারে এইজন্য এইগুলিকে নাশানালাইজ করতে হবে এটা যদি করতে পারেন তবে এরা যে শুভ উদ্দেশ্যের কথা বলছেন সেটা সফল হবে। চাষীকে ইনটেনসিভ প্রাইজ দেবার কথা বলা হলে টাকার কথা বলা হয়। কিন্তু আমাদের বিরোধী দল থেকেই শুধু নয় বিদেশ থেকে যে অর্থনীতি বিদ্ Caldor সাহেব এসেছিলেন তিনি ওদের চোখে আংগুল দিয়ে দেখিয়েদিয়েছেন যে ভারতের কোটিপতিরা ইনকামট্যাক্স বাবদের যে ২০০ কোটি টাকা ফাঁকি দেয় সেই ফাঁকি ধরা যেতে পারে। এবং চোরা পথে যে কালো টাকা লেনদেন হয় তা বাজেয়াপ্ত করে অনেক টাকা সংগৃহীত হতে পারে। এবং এই টাকা দিয়ে হিমঘর এরা ন্যাশানালাইজ করতে পারেন। উপসংহারে শুধু আমি এই কথাই রাখব যে চাষীর যদি মঙ্গল করতে চান এবং তাদের ন্যায্য মূল্য দিয়ে উৎপাদন বাড়াতে চান তাহলে হিমঘরগুলিকে অবিলম্বে রাষ্ট্রায়ত্ব করুন। তানাহলে চাষীর কোন দিনই মঙ্গল হবে না যতই আপনারা হিমঘর বিল আনুন না।

Shri Abani Bhattacharyya : মাননীয় স্পীকার মহাশয়, এই হিমঘর বিলটা আজকে যে পরিস্থিতি আনা হয়েছে তাতে আমাদের এই আশংকা যে এটা সাধারণ মানুষের স্বার্থ সংরক্ষণ করতে সমর্থ হবেনা। প্রথমে যে জিনিসটা আমাদের চোখে পড়ছে সেটা হল এই হিমঘর বিলে কোঅপারেটিভ সেকটরকে অগ্রাধিকার দেওয়া হয়নি। যে হিমঘরগুলি বাংলাদেশে রয়েছে সেগুলি সমস্তই প্রাইভেট ইনডিভিজুয়ালের হাতে থেকে যাচ্ছে। আজকে সাধারণভাবে আমাদের দেশে এ্যাগ্রিকালচার ও ইণ্ডাস্ট্রীর ক্ষেত্রেও উন্নতির পন্থা হিসাবে কোঅপারেটিভ সেকটারকে প্রাধান্য দেওয়া হচ্ছে। এই ক্ষেত্রেও সেই অগ্রাধিকার দেবার প্রয়োজনীয়তা আছে। এখন যখন সরকার চিন্তা করছেন যে বাংলাদেশে কোঅপারেটিভের মাধ্যমে রাইস মিল তৈরী করবেন তখন সেই আদর্শ অনুসারে হিমঘর তৈরী করার প্ল্যানও তারা নিলেন না কেন তা বুঝতে পারছি না। খাদ্যসংকট সমাধানের উপায় হিসাবে ধানচাল-এর পরেই কৃষিপণ্য হিমঘরে রাখবার যে ইমপরটেন্স রয়েছে সেটা আমরা অস্বীকার করতে পারিনা। আলু, এখন ওরা ধানচাল না পেলে আলু খাবার কথা বলেছেন সেই আলু আমরা হিমঘরে রাখব বটে কিন্তু মনপলির হাতে যদি হিমঘর চলে যায় তাহলে সনৎ রাহা মহাশয় যে আশংকার কথা বললেন সেটার বাস্তবতা আমরা অস্বীকার করতে পারিনা। আমরা জানি ছয় আনার আলু আমাদের চাষীদের পাঁচসিকায় কিনে খেতে হয়। এখানে for the interest of producers and consumer. কোঅপারেটিভকে আরও একটু বিগার রোল দেবার কথা সরকার কেন চিন্তা করছেন না। কোঅপারেটিভকে আরও একটু বিগার রোল দিলে মনপলির ম্যানিপুলেশ অব প্রাইস যে খানিকটা চেকড হয় তা আমরা দেখেছি। কনজুমারস কোঅপারেটিভের মাধ্যমে আমরা এটা দেখেছি, সামান্য কনজুমারস কোঅপারেটিভ এটাই প্রমাণ করেছে যে তারা প্রাইস ম্যানিপুলেশান যেমন খুশী করতে পারেন কেন আমাদের সরকার কোঅপারেটিভ বেসিসে হিমঘর করছেন না সেটা আমি বুঝতে পারছি না। এটা ভাল করে ভেবে দেখবার অনুরোধ করছি।

Shri Panchugopal Bhaduri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অদ্ভুত ব্যাপার দেখা যাচ্ছে যে যদিও পশ্চিমবংগ সরকার কেন ভারতসরকারও তাদের ঘোষণার মধ্যে দিয়ে বলছেন যে পঞ্চায়েত এবং সমবায়ের উপর জোর দিতে হবে কিন্তু কার্যত তাদের সমস্ত ঝোঁক দেখছি একচেটিয়া কারবারের উপর। আমার বেশ মনে আছে এই তিরিশ বছর আগেও আমাদের হুগলী জেলা আলু চাষে অগ্রগণ্য ছিল। বোধহয় ভারতবর্ষের মধ্যে ইনটেনসিভ পটাটো কালটিভেশানে প্রথম ছিল এবং পৃথিবীর মধ্যে ডেনমার্কের পরেই দ্বিতীয় ছিল হুগলী জেলায় হরিপাল থানা নালিপুর ইউনিয়ন। তখনও আমরা দেখেছি যে আলু চাষীরা তাদের আলুর ন্যায্য মূল্য পেতনা।

এবং সেই আলু তারা বাঁচিয়ে রাখতে পারতোনা, পচে যেতো। কাজেই যখন হিমঘর হলো তখন আলুচাষীদের মনে বিরাট আশার সৃষ্টি করেছিল যে তারা আলু বাঁচিয়ে রাখতে পারবে এবং বাজারে যে দরে তাদের পড়তা পোষায় সেই দামে বাজারে আলু বিক্রী করে পেতে পারবে। গরীব চাষী, মাঝারী চাষী, প্রথমে হিমঘর হবার পর খুব সুযোগ সুবিধা পেয়েছিল, তারফলে তারা সরকারকে ধন্যবাদ দিয়েছিল। তারপরে গ্রামের ভিতরে ভাল ভাল সড়ক হয়েছে এবং বড় বড় মালিকরা হিমঘর করতে পারে যখন এই অবস্থার সৃষ্টি হল তখন হিমঘরে গিয়ে পড়লো ঐ প্রাচীন যুগে যেমন অল রোড্স লিড টু রোম তেমনি সব কিছু লিড করছে ঐ বড়বাজারের দিকে। কাজে কাজেই হিমঘর যা কিছু হচ্ছে সেটা পশ্চিমবঙ্গ সরকার যাদের দ্বারা পরিচালিত তাদেরই কর্তৃত্বাধীনে হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার তাঁদের বোনাফায়েডি প্রমাণ করতে পারতেন যদি কৃষকের স্বার্থে এবং সাধারণ কনজিউমারদের স্বার্থে হিমঘর ব্যবহৃত হতে দিতেন, তাহলে তাঁরা কিছু ডিসইনসেনটিভ রাখতেন একচেটিয়া কারবারের বিরুদ্ধে যাতে তারা হিমঘরে না আসতে পারে, সেখানে সমস্ত হিমঘর হতো কো-অপারেটিভ সেকটরে। কিন্তু এই আশংকা দেখা যাচ্ছে যে বড় বড় পুঁজিপতি ব্যাঙ্কের সঙ্গে মিলে হিমঘরের কারবারে এসে পড়ছে যেমন গত ১০-১৫ বছর ধরে একচেটিয়া কারবার প্রাইভেট ব্যাংকের সমন্বয় করে প্রতিবছর চালের বন্টনের ক্ষেত্রে বিভ্রাট ঘটিয়েছে। সেইরকমভাবে আলুর ব্যাপারেও তারা হিমঘর অ্যাসোসিয়েশন করবে এবং বড় বড় ব্যবসায়ীরা আলু কর্নারিং করবে এবং দু' একবছর আগে শ্রীপ্রফুল্ল সেন যেমন বলতেন যে চাল কম খাও, আলু বেশী খাও, এই আলু খাবার কথা আর বলতে পারবেন না। কেননা আলুও ঠিক চালের মত একচেটিয়া কারবারের জিনিস হয়ে যাবে। সেটাকে বন্ধ করার জন্য হিমঘর বিল ব্যবহার করা হবে এটা আমরা আশা করেছিলাম। বিল যখন প্রথমে এলো সিলেক্ট কমিটিতে যাবার আগে, আমরা এই আশা প্রকাশ করেছিলাম যে এই বিলের সংশোধনী এমন হোক যাতে এই বিল বৃহৎ ধনীরা না আসতে পারে, একচেটিয়া কারবারে ডিসইনসেন্টিভ রাখা হোক, সেইরকম ক্লজ এই বিলের মধ্যে রাখা হোক এবং কর্নারিং হলে তার যে শাস্তি সেই শাস্তি একজেম্পলারি শাস্তি হওয়া উচিত তাহলে এই কর্নারি বা একচেটিয়া কারবার আলুর ক্ষেত্রে হতে পারবে না। কিন্তু সেইরকম কোন ব্যবস্থা এঁরা করেন নি। দেখে যেটা মনে হচ্ছে সেটা হচ্ছে একচেটিয়ে কারবারের দিকে সমস্ত গতিটা চলেছে এবং সেই একচেটিয়া কারবারকে থামানোর জন্য যেসব ক্ষীণ চেষ্টা পশ্চিমবঙ্গ সরকার বিলের মাধ্যমে করবেন বলে আশা করেছিলাম, মন্ত্রিমহাশয় যিনি এই বিল পাইলট করছেন তাঁর বক্তব্য এবং মন্ত্রিমহাশয় যেখানে আমাদের অ্যামেণ্ডমেন্টগুলি সামারেলি ডিসমিস করলেন তাতে তিনি যে একচেটিয়া কারবারীদের ফেভারিট হবেন এবং তাদের আশীর্বাদ পাবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেখানে একচেটিয়া কারবারীদের বিরুদ্ধে দাঁড়াতে গেলে বিড়লা এসে ধমক দেবে, যেখানে তাঁর মাথা বাঁচাবার জন্য তিনি ব্যস্ত হবেন। কিন্তু একচেটিয়ে কারবারের বিরুদ্ধে গরীব জনসাধারণকে লড়তে হবে এবং একচেটিয়া কারবারের বিরুদ্ধে লড়বার খুব বড় একটা আংশিক ক্ষেত্র ছিল হিমঘর বিল, সেখানে আমি মনে করি পশ্চিমবঙ্গ সরকার এবং খাদ্যমন্ত্রিমহাশয় সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। আমি জানিনা তিনি রুল করবার সময় এমন সব ক্লজ আনবেন কিনা যাতে গরীব চাষী এবং মাঝারী চাষীদের স্বার্থ সংরক্ষিত হবে এবং যাতে ধনী কারবারী যারা একচেটিয়ে করতে চায়, কর্নারিং করতে চায় বিভিন্ন খাদ্যশস্য তাদের বিরুদ্ধে স্পেশাল পেনাল ক্লজ করা হবে এবং পেনাল ক্লজ তাদের বিরুদ্ধে যাতে প্রয়োগ করা যায় তার ব্যবস্থা করা হবে এবং যেসমস্ত মাঝারী গরীব চাষী যারা তদবির করতে পারে না, তাদের ক্ষতিপূরণ বা ব্যবস্থা যাতে খুব প্রমটলি হয় সেই সমস্ত রুল্স-এর ভিতরে আনবেন কিনা জানিনা। তবে আমরা আশা করবো যদি জনগণের প্রতি এতটুকু নিষ্ঠা থাকে তাহলে তাঁরা সেইভাবে পরিবর্তন করবেন, অন্ততঃ রুল করার মধ্যে দিয়ে যাতে ডিসইনসেনটিভ আনতে পারেন একচেটিয়া কারবারের বিরুদ্ধে সেটা আনবেন এবং গরীব মাঝারী চাষীকে রক্ষা করবেন এবং সারা বছর কনজিউমিং পাবলিক যাতে ন্যায্য দরে জিনিস পায় সেই ব্যবস্থা যাতে বিলের মধ্যে থাকে এবং সেইভাবে যাতে এটা রুলসে পরিনত হয়, ভ্রষ্ট না হয়, সেদিকে আশা করি তিনি দৃষ্টি রাখবেন।

Shri Shreemohan Thakur : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যখন সমস্ত ফসল বাড়াবার কথা হচ্ছে এবং সেগুলিকে রক্ষণাবেক্ষণের জন্য ব্যাপক ভিত্তিতে সমস্ত পরিকল্পনা নেবার কথা হচ্ছে, দেশে যখন দুর্ভিক্ষের আবহাওয়া চলছে এই সময়ে আমরা হিমঘরের মত একটা বিল পেয়ে খুবই আনন্দিত হতাম যদি এটার কোন ব্যাপক ভিত্তি থাকতো। আজকে এই বৈজ্ঞানিক যুগে আমাদের দোষে কাঁচা সজী যখন উৎপন্ন হয় তখন এমন একটা অবস্থা আসে যে সেগুলিকে মাটির দরে ঢেলে দিতে হয়। এমন কি চাষীরা তখন মাঠ থেকে তাদের ফসল হাটে পৌছান পর্যন্ত যে খরচ সেটাও পর্যন্ত পায় না। এক এক সময় দেখবেন এক একটা জায়গায় কাঁচা মালের দাম এমনভাবে পড়ে যায় যে চাষীদের বহন করবার খরচও পোষায় না, তার ফলে চাষীরা সেইসব সব্জী আর পরের বছর চাষ করতে চায় না যার জন্য আবার পরের বছর হয়ত দাম বেড়ে যায়। এর ফলে চাষীদের মনে একটা রি-এ্যাকশন দেখা দেয়। এই বিলের মাঝখানে যদি এই রকম কোন ব্যবস্থা করা সম্ভব হয় যে কো-অপারেটিভের মাধ্যমে যদি আমরা সমস্ত এগ্রিকালচারাল প্রডাক্টসকে রক্ষা করার জন্য ব্যবস্থা করি তাহলে কো-অপারেটিভের মাধ্যমেই হিমঘরের ব্যবস্থা করা দরকার। কিন্তু কো-অপারেটিভের মাধ্যমে ব্যাপক ভিত্তিতে হিমঘর করা হচ্ছে না। আমি একটা মহকুমার কথা বিশেষভাবে বলতে পারি যে কাটোয়া মহকুমায় একটা মাত্র হিমঘর আছে, সেখানে একটা গ্রামের ফসল রাখবার ক্যাপাসিটি সেই হিমঘরের নেই। সেখানে কো-অপারেটিভের মাধ্যমে থানা ভিত্তিতে এই হিমঘরকে ছড়িয়ে দেবার কোন ব্যবস্থা হচ্ছে না। এটা যাতে ব্যাপক ভিত্তিতে হয়, এই বিলের মাধ্যমে সরকারের তরফ থেকে যাতে সেই রকম উদ্যোগ নেওয়া হয় এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Jiban Krishna Dey : মিঃ স্পীকার, স্যার, হিমঘর নিয়ন্ত্রণ সম্পর্কে যে বিল এখানে এসেছে আমরা জানি যে যারা শাকসব্জী এবং এই সমস্ত কৃষিজাত ফসল উৎপাদন করে দুর্ভাগ্যক্রমে আমাদের দেশের সেইসব চাষীরা এতই দুঃস্থ এবং দুর্বল যে তারা তাদের উৎপাদিত ফসল, এগ্রিকালচারাল প্রডাক্টস দু' এক দিনও যে তারা ধরে রাখবে সে ক্ষমতা তাদের নেই। অনেক সময় দেখা যায় যে তারা প্রতি বছরই কাঁচা ফসল যেটা ম্যাচিয়োর্ড হয়নি সেটা বাজারে নিয়ে এসে বিক্রি করে এই হচ্ছে তাদের অবস্থা। যেমন ধানের ক্ষেত্রে দেখা যাচ্ছে, আমরা সবাই জানি আজকে ধান থেকে যে চাল হয় সেই চাল কোন কোন জায়গায় ৩ টাকা কেজি পর্যন্ত বিক্রি হচ্ছে, সামনের দু' তিন মাস কি হবে আমরা জানিনা। মফঃস্বল এলাকার বিভিন্ন জায়গায়, কুচবিহারের মাথাভাঙ্গা তুফানগঞ্জের বিভিন্ন জায়গায় আমরা দেখেছি যে সেখানে চাষীরা এত দুঃস্থ এবং অসহায় যে যখন তারা ধানচাল বিক্রী করতে আসে তখন কেনার লোক নেই। কো-অপারেটিভের হাতে এত অল্প টাকা আছে যা দিয়ে তারা সে ধান কিনতে পারে প্রচুর পরিমানে।

[3-10—3-20 p. m.]

স্যার তাদের একটা এমনই তাগিদ যে শেষ পর্যন্ত ১০।১১ টাকা দরে তারা ধান দিতে বাধ্য হচ্ছে এবং সেই ধান কো-অপারেটিভ, মিলের কাছে চলে আসছে। এটা হচ্ছে ধান সম্বন্ধে সর্ববাদীসম্মতভাবে হাহাকারের জিনিস ভয়ঙ্কর জরুরী জিনিস দু' দিন পরে সোনার মত হবে তা সত্ত্বেও কৃষকেরা দু' দিন তা ধরে রাখতে পারে না এই হচ্ছে অবস্থা। সাকসব্জীতেও সেই রকম অবস্থা—আলু, কলা, প্রভৃতি ব্যাপারে আমরা দেখি—কলকাতায় কলা উৎপন্ন হয় না —কিন্তু সেখানে যে দামে বিক্রি হয় কলকাতা থেকে ৮।১০ মাইল দূরে যান দেখবেন সেখানে হয়তো আলু, কলা উৎপন্ন হয় অথচ সেখানে দাম অনেক বেশী চড়া। এটা বছরের পর বছর আমরা দেখে আসছি। কাজেই ব্যক্তিগত মালিকানায় এই হিমঘর যতদিন পর্যন্ত পরিচালিত হবে ততদিন পর্যন্ত এই জিনিস আমরা দেখবো। তার মানে কি এই সমস্ত জিনিস কৃষকরা রাখতে পারে না—টাউনে এই সমস্ত জিনিস রক্ষণাবেক্ষণ হয়। কাজেই যতদিন পর্যন্ত সরকারী

উদ্যোগে বা কো-অপারেটিভ উদ্যোগে এই সমস্ত জিনিসগুলি না হয় ততদিন পর্যন্ত এই রকম দুর্দশা চলবে এবং আমি বলবো যে পানটাও এক্ষেত্রে চলে কি না—সরকার যদি এ দিকে একটু দৃষ্টি দেন তাহলে ভাল হয়। কিন্তু এদিকে সরকারের কোন দৃষ্টি নেই —সমস্ত ব্যক্তিগত মালিকানার উপর ছেড়ে দেওয়া হচ্ছে যার ফলে কৃষকরা তাদের ন্যায্য দর থেকে বঞ্চিত হচ্ছে এবং গ্রামাঞ্চলে সাধারণ ক্রেতাদের বেশী দরে কিনতে হচ্ছে। সুতরাং সরকারের উচিত এদিকে লক্ষ্য রাখা যাতে হিমঘরগুলি সরকারী ব্যবস্থাপনার মধ্যে বিভিন্ন গ্রামাঞ্চল এবং মফঃস্বল সহরের মধ্যে আছে। কিন্তু আজকে সেদিকে কোন ব্যবস্থা নেই।

Shri Anadi Das : মিঃ স্পীকার স্যার, এই বিল সম্পর্কে বলতে গিয়ে বিরোধী দলের সকল সদস্য বিলাপ করেছেন যে সরকার কেবল একচেটিয়া ব্যবসাদারদের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিচ্ছেন। এই হিমঘর বাংলা দেশে যে কয়টি আছে—১৬৬টার মধ্যে ১১৪টি একচেটিয়া ব্যবসাদারদের হাতে। এই নিয়ে বিলাপ করা হয়েছে যে সরকার এটা সম্পর্কে কোন ব্যবস্থা করলেন না। অন্য দিকে কো-অপারেটিভের হাতে কেন বেশী করে হিমঘরগুলি দেওয়া হোল না। আমি সে সম্পর্কে বেশী কিছু না বলে চাষীদের উপকারের কথাটা যে একটা ধোঁকা এবং কনজিউমারদের সুযোগ সুবিধার কথাটা যে একটা ধোঁকা এ বিষয়ে পরিষ্কার বোঝা যায়। আমি সেগুলি বলছি—সম্প্রতি টি. টি. কে—দিল্লীর মন্ত্রী পদত্যাগ করেছেন এবং পদত্যাগ করবার কারণ সম্পর্কে বলেছেন যে আমার পদত্যাগে নাকি বিগ বিসনেস ম্যানেরা খুব খুশী হয়েছেন। তাঁর চরিত্র সম্পর্কে বিগ বিসনেসের প্রতি তাঁর মোহ, আকর্ষণ ইত্যাদি সম্পর্কে আমাদের দুর্বলতা নেই আমরা জানি। কিন্তু এমন একটা কথা বলে ফেলেছেন যেটা ভারতবর্ষের অর্থনীতি সম্পর্কে অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা এবং গরীব লোক চাষী উৎপাদক শ্রমিক এবং কনজিউমার মধ্যবিত্ত ইত্যাদি স্মরণে রাখা দরকার। তিনি বলতে গিয়ে বলেছেন যে ভারতবর্ষের অর্থনীতির মোড় ঘোরাতে গিয়ে যেভাবে কতকগুলি পন্থা নেওয়া হয়েছিল তার বেশী যদি পন্থা নেওয়া হোত তাহলে কার্যত দাঁড়াতো যে ভারতবর্ষে ক্যাপিটালিস্ট সিসটেম আউট-ল করা বে-আইনী করা। ভারতবর্ষে ক্যাপিটালিস্ট সিসটেম আউট-ল হয় নি। ধনতান্ত্রিক প্রথায় কারবার কার্য, উৎপাদন চালানো এগুলো বে-আইনী হয় নি। ফলে আমাকে অনেক জায়গায় ধনিক শ্রেণীর সঙ্গে আপোষ করে অনেক জায়গায় কেন সকল জায়গায় চলতে হয়েছে।

এই বিলটি ঠিক অনুরূপ অবস্থার কথা মনে করিয়ে দেয় পরোক্ষভাবে। বসুমতী আজকে এডিটোরিয়্যাল লিখেছে সেদিক থেকে যে তিনি কি এইভাবে বলতে চেয়েছেন যে ভারতবর্ষে ক্যাপিটালিস্ট সিসটেম আউট-ল না হলে ভারতবর্ষের অর্থনীতির আর কোন উন্নতি সম্ভব নয়, দরিদ্রের আর কোন সুযোগ সুবিধার ব্যবস্থা করা সম্ভব নয়? কাজেই আমরা বলছি যে গরীবরা এতে কোন উপকার পাবে না, চাষীরা পাবে না, মধ্যবিত্ত কনজিউমার তারা পাবে না—জিনিসের দর একচেটিয়া কারবারীর হাতে পড়ে ক্রমাগত বাড়বে, শোষণ চরম হবে—দরিদ্রের মুক্তি এতে নেই এবং স্মরজিৎবাবু সেইভাবে আইন করছেন ইচ্ছা করেই যেহেতু ভারতবর্ষে ক্যাপিটালিস্ট সিসটেম এখন চলছে এবং তিনি তার কৃতদাস হিসাবে এই আইন করছেন।

Shri Nikhil Das : মাননীয় স্পীকার স্যার, আমাদের কোল্ড ষ্টোরেজ বিল যেটা আইন হতে চলেছে তার তো শেষ অবস্থা—অর্থাৎ আমরা দফাওয়ারীর আলোচনায় এটা পাশ করে দিয়ে দিয়েছি—তৃতীয় দফা আলোচনায় আর এটা পালটানো যাবে না। তবে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই সাজেসন হিসাবে যদি সেগুলি রুলসের মধ্যে রাখা যায়। কোল্ড ষ্টোরেজ বিলের উদ্দেশ্য সম্পর্কে মন্ত্রী মহাশয় যা বলেছিলেন তা হচ্ছে এই যে ব্যবসায়ীরা এর সুযোগ পাবে না, তারা এখানে জিনিসপত্র রেখে যাতে অতি মুনাফা না করতে পারে এবং চাষীরা যাতে এর সুযোগ পায় তারা যাতে তাদের পণ্যের ন্যায্য মূল্য পায় এবং ক্রেতারা যাতে

ন্যায্য দামে জিনিসপত্র কিনতে পারে তারজন্য এই বিল আনা হচ্ছে। কিন্তু একটা মূল কথা এই বিলের মধ্যে রয়ে গেছে সেটা হচ্ছে এই যে কোল্ড ষ্টোরেজের মালিকানা, ব্যক্তিগত মালিকানায় থেকে যাচ্ছে এবং সেই ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে ব্যক্তিগত লোককে ব্যক্তিগত মুনাফা ব্যাপারে উপদেশ নিয়ে কোন কাজ করা যায় না। অর্থাৎ কোল্ড স্টোরেজ মালিককে যদি বলা হয় তুমি লাভ কোরো না লোভ কোরো না অতি মুনাফা কোরো না তাহলে সে শুনবে না, হিতোপদেশ তার কাছে কোন কাজ করবে না। তারণ তাদের উদ্দেশ্য হচ্ছে যাতে বেশী মুনাফা করতে পারে, চাষীকে ঠকাতে পারে, ক্রেতাকে ঠকাতে পারে এবং বাড়তি দামে যাতে জিনিসপত্র বিক্রী করতে পারে। সুতরাং রুলস যখন তৈরী করবেন তখন সেদিকে যদি লক্ষ্য না থাকে, রুলসে যদি এই রকম ধরণের নিয়ম না করে দেওয়া হয়, যারা কোল্ড ষ্টোরেজের মালিক হবেন সেই মালিকরা অতি মুনাফা যেসব ক্ষেত্রে করতে পারেন সেইসব ক্ষেত্রে যদি বাধা বা প্রতিবন্ধক সৃষ্টি না করা যায় রুলসের মাধ্যমে তাহলে কোল্ড ষ্টোরেজ বিল আমরা এখান থেকে পাশ করে দিলাম, কিন্তু তাতে লাভ যাদের হবে তারা হচ্ছে যারা ৮।১০ লক্ষ টাকা খরচ করতে পারবে তাদেরই। দ্বিতীয় নং কথা হচ্ছে যে চাষীরা রিসিট বিক্রি করে দিতে পারবে এবং মহাজনেরা সেই রিসিট কিনতে পারবে। কিন্তু এখানে যে একটা গার্ড থাকা উচিত ছিল সেটা নেই যে চাষী যদি রসিদ মহাজনের কাছে বিক্রী করে দেয় তাহলে সেই মহাজন যাতে অতি মুনাফা না করতে পারে, তাকে নিরোধ করার মত কোন বাধা এখানে নেই। কাজেই রুলস যখন তৈরী হবে তখন সেই রুলসে যদি এই রকম ধরনের কোন ধারা দিয়ে দেওয়া যায় যাতে কেউ অতি মুনাফা না করতে পারে, এই যে ঋণ সৃষ্টি করা এগু'ল যদি রুলসে না করেন তাহলে এই কোল্ড ষ্টোরেজটি অতি মুনাফার ক্ষেত্রকে প্রসারিত করবে, চাষীদের লাভবান করবে না, চাষীদের লোকসান এবং ক্রেতাদের বাড়তি দামে জিনিসপত্র কিনে খেতে হবে।

[30-20—4 p.m.]

সেজন্য আজকে Cold Storageএ মালপত্র রাখার ফলে যা হচ্ছে তাতে কমলালেবুর সিজন্ পেরিয়ে যায় তখন বাড়তি দামে বাজারে মাল আসে, আলুর সিজন পেরিয়ে যায় তারপর বাড়তি দামে বাজারে মাল আসে, চাষী কিন্তু সে বাড়তি দাম পায় না। তাই আমার সাজেসান ছিল ন্যাশানালাইস করার যখন আর প্রশ্ন আসে না তখন রুলস যখন তৈরী হবে তখন চাষীর দিকে যেন নজর রাখা হয়। এসব যদি করেন তাহলে বিলের কিছুটা সুফল দেখা যাবে।

Shri Smarajit Bandyopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য আমি এর আগে বলেছি। তবু মাননীয় সদস্যগণ যেসমস্ত অভিমত প্রকাশ করেছেন সে সম্বন্ধে আমি আমার মন্তব্য রাখতে চাই। অধিকাংশ মাননীয় সদস্যদের বক্তৃতা থেকে মনে হচ্ছে যে Cold Storage বিলের উদ্দেশ্য সম্পর্কে তাঁদের কিছু ভ্রান্ত ধারণা আছে। Cold Storage Billএর মধ্য দিয়ে যেন আমাদের জাতীয় অর্থনীতি ঠিক হতে চলেছে। সমাজবাদী অর্থনীতি হবে, কি পুঁজিবাদী অর্থনীতি হবে সেটা যেন Cold Storage Billএর মধ্য দিয়ে ঠিক হবে। এক চেটিয়া পুঁজিবাদের আশ্রয় আমরা দিতে চাই না, আমাদের সে নীতি নয়—সমাজবাদী অর্থনীতি আমাদের লক্ষ্য। কিন্তু বর্তমানে আমাদের দেশে পাবলিক সেকটার, প্রাইভেট সেকটার নিয়ে মিশ্র অর্থনীতি চালু আছে। Cold Storage Billএ উদ্দেশ্য কি সেটা ষ্টেটমেন্ট অফ অবজেক্টস এণ্ড রিজিনস-এ বলা হয়েছিল। Cossidering the various problems associated with this industry as well as the scope and necessity of further developments in this sphere, it has been felt that the private cold storages should be brought under a unified code of conduct and their activities regulated by Government in the greater public interest. The following main aspects are considered necessary to be covered under the proposed

control measures. এরজন্য কি কি কন্ট্রোল মেজার অবলম্বন করা হবে না (1) Compulsory licensing of cold storages having capacity of 28.3168 cubic metres and above, and conducting of the business as per terms and conditions of the licence; (2) proper maintenance of cold storages; storage under prescribed sanitary and other conditions with facilities of inspection, weighing, measurement, grading, insurance, and delivery of commodities stored; (3) issue of receipts, introduction of proper contract and agreement forms; liability of cold storage owners in safeguarding the interest of the depositors in the case of the commodities deteriorating in storage, payment of compensation etc.; (4) prohibition of discrimination of customer, preference to Co-operatives, maintenance of accounts and submission of returns, compliance with orders of the licensing officer etc.; (5) empowering the licensing officer to elicit information from and inspect the premises and accounts etc. of the cold storages, collect samples for analysis and prohibit storage or disposal of any commodities stored, etc.; (6) imposition of penalties for contravention etc, settlement of disputes and hearing of appeals, etc.; and making the cold storage receipts negotiable instruments to provide credit facilities to the depositors, etc. সুতরাং cold storage যে Industry সেই Industryর প্রসার হোক সেটা যেমন আমরা চাই সেই সংগে সংগে এর সুযোগ গ্রহণ করে cold storageএর মালিকরা দরিদ্র চাষীদের শোষণ না করে এবং দুর্নীতির আশ্রয় না নেয় সেটাও আমরা নিয়ন্ত্রণ করতে চাই। একথা আমি ইতিপূর্বে বলেছি এবং আজও বলছি। cold storage ৬ লক্ষ থেকে ১০ লক্ষ টাকা যার ক্যাপিটাল সেটা এমন বৃহৎ শিল্প নয়, সুতরাং একচেটিয়া পুঁজিবাদী হয়ে গেল বলে মাননীয় সদস্যরা যে আশঙ্কা প্রকাশ করছেন তার কোন কারণ নেই। আমি আগে বলেছি এবং আজও বলছি যত cold storage হবে তত কমপিটিসান্ হবে এবং cold storage হলে যারা ডিপোজিটার তাঁদের স্বার্থ রক্ষিত হবে। সমবায় ভিত্তিতে cold storage করার কোন বাধা নেই এবং সমবায়ের ভিত্তিতে যতবেশী cold storage হয় সেটাই মঙ্গল।

আমার বন্ধু তরুণবাবুকে অনুরোধ করবো সমবায়ের ভিত্তিতে যত cold storage হবে তাকে ততো বেশী সাহায্য তিনি যেন করেন। মুর্ সাহেব বললেন যে তাঁদের কোন amendment গ্রহণ করা হয় নি। তিনি বোধ হয় ভুলে গেছেন যে এটা যখন joint select committeeতে গিয়েছিল তখন বিরোধীদের অনেক প্রস্তাব আমরা গ্রহণ করেছি এবং তারপর এই ফর্মে এই বিল করা হয়েছে। তিনি আর একটা কথা বলেছেন clause 7 রিসিট ট্রানফার করা হচ্ছে এতে নাকি চাষীদের ক্ষতি হবে। রিসিট ট্রান্সফারে চাষীদের বরং উপকারই হবে। তাঁরা সেটা এনডোর্স করে Bank থেকে ঋণ নিতে পারবে। সুতরাং তার আশঙ্কা ভিত্তিহীন। পাঁচুগোপালবাবু বললেন cold storage যখন ছিলনা হুগলী জেলায় যেখানে আলুর চাষ হয় সেখানের আলুর চাষীদের ক্ষতি হতো এবং হিমঘর হবার পর তাঁদের আলু রাখবার একটা ব্যবস্থা হয়েছে এবং তাঁরা ন্যায্য দাম পাবার একটা সুযোগ পাচ্ছেন। কিন্তু কালক্রমে কিছু কিছু হিমঘরের মালিক তাঁদের শোষণ করতে থাকায় এবং নানা ছুতায় তাঁদের আলু খারাপ হয়েগেছে ইত্যাদি বলে দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন। এটা নিয়ন্ত্রণ করাই হচ্ছে এ বিল আনার উদ্দেশ্য। মাননীয় সদস্য শ্রীমোহন ঠাকুর ঠিকই বলেছেন যে, এক এক সময়ে চাষীদের পণ্যের দাম এত কম

হয়ে যায় যে তাদের চাষের খরচ ওঠে না। আমি এক এক জায়গায় দেখেছি বেগুনের দাম ৫ পয়সা কিলো হয়ে গেছে। সুতরাং এসব সবজী এলাকায় যত বেশী হিমঘর হয় ততই চাষীদের মঙ্গল এবং তাঁদের স্বার্থ রক্ষিত হবে। হিমঘর বেশী হওয়ায় আমরা লক্ষ করেছি আলুর ক্ষেত্রে অন্ততঃ মূল্য সারা বৎসর একই রকম থাকে খানিকটা স্টেবিলাইজ্‌ড হয়। আমরা যে রাষ্ট্রায়ত্ব হিমঘর না করেছি তা নয় সরকারের তরফ থেকে ২টা হিমঘর আছে। গড়বেতায় আমরা ১টা করেছি এবং শিলিগুড়িতে ওয়ার হাউস করর্পোরেশান থেকে একটা সেখানে মালটিপারপাস cold storage করা হচ্ছে। সমবায়ের ভিত্তিতে যত হিমঘর হয় ততই আমাদের কাম্য। মাননীয় সদস্যরা যদি সকলে মিলে সমবায় হিমঘর করবার চেষ্টা করেন ও রাষ্ট্রায়ত্ব হিমঘর যদি হয় তাহলে private মালিক যাদের দুর্নীতি করবার উদ্দেশ্য থাকে তাদের সে উদ্দেশ্য সফল হবে না। আমি আবার বলতে চাই এ বিলে কতকগুলি রেট রুলস-এর মধ্যে করা হবে। রুলস এমনভাবে করা হবে যাতে চাষীদের স্বার্থ দেখবার জন্য প্রধানতঃ এ বিল এনেছি। এন্টি:কোরাপশান, ইণ্ডিয়ান পেনাল কোড সব এই বিলে যদি চান, ন্যাশানালাইজেসান যদি চান তাহলে সে বিষয়ে কোন আশ্বাস দিতে পারবো না, সমস্ত কিছু এর মধ্যে পাওয়া যাবে না। সমাজের পরিবর্ত্তনের সংগে সংগে আইনের পরিবর্তন অবশ্যম্ভাবী সমাজের জন্য আইন আইনের জন্য সমাজ নয়। সুতরাং সব সময় বিলের রদবদল করা সম্ভব হবে। আমি এ বিলের সমস্ত amendment-এর বিরোধিতা করছি এবং আমার এ বিল গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

The motion of Shri Smarajit Bandyopadhyay that the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965 as settled in the Assembly be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned for 30 minutes]

[*After adjournment*]

[4—4-10 p.m.]

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 as reported by the Select Committee

Shri Saila Kumar Mukherjee : Sir, I beg to move that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee, be taken into consideration.

Sir, at the time of introduction of the Bill I made some observations about the necessity of this Bill which is a new measure so far as this country is concerned. Sir, it is very gratifying to note that members of the Select Committee have made very drastic alterations in this Bill. I am grateful to the members of the Select Committee for the great pains they have taken in finishing the deliberations of the Select Committee on the Bill within a very short period of time. As a matter of fact, they realised the urgency of it, and perhaps this is the first occasion that during the time when the Assembly was in session such an important Bill got through the consideration of the Select Committee. Sir, it is also gratifying to note that in the various notes of dissent of

the members of the Select Committee there is a note of unanimity—they have all felt that there is necessity for such an authority. Sir, that is a very gratifying feature.

Sir, I will now confine myself to certain preliminary observations. Sir, five broad objections have been disclosed in the several notes of dissent of the dissenting members. The first objection is that the Bill is undemocratic in principle because it takes away the powers of local bodies and it is opposed to the policy of decentralisation of power. Sir, I may mention in the first instance that power of local bodies are enumerated in the Bengal Municipal Act and the Calcutta Municipal Act. There are nearly eighteen chapters on public health, safety and convenience in the Calcutta Municipal Act, defining the duties, powers and functions which the Calcutta Corporation is expected to perform. Similary in the Bengal Municipal Act there is a section in which nearly two dozens of objectives are specified which are the functions of municipalities and which they are bound to carry on under the provisions of the Act. What powers has this legislation taken from those Acts ?

Sir, as far as the Calcutta Municipal Act is concerned out of 18 chapters, specific powers under two chapters are taken and in so far as the Bengal Municipal Act is concerned, out of two dozen objectives only about three powers have been taken. What are those ? Those are water-supply sewerage and drainage, and of course, the Members of the Select Committee have also included the power to take up removal of garbage. Therefore, the question that powers have been taken away from the local bodies does not stand scrutiny even for a moment, Then what is the necessity of this Bill ? It has been repeatedly said and I have also said at the time of introduction of the Bill that the work which this authority takes upon itself is not because of any mal-administration, inefficiency or distrust of municipal bodies or corporation. Sir, I want particularly to disabuse the public mind of the criticisms unjustly levelled that Government are taking up the measures because the municipalities are inefficient and unable to do this and that. Nothing of the sort. Why are these powers being taken away ?—because these problems of water-supply, drainage and sewerage of a big metropolitan district, cannot be carried out by several diversified agencies, and they can only be effectively done by one agency.

Sir, in introducing this Bill in the House on the 12th November last I made it amply clear that such fragmented efforts of different individual local bodies either by themselves or by any conveivable voluntary arrangement could not succeed because of contravention of the basic technological imperatives. It is technologically impossible

to solve these problems as during the last 100 years it has been proved that these problems could not be solved when the people of Metropolitan Calcutta and industries located within it must draw upon the same underground water resourcs, and when sewerage and drainage of the area are physically connectéd with a few drainage basins with some rivers and other channels, it is not technically feasible to leave these problems for being tackled in fragments by different local bodies. The physical feature and lay out of the terrain of the whole of Metropolitan Calcutta district are such that anyone local body cannot solve the problem without involving its neighbours and the failure of anyone must necessarily jeopardise the service of not only of the immediate neighbour but many others. Sir, I am citing some examples—and it has been the experience of everyone of my friends—to show why this is so. Sir, I take the case of drainage and sewerage in the Metropolitan Calcutta. In Calcutta Metropolitan district there are drainage basins which cater to more than one Municipality. For instance, the Bagjola Basin is responsible for drainage of Cossipore-Chitpore area falling within the jurisdiction of the Calcutta Corporation, three Dum Dum Municipalities, Baranagore Municipality and Kamarhatty Municipality. Tharefore, Sir, it is physically and technologically impossible to solve the problem of drainage and sewerage by one municipality. The drainage alignment of Calcutta Corporation passes through the jurisdiction of South Dum Dum Municipality. Similarly the drainage of Baranagore Municipality passes through the jurisdiction of Kamarhatty, Dum Dum and South Dum Dum Municipalities. In the Manikhali basin the drainage from portions of Calcutta Corporation, South Suburban Municipality and Garden Reach Municipal areas is discharged. Besides a certain portion of drainage from the Port Commissioners' areas also finds its way into the same basin.

[4-10—4-20 p.m.]

The drainage congestion of South Suburban Municipality and Behala is primarily due to congestion in the main drainage canal for which no single authority nor the South Suburban Municipality can be blamed. Similar is the case with Chandernagore Corporation on the western bank. Champdani and Bhatpara Municipalities have single one drainage basin. Barrackpore and North Barrackpore Municipalities also contribute to a single drainage basin. At present Budge Budge is proposed to be supplied with potable water from underground sources. The underground water-supply in this area is extremely unsatisfactory. It is bricky, hard and contains iron to an undesirable degree. The only solution for supply of water to the municipalities south of Calcutta area is to provide filtered water from surface water sources. It would be

impossible for Budge Budge, Garden Reach and other municipalities in the south to provide satisfactory potable water in these areas unless a joint venture is made and a betterment plant is constructed somewhere near Garden Reach. It would be uneconomical and impractical to have individual sources of water for each of these municipalities. Similar is the case on the question of water supply. We have said that as a result of the Master Plan we are trying two sources. When the big Master Plan will take effect, more so when the Farakka Barrage will be constructed, vast volume of water from the barrage will be at the disposal of the Government. This metropolitan district wants to utilize these sourcee for the benefit of all these 32 municipalities and three corporations. What is the present capacity of municipalities in contributing water ? You will be shocked to hear of the poor supply of drinking water which has gone to our people through these municipalities in 1965. Sir, on an average the per capita supply of 20 gallons, per day, is the minimum water-supply of these municipalities. There is no civilized country in the world where less than 50 to 60 gallons per capita per day of continuous supply is made. Therefore this Metropolitan Board is planning a per capita supply of 60 gallons per day with continuous supply without break. A system cannot be achieved piecemeal by fragmented effort of different municipalities. This disposes of the first objection that we are taking away the powers of local bodies are inefficient and incompetent to discharge the duties. Nothing of the kind. The Act is not contemplated on the basis of inefficiency, maladministration or incapability. The Act is based on modern science and technology to supply water and improved sanitation on a comprehensive basis. It has been followed all over the world in metropolitan districts. Sir, the third objection that has been levelled by some of the dissentient members in their note of dissent is that this authority will be a bureaucratic body and not a democratic set-up. After the Bill has come changed in its complexion from the Select Committee I do not see how my friends who were members of the Select Committee themselves and whose efforts these dynamic changes have brought about could not accuse us of making this body bureaucratic. Sir, the General Council has been expanded from the original Bill. It consists of 50 members out of whom 30 will come from the State Legislature and elected municipal representatives.

Out of the remaining 20, only 3 are nominated mebers and the rest are ex officio members of the Council. Out of a body of 50, there are only 13 official members of different departments charged with the duty and responsibility of looking into the problems of sanitation, health, water supply and allied matters ; and, Sir, they have not been given even

powers to vote to influence the democratic voice of the people. Therefore, the charge that this body is a bureaucratic body is the unkindest cut of all. I submit, Sir, we have done our very best to give this Bill a democratic set up. Even for the main body, the executive body which, in the original Bill, had three whole time paid Directors, this character has been changed by adding three elected representatives of the people as part time Directors. In this Bill, the Board of Directors has been made responsible for day-to-day adminitration and for implementing the policies of the General Council. I submit, Sir, in that set up, who can call it a bureaucratic body?

Secondly, Sir, about the powers of the General Council, as it has emerged from the Select Committee, we can see that the General Council is now responsible for finally approving the budget, for approving the programmes, for approving the schemes of fees, taxations and rates, and other general matters which did not appear in the original Bill. I do hope that the General Council will discharge its responsibility to the satisfaction of everybody in this new complexion of things wherby we ase trying to improve and create a new metropolitan district with specified powers in three subjects water supply, drainage— and sewerage to improve sanitation.

Now, Sir, there is a third point; that is about taxation. Some members had suggested that as a result of this Bill the burden of taxation will increase. Sir, I beg most humbly to submit that complete safeguard has been given by section 27 of the Act whereby any double taxation by the Municipalities and this Authority has been debarred and prevented. There cannot be a question of the rate payers paying double taxation to the Municipality and again to the local Authority for the same services. I would like to read section 27 of the Act which states thus in clear and unequivocal language: "On and from the date the Authority takes up the responsibilities for one or more of the services relating to water-supply, sewerage, drainage, collection and dispopal of night-soil and collection and disposal of garbage, the municipal corporations and municipalities concerned shall correspondingly reduce their rates by such percentage as the State Government may in consultantion with the municipal corporations and municipalities concerned determine." Therefore, safeguard has been given. However what is the new scheme by which the Sanitation Authority wants to regulate its taxes? Water supply will not be taxed any more as has been in the present circumstances. What is the present system? There is a water rate prevailing and on that water rate everybody in that area is charged irrespective of consumption.

[4-20—4-30 p. m.]

The rich people, the industrial people who consume more water pay the same rate as the poor rate-payers and at their cost, but the poor rate-payers do not get the same quantity of water as the rich people get. Here what we have done? We have followed the practice prevailing in the civilised countries i. e. paying on the basis of consumption—no taxes, as you consume so you pay. If a middleman who has two rooms or one room, consumes less, he pays less for the water supply. If he consumes more as the industrialists and rich do he has to pay for the rest. Just as he pays for the electricity, just as he pays for the telephones, similarly water supply is attempted to be charged on the basis of consumption system to prevent exploitation of the poor by uniform rate for everybody. Now, Sir, what about sewarage? We have not laid down any taxes for sewarage because sewarage is a water-borne device coming from the water supply. Therefore, sewerage charges are based on the actual cost of surcharge on the water—no taxation, but actual cost based on the surcharge. There are other charges like removal of garbage, night-soil, cost of capital expenditure, loan payment, sinking fund, and taxes have to be raised for the balance for maintenance. To what extent has it been done—less than half the rate now prevailing in the Bengal Act or the Calcutta Corporation has been fixed as ceiling—for the lowest rate lower than the ceiling now prevailing in the Calcutta Municipal Act which provide five percent. Similarly a graduated scale has been levied from 5 per cent to 7 per cent and 10 per cent maximum. That does not menn that will be levied, that is the ceiling rate. It depends on what we require. If we find that there is one per cent by which our charges are covered, taxes will be one per cent. If we find that taxes will be covered by 2 per cent we will go up. We cannot go up beyond 5 per cent for valuation of less than one thousand. For poorer section of the people greater relief has been given. Therefore, I humbly submit that even on the question of taxation care has been taken to see that tax burden is not unnecessarily charged on the poqr. Of course, if we want a better city, if want a modern city, if we want to increase the amenities in the modern city, we must be prepared to pay for it. We cannot have it without paying for the luxaries or without paying for the convenience or more amenities. Complete safeguard has been given to see that they are not unduly taxed, they are not doubly taxed. Now, the last point on which my friends in their note of dissent have made an allegation, is that there is too much foreign interference in our civic matter an they have branded it as deregatory to the country. Sir, I would place before you who are these foreign agents, from whom

we expected to get benefit. I am proud that help is coming not from any foreign power but from a world body on which India is proud to be a member along with all other countries—whether of the east or the west, whether of the capitalistic countries or socialistic countries. That body is given help and we are proud of that. In making a great city of Calcutta, a metropolitan city of Calcutta, we have been able to get help from that body. Our great late lamented leader, Dr. Bidhan Chandra Roy, than whom there is no single physician who knew the maladies of Bengal, initiated his brain to persuade the Central Government to pursuade Ford Foundation and United Nations to give their attention to the problem city of Calcutta.

Sir, the whole thing is based on the report of the world experts on health, the World Health Organisation, that Calcutta is the centre, the focus, of cholera and endemic diseases not only in India, not only in Asia but also in the whole world, and therefore it needs attention in a scientific and technological way, and for that purpose, we are proud to say, we have got some help

Sir, I would now place before the members to clear all their doubts as to what sources money has so far come and is expected to come from after the Bill is passed. Sir, in 1959 this House passed a unanimous resolution asking the Government to create this authority. We are coming with this Bill to-day with the sanctum sanction of this House and the Council. Now, Sir, with this Bill there is promise of help, and from whom ? Sir, the World Bank is not a foreign agency. The World Bank's members are comprised of various countries including India, and India's money is involved in the World Bank Sir the World Bank has offered so far Rs. 5 lakhs 51 thousands for the purpose of a feasibility study of a second bridge over the Hooghly river. Then, Sir, the United Nations—it is not a foreign power, foreign government or foreign agency—is a world organisation of which many countries including Russia and other socialistic and capitalistic countries of Europe as well as India and other Asian countries are members. If our Government, through the State and the Centre, can persuade the United Nations to pay special attention to Calcutta, it is an aid without any string, it is an aid which should naturally come and we are proud of it. The United Nation's special fund has so far given us Rs. 32 lakhs 52 thousands fund for what purpose ? It is for the preparation of a master plan for water supply, sewerage and drainage of the Calcutta metropolitan area. Sir, if they have helped us in this present economic condition of ours to build a better Calcutta, a greater Calcutta and a cleaner Calcutta is there any fault in it ? That is my humble submission, Sir. Then, Sir, there is another agency, namely, the Ford

Foundation. It is not a government. The Ford Foundation is a world-wide philanthropic organisation which is extending its charities to many countries. My friends may laugh—laugh is sometimes better because ignorance is a bliss and therefore they are laughing. Sir, the Ford Foundation has given us help—and we are proud to get it—for our various institutions like universities, educational and other institutions and we shall endeavour to get enough help by our action as long as we can, from the Ford Foundation. The Ford Foundation has given us Rs. 1 crore 63 lakhs 73 thousands for the preparation of the master plan for the metropolitan district, for experiment and housing construction, for housing arrangement, training of officers of the C.M.P.O. in metropolitan and regional planning. Our young boys are trained both in regional and country and town planning at these expenses for the Central Government, State Governments and local bodies. Not one of these organisations is a foreign power. Therefore, Sir, these are the five main points that I have submitted. Sir, all my friends in their notes of dissent contend that there is necessity for this authority, they have conceded that the authority is needed, and I would therefore humbly submit that my friends should dispassionately and without prejudice kindly consider this very new piece of legislation whereby we are attempting to care a better Calcutta, a cleaner Calcutta and a healthier Calcutta. Calcutta is our pride, it is our dream, it is the nursery of patriotism and sacrifice in India from which we want to remove all evils and spot out all evils from the civic life of Calcutta.

I hope, Sir, members would kindly give their due consideration to this Bill.

Police Restriction on Hawkers

[4-30—4-38 p. m.]

Shri Hemanta Kumar Basu : মাননীয় চেয়ারম্যান স্যার, প্রায় ৫০ হাজার লোক যারা কলকাতার ফুটপাতে, রাস্তায় ফেরী করে তাদের পুত্র পরিবারকে প্রতিপালন করতো পুলিশ কমিশনারের নির্দেশে তারা আর ফেরী করতে পারবে না—তারা তাদের দাবী নিয়ে মুখ্যমন্ত্রীর সংগে এবং পুলিশ কমিশনারের সংগেও দেখা করেছিলেন। মুখ্যমন্ত্রী বলেছিলেন এবং পুলিশ কমিশনারও সাজেস্ট করেছিলেন যে কলকাতার ৮৭টি বাজারে এক্সটেনসন করে ব্যবস্থা করা হবে। আর শিয়ালদা প্রভৃতি জায়গায় করিডর সিসটেম করে তাদের সেখানে বসাবার ব্যবস্থা করা হবে। কিন্তু আজ মাস তিনেক হয়ে গেল সে বিষয়ে কোন ব্যবস্থা হচ্ছে না। আগে তারা মুখ্যমন্ত্রীর কাছে এসেছিল তাদের পুনর্বাসনের দাবী জানাবার জন্য—আজকেও তারা এসেছে। মুখ্যমন্ত্রী এখন নেই—কাজেই সেদিক থেকে আপনার মারফতে তাদের কাছে এই খবরটা জানাতে চাই যে তাদের রিহ্যাবিলিটেশন সম্বন্ধে মুখ্যমন্ত্রী কি করলেন।

Shri Narayan Chandra Roy : স্যার, হেমন্তদার কথাটা সমর্থন করে আমিও আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ এই ফেরিওয়ালাদের দুর্দশার কথা আমাদের

কলকাতার সমস্ত অলিতে-গলিতে সুবিদিত এবং এ সম্বন্ধে আমরা সকলেই সহানুভূতিশীল। এই সম্বন্ধে যদি কোন রকম প্রচেষ্টা থাকে তাহলে আমরা তাকে সম্পূর্ণরূপে সমর্থন করবো এবং আমি সরকারকে একান্তভাবে অনুরোধ করবো যে এদের সম্বন্ধে একটু সহানুভূতি সম্পন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে যতদূর সম্ভব এদের কষ্ট লাঘব করুন।

Shri Somnath Lahiri : মিঃ চেয়ারম্যান স্যার, ওঁরা যা বললেন তা আমি সম্পূর্ণরূপে সমর্থন করি এবং আমি আশা করি গভর্নমেন্ট এ বিষয়ে একটা কিছু করবেন।

Shri Nikhil Das : স্যার, আপনিও কলকাতার লোক, আমিও কলকাতার লোক। কলকাতায় এবং আশে পাশের ৫০ হাজার লোক বেকার হয়ে গেল সরকারের একটা আদেশে হঠাৎ এবং কোন বিকল্প ব্যবস্থা হোল না। এই ধরনের মর্মান্তিক অবস্থা যে কি করে হয়—কি বহুদিন ধরে চলে একটা সরকার থাকা সত্বেও সেটা আমি বুঝতে পারছি না। তাঁরা এর আগে মুখ্যমন্ত্রীর কাছে এসেছিলেন তাঁর কাছে চিঠি দিয়েছেন কিন্তু চিঠির জবাব মুখ্যমন্ত্রী দেন নি—তারপরে দেখা করে চিঠি দিয়েছেন তারও জবাব দেন নি। এই যে নীরবতা এবং ৫০ হাজার লোকের জীবন নিয়ে যে খেলা এইসব যেন ওঁরা না করেন এটাই আপনার মাধ্যমে জানাতে চাই। দ্বিতীয় কথা বলতে চাই বিকল্প—বিকল্প—এইসব কথা না বলে বাস্তবিক পক্ষে যাতে এরা ব্যবসা বাণিজ্য করতে পারে সেই ধরনের একটা সুষ্ঠু ব্যবস্থা করা দরকার। মুখ্যমন্ত্রী আজকে বিকালে আসছেন—কাজেই কালকের মধ্যে যাতে বসে এ সম্পর্কে একটা ভালমত ব্যবস্থা করতে পারেন সেই ব্যবস্থা করা উচিত। এখানে শৈলবাবু আছেন, হেমন্তদা আছেন এবং বিরোধী দলের নেতা আছেন, তাঁরা এ ব্যাপারে সরকারের সংগে সহযোগিতা করতে রাজী আছেন—কাজেই এ ব্যাপারে আপনার মাধ্যমে সাজেসন রাখছি এই যে কালকে মুখ্যমন্ত্রী ফিরে আসার পর বিরোধী দলের এবং কংগ্রেস দলের নেতৃস্থানীয় লোকেরা বসে যদি এ সম্পর্কে একটা বিকল্প ব্যবস্থা করেন তাহলে এই সমস্ত অভাগারা বাঁচতে পারে এই কথাটা আপনার মাধ্যমে আমি শৈলবাবুর কাছে রাখছি।

Shri Balai Lal Das Mahapatra : মাননীয় সভাপাল মহাশয়, এই ফেরিওয়ালাদের সমস্যাটা আজকের সমস্যা নয়, দীর্ঘদিনের সমস্যা; লক্ষ লক্ষ বেকার কলকাতার রাস্তায় ঘুরে বেড়াচ্ছে তাদের সংস্থানের কোন ব্যবস্থা নেই। তারা অল্প মূলধন নিয়ে ফেরি করে জীবিকা নির্বাহ করে দীর্ঘ দিন ধরে—তারা নানাভাবে অত্যাচারিত হয়, পুলিশের দ্বারা অত্যাচারিত হয়—কিন্তু এই সরকার তাদের নির্বাহ করা একেবারে বন্ধ করে দিয়েছেন—তারা একেবারে পথে বসেছে। তাদের বিকল্প কোন ব্যবস্থা নেই। আজ সেইজন্য হাজার হাজার লোক এসেছে—প্রায় ৫০ হাজার লোক বেকার হয়েছে এবং তারা একটা গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছে। কাজেই এই সমস্যার একটা সমাধান হওয়া দরকার। তারা মুখ্যমন্ত্রীর কাছে আগেই আবেদন জানিয়েছে। আমি আপনার মাধ্যমে এখানে শৈলবাবু আছেন অন্য মন্ত্রীরাও আছেন তাঁদের কাছে আবেদননিবেদন করছি যাতে অবিলম্বে এই সমস্যাটার সমাধান হয় এবং তাদের যেন একটা বিকল্প ব্যবস্থা করা হয়।

Shri Anadi Das : স্যার, এটা একটা বিস্ময়কর অবস্থা যে একটা আদেশের ফলে প্রায় ৫০ হাজার লোক বেকার হয়ে যাবেন—অথচ এই আদেশ দেবার আগে তাঁদের জন্য কোন ব্যবস্থা করে রাখা হবে না। এটা খুবই আশ্চর্যজনক। যে কোন জায়গায় এই রকম কোন আদেশ যদি দরকার হয়—অনেক দেশে সহরে দরকার হয়—কিন্তু সেই সব জায়গায় এ্যাফেকটেড লোক যারা তাদের জন্য সরকারের তরফ থেকে কোন বিকল্প ব্যবস্থা করে তারপর একটা হুকুম জারী করা হয় অথচ এখানে আমরা দেখছি সব উল্টো যে আগে বেকার করে দাও, তারা রাস্তায় মিছিল করুক, মিটিং করুক তারপর যদি কিছু হয়। অবশ্য তাতেও কিছু হচ্ছে না, দেখা যাচ্ছে যে তিনমাস ধরে এদের জন্য কিছুই করা নি, এটা অত্যন্ত মর্মান্তিক আমাদের পক্ষে।

তারা একটা স্বপ্ন দেখুন যে দেশটাকে কেমন করে ভাল করবেন কেমন করে সকল লোককে কাজ দেবেন, সকলের মুখে অন্ন যোগাবেন—এই রকম একটা সুষ্ঠু পরিকল্পনার স্বপ্ন যদি তাঁরা দেখেন তাহলে তাঁদের সংগে আমাদের সহযোগিতা করতে কোন বাধা নেই কিন্তু এই রকম কিছু দেখতে পাচ্ছি না। তাই এখানে শৈলবাবু এবং যাঁরা আছেন তাঁদের কাছে অনুরোধ করছি যে তাঁরা দুঃখের দুঃখী হয়ে এদের সমস্যাগুলি সমাধান করবার প্রচেষ্টা নিয়ে একটা বৃহত্তর সুন্দর বাংলাদেশ গড়বার স্বপ্ন দেখুন—এ ছাড়া তো আর কোন পথ নেই। কাজেই আমি বলছি যে এদের জন্য যাতে একটা তাড়াতাড়ি ব্যবস্থা হয়। মুখ্যমন্ত্রী কালকে আসছেন—তিনি যেন একটা কিছু ব্যবস্থা করেন—এটাই আপনার মারফত জানাচ্ছি।

Mr. Chairman : It would be better if some of you meet the Chief Minister to-morrow.

Shri Padak Mahata : সভাপাল মহাশয়, এখানে মুখ্যমন্ত্রী নেই, কাজেই শৈলবাবুকে অনুরোধ জানাচ্ছি যে এই যেসব ফেরিওয়ালারা বেকার হয়েছে—এদের জন্য যেন একটু চিন্তা করেন।

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee

Mr. Chairman : The motions for circulation of the Bill are taken as moved.

Shri Monoranjan Roy : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Shri Sanat Kumar Raha : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Adjournment

The House was then adjourned at 4-38 P. M. till 1 P. M. on Thursday, the 6th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Thursday, the 6th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 7 Ministers, 2 Ministers of State and 164 Members.

STARRED QUESTIONS

to which oral answers were given.

[1—1-10 p. m.]

Primary vaccination at Jalchawk in Midnapore district

*461. (Admitted question No. *1986) **Shri Ananga Mohan Das :** গত ২৪এ মার্চ ১৯৬৫ তারিখে প্রদত্ত অতারকা চিহ্নিত ১৮৭নং (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা থানার জলচক গ্রামে ১৯৬৫ সালে কোন প্রাথমিক টিকা না দেওয়ার কারণ কি; এবং

(খ) ঐ সনে উক্ত জেলায় আর কতগুলি গ্রামে একটিও প্রাথমিক টিকা এ যাবৎ দেওয়া হয় নাই?

Shrimati Purabi Mukhopadhyay : (ক) ১৯৬৫ সালের ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত মোট ১১০টি প্রাথমিক টিকা দেওয়া হইয়াছে। সুতরাং না দেওয়ার কারণের প্রশ্ন ওঠে না।

(খ) ৬১৮টি গ্রামে।

Shri Ananga Mohan Das : ছয়মাসের বেশী হলে প্রাথমিক টিকা দেবার ব্যবস্থা আছে। অথচ ঐ সমস্ত গ্রামে ঐ বয়সের ছেলে থাকা সত্ত্বেও প্রাথমিক টিকা কেন দেওয়া হয়নি খোঁজ নেবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay : আপনার Question এর উত্তর Reference দিয়েছি এখন General Question এ গেলে হবে না। আপনি Referenceএ বলছেন কিন্তু আমি আনস্টার্ড কোশ্চেনের উত্তর দিয়েছি তাতে পিংলা থানা বলিনি। আমি বলেছিলাম গোটা জেলার সমস্যা, অতএব জেলা সম্পর্কে ১১০টা প্রাথমিক টিকা যে দেওয়া হয়েছে সে সম্পর্কে উত্তর দিয়েছি।

Shri Ananga Mohan Das : 'খ' এ আছে কটা গ্রামে দেওয়া হয়েছে।

(No Reply)

Payment of minimum wages to the labourers of municipalities

*535 (Admitted question No. *2244.) **Shri Sanat Kumar Raha :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পৌর শ্রমিকদের নিম্নতম মজুরী কোন্ কোন্ পৌরসভা দেয় নাই ;

(খ) যে বছরে এই নিম্নতম মজুরী চালু হয় তখন জীবিকার সূচী কত ছিল বর্তমানে কত ; এবং

(গ) বর্তমানে এই সমস্ত পৌর শ্রমিকদের বর্ধিত হারে ভাতা ও মজুরী দিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কিনা ?

Shri Bijoy Singh Nahar : (ক) নির্দ্ধারিত হারে নিম্নতম মজুরী না দেওয়ার অভিযোগ পৌর শ্রমিকদের নিকট হইতে পাওয়া যায় নাই। তবে বর্ধমান ও কাটোয়া পৌরসভার পৌরশ্রমিকদের নিকট হইতে এবং পুরুলিয়া পৌরসভার অধীনে নিযুক্ত প্রাথমিক শিক্ষকদের নিকট হইতে বর্দ্ধিত হারে দুর্মূল্য ভাতা না দেওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) বিভিন্ন অঞ্চলের ১৯৫৭ ও ১৯৬৫ সালের জীবিকার সূচী মূল বৎসর (Base year) সহ নিম্নে প্রদত্ত হইল :—

	১৯৫৭	১৯৬৫
কলিকাতা ও ২৪ পরগনা, ১৯৪৪=১০০	১৪০	২০২—অক্টোবর মাসে।
হাওড়া ও হুগলী, ১৯৪৪=১০০	১৪০	১৮৪—জুন মাসে।
আসানসোল ও রাণীগঞ্জ অঞ্চল ১৯৫১=১০০	১০৩	১৪৫—জুন মাসে।
শিলিগুড়ি মহকুমা ব্যতীত দার্জিলিং জেলা, ১৯৪৮=১০০	১০৮	১৭৩—জুলাই মাসে।
জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা, ১৯৪৮=১০০	১০০	১৫৬—জুলাই মাসে।
বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া, ১৯৫১=১০০	১০৩	১৩৪—জুন মাসে।
বীরভূম, ১৯৫১=১০০	১১৪	১৪২—জুন মাসে।
নদীয়া ও মুর্শিদাবাদ ১৯৫১=১০০	৯০	১৪৩—সেপ্টেম্বর মাসে।
মালদহ ও পশ্চিম দিনাজপুর, ১৯৫১=১০০	৮৪	১১৮—জুন মাসে।

(গ) হঁ্যা।

Shri Sanat Kumar Raha : ২০ পয়েন্ট বাড়লে পরে বর্দ্ধিত ভাতা ৭৫ দেবার নিয়ম আছে। কোন কোন Municipality তে যেখানে ২ বার দেবার নিয়ম সেখানে ৪২ হয়েছে ৯-এর জায়গায় সেখানে ২ বার দেওয়া হয়েছে। বহরমপুর-এ ১ বার দেওয়া হয়েছে। আপনি কি জানেন পশ্চিমবঙ্গ অনেক Municipality September, October 1965-এ যে সূচী সে অনুযায়ী দেবার সেখানে কথা তা দেওয়া হচ্ছে না ?

Shri Bijoy Singh Nahar : আমরা যে Complain পেয়েছি সে সম্পর্কে বললাম এবং যেখানে Complain পাইনি সেখানে দেখা হয়নি। অবশ্য আপনি মেনসান করলেন তারপর সমস্ত পরীক্ষা করতে বলা হয়েছে, ফলাফল এলে দেখাবো।

Shri Sanat Kumar Raha : বর্দ্ধমান সম্পর্কে আপনি বললেন শ্রমিক কর্মচারীর পক্ষ থেকে অভিযোগ পেয়েছি কিন্তু সেখানকার Municipality-র কাছ থেকে কি কোন বক্তব্য পেয়েছেন ?

Shri Bijoy Singh Nahar : সেখানে বক্তব্যের দরকার নেই যারা দিচ্ছেন না prosecute করতে বলছি।

Shri Aswini Roy : বৰ্দ্ধমানে দেখা যাচ্ছে ১৯৫১ সাল থেকে ৪৫ percent বেড়েছে তাহলে বৰ্দ্ধমান বা কাটোয়া Municipality কি বৰ্দ্ধিত হারে দিতে আরম্ভ করেছে ?

Shri Bijoy Singh Nahar : দিতে আরম্ভ হয়েছে কিনা জানিনা। তবে দিতে বলেছি।

Shri Anadi Das : হাওড়া Municipal Workers Associasion তারা কোন অভিযোগ করেছে কিনা তাদের চুক্তিমত মাহিনা দেওয়া হচ্ছে না বলে ?

Shri Bijoy Singh Nahar : এটা চুক্তির প্রশ্ন নয় এটা মিনিমাম ওয়েজেস notification-এর ব্যাপার।

Shri Nikhil Das : হাওড়ায় যে ধাঙ্গড় ধর্মঘট চলছে তার সংগে মাগ্‌গী ভাতা বাড়তি যেটা দেবার কথা সেট দেয়নি সেটা কি জানেন ?

Shri Bijoy Singh Nahar : (নোটিশ চাই।)

Shri Nikhil Das : এটা unrelated যদি বলেন ভাল হয়। বিভিন্ন Municipal যে Provident Fund আইন অনুসারে যেটা দেয় সেটা তারা দিচ্ছেন কিনা জানেন ?

Shri Bijoy Singh Nahar : এরূপ কোন complaint। জানা নেই complaint এলে দেখবো। কোথায় Provident Fund দিচ্ছে না।

Shri Girija Bhusan Mukherjee : এই যে বললেন ১৯০, ১৪৩, এটাকে ১৯৩৯ সালের বেস ইয়ার ধরে করা হয়েছে। এখন মিনিমাম ওয়েজেস্ যখন নির্দ্ধারিত হয় ১৯৫৮ সালে তখন কি ১৯৩৯ সালকে বেস ইয়ার ধরে তার যে প্রাইস লিভিং ইনডেক্স করেছিলেন তার ভিত্তি কি ? 20 Point থেকে ৩'৭৫ সিদ্ধান্ত নিয়েছিলেন ?

Shri Bijoy Singh Nahar : আমি কোন বৎসর বেস ইয়ার সেটা বলিনি, এটা বেড়েছে যেমন কলকাতা এবং ২৪ পরগনার ১৯৫১ সালে ১৪০, ১৯৫৬ সালে ১০২ ঠিক যেভাবে প্রত্যেক জায়গায় করা হয়েছিল তার উপর নির্ভর করে।

Shri Girija Bhusan Mukherjee : বর্তমান ১৯৩৯ সালকে বেশ ইয়ার বলে পরিত্যাগ করা হয়েছে। সাধারণতঃ আমরা ব্যয় সূচী যে পেয়ে থাকি সেটা হচ্ছে ৫১৪ সেটা ১৯৩৯ সালকে বেস ইয়ার ধরে নয়, এখন Municipalities-র শ্রমিকদের ক্ষেত্রে ১৯৩৯ সাল বেস ইয়ার ধরে পরিচালিত হবে না যেমন অন্যান্য শিল্পের ক্ষেত্রে চালু সেটাই পরিচালিত হবে। এখন এটা পরিষ্কার হওয়া দরকার কারণ তা নাহলে Municipal শ্রমিকদের অনেক পরিমাণ ক্ষতি হয়। সেদিক থেকে পরিষ্কার ভাবে জানান ১৯৩৯ সালকে বেশ ইয়ার ধরা হয়েছে না বর্তমানে ১৯৫৩, ১৯৬১ ধরে ৫৩৫ হয়েছে। এ সম্পর্কে আপনাদের সিদ্ধান্ত কি বলুন।

[1-10—1-20 p m.]

Shri Bijoy Singh Nahar : আমাদের সিদ্ধান্ত পূর্বেই বলেছি যে এরজন্য একটি নূতন কমিটি গঠন করা হয়েছে। Minimum Wage বাড়বে, কি কমবে, বা কি হবে, বা না হবে, তারজন্য নূতন কমিটি করা হয়েছে, তাঁরাই এ সম্বন্ধে সিদ্ধান্ত করবেন কিভাবে করা হবে।

Shri Girija Bhusan Mukherjee : কমিটি সিদ্ধান্ত করবেন, কি না করবেন, সেটা বড় প্রশ্ন নয়। আমার প্রশ্ন হচ্ছে ১৯৫৮ সালে যখন Minimum Wages এ্যাক্ট চালু হয় তখন ১৯৩৯ সালটা base year হিসাবে চালু ছিল। তখন ২৩৫ এর ভিত্তিতে তখনিস্থন, তাঁরা নূতন ডি, এর সূচক ঠিক করেছিলেন। এখন নিশ্চয়ই ১৯৩৯ সালটা base year ধরে নয়।

এখন আপনি যে রিপোর্টটা দিলেন, সেটা ১৯৩৯ সালটাকে base year ধরে রিপোর্ট দিলেন। এর ফলে এই দাঁড়াচ্ছে যে ১৯৫৩ সালের base yearএ ৩০ পয়েন্ট বাড়ছে। সেখানে ১৯৩৯ সালটাকে base year ধরলে ১৯ পয়েন্ট বাড়ছে। এর দ্বারা মিউনিসিপ্যাল শ্রমিকদের অনেককে ক্ষতিগ্রস্থ হতে হচ্ছে। ১৯৩৯ সালের base yearটা এখন সব জায়গায় পরিত্যক্ত হয়েছে। আপনি ১৯৬১ সালটাকে base year ধরে তালিকা পেশ করবেন কি?

Shri Bijoy Singh Nahar : আপনি যে প্রশ্নটা করেছেন, সেটা খুবই সত্য, যে পরিবেশে এই calculation টা হয়েছিল, তাতে শ্রমিকদের ক্ষতি হচ্ছিল, সেটা বিবেচনা করেই এই নূতন কমিটি গঠন করা হয়েছে, তাঁরা সমস্ত বিবেচনা করে, নূতন ভাবে, ডি, এ, সম্বন্ধে বিবেচনা করবেন। কোন মাসকে base year ধরে কিভাবে নূতন হারে ডি, এ, বাড়াবেন, কি কমাবেন এই সব প্রশ্ন ঐ কমিটি ঠিক করবেন।

Shri Girija Bhusan Mukherjee : এই কমিটি কবে নাগাদ রিপোর্ট দেবেন, বলবেন কি? এবং এই কমিটি যে সিদ্ধান্তে আসবেন, সেখানে তার retrospective effect দেওয়া হবে কি না? কারণ, যদি retrospective effect না দেওয়া হয়, তাহলে শ্রমিকদের যে ক্ষতি হল, সেটা বরাবরের জন্য রয়ে গেলো। এই কমিটি কবে সিদ্ধান্ত নেবেন, এবং সেটায় restrospective effect দেবেন কিনা?

Shri Bijoy Singh Nahar : কমিটি কবে রিপোর্ট দেবেন, তা বলতে পারবো না। এটি হচ্ছে একটি tripartite body, এই কমিটি সম্প্রতি করা হয়েছে, সেই কমিটির রিপোর্ট না আসলে, কিভাবে কি করবেন, সেটা তাঁরা না আসলে, এখন আমি কোন commitment করতে পারবো না।

Shri Sanat Kumar Raha : Terms of reference কি, কিছু নেই? কারণ যেভাবে বর্ত্তমানে দুর্মূল্য চলেছে তাতে কমিটির report যাতে তাড়াতাড়ি অসে, এটা কি বাঞ্ছনীয় নয়?

Shri Bijoy Singh Nahar : Terms of referenceএর কথা আমি কিছু বলতে পারবো না। তাড়াতাড়ি রিপোর্ট তাঁরা পাঠাবেন নিশ্চয়।

Murshidabad Water Supply Scheme

***536.** (Admitted question No. *2302.) **Shri Birendra Narayan Roy :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ সহরে (লালবাগ) পরিশ্রুত জল সরবরাহের যে পরিকল্পনা সরকারের ছিল তাহার সর্বশেষ পরিস্থিতি কি?

Shrimati Purabi Mukhopadhyay : ১৯৬১-৬২ সালে মুর্শিদাবাদ সহরে পরিশ্রুত জল সরবরাহের জন্য আনুমানিক ৭,৬২,১১০ টাকা (১ম পর্য্যায়) ব্যয়ের একটি পরিকল্পনা প্রস্তুত হইয়াছিল। কিন্তু তৃতীয় যোজনাকালে স্বাস্থ্য উন্নয়ন রাখতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় উহা উক্ত যোজনাকালে কার্য্যকরী করা সম্ভব হয় নাই।

তবে চতুর্থ যোজনাকালে উক্ত পরিকল্পনা কার্যকরী করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

Shri Birendra Narayan Roy : তাহলে আপনি কি প্রতিশ্রুতি দিচ্ছেন যে চতুর্থ পরিকল্পনায় এটা নিশ্চয়ই হবে?

Shrimati Purabi Mukhopadhyaya : আমার যা বলবার তা আমি বলে দিয়েছি।

Shri Birendra Narayan Roy : আপনি বলেছেন যে চতুর্থ পরিকল্পনায় হওয়ার সম্ভাবনা আছে। এটা কি definite? তিনটা পরিকল্পনা গেলো, আবার একটা পরিকল্পনা আসছে, তাতে হবে কিনা, definitely জানতে চাচ্ছি?

(No Reply)

Agreement on the bonus disputes of tea garden workers

*537. (Admitted question No. *2350.) **Shri Aswini Roy :** (a) will the Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact that an agreement between the representatives of the managements and Trade Unions on the disputes of payment of Bonus to Tea garden workers in the West Bengal has recently been finalised?

(b) if the answer to (a) be in the afirmative, will the Minister be pleased to state—

(i) details of such agreement;

(ii) total recipients (workers) of the maximum and minimum rate; and

(iii) the last date fixed for payment of such bonuses?

Shri Bijoy Singh Nahar : (a) Yes. (b) (i) A copy of the agreement is placed on the Library table.

(ii) This information would be available only after payments have been completed on the basis of the agreement.

(iii) 26th January, 1966.

Agreement referred to in reply to clause (b)(i) of starred question No. 537

Bonus Agreement

1. This Agreement shall be known as the North-East Indian Tea Plantations Bonus Agreements 1965.

2. It shall apply to all Tea Estates in West Bengal, Assam and Tripura.

3. Bonus for the years 1962 and 1963 shall be paid before the end of December 1965, on the same basis as if the Payment of Bonus Act 1965 had been applicable fort hese years to the Tea Industry, except that—

(a) the provisions in the Act for minimum and maximum bonus shall not apply, but the allocable surplus as defined in clause 2(4) of the Act shall be distributed as bonus.

(b) the managerial staff shall be excluded from the calculation and any payments made to them shall not be treated as bonus for any purpose whatsoever.

(c) the provisions of Section 34 of the Act shall not apply.

4. Such sums as have already been paid to any employee in 1964 and 1965 as ad hoc advances on account of bonus or Puja expenses for 1962 and 1963, and any sums paid in 1962 and 1963 as Puja Bonus e. g. in Cachar, and any other sums actually paid as bonus for 1962 and 1963, shall be deducted from the amount of bonus payable to each employee under this Agreement.

5. The workers agree that no dispute shall hereafter be raised regarding bonus for 1962 and 1963, unless it be with regard to the implementation of this Agreement.

6. In the case of all establishments which in the accounting year 1962 or 1963 incurred loss or did not have sufficient 'allocable surplus" within the meaning of the Payment of Bonus Act to pay to each employee Rs. 25/- (subject to proportionate reduction where the employee has not worked or been on authorised leave with wages for all the working days in the year) or 4% of his basic wages, dearness allowance, and interim wage increase (including leave wages and benefit), whichever is more, then the employer shall pay as a special allowance for the year in question, without prejudice to future payments of bonus, the aforementioned sum.

Less such amounts, if any, as are payable under clause 3 above.

The Special allowance payable under this Clause shall also be subject to the deductions referred to in clause 4 above.

Any sum payable under this Clause shall not be regarded as bonus for the purpose of the Payment of Bonus Act, in particular with regard to Section 34(2).

Minors shall be paid half the above mentioned sums under the same provisos.

No special allowance shall be paid to those who have worked less than 30 days in the year in question, or to any employee who has been dismissed for reasons described in clause 9 of the Act, during the year for which the allowance is paid.

7. Each company shall send statements showing the calculation of allocable surplus as per the Bonus Act along with its audited balance sheet to the Central Offices of the Trade Unions. A further statement as per the attached proforma shall also be submitted for scrutiny.

8. Nothing in this Agreement shall prejudicially affect any worker who is governed by any Award settlement or Company Scheme which provides higher benefits.

9. In the event of the employer in any establishment governed by clause 6 being unable to pay bonas or special allowance in accordance

with this Agreement before 31st December, 1965, he may in consultation with the Union of the workers, postpone payment to a date not beyond 26th January, 1966.

Sd/- A. F. Macdonald 30.11.65 (Chairman I.T.A.)	Sd/- N. K. Chaddha (Regional Labour Commissioner & Convenor Bonus Sub-Committee of the Industrial Committee on Plantation).
Sd/- P. Crombie (Senior Adviser I.T.A)	
Sd/- S. N. Basu 30 11.65 (I.T.P.A.)	Sd/- G. C. Sarmah 30.11.65 (I N.T.U.C.)
Sd/- N. C. Majumdar (Tripura Tea Assocn.)	Sd/- Dr. Mrs. Maitreyee Bose 30.11.65 (I.N.T.U.C.)
Sd/- H. P. Borooah (A.T.P.A.)	Sd/- Monoranjan Roy 30.11.65 (A.I.T.U.C.)
Sd/- P. K Kanoria (T.A.I.)	Sd/- Deven Sarkar 30.11.65 (H.M.S.)

ADDENDUM

The expression "4% of basic wages.. etc." occuring in clause 6 shall in the case of daily rated workers, be interpreted as follows :—

The days on which he has worked or been on authorised leave, including sick leave or maternity leave, shall be counted and the total multiplied by the total of his daily basic wage, dearness allowance, and interim increase granted by the Wage Board in 1962, and 4% of the sum so arrived at shall be the amount referred to in the clause.

PROFORMA

				1962	1963
1.	Allocable surplus	=	Rs.		
2.	Bonus payable to workers.	=	Rs.		
3.	Total Wage Bill during the year				
	Lobour	=			
	Staff	=			
4.	Total working days				

Shri Aswini Roy: এই যে agreement-এর ৬ ধারায় যেখানে বলছে—agreement বলছে, যে establishment-এ loss incur করা হয়েছে, তার ক্ষেত্রে 4 per cent এটা দেবার কথা আছে। এতগুলি চা-বাগিচার মধ্যে এই রকম কতকগুলো সংস্থা আছে, যারা loss incur করেছে এই রকম তথ্য আপনার জানা আছে কি?

Shri Bijoy Singh Nahar: এখনো পর্যন্ত তা জানতে পারি নি। ২৬শে জানুয়ারী হয়ে যাবার পর সেটা আমারা জানতে পারবো—কোথায় কিভাবে কি দিয়েছে।

Shri Aswini Roy: এই যে agreement-এর ৭ ধারায় আছে—যখন সেই সমস্ত establishment-এর allocable surplus থাকবে, তখন সেটা central trade union organisation-এর কাছে পাঠাবেন এবং আপনাদের যে proforma আছে, সেগুলি scrutiny-র জন্য পাঠাবেন। এই ধরনের চা-বাগিচার মালিক কতগুলি allocable surplus এর ভিত্তিতে পাঠাচ্ছে, কতগুলি proforma পাঠাচ্ছে?

Shri Bijoy Singh Nahar: আমার কাছে সেরকম figure নাই, নোটীশ দিলে বলতে পারবো সঠিক figure.

Shri Nani Bhattacharjee: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ৩১শে ডিসেম্বরের মধ্যে যদি কোন কোম্পানী বোনাস দিতে না পারে আর্থিক কারণে, তাহলে ২৬শে জানুয়ারী পর্যন্ত তার মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়েছে? আর আপনি বললেন ২৬শে জানুয়ারী শেষ তারিখ।

Shri Bijoy Singh Nahar: সেটা তো ঐ agreement-এর মধ্যে রয়েছে।

Shri Nani Bhattacharjee: ৩১শে ডিসেম্বর হচ্ছে last date. যদি তার মধ্যে বোনাস দিতে কোন কোম্পানী fail করে, তাহলে ২৬শে জানুয়ারী পর্যন্ত যে সময় আছে দেবার তার মধ্যে তাকে দিতেই হবে—That is in the body of the agreement এটা কি ঠিক?

Shri Bijoy Singh Nahar: আমি তো বললাম এগ্রিমেন্টে last date বাড়িয়েই হোক বা আর যেভাবেই হোক ২৬শে জানুয়ারীর মধ্যে দিতে হবে কোম্পানীকে।

Shri Nani Bhattacharjee: ৩১শে ডিসেম্বরের মধ্যে কত কোম্পানী বোনাস payment করেছে জানেন কি?

Shri Bijoy Singh Nahar: আমি এখনো তার হিসেব পাই নি।

Shri Nani Bhattacharjee: ৩১শে ডিসেম্বরের মধ্যে কতগুলি কোম্পানী Bonus Act-এর যা ফরমূলা সেই অনুসারে calculation করে ইউনিয়নগুলির কাছে পাঠিয়েছে?

Shri Bijoy Singh Nahar: এর উত্তর পূর্বে দিয়েছি।

Shri Narayan Choubey: ঐ Bonus Act অনুসারে minimum bonus দেওয়ার টাকার পরিমাণ কত?

Shri Bijoy Singh Nahar: আইনে আছে এগ্রিমেন্ট অনুসারে যা হবে।

Seri Narayan Choubey: এই এগ্রিমেন্টে যা বোনাস দেবার কথা,—তাঁরা তার চেয়ে কম দিচ্ছে। এটা কি আপনি জানেন?

Mr. Speaker: উনি তো বলেছেন এগ্রিমেন্ট সব specifically দেওয়া আছে।

Shri Narayan Choubey : Bonus Act অনুযায়ী তারা দিচ্ছে না ।

Shri Bijoy Singh Nahar : যেখানে Bonus Act রয়েছে সেখানে দুটো পার্টি agree করে সেখানে তো গোলমাল হতে পারে না।

Shri Narayan Choubey : তারা uncontrolable দিচ্ছে না।

Shri Bijoy Singh Nahar : দিচ্ছে কিনা আমরা দেখব।

Shri Nani Bhattacherjee : মন্ত্রী মহাশয় কি জানেন—৩১শে ডিসেম্বর মধ্যে কালচিনি থানায় মাত্র একটা কোম্পানী বোনাস দিয়েছে—আর কেউ দেয় নাই ?

Shri Bijoy Singh Nahar : আমার কাছে এমন তো কোন পরিসংখ্যান আসেনি।

Alarm bell in the Presidency Jail

***538.** (Admitted question No. *2367.) **Shri Rabindra Nath Mukhopadhyay, Shri Bijoy Pal and Shri Radha Nath Chattoraj :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ৩০-১১-৬৫ তারিখে প্রেসিডেন্সী জেলে 'পাগলী ঘন্টা' বাজানোর ফলে কিছু সংখ্যক বন্দী আহত এবং নিহত হয় ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পাগলী ঘন্টী বাজানোর কারণ কি ;

(২) কতজন কোন শ্রেণীর বন্দী আহত ও নিহত হয় ;

(৩) আহত বন্দীদের কোন চিকিৎসার ব্যবস্থা হইয়াছে কি না ; এবং

(৪) এই সম্পর্কে কোন সরকারী তদন্ত হইয়াছে কি না ?

Shri Jagannath Kolay : (ক), (খ) (১) (২) বিগত ইংরাজী ৩০।১১।৬৫ তারিখে ভারতরক্ষা আইনে আটক দ্বিতীয় শ্রেণীভুক্ত (গুণ্ডা) বন্দীদের দুই দলের ভিতর মারামারি শুরু হয়। এই সংঘর্ষের ফলে ২২ জন উক্ত শ্রেণীর বন্দী আহত হয়। কেহই নিহত হয় নাই। মারামারি যাহাতে গুরুতর রূপ ধারণ না করে সেই কারণে কারার পাগলা ঘন্টী বাজান হয়।

(৩) হাঁ, করা হইয়াছে।

(৪) হাঁ, কারাধ্যক্ষ মহাশয় এই বিষয় তদন্ত করিয়াছেন।

Shri Narayan Choubey : ঐ যে আহত হয়েছিল, সেটা কি পুলিশ দিয়ে, না; নিজেদের মধ্যে মারামারি করে ?

Shri Jagannath Kolay : নিজেদের মধ্যে মারামারি করে।

Shri Narayan Choubey : এই যে তদন্ত হলো, তাতে মারামারির প্রকৃত কারণ কিছু জানা গেছে ?

Shri Jagannath Kolay : মারামারির কারণ হচ্ছে প্রথমে দু' জন গুণ্ডার মধ্যে ঝগড়া হয় এবং তার ফলে দু-দলের মধ্যে বিরাট আকারের মারামারি হয়।

Drainage system in the Dum Dum Jail

***539.** (Admitted question No. *2360.) **Shri Gopal Bosu :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দমদম জেলের ড্রেনেজ সিস্টেম-এর উন্নতির জন্য সরকারের একটি পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্য হইলে, কি নাগাদ তাহা কার্যকরী করা হইবে ?

Shri Jagannath Kolay : (ক) ও (খ) দমদম কেন্দ্রীয় কারাগারে জল নিষ্কাশণের ব্যবস্থা সংস্কারের জন্য দুইটি পরিকল্পনা রূপায়নের কার্য সম্পূর্ণ হইয়াছে।

Shri Anadi Das : মাননীয় মন্ত্রিমহাশয়, জানেন কি এই জেলে যেসমস্ত সেপটিক ট্যাংক পায়খানা আছে তার ফ্লাশগুলি পরিষ্কার হয়না ফলে মাঝে মাঝে প্রাতকৃত্য করা দুর্ঘট হয়ে পড়ে ?

Shri Jagannath Koley : ফ্লাশগুলি অলরেডি রিপেয়ার হয়ে গেছে যাতে ফ্লাশিং ভালভাবে হয়। সেজন্য ছয় ইঞ্চি ডায়েমিটারের সেপটিক ট্যাংক করা হয়েছে এবং ইন্সপেকশান পিটগুলি সিমেন্ট মর্টার দিয়ে ভালভাবে করা হচ্ছে।

Shri Narayan Choubey : দমদম জেলে বিশেষ করে যেখানে সেলস্ আছে তার পাশে ড্রেণ এবং রাস্তা হয়ে গিয়েছে, একটু বৃষ্টি হলেই সেই ড্রেণগুলি ওভারফ্লো করে এটা নিবারণ করার সম্পর্কে আপনাদের কোন প্লান আছে ?

Shri Jagannath Koley : আপনি যেটা বলেছেন সেটা ঠিক। জল যাতে রাস্তায় ফেলা যায় তার জন্য আরেকটা পরিকল্পনা নেওয়া হয়েছে আগামী বছরে সেটা হয়ে যাবে।

Shri Narayan Choubey : এই কথাটা ৬২ সাল থেকে শুনে আসছি।

Shri Jagannath Koley : ৬২ সালে জেলের মধ্যে করা হয়েছে এবার জেলের বাহিরে করা হবে।

Primary vaccination in the village of Jalchawk in Midnapore District

***540.** (Admitted question No. *2406.) **Shri Ananga Mohan Das :** গত ৪-১১-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৪০নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ৫৬) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার পিংলা থানার জলচক গ্রামের ১৫ হইতে ২০ বৎসর বয়স্ক যে ৫১০ জনকে প্রাথমিক টীকা দেওয়া হইয়াছিল তাহাদেরকে কি কারণে উপরিউক্ত বয়স পর্যন্ত প্রাথমিক টীকা দেওয়া হয় নাই ; এবং

(খ) বঙ্গীয় টীকাদান আইন অনুসারে টীকা না লইলে বা অস্বীকার করিলে যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের উল্লেখ আছে তাহা উহাদের বা উহাদের অভিভাবকদের উপর প্রয়োগ করা হইয়াছিল কিনা ?

Shrimati Purabi Mukhopadhayay : (ক) ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার পিংলা থানার জলচক গ্রামের ১৫ হইতে ২০ বৎসর বয়সের কোনও লোককে প্রাথমিক টীকা দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না

Shri Ananga Mohan Das: আপনি আপনার গত ৪.১১.৬৫ তারিখে রিপ্লাইটা দেখুন তাতে আমার প্রশ্ন ছিল মেদিনীপুর জেলায় পিংলা থানা জলচক গ্রামের ১৫ থেকে ২০ বয়স্ক যে ৫১০ জনকে যে প্রাথমিক টীকা দেওয়া হয়েছিল তাদের কি কারণে উক্ত বয়স্ক পর্যন্ত প্রাথমিক টীকা দেওয়া হয় নি ?

Shrimati Purabi Mukhopadhyay: মাননীয় অধ্যক্ষ মহাশয় যে রেফারেন্স দেওয়া হচ্ছে তাতে পিংলা থানার জলচক গ্রাম বলে সেখানে উল্লেখ ছিল না। আমি একটা জেলার ফিগার দিয়েছিলাম।

Shri Ananga Mohan Das: আপনি ৪.১১.৬৫ তারিখের প্রশ্নটা দেখুন ?

Shrimati Purabi Mukhopadhyay: আপনি ভাল করে দেখুন সেখানে জলচক বলে কোন গ্রামের কোন উল্লেখ নেই। যদি জেনারেল কোশ্চেন করা হয় যে ১৫ থেকে ২০ বছর বয়স্ক লোকদের কেন প্রাথমিক টীকা দেওয়া হয়নি। That is a separate issue altogether.

Alleged violation of Shops and Establishment Act in the sales division of Jay Engineering Works Ltd.

*541. (Admitted question No. *2453) **Shri Haridas Chakraborty:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি সরকার জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস লিঃ এর বিক্রয় বিভাগের Shop and Establishment Act এর ২৪নং ধারা ভঙ্গ হইতেছে বলিয়া যে অভিযোগ পাইয়াছেন তাহার তদন্ত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ তদন্তের রিপোর্ট কি ?

Bijoy Singh Nahar: (ক) হ্যাঁ।

(খ) এই আইনের ২৪নং ধারা অনুযায়ী পূর্বতন কোন অধিকার বা সুবিধা-সুযোগ খর্ব হইয়াছে এইরূপ কোন প্রমাণ পাওয়া যায় নাই।

Cases of adulteration in food and medicine

*542 (Admitted question No. *2461.) **Dr. Radhakrishna Singh:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত কলিকাতাসহ পশ্চিমবঙ্গের জেলাওয়ারী কতগুলি খাদ্যাদি এবং ঔষধাদিতে ভেজাল দেওয়ার ব্যাপার সরকারের নজরে আসিয়াছে; এবং

(খ) উহার মধ্যে কলিকাতা করপোরেশান কর্তৃক কয়টি কেশ আদালতে পেশ করা হইয়াছে ?

Shrimati Purabi Mukhopadhyay: (ক) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) খাদ্যদ্রব্যে ভেজালের জন্য ১৯৬৪ এবং ১৯৬৫ সালে কলিকাতা করপোরেশন কর্তৃক আদালতে পেশ করা কেসের সংখ্যা নিম্নরূপ :

১৯৬৪	১৯৬৫ (অক্টোবর পর্যন্ত)
৩০২	২৮১

কলিকাতা করপোরেশনের ঔষধাদিতে ভেজাল দেওয়ার ব্যাপারে মামলা দায়ের করার কোন ক্ষমতা নাই।

Statement referred to in reply to clause (ka) of starred question No. 542

১৯৬৪ এবং ১৯৬৫ সালে খাদ্যাদিতে এবং ঔষধাদিতে ভেজাল দেওয়ার পরিমাণ।

খাদ্য	স্থানের নাম	ভেজাল প্রতিপন্ন খাদ্য দ্রব্যের নমুনা সংগ্রহের সংখ্যা। ১৯৬৪ সাল	১৯৬৫ সাল অক্টোবর পর্যন্ত
	১। কলিকাতা	৩৩৩	২৩১
	২। মুর্শিদাবাদ	১০৯	৪৩
	৩। হাওড়া	২২১	৬১
	৪। ২৪ পরগনা	২৯৮	১৪০
	৫। দার্জিলিং	২৬০	৯৫
	৬। বর্ধমান	১৮১	৭৮
	৭। জলপাইগুড়ি	৮৭	১২
	৮। কুচবিহার	৬৪	৩১
	৯। বাঁকুড়া	৪৭	৫৮
	১০। নদীয়া	৫৬	৮০
	১১। মেদিনীপুর	১১১	১২২
	১২। মালদহ	৪৫	৪
	১৩। হুগলী	৯৪	৬৪
	১৪। পুরুলিয়া	২০	১১
	১৫। পশ্চিম দিনাজপুর	৫৯	৫৮
	১৬। বীরভূম	১৩৮	৫৬
		২০৮৩	১১৪৪

ঔষধ — ১৯৬৪ ও ১৯৬৫ সাল ভেজাল ঔষধ (Drugs not of standard quality) প্রস্তুত ও বিক্রয় করিবার কোন ঘটনা সরকারের নজরে আসে নাই।

Shri Radha Krishna Singha : মাননীয়া মন্ত্রীমহাশয়া কি জানেন যে করপোরেশনের উর্ধতন কর্তৃপক্ষ যারা আছেন তারা এই কোন অর্ডার দিয়েছেন কিনা যে ভেজাল ধরা পড়লে তাদের অনুমতি না নেওয়া হলে কোন কেস করা হবেনা ?

Shrimati Purabi Mukhopadhyay : খাদ্যদ্রব্য না ঔষধের কথা বলছেন ?

Shri Radha Krishna Singha : খাদ্যদ্রব্য এবং ঔষধ আমি দুইয়ের কথা বলছি।

Shrimati Purabi Mukhopadhyay : আমাদের যেটা ঔষধ সংক্রান্ত আইন ভেজাল সম্পর্কে Central Act, Cosmetics and Medicine Act, 1940 এটাতে কোথাও মিউনিসিপ্যালিটি বা কলকাতা কর্পোরেশনের অন্তর্গত অঞ্চলে কর্পোরেশনকে বা মিউনিসিপ্যালিটিকে অথোরাইজ করা হয়নি। অতএব কর্পোরেশনের স্ট্যাটুটোরিলি পারমিশান নেবার প্রশ্ন উঠেনা They do not enjoy this right.

Shri Sanat Kumar Raha : ক্যালকাটা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটি ষ্টেট গভর্নমেন্টের কাছে ঔষধের কোন কেস দিয়েছেন ?

Shrimati Purabi Mukhopadhyay : সবশুদ্ধ ৮টা কেস মিসব্রানডেড মেডিসিনে হয়েছে, এই সম্পর্কে ৭টা কেসে আমরা মামলা করেছি, দুটোতে কনভিকশান হয়েছে, পাঁচটা কেস পেনডিং বাকী একটায় আমাদের এল. আর অপিনিয়ন দিয়েছেন this case would not stand.

Periodicals published by State Government

***543.** (Admitted question No. *2541.) **Shri Sailendranath Adhikari :** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সরকার কোন্ কোন্ ভাষায় কি কি সাময়িক পত্র-পত্রিকা প্রকাশ করিতেছেন ;

(খ) ঐ পত্রিকাগুলির নাম কি এবং প্রচার সংখ্যা কত , এবং

(গ) গত তিন বৎসরে ঐ পত্রিকা প্রকাশনে প্রতি বৎসর কিরূপ খরচ হইয়াছে এবং সরকারের বিক্রয় বাবদ আয় কত হইয়াছে ?

Shri Bijoy Singh Nahar : ক, খ, ও গ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Ga) of starred question No. 543

বিবরণী

	প্রকাশিত পত্র পত্রিকার নাম	প্রচার সংখ্যা	ভাষা	মুদ্রণের ব্যয় ১৯৬৩ টাঃ	মুদ্রণের ব্যয় ১৯৬৪ টাঃ	মুদ্রণের ব্যয় ১৯৬৫ টাঃ	বিক্রয় বাবদ আয় ১৯৬৩ টাঃ পঃ	বিক্রয় বাবদ আয় ১৯৬৪ টাঃ পঃ	বিক্রয় বাবদ আয় ১৯৬৫ টাঃ পঃ	মন্তব্য
১।	শ্রমিক বার্তা (পাক্ষিক)	৬০০০	বাংলা ও হিন্দী	২৬৬৮৬	২৬৬৮৬	২৫৩৪৮	৫৬.৫৪	৫৫.৭৫	৩৩.৭৫	সরকারী মুদ্রণ মারফত বিক্রয় লব্ধ টাকার পরিমাণ ধরা হয় নাই।
২।	পশ্চিম বংগাল (সাপ্তাহিক)	১৪৫০	নেপালী	১১৮১২	১১৮১২	১১৮১২	৪৪৮	২১৮	২৪৪	
৩।	মাঘরবি বঙাল (পাক্ষিক)	৫০৬	উর্দু	৭৯৭৪	৭৯৭৪	৭৯৭৪	৫২.৫০	৬৪৫০	৩	
৪।	গালমারাও (পাক্ষিক)	১২০০	সাঁওতালি	(সরকারী মুদ্রণে মুদ্রিত)			—	৪১	৫৪	
৫।	উইকলি ওয়েস্ট বেঙ্গল (সাপ্তাহিক)	৪০০০	ইংরাজী	(সরকারী মুদ্রণে মুদ্রিত)			৩১৩	৩৭৮	১২৩	
৬।	পঞ্চায়েতরাজ (মাসিক)	৩০০০	বাংলা	৭৮৬৪.৩৫	৫২৫৫.৮৩	৫৭২৫.৭৫	—	—	—	
৭।	কথাবার্তা (সাপ্তাহিক)	৭০০০	ঐ	(সরকারী মুদ্রণে মুদ্রিত)			২১১৮	১০১২	৪৬০	
৮।	বসুন্ধরা (মাসিক)	৯০০০	ঐ	১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত (সরকারী মুদ্রণে মুদ্রিত হয়)			৪০২.৫০	২০৪.৫০	১৬২	
৯।	খেতিপতি (মাসিক)	২০০০	নেপালী	৮০০০	৮০০০	৫০০০	—	—	—	
১০।	জনশিক্ষা (মাসিক)	৫১০৬	বাংলা	৯৭৮০	৯৭৮০	৯৭৮০	—	—	—	
১১।	Monthly Labour Gazette (Monthly)	৫০০	ইংরাজী	(সরকারী মুদ্রণে মুদ্রিত হয়)			—	—	—	
১২।	Monthly Statistical Digest	২৫০	ঐ	ঐ			—	—	—	
১৩।	Statistical Abstract (Annual)	২৫০	ঐ	ঐ			—	—	—	
১৪।	Statistical Handbook	২৫০	ঐ	ঐ			—	—	—	
১৫।	Journal of the Directorate of Commercial Taxes	২৫৩	ঐ	২৫০	২৫০	২৫০	—	—	—	
১৬।	Bulletine No. 1 (Annual) Archaeological Discovery in West Bengal	২০০০	ঐ	২৯৬৯	—	—	—	—	—	
১৭।	Bulletine No. 2 (Annual) The Excavation at Pandu Rajar Dhibi	১০০০	ঐ	—	১০৫৭	—			৮২২.৫০	

Shri Sanat Kumar Raha : সরকার কর্তৃক প্রকাশিত এই সমস্ত পত্র-পত্রিকা কাকে কাকে দেওয়া হয় এবং কি কারণে ছাপা হয় এবং এর উদ্দেশ্য কি ?

Shri Bijoy Singh Nahar : ছাপা দরকার হয়েছে বলেই ছাপা হয়, এবং লাইব্রেরির একটা লিস্ট আমি দিয়েছি। বিভিন্ন লাইব্রেরিতে পাঠান হয় এবং বিভিন্ন কেন্দ্রে বিক্রি হয়।

Shri Sanat Kumar Raha : এইসব পত্র-পত্রিক কতগুলি জায়গায় বিনামূল্যে বিতরিত হয় ?

Shri Bijoy Singh Nahar : বহু জায়গায় বিতরিত হয় এবং বিক্রয় হয়।

Shri Sanat Kumar Raha : ঐক্য বলে যে পত্রিকা আছে সেটা কি সরকার পৃষ্ঠপোষিত।

Shri Bijoy Singh Nahar : এ প্রশ্নই উঠে না কারণ "ঐক্য" বলে সরকারের কোন কাগজই নাই।

Shri Balai Lal Das Mahapatra : বিধানসভার সদস্যদের যে পত্র-পত্রিকা পাঠান হয় তা নিয়মত কেন পাঠান হয় না ?

Shri Bijoy Singh Nahar : যখনই ছাপান সম্ভব হয়না তখনই নিয়মিত পাঠান হয়না।

Shri Anadi Das : ওয়েস্ট বেঙ্গল লেবার গেজেটের লাস্ট ইস্যু কবে ছাপান হয়েছিল ?

Shri Bijoy Singh Nahar : জুলাই-আগস্ট ১৯৬৪ তারপরে ছাপাই হয়নি।

Shri Anadi Das : তাহলে কি ওয়েস্ট বেঙ্গল লেবার গেজেট একেবারে বন্ধ হয়ে গিয়েছে ?

Shri Bijoy Singh Nahar : গভর্নমেন্ট প্রেসে ছাপান অসুবিধা বলে বাহিরে ছাপাবার ব্যবস্থা হচ্ছে।

Shri Panchu Gopal Bhaduri : আমাদের কথা বলে যে কাগজটা আছে তার জানুয়ারী মাসের সংখ্যা এম. এল. এ-দের কাছে পৌছে জুলাই মাসে, তাতে করে তাদের টেণ্ডার এবং বিজ্ঞপ্তি যা থাকে তা আউট অব ডেট হয়ে যায়, সুতরাং এই কাগজ ছাপানোর কি উপযোগিতা আছে ?

[1-30—1-40 p.m.]

Shri Bijoy Singh Nahar : ছাপাতে অসুবিধা হচ্ছিল বলে বহুদিন ছাপান বন্ধ রেখেছি। যতক্ষণ না নূতন ব্যবস্থা করছি ততক্ষণ পর্যন্ত ছাপান হচ্ছেনা, প্রায় এক বছর ছাপান বন্ধ আছে।

Shri Panchu Gopal Bhaduri : ছাপার তারিখ এবং ডেচপ্যাচের তারিখের এত দেরী হয় কেন ?

Shri Bijoy Singh Nahar : প্রেসের অব্যবস্থার জন্য বন্ধ আছে। এক উইকে যেটা ছাপান হবে সেটা হয়ত ৬ উইক পরে ছাপান হল। যখন ছাপান হল তখন হয়ত পুরানো ডেটে ছাপান হল, সেইজন্য বহু দেরী হয়ে যাচ্ছিল। সেজন্য যতক্ষণ না সঠিক ব্যবস্থা হচ্ছে ততক্ষণ পর্যন্ত বন্ধ রাখা হয়েছে।

Shri Abani Kumar Basu : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই ওয়েষ্ট বেঙ্গল এবং কথাবার্তা কতদিন ছাপান বন্ধ আছে ?

Shri Bijoy Singh Nahar : কথাবার্ত্তা ৩০শে ডিসেম্বর ১৯৬৪ সালে লাষ্ট ইস্যু বেরিয়েছে. ওয়েষ্ট বেঙ্গলও ঐ সময় থেকে বন্ধ হয়ে আছে।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে ছাপানর অসুবিধা এটা কতদিন আগে উনি বোধ করেছেন ?

Shri Bijoy Singh Nahar : যখনই বোধ করা হয়েছে তখন থেকেই বন্ধ করা হয়েছে। এটা প্রায় এক বছরের উপর হল বন্ধ করা হয়েছে।

Shri Abani Kumar Basu : এই ছাপানর বিষয়ে সরকার থেকে কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করা হয়েছে ?

Mr. Speaker : মি: বোস, ওটার জবাব উনি দিয়েছেন।

Shri Abani Kumar Basu : স্যার, আমার স্পেসিফিক কোশ্চেন, যে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, that is the reason why I requested the Minister.

Mr. Speaker : মি: বোস, এই প্রশ্নের জবাব উনি দিয়েছেন, যদি আপনার সেই বিষয়ে কোন ভুল ধারণা থাকে তাহলে আপনি আমার কাছে এলে আপনাকে জবাবটা শুনিয়ে দিতে পারবো।

Shri Anadi Das : ওয়েষ্ট বেঙ্গল লেবার গেজেট মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৬৪ সালের জুলাই-আগস্ট মাসে লাস্ট ইস্যু বেরিয়েছে, তার মানে দেড় বছরের উপর বন্ধ আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, তিনি ভাবছেন যে বাইরের প্রেস থেকে ছাপাবেন, সেটা কবে থেকে বের হবে তার সময় বলতে পারবেন কি ?

Shri Bijoy Singh Nahar : তা এখন বলতে পারবো না।

Shri A. H. Besterwitch : Will the Hon'ble Minister be pleased to state : What is the reason for the Govt. Printing Press not being able to print all these papers ?

Shri Bijoy Singh Nahar : কেন ছাপাতে পারছে না সেটা বলতে পারবো না।

Shri Narayan Choubey : আপনি বলেছেন যে পত্রিকা কিছু কিছু বিক্রী হয়। আমার প্রশ্ন হচ্ছে টোটাল বিক্রী করে ১৯৬৩-৬৫ সালে কত টাকা পাওয়া গিয়েছে ?

Shri Bijoy Singh Nahar : এই প্রশ্নের উত্তরের সঙ্গেই দেওয়া আছে বিক্রী বাবদ ১৯৬৩, '৬৪, '৬৫ সালে কত পয়সা পাওয়া গিয়েছে, সমস্ত ডিটেলস টেবিলে দেওয়া আছে দেখলেই বুঝতে পারবেন।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ছাপানর অসুবিধা হবার জন্য বি, জি, প্রেসে নূতন একটা সিফ্‌ট ইনট্রোডিউস করা হয়েছে, সেটা ইনট্রোডিউস করার পর এই ছাপানর কাজ দ্রুত অগ্রসর হচ্ছে কি ?

Shri Bijoy Singh Nahar : সেটা অনুগ্রহ করে ইণ্ডাস্ট্রিয়াল মিনিষ্টারকে জিজ্ঞাসা করবেন।

Shri Narayan Choubey : এই যে সমস্ত লোক এখানে আছেন তার মধ্যে যাঁরা '৬১ সালে আসবেন না তাঁদের কি পাঠান হবে ?

Shri Bijoy Singh Nahar : যদি পুরানো ইস্যু ছাপান হয় তাহলে পাঠান হবে, আর নূতন ইস্যু পাঠান হবে না।

Shri Nani Bhattacharjee : আগে লেবার রুলস পর্যন্ত ছাপান হতো এবং সেগুলি গভর্নমেন্ট পাবলিকেশন থেকে পাওয়া যেতো। এখন একটাও লেবার রুল পাওয়া যায় না এর কারণ কি ? গভর্নমেন্টের কোন অফিসের সঙ্গে যোগসাজসে বাইরের কোন কোম্পানী এই সমস্ত রুল ছাপাবে এইটাই কি কারণ ?

Shri Bijoy Singh Nahar : এ প্রশ্নের সঙ্গে ওটার কোন সম্পর্ক নেই কেননা ওটা সরকারী কোন কাগজ নয়।

Shri Nani Bhattacharjee : লেবার রুলস যেটা সেটা সরকারী বই। লেবার রুলস ২/৩ বছর আগেকার কথা বলছি যে, বিভিন্ন লেবার আইন সংক্রান্ত যে সব রুলস্, সেইসব রুলস্, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ছাপতেন এবং গভর্নমেন্ট পাবলিকেশন থেকে তা পাওয়া যেতো। আমি এইজন্য বলছি যে যেখানে ৮ আনা, ১ টাকায় রুলস্ পাওয়া যেতো সেখানে বাইরের দোকান থেকে কিনতে গেলে ২/৩ টাকা খরচ করতে হয় এবং এই ব্যাপারে কোন ভরসা দিতে পারেন কিনা যে লেবার রুলস্ গভর্ণমেন্ট পাবলিকেশন থেকে পাওয়া যাবে এবং সেইভাবে যথারীতি ব্যবস্থা হবে যেমন আগে হতো ?

Shri Bijoy Singh Nahar : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি প্রশ্নটা দেখেন তাহলে দেখবেন প্রশ্নটা হচ্ছে সাময়িক পত্রপত্রিকা সম্বন্ধে। লেবার রুলস্ এই পত্রপত্রিকার মধ্যে পড়ে না।

Shri Aswini Roy : আপনি বললেন লেবার গেজেট তাড়াতাড়ি ছাপানর জন্য প্রাইভেট প্রেসে চেস্টা করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এ সম্পর্কে কি কোন টেণ্ডার কল করা হয়েছে ?

Mr. Speaker : মি: রায়, টেণ্ডারটা অনেক দূরে চলে গেল।

Shri Balai Lal Das Mahapatra : কত দিনের মধ্যে এইসব পত্রপত্রিকা আবার ছাপান যাবে।

Mr. Speaker : এর জবাব দিয়েছেন।

Provident fund money of the retrenched labours of Cossimbazar Manindra Mills

***544.** (Admitted question No. *2369.) **Shri Sanat Kumar Raha :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাশীমবাজার মণীন্দ্র মিলের ছাঁটাই শ্রমিকদের আবেদনক্রমে তাহাদের প্রভিডেন্ট ফাণ্ড হইতে টাকা দেওয়া হইয়াছে কিনা (স্কীমের প্যারা ৬১ডি অনুসারে) ; এবং

(খ) মিল কর্তৃপক্ষ গত তিন বছরে উক্ত প্রভিডেন্ট ফাণ্ড দেয় টাকা জমা দিয়াছেন কিনা ?

Shri Bijoy Singh Nahar : (ক) না

(খ) গত তিন বৎসরে মিল কর্তৃপক্ষ ভবিষ্যনিধি খাতে মাত্র সেপ্টেম্বর '৬৩র দেয় টাকা জমা দিয়াছেন। ইহা ব্যতীত তাঁহারা সার্টিফিকেট দায়ের করার পর সার্টিফিকেট কোর্টে ৩৮,১২৩=১০ পঃ জমা দিয়াছেন।

Shri Sanat Kumar Raha : মোট যে টাকা জমা দেওয়া হয়েছে সেটা কোন পিরিয়ড পর্যন্ত কভার করলো ?

Shri Bijoy Singh Nahar : পিরিয়ড বলতে পারবো না, তবে টাকা জমা পড়েছে এইটুকু বলতে পারি—পিরিয়ডটা পাওয়া গিয়েছে, ১৯৬৩ থেকে যে ১৯৬৫ পর্যন্ত।

Shri Sanat Kumar Raha : একটা কোম্পানী যে এইভাবে প্রভিডেন্ট ফাণ্ডের দেয় টাকা আইন ভঙ্গ করে নিয়মিত জমা দেয় না তার জন্য শ্রম দপ্তর থেকে কোন ব্যবস্থা করা হয়েছে কি ?

Shri Bijoy Singh Nahar : ক্রিমিন্যাল প্রসিউকিউশনের ব্যবস্থা করা হয়েছে এবং কেস দায়ের করা হয়েছে।

Spurious passporrts

***545.** (Admitted question No. *2303.) **Shri Birendra Narayan Ray :** স্বরাষ্ট্র (পাশপোর্ট) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কিছু জাল পাশপোর্ট ধরা পড়িয়াছে ;

(খ) সত্য হইলে উক্ত দুই বৎসরে এবং বর্তমান বৎসরের অদ্যাবধি ঐরূপ কয়টি জাল পাশপোর্ট ধরা পড়িয়াছে এবং উহা কোন কোন দেশে যাইবার জন্য প্রস্তুত করা হইয়াছিল ;

(গ) উক্ত ভুয়া পাশপোর্টের দ্বারা কয়জন ব্যক্তি বিদেশ যাইতে পারিয়াছেন ; এবং

(ঘ) উক্ত কারবারে জড়িত সন্দেহে এ পর্যন্ত কয়জনের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

[1-40—1-50 p.m.]

Shri Jagannath Kolay : (ক) ১৯৬৩-৬৪ সালে কোন জাল পাশপোর্ট ধরা পড়ে নাই। ১৯৬৪-৬৫ সনে বার্লিন হইতে প্রদত্ত একখানি জার্মান পাশপোর্ট জাল বলিয়া সন্দেহ হওয়ায় ধরা পড়িয়াছিল।

(খ) ১৯৬৪-৬৫ সনে পূর্বোক্ত একখানি পাশপোর্ট ছাড়া ১৯৬৫-৬৬ সনে আরও ৪ খানি অর্থাৎ এই দুই বৎসরে অদ্যাবধি মোট ৫ খানি জাল পাশপোর্ট ধরা পড়িয়াছে। জার্মান পাশপোর্ট খানি বর্তমানে সরকারের হাতে না থাকায় কোন কোন দেশে যাইবার জন্য প্রস্তুত করা হইয়াছিল বলা সম্ভব নহে। অবশিষ্ট ৪ খানি পাশপোর্ট পাকিস্তানে যাইবার জন্য প্রস্তুত করা হইয়াছিল।

(গ) পাকিস্তানে যাইবার জন্য প্রস্তুত ৪ খানি পাশপোর্টের মধ্যে কেবলমাত্র একখানির দ্বারা এক ব্যক্তি একবার পাকিস্তানে যাইতে পারিয়াছেন।

(ঘ) ৭ জন

Shri Birendra Narayan Ray : এই যে বললেন একজন জার্মানী যাবার জন্য পাশপোর্ট নেয়—প্রথম হচ্ছে তিনি কোন জার্মানী যাবার জন্য পাশপোর্ট নেন ইস্ট না ওয়েস্ট এবং তার নাম কি ?

Shri Jagannath Kolay : জার্মানী বলতে গেলে ওয়েস্ট জার্মানী বুঝায় এবং তার নাম হচ্ছে জারহ্যাগু রসলু।

Shri Aswini Roy : ১৯৬৫-৬৬ সালে আপনি বললেন ৪টি পাশপোর্ট ধরা পড়েছিল এবং তার মধ্যে একজন মাত্র একবার যাতায়াত করতে পেরেছিল—এই চার জনের নাম কি ?

(উত্তর নাই)

Dearth of medicine in the E. S. I. dispensaries of 24-Parganas district

***546. (Admitted question No. *2364.) Shri Gopal Basu :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জেলায় ই, এস, আই, স্কীমের অনুমোদিত ঔষধের দোকানে ঔষধ পাওয়া যাইতেছে না ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কী ব্যবস্থা করিতেছেন ?

Shri Bijoy Singh Nahar : (ক) সত্য নহে। তবে মূল উপাদানের অভাবে যখন ঔষধ নির্মাণকারী প্রতিষ্ঠানগুলি সাধারণ বাজারে ঔষধ সরবরাহে অসমর্থ হয়, তখন তাহার প্রতিক্রিয়া ই, এস, আই, ঔষধের দোকানেও পরিলক্ষিত হয়।

(খ) সাধারণ বাজারে যখন কোন ঔষধের অভাব ঘটে, তখন বীমা চিকিৎসকরা বিকল্প ঔষধের ব্যবস্থাপত্র দেন।

Shri Anadi Das : মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই শ্রমিকরা ১৫ পয়সার ঔষধ নিতে গিয়ে সাধারণতঃ একটা দোকানে তারা গেল ডাক্তারের সার্টিফিকেট নিয়ে—তাতে এক দিন গেল যানবাহনের খরচ গেল রোজ গেল তারপর সেখানে পেল না, আর একটা জায়গায় গেল—এই রকম করতে করতে শেষ পর্যন্ত এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসারের কাছে গিয়ে হয়তো অন্য একটা ব্যবস্থা হোল বা কোন ব্যবস্থাই হোল না তাহলে এই ১৫ পয়সার ঔষধ নিয়ে গিয়ে ১৫ টাকা খরচ হোল—এইভাবে ই, এস, আই, স্কীমে ওয়ার্কারদের লাভের চেয়ে ক্ষতিসাধন বেশী হচ্ছে এ সম্পর্কে তিনি কোন খবর রাখেন কিনা ?

Shri Bijoy Singh Nahar : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও এই প্রশ্ন থেকে এটা ওঠে না, তবুও যেহেতু মাননীয় সদস্যের একটা ভুল ধারণা আছে সেইহেতু আমি এই প্রশ্নের উত্তর দিচ্ছি। উনি যেটা বললেন সেটা সঠিক নয়—এইজন্য যে সাধারণ ঔষধ কাছাকাছি প্রত্যেক জায়গায় এরিয়ার দোকানে সেগুলি পাওয়া যায়। যেখানে স্পেশ্যালিষ্টরা ঔষধ দেন কিংবা এমন ঔষধ যে ঔষধ সাধারণ লিস্টের মধ্যে নেই তার বাইরের ঔষধ যদি দেওয়া হয় তাহলে এ্যাডমিনিস্ট্রেটিভ মেডিক্যাল অফিসারের সই করতে হয়। তাছাড়া যেগুলি লিষ্টে আছে বা ডাক্তারের মেডিসিন সেগুলি ডাক্তারের সই থাকলে প্রত্যেক জায়গায় নিজের অঞ্চলে তারা পেয়ে থাকেন কোন অসুবিধা নেই।

Shri Anadi Das : মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—আপনি যে এই রকম বললেন—কিন্তু প্যানেল ডাক্তাররা যে ঔষধ দেয় স্পেশ্যালিস্ট ছাড়াও এবং যা লিষ্টে আছে এই রকম ঔষধও যোগাড় করতে অসম্ভব হয়রানি হতে হয় এবং দু'তিন দিন বেশীর ভাগ চলে যায় এই কোন কমপ্লেন আছে কিনা জানি না আপনাদের কাছে—কিন্তু হাজার হাজার কমপ্লেন আমাদের কাছে ওয়ার্কাররা করে থাকে। কাজেই আপনি একটু এই ব্যাপারটা দেখুন—কেননা এতে ওয়ার্কারদের মনে হচ্ছে যে ই, এস, আই, স্কীমটা লাভের থেকে লোকসান করছে বেশী। একমাত্র টি, বি-র বেলায় তারা ভাবে যে তারা লাভবান হয়েছে তাছাড়া আর কেউ হয়নি।

Mr. Speaker : এটা তো আপনি রিকোয়েষ্ট ফর এ্যাক্সান করেছেন; এটা হয় না আণ্ডার দি রুলস্।

Shri Panchu Gopal Bhaduri : মন্ত্রী মহাশয় নিজেও স্বীকার করেছেন যে লিষ্টের ঔষধপত্র পাওয়া যায় না এবং তার জন্য হয়রানি হয় না যদি লিষ্টের ঔষধ পাওয়া যায় তাহলে ভাল হয়—যদি না পাওয়া যায় তাহলে তার মত প্যারালাল অন্য কোন ঔষধ তাড়াতাড়ি লিষ্ট করে শ্রমিকদের এই হয়রানি থেকে বাঁচাবার জন্য তিনি কোন ডাইরেকটিভস তাড়াতাড়ি ইস্যু করবেন কিনা?

Shri Bijoy Singh Nahar : যে সমস্ত ঔষধ পাওয়া যায় না—কিংবা এক একটা ঔষধের অন্য ঔষধ তার সংগে লিষ্টে আছে—যদি কোন ঔষধ পাওয়া না যায় তাহলে প্যানেল ডাক্তাররা তার পরিবর্তে আর একটা ঔষধ লিখে দেয় এবং সেগুলি পাওয়া যায়, হয়রানি বিশেষ হয় না—আমি এটুকু বলতে পারি যে আমাদের কাছে যে কমপ্লেনগুলি এসেছে সেগুলি সংগে সংগে দেখা হয়েছে এবং যেসব অব্যবস্থা ছিল কিছুদিন পূর্ব্বেও সেগুলি রেগুলারাইজ করে দেওয়া হয়েছে।

Shri Panchu Gopal Bhaduri : খুব অর্ডিনারী এন্টিসেপটিক ড্রাগ লিষ্টে যা আছে তা পাওয়া যায় না—কিন্তু তার সমপর্যায়ের অন্য ড্রাগ বাজারে পাওয়া যায় যেটা প্যানেল ডাক্তাররা এ্যাকসেপ্ট করতে চান না এ খবর রাখেন কি?

Shri Bijoy Singh Nahar : যেগুলি পাওয়া যায় তার প্রায় সমস্তই লিষ্টের মধ্যে রয়েছে তবে যে ঔষধগুলি দুষ্প্রাপ্য এবং তৈরী হচ্ছে না নানা কারণে সেগুলি ই, এস, আই-তেও পাওয়া যাচ্ছেনা।

Shri Abani Kumar Basu : মন্ত্রী মহাশয় কি জানেন যে অধিকাংশ ই, এস, আই-এর দোকানে অর্ডিনারী মেডিসিন পাওয়া যায় না, এই কারণে তাঁরা রাখতে চান না যেহেতু তাদের বিলগুলি তাড়াতাড়ি পেমেন্ট হয় না বলে?

Shri Bijoy Singh Nahar : মাননীয় সদস্য বহু পুরানো কথা বলেছেন—এই অব্যবস্থা এখন নেই।

Shri Anadi Das : প্যানেল ডাক্তাররা প্রায় কমপ্লেন করেন যে যেমন ভিটামিট ট্যাবলেট আপনারা লিষ্টে যে মার্কা দিয়েছেন তার দাম হয়তো ১৫ পয়সা তাতে কাজ হয় না—অথচ বাজারে যে ঔষধ আছে তার দাম হয়তো ৫ আনা তাতে কাজ হয়, এই রকম কম দামের জিনিস আপনারা এই লিষ্টের মধ্যে রাখার ফলে তাঁরা অসন্তুষ্ট হন।

Shri Bijoy Singh Nahar : আমি জানি না আপনি কোন ঔষধের কথা বলছেন—তবে আমাদের একটা সিলেকসন বোর্ড রয়েছে এবং তাতে ডাক্তাররা রয়েছেন—তাঁরা যা সিলেকসন করে দেন সেগুলিই আমরা সিলেক্ট করি।

Staffs under Small Pox Eradication Scheme

***547.** (Admitted question No. *2520.) **Shri Ananga Mohan Das :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বসন্ত উচ্ছেদ পরিকল্পনায় কতজন স্থায়ী ও কতজন অস্থায়ী কর্মী কাজ করিতেছেন;

(খ) অস্থায়ী কর্মিগণ কতদিন পূর্বে নিযুক্ত হইয়াছেন ; এবং

(গ) উহাদের প্রত্যেকের এবং স্থায়ী কর্মিগণের প্রত্যেকের মাসিক বেতনের হার ও অন্যান্য ভাতার পরিমাণ কত?

Shrimati Purabi Mukhopadhyay: (ক) এই রাজ্যে বসন্ত উচ্ছেদ পরিকল্পনায় ১৪৪ জন স্থায়ী ও ১১২০ জন অস্থায়ী কর্মী কাজ করিতেছেন।

(খ) অস্থায়ী কর্মীদের মধ্যে ১৬৭ জন কর্মীকে ১৯৬০ সালের অক্টোবর মাসে বসন্ত উচ্ছেদের পরীক্ষামূলক পরিকল্পনায় নিয়োগ করা হয়; ১৯৬২ সালের নভেম্বর মাসে মূল পরিকল্পনা চালু হওয়ার পরে বাকী ৯৫৩ জনকে নিয়োগ করা হয়।

(গ) স্থায়ী ও অস্থায়ী উভয়বিধ কর্মিরা একই হারে বেতন ও ভাতা পাইয়া থাকেন বিভিন্ন পদের বেতনের হার ও ভাতার পরিমাণ সংলগ্ন বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 547

পদের নাম	মোট পদের সংখ্যা	বেতন ক্রম টাকা	মহার্ঘ ভাতা ভিন্ন অন্যান্য ভাতার পরিমাণ*
১। Head Clerk	১	২০০—১০—৩০০ এবং বিশেষ বেতন মাসিক ২০ টাকা	বাড়ীভাড়া ভাতা মাসিক ৩২ টাকা।
২। Upper Division Clerk	১	২০০—১০—৩০০	বাড়ীভাড়া ভাতা মাসিক ২৬ টাকা।
৩। Statistician	১	২৫০—১৫—৫৫০	বাড়ী ভাড়া ভাতা মাসিক ২৫ টাকা।
৪। Para Medical Assistant	৯	১৫০—৫—২৫০	..
৫। Health Educator	১৮	১৫০—৫—২৫০	মাসিক ১০ টাকা হারে নির্দিষ্ট বাড়ীভাড়া ভাতা এবং ২০ টাকা হারে ভ্রমণ ভাতা।
৬। Sanitary Inspector	১১৪	১৫০—৫—১৫০ এবং ১২৫—৩—১৪০—৪—২০০	মাসিক ১০ টাকা হারে নির্দিষ্ট বাড়ীভাড়া ভাতা এবং সরকারী ব্যয়ে যাহারা সাইকেল পাইয়া থাকেন তাহাদের মাসিক ৫টাকা সাইকেল সংরক্ষণ ভাতা।
৭। Lower Division Clerk, Typist	১২	১২৫—৩—১৪০—৪—২০০	কলিকাতা করপোরেশন ও হাওড়া পৌর এলাকায় যাহারা নিযুক্ত তাহাদের বেতনের শতকরা ১০ ভাগ মাসিক বাড়ীভাড়া ভাতা।

পদের নাম	মোট পদের সংখ্যা	বেতন ক্রম টাকা	মহার্ঘ ভাতা ভিন্ন অন্যান্য ভাতার পরিমাণ*
৮। Health Assistant	৩৬৫	১২৫—৩—১৪০—৪—২০০	মাসিক ২ টাকা হারে নির্দিষ্ট বাড়ীভাড়া ভাতা এবং সরকারী ব্যয়ে যাহারা সাইকেল পাইয়া থাকেন তাহাদের মাসিক ৫ টাকা সাইকেল সংরক্ষণ ভাতা।
৯। Auxiliary Health Worker	৫৭১	১০০—৩—১৩৬—৪—১৪০	মাসিক ২ টাকা হারে নির্দিষ্ট বাড়ীভাড়া ভাতা এবং সরকারী ব্যয়ে যাহারা সাইকেল পাইয়া থাকেন তাহাদের মাসিক ৫ টাকা সাইকেল সংরক্ষণ ভাতা।
১০। Driver & Mechanic	৩৭	১০০—৩—১৩৬—৪—১৪০	কলিকাতা করপোরেশন ও হাওড়া পৌর এলাকায় যাহারা নিযুক্ত তাহাদের বেতনের শতকরা ১০ ভাগ মাসিক বাড়ীভাড়া ভাতা।
১১। Peon, General Duty Attendant, cleaner	১৩৫	৬০—½—৬৫—১—৭৫	কলিকাতা করপোরেশন ও হাওড়া পৌর এলাকায় যাহারা নিযুক্ত তাহাদের বেতনের শতকরা ১০ ভাগ মাসিক বাড়ীভাড়া ভাতা।

*উক্ত পরিকল্পনার সকল কর্মীই নিম্নলিখিত হারে মহার্ঘভাতা পাইয়া থাকেন :—

বেতন	১	হইতে	১৫০	পর্যান্ত	মাসিক	১০	টাকা
"	১৫১	"	৩০০	"	"	২০	"
"	৩০১	"	৬০০	"	"	৩০	"
"	৬০১	"	১০০০	"	"	৪০	"

Shri Ananga Mohan Das : ১৯৬০ সালে যেসমস্ত কর্মীদের নিযুক্ত করা হয়েছিল ১৬০ জন না কত বললেন তাঁরা পাঁচ বছর ধরে কাজ করছেন, এই পাঁচ বছর ধরে অস্থায়ীভাবে কাজ করবার পর তাঁদের স্থায়ীভাবে নিযুক্ত করার বিষয়ে আপনি বিবেচনা করবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay : না, এই পরিকল্পনাটি একটা অস্থায়ী পরিকল্পনা, অতএব এই পরিকল্পনায় যেসমস্ত লোক নিয়োগ হয়েছে তাঁরা টেমপোরারী বেসিসে নিয়োগ হয়েছে। আমাদের এই পরিকল্পনায় যাঁরা রয়েছেন তাঁদের এখনও পর্যন্ত পার্মানেন্ট করার কোন পরিকল্পনা আমরা নিই নি।

[1-50—2 p.m.]

Shri Ananga Mohan Das: বসন্ত রোগ একটা বিরাট রোগ সেই রোগে যে টীকা দেবার ব্যবস্থা আছে সেই টীকা দিতে গেলে অর্থাৎ প্রাথমিক টীকা দেবার যে ব্যবস্থা আছে তাতে ৬ মাসের মধ্যে টীকা দেওয়া উচিত। এই পরিকল্পনার জন্য লোকের প্রয়োজন আছে অতএব স্থায়ী কর্মী যারা আছে তাদের দ্বারা এই রাজ্যের সমস্ত কাজ চালু করতে পারেন। অতএব এরমধ্যে আরোও বেশী স্থায়ী কর্মচারী নিযুক্ত করে তাদের একটা কিছু সুষ্ঠভাবে করবার সাহায্য করবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay : আমাদের এই রোগ বসন্ত উচ্ছেদ schemeএ eradication central programmeএ যারা কাজ করেন তারা parmanet staff এবং সেটা উচ্ছেদ এই পরিকল্পায় যারা কাজ করেন সেটার কথা হচ্ছে আমরা যতক্ষণ পর্যন্ত না hundred percent না করতে পারছি এই West Bengalএ ততক্ষণ পর্যন্ত এই areaতে এই সব কাজ করবেন। Re-vaccinationএর জন্য কত লোকের প্রয়োজন হবে এই assessment করে এদের যাদের record ভাল আছে সেই সমস্ত কাজে যাদের পূর্ণ যোগ্যতা রয়েছে সেই সমস্ত দিক বিবেচনা করে আমরা permanant বা staff সেটা কিছুটা ঐ for control programmeএর জন্য absorb করবো।

Shri Sanat Kumar Raha : বসন্ত উচ্ছেদের সঙ্গে কি স্থায়ী কর্মী উচ্ছেদ হয়ে যাবে। Temporary serviceএ তারা উচ্ছেদ হবার পর তাদের absorb করবার কোন নীতি সরকারের আছে কি ?

Shrimati Purabi Mukhopadhyay : আমাদের এই পরিকল্পনার জন্য যে লোক নিয়োগ হয়েছে সেই ধরনের কাজ যদি অন্য schemeএ হয়, কেননা এক একটা পরিকল্পনার জন্য এক এক রকমের technical qualification এবং জ্ঞানের দরকার। আমাদের fileria scheme, malaria ইত্যাদি এই ধরনের যে সমস্ত আছে analogous সেই সমস্ত কাজে এইরূপ লোকের যদি দরকার হয় তা হলে equal qualificationএ যেসমস্ত লোককে নিয়োগের বাধা থাকবে না কিন্তু সে scheme নিতে পারবো কিনা এবং নেবার পেছনে যে টাকার দরকার সেটা দিতে পারবো কিনা তা এখনই assurance দেওয়া শক্ত।

Shri Anadi Das : মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন যে একটা scheme শেষ হলে আর একটা scheme সুরু হয় এবং তাদের সেই জায়গায় transfer করা হয়। এরূপ যদি হতে থাকে তাহলে সেই দুভাগা কর্মচারীরা যারা এরূপভাবে হয়ত ৫ বৎসর কাজ করবে এবং দেখা গেল হয়ত সারা জীবনই তাকে temporary থাকতে হবে তারা permanent কোন দিনই হবেনা। এই সমস্ত technical qualification জানা লোকেরা এরূপভাবে কাজ করে যাচ্ছে তাদের permanent করে নেবার কোন ব্যবস্থা আছে কিনা বা সে সম্বন্ধে কিছু বিবেচনা করছেন কিনা ?

Shrimati Purabi Mukhopadhyay : আমরা ultimately ১০ হাজার লোকের পেছনে একজন করে health worker রাখবো এবং এই scheme অনুসারে আমরা appointment দিয়েছিলাম যে একজন Health officer for ten thousand persons করবার জন্য। তাদের কাছে কিছু করতে হবে লোক for লোক sake এটা হতে পারে না। এটা হতে পারে যে ২।৩টা দিক থেকে একটা malaria আর একটা small pox এবং আর একটা fileria এই তিনটার more or less একই কাজ তাদের দিয়ে অন্য কিছু আর পরিকল্পনার কাজ করান যায় না। Engineer যে সে যেরূপ ডাক্তারের কাজ করতে পারেনা অতএব যে যে কাজের যে যে qualification আছে তাদের সেই কাজে absorb করবো।

Shri Gopikaranjan Moitra: এই যে অস্থায়ীভাবে innoculators নিয়েছেন তাদের যে অঞ্চল থেকে নিয়েছেন সে অঞ্চলের কাজ শেষ না হতেই অন্য অঞ্চলে তাদের বদলী করতে হয়। তারা অস্থায়ী কর্মী তাদের এইভাবে করলে কি করে হবে?

Shrimati Purabi Mukhopadhyay: আমরা এরূপ করেছিলাম mainly seasonal vaccinator আমরা স্থানীয় কর্মী নিয়োগ করে থাকি সুবিধা হয় বলে। এতে সে অঞ্চলের সুবিধা হয় এবং বহু ভাবে দেখা গেছে যে এই seasonal vaccinator schemes এইভাবে popular হয়। আমাদের যদি এইভাবে ৮০ পারসেন্ট covering হয়, পরিকল্পনা হয়ে যায় বা আমাদের planning ahead করতে হবে next কোন একটা জায়গায়, কোন একটা Districtএ যেখানে আমরা দেখছি যে আরও অনেক বাকী আছে সেজন্য যেখানে কিছু বাকী আছে সেখান থেকে সে সমস্ত Districtএ যেখানে ৭৫ পারসেন্টও coverage করেনি, বাকী রয়েছে সেখানে নূতন লোক নিয়োগ করলে সেখানে লোকের কাজ অসম্পূর্ণ রয়ে যাবে সেখানে কাজ শেষ হয়ে যাবে তখন তাদের ছাঁটাই করে না দিয়ে অপর পথ হিসাবে to help those people অন্য জায়গায়, নূতন লোক appoint না করে তাদের পাঠিয়ে দিচ্ছি এইভাবে আমাদের seasonal vaccinatorদের পাঠাচ্ছি।

Shri Aswini Roy: আপনি বললেন যে কাজ না থাকলে পাঠিয়ে দিই কিন্তু এরূপ instance রয়েছে যে মেদিনীপুর থেকে আসানসোলে পাঠালেন আবার দেখা যাচ্ছে আসানসোল থেকে ২৪ পরগনায় তাদের পাঠিয়ে দিচ্ছেন। এরূপ ক্ষেত্রে punative হয় সে ক্ষেত্রে এটার পরিবর্তন বা বদলান যায় কিনা?

Shrimati Purabi Mukhopadhyay: আপনি যেটা punative বলছেন সেই punativeএর কারণে তাদের সরান হচ্ছে as far as possible যে অঞ্চলের লোক তাদের সেই অঞ্চলে কাজে নিযুক্ত করা হচ্ছে কিন্তু যদি দেখা যায় যে কাজ শেষ হয়ে গেছে, তখন আমাদের সামনে দুটো রাস্তা থাকে একটা হচ্ছে তাদের সরিয়ে দেওয়া আর তা বাদে lesserevil ছাঁটাই করার চেয়েও transfer করার কথা সেটাই আমি বলেছি।

Dr. Abu Asad Mohammad Obaidul Gani: মাননীয় মন্ত্রিমহাশয় যে স্থায়ী এবং অস্থায়ী personal-এর কথা বলেছেন তাতে সমস্ত প্রদেশ coverage করতে কত সময় লাগবে?

Shrimati Purabi Mukhopadhyay: আমাদের ১৯৬৬ সালের মার্চের মধ্যে ৮০ পারসেন্ট coverage হবে। তবে descretion না করে এবং স্বইচ্ছায় টিকা না নিয়ে যদি পালিয়ে না যায় তা হলে আমরা ১৯৬৬ সালের মার্চের মধ্যে ১০০ পারসেন্ট coverage করতে পারবো বলে আশা করছি।

Mr. Speaker: Question No. *548 is held over till the next rotational date.

Cottages of Berhampur Sadar Hospital

*549. (Admitted question No. *2481.) **Shri Sanat Kumar Raha:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাঁসপাতালে কয়টি কটেজ ভাড়া দেওয়ার ব্যবস্থা আছে; এবং

(খ) ইহা কি সত্য যে বর্তমানে যেসকল ডাক্তার রাত্রিকালীন ডিউটি দেন তাঁহাদের বিশ্রামাগারের জন্য একটি কটেজ ব্যবহৃত হইতেছে?

Shrimati Purabi Mukhopadhyay : (ক) মোট ৪টি কটেজের মধ্যে বর্তমানে ৩টি ভাড়া দেওয়ার ব্যবস্থা আছে। কটেজ প্রতি দৈনিক ভাড়া ৪ টাকা।

(খ) হ্যাঁ, একটি কটেজ সাময়িকভাবে মেডিক্যাল অফিসারের ডিউটি রুম হিসাবে ব্যবহৃত হইতেছে।

Shri Sanat Kumar Raha : এটা কবে থেকে ঠিক হল—এ আইনে কবে থেকে ঠিক হল যে তিনটা বাড়ীভাড়া দেবার ব্যবস্থা হবে এবং একটি Medical officer-দের duty room হিসাবে ব্যবহৃত হবে?

Shrimati Purabi Mukhopadhyay : আমাদের Indo-Pakistan যুদ্ধের সময় যখন State emergency-এর সময় casualty service করেছিলাম তখন আমরা emergency-এর জন্য whole time লোক যাতে থাকে even রাত্রিতে যাতে থাকে তার ব্যবস্থা করতে হয়েছে এবং এটা করতে গিয়ে আমরা দেখেছি যে রাত্রিবেলায় যারা emergency-এর duty দেন তাদের Hospital-এ থাকবার কোন জায়গা নেই। অতএব ৪টা cottage-এর মধ্যে রাত্রিতে যারা duty দিচ্ছেন সেই emergency duty-এর জন্য cottage একটি দিলে আমাদের কোন ক্ষতি হয় না। আমাদের পাশে একটা হাসপাতাল তৈরী হচ্ছে, নূতন বাড়ী ১১৫টি বেড, এইটা তৈরী হয়ে গেলে সেখানে আমরা cottage নিতে পারবো এবং ডাক্তারদের জায়গা দিতে পারবো তখন এই emergency-এর সময় আমাদের এটা নিতে হবেনা, আমরা এটা ছেড়ে দেব।

Shri Sanat Kumar Raha : আমরা আসন্ন আঘাত যুদ্ধে দেখছি না কিন্তু যে সময় করেছিলেন, Medical officer-এর cottage করেছিলেন সেটা কি emergency-এর কথা না বলে এখন আর ছাড়া যায় না?

Shrimati Purabi Mukhopadhyay : আমি মনে করি তার আর প্রয়োজন নেই কারণ ২১৫টি যেখানে bed আছে সেখানে emergency-এর জন্য night duty-এর জন্য আমরা যদি ডাক্তারদের থাকতে বলি এবং তারজন্য যদি ঘরের ব্যবস্থা না করে থাকি তাহলে খুবই inhuman হয়। যখন সুবিধা রয়েছে তখন তাদের ঘর কেন allot করবো না, কেন এটাকে utilise করবো না।

Shri Sanat Kumar Raha : D. M.-এর যে chamber রয়েছে সেটা emergency-এর জন্য রাত্রিতে ব্যবহার করতে পারা যায় এরূপ প্রস্তাব সেখানকার লোক দিয়েছে—এরূপ হওয়ার ফলে ঘরের অনেক অসুবিধা হচ্ছে এটা জানেন কি?

Shrimati Purabi Mukhopadhyay : একটা cottage-এর দৈনিক ভাড়া ৪ টাকা। একটা patient থাকে অতএব সেটা যদি বড় ঘর হয় কিংবা যদি ward হত সেটা যদি অন্য কাজে ব্যবহৃত করতাম তাহলে সেটা অসুবিধার কথা। আমি মনে করছি যে District-এ যে সমস্ত হাসপাতাল রয়েছে এবং সেই সমস্ত হাসপাতালগুলিতে যেসমস্ত cottage system রয়েছে সেগুলিকে তুলে দেওয়া। এই যে cottage-এর লোক তারা হাসপাতালের কোন rule মানেনা, তারা রুগীকে ঘিরে বসে থাকে। District Hospital এই যে cottage system রয়েছে এইসব জায়গায় descipline maintain হয় না আমার যদি কিছু করবার ক্ষমতা থাকত—যদি অর্থ থাকত তাহলে immediately এগুলিকে তুলে দিয়ে বড় বড় ward বানাতাম। কিন্তু টাকা নেই, অতএব আমি মনে করি না যে এমন একটা কিছু করেছি, একটা cottage medical officer-কে দিয়ে যিনি একজন duty officer।

UNSTARRED QUESTIONS

to which written answewers were laid on the table

Flat Rice Mills in West Bengal

879. (Admitted question No. 387.) **Shri Aswini Roy:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে চিড়াকলের (ম্যানুফ্যাকচারিং ফ্ল্যাট রাইস) কোনও সংখ্যাতথ্য আছে কি ;

(খ) থাকিলে সরকারী হিসাব অনুযায়ী (১) বর্তমানে জেলা ভিত্তিতে তাহার সংখ্যা, (২) জেলা ভিত্তিতে মোট উৎপাদনী ক্ষমতা ;

(গ) উক্ত শিল্পে নিযুক্ত কর্মচারীর সংখ্যা ; এবং

(ঘ) ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত জেলা ভিত্তিতে মোট উৎপাদনের পরিমাণ কত ?

The Minister for Food and Supplies: (ক) হ্যাঁ।

(খ), (গ) ও (ঘ) এতৎসহ সংলগ্ন একটি বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

Statement referred to in reply to clauses (Kha), (Ga) and (Gha) of unstarred question No. 879

Particulars Regarding Licensed Chira Mills

Name of the District	No. of licensed Chira mills.	Total milling capacity per day (on 8 hrs.) running in terms of Chira (in quintals.)	No. of employees engaged in these mills.	Quantity of Chira manufactured in the mills (In quintals)		
				In 1963	In 1964	Jan. 1965 to Sept 1965
1. 24-Parganas	2	6	1	881	668	1,070
2. Howrah	2	8	Nil	Nil	Nil	Nil
3. Burdwan	91	750	2,500	1,16,444	1,60,120	1,12,851
4. Hooghly	14	99	42	8,908	11,726	4,451
5. Birbhum	2	5	8	81	57	257
6. Bankura	4	11	64	17	88	814
7. Midnapore	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
8. Purulia	1	6	1	Nill	11	374
9. Nadia	6	81	6	288	338	308
10. Murshidabad	2	8	8	304	270	320
11. Maldah	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
12. W. Dinajpur	1	2	Nil	Nil	Nil	Nil
13. Jalpaiguri	1	6	3	118	792	813
14. Cooch Behar	Nil	Nil	Nil	Nil	Nil	Nil
15. Darjeeling	4	24	19	87	1,968	5,748
	130	1,006	2,652	1,57,128	1,76.038	1,26,999

Arrests of persons during Indo-Pak conflict

880. (Admitted question No. 838.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভারতের সহিত গত সেপ্টেম্বর মাসে পাকিস্তানের সংঘর্ষের সময়ে কোন জেলায় কত লোককে গ্রেপ্তার করা হইয়াছে ;

(খ) তাহাদের মধ্যে কতজন সরকারী কর্মচারী ;

(গ) উহাদের মধ্যে কতজনকে পরে ছাড়িয়া দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) কতজনের বিরুদ্ধে আদালতে মকর্দমা দায়ের করা হইয়াছে ?

The Minister for Home (Police) : (ক) এই বিষয়ে একটি বিবরণী দিয়ে যুক্ত করা হইল।

(খ) ২৮ জন।

(গ) ৫৮৮ জনকে।

(ঘ) ৮৯ জনের বিরুদ্ধে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 880.

বিবরণী

কলিকাতা	৪৫৪	জন
২৪ পরগণা	১,২২৬	,,
হাওড়া	১৬৭	,,
হুগলী	২৯	,,
বাঁকুড়া	১৯	,,
বর্ধমান	৫৭	,,
বীরভূম	১২	,,
মেদিনীপুর	১৭০	,,
পুরুলিয়া	২১	,,
মুর্শিদাবাদ	২৯	,,
নদীয়া	৩৩	,,
দার্জিলিং	৮৮	,,
জলপাইগুড়ি	৩৭	,,
কুচবিহার	৬২	,,
পঃ দিনাজপুর	১২৭	,,
মালদহ	৩২	,,
মোট	২,৫৬৩	,,

Recorded tanks for irrigation in West Bengal

881. (Admitted question No. 882.) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ; পশ্চিমবঙ্গে সেচের জন্য রেকর্ডেড পুকুর কতগুলি আছে এবং কি পরিমাণ জমি ইহাতে সেচ পাইতে পারে ?

The Minister for Land and Land Revenue : পশ্চিমবঙ্গে সেচের জন্য রেকর্ডেড পুকুরের সংখ্যা ১,৫৮,৩৩৫টি এবং ইহার দ্বারা আনুমানিক ১০,০০,৮০৪.৭৯ একর জমি সেচ পাইতে পারে।

Crimes in Midnapore District

882. (Admitted question No. 1256.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ডিসেম্বর মাসে, ১৯৬৪, মেদিনীপুর জেলার কোন থানায় কত চুরি, ডাকাতি, রাহাজানি এবং খুন বা আত্মহত্যার ঘটনা ঘটিয়াছে ;

(খ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে অপরাধিগণ ধরা পড়িয়াছে ; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে সরকার মামলা দায়ের করিয়াছেন ?

The Minister for Home (Police) : (ক) এ সম্পর্কে একটি বিবরণী সংগে যোগ করা হইল।

(খ) এই সকল ঘটনায় মোট ১২৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(গ) আত্মহত্যার ঘটনাগুলি বাদে সবকয়টি ক্ষেত্রেই মামলা দায়ের করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 882.

থানার নাম	চুরির সংখ্যা	ডাকাতির সংখ্যা	রাহাজানির সংখ্যা	খুনের সংখ্যা সংখ্যা	আত্মহত্যার সংখ্যা
কোতোয়ালী	১৬	—	২	২	১
গড়বেতা	১	—	—	—	—
শালবনী	৩	—	—	—	—
কেশপুর	৫	—	—	—	—
ডেবরা	৫	—	—	—	১
কন্টাই	৫	—	—	—	২
রামনগর	১	—	—	—	—
খেজুরী	৯	—	—	—	—
দীঘা	১	—	—	—	—
এগরা	১	—	—	—	—
পটাশপুর	২	—	—	—	—
ভগবানপুর	২	—	—	—	১
ঝাড়গ্রাম	৩	—	১	—	—
বীনপুর	৬	—	—	—	—
গোপিবল্লভপুর	১	—	—	—	—
শাঁখরাইল	৪	—	—	—	—
জামবনী	—	—	—	১	—
নয়াগ্রাম	—	—	—	—	—
খড়গপুর	২২	—	—	—	—
নারায়ণগড়	১	—	—	—	১
দাঁতন	১	—	—	—	১
কেশিয়ারী	৩	—	—	—	—
সাবং	২	—	—	—	—
পিংগলা	৪	—	—	—	—
মোহনপুর	৩	—	—	—	—
তমলুক	—	—	—	—	২
পাঁশকুড়া	১	১	—	—	১
ময়না	—	—	—	—	—
মহিশাদল	২	—	—	—	—
সুতাহাটা	৪	—	—	—	—
নন্দীগ্রাম	২	—	—	১	—
ঘাটাল	৫	—	—	—	—
দাসপুর	৪	—	—	১	২
চন্দ্রকোণা	৩	—	—	—	—
সর্বমোট	১২২	১	৩	৫	১২

Reclamation of Khals and construction of Bridge in Midnapore district

883. (Admitted question No. 1418.) **Shri Anangamohan Das:** গত ১লা এপ্রিল ১৯৬৫ তাং-এ প্রাপ্ত অতারকা চিহ্নিত ৯০৪ নং (এডমিটেড প্রশ্ন নং ১৮৯৫) প্রশ্নোত্তরের উল্লেখ করিয়া ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত খাল সংস্কার প্রকল্পগুলির নাম কি এবং প্রত্যেকের এষ্টিমেট কত;

(খ) কোন্ কোন্ পুল কত টাকা ব্যয়ে নির্মাণের ব্যবস্থা হইতেছে;

(গ) উক্ত দুই প্রকার কাজগুলির কোন্ কোনটি আরম্ভ ও শেষ হইয়াছে; এবং

(ঘ) যেগুলির কাজ আরম্ভ হয় নাই তাহাদের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক)

খালের নাম	এষ্টিমেট টাকা
ছাতিন্দা খাল	১,০৩৬·০০
উত্তর সোনামুই	৪,৩০০·০০
বৈচার খাল	২,৪৬৫·০০

(খ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) একমাত্র পণ্ডাছেঁচার পুলটি ছাড়া আর সবগুলির কাজ শেষ হয়েছে।

(ঘ) পণ্ডাছেঁচার কাজটি শীঘ্রই আরম্ভ হইবে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 833

Sl. No.	Name of the Brdige	Estimate for repair Rs. P.
1	Islampur	1,716 75
2	Lalpur	2,285 28
3	Dhaneswari	1,371 16
4	Betnetya	998 80
5	Junbani	1,014 37
6	Alalpur	1,041 37
7	Adabedya	1,615 00
8	Barabandhtala	1,534 97
9	Lachanpur	1,981 25
10	Potapukuria	1,426 25
11	Adya Govindapur	1,975 00
12	Kazir Khan	1,503 93
13	Danguaput	1,488 56
14	Sonafalia	1,744 69
15	Kushapur	1,406 38
16	Pondachancha	1,000 00

River-side lands

884. (Admitted question No. 1467.) **Shri Kashikanta Maitra :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে দার্জিলিং জেলার অন্তর্গত নকসালবাড়ী থেকে খড়িবাড়ি থানা পর্যন্ত মেচী নদীর দুধারে কয়েক সহস্র জমি অনাবাদি হয়ে বছরের পর বছর পড়ে আছে ;

(খ) অবগত থাকিলে এই জমিকে আবাদীযোগ্য করার জন্য রিক্লামেশনের জন্য বিশেষ করে অধিক ফসল ফলাও উদ্যোগের পরিপ্রেক্ষিতে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে তার বিবরণ ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) হ্যাঁ, কিছু জমি পতিত আছে, ইহার পরিমাণ সঠিক জানা নাই।

(খ) ও (গ) উক্ত অনাবাদী জমির জরিপ ব্যবস্থা হইতেছে। এই কার্য্য সম্পন্ন হইলে কত পরিমাণ জমি আবাদযোগ্য তাহা নির্দ্ধারিত হইবে এবং তদানুসারে উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করা হইবে।

Cultivable Fallow Lands in Birbhum District

885. (Admitted question No. 1513.) **Dr. Radhanath Chattoraj :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় বিভিন্ন থানায় আবাদযোগ্য পতিত জমির পরিমাণ কত ?

(খ) উক্ত জমির মধ্যে সরকারের খাস দখলে কত আছে ;

(গ) ব্যক্তিগত মালিকানার মধ্যে কত পরিমাণ জমি আছে ;

(ঘ) রেল লাইনের ধারে যে আবাদযোগ্য বা অনাবাদা জমি আছে তাহার পরিমাণ কত ?

The Minister for Land and Land Revenue : (ক), (খ), (গ) এবং (ঘ) বিস্তৃত বিবরণ সম্বলিত একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 885

Name of Thana	(Ka) Quantum of cultivable waste land	(Kha) Area of such land in Khas possession of Government	(Ga) Area of such land in possession of private owners	(Gha) Quantum of cultivable or uncultivated land beside Railway line
	Acres	Acres	Acres	Acres
Murati	274·65	71·52	203·13	33.20
Nalhati	288·56	88·56	200·00	33·72
Bolpur	949·50	186·21	763·29	—
Ilambazar	856·26	289·15	567·11	—
Saithia	430·70	158·43	272·27	97·60
Mohammedbazar	328·32	68·01	260·31	—
Mayureshwar	2190·22	1437·15	753·07	1·76
Labhpur	102·05	52·07	49·98	48·69

Statement referred to in reply to unstarred question No. 885—concld.

	acres	acres	acres	acres
Rampurhat	2145·41	1401·17	744·24	10·10
Suri	72·40	7·00	65·40	75·37
Rajnagar	264·55	13·85	250·70	—
Dubrajpur	525·00	60·00	465·00	81·74
Khayrasol	615·00	40·00	575·00	123·37
Nannur	376·49	276·29	100·20	1·82
	9419·11	4149·41	5269·70	505·27

Purchase of Paddy in Purulia District

886. (Admitted question No. 1748.) **Shri Kandru Majhi :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার যেসব চাষীদের নিকট হইতে এ বছর ধান্য লওয়া হইয়াছে তাহাদের সকলেই কি মূল্য পাইয়াছে ; এবং

(খ) যদি মূল্য দেওয়া না হইয়া থাকে তবে কি কারণে দেওয়া হয় নাই এবং কতদিনের মধ্যে উক্ত মূল্য দেওয়া হইবে ?

The Minister for Food and Supplies : (ক) ও (খ) ডি-পি এজেন্টদের মাধ্যমে যে সকল উৎপাদকগণ সরকারের নিকট স্বেচ্ছায় ধান্য বিক্রয় করিয়াছেন তাহাদের সকলকেই ধান্যের মূল্য দেওয়া হইয়াছে। রুদ্রগ্রামের শ্রীবিশ্বনাথ পাণ্ডে ব্যতীত যে সকল উৎপাদকগণ হইতে সরকার ধান্য রিকুইজিসান করিয়াছেন তাহাদের সকলকেই ধান্যের মূল্য প্রদান করা হইয়াছে। শ্রীপাণ্ডের ধান্য পুলিশ সীজ করিয়াছেন এবং উক্ত ধান্যের মূল্য কোষাগারে জমা দেওয়া হইয়াছে। বিষয়টির এখনও কোন নিষ্পত্তি হয় নাই।

Inspection of M. R. Shops by D. E. B. Police in Purulia District

887: (Admitted question No. 1757.) **Shri Girish Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার গত কিছু দিনের মধ্যে ডি-আই পুলিশ এম-আর দোকান পরিদর্শন ও তদন্ত করেন ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত পরীক্ষা ও পরিদর্শনান্তে কোন্ কোন্ এম-আর দোকানে কতগুলি রেশন কার্ড বাতিল করা হইয়াছিল এবং কি কারণে ;

(২) বাতিল রেশন কার্ডগুলি সম্বন্ধে বিশেষ অনুসন্ধান চালান হইয়াছিল কিনা ;

(৩) কোন্ কোন্ অফিসারের দ্বারা অনুসন্ধান চালান হইয়াছিল ; এবং

(৪) কোন্ কোন্ তারিখে তাঁহারা এ সম্বন্ধে তদন্তের রিপোর্ট দাখিল করিয়াছিলেন এবং কোন্ অফিসারের কাছে ?

The Minister for Food and Supplies : (ক) হাঁ, খাদ্য বিভাগীয় কর্মচারী সহযোগিতায় ডি-ই-বি পুলিশ পারা থানার অন্তর্গত 'আনারার' এম, আর, দোকান পরিদর্শন ও তদন্ত করেন।

(খ) (১) এতৎসহ একটি বিবরণী সংলগ্ন করা হইল। এই কার্ডগুলি নির্ধারিত সময়ের মধ্যে (৪ সপ্তাহের মধ্যে) ব্যবহৃত হয় নাই বলিয়া বাতিল হইয়াছে।

(২) না। কোন বিশেষ অনুসন্ধান চালান হয় নাই। তবে উপযুক্ত ক্ষেত্রে বাতিল কার্ড পুনরায় চালু করিবার পূর্বে অনুসন্ধান করা হইয়া থাকে।

(৩) ও (৪) প্রশ্ন উঠে না।

Statement referred to in clause (Kha) (1) of unstarred question No. 887

Name of M. R. Dealer		Cards not produced for revalidation
P. S. Para		
Shri Pankaj Kumar Ghose	Anara	54
S. E. Rly. E. Co-operative Stores	Anara	88
Shri Banshidhar Agarwalla	Anara	29
Shri Surajmal Janlidas	Anara	nil

Purchase of Paddy by the Government

888. (Admitted question No. 1927.) **Shri Anadi Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার নিজে ধান কিনিবার সিদ্ধান্ত করিয়াছেন ; এবং

(খ) ঐ ধান কি দরে কেনা হইবে ?

The Minister for Food and Supplies : (ক) হাঁ।

(খ) নূতন আমন ধান	কুইন্টাল প্রতি দর টাকা
অতিমিহি	৪২-৯০
মিহি	৪০-২০
সাধারণ	৩৭-৫০
পুরাতন আমন ধান	
অতিমিহি	৪৪-২০
মিহি	৪১-৫৫
সাধারণ	৩৮-৬৫
আউশ ও বোরো ধান	৩৭-৫০

Private wholesale trade in Paddy and Rice

889. (Admitted question No. 1928,) **Shri Anadi Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার ধান ও চালের বেসরকারী পাইকারী কারবার বন্ধ করিয়া দিতেছেন ;

(খ) সত্য হইলে, কোন তারিখ হইতে উহা চালু হইবে ; এবং

(গ) সরকার যে ধান কিনিবেন তাহা ভানার জন্য মিলকে কি হারে মজুরী দেওয়া হইবে ?

The Minister for Food and Supplies : (ক) বিশেষ ক্ষেত্রে কলেক্টারের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন ব্যক্তি পাইকারী ব্যবসা চালাইতে পারিবেন না।

(খ) ইহা ১৫।১১।৬৫ তারিখে হইতে বিধিবদ্ধ এলাকা ও দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা ব্যতীত পশ্চিমবংগের সর্বত্র চালু হইয়াছে। শিলিগুড়ি মহকুমায় ইহা ৭।১২।৬৫ তারিখ হইতে চালু হইয়াছে।

(গ) প্রতি ১ কুইন্ট্যাল চাউলে ৪ টাকা।

Price of Paddy and Rice in Jhargram Subdivision

890. (Admitted question No. 1936.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় বর্তমানে ধান্য ও চাউলের দর নির্ধারিত আছে কি না; এবং

(খ) থাকিলে থানাওয়ারী কুইন্ট্যাল প্রতি ধান্য ও চাউলের দর কি?

The Minister for Food and Supplies : (ক) হ্যাঁ।

(খ) ঝাড়গ্রাম মহকুমার প্রতিটি থানায় ধান ও চাউলের সর্বোচ্চ দর নিম্নলিখিত রূপ :—

আমন ধান (কুইন্ট্যাল প্রতি দর)

	টা: প:
সাধারণ	৩৮.৫০
মিহি	৪১.২০
অতিমিহি	৪৩.৯০

আমন চাউল (কুইন্ট্যাল প্রতি দর)

	উৎপাদনকারীর দর	পাইকারী	খুচরা
	টা: প:	টা: প:	টা: প:
সাধারণ	৬৪.৩০	৬৫.৫৫	৬৮.০০
মিহি	৭০.০৫	৭১.৩৫	৭৪.০০
অতিমিহি	৭৬.০০	৭৭.৩৩	৮৮.০০
আউশ ও বোরো ধান			৩৭.৫০

আউশ ও বোরো চাউল

	টা: প:
উৎপাদনকারীর দর	৬৬.৭৫ প্রতি কুইন্ট্যাল
ডিলারের বিক্রয় মূল্য	৬৯.৯৫ প্রতি কুইন্ট্যাল
	০০.৭০ প্রতি কে: জি:

Distribution of seedlings from Moyna Block, Midnapore

891. (Admitted question No. 1968.) **Shri Ananga Mohan Das :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে মেদিনীপুর জেলার ময়না ব্লক হইতে প্রতি বৎসর কি প্রকারের কত চারা দেওয়া হইয়াছে;

(খ) ঐ সকল চারা কিরূপ মূল্যে জনগণকে দেওয়া হইয়াছে;

(গ) ঐ সকল চারা বাবদ সরকারের মোট কত ব্যয় পড়িয়াছে; এবং

(ঘ) চারা বন্টনের জন্য কি পদ্ধতি গ্রহণ করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development : (ক) হইতে (ঘ) গত ৩ বৎসরের মধ্যে ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে ময়না ব্লকের বিবিধ কৃষি প্রকল্প অনুযায়ী ব্লক হইতে চারা বন্টিত হইয়াছে। বন্টিত চারার বিবরণ, মূল্যের হার, দপ্তরের ব্যয় এবং বন্টনের পদ্ধতি সম্পর্কে একটি বিবৃতি নিম্নে 'বিবৃতি ক'-এ দেওয়া হইল।

উপরোক্ত চারাগুলি ছাড়াও গত ৩ বৎসরে বনমহোৎসব উপলক্ষে কতগুলি চারা ময়না ব্লকের মাধ্যমে বিনামূল্যে জনসাধারণের নিকট বণ্টিত হইয়াছে; এই চারাগুলি সম্পর্কে একটি বিবরণ 'বিবৃতি খ'-এ দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. 891.

বিবৃতি—"ক"

বৎসর	ক্রমিক সংখ্যা	চারা	চারার সংখ্যা	চারা প্রতি বিক্রয় মূল্য (পয়সা)	কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) দপ্তরের মোট ব্যয়	বন্টনের পদ্ধতি
১৯৬৩-৬৪	১।	আম	২৯৯	৭৫	টাঃ ৬৭১.২৫	উপযুক্ত চাষীগণকে যথাসম্ভব তাঁহাদের চাহিদা অনুযায়ী গ্রামসেবক এবং অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে অনূর্ধ ৫.০০ টাকা মূল্যের চারা দেওয়া হইয়াছে।
	২।	লিচু	৪৯	৫০		
	৩।	পেয়ারা	৬২	৩৭		
	৪।	লেবু	৯৪	২৫		
	৫।	সপেতা	১৬২	৩৮		
	৬।	নারিকেল	৪১১	৫০		
	৭।	সুপারী	৬৪৪	১৩		
	৮।	কামরাঙ্গা	২৩	৫০		
	৯।	বিলাতী আমড়া	৬	১৫		
	১০।	কলা	৪০	৪০		
	১১।	জামরুল	২২	৩০		
		মোট	১,৮১২			
১৯৬৪-৬৫	১।	নারিকেল	১,২৪৫	.৫০	টাঃ ১,১৮৩·১৫	
	২।	আম	২৪৮	.৭৫		
	৩।	লিচু	১৮	.৫০		
	৪।	বিলাতী আমড়া	৭	.১৫		
	৫।	জলপাই	২	.৩৮		
	৬।	আপেল	৪	.৫০		
	৭।	নেসপাতি	৪	.৫০		
	৮।	দারচিনি	১	.৭৫		
	৯।	সপেতা	২৭৫	.৫০		
	১০।	জামরুল	৬০	.৩০		
	১১।	আমলকি	৮	.৩৮		
	১২।	কামরাঙ্গা	৩৫	'৫০		
	১৩।	পাতিলেবু	১২৫	.২৫		
	১৪।	তেজপাতা	১০	.৭৫		
	১৫।	বরবটি	২	.৩৮		
	১৬।	সুপারী	১,১৩০	.১৩		
	১৭।	হরিতকী	৩	.২৫		
	১৮।	পেয়ারা	১২	.২৫		
		মোট	৩১৮৯			

Statement referred to in reply to unstarred question No. 891—concld.

বিবৃতি 'খ'

বৎসর	ক্রমিক সংখ্যা	চারা	চারার সংখ্যা
১৯৬২-৬৪	১। আম		৩,০৮৩
	২। কাঁঠাল		৫০২
	৩। নারিকেল		৩৯১
	৪। কালোজাম		৪,২৪৮
	৫। তেঁতুল		৫,৪৬৮
	৬। আকাশমণি		২০১
	৭। রেণ ট্রী		১০৯
	৮। ইউক্যালিপ্টাস		১২০
	৯। বাবলা		৪,৭৪৭
	১০। অর্জুন		১৬,৭৩৭
	১১। বট		২২,১৯১
		মোট—	৫৭,৭৯৭
১৯৬৩-৬৪	১। ঝাউ	২০০	
	২। আকাশমণি	৫০০	
	৩। রেণট্রী	৭৫	
	৪। রাধাচূড়া	১০	
	৫। কৃষ্ণচূড়া	১০	
	৬। ইউক্যালিপ্টাস	৪	
	৭। শিমূল	৭৫	
	৮। বাবলা	১,৬৯৭	
	মোট—	২,৫৭১	
১৯৬৪-৬৫	১। আম	২৪৮	
	২। লিচু	১৪	
	৩। লেবু	২৫	
	৪। নারিকেল	২৫৫	
	৫। তেঁতুল	৫০৯	
	৬। বাবলা	৩,০৫০	
	৭। অর্জুন	১,০০০	
	৮। রাধাচূড়া	৭০	
	৯। কৃষ্ণচূড়া	৭০	
	১০। রেণট্রী	১০,০০০	
	মোট—	১৫,২৪১	

Procurement of Rice in Sankrail police-station, Midnapore

892. (Admitted question No. 2015.) **Shri Surendranath Mahata :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সাঁকরাইল থানায় ১৯৬৫ সালে সেপ্টেম্বর মাস পর্যন্ত সরকার কর্তৃক সংগৃহীত ধান্যের পরিমাণ ;

(খ) সাধারণ উপায়ে কাহার নিকট হইতে কত ধান উক্ত সময় সংগৃহীত হইয়াছে এবং ডিরেকটরের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে ;

(গ) যে সকল জোতদারের উপর সরকারকে ধান্য বিক্রয়ের জন্য ডাইরেকটিভ দেওয়া হইয়াছিল তাহারা সমস্ত ধান্য সরকারকে বা এজেন্টকে সরবরাহ করিয়াছিল কি না ; এবং

(ঘ) না করিয়া থাকিলে কত পরিমাণ বাকী আছে এবং তাহার জন্য কি ব্যবস্থা অবলম্বন হইয়াছিল ?

The Minister for Food and Supplies : (ক), (গ) ও (ঘ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) কাহার নিকট হইতে কত ধান্য কেনা হইয়াছে তাহা সংগ্রহ করা হইতেছে। বর্তমানে তথ্য দেওয়া সম্ভব নয়।

Statement referred to in reply to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 892

Police-station Sankrail

(Figures in quintals) "B"

Total quantity of paddy procurred on Government account from January, 1965 to September, 1965 in police-station Sankrail.	Name of the producer from whom the stocks noted in Col. 1 were purchased	Quantity purchased — Voluntarily	Quantity purchased — By issue of Directives	Whether all the producers of whom Directive were served have delivered the entire stocks.	If the reply in Col. 4 is negative total quantity of paddy still due may be noted in this column showing the names of the defaulters and the reasons and also mentioning the nature of action taken against them.
1	2	3		4	5
Nil.	Nil.		1,766 (Sold to Rice Mill as per direction).	No.	N.B.

N.B.

	Qn.
Total requisition	2,086
Total lifted by the month of September, 1965.	1,766
Unlifted—	320

Unlifted stock has been lifted by the month of November, 1965.

Procurement of Paddy in Jhargram police-station, Midnapore

893. (Admitted question No. 2016.) **Shri Surendranath Mahata :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানায় ১৯৬৫ সালে সেপ্টেম্বর মাস পর্যন্ত সরকার কর্তৃক কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(খ) সাধারণ উপায়ে উক্ত সময় মধ্যে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে এবং ডাইরেকটিভের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(গ) যে সকল জোতদারের উপর সরকারকে ধান্য বিক্রয়ের জন্য ডাইরেকটিভ দেওয়া হইয়াছিল তাহারা সকলে ধান্য সরকারকে বা এজেন্টকে সরবরাহ করিয়াছিল কি না; এবং

(ঘ) না থাকিলে তাহাদের নাম কি এবং কারণ কি আর তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Food and Supplies : (ক), (গ) ও (ঘ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে তাহা সংগ্রহ করা হইতেছে। বর্তমানে এই তথ্য দেওয়া সম্ভব নহে।

Statement referred to in replay to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 893

Police-station Jhargram

(Figure in quintals) 'C'

Total quantity of paddy procured on Government account from January 1965 to September 1965 in police-station Jhargram.	Name of the producer from whom the stocks noted in Col. 1. were purchased	Quantity purchased		Whether all the producers of whom Driectives were served have delivered the entire stocks.	If the reply in Col. 4 is negative total quantity of paddy still due may be noted in this column showing the names of the defaulters and the reasons and also mentioning the nature of action taken against them
		Voluntarily	By issue of Directives		
1	2		3		5
Nil.	Nil.		1,476 Qn (sold to Rice Mill as per direction).	No.	(1) Pramathesh Hota. Vill. and P.O. Chandri 44 Quintals.

N.B.

Total requisitioned	1,580	
Lifted by the month of September, 1965.	1,476	
Unlifted—	104	

Reason for nonlifting

(1) Appeal filed before the D. M., Midnapore, for exemption but the case has not yet been disposed of.

Out of the balance unlifted stock 60 Qntls. have been remissioned by the D. M., Midnapore, on appeal by the Notice.

Procurement of Paddy in Binpur policestation, Midnapore

894. (Admitted question No. 2018.) **Shri Surendranath Mahata :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানায় ১৯৬৫ সালে আগষ্ট মাস পর্যন্ত সরকার কর্তৃক কত ধান্য সংগৃহীত হইয়াছে ;

(খ) সাধারণ উপায়ে উক্ত সময়ের মধ্যে কাহার নিকট হইতে কত ধান্য সংগ্রহ করা হইয়াছে এবং ডাইরেকটিভের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগ্রহ করা হইয়াছে ;

(গ) যে সকল জোতদারের উপর সরকারকে ধান্য বিক্রয়ের জন্য ডাইরেকটিভ দেওয়া হইয়াছিল তাহারা সমস্ত ধান্য সরকারকে বা এজেন্টকে সরবরাহ করিয়াছিল কি না ; এবং

(ঘ) না করিয়া থাকিলে, তাহাদের নাম কি, পরিমাণ কত, কারণ কি এবং তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক), (গ) ও (ঘ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) কাহার নিকট হইতে কত ধান্য ক্রয় করা হইয়াছে তাহা সংগ্রহ করা হইতেছে। বর্তমানে এই তথ্য দেওয়া সম্ভব নয়।

Statement referred to in reply to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 894

Police-station Binpur

'E"

(Figures in quintals)

Total quantity of paddy procured on Government account from January, 1965 to August 1965 in police-station Binpur:	Name of the producer from whom the stocks noted in Col. 1 were purchased.	Quantity purchased		Whether all the producers of whom Directives were served have delivered the entire stocks.	If the reply in col. 4 is negative total quantity of paddy still due may be noted in this column showing the names of the defaulters and the reasons and also mentioning the nature of action taken against them.	
		Voluntarily	By issue of Directives			
1	2	3		4	5	
Nil	Nil	Nil	2,008 Qn. (sold to Rice Mill as per direction)	No.	(1) Phanindra Nath Bose, Chairman, Sarbadaya Seva Sadan, Vill. and P.O. Karkara.	46.10

N. B.

Total requisitioned	...	2,201
Lifted by the moth of August, 1965.		2,008
		———
Unlifted	...	193

Out of balance unlifted stock 10.67 Qtls. have been remissioned by D. M., Midnapore and 136 Qn. 23 Kg. have been lifted by the month of November, 1965.

Reason for non-lifting.

(1) Appeal filed by the Notice for exemption before the D.M., Midnapore, but the case has not yet been disposed of.

Bogus Ration Cards at Asansol

895. (Admitted question No. 2038.) **Shri Bijoy Paul :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শহরের সংশোধিত রেশনের দোকানগুলি হইতে যেসব জাল রেশনকার্ড সম্প্রতি আবিষ্কার হইয়াছে তাহার সংখ্যা কত;

(খ) যেসব রেশন শপের মালিক এই সব দুর্নীতির সহিত জড়িত ছিল তাহাদের নাম ও ঠিকানা কি; এবং

(গ) উক্ত রেশন দোকানের মালিকদের সম্বন্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Food and Supplies : (ক) আসানসোল শহরে কোন জাল রেশন কার্ড আবিষ্কারের কথা সরকারের জানা নাই। তবে জনৈক রেশন শপের মালিককে ৪৪ খানি (২৭২—১.২ ইউনিট) ভুয়া রেশন কার্ডে মাল তুলিতে দেখা যায়।

(খ) ঝমোল আগরওয়ালা, পিতা মৃত হনুমান দাস আগরওয়ালা, মহম্মদ হোসেন স্ট্রীট, আসানসোল।

(গ) উক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে। বিষয়টি বর্তমানে পুলিশের তদন্তাধীনে রহিয়াছে।

Government Khas Land in Uluberia Mouza, Howrah

896. (Admitted question No. 2107.) **Shri Abaniknmar Basu :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া মৌজায় ১১৩০ নং খতিয়ানের অন্তর্গত ১৯৩ নং দাগে কোন সরকারী খাস জমি আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহার পরিমাণ কত এবং তাহা এখন কাহার দখলে আছে?

The Minister for Land and Land Revenue : (ক) আছে।

(খ) ১·৮৭ একর পূর্ত বিভাগের দখলে আছে।

Rabindra Rachanabali

897. (Admitted question No. 2120.) **Shri Monoranjan Hazra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে রবীন্দ্র রচনাবলী একসঙ্গে (অর্থাৎ সমস্ত খণ্ডসহ) পাবার কোন ব্যবস্থা আছে কি?

The Minister for Education : বর্তমানে রবীন্দ্র রচনাবলী ক্রয়ের জন্য নূতন করিয়া দরখাস্ত গ্রহণ করা সম্ভব নয়।

Irrigation Scheme in Rajnagar Police Station, Birbhum

898. (Admitted question No. 2126.) **Dr. Radhanath Chattoraj :** কৃষি সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর থানার কোন সেচের ব্যবস্থা আছে কিনা, এবং

(খ) সেচের ব্যবস্থা না থাকিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) পশ্চিমবঙ্গ পুষ্করিণী সংস্কার আইনানুসারে রাজনগর থানায় এ পর্যন্ত ১১৩টি সেচের পুষ্করিণী সংস্কার করিবার প্রস্তাব আছে। রবিশস্য চাষের জন্যও উক্ত থানায়

১৩টি কাঁচা বাঁধ নির্মাণ করা হইয়াছে। ইহা ছাড়া অন্যান্য ধরনের সেচ প্রকল্প (গভীর ও স্বল্প গভীর ইঁদারা ও কূপ, মাঝারি ও ক্ষুদ্র সেচ প্রকল্প প্রভৃতি) রাজনগর থানায় কার্যকরী করার জন্য বর্তমানে বিবেচনাধীন আছে।

Supply of Electricity in Barrackpore Industrial areas

899. (Admitted question No. 2160.) **Shri Manoranjan Roy :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগণা জেলার ব্যারাকপুর এলাকায় সোমবার হইতে শনিবার পর্যন্ত সমস্ত কারখানা চালু রাখিতে কতটা বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন হয় এবং কতটা বর্তমানে সরবরাহ করা হইতেছে; এবং

(খ) প্রয়োজন অনুপাতে ঘাটতি না থাকিলে কতদিন যাবৎ ঘাটতি পূরণ করা হইয়াছে?

The Minister for Commerce and Industries : (ক) ব্যারাকপুর এলাকা বলিতে কোন কোন স্থানকে বুঝাইবে উহা স্পষ্ট করিয়া না বলিলে মোট বিদ্যুৎ সরবরাহের পরিমাণ বলা যাইবে না। তবে ব্যারাকপুর, ইছাপুর, জগদ্দল ও ভাটপাড়া এলাকায় যে সমস্ত কলকারখানা আছে উহাদের চালু রাখিতে সোমবার হইতে শনিবার পর্যন্ত মোট ২৯ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হয়।

প্রতি কারখানায় উইকলী অফ ডে সমান নহে বলিয়া ঐ ৬ দিনে প্রায় ৫ মেগাওয়াট মত বিদ্যুৎ কম লাগে, অর্থাৎ ঐ ছয় দিনে ৩৪ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করিতে পারিলে স্ট্যাগারীং অফ লোড-এর প্রয়োজন হইত না।

(খ) হাঁ, আপাততঃ প্রায় ৫ মেগাওয়াট মতো বিদ্যুৎ ঘাটতি আছে।

১৯৬৬ সালের মার্চ মাসে ব্যাণ্ডেল থার্মেল প্রজেক্ট চালু হইলে তখন ঐ ঘাটতি পূরণ হইবে বলিয়া আশা করা যায়।

Labourers engaged in rope-making Industry in some anchals of Sreerampur Subdivision

900. (Admitted question No. 2236.) **Shri Manoranjan Hazra :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার শ্রীরামপুর মহকুমার চাতরা, নবগ্রাম, শেওড়াফুলি, পিয়ারাপুর, বৈদ্যবাটী, কোন্নগর, বয়রা, কোতরাং, ধাড়সা প্রভৃতি অঞ্চলে শোনদড়ি কাটা শ্রমিকের সংখ্যা কত কত; এবং

(খ) উক্ত ব্যবসায়ে কতজন ব্যবসায়ী লিপ্ত?

The Minister for Labour : (ক) হুগলী জেলায় শন ও পাট দড়ি শিল্পে কোন রেজিস্ট্রীকৃত কারখানা নাই। কুটীর শিল্প বিভাগের ১৯৬০-৬২ সালের সমীক্ষার ভিত্তিতে যে তথ্য পাওয়া গিয়াছে তাহার ভিত্তিতে পাট ও শন্ দড়ি কাটা শ্রমিকের সংখ্যা দেওয়া হইল।

এলাকার নাম	শ্রমিকের সংখ্যা
১। শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি	৮
২। বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটি	৪৩০
৩। কোন্নগর মিউনিসিপ্যালিটি	২
৪। বেহিমিকি (শ্রীরামাপুর থানার অধীন)	৬২
৫। কুড়িগাছি (জংগীপাড়া ব্লকের অধীন)	২
	৫০৪

উপরোক্ত এলাকাসমূহ ছাড়া প্রশ্নে উল্লিখিত অন্যান্য এলাকার তথ্য নাই।

(খ) জানা নাই।

Minimum wages and increased dearness allowance of the employees of the Berhampore Municipality

901. (Admitted question No. 2245. **Shri Sanatkumar Raha :** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসংস্থার শ্রমিকদিগকে নিয়তম মজুরী দেওয়া হইতেছে কি না;

(খ) দেওয়া হইলে কবে হইতে শুরু হইয়াছে;

(গ) ইহা সত্য যে উক্ত পৌরসভার শ্রমিকদিগকে বর্তমানে বর্ধিত হারে ভাতা দেওয়া হইতেছে; এবং

(ঘ) সত্য হইলে কি হারে এবং কিসের ভিত্তিতে উক্ত বর্ধিত ভাতা দেওয়া হইতেছে?

The Minister for Local-Self Government : (ক) হ্যাঁ।

(খ) ১৯৫৮ সালের ১লা নভেম্বর হইতে।

(গ) হ্যাঁ।

(ঘ) ৩৩ টাকা ৭৫ পয়সা। ১৯৬৩ সালের ১লা এপ্রিল হইতে ভোগাপণ্য মূল্যের সূচক সংখ্যা ১৯৫৭ সাল অপেক্ষা শতকরা ২০ অংশ বৃদ্ধি পাওয়াতে উক্ত তারিখ হইতে সরকারের শ্রম বিভাগের ৩১-৭-৫৮ তারিখের 2968 LW/LW/2W-31/58 নং আদেশ বলে পৌরসভার শ্রমিকদিগকে পূর্বাপেক্ষা ৩ টাকা ৭৫ পয়সা অধিক ভাতা দেওয়া হইতেছে।

Supply of rice and wheat in M.R. Shops of Murshidabad and Nadia Districts

902. (Admitted question No. 2318.) **Shri Sanatkumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ ও নদিয়া জেলায় বর্তমান বৎসরে জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে আংশিক রেশনের জন্য কি পরিমাণ খাদ্যশস্য দেওয়া হয় এবং কি পরিমাণ প্রয়োজন মত বরাদ্দ ছিল?

The Minister for Food and Supplies : এতদ্‌সহ সংলগ্ন একটি বিবরণীতে উহা প্রদর্শিত হইল। এম, আর, এর জন্য কোন বিধিবদ্ধ বরাদ্দের ব্যবস্থা নাই। ইহার জন্য প্রয়োজনও পরিবর্তনশীল।

Statement refereed to in reply to unstarred question No. 902

Statement showing supply in M. R. in the districts of Nadia and Murshidabad.

Quantity (In quintals)

Months	Nadia District		Murshidabad District	
	Rice	Wheat/ Wheat Products.	Rice	Wheat/ Wheat Products.
July, 1965	62,401	24,297	29,365	14,325
August, 1965	62,418	25,751	31,814	15,521
September, 1965	47,400	33,099	23,066	23,681
October, 1965	12,806	32,114	12,511	20,239
November, 1965	17,115	20,997	10,413	7,677
Total	2,02,140	1,36,258	1,07,169	81,443

Amount allotted for the flood control and town protection scheme in West Dinajpur District

903. (Admitted question No. 2322) **Shri Rabindranath Mukhopadhyay :** Will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) the total amount allotted for the flood control and town protection scheme in the district of West Dinajpore from April 1962 to March, 1965 ; and

(b) the amount already spent so far on this account in the said district ?

The Minister for Irrigation and Waterways : (a) Rs. 13,83,975.

(b) Actual expenditure incurred up to March, 1965 is Rs. 13,33,707 and actual expenditure incurred during 1965-66 up to November, 1965 is Rs. 1,20,517.

T. B. allowances for the warders of Dum Dum Jail

904. (Admitted question No 2344.) **Shri Manoranjan Hazra :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম জেলের যেসব ওয়ার্ডাররা কাঁচড়াপাড়া টি, বি, হাসপাতালে রাজবন্দীদের জন্য ডিউটি দিতে যান তাঁদের কোন টি, বি, ভাতা দেওয়া হয় কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর না হয় তবে কারণ কি ?

The Minister for Home (Jails) : (ক) না ।

(খ) টি বি হাসপাতালে রক্ষীদের প্রহরার কার্যে নিযুক্ত করা হয়। প্রহরার কার্যেরত রক্ষীদের এইরূপ ভাতা দিবার কোনও নিয়ম নাই।

Special leave for the warders of Dum Dum Central Jail

905. (Admitted question No. 2345.) **Shri Manoranjan Hazra :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম সেনট্রাল জেলে পূজার সময় ডিউটি করিলে নিয়মানুযায়ী ওয়ার্ডাররা ৭ দিন থেকে ১৫ দিন পর্যন্ত বছরে বিশেষ ছুটি (সি সি এল) পায় কিনা ; এবং

(খ) না পেলে কারণ কি ?

The Minister for Home (Jails) : (ক) ও (খ) পূজার সময় ডিউটি করিলেও ওয়ার্ডারদের বিশেষ ছুটি (সি সি এল) দিবার কোনও নিয়ম নাই। ওয়ার্ডারদের ক্যাজুয়াল লিভ কারাসংহিতা অনুযায়ী দেওয়া হইয়া থাকে।

Pumping Plant for Grow More Food Scheme

906. (Admitted question No. 2349.) **Shri Aditya Kumar Bankura :** কৃষি ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অধিক শস্য উৎপাদন, সেচ কার্যের সুবিধার জন্য অধিক মূল্যে ৫টি কিস্তীতে পাঁচ ঘোড়ার শক্তিবিশিষ্ট জলসেচন যন্ত্র (পাম্পিং প্ল্যাণ্ট) কৃষকগণকে দেওয়ার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সরকার মেদিনীপুর পূর্ব ও মেদিনীপুর পশ্চিম জেলার জন্য এই প্রকল্প কয়টি জলসেচন যন্ত্র (পাম্পিং প্ল্যাণ্ট) দেওয়ার প্রস্তাবনা পাইয়াছেন এবং কতগুলি দেওয়ার মনস্থ করিয়াছেন, এবং

(২) মেদিনীপুর পশ্চিম জেলার সাবং থানার জন্য কয়টি এরূপ জলসেচন যন্ত্র চাওয়া হইয়াছে এবং কয়টি দেওয়া হইবে স্থির হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development: (ক) প্রকল্পটি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (১) যথাক্রমে ২০০ এবং ২২০টি। দেয় সংখ্যা স্থির করার প্রশ্ন উঠে না।

(২) ১০০টি। দেয় সংখ্যা স্থির করার প্রশ্ন উঠে না।

Constructing metalling and maintenance of in-roads in 24-Parganas and Barrackpore Subdivisions

907. (Admitted question No. 2368.) **Shri Gopal Basu:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বছরে ২৪-পরগণা জেলায় এবং বারাকপুর মহকুমার কোথায় কোথায় কতগুলি ও কোন্ কোন্ পাকা রাস্তা মেরামত বা নূতন করিয়া পাকা রাস্তা তৈরি হইয়াছে;

(খ) ঐসব রাস্তা মহকুমা এবং জেলা উন্নয়ন পরিষদ কর্তৃক সুপারিশকৃত কিনা;

(গ) রাস্তা তৈরি ও মেরামতের ব্যাপারে মহকুমা ও জেলা উন্নয়ন পরিষদের সুপারিশগুলিকে অগ্রাধিকার দেওয়া হয় কিনা?

(ঘ) না হইলে তাহার কারণ কি;

(ঙ) ইহা কি সত্য যে, বারকপুর মহকুমা ও ২৪-পরগনা জেলা উন্নয়ন পরিষদ কর্তৃক বারাকপুর মহকুমার এ পি ব্যানার্জি রোড মেরামত ও মাঝিপাড়া রোডকে পাকা করার জন্য সুপারিশ করিয়া অগ্রাধিকার দেওয়া হইয়াছিল; এবং

(চ) এই রাস্তা দুইটির কাজে কবে হাত দেওয়া হইবে?

The Minister for Public Works (Roads): (ক) একটি তালিকা পেশ করা হইল। (খ) প্রধানত: জেলা উন্নয়ন পরিষদের সুপারিশের ভিত্তিতেই রাস্তা লওয়া হইয়াছে; তবে কয়েকটি তাহার বাহিরেও থাকিতে পারে।

(গ) হ্যাঁ, তবে সামগ্রিক প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্য রাখিয়া।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) এবং (চ) রাস্তা দুইটি জেলা উন্নয়ন পরিষদ তৃতীয় পরিকল্পনায় গ্রহণের জন্য সুপারিশ করিয়াছিলেন, কিন্তু অগ্রাধিকার তালিকার উপরের দিকে স্থান দেন নাই। এই কারণে এবং সীমিত অর্থ-বরাদ্দের পরিপ্রেক্ষিতে তৃতীয় পরিকল্পনায় রাস্তাগুলিকে গ্রহণ করা হয় নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 917

Roads constructed or repaird in the District of 24-Parganas
During the last five years (1961-65.)

1. Bodra Champahati Road.
2. Bhebia Chaital Road.
3. Bhebia Murarisha Taki (Portion)
4. Berachampa-Baduria Road.

5. Lowhatta Haroa Road.
6. Bishnupur Beliaghata Bridge (Portion).
7. Baguihati-N. H. 35.
8. Lowhatta Bhangar Bazar Road.
9. Bongaon Jhowdanga Panchpota Road.
10. Gobardanga Gopalpurhat Road.
11. Maslandpur Ghoshpur Salua Charghat Road.
12. Joynagar Mollarchak Jalaberia Kultala (Portion).
13. Fakirtaki-Malancha-Minakhali-Kulti (Portion).
14. Gopalnagar-Chowberia-Ukra (Portion).
15. Aminpur-Boalghat Sec.
15. Sararhat-Birlapur (Portion).
17. Nilganj-Santoshpur-Duttapukur (Portion).
18. Murarisha-Kalinagar-Sandeshkhali (Portion).
19. Amdanga-Routara-Badarhat (Portion).
20. Habra-Ukra.
21. Link Road to Taldi R. S.
22. Brahmpur Road (Rishi Rajnarayan Bose Road).
23. Hatthuba Feeder Road.
24. Feeder Road to Mathurapur H. C.
25. Namkhana Freserganj.
26 Kachuberia Gangasagar Road.
27. Diamond Harbour Kakdwip to Harwood Point.
28. Habra Kumra Road.
29' Jadavpur Kasba Road.
30. Sonarupur Chakberia (Portion).
31. Thakurpukur Keorapukur (Portion).
32. Link Road to New Barrackpur Colony connecting Madhyamgram Sodepur Road to Jessore Road.
33. Link Road from Uttarbhag Canning Road to Saline Research Institute.
34. Shibpur Road.

Isolation ward of the Balurghat General Hospital

908. (Admitted question No. 2374.) **Shri Mongla Kishku :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বালুরঘাট হাসপাতালে কয়েদীদের যে আইসোলেশন ওয়ার্ড আছে তাহার প্রত্যেকটিতে খাট ভাঙ্গা, তোষক ফাটা, জলের কল খারাপ হাওয়াতে জল আসে না এবং রোগী থাকাকালীন প্রত্যহ ওয়ার্ড পরিষ্কার করা হয় না ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হাঁ' হয় তবে এ অবস্থা দূরীকরণের কী ব্যবস্থা সরকার করিতেছেন ?

The Minister for Health : (ক) বালুরঘাট জেনারেল হাসপাতালে কয়েদীদের জন্য পৃথক কোন আইসোলেসন ওয়ার্ড নাই। হাসপাতালের আইসোলেশন ওয়ার্ড-এ প্রয়োজনকালে কয়েদীদের চিকিৎসা করা হয়। উক্ত ওয়ার্ড-এ খাট ভাঙ্গা, তোষক ফাটা, জলের কল খারাপ ইত্যাদি সম্পর্কে প্রশ্নে যে অভিযোগগুলি করা হইয়াছে সেগুলি সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Ration for the coal mines labour in Asansol Subdivision

909. (Admitted question No. 2377.) **Shri Bijoy Pal :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় কয়লাখনি শ্রমিকরা কোন রেশন পায় কি ;

(খ) পাইয়া থাকিলে তাহা কিভাবে পাইয়া থাকে ;

(গ) কি পরিমাণ চাল, আটা ও চিনি মাথাপিছু দেওয়া হইয়া থাকে ; এবং

(ঘ) মোট কত কোলিয়ারীতে এবং কতজন শ্রমিক এই সুযোগ পাইয়া থাকে ?

The Minister for Food and Supplies : (ক) হাঁ।

(খ) দুইটি 'হোলসেল কোলিয়ারী সমবায়' সমিতির পরিচালনায় কতগুলি এম আর দোকান আছে। যে সকল কোলিয়ারী উক্ত সমিতির সভ্য তাহাদের শ্রমিকরা ঐ দোকানগুলি হইতে রেশন পাইয়া থাকে। অন্যান্য কোলিয়ারীর শ্রমিকরা সাধারণ এম আর দোকান হইতে রেশন পায়।

(গ) খাদ্যশস্যের প্রাপ্তি অনুসারে নির্ধারিত এম আর স্কেল অনুযায়ী চাল, আটা ও চিনি সরবরাহ করা হয়।

(ঘ) মোট ১৩৬টি কোলিয়ারীতে ১৪৯, ১২৪ জন শ্রমিক এই সংশোধিত রেশনের সুযোগ পাইয়া থাকে।

Lands in Asansol Subdivision

910. (Admitted question No. 2380.) **Shri Bijoy Pal :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কত ;

(খ) গত তিন বৎসরের প্রতি বৎসর মোট কি পরিমাণ ধান ও গম মহকুমায় উৎপন্ন হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) জেলা ভিত্তিক (অর্থাৎ সমগ্র জেলার) কৃষি পরিসংখ্যান রাখা হয়। সুতরাং মহকুমাভিত্তিক এই তথ্য প্রদান করা সম্ভব নয়।

Relief and Social Welfare Committee

911. (Admitted question No. 2386.) **Shri Radhika Dhibar :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর সহরের জি আর ও টি আর কমিটির সদস্যদের নাম কি ;

(খ) গত এক বৎসরের মধ্যে উক্ত কমিটির অধিবেশন হইয়াছে কি না ;

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর হাঁা হয় তবে কোন্ কোন্ তারিখে অধিবেশন হইয়াছে ;

(ঘ) উক্ত সহরে বর্তমানে কতজন লোক জি আর পাইতেছেন ; এবং

(ঙ) একই ব্যক্তি বা পরিবারের মধ্যে জি আর ও টি আর পাইবার নিয়ম আছে কি ?

The Minister for Relief and Social Welfare: (ক) বিষ্ণুপুর সহরে "রিলিফ ও সোশ্যাল ওয়েলফেয়ার কমিটি" নিম্নলিখিত সদস্যদের লইয়া গঠিত—

(১) বি ডি ও, বিষ্ণুপুর

(২) সাব-ডিভিশন্যাল কণ্ট্রোলার (ফুড অ্যাণ্ড সাপ্লাইজ), বিষ্ণুপুর

(৩) চেয়ারম্যান, বিষ্ণুপুর মিউনিসিপ্যালিটি

(৪) শ্রীরাধিকা ধীবর, এম এল এ

(৫) শ্রীকালীকমল বসু, বিষ্ণুপুর

(৬) ডাঃ রাধাগোবিন্দ মুখার্জী, বিষ্ণুপুর

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ১,০৮৭ জন।

(ঙ) একই ব্যক্তি একই সময়ে খয়রাতি সাহায্য ও সহায়ক কার্যের মাধ্যমে সাহায্যের আওতায় আসিতে পারেন না। তবে একই দুঃস্থ পরিবারের কেহ কেহ সহায়ক কার্যের মাধ্যমে সাহায্য পাইতে থাকিলেও সেই পরিবারের প্রকৃত অক্ষম ও অসহায় ব্যক্তিকে খয়রাতি সাহায্য দেওয়া হয়।

Deep tubewells in Bishnupur and Joypur police-stations, Bankura

912. (Admitted question No. 2388.) **Shri Radhika Dhibar:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানায় কয়টা গভীর নলকূপ কোন্ কোন্ স্থানে এ পর্যন্ত সংস্থাপিত হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কোনটা কত তারিখ হইতে চালু হইয়াছে এবং কোনটি এখনও চালু হয় নাই;

(গ) ঐ সকল নলকূপের প্রত্যিটির জন্য সংস্থাপিত করিতে কত খরচ হইয়াছে;

(ঘ) ঐ নলকূপগুলি হইতে স্থাপিত হওয়ার পর কোন বৎসর কত একর জমিতে জল দেওয়া হইয়াছে এবং

(ঙ) তৃতীয় পরিকল্পনা কালে ঐ দুই থানায় আর কোন নলকূপ বসান হইবে কিনা; এবং হইলে কোথায় কোথায় বসান হইবে?

The Minister of State for Agriculture and Community Development: (ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর থানায় এ পর্যন্ত ১৯টি গভীর নলকূপ বসান হইয়াছে। জয়পুর থানায় কোন নলকূপ হয় নাই। ঐ ১৯টি নলকূপ সম্পর্কীয় একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

(খ) উপরোক্ত ১৯টি নলকূপের কোনটিই বিদ্যুৎশক্তি সংযোজিত না হওয়ায় চালু হয় নাই।

(গ) প্রতিটি নলকূপ বসানোর জন্য গড়ে ৪০,০০০ টাকা খরচ হইয়াছে।

(ঘ) নলকূপগুলি এখনও চালু না হওয়ায় জল সরবরাহ করা সম্ভব হয় নাই।

(ঙ) তৃতীয় পরিকল্পনায় বাঁকুড়া জেলায় আর কোন গভীর নলকূপ বসানোর প্রস্তাব নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 912

Location of tubewlls sunk in Vishnupur police-station in the district of Bankura

Sl. No.		Name of Mouza.
1.	—	Lokasole.
2.	—	Chuamasina.
3.	—	Arjunpur.

4. — Layekbundh.
5. — Dadhanagar.
6. — Pattapur.
7. — Prakash.
8. — Binodnagar.
9. — Pannudanga.
10. — Damodarpur.
11. — Layer.
12. — Ratanpur.
13. — Bhagrota.
14. — Dharampur.
15. — Joykrishnapur.
16. — Joyrampur.
17. — Syamsundarpur
18. — Birra.
19. — Saluka.

Unemployed persons in Bishnupur Subdivision, Bankura

913. (Admitted question No. 2393.) **Shri Radhika Dhibar :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম যোজনার সুরুতে বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমায় থানাওয়ারীভাবে শিক্ষিত ও নিরক্ষর বেকার যুবকের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ঐ যোজনার শেষে ঐ সংখ্যা কত ?

The Minister for Labour : (ক) প্রথম যোজনার সুরুতে (অর্থাৎ ১৯৫০-৫১) সালে বাঁকুড়া জেলায় কোন কর্মবিনিয়োগ কেন্দ্র ছিল না। ঐ সময় বাঁকুড়া জেলা আসানসোল কর্মবিনিয়োগ কেন্দ্রের আওতায় ছিল। জেলাওয়ারী বা থানাওয়ারীভাবে কোন পরিসংখ্যান রাখা হয় না ; কর্মবিনিয়োগ কেন্দ্র অনুযায়ী পরিসংখ্যান রাখা হয়। সুতরাং বাঁকুড়া জেলার বা বিষ্ণুপুর মহকুমার কোন পৃথক পরিসংখ্যান নাই।

(খ) বাঁকুড়া জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্র প্রথম খোলা হয় ১৯৬৩ সালের ডিসেম্বর মাসে। অতএব প্রথম যোজনার শেষেও এ বিষয়ে কোন পৃথক পরিসংখ্যান দেওয়া সম্ভব নয়।

Tubewells, Ringwells, etc. in Burdwan district

914. (Admitted question No. 2400.) **Shri Manoranjan Bakshi :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—বর্ধমান জেলার আউশগ্রাম ১নং, আউশগ্রাম ২নং, গলশী ১নং, গলশী ২নং এবং কাঁকসা উন্নয়ন সংস্থাসমূহে পানীয় জল সরবরাহের নিমিত্ত নলকূপ, রিংওয়েল এবং ইন্দারার সংখ্যা কত ?

The Minister for Health :

ব্লক	মোট নলকূপের সংখ্যা	মোট রিংওয়েল বা ইঁদারার সংখ্যা	চালু নলকূপের সংখ্যা	চালু রিংওয়েল বা ইঁদারার সংখ্যা
আউশগ্রাম ১নং	১৯৪	৫৫	১১২	৩৩
আউশগ্রাম ২নং	১৯১	৪১	১৫৯	২৮
গলশী ১নং	২১০	৩৯	১৯৭	২০
গলশী ২নং	২২২	৬৬	২০০	৩৩
কাঁকসা	—	১৬৩	—	৩৮

Tubewells in Midnapore Block

915. (Admitted question No. 2422.) **Shri Shyed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the present number of the tubewells in Midnapore Block;

(b) how many of them are in working conditions and how many are unfit for use; and

(c) when the unfit ones will be in working conditions?

The Minister of Health: (a) 189.

(b) 129 tubewells are in working condition and 60 tubewells are lying derelict.

(c) Under the Rural Water Supply Programme for each year the resinking of derelict tubewells is taken up gradually on the basis of funds available in the Health Budget and according to the policy of providing one water supply source for every 400 people and atleast one source in each village From 1965-66 the responsibility for execution and maintenance of the rural water supply works (except piped water supply schemes) has been vested with the Zilla and Anchalik Parishads; and accordingly funds have been placed with the Midnapore Zilla Parishad for resinking 78 tubewells in the district of Midnapore under the current year's Rural Water Supply Programme. The Anchalwise distribution of the works will be finalised by the said Zilla Parishad and their execution will be done by the Anchalik Parishad. Besides these works, the Parishads may also undertake further works of sinking and resinking out of their own fund or funds raised from local contribution.

Barrackpur-Kalyani Road

916. (Admitted question No. 2469.) **Shri Gopal Basu:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Government of West Bengal has any plan to construct a diversion road from Barrackpore to Kalyani; and

(b) if so, how far the works have advanced and when the work is likely to be completed?

The Minister for Public Works: (Roads): (a) Yes.

(b) Collection of bricks in part for the first six miles of the road made. Earthwork could not be taken up as yet for want of possession of lands. The date of completion of the road cannot be stated at present.

Requisition of Paddy in Purulia District

917. (Admitted question No. 1753.) **Shri Girish Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এপ্রিল ১৯৬৫ সাল হইতে জুলাই ১৯৬৫ পর্যন্ত পুরুলিয়া জেলার বড় বড় চাষীদের নিকট হইতে সর্বমোট কত ধান্য আদায় করা হইয়াছিল এবং সর্বমোট কত ধান্য রিকুইজিসান করা হইয়াছে; এবং

(খ) উক্ত চাষীদের নাম ঠিকানাসহ রিকুইজিশানের পরিমাণ (তারিখসহ) এবং অনাদায়ী ধান্যের পরিমাণ কত?

The Minister for Food and Supplies : (ক) রিকুইজিসান—৪২,৩৫১ কুইন্টাল; আদায়—২২,৮৪৯ কুইন্টাল।

(খ) এই সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

Seizure of Paddy

918. (Admitted question No. 1997.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৫ সালে কোন জেলায় সরকার কত পরিমাণ ধান কৃষকগণের নিকট হইতে সিজ্ করিয়াছিলেন;

(খ) সিজ্ করার কতদিনের মধ্যে উক্ত ধান্য লওয়া হয়;

(গ) মেদিনীপুর জেলায় বিভিন্ন মহকুমায় গত বৎসর কি পরিমাণ ধান সিজ্ করা হইয়াছিল;

(ঘ) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলায় ময়না থানায় কিছু ধান্য সিজ্ করার ২ মাসের মধ্যে লওয়া হয় নাই বা ধানের দাম সিজ্ করার সঙ্গে সঙ্গে দেওয়া হয় নাই; এবং

(ঙ) প্রশ্নের বিবরণ সত্য হইলে উহার পরিমাণ কত?

The Minister for Food and Supplies : (ক) এই সম্পর্কে ২টি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) সিজ্ করা ধান্য আদালতের তত্ত্বাবধানে থাকে। প্রত্যেকটি ক্ষেত্রে আদালতের আদেশ পাইবার পরই ধান্যের বিলি ব্যবস্থা হয়।

(গ) মেদিনীপুর জেলার কোনও মহকুমায় ধান্য সিজ্ করা হয় নাই।

(ঘ) ও (ঙ) প্রশ্ন উঠে না।

Procurement of rice in Nayagram police-station, Midnapore

919. (Admitted question No. 2013.) **Shri Surendranath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানায় ১৯৬৫ সালে সেপ্টেম্বর মাস পর্যন্ত সরকার কর্তৃক কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(খ) সাধারণ উপায়ে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে এবং ডাইরেকটিভের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(গ) যে সকল জোতদারের উপর সরকারকে ধান্য বিক্রয়ের জন্য ডাইরেকটিভ দেওয়া হইয়াছিল তাহারা সমস্ত ধান্য সরকারকে ও এজেন্টকে সরবরাহ করিয়াছিল কিনা; এবং

(ঘ) না করিয়া থাকিলে বাকীর পরিমাণ ও কারণ কি?

The Minister for Food and Supplies : (ক) ৫১১.২০ কুইন্টাল।

(খ) ডাইরেকটিভের মাধ্যমে কোন ধান্য ক্রয় করা হয় নাই। সাধারণ উপায়ে কাহার নিকট হইতে কত ধান্য ক্রয় করা হইয়াছে তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হইল।

(গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

D.P. Agents, Rice Mills and Co-operative Societies in Murshidabad district

920. (Admitted question No. 2353.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নিযুক্ত ডি, পি, এজেন্টগণের নাম ও সংশ্লিষ্ট এলাকার নাম কি ;

(খ) এই জেলায় চালকলগুলির এলাকার নাম কি ; এবং

(গ) এই জেলার সমবায় সমিতি যাহারা ধান্য ক্রয় করিবে তাহাদের নাম ও এলাকার নাম কি ?

The Minister for Food and Supplies : (ক), (খ) ও (গ) লাইব্রেরী টেবিলে রক্ষিত একটি বিবরণীতে উহা বর্ণিত হইল।

ADJOURNMENT MOTIONS

[2—2-10 p.m.]

Mr. Speaker : I have received five notices of adjournment motions as follows :

(1) From Shri Anadi Das on irregular supply of food articles in non-statutory rationing areas of Howrah District.

(2) From Dr. Golam Yazdani on acute shortage of food in three thanas of Malda District.

(3) From Shri Dulal Chandra Mondal on restrictions on the use of microphones for the public meeting organised by the C P.I. at Sankrail.

(4) From Shri Sailendra Nath Adhikary on strike of the sweepers of the Howrah Municipality.

(5) From Shri Narayan Choubey on strike by the municipal workers of Howrah.

I have withheld consent to all the notices.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of acute scarcity of kerosene oil in Calcutta—called attention by Shri Somnath Lahiri on the 21st December, 1965.

Shri Smarajit Bandyopadhyay : Sir, in reply to the calling attention notice of Shri Somnath Lahiri, I beg to make the following statement.

With the outbreak of Indo-Pak conflict in September last 20 per cent of available supplies of kerosene have had to be diverted to defence

needs—supply falling short of consumers' demand to that extent. Apart from this fact supply of kerosene was further affected by present import restrictions and short drawing from inland oil refineries. Of the five oil distribution companies, the Indian Oil Company, being at present the only importer of kerosene, have become the major supplier in the market—about 60 per cent of the marketable product being accounted for by them.

There has been a sharp fall in the supply of kerosene in Calcutta and districts since the end of November 1965.

While other oil distribution companies maintained their rate of supply more or less at the same level, the I.O.C. practically withdrew from the market during the period, having had a very nominal supply in December 1965 (up to 27.12.65) of 1330 kilolitres against their supply of 21.987 kilolitres in the preceding month. Supply by I.O.C. to Calcutta dealers in December (up to 27.12.65) was 1320 kilolitres against 2335 kilolitres in the preceding month. We have had discussions with with the representative of the I.O.C. in the matter on 29.12.65. It is learnt that unloading of kerosene from a Russian tanker at Calcutta port has since been completed on 22.12.65 and the company would be taking steps to restore the normal quota to kerosene agents and dealers in no time.

West Bengal Kerosene Control has come into force with effect from 28.12.65 on publication in the Gazette. With licensing of agents and dealers and with measures to regulate distribution of kerosene throughout the State it is expected that with co-operation from oil distribution companies, particularly the I.O.C., the situation would improve gradually.

Shri Somnath Lahiri: আমিএকটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই—কেরোসিন রেশন-এর দোকান মারফৎ বিলি করবার কোন পরিকল্পনা কি সরকার করেছেন ?

Shri Smarajit Bandyopadhyay: এখনও পর্য্যন্ত হয়নি তবে এসম্বন্ধে Government of India-কে লেখা হয়েছে।

Mr. Speaker: Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of unemployment due to restrictions on the trade of flat rice and fried rice—called attention by Shri Jiban Krishna Dey on 20th December, 1965.

Shri Smarajit Bandyopadhyay: Under the new food policy for 1966 there will be some registered retailers who will be allowed to store rice or paddy up to one quintal in the aggregate at any time and to sell rice or paddy up to ten kilograms in a single transaction These retailers are expected to trade with the levy-free stocks of the producers.

Government proposes to purchase 15 lakh tonnes in terms of rice in 1966 out of an expected production of nearly 50 lakh tonnes. The balance of 35 lakh tonnes will be available for consumption by the producers themselves for trade through these retailers. Government does not, therefore, propose to undertake supply of paddy or rice to the manufacturers of Chira or Muri who can purchase their requirements at the controlled rates either from the registered retailers or from the producers by registering themselves as retailers.

Mr. Speaker : I have received 8 Notices of Calling Attention on the following subjects, namely :

(1) Death of Shri Ram, a worker of Indian Refractories in P.S. Kulti—by Shri Bijoy Pal.

(2) Mass discontent of the people in Baruipore P.S. in the district of 24-Parganas for non-availability of rice—by Shri Aswini Roy, Sm. Ila Mittra and Dr. A. M. O Ghani.

(3) Rise in price of paddy and rice as a result of failure of the Government to supply modified ration in the deficit pocket of different districts—by Shri Sanat Kumar Raha.

(4) Acute scarcity of Kerosene oil in Murshidabad district by Shri Sanat Kumar Raha.

(5) Indiscriminate arrests of common people in Nadia district carrying small quantities of rice for their personal consumption by Shri Gour Chandra Kundu.

(6) Extra crisis of rice and wheat in Nadia district by Shri Gour Chandra Kundu.

(7) Difficulties in obtaining licenses for edible oils by Shri Dulal Chandra Mondal.

(8) Alleged purchase of paddy by the mill owners in Midnapore district by Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Aswini Roy, Sm Ila Mittra and Dr. A. M. O. Ghani on the subject of mass discontent of the people in Baruipore Police Station in 24-Parganas for non-availability of rice. The Hon'ble Minister-in-Charge will please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay : Sir, the statement will be made on Monday next.

Mr. Speaker : I beg to present the Thirty-first Report of the Business Advisory Committee which at its meeting held on the 5th

January, 1966, in my Chamber considered the question of allocation of time for disposal of the following Government Bills and recommended as follows :

(1) The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee (Consideration Passing)—16 hours,

(2) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965 (Introduction, Consideration and Passing)—1 hour.

The Committee also recommended that only Government Business and no Private Members' Business, will be transacted on Friday, the 7th January, 1966, and that, Friday, the 14th January, will be alloted for the Private Members' Business.

Shri Jagannath Kolay Sir, I beg to move that the Thirty-first Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker : I take it that this is agreed to by the House.

Shri Aswini Ray : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লেভি অর্ডারের ফলে কী রকম জুলুমবাজী গ্রামাঞ্চলে সৃষ্টি হয়েছে, সেই সম্পর্কে একটা ঘটনা আপনার কাছে রাখতে চাচ্ছি। আড়াই বিঘা মাত্র জমি কাশীনাথ দে'র ; তিনি লেভীর আওতায় পড়েন নাই। এই রকম লোক আড়াই বিঘা জমি এক জায়গায়, আর অন্য জায়গায় তিনি কাজ করেন। সেখান থেকে ধান আনবার জন্য তিনি permit চেয়েছিলেন বি, ডি, ও-র কাছে। তখন বি, ডি, ও, সাহেব তাঁকে বললেন—এক মণ ধান যদি তুমি লেভী হিসাবে না দাও, তাহলে তোমাকে permit দেওয়া হবেনা। তাঁর মত লোককে চাল কিনে নিতে হয়। সেখান থেকে চাল নিয়ে আসবার জন্য তিনি গিয়েছিলেন এই সম্পর্কে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সদস্য ডা: নারায়ণ রায় মহাশয়কে লিখিত তার একটি চিঠি আপনার মারফৎ মন্ত্রিমহাশয়কে দিতে চাই।

Shri Sambhu Charan Ghosh : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই লেভী সংক্রান্ত ব্যাপারে। হুগলী জেলায় বিশেষ করে আরামবাগ মহকুমায় যে কতকগুলি ঘটনা ঘটেছে সে বিষয়ে তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার আরামবাগ মহকুমায় সাধারণ কৃষকের উপর দু একর জমি আছে—এমন কৃষকের উপর লেভী করা হয়েছে। অথচ বড় বড় জোতদারদের বাদ দেওয়া হয়েছে। এখন পর্যন্ত তাদের উপর লেভীর নোটিশ serve করা হয় নাই।

দ্বিতীয়ত: রেশন কার্ডে যে শ্রেণী বিন্যাস করা হয়েছে—ক, খ, গ, ঘ, ঙ। 'ক' শ্রেণী হচ্ছে তারা, যাদের এক ছটাকও জমি নাই। সারা বছর তারা রেশন পাবে।

Mr. Speaker : পলিসি নিয়ে discuss করবেন না—You cannot go into the question of policy. কোথায় কি difficulty হচ্ছে, তাই বলুন।

Shri Sambhu Charan Ghosh : কিন্তু গ্রামাঞ্চলে যেখানে একজন S. D. O. সাতশো টাকা বেতন পান, তিনি 'ক' শ্রেণীর রেশন কার্ড পাচ্ছেন। আর মাত্র এক বিঘা জমি যাদের আছে, তা তারা পাচ্ছে না। এই দিকে আপনার মারফৎ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[2-10—2-20 p.m.]

Shri Narayan Choubey : স্যার, শৈলবাবু এখানে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই, হাওড়া মিউনিসিপ্যালিটির worker-রা strike করেছেন, তাদের নেতাকে arrest করা হয়েছে অথচ Govt. থেকে negotiation করবার কোন চেষ্টা করা হচ্ছে না। এই strike এর মূল কারণ যে tripartite agreement করা হয়েছিল সেটা পালন করা হচ্ছে না।

Shri Radhakrishna Singha : স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ সংবাদের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা থেকে প্রচুর ধান বাইরে চলে যাচ্ছে, এর জন্য বীরভূম জেলার লোক অত্যন্ত আতঙ্কগ্রস্থ হয়ে পড়েছে—তারা ভাবছে অদূর ভবিষ্যতে তারা ভীষণ খাদ্য সংকটের সম্মুখীন হবে। তাই আমি মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন জানাচ্ছি, ওখান থেকে যাতে বাইরে smuggling না হয় তৎ প্রতি তাঁরা যেন অবিলম্বে দৃষ্টি দেন।

Shri Hemanta Kumar Basu : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সরকার ৬৫ বৎসরের বৃদ্ধদের যে মাসিক ২০ টাকা ভাতা দিয়ে থাকেন সেটা প্রতি মাসে দেওয়া হয় না, ২।৩ মাস অন্তর একবার দেওয়া হয়। এ'ত চূড়ান্ত অসুবিধা হয়। আমি অনুরোধ জানাচ্ছি Govt. pension-এর মতো এটাও যেন একটা particular date-এ দেওয়া হয়।

Shri Anadi Das : স্যার, আমাদের নিরাপত্তা ব্যবস্থার প্রতি জনসাধারণের আস্থা কমে যাচ্ছে। হাওড়া জেলায় মিউনিসিপ্যাল এলাকায় আলোর মধ্যে যে ঠুলি লাগান হয়েছিল সেই ঠুলিগুলি আজো খোলা হয়নি যার ফলে লোককে অনেক অসুবিধা ভোগ করতে হচ্ছে।

Shri Nikhil Das : স্যার, কলকাতার একটা প্রাচীন উচ্চ মধ্য বিদ্যালয় হিন্দু স্কুল সম্পর্কে একটা তথ্য আমি এখানে রাখতে চাই। এই স্কুলের সহকারী প্রধান শিক্ষক সম্পর্কে নানা অভিযোগ আছে। প্রধান অভিযোগ প্রশ্ন ফাঁস করার অভিযোগ। দ্বিতীয়, টাকা নিয়ে ছাত্রদের বেশী নম্বর দেন তিনি, কিন্তু এই টাকা তিনি সরকারী তহবিলে জমা না দিয়ে নিজে আত্মসাৎ করেন। এই ব্যাপারটা 'যুগান্তর' কাগজে ২৮শে ডিসেম্বর তারিখে প্রকাশিত হয়, এবং উক্ত কাগজে এই মন্তব্যও করা হয় যে সহকারী প্রধান শিক্ষকের আচরণ যদি এই রকমই হয় তাহলে উক্ত স্কুলের ভবিষ্যৎ অন্ধকার। এই স্কুলের Headmaster নতুন এসেছেন, তাঁর পক্ষে enquiry করা সম্ভব নয়। তাই আমার বক্তব্য হচ্ছে, Education Dept. থেকে যাতে এই ব্যাপারে একটা thorough enquiry হয় তার ব্যবস্থা যেন শিক্ষা দপ্তর থেকে করা হয়।

Shri Jiban Krishna Dey : স্যার, তুফানগঞ্জ সমবায় সমিতি যে ধান কেনে তারা তার জন্য কোন কাঁটা ব্যবহার করেন না, হাতদাঁড়িতে ওজন করে ধান নেওয়া হয়। এভাবে হাত-দাঁড়িতে ওজন করার ফলে অনেক সময়ই গোলমাল হয় ; এমন হয় যে, ৭০ কেজির জায়গায় ৮০ কেজি নিয়ে নেওয়া হয়, এবং এমন ঘটনা সেখানে ধরাও পড়েছে। এজন্য সেখানকার public অত্যন্ত বিক্ষুব্ধ হয়ে পড়েছে। এই ব্যাপার নিয়ে গোলমাল হবার ফলে সেখানে ২ জন লোককে arrest করা হয়েছে, কারণ তারা নাকি সমবায় সমিতিকে ধান কিনতে বাধা দিয়েছে। আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Somnath Lahiri : মাননীয় স্পীকার মহাশয়, সরবরাহ মন্ত্রিমহাশয় এখানে নাই, তাহলেও আমি আপনার মাধ্যমে তাঁর অবগতির জন্য কয়েকটা কথা রাখছি—কলকাতা শহরে সব জিনিসেরই দাম বেড়ে যাচ্ছে—আগামীকাল থেকে দুধ ৩০ ভাগ বেড়ে যাবে, কেরোসিন already ১০০ ভাগ বেড়েছে, মাছ ২০ ভাগ বেড়েছে, blade, tooth paste, সব জিনিসেরই এইভাবে দাম বেড়ে যাচ্ছে। সরকারের কাছে আমার জিজ্ঞাস্য, ওঁরা কি এসব নির্লিপ্ত দর্শকের মতো দেখে যাবেন, না এর প্রতিকার করার কোন দায়িত্ব বা কর্তব্য ওঁদের আছে।

Mr. Speaker: We will now take up the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1565.

Shri Sailendra Nath Adhikary : স্যার, আমার adjournment motion-টা সম্পর্কে আমি কিছু বলতে চাই।

Mr. Speaker : না, কোন adjournment motion-এ, after it has been disallowed, আমি কিছু বলতে দেব না, there cannot be any statement.

Shri Sailendra Nath Adhikary : স্যার, আমি within the rules বলব।

Mr. Speaker : Within the rules তা কি করে হয়?

Shri Sailendra Nath Adhikary : আমি মনে করি এতে আমি rule 61 satisfy করেছি।

Mr. Speaker : আপনি মনে করেন, কিন্তু আগেই আমি concent withheld করেছি।

Shri Sailendra Nath Adhikary : স্যার, এখানে আরেকটা ব্যাপার আছে, দেখতে Whether it is a matter of public importance.

Mr. Speaker : সেটা আমার ডিস্‌ক্রিসানের উপর নির্ভর করে, whether it is of public importance and urgent এটা আমি দেখব।

Shri Sailendra Nath Adhikary : আমি আপনাকে reconsider করবার জন্য বলতে পারব না, এই অধিকার কি আমার নাই?

Mr. Speaker : সেই অধিকার আমি দিতে পারি না।

Shri Sailendra Nath Adhikary : আমার সেই অধিকার আপনি excercise করতে দেবেন না?

Mr. Speaker : Mr. Adhikary, হাওড়া মিউনিসিপ্যালিটির ব্যাপারে আপনি adjournment motion দিয়েছিলেন, আমি disallow করেছি; and what is more just now a member has drawn attention, তারপর আপনার আর কিছু বলার নাই।

[2-20—2-30 p.m.]

Mr. Speaker : Mr. Adhikary, will you please take your seat?

Shri Sunil Dasgupta : স্যার, আপনার অনুমতি নিয়ে একটা কথা বলবো সেটা হচ্ছে আজ সকালবেলায় আমি হাওড়ায় গিয়েছিলাম আমার নিজের কাজে, কানাইবাবুর স্ত্রী মারা গিয়াছেন আমি দেখা করতে গিয়েছিলাম, হাওড়ার যে অবস্থা দেখে এসেছি তাতে সেখানে একটা নরককুণ্ডের সৃষ্টি হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন, জনস্বাস্থ্যের খাতিরে তাঁর কর্তব্য হচ্ছে শ্রমদপ্তরকে চাপ দিয়ে, হাওড়ার মিউনিসিপ্যালিটিকে চাপ দিয়ে তাদের যে ত্রিপক্ষীয় চুক্তি হয়েছিল সে সম্বন্ধে পরামর্শ করা। তাদের সেক্রেটারিকে ডি, আই, রুলে আটক করা হয়েছে, তাকে ছেড়ে দেওয়ার ব্যবস্থা করা দরকার। কিছু দিন আগে হাওড়ায় কলেরা হয়ে গিয়েছে, আবার যদি কলেরা লাগে তাহলে মারাত্মক অবস্থার সৃষ্টি হবে। আমি এইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে মন্ত্রী মহাশয় এই বিষয় কিছু বলুন।

Shri Kashikanta Maitra : মিঃ স্পীকার, স্যার, হাউসে এ্যাডজোর্নমেন্ট মোশনের ব্যাপারে দীর্ঘ দু' বছরের মধ্যে অনেকগুলি নজীর হয়ে গিয়েছে। আপনি অবশ্য গতকাল যে এ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়া হয়েছিল সেটা ডিসএ্যালাউ করেছিলেন এবং আমার একটা এ্যাডজোর্নমেন্ট মোশন ছিল সেটাও ডিসএ্যালাউ করেছেন এবং ডিসএ্যালাউ করা সত্ত্বেও আপনি প্রত্যেক সদস্যকে সুযোগ দিয়েছিলেন তাঁদের এ্যাডজোর্নমেন্ট মোশন পড়ে দেবার জন্য আপনি একটা হেলদি কনভেনশন ক্রিয়েট করেছেন; আমিও প্রশ্ন তুলেছিলাম আপনারও স্মরণ থাকতে পারে যে আপনি ইউ, পি, লেজিসলেচারে যে ঘটনা ঘটেছিল সেটাকে একটা রূপ দিয়েছেন এবং আমি মনে করি আমাদের সভ্যদের অধিকারকে একটা নতুন ফাউনডেসানের উপর দাঁড় করেছেন। আপনি ধন্যবাদার্হ, আপনি আমাদের পড়বার সুযোগ দিয়েছেন অথবা বিকল্প পন্থা হিসাবে এ্যাডজোর্নমেন্ট মোশান-এর বক্তব্যটা আপনি পড়ে দিয়েছেন so that the members know what they want to tell অবশ্য কালকে আপনি বলেছেন যে আজকে আমি পড়তে দিচ্ছি বলে এটা যেন ধরে না নেওয় হয় যে এটা প্রিসিডেন্ট হয়ে গেল......

Mr. Speaker : মৈত্র, এখানে আমি এসেছি আপনাদের ফুল স্কোপ দেবার জন্য যাতে আপনারা ফুল রাইট এক্সারসাইজ করতে পারেন; আপনাদের যার যা বলবার আছে তা যাতে বলতে পারেন সেটা হেল্প করবার জন্য আমি এসেছি, নট টু ষ্টপ ইউ। আপনি দেখুন ৪ বছরের মধ্যে আগে এ্যাডজোর্নমেন্ট মোশান কতগুলি পড়ত আর যেদিন থেকে আমি রিড করতে আরম্ভ করেছি তারপর থেকে কতগুলি এ্যাডজোর্নমেন্ট মোশান পড়ছে। আমাকে যদি আপনারা হেল্প করেন তাহলে I will always help you whether you are on the left or on the right. আগে আমার কাছে কোনদিন দুটো এ্যাডজোর্নমেন্ট মোশান পড়ত কিন্তু আজকাল কোনদিন ৫টা আবার কোনদিন ৭টা পড়ছে। আনলেস ভেরি ইমপর্ট্যান্ট হলে আমি পড়ে দিতাম কিন্তু ইমপর্ট্যান্ট সেই টাইপের নয় বলে আমি পড়িনি। আমি যেদিন বুঝব ৪টি এ্যাডজোর্নমেন্ট মোশানই ইমপর্ট্যান্ট সেদিন সার্টেনলি আই রিড ইট। আই এ্যাম নট হিয়ার টু স্টপ ইউ বরং আই এ্যাম হেয়ার টু গিভ ইউ ফুল স্কোপ। আপনাদের হেল্প করার জন্য প্লিজ অলসো হেল্প মি।

Shri Kashikanta Maitra : আমি মেনে নিচ্ছি। আপনি সুযোগ দিয়েছেন বলে you have reasons in stature এ বিষয় কোন সন্দেহ নেই। আপনি অপোজিসানকে বলবার সুযোগ দিচ্ছেন বলে আপনার মর্যাদা অনেক বাড়বে। কালকে আমরা অন্ততঃ অল অপোজিসান মিলে একটা এ্যাডজোর্নমেন্ট মোশান দেব হাওড়া মিউনিসিপ্যালিটি সম্পর্কে, আপনি সেটাকে ডিসএ্যালাও করুন তাতে বলবার কিছু নেই, কিন্তু আপনি দয়া করে হাওড়া সম্পর্কে বলবার সুযোগ দেবেন। হাওড়ায় ৭ লক্ষ লোক নরককুণ্ডে বাস করছে, ওদের সেক্রেটারীকে ডি, আই, রুলে আটক করে রেখেছে, মানুষের সমস্ত গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। আপনি অনুগ্রহ করে আগামীকাল আমাদের সেই সুযোগ দেবেন।

Mr. Speaker : মিঃ মৈত্র, already attention has been drawn.

Shri Anadi Das : স্যার, আমি যে এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছিলাম সেটা খুব ইমপর্ট্যান্ট। আপনি যদি এ সম্পর্কে দয়া করে এগ্রি করেন......

Mr. Speaker : মিঃ দাস, সে টাইপের এ্যাডজোর্নমেন্ট মোশান থাকলে আমি দিতাম, প্লিজ ষ্টপ।

Shri Nikhil Das : স্যার, হাওড়া মিউনিসিপ্যালিটি ষ্ট্রাইক সম্পর্কে আপনাকে একটা কথা বলব সেটা হচ্ছে আপনি যদি আমাদের টু আওয়ার্স ডিসকাসানের যে স্কোপ আছে সেটা দেন তাহলে......

Mr. Speaker : মিঃ দাস, that comes under a different rule.

Shri Nikhil Das : স্যার, সেই রুলে যদি আমরা দিই এবং টু-আওয়ার্স ডিসকাসানের পার্মিসান যদি আপনি দেন তাহলে আমরা সবাই মিলে এ্যাপ্লাই করছি এবং সেটা যদি দেন তাহলে অন্ততঃ হাওড়ায় যে ধর্মঘট চলছে সেই ধর্মঘটি শ্রমিকদের সম্পর্কে এবং তাতে জনসাধারণের যে অসুবিধা হচ্ছে সে সম্পর্কে কিছুটা আমরা আলোচনা করতে পারব এবং সরকারের কি বক্তব্য সেটা আমরা শুনতে পারব।

Dr. Golam Yazdani : মিঃ স্পীকার, স্যার, কালকে আমি একটা কলিং এ্যাটেনসান নোটিশ দিয়েছিলাম এবং কালকে ওটা ক্যারেড আউট না হওয়াতে আজকে আবার এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছি, কারণ জিনিসটা খুব গুরুত্বপূর্ণ।

Mr. Speaker : মিঃ ইয়াজদানি, কালকে কলিং এ্যাটেনসান নোটিশ দেবেন, আমি দেখব।

Dr. Golam Yazdani : ঠিক আছে, স্যার। আমি শুধু আজকে এইটুকু বলতে চাই যে মালদহ জেলায় তিনটি থানার লোক আজকে দারুণ খাদ্য সংকটের মধ্যে পড়েছে ঐ লেভি অর্ডার চালু হওয়ার পর থেকে। সেখানে যে কর্ডনিং করে দেওয়া হয়েছে কালিয়াচক; মানিকচক এবং ইংরাজবাজার এই কর্ডনিং-এর বাইরে রয়েছে এবং বাইরে থেকে সেখানে ধানচাল যেতে পারছেনা। গভর্নমেন্টের এম, আর, সপ থেকে মাত্র ১৫ শো গ্রাম করে দেওয়া হচ্ছে। সেখানে সমস্ত খেটে খাওয়া মানুষ, তারা সেই ১৫ শো গ্রামের পরে যে খাদ্যদ্রব্যের দরকার সেটা কোথা থেকে পাবে? সেটা তারা কোথাও পাচ্ছে না, ফলে সেখানে ২ টাকা ২॥০ টাকা কে, জি, চাল এবং তা কোথাও পাওয়া যাচ্ছে না। আমরা বলছি সেজন্য যে হয় ওখানে আপনারা সাপ্লাই-এর ব্যবস্থা করুন কিংবা এম, আর, সপ থেকে ১৯ শো গ্রাম কিংবা ২২ শো গ্রাম শিল্পাঞ্চলে, কলকাতায় যেমন দিচ্ছেন, সেই রকম দিন। তাঁরা কোনটা করবেন সেটা আমাদের জানান, হয় আপনারা সেখানে কর্ডনিং তুলে দিন না হয় সেখানে এম, আর, সপ থেকে ১৯ শো গ্রাম কিংবা ২২ শো গ্রাম করে দেবার ব্যবস্থা করুন। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এটার সম্পর্কে তাঁরা কিছু বলুন, কারণ সেখানে ৩ লক্ষ লোক অত্যন্ত খাদ্য সংকটের মধ্যে রয়েছে।

GOVERNMET BILL

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee.

Shri Somnath Lahiri : মাননীয় স্পীকার মহাশয়, ১৮ বছর ধরে একটানা কল্যাণ রাষ্ট্র পরিচালনা করার পর কালকে কংগ্রেস সরকারের অর্থমন্ত্রী এই সভায় বিলাপ করলেন যে তাঁদের খোদ রাজধানী অঞ্চলে জল, নর্দমা, নিকাশী ব্যবস্থা, স্বাস্থ্য, সমস্ত দিক দিয়ে এই খোদ রাজধানী অঞ্চল পৃথিবীর মধ্যে কলঙ্কস্বরূপ। কংগ্রেসী রাজত্বের ব্যর্থতা সম্পর্কে কি করুণ স্বীকারোক্তি বের হল তাঁদেরই অর্থমন্ত্রীর মুখ থেকে। ১৮ বছর ধরে তাঁরা এই কলঙ্ক দূর করেন নি কেন? এই দেশে কি টেকনিশিয়ানের অভাব ছিল? জল সরবরাহের ব্যবস্থা যার মানে হয়ত গংগা থেকে, না হয় মাটির নীচ থেকে জল সরবরাহ করবেন বলে ব্যবস্থা করছেন তাতে এমন কোন অভূতপূর্ব ইঞ্জিনীয়ারিং স্কিম নেই যার জন্য উপযুক্ত টেকনিশিয়ান, উপযুক্ত ইঞ্জিনীয়ার আমাদের দেশে পাওয়া যায় না? সুতরাং টেকনিশিয়ানের অভাবের জন্য এই কলংক হয়নি। প্ল্যান বা সাজেসনের কি অভাব ছিল? কলকাতা কর্পোরেশন এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটি বহু প্ল্যান এবং সাজেসন

গভর্নমেন্টকে দিয়েছে, তারা নিজেরাও করেছে। সরকারের অতি প্রিয় সাম্প্রতিক যে ভুঁইফোঁড় প্রতিষ্ঠান সি, এম, পি, ও, তারা মোটের উপর প্রধানতঃ কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির সাংশন ইন্টিগ্রেসন এবং কাইনালাইজেশন করে এখন মাতব্বরি করছে। তাহলে এই সমস্ত প্ল্যান বা সাংশন আগে থেকে কাজে লাগান যায়নি কেন? অথরিটির অভাবের জন্য কি প্ল্যান বাতিল হয়েছে? তাত নয়। আমি একটা সামান্য নমুনা দিচ্ছি। ১৯৫৮-৫৯ সালে আমাদের এই সভাতে তদানীন্তন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে কলিকাতায় যেসব অঞ্চলে জলের ভীষণ অভাব তিনি এবং কর্পোরেশন মিলে একটা নূতন পরিকল্পনা করেছেন যাতে এই সমস্ত জলে ভেসে যায়। বললেন যে ৩০০ বিগ ডায়মেটার টিউবঅয়েল করে স্থানীয়ভাবে রিজার্ভার করে এবারে আমরা জল সরবরাহের সম্পূর্ণ ব্যবস্থা করবো। প্ল্যানের অভাব নেই, প্ল্যান গ্রহণেরও অভাব নেই কিন্তু ৪/৫ বছর পরে বিধানবাবু এই সভায় এসে ঘোষণা করলেন সেই প্ল্যান সম্পূর্ণ জবাই হয়ে গিয়েছে। কেননা সেই ৩০০ বিগ ডায়মেটার টিউবঅয়েলের জন্য যে ৩০০ মোটরের দরকার তা যোগাড় দেবার জন্য অর্থ সাহায্য করতে কি কেন্দ্রীয় সরকার কি পশ্চিমবংগ সরকার কেউই প্রস্তুত নন।

[2-30—2-40 p.m.]

সুতরাং কলকাতার যে কলংক সৃষ্টি হয়েছে তাঁর আমাদের ভালবাসা আর গৌরবের সহর কলকাতা যে আজ ধীরে ধীরে মৃত্যুর পথে অগ্রসর হচ্ছে তার জন্য দায়ী অথরিটির অভাব নয়, প্ল্যানের অভাব নয়—দায়ী আমাদের সরকারের হৃদয়হীন, মনুষ্যত্বহীন, দায়িত্বহীন অর্থপিশাচ নীতি—কি কেন্দ্রীয় সরকারের কি পশ্চিমবংগ সরকারের নীতিই এর জন্য দায়ী। এই অঞ্চলের মানুষই এ দেশের শিল্প সম্পদ তৈরী করে এই অঞ্চলের মানুষই কংগ্রেস সরকারের আর্থিক অস্তিত্ব বজায় রাখবার একটা প্রধান স্তম্ভ। কিন্তু তার বিনিময়ে কংগ্রেস সরকার এই অঞ্চলের মানুষকে পিপাসার জলটুকুও দিতে প্রস্তুত নয় এই হোল তাঁদের নীতি। সে কথা কালকে আমাদের শৈলবাবু আরও নির্লজ্জ-ভাবে ঘোষণা করলেন কলকাতার শহরবাসীদের কাছে If you want a modern city you must pay for. অর্থাৎ ফেলো কড়ি জল খাও—না হলে পিপাসায় মরো—সরকারের কোন দায়িত্ব নেই—কি কেন্দ্রের কি রাজ্যের যদিও এই অঞ্চলের টাকা এই সরকারের প্রধান স্তম্ভ। এই বিলটা এসেছে এরও প্রধান উদ্দেশ্য তাই। জল কি পাওয়া যাবে—১৯৭১ সালে যদি ফরাক্কা ব্যারেজ প্ল্যান সার্থক হয় তখন প্রথম জল আসতে আরম্ভ করবে এবং তারও পরে মাত্র মাথাপিছু ৫০ গ্যালন জল পাবার জন্য এই অঞ্চলের অধিবাসীদের অন্ততঃ এই শতাব্দীতে পাবে না ২০০১ খৃস্টাব্দ পর্যন্ত অপেক্ষা করতে হবে সে কথা তাঁদের সি, এম, পি, ও, রিপোর্টে জানিয়ে দিয়েছেন। সুতরাং জলের দিক দিয়ে ভবিষ্যতে তারা কি পাবে জানি না—কিন্তু তার জন্য আজ থেকে যা ট্যাক্স দিতে হয় তা তো দিতেই হবে তার উপর জলের জন্য এবং নর্দমার জলের জন্য ওয়াটার চার্জ এবং সারচার্জ তাদের বহন করতে হবে বিলের এই হচ্ছে বিধান। স্বভাবত: করপোরেশন মিউনিসি-প্যালিটিগুলি এই ধরনের বিধান করতে পারে না—কারণ তারা জনসাধারণের কাছ থেকে নির্বাচিত এবং তাঁদের মধ্যে তাঁদের থাকতে হয়—তারা যতই অগণতান্ত্রিক মনে মনে হোক তাঁদের কাছে গিয়ে এই রকম নির্লজ্জ কথা বলতে সাহস করেনা যে, যা দিচ্ছ তাতে হবে না যদি জল খেতে চাও আবার টাকা দিতে হবে। সুতরাং এই ধরনের কাজ তাদের দ্বারা করা সম্ভব হয়নি। সেজন্য সেই সমস্ত মিউনিসিপ্যালিটি এবং করপোরেশন তাদের প্রধান ফাংসানগুলিকে সম্পূর্ণরূপে বাতিল করে দিয়ে এই আমলাতান্ত্রিক মাথাভারী একটা অথরিটি গঠন করার পরিকল্পনা করা হয়েছে এই বিলে। এই অথরিটির বোর্ডে আমলাতন্ত্র মেজরিটি—মাইনে করা চাকর সে হচ্ছে বোর্ডের মেজরিটি এবং বাজেট ছাড়া অন্যান্য সমস্ত ব্যাপারে বোর্ড হচ্ছে সর্বেসর্বা। অর্থাৎ ৪ জন সরকারী মাইনে করা চাকর কলকাতা সহরের মানুষের উপর বেশীর ভাগ ব্য পারে যা খুশী চাবুক চালাতে পারবে, যা খুশী পয়সা আদায় করতে পারবে এই বিধান আমাদের এই বিলের মধ্যে রাখা হয়েছে। কাউন্সিল-এর ব্যাপারে সিলেক্ট কমিটি কিছুটা সংশোধন করেছেন ভালর দিকে কিন্তু তাহলেও সেখানে জনসাধারণের কোন প্রত্যক্ষ প্রতিনিধিত্ব নেই। নির্বাচিত প্রতিনিধি যারা

আসবে তাঁদের মেজরিটি এখানে স্বীকৃত হয়েছে বটে—কিন্তু সেই নির্বাচিত প্রতিনিধিরাও কেউ সরাসরি নির্বাচিত প্রতিনিধি নয় সকলেই অপ্রত্যক্ষভাবে নির্বাচিত। সুতরাং জনসাধারণের প্রতি তাঁদের দায়িত্ব এবং জনসাধারণের তাদের উপর চাপ দেবার ক্ষমতা অপেক্ষাকৃত কম হবে। একটা সিংগল অথরিটি বলে কান ফাটিয়ে দিয়েছেন শৈলবাবু যেন সিংগল অথরিটি হলে স্বর্গ নেমে আসবে মর্তে—সিংগল অথরিটি ভাল হতে পারে কিন্তু তা তো নীচের দিক থেকেও করা যেতো। যেমন ধরুন ষ্টেটসম্যান কাগজে লিখেছে যে পৃথিবীতে নাকি সব জায়গায় এইভাবে হয়। তাদের পৃথিবীর উদাহরণ লণ্ডন। স্বভাবতঃ লণ্ডনে ষ্টেটসম্যানের পূর্বপুরুষদের বাস। সুতরাং লণ্ডনে যা হয় তাই তাদের কাছে একমাত্র বিষয়। তারা দেখতেও পায় না যে এই ভারতবর্ষে একটা সহর আছে তার নাম বোম্বাই। এবং সেই বোম্বাই সহরে গ্রেটার বোম্বে এলাকাকে বোম্বাই শহরের সংগে যুক্ত করে তারা সেখানকার পৌর শাসন চালাচ্ছে এবং তারা যে শুধু জল দেয় তা নয় বা শুধু নর্দ্দমা সাফ করে তাই নয়, শুধু যে সহরের স্বাস্থ্য রক্ষা করে তাই নয়, এমন কি সহরবাসীদের ইলেকট্রিসিটি এবং ট্রান্সপোর্ট সরবরাহ করে যোগ্যতা সহকারে। আমাদের দেশের বোম্বাই সহর গণতন্ত্রকে রক্ষা করে এবং সেই গণতন্ত্রেরই কল্যাণে তাদের দেশের মানুষকে যে সুখ-সুবিধা দিতে পেরেছে আমাদের কলকাতা সহরের মেট্রোপলিটন অঞ্চলে কেন আমরা তা করতে পারবো না এই হোল আমার প্রশ্ন। কেন এখানে তার চেয়ে অনেক কম সুবিধা—শুধুমাত্র আশ্বাস দিয়ে আমাদের সরকার জনসাধারণের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিতে চাচ্ছেন—কেন এই ব্যতিক্রম ? কারণ হচ্ছে সাম্রাজ্যবাদীদের দুরভিসন্ধিমূলক যে প্ররোচনা তা তাদের প্রলুব্ধ করেছে—আমাদের পরমুখাপেক্ষী সরকার প্রলুব্ধ হয়েছে। শৈলবাবু অবশ্য কালকে গদগদ হয়ে বলেছেন যে aid without strings. কিন্তু এড আসার আগে থেকে দড়ির নাচে শৈলবাবু নাচতে আরম্ভ করেছেন। এখনও পর্যন্ত তো মেট্রোপলিটন অথরিটি প্রতিষ্ঠা হয়নি—জল পাবার ব্যাপারে কোন সাহায্য এখনও আসেনি—কিন্তু এখনই কি হয়েছে এই বিলে ? শুনলে আমার মাথা হেট হয়ে যায় যে ওয়ার্লড হেল্‌থ অর্গানাইজেসন আগে বিল মঞ্জুর করেছে তারপরে আমাদের ক্যাবিনেট সেই বিল মঞ্জুর করার অধিকার পেয়েছে এবং ওয়ার্লড ব্যাঙ্ক স্পষ্ট বলে দিয়েছে যা ঐ সি. এম. পি. ও-র রিপোর্টে আছে যে যদি ওয়ার্লড হেল্‌থ অর্গানাইজেসনের কথা মত বিল তোমরা পাশ কর তবে আমরা টাকা দেবো কি দেবো না—সে কথা বিবেচনা করতে পারি, তা না হলে কিছুই হবে না এবং এই দড়ির যেই টান হোল অমনি শৈলবাবু পুতুল নেচে উঠলেন—বললেন এই সেসনেই পাশ করাতে হবে। সিলেক্ট কমিটি যদিও বা আমরা অতি কষ্টে করলাম কিন্তু সেই সিলেক্ট কমিটির গলার উপর তিনি চেপে বসলেন যে এই সেসনেই পাশ করাতে হবে—কেননা ওয়ার্লড ব্যাংক জানুয়ারী মাসে মিট করছে, তাদের গিয়ে যদি হাত জোড় করে দেখাতে না পারি যে হুজুর তোমাদের কথামত আমি বিল পাশ করেছি তাহলে টাকা দেবে না। কাজেই আমাদের পুতুল এই টাকা সাহায্য পাবার আগেই নাচছেন, যদি সাহায্য পান তাহলে কি নাচ দেখাবেন তা আমাদের কথক নৃত্যওয়ালারাও বলতে পারে না। এমনকি এই বিল সিলেক্ট কমিটিতে যখন এলো করপোরেশনের মত বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসনের মত যা সিলেক্ট চেয়ে পাঠিয়েছিলেন একটু সময় পর্যন্ত দেওয়া হোল না সেই মতটা পাওয়া পর্যন্ত অপেক্ষা করার। সিলেক্ট কমিটিকে করপোরেশনের মত এবং মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসনের মত না জেনেই মতামত দিয়ে শেষ করে দিতে হোল—এমনই জরুরী টান ওয়ার্লড ব্যাঙ্ক থেকে এসেছে শৈলবাবুর টিকিতে। আর বিল পাশ করার পরে ওয়ার্লড ব্যাংক থেকে আবার কি নূতন দড়ি টানবেন তার ইঙ্গিতই ঐ সি. এম. পি. ও-র রিপোর্টের মধ্যে দেওয়া হয়েছে। তাতে অবশ্য বলা হয়েছে, লোভী কুকুরের মত জীভ দিয়ে জল কেটে ফেলতে সি. এম. পি. ও-র কর্তারা তাদের রিপোর্টে লিখেছেন যে ওয়ার্লড ব্যাংক জানিয়েছেন যে অথরিটি প্রতিষ্ঠার পর ইঞ্জিনীয়ারিং কন্সালট্যান্ট, ম্যানেজমেন্ট কন্সালট্যান্ট এবং ফাইন্যানসিয়াল কনসালট্যান্ট যোগাবার জন্য ব্যাংক হয়তো কিছু গ্রান্ট দিতে রাজী হতে পারে—মানে কি ? নির্গলিতার্থটা যে শুধু অথরিটি আমাদের কথা মত করলেই হবে না—অথরিটি হবার

পরে সেই অথরিটি পরিচালনার ব্যাপারেও ফাইন্যান্সিয়াল কন্সালট্যান্টরূপে ম্যানেজমেন্ট কন্সালট্যান্ট রূপে ইঞ্জিনীয়ারিং কনসালট্যান্টরূপে আমরা ওয়ার্লড ব্যাংকের বিদেশী প্রতিনিধিরা তোমাদের দেশের এই ভাইট্যাল ওয়াটার সাপ্লাইয়ের মত জিনিষের উপর আমাদের দখল জমাবার চেষ্টা করবো এই হোল তাদের আজকে স্পষ্ট কথা এবং আমরা লোভী কুকুরের মত তা চেটে নিয়েছি এবং সানন্দ জানিয়েছি।

[2-40—2-50 p m.]

হলদিয়ার জন্য World Bank যে নূতন শর্ত দিয়েছিল যে সমস্ত management-এর ব্যাপার আমাদের হাতে দিতে হবে তারপর কি এই লোভ থাকতে আমাদের শৈলবাবুর চৈতন্য হবে না। C.M.P.O.-র যে এরিয়াল সার্ভে ছিল সে ম্যাপ আমেরিকায় পাচার হয়ে যাচ্ছিল এসমস্ত বিদেশী মারফৎ একথা কি তিনি জানেন না। এটুকুন কি তাঁর বুদ্ধি নেই যে যারা আমাদের শত্রুকে প্যাটন ট্যাঙ্ক সাবার জেট সাপ্লাই করতে পারে দরকার হলে তারা আমাদের ভাইটাল পৌরপ্রতিষ্ঠানের সংগে সংযুক্ত হয়ে সমস্ত কিছু বানচাল করবার চেষ্টা করতে পারে। এরিয়াল সার্ভের ম্যাপ তারা যেমন আমাদের শত্রুর কাছে পাঠাতে পারে তারা এ ব্যবস্থাও করতে পারে। কিন্তু সবচেয়ে আশ্চর্য্য এই, যে সাহায্য লাভের জন্য নাচছেন সে সাহায্য পাওয়া যাবে কিনা তার বিন্দুমাত্র নিশ্চয়তা নেই। World Bank-এর কাছে কি সাহায্য প্রত্যাশা করেন সেটা জানা দরকার, মনে করেছেন যে কোটী কোটী টাকা দেবেন এরা চেয়েছেন Plan-এর জন্য foreign exchange component অর্থাৎ সেটা হয় ৩০ লক্ষ টাকার মত সেই ৩০ লক্ষ টাকার সাহায্যের জন্য World Bank এর নির্দেশ হুকুম অনুসারে এ বিল রচনা করেছেন। দেশের মানুষের, দেশের পৌর প্রতিষ্ঠানগুলির সমস্ত গণতান্ত্রিক অধিকার ছিনিয়ে নিয়ে তাঁরা বিলের সার্টিফিকেট নিয়ে যাবেন যে আমাদের ৩০ লক্ষ টাকা দাও। আবেল যখন কেনার কাছে তার বাতটব বিক্রী করেছিল তখন একটা মেস অফ পটেজ চেয়েছিল। আর আমাদের মন্ত্রিমহাশয় সে মেস অফ পটেজ যোগাড় করতে পারেন নি। ৩০ লক্ষ টাকার মত অতি থিন গ্রুয়েল তার লোভে হন্নে হয়ে ছুটছেন দয়া করে দাও তাতেই হবে। তাতে যদি আমাদের গণতান্ত্রিক অধিকার ধ্বংস হয়ে যায় যাক্ তাতে যদি আমাদের জল সরবরাহের উপর নাগ গলাতে আসে আসুক তাতে যদি যুদ্ধের সময় আমাদের জল নিয়ে গোলমাল সৃষ্টি করে তাহলে তারজন্য প্রস্তুত কিন্তু ৩০ লক্ষ টাকা দিয়ে আমাদের ধন্য কর। সেজন্য আমরা এ বিলের বিরোধী। আমি একথা স্বীকার করি Select Committee একটা সিংগিল অথরিটি করেছেন যেটা খারাপ নয়, হয় তো সিলেক্ট কমিটি এই অথরিটির গঠন সম্বন্ধে কিছুটা পরিবর্তন করেছেন আগের তুলনায় এবং সে অথরিটি আছে ডেমোক্রাটিক কনষ্টিটিউশানে হয়েছে এবং সে অথরিটি বিদেশী কুক্ষিগত হবার। বিপদের দিক থেকে কোন মৌলিক গ্যারান্টি তার বিরুদ্ধে সৃষ্টি করতে পারেন নি। সুতরাং এ বিলের মূল চরিত্র অত্যন্ত প্রতিক্রিয়াশীল যা মেট্রোপলিটান অঞ্চলের মানুষকে সাহায্য করবে না। সাহায্য করবে, যারা আমলাতান্ত্রিক মানুষ যারা নাকে দড়ি দিয়ে ওদের টাকা দিতে চাচ্ছেন এবং সাহায্য করবে বিদেশী অনুপ্রবেশ কারীদের যাদের চাম্পিয়ান হচ্ছে স্টেটসম্যান, একথা বলে আমরা এ বিলের ঘোরতর বিরোধীতা করছি এবং আমরা মনে করি যে সমস্ত জনমতই এর বিরুদ্ধে মত দিয়েছে। কংগ্রেস কর্তৃক গঠিত যে Corporation, Municipality সেই Corporation এবং Municipality-র বিরুদ্ধে মত দিয়েছে, যদি বাজি ধরা যায় তাহলে দেখা যাবে কলকাতার অধিকাংশ মানুষ এ বিষয়ে ধিক্কার দেবে। কিন্তু এ সরকারের সাহস হয়নি জনমত সংগ্রহের জন্য এ বিল প্রচার করা তারা কোন রকমে World Bank-এ লালমুখো সাহেবদের পদ লেহন করার জন্য সিলেক্ট কমিটি মারফৎ এ সেসানে তাড়াতাড়ি করে এ বিল পাশ করার জন্য অত্যন্ত উৎকট অশোভন নির্লজ্জ আকাঙ্খা নিয়ে এ বিল এনেছেন। সুতরাং এ বিলকে পরাস্ত করবার জন্য আমরা প্রানপণ চেষ্টা করবো।

Shri Hemanta Kumar Basu : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শৈলবাবু যে উদ্বোধনীবক্তৃতা দিয়েছেন তাতে এই বিলের দ্বারা আমাদের কতটা উন্নতি হবে তার একটা bright picture এঁকেছেন। যখন কোন বিল bill আসে তখন সেই bill সম্বন্ধে মন্ত্রিমহাশয়রা

আমাদের সামনে একটা উজ্জ্বল চিত্র ধরেন এবং শৈলবাবুও তাই করেছেন। কলিকাতা শহরের রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্নতায় জন্য ; জলের ব্যবহার জন্য কতদিন ধরেই কলকাতা করপোরেশান কতদিন ধরে সরকারের কাছে আবেদন নিবেদন করছেন, সাহায্য চাইছেন এবং যে সব scheme করা দরকার সে দিক থেকে কলকাতা করপোরেশানকে আজও বিশেষভাবে কিছু করা হয়নি। কলকাতা করপোরেশানের টাকার দরকার, তাদের যে অভাব সেই অভাব যদি করপোরেশানকে সঠিকভাবে দেওয়া হত, তারা যদি সাহায্য পেতেন তা হলে তারাও কলকাতার রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন করার এবং জলের ব্যবস্থা করতে পারতেন। এর জন্য Metropolitan Boardএর দরকার হত না। আপনারা যে ক্ষমতা এই Boardকে দিচ্ছেন তার ফলে তারা এই সমস্ত কাজের জন্য নূতন tax বা কর করতে পারবেন এবং সেইভাবে tax বা কর বসিয়ে তারা কাজ করবেন, এইভাবে ক্ষমতা নিচ্ছেন। ৩২টা Municipality নিয়ে আপনারা এই Metropolitan District Board তৈরী করছেন। তারা জল, ড্রেন এবং রাস্তাঘাটের ব্যবস্থা করবেন। আজকে আমাদের কলকাতা করপোরেশনের বা Municipalগুলির সে সমস্ত দায়িত্ব এবং কাজ Metropolitan Board নিয়ে নিচ্ছেন কাজেই করপোরেশান বা Municipality-এর বিশেষভাবে আলাদা কাজ থাকবেনা। Building plan পাশ করা এরূপ ছোটখাট কাজ থাকবে তারজন্য বহু টাকা খরচ করতে হবে এবং করপোরেশানকে তার বিভিন্ন বিভাগ maintain করতে হবে। তারজন্য বহু টাকা খরচ হবে অথচ যে কাজের ভার ছিল তা থাকবে না। করপোরেশানে বিভিন্ন বিভাগগুলির কাজ Metropolitan Board-এর হাতে এই বিলের দ্বারা যাবে। কাজেই সেই দিক থেকে সমস্ত Municipality এবং করপোরেশানের সকলের একটা সম্মিলন বা conference করে এই বিলের দ্বারা যে সমস্ত problem আমাদের সামনে ছিল সেই sewerage, drainage, water supply ইত্যাদি সমস্ত কাজ কি করে করা হবে তার কিছুই আলোচনা করা হয়নি। যদি তাদের কাছ থেকে এই সমস্ত plan গ্রহণ করা হত তা হলে ভাল হত। Metropolitan District করপোরেশানের এই সমস্ত কাজ যদি এই ভাবে গ্রহণ করতেন তা হলে তাদের উপর সৎ বিচার করা হত। কিন্তু Municipality থেকে, District Board-এর হাত থেকে সমস্ত কাজ নিয়ে এইভাবে একটা স্বেচ্ছাচারমূলক Board তৈরী করছেন। যখন প্রস্তাব পাশ হয় তখন আমরা সকলে এটা সমর্থন করেছিলাম কিন্তু তখন আমরা মনে করিনি যে এরূপ একটা Bill আসবে এবং আমাদের তা সমর্থন করতে হবে। যদি নূতন tax প্রবর্ত্তন করবার দরকার হয় তা হলে Municipality বা করপোরেশান যে সমস্ত তারা দাবী করে তাদের কাজ পরিচালনা করবার জন্য যে Cinema Tax or Motor Vehicle Tax তাদের অংশ বেশীর ভাগই এদের দেওয়া উচিত। কিন্তু সরকার তা দেন না। অথচ এই Boardকে ক্ষমতা দিচ্ছেন তারা tax করতে পারবে, তারা loan করতে পারবে, তারা debenture করতে পারবে অথচ এই body যে purpose-এ করা হল তার টাকা বেশীর ভাগ বিদেশ থেকে আসছে তাও হচ্ছে না। দেশের টাকা দিয়ে দেশের উন্নতি করা হবে কিন্তু তা কতটা হবে সেটা সন্দেহ আছে। Government যে কাজের দায়িত্ব নেন সে কাজ কতটা

[2-50—3 p.m.]

হয় সেটা সকলেই জানেন। দ্বিতীয়তঃ এঁরা এরজন্য Directors' Board করেছেন। অতএব সিলেক্ট কমিটিতে Directors' Board-এর অনেকখানি পরিবর্ত্তন হয়েছে। কিন্তু চাবিকাঠিটি ঐ Directors' Board-এর হাতেই রাখা হয়েছে। তিনজন অতিরিক্ত ডিরেক্টর নেওয়া হবে, তাদের কোন portfolio থাকবে না। তাঁরা এমনিই ডিরেক্টার হয়ে থাকবেন। তাহলে তাঁদের ডিরেক্টর করে লাভ কি? তাদের জন্য যদি কোন রকম portfolio-র ব্যবস্থা করা না হয়, আর অন্য তিনজন ডিরেক্টরের portfolio থাকে, তাহলে এই তিনজন ডিরেক্টরকে নিয়ে লাভ কি? মিছামিছি এঁদের মাইনে দিতে হবে, এঁদের যা কিছু প্রয়োজন, তা দিতে হবে।

শুধু শুধু একটা খরচা বাড়ান হ'ল। অথচ এটাকে খানিকটা সিলেক্ট কমিটিতে সংশোধিত করা হয়েছে। আমাদের এই বোর্ড সম্বন্ধে যে মত, যে এটা একটা অগণতান্ত্রিক বোর্ড তৈরী হচ্ছে, এটা একটা একনায়কত্ব হচ্ছে, অতএব, আরও তিনজনকে ডিরেক্টর করে রাখা হল। এঁদের নেওয়া হল বটে, কিন্তু, ঐ যে তিনজন ডিরেক্টর ছিল, তাঁদের যদি এমন ভাবে নেওয়া হতো, তাহলে সেটা বাস্তবিক গণতন্ত্র সম্মত হত। তা না করে, আরও তিনজন ডিরেক্টরকে, আমরা General Council থেকে নির্বাচিত করে নিলাম করার উদ্দেশ্য হল, যে কেবল সরকারের নিযুক্ত যাঁরা ডিরেক্টর তাঁদেরই শুধু আমরা নিলাম না, আমরা এর সঙ্গে কাউন্সিলের নির্বাচিত আরও তিনজন ডিরেক্টরকে নিলাম। সরকারের তিনজন, আর কাউন্সিলের তিনজন নিয়ে ছয়জন ডিরেক্টর হলেন। তাঁরা Chairman appoint করলেন। অর্থাৎ তারা হলেন একজন appointed Chairman of the Government. কাজেই appointed Chairmanএর হাতে যথেষ্ট ক্ষমতা রইল। কেন না casting vote তাঁর হাতে। তিনজন, তিনজন, এই ছয়জন মিলে, যদি তিনটে, তিনটে করে, দু-দিকে ভোট হয়, তাহলে সেখানে decision বা সিদ্ধান্ত অচল হয়ে যাবে। কাজেই একটু চালাকি করে একজন চেয়ারম্যান নিযুক্ত করলেন, এবং সেই চেয়ারম্যানের হাতেই ক্ষমতা দেওয়া হল, কারণ আর কোন উপায় নেই। যদি দেখা যেত যে মিউনিসিপালিটি বা ডিস্ট্রিক্ট বোর্ড থেকে যাঁরা নির্বাচিত হবেন, বা কাউন্সিল থেকে যাঁরা নির্বাচিত হবেন, বা যে সকল প্রতিনিধিরা আছেন, তাঁদের মধ্য থেকে যাঁরা ডিরেক্টরস নির্বাচিত হবেন, তাঁদের সংখ্যা যদি বেশী হ'ত, ৪ জন, ৫ জন, ৬ জন বা ৭ জন হতো, তাহলে বলা যেতো যে একটা খুব গণতান্ত্রিক উপায়ে বোর্ড গঠন করা হচ্ছে। কিন্তু তা হচ্ছে না। এটা ঐ তিনজন, তিনজন, ছয়জন ডিরেক্টর্স আর চেয়ারম্যানের হাতে রাখা হচ্ছে। তাঁরা যে কাউন্সিল গঠন করেছেন, অবশ্য সিলেক্ট কমিটিতে, আমাদের অনেকের মতের চাপে পড়ে, অনেকখানি পরিবর্তন করতে হয়েছে। সিলেক্ট কমিটিতে বিবেচনা করে ডিস্ট্রিক্ট বোর্ড ও মিউনিসিপালিটির সংখ্যা আরও ২০টি করে বসান হয়েছে। এটা অবশ্য করতে তাঁরা বাধ্য হয়েছেন। তারপর আমরা দেখছি কাউন্সিলের ক্ষমতা এবং Directors বোর্ডের ক্ষমতা কিভাবে রাখা হয়েছে। ডিরেক্টর্স বোর্ড যা কিছু কাজ করবে, কতকগুলি বাজেট সম্বন্ধে, কিম্বা financial statement সম্বন্ধে, সেখানে কাউন্সিলের approval নিতে হবে। কিন্তু Directors' Board, তারা যে কাউন্সিলের কাছে দায়ী প্রত্যেকটি কাজের জন্য এরকম কোন provision এই বিলের মধ্যে নেই। কাজেই সেদিক থেকে Directors' Board সম্বন্ধে সিলেক্ট কমিটিতে যেটুকু এ্যামেণ্ডমেন্ট বা সংশোধন করবার চেষ্টা হ'ল, তাতে বিশেষ কোন ভাল কাজ হল বলে, ঠিক আমি মনে করতে পারছি না। কাউন্সিলের ক্ষমতা কতকটা বাড়ান হয়েছে বটে, কিন্তু যতখানি ক্ষমতা বা শক্তি দেওয়া উচিত ছিল, ততখানি দেওয়া হয়নি। কাজেই এই যে মেট্রোপলিটন বোর্ড এর দ্বারা কতখানি যে কাজ হবে, তাতে যথেষ্ট সন্দেহ আছে। তারা যে প্ল্যান করবেন, সেটা ঠিকভাবে হবে কিনা, তাতে সন্দেহ আছে। তাঁরা যে কি কাজ করবেন, তা আমরা জানি। আপনি জানেন স্যার, গত যুদ্ধের সময়, যখন পাকিস্থান এবং ভারতের সঙ্গে সংঘর্ষ বাধে, এর মধ্যে মার্কিনের কি role ছিল। তাঁরা P. L. 480, নিয়ে আমাদের শাসাতে লাগলো। যার ফলে, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সভায় সভায় বলতে লাগলেন যে আমরা গাছ খাবো, পাতা খাবো, তবু আমরা আর মার্কিন গম আর খাবো না। আমরা বিদেশী সরকার, আমেরিকার উপরে নির্ভরশীল হবো না। কিন্তু আজকে সেই বিদেশী আমেরিকার উপর যদি আমরা নির্ভরশীল হই, এবং তাদের দ্বারা যদি পরিচালিত হই, তাহলে আমাদের হয়ত আবার সেই রকম দুরাবস্থার সম্মুখীন হতে হবে। যা দেখা যাচ্ছে, তাদের advice বা পরামর্শে এই বিলটি রচিত হয়েছে। সুতরাং তাঁরা যেভাবে পরিচালিত করবেন, সেইভাবে এই বোর্ডের মেম্বারগণ পরিচালিত হবেন। কাজেই বিদেশীর উপর আমাদের এতখানি নির্ভরশীল হওয়া উচিত নয়।

আমরা আরো দেখেছি যে তাঁদের উপর নির্ভর করে টাকাও বেশী পাচ্ছি না। কাজেই তাদের উপর এত নেতৃত্ব দায়িত্ব দেব কেন? এই বিলের আবহাওয়া থেকে, যেভাবে এই বিল রচিত হয়েছে, তাতে সেই সন্দেহ আমাদের মনে দূরীভূত হচ্ছে। কাজেই এটা সেইভাবে যদি বিদেশীর হাতে না থাকে এবং বিদেশীর দ্বারা পরিচালিত না হয় তার ব্যবস্থা সেইভাবে এই বিলের মধ্যে করা উচিত ছিল। কাজেই সেদিক থেকে বিদেশীর উপর আমাদের বিশেষ নির্ভরশীল হওয়া উচিত নয়। কারণ আমরা দেখেছি বিদেশীর উপর নির্ভর করে আমরা আমাদের দেশের খাদ্যোৎপাদন আদৌ বাড়াতে পারিনি। আমরা বিদেশীর মুখাপেক্ষী হয়েছিলাম,—তার জন্য এই সরকার অপদার্থতার পরিচয় দিয়েছে। সুতরাং কখনো আবার যদি কোন সংকট উপস্থিত হয়, কোন রকম মতভেদ হয়, দুর্ঘটনা হয়, তাহলে তখন আমাদের মুস্কিলে পড়তে হবে, ফাঁপরে পড়তে হবে। বিদেশীর সাহায্যে যে বিল রচনা করলাম, সে বিল কার্যকরী করা সম্ভব হবে না। সেদিক থেকে বিদেশীর উপর নির্ভর করে এই বিল যাতে রচিত না হয়, সেটা দেখা প্রয়োজন।

শৈলবাবু বলেছেন যেখানে আমরা ১২ গ্যালন জল পাই, সেখানে এর দ্বারা আমাদের জন্য ৫০।৬০ গ্যালন জলের ব্যবস্থা করা হবে। এটা বাস্তবিকই একটা rosy picture. কলকাতা ও তার আশেপাশের লোকে জলের অভাবে অতিশয় কষ্ট পাচ্ছে, তার সমাধান নিশ্চয়ই দরকার। কিন্তু এই সংস্কার দ্বারা সেই সমস্যার সমাধান কতখানি হবে—সে বিষয়ে আমরা নিশ্চিত হতে পারছি না। প্লান আমরা করি—অনেকগুলি পরিকল্পনা আমরা করেছি, তিন তিনটা পরিকল্পনা আমরা শেষ করছি। প্রথম পরিকল্পনায় কিছু যে কাজ হয় নি তা নয়। কিছু কাজ হয়েছে নিশ্চয়ই। কিন্তু যে সমস্যা সমাধানের জন্য যে সমস্ত পরিকল্পনা করা হয়েছে, তাতে সমস্যার সমাধানে কতখানি সাহায্য করেছে জানিনা। কাজেই এটাও তেমনি একটা পরিকল্পনা হচ্ছে কতকগুলো সমস্যা সমাধানের জন্য। সেই জলের সমস্যা, রাস্তার সমস্যা, ড্রেনের সমস্যা—Sewerage-এর সমস্যা এই সব সমস্যার সমাধান হোক—আমরা চাই। সে সম্বন্ধে কতখানি কি হবে এর দ্বারা—তা আমরা জানিনা, বুঝতেও পারছি না। আমরা যেসমস্ত লোক নিয়ে কাজ করি, তাদের প্রত্যেকের সেরকম ট্রেনিং নাই, শিক্ষা নাই, উৎসাহ নাই, জনসাধারণের উপর তেমন দরদ নাই। তার উপর আবার এই municipal বোর্ডকে এত ক্ষমতা দেওয়া হচ্ছে জমি দখল করার। আমাদের acquisition-এর যে আইন আছে, সে অনুসারে টাকা দেওয়া হবে বলা হয়েছে। কিন্তু এমন সব ঘরবাড়ী দখল করা হবে যাতে করে দরিদ্র লোকদের ঘরবাড়ী চলে যাবে অথচ তার জন্য তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা এর মধ্যে নাই। তাদের ঘরবাড়ীগুলি চলে গেলে পরে কিভাবে তাদের পুনর্বাসন করা হবে—তার ইঙ্গিত এই বিলে নাই, তেমন কোন plan'ও এর মধ্যে নাই। তার অভাব এর মধ্যে রয়েছে।

জমি আপনারা নেবেন, আইনানুসারে টাকা আপনারা দেবেন একথা ঠিক। কিন্তু দরিদ্র এবং গরীব লোক যারা, তারা যদি বাড়ীঘর থেকে উচ্ছেদ হয়, এই প্লানের ফলে সে তার জীবিকা থেকে চ্যুত হয়, এর মধ্যে যে জমি পড়ছে সেখানে তারা ফসল তৈরী করতো, এখন সেই জমি নিয়ে নেবার ফলে তারা সেই জমির ফসল থেকে বঞ্চিত হবে, তাহলে তাদের জীবনে পুন: প্রতিষ্ঠিত হবার প্রয়োজন আছে। অথচ তার কোন ব্যবস্থা এখানে দেখতে পাচ্ছি না। এই বিল যদিও আমাদের খুব প্রয়োজন আমাদের জলকষ্ট, রাস্তাঘাটের অভাব, ড্রেনের অভাব, ইত্যাদি মেটাবার যে সমস্যা তার সমাধানের জন্য, তবুও বলতে হবে এর মধ্যে আরো যে সমস্ত প্রশ্ন এর সঙ্গে জড়িত রয়েছে,—সেই প্রশ্নগুলির যতক্ষণ না সমাধান হয় ততক্ষণ এই বিলকে আমি সমর্থন করতে পারছি না।

[3—3-10 p.m.]

Shri Narayan Chandra Roy: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই Calcutta Metropolitan Bill-এর বিরোধিতা করার জন্য দাঁড়িয়েছি, এবং যে বিরোধিতার কথা সোমনাথবাবুর মুখে ধ্বনিত হয়েছে সেটা আমারো অন্তরের কথা। আমি কলকাতার আদিম

অধিবাসীদের মধ্যে একজন, আমাদের বংশ ২০০ বৎসর কলকাতায় আছে। সুতরাং কলকাতাকে সুন্দর করতে চাইনা একথা আমি বলতে পারি না। আমি কলকাতা শহরকে ভালোবাসি, সুতরাং কলকাতাকে আমি সুন্দরও করতে চাই। কিন্তু যেভাবে সরকার কলকাতাকে সুন্দর করতে চান তার সংগে আমাদের গভীর মতবৈষম্য রয়েছে। এই প্রসংগে আমাকে ১৯৩০ সালে যখন আমি arrest হই তখনকার কথা আমার মনে পড়ছে। আজকে Central Avenue-র Monomohan Theater এর পাশ দিয়ে গিয়ে ব্যারাকপুর Trunk Road-এর দুই পাশ দিয়ে বেরিয়ে গিয়ে কলকাতা শহর কতদূর প্রসারিত হয়ে গেছে সেকথা কাউকে বলতে হবে না। পাকিস্থানের একজন বড় কর্মচারী আমাকে বলছিলেন, আপনারা করেছেন কি আপনারা পূর্ববঙ্গকে একবারে ধ্বংস করে দিচ্ছেন, যেখানে কোনদিন মানুষ ছিল না, যে জল নামলে মানুষের একদিনও চলে না, সেইজল পর্যন্ত ছিল না, সেখানে আপনারা শহর বসিয়ে দিচ্ছেন। কিন্তু তিনি জানতেন না এবং আমরাও সেদিন ভাবিনি ওঁরা যে কলকাতা শহর, সুন্দর কলকাতা শহর গড়ে তুলতে চাচ্ছেন, যে কলকাতা শহরে প্রকাণ্ড প্রকাণ্ড এক একটা বাড়ী হবে সেই কলকাতা শহরে বড়লোক ছাড়া অন্য কেউ বাস করতে পারবেনা। হেমন্তবাবু যেকথা বলেছেন, মধ্যবিত্ত লোকদের কলকাতা থেকে চলে যেতে রাণাঘাট প্রভৃতি জায়গায়, এইসব জায়গায়ই আমাদের মত লোককে বাস করতে হবে। যে কলকাতা শহর আমাদের চোখের সামনে শতদলের মতো ধাপে ধাপে বেড়ে উঠেছে, যে কলকাতা শহর আমাদের জীবনের সাধনা, ধ্যান ধারণা নিহিত সেই কলকাতাকে আমাদের মতো করে কেউ ভালোবাসতে পারে না। আমাদের আশান্বিত করা হয়েছিল যে, বিভিন্ন মিউনিসিপ্যালেটি থেকে জল সরবরাহ ও পয়ঃপ্রণালী ইত্যাদি, তার নিয়ে নেওয়ার ব্যবস্থা করা হচ্ছে তাদের relief দেবার উদ্দেশ্যে। কিন্তু এখন যে ব্যবস্থা করা হচ্ছে তাতে দাঁড়াবে, যেকথা সোমনাথবাবু বলেছেন এরপরে একগ্লাস জলও কিনে খেতে হবে। এই বিলের মধ্যে এমন সব loophole রয়েছে যার ফলে সুন্দর centralised Calcutta, bureaucratic Calcutta হবে যে আদর্শের কথা আপনারা বলেছিলেন centralised Calcutta হবে, তা আর হবেনা। অন্যদিকে তাকিয়ে দেখুন, স্বয়ং শাসিত প্রতিষ্ঠান সমূহের financial source আপনারা নিয়ে নিচ্ছেন, এবং ফল তাদের আপনাদের ক্রীতদাস হয়ে থাকতে হবে, এর ফলে আরো কি হবে, না, সরকারের কাছে তাদের সবরকম গঞ্জনা সহ্য করতে হবে। কোথায় আপনারা তাদের সাহায্য করবেন water supply and sanitary arrangementsএর জন্য তা না করে, তারজন্য এইসব local bodiesকে অর্থ সাহায্য করা দূরের কথা, তাদের আর্থিক সংগতি যা কিছু আছে সবই আপনারা নিয়ে নিচ্ছেন। আমি মনে করি এটা করার আগে আপনাদের তাদের মত নেওয়া উচিৎ ছিল, তাদের মতামত নিয়ে তারপর আপনাদের অগ্রসর হওয়া উচিৎ ছিল। যাই হোক, আমি আমার বক্তব্য দীর্ঘ করবো না, আর কয়েকটা কথা বলেই শেষ করবো। সোমনাথবাবু ইংগিতে বলেছেন, কলকাতাকে সুন্দর করার জন্য আমেরিকার থেকে যেটাকা আসবে তারজন্য যেন নিজেদের মাথা বিকিয়ে দিয়ে ফেলবেন না। আর একটা কথা এই যে সংগঠন তৈরী হচ্ছে এরজন্য বড় বড় অফিস এবং বড় বড় মাইনের কর্মচারী হবে, এবং তার ভার সাধারণ মানুষকেই বহন করতে হবে এটা আমরা বলিনি। এর মধ্যে যেটা আমরা চাই, যেটা করলে সুন্দর হতে পারতো, সমর্থনযোগ্য হতে পারতো কেউ যদি বলতো যে আমি এই টাকা দেবো, যদি স্টেট গভর্নমেন্ট বলতেন যে আমি এই টাকা দেবো, অন্ততঃ যদি বলতেন যে আমরা এই পার্সেন্টেজ টাকা দেবো, এই কথাগুলি যদি আপনি এই বিধানসভা কক্ষে বলতেন তাহলে আমাদের ছোটখাটো বিরোধিতা থাকলেও মনে মনে নিশ্চয়ই সমর্থন পেতেন। কিন্তু আপনি সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করছেন। ডিমোক্রাসিকে কেটে দিয়ে তার উপর বসাচ্ছেন বুরক্রাসিকে। জনসাধারণের উপর এই যে করভার বসাবেন এটা অত্যন্ত গুরুভার হবার সম্ভাবনা রেখে দিচ্ছেন। বিদেশ থেকে যদি টাকা আসে তাহলে তা শোধ দেবার ভারও তো আমাদের উপর থাকবে। সবচেয়ে মস্তবড় জিনিস যেটা হবে সেটা হবে ট্যাক্সের রাস্তা খুলে যাবে। আমার বক্তব্য শেষ করার সময় আমি এইকথা

বলে শেষ করছি যে আমাদের যে সমস্ত ছোটোখাটো প্রস্তাব, অ্যামেণ্ডমেন্ট থাকবে, সে সম্বন্ধে আপনি একটু কর্ণপাত করবেন এবং কর্মচারীদের সম্বন্ধে একটু শুনবেন, ট্যাক্স এবং টাকা আসা সম্বন্ধে এই সেসনে কিছু বলবেন এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Shri Nikhil Das : মাননীয় সভাপাল মহাশয়, শৈলবাবু কালকে বিলটা পেশ করতে গিয়ে একটা কথা বলেছেন যে এই বিল আনার উদ্দেশ্য এই নয় যে ক্যালকাটা কর্পোরেশন বা বিভিন্ন মিউনিসিপ্যালিটি যেগুলি আছে সেগুলি দক্ষতার সাথে কাজ করতে পারছেনা না সেগুলি অদক্ষতার সাথে কাজ করছে বা তারা কাজ করছেনা বলে আমাদের এই বিল আনতে হয়েছে তা নয়। ক্যালটাকা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি দক্ষতার সাথে কাজ করছে তবুও প্রয়োজন কেন? প্রয়োজন বর্তমান বিজ্ঞানের যুগে, বর্তমান টেকনিকেল যুগে, বিজ্ঞান এবং টেকনিক বলে দিচ্ছে যে একটা একিভূত স্কীমের দরকার, একটা ইনটিগ্রেটেড স্কীমের দরকার এবং সেই ইনটিগ্রেটেড স্কীমকে কার্যকরী করার জন্য এই অথরিটির দরকার এবং এটাই এই বিল আনার উদ্দেশ্য হিসাবে কালকে তিনি পেশ করেছেন এবং বার বার জোর দিয়ে একটা কথা বলেছেন তা হচ্ছে এই কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি দক্ষতার সাথে কাজ করছে, তারা অদক্ষ নয়, অকর্মণ্য নয়। তাঁর এই যুক্তি ধরে আমি বলতে চাই যদি কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি দক্ষতার সাথে কাজ করে থাকে—শৈলবাবু যেটা বলেছেন, তাহলে আমার বক্তব্য হচ্ছে তাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিচ্ছেন কেন? তাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেবার এই ষড়যন্ত্র কেন? মিষ্টি কথা বলে তাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেবার এক ষড়যন্ত্র করেছেন, নীচে কুইনিন দিয়ে উপরে তার মিষ্টি কোটিং দিচ্ছেন কিন্তু আসলে সমস্ত ক্ষমতা ক্যালকাটা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির হাত থেকে কেড়ে নেওয়া হচ্ছে, শুধু তাদের একটা সন্তোষের বাক্য আমাদের শৈলবাবু বলছেন যে তারা দক্ষতার সাথে কাজ করছে। মাননীয় সভাপাল মহাশয়, একথা আমরা স্বীকার করি যে কলকাতা, হাওড়া, বালি, এবং আর যে ৩২টি মিউনিসিপ্যালিটি এবং তার কাছাকাছি গ্রামীণ এলাকা যাকে ক্যালকাটা মেট্রোপলিটন বোর্ড বলা হচ্ছে তাকে সেই এলাকার জল সরবরাহ, ড্রেনেজ, জল নিষ্কাশন, তার অন্যান্য দূষিত যে ময়লা তা দূর করার জন্য যে ড্রেনেজ সিষ্টেম তার জন্য একটা ইনটিগ্রেটেড স্কীম করতে বলা হচ্ছে। একক এককভাবে ক্যালকাটা কর্পোরেশনের পক্ষে তা করা সম্ভব নয়, একক এককভাবে মিউনিসিপ্যালিটিগুলির পক্ষে করাও সম্ভব নয়। যে কারণে সম্ভব নয় তার একটা হয় আর্থিক সংগতির কারণ, আর দু নম্বর হচ্ছে এমন কতকগুলি কাজ রয়েছে যে কাজগুলি ছড়িয়ে আছে ৩৪।৩৫টি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের ভিতর। সুতরাং যদি কলকাতা এবং তার আশেপাশের অঞ্চল যাকে এখন ক্যালকাটা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট ধরা হয়েছে সেখানে যদি জলের ঠিক ঠিক ব্যবস্থা করতে হয় তাহালে একটা ইনটিগ্রেটেড স্কীমের দরকার। এটা আমরা কেউ অস্বীকার করিনা কিন্তু ইনটিগ্রেটেড স্কীম করা এবং সেই ইনটিগ্রেটেড স্কীমকে কার্যকরী করা একটা জিনিস আর সেই ইনটিগ্রেটেড স্কীম করার নামে জল সরবরাহ, ড্রেনেজ, এই সমস্তগুলির জন্য এই ক্ষমতা অথরিটির হাতে নিয়ে আসা আর একটা জিনিস। দুটো আলাদা জিনিস। আমরা বারবার একটা কথা বলার চেষ্টা করছি সেটা হচ্ছে এই অথরিটি যেই হোক সে একটা ইনটিগ্রেটেড স্কীম করুক, একটা মাষ্টার প্ল্যান করে তাকে কার্য্যকরী করুক, তারপরে লোক্যাল যে অথরিটিগুলি আছে সেই লোক্যাল অথরিটিগুলির হাতে সেসব জিনিসগুলি তুলে দিক যেমন ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট করে। শৈলবাবু হয়ত বলতে পারেন যে ৩৪।৩৫টি মিউনিসিপ্যালিটির মধ্যে যোগাযোগ রক্ষা করার জন্য কো-অর্ডিনেটিং বডি ওখানে থাকতে পারে এবং সেই অথরিটির কাজ হবে এই যে বিভিন্ন মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন তাদের কার্য্যাবলী, একটা মিউনিসিপ্যালিটির সংগে আর একটা মিউনিসিপ্যালিটির কাজের যে যোগাযোগ রয়েছে তা কো অর্ডিনেটিং করা, সেই কাজগুলিকে সুসামঞ্জস্য করার জন্য এই অথরিটি বেঁচে থাকতে পারে কিন্তু এই অথরিটি জল সরবরাহ, ড্রেনেজ, সুয়ারেজের দায়িত্ব

চিরকালের জন্য নিয়ে নেবে এটা হচ্ছে অগণতান্ত্রিক ব্যবস্থা এবং এই অগণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে আমরা বারবার বলেছি, শৈলবাবু তার জবাব দিতে পারেন নি। একটা একটা অথরিটি করা হোক মাষ্টার প্ল্যানের জন্য, মডার্ণ সায়েন্স, টেকনলজির ব্যাপারে ইনটিগ্রেটেড স্কীমের দরকার আছে। সেই ইনটিগ্রেটেড স্কীমকে কার্যকরী করার জন্য একটা অথরিটি হোক। কিন্তু সেই স্কীমের যখন প্রয়োগ হয়ে যাবে তখন সেই অথরিটিকে বাঁচিয়ে রাখার কোন অর্থ হয়না, তখন ক্যালকাটা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিগুলির হাতে এই দায়িত্বগুলি ছেড়ে দেওয়া দরকার। কেননা ক্যালকাটা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি এই দায়িত্ব পালন করবার জন্য দেশে গঠিত হয়েছে। এই কাজটা যদি এই বিলের মাধ্যমে হতো তাহলে এটা গণতান্ত্রিক বিল হতো। ২নং কথা হচ্ছে, শৈলবাবু বলেছেন এটা গণতান্ত্রিক, বুরোক্রাটিক নয়। আমি আপনার মাধ্যমে একটা প্রশ্ন করবো বোর্ড অব ডিরেক্টারস হচ্ছে সমস্ত ক্ষমতার অধিকর্তা, সমস্ত ক্ষমতা তাদের হাতে। জেনারেল কাউন্সিল একটা পোষাকি বডি। বোর্ড অব ডিরেকটারসের গঠনতন্ত্র কি না সরকার তিন জন কর্মচারীকে দেবেন, তাঁরা মাইনে করা হোল টাইম অফিসার এবং তিনজন জেনারেল কাউনসিল নির্বাচিত করে দেবে। এই তিন আর তিন সমান সমান হয়ে গেল। সরকার যে তিন জন ডিরেকটার নিযুক্ত করলেন তাদের থেকে সরকার একজনকে চেয়ারম্যান করে দেবেন অর্থাৎ চেয়ারম্যানের কাষ্টিং ভোটে এই যে মাইনে করা কর্মচারী যারা তারা ইলেকটেড ডিরেকটার যারা জেনারেল কাউন্সিল থেকে আসবে তাদের মতকে চিরকালের জন্য নস্যাত করে দেবে। সেইজন্য আমরা এটাকে বুরোক্রাসি কণ্ট্রোল বলছি। অর্থাৎ আসলে সরকারের যারা তিনজন কর্মচারী যারা ডিরেকটার্স বোর্ডে থাকছে তারাই আসলে এবং আদতে এই অথরিটিকে নিয়ন্ত্রণ করবে। সুতরাং সরকারী কর্মচারী নিয়ন্ত্রিত এই বোর্ড বলে একে আমরা বুরোক্র্যাটিক বলছি যার জবাব শৈলবাবু তাঁর বক্তৃতায় দিতে পারেনি। তিন নম্বর কথা হচ্ছে জেনারেল কাউন্সিলের গঠনতন্ত্র সম্পর্কে। জেনারেল কাউন্সিল কিভাবে করেছেন—আমরা বারাবার বলেছি যে বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলি যারা এর মধ্যে আছে তাদের ন্যূনপক্ষে একজন করে এই অথরিটির মধ্যে নিয়ে নেওয়া হোক কিন্তু তা নেওয়া হয়নি। পাঁচটা মিউনিসিপ্যালিটির একটা গ্রুপ, তার মধ্যে এ বছরে যদি একটা আসে তাহলে ও বছরে আর একটা আসবে এর ফল হচ্ছে কি, না জেনারেল কাউন্সিলের ভিতর বিভিন্ন মিউনিসিপ্যালিটির যে সমস্যা সেই সমস্যা প্রতিফলিত হবার কোন ব্যবস্থা নেই। কারণ পাঁচটার একটা গ্রুপ করা হয়েছে তার মধ্যে যদি কামারহাটি থেকে একজন আসেন তবে তিনি টিটাগড়ের কথা বলতে পারবেন না, আবার পরের বছর যে টিটাগড় থেকে আসবেন তিনি অন্য মিউনিসিপ্যালিটির কথা উঠাতে পারবেন না। সুতরাং আর চারটি মিউনিসিপ্যালিটির কোন প্রতিনিধি না থাকায় তাঁদের বক্তব্য ঐ জেনারেল কাউন্সিলে রাখতে পারছেন না। এইভাবে জেনারেল কাউন্সিলে প্রতিটি মিউনিসিপ্যালিটি তাদের বক্তব্য রাখার সুযোগ পাচ্ছেনা। এইজন্য জেনারেল কাউন্সিলের যে গঠনতন্ত্র এটা আনডিমোক্রটিক হয়েছে, এই গঠনতন্ত্রকে পালটান দরকার। তারপরে হচ্ছে ট্যাক্সের কথা। ট্যাক্সের কথায় শৈলবাবু বলেছেন আমরা যা করছি তাতে বড়লোকের গলা কেটে দিচ্ছি।

[3-20—3-30 p.m.]

আর গরীবদের খুব সুযোগ সুবিধা করে দিচ্ছেন কিভাবে?—না, জল যে যা খরচ করবে তার উপর ট্যাক্সেসন হচ্ছে, চার্জ হচ্ছে। বড় লোক যদি বেশী জল খরচ করে তাহলে তারা বেশী টাকা দেবে, গরীব কম জল খরচ করে কম টাকা দেবে। করপোরেশনের এখন যা আইন-কানুন তাতে নাকি শৈলবাবু বলেছেন যে গরীব আর বড় লোককে সমান দিতে হয়। শৈলবাবু কালকে একটা কথা বললেন ইগনোরেন্স ইজ ব্লিস। আমি শৈলবাবুকে বলবো বর্তমানে কিভাবে করপোরেশনে ওয়াটার রেট আছে সে সম্পর্কে জানলে তিনি বোধ হয় ঐ রিমার্কটা করতেন না। কাজেই তাঁর পক্ষেই এই বিশেষণটা খাটে যে ইগনোরেন্স ইজ ব্লিস। বর্তমানে ওয়াটার রেট

বলে আলাদা কোন রেট নেই। বাড়ীর মালিকের যে বাড়ী থাকে তার যা ভ্যালুয়েসন তার উপরে একটা ইনটিগ্রেটেড ট্যাক্স হয় এবং তার মধ্যেই সমস্ত ট্যাক্স জড়িত আছে। যে বড়লোক তার বাড়ীর ভ্যালুয়েসন এক কোটি টাকা হবে তাই তার ইনটিগ্রেটেড ট্যাক্স এবং করেসপনডিং ট্যাক্স বেশী। আর গরীব লোকের ছোট বাড়ী কাজেই তার ইনটিগ্রেটেড ট্যাক্স ওয়াটার ট্যাক্স প্রোপোরসনেটলি কম হয়। সুতরাং ওয়াটার ট্যাক্স ঐ ট্যাক্সেসনের মধ্যে জড়িয়ে আছে। এবং গরীব মানুষের ক্ষেত্রে সেই অনুযায়ী প্রোপোরসনেটলি ট্যাক্সেসন হবে। অবশ্য এটাও পালটানো দরকার। এখন যেটা আছে সেটা আমি বলছি। সেখানে বড় লোক গরীব লোক এক পর্যায় আছে—এখানে শৈলবাবু বড় লোকদের আলাদা পর্যায়ে ফেলে দিচ্ছেন। এটা একটা ধাপ্পা কালকে তিনি দিয়েছেন। এই ধাপ্পাটা শৈলবাবুর দেওয়াটা ঠিক হয় নি এই কথাটা আমি আপনার মাধ্যমে বলতে চাই। মাননীয় সভাপাল মহাশয় যে কথাটা আমি তুলে ধরবার চেষ্টা করছি তা হচ্ছে এই বিলটির এই উদ্দেশ্য নিয়ে আসা উচিত ছিল কলকাতা সহর এবং কলকাতার আশে পাশের মিউনিসিপ্যালিটি এবং তার আশে পাশে কিছু গ্রামীন এলাকা যেটা অঙ্গাঙ্গীভাবে একসূত্রে জড়িয়ে আছে সেখানে বড় রকমের ইনটিগ্রেটেড স্কীম প্ল্যান করে যদি এই কাজগুলি করতে পারেন তাহলে কাজগুলি ভাল হবে। এবং বর্তমানে বৈজ্ঞানিকভাবে ঠিক ঠিক ভাবে এগুলি কাজে লাগাতে পারেন। এখানে এমন কেউ মূর্খ নেই যে এ ব্যাপারে বিরোধিতা করবেন। আমাদের বিরোধীতা শুধু দু'টা জায়গায়। এবং সেই বিরোধীতার একটা মূল জায়গা হচ্ছে এই যে অথরিটি বলা হচ্ছে—কিন্তু আসলে এই অথরিটি ধীরে ধীরে সমস্ত ক্ষমতা কুক্ষিগত করে নিচ্ছে মিউনিসিপ্যালগুলি এবং করপোরেসনগুলি যেগুলি প্রাপ্তবয়স্কের ভোটাধিকারে নির্বাচিত হয়েছে—সেই বডিগুলি একেবারে অলস হয়ে যাবে—তাদের আর কোন কাজ থাকবে না—নামকো বাস্তে এই বডিগুলি থাকবে। কাজেই এই অথরিটি ধীরে ধীরে সমস্ত ক্ষমতা নিয়ে নেবে। আমার বক্তব্য হচ্ছে যে ইনটিগ্রেটেড স্কীম ফ্রেম করবার জন্য এবং সেগুলি একজিকিউসনের জন্য অথরিটি হোক এবং অথরিটি সেই স্কীম এবং প্রোজেক্টগুলি হলে সেগুলি মিউনিসিপ্যালিটিকে করপোরেসনকে হ্যাণ্ডওভার করে দিক কার্যকরী করবার জন্য। মিউনিসিপ্যালিটিগুলি এবং করপোরেসন ফাণ্ডের অভাবে এগুলি করতে পারছিল না। ফাণ্ড যোগাড় করবে অথরিটি। মিউনিসিপ্যালিটি এবং করপোরেসনগুলি ফাণ্ডের অভাবে টেকনলজি মডার্ণ সায়েন্সকে কাজে লাগাতে পারছিল না, সেই অথরিটির হাতে টাকা এনে স্কীম যদি কার্যকরী করতে দেন তাহলে করপোরেসন এবং মিউনিসিপ্যালটি সেই স্কীম চালাবার দায়িত্ব নিতে পারে। সুতরাং ট্যাক্সসেসনের প্রশ্ন আসে না—অর্থরিটির ট্যাক্স করার দরকার নেই। কারণ মেন্টিনেন্স এবং অপারেসনের দায়িত্ব তাদের হাতে থাকবে না। মিউনিসিপ্যালিটির ট্যাক্স আছে, করপোরেসনের ট্যাক্স আছে তারা আদায় করবে—সুতরাং এই অথরিটির ট্যাক্স করার কোন্ প্রয়োজন—কারণ মেন্টিনেন্স এবং অপারেসন যেটা সেটা চলে যাবে লোক্যাল অথরিটিগুলির হাতে। যখন কাজগুলি হয়ে যাবে তখন তারা কোঅর্ডিনেটিং বডির মত থাকতে পারে। সুতরাং ট্যাক্সেসন লেভি বা চার্জেসের কোন প্রভিসন রাখার প্রয়োজন নেই এবং ডবল ট্যাক্সেসনের প্রশ্নটাও আসতে পারতো না। মাননীয় সভাপাল মহাশয় আমি আপনার মাধ্যমে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। তা হচ্ছে এই বিলটি যেভাবে এসেছে—এই বিলটি আসার পিছনে কারণ কি? আমাদের নাকি সবাই ধিক্কার দিয়ে গেছেন—বাইরের থেকে বিদেশীরা যারা আসে তারা নাকি বলে কলকাতায় আসবো না। কলকাতা থেকে কলেরা বিলাত ওয়াশিংটন নিউইয়র্কে যায়—কলকাতার কলেরা বসন্ত এবং টাইফয়েড এই রোগগুলি নাকি পৃথিবীব্যাপী একেবার সংক্রামক ব্যাধির মত ছড়িয়ে পড়েছে। তাই ওঁরা দয়া করে কলকাতা সহরকে ভাল করবার জন্য নাকি টাকা দিতে চাচ্ছেন এবং শৈলবাবু কালকে বলেছেন—আমি শৈলবাবুকে শুধু একটা কথা বলবো যে টাকা এদেশেই আছে—ঐ কালোকুমীর যারা বসে আছে তাদের কাছ থেকে টাকা নিতে পারলে আপনি যে ইনটিগ্রেটেড স্কীম করতে চলেছেন তার মত আরও তিন চারটি পাঁচটি স্কীম করা যায় এবং সেই টাকা ট্যাক্স করে আদায় করে নিন। গরীব মানুষের উপর ট্যাক্স করে টাকা আদায় করার দরকার নেই।

তিনি যে টাকার ফিরিস্তি দিলেন বাইরের থেকে ২ কোটি টাকার মত পেয়েছেন এখন পর্যন্ত, তার মধ্যে কিছু স্টাফ ট্রেণ্ড করতে—কিছুটা স্কীম করতে, কিছুটা বই ছাপাতে, কিছুটা অফিসারদের মাইনে দিতে—কিছুটা আমেরিকায় তিন চার বার যাতায়াত করতে, কিছুটা খাওয়াদাওয়া করতে—এইভাবে ২ কোটি টাকার মত খরচ হয়ে গেছে। ভবিষ্যতে টাকা পাবেন এই আশা শৈলবাবুর আছে। কারণ তিনি বারবার তাড়াহুড়া করে এই বিলটি পাশ করাতে চান—সিলেক্ট কমিটিতে তাই করেছেন। তিনি বলেছেন দেরী করলে সর্বনাশ হয়ে যাবে ওয়ার্লড ব্যাংক টাকা দেবে না। তাই জানুয়ারীর ১৫ তারিখের মধ্যে যেভাবেই হোক এ্যাসেম্বলী থেকে বিলটাকে পাশ করিয়ে নিতে হবে তাড়াহুড়া করে তা না হলে ওয়ার্লড ব্যাংক টাকা দেবে না। ওয়ার্লড ব্যাংক কি টাকা দেবেন সেটা শৈলবাবু নিজের মুখে বলবেন এবং সেই টাকা যৎকিঞ্চিৎ টাকা, তাতে এই স্কীমের কিছুই হবে না, এই স্কীমে যে টাকা লাগবে তার এক কণাও পূর্ণ হবেনা এবং তাঁরা কতদিন পর্যন্ত টাকা দেবেন তা আমরা জানি না। মাননীয় সভাপাল মহাশয়, একথাটা বলা বোধ হয় অন্যায় হবেনা যে আমাদের শত্রু কে—মিত্র কে তা বোঝা বিপদ। আমেরিকা আমাদের সরকারের মতে কখনও মিত্র কখনও শত্রু। আমরা জানি চিরকাল আমেরিকান সাম্রাজ্যবাদী যেকোন দেশের পক্ষে শত্রু, যেকোন দেশের স্বাধীনতার পক্ষে তাঁরা শত্রু এবং সেই দেশের স্বাধীনতাকে তার কব্জার মধ্যে তাঁরা রাখতে চান টাকা দিয়ে তাঁরা দেশকে কিনতে চান—এই হচ্ছে তাঁদের নীতি। আমাদের সরকার মাঝে মাঝে আমেরিকার গুণগান করেন যখন পি, এল, ৪৮০-র গম পাওয়া যায়—মাঝেমাঝে তাঁদের বিরুদ্ধে বলেন যখন পি, এল, ৪৮০-র গম পাওয়া যায় না—যখন কাশ্মীর ব্যাপারে পাকিস্তানের দিকে তাঁরা চলে যান। সুতরাং সরকার এটা ঠিক বুঝতে পারলেও আমেরিকার প্রতি তাঁদের যে মোহ সেই মোহকে তাঁরা কাটিয়ে উঠতে পারছেন না এবং সেই মোহের দ্বারা তাঁরা আচ্ছন্ন হয়ে রয়েছেন এবং সেই আচ্ছন্ন থাকার জন্য যে বিপদ দেশের বুকে টেনে আনছেন সেই বিপদের একটি ইঙ্গিত আমি আপনার মাধ্যমে দিচ্ছি। কি হবে—কলকাতার এবং তার আশেপাশের এলাকায় যে মেট্রোপলিটন ডিষ্ট্রীক্ট তার যা প্ল্যানিং হবে—স্ক্রীনিং হবে—রাস্তাঘাট ঠিক হবে, ওয়াটার স্পট হবে সমস্ত কিছু কাজকর্ম যা হবে ফোর্ড ফাউণ্ডেশনের ইঞ্জিনীয়ারিং এক্সপার্টরা সেগুলি যা করবেন তাঁদের কাছে আমাদের কলকাতা এবং তার আশেপাশের বিরাট এলাকার ম্যাপ চলে যাবে এবং তাঁদের কাছে চলে যাবার অর্থ হচ্ছে আমাদের বিপদের দিনে আমাদের স্বাধীনতা আক্রান্তের দিনে সেই ম্যাপগুলি আমাদের বিরুদ্ধে কাজে লাগানো হবে এবং তা দিয়ে আমাদের স্বাধীনতাকে বিঘ্নিত করা হবে এবং এই স্বাধীনতাকে বিঘ্নিত করার যে সম্ভাবনা তাকে ৩৩ লক্ষ টাকায় তাঁরা বেচে দেবেন, ২ কোটি টাকা এতদিনে ওঁরা যা পেয়েছেন তার পরিবর্তে তাঁরা স্বাধীনতাকে বেচে দেবেন। কলকাতার যে অঞ্চলের জন্য এই বিলটি আনা হচ্ছে সেই সমস্ত অঞ্চলের মানুষদের যদি জিজ্ঞাসা করেন তাহলে তাঁরা এককথায় বলবেন যে না না আমরা বিক্রী করে দেবো না। কিন্তু শৈলবাবু আমাদের এখানে যে বিলটি আনছেন সেই বিলের মধ্যে যে বিপদ্‌জনক দিক রয়েছে সেই দিকটা হচ্ছে এই যে আমাদের দেশের যে স্বাধীনতা, আমাদের দেশের যে নিরাপত্তা তা বিঘ্নিত হবার যে সম্ভাবনা সেই সম্ভাবনার দিকটা এই বিলের ভিতর থেকে যাচ্ছে। ফরেন এক্সপার্টরা আসবেন এবং এসে আমাদের রাস্তাঘাট অলিগলি দেখবেন—আমাদের ওয়াটার কোথা থেকে আসবে তা দেখবেন—আমাদের ড্রেনেজ সিস্টেম দেখবেন—কলকাতা এবং তার আশেপাশের শিল্পাঞ্চলের সমস্ত ছবিটা তারা আমাদের দেশ থেকে নিয়ে চলে যাবেন এবং তার ফলে ভবিষ্যতে যে সর্বনাশ হবে সেই সর্বনাশকে বাধা দেবেন কি করে? কাজেই আমার বক্তব্য হচ্ছে যে ফরেন এক্সপার্টরা আসুন—ফরেন এক্সপার্টরা এসে রাইটার্স বিল্ডিংসের ঠাণ্ডা ঘরে বসে পরামর্শ দেবেন কিন্তু আমাদের ম্যাপগুলি যেন তাঁদের কাছে না যায় এবং তাঁরা যেন রাস্তায় রাস্তায় ঘুরতে না পারেন, আমাদের দেশের সমস্ত চিত্র যেন তাঁদের কাছে পরিষ্কার না হতে পারে এদিকে বিশেষ লক্ষ্য রাখা দরকার। আমাদের ভয় রয়েছে আশঙ্কা রয়েছে এই টাকার বিনিময়ে আমাদের দেশকে বিক্রী দেবার চক্রান্ত, সেই চক্রান্ত আমাদের সামনে রয়েছে। স্যার, ষ্টেটসম্যান কাগজটা

সাম্রাজ্যবাদীদের দালাল। যতদিন আমাদের দেশ পরাধীন ছিল ততদিন তারা সাম্রাজ্যবাদীদের দালালী করে আসছিল—এই স্টেটসম্যান কাগজ সম্পাদকীয়তে লিখেছেন যে করপোরেসন, মিউনিসিপ্যালিটি, জেলা পরিষদ এগুলি অপদার্থ বডি—তারা দেশের উন্নতি চায় না। সেইজন্য তারা দেশের উন্নতির পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। এই অথরিটি সৃষ্টি করে দিলে সমস্ত কিছু কাজ ভাল হয়ে যাবে।

[3-30—3-40 p.m.]

এবং Corporation Municipality এগুলিকে বাতিল করে দিয়ে অথরিটির হাতে ক্ষমতা দিয়ে দিলেন—আমাদের জল নিষ্কাষণ হয়ে যাবে পানীয় জল পাব ইত্যাদি। কিন্তু এতবড় অসত্য নির্লজ্জ উক্তি তাঁদের পক্ষেই করা সম্ভব। আমাদের দেশের স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির পেছনে একটা ইতিহাস আছে। ইংরেজদের হাত থেকে এগুলো আদায় করতে বহু মানুষের সংগ্রাম করতে হয়েছে। কিন্তু তার ভেতরেও কিছু গলদ আছে যে গলদ সরকারের Writers' Buildings-এর মধ্যেও আছে। সে সমস্ত Municipality ও Corporation-এ সরকারের লোকেরা সংখ্যাগরিষ্ঠ হয়ে আছে যেহেতু উপর তলায় দুর্নীতি আছে তাই সরকারের লিগেসি হিসাবে অধিকারসূত্রে পাওয়া দুর্নীতি কংগ্রেসের পক্ষ যেখানে মেজরিটি হয়ে আছে সেই Municipality এবং Corporation-এ দুর্নীতি আছে। সরকারের ভেতর যে দুর্নীতি তা দূর করবার জন্য যদি প্রচেষ্টা সরকার করতেন তাহলে সরকারের দলের লোকেরা যে Corporation এবং Municipality-তে আছে সেখান থেকে তাঁরা সে দুর্নীতি দূর করতে পারবেন। তাই দোষ তাঁদের নয়, দোষ হচ্ছে মূলতঃ সরকারের যারা এ বিল এনে মানুষের গণতান্ত্রিক অধিকারকে বঞ্চিত করবার চেষ্টা করছেন। এটা যে কি ধরনের যুক্তি তা আমাদের মাথায় ঢোকে না এবং বুঝতে পারছি না। তাই শৈলবাবুকে বলি যে স্টেটসম্যান যখন গালাগালি দেয় তাদের সম্পাদকীয় স্তম্ভে তখন বুঝতে হবে যে আমারা ভাল কাজ করতে যাচ্ছি। আর স্টেটসম্যান যখন প্রশংসা করবে তখন এর উল্টোটা বুঝতে হবে। সুতরাং এরা ভাল বলবে কি খারাপ বলবে সে বলার দিকে চেয়ে যদি আমরা বিল রচনা করি তাহলে দেশের সর্বনাশ করবো। আমার শেষ কথা আমি এ বিলের উপর বলতে চাই তা হচ্ছে এই যে; আমাদের মনে যে আশঙ্কা সেটা আরো ঘনীভূত হচ্ছে এজন্য যে শৈলবাবু এত তাড়াতাড়ি কেন করছেন এবং অথরিটিকে কেন এত ক্ষমতা সম্পন্ন ভাবে তৈরী করছেন। এ অথরিটি চিরকালের জন্য Water Supply, Drainage, Sanitations, Sewerage ইত্যাদি সমস্ত দায়িত্ব দেবার জন্যই এ বিল এনেছেন। তাই আপনার মাধ্যমে যে কথা প্রারম্ভিক আলোচনায় বলতে চাই তা হচ্ছে এই যে আমরা Amedment দিয়েছি Select কমিটিতে আমাদের বক্তব্য রাখবার চেষ্টা করেছিলাম, কিছু কিছু গ্রহণ করেন নি, আপনার মাধ্যমে হাউসের সামনে কংগ্রেস সভ্যদের কাছে আবেদন করবো এটা দলাদলির ব্যাপার নয়। গণতন্ত্রের দিকে চেয়ে এই বিল আমাদের দেশের যে ঐতিহ্য সে ঐতিহ্যকে দূর করতে চায় কিনা আপনারা দেখুন। কংগ্রেস তার পরিকল্পনায় বলছে ডিসেণ্ট্রালাইজেশান অফ পাওয়ার করবেন। গ্রামসভা জেলা পরিষদ তৈরী করবেন। আস্তে আস্তে ক্ষমতা কেন্দ্রীভূত করবেন কিন্তু সে নীতির বিরুদ্ধে এ বিল যাচ্ছে। ক্ষমতাকে তাঁরা আস্তে আস্তে কেন্দ্রীভূত করবার যে চক্রান্ত সেটা এ বিলের মাধ্যমে এসেছে। তাই আমরা দেখছি এ বিলের দ্বারা স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলো লুপ্ত হয়ে গিয়ে Writers' Buildings-এর কন্ট্রোলের ক্ষেত্র হবে এবং তার ফলে দুর্নীতি সমস্ত জায়গায় চলবে। আপনারা খাদ্যের নয়া নীতি ঘোষণা করেছেন, কিন্তু তার মধ্যে দিয়ে সারা বাংলা দেশে যে দুর্নীতি চলছে তা কোথাও বন্ধ করতে পারেন নি। মাছের দাম বেঁধে দিয়েছেন, তার ফলে যে দুর্নীতি বাংলা দেশে সৃষ্টি হয়েছে তা দূর করতে পারেন নি এবং প্রতিটা ক্ষেত্রে যে নিয়ন্ত্রণ করেছেন তার ভেতরে যে দুর্নীতি তা প্রতিরোধ করতে পারেন নি, এজন্য আপনারাই দায়ী Corporation এবং Municipalityগুলো কংগ্রেস

মেজরিটি হিসাবে গড়ে উঠেছে এবং তারা আপনাদের ছায়া হিসাবে সেখানে আছে। আপনারা যদি সৎ হন তাহলে দেখবেন যে মানুষগুলো সৎ হয়ে যাবে। আপনারা মূল ধ্বংস, মূলে আঘাত না করে কিছু পরিষ্কার করতে পারবেন না। আমার বক্তব্য এই যে অথরিটি কর লিমিটেড পারপাস কর লিমিটেড ভিউ দ্বারা মাস্টার প্ল্যান ইনটিগ্রেটেড মাস্টার্ড প্ল্যান করবেন এবং সেট তাঁরা Calcutta Metropolitan Bill-এর মধ্যে Execution করবেন। এই Plan হবার পর Scheme কার্য্যকরী হবার পর তাঁরা প্রজেক্টগুলো হ্যাণ্ডওভার করে যাবেন বিভিন্ন Corporation এবং Municipality-র মধ্যে এবং তারা এগুলি চালাবেন। এই অথরিটি একটা বডি হিসাবে কোয়ার্ডিনেট করার জন্য বিভিন্ন Municipality এবং এ কাজ কোয়ার্ডিনেট করার জন্য এ বডি থাকবে। কিন্তু বডিকে এ ব্যাপারে সর্বময় কর্তা করে রাখা এই যে অগণতান্ত্রিক বিধি তার বিরুদ্ধেই আমার বক্তব্য। তাঁরা ফরেন এক্সপার্ট আনবেন। তারা টাকা দেয় দিক কিন্তু দেশকে বিপন্ন করবেন না এ সমস্ত ফরেন এক্সপার্টসদের কাছে। তাদের কলকাতার রাস্তায় ঢুকিয়ে দিয়ে তারা আমাদের দেশের সমস্ত খবর বাইরে প্রচার করবে সেটা যেন না হয়। এ ব্যাপারে ফরেন এক্সপার্টদের বুদ্ধি গ্রহণ করুন কিন্তু তাদের কাছে যেন কলকাতার বা শিল্পাঞ্চলের কোন ম্যাপ না দেওয়া হয়। Taxএর দরকার নেই লেভীর দরকার নেই। শৈলবাবু বলেছেন ইলেকট্রিসিটি মিটার হবে অর্থাৎ যেমন টেলিফোন কলের মিটার আছে সেরূপ জলের মিটার বসাবেন। এক গ্লাস জল তার দাম কসতে হবে মিটারে সে জলের দাম উঠবে এবং তার জন্য tax দিতে হবে। ছেলে যখন বাবার কাছে ১ গ্লাসের বেশী দু গ্লাস জল চাইবে তখন তাকে তার বাবা বলবে জল কম খাও কারণ tax দিতে হবে। tax হয়ত ২ নয়া পয়সা পড়বে। অর্থাৎ জল যেটা মানুষ খাবার চেষ্টা করেছিল তারজন্য তাদের পয়সা দিতে হবে যেটা সে এখন ডায়রেক্টলি ফিল করে না সেটা এখন সে ডায়রেকটলি বুঝতে পারবে। মুখ ধুয়ে কতটা জল ড্রেন দিয়ে গেল তাও মিটারে উঠে যাবে। তাহলে ভালভাবে হাত-মুখ ধোয়া হবেনা। স্নান করতে গেলে তার জন্য যে জল ড্রেন দিয়ে যাবে সেটাও চার্জ মিটার বক্সে উঠে যাবে অর্থাৎ আমাদের জলের ব্যবহার তা মেপে মেপে করতে হবে। ১২ গ্যালন থেকে ২০ গ্যালন জল কলকাতার বিভিন্ন এলাকায় পাচ্ছি। এখন ৬০ গ্যালন করে জল দেবেন, ৬০ গ্যালন করে যে জল দেবেন সেটা তাঁরা নিয়ন্ত্রণ করবেন। আমাদের ভয় হচ্ছে যে জিনিস তারা নিয়ন্ত্রণ করতে চান সে জিনিস আর পাওয়া যায় না। ১২ থেকে ২০ গ্যালন যে জল পাওয়া যায়, সেটা যে মুহূর্তে নিয়ন্ত্রণ করা হবে তখন জল ট্যাব দিয়ে পড়বে কিনা সে বিষয়ে প্রচুর সন্দেহ রয়েছে। মিটার খারাপ হয়ে গেল তো জল বন্ধ হয়ে গেল এরূপ নানান ধরনের দুর্যোগ দেখা দেবে। Tax লেভী, সারচার্জ ইত্যাদি সব দরকার নেই, অপারেসান, মেন্টেনেন্স কস্ট, এগুলি Municipality, Corporationএর হাতে ছেড়ে দিন এবং এ স্কীম কার্যকরী করার জন্য দয়া করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আদায় করে নিন, দয়া করে পঃ বঃ সরকারের Octroy tax বা Motor Vehicles tax এগুলো Municipality-র হাতে দিয়ে দিন যা দিয়ে তারা এই Scheme-কে কার্য্যকরী করতে পারবেন। আমার বক্তব্য হচ্ছে এরজন্য extra taxation, directly আপনারা জনসাধারণের উপর করবেন না। কলকাতা সহর শুধু পঃ বাংলায় নয়, কলকাতা সহর সারা ভারতবর্ষের, সারা ভারতবর্ষের স্বার্থ এর সংগে জড়িত। তাই কলকাতা শিল্পাঞ্চলকে যদি উন্নত করতে হয়, সেখানকার মানুষকে যদি জল খেতে দিতে হয়, এখান থেকে এপিডেমিক রোগ যদি মুক্ত রাখতে হয় তাহলে তার দায়িত্ব একমাত্র বাংলাদেশের সরকারের নয়, সে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আছে। কিন্তু কেন্দ্রীয় সরকার কত টাকা দেবেন তার উল্লেখ নেই। তার মানে সমস্ত খরচা জনসাধারণের ঘাড়ে direct এবং indirect tax হিসাবে চাপাবেন কিনা সে আশংকা আমাদের মনে রয়েছে। তাই আমরা বলতে চাই অথরিটির হাতে tax করবার কোন ক্ষমতা আমরা দিতে চাই না। Corpn. এই কাজের ভার সাময়িকভাবে নিন। Corpn. সংগে এগ্রিমেন্ট করে Municipalityর সংগে এগ্রিমেন্ট করে ঐ কাজ করার যে খরচ তা তারা নিতে পারেন।

[3-40—4-50 p.m.]

কর্পোরেসন বা মিউনিসিপ্যালিটিকে এ কথা বললে অত্যন্ত অন্যায় করা হবে যে, তারা এটা চান না। কলকাতার মানুষ বা তার আশেপাশের মানুষ জল পাক, তাঁরা এটা চায় না। একথা যদি বলি এখানে দাঁড়িয়ে, তাহলে অত্যন্ত অন্যায় করা হবে। মিউনিসিপ্যালিটিগুলো, কর্পোরেসনগুলো তারা যে epidemic রোগ, তার হাত থেকে মুক্ত হতে চায়। এইভাবে যদি বিলটিকে রচিত করা হয়, এইভাবে যদি ট্যাক্সের ভার জনসাধারণের বুক থেকে কেটে নেওয়া হয়, আর ঐ যে World Bank-এর কথা, Ford Foundation-এর কথা, আর ঐ যে প্রস্তাবের কথা শৈলবাবু বললেন, ঐ দিক থেকে নজরটি একটু ঘুরিয়ে দিন, ওদিকে আর বেশী চাবেন না। বিপদের দিনে দেখবেন, যেমন P. L. 480-র মত, যেরকম খেলা খেললো, তাঁরা এই নিয়ে আবার, আপনার সঙ্গে সেই ধরনের খেলা খেলবেন। নিজের পায়ের উপর দাঁড়াবার চেষ্টা করুন, এবং নিজের পায়ের উপর দাঁড়িয়ে, দেশকে গড়ে তোলবার চেষ্টা করুন। দেশে টাকা আছে। কালো টাকা, কালো-বাজারীদের কাছে আছে। মুনাফাবাজরা Income tax ফাঁকি দেয়, সেখানে হাত দিন। সেখান থেকে যে টাকাটা উঠতে পারে, সেই টাকাটা সংগ্রহ করুন। নিজের পায়ের উপর দাঁড়িয়ে, নিজের দেশকে উন্নত করবার জন্য চেষ্টা করুন। এটা যদি করেন, তাহলে দেশের লোক আপনাদের আশীর্বাদ করবেন। আর তা না করে, অন্য কিছু যদি করতে যান, তাহলে দেশ অন্যের কাছে বিক্রয় হয়ে যাবে, উন্নত হবেনা দেশ। আর উন্নতি হলেও, সে আধাখেঁচড়া উন্নতি হবে, সেই উন্নতিতে উপর তলার কিছু লোক সুবিধা পাবে, নীচের তলার লাখ লাখ মানুষ, যারা কষ্টে রয়েছে, তারা চিরকালই কষ্টে থাকবে, এবং শেষে ধীরে, ধীরে, কলকাতা সহরের বাইরে চলে যেতে বাধ্য হবে, এবং কলিকাতা সহর পুঁজিপতি, কোটিপতি ধনীদের সহরে পরিণত হবে। সভাপাল মহাশয়, আজকে কলিকাতা সহরের বুক দিয়ে যদি হাঁটেন, আপনি দেখতে পাবেন যে মধ্যবিত্ত মানুষের যে সব বাড়ীগুলি ছিল, সেগুলি ধীরে, ধীরে তাদের হাত ছাড়া হয়ে যাচ্ছে। কলিকাতা সহর আজ লক্ষপতি, কোটিপতি যারা, তাদের ধনীর সহরে পরিণত হচ্ছে, এবং শৈলবাবুরা যেভাবে এই দেশকে চালাচ্ছেন, যেভাবে এই বিলটিগুলি আনছেন, এইভাবে তা যদি আনতে থাকেন, তাহলে ২০/২৫ বছরের মধ্যে কলিকাতা সহরে এটা যদি দেখতে পান, আপনি অবাক হয়ে যাবেন না, যে কলকাতা সহরে মধ্যবিত্তের থাকবার জায়গা নেই। কলকাতা সহরে শ্রমিকদের থাকবার জায়গা নেই। তারা কাজ করতে কলকাতা সহরে আসবে, কলিকাতা সহরে বড়লোকের বাড়ীর বাসনটি মাজবে, কিন্তু তাদের থাকতে হবে কলকাতা সহরের বাইরে। এদিন খুব বেশী দূরে নেই। যে ভাবে তাঁরা দেশকে চালিয়ে চলেছেন, সেইভাবে যদি চালাতে থাকেন, তাহলে কলকাতা সহরের এই অবস্থা দাঁড়াবে। তাই আমি আপনার মাধ্যমে আবেদন করবো কংগ্রেস পক্ষের কাছে এবং অন্যান্য সমস্ত দলের লোকের কাছে যে, আমরা যেন একটা উত্তেজনার মাথায় বা কংগ্রেস দলের whip-এর অনুরোধে আমরা যেন এমন একটা বিল পাশ না করি, যে বিল আমাদের জাতির প্রতি কলঙ্ক টেনে আনবে। যে বিলে স্বাধীনতাকে বিপন্ন করবার সম্ভাবনা রয়েছে এবং যে বিলে কলকাতা ও তার আশেপাশের এলাকাতে মানুষের দুঃখ, দুর্দশা আরও বাড়িয়ে তুলবে, সেই দিকে তাঁরা যেন না যান, এই আবেদন আমি তাদের কাছে করবো। এইজন্যই 'এই বিলটি সার্কুলেশনে দেওয়া হোক', এই প্রস্তাবটি আমি রাখছি। এই প্রস্তাব রেখে, আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment]

[4-5—4-15 p.m.]

Shri Panchu Gopal Bhaduri : Sir, on a point of order এটা আগেই raise করা উচিত ছিল। এই হাউসে আপনি অনেকগুলি আইন পাস করেছিলেন—Municipal Act এবং Several Corporation Act এবং তা দিয়ে legally constituted body

হয়েছে, তিনটি কর্পোরেশান এবং অনেকগুলি মিউনিসিপ্যালিটী এবং তারা normally function করছে। এই মিউনিসিপ্যালিটীর functions-এ defect হয়েছে বলে by and large ও superseded হয়ে গেছে। Virtual supersession অনেকগুলির হয়ে গেছে। কিন্তু যারা superseded হয় নাই তাদের কাজের সম্পর্কে কোন complaint'ও হয় নাই, তারা বেশীর ভাগ কাজ করে যাচ্ছে। কিন্তু এই যে বিল এসেছে এতে by and large virtually এই সমস্ত Corporation ও Municipalities superseded হয়ে যাচ্ছে, কোন্ complant-এ, কি report evaluation-এর জন্য, কি কারণে এগুলির virtual supersession হতে চলেছে, সেই জিনিসটা আলোচনা করে—তার ঠিকমত মূল্যায়ন করবার আগে তাঁরা এই বিলের আলোচনা কিভাবে চালাতে পারেন? এই জন্য আপনার কাছে এই point of orderটা raise করছি।

Mr. Speaker : এই যে point of order উনি তুলেছেন, আপনি Mr. Mukherjee, will you please enlighten us in the matter about the Point of Order that has been raised by Shri Panchu Gopal Bhaduri?

Shri Saila Kumar Mukherjee : Sir, the Point of Order raised by the honorable member has no substance because he has started saying that under this Section virtual supersession has been made. Really Section 23 is the main Section which provides that if and when the authority take over some of the services of any municipality, they can do it under certain conditions. The power of supersession is a statutory power given by a Statute under the Bengal Municipal Act or the Calcutta Municipal Act, but this Section does not give any power to supersede. It is the statute which can do that. If by a Statute the power of supersession is provided then this House is the supreme authority to pass such Statute for supersession. Firstly that no supersession comes under this Section. Secondly Section 23 deals with the question of taking away of some services, as specifically laid down, and this is not a statutory power for supersession. This House has the power to creat those provisions which are effective, giving sanction that under some conditions some services may be taken over with the consent of the municipality, with the approval of the Government and with specific provision. Therefore, Sir, it does not delegate any of the powers to supersede. In any event assuming that it is not a Statute, this House is the supreme authority to enact such legislation that can do it.

Shri Panchu Gopal Bhaduri : Do I have any right of reply, Sir?

Mr. Speaker : There is no question of right of reply. I have only asked him to enlighten the Chair on the point raised by you. Now, if you want to say something, you may do so.

Shri Panchu Ghopal Bhaduri : আমি যেটা submit করতে যাচ্ছি সেটা অর্থমন্ত্রী যিনি এই bill pilot করছেন তিনি এর প্রকৃত অর্থ ধরতে পারেন নি। আমি বলেছি virtual supersession, সেখানে আমি mean করেনি যে ভবিষ্যতে ক্ষমতা থাকল। আমি বলছি এই আইন যদি হয় তাহলে এতগুলি মিউনিসিপ্যালিটি এবং ৩টা Corporation-এর main function নিয়ে নেওয়া হচ্ছে। তাই আমি বলেছি এই বিল যদি পাশ হয় তাহলে by and large এতগুলি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের virtul supersession হয়ে যাচ্ছে। তারপর separately যে মিউনিসিপ্যালিটির শবদেহ থাকল, fossil থেকে গেল, সেটাকে যদি supersede করা হয় তাহলে সেটা অন্য কথা সেই, কথা আমি বলছিনা। আমি বলছি এতগুলি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের virtual supersession হচ্ছে তাদের main functions নিয়ে নেওয়ার জন্য এবং by and large বলার অর্থও তাই। আমাদের এই Assembly কি mad House ? কতগুলি constituted body—best men of the localityর দ্বারা তাঁরা elected তাঁরা সেসব প্রতিষ্ঠানে function করছেন কিন্তু তাঁদের functioning সম্পর্কে কোন evalution report না পেয়ে আমাদের কি কোন আইন করার ক্ষমতা আছে তাঁদের সম্পর্কে। আগে একপ একটা বিল হয়েছে, এবং আবার আরেকটা আইন করে সে সমস্ত পালটে যাচ্ছে। এটা আমি মনে করি অত্যন্ত anomalous হয়ে যাচ্ছে। এটাই আপনার কাছে আমার submission.

Mr. Speaker : While fully appreciating the point of order raised by you, I may say that the point raised by you does not stand in the way of this House taking up the consideration and the passing of the Bill.

Shri Sailendranath Adhikary : স্যার, আমার point of order হচ্ছে এই যে, আমরা West Bengal Legislative Assemblyতে এসেছি, আমরা এসেছি Contitution আমাদের যে right দিয়েছে সেই rightএর মাধ্যমে, Constitutionএ আমাদের এই right protected and guaranteed. সুতরাং আমাদের legislative power থাকলেও যেটা against spirit of the Constitution সেটা আমরা করতে পারছিনা। স্যার, এর আগে Bengal Municipal Act, 1932, Calcutta Municipal Act যেটা recently passed হল, Legislative sanction নিয়ে passed হল, তাতে এই House কতগুলি powers, functions, duties দিয়ে দিয়েছে, এবং সেই powers, functions, duties these are all emanated from the spirit of the Constitution, from indirect mandate of the Constitution. তাছাড়া আমরা করতে পারতাম না। কাজেই এই যে rights, duties, powers একটা bodyকে একটা Corporationকে দিয়ে দিতে চাচ্ছি অন্যান্য প্রতিষ্ঠানের অধিকার সম্পূর্ণ supersede করে, whether the meaning of supersession is something like usurping the powers which were conferred on that body.

[4-15—4-25 p.m.]

এটা আপনাকে বিচার করতে হবে। Meaning of supersession কি ? সাধারণ-ভাবে আমরা জানি supersession এর meaning সাময়িক অর্থাৎ it is a temporary affairs, কিন্তু এখানে permanant supersession, usurpation of power which was conferred by another Act এই হয়ে যাচ্ছে। secondly, Constitutional procedure হচ্ছে, এইরকম জিনিস করতে গেলে so far as I remember, Bengal Municipal

Actএ এরকমই বলা আছে যে, আগে সেইসব প্রতিষ্ঠানের একটা sanction লাগে। আমি জানি না, তবে আমি শুনেছি যে কোন কোন মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে সেরকম sanction or consent আসেনি। কাজেই State Govt.-এর তরফ থেকে যে Bill initiate করা হয়েছে সেটা করার ক্ষমতা Constitution অনুসারে আমাদের এই Assemblyর আছে কিনা এটাই আমার point of order। আমরা constitution-এর মাধ্যমে এসেছি, এখন Constitution আমাদের যে right দিয়েছে তা আমরা ঠিকভাবে protect করছি কিনা। তার পরের কথা হল, সংবিধানের যেসব statute আছে সেগুলি supersede করার প্রভিসন থাকা সত্ত্বেও permanently usurpation of power হয়ে যাচ্ছে কিনা সেটাও আমাদের চিন্তা করতে হবে। তিন নং কথা হল, recently adult franchise করার ফলে আমরা একটা agency পেয়েছি, যার জন্য whole people or electorateএর যে right সেটা absolute হলো। প্রত্যেকটা মিউনিসিপ্যালিটিতে এটা হয়েছে। সুতরাং এসব কারণ দৃষ্টে আমরা এই Bill নিয়ে further proceed করতে পারি কিনা এটাই আমার point of order.

Mr. Speaker : বিল নিয়ে proceed করতে পারি কিনা তার সঙ্গে আপনি বলছেন তার কোন সম্পর্ক নাই, at proper time, that is, when coming to the appropriate Clauses of the Bill that may be discussed and the House can come to a decision.

Shri Kashi Kanta Maitra : Sir, I am drawing the attention of the Hon'ble Minister to the provisions of clause 88 of this Bill. My learned friend Mr. Bhaduri raised the point of virtual supersession. This clause says : "With effect from the date of vesting in the Authority of any of the services of water-supply, sewerage, drainage, collection and disposal of night-soil and collection and disposal of garbage in any area, the provisions of the Calcutta Municipal Act, 1951, or the Calcutta Municipal Act, 1923 as in force in the Municipality of Howrah, or the Bengal Municipal Act, 1932, or the Chandernagore Municipal Act, 1955, or the Howrah Municipal Act, 1965, as the case may be, or any other Act for the time being in force relating to such service shall stand repealed in the area." Pausing here for a moment, I am appealing to you to re-consider the arguments advanced very ably by my learned friend Mr. Bhaduri. Mr. Bhaduri's real point was that there is, by and large, virtual supersession. In effect and substance, the existing Municipal Corporations of the 35 Municipalities are being denied or robbed of the basic statutory rights and obligations conferred on such statutory bodies by the Bengal Municipal Act. Here you will find that apart from the question of supersession this Act is going to divest the existing Municipalities of certain rights. This clause 88 is delightfully vague. There is no mention as to which of the sections of the Bengal Municipal Act would stand repealed vis-a-vis the present Bill. Therefore, in the absence of specific provision in the Bill itself while the powers are enjoyed by the Municipal Corporation under the Bengal Municipal Act of 1932 in regard to the sanitation, conservancy or sewarage or

night soil or removal of garbage etc., these powers would on the date of vesting of this new authority stand divested on these authorities. Therefore, the relevant provisions of the Bengal Municipal Act, 1935 have to be dealt with particularly in the Bill. In the absence of that, I submit, Sir, this Bill is absolutely vague and on the basis of that new Corporation cannot be clothed with such wider powers, and simultaneously by implication we cannot treat as though the existing 35 Municipalities would stand robbed of or divested of the fundamental rights conferred so long on them and enjoyed by them under the Bengal Municipal Act of 1935. Therefore, in the absence of specification of the relevant provision of the Bengal Municipal Act, the present Bill is definitely bad. Sir, I am drawing your attention particularly to the schedules. There are seven schedules. There you will find that there is mention of (a) amendment to the Calcutta Improvement Act, 1911, (b) amendment to the Howrah Improvement Act, 1956. I do not understand what stood in the way of incorporating the schedules pointing out that these are relevant provisions of the Bengal Municipal Act which will be repealed on the date on which power is to be deemed to be vested on the new Metropolitan Authority. Therefore in the absence of that, the Bill cannot be proceeded with.

Shri Saila Kumar Mukherjee : Sir, the only point I want to clarify is that this Bill comes under the provision of the Constitution. Sir, entries 5, 6, 17, 49, 64 and 66 in List II and in entry 44 in List III of the Seventh Schedule of the Constitution give legislative powers to the State clearly to invoke under this Act. Therefore, this House has power to enact statutes on this subject, and in our opinion we have enacted them. The point raised by the member is that we have not mentioned the section. Sir, clause 88 must be read with the previous clause 23. When in clause 23 the question of vesting arises, then what will happen ? Paritucularly, municipal bodies and the authorities will discuss the nature of vesting and what would be transferred Sir, there is the provision—my friend has ignored sub-clause 4 of clause 23 It is mentioned there that any dispute arising in connection with vesting of any property or asset under sub-section (1), (2), (3) shall be referred to the State Government whose decision thereon shall be final. Therefore, the vesting is not automatic vesting. There is scope for considering all disputes between the local authorities and this statutory authority —that is completely safeguarded. Under clause 83 when the final vesting takes place, if the Government takes decision, then what will happen ? What does Clause 88 say ? The corresponding provision of the Act will be repealed. Therefore, this House has authority to completely repeal a statute. This House is the supreme body to repeal

a part of the statute. In view of this matter, Sir, this Bill clearly comes under the purview of the entries in List II, the numbers of which I have already mentioned from the Constitution. This House is quite competent to pass the Bill as drafted.

[4-25—4-35 p. m.]

Mr. Speaker : Mr. Maitra, again I have to say that I fully appreciate the points, particularly the several clauses of the Bill, to which my attention has been drawn, but I am still of the opinion that those things cannot stop the House from taking into consideration this Bill and its passing. Of course, when we shall come to the particular clauses, it is for the House to discuss and make suggestions and come to decisions. Now, Shri Sailen Adhikary may please speak.

Shri Sailendranath Adhikary : মাননীয় স্পীকার মহোদয়, ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার স্যানিটেশন অথরিটি বিল কালকে যখন শৈলবাবু ইনট্রোডিউস করছিলেন তখন তিনি একটা রোজি পিকচার দিয়ে বলেছিলেন এর ফল কি হতে পারে এবং কলকাতা ও মেট্রোপলিটন ডিস্ট্রিক্টে লোকের কিভাবে সুবিধা করে দেবেন সেই রকম একটা রোজি পিকচার আমাদের সামনে রেখেছিলেন। এখন আমরা যে বিলটা নিয়ে আলোচনা করছি এবং যে মহানগরীর উপর আমরা আজকে এবং আগামী দিনেও আমাদের সমস্ত দৃষ্টি নিবদ্ধ রাখছি সেই কলকাতা মহানগরীর বর্তমান অবস্থা কি সে সম্বন্ধে আজকে মাননীয় স্পীকার মহোদয়, আমাদের সকলকেই চিন্তা করতে হচ্ছে। কলকাতা মহানগরীর জীবন সেই জীবনের ভূমিকার দিকে তাকালে এবং সেই জীবনের দিকে তাকালে আজকে সত্যই আমাদের মনে হয় যে সেই মহানগরীকে, ভারতবর্ষের শ্রেষ্ঠ মহানগরী বলে নয়, ভারতবর্ষের সমস্ত কৃষ্টি, সমস্ত রকম অনুভূতি, সমস্ত রকম স্মৃতিকে যে মহানগরী জড়িয়ে আছে সেই মহানগরীকে আজ কোথায় নিয়ে এসে দাঁড় করাচ্ছি সেই কথাটা আমাদের মনে স্বভাবতঃই উদ্ভূত হচ্ছে। এখন আমি একটা কথা আপনাকে বলি এই সি, এম, পি, ও, এ্যাক্ট আনবার সময় যে একটা সেনট্রালাইজড অথরিটি তৈরী করা হচ্ছে সেই সেনট্রালাইজড অথরিটিকে যে ভাবে একসেসিভ পাওয়ার দেওয়া হচ্ছে তাতে শৈলবাবু বলছেন যে এর ফলে একটা ইমপ্রুভমেন্ট হতে পারে এবং যেগুলি সাধারণতঃ নাগরিক জীবনকে বিপন্ন করতে পারে তার একটা সুরাহা হতে পারে। আমি জানি না শৈলবাবু এটুকু বিশ্বাস করেন কিনা যে একটা আইন পাশ করে একটা অথরিটি ক্রিয়েট করলেই যদি সমস্ত সমস্যার সমাধান হয়ে যায় তাহলে নিশ্চয়ই শৈলবাবুর সংগে আমি একমত হবো না। কিন্তু তিনি যদি মনে করেন যে, না একটা অথরিটি তৈরী করার ব্যাপারে আমার এই রকম লক্ষ্য হবে, আমি কতটুকু লোককে সুবিধা দেবো সেটাই হচ্ছে লক্ষ্য, সেই লক্ষ্যাতে পৌছাতে গিয়ে আমার যেগুলি করণীয় সেগুলি আমি করবো কিন্তু করার আগে আমার পথে প্রত্যেক জায়গায় আমার পথনির্দ্দেশ থাকবে, আমি জনসাধারণকে সবচেয়ে বেশী অধিকার দিয়ে তারপরে আমার কাজের এই ব্যাপকতা সৃষ্টি করবো, এখানে দেখা যাচ্ছে ঠিক তার উলটো। কলকাতা মহানগরীকে অশোক মেহেটা বলে গিয়েছেন অসুস্থ মহানগরী। এটা সত্য কথা, সুস্থ পরিবেশ এখানে সৃষ্টি হয়নি, যে সুস্থ পরিবেশ ছিল সেটা ভেঙ্গে ভেঙ্গে পড়ে যাচ্ছে। আমি কিছুদিন আগে যখন দেখেছিলাম যে আগেকার সিনেট হাউস যার সঙ্গে ইতিহাস জড়িত, যার সঙ্গে আমাদের সমস্ত রকম স্মৃতি, বেদনা, গর্ব, কৃষ্টি, সমস্ত কিছু জড়িত সেটা যখন ভেঙ্গে ফেলে

তার জায়গায় উঁচু প্রাসাদ উঠলো তখন আমার মনে হয়েছিল যে কি আসছে। এটা নূতনকে আহ্বান করা নয়, পুরানোকে সরিয়ে দেওয়া নয়, পুরানোকে সরিয়ে দেবার মানে যদি হতো সমস্ত কৃষ্টি, যেগুলি আমাদের ঐতিহ্যমণ্ডিত করেছে সেই সমস্ত জিনিসগুলিকে সরিয়ে দেওয়া তাহলে ব্যক্তিগতভাবে পুরানোকে সরানর বিরুদ্ধে আমার মত থাকবে। এবং এটাকে যদি আমরা উন্নতি বলি তাহলে মানসিক অবনতিকে আমরা উন্নতি বলে ধরে নেবো। কাজেই আমাদের চিন্তা-ধারা কোথায় এসে দাঁড়িয়েছে। আমাদের চিন্তাধারা দাঁড়িয়েছে আমরা এখানে আমেরিকান প্যাটার্ণে লম্বা লম্বা স্কাইক্রাপার করবো। সেদিন আমি কমিশনার পি, কে, সেনের কাছে গিয়েছিলাম ঠেলা গাড়ীর ব্যাপারে। তিনি বললেন ওয়াশিংটন সহরে ৬০ মাইলের নীচে ড্রাইভ করতে দেয়া না। ৬০ মাইল নাকি স্পীড হওয়া দরকার। আমি অবাক হয়ে গেলাম কলকাতার একজন সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মচারী—অবশ্য তিনি সিনসিয়ারলি বলেছেন, অন্যভাবে ব্যাখ্যা করেছেন—কিন্তু মনোবৃত্তিটা দেখুন। ওয়াশিংটনে ৬০ মাইলের কথাটা তাদের চিন্তায় আছে, শৈলবাবুর মাথায় আছে। কিন্তু তাদের মাথায় এইটুকু নেই যে আমেরিকা থেকে জেমিনি স্পেসে চলে গেছে। আমরা গরুর গাড়ীকে এখনও পর্যন্ত সাইকেলে পরিণত করতে পারিনি। কাজেই নিজের অবস্থা বিচার করে তারপর লেজিসলেসনের দিকে যেতে হয়। ধরুন এই অথরিটির নামে যে সমস্ত পাওয়ার দিচ্ছেন সেই পাওয়ারগুলি যে মিসইউজ হবার যে অবস্থা হতে পারে তার প্রতিবিধান কোন জায়গায় রাখেন নি। পিপলস হাতে কোন ক্ষমতা রাখেন নি। আমি সেইজন্য শৈলবাবুকে প্রশ্ন করছি Is good Government a substitute for self Government? আপনি এটার উত্তর দেবেন। গুড গভর্নমেন্ট কি সেল্ফ গভর্নমেন্টের সাবষ্টিটিউট—তাই যদি হয় তাহলে আমাদের অনেক জায়গায় স্বাধীনতা আন্দোলনের সেই সমস্ত মহাপুরুষ নেতাদের কথার বিরুদ্ধে চলে যেতে হবে। কিন্তু আমরা তো তা যেতে পারি না। আমরা যে চিন্তাধারায় পুষ্ট হয়ে এসেছি—স্বাধীনতার মহাপুরুষরা যে চিন্তাধারায় আমাদের উদ্বুদ্ধ করেছেন সেই চিন্তাধারার থেকে তো আমরা এই সমস্ত বিলের বিরোধীতা করতে বাধ্য হবো। স্যার, কলকাতায় প্রাপ্ত মহানগরী কোন দিন হয়নি এবং আমার মাননীয় বন্ধু সেদিন বলেছিলেন এই মহানগরী কি? Palace and poverty lie side by side. রুডিয়াড কিপলিংয়ের ভাষায় এই হচ্ছে কলকাতা মহানগরীর চিত্র। একদিকে প্যালেস আর দিকে প্রভার্টি। এবং এটা রুডিয়াড কিপলিংয়ের টাইম থেকে হয়ে আছে। কিন্তু তার মধ্যে থেকে কতটা সিনথেটিক করা যায়—দেশবন্ধু চিত্তরঞ্জন, নেতাজী সুভাষ তার ব্যবস্থা করেছিলেন এবং সুরেন্দ্রনাথ তার উদ্বোধন করেছিলেন। এবং সেই ব্যবস্থার প্রাণকেন্দ্র স্পীরিট কি ছিল—জনগণের হাতে গণতান্ত্রিক অধিকার আরও বেশী করে দিতে হবে। আপনারা কি করলেন? আপনারা কলকাতা কর্পোরেসনের হাত থেকে মিউনিসিপ্যালিটির হাত থেকে সমস্ত পাওয়ারগুলি কেড়ে নিলেন আপনি বলতে পারেন আজকে এসেম্বলীর পাওয়ার আছে—নিশ্চয় আছে যে কোন লেজিসলেসন আমরা করতে পারি। কিন্তু লেজিসলেসন করবার অধিকার থাকলে সেই অধিকারকে সংহতভাবে প্রয়োগ করবার অধিকার তো আমাদের আছে। যদি অসংযতভাবে আমরা আমাদের অধিকারকে প্রয়োগ করি তাহলে কি সেটা অধিকারকে ভঙ্গ করা হয় না? সে কথাটাই শৈলবাবুকে আমি চিন্তা করতে বলছি। তারপর মিউনিসিপ্যালিটি, করপোরেসন এদের পাওয়ার কাড়ার পেছনে ওঁদের যুক্তি হচ্ছে যে এগুলি নাকি ভালভাবে কাজ করতে পারে না। আমি আপনার কাছে একটা ছবি দিই—যে কলকাতা করপোরেসন ভালভাবে কাজ করতে পারে না এবং কলকাতা করপোরেসনকে দৈনিক সকলে তার আদ্যশ্রাদ্ধ করে। আমাকে কলকাতা করপোরেসনের একজন কাউন্সিলার বলেছিলেন দুঃখ করে যে আমাদের চেয়ে এমন কেউ আর সহ্যশালী লোক আর পৃথিবীতে নেই। আমরা সকাল থেকে উঠে সন্ধ্যা পর্যন্ত গালি খাই। রেট-পেয়ারদের গালি খাই, বাড়ীতে বউয়ের গালি খাই, এসেম্বলীতে আপনাদের গালি খাই—কিন্তু আমাদের কথা শোনবার মত কোন ক্ষমতা নেই। তার কারণ সেখানে কিন্তু তালাবন্ধ।

[4-35—4-45 p.m.]

কলকাতা করপোরেসনের কথা বলছি—তাদের দুর্নীতি তাদের অপদার্থতা আমি মেনে নিলাম। আমি ধরে নিলাম যে সেখানে কাজ খুব খারাপভাবে দীর্ঘ দিন ধরে চলছে। কাজেই তাদের হাতে থাকলে হবে না। কিন্তু তাদের টাকা পয়সার কি ব্যবস্থা করেছিলেন? যে টাকা আজ আপনারা খরচ করতে যাচ্ছেন সেই টাকা তাদের হাতে দিয়ে আপনারা কি বলেছিলেন যে এইভাবে প্ল্যান সাকসেসফুল করো। সেটা তো বলেন নি—না বলে তাদের উপর দোষ দিচ্ছেন, এটা কি মানবতার পরিপন্থী বলে আপনাদের মনে হয় না? সেই ভদ্রলোকেরা জানলো না—তাদের হাতে রিকোয়ার্ড ক্ষমতা এবং টাকা দিলেন না অথচ তাদের ইনডাইরেক্টলি বলছেন—তারা যেন পাপ করে বসে আছে এবং আমাদের সরকারের হাতে, এই অফিসিয়ালদের হাতে ক্ষমতা এলে যেন সব ভাল করে ফেলবেন। আমি স্যার, আপনাকে বলছি—আপনি তো জানেন, আপনি মেয়র ছিলেন, যে কলকাতায় যে স্কুলগুলি আছে এই ২৫ বছরে ২৪টি স্কুলও নূতন হয় নি—কলকাতা করপোরেসন করে নি। কিন্তু শিক্ষার ব্যাপরে দায়িত্ব শুধু কলকাতা করপোরেসনের নয় আমাদের স্টেট গভর্নমেন্টেরও ছিল। স্টেট গভর্নমেন্ট বলেন কলকাতা করপোরেসন, আর কলকাতা করপোরেসন বলেন স্টেট গভর্নমেন্ট এবং এই করে দীর্ঘ দিন কেটে গেছে এবং আপনি নিশ্চয় জানেন যে এখানে নায়ক এসেছিলেন, তিনি বলেছিলেন: The Calcutta Corporation is not doing its duty to primary education. The State Government is not also doing its full duty to primary education. ধরুন একটা একজাম্পল দিচ্ছি প্রাইমারী এডুকেসনে যা করণীয় ছিল সেটা ফেলিওর যে হয়েছে—সেই ফেলিওরের মধ্যে কলকাতা করপোরেসনের যতটুকু দায়িত্ব ছিল আজকে আর একজন কেন্দ্রীয় সরকারের নায়ক তাঁর কথাতে ঠিক স্টেট গভর্নমেন্টেরও ততটুকু দায়িত্ব আসছে। কাজেই সেই দায়িত্ব শুধু করপোরেসনের এটা যদি আমরা মনে করে থাকি বা শৈলবাবু ধরে থাকেন তা কোন কাজের কথা নয়। আমি যে এই রকম একটা উদাহরণ আপনার কাছে দিলাম তার কারণ এটাতেই প্রমাণ হচ্ছে যে স্টেট গভর্নমেন্টের দায়িত্ব নেবার মত ক্ষমতা নেই। কাজেই এদিক থেকে শুধু স্টেট গভর্নমেন্টের হাতে গেলেই বা স্টেট গভর্নমেন্টের অফিসিয়্যালদের হাতে গেলেই কাজ ভালভাবে হবে এটা ঠিক নয়। তারপর আমরা দেখেছি আমাদের একটা প্রবণতা এসেছে বিদেশের প্রতি ঝোঁক। আমি জানি না বিদেশের প্রতি ঝোঁকের এই প্রবণতা এটা মহাত্মা গান্ধী থাকলে কি বলতেন। ঈশ্বরের অসীম অনুগ্রহ যে মহাত্মা গান্ধী জীবিত নেই। নতুবা শৈলবাবুর বিরুদ্ধেই হয়তো তাঁকে সত্যাগ্রহ করতে হোত। বিদেশের অনুকরণ, বিদেশের অনুসরণ, বিদেশের উপর নির্ভরতা এটা আমাদের জন্মগত অভ্যাসে দাঁড়িয়ে গেছে, যে অভ্যাসকে উনবিংশ শতাব্দীর শেষ দিকে যখন সত্যিকারের মিলিট্যান্ট আন্দোলন সুরু হোল তখন তদানীন্তন মনীষীরা তীব্র কষাঘাত করেছিলেন। আজকে দুর্ভাগ্যের কথা যে স্বাধীন দেশের স্বাধীন গভর্নমেন্টের যাঁরা নায়ক তাঁরা বিদেশের অনুকরণ এবং বিদেশের অনুসরণই শুধু নয়, তাঁদের হুকুম পর্যন্ত মেনে নিচ্ছেন। শৈলবাবু আজকে এই সি. এম. পি. ও. করবার নামে ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেসনের কথায় এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথায় যে সমস্ত কাজ করতে যাচ্ছেন আমি জিজ্ঞাসা করি তাঁর ভরসা কোথায়? তাঁরা রিকোয়ার্ড টাকা দেবার কোন গ্যারান্টি দেননি। অথচ তিনি তাঁদের কথা অনুসারে তাঁদের হুকুম অনুসারে হঠাৎ এই বিলটি নিয়ে এলেন যার দ্বারা আমাদের দেশের এত দিনের যে স্বায়ত্ব শাসনের অধিকার সেই অধিকার থেকে আমাদের দেশের করপোরেসন এবং একটা সেকসন অব মিউনিসিপ্যালিটিজ তারা বঞ্চিত হতে যাচ্ছেন। অথচ লোক তার দ্বারা কি সুবিধা পাবে জানি না। তিনি জলের কথা বলছেন—কিন্তু আমি, স্যার, বলছি ৫০ গ্যালন তো দূরের কথা—২০০১ খৃষ্টাব্দে ৫০ গ্যালন মাথাপিছু জল দেবেন বলেছেন, সেটা বাদ দিয়ে দিন—তিনি জল খাওয়াতে তো পারবেনই না—বরং দীর্ঘ দিন ধরে কলকাতার লক্ষ লক্ষ গরীব মানুষকে তিনি ঘোল খাইয়ে ছাড়বেন। আপনারা C.M.P.O. authority-র হাতে ক্ষমতা দিয়ে দিয়েছেন।

সেখানে বিচারের কোনরকম কোন সুষ্ঠু পরিকল্পনা আমরা পাইনি, যার ফলে বিচারের বাণী কেঁদে মরে যাবে। বস্তী নগরী কোলকাতার যে মধ্যবিত্ত মানুষ যারা কোলকাতার পথে পথে ঘুরে ঘুরে বেড়াচ্ছে ওরা যাদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে বড় বড় ইমারতের মানুষরা—যারা কোলকাতার মাটি কিনে নিয়েছে সেই সমস্ত মহামহ শেঠ গোষ্ঠীরা আজ কোলকাতা শহর দখল করে বসে আছে। কোলকাতার বাঙালী ছেলেরা কোলকাতায় এসে নিজেদের মনে করতে পারে না যে আমি বাঙলাদেশের মানুষ। কোলকাতার মধ্যবিত্ত বাঙালীদের আপনারা কি ভরসা দিয়েছেন? আপনারা শুধু ভরসা দিচ্ছেন তাদের আরও দুঃখ, দারিদ্র, আর কষ্ট এবং তার সঙ্গে ভরসা দিচ্ছেন বিদেশীদের হুকুমের চাকর হতে হবে। তাই আমরা এই বিলকে শুধু প্রগতিশিল বলে মনে করিনা আমরা একে জাতীয়তাবাদী বিরোধী বলে মনে করি এবং বাংলাদেশের সমস্ত মানুষকে ওর বিরুদ্ধে ধিক্কার উচ্চারণ করতে বলব।

Shri Balai Lal Das Mahapatra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই Calcutta Metropolitan Water and Sanitation Bill যখন প্রথম আসে তখন আমরা এর কঠোর সমালোচনা করেছিলাম এবং আরো আমরা এর মূলনীতির বিরুদ্ধে কঠোর ভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করে এ বিল প্রত্যাহারের দাবী জানিয়েছিলাম, এবং তখন আমরা পরিষ্কারভাবে বলেছিলাম এ বিলটা গণতন্ত্র বিরোধী স্বায়ত্বশাসন বিরোধী এবং প্রতিক্রিয়াশীল। কিন্তু Joint Select Committee থেকে ফিরে আসার পর আমরা দেখলাম এর মৌলিক বিষয়ের কোন পরিবর্তন হয়নি—কিছু এদিক ওদিক পরিবর্তন হয়েছে ঠিকই কিন্তু যে মূল অভিযোগ আমাদের ছিল গণতন্ত্র বিরোধী এবং স্বায়ত্ব শাসন বিরোধী তার কোন রকম পরিবর্তন হয়নি। আমরা আশংকা প্রকাশ করেছিলাম এই যে, ৩৪টা স্বায়ত্ব শাসন সংস্থা গ্রেট ক্যালকাটা অথরিটি গঠন করবার চেষ্টা হচ্ছে তখন সেখানে Municipalityগুলোর কোন মত নেওয়া হয়েছে কিনা সে বিষয়ে আমাদের যে আশঙ্কা সেটা সত্যে পরিণত হয়েছে। আমি শুনলাম মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথা বললেন, বিরোধী পক্ষের Joint Select Committee-তে তাঁরা যে বিরুদ্ধ মত দিয়েছেন তারা জবাব দিতে গিয়ে বলেছেন এটা অগণতান্ত্রিক নয় অথবা এখানে স্বায়ত্ব শাসনের বিরোধী কোন কাজ করা হচ্ছে না, কিম্বা Municipalityগুলোর কাজ থেকে কতকগুলি কাজ নিয়ে নেওয়া হচ্ছে—বিশেষ করে জল সরবরাহ এবং ময়লা নিষ্কাষণের ক্ষমতা খর্ব করা হচ্ছে না। আমি এ সম্পর্কে অগ্রসর হবার আগে কয়েকটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় ৯০টা পৌর প্রতিষ্ঠান ১৯শে ডিসেম্বর কলকাতার করপোরেশান হলে মিলিত হয়েছিলেন এবং সেখানে এক্স মেয়র চিত্তরঞ্জন চ্যাটার্জী সভাপতিত্ব করেছিলেন। সেখানে কতকগুলি যে মত প্রকাশ পেয়েছে তার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা ডাকা হয়েছিল Bengal Municipal Association-এর পক্ষ থেকে, সেখানে প্রাক্তন মেয়র চিত্তরঞ্জন চ্যাটার্জী বলেন যে ঐ বিলটির দ্বারা কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলির অস্তিত্ব বিলোপ করেছে। বর্তমান মেয়র ডাঃ প্রীতিকুমার রায় চৌধুরী বিলটার সমালোচনা করে বলেন ঐ বিল দিয়ে পৌর সভার ক্ষমতা আস্তে আস্তে কেড়ে নেওয়া হচ্ছে। বিলে উন্নয়নের পর প্রকল্পগুলি মিউনিসিপ্যালিটির মাধ্যমে চালু রাখার কথা নেই। ডেপুটী মেয়র মিহির গাঙ্গুলী বলেন, যে প্রতিনিধিদের হাত থেকে—নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। তারপর পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল এসোসিয়েশনের সেক্রেটারী এবং শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রী জি. ডি. নাগ দৃঢ় কণ্ঠে বলেন, "বিলটি প্রত্যাহারের দাবী করে বলেন, বিলটি চালু হলে কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চল থেকে বাঙালীদের উচ্ছেদ হতে হবে। বিলটি চালু হলে করদাতাদের উপর জল সরবরাহ বাবদ ও পয়ঃপ্রণালী থেকে জল নিষ্কাশন বাবদ অতিরিক্ত কর চাপাব"। কিন্তু যে সকল বাড়ীতে জলের কনেকশন নেই সেই সকল বাড়ীতে জলের কনেকশন নেবার দায়িত্ব নেই। প্রস্তাবিত অঞ্চলে জলের কনেকশন নেই এরূপ শতকরা বাড়ীর সংখ্যা হচ্ছে শতকরা ৭০টা।

নূতন সংস্থা মনে করেন মিউনিসিপ্যালিটিগুলির হাত থেকে কনজারভেনসিসার্ভিস নিতে পারেন। কিন্তু এই সার্ভিস বাবদ শতকরা পাঁচ টাকা হারে কর চাপান হবে। তারপর হুগলী Municipality-র Chairman Shri Prasanta Banerjee বলেন, "রাজ্য সরকারকে বিল প্রত্যাহার করতে বাধ্য করব। তা না হলে সকলে মিলিতভাবে পদত্যাগ করব"।

[4-45—4-55 p.m.]

এখানে আরো অনেকের মতামত প্রকাশ করা হয়েছে। আমরা যে আশংকা প্রকাশ করেছিলাম যে এ বিলের দ্বারা Municipality-গুলোর ক্ষমতা খর্ব করা হচ্ছে এবং তার সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে আমলাতন্ত্রের উপর তার দায়িত্ব দেওয়া হচ্ছে এবং এ অথরিটিকে Writers' Buildings-এর শাখায় পরিণত করা হচ্ছে বলে যে অভিযোগ করেছিলাম তা সত্যে পরিণত হচ্ছে। এ সম্পর্কে অতীতের একটা ইতিহাস বলবো। ১ দিনে Municipality-তে স্বায়ত্বশাসন অধিকার আসে নি। ১৮৮৫ সালে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। দীর্ঘদিন আন্দোলনের পর লর্ড রিপনের আমলে Municipality স্বায়ত্বশাসন অধিকার পেয়েছিল। আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই তখনকার Municipality Corporation-এর যিনি মেয়র ছিলেন বিশেষ করে কমিশনাররা সকলেই ম্যাকেঞ্জী এক্টের বিরুদ্ধে প্রতিবাদ করে পদত্যাগ করেছিলেন। তাই ১৯২৩ সালে সুরেন্দ্রনাথকে নূতন মিউনিসিপ্যাল এ্যাক্ট তৈরী করতে হয়েছিল—যার প্রথম মেয়র ছিলেন দেশবন্ধু। তখন যে গণতান্ত্রিক অধিকার বৃটিশ আমলে পেয়েছিল, আজকে কংগ্রেসী আমলে যারা বড় বড় গলায় গণতন্ত্রের কথা বলেন তাঁরা সেটা ধীরে ধীরে কেটে নিচ্ছেন, Ordinance-এর নামে কেড়ে নিচ্ছেন। তাদের এই প্রবণতা যেমন Municipality, Corporation-এর ক্ষেত্রে দেখা গিয়েছে সে রকম জেলা পরিষদ ও পঞ্চায়েতে মনোনয়নের ব্যবস্থা রেখে সেটা দেখা যাচ্ছে। কাজেই আমি বলছি বিলের এ জিনিস যতক্ষণ না পরিবর্তন হবে ততক্ষণ পর্যন্ত এটা সমর্থন করতে পারি না। অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এর থেকে আমলাতন্ত্রের হাতে ক্ষমতা দেবার যে কথা উঠেছে তা ঠিক নয়। আমি বলছি সিলেক্ট কমিটি থেকে ফিরে এসে বোর্ড অফ ডাইরেকটার্সদের হাতে সর্বোচ্চ ক্ষমতা রইলো। তাদের Appointed Director তিনি হবেন Chairman, আবার তাঁর হাতে অতিরিক্ত ভোটের ক্ষমতা রইলো। General Council যেটা হল তিনি হবেন তার প্রিজাইডিং অফিসার। সেখানে কয়েকটা মেম্বারের সংখ্যা বাড়ান হল কিন্তু আসলে ক্ষমতা রয়েছে বোর্ডের Chairman যিনি সরকারের appointed লোক। সংগে সংগে দেখতে পাচ্ছি যিনি General Manager হবেন, তিনি সরকার কর্তৃক নিযুক্ত হবেন। কাজেই সমস্ত authority পরিচালিত করবে বোর্ড অফ ডায়রেকটার্স তাতে ৬ জন সদস্য রয়েছে। তাদের নিযুক্ত ডায়রেকটার্স থাকলো এবং তাঁদের নিযুক্ত হোল টাইমার জেনারেল ম্যানেজার থাকলো। অর্থাৎ এ কটা লোকই সমস্ত অথরিটি পরিচালনা করবেন। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে মিউনিসিপ্যালিটির যে ক্ষমতা ছিল, সেটা ধীরে, ধীরে কেড়ে নেবার চেষ্টা হচ্ছে। এর পূর্বে, আমরা জানি যে ক্যালকাটা কর্পোরেসনকে ঠুঁটো জগন্নাথ করবার জন্য দীর্ঘদিন ধরে চেষ্টা চলেছে। আজকে যে মত আপনাদের সামনে রাখলাম এখানে, এর মধ্যে কোন দলমতের প্রশ্ন নেই। এর মধ্যে কংগ্রেসের সদস্যরা রয়েছেন, যাঁরা মেয়র, ডেপুটি মেয়র, ইত্যাদি, ইত্যাদি, তাঁরা সকলে রয়েছেন, তাঁদের আমি ধন্যবাদ দিই। ক্যালকাটা কর্পোরেসনের Chairman বা Ex-Chairman প্রভৃতি, তাঁরা যে স্বাধীন মত প্রকাশ করেছেন বাংলাদেশের গণতন্ত্রকে এবং স্বায়ত্বশাসন অধিকারকে রক্ষা করবার জন্য সম্মেলিতভাবে যে মত প্রকাশ করেছেন, তার জন্য আমি বিধানসভার পক্ষ থেকে তাঁদের অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, যিনি আজকে এই বিলটি এখানে উত্থাপন করেছেন, তাঁকে আমি বিনীতভাবে অনুরোধ করছি যে এখনও একটু ভালভাবে চিন্তা করে দেখুন। এই বিলটির প্রকৃত প্রস্তাবে, আমরা প্রথম বার আলোচনা করেছিলাম, যে যদি সত্যিকার হয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা যে প্রস্তাব আমাদের সামনে দিয়েছেন,—এই যে ৪৬০ বর্গমাইল জায়গায় জল সরবরাহ

অথবা ময়লা নিষ্কাশন, তা পৃথক, পৃথকভাবে হতে পারে না, তার জন্য একটা সংস্থা দরকার। তাই, তখন আমরা কতকগুলি suggestion দিয়েছিলাম যে, এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির সম্মিলিত মত নিয়ে, একটা Joint Action কমিটি করা হোক, এবং তাদের মাধ্যমে কার্যক্রম করা হোক। আমরা মনে করি, তা যদি করা হয়, তাহলে আর ক্ষমতা নিয়ে লড়াই হবে না, এবং দলমত নিয়ে সংঘর্ষ হবেনা, কারও অযথা কর বৃদ্ধি হবেনা, এবং সুষ্ঠুভাবে কাজ হবে। আরও একটা সন্দেহের কথা বলেছিলাম যে তিনটা পরিকল্পনা চলে গেলো, এখনও ঐ ১২" পাইপ বসান সম্ভব হল না। পলতা থেকে টালা পর্যন্ত ১২" পাইপ বসানর যে পরিকল্পনার কাজ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শুরু হয়েছিল, তা, তাঁদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও শেষ হল না। এই ১২" পাইপ যেখানে বসবে, পলতা থেকে টালা পর্যন্ত মাত্র ১৪ মাইলের দূরত্ব, এই ১৪ মাইল দূরত্বের মধ্যে ঐ পাইপ বসাতে প্রায় ৫, ৬, ৭ বছর চলে গেলো, তাতে জল সরবরাহের কাজ কতটুকু হয়েছে, তাত আমরা দেখতে পাচ্ছি। সংগে সংগে আমরা দেখতে পাচ্ছি ৬০" যে পাইপ সেটাও নষ্ট হতে বসেছে। আর দেখতে পাচ্ছি 'দূর' অঞ্চলে জল সরবরাহ করা সম্ভব হচ্ছে না। কিন্তু এই ৪৬০ বর্গমাইল অঞ্চলে আমরা একটা বৃহৎ কাজে হাত দিতে যাচ্ছি, সেখানে যদি কোন কারণে এটা fail করে, বিশেষ করে সংযুক্ত মিউনিসিপ্যালিটিগুলি সহযোগিতা না করেন, তাহলে আমি মনে করি পানীয় জল সরবরাহ বা ময়লা নিষ্কাশন বা পয়ঃপ্রণালী ইত্যাদির ব্যবস্থা সম্পূর্ণভাবে বানচাল হয়ে যাবে। কাজেই আমি মনে করি যে মিউনিসিপ্যালিটির সংগে সহযোগিতা করা হোক। সেইজন্য আমার অনুরোধ, তাঁরা যে আপনার কাছে Memorandum পাঠিয়েছেন, তাতে তাঁদের মতামত কি, সেগুলি আমাদের জানানো হয়নি, সেটা আমাদের সামনে রেখে, বিচার, বিশ্লেষণ করে দেখা হোক। সুতরাং এই বিল প্রত্যাহার করে নিয়ে, তাঁরা যে অভিমত প্রকাশ করেছেন, তারই ভিত্তিতে এই বিলকে আবার রচনা করা হোক, এবং নূতন করে রচনা করে আমাদের সামনে উপস্থিত করা হোক। তারপর আর একটা কথা বলবো ঐ Ford Foundation এবং বিশ্ব ব্যাংকের অর্থ সম্বন্ধে। উনি বলছেন যে এই সম্পর্কে অনেকে উল্লেখ করেছেন। তাহলেও আমি এই সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। আমরা দেখলাম কয়েকদিন আগে ইউনিভার্সিটি বিল পাশ হল, তাতে ঐ একই কথা শুনলাম যে Ford Foundation টাকা দেবে। যেন বিদেশীরা টাকা না দিলে, আমাদের ক্ষমতা নেই কোন কিছু করবার। কয়েকদিন আগে সংবাদপত্রে দেখেছি, এটা সত্য কিনা, জানিনা, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এক জায়গায় বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন যে ৪০০ মণ সোনা নাকি এখানে লুকানো আছে। তাহলে বোঝা যাচ্ছে যে এ দেশের টাকা দেওয়ার ক্ষমতা আছে, ঋণ দেওয়ার ক্ষমতা আছে। আমরা কখনও সেখান থেকে টাকা সংগ্রহের চেষ্টা করিনি। আমরা দেখেছি ক্যালকাটার উন্নতির জন্য Master Plan তৈরী করা হয়েছে, কেবল টাকার অভাবে কাজ আরম্ভ করা সম্ভব হচ্ছে না। State Government-এর জন্য বার বার Expert কমিটি গঠন করেছেন, কিন্তু সেই অনুসারে তাঁরা কোন কাজ করেন নি বা কোন কাজ করবার সুযোগ দেওয়া হয়নি। সেনট্রাল কমিটিও, কেন্দ্রীয় সরকারও, তারা expert কমিটি গঠন করেছেন, তাঁরা এখানে আছেন। কিন্তু দেখা গেলো তারাও টাকা কড়ি দেননি। তাহলে দেখা যাচ্ছে, যে ক্যালকাটা কর্পোরেসনের যে প্রশ্ন, এটা শুধু, বাংলাদেশের প্রশ্ন নয়, এটা সমগ্র দেশের, আন্তর্জাতিক সমস্যা। সুতরাং এই সমস্যা সমাধান করবার জন্য আমাদের এখন ব্যবস্থা অবলম্বন করা দরকার যে—প্রথমে আমরা এখান থেকে টাকা সংগ্রহ করতে পারি কিনা, তারজন্য আমাদের চেষ্টা করা দরকার। আমরা দেখেছি, বার বার আপনারা বলেছেন যে অ্যামেরিকা থেকে গম আসছে না, তার একটা রাজনৈতিক কারণ আছে। আমি সেইজন্য বলি, যে কথা নিখিল বাবু ও অন্যান্য সদস্যরা বলেছেন, যে আমাদের প্রত্যেকটি ব্যাপারে, প্রত্যেকটি জিনিসের জন্য যদি আমরা দাসত্ব করি অপরের কাছে, টাকার জন্য, তাহলে আমাদের স্বাধীনতা বিপন্ন হবে, এবং আমাদের সমস্ত কাজ বানচাল হয়ে যাবে।

[4-55—5-5 p.m.]

Shri Anadi Das : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966. স্যার, এই যে Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill এসেছে তার বিরোধিতা করতে গিয়ে আমি কয়েকটি কথা বলছি, এটা যাতে সার্কুলেশনে দেওয়া হয়, তার দাবী আমি জানাচ্ছি। স্যার, নারীগর্ভে যে জন্মায় সে সন্তান হয় এই যে একটা কথা আছে আমরা জানি ; তবে বিচার করতে হয় নিয়ম মাফিক সেই সন্তান হয়েছে কিনা বা সে জারজ সন্তান কিনা ? জারজ হলে সেই জারজ সন্তানের চরিত্রও সেইরকম হয়ে থাকে। তেমনি এই বিধানসভায় এই সরকার যে বিল আনবেন, আমাদের দেশী বিল এবং কলকাতার নামে যে বিল আনবেন, তা নিশ্চয়ই কলকাতার উন্নয়নের জন্য। কিন্তু এর জন্মের ইতিহাস যদি দেখি, তাহলে এই বিলকে আমরা বলবো যে এই বিলের জন্ম নিয়ম মাফিক হয় নাই। তার জন্ম হচ্ছে আমেরিকায় আমাদের দেশে অনুপ্রবেশের ইচ্ছার ঔরষে এবং এই সরকারের ধনতন্ত্ররূপ বিলাসীনির গর্ভে। এই সন্তান জারজ এবং এটা পরিত্যক্ত। এটা পরিষ্কার দেখা যাচ্ছে যে PL-480 এর যে উদ্দেশ্য, আমেরিকায় সেই উদ্দেশ্য চমৎকার সাধিত হয়েছে। PL-480-র গমের জন্য আমরা খুব লালায়িত হয়ে পড়েছি নিজেদের দুর্বলতা অযোগ্যতা ঢাকবার জন্য। একথা সর্বজনবিদিত যে এর অর্দ্ধেক টাকা আমেরিকার দূতাবাসের মারফৎ ব্যয়িত হয় এই দেশে এবং সেই টাকা ব্যয়িত হয় এদেশের শিল্পপতিদের নিজেদের দিকে টানবার জন্য। সরকারের মধ্যে আমেরিকার চিন্তাধারা বিলাসী কোন্ কোন্ ব্যক্তি আছে, তাঁদের খুঁজে বের করবার জন্য। অথবা এদেশে সেই চিন্তাধারার চিন্তিত লোকদের বের করে সরকারের মধ্যে ঢুকিয়ে দেবার জন্য। PL-480-র এই উদ্দেশ্য অতি চমৎকার ভাবে সাধিত হয়েছে। এবং আমাদের দেশের সরকারের মধ্যে তাদের চিন্তায় চিন্তিত, তাদের আদেশমত কাজ করবার লোক সেক্রেটারিয়েট মহলে কর্মকর্তাদের মধ্যে জন্মগ্রহণ করেছে—সে হলো এই মন্ত্রীদের সেক্রেটারীগুলো। PL-480-র টাকায় এইভাবে যে বিল রচনা হয়েছে, তাতে সেক্রেটারীরা এবং অন্যান্য কর্মকর্তারাই প্রধান। মন্ত্রীবর্গ তাদের কথা শোনেন মাত্র, তাদের ইঙ্গিতে চলেন। মন্ত্রীদের বিরুদ্ধে আমাদের অভিযোগ এই যে তাঁরা এইসব ব্যক্তিদের চরিত্রগুলি বুঝতে পারবেন না ; তাদের চলতি চিন্তাধারায় তাঁরা চলতে থাকেন ; নিজস্ব কোন চিন্তাধারা এইসব মন্ত্রীবর্গের নেই, তাই নিয়ে তাদের পারচালনা করবার চেষ্টা করেন। World Bank, U.N.O., World Health Organisation এবং Ford Foundation এঁরা কিছু টাকা দেবেন। এরজন্য এত তাড়াহুড়া যে এই assembly যাতে prorogued না হয় সেইজন্য ২৩শে ডিসেম্বর থেকে ৪ঠা জানুয়ারী পর্যন্ত মেম্বারদের বসিয়ে বসিয়ে বিনা কাজে allowance দিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করে এই Assemblyকে বজায় রাখতে হবে যাতে খুব তাড়াতাড়ি এই বিল পাস হতে পারে। এত তাড়াতাড়ি এটা কিসের জন্য ? এই যে সাত তাড়াতাড়ি—এর পেছনে একটা ষড়যন্ত্র একটা উদ্দেশ্য এঁরা ধরতে পারেন নাই, ধরার ইচ্ছাও এঁদের নাই। কাল শৈলবাবু বলেছেন without sting, কিন্তু আমরা দেখেছি এইসব organisation-এর

[5-5—5-15 p.m.]

নামে বিভিন্ন দেশে আমেরিকার যে সাহায্য পাঠায় তাতে sting থাকে। দক্ষিণ ভিয়েৎনামে লক্ষ লক্ষ আমেরিকান সৈন্য গিয়ে সেখানকার জনসাধারণকে দাবীয়ে রাখবার জন্য চেষ্টা করছেন। আজকে দেশব্যাপী যেভাবে উৎপীড়ন ও অন্যায় বেড়ে যাচ্ছে তাতে জনসাধারণ বেশীদিন আর চুপ করে থাকবেনা, তারা নিশ্চয়ই নিজেদের পায়ে দাঁড়াবে। আমরা দেখতে পাচ্ছি আমেরিকা এখন থেকে আমাদের দেশে অনুপ্রবেশ করছে, এবং তাঁরা এই বিপর্যস্ত সরকারের পাশে দাঁড়িয়ে জনসাধারণের উপর দমননীতি চালাবার পথ এখন থেকে তৈরি করছে। এটাই হচ্ছে ধনতন্ত্রী সরকারের চিরাচরিত নীতি। আমেরিকা থেকে আমাদের দেশে গম আসে, আমাদের সরকার

বলেন PL-480 তে কোন sting নাই। কিন্তু প্রকৃত তথ্য তা নয়। এখন আবার সরকার অন্যদিক থেকে জনসাধারণকে আক্রমণ করছেন। জনসাধারণকে দাবীয়ে দেবার জন্য এখন তাঁরা অন্য অস্ত্র প্রয়োগ করছেন। বিভিন্ন মিউনিসিপ্যালেটির অধিকার খর্ব করে গণতন্ত্রবিহীন একটা bureaucratic প্রতিষ্ঠান জনসাধারনের উপর চাপাবার ব্যবস্থা করেছেন তাঁরা। আমরা জানি একটা Authorityদরকার ; কিন্তু সেই Authority জনসাধারণের অধিকার হরণ করার জন্য নয়, জনসাধারণের অধিকার প্রসারিত করার জন্য। ২-৪টা মিউনিসিপ্যালিটি মিলে যদি একটা Body হয় তাহলে কেউ আপত্তি করবেনা। কিন্তু সেই Bodyর হাতে tax আদায় করার ভার দেওয়া কেন, এটা প্রত্যেকটা মিউনিসিপ্যালিটির হাতে দেওয়া যেত, কিন্তু তাদের সে ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। আমরা সম্প্রতি adult franchise-এর ভিত্তিতে election এর ব্যবস্থা করেছি। আজকে সর্বত্র বিকেন্দ্রীকরণের নীতি স্বীকৃতি হয়েছে। এই যে আইন সরকার করতে যাচ্ছেন, এই আইন দ্বারা তাই সব কিছু নাকচ করার ব্যবস্থা হচ্ছে। এই নাকচ প্রগতি বিরোধী। তাই আমি বিল circulation দেবার জন্য অনুরোধ জানাই।

Shri Gopal Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, আমি Select Committeeর সভ্য ছিলাম, তবু আমি প্রস্তাব দিয়েছি জনমত সম্পূর্ণ এই বিল প্রকাশ করা হোক। কারণ কালকে শৈলবাবু এইরকম একটা ধারণা সৃষ্টি করতে চেষ্টা করছেন যে Select Committee থেকে আসার পর এই বিলের চরিত্র সম্পূর্ণ পরিবর্তিত হয়েছে। আমি এই ধারনাই বিরোধিতা করি। আমি এটা দেখাব যে এই বিলের মূল কাঠামো এবং চরিত্র Select Committeeর আগে এবং পরে পরিবর্তিত হয়নি। আমার বক্তব্য হচ্ছে, এই যে authority created হচ্ছে, এই W.H.O.র আগেই যে report সেখানেই বলা হয়েছে এই authorityর চরিত্র কি রকম হবে। সম্পর্কে আমাদের যে স্বয়ংশাসিত প্রতিষ্ঠান আছে তার ভিত্তি হল, সর্বময় ক্ষমতা একটা bodyর উপর ন্যস্ত হয়, যাঁরা জনসাধারণের ভোটে নির্বাচিত তাঁরা কোন একটা কমিটির উপর ক্ষমতা অর্পণ করতে পারেন। তাহলে আর্থিক ব্যবস্থা সেটা ভাগাভাগি স্বয়ংশাসিত প্রতিষ্ঠানের ট্যাক্স এবং সরকারী ট্যাক্সের মধ্যে। এই দুটোই পরিবর্তিত হয়ে যাচ্ছে নতুন এই যে authority তৈরী হচ্ছে তাতে। এখন General Councilএর চরিত্র কি? এরা সব পরোক্ষ নির্বাচিত প্রতিনিধি। যদি General Council এবং Boardএর মধ্যে কোন বিরোধ হয়। স্বভাবতই সেই বিরোধ সরকারী স্তরে যাবে এবং তাঁরাই ঠিক করবেন এই বিরোধে তাঁরা কোন পক্ষে। এই সম্পর্কে Statesman কাগজে যে প্রবন্ধ বের হয়েছ সেটা যে প্রভাবিত করার চেষ্টা হয়েছে এবং সেই চেষ্টা কারা করেছেন সেটাও বুঝতে কোন অসুবিধা হয় না এটা সহজেই অনুমান করতে পারা যায়। প্রথম কথাই হচ্ছে, এই Board General Council কর্তৃক সৃষ্ট Board নয়। বোম্বেতে যে Standing Committee আছে এটা ঠিক সে রকম নয়, অর্ধেক nominated অর্ধেক elected. বলা হয়েছে Boardএর চরিত্র পরিবর্তন করে গণতান্ত্রিক করা হয়েছে। এতেই বোঝা যায় Statesman কাগজের attitudeই এখানে reflected হয়েছে। সরকারী কর্মচারীরা মনে করেন তারা সবজান্তা ঠিক এই মনোভাবের জন্য board কাজ করতে পারবেনা, কারণ নির্বাচিত প্রতিনিধি ও সরকারী কর্মচারীদের মধ্যে প্রতিনিয়ত সংঘাত লেগে থাকবে. এবং এই সংঘাত শেষ পর্য্যন্ত general council পর্য্যন্ত সম্প্রসারিত হবে। কালকে অর্থমন্ত্রীকেও এই কথা বলতে হয়েছে যে মিউনিসিপ্যালিটি-গুলির অযোগ্যতার জন্য এই authority create করা হচ্ছে না, এটা হচ্ছে বিজ্ঞান সম্মত উপায়ে কলকাতার উন্নতির জন্যই এই authority create করা হচ্ছে। আমি শুনে খুশী হয়েছি একজন মন্ত্রী এই কথা বলেছেন। আন্তরিকতার যদি বিন্দুমাত্র পরিচয় থাকত তাহলে এই বিলেই চরিত্র অন্য রকম হত।

[5-15—5-25 p.m.]

বিলের চরিত্র এটা হত যে বোর্ডের যিনি চেয়ারম্যান হবেন তিনি নিশ্চয়ই একজন সরকারী এ্যাপয়েনটেড অফিসার হতেন না। আমাদের দেশের ট্রেডিসানে কোনখানে নেই যে সরকারী এ্যাপয়েন্টেড অফিসার যিনি হবেন তাঁকে চেয়ারম্যান করতে হবে। যিনি জেনারেল কাউন্সিল দ্বারা নির্বাচিত তাঁকে ৬ জনের যে বোর্ড এখন হয়েছে সেই বোর্ডের মধ্যে চেয়ারম্যান করতে কোন দ্বিধা হত না। কিন্তু বোর্ডের মধ্যে আজকে পরিস্থিতি কি, না, সেখানে ৩ জন এক্সপার্ট এ্যাপয়েন্টেড আছেন, সেখানে যদি নন-অফিসিয়াল মেজরিটি থাকত সেখানে বাই পার্সুয়েসান কাজ করতে হত, সেখানে বাই ডিকটেসান কাজ করার দিকে যেতে হত না। স্যার, দেখুন বোর্ডের মধ্যে ৩জন সভ্য আছেন, কিন্তু চেয়ারম্যানকে একটা কাষ্টিং ভোট দিয়ে দেওয়া হয়েছে অর্থাৎ যাঁরা অফিসিয়াল হবেন তাঁদের প্রথম থেকে পাওয়ার দিয়ে বেঁধে রাখা হয়েছে যে তাঁরা এই মনোভাব নিয়ে কাজ করবেন, তাঁদের পার্সুয়েসানের মনোভাব কখনও হবে না। যখন তাঁদের হাতে এই ক্ষমতা দিয়ে রাখা হয়েছে তখন তাঁরা ডিক্টেসানের মনোভাব নিয়ে কাজ করবেন এবং ফলে সেখানে কনফ্লিক্ট অনিবার্য্য। অথচ আমাদের লোকাল সেলফ গভর্নমেন্টের যে ট্রাডিসান সেটা দুটো মূল ভিত্তির উপর দাঁড়িয়ে আছে, লোকাল সেলফ গভর্নমেন্টের যে ফুল ক্ষমতা সেটা ভেস্ট করে কার উপর, না, নির্বাচিত প্রতিনিধি যাঁরা আগে রেসট্রিকটেড ফ্রানচাইজে হতেন এখন এ্যাডালট ফ্রানচাইসে হচ্ছেন তাঁদের উপর। কিন্তু এখানে তা নেই, সেটা মুছে গেছে এবং ডব্লু, এইচ, ও, টিমের যে রিপোর্ট তার মূল ভিত্তি এই বিলের মধ্যে রয়েছে, যদিও সিলেক্ট কমিটির মধ্যে তার অংশ কিছু পরিবর্তন করা গেছে সেখানে ডাইরেক্টর বোর্ডের মধ্যে শুধুমাত্র এ্যাপয়েন্টেড লোক নয় জেনারেল কাউন্সিলের একজন প্রতিনিধি রয়েছেন এবং জেনারেল কাউন্সিলের চরিত্রের মধ্যে এটা রয়েছে যে নন-অফিসিয়াল রিপ্রেজেনটেটিভ যাঁরা তাঁদের সংখ্যা অফিসিয়াল রিপ্রেজেন্টেটিভের ডবল। এটা ঠিকই, কারণ, টু-থার্ড এই রেসিও হয়েছে। কিন্তু তাতে করে ষ্ট্রাকচার এণ্ড ক্যারেকটার অব দি অথরিটির যে দুটো মূল ভিত্তি ছিল লোকাল সেলফ গভর্নমেন্ট ইন্সটিটিউটসানের আমাদের দেশে সেটা থাকটাচ্ছে না। অতএব এটাই গভর্নমেন্টের মনোভাব রাইটার্স বিলডিংস অথবা গভর্নমেন্ট পক্ষের বক্তাদের শৈলবাবুদের এটাই ধারণা যে মিউনিসিপ্যালিটিগুলি অযোগ্য, এই কথা বহুবার এখানে গভর্নমেন্ট পক্ষ থেকে বলা হয়েছে। তাদের অযোগ্যতার কারণ কি সেটা বিশ্লেষণ করা হয় নি এবং যে বিশ্লেষণ হয়েছে সেটা কার্যকরী হয়নি। হচ্ছে তাদের ফিনানসিয়ালি ভায়েবল করার জন্য বহুবার বহু রেকমেণ্ডেসান হয়েছে, কিন্তু কোন রেকমেণ্ডেসান কতটুকু কার্যকরী হয়েছে? কিছু হয়নি। এই অবস্থার মধ্যে এঁদের দৃষ্টিভঙ্গীটা হচ্ছে এই নির্বাচিত প্রতিনিধিরা কাজের চেয়ে অকাজ বেশী করে। দ্বিতীয়তঃ, প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির সে ছোট হোক আর বড় হোক একটি করে প্রতিনিধির দেওয়ার ব্যবস্থা আইনে নিশ্চয়ই থাকা উচিত ছিল। কিন্তু সেখানে অত্যন্ত বাধা, মিউনিসিপ্যালিটির প্রতিনিধিরা এলে তাতে অসুবিধা হবে। আমি জিজ্ঞাসা করি রাইটার্স বিলডিংসের কয়েকটি সরকারী কর্মচারী কি কলকাতা অথবা কলকাতার আশ পাশে জায়গা ভাল করতে চান, না, নির্বাচিত প্রতিনিধিদের এই কাজের জন্য আগ্রহ? নির্বাচিত প্রতিনিধিদের হাতে পুরো ক্ষমতা দিতে এঁদের আপত্তি কেন এটা খুব স্পষ্ট করে বলতে হবে। এটা যদি স্পষ্ট করে বলতে পারেন তাহলে শৈলবাবু যে কথাই বলুন না কেন, কালকে বলেছেন যে এটা ব্যুরোক্রাটিক কনট্রোল নয়, ডেমোক্র্যাটিক হয়েছে সিলেক্ট কমিটির মধ্য দিয়ে আসার পর, আমি বলব এটা নিশ্চয়ই ডিসেপসান হবে, এটা তাঁর আন্তরিক কথা বলে মনে করতে পারিনা। তারপর তিনি ট্যাক্সেসানের ব্যাপারে বলেছেন যে ডবল ট্যাক্সেসান হচ্ছেনা। এটা খুব স্পষ্ট কথা যে আজকে যখন মিউনিসিপ্যালিটিকে ইলেকট্রিসিটি দিতে হয় রাস্তায় যে ইলেকট্রিক লাইট জ্বলে তারজন্য লাইটিং ট্যাক্স মিউনিসিপ্যালিটিকে দিতে হয়, বাড়ীতে যে আলো

জলে তারজন্য ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেসনকে দিতে হয়। আজকে এখানে মিউনিসিপ্যালিটিকে ওয়াটার ট্যাক্স রিয়েলাইজ করতে হবে, রাস্তার কলের জলের জন্য আবার এই অথরিটিকে দিতে হবে। সুতরাং পরিমাণ কতটা হবে তা নিয়ে নিশ্চয়ই মিউনিসিপ্যালিটির সংগে ভাগাভাগি হচ্ছে কিন্তু আজকের যে ট্যাক্স বৃদ্ধি হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যেটা জলের জন্য হচ্ছে, সুয়ারেজের জন্য হচ্ছে এই দুটো কর্পোরেসনের সংগে ভাগ বাটোয়ারা হবে ঠিকই কিন্তু গ্র্যাজুয়েটেড ট্যাক্স যে আর একটা আছে সেটাও এই ট্যাক্স বৃদ্ধির মধ্যে আসবে। এই ট্যাক্স বৃদ্ধি এইজন্য হবে যে মূল ভিত্তিটা পাল্‌টে যাচ্ছে। এটা অথরিটিভিত্তিক কাজ করবে, বলা হচ্ছে যে এটাকে সেল্‌ফ সাফিসিয়েন্ট হতে হবে ইকনমিক্যালি, একটা কমার্সিয়াল বডি যেভাবে কাজ করে, ইলেকট্রিক সাপ্লাই যেভাবে কাজ করে সেইভাবে একে কাজ করতে হবে। সুতরাং সমস্ত ডেভেলপমেন্ট ওয়ার্ক তাকে লোনের উপর নির্ভর করে করতে হবে। লোন যখন রিফাণ্ড করতে যাওয়া হবে, তার যে কিস্তি দিতে হবে সেই কিস্তি স্বভাবতঃই এখনকার কিস্তির চেয়ে অনেক বেশী হবে। সুতরাং সেদিক থেকে মূল ভিত্তি যেটা অর্থনৈতিক ভিত্তি সেই ভিত্তি বদলে যাবার ফলে ট্যাক্স না বাড়িয়ে কখনও সম্ভব কি? এটা নিয়ে প্রবঞ্চনা করে লাভ কি? কিন্তু ওঁনারা একটা কথা বলবেন যে যখন কলকাতাকে ভাল করতে হবে তখন ট্যাক্স দিতে হবে এবং যত দরকার তত ট্যাক্স দিতে হবে। এই রকম একটা ভিত্তি ছিল ডবলু, এইচ, ও, রিপোর্টের মাঝখানে। তাঁরা জেনারেল কাউন্সিলকে কিভাবে দেখেছিল, জেনারেল কাউন্সিলকে তাঁরা বলেছিলেন যে জেনারেল কাউন্সিল এই রকম একটা বডি হবে যে বডিটা বোর্ড যেকোন রকম ট্যাক্স ধার্য করুক না কেন অথবা যেকোন কাজ করুক না কেন সেটা গিয়ে লোকজনের কাছে বোঝাবে, একটা ফিউসান হবে বিটুইন বোর্ড এণ্ড পাবলিক, যাতে ঝগড়াঝাটি বেশী না হয়। সুতরাং এখানে ট্যাক্স বৃদ্ধি হবে, কারণ, লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের যে মূল অর্থনৈতিক ভিত্তি ছিল সেই ভিত্তি থেকে যেহেতু এটা কমার্সিয়াল এন্টারপ্রাইজের দিকে চলে যাচ্ছে। আমি আর একটা কথা বলে শেষ করব সেটা হচ্ছে মিউনিসিপ্যালিটির সংগে কি সম্পর্ক হবে। এতে মিউনিসিপ্যালিটিগুলির এফেক্ট কি হবে সেটা বলা খুব কঠিন। কারণ, এঁরা নিজেরাও জানেন না, মিউনিসিপ্যালিটি সম্পর্কে কিছুদিন আগে কেউ বললেন ইন্টিগ্রেসান করে কর্পোরেসান করে দাও, সেটা কি অবস্থায় আছে কেউ জানে না। সে সম্পর্কে আজ পর্যন্ত কোন সিদ্ধান্ত নেই। একটা জিনিস স্পস্ট করে বলতে হবে যে এই বিল পাশ হওয়ার পর সত্যই মিউনিসিপ্যালিটির উপর এর সমস্ত ফাইনানসিয়ালি এ্যাডমিনিস্টার্ড করবে, আজকে তার যে স্টাফ মেন্টেন করতে হয়, এখানে বলা আছে ওয়াটার সাপ্লাই, সুয়ারেজ, এই সমস্ত জন্য স্টাফ মেন্টেন করতে হবে, কিন্তু জেনারেল এ্যাডমিনিস্ট্রেসান স্টাফের কি হবে ফাইনানসিয়ালি তাদের কি এফেক্ট করছে সে সম্পর্কে সরকার থেকে কি চিন্তা হচ্ছে সেটা স্পস্ট করে বলতে হবে। এই সমস্ত বিষয়ে যদি সমাধান না করা যায় তাহলে স্বভাবতঃই কর্পোরেসান এবং মিউনিসিপ্যালিটির মধ্যে যে চিন্তা হয়েছে এবং তার রিফ্লেকসান কাগজে বেরিয়েছে, প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি চিন্তাগ্রস্থ, কর্পোরেসানের সভা থেকে প্রস্তাব এসেছে, মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েসানের প্রস্তাব আপনি দেখেছেন, তাদের মধ্যে একটা বিরূপ প্রতিক্রিয়া এই বিল সম্পর্কে সৃষ্টি হয়েছে। এই জন্য আমি বলছি জনমত সংগ্রহের জন্য এই বিলকে প্রচার করা হোক।

Shri Sambhu Charan Ghosh : মাননীয় স্পীকার মহাশয়, ইদানীংকালে একটা জিনিষ আমরা লক্ষ্য করছি যে সরকার ধীরে ধীরে সাধারণ মানুষ এবং শিক্ষিত প্রতিষ্ঠানগুলির গণতান্ত্রিক অধিকারগুলি কুক্ষিগত করার চেষ্টা করছেন। এই বিল আনার মাধ্যমে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির মধ্যে যেটুকু গণতন্ত্র অবশিষ্ট আছে সেটুকুও এই আইনের মারফত হত্যা করতে উদ্যোগী হয়েছেন। আমার মনে পড়ে ১৮৯৮ সালের কথা, যখন ম্যাকেঞ্জি বাংলাদেশের স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির স্বাতন্ত্র হত্যা করতে উদ্যত হয়েছিলেন আজকেও ঠিক সেই ম্যাকেঞ্জির প্রেতাত্মা হিসাবে আমাদের অর্থমন্ত্রী শ্রীশৈল কুমার মুখার্জী এই বিল হাউসের সামনে উপস্থাপিত

করেছেন। তিনি বলেছেন যে সাধারণভাবে ক্যালকাটা মেট্রোপলিটন ডিষ্ট্রিক্টের একটা সার্বিক উন্নয়নের জন্য এই রকম একটা বিলের রচনার প্রয়োজনীয়তা আছে। কিন্তু সার্বিক উন্নয়নের নামে পুরোপুরিভাবে সরকারী তথা আমলাতান্ত্রিক কর্তৃত্বকে প্রতিষ্ঠা করার যে অপচেষ্টা এই বিলের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে সেটাকে নিশ্চয়ই শৈলবাবু অস্বীকার করতে পারবেন না। আমরা দেখেছি ক্যালকাটা মেট্রোপলিটন ডিষ্ট্রিক্টের ৪৫০ বর্গমাইলের মধ্যে পানীয় জল সরবরাহ, ময়লা নিষ্কাশন প্রভৃতি কাজের কথা বলা হলেও এর মধ্যে দিয়ে পুরোপুরি আমলাতান্ত্রিক কর্তৃত্বকে কায়েম করবার প্রচেষ্টা করা হয়েছে। সরকারী কর্তৃত্ব কেমনভাবে প্রতিষ্ঠিত করা হয়েছে শৈলবাবু কালকে আমাদের সামনে অত্যন্ত নাটকীয় ভংগীতে বুঝাবার চেষ্টা করেছিলেন যে বোর্ডের মধ্যে আমরা সরকারী কর্তৃত্ব প্রতিষ্ঠিত করিনি। আমি শৈলবাবুর কাছে রাখতে চাই বোর্ড অব ডিরেকটারস্, যেটা গঠন করা হয়েছে তার সদস্য সংখ্যা ৬ জন, ৩ জন সরকার মনোনীত, একজন হবে পৌর প্রতিষ্ঠানের পক্ষ থেকে, আর একজন হবে কর্পোরেশনের পক্ষ থেকে, এবং আর একজন হবে জেলা পরিষদের পক্ষ থেকে। একদিকে এই তিন জন প্রতিনিধি স্বীকার করছেন নির্বাচিত প্রতিনিধি, পৌর প্রতিষ্ঠান, কর্পোরেশন, এবং জেলা পরিষদ থেকে তাঁরা নির্বাচিত হয়ে আসবেন, ঠিক অন্য ধারায় সুকৌশলে আপনি তাঁদের সেই অধিকারকে খর্ব করার চেস্টা করেন নি ? আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ-১০(১)(সি)-র প্রতি। ক্লজ-১০/১/সি-র মধ্য দিয়ে একথা বলার চেস্টা করা হয়েছে যে এই বোর্ড অব ডাইরেকটারস-এর মধ্যে যদি কোন ডাইরেকটারের মধ্যে তিনি জনস্বার্থ বিরোধী মনোভাব পোষণ করেন তাহলে তাঁকে সেই বোর্ডের ডাইরেকটারের পদ থেকে অপসারণ করা হবে। জনস্বার্থ বিরোধী কাজ করেন নি যদি জনস্বার্থ বিরোধী মত পোষণ করেন এই নির্বাচিত প্রতিনিধিরা—সেখানে সরকার ক্ষমতা হাতে নিচ্ছেন যে তাদের বোর্ড অব ডাইরেকটারস থেকে অপসারণ করা হবে। শুধু সেখানেই খান্ত হননি এমনভাবে সেখানে বেঁধে দেওয়া হয়েছে যাতে কোন বিরোধী দলের সদস্য মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে বা করপোরেসনের পক্ষ থেকে বা জেলা পরিষদের পক্ষ থেকে এই বোর্ড অব ডাইরেকটারসের মধ্যে আসতে না পারে। যদি কোন বিরোধী দলের সদস্য আসেন তাহলে এই ১০/১/সি-র মধ্যে দিয়ে সরকার বলবেন যে তিনি জনস্বার্থ বিরোধী মনোভাব পোষণ করেন অতএব তাঁকে বোর্ড অব ডাইরেকটারস থেকে হটিয়ে দাও এবং যাতে তিনি পুনরায় নির্বাচিত না হতে পারেন তারজন্য আর একটা ক্লজ রেখেছেন ক্লজ ১৫ যাতে বলছেন এই অপসারিত ডাইরেকটার পুনরায় নির্বাচিত হয়ে আসতে পারবেন—অর্থাৎ পুরোপুরিভাবে কংগ্রেসী সদস্য ও শাসকগোষ্ঠীর তোষামদকারী সদস্য যদি ঐ বোর্ড অব ডাইরেকটারের মধ্যে না আসে তাহলে সরকার হাতে ক্ষমতা রেখে দিয়েছেন বিলের মধ্য দিয়ে ক্লজ ১০/১/সি—ক্লজ ১৫-এর মধ্য দিয়ে যাতে করে তিনি পুনরায় নির্বাচিত হয়ে বোর্ডের মধ্যে আসতে না পারেন। কাজেই আজকে অত্যন্ত পরিষ্কার হয়ে গেছে যে বোর্ড অব ডাইরেকটার-এর মধ্যে জনসাধারণের প্রতিনিধি থাকবার কথা থাকলেও সেখানে পুরোপুরিভাবে আমলাতান্ত্রিক কবজাকে শক্তভাবে প্রতিষ্ঠা করা হয়েছে যেখানে কোনভাবে সাধারণ মানুষের প্রকৃত প্রতিনিধির স্থান হবে না। জেনারেল কাউন্সিলের কথা বলা হয়েছে। জেলা কাউন্সিলে ৫০ জন সদস্য থাকবেন—এই ৫০ জনের মধ্যে ২০ জন সদস্য বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং করপোরেসন থেকে নির্বাচিত হয়ে আসবেন। কলকাতা মেট্রোপলিটন বিলে ৩২টি মিউনিসিপ্যালিটি এবং দুটো করপোরেসনের কথা বলা হয়েছে এবং ৩২টি মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে মাত্র ১৪ জন প্রতিনিধি কাউন্সিলে নির্বাচিত হয়ে আসতে পারবেন। অর্থাৎ দেখা যায় যে দুটো মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে একজনও প্রতিনিধি হচ্ছে না ৩২ জন মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে মাত্র ১৪ জন প্রতিনিধি নির্বাচিত হয়ে আসবেন এবং তা আসলেও এই কাউন্সিলে ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ থাকবে। এই কাউন্সিলের উপর সমস্তভাবে মাতব্বরী করবেন জেনারেল ম্যানেজার বা চীফ একজিকিউটিভ অফিসার। চীফ একজিকিউটিভ তাঁকে নির্বাচিত করবেন বোর্ড—তাঁর উপর কাউন্সিলের কোন খবরদারী বা বক্তব্য থাকবে না—সেখানে পুরোপুরিভাবে কর্তৃত্ব করবেন জেনারেল ম্যানেজার বা চীফ একজিকিউটিভ অফিসার।

কাজেই কাউন্সিলে বিভিন্ন পৌর প্রতিষ্ঠান থেকে নির্বাচিত সদস্য থাকলেও সেখানে তাদের গণতান্ত্রিক অধিকারকে স্বীকৃতি দেবার কোন ব্যবস্থা এর মধ্যে নেই। শুধু তাই নয়, গতকাল যখন এই বিলের আলোচনা করছিলেন তখন মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে বোঝাবার চেষ্টা করছিলেন যে ওয়ার্ল্ড ব্যাংক কোন একটা বিদেশী শক্তির দ্বারা পরিচালিত নয়। যখন তাঁর সেই ভাষণ আমি শুনছিলাম তখন আমার মনে হচ্ছিল বুঝি আমি ভয়েস অব আমেরিকার কারও ভাষণ শুনছি বা আমেরিকান লবির কোন প্রতিনিধির বক্তব্য শুনছি। আমরা কি জানি না যে এই ওয়ার্ল্ড ব্যাংকের মধ্য দিয়ে আজকে আমেরিকা তাদের সাম্রাজ্যবাদ প্রভাবকে ধীরে ধীরে সমস্ত আণ্ডার ডেভেলপ কানট্রিতে পার করার চেষ্টা করছে। যদি বুঝতাম যুগোশ্লাভিয়ার মার্শাল টিটোর মত ব্যবস্থা অবলম্বন করেছেন তাহলে আপনাকে প্রশংসা করতাম। মার্শাল টিটো আমেরিকান এ্যাড নিয়ে সমস্ত জাতীয় উন্নয়ন করেছেন কিন্তু আমেরিকার কাছে মাথা নত করেন নি। আপনার মত একজন অপদার্থ মন্ত্রী এই বিলটি হাউসে আনার আগে ওয়ার্ল্ড হেল্‌থ অর্গানাইজেসনের কনসেপ্ট নেবার পর আজকে আমাদের সামনে উত্থাপন করেছেন। কাজেই আমরা জানি যে ওয়ার্ল্ড হেল্‌থ অর্গানাইজেসন বা ওয়ার্ল্ড ব্যাংকের মধ্যে পুরোপুরি বিদেশী শক্তি না থাকলেও একটা বিশেষ বিদেশী শক্তি তার সাম্রাজ্যবাদ শক্তির প্রভাব অক্ষুণ্ণ রাখার জন্য অনগ্রসর দেশে তাদের প্রভাবকে প্রতিষ্ঠা করার জন্য আজকে সাহায্য করতে এগিয়ে এসেছে। আজকে অত্যন্ত পরিষ্কার যে আমেরিকান সাম্রাজ্যবাদ সেবার নামে সাহায্যের নামে তাদের সাম্রাজ্যবাদ শক্তিকে প্রতিষ্ঠা করতে চায়। এবং আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—মন্ত্রী মহাশয় আমাদের সামনে বলবার চেষ্টা করেছেন যে এর মধ্য দিয়ে আমি নূতন কোন করভারের কথা বলছি না—তিনি বলেছেন যেটুকু কর দিতে হয় নিশ্চয় দিতে হবে—বেটার এ্যামিনিটিজ পাবার জন্য তাদের অন্ততঃ কিছুটা পে করতে হবে—কিন্তু কতটা পে করতে হবে? আমি হিসাব দেখেছি যে এই বিল পাশ হবার পরে বিভিন্ন পৌর এলাকায় করপোরেসনের সাধারণ মানুষের উপর যে করের বোঝা চাপছে সেটা শতকরা ২০.৫ ভাগ হবে। শতকরা ২০.৫ ভাগ ট্যাক্সের বোঝা নূতনভাবে বাংলাদেশের এই কলকাতা এবং ৩২টা পৌর এলাকায় সাধারণ মানুষকে বহন করতে হবে।

[5-25—5-35 p. m.]

উনি আমাদের কাছে বলছেন যে আজকে কলকাতা করপোরেশান এবং বিভিন্ন পৌরপ্রতিষ্ঠান সাধারণ মানুষকে উপযুক্ত পরিমাণে জল সরবরাহ করতে পারে না। তিনি বিদেশের সংগে তুলনা করেছেন যে সেখানে ৫০ গ্যালন করে জল সরবরাহ করে, এখানে ১২ থেকে ১৮ গ্যালনও তারা জল সরবরাহ করতে পারে না। সি, এম, পিও রিপোর্টের মধ্যে আমরা দেখেছি যে ২২০১ সালে ২১ শতাব্দীতে যদি এই পরিকল্পনা সাফল্যমণ্ডিত হয় তাহলে মাথা পিছু ৫০ গ্যালন করে জল সরবরাহ করা হবে। ২২০১ সালে ২১ শতাব্দীতে জল সরবরাহ হবে ৫০ গ্যালন করে তারজন্য আজ থেকে বৃহত্তর কলিকাতা বা ক্যালকাটা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট এরিয়ার সমস্ত মানুষকে ২০.৫ ভাগ করে নূতন করে ট্যাক্সের বোঝা টানতে হবে। পরিশেষে আমি অর্থমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি তিনি বলেছেন যে এর মধ্য দিয়ে মিউনিসিপ্যালিটির কোন ক্ষমতা তিনি অপহরণ করছেন না। কিন্তু আমি জানতে চাই যে মিউনিসিপ্যালিটির যে সমস্ত ফাংসান ছিল সেই সমস্ত ফাংসানগুলিকে কেন কেড়ে নিচ্ছেন? সেখানে তাদের হাতে পয়ঃপ্রণালী জল সরবরাহ এবং যে সমস্ত ইমপরট্যান্ট কাজগুলি ছিল সেগুলি যদি অথরিটি নিয়ে নেন তাহলে পৌর প্রতিষ্ঠানগুলির বেঁচে থাকার কি সার্থকতা আছে?

আমি একদিন জিজ্ঞাসা করেছিলাম মাননীয় মন্ত্রী মহাশয়কে, তিনি বলেছিলেন তাঁরা প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করতে পারেন কিন্তু তারজন্য তো আরবান প্রাইমারী এডুকেশান এ্যাক্ট হয়েছে? প্রাইমারী এডুকেশান এ্যাক্টের মধ্য দিয়ে সরকার সেগুলিকে নিয়ন্ত্রণ করবেন। আমরা দেখেছি যে রামকৃষ্ণ মিশন ভারত সেবাশ্রম সংঘ আছে, তাঁরা বিভিন্ন স্কুল পরিচালনা করেন। কাজে কাজেই এই মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচিত প্রতিনিধিরা শুধুমাত্র তাঁদের এলাকায় ২/৪টি স্কুল পরিচালনার জন্য কি বেঁচে থাকবে? শুধু তাই নয়, এই বিলের মধ্যে এমন কতকগুলি ধারা সন্নিবেশিত করা হয়েছে যার মধ্য দিয়ে আমি মনে করি পৌর প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিদের উপর এ্যাম্পারসান করা হয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ৪০(১)-র প্রতি, এই ক্লজ ৪০(১)এর মধ্য দিয়ে মিউনিসিপ্যালিটিগুলির উপর একটা অত্যন্ত চাপ সৃষ্টি করা হয়েছে যে তোমাদের সমস্ত দায় দায়িত্ব এই অথরিটি গ্রহণ করবে, তোমাদের স্থাবর অস্থাবর সম্পত্তি এমনকি গাড়ী পর্যন্ত এই অথরিটি গ্রহণ করবে, কিন্তু তোমরা কি করবে অথরিটি যদি তোমাদের সার্ভিস রিকুইজিসান করে তাহলে তোমরা অথরিটির তহশীলদারদের কাজ করবে, তোমরা ট্যাক্স কালেক্ট করবে, করে অথরিটির কাছে জমা দেবে। ক্লজ ৪০(১)এ বলা হয়েছে যে তারা কালেক্ট করবে অন বিহাফ অব দি অথরিটি, তাদের সার্ভিসকে রিকুইজিসান করবে অথরিটি, তারা ট্যাক্স কালেকসান করবে এবং অথরিটির কাছে জমা দেবার জন্য যাবে। এবং শুধু তাই নয়, আমি মাননীয় শৈলবাবুর দৃষ্টি আকর্ষণ করছি ক্লজ ৪১ (৫) এর প্রতি, সেখানে বলেছেন যে এই মিউনিসিপ্যালিটিগুলি যদি কোন ভাবে কোন একটা অবস্থায় পড়ে ঠিক মত ট্যাক্স জমা দিতে না পারে তাহলে মিউনিসিপ্যালিটির ফাণ্ডকে এ্যাটাচ করার সমস্ত অধিকার এখানে নেওয়া হয়েছে। অর্থাৎ মিউনিসিপ্যালিটির নির্বাচিত প্রতিনিধিরা যদি কখন ঠিক সময়ে টাকা জমা দিতে না পারে তাহলে তাদের ফাণ্ডকে এ্যাটাচ করার অধিকার এই বিলের মধ্যে দেওয়া হয়েছে। আমি জানতে চাই তাহলে এই মিউনিসিপ্যালিটিগুলির বেঁচে থাকার কি সার্থকতা আছে, আমি জানতে চাই এইভাবে পৌরপ্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপর এ্যাম্পারসান করার কোন অধিকার মাননীয় শৈলবাবুর আছে কিনা? কাজে কাজেই আমি মনে করি এই বিলটি অত্যন্ত প্রতিক্রিয়াশীল বিল এবং এই বিলটা আমেরিকান লবীর প্রভাবে আজকে প্রস্তুত হয়ে এই হাউসের সামনে উপস্থিত করা হয়েছে। আজকে অর্থমন্ত্রী শচীন চৌধুরী হওয়াতে যেমন আমেরিকা উল্লসিত হয়েছে তেমনি আমেরিকা উল্লসিত হয়েছে আজকে আমাদের এই বাংলাদেশের অপদার্থ মন্ত্রী শৈলবাবুকে পেয়ে। আজকে বাংলাদেশের পৌরপ্রতিষ্ঠানগুলির সাথে কোন রকম আলোচনা না করে, করপোরেশানের সাথে কোন রকম আলোচনা না করে এই বিলটা আনার অর্থ হচ্ছে বাংলাদেশের বুকে স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠানগুলির মধ্যে গণতন্ত্রের যে সামান্য লেশ আছে তার সমাধি চিরতরে রচনা করা। সেই জন্য আমি এই বিলের বিরোধিতা করে জনমত সংগ্রহের জন্য যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি।

Shri Amarendra Nath Basu: অধ্যক্ষ মহাশয়, যে বিলটার আমরা আলোচনা সুরু করলাম এর বিরুদ্ধে কলকাতা সহরে এবং মফস্বলের পৌরপ্রতিষ্ঠানগুলির মধ্যে প্রচুর আলোচনা সুরু হয়ে গেছে এবং সংবাদপত্রে আমরা সকলেই পড়ছি এবং দেখছি যে এই বিলের সমর্থনে কোন পৌরসভার মধ্য থেকে আওয়াজ উঠছে না। যাঁদের উন্নতির জন্য এই বিলটা আনছি সেখানেও দেখছি যে সহযোগিতার অভাব। কিন্তু আমি এ কথা বলব যে কলকাতার মানুষ বর্তমানে দারুন দুরবস্থার মধ্যে আছে, সেখানে জলের অভাব, রাস্তা ঘাটের খারাপ অবস্থা, ড্রেন বুজে আছে, বৃষ্টি পড়লে যানবাহন চলাচল অসম্ভব হয়ে উঠে এবং মানুষের উপর যে অত্যন্ত কষ্টের বোঝা চেপেছে তা থেকে তারা মুক্তি চায়। তারা মুক্তি চায় এবং সংগে সংগে তারা বলে আপনারা যে নূতনভাবে কোলকাতা গড়ছেন এই কোলকাতা সহরে আমাদের মতন মধ্যবিত্ত গরীব মানুষ থাকতে পারবে কিনা? এই আশ্বাস তারা চায়। কোলকাতার অবস্থা এই রকম হল কেন? ১০০ বছর আগে এই কোলকাতায় মাত্র ৭ লক্ষ লোক বাস করত। আমরা যখন

মাত্র তখন এই কোলকাতায় ১১ লক্ষ মানুষ বাস করত। আর আজ এই কোলকাতা সহর কোথায় এসেছে? বোধ হয় নিত্য বাহিরে থেকে লোক আসা নিয়ে যদি সংখ্যা ধরি তাহলে শুধু কোলকাতা শহরে ৭০ লক্ষের মতন বাস করে—তারা আসা-যাওয়া করে, জল, রাস্তা ব্যবহার করে। এই কোলকাতাকে ভাল করার জন্য যে চেষ্টা তার বিরুদ্ধে আমরা নই। কিন্তু দিনে দিনে এই কোলকাতা যে বেড়ে যাচ্ছে তার একমাত্র কারণ আমাদের এই বাংলাদেশে যে ৩ হাজার গ্রাম আছে, এই গ্রামগুলোর বর্তমানে এমন অবস্থা যার জন্য দিনের পর দিন কোলকাতা শহরের দিকে মানুষ ছুটে আসছে এবং আশে পাশের শহরগুলোর দিকে ভীড় হচ্ছে। এই গ্রামগুলোর যদি উন্নতি না করি, গ্রামের মানুষের বসবাসের জন্য যেসব নিত্য প্রয়োজনীয় সেগুলি যদি না করি এবং গ্রামে যদি ছোট ও মাঝারী শিল্পের প্রতিষ্ঠা না করি তাহলে কোলকাতা শহরে এই রকম মানুষ আসার যে স্রোত তা বন্ধ করতে পারবেন না। সেজন্য আবার বছরের পর বছর আপনাদের চিন্তা করতে হবে এই কোলকাতা নিয়ে করা যায় কি? ৪ কোটি মানুষ বাংলা দেশে বাস করে, সেখানে আজকে যে বিল নিয়ে আমরা চিন্তা ভাবনা করছি তাতে আমরা ১ কোটি মানুষের ভালভাবে বসবাসের কথা চিন্তা করছি। কিন্তু বাকি ৩ কোটির যে অত্যন্ত দুরবস্থায় রয়েছে তাদের কথা যদি সংগে সংগে চিন্তা না করি তাহলে অন্যায় হবে। গান্ধীজী বলেছিলেন প্রথমে গ্রামকে স্বয়ংসম্পূর্ণ করবো এবং গ্রামসভা প্রতিষ্ঠা করবো, মানুষের জীবনে সুখদুঃখ এনে দেবো মানুষের অভাব অভিযোগ দূর করবো, কিন্তু এই বিলের দ্বারা তাদের বিশেষ কিছু হবে না, হয়ত এর দ্বারা বাংলা দেশের শতকরা ২৫ জন মানুষের সুখ স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে পারবো। সংগে সংগে আর একটা কথা মনে হচ্ছে যেটা নিয়ে এখানে কিছুটা আলোচনা হয়েছে। আমরা বিদেশী সাহায্যের উপর খুব বেশী ভরসা করছি, কিন্তু পাচ্ছি কত টুকুন? কালকে মন্ত্রিমহাশয় যা বলেছেন তাতে মনে হয় বোধ হয় ৩০ লক্ষ যেটা এখন আমরা পাচ্ছি। কিন্তু যে পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন সেই পরিকল্পনা পূর্ণ করতে গেলে বোধ হয় ২০০।২৫০ কোটি টাকা লাগবে। কিন্তু এই টাকা যখন আমরা খরচ করবো তারপর এই শহরের বর্তমান মানুষরা কি থাকতে পারবে? সেইজন্য আমার মনে হয় আমাদের একটু ছোট ভাবে চিন্তা করা উচিত এবং এখন কোলকাতায় যে অসুবিধা আছে সেগুলি দূর করবার জন্য চেষ্টা করা উচিত। কোলকাতায় এখন ৫ থেকে ৬ লক্ষ মানুষ বস্তিতে বাস করে। বস্তিতে গিয়ে যদি দেখি তাহলে দেখবো যেসব ঘরে তারা বাস করে সেসব রাস্তায় মলমূত্র ত্যাগ করবার জায়গার সমান হয়ে আছে।

[5-35—5-39 p. m.]

আমি সম্প্রতি কয়েকটা বস্তিতে গিয়ে দেখে এসেছি। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ যখন প্রথম মেয়র হয়েছিলেন তখন তিনি যে বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন আমরা চোরবাগানকে চৌরঙ্গী করবো। কিন্তু তারপর অনেক দিন হয়ে গেল—সেটা বোধ হয় ১৯২৪ সাল—আমরা চোরবাগানকে আজও চৌরঙ্গী করতে পারি নি। কিন্তু আমরা চৌরঙ্গীকে আরও ভাল করেছি। আমাদের দৃষ্টি যদি গরীবদের দিকে না যায় তাহলে আমরা সহরের উন্নতি করবো বটে কিন্তু সহরে গরীব মানুষ থাকতে পারবে না। কিন্তু আপনাদের চিন্তা দেখে মনে হয় এই সহর হলে যাদের হাতে এখন কলকাতা আছে তারা যাতে বাস করতে পারে সেদিকে নজর নেই। সেজন্য এই বিদেশী ঋণ এবং আমেরিকান সাহায্যকে আমি একাবারে বর্জন করতে বলবো। আমার অন্যান্য বন্ধুরা বলেছেন এবং আমিও বলছি যে টাকার অভাব নেই প্রচুর টাকা আছে সেই টাকা সংগ্রহ করে—২০০ কোটি টাকা যে আয়কর আমরা আদায় করতে পারি নি সেই টাকা আদায় করে আমরা যদি দেশ গড়ার চেষ্টা করি তাহলে সেটা আমাদের সমর্থন যোগ্য হবে। কিন্তু কোলকাতায় গরীব মানুষকে কোলকাতার বাহির করে দিয়ে শুধু বড়লোকের জন্য সহর গড়াকে আমরা সমর্থন করবো না। আজকে কোলকাতা সহরে মার্বেল প্যালেস আছে, বস্তি আছে। কিন্তু মার্বেল

প্যালেসের উন্নতির জন্য আমরা যতটা উন্নতি করছি বস্তির জন্য আমরা ততটা চেষ্টা করি নি সেজন্য আমার মনে হয় আমাদের নিজেদের নীতি এবং চরিত্র দেখে আমরা এর দ্বারা কোলকতার গরীবদের কোন উন্নতি করতে পারবো না। কোলকাতার গরীবদের কোলকাতা তার বাসরে পাঠাবার চেষ্টা করবো এবং এই সহরে আরো বড় করে বিভিন্ন সহরের মত ১৩।১৪ তলা বাড়ী করে দিয়ে ঐ রকম মানুষের হাতে কোলকাতাকে ঠেলে দিয়ে কোলকাতাকে সুন্দর করবো। সেজন্য এই বিলটাকে আবার জনমত গ্রহণ করবার জন্য অনুরোধ করছি। কারণ দেখা যাচ্ছে যে কোলকাতার জনমত এটা গ্রহণ করতে পারছে না। শুধু কোলকাতা নয় ৩২টা যে পৌর প্রতিষ্ঠান আছে তারা এটা গ্রহণ করতে পারছে না। আমার বিশেষ অনুরোধ এটা জনমতের জন্য দিন, আর যদি না হয় তাহলে ধারাবাহিক আলোচনা যখন হবে সেই প্রত্যেক আলোচনার সময় আমারা আমাদের বক্তব্য রাখবো।

Adjournment

The House was then adjourned at 5-39 p.m. till 1 p. m. on Friday, the 7th January, 1966 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 7th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 158 Members.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given.)

[1—1-10 p.m.]

Rehabilitation of slum-dwellers of Manicktolla area

***430.** (Admitted question No. *1805.) **Shrimati Ila Mitra :** গৃহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মানিকতলা অঞ্চলে বস্তী উচ্ছেদের জন্য নোটিশ দেওয়া হইতেছে এবং

(খ) সত্য হইলে ঐ বস্তীবাসীদের পুনর্বাসন অথবা বিকল্প বাসস্থানের জন্য কি ব্যবস্থা সরকার করিতেছেন ?

Shri Jaganath Kolay : (ক) হাঁ।

(খ) সংশ্লিষ্ট বস্তীবাসীদের বিকল্প বাসস্থানের জন্য নিকটবর্তী অঞ্চলে ইতিমধ্যেই যথেষ্ট সংখ্যক বহুতলাবিশিষ্ট গৃহ নির্মাণ করা হইয়াছে।

Shrimati Ila Mitra : আমার সাপ্লেমেন্টারী কোশ্চেন হচ্ছে গভর্নমেন্টের housing Department কি ঐ সমস্ত বস্তিবাসীদের উপর উচ্ছেদ নোটিশ দিতে পারেন? কারণ competent authority-র, কোর্টের রায় হয়েছিল ঐ সমস্ত বস্তিবাসীদের সম্পর্কে যে, তাদের বিকল্প বাসস্থান না দেওয়া পর্যন্ত, তারা অন্য কোথাও যেতে পারবে না। এমন কি জমিদাররা পর্যন্ত উচ্ছেদ করতে পারবেন না।

Shri Jagannath Kolay : Slum Clearance Act. অনুযায়ী আমরা এটা করছি।

Shrimati Ila Mitra : আপনার ডিপার্টমেন্ট সম্পর্কে, competent authority-র কোর্টের রায় হচ্ছে যে, সমস্ত বস্তিবাসীদের জন্য alternative accommodation না দিলে, কেউ তাদের উচ্ছেদ করতে পারবেন না। কোর্টের এই রায়ের উপর কি আবার গভর্নমেন্ট উচ্ছেদের নোটিশ দিতে পারেন ?

Shri Jagannath Kolay : না। সেইজন্য এটা কোর্টে এখনও pending আছে, কেস সম্পর্কে injunction দেওয়া আছে। সেইজন্য আমরা এগুতে পারছি না।

Shrimati Ila Mitra : কোর্টের রায় already হয়ে গিয়েছে, এবং এরই প্রতিবাদে সেই সব বস্তিবাসীর পক্ষ থেকে আমি আপনাকে জানাতে চাচ্ছি যে হাউসিং ডিপার্টমেন্ট থেকে তাঁদের উপর নোটিশ দেওয়া হয়েছে।

Shri Jagannath Kolay : আপনি যেটা বলছেন, সেটা ঠিকই। আমরা কোন উচ্ছেদের নোটিশ দিতে পারিনা, যতক্ষণ পর্যন্ত alternative accommodation না দিতে পারছি। সেইজন্য পার্শ্ববর্তী এলাকায় alternative accommodation দেবার জন্য, বাড়ী তৈরি হয়ে গিয়েছে, এবং সেখানকার রিপোর্ট যা দেখছি, ওখানে প্রায় দু-হাজার tenements complete হয়েছে। এখন accommodation ঠিক হয়েছে যে ১০২৮টি tenements এখন occupation এরজন্য ready. সেইজন্য আমরা নোটিশ দিয়েছি তাদের উপর যে, আপনারা সেখানে গিয়ে এর occupation নিন।

Shrimati Ila Mitra : মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রশ্নটা ঠিক মন্ত্রিমহাশয় ধরতে পারছেন না।

Mr. Speaker : আপনি ধরিয়ে দিন।

Shrimati Ila Mitra : সেই বস্তিবাসীদের সম্বন্ধে যাদের উপর competent অথরিটির রায় হবে যে তাদেরকে কেউ উচ্ছেদ করতে পারবে না যতক্ষণ না Refugee Department তাদের alternate জমি বাড়ী দেয়। সেটা কি তাঁরা আইনতঃ করতে পারেন ?

Shri Jagannath Kolay : আপনি বলছেন alternative accommodation দিতে হবে ঠিক, আমাকে সেটা দিতে হবে। আমরা যতক্ষণ তাদেরকে alternative accommodation দিতে না পারবো, ঐ Slum Clearance Act অনুসারে, তাদের আমরা উচ্ছেদ করতে পারবো না। সেটাও ঠিক। কিন্তু আমি বলছি আমাদের সেই alternative accommodation হয়ে গেছে এবং তার নোটিশ আমরা এইভাবে দিয়েছি যে তোমাদের জন্য অমুক জায়গায় tenement তৈরি হয়ে গেছে, তোমরা সেখানে যাও। এইভাবে আমরা নোটিশ দিতে পারি।

Shrimati Ila Mitra : সেখানে বস্তিবাসী অনেক আছে refugee. জমিদাররা কোর্টে তাদের বিরুদ্ধে নালিশ করে এবং কোর্ট থেকে এই রায় দেওয়া হয় যে যতক্ষণ Refugee and Rehabilitation Department তাদের জমি এবং বাড়ীর ব্যবস্থা না করে দিতে পারে ততক্ষণ জমিদার বা অন্য কেউ তাদের উচ্ছেদ করতে পারবে না। কিন্তু সেই নোটিশ দেওয়া সত্বেও তারা সেখানে ১৫ বছর ধরে রয়েছে; তাদের কেউ উচ্ছেদ করতে পারেনি। কারণ কোর্টের রায় অনুযায়ী alternative accommodation মানে আমি এই sense এ mean করছি যে তাদের জন্য বাড়ী ও জমির ব্যবস্থা করে দিতে হবে। সেইসব বস্তিবাসীদের উচ্ছেদ নোটিশ Housing Department থেকে এসেছে, সেই সমস্ত রায়ের উপর এই নোটিশ বর্তাবে কী করে ?

Shri Jagannath Kolay : আপনি বলছেন Slum Clearance এর জন্য নোটিশ দিচ্ছেন কিন্তু এই slum clearance করতে গেলে, তাদের জন্য alternative accommodation দিতে হবে। আর আপনি যেটা বলছেন, সেটা Refugee ডিপার্টমেন্টের ব্যাপার। সেখানে কোর্টের রায় রয়েছে যতক্ষণ না alternative accommodation হিসেবে তাদের জমি বাড়ী এই refugee-দের দিতে পারবো, ততক্ষণ পর্যন্ত তাদের ওঠাতে পারবেন না। কিন্তু আমাদের Slum Clearance Act অনুযায়ী সেখানে তাদের উপর নোটিশ দিয়েছে।

Shrimati Ila Mitra : একই লোক তারা refugee এবং বস্তিবাসী।

Shri Jagannath Kolay : সেখানে তো তারা alternative accommodation পাচ্ছে।

Shrimati Ila Mitra : তা পায়নি। গভর্নমেণ্টের টাকা পয়সার অভাবের জন্য পায় নি। এটা আপনি বে-আইনী করছেন।

Shri Jogannath Kolay : আমি বে-আইনী করিনি। উচ্ছেদ করতে হলেও alternative accommodation দিতে হবে in any case. এটা হাউসিং ডিপার্টমেণ্টের ব্যাপার নয়, এটা আসলে Refugee ডিপার্টমেণ্টের ব্যাপার।

Shrimati Ila Mitra : Housing Department তাদের উচ্ছেদের নোটিশ দিয়েছে, এবং আমরা তা'র প্রতিবাদ স্বরূপ আমরা তাদের কাছে ছয়মাস পূর্বে যে দরখাস্ত করেছি গভর্নমেণ্টের তরফ থেকে তার কোন জবাব অদ্যাবধি আমরা পাইনি।

Shri Jagannath Kolay : তাহতে পারে ছ'মাস, কিন্তু হাইকোর্ট already injunction দিয়ে রেখেছেন। সেইজন্য আমরা কিছু করতে পারছি না। আপনি যেটা বলছেন এটাও injunction দেওয়া আছে, এই যে যারা aggrieved party, যারা refugee, তারা already হাইকোর্ট থেকে injunction দিয়ে রেখেছে। যতক্ষণ না কেস শেষ হয়, ততক্ষণ আমরা কোন action নিতে পারছি না। কিন্তু আপনি যেটা জানতে চাচ্ছেন তাদের জন্য alternative accommodation আছে কিনা, আমি বলছি হ্যাঁ আছে আধ মাইলের মধ্যে আমরা বাড়ী পেয়েছি।

Shri Nikhil Das : আপনি জানেন এই হাউস থেকে একটা আইন পাস হয়েছিল এবং সেই আইনের আওতায় গুরুতর একটা সিদ্ধান্ত হয়েছে for Rehabilitation of the displaced persons in squatters colonies অথবা in housing অর্থাৎ যদি জবর দখল কলোনী বা বাড়ীতে কোন refugee থাকে, তাদের পুনর্বাসন সম্পর্কে একটা আইন এখানে পাস হয়েছিল। তার একটা ধারায় আছে এই—তাদের alternative accommodation-এর ব্যবস্থা না করে তাদের উপর কোন রকম উচ্ছেদ নোটীশ দেওয়া যাবে না। আমাদের প্রশ্নও তাই—উদ্বাস্তু ত্রাণ বিভাগের যে লক্ষ্য তা হচ্ছে এই যে refugee আছে যাদের সম্পর্কে competent authority কোর্টের দ্বারা রায় হয়েছে, আপনি জানেন, তাদের eligible বলে declare করা হয়েছিল অর্থাৎ তাদের alternative accommodation-এর ব্যবস্থা না করে উচ্ছেদ করা যাবেনা। এখন আপনি Slum Clearance আইন অনুযায়ী আধ মাইলের মধ্যে তাদের alternative accommodation দিচ্ছেন। অথচ তারা তো Slum Clearance আইনের আওতায় পড়ছে না। তারা পড়ছে rehabilitation of the displaced person in quatters colonies-এর আওতায়। কাজেই আপনি যে তাদের উপর নোটীশ দিলেন—এটা বে-আইনী নোটীশ কিনা বলুন ?

Shri Jagannath Kolay : আমি বে-আইনী কিছু করিনি।

[1-10—1-20 p.m.]

Shri Jogannath Kolay : না আমরা বেআইনী কিছু করিনি। Competent authority বলেছেন তাকে alternative accommodation দিতে হবে। এখন একটা ভাড়াবাড়ীতে বাস করছে, সেটা তার নিজের বাড়ী নয়। কথা হচ্ছে, যতক্ষণ না পর্যন্ত তাকে alternative accommodation দেওয়া যায় ততক্ষণ তাকে উচ্ছেদ করতে পারা যাবে না, উচ্ছেদ করতে হলে alternative accommodation তাকে দিতে হবে। তাকে সেই alternative accommodation দেওয়া হচ্ছে।

Shri Panchu Gopal Bhaduri : মাননীয় স্পীকার মহাশয়, উনি একটা কথার উপর quibble করছেন। Alternative accommodation মানে পুনর্বাসন দেওয়া জমির অধিকার দেওয়া বাসস্থানের অধিকার দেওয়া—competent authority এই কথাই বলছেন। এখন জবরদখল কলোনীতে একজন মুসলমানের বাড়ীতে বাস করছে তা থেকে remove করা যাবে না যতক্ষণ না alternative accommodation দেওয়া হচ্ছে। উনি alternative accommodation-এর যে মানে করছেন তা competent authority-র রায় অনুসারে ঠিক হবে না।

Shri Jagannath Kolay : আমি ঠিক বলছি।

Shrimati Ila Mitra : মাননীয় স্পীকার মহাশয়, এটা ওঁর department-এর ব্যাপার নয়, এই questionটা সোমবারের জন্য রাখা হোক।

Shri Jagannath Kolay : আপনি বলছেন জমি ও বাড়ীর অধিকার দেওয়া দরকার, আমি বলছি তা নয়, থাকবার বাসস্থানের কথাই আইনে আছে।

Shrimati Ila Mitra : তাহলে আইনটা ভুল হয়েছে।

Mr. Speaker : মিসেস মিত্র, আপনার প্রশ্নের জবাব তিনি দিচ্ছেন, ভুল কি শুদ্ধ সেটা আপনি বলতে পারেন না, right vindicated হচ্ছে কিনা সেটা আপনি বলতে পারেন।

Shrimati Ila Mitra : মিঃ স্পীকার স্যার, এই ১৫নং বস্তিতে প্রায় ১০০-এর উপর বস্তিবাসী আছে; তারা refugee'ও বটে, ১০ বৎসর ধরে তারা সেখানে বাস করছে অত্যন্ত নারকীয় পরিবেশে। এখন Slum Clearance-এর নাম করে তাদের সেখান থেকে উচ্ছেদ করে ভাড়া-বাড়ীতে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে, এই উচ্ছেদের notice itself বেআইনী। Competent authorityর রায়কে লংঘন করে Government তাদের উপর উচ্ছেদের নোটিশ জারী করেছেন, করে বেআইনী কাজ করছেন।

Shri Nikhil Das : Slum Clearance-এর হলেও Rehabilitation of Displaced Person in Squatters and Houses অনুযায়ী বিকল্প পুনর্বাসন দিতে হবে, সুতরাং Slum Clearance Act অনুযায়ী যে notice দেওয়া হয়েছে সেটা বেআইনী। আমার supplementaryর বক্তব্য হচ্ছে, competent authorityর যে সমস্ত রায় আছে তদনুযায়ী যারা eligible for relief and rehabilitation তাদের সেই আইন অনুযায়ী উচ্ছেদের নোটিশ না দিয়ে Slum Clearance-এর জন্য যে নোটিশ দেওয়া হয়েছে সেটা বেআইনী।

Shri Jagannath Kolay : না, কিছুতেই বেআইনী নয়। যা করা হয়েছে আইন মতই করা হয়েছে। আমি এই বিষয়ে এখন বলতে পারছি না High Court-এ case হয়েছে কি না।

Shrimati Ila Mitra : স্পীকার মহাশয়, আমার আপনার কাছে prayer, এটা সোমবারের জন্য মুলতুবী রাখা হোক, কারণ একটা কথাও পরিষ্কার হচ্ছে না।

Mr. Speaker : আপনি বলছেন বেআইনী, তিনি বলছেন justified। এখানে House-এর আর কোন function নাই। Of course there might be other forums to raise the matter.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Loan to the Cossimbazar Bengal Textile Mill

*550. (Admitted question No. *1865.) **Shri Nani Bhattacharyya :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাশীমবাজারের বেঙ্গল টেক্সটাইল মিলকে এ যাবৎ পশ্চিমবঙ্গ সরকার এবং রিহ্যাবিলিটেশন ইণ্ডাষ্ট্রিজ করপোরেশন মোট কত টাকা ঋণ হিসাবে দিয়াছেন ;

(খ) কতজন শ্রমিককে স্থায়ী চাকুরী দিবার সর্তে এই ঋণ দেওয়া হইয়াছিল ;

(গ) সর্তানুযায়ী নির্দিষ্ট সংখ্যক শ্রমিককে কাজ দেওয়া হইয়াছে কি ; এবং

(ঘ) কাজ দেওয়া না হইলে উহার কারণ কি ?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) রাজ্য সরকার কাশীমবাজার বেঙ্গল টেক্সটাইল মিলকে কোন ঋণ মঞ্জুর করেন নাই। Rehabilitation Industries Corporation এই মিলকে ২২ লক্ষ ৩৫ হাজার টাকা ঋণ মঞ্জুর করিয়াছেন ;

(খ) পূর্ব পাকিস্তান হইতে আগত ৫২০ জন উদ্বাস্তুকে কর্মে নিয়োগ করিবার শর্তে এই ঋণ দেওয়া হইয়াছিল ;

(গ) হাঁ;

(ঘ) উল্লিখিত (গ) প্রশ্নের উত্তর অনুসারে এই প্রশ্ন উঠে না।

Loan by the Rehabilition Industries Corporation to the Cossimbazar Bengal Textile Mills

*556. (Admitted question No. *2270.) **Shri Sanat Kumar Raha :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কাশীমবাজার বি, টি, মিলে কত দফায় রিহ্যাবিলিটেশন ইণ্ডাষ্ট্রিজ করপোরেশন কত টাকা দিয়াছেন ;

(খ) কোন্ কোন্ সর্তে উক্ত টাকা দেওয়া হয় ; এবং

(গ) উক্ত সর্ত পালিত হইতেছে কিনা ?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) মঞ্জুরীকৃত ১২ লক্ষ ৩৫ হাজার টাকা ঋণের মধ্যে মোট ৯ লক্ষ ৩৪ হাজার ৩ শত ৩৫ টাকা ৮৪ পয়সা চার দফায় দেওয়া হইয়াছে ;

(খ) (১) পূর্ব পাকিস্তান হইতে আগত ৫২০ জন উদ্বাস্তুকে মিলের কাজে নিয়োগ এবং
(২) ঋণের টাকা (পাওয়ার তারিখ হইতে) ১৫ বৎসরের মধ্যে ৭% হার সুদে ১৩টি কিস্তিতে পরিশোধ করিবার শর্ত আছে ;

(গ) উদ্বাস্তু নিয়োগের শর্তটি সম্পূর্ণভাবে পালিত হইয়াছে। ঋণ পরিশোধের ব্যাপারে মিল কর্তৃপক্ষ দুইটি কিস্তি সময় মত দিতে সমর্থ হন নাই।

Shri Nikhil Das : আপনি কি জানেন এখন কত জন শ্রমিক কাজ করছে ?

Shri Ardhendu Shekhar Nasker : আমি সংখ্যা বলে দিচ্ছি। ৫২০ জন নেবার কথা ছিল, সে জায়গায় ২৭৫ জন বেশী লোক কাজ করছে।

Shri Nikhil Das : B. T. Mill-এ double shifting-এর ব্যবস্থা হওয়ায় ফলে বর্তমানে কতজন কাজ করছে ?

Shri Ardhendu Shekhar Naskar : আমি আগে প্রশ্নের জবাবে বলেছি, কথা ছিল ৫২০ জন নেওয়া হবে, এখন সেখানে ২১৫ জন বেশী শ্রমিক কাজ করছে।

[1-20—1-30 p.m.]

Shri Nikhil Das : আমি বলছি সেখানে ২৪০ থেকে ৩০০ লোক কাজ করছে। এটা আপনি খোঁজ করে দেখবেন কি ?

Mr. Speaker : মি: দাস, বলাবলির ব্যাপার নয়, আপনি বলেছেন ২০০ কত, তার উনি বলছেন ৮০০ কত।

Shri Nikhil Das : স্যার, আপনার কাছে একটা এ্যাপিল করবো, সে এ্যাপিলটা হচ্ছে উনি খোঁজ করে সামনের সপ্তাহে আমাদের জানাবেন কিনা যে বাস্তবিক সেখানে কত লোক কাজ করছে। আপনি যে ফিগার দিয়েছেন সেটা আমি চ্যালেঞ্জ করছি এবং জানি বলেই চ্যালেঞ্জ করছি এবং তরুণবাবু বসে আছেন, তরুণবাবুর ঘরে আলাপ আলোচনা হয়ে তবে বি টি মিলটি চালু হয়েছে, সেখানে কত লোক কাজ করছে সেটা তরুণবাবু জবাব দিতে পারবেন, ৮০০ লোক সেখানে কাজ করে না।

Mr. Speaker : এটা নিয়ে তর্ক করে লাভ নেই, he will just enquire into the matter.

Shri Ardhendu Shekhar Naskar : আমার কাছে যে ফিগার আছে সেটাই আমি আপনার কাছে বলছি। আপনার যেমন একটা মত আছে আমারও সেরকম একটা মত আছে। তবে আপনি যখন বলছেন তখন আমি এটা তদন্ত করে দেখবো।

Shri Nikhil Das : এই যে লোক কাজ করছে এর মধ্যে উদ্বাস্তু কত জন ?

Shri Ardhendu Shekhar Naskar : সকলেই উদ্বাস্তু।

Shri Nikhil Das : উদ্বাস্তু ছাড়া সেখানে অন্য কেউ কাজ করছে না ?

Shri Ardhendu Shekhar Naskar : এই কন্ডিশনেই টাকা দেওয়া হয়েছিল।

Shri Nikhil Das : এই ফিগারও আমি আপনাকে চ্যালেঞ্জ করছি। যে লোক সেখানে কাজ করচে তারা সমস্ত উদ্বাস্তু নয়। আপনি অসত্য তথ্য পরিবেশন করছেন।

Shri Sanat Kumar Raha : ৫২০ জন যে উদ্বাস্তু শ্রমিক আছে বলছেন এরা ক' সিফ্টে কাজ করছে ?

Shri Ardhendu Shekhar Naskar : সে কথা আমি বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha : প্রথমে বললেন যে ৫২০ জন জন উদ্বাস্তু আর ২১৫ জন, আবার পরে বললেন ৮১০ জন। মোট ক্যাপাসিটি কত ?

Shri Ardhendu Shekhar Naskar : ক্যাপাসিটি কত তা ঠিক বলতে পারবো না, কন্‌ডিশন যা ছিল তা'র চেয়ে বেশী নেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha : কোন সালে প্রথম দেওয়া হয়?

Shri Ardhendu Shekhar Naskar : প্রথম দফায় ১৪।২।৬২ তারিখে ৮ লক্ষ ৮৬ হাজার ৮০৪'৪৮ টাকা, দ্বিতীয় দফায় ওদের দেওয়া হয় ১৪,৬০০ টাকা এবং মোট ৯,৩৪,৩৩৫'৪৮ টাকা তিন দফায় দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha : তিন দফায় যে স্যাংশন হয়েছে, শেষ দফার তারিখের কি সীমা আছে?

Shri Ardhendu Shekhar Naskar : কন্‌ডিশন ছিল ৩১।১২।৬৫ তারিখে প্রথম কিস্তি শোধ করতে হবে। প্রথম কিস্তি যে শোধ করেছে তার সুদ বাবদ দিয়েছে ১,৩৫,১৯৩'৪০ পয়সা এবং আসল দিয়েছে ৯৫ হাজার টাকা।

Shri Sanat Kumar Raha : প্রথমে যে সরকারের টাকা শোধ এবং সুদ শোধ করার কথা যে সর্তে সেই সর্ত ঠিক ঠিক ভাবে পালিত হয়েছে কিনা?

Shri Ardhendu Shekhar Naskar : একটু তফাৎ হয়েছে। কন্‌ডিশন ছিল দেয় টাকার। পাওনা ছিল ১,৩১,৮৯৯ টাকা, সুদের পরিমাণ ছিল ১,০৪,৪৩১'২০ টাকা, এটা ৩১।১২।৬৫ তারিখের মধ্যে দেবার কথা ছিল তার জায়গায় দিয়েছে দুই বছরে। প্রথম দফায় সুদ দিয়েছে ১,৩৫,৩৯৩ টাকা এবং আসল দিয়েছে ৯৫ হাজার টাকা।

Shri Sanat Kumar Raha : সুদ সমেত সম্পূর্ণ টাকা কি শোধ হয়েছে যেটা পাওনা ছিল?

Shri Ardhendu Shekhar Naskar : না, সম্পূর্ণ হয়নি। প্রথম দফায় সুদ সমেত পাওনা ছিল ৪,৭৪,৩৯৪'৬ পয়সা এবং যেটা পাওয়া গিয়াছে সেটার ফিগার দিয়ে দিয়েছি।

Shri Sanat Kumar Raha : তাহলে সমস্ত সর্ত পালন করা না সত্বেও দফায় দফায় কেন টাকা দেওয়া হয়েছে বলতে পারেন কি?

Shri Ardhendu Shekhar Naskar : ওরা কন্‌ডিশন ফুলফিল করেছে, বাকী টাকাটা আদায় করার ব্যবস্থা করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha : এই যে ৩ লক্ষ টাকা বাকী আছে এই বাকী কাটা দেওয়া সম্পর্কে সরকার পক্ষ থেকে বা কর্পোরেশনের পক্ষ থেকে এমন কোন নোটিশ তাদের কাছে গিয়েছে কিনা যে পুর্বে চুক্তি অনুসারে সমস্ত সর্ত পালিত না হলে টাকা দেওয়া হবে না?

Shri Ardhendu Shekhar Naskar : এই সম্বন্ধে আইনতঃ যা করা প্রয়োজন তা করা হচ্ছে।

Squatters' colonies

***551. (Admitted question No. *2146.) Shri Haridas Chakraborty :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরের উপকণ্ঠে কতগুলি জবরদখল কলোনী আছে ;

(খ) উপরোক্ত কলোনীগুলি কোন কোন পৌর এলাকার অন্তর্ভুক্ত ;

(গ) উক্ত কলোনীগুলির উন্নয়ন কার্যের কোন কর্মসূচী সরকার গ্রহণ করিয়াছেন কিনা ;

(ঘ) যদি 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই কর্মসূচী কার্যকরী করিতে কত সময় লাগিবে ;

(২) কত অর্থ খরচ হইবে ; এবং

(৩) উপরোক্ত অর্থ রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার ও পৌরসভাগুলিকে সম্মিলিতভাবে বহন করিতে হইবে কিনা এবং হইলে তাহার হার কত হইবে ?

Shri Ardhendu Shekhar Naskar : ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ পরিকল্পনার কাজ শেষ হইবে ৩২.২১ কোটি টাকায়। এমতাবস্থায় ২৪ লক্ষ টাকা হইতে খরচ বাড়াইয়া ৫০ লক্ষ টাকা হইবার প্রশ্ন উঠে না।

Shri Aswini Roy : এই যে (গ) প্রশ্নের উত্তরে, উক্ত কলোনীগুলির উন্নয়ন কার্যের কোন কর্মসূচী সরকার গ্রহণ করিয়াছেন কিনা, বলছেন, হাঁ। সেই ক্ষেত্রে বললেন যে পৌরসভা যদি রাজী হয় তাহলে সরকার ওটা করবেন। তাহলে কতগুলি পৌরসভা এই উন্নয়নের ব্যাপারে রাজী হয়েছে ?

Shri Ardhendh Shekhar Naskar : এ পর্যন্ত আমরা দুটি কলোনির ইমপ্রুভমেন্টের কাজ শেষ করেছি এবং ৩৪টি কাজ এখনও চলছে, যেমন যেমন অর্থ বরাদ্দ হচ্ছে সেই অনুযায়ী কাজ চলবে।

Shri Aswini Roy : কোন কোন পৌরসভা এর দায়িত্ব নিয়েছে ?

Shri Ardhendu Shekhar Naskar : যে দুটি কাজ আমাদের সমাপ্ত হয়েছে এর একটা কলোনী হচ্ছে বাপুজী কলোনী, ইছাপুর, আর একটা হচ্ছে হিন্দুস্থান কলোনী সেটা শ্যামনগর মিউনিসিপ্যালিটির আণ্ডারে। আরো ৩৪টি আছে যদি বলেন আমি তার নাম পড়ে দিতে পারি।

Shri Nikhil Das : টালিগঞ্জ এলাকায় ৫৮টি কলোনী আছে, তারজন্য ৭ কোটি টাকা ব্যয় হবে তার একটাতেও আপনারা হাত দিতে পারেননি, সেগুলি যে অবস্থাতে ছিল সেই অবস্থাতে আছে। সেখানে ওয়ান থার্ড কেন্দ্রীয় সরকার টাকা দেবেন আর টু থার্ড করপোরেশন এবং পশ্চিমবংগ সরকার মিলে দেবেন। কলকাতার যে ৫৮টি কলোনী আছে তাতে কোন হাত দেন নি, বাইরে যে কলোনী আছে তার জন্য কেন্দ্র থেকে কত টাকা পেয়েছেন ?

[1-30—1-40 p.m.]

Shri Ardhendu Shekhar Naskar : ঠিক এ্যামাউন্টটা আমি বলতে পারবো না।

Shri Nikhil Das : আপনি উত্তরে বলেছেন যে কলকাতার বাইরে যেসব মিউনিসিপ্যাল এলাকা সেগুলির পুরো ডেভেলপমেন্ট কস্ট সেনট্রাল গভর্নমেন্ট দেবেন। আমি জিজ্ঞাসা করছি কেন্দ্রীয় সরকার উন্নয়ন বাবদ কত টাকা দিয়েছেন ?

Shri Ardhendu Shekhar Naskar : আপনার প্রশ্ন ছিল কলোনীগুলি কোন কোন পৌর এলাকাভুক্ত। সেগুলির ফিগার দিয়েছি—তার মধ্যে যে ইমপ্রুভমেন্ট হয়েছে তার ফিগার দিয়েছি এবং যে ব্যয় হয়েছে তারও উত্তর দিয়েছি—কাজেই আপনি যদি এ সম্বন্ধে আর একটা প্রশ্ন রাখেন তাহলে আমি পরে জবাব দিতে পারি।

Shri Nikhil Das : স্যার, আমার প্রশ্নটা খুব ইজি ছিল—যেএই কলোনীগুলির ডেভেলপমেন্ট হয়েছে কিনা—মিউনিসিপাল এলাকার পুরো দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিচ্ছেন এবং আমরা জানি যে পৌর এলাকায় ডেভেলপমেন্ট যেটা বলে রাস্তাঘাট ইত্যাদির ডেভলপমেণ্ট—কোয়ার্টাস কলোনীর সেটা মোটামুটি হয়নি—কেবলমাত্র ঐ যে দুটো কানামাছি দেখালেন শ্যামনগর এবং ইছাপুর ছাড়া।

Shri Ardhendu Shekhar Naskar : তা ছাড়াও ৩৪টির কাজ হচ্ছে।

Shri Nikhil Das : কাজ হয়নি—মাপযোগ হচ্ছে, এক ছটাকও মাটি পড়েনি।

Mr. Speaker : মিঃ দাস, এটা ডিবেটিং হচ্ছে না—গোটা কতক ইনফরমেশন আণ্ডার দি কোশ্চেন এণ্ড সাপ্লিমেনটারীজ আপনি চাচ্ছেন—ডিবেট করছেন কেন ?

Shri Nikhil Das : কেন্দ্রীয় সরকার থেকে কত টাকা পেয়েছেন সেটাই আমি জিজ্ঞাসা করছি।

Shri Panchu Gopal Bhaduri : মন্ত্রী মহাশয়, তাঁর একটা জবাবে বলেছেন যে শ্রীরামপুর মিউনিসিপ্যালিটিতে তিনটি জবরদখল কলোনী আছে এবং আমি যতদূর জানি তার ভিতর একটার আংশিক উন্নয়ন হয়েছে মাহেশ কলোনী, আর দুটো নেহরুনগর কলোনী এবং শ্রীরামপুর কলোনীর উন্নয়ন হয়নি। এখন এই দুটো সম্পর্কে আগে মাননীয়া আভা মাইতি বলেছিলেন যে কেন্দ্র থেকে টাকা পাওয়া যায়নি। এখন কি তার জন্য টাকা পাওয়া গেছে ? শুধু মিউনিসিপ্যালিটি রাজী হবার উপর এই ডেভেলপমেন্ট নির্ভর করছে কিনা এটা জানাবেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar : আমরা দফায় দফায় যে টাকা পাচ্ছি তা দিয়ে ৩৪টিতে হাত দিয়েছি—এগুলি সমাপ্ত না হওয়া পর্যন্ত অন্যগুলোতে হাত দেওয়া সম্ভব নয়। যেটা হাউসে রাখা হয়েছে ৫৪টি এলাকা যেটা সি, এম, পি, ও-র মধ্যে পড়ে সেগুলি এর অর্ধ থেকে হবেনা—সি, এম, পি, ও, সেগুলির দায়িত্ব নিয়েছেন—যেমন যাদবপুর এলাকার কথা বলি—এটা প্রথমে কলকাতা করপোরেসনকে বলা হয় দায়িত্ব নিতে, তারা নিতে রাজী হয়নি—তারপর সি, এম পি, ও, গঠিত হবার পর আরও ৫৪টি কলোনীর সি, এম, পি, ও-র মাধ্যমে উন্নয়ন হবে। আমি যে ৩৪টির কথা বলেছি জানি না শ্রীরামপুর এর মধ্যে আছে কিনা—যদি না হয়ে থাকে তাহলে অবশ্য এটা আমি দপ্তরের কাছে দেবো।

Shri Panchu Gopal Bhaduri : শ্রীরামপুরের ভিতর মাহেশ কলোনীর ডেভেলপমেন্টের কাজ কিছু কিছু করা হয়েছে—কিছু বাকী আছে, নেহেরুনগর কলোনী, শ্রীরামপুর কলোনীতে কোন ডেভেলপমেন্টের কাজ করা হয় নি। আমি একটা প্রশ্ন করাতে মাননীয়া আভা মাইতি বলেছিলেন যে সেন্টার থেকে এখনও টাকা স্যাংসান হয়ে আসেনি, তাই কাজে হাত দেওয়া যাচ্ছে না। আপনার কথা শুনে মনে হচ্ছে সেনট্রাল টাকা দিয়েছে—শুধু মিউনিসিপ্যালিটি রাজী হলেই ডেভেলপমেন্টের কাজে হাত দেওয়া হবে—সুতরাং এটা কি সত্য যে, যে দুটো কলোনীর ডেভেলপমেন্ট হয়নি শুধু শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি রাজী হলেই সেটা হবে ?

Shri Ardhendu Shekhar Naskar : টাকা পাওয়া গেলে নিশ্চয় কাজ আমরা গ্রহণ করবো। যে টাকা বরাদ্দ হয়েছে সেই টাকায় ৩৪টির কাজ চলছে।

Shri Panchu Gopal Bhaduri : এই ৩৪টির মধ্যে কে কে আছে বলুন।

Shri Ardhendu Shekhar Naskar : প্রতাপগড় কলোনী, অরবিন্দ পল্লী, বেহালা, বাস্তহারা বিধান কলোনী, ঠাকুরপুকুর পল্লীমঙ্গল কলোনী, চুনারীপাড়া নোয়াপাড়া কলোনী, বহুহাট কলোনী, বাপুজী বাস্তহারা কলোনী, সেবাগ্রাম নোয়াপাড়া, মাহেশ উদ্বাস্তু শিবির ইত্যাদি ......এই তো এখানে মাহেশ আছে।

Shri Panchu Gopal Bhaduri : আপনি যে বলছেন মাহেশ উদ্বাস্তু শিবির—তার টাকা সেনট্রাল স্যাংসান করেছেন—সম্প্রতি উদ্বাস্তু হেল্থ অর্গানাইজেসন যার কাছে ডেভেলপমেন্ট প্ল্যান করতে এবং টেণ্ডার কল করতে বলা হয়েছিল—তারা বলছে যে টাকা স্যাংসান হয়েছে তাতে কোন কনট্রাকটার টেণ্ডার এ্যাকসেপ্ট করতে চাচ্ছে না। এই রকম টেণ্ডার এ্যাকসেপ্ট করার কনট্রাকটার যাতে পাওয়া যায় তার জন্য টাকার অংকটা কি বাড়াতে আপনি প্রস্তুত আছেন?

Shri Ardhendu Shekhar Naskar : স্যার, এই প্রশ্ন থেকে এটা আসে কিনা জানি না, আলাদা প্রশ্ন করলে আমি অনুসন্ধান করে বলবো।

Refugee dole

***552. (Admitted question No. *2153.) Shri Gopal Banerjee :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিবিরবাসী উদ্বাস্তুগণ বর্তমানে কি হারে 'ডোল' ও অন্যান্য সুযোগ পাইয়া থাকেন; এবং

(খ) এই ডোলের হার বাড়াইবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) এবং (খ) নির্দিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ীই ঘরবাড়ী সাহায্য দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর নির্দেশ আছে। এই তালিকা অবস্থানুসারে নিয়ত পরিবর্তন সাপেক্ষ এবং প্রকৃত বিতরণের সময় যদি দেখা যায় যে তালিকাভুক্ত কোন কোন ব্যক্তি ঐ সাহায্য পাইবার উপযুক্ত নহেন তবে তাঁহাদিগকে এইরূপ সাহায্য দেওয়া হয় না।

Shri Gour Chandra Kundu : এই যে উনি বললেন ১২ টাকা করে ডোল ছিল—এই ডোল কোন সালে ধার্য করা হয়েছিল।

Shri Ardhendu Shekhar Naskar : সালটা ঠিক আমি বলতে পারবো না—তবে ১।৪।৬৫ তারিখের পূর্বে।

Shri Gour Chandra Kundu : ওটা ১৯৪৯ সালে ১২ টাকা ধার্য হয়েছিল—এবং ১।৪।৬৫ যেটা বলছেন সেই সময় ২.৫০ হিসাবে বাড়িয়েছেন—আপনি হিসাব করে দেখুন যে ১৯৪৯ সালে জিনিসপত্রের যে দাম ছিল সেই পরিমাণে কত গুণ বেড়ে গেছে—কাজেই এই ডোলের পরিমাণ বাড়াবার কথা আপনারা ভাবছেন কিনা বলবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar : এখন সমস্ত দায়িত্ব ভারত সরকার গ্রহণ করেছেন—কাজেই সেটা তারা বিবেচনা করবেন কিনা আমরা জানি না।

Shrimati Ila Mitra : আপনি বললেন যে ভারত সরকার দায়িত্ব গ্রহণ করেছেন—কিন্তু সেটা নির্ভর করে বাংলা দেশের সরকার কতখানি সে সম্বন্ধে রেকমেণ্ড করছেন তার উপর এবং তারপরে মিলিতভাবে সেই সাহায্য দেবার রেকমেণ্ডেসনের উপর। আপনারা কি এই টাকা যে আরও বাড়িয়ে দেওয়া উচিৎ এ সম্পর্কে কোন রকম রেকমেণ্ডেসন ভারত সরকারের কাছে পাঠিয়েছেন?

Shri Ardhendu Shekhar Naskar : না, আমাদের দপ্তর থেকে সে রকম কোন কিছু পাঠানো হয় নি। তবে কেন্দ্রীয় সরকার ১৯৬৮ সালে এই হার মাথাপিছু ধার্য করেছেন আজকে যেটা বললাম—এর পরে আর কোন বিবেচনা করা হয়েছে বলে খবর জানি না।

Shri Sanat Kumar Raha : যে সংখ্যক উদ্বাস্তুকে এই ডোল দেওয়া হোত ১৯৬২ সালের পরে তার সংখ্যা অনেক হ্রাস করা হয়েছে—এ খবর জানেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar : সঠিক সংখ্যা বলা সম্ভব নয়, তবে প্রাপ্ত বয়স্কদের প্রতিমাসে যেভাবে ডোল দেওয়া হয় সেই প্রশ্ন যদি রাখেন বলতে পারি—কতজনকে দেওয়া হয়েছে তা বলতে পারবো না—সংখ্যাটা আমার কাছে নেই।

[1-40—1-50 p. m.]

Shri Gour Chandra Kundu : একটা কথা জিজ্ঞাসা করছি এই যে বললেন ১৪.৫০ পয়সা মোট দেওয়া হয়, যেটা চাল এবং ডাল দেওয়া হয় তাতে মাত্র তিনদিন চলে। বাকী বাজার থেকে তাদের কিনতে হয়, তাদের ration দেওয়া হয় না। সুতরাং যাতে ration card-এ এ বাকী ৪ দিনের মাল দেওয়া হয় সেটা দেখবেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar : বিবেচনা করে দেখা যেতে পারে।

Bandal Thermal Power Station

***553. (Admitted question No. *2175.) Shri Sambhu Charan Ghosh :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠার জন্য পরিকল্পিত ব্যয়ের পরিমাণ ২৪ লক্ষ টাকা হইতে ৫০ লক্ষ টাকা হওয়ার কারণ কি ?

Shri Tarun Kanti Ghosh : ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ পরিকল্পনার কাজ শেষ হইবে ৩২.২১ কোটি টাকায়। এমতাবস্থায় ২৪ লক্ষ টাকা হইতে খরচ বাড়াইয়া ৫০ লক্ষ টাকা হইবার প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh : মাননীয় স্পীকার স্যার, আমার প্রশ্নটা আমি একটু সংশোধন করে দিচ্ছি। বাণিজ্য-শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠা কল্পে জমির সংগ্রহের জন্য পরিকল্পিত ব্যয়ের পরিমান ২৪ লক্ষ টাকা হইতে ৫০ লক্ষ টাকা হওয়ার কারণ কি ?

Shri Tarun Kanti Ghosh : প্রোফেসার ঘোষ প্রশ্নটা বদলে দিচ্ছেন। তাহলে আমি যেভাবে তৈরী করেছিলাম সেভাবে হয় না। আমি উত্তরটা বলছি ব্যাণ্ডেল তাপ বিদ্যুত পরিকল্পনার কাজ শেষ হইবে ৩২.২১ কোটি টাকায়। এমতাবস্থায় ২৪ লক্ষ টাকা হইতে খরচ বাড়াইয়া ৫০ লক্ষ টাকা হইবার প্রশ্ন উঠে না। কিন্তু এই টাকা অনেক বেড়ে গেছে এবং তার কারণ জানতে চাইলে বলতে পারি। প্রথম কারণ হচ্ছে যে জমি একর প্রতি ৪ হাজার টাকা ধরা হয়েছিল সেটা পরে একর প্রতি ৯ হাজার টাকা ধরা হয়েছে এবং District Collector এই দাম নির্দ্ধারণ করে দিয়েছেন। জমি compensation-এ এই টাকা এত বেড়ে গেছে এটাই হচ্ছে main কারণ।

Shri Sambhu Charan Ghosh : আমার প্রশ্ন হচ্ছে ব্যাণ্ডেল Thermal plant station-এর জন্য যে জমি সংগ্রহ করা হয়েছিল সে জমি সংগ্রহের ব্যয়ের পরিমাণ ২৪ লক্ষ টাকা ধরা হয়েছিল কিন্তু সেটা ২ গুণের উপর সেটা ৫০ লক্ষ টাকা বেশী হয়েছে সেটা হল কেন ? আপনার দপ্তর থেকে পরিকল্পনার জন্য যে ব্যয় সূচী তৈরী হয়েছিল সেটার ২ গুণের উপর বেশী কেন হল ?

Shri Tarun Kanti Ghosh : যেখানে একর প্রতি ৪ হাজার টাকা ধরা হয়েছিল সেটা একর প্রতি ৯ হাজার টাকা পরে হয় এবং naturally এটা বেড়ে যাবে।

Shri Sambhu Charan Ghosh : তবে ৪ হাজার টাকা ধরে ছিলেন কেন?

Shri Tarun Kanti Ghosh : যে কারণে ধরা হয়েছিল তা বললাম, District Collector এটা বাড়িয়েছেন।

Shri Sambhu Charan Ghosh : প্রশ্ন হচ্ছে জমির ব্যাপারে। এই যে জমি এগুলি তে ফসলা জমি, কাজেই যে পরিকল্পনা রচনা করা হয়েছিল সেটা নিশ্চয়ই দপ্তরের বিচার করা উচিত ছিল যে তে ফসলা জমির একর ৪ হাজার নয়, ৭, ৮, ৯ হাজার হওয়া উচিত। আমি জিজ্ঞাসা করছি যখন দপ্তর থেকে এই পরিকল্পনার ব্যয় নির্দ্ধারণ করা হয়েছিল তখন কি এগুলি তে ফসলা জমি এটা চিন্তা করে এটা consider করেছিলেন কিনা?

Shri Tarun Kanti Ghosh : Obviously আমি এটা জানিয়েছি যে, Collector এটা ৯ হাজার টাকা করেছেন এবং naturally ২৪ হাজার থেকে ৫০ হাজার টাকা হয়েছে।

Shri Sunil Das Gupta : ৪ হাজার টাকার যে estimate ধরা হয়েছিল সে estimate কিসের ভিত্তিতে ধরা হয়েছিল?

Shri Tarun Kanti Ghosh : এটা Collectors করে দেন। collector-এর এটা করে দেবার অধিকার আছে এবং তার ফলে এটা ৪ হাজার টাকা থেকে এই ৯ হাজার টাকা উঠেছে।

Shri Sunil Das Gupta : Requisition করার ত একটা ভিত্তি থাকে, Collectors যিনি করলেন তিনি নিশ্চয়ই কিছু ভিত্তির উপর করেছেন, whimsically করেন নি। একটা estimate করে, একটা ভিত্তি থাকে যে এই এই ground-এ এটা estimate ৪ হাজার টাকা থেকে ৯ হাজার টাকা করা হয়েছে সেটা কি?

Mr. Speaker : জমির ভিত্তিতে দর হিসাব করেছেন?

Shri Hemanta Kumar Basu : প্রশ্ন হচ্ছে ৪ হাজার টাকা থেকে ৯ হাজার টাকা হল কেন এটা মন্ত্রিমহাশয় অনুসন্ধান করে দেখবেন কি?

Shri Tarun Kanti Ghosh : ৪ হাজার টাকা থেকে ৯ হাজার টাকা কেন হল সেটা নিশ্চয়ই দেখবো। আপনাদের প্রশ্ন করাতে আমি এটা দেখলাম যে এটা ২৪ লক্ষ টাকা থেকে ৫০ লক্ষ টাকা হয়েছে। যেটা ৪ হাজার টাকা ঠিক হয়েছিল সেটা ৯ হাজার টাকা collectors ঠিক করে দিয়েছেন। আপনারা যখন বলছেন তখন আমি এটা অফিসে খোঁজ করে নেব।

Distribution of gratuitous relief

***554.** (Admitted question No. *2201.) **Shri Kanai Paul :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সিদ্ধান্ত মত বিভিন্ন রিলিফ কমিটি কর্তৃক প্রস্তুত ও উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত খয়রাতি সাহায্যের অগ্রাধিকার তালিকা অনুযায়ী এ, বি, সি, ডি, ই, এফ এবং জি, এই সকল ক্যাটাগরির সকল লোকদের খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে কি;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'না' হয়, এই সাহায্য না দেওয়ার কারণ কি?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) এবং (খ) নির্দিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত তালিকা অনুযায়ীই খয়রাতী সাহায্য দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর নির্দেশ আছে। এই তালিকা অবস্থানুসারে নিয়ত পরিবর্তন সাপেক্ষ এবং প্রকৃত বিতরণের সময় যদি দেখা যায় যে তালিকাভুক্ত কোন কোন ব্যক্তি ঐ সাহায্য পাইবার উপযুক্ত নহেন তবে তাহাদিগকে এইরূপ সাহায্য দেওয়া হয় না।

Shri Gour Chandra Kundu : যে কথা বললেন যে তালিকাভুক্ত সকলকেই সাহায্য দেওয়া হয়, আমি জিজ্ঞাসা করছি তালিকাভুক্ত লোক অনুযায়ী আপনারা কি সরকার থেকে সাহায্য পাঠিয়ে থাকেন, তালিকা পাঠনর পর। S.D.O. এবং B.D.O. সেইমত requisition করে থাকেন কিনা ? প্রতি সপ্তাহে বা প্রতি মাসে যেটা পাঠান হয় তারা চেয়ে কম হয় এটা জানেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar : Relief Committee থেকে যে list দেয় সেইমতন পাঠান হয়।

Shri Gour Chandra Kundu : যে তালিকা পাঠান হয় তার শতকরা ২৫ ভাগের বেশী দেওয়া হয় না। S.D.O. এবং B.D.O. এর কাছে জানতে চাইলে তারা বলেন আমরা কি করবো অতএব যে statement করেছেন সেটা ঠিক নয়।

Shri Ardhendu Shekhar Naskar : মাননীয় সদস্য যে কথা বললেন আমি নিশ্চয়ই enquiry করে দেখবো। আমার যতদূর জানা আছে যে list পাঠান হয় সেই মতন দেওয়া হয়।

Shri Sailendra Nath Adhikari : মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন সেটা ঠিক বুঝতে পারছি না। ২টা কথা বললেন নির্দিষ্ট কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, এই ২টার relation কি ?

Shri Ardhendu Shekhar Naskar : এই সম্বন্ধে পরিষ্কার করে জানাতে চাই যে Reliet Committee যে সাহায্য দেয় সেটা সহায়-সম্বলহীন নিম্ন পর্যায়ভুক্ত লোকেদের খয়রাতী সাহায্য দেওয়া হয়ে থাকে।

Shri Sailendra Nath Adhikari : সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলতে কি বলছেন তা বুঝতে পারছি না ?

Shri Ardhendu Shekhar Naskar : যেমন জেলা পরিষদ Relief Committee এরূপ তালিকা প্রস্তুত করে থাকেন।

Shri Sailendra Nath Adhikari : এই যে Relief Committeeগুলির কথা বললেন, Relief Committeeগুলো কি করছেন সেটা জানেন কি ? জেলা পর্ষদ আইন প্রয়োগ হবার পর থেকে যে নূতন ধরনের adjustment হয়েছে তাতে relief committee না বাতিল বা ঐ Relief Committeeকে পুনর্বহাল-এর কিছুই করা হয়নি। এরূপ একটা ন যযৌ ন তস্থৌ। অবস্থায় Relief Committeeগুলি আছে এবং তারা করছে এটা জানেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar : যে পদ্ধতিতে এটা দেওয়া হয়েছে তার কথাই বলেছি। Relief Committee-এর কথা বলেছি এবং জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের মাধ্যমের কথা বলেছি।

Food crops damaged by hail-storm in Cooch Behar district

***555. (Admitted question No. *2255.) Shri Jiban Krishna Dey :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কোচবিহারের সাম্প্রতিক শিলাবৃষ্টি ও ঝড়ে মহিষবাথান, পানিশালা এবং কৃষ্ণপাণিশালা গ্রামে ব্যাপক হারে আমন ধান, রবিশস্য প্রভৃতির ক্ষতি সাধিত হইয়াছে ;

(খ) সত্য হইলে তার আর্থিক আনুমাণিক মূল্য কত ;

(গ) উক্ত গ্রামগুলিতে সরকারী রিলিফ কিছু দেওয়া হইয়াছে কিনা ; এবং

(ঘ) দেওয়া হয়ে থাকলে কবে এবং কি কি ?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) ও (খ) : বিগত ৫-১১-৬৫ তারিখের শিলাবৃষ্টি ও ঝড়ে কোচবিহার জেলার পানিশালা ও কৃষ্ণ পানিশালা গ্রামে আমন ধান ও রবিশস্যের যে ক্ষতি সাধিত হয় তাহার আনুমানিক আর্থিক মূল্য নিম্নরূপ :—

	আমন ধান	রবিশস্য
পানিশালা	৪,৫০১ টাকা	১৫,০০০ টাকা
কৃষ্ণপানিশালা	১০,৫০৪ "	২৫,০০০ "

মহিষাবাথন গ্রামে কোন ক্ষতির সংবাদ পাওয়া যায় নাই।

(গ) হঁ্যা।

(ঘ) কৃষ্ণপানিশালা গ্রামে ৮-১২-৬৫ তারিখে একটি সহায়ক কার্য চালু করা হয় এবং ৪-১২-৬৫ তারিখে পানিশালা ও কৃষ্ণপানিশালা গ্রামে নিম্নে বর্ণিত বীজ বিনামূল্যে বিতরিত হয় :—

	আলু	গম	বার্লি	মুসুর
পানিশালা	১ কুই:	২০ কেজি	২০ কেজি	২৫ কেজি
কৃষ্ণপানিশালা	১½ কুই:	১কুই:	১কুই:	১ কুই:

Shri Jiban Krishna Dey : এই যে পানিশালা এবং কৃষ্ণপানিশালা কোনটার জনসংখ্যা কত ?

Shri Ardhendu Shekhar Naskar : মাননীয় সদস্য আমার চেয়ে ভাল জানেন।

Shri Jiban Krishna Dey : পরিবারের সংখ্যা কত ?

Shri Ardhendu Shekhar Naskar : Family সম্বন্ধে প্রশ্ন নেই, আমি বলতে পারবো না আপনি আমন ধান এবং রবিশস্য সংক্রান্ত যে তথ্য চেয়েছিলেন সেটাই বলেছি।

[1-50—2 p. m.]

Shri Jiban Krishna Dey : সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন, আপনারা বীজ বপনের জন্য দিচ্ছেন ২০ কেজি গম এবং ২০ কেজি বার্লি। সেখানে বার্লি বা গম হয় না, সকলে সেই বীজ খেয়ে ফেলেছে। এর রেট্‌টা কি ? এক, একটা affected family বা per head কতটা করে scale ধার্য ছিল, যার জন্য ২০ কেজি গম এবং ২০ কেজি বার্লি দিলেন ?

Shri Ardhendu Shekhar Naskar : সংশ্লিষ্ট অফিসার বা রিলিফ কমিটির কর্তৃপক্ষরা যা আমাদের কাছে চেয়ে পাঠিয়েছেন, সেইভাবে, তাই আমরা দিচ্ছি।

Shri Jiban Krishna Dey : তাতে দেখা গেল যে ঘটনাটা হল ছ-মাস আগে। সেই গ্রামের লাগাও, পার্শ্ববর্তী যেটা মোহিষবাথান গ্রাম, তার কোন খবর নেই। তার কারণটা কি, বলতে পারেন ?

Shri Ardhendu Shekhar Naskar : যেটুকু ক্ষত হয়েছে, সেই তথ্য দিলাম। মোহিষশাখান গ্রামের কোন ক্ষতির সংবাদ পাওয়া যায় নি।

Shri Jiban Krishna Dey : ৮।১২ তারিখে কমিটি হল, আর ৪।১২ তারিখে রিলিফ দিলেন। সেখানে রিলিফ তখনও পৌঁছায়নি। কমিটি হবার পর, সেখানে কিছুই দেওয়া হয়নি, আগে যা দেওয়া হয়েছে। কমিটি গঠিত হল ৮ই তারিখে, আর distribution হল ৪ঠা তারিখে, এটা কি করে সম্ভব হল ?

Shri Ardhendu Shekhar Naskar : এই তথ্য এখন আপনি দিলেন। এবিষয় আমি অনুসন্ধান করে দেখবো।

Shri Sunil Das Gupta : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে আলুর বীজ, season পার হয়ে যাবার পরে, সেখানে গিয়ে পৌঁছায়, এবং যাও পৌঁছায়, তাও, সেটা ক্ষেতে ব্যবহার না করে, খেয়ে ফেলা হয়েছে ?

Shri Ardhendu Shekhar Naskar : তা জানি না।

Procurement of paddy through co-operative societies

*557 (Admitted question No. *2430) **Shri Aswini Roy :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় মাধ্যমে ধান্য সংগ্রহের জন্য কোনও অগ্রিম টাকা সমবায়কে দেওয়া হইয়াছে কি ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালে ৩১এ ডিসেম্বর পর্যন্ত বর্ধমান জেলায় কোন কোন সমবায়কে কত টাকা অগ্রিম দেওয়া হইয়াছে ; এবং

(২) উক্ত সময় মধ্যে প্রত্যেকটি সমবায় কর্তৃক সংগৃহীত ধানের পরিমাণ কত ?

Shri Tarun Kanti Ghosh : (ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) বিস্তারিত বিবরণসহ একটি তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

	সমবায় সমিতির নাম (১)	৩১।১২।৬৫ পর্যন্ত সরকারী গ্যারান্টিতে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ (২)	সগৃহীত ধানের পরিমাণ (৩) মে. টন
১।	রায়না খণ্ডঘোষ কো-অপারেটিভ এগ্রি. প্রোডাকশন ও মার্কেটিং সোসাইটি লি:	৩০০০০০	২০৬৮
২।	হিজলনা ইউ. সি. এ. সি. এস. লি:	১০০০০০	৪
৩।	রায়না ইউ. সি. এ. সি. লি:	১৫০০০০	১
৪।	আকলক্ষী এ. এস. কে. বি. লি:	১০০০০০	৫৯
৫।	কেওটা " "	৭৫০০০	৬০
৬।	শক্তরী ইউ. সি. এ. সি. এস. লি:	১০০০০০	৩৮
৭।	সাগরাই " "	১০০০০০	৯০

	(১)	(২)	(৩) মে. টন
৮।	জামালপুর থানা কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	১০০০০০	১৭০
৯।	আবাপুর ইউ. সি. এ. সি. এস লিঃ	১০০০০০	৭.৫০
১০।	পাঁচরা ,, ,,	১০০০০০	১৪.৮৬
১১।	চকদিঘী ইউনিয়ন কৃষি সমবায় ব্যাঙ্ক লিঃ	১০০০০০	১০.০৯
১২।	পারাতল ইউ. সি. এ. সি. এস. লিঃ	১০০০০০	৮.৮৩
১৩।	আমাদপুর ,, ,,	৫০০০০	৬
১৪।	গোপগানতার ,, ,,	৭৫০০০	৬২
১৫।	দেবিপুর ,, ,,	৭২০০০	২১.৭০
১৬।	ত্রগাপুর ,, ,,	৮০০০০	৫
১৭।	দলুইবাজার ,, ,,	৫০০০০	২
১৮।	নিমো ,, ,,	৫০০০০	৩.৪৯
১৯।	হাটদলুইবাজার শস্য উৎপাদন ও বিক্রয় সমবায় সমিতি লিঃ	১০০০০০	১২
২০।	নবসগা ইউ. সি. এ. সি এস. লিঃ	১০০০০০	১০২
২১।	কুচুট ,, ,,	১০০০০০	৯৬
২২।	বিজুর ,, ,,	৮৪০০০	২২.৩৬
২৩।	পাহারহাটি ও উত্তর মেমারী কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	২০০০০০	৭০
২৪।	বর্ধমান থানা কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	১৫০০০০	৫৭৮.৮৩
২৫।	গোবিন্দপুর ইউ. সি. এ. সি. এস. লিঃ	৫০০০০	৬৫
২৬।	রায়ান ,, ,,	৫০০০০	১২
২৭।	বৈকুণ্ঠপুর ,, ,,	৫০০০০	৩৯
২৮।	বিল্বগ্রাম ,, ,,	১০০০০০	১৪০
২৯।	আউসগ্রাম ,, ,,	৭৫০০০	৫২
৩০।	দীর্ঘনগর ইউ. সি. এ. সি. এস. লিঃ	১০০০০০	১৩৭
৩১।	গুসকরা কো-অপারেটিভ মালটিপারপাস ও মার্কেটিং সোসাইটি লিঃ	২৫০০০০	৯৭৮
৩২।	আউসগ্রাম ব্লক নং ২ কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	১০০০০০	৭০০ আনুমানিক
৩৩।	ভালকি ইউ. সি. এ. সি. এস. লিঃ	১০০০০০	৬৩
৩৪।	এবাল ,, ,,	৪৮০০০	৩০
৩৫।	সাহেবগঞ্জ ,, ,,	৭৫০০০	১৬৫
৩৬।	আরুয়ার ,, ,,	৫০০০০	৩৪.৫০
৩৭।	বড়বেলুন ,, ,,	৩০০০০	১৫
৩৮।	বামুনারা ,, ,,	৩০০০০	৩৪
৩৯।	বামসোর ,, ,,	৫০০০০	২২
৪০।	বনপাশ ,, ,,	৫০০০০	৬০

(১)	(২)	(৩)
		মে. টন
৪১। ভাতার সমবায় শস্য উৎপাদন ও বিপণন সমিতি লি:	১৭৫০০০	২৫১
৪২। গলসী থানা কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	১৫০০০০	১১৩
৪৩। খানো ইউ. সি. এ. সি. এস. লি:	৩০০০০	২
৪৪। পটনা „ „	৫০০০০	২
৪৫। পোয়া „ „	৭৫০০০	১২
৪৬। কাঁকসা থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লি:	১০০০০০	৯০
৪৭। কাটোয়া থানা কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	১০০০০০	৩৮৪'৮০৪
৪৮। কেতুগ্রাম থানা এগ্রি. মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লি:	১০০০০০	১১০০'৮৩০
৪৯। আনখোনা ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লি:	২০০০০	২৫'৭৩০
৫০। আগরডাঙা ঐ	২০০০০	—
৫১। বেরু ঐ	২০০০০	৩১'০৪০
৫২। কানপরা ঐ	২০০০০	৪৮'৪২০
৫৩। মঙ্গলকোট থানা কো-অপারেটিভ এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	১০০০০০	৯২১'১০৩
৫৪। চানক ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লি:	৫৫০০০	৩৬৩'০৬০
৫৫। নিগন ঐ	১০০০০	—
৫৬। কালনা থানা কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	৫০০০০	৫৪'৭০০
৫৭। কালনা ব্লক ২ ঐ	৫০০০০	১১০'০৬০
৫৮। পূর্বস্থলী থানা বৃহদাকার সমবায় বিপণন সমিতি লি:	৪০০০০	৫৯'৮৬০
৫৯। পূর্বস্থলী ব্লক ২ কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	৮০০০	১০'৯৬৪
৬০। বারারি আঞ্চলিক ও মন্তেশ্বর থানা সমবায় বিপণন সমিতি লি:	১০০০০০	৫৫১'৯২৫
৬১। মধ্যমগ্রাম ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লি:	১৫০০০	৬০'৯১৬

Shri Aswini Roy : আপনারা সমবায়কে কিনতে দিয়েছেন, তাতে দেখা গেলো যে থানা মার্কেটিং সোসাইটি ছাড়া বহু জায়গায় যে সমস্ত large sized কো-অপারেটিভ আছে, তাদেরকে sub-agent করা হয়েছে, তাদের procurement করবার যথেষ্ট ক্ষমতা আছে। কিন্তু তারা যখনই sub-agent হয়ে যায়, তখন তাদের ঐ অগ্রিম দাদনও Bank থেকে কমে যায়। সুতরাং এই বৃহৎকার সমিতিগুলি direct Govt. agent হতে পারবেন কি না?

Shri Tarun Kanti Ghosh : Large Sized Co-operative Society-গুলিও গভর্ণমেন্টের sub-agent নয়। Large sixed কো-অপারেটিভ সোসাইটিগুলি সেনট্রাল গভর্নমেন্ট Bank থেকে টাকা নেন। সেই টাকা দিয়ে, প্রাইমারী সোসাইটির মারফৎ কিনছে। তাই direct or indirect-এর প্রশ্ন নয়। তারা হচ্ছে feeder.

Shri Aswini Roy : থানা মার্কেটিং সোসাইটি, তারপরে বহু জায়গায় union large sized society যেগুলি ছিল, সেগুলি thana marketing societyর sub-agent হিসাবে কাজ করছে বা function করছে। বহু জায়গায় প্রাইমারী সোসাইটির sub-agent আছেন। আবার বহু জায়গায় Union Marketing Society-র Primary Society-গুলি sub agent হচ্ছেন। কাজেই এই union society-গুলি বা agent-গুলি, তারা directly তাদের সংগে deal করতে পারবেন কি না ?

Shri Tarun Kanti Ghosh : না। টাকার Gurantee গভর্নমেন্ট হচ্ছেন। অতএব যেগুলি ভাল ও বড় বড় সোসাইটি, তাদের আমরা বলছি যে, তোমরা ছোট ছোট সোসাইটিকে দিয়ে কেনবার চেষ্টা করো। আমরা এখনও পর্যন্ত কোন অসুবিধা হয়েছে বলে শুনিনি, যদি সে রকম অসুবিধা সুরু হয়, তাহলে আমরা দেখবো। ডিসেম্বর ১লা তারিখ থেকে আরম্ভ করা হয়েছে, এখনও পর্যন্ত কোন কিছু অসুবিধার কথা শুনতে পাওয়া যায়নি।

Shri Aswini Roy : Union Society-গুলি যদি চায় যে, আমরা directly কিনতে চাই, তাহলে আপনারা সেটা এ্যাপ্রুভ করবেন ?

Shri Tarun Kanti Ghosh : হ্যাঁ, নিশ্চয় করবো।

Shri Jaharlal Banerjee : মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, বর্ধমান জেলায় সমবায় সমিতির মাধ্যমে কত ধান সংগ্রহ করা হয়েছে ?

Shri Tarun Kanti Ghosh : বর্ধমানে আজ পর্যন্ত ১৪,০২৯ টন Paddy কেনা হয়েছে ৩০শে ডিসেম্বরের মধ্যে।

Shri Aswini Roy : এই যে সমবায়ের পক্ষে যে বাধাগুলি রয়েছে—গাঁয়ের ক্ষেত্রে 2½ percent করেছেন, সমবায় অনুভব করছে এটা আরো বাড়ানো দরকার, তার জন্য আবেদন করছে এটাকে আড়াই পার্সেনট থেকে 5% বাড়ানোর কথা ভাবছেন কি না ?

Shri Tarun Kanti Ghosh : এই Refraction সম্বন্ধে বর্ধমানে জানুয়ারী পর্যন্ত আড়াই পার্সেনট বাদ পাবে। তার উপরে যেটা কিনবে, সেখানে দেড় পার্সেনট পাবে। অতএব শুধু শুধু বেশী দিলে সরকারের অনেক লোকসান হয়ে যাবে। সেখানে যে সিস্টেম চালু আছে, সেই অনুযায়ী করা হচ্ছে।

Shri Aswini Roy : এটা তো জানেন Agricultural Price কমিশন বলেছেন—মিলকে এটা বাটা হিসেবে দিচ্ছেন কুইন্টাল প্রতি—তাহলে একটা বাটা মিলকে যখন দিচ্ছেন, not for milling charge, তখন প্রাইমারী সোসাইটিকে বা কো-অপারেটিভকে 3 to 4 percent কেন করবেন না ?

Shri Tarun Kanti Ghosh : মিলকে কি দেওয়া হচ্ছে আমার জানা নেই।

Shri Sanat Kumar Raha : এই Co-operativeএর ক্ষেত্রে যে রেট দেওয়া হয় ধান purchase-এর ব্যাপারে, মিলের বেলাতে সেই রেট দেওয়া হোক। মিলকে আপনারা বেশী দিয়েছেন। কাজেই বর্তমানে মিল এবং কো-অপারেটিভ একই রেটে কিনছে কিনা ?

Shri Tarun Kanti Ghosh : হ্যাঁ, তাই কিনছে। কো-অপারেটিভের ব্যাপারেও আমি সেই কথা বলে দিয়েছি। এখন আর সেই ধরনের কোন complaint আসছে না। যদিও আপনি বলেছেন এটা প্রশ্ন থেকে গেছে খানিকটা কো-অপারেটিভের তরফ থেকে। সেখানে অনেকগুলো প্রশ্ন—আর অন্যদিকে রেটে নিয়ে আসা হয়। আপাততঃ পুরাতন ও নূতন ধানের দাম এক করে দিয়েছি। যে রকম নিয়ম ছিল, সেই রকমই চলছে।

Shri Sanat Kumar Raha : ধান চালের ব্যাপারে যে রেটে মিল কেনে, চাল তৈরী করে অনেকখানি ত পুষিয়ে নেয়। কিন্তু কো-অপারেটিভের ক্ষেত্রে সে সুযোগ নাই। Co-operative সবদিক থেকে ফাঁকি পড়ে যাচ্ছে। আর মিলের এজেন্টরা লাভবান হচ্ছে। এই যে বৈষম্য আছে, যা দূর না করলে procurement agent এবং মিল মালিকদের সুবিধা হবে। এটা বিবেচনা করে কো-অপারেটিভের purchase rate বাড়ানোর কথা চিন্তা করছেন কিনা ?

Shri Tarun Kanti Ghosh : এই ধরনের কোন চিন্তা এখন নাই।

Shri A. H. Besterwitch : Sir, on a point of order. Sir, I do not understand whether the Hon'ble Minister is dealing with question No. 2446 or question No. 2430 as I am finding that the question No. 2446 has been put and the supplementary given on the 2430 ?

Shri Tarun Kanti Ghosh : আমি Question No. 557 এর উত্তর দিচ্ছি।

Shri Sailendra Nath Adhikary : কোন জেলায় সবচেয়ে বেশী কেনা হয়েছে ?

Shri Tarun Kanti Ghosh : তা আমার পক্ষে বলা শক্ত। অনেকগুলো জেলা আছে।

Shri Kashi Kanta Maitra : আপনি কি অবগত আছেন সমবায়ের মাধ্যমে যে ধান কেনা হচ্ছে এই ব্যাপারে দেখা যাচ্ছে যে সমস্ত জেলায় সমবায়ের উপর ভার দেওয়া হয়েছে। অথচ সমবায় ছাড়া চালকল রয়েছে, তাদেরও কিনবার সুযোগ দেওয়া হয়েছে। সেই চালকলের মালিকরা producer-দের বলছে তোমরা যদি আমাদের কাছে ধান বিক্রী কর, তাহলে তোমাদের ধান নেবার সঙ্গে সঙ্গে সেই ধানের খুদ ও কুড়ো তোমাদের বিনে পয়সায় প্রত্যেক মণের জন্য দেব, যা পাওয়া যায়, তাই দিয়ে দেব। কিন্তু এটা সমবায়ের পক্ষে সম্ভব নয়। সেখানে তারা ধানটা টাকা দিয়ে নিয়ে চলে যাচ্ছে। আর অন্যদিকে চালকলের মালিক বলছে আমার কাছে ধান delivery দিলে, আমরা তোমাদের খুদ কুড়ো দিয়ে দেব। ওদের এই additional incentive দেবার ব্যবস্থা থাকার ফলে মিলের পক্ষে ধান কিনতে খুব advantage হচ্ছে। সেখানে তারা advantage নিয়ে ধানের দাম কম করে দিয়ে ধানটা কিনে নিচ্ছে এটা সরকার অবগত আছেন কি ?

Shri Tarun Kanti Ghosh : মিল মালিকেরা কাগজপত্রে যদি প্রচার করে থাকে আশ্চর্য হবার কিছুই নাই ; এসব সত্ত্বেও আমরা ৬২ হাজার টন co-operative-এর নিকটে পেয়েছি।

Starred questions to which answers were laid on the table

Purchase of paddy by the co-operative societies of Burdwan district

***558.** (Admitted question No. *2446.) **Shri Manaranjan Bakshi :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলায় সমবায় সমিতিগুলি সরকারী নির্দিষ্ট মূল্যে অর্থাভাবের জন্য কৃষকগণ ধান্য ক্রয় করিতে পারিতেছেন না ;

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ;

(গ) উক্ত জেলায় কোন সমবায় সমিতিকে কত পরিমাণ ধান্য ক্রয় করিবার উচ্চ সীমা ধার্য করিয়াছেন ; এবং

(ঘ) তন্মধ্যে কোন সমিতিকে এ পর্যন্ত ধান্য ক্রয় করিবার জন্য সরকার কত অর্থ প্রদান করিয়াছেন ?

The Minister for Co-operative : (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) এতদ্ সম্পর্কিত তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

(ঘ) সরকার হইতে সরাসরি কোন অর্থ প্রদান করা হয় নাই। তবে সরকারের গ্যারান্টিতে সমবায় ব্যাংক হইতে বিভিন্ন সমিতিকে ধান্য ক্রয়ের জন্য যে অর্থ ঋণ মঞ্জুর হইয়াছে তাহা (গ) প্রশ্নের উত্তরে প্রদত্ত তালিকায় উল্লেখ করা হইয়াছে।

তালিকা

	সমবায় সমিতির নাম	সমিতি কর্তৃক ধান্য ক্রয়ের পরিমাণের উচ্চ সীমা	সমিতিকে সরকারী গ্যারান্টিতে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ
	১	২	৩
		মেট্রিক টন	টাকা
১।	রাইনা খণ্ডঘোষ কো-অপ এগ্রি. প্রোডাকসন এণ্ড মার্কেটিং সোসাইটি লি:	৫,০০০	৩,০০,০০০
২।	হিজলনা ইউ. সি. এ. সি. এস. লি:	১,২০০	১,০০,০০০
৩।	রাইনা „	১,০০০	১,৫০,০০০
৪।	আকলক্ষী এ. এস. কে. বি. লি:	১.৮০০	১,০০,০০০
৫।	কেউটা „	৬০০	৭৫,০০০
৬।	শংকরী ইউ. সি. এ. সি. এস. লি:	১,২০০	১,০০,০০০
৭।	সাগরাই „	১,২৫০	১,০০,০০০
৮।	জামালপুর থানা কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	৭,০০০	১,০০,০০০
৯।	আকাপুর ইউ. সি. এ. সি. এস লি:	৯০০	১,০০,০০০
১০।	পাঁচড়া „	৫০০	১,০০,০০০
১১।	চকদিঘী ইউনিয়ন কৃষি সমবায় ব্যাঙ্ক লি:	৪০০	১,০০,০০০
১২।	পরভাল ইউ. সি. এ. সি. এস. লি:	৪০০	১,০০.০০০
১৩।	আমোদপুর ইউ. সি. এ. সি. এস. লি	৩,০০০	৫০,০০০
১৪।	গোপগনটার „	২,০০০	৭৫,০০০
১৫।	দেবীপুর „	১,৫০০	৭৫,০০০
১৬।	দুর্গাপুর „	১,৫০০	৮০,০০০
১৭।	দোলুই বাজার „	৫০০	৫০,০০০
১৮।	নিমো „	৫০০	৫০,০০০
১৯।	হাট দোলুই বাজার শস্য উৎপাদন ও বিক্রয় সমবায় সমিতি লি:	২,০০০	১,০০.০০০
২০।	নবস্থা ইউ. সি. এ. সি. এস. লি:	৪,০০০	১,০০,০০০
২১।	কুচুট „	৩,০০০	১,০০,০০০
২২।	বিজুর „	১,০০০	৮৪,০০০

		মেট্রিক টন	টাকা
২৩।	পাহাড়হাটি ও উত্তর মেমারী কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	৮,০০০	২,০০,০০০
২৪।	বর্ধমান থানা কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	৭,০০০	১,৫০,০০০
২৫।	গোবিন্দপুর ইউ. সি. এ. সি. এস. লিঃ	২,৪০০	৫০,০০০
২৬।	রায়ান ইউ. সি. এ. সি. এস. লিঃ	৮০০	৫০,০০০
২৭।	বৈকুণ্ঠপুর "	১,২০০	৫০,০০০
২৮।	বিল্বগ্রাম "	১,০০০	১,০০,০০০
২৯।	আউসগ্রাম "	১,১০০	৭০,০০০
৩০।	দীর্ঘনগর "	১,০০০	১,০০,০০০
৩১।	গুসকড়া কো-অপ. মালটিপারপাস মার্কেটিং সোসাইটি লিঃ	১৫,৯৫০	২,৫০,০০০
৩২।	আউসগ্রাম ব্লক ২ কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	২১,০০০	১,০০,০০০
৩৩।	ভালকি ইউ. সি. এ. সি. এস. লিঃ	২,০০০	১,০০,০০০
৩৪।	এরাল "	১,০০০	৪৮,০০০
৩৫।	সাহেবগঞ্জ "	২,০০০	৭৫,০০০
৩৬।	আকুআর "	৫০০	৫০,০০০
৩৭।	বড়বেলুন "	১,০০০	৫০,০০০
৩৮।	বামুনরা "	১,৮০০	৩০,০০০
৩৯।	বামসোর "	২,০০০	৫০,০০০
৪০।	বনপাস "	১,৫০০	৫০,০০০
৪১।	ভাতার সমবায় শস্য উৎপাদন ও বিপণন সমিতি লিঃ	১০,০০০	১,৭৫,০০০
৪২।	গলসী থানা কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	১৪,৭০০	১,৫০,০০০
৪৩।	খানু ইউ. সি. এ. সি. এস. লিঃ	২,৮০০	৩০,০০০
৪৪।	পটনা "	২,০০০	৫০,০০০
৪৫।	পোয়া "	১,৫০০	৭৫,০০০
৪৬।	কাংসা থানা কো-অপ মার্কেটিং সোসাইটি লিঃ	১০,০০০	১,০০,০০০
৪৭।	কাটোয়া থানা কো-অপারেটিভ এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ	১২,০০	১,০০,০০০
৪৮।	জগদানন্দপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রি. ক্রেডিট সোসাইটি লিঃ	৬০০০	—
৪৯।	কেতুগ্রাম থানা এগ্রি. মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ	১৮,০০০	১,০০,০০০
৫০।	আনখোনা ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লিঃ	১৮,০০০	২০,০০০
৫১।	আগর ডাংগা ঐ	১৮,০০০	২০,০০০
৫২।	রেগ্রাম ঐ	১৮,০০০	২০,০০০
৫৩।	কানদরা ঐ	১৮,০০০	২০,০০০

১	২	৩
	মেট্রিক টন	টাকা
৫৪। মংগলকোট থানা কো-অপারেটি এগ্রি. মার্কেটিং সোসাইটি	২৪,০০০	১,০০,০০০
৫৫। চালক ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লিঃ	২৪,০০০	৫৫,০০০
৫৬। নিগম ঐ	২৪,০০০	১০,০০০
৫৭। কালনা থানা কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	৭,৬০০	৫০ ০০০
৫৮। ধাত্রীগ্রাম ইউনিয়ন কো-অপ. এগ্রি ক্রেডিট সোসাইটি লিঃ	৭,৫০০	—
৫৯। কালনা ব্লক ২ কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	৭,৫০০	৫০,০০০
৬০। পুর্বস্থলী থানা বৃহদাকার সমবায় বিপনন সমিতি লিঃ	৪,৫০০	৪০,০০০
৬১। পুর্বস্থলী ব্লক ২ কো-অপ. এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	২,০০০	৮,০০০
৬২। রাবারি আঞ্চলিক ও মন্তেশ্বর থানা সমবায় বিপনন সমিতি লিঃ	২১,০০০	১,০০,০০০
৬৩। মধ্যমগ্রাম ইউনিয়ন কো-অপ. এগ্রি. ক্রেডিট সোসাইটি লিঃ	২১,০০০	১৫,০০০

Factories for producing engineering equipments in Howrah

***559.** (Admitted question No. *2505.) **Shri Ananga Mohan Das :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) হাওড়াতে কতগুলি ইঞ্জিনিয়ারিং দ্রব্য উৎপাদনের কারখানা আছে এবং ঐগুলিতে মোট কতজন লোক কাজ করেন ;

(খ) ঐ সকল কারখানার কাঁচা মাল কোথা হইতে সংগৃহীত হয় এবং উৎপন্ন দ্রব্যাদি কোথায় বিক্রিত হয় ; এবং

(গ) সরকার কিভাবে প্রত্যেকটিকে সাহায্য করেন ?

The Minister for Cottage and Small Scale Industries : (ক) ১৯৬০-৬২ সালের সমীক্ষা অনুযায়ী কারখানা সংস্থা ১৮৮০ এবং তথায় নিযুক্ত লোক সংখ্যা ৩১,৭১৪।

(খ) দেশের অভ্যন্তর ও বিদেশ হইতে কাঁচামাল সংগ্রহ করা হইয়া থাকে। উৎপন্ন দ্রব্যাদি দেশীয় বাজারে বিক্রয় হইয়া থাকে।

(গ) প্রয়োজনীয় মূলধন কাঁচামাল আমদানীর জন্য essentiality certificate নিয়ন্ত্রিত মালের জন্য পারমিট, কারিগরী সাহাযা, মাল সরবরাহের অর্ডার সংগ্রহ ইত্যাদি দ্বারা সাহায্য করা হয়।

Co-operative rice mills in Burdwan district

***560.** (Admitted question No. *2539.) **Shri Purunjoy Pramanik :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার বর্ধমান জেলায় যে এগারটি সমবায় চাউল কল খোলার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন তন্মধ্যে জামালপুর ব্লকের মধ্যে কোন সমবায় চাউলকল খোলার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ হয় তবে তাহা কত দিনে কার্যকরী করা হইবে ?

The Minister for Co-operation : (ক) জামালপুর ব্লকের মধ্যে একটি সমবায় চাউল কল খুলিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবটি ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট-এর নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত সংস্থার অনুমোদন লাভ করিলে প্রস্তাবটি মঞ্জুর করা হইবে।

Persons affected by the Bandel Thermal Power Station

***561.** (Admitted question No. *2177.) **Shri Shambhu Charan Ghosh :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য যে সমস্ত মানুষ জমিচ্যুত হয়েছেন, তাঁহাদের কি কোন ভাবে কার্যে নিয়োগ করা হইয়াছে?

The Minister for Commerce and Industries : হ্যাঁ, এ যাবত ১০৩ জনকে কার্য্যে নিয়োগ করা হইয়াছে।

Co-operative rice mills in Midnapore district

***563.** (Admitted question No. *2519.) **Shri Ananga Mohan Das :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার মেদিনীপুর জেলায় কয়টি সমবায় পদ্ধতিতে চালকল স্থাপন করিতেছেন; এবং

(খ) উহাদের অবস্থান কোথায় ও প্রত্যেকটির জন্য কত টাকা ব্যয় হইবে?

The Minister for Co-operation : মেদিনীপুর জেলায় এ পর্যন্ত একটি সমবায় চালকল সংস্থাপনের প্রস্তাব মঞ্জুর হইয়াছে। আরও ৮টি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) বিশেষ বিবরণ সহ তালিকা লাইব্রেরী টেবিলে সংস্থাপন করা হইল।

সমিতির নাম	চাল কলের সংখ্যা	অবস্থান	প্রত্যেকটির জন্য আনুমানিক টাকা ব্যয়ের পরিমাণ টাকা
১। ডেবরা কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	১টি	ডেবরা	৪,৫০,০০০
২। ভগবান-পুরখেজুরী কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	১টি	খেজুরী	৪,৫০,০০০
৩। সুমনাময় কো-অপারেটিভ রাইস মিল লিঃ	১টি	হলদিয়া নদীর তীরবর্তী নরঘাট ও তেরপাখীয়ার মধ্যবর্তী এলাকা	৪,৫০,০০০
৪। কেশিয়ারী-নয়াগ্রাম সাংকরেইল কো-অপারেটিভ রাইস মিল লিঃ	১টি	কেশিয়ারী	৪,৫০,০০০
৫। ঝাড়গ্রাম কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	১টি	ঝাড়গ্রাম	৪,৫০,০০০
৬। কন্টাই কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	১টি	কন্টাই	৪,৫০,০০০
৭। খড়গপুর নারায়ণগড় কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	১টি	খড়গপুর	৪,৫০,০০০
৮। পটাশপুর কো-অপারেটিভ রাইস্ মিল লিঃ	২টি	১। পটাশপুর	৪,৫০,০০০
		২। প্রতাপপুর	৪,৫০,০০০

Purchase of paddy through Co-operative Societies in Burdwan Sadar Subdivision

***564. (Admitted question No. *2553.) Shri Aswini Roy :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় মাধ্যমে ১৫ই ডিসেম্বর হইতে ধান্য ক্রয়ের জন্য ৩১এ ডিসেম্বর ১৯৬৫ সাল পর্যন্ত বর্ধমান সদর মহকুমায় কোন্ কোন্ সমবায়কে ব্যাংক হইতে অগ্রিম দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত অগ্রিম ৩১এ ডিসেম্বর পর্যন্ত কোন্ কোন্ সমবায় কত গ্রহণ করিয়াছেন ; এবং

(গ) উক্ত সময় পর্যন্ত প্রতিটি সমবায় কর্তৃক ক্রীত ধানের পরিমাণ ও বিক্রীত ধানের পরিমাণ কত ?

The Minister for Co-operation : (ক), (খ) ও (গ) এই সংবাদ সম্বলিত তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

স মিতির নাম	বর্দ্ধমান সেন্ট্রাল কো: অপ: ব্যাঙ্ক লি: হইতে ১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত গৃহীত অগ্রিম টাকা	১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত ধান্য ক্রয় মেট্রিক টন	১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত ধান্য বিক্রয় মেট্রিক টন
রাইনা—১			
১। রাইনা খণ্ডঘোষ কো-অপ: এগ্রি. প্রোডাকসন্ এণ্ড মার্কেটিং সোসাইটি লি:	৯০,০০০	১১৯৫	১২৯৮
২। হিজলনা ইউ.সি.এ.সি.এস. লি:	...	...	...
৩। রাইনা "	...	...	...
রাইনা—২			
১। আকলক্ষ্মী এ.এস.কে.বি. লি:	...	২২	৫৪
২। কেউটা "	১৫,০০০	৪৫	৪৩
খণ্ডঘোষ			
১। শংকরী ইউ.সি.এ.সি.এস. লি:	...	৩৮	৩৫
২। সাগরাই "	...	৯০	৮৮
জামালপুর			
১। জামালপুর থানা কো-অপ.এগ্রি. মার্কেটিং সোসাইটি লি:	...	৬৯	১০৪
২। আকাপুর ইউ.সি.এ.সি.এস. লি:	...	৫.৩৮	...
৩। পাঁচড়া "	...	৭.১২	৭.১২
৪। চকদিঘী ইউনিয়ন কৃষি সমবায় ব্যাংক লি:	...	৫	৩.৬৬
৫। পরতাল ইউ.সি.এ.সি.এস. লি:	৩,০০০	৭.৬৫	৭.৬৮
মেমারী—১			
১। আমোদপুর ইউ.সি.এ.সি.এস. লি:	...	৪.৭৭	...
২। গোপগন্টার "	...	১৯.৯১	১৯.১৬
৩। দেবীপুর "	১৫,০০০	২১.৭০	...
৪। দুর্গাপুর "	...	৩.৮৬	২.৮৮
৫। দোলুইবাজার "	...	১.৯২	...
৬। নিমো "	...	৩.৪৯	৩.৪৫
৭। হাট দোলুইবাজার শস্য উত্তপ্যাদন ও বিক্রয় সমবায় সমিতি লি:	...	৮.৪৯	১২

সমিতির নাম	বর্দ্ধমান সেন্ট্রাল কো: অপ: ব্যাঙ্ক লিঃ হইতে ১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত গৃহীত অগ্রিম টাকা	১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত ধান্য ক্রয় মেট্রিক টন	১৫.১২.৬৫ হইতে ৩১.১২.৬৫ পর্যন্ত ধান্য বিক্রয় মেট্রিক টন
মেমারী—২			
১। নবস্থা ইউ.সি এ.সি.এস. লিঃ	...	৬৯	৭০
২। কুচহুট ”	...	৫৯	৪৮·৭৮
৩। বিজুর ”	১৫,০০০	৫	১২
৪। পাহাড়হাটি ও উত্তর মেমারী কো-অপ. এগ্রিঃ মার্কেটিং সোসাইটি লিঃ	৩০,০০০	৬১	৫৫
বর্ধমান			
১। বর্ধমান থানা কো-অপঃ এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	৩০,০০০	৪৬৯	৩৭৪
২। গোবিন্দপুর ইউ.সি.এ সি.এস. লিঃ	...	৪৫	২৯
৩। রায়ান ”	...	৯	৬০
৪। বৈকুণ্ঠপুর ”	৫,০০০	২২	১১
আউসগ্রাম—১			
১। বিল্বগ্রাম ইউ.সি.এ.সি.এস. লিঃ	৩৩,০০০	১৩১	৫৯
২। আউসগ্রাম ”	২২,০০০	৪২·৫০	৩৪
৩। দীর্ঘনগর ”	২৫,০০০	১১১	১০৩
৪। গুসকড়া কো-অপঃ মালটি-পারপাস এণ্ড মার্কেটিং সোসাইটি লিঃ	...	২২৩	৩৩৪
আউসগ্রাম—২			
১। আউসগ্রাম ব্লক—২ কো-অপঃ এগ্রি. মার্কেটিং সোসাইটি লিঃ	১২,০০০	১৫০ (প্রায়)	৪০৯ (প্রায়)
২। ভালকি ইউ.সি.এ.সি.এস. লিঃ	৯০,০০০	১৩	...
৩। এরাল ”	১০,০০০	১৩	...
ভাতার			
১। সাহেবগঞ্জ ইউ.সি.এ.সি.এস. লিঃ	...	৪২	৩২
২। আরুআর ”	...	৩৪·৫০	৩৪·৩০
৩। বড়বেলুন ”	৬,০০০	৯	৭
৪। বামুনরা ”	...	২৩	৬
৫। বামসোর ”	...	১১·৩৯	৯·০৬
৬। বনপাস ”	...	১৫·২০	২৯·৪৬
৭। ভাতার সমবায় শস্য উৎপাদন ও বিপণন সমিতি লিঃ	২৫,০০০	২৩৫	১৬৯
গলসী—২			
১। গলসী থানা কো-অপঃ এগ্রি মার্কেটিং সোসাইটি লিঃ	৫০,০০০	৪৬	২৫
২। খানু ইউ.সি.এ.সি.এস. লিঃ	...	২	...
গলসী—১			
১। পাটনা ইউ সি.এ.সি.এস. লিঃ	৫,০০০	২	...
২। লোয়া ”	...	৮	১২
কাংসা			
১। কাংসা থানা কো-অপঃ মার্কেটিং সোসাইটি লিঃ	২৫,০০০	৭২	৬২

Electrification scheme outside the Berhampore Municipal areas

***565. (Admitted question No. *2535) Shri Sanat Kumar Raha:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরের পৌরসভার এলাকার বাহিরে বৈদ্যুতীকরণের জন্য কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Commerce and Industries: ১। বহরমপুর পৌরএলাকার সংলগ্ন নাগপাড়া, শিবপুর, গোলজান, গোপসান এবং নিয়ালিসপাড়া গ্রামগুলির বৈদ্যুতিকরণের পরিকল্পনা বিবেচনাধীন আছে।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

Production of different varieties of food and seed in Uluberia Block I Agriculture Farm

921. (Admitted question No. 1064.) Shri Abani Kumar Basu: Will the Minister-in-charge of the Department of Agriculture and Community Development be pleased to state—

(a) the different varieties of food and/or seed production raised in 1963, 1964 and 1965 in Uluberia Block-I Agriculture Farm and the total quantity of each variety produced;

(b) the total selling prices of the said production;

(c) the total cost of production;

(d) the total managerial cost for administration of the said farm;

(e) what quantity of improved seeds or plants of each variety have been sold or distributed from the said Agriculture Farm during the said years;

(f) if there is any Advisory Committee of non-official persons connected with the said farm; and

(g) if so, how many meetings of the said committee have been held during the last three years?

The Minister of State for Agriculture and Community Developments:

(a)

	Name of the variety of food and/or Seed produced	Total quantity of each variety produced (yearwise)		
		1963-64 (in Kg.)	1964-65 (in Kg.)	1965-66 (in Kg.)
1.	Aman paddy	16,278	16,913	Produce have not yet been harvested.
2.	Dhaincha	191	90	
3.	Jute oil	...	20	
4.	Jute oil	...	94	
5.	Joar	...	777	
6.	Mustard	...	8 Kg. 200 Grams.	

(b) 1963-64	Rs. 7,123.94		
1964.65	Rs. 7,699.82		
(c) 1963-64		Rs. 10,805.76	
1964-65		Rs. 9,596.18	
(d) 1963-64		Rs. 4,355.92	
1964-65		Rs. 4,757.00	
1965-66		Full cost not available.	

(e) Name of crop	1963-64 (in Kg.)	1964-65 (in Kg.)	1965-66 (in Kg.)
1. Patnai-23	11,236	12,000	Distribution not yet completed.
S.R. 26B	...	127	
Raghusail	...	2.088	
	11,236	14,215	

(f) No.

(g) Does not arise.

Bargadars and Adhiars

922. (Admitted question No. 1477) **Shri Abani Kumar Basu :** ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে ভূমিহীন বর্গাদার ও আধিয়ারের সংখ্যা কত ;

(খ) তাহাদের মধ্যে কতজন এক একর পর্যন্ত জমি চাষ করেন ;

(গ) পশ্চিমবঙ্গে কত কৃষিজীবী পরিবার সারা বৎসরের মধ্যে ৩ মাস হইতে ৬ মাসের প্রয়োজনীয় ফসল উৎপন্ন করেন ; এবং

(ঘ) পশ্চিমবঙ্গে ভূমিহীন বর্গাদারদের দেনার পরিমাণ কত ?

The Minister for Land and Land Revenue : (ক) এই বিষয়ে সরকারী কোন তথ্য নাই। তবে বর্তমান স্বত্বের লিখন অনুযায়ী পুরুলিয়া ব্যতিত পশ্চিমবঙ্গে ভাগচাষীর সংখ্যা ৭,৭১,১২৭ জন।

(খ), (গ) ও (ঘ) এই বিষয়গুলি সম্পর্কে সরকারী কোন তথ্য নাই।

Cultivable fallow lands in Ghatal Subdivision

923. (Admitted question No. 1588.) **Shri Mrigendra Bhattacharyya :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমায় কোন্ থানায় কত আবাদযোগ্য পতিত জমি সরকারের হাতে বর্তাইয়াছে ;

(খ) প্রাপ্ত জমির কত কৃষকদের বন্দোবস্ত দেওয়া হইয়াছে ; এবং

(গ) বাকী জমি বন্দোবস্ত দেওয়া হয় নাই কেন ?

The Minister for Land and Land Revenue : (ক) ঘাটাল থানায় ১৯২.০২ একর, চন্দ্রকোনা থানায় ১,০৬৩.১৬ একর ও দাশপুর থানায় ২৩৮.১০ একর সরকারে বর্তাইয়াছে।

(খ) ঘাটালে ১৮৪.৭৫ একর, চন্দ্রকোনায় ৫১০.৩৮ একর ও দাশপুর ১০২.১৬ একর বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(গ) টাইটেল স্যুট; সেটেলমেন্ট ক্যাম্পে আপত্তি ও ১০(২) ধারার বিরুদ্ধে আপত্তির জন্য বাকী ৬৬৫.৯৯ একর জমি দখল লওয়া যায় নাই।

Collection of revenue from tea-garden areas

924. (Admitted question No. 1594.) **Shri Mrigendra Bhattacharyya:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কত পরিমাণ জমিতে চায়ের চাষ হয়;

(খ) চা চাষের জমির বাৎসরিক রেভিনিউ একর প্রতি কত; এবং

(গ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কত টাকা রাজস্ব আদায় হইয়াছে এবং কত রাজস্ব বাকী রহিয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক)

	জেলা	জমির পরিমাণ
১।	জলপাইগুড়ি	১,৩৯,৭৮৭'৬৯ একর
২।	দার্জিলিং	৫৯,৫৪১.৫২৭৮ একর
৩।	কোচবিহার	৪৯২.৫৭ একর

(খ) স্থানীয় উৎকৃষ্ট কৃষি জমির গড়পড়তা খাজনার দ্বিগুণ হার কিন্তু ৬'৫০ টাকার অনুর্দ্ধে।

(গ) রাজস্ব আদায়ের হিসাব সম্বলিত একটি বিবরণী এতৎসহ দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 924

	জেলা	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
১।	জলপাইগুড়ি	৬,২৬,৭০০ টাকা	৬,৯৩,৯৬২ টাকা	৬,০৬,৪৬৭ টাকা
২।	দার্জিলিং	১,২৬,৭১২.১৬ টাকা	১,৫৯,৭২১.৫০ টাকা	১,৩২,৬২০.৭৯ টাকা
৩।	কোবিহার আদায় স্থগিত আছে।			

বাকী রাজস্বের হিসাব

জেলা ও টাকার পরিমাণ

১। জলপাইগুড়ি—৫৩,৭৪১ টাকা

২। দার্জিলিং—৪১,৭৯৯.৪৪ টাকা

৩। কোচবিহার—১২,২৭৮.৭০ পুরাতন হার অনুযায়ী।

(১৩৬২ হইতে ১৩৭১ সালের জন্য)

Collectorate Employees

925. (Admitted question No. 1954.) **Shri Birendranarayan Roy and Dr. Ranhakrishna Singh:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত বিভিন্ন জেলার কালেক্টরীর কর্মচারীবৃন্দের মধ্যে কোন্ কালেক্টরীর কয়জন ব্যক্তি স্থায়ীভাবে নিযুক্ত (Confirmed) হইয়াছে; এবং

(খ) উহাদের মধ্যে খাদ্য বিভাগের ভূতপূর্ব কর্মচারী কয়জন?

The Minister for Finance: (ক) এবং (খ) একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 925

বিভিন্ন জেলা কালেক্টরীর কর্মচারীবৃন্দের মধ্যে কোন্ কালেক্টরীর কয়জন ব্যক্তি স্থায়ীভাবে নিযুক্ত হইয়াছেন এবং উহাদের মধ্যে কয়জন খাদ্য বিভাগের ভূতপূর্ব কর্মচারী আছেন তাহার তালিকা।

জেলা সমাহর্তার নাম	১৯৬২ হইতে বর্তমান সময় পর্যন্ত কতজন কর্মচারী স্থায়ীভাবে নিযুক্ত হইয়াছেন তাহার সংখ্যা	উহাদের মধ্যে খাদ্য-বিভাগের ভূতপূর্ব কর্মচারীর সংখ্যা
১। বর্ধমান	৪৪	৩
২। মুর্শিদাবাদ	১৩	—
৩। বীরভূম	৫১	২
৪। কোচবিহার	২৪	৩
৫। পুরুলিয়া	২৮	—
৬। মেদিনীপুর	৯	—
৭। জলপাইগুড়ি	৩৫	—
৮। হুগলী	৭৩	—
৯। বাঁকুড়া	১০	—
১০। নদীয়া	১২	—
১১। পশ্চিম দিনাজপুর	৮	—
১২। মালদহ	২৪	৪
১৩। দার্জিলিং	৮	—
১৪। ২৪-পরগনা	৩০৬	—
১৫। হাওড়া	১৮	৩
	৬৬৩	১৫

Cultivation by bargadars

926. (Admitted question No. 2246.) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন জেলায় কত বর্গাচাষী আছে এবং বর্গা দ্বারা চাষ করান এরূপ মালিকের সংখ্যা কত ; এবং

(খ) এই মালিকের অধিকারে কত জমি আছে ?

The Minister for Land and Land Revenue : (ক) বর্তমান স্বত্বের লিখন অনুযায়ী পুরুলিয়া ব্যতীত পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত বর্গাচাষী আছে তাহার একটি বিবরণী এতৎসহ প্রদত্ত হইল। বর্গা দ্বারা চাষ করান এরূপ মালিকের সংখ্যা সম্পর্কে কোন তথ্য সংগ্রহ করা হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

Statement referred to in teply to clause (Ka) of unstarreed question No. 926

Sl. No.	Name of the district	Number of Bargadars Recorded	Remarks
1	Malda	49,820	
2	West Dinajpur	76,054	
3	Burdwan	28,931	
4	Bankura	72,382	
5	24-Parganas	1,06,052	
6	Midnapore	2,01,998	
7	Murshidabad	35,000	
8	Birbhum	27,000	
9	Howrah	17,786	
10	Hooghly	19,120	
11	Nadia	29,808	
12	Cooch Behar	28,115	
13	Jalpaiguri	72,981	
14	Darjeeling	6,170	
	Total	7,71,127	

Setting up of Panchayats throughout the State

927. (Admitted question No. 2378.) **Shri Bijoy Pal :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমস্ত জেলায় পঞ্চায়েতগুলি কি প্রতিষ্ঠিত হইয়াছে ;

(খ) না হইয়া থাকলে তাহার কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমায় অনেকগুলি পঞ্চায়েত আজও প্রতিষ্ঠিত হয়নি ; এবং

(ঘ) সত্য হইলে তাহার কারণ কি ?

The Minister of Panchayats : (ক), (খ), (গ) ও (ঘ) পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় প্রতিষ্ঠিত হয়েছে, কেবলমাত্র বর্ধমান জেলায় আসানসোল মহকুমার কয়লাখনি অঞ্চলে ও রাজ্যের চা-বাগান, সিঙ্কোনা-আবাদ ও সংরক্ষিত অরণ্য অঞ্চলে নিম্নলিখিত কারণে পঞ্চায়েত গঠন বর্তমানে স্থগিত রাখা হইয়াছে :—

প্রথমত : আসানসোল শিল্পাঞ্চলে ছোট বড় বহু শিল্প গড়িয়া উঠিয়াছে। এখানকার পানীয় জল, বিদ্যুৎ সরবরাহ, স্বাস্থ্য, শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি সব কিছুই শিল্প কর্তৃপক্ষেরা নিজেদের অর্থে ও উদ্যোগে করিয়া থাকেন।

দ্বিতীয়ত : এই অঞ্চলে বহু কয়লাখনি আছে। কয়লাখনির শ্রমিকদের জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষেরা অনুরূপ ব্যবস্থা করেন। ইহা ছাড়া, এই শ্রমিকেরা বিচরণশীল। এই শ্রমিকেরা দীর্ঘদিন একস্থানে থাকেন না। সেইজন্য এখানে পঞ্চায়েত গঠনের অসুবিধা আছে।

তৃতীয়ত : কয়লাখনি বাদ দিয়া অবশিষ্ট এলাকাগুলিতেও পঞ্চায়েত গঠন সম্ভব হয় নাই। কারণ, খনিঅঞ্চল ও গ্রামাঞ্চলগুলিও অবিমিশ্র।

চা বাগান ও সিঙ্কোনা আবাদ অঞ্চলগুলিতেও উক্ত অঞ্চলগুলির পৌর ও উন্নয়নমূলক কর্ম ঐ অঞ্চলের সংশ্লিষ্ট কর্তৃপক্ষরাই করিয়া থাকেন বলিয়া বর্তমানে পঞ্চায়েত গঠন স্থগিত রহিয়াছে।

Cases of theft and dacoities in Bishnupur and Jaypur police-stations

928. (Admitted question No. 2389.) **Shri Radhika Dhibar :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর ও জয়পুর থানায় ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ খ্রীষ্টাব্দে চুরি ও ডাকাতির কতগুলি অভিযোগ সরকার পাইয়াছেন ;

(খ) উহাদের মধ্যে উক্ত দুই বৎসরে কতজন চোর ও ডাকাত ধরা পড়িয়াছে ; এবং

(গ) ধৃত চোর ও ডাকাতদের মধ্যে কতজনকে দণ্ডিত করা হইয়াছে ?

The Minister for Home (Police) : (ক) মোট ১৮৫ গুলি।

(খ) মোট ২৬৯ জন।

(গ) মোট ৩১ জন।

Cinemas in Burdwan district

929. (Admitted question No. 2401.) **Shri Manoranjan Bakshi :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্ধমান জেলায় মোট কয়টি স্থায়ী ও অস্থায়ী সিনেমা মঞ্জুর আছে ;

(খ) তন্মধ্যে কয়টি গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে অবস্থিত ; এবং

(গ) বর্তমানে বর্ধমান জেলায় কতগুলি দরখাস্ত স্থায়ী ও অস্থায়ী সিনেমা লাইসেন্সের জন্য সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Home (Political) : (ক) ৩৩টি স্থায়ী ও ১৪টি অস্থায়ী।

(খ) গ্রামাঞ্চলে ১১টি স্থায়ী ও ১৪টি অস্থায়ী এবং শহরাঞ্চলে ২২টি স্থায়ী।

(গ) স্থায়ী সিনেমা লাইসেন্সের জন্য ২৩টি এবং অস্থায়ী সিনেমা লাইসেন্সের জন্য ৭টি।

Air-conditioning of Government Houses

930. (Admitted question No. 2412.) **Shri Birendra Narayan Roy :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২ সালের অক্টোবর মাস হইতে বর্তমান সময় পর্যন্ত সরকারী অফিস ও গৃহ শীততাপ নিয়ন্ত্রিত করিবার জন্য যে টাকা ব্যয় হইয়াছে তাহার মধ্যে বিভিন্নভাবে (১) মন্ত্রীদের কক্ষ, (২) উচ্চ পদস্থ কর্মচারীদের কক্ষ, (৩) হাসপাতালের অপারেশান থিয়েটার এবং (৪) রক্ত সংরক্ষণের জন্য শীততাপ নিয়ন্ত্রিত করিতে মোট কত ব্যয় হইয়াছে ?

The Minister for Public Works : ব্যয়ের পরিমাণ নিম্নে দ্রষ্টব্য :—

	টাকা
(১) মন্ত্রীদের কক্ষ	১,৭৮,২৮৫
(২) উচ্চ পদস্থ কর্মচারীদের কক্ষ	৬৪,৯১৭
(৩) হাসপাতালের অপারেশান থিয়েটার	২,৭৯,১০০
(৪) রক্ত সংরক্ষণের কক্ষ	১,৪৯,৪৯৭

Cases of theft of paddy from the fields

931. (Admitted question No. 2449.) **Shri Manoranjan Bakshi :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কোন্ থানায় কত সংখ্যক "ক্ষেত হইতে ধান চুরি" যাওয়ার অভিযোগ ও ডাইরী গত নভেম্বর ১৯৬৫ হইতে এ পর্যন্ত হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে কোথায় কতগুলি ক্ষেত্রে অভিযোগ সত্য বলিয়া প্রতিপন্ন হইয়াছে ?

The Minister for Home (Police) : (ক) বর্ধমান, গলসী, কাটোয়া, মঙ্গলকোট, পূর্বস্থলী, কাঁকসা ও কুলটি থানার প্রত্যেকটিতে ১টি ; আউসগ্রাম, মেমারী, রায়না ও বড়বানী থানার প্রত্যেকটিতে ২টি ; খণ্ডঘোষ থানায় ৩টি এবং মন্তেশ্বর থানায় ৪টি।

(খ) কুলটি থানার অভিযোগটিতে ফাইন্যাল রিপোর্ট ট্রু হইয়াছে ; অপর থানার অভিযোগগুলি এখনও তদন্তাধীন আছে।

Forest area under Government control in Jhargram subdivision

932. (Admitted question No. 2496.) **Shri Surendranath Mahata :** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ থানায় জংগল এলাকা বর্তমানে সরকারের অধীনস্থ ;

(খ) উক্ত জংগল এলাকায় কি পরিমাণ জমি আবাদযোগ্য এবং কি পরিমান আবাদযোগ্য নহে ;

(গ) চাষের জন্য ঐ আবাদযোগ্য জমি বিলি বন্দোবস্ত করা হইয়াছে কি না ;

(ঘ) হইয়া থাকিলে কি পরিমাণ জমি কতজনকে কি কি শর্তে বিলি করা হইয়াছে ; এবং

(ঙ) মেদিনীপুর জেলায় এ পর্যন্ত কোন্ থানায় কত পরিমাণ জমিতে জংগল সৃষ্টি করা হইয়াছে ?

The Minister of State for Forest : (ক) মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমার নিম্নলিখিত থানাগুলিতে জংগল এলাকা বর্তমানে সরকারের অধীনস্থ : বিনপুর, ঝাড়গ্রাম, জামবোনী, গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল।

(খ) কোন আবাদযোগ্য জমি বন এলাকায় নাই।

(গ) ও (ঘ) এ প্রশ্ন উঠে না।

(ঙ)

	থানা	সৃষ্ট বনের পরিমাণ একর
১।	বিনপুর	৯৮৩'৯০
২।	ঝাড়গ্রাম	৫,৫৫৩'৪২
৩।	জামবোনী	১,৪৮৬'৬৬
৪।	সাঁকরাইল	১,৪০৩'০০
৫।	খড়গপুর	৯১২'৩৬
৬।	গোপীবল্লভপুর	৭০৪'৮৫
৭।	কেশীয়ারী	২৫১'৮০
৮।	নারানগড়	১৪১'০০
৯।	কনটাই	৭২৪'০০
১০।	নয়াগ্রাম	৩৮৬'৭৮
১১।	রামনগর	৪৯৭'৪০
১২।	খেজুরী	৮৮৩'৫০
১৩।	সুতাহাটা	৪৫১'২৩
১৪।	গড়বেতা	৬,৪২৬'১৫
১৫।	শালবোনী	৩,১৫৭'৮৪
১৬।	কেশপুর	২০'০০
১৭।	মেদিনীপুর	৯৯৩'৯০

Fishermen Co-operative Societies in Jhargram subdivision

933. (Admitted question No. 2498.) **Shri Surendranath Mahata :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ থানায় মৎস্যজীবী সমবায় সমিতি আছে এবং উহাদের প্রত্যেকের নাম কি ; এবং

(খ) উক্ত সমিতিগুলির কোন্ কোন্টি কবে রেজিষ্ট্রীকৃত হইয়াছে এবং প্রত্যেকের নিজস্ব মূলধন কত এবং কত টাকা সরকার প্রত্যেককে কোন্ কোন্ সনে ঋণ বা সাহায্য দিয়াছেন ?

The Minister for Co-operative :

(ক) সাঁকরাইল, ঝাড়গ্রাম ও বিনপুর থানায় উহাদের নাম যথাক্রমে—

১। রগড়া পত্তিনা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ,

২। জুলির বাঁধ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ,

৩। বেলপাহাড়ী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ।

(খ)

	রেজিষ্ট্রেসনের তারিখ	নিজস্ব মূলধণ
(১)	৩১-৩-৬২	৪৮৮·০০ টাকা
(২)	৩-২-৬১	২৫০·০০ টাকা
(৩)	৫-২-৫৯	৯৯·৫০ টাকা

এই সকল সমিতিকে সরকার হইতে কোন ঋণ বা সাহায্য দেওয়া হয় নাই।

'Calories' in certain fruits and vegetables

934. (Admitted question No. 2504.) **Dr. Ranjit Kumar Chowdhury :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত সব্জীতে (ভেজিটেবলস্) এবং ফলে প্রতি আউন্সে কত 'ক্যালোরী' পাওয়া যায় তাহার কোন হিসাব সরকারী দপ্তরে আছে কি না ; এবং

(খ) থাকিলে, তাহা কি ?—

১। লাউ

২। চাল কুমড়ো

৩। পুঁইশাক

৪। পালংশাক

৫। নটেশাক

৬। কুমড়ো

৭। কলমিশাক

৮। পটল

৯। ঝিঙে

১০। উচ্ছে

১১। মোচা

১২। থোড়

১৩। কাঁচকলা

১৪। পাকাকলা

১৫। কমলালেবু

১৬। কাঁচা পেঁপে

১৭। শশা

১৮। কাঁকুড়

১৯। পেঁয়াজ

২০। রশুন

২১। কাঁচা আম

২২। এঁচোড়

The Minister for Health : (ক) হাঁ; আছে।

(খ)		প্রতি আউন্সে ক্যালোরী	প্রতি ১০০ গ্রামে ক্যালোরী
১।	লাউ	৩·৫	১২
২।	চাল কুমড়া	৩·০	১০
৩।	পুঁইশাক	৯·৫	৩৩
৪।	পালংশাক	৭·৫	২৬
৫।	নটেশাক	১৩·৫	৪৬
৬।	কুমড়ো	৭·২	২৫
৭।	কলমিশাক	৯·৫	৩৩
৮।	পটল	৫·৮	২০
৯।	ঝিঙে	৫·০	১৭
১০।	উচ্ছে	১৭·৫	৬০
১১।	মোচা	৯·৫	৩৩
১২।	থোড়	১২·২	৪২
১৩।	কাঁচকলা	১৯·০	৬৪
১৪।	পাকাকলা	৪১·৫	১৩০
১৫।	কমলালেবু	১১·৫	৪০
১৬।	কাঁচা পেঁপে	৮·৫	২৯
১৭।	শশা	৩·৮	১৩
১৮।	কাঁকুড়	৩·৮	১৩
১৯।	পেঁয়াজ বড়	১৪·০	৪৯
	„ ছোট	১৭·০	৫৯
২০।	রসুন	৪২·৫	১৪২
২১।	কাঁচা আম	১০·৪	৩৫
২২।	এঁচোড়	১৪·৫	৫১

ADJOURNMENT MOTION

[2—2-10 p.m.]

Mr. Speaker : I have received one notice of Adjournment Motion from Shri Kashi Kanta Maitra and Shri Sailendra Nath Adhikary on the subject of strike of sweepers of Howrah Municipality. I have withheld my consent. I will request Shri Kashi Kanta Maitra or Shri Sailendra Nath Adhikary to read on my behalf the notice of Adjournment Motion that has been presented by them.

Shri Sailendra Nath Adhikary : মাননীয় স্পীকার মহাশয়, এই adjournment motionটা আনার দরকার হবে না যদি শ্রমমন্ত্রী তার প্রতিশ্রুতি মতো কাজ করতেন। আজকে হাওড়া মিউনিসিপ্যালিটির ৭ লক্ষ লোক এক দুর্বিসহ অবস্থায় দিনযাপন করছে। সেখানে কয়েক হাজার মেথর ধাঙড় ধর্মঘট করার জন্য। ১৯৬৪ সালে তাদের দাবী দাওয়া নিয়ে যে ধর্মঘট হয়েছিল সেই সময় শ্রমমন্ত্রী ও তার Labour Dept -এর মধ্যস্থতায় যে ত্রিপক্ষীয় চুক্তি হয়েছিল তার শর্ত পূরণ করার জন্য তাদের য়ুনিয়নের তরফ থেকে পৌরসভার চেয়ারম্যান ও কর্তৃপক্ষকে বার বার

বলা হয়, এবং সরকারের নিকটও বার বার আবেদন করা হয়। কিন্তু Labour Dept. তখন অবজ্ঞার সংগে এই চুক্তিটা ছুঁড়ে ফেলে দিলেন। তারপর ধাঙড় মেথরদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পেতে লাগল। আমি এখানে যে চুক্তির কথা উল্লেখ করছি তাতে সরকারের পক্ষ থেকেও একজন সরকারী কর্মচারী signatory ছিলেন, কিন্তু তৎসত্ত্বেও Labour Dept. তাদের প্রতি অবজ্ঞার মনোভাব প্রদর্শন করতে থাকেন। এরফলে তারা ১৯৬৫ সালে পূজার আগে একটা ধর্মঘটের নোটিশ দেয়। তারপর পাকিস্থানের আক্রমণ হয়, যার ফলে তারা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে ধর্মঘটের নোটিশ তুলে নেয়। তারপর হাওড়ার District Magistrate-কে তারা চিঠি দিল, এবং জেলা ম্যাজিস্টেট তদনুযায়ী ২৭শে ডিসেম্বর তারিখে নিজে দেখে গেলেন এবং সকলকে ডাকলেন। কিন্তু কেউ এলেন না, চেয়ারম্যান এলেন না, য়ুনিয়নের কর্তৃপক্ষ অবশ্য গেলেন। এভাবে সমস্ত পথ রুদ্ধ হয়ে গেল আপোষ মীমাংসা করার। ত্রিপক্ষীয় যে চুক্তি হয়েছিল সেটা বরবাদ করার জন্য যখন দুর্নীতির আশ্রয় গ্রহণ করল তখন তারা ধর্মঘটের পথে নামে যার ফলে হাওড়ার জনজীবনে আজকে একটা দুর্যোগ নেমে এসেছে। এমতাবস্থায় আমাদের শ্রমমন্ত্রী আয়ুব খাঁর মত ব্যবহার করছেন, তিনি বলছেন আগে নাকি শ্রমিকদের নাকখৎ দিতে হবে তারপর তিনি তাদের কথা শুনবেন। আমি বুঝতে পারছি না শ্রমমন্ত্রী শ্রমিকদের কথা শুনবেন, না মালিকদের কথা বলবেন। যাই হোক, এখন আমি adjournment motion-টা পড়ে দিচ্ছি—হাওড়া পৌর এলাকার মেথর ধাঙড় ধর্মঘটকে বে-আইনী ঘোষণা করায় এবং য়ুনিয়নের সম্পাদক শ্রীঅর্ধেন্দু বসু এবং অন্যান্য নেতাদের কারারুদ্ধ করায় ও বিনা নোটিশে চাকুরী হইতে সাসপেণ্ড করায় গণতান্ত্রিক তথা শ্রমিক স্বার্থের উপর প্রচণ্ড আঘাত হানিয়াছে। হাওড়ায় ৭ লক্ষ লোকের জীবন দুঃসহ হইয়া পড়িয়াছে এবং ধর্মঘট অবিলম্বে সুমীমাংসা না হইলে সমস্ত এলেকায় লক্ষ লক্ষ মানুষের জীবনে মহামারী বিভীষিকা আনিবে বলে আশংকা হইতেছে। দলীয় স্বার্থের ভিত্তিতে পৌর কর্তৃপক্ষ তাঁহাদের দেয় প্রতিশ্রুতি ও ত্রিদলীয় চুক্তিকে পর্যন্ত অস্বীকার করিয়াছে। এবং শ্রমদপ্তর দলীয় স্বার্থের কাছে নতিস্বীকার করিয়াছে। ধৃত ব্যক্তিদের অবিলম্বে মুক্তি দেওয়া এবং ত্রিপক্ষীয় চুক্তির ভিত্তিতে মীমাংসা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিকট ইহা দাবী করা হয়েছে।

Shri Hemanta Kumar Basu : স্পীকার মহাশয়, হাওড়ায় যে অবস্থা ঘটেছে তা এ ভাবে চলতে দেওয়া উচিত নয়।

Mr. Speaker : Mr. Basu, আগে আমার কথা শুনুন, যদিও আমি Consent withheld করেছি তবু এটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলে ওঁকে আমি বলবার permission দিয়েছি just to draw attention of the Ministers to the fullest extent by those honourable members who gave notice of the adjournent motion. আমার কথা শুনুন ; You are a learned parliamentarian, Mr. Basu. I have the right to ask the members to hear me first. মিঃ বোস, আপনি কেন Interrupt করছেন ? আমি আপনার রাইট কেড়ে নিইনি, আমার কথা আগে শুনুন।

Shri Hemanta Kumar Basu : আমি ইন্টারাপ্ট করছি না। ব্যাপারটা খুব ইম্পর্টান্ট সেইজন্য বলতে চাই—

[2-10—2-20 p.m.]

Mr. Speaker : You are one of the senior members আপনি শুনুন, আমি একটা পারমিশন দিয়েছি মিঃ অধিকারীকে, মিঃ মৈত্রকে, ওঁরা তাঁদের বক্তব্য বললেন। আমি কারো রাইট কেড়ে নেইনি, পারমিশন দিয়েছি because this matter is important. I have withheld consent to this notice because it does not according to my opinion come within the purview of Adjournment Motion. I have

allowed honourable Members to read the notice and have also allowed them to make an explanatory statement in details and that has been done by Mr. Sailen Adhikary—may be not to his satisfaction—but he has said what he has got to say in the matter যখন একটা ইম্পর্টান্ট ম্যাটার উনি বলছেন তখন আমি তাঁকে বলবার স্কোপ দিয়েছি for the purpose of drawing the attention of the Ministers and also for apprising all members about the gravity of the situation আমি ডিবেট এ্যালাউ করছি না কিন্তু তবুও আপনারা যদি কিছু বলতে চান তবে বলতে পারেন।

Shri Hemanta Kumar Basu : আমি এই কথা বলছিলাম যে গতকাল থেকে বলা হচ্ছে হাওড়ার ধাঙড় ধর্মঘট সম্পর্কে। এর ফলে হাওড়ার অবস্থা অত্যন্ত দুর্গন্ধময় এবং অস্বাস্থ্যকর হয়ে দাঁড়িয়েছে। কাজেই এ বিষয়ে কাল থেকে বার বার সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা হয়েছে এবং আজকেও হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলছি তাঁরা এ বিষয়ে কি ভাবছেন, কি করতে চান সেটা বলুন, তাহলে আমাদের কিছু বলবার থাকবে।

Shri Nikhil Das : স্যার, আমরা একথা বলতে চাই যে হাওড়ার ধর্মঘট সম্পর্কে যে এ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়া হয়েছে সেটা পড়তে এবং বলতে দিয়েছেন সেজন্য আমরা আপনার কাছে কৃতজ্ঞ। আমরা অপজিশনের তরফ থেকে কংগ্রেসের দিকে যাঁরা আছেন, মন্ত্রীদের দিকে যাঁরা আছেন, তাঁদের কাছে অপজিশনের তরফ থেকে সম্মিলিতভাবে এই কথা বলতে চাই তাঁরা এই হাওড়া ধর্মঘট সম্পর্কে কিছু বলুন। সেখানে ধর্মঘটের ফলে যে ডেডলকের সৃষ্টি হয়েছে তার ফলে জনসাধারণ যে অসুবিধায় পড়েছে সেই ব্যাপারে সরকারের যা করণীয় আছে সেটা যদি সরকার না করেন তাহলে খুব অন্যায় হবে। হাউস চলছে, এই চলাকালীন অবস্থায় শ্রমিকদের দাবি সম্পর্কে মিউনিসিপ্যাল অথরিটি যে অ্যাটিচিউড নিয়েছেন, ইউনিয়নের নেতাদের গ্রেপ্তার করে নিয়ে গেলেন, তার ফলে হাওড়ার লোকেরা দুর্গন্ধের ভিতরে আছে, সেখানে জঞ্জাল জমা হচ্ছে এবং সেখানে নানা অসুবিধার সৃষ্টি হচ্ছে, আর আমরা সি, এম, পি, ও, বিল সম্পর্কে আলোচনা করছি এটা কিছুতেই সম্ভব নয়। সরকারের যদি অ্যাটিচিউড থাকে এবং সেই অ্যাটিচিউড যদি এই হয় যে ন্যায়সংগত দাবি তাঁরা শুনবেন না তাহলে জঞ্জাল পরিষ্কার হবে না। আপনারা যদি জেদ করে বসে থাকেন, তাঁদের মানবতাবোধ আছে কিনা জানি না, তাঁদের মানবতাবোধের কাছে হাওড়াবাসীর পক্ষ থেকে, শ্রমিকদের পক্ষ থেকে এবং বামপন্থী দলের পক্ষ থেকে এই আবেদন করছি যে তাঁরা তাড়াতাড়ি এর একটা সুমীমাংসা করুন। যদি মীমাংসা না করেন তাহলে তার ফল যদি অন্য জায়গায় চলে যায় তাহলে তার দায় এবং দায়িত্ব সরকারের উপর বর্তাবে। এখন দেশে জরুরী অবস্থা চলছে সেটা যেন আপনাদের খেয়াল থাকে। আপনাদের কাজের জন্য যদি দেশের নিরাপত্তা বিঘ্নিত হয় তাহলে তার দায় দায়িত্ব আপনাদেরই হবে। সেদিক থেকে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে যে কথা জোর দিয়ে বলতে চাই সেটা হচ্ছে এই ব্যাপারে একটা মীমাংসা অনতিবিলম্বে হওয়া দরকার এবং শৈলবাবু বসে আছেন, হাওড়ার জঞ্জাল যাতে মুক্ত হয় এবং শ্রমিকদের দাবি যাতে যাতে ঠিক ভাবে আদায় হয় সেই ব্যবস্থা করুন। এই হচ্ছে আমাদের দাবি।

Shri Anadi Das : স্যার, আমার কাছে প্রতিদিন বহু লোক আসছে এবং বলছে যে এই ব্যাপারে হস্তক্ষেপ করে কি কিছু করতে পারছেন না? সমস্ত শহর দুর্গন্ধে ভরে যাচ্ছে লোকে আমার কাছে আসছে। আমি বিজয় বাবুর সংগে দেখা করেছিলাম কিন্তু তিনি বললেন যে আগে ধর্মঘট প্রত্যাহার করে নিন তারপরে ইউনিয়নের কথা শুনবো। তাদের ইউনিয়নের সেক্রেটারীকে গ্রেপ্তার করা হয়েছে, ট্রেড ইউনিয়ন নেতাদের গ্রেপ্তার করা হয়েছে। ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট অ্যাক্টের

সেকশন ২১ প্রভাইড করে যে অথরিটি কর্তৃপক্ষ যদি এগ্রিমেন্ট না মানে তাহলে তার এগেনেষ্টে প্রসিকিউশন করা যাবে। গভর্নমেন্ট সেদিকে গেলেন না কিন্তু যারা বার বার আবেদন নিবেদন করে ব্যর্থ হয়ে শেষ পর্যন্ত ধর্মঘটের পথে নেবেছেন তাঁদের গ্রেপ্তার করছেন। স্যার, তাদের দাবি হচ্ছে র‍্যাশানের, র‍্যাশান না হলে শহরে চলতে পারে না। এই ম্যাথরগুলি এবং মিউনিসিপ্যাল কর্মচারী অ্যাসোসিয়েশনের লোকেদের র‍্যাশন কার্ড নেই, সেই জন্য র‍্যাশন অফিসে দাবি করতে গিয়েছে, তারা সংগ্রাম করছে, দাবি করছে, যে কর্তৃপক্ষ মিউনিসিপ্যালিটির একটা র‍্যাশন সপ করুক। সেই র‍্যাশন সপ হলে কাউকে অস্বীকার করতে পারবে না, কর্মচারী হিসাবে সে র‍্যাশন পাবে। এই রকম দাবিগুলি ক্রমাগত দিনের পর দিন পিছিয়ে পিছিয়ে যাচ্ছে আর মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ ঘুমাচ্ছেন। তাদের কাজের ফলে ম্যাথরদের এই ইউনিয়নকে হয় এই অন্যায় মেনে নিতে হয়, না হয় তার প্রতিবাদ করতে হয়। প্রতিবাদ করতে হলে হাওড়াবাসীদের কষ্ট হচ্ছে। এই অবস্থায় জেদ না করে মানবতার দিক থেকে যা কিছু ন্যায়সংগত সেকথা মনে রেখে এই ধর্মঘট মিটান হোক। সাধারণ লোকের যাতে অসুবিধা না হয়, যাতে এপিডেমিক না হয়, কলেরা বসন্ত যাতে না হয়, তার ব্যবস্থা অনতিবিলম্বে করুন।

Shri Manoranjan Roy : স্যার, আমি এই কথা বলতে চাই সরকারের যে দায়িত্ব সেটা আমরা চালের ব্যাপার থেকে আরম্ভ করে সব ব্যাপারেই দেখেছি। এই ধর্মঘটের ব্যাপারে একটা দায়িত্ব তাঁরা পালন করেছেন সেই দায়িত্বটা হচ্ছে ধর্মঘটিদের গ্রেপ্তার করেছেন, তাদের নেতাদের ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করে জেলে আটকে রেখেছেন। দ্বিতীয়তঃ, আর একটা দায়িত্ব আছে সেটা হচ্ছে গু-গুলি পরিষ্কার না করার জন্য সেখানে যখন মহামারী আরম্ভ হবে তখন কি তার উপর ভারত রক্ষা আইন প্রয়োগ করে তা বন্ধ করবেন, গু-গুলি কি নিজে থেকেই পরিষ্কার হয়ে যাবে? এই অবস্থায় কোন জায়গায় কারখানার শ্রমিকরা মাসের পর মাস, বছরের পর বছর যদি লেবার কমিশনারস অফিসে ধর্ণা দেয় তখন শোনেন না তারপর যখন ধর্মঘটের পথে পা বাড়ায় তখন ভারতবর্ষ আর রক্ষা পায় না, ভারতবর্ষকে রক্ষা করার জন্য তাদের গ্রেপ্তার করে জেলে রাখা হয়। এই অবস্থা হাওড়া মিউনিসিপ্যালিটিতে চলছে। এইজন্য আমি বলছি সরকারকে তাঁর দায়িত্ব পালন করতে হবে। আমি জানি আপনি দয়া করে পড়তে দিয়েছেন কিন্তু ওঁদের কানে জল যাবে না। শৈলবাবু বসে আছেন, তিনি হাওড়ার লোক, তাঁর যথেষ্ট ইনফ্লুয়েন্স আছে, তিনি এককালে মিউনিসিপ্যালিটির কর্তা ছিলেন, তিনি একটা কিছু করতে পারতেন। কিন্তু তাঁরা কেউ কিছু করছেন না, তাঁদের কানে জল যাচ্ছে না, সেইজন্য আমাদের একজনের পর একজন উঠে বার বার এই কথা বলতে হচ্ছে। হাওড়াবাসীদের অবস্থা আমাদের বুঝতে হবে এবং শ্রমিকরা যারা ধর্মঘট করতে বাধ্য হয়েছে, আমি বলবো তারা ন্যায্যভাবে ধর্মঘট করেছে সেই শ্রমিকদের যদি দায়িত্ব না নেন তাহলে আমাদের এই দায়িত্ব নিতে হবে। আপনারা ঐ শ্রমিকদের দায়িত্ব না নিয়ে ভারত রক্ষা আইনে তাদের এবং তাদের নেতাদের আটক করে রেখেছেন। আমরা জানি সরকারের কোন যুক্তি ছিল না কিন্তু তবুও বিরোধী দলের নেতা থেকে আরম্ভ করে হাজার হাজার লোককে ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করে রেখে দিয়েছেন। ঠিক সেইভাবে আমরা দেখছি এখানেও ভারত রক্ষা আইন কিভাবে চলছে। এইভাবে দিন চিরকাল যাবে না। শৈলবাবু বসে আছেন, আমাদের শ্রমমন্ত্রী যিনি আছেন তিনি হিটলারী মেজাজ দেখালে সেই গু-গুলি পরিষ্কার হবে না। সেইজন্য ময়লাগুলি যাতে পরিষ্কার হয় এবং শ্রমিকদের ব্যাপারে যাতে একটা মীমাংসা হয় তার ব্যবস্থা করুন। শ্রমমন্ত্রীর মালিক মন্ত্রী হয়ে বসে থাকলে চলবে না। সেইজন্য আমি আবেদন করছি এর একটা ব্যবস্থা করুন।

[2-20—2-30 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : যতক্ষণ মন্ত্রিমহাশয়রা বলবেন না ততক্ষণ আমাদের সকলকেই বলতে হবে—

Mr. Speaker : তা যদি বলেন ইফ ইউ স্ট্যাণ্ড ইন দি ওয়ে যে যতক্ষণ মন্ত্রিমহাশয়রা বলবেন ততক্ষণ আমাদের বলতে হবে অ্যাজ এ মেম্বার ডোন্ট সে লাইক ছাট।

Dr. Abu Asad Mohmmad Obaidul Ghani : উনি বললেই তো সব চুকে যায়—আমাদের আর বলার দরকার হয় না। আমরা সি. এম. পি. ও. বিল আলোচনা করছি, মেট্রোপলিটন এরিয়া পরিষ্কার হবে—অথচ হাওড়া পচে যাচ্ছে গভর্ণমেন্টের ক্যালাসনেসের জন্য। উনি ধর্ম্মঘটকে ইল্লিগ্যাল বলে বসে আছেন, কিছু অ্যারেস্ট করে আছেন—সমাধানের কোন চেষ্টা হচ্ছে—কত দিন এটা চলবে এটা যদি দয়া করে বলেন তাহলে ভাল হয়—আপনারা একটা না হয় বলুন যে আমরা চেষ্টা করছি—দু'একদিনের মধ্যে চুকে যাবে।

Shri Saila Kumar Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নির্দ্দেশ দিয়েছেন—নিশ্চয় এটা মুলতবী প্রস্তাবের বিষয় নয়, তথাপি আপনি অনেক বিরোধী সদস্যদের এটা উত্থাপন করতে দিয়েছেন। সুতরাং যেহেতু তাঁরা এটা উত্থাপন করেছেন এবং যেহেতু আমি হাওড়ায় থাকি সেইহেতু আমার কর্তব্য হিসাবে আমি ওঁদের অবগতির জন্য এবং ওঁদের সাহায্য ভিক্ষা এবং সহযোগিতা চাই বলে দুটো কথা বলছি। প্রথম হচ্ছে এটা শ্রমমন্ত্রীর বিষয়, শ্রমমন্ত্রী এবং শ্রম বিভাগ তাদের সংগে আলোচনা করছেন এই কয়দিন ধরে—কিন্তু কোন সিদ্ধান্তে তারা উপনীত হতে পারেন নি। দ্বিতীয়ত: এখানে যারা অংশ গ্রহণ করলেন আমি যতদূর জানি তাঁরা সকলেই শ্রমিক নেতা—ট্রেড ইউনিয়নের মধ্যে কাজ করেন—ট্রেড ইউনিয়ন আইন সম্বন্ধে তাঁরা আমার চেয়ে ঢের বেশী অভিজ্ঞ এবং কিভাবে সুষ্ঠু ট্রেড ইউনিয়ন দেশে পরিচালনা করা উচিত দেশের কল্যাণের জন্য শ্রমিকদের কল্যাণের জন্য সেই বিষয়ে তাঁরা আমার চেয়ে ঢের বেশী অবগত আছেন এটা আমি বিশ্বাস করি। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমি তাঁদের সনির্বন্ধ অনুরোধ জানাবো যে একবার হাওড়ায় এই শ্রমিক নেতা যারা ধর্ম্মঘট করেছেন তাদের সঙ্গে বসে জানুন যে যে মৌলিক ফাণ্ডামেনট্যাল নীতি আছে নোটিশ দিতে হয় দাবি জানানো হয়—এখানে তারা কোন নোটিশ কোন দাবি না জানিয়ে হঠাৎ স্ট্রাইক করা সেটা ট্রেড ইউনিয়ন নীতির পক্ষে মঙ্গলদায়ক কিনা—তা যদি না হয় তাহলে তাঁরা দয়া করে তাঁদের সঙ্গে সহযোগিতা করে এ বিষয়ে আলোচনা করুন। দ্বিতীয়ত: হাওড়া শহরের যে ধর্ম্মঘটের কথা বলা হয়েছে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি এবং প্রত্যেকেই বলেছেন যে সরকার এ বিষয়ে নীরব নিরপেক্ষ নিশ্চিন্ত হয়ে বসে আছেন—কিন্তু তা নেই। এখান থেকে দিনের পর দিন এই স্ট্রাইকের মধ্যে চেষ্টা করা হয়েছে। যার ফলে শ্রমিকদের মধ্যে অনেক জয়েন করেছে এবং বাইরের থেকেও শ্রমিক আসছে।

(তুমুল হট্টগোলের মধ্যে মন্ত্রিমহাশয় বসিয়া পড়েন)

Shri Sailendra Nath Adhikary : আমরা স্যার, চেয়েছিলাম একটা ভাল অ্যাটমোসফেয়ার ক্রিয়েট করতে—

Shri Saila Kumar Mukherjee : I wanted to help but they have given me kick.

Shri Balai Lal Das Mahapatra : স্যার, আমি জানতে চাচ্ছি আপনার মাধ্যমে যে ২২শে ডিসেম্বর যেখানে অবস্থান ধর্মঘট হয়েছিল তারপর সেদিন জেলা ম্যাজিস্ট্রেটের মধ্যস্থতায় ঠিক হোল যে ২৭শে ডিসেম্বর উভয় পক্ষ বসে মীমাংসার কথাবার্তা হবে- কিন্তু ২৩শে ডিসেম্বর কেন ইউনিয়নের সেক্রেটারীকে গ্রেপ্তার করা হোল এবং কেন সরকারের পক্ষ থেকে, মিউনিসিপ্যাল অথরিটির পক্ষ থেকে উত্তেজনার সৃষ্টি করা হোল। উনি বলতে চাচ্ছেন যে তারা নোটিশ দেয়নি, বিধিসংগতভাবে তারা কাজ করেনি। কিন্তু আমি বলি এই উত্তেজনা সৃষ্টি করলেন কারা?

সরকারের পক্ষ থেকে করেছেন কিনা? কেন সেই কর্মচারীকে গ্রেপ্তার করা হোল? ২৭শে তারিখে মীমাংসার জন্য বসবার কথা ছিল—সেই বসার পূর্বে কেন তাঁকে গ্রেপ্তার করা হোল সেই জবাবটা আপনি দিন।

Shri Saila Kumar Mukherjee : আমি ওঁদের অবগতির জন্য জানাচ্ছি যে যেখানে ডবল শিফ্‌টে কাজ হচ্ছে এবং মিউনিসিপ্যালিটির যতগুলি নাইট সয়েল লরী এবং কনজারভেন্সি লরী আছে তারা দু বেলা কাজ করছে—শহরাঞ্চলের পাইখানা এবং নর্দমা পরিষ্কারের জন্য। তবে এটা সত্য যে পুরো কাজ হলে যে রেটে পরিষ্কার হয় তা হতে পারছে না। সুতরাং পুনরায় আপনাদের সহযোগিতা প্রার্থনা করবো যে অবৈধ ধর্মঘট বন্ধ করার জন্য আপনারা যদি প্রচেষ্টা করেন তাহলে আমরা সব সময় যাবো।

Shri Kashi Kanta Maitra : স্যার, বিজয়বাবু দুটো কথা বলুন না, উনি ভয় খাচ্ছেন কেন? কাওয়ার্ডের মত বিহেভ করছেন কেন? He is behaving like a coward.

Mr. Speaker : আমি ঘর থেকে চলে গেলে আপনারা যা হয় করবেন।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : Honourable members, I have received 8 notices of Calling Attention on the following subjects, namely :

(1) Dacoity in Jiagunj Station Road on 24th December, 1965—by Shri Sanat Kumar Raha ;

(2) Tehsildars of Beldanga and Bhagabangola circles under extreme pressure for further additional work—by Shri Sanat Kumar Raha ;

(3) Unsatisfactory situation with regard to procurement of paddy and rice in 24 Parganas—by Shri Gopal Banerjee ;

(4) Disposal of applications for Salt Lake plots—by Shri Kashi Kanta Maitra ;

(5) Irresistible smuggling of paddy and rice from Birbhum district—by Shri Abhoy Pada Saha ;

(6) Arrest of R.S.P. leaders in Jalpaiguri under D.I.R.—by Shri Nani Bhattacharjee and Shri A. H. Besterwitch ;

(7) Death of a person in police lock-up at Bharatpur—by Shri Abhoy Pada Saha ; and

(8) Inordinate distress among 'A' and 'B' class ration card holders for want of supply of rations—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Kashi Kanta Maitra on the subject of disposal of applications for Salt Lake Plots. The Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Saila Kumar Mukherjee : On Tuesday.

Shri Nikhil Das : মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা দেখলাম যে মুখ্যমন্ত্রী একটা নির্দেশ দিয়েছেন যে ল্যাণ্ডলেস যারা এ ক্যাটিগরীর কার্ড হোল্ডার তারা ১৫০০ গ্রাম করে মডিফায়েড রেসন পাবে অনতিবিলম্বে এবং আর একটা কথা স্বীকার করেছেন যে ঐসব এলাকায় ১৬০ পয়সা কেজি থেকে ২ টাকা কেজি দরে চাল বিক্রী হচ্ছে। আপনার মাধ্যমে আমার বক্তব্য এই যে মডিফায়েড রেসনিং এলাকার কোন রেসন সমস্ত জায়গায় ঠিক ঠিক গিয়ে পৌঁচচ্ছে না—ওঁরা বলছেন ১৩০০ গ্রাম করে দিতে—কিন্তু বহু জায়গায় ১৩০০ গ্রাম করে পায় নি। নূতনভাবে বলছেন ১৫০০ গ্রাম দেবেন।

Mr. Speaker : মিঃ দাস, আপনি কোন একটা পার্টিকুলার জায়গার কথা বলুন—সব জায়গার কথা বল্লে পর এটা একটা জেনারেল ডিসকাসনের মত হয়ে যায়। আমি আপনাকে এই অ্যাডভানটেজ দিতে পারি না।

Shri Nikhil Das : আমি স্যার আপনাকে উদাহরণ দিচ্ছি।

Mr. Speaker : উদাহরণ দেবার কোন দরকার নেই। আমি আপনাদের একটা স্পেশাল প্রিভিলিজ দিই—আপনার পার্টিকুলার নলেজ যদি কিছু থাকে বলুন—আপনাদের কোন একটা ইম্পর্টেন্ট ম্যাটারের প্রতি অ্যাটেনসন ড্র করার অ্যাডভানটেজ আমি দিই—কিন্তু তাই বলে Instead of your taking the time of going to the Minister's Chamber. আমি আপনাদের স্পেশ্যাল ফেসিলিটিজ দিই। কিন্তু কোন জেনারেল ডিসকাসনের জন্য দিই না। তারজন্য রুল বই আছে।

Shri Nikhil Das : আপনি শুনুন স্যার, যেমন ধরুন ক্যালকাটার স্ট্যাটুটারী রেসনিং এলাকার পাশের এলাকা বাসদ্রোনী ইউনিয়নে ১৩০০ গ্রাম করে রেসন গত কয়েক সপ্তাহ দেওয়া হয় নি এ খবর জানেন কি? দ্বিতীয় কথা হচ্ছে এক সময় আমরা শুনেছিলাম যে মডিফায়েড রেসনিংয়ের যে কোয়ানটাম সেই কোয়ানটাম স্ট্যাটুটারী রেসনিংয়ের কোয়ানটামের সমান হবে। আপনারা সাড়ে তিন ছটাক দুই বেলা দিলেন—সেখানে প্রাইভেট মার্কেট থাকছে না—কর্ডনিং করে দিলেন—কি করে সেখানে সাড়ে তিন ছটাকে চলতে পারে এটা একটু বিবেচনা করে দেখুন। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে এটা চলবে না। এটা পরিবর্তন করতে হবে এবং নিয়মিত রেসন দেবার ব্যবস্থা করতে হবে—তা নাহলে চালের দাম দু টাকা থেকে আড়াই টাকা তিন টাকা কেজিতে উঠবে।

Mr. Speaker : মিঃ দাস, আপনি অ্যাজ এ মেম্বার যদি এই রকম অ্যাডভানটেজ নেন তাহলে আপনাদের এই প্রিভিলেজ আমাকে রিফিউজ করতে হয়। আমি আপনাদের স্পেশ্যাল অ্যাডভানটেজ দিই কোন পার্টিকুলার জিনিসের প্রতি ইম্পর্টেন্ট ম্যাটারের প্রতি অ্যা টেনসন ড্র করার জন্য—কিন্তু আপনারা যদি এইভাবে জেনারেল ডিসকাসন হিসাবে লেকচার দেন You want to bring to the knowledge of particular Minister or particulars member of the House. I may say that it is nothing but a misure of the advantage that I am giving to the honourable member.

[2-30—2-40 p.m.]

Shri Nikhil Das : আমার বক্তব্য ছিল যে একটা পলিসি ঘোষণা করেছিলেন যে M.R. এলাকা এবং এবং S. R. এলাকা সমান হবে কিন্তু তা হয় নি।

Mr. Speaker : মিঃ দাস আমি আপনাকে বলছি I have to say that if you go on in this way I will have to say no to you in future. This is not according to the rules. Please take your seat.

Shri Nikhil Das : আপনি কথাটা বলতে দেবেন তো। লোকে খেতে পাচ্ছে না, রুল মানুষকে বাঁচাবার জন্য নয়, লোকে যেখানে চাল পাচ্ছে না, সেখানে রুল দিয়ে কি হবে।

Mr. Speaker : রুল যেমন আছে আমাদের সেভাবে চলতে হবে। Please try to amend the rules. মিঃ দাস, আমি আপনাকে বলছি I would request you for the last time not to interrupt.

Shri Phani Bhusan Mondal : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ জরুরী ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। এই যে ধান চালের আইন করা হয়েছে, কিন্তু বর্ডার দিয়ে চাল পাচার হয়ে যাচ্ছে। বর্ডার যতগুলি আছে সেখান দিয়ে প্রায় প্রত্যেকদিন হাজার হাজার গাড়ী ধানচাল চলে যাচ্ছে। আমি একটা specific instance দিচ্ছি বীরভূম জেলার কথা বলছি। এখানকার কয়েকটা সেকটারের কথা আমরা D. S. P., S. P. কে বলেছি। এখানে প্রত্যেকদিন ১৫০।২০০।২৫০ খানা করে গাড়ী ভুবরাজপুর থানা দিয়ে বিহারের বর্ডার দিয়ে ওপারে চলে যাচ্ছে। এবং খয়রাশোল দিয়ে ১৫০ খানা করে গাড়ী যাচ্ছে। আমি বলতে চাই যে লোকটাকে সেখানে engage করা হয়েছে মিঃ রহমান, D. B Inspector, তিনি লোকদের সংগে ৫ টাকা করে ঠিক করে নিয়েছেন। এইভাবে ২০০ খানা গাড়ী থেকে প্রায় হাজার টাকা নিচ্ছেন। ওটা আমি point out করাতে তার পরেরদিন ১৫০ খানা গাড়ী ধরা পড়ল, কিন্তু ঐ মিঃ রহমান ১০৯ খানা গাড়ীর কাছ থেকে টাকা নিয়ে তাদের ছেড়ে দিলেন এবং বাকী ৩১টা গাড়ী ধরে রেখেছেন। ধান পাচার হচ্ছে আমরা D. S. P, S. P.কে বলেছি হয় তিনি Smuggling ধরছেন না। আমি নাম করে বলেছি এবং full responsibility নিয়ে বলছি। এই রকম ৩।৪টা জোন আছে সেখান থেকে প্রায় প্রত্যেকদিন বিহারে ২০০ খানা করে গাড়ী চলে যাচ্ছে। এখানে চাল ৪০ টাকা Quintal আর সেখানে ৬০ টাকা Quintal। ঐ মিঃ রহমানকে খয়রাশনা, ভুবরাজপুর এবং রাজনগর এই ৩টা বর্ডার থানায় D. B. Inspector করা হয়েছে। তিনি smuggler-দের সংগে মিলে প্রত্যেকটা গাড়ী পিছু ৫ টাকা করে নিচ্ছেন। এটার একটা ব্যবস্থা করুন। বীরভূমে এইরকম হচ্ছে এবং D. B. Inspector এর নাম হচ্ছে Mr. Rahaman। নলহাটী থানা কুণ্ডরী থানা, মুরারই থানা এগুলো হচ্ছে বিহারের ডিপো।

Shri Sanat Kumar Raha : আমি কয়েকদিন ধরে আপনার সংগে পরামর্শ করছিলাম যে আমাদের পরিষদীয় দপ্তর থেকে বিগত ৪ বৎসরে এই Assemblyতে আসবার পর আজ পর্য্যন্ত এক খানা Proceedings বই পেয়েছি, আর বই পাইনি। এ বিষয়ে আপনারা জানান যে যত Proceedings হয়ে গেছে এগুলি কতদিনে পাওয়া যাবে এগুলি আমাদের জরুরী প্রয়োজন হয়ে পড়েছে। এটা প্রেসের ব্যাপার না কি সেটা পরিষদীয় দপ্তর বলুন। আশা করি এ বিষয় একটা সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করবেন। Govt. publicationএর এ কিছু হয় নি, আজ dead-lock অবস্থা হয়ে রয়েছে। আশা করি এর একটা সমাধান করবেন।

Shri Hemanta Kumar Basu : স্যার, আমি সম্প্রতি পুরুলিয়া জেলা থেকে ঘুরে এসেছি সেখান থেকে খবর শুনলাম যে লেভির আওতায় পড়ে না, এরূপ ছোট ছোট চাষীদের উপর অত্যাচার হচ্ছে। মিল মালিক এবং D. P. Agentরা ধান কিনছে। যে ধান জমিতে হয় সে জমির ধান রেখে এ ধান তারা লেভী দিচ্ছে। আর একটা ব্যাপার আমাদের সংগে মুখ্যমন্ত্রীর যে কথা হয়েছিল যে সেচ এলাকায় ৫ একর এবং অসেচ এলাকার উপর লেভী করা হবে তিনি সেটা বিবেচনা করবেন বলেছিলেন। কিন্তু তিনি D. M.এর কাছে যে সার্কুলার দিয়েছিলেন তাতে তাঁরা বলেছেন যে আমাদের কোটা বাড়িয়ে দেওয়া হয়েছে আমরা কি করে ৫।৭ একর করবো। আমরা ১½ একর ২ একর করতে হবে। কারণ আমাদের যে কোটা বাঁধা হবে তাতে আমরা হেল্পলেস।

Shri Panchugopal Bhadury : মাঃ স্পীকার, স্যার, এখানে শ্রমমন্ত্রী মহাশয়কে দেখতে পাচ্ছি না তবে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করছি। আমাদের হুগলী জেলায় ১০৷১২টা সুতাকল আছে সেখানে এক একটা মিলে নাইট সিফ্ট বন্ধ হয়ে যাচ্ছে, ১½ হাজার লোক লে অফ হয়ে যাচ্ছে। শ্রীরামপুর অঞ্চলে ৬৷৭টা মিল বন্ধ হয়ে গেছে। কোন্নগরে শ্রীদুর্গামিলে সি সিপটে লে অফ এর কথাবার্ত্তা চলছে। এই যে ভীষণ সংকট, এটা কতটা বাস্তব এবং কতটা অবাস্তব এ সম্পর্কে শ্রমিকদের কতটা রিলিফ দেওয়া যায় তার জন্য অনুরোধ করছি। শ্রমমন্ত্রী একটা উচ্চ পর্য্যায়ে tripartite বৈঠক আহ্বান করান—মিল মালিক শ্রমিকনেতা এবং সরকারী Office নিয়ে tripartite Conference ডেকে কি করে শ্রমিকদের কষ্ট লাঘব করা যায় এবং শিল্পে সংকট সেটা কতটা Relief দেওয়া যায় এ সম্পর্কে একটা tripartite বৈঠক ডাকলে ভাল হয়।

Shri Gour Chandra Kundu : স্যার, আপনার অনুমতি নিয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলা একটা ঘাটতি জেলা আপনি জানেন যে জেলার অবস্থা হচ্ছে বাজারে কোন চাল নেই, শহরে রেশানে কিছু কিছু চাল দেওয়া হচ্ছে, কিন্তু গ্রামাঞ্চলে, কলোনী বা ক্যাম্পে চাল দেওয়া হচ্ছে না। সেখানে বাজারেও চাল নেই বা Ration এও চাল নেই। তার ফলে লোকেরা একটা ভীষণ দুর্দশায় পড়েছে। এ বিষয়ে মন্ত্রীসভায় দৃষ্টি আকর্ষণ করছি। কালকে নদীয়া জেলার অবস্থা সম্পর্কে একটা বিশেষ সিদ্ধান্ত নেবেন। আমি বলবো সেখানে Ration 2 K. G. করে চাল গম দিন না হয় বর্দ্ধমান থেকে চাল আনবার ব্যবস্থা করুন কর্ডন তুলে দিয়ে না হলে Rationএও দেবেন না বাজারে ও পাওয়া যাবে না। 2 K. G. করে চাল নিয়ে এলে পুলিশ ধরবে জেলে ভর্ত্তি করবে এই যে অবিচার চলছে আশা করি এটা বিবেচনা করবেন।

GOVERNMENT BILL

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee

[2-40—2-50 p. m.]

Shri Manoranjan Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার অধিবেশনে এই দ্বিতীয় বিল নিয়ে আমরা আলোচনা করছি। ইতিমধ্যে একটা বিল ভোটের জোরে কংগ্রেসপক্ষ পাশ করিয়েছেন, সে হচ্ছে ইউনিভারসিটি সংক্রান্ত বিল। সেই বিলটি যারা পেছন থেকে টীকি ধরে টেনে তৈরী করিয়েছিলেন, তাঁরাই কিন্তু এই C.M.P.O. বিলটি তৈরী করে দিয়েছেন। তাঁরা যখন অনুমোদিত করলো, তখনই আমাদের মন্ত্রীসভা দয়া করে বললেন আর দেখতে টেখতে হবে না—মহাপ্রভুরা যখন তৈরী করে দিয়েছেন, তখন আর দেখার প্রয়োজন নাই। সেই আমেরিকা আমাদের এই মহাপ্রভু। আমরা এখানে বাস করছি—চাল গমের জন্য চেয়ে ছিলাম আমেরিকার দিকে এতদিন, এখন আবার জলের জন্য আমাদের দেশের ময়লা পরিষ্কারের জন্য আমেরিকার প্রতি চেয়ে থাকতে হবে। এটা জাতি হিসেবে অত্যন্ত লজ্জাজনক। কিভাবে এই বিলকে আমাদের প্রতিবাদ করতে হবে জানি না। এর সূত্র ধরে কেবল আমেরিকান বিশেষজ্ঞরা এখানে আসবেন, তা নয়, তাদেরই অনুমতি নিয়ে এই বিল এই বিধানসভায় আজ আলোচনা হচ্ছে। এই বিল নিয়ে সিলেকট কমিটিতে কী হয়েছে তা নিয়ে আর এখানে আলোচনা করতে চাই না। কিন্তু দেখা গেল বিলটাকে মন্ত্রীসভা সিলেকট কমিটিতে পাঠিয়ে দিলেন। যেহেতু আমেরিকার বিশেষজ্ঞরা বিদেশ থেকে এই বিলটি তাঁরা অনুমোদন করে দিয়েছেন, কাজেই এই বিল নিয়ে আর আলোচনা করবার কোন প্রয়োজনীয়তা এই মন্ত্রীসভা বোধ করেন নাই। তাঁরা সোজাসুজি এটাকে সিলেকট কমিটিতে পাঠিয়ে দিলেন। আমরা দেখেছি এমন কি—মন্ত্রীসভার পূর্ণ সদস্যও এই বিলের বহু ধারায় আপত্তি জানিয়েছেন সিলেকট কমিটিতে। এই আমেরিকার কাছে

আমাদের টিকি পর্যন্ত ধার রাখতে হচ্ছে। আমরা দিনের পর দিন সমস্ত ব্যাপারে তাদের কাছে বাঁধা পড়ে যাচ্ছি। তার আর একটা নিদর্শন হচ্ছে এই Metropolitan Water and Sanitation Authority Billটি। আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয় যেটা একদিন দেশের গৌরব ছিল, সেটাও তাদের কাছে বাঁধা দিয়ে দিলাম। আর এবার কলকাতার জলের ব্যবস্থা, স্বাস্থ্যের ব্যবস্থা তাদের কাছে বাঁধা দিয়ে দিচ্ছি। কারণ তাঁরা নাকি টাকা দেবেন। সামান্য টাকা তাঁরা দিচ্ছেন। বিশেষজ্ঞদের যা কিছু খরচ, আসা থেকে সুরু করে তাঁদের নিজেদের দৈনন্দিন খরচ যা পড়বে তাও আমাদের বহন করতে হবে, আমাদের দেশবাসী যাঁরা tax দেবেন তাদের। কাজেই এই বিলের মুখ্য বিরোধিতার প্রাথমিক কারণ হচ্ছে কেন আমেরিকান বিশেষজ্ঞদের ডেকে এনে, তাঁদের কাছ থেকে টাকা ধার নিয়ে শেষ পর্যন্ত সমস্ত টাকা আমাদের tax-payerদের দিতে হবে। কেন দিতে হবে? তার প্রতিবাদ আমি প্রথমে করতে চাই। এই বিল সম্পর্কে আমরা নীতিগতভাবে এই বিলের বিরোধী।

দ্বিতীয়ত: হচ্ছে এই বিলটি যে তাঁরা অনুমোদন করে দিয়েছেন তা বোঝা যায় কি করে? বোঝা যায় এই বিলটি দেখলে আপনি বুঝবেন এই বিলটিতে একটি bureaucratic control-এর ব্যবস্থা করা হয়েছে। এই বিলের bureaucratic control সম্পর্কে সামান্য যে পরিবর্তন হয়েছে সিলেকট কমিটিতে, তাতে তার বিশেষ কিছু তারতম্য হয় নাই। তবু যদি এই C.M.P.O. গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হতো, জনসাধারণের টাকার দ্বারা পরিচালিত হতো, তাহলে নিশ্চয়ই আপত্তি করতাম না, ধারাগত ভাবে বলতাম এখানে পরিবর্তন করুন, ঐখানে পরিবর্তন করুন। এই বিলের পেছনে দেখা যাচ্ছে আমেরিকার উপর সম্পূর্ণ নির্ভর করে থাকতে হচ্ছে। তাদের উপর ভরসা করে, তাদের মনমত আমলাতান্ত্রিক কন্ট্রোল বা bureaucratic control সম্পূর্ণ হতে পারবে। এখন আমলাতান্ত্রিক যে কন্ট্রোল তার সম্পর্কে পরে আসছি। এই বিলের আরো বিশেষত্ব যে জন্য আমরা তার বিরোধিতা করতে বাধ্য হচ্ছি তা হচ্ছে এর tax burden.

আমাদের দেশের জনসাধারণ, কলিকাতার যে মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত এবং কলকাতার যে বস্তিবাসী এবং তার আশপাশে ঐ বজবজ থেকে আরম্ভ করে কাঁচরাপাড়া পর্যন্ত, সেখানে যে হাজার, হাজার, লক্ষ, লক্ষ, রিফিউজি পূর্ববাংলা থেকে আসছেন, তারা কোনরকমে একটা কুঁড়েঘর তুলে বাস করছেন, সরকারের কাছ থেকে লোন নিয়ে, তাদের উপরে কত পরিমাণ ট্যাক্সের বোঝা ধার্য করা হবে, সেটা ভেবে, এখন থেকে আমরা আতঙ্কিত হচ্ছি। এর পরিনাম এই দাঁড়াবে যে, কলকাতা শহর বলতে আমরা যা বুঝি, ক্যালকাটা কর্পোরেশনের অধীনে যাঁরা আছেন, শুধু তাঁরাই নন, ঐ যে ২২টা মিউনিসিপ্যালিটি জড়িত করে দেওয়া হল, সেই মিউনিসিপ্যালিটিগুলির যাঁরা অধিবাসী, যাঁরা ট্যাক্স দেন, যাঁরা একখানাই খুব ছোট-খাটো বাড়ী করে বাস করছেন, বা সেই সমস্ত পূর্ববঙ্গের অধিবাসী, যাঁরা বাস্তুহারা হয়ে এখানে এসে কোনরকমে একখানা কুঁড়েঘর তুলে আছেন, তাদের উপরে এমন ট্যাক্সের বোঝা বসান হবে, যাতে তারা আরও দূরে চলে যেতে বাধ্য হবে। আমি জানি না, কবে তাদের সমুদ্রে গিয়ে বসবাস করতে হবে, কিনা? ট্যাক্সের ব্যবস্থা করা হচ্ছে, ঐ কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি বিলে তা বেশ পরিষ্কার করে, খুব ভালভাবে লেখা আছে। সেখানে বলা হচ্ছে যে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির ট্যাক্স যা আছে, সেটা কিছুটা কমবে। সেটা কতটা কমবে, তা আমরা বুঝি, খুব ভাল ভাবেই জানি। যাঁরা বর্তমানে কর্পোরেশনের কাউন্সিলার, তাঁরা এই বিলের ছত্রে, ছত্রে বিরোধিতা করেছেন। কংগ্রেস দল, তাঁরা কর্পোরেশনে আছেন, তারা জানেন যে কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলি, তারা water tax আলাদা ভাবে নেন না, sanitation এর উন্নতির জন্য যে ট্যাক্স, সেটা তাঁরা আলাদা ভাবে নেন না। এইগুল যদি তাঁরা বাদ দেন, তাহলে তাঁদের যে আয় থাকবে, সেই আয়ে একটা কর্পোরেশন বা মিউনিসিপ্যালেটি চলতে পারে না। কাজেই কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি ঝগড়া করবেন সি, এম, পি, ও, কিংবা সরকারের সঙ্গে, যে কতটা ট্যাক্স তাঁরা কমাবেন, কি কমাবেন না।

তারা যে বেশী ট্যাক্স কমাতে পারবেন না, সেটা আমরা জানি। যতটুকু কমাবেন সি, এম, পি, ও, ঠিক ততটুকু বসাবেন ট্যাক্স, মোটেই তা নয়। সি,এম,পি, ও, ট্যাক্সের হিসাব ধরে নিয়েছেন, যে ঐ জমির valuation হিসাবে, ১৫ শতাংশের উপর ট্যাক্স ধার্য করা হবে। তারা যদি garbage বা ময়লা জঞ্জাল পরিষ্কার করেন, তাহলে ঐ valuation এর শতকরা পাঁচ ভাগের উপর ট্যাক্স ধার্য করা হবে। কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলি এখন যা ট্যাক্স নিচ্ছেন, সেই ট্যাক্স থেকে ১৫ ভাগ বাদ দিয়ে নিচ্ছেন। তাঁরা যেটা নিতে পাচ্ছেন, সেটা তারা এইভাবে নিচ্ছেন না। তারা যেটা নিচ্ছেন, সেটার assessment তাঁরা করবেন। সেটার assessment এবং valuation আবার নূতন করে, হিসাব করে, সি, এম, পি, ও, থেকে করা হবে। যদিও কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি একবার assessment করে দিয়েছেন এবং প্রতি বছর assessment করে যাচ্ছেন। এই assessment, যেটা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি করেছেন, সেই assessmentএ হবে না। Assessment করবেন আবার সি, এম, পি, ও, নূতন করে তাদের উপর ট্যাক্স বসানর জন্য। জমির ও বাড়ীর valuation এর উপর 15 per cent এবং অন্যান্য বিষয়ের জন্য 5 per cent, অর্থাৎ 20 per cent এর উপর, ট্যাক্স বসাবেন। তাছাড়া, এর উপর আবার water charges এবং water surcharge এবং sewerage charge আছে। তাহলে কয়টা charge বা ট্যাক্স হল? একটা হল তাদের administration এর জন্য ট্যাক্স, এবং অন্যান্য capital expenditure এর জন্য 15 per cent of the valuation এর উপর ট্যাক্স। তারপরে garbage পরিষ্কার করবার জন্য 5 per cent garbage tax, অর্থাৎ 20 per cent of the valuation এর উপর tax, এবং তারপরেও আবার water tax যাও নেবেন, তার কোন percentage valuation এর উপর দেওয়া হয় নাই। এটা আমরা ধরে নিচ্ছি যে, যেমন জল খরচ করবেন, তার উপরে, সেইরকম ভাবে charge হবে, ট্যাক্স হবে। কিন্তু ঐ per gallon water এর জন্য কত ট্যাক্স ধার্য করা হবে, সেটা যেহেতু এই বিলের মধ্যে নেই, যেহেতু ঐ আমলাদের হাতে এর ক্ষমতা ছেড়ে দিচ্ছেন—লক্ষ, লক্ষ জনসাধারণের ভাগ্য, তাদের হাতে ছেড়ে দিচ্ছেন, যে তারা ঠিক করে দেবেন যে per gallon water এর জন্য কত চার্জ দিতে হবে। তারা বললেন ২০০ বছর যখন গিয়ে পৌঁচাবে, তখন তাঁরা কলকাতার জন্য, কলকাতা কর্পোরেশন এলাকার জন্য 60 gallon জল, এবং কর্পোরেশন এলাকার বাইরে 50 gallon জল দিতে পারবেন বলে, তারা মনে করছেন, বা আশা করছেন।

[2-50—3 p. m.]

কলকাতা শহরের লোককে জল সরবরাহ করার জন্যও আজকে তাঁদের আমেরিকার কাছে টাকা ধার করতে হচ্ছে, এবং একদিন আমেরিকা এই দেনার দায়ে ওঁদের টিকি কেটে নিয়ে যাবে। কিন্তু সেটাও সামলাতে হবে আবার জনসাধারণকে। আমাদের দেশে engineer ছিলো না, তাঁদের উপর কেন ভরসা করতে পারছেন না? বিদেশ থেকে বিশেষজ্ঞদের এনে তাঁদের মাসের পর মাস বসিয়ে রেখেছেন, এবং তাঁরা plan করে চলেছেন। আজকে ধরুণ, Calcutta Corporation-এ assessment হচ্ছে, যারা tax-payer তারা Councillor-দের গিয়ে বলতে পারে এই ট্যাক্সটা অন্যায্য হয়েছে, এটা সম্পর্কে পুনর্বিবেচনা করা হোক। কিন্তু কাল যখন সম্পূর্ণ ভাবে আপনাদের হাতে চলে যাবে তখন তাদের উপর যে water-charge ধরা হবে তার বিরুদ্ধে যদি কিছু বলারও থাকে তাহলেও তাঁরা আপনাদের কাছে যেতে পারবে না। বড় বড় আমলাদের কথা ছেড়েই দিলাম, Assistant Secretary পর্যায়ের আমলাদের সংগে দেখাসাক্ষাৎ করতে গেলেও ৩।৪ দিন লেগে যায়। Councillor, Commissionerদের কাছে যখন ইচ্ছা সাধারণ মানুষ যেতে পারে, তাঁদের উপর চাপ দিতে পারে, তাঁদের উপর demand করতে পারে, কিন্তু আপনাদের কাছে এটা হবার উপায় নাই, তাঁদের কাছে গিয়ে দুটো কথা সাহস করে বলবে এমন অবস্থা আমাদের দেশে এখনো হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, bureaucratic control

সম্পর্কে আমাদের তীব্র বিরোধিতা আছে। শৈলবাবু বল্লেন এখন আর bureaucratic control নাই, কারণ General Council-কে majority করছেন। ৫০ জনের General Council-এ ১৬ জন সরকারী nominated অথবা তাঁদের appointed লোক, তাঁদের কোন ক্ষমতা নাই। কিন্তু শেষ পর্যন্ত দেখা যাবে আরো অধিক সংখ্যক সরকারী লোক গিয়ে পৌঁছাবেন—এবং তার ব্যবস্থাও তাঁরা করে রেখেছেন। সুতরাং অন্যান্যরা আপত্তি করলেও সেই আপত্তি টিকবে না, bureaucratic control-এর লোক যাঁরা তাঁদেরই বাজেট পাশ হয়ে যাবে। ৬ জন Board of Directors আমি আশ্চর্য হয়ে গেলাম ৭ জন কেন করা গেল না। যাই হোক Select Committee যেভাবে এসেছে সেটা মেনে নিয়েছেন, ভালই করেছেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, এই Assembly থেকে কেন একজন Board of Directors-এ যেতে পারবেন না, পারবেন না? Chairman সম্পর্কে বলা হয়েছে যে তিন জনকে সরকার appoint করবেন সেই appointed Directors-দের থেকে একজনকে Chairman করতে হবে, এবং তাঁর নির্দেশানুযায়ী কাজ হবে। আরো দেখুন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, bureaucratic control-এর যিনি Chaiaman হবেন তিনি একজন আমলা, তাঁর অধীনে যাঁরা Corporation থেকে, এখান থেকে, elected হবেন, তাঁরা কাজ করবেন। Chairman-এর আবার casting vote থাকবে। এই Board of Directors একজন General Manager appoint করবেন, এবং সেই ম্যানেজার এক হাজার টাকা পর্যন্ত মাইনের কর্মচারী নিয়োগ করবেন, কেন তাঁকে এত ক্ষমতা দেওয়া হচ্ছে? তারপর, আর একটা ব্যাপার দেখুন, এর মধ্যে বিরোধের বীজ বপন করা হয়েছে। একটা বড় বাড়ীর plan ঠিক হল, প্রথমে হয় তো Corporation-এর পক্ষ থেকে inspection-এর জন্য লোক গেল, তাঁকে কিছু দিতে হবে, CMPO থেকে inspection করতে যাবেন আর একজন, তাঁকেও কিছু দিতে হবে নতুবা তিনি বলবেন water, sanitation ইত্যাদি ঠিক হয় নি। এরপর আমি একটা কথা জিজ্ঞাসা করি, এই bureaucratic control-এ মিউনিসিপ্যালিটিগুলিকে এবং Corporationগুলিকে কেন নিয়ে আসা হচ্ছে। সমস্ত এলাকা নিয়ে একটা Co-ordinated Committee হোক আমরাও এটা চাই, কিন্তু এটা আমরা চাই না যে, একটা Co-ordinated Committee-র হাতে সমস্ত ক্ষমতা দেওয়া হোক। একটা democratic body, তার যত বদনামই থাকুক, তার উপর জনসাধারণ চাপ দিতে পারে। সেই জন্যই কি এই স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির ক্ষমতা হরণ করা হচ্ছে? ওঁরা যেভাবে এই বিল নিয়ে এসেছেন তাতে আমাদের মনে আর বিন্দুমাত্র সন্দেহ নাই যে, মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশানগুলির অবলুপ্তি ঘটানোই ওঁদের উদ্দেশ্য। আস্তে আস্তে এভাবে আমলাদের হাতে ক্ষমতা চলে যাবে এবং এও হয়তো আমাদের দেখতে হবে যে, শৈলবাবুদের সরিয়ে দিয়ে একজন মিলিটারী এসে ক্ষমতা পরিচালনা করছেন।

[3-3-10 p.m.]

Shri Panchu Gopal Bhaduri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আমি একটা অবজারভেশন করতে চাই। আমি সত্য সত্যই খুব ঘাবড়ে গিয়েছি যে এতখানি ইমপর্টেন্ট বিল সম্বন্ধে হাউসের একটা মাইনোরিটি অংশ, একের তিন অংশেরও কিছু কম, শুধু আমরা বিরোধী সদস্যরা আলোচনা করছি, গভর্নমেন্ট পার্টির কোন সদস্য আলোচনা করছেন না, আমার আশংকা হচ্ছে হয়ত কোথায় কোন রেজিমেনটেশন হয়েছে, ষ্টীম রোলারিং হয়েছে, মুখ বন্ধ হয়েছে, তাই একপক্ষের ডিনায়েল অব সিভিল রাইটস করে যে বিলটার আলোচনার রচনা হয়েছে সেই বিল সম্পর্কে আমি খুব আশংকার সংগে বলতে সুরু করেছি। কংগ্রেস পক্ষের সদস্যরা আমার বক্তব্যের পরে মুখ খুললে আমি খুব খুসী হবো। আমি আমার বক্তব্য মূল তিনটি পয়েন্টের উপর রাখছি। প্রথম হচ্ছে এই বিলের যে অরিজিন সে সম্পর্কে শৈলবাবু যে কথা বলেছেন সে কথা অন্তঃসারহীন। এই বিলের অরিজিন যদি হতো যে আমাদের দেশে এই মেট্রোপলিটন এরিয়া, এই সমস্ত কর্পোরেশন

এবং মিউনিসিপ্যালিটির ওয়ার্কিং সম্পর্কে ডেমোক্রাটিক ফাইণ্ডিং কি সরকারের কোন এ্যাসেসমেণ্ট তার ভিত্তিতে যদি হতো তাহলে উন্নতির জন্য অন্য রকম ব্যবস্থা হতো। আমরাত জানি বহুদিন ধরে চেষ্টা হচ্ছিল আমি যে এলাকা থেকে এসেছি সেই এলাকায় একটা গ্রুপিং অব মিউনিসি-প্যালিটিস করার। এই যে সমস্ত মেট্রোপলিটন এরিয়া মিলিয়ে একটা অথরিটি করার ফলে কি একটা ড্রেনেজ সিসটেম হবে? তার ফলে কিছুতেই একটা ড্রেনেজ সিসটেম হতে পারবে না। তার ফলেতে কোন সিংগিল অথরিটি করলেও তার মধ্যে ডিস্প্যারিটি থাকবে, খণ্ড খণ্ড থাকবে। কাজে কাজেই আমরা যখন মনে করেছিলাম গংগার এপার ওপার, গংগার পশ্চিম পারের জমি স্লোপিং, ঢালু হচ্ছে পূর্ব থেকে পশ্চিমে, আর গংগার পূর্ব পারের জমি হচ্ছে পশ্চিম থেকে পূর্বে, সেখানে উত্তর দক্ষিণের যে টপগ্র্যাফি, জমির যে গঠন, তার যে ঢাল তার মধ্যে অনেক ব্যতিক্রম আছে। তার জন্য কোন ইউনিফায়েড ড্রেনেজ সিসটেম, কোন ইউনিফায়েড ওয়াটার সাপ্লাই সম্ভব নয়, সেটা সম্ভব লোকালাইজড্ ভাবে, খণ্ড খণ্ড ভাবে। তার জন্য অনেকটা র‍্যাশানালি মিউনিসিপ্যালিটিকে, একাধিক মিউনিসিপ্যালিটিকে, একত্র করে ইকনমিক ইউনিট তৈরী করে তার জন্য নূতন আধুনিক ব্যবস্থা করা যেতে পারতো যদি এর অরিজিন হতো ডেমোক্রাটিক। যদি এর অরিজিন হতো ডিমোক্র্যাটিক, আমাদের সয়েলেতে তাহলে সেটা সেইভাবে হতো। ক্যালকাটা কর্পোরেশনের ইমপ্রুভমেণ্ট-এর অন্য ব্যবস্থা, অন্যভাবে অর্থ সংগ্রহ আর এই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিকে গ্রুপিং করে তাদের মোর ইকনমিক ইউনিট করে সেই ব্যবস্থা করার দিকে এটা প্রসিড করতো কিন্তু তা করেনি। শৈলবাবুর নিজেরও একটা ডিমোক্র্যাটিক অতীত আছে, ব্যাকগ্রাউণ্ড আছে, তিনি একটা বৃহৎ মিউনিসিপ্যালিটির বহুদিন চেয়ারম্যান ছিলেন, তিনি মিউনিসিপ্যালিটির ডিমোক্র্যাটিক ওয়ার্কিং জানেন, তিনি জানেন হাওড়া মিউনিসিপ্যালির যে সমস্যা তা সমাধান করতে গেলে হাওড়া হিসেবে দেখে করতে হবে, সমগ্র এরিয়া দেখে করতে গেলে হবে না। কাজে কাজেই সমস্ত মিউনিসিপ্যালিটির ভিতরে অনেকটা স্বাতন্ত্র আছে, অনেক ডিস্প্যারিটি আছে, তাকে সেপারেটলি, পৃথকভাবে সলভ করতে হবে, তা না করে এই রকম একটা ওভারঅল অথরিটি খাড়া করার এই আইডিয়া শৈলবাবু যা বলছেন তা নয়, এটা এসেছে বিদেশীদের কাছ থেকে, তাদের গোয়েন্দাগিরির তাগিদে। আমি আপনাকে ১৯৬১ সালের ৩১শে জুলাই, সোমবারের নিউ ইয়র্ক টাইমস্-এর একটা নিউজ বেরিয়েছে, সেটা আমার কাছে আছে, পড়ে শোনাচ্ছি, তাতে এই কথা আছে যে ফোর্ড ফাউণ্ডেশন এক্সপার্ট পাঠাবেন। আপনারা জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও জানেন যে আমেরিকা যখন এক্সপার্ট পাঠায় তাদের বিভিন্ন স্কীমের মারফত তখন আসলে তারা পাঠায় গোয়েন্দা, গোয়েন্দা পাঠায় ভাইটাল পয়েণ্ট দেখবার জন্য। খুব একটা হাসির কথা শৈলবাবু বলেছিলেন যে ওয়ার্লড ব্যাংকটা আমাদের ব্যাংক। আমার জেরোমকেজেরমএর 'থ্রি মেন-ইন এ বোটের' গল্পটা মনে পড়ছে, স্যার, আপনারও নিশ্চয় মনে আছে, সেই যখন নৌকোতে সফর করার সময় হট পট তৈরী করার জন্য ঐ তিন ব্যক্তি কিছু কিছু জিনিস অ্যাড করলেন সেই হট পটে তখন একটা কুকুর ছিল, সেই হট পটে তারও ইচ্ছা হল আমারও কিছু মাইট কনট্রিবিউট করা উচিত, তাই সে তার পশ্চাৎ দেশ থেকে কিছু কনট্রিবিউট করলো। উনি বলছেন ওয়ার্লড ব্যাংকে ভারতবর্ষও কনট্রিবিউট করে, আমেরিকাও কনট্রিবিউট করে, কাজে কাজেই আমাদের টাকা আমরা পাচ্ছি। এই লজ্জার কথা, হাস্যজনক কথা তিনি না বললেও পারতেন, এটা ছেলে মানুষি কথা। আসল কথা হচ্ছে আমেরিকা তার গোয়েন্দা পাঠাচ্ছে, তাগিদ দিচ্ছে এবং তাগিদের জন্য উইথ প্রিসিপিটেড হেষ্ট, নির্লজ্জ ব্যস্ততার সংগে তাড়াতাড়ি করবার চেষ্টা এই বিলে হয়েছে। সেদিক থেকে এই বিলের অরিজিন সম্বন্ধে যে কথা আমি প্রথম পয়েণ্টে বলতে চাই সেটা হচ্ছে এটা মোটেই ডিমোক্র্যাটিক অরিজিন নয়, পপুলার অরিজিন নয়, আমাদের সেল্ফ গভর্নমেণ্ট ইনিষ্টিটিউনস্এর মধ্যে থেকেও নয়, আমাদের মন্ত্রী সভার মধ্যে থেকেও নয়, তার বাইরে একটা এজেন্সী তার নিজের পারপাস সিদ্ধ করার জন্য এই বিলটা অরিজিনেট করেছে। তাই এই সম্পর্কে প্রথমে বলতে চাই ১৯৬১ সালের ৩১শে জুলাই

নিউ ইয়র্ক টাইমসএ যে সংবাদ বেরিয়েছিল তার থেকে ধারাবাহিকতা লক্ষ্য করা যেতে পারে আজ পর্যন্ত যে এই বিলের দ্বারা কলকাতা শহরকে যে সুন্দর করা হচ্ছে সে কলকাতা শহর আমাদের নয়, কলকাতা, একটা ইনডিজিনাস পপুলেশন যারা কলকাতাকে ভাল বেসেছে, গড়েছে, সুখে দুঃখে কলকাতাতে থেকেছে, তাদের ড্রাইভ আউট করে বড় বাজার কিম্বা কোন এলায়েড কোয়াটার ম্যালিগন্যান্ট ক্যানসারস গ্রোথের মত সমস্ত কলকাতা শহরে বড় বড় বিল্ডিং, স্কাইস্কেপার দখল করে ফেলবে সেই কলকাতা তৈরী করবার জন্য এই বিলটা হয়েছে এবং এই ইনডিজিনাস পপুলেশন তারা সারাউনডিং এরিয়ায় স্লামে থাকবে, তাদের স্লাম লাইফে পার্শিচুয়াল ব্যবস্থা হবে এবং কলকাতা শহরকে সেইজন্য বিউটিফাই করা এই সমস্ত লোকের জন্য হবে না, হবে স্পেশাল একটা ক্লাস লোকের জন্য যাদের এজেন্সী হিসাবে, যাদের কেপ্‌ট গভর্নমেন্ট হিসাবে আমাদের এই মন্ত্রীসভা হয়ত কাজ করছেন। সেদিক থেকে আমি বলবো এই কাজটা আমাদের জনগণের কোন স্বার্থসিদ্ধ করবে না। তৃতীয় কথা হচ্ছে যখন একটা মন্ত্রীসভা দেশের বৃহৎ ধনী শ্রেণীর জন্য একটা বিউটিফুল নগরী করার কথা ভাবেন, দেশের লোকের কাছ থেকে ট্যাক্স স্কুইজ আউট করে সেই নগর থেকে ড্রাইভ আউট করে একটা নগরী করার কথা ভাবেন এবং তার জন্য বিদেশী অর্থ সাহায্য নেন, বিদেশী সাম্রাজ্যবাদী গোয়েন্দাদের গোয়েন্দাগিরি করার সুবিধা করে দেন তখন কি হয়, তখন ডিমোক্র্যাসি বিকামস্‌ এ ক্যাজুয়েলিটি, ডিমোক্র্যাসি তখন মারা যায়। প্রথমে ডিমোক্র্যাসি মারা যায় সাধারণভাবে, তারপর ডিমোক্র্যাসি মারা যায় কংগ্রেসের মধ্যে ইনার পার্টি ডিমোক্র্যাসি। সংগে সংগে দেখতে পাচ্ছি মিথনিসিপ্যালিটিতে বেশীর ভাগ কংগ্রেসের নির্বাচিত সদস্যরা মেজোরিটি, সেই মিউনিসিপ্যালিটিকে তাঁরা বিশ্বাস করেন না, এমন কি এই বিলের মধ্যে যে জেনারেল কাউন্সিল হয়েছে যাকে বিশ্বাস করে ক্ষমতা দেওয়া উচিত ছিল, তাতে যদিও মেজোরিটি হবে কংগ্রেসমেন আজকের যেভাবে, তবুও তাদের হাতে সেখানে ক্ষমতা দেওয়া হয়নি। কেননা তাদের একটা ডিমোক্র্যাটিক ব্যাকগ্রাউণ্ড আছে, তারা ইলেকটেড হয়ে আসছে, তার জন্য একটা অসম্ভব ভীতি এই বিলের মধ্যে দেখা যাচ্ছে। এই ভীতি কার? এই ভীতি আমার মনে হয় কংগ্রেসের থাকার কথা নয় আজকের সেট-আপে—কারণ কাউন্সিলে কংগ্রেসের খুব সিকিওর্ড মেজোরিটি। কারণ কংগ্রেসের ভয় হচ্ছে অন্যরকম ভয়, অন্ততঃ আমি একথা মুক্তকণ্ঠে বলতে পারি ভয়ের প্যাঁচে কংগ্রেস পাটির সাবমিট করা উচিত নয়। আমরা বিরোধীপক্ষ বহুকালই আপত্তি করছি কংগ্রেসপক্ষ সম্পূর্ণ সাইলেন্ট, তাঁদের এই যে সাইলেন্স সেটাও একটা প্রতিবাদ বলে আমরা ধরে নিচ্ছি এবং সেই সাইলেন্স নীচের স্তরে, কর্পোরেশনের মেয়র, এক্স মেয়র বিভিন্ন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান তাঁরা সাইলেন্ট নন, তাঁরা ভোকাল, তাঁরা ভোকালি প্রতিবাদ করেছেন। তাঁরা যেখানে লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের মধ্যে একটা ডিমোক্র্যাটিক রাইট এতদিন ভোগ করে আসছিলেন সেখানে তার থেকে ডিপ্রাইভড হচ্ছেন বলে প্রতিবাদ জানিয়েছেন এবং সেই প্রতিবাদ আমরা কিভাবে জানাবো, না আমরা নিশ্চয়ই এই বিলটাকে গ্রহণ না করে রিজেক্ট করবো, এই বিলকে গ্রহণ করার অ্যাটিচিউড কিছুতেই হতে পারে না। আমি খুব খুসী হতাম যদি কংগ্রেস বেঞ্চ থেকে উঠে দাঁড়িয়ে তাঁদের মনের কথা বলতেন যে মনের কথা কংগ্রেস চেয়ারম্যান, ক্যালকাটা কর্পোরেশনের মেয়র, এক্স-মেয়র বলেছেন, যে মনের কথা শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বলেছেন, সেই কথা বলবার জন্য পার্মিশন দেওয়া উচিত ছিল। মিঃ স্পীকার, স্যার, আমি আপনাকে অনুরোধ করবো কোন পার্টি হুইপ ছাড়া, কোন পার্টি ম্যানডেট ছাড়া ভোটিংএর সময় যেন দেখা না যায় কারা ভোট দিচ্ছে এইভাবে যেন ভোট নেওয়া হয়। কেননা আমি আশা করছি এবং এই বিশ্বাস রাখছি যে এই বিল সম্পর্কে প্রতিবাদ আজো অ্যাসেম্বলীতে মুখর হয়ে উঠেনি বটে, বাইরে মুখর হয়ে উঠেছে। এই সম্পর্কে প্রতিবাদ মুখর হয়ে উঠা দরকার। কেন না এই বিল শুধুমাত্র আমাদের কলকাতার পিপলকে ড্রাইভ আউট করছে না, শুধুমাত্র ডিমোক্র্যাসিকে মারবার সূচনা করছে না, এটা একটা ফরেন ইমপিরিয়ালিজিমের কাছে সেমলেস ওপেন সাবমিশন, যে সাবমিশনের জন্য তাঁরা বহুদিন আগেই

ডিমাণ্ড রি-ইটারেট করেছেন '৬৫ সালের শেষ দিকে যে এই সেসনের ভিতরে এই বিল সমাপ্ত না করলে টাকা দেবেন না। তাই হাত কচলাতে কচলাতে শৈলবাবু প্রেসিপিটেটলি ঝাঁপিয়ে পড়েছেন এই বিলকে রাসথ্রু করার জন্য। এই বিলটি it deserves to be thrown out. কাজে কাজেই বিলের আমি সর্বতোভাবে বিরোধীতা করছি—করে যে সার্কুলেশন মোসন আছে তাকে আমি সাপোর্ট করছি।

[3-10—3-20 p. m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Sir, I rise in support of my circulation motion. In the introductory speech the Hon'ble Minister repeatedly assured us that this Bill has not been brought due to failure and incompetence of the existing local bodies. It is not due to their inefficiency that water-supply and drainage of the Calcutta Metropolitan area had not improved during the last 18 years. The Government has also to share the responsibility for the same. Works of such magnitued could not have been carried out by these Municipalities with their fragmented efforts and technological short-comings. This is very true. But is this the whole truth or is there something else? That is the question. Or there is something behind it, some hidden power manipulating from behind the curtain to create an absolute authority, over and above these municipalities to control things in Greater Calcutta. Is the Calcutta of nightmares, Calcutta of processions or of agitations? What is the use of this Bill that we are discussing when Howrah continues to stink and the Government is totally callous about it? While the Hon'ble Minister was indulging in platitudes on the floor of the Assembly, his spokesman *the Statesman*, the so-called friend of India, came out with a stinking editorial in which it described as "proved incompetents" the Councillors of Calcutta Corporation, the members of the municipalities and the zilla parishads. This has let the cat out of the bag which reminds me of Dr. Jekyll on the floor of the Assembly and Mr. Hyde in the columns of *the Statesman* two faces of the same force. I have seldom missed the editorial columns of this distinguished paper but I do not remember to have seen anything more stinking and insolent than this editorial during the post independence days. The *Amrita Bazat Patrika* of today has also hastened to join the same band wagon with a similar stinking editorial. I wish Shri Tarun Kanti Ghosh was here to note it. If the Hon'ble Minister was at all sincere about his platitudes for the self-governing institutions he could establish the same which he did not do. He could have formed the C.M.P.O. authorities with the representations of these local bodies, the municipalities or the local bodies concerned, and nominated a few engineers and experts. Instead he chose to do the command performance

at the dictates of the World Health Organisation, Ford Foundation and the World Bank. He proudly declared that India was also a member of the World Health Organisation. True, but at what end? Who calls the tune and who pays the piper—although only a pittance. This World Bank showed its insolence in financing the Haldia Port, which even our pro-American Government found it difficult to swallow. This World Bank has recently examined the workings of our Third Five-Year Plan and handed over a scathing criticism to the Government of India specially in the field of agriculture. They are tremulously examining this criticism. They have to explain to the satisfaction of the World Bank soon, otherwise the meeting of the Aid India Club with respect to the aid for the Fourth Five-Year Plan will be delayed indefinitely. This is blackmail. This is not aid with mere strings, but with hanging ropes which will go on strangling all our efforts to independent growth. These are the forces that have dictated this Bill, and have demanded that this absolute authority must be created with full legal safeguards, before any money can be sanctioned, granted or advanced. Already lakhs of rupees have gone down the drain before the preliminary CMPO survey report has seen the light of the day. Foreigners have pried into many of our vital sectors. Aerial photographs are in their possession for the use of our enemies perhaps when required, and now they demand to be retained in the Project itself as various sorts of Consultants perhaps for sabotaging the whole thing in the long run. All this is dangerous high-handedness, specially in the present circumstances. The angry and hasty rush in pushing this Bill through the Legislature is meaningful. Any delay is resented as was faithfully voiced by the same 'Statesman' editorial which ruefully says "On November 12 the Bill went to Select Committee. On December 8 it was denounced by a special meeting of the Calcutta Corporation and on December 13 by the Congress Municipal Association. Two days later the West Bengal Municipal Association was deciding to hold an anti-Bill Convention. Some Councillors talked of mass resignation or even a march on Delhi. But instead of welcoming all this as a sign that it was at last doing its job, the Ministry seemed to quail before their puny thunder." This is the audacious comment of the 'Statesman'. I wonder how the Ministry cherishes this wanton insult. But this was the blatant way to put to the public that the Ministry was doing some unique, democratic feat by processing this Bill into its present form through the Select Committee. Nothing of the sort. The Board with the Chairman's casting vote remains all powerful. The General Council with the elected majority now remains an ineffective advisory body only. The World Health Organization, the Ford Foundation and the World

Bank will have their show and not the sewerage, not the Metropolitan Authority, but the poor people of the metropolitan area will go down the drain. That is way I propose that this heinous conspiracy should face the bar of public opinion.

Sm. Ila Mitra : মাননীয় স্পীকার মহাশয়, যুক্ত কমিটি পার হয়ে যে বিলটি আমাদের সামনে এসেছে এই বিলের বিরোধিতা করবার জন্য আমি উঠেছি। প্রথমত শৈলবাবু তাঁর প্রাথমিক বক্তৃতায় বলেছেন যে এই বিল সম্বন্ধে আমি বিশেষভাবে অ্যাসিওরেন্স দিচ্ছি যে ডবল ট্যাক্সেসন হবে না, অটনমিকে কার্টেল করা হবে না এবং গণতন্ত্র সম্পূর্ণভাবে বজায় রয়েছে এবং কলকাতাকে একটা সুন্দর নগরীরূপে রচনা করবার জন্য একটি পরিকল্পনা নিয়ে এই বিল উপস্থিত করা হয়েছে। আমি তাঁর সমস্ত যুক্তিগুলিকে খণ্ডন করে আমার বক্তব্য রাখতে চাই। প্রথম কথা হচ্ছে তিনি যে কথা বলছেন যে ট্যাক্সেসন হচ্ছে না—সমস্ত বিল পড়ে আমার কাছে যা মনে হয়েছে, যে মেট্রোপলিটন এরিয়ার অধিবাসীরা ২০০১ সালে মাথাপিছু ৫০ গ্যালন করে জল হয়তো পেতে পারে—কিন্তু এই বিল পাশ হবার পরে কি জল সরবরাহ ব্যবস্থা, কি ময়লা নিষ্কাসনের ব্যবস্থা, কি পরিবহন ব্যবস্থা, কি বাসস্থানের ব্যবস্থা, কি শিক্ষা ব্যবস্থা এই সমস্তের যে কতখানি উন্নতি হবে এই বিল পড়ে তা কিছুই আমরা আশা করতে পারছি না। কিন্তু ঐ উন্নতির পরিবর্তে শহরের মানুষের উপর অনেক পরিমাণে ট্যাক্সের বোঝা বেড়ে যাবে এটাই আমাদের মনে প্রথম আঘাত করেছে এবং ওখান থেকে শৈলবাবু যে অ্যাসিওরেন্স দিলেন তাঁরকথার কোন যুক্তি আমরা খুঁজে পাচ্ছি না।

[3-20—3-30 p.m.]

এবং আর একটা জিনিস আমার মনে হচ্ছে যেভাবে সাধারণ ভাবে কর্পোরেসান এবং Municipality অধীনে সাধারণ মানুষ পথ, শিক্ষা, জল ইত্যাদির জন্য tax দিয়ে থাকে এ আইন পাশ হলে আরো অনেক বেশী করে তাদের tax দিতে হবে কোন কোন বিষয়ে Double taxation হয়ে যাবে। অথচ কতটা যে উন্নতি হবে তা কে জানে। এই কলকাতা নগরী সম্পর্কে স্বর্গীয় প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু এবং আরো অনেকে ভারতবর্ষের গণতন্ত্রের বিপদ বলে কলকাতা শহরকে যে ইঙ্গিত করেছিলেন সে কলকাতা শহরের কতটা উন্নতি হতে পারে তার কোন আশা এ বিলের মধ্যে নেই। উপরন্তু জনসাধারণকে আরো taxএর বোঝায় জর্জরিত করা হবে এটাই বেশ বুঝতে পাচ্ছি। হয়তো শৈলবাবু বলেছেন যে বুরোক্রেটিক কনট্রল যাই থাক না আমি দেখছি সামান্য যে গণতন্ত্র এদেশে আছে সে গণতন্ত্রকে কিভাবে চাপা দেওয়া যায় তার একটা পরিণতি এইভাবে এ বিলকে উপস্থিত করা হয়েছে। যেখানে স্বয়ত্ব শাসনমূলক যে প্রতিষ্ঠান রয়েছে সেখানে যে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান এবং ক্ষমতাকে সর্বোতোভাবে সংকুচিত করে কার্টেল্ করে একটা বুরোক্রেটিকের হাতে এ সমস্ত স্বায়ত্ব শাসনমূলক প্রতিষ্ঠানকে সোঁপে ছেড়ে দেওয়া হচ্ছে। সেদিক থেকে বিস্তৃত আলোচনা না করে বলতে চাই এই বোর্ড অফ ডায়রেকটার্স যেটা হচ্ছে সেটাই এই প্রতিষ্ঠানের সর্বে সর্বা জিনিস এই Board of Directprs সাধারণ মানুষের প্রতিনিধি দ্বারা নির্বাচিত হচ্ছে না। সেখানে গভঃএর ৩ জন মনোনীত Board of Directors এ যাচ্ছেন এবং বাকি ৩ জন জোনাল কাউন্সিল থেকে আসছেন তাঁরাও পরোক্ষভাবে নির্বাচিত হয়ে আসছেন এবং ৩ জন Board of Directorsএর মধ্য থেকে Govt. একজনকে মনোনীত করবেন Chairman হিসাবে। যে Chairmanএর অধীনে Board of Directors এবং General পরিষদ কাজ করবে অর্থাৎ Government বিশেষ একজন মনোনীত ব্যক্তির অধীনে সমস্ত Corporation এবং Municipality নির্বাচিত প্রতিনিধি এবং General Councilএর যে সমস্ত ব্যক্তি নির্বাচিত হয়ে আসবেন তাঁরা এবং Board of Directors যে সমস্ত প্রতিনিধি আসবেন তারা সকলেই বাধ্য করবেন।

একে যদি Bureaucratic Control না বলি তাহলে কাকে বলবো জানা নেই। দ্বিতীয়ত: এর মধ্যে যে General Manager এর কথা হয়ে রয়েছে অর্থাৎ Chief Executive Officer তিনি Board of Directors থেকে নির্বাচিত হবেন এবং তার নির্বাচনের ব্যাপারে General Council কোন কথা বলতে চাইবে Board-এর আমরা বিরুদ্ধে নই কিন্তু সেই Board যদি সেইভাবে হত Corporation এর যেমন Standing Committee ইত্যাদি বিভিন্ন কমিটি গঠিত হয় সেইভাবে যদি বোর্ড গঠিত হত তাহলে গণতন্ত্র প্রতিষ্ঠিত থাকতো। কিন্তু এইভাবে সরকারী মনোনীত ব্যক্তি মাথায় বসিয়ে দিয়ে সমস্ত Municiple প্রতিনিধিদের তার অধীনে রেখে শৈলবাবু কি ধরনের গণতন্ত্র উপস্থিত করেছেন তা বুঝতে পারছি না। তারপর সাধারণ পরিষদে যে ৫০ জন প্রতিনিধির কথা বলেছেন তারমধ্যে ১৬ জন হবেন Govt. মনোনীত। কিন্তু Govt. এর ১৬ জন মনোনীত প্রতিনিধি তারা কি রকমের expert যে তারা Govt. মনোনয়ন নিয়ে আসছেন। Corporation এবং Municipality-এর যে নির্বাচিত প্রতিনিধি তারা পৌর সুযোগসুবিধা দেবার জন্য জনসাধারণের ভোটে নির্বাচিত হয়ে আসছেন। তাদের উপর ১৬ জনের কি বিশেষ গুণ থাকবে যে তারা Govt. মনোনীত হয়ে আসছেন, নির্বাচিত না হয়ে যে General Council এ। তিন জন Board of Directors এর মধ্যে Govt. কর্তৃক মনোনীত Board তাঁর কথা অনুযায়ী কাজ করবে। এইভাবে তারা জনসাধারণ প্রতিনিধিদের বিষয়টিকে ক্ষতিগ্রস্থ করছেন। এদিক থেকে এটা একবার ভেবে দেখুন। দ্বিতীয়ত: ২০ জন Corporation এবং Municipal প্রতিনিধির ব্যবস্থা করেছেন। সেখানে আমরা দেখছি যে সর্বসমেত Corporation এবং Municipality মিলে এটা ৩৫টা। এই ৩৫টা যদি হয় তা হলে সেখানে ২০ জন—এখন যেটা শুনছি ২৫ জন করেছেন এই ২০টি Municipality থেকে ১২ জন প্রতিনিধি আনবেন। তাহলে প্রায় ৩২টা Municipality এর ১২ জন প্রতিনিধি আসছেন এবং তাহলে ২০টা Municipality এর unrepresented অর্থাৎ সেখানকার কোন প্রতিনিধি General Council এ যাবার সুযোগ পাচ্ছে না। কলকাতা এবং হাওড়া থেকে যথাক্রমে ৬ জন এবং ২ জন প্রতিনিধি আসবেন। যে কারণে এখানে proportional election ব্যবস্থা নেই কারণ বিরোধীতা সত্বেও যে সমস্ত Corporation এবং Municipality রয়েছে তাদের এই General Councilএ আসবার সুযোগ দিচ্ছেন না এই বিলের মধ্য দিয়ে অন্যদিক থেকে আমরা দেখছি যে পুঁজিপতিদের পক্ষ থেকে Chamber of Commerce এর একজন প্রতিনিধি General Council এ নেওয়া হচ্ছে। অর্থাৎ পুঁজিপতিদের বক্তব্য যাতে ভাল ভাবে Represented হয় Capitalist দের বক্তব্য যাতে Represented হয় সেটাই দেখেছেন। সাধারণ মানুষ তাদের সুখ-সুবিধার কথা যেটা, সেটা সেখানে represented হোক এটা Govt. চান না। সেজন্য Trade Union এর কোন প্রতিনিধি General Councilএ নেই। আমাদের শৈলবাবু বলেছেন যে এ বিষয়ে আন্তরিকতার দরকার। তিনি তার গদগদ কণ্ঠে বলেছেন যে আমরা চাই গণতন্ত্রের মধ্য দিয়ে দেশের উন্নতি হোক। তা যদি হত তা হলে নিশ্চই এটা অন্যভাবে চিন্তা করতেন, অন্য ব্যবস্থা করতেন। আমরা দেখেছি যে Bombay Corporation যে রয়েছে সেই Corporation এ সাধারণ পৌর সুখসুবিধা ছাড়াও যানবাহন, বিদ্যুৎ ইত্যাদির তারা ব্যবস্থা করে থাকেন। সমস্ত Municipal এবং Corporation এর প্রতিনিধিদের নিয়ে একটা co-ordination কমিটি করে তাদের পক্ষ থেকে একটা Board নির্বাচিত হলে সেই Board অন্যান্য বিভিন্ন বিভাগ তাতে সৃষ্টি হতে পারে এবং এইভাবে যদি করতেন তাহলে বুঝতাম যে খানিকটা গণতন্ত্রের প্রতি আস্থা রেখেছেন। প্রথম কথা হচ্ছে যে World Bank নিয়ে এত কথা হচ্ছে বৎসর বৎসর ধরে লক্ষ লক্ষ টাকা খরচ করে যে মার্কিন বিশেষজ্ঞ কলকাতায় আনা হচ্ছে সেটা না করে কলকাতার উন্নতি যদি করার ইচ্ছাই থাকত Govt. এর তাহলে সাধারণ মানুষের কাছে তারা সেইভাবে আন্তরিকতার পরিচয় দিতে পারতেন এবং সাধারণ মানুষ সে অর্থ দিতেন এবং যা বাকী থাকতো সেটা

কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে নিয়ে এবং আমাদের দেশের expert নিয়ে এটা করা যেত। কিন্তু তা না করে বিদেশী expert এর কথা ভেবেছেন। দেশী expert নিয়ে যদি আমাদের কলকাতা শহরের উন্নয়নের ব্যবস্থা করতেন, বিদেশী expert যেটার কথা বলছেন সেটা কেন নিতে হবে জানি না সেটা না নিয়ে করলেই ভাল হত। World Health Organisation, বিশ্ব ব্যাংকের ঋণে C. M. P. O.-এর নামে, মার্কিন বিশেষজ্ঞদের নামে, মার্কিন দালালদের হাতে, দেশ সঁপে দেবার ব্যবস্থা যদি না করতেন, যদি সামান্যতম আন্তরিকতা থাকত, যদি সুখসুবিধা Metropolitan সংস্থার নামে যে আমলাতান্ত্রিক সংস্থা গঠিত হবে এই বিলের মাধ্যমে তার অধীনে গিয়ে দেখা যাবে যে করপোরেশান এবং মিউনিসিপ্যালিটি তার নির্বাচিত প্রতিনিধির সঙ্গে যারা আমলাতান্ত্রিক প্রতিনিধি তাদের সঙ্গে সব সময় একটা ঝগড়া লেগে থাকবে যার ফলে জনসাধারণ কোন সুযোগসুবিধা পাবে না। তাঁরা যখন সরকারের কাছে নালিশ করতে যাবেন তখন সরকার কি করবেন তার ঠিক নেই। সেদিক থেকে দেখলে দেখা যাবে যে সমস্ত দিক থেকে একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হবে। কাজেই পৌর জন জীবনের সুখসুবিধা দেবার ব্যবস্থা না করে আরও বেশী Tax ধার্য করবার ব্যবস্থা এই বিলে হয়েছে। কাজেই অন্য দিকে Municipal এবং Corporation ইত্যাদিকে বিলোপ করে দেবার পদক্ষেপ, তার ক্ষমতাকে খর্ব করবার চেষ্টা এই বিলে দেখা যাচ্ছে। তৃতীয়তঃ বিদেশী সাহায্যের নামে ব্রিটিশ এবং মার্কিনের সাহায্য নেওয়া অথচ তাদের যেরূপ আমরা ভারত-পাক যুদ্ধের সময় দেখেছি তাতে আমরা বুঝতে পেরেছি যে মার্কিন এবং ব্রিটিশ আমাদের কি রকম বন্ধু কাজেই আজকে যে বন্ধুরা আসছে কলকাতার উন্নতি করতে হবে এই বলে তার জন্য কলকাতার expert, কলকাতার মানুষ না নিয়েই তারা কলকাতা শহরের উন্নতি করবেন কারা না মার্কিন বন্ধুরা—মার্কিন বিশেষজ্ঞরা যাঁরা পাকিস্তান এবং ভারতের যুদ্ধের সময় আমাদের শত্রুর হাতে প্যাটর্ন ট্যাঙ্ক এবং সাবারজেট দিয়েছিল সেই বন্ধুদেরই আমন্ত্রণ করে ডেকে আনছেন।

[3-30—3-40p.m.]

তাঁরাই এসে আমাদের এই কলকাতার ভাগ্য নিয়ন্ত্রণ করবেন। এই ভাবে, শৈলবাবু আমাদের দেশকে মার্কিন যুক্তরাষ্ট্রের হাতে তুলে দিচ্ছেন। মার্কিনীদের এত দিনের যে চক্রান্ত, সেই চক্রান্তকে সফল করবার দিকে নিয়ে যাচ্ছেন এই বিলের মাধ্যমে। সেদিক থেকে সমস্ত মিলিয়ে দেখা যাচ্ছে যে—একদিকে জনগণের উপর ট্যাক্সের বোঝা অত্যধিক বাড়বে। দ্বিতীয়তঃ হচ্ছে গণতন্ত্রকে একেবারে বলি দিয়ে, এখানে bureaucratic control-এর রীতিমত ব্যবস্থা হবে। তৃতীয়তঃ বিদেশী সাহায্যের নামে, মার্কিন বিশেষজ্ঞদের নিয়ে আসার নামে, যারা আমাদের প্রচণ্ডতম শত্রু, সেই শত্রুর হাতে আমাদের দেশকে তুলে দেবার জন্য প্রথম পদক্ষেপ হিসাবে এই বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে। সেইজন্য আমি সর্বান্তঃকরণে এই বিলের বিরোধিতা করছি।

Shri Aswini Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কলিকাতার অধিবাসী নই, অথচ কেন এই বিলের উপর বলতে উঠলাম ? কারণ, এই বিলটি হচ্ছে একটা model, যে model-এ ভবিষ্যতে যে কোন অঞ্চলের উন্নয়ন হবে, একই ধাঁচে সেগুলি করা হবে। কাজেই এই মডেলের মধ্যে দুট উদ্দেশ্য রয়েছে। একটা হচ্ছে যে, কলিকাতার ৬০ লক্ষ লোকের জল সরবরাহ, স্বাস্থ্য রক্ষার জন্য, এবং দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে, এই যে ৬০ লক্ষ লোককে কি পরিমাণ ট্যাক্স বহন করতে হবে।

এখন এই model যখন তৈরী হবে এবং তা পাশ হবে, তখন এই model-এ অন্য জায়গাতেও উন্নয়ন করা সম্ভব হবে, অদূর ভবিষ্যতে, এই পরিকল্পনা আমাদের রয়েছে। বেশী দূর নয়, নর্থ বেঙ্গলে, আবার ঐ রকম একটা Metropolitan Planning Organisation হবে। আসানসোলে, দুর্গাপুর Metropolitan Planning Organisation হয়েছে, এবং সেইসব

organisation গুলকে এই model-এ চালান হবে। এখন, কেন চালান? ইতিপূর্বে ঐযে পৌর আইনগুলি ছিল, সেই পৌর আইনগুলির ভিতরে, ক্যালকাটা কর্পোরেশনের ভিতর যে পৌর আইন ছিল, সেই আইন সংশোধন করার সঙ্গে সঙ্গে সেই একই আইনের ধাঁচে হাওড়া মিউনিসিপ্যাল বিল তৈরী হল। কিছুদিন বাদে বাকী যে পৌরসভাগুলি আছে, যা এখনও পর্যন্ত ঐ ধরণের মডেলে অন্তর্ভুক্ত হয় নাই, সত্বর সেই সব পৌরসভার আইন সংশোধন করে, ক্যালকাটা মিউনিসিপ্যাল আইনের model-এ আইন তৈরী করা হবে। সেইজন্য আমার যেটা আশঙ্কা একই মডেলে Asansol Durgapur Planning Organisation যেটা গড়ে উঠেছে, সেটাকে উনি সাজাবেন। সে ক্ষেত্রে দেখতে হবে এই model-এর ভিতরে মূলত কি আছে? দেখা যাচ্ছে যে সেদিন শৈলবাবু বলেছেন যে আমি জন-স্বাস্থ্য রক্ষার জন্য এই সংগঠনটা তৈরী করছি। আমি এই জন্য, Calcutta Metropolitan Water and Sanitation Authority বিলটা নিয়ে এসেছি। তাই যদি উদ্দেশ্য হয়, তাহলে দেখা যাবে যে জনস্বাস্থ্য রক্ষার জন্য যারা বিশেষজ্ঞ, সেই বিশেষজ্ঞ, এর মধ্যে কয়জন আছেন। যাঁদের উনি মনোনিত করেছেন, সেই মনোনিতদের ক্ষেত্রে দেখা যাবে অধিকাংশই হচ্ছেন, যাঁরা এই ধরণের বিশেষজ্ঞ নন। কেবলমাত্র দুইজন technologist থাকছেন, স্বাস্থ্য দপ্তরের একজন থাকছেন, আর একজন ইন্জিনিয়ার থাকছেন। এই চারজন, ঐ এগার জন মনোনয়নের ক্ষেত্রে থাকছেন। সে ক্ষেত্রে উনি যদি করতে পারতেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণে যে সমস্ত ইন্জিনিয়ারিং কলেজ আছে, বা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণে যে সমস্ত মেডিকেল কলেজ আছে, বা যাদবপুর Technological Institute আছে, বা Sibpore Technological Institute রয়েছে, এই সমস্ত ইন্জিনিয়ারিং এবং মেডিকেল কলেজের representative যদি উনি এর মধ্যে রাখতেন তাহলে বুঝতে পারতাম, সত্যিকার ওঁর যে লক্ষ্য, কলিকাতার লোকের স্বাস্থ্য রক্ষার জন্য এই বিলটি মনোনিত করেছেন, তা পূর্ণ হবে। কিন্তু তা নয়। এই বিলের মধ্যে সমস্ত ex-officio Secretary ঢুকিয়ে দেওয়া হচ্ছে। তাই জনস্বাস্থ্য বা technology-র দিক থেকে আপনি যা বলছেন তা অবান্তর।

দু'নম্বর কথা হচ্ছে—উনি এর মধ্যে Chamber of Commerce-এর প্রতিনিধি রাখলেন। কিন্তু এই ডাক্তারদের বা চিকিৎসকদের যে সর্বভারতীয় প্রতিষ্ঠান, যে Organisation আছে, যাদের এই Health বা স্বাস্থ্য সম্পর্কে একমাত্র অভিজ্ঞতা আছে সেই Indian Medical Association তার পশ্চিমবাংলায় যে শাখা আছে, তার প্রতিনিধিত্ব তো উনি নেন নাই। তাহলে সত্যিকার জনস্বাস্থ্য রক্ষার জন্য যাতে bureaucratic ব্যবস্থা না হয়, যাতে কোন অগণতান্ত্রিক ব্যবস্থা এর মধ্যে না হয়, উনি সেই পদ্ধতি তো এখানে গ্রহণ করেন নাই। মন্ত্রি মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন—এটা অগণতান্ত্রিক কোথায়? আমি তো মিউনিসিপ্যালিটিগুলি থেকে ২০ জনের জায়গায় ২৫ জন প্রতিনিধি নিচ্ছি। সেই প্রতিনিধি নিলেই কি তা গণতান্ত্রিক হলো? গণতান্ত্রিক করতে গেলে যাঁরা অভিজ্ঞ পারদর্শী, তাঁদের মধ্য থেকে প্রতিনিধিত্ব নেওয়া উচিত। তাহলে বুঝতাম আপনি গণতান্ত্রিক করেছেন। কারণ সেই ধরণের দৃষ্টিভঙ্গী না থাকার জন্য উনি বলা সত্বেও আমি বলবো যে এটা undemocratic হয়েছে। উনি আরো অনেক কথা বলেছেন। এই বিদেশী যে সমস্ত Technolagists বা expert নিয়ে আসছেন এটা আমার কোন দরকার নাই। আমাদের ঐ ফরাক্কা ব্যারেজ তৈরী হচ্ছে আমরা কিছুদিন আগে সেটা দেখতে গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম তরুণ ইঞ্জিনীয়ারের দল, যে তরুণ যুবকরা—যারা কিছুদিন আগে কলেজ থেকে পাশ করে ইঞ্জিনীয়ার হয়ে বসেছেন, তাঁদের অনেকে ইতিমধ্যে Executive Engineer হয়ে গেছেন। যেটা ব্রিটিশ আমলে ১৫/১৬ বছর চাকরী করবার পরে হতো, সেই পদে যেত, আজ বহু সংখ্যক যুবক সেই সমস্ত দায়িত্বপূর্ণ পদে বহাল রয়েছে। নূতন অভিজ্ঞতার ভিত্তিতে সেখানে তাঁরা তৈরী করছেন ফরাক্কা ব্যারেজ। কাজেই এই ধরণের ভারতবর্ষে যে technologist, expert আছেন, বা যে সমস্ত skilled

personnel আছেন, যাঁদের অভিজ্ঞতা আছে, তাঁদের ডেকে নিয়ে এসে যদি তাঁদের দিয়ে এই ধরণের পরিকল্পনা করতেন, তাহলে এই যে ব্যয়বহুল বিদেশী expert নিয়ে আসার যে মাথাভারী পরিকল্পনা করা হচ্ছে, এটা করার দরকার হত না। এই মাথাভারী ধাক্কাটা শেষ পর্যন্ত গিয়ে পৌঁছুবে গরীব জনসাধারণের ঘাড়ে। সে ক্ষেত্রে উনি যে ট্যাক্সের কথা বলছেন যে কলকাতার লোককে যে বহু ট্যাক্স দিতে হবে। ইতিপূর্বে বলা হয়েছে কলকাতা মিউনিসিপ্যাল Act অনুযায়ী শতকরা ২৫ ভাগ ট্যাক্স পৌরসভার জন্য দিতে হবে। তারপর উনি যেটা করছেন, তাতে Water, Sanitation, Garbage ইত্যাদির জন্য আবার আলাদাভাবে ট্যাক্স দিতে হবে। আবার হয়ত কিছু দিন পরে যখন Slum Clearance Bill উঠবে, তখন দেখা যাবে তার মধ্যে Development Levy বলে কথা আছে। সেখানে levy 20% দিতে হবে। তাহলে দেখুন tax-এর পরিমাণ কলকাতার লোকের কি রকম ভাবে বাড়ছে। তার উপর দেখুন এই ট্যাক্সের মধ্যে কোন রকম তারতম্য রাখেন নাই। বৃহত্তর কলকাতা বলতে কি বুঝি? যেখানে এই Metropolitan Water and Sanitation Bill প্রয়োগ হবে। হাওড়া ও তার আশেপাশের মিউনিসিপ্যালিটিগুলিও এর মধ্যে আসছে। যারা Village Panchayet, Anchal Panchayetএর আওতায় ছিল, যাদের ট্যাক্সের পরিমাণ সর্বোচ্চ শতকরা দু ভাগ ছিল, সেখানে আজকে তাদের কোন উন্নয়ন না করে, তাদের কোন জনস্বাস্থ্য রক্ষার কাজ না করে, তাদের জল সরবরাহ না করে, একই মচেলে কলকাতার লোকের সংগে সাঁকরাইল ইত্যাদি যে সমস্ত অঞ্চলের লোক যারা কয়দিন আগে হাওড়া মিউনিসিপ্যালিটির মধ্যে ঢুকেছে বা অন্যান্য মিউনিসিপ্যালিটির মধ্যে ঢুকেছে, সেই ধরণের ট্যাক্স তাদেরও দিতে হবে।

[3-40—4-5 p.m.]

কাজেই এই সুন্দর বৃহত্তর কলকাতা সাধারণ মানুষদের জন্য হবে না, এই কলকাতা হবে কলকাতার বড়বাজারে যেসব বড় বড় ব্যবসায়ী আছেন যাঁদের জন্য কলকাতার জমির আইন পরিবর্তন করা যায় না তাঁদের কলকাতা হবে। সেজন্যই আপনারা বিদেশীদের নিয়ে এসেছেন তাদের পরামর্শ নেবার জন্য, যে বিদেশীরা ভারতের বুকে ছুরিকাঘাত করতে কুণ্ঠীত হয় না। বাকী বিষয়গুলি সম্পর্কে আমি ধারাবাহিক আলোচনার সময় বলব। তবে এখন আমি শৈলবাবুকে একটি অনুরোধ শুধুমাত্র করব,—যেখানে technical ও technological লোকের কথা আছে সেখানে যেন medical college বা institution-এর representative রাখার ব্যবস্থা করেন। এই কয়টি কথা বলে আমি এই বিল জনমত সংগ্রহে প্রচারের জন্য যে দাবী করা হয়েছে সেই দাবি সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment]

[4-5—4-15 p.m.]

Shri Bhakti Bhusan Mandal : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার পূর্ববর্তী বক্তারা অনেক গুরুত্বপূর্ণ কথা বলেছেন, তাহলেও আমি এই বিলের Salient Features সম্বন্ধে মোটামুটিভাবে কিছু বলার চেষ্টা করব। প্রথম কথা হচ্ছে, আমাদের ভেবে দেখতে হবে যে, democratic way-তে নির্বাচিত কোন body যদি তার ক্ষমতা অপব্যবহার করে তাহলে তার হাতে ক্ষমতা ছেড়ে দিতে পারা যায় কিনা, election অর্থাৎ জনসমষ্টি যাঁদের ভোট দিয়ে নির্বাচন করবে তাঁদের উপর নির্ভর করতে পারা যায় কিনা, তা তাদের পরাধীন করে রাখাত হবে, বা একটা high body-র ক্ষমতা দিয়ে democratic way-তে যাঁরা নির্বাচিত হয়েছেন তাঁরা তাঁদের উপর আধিপত্য করবে এই জিনিসগুলি আদর্শগতভাবে, এই বিষয়গুলি ভেবে দেখতে হবে।

যদি মনে করা যায় তাঁরা নির্বাচিত হবার পর সুষ্ঠুভাবে কাজ করছেন না, অতএব তাঁদের সরিয়ে দিতে হবে। তাহলে সেটা State Govt. এর ব্যাপার বলে গণ্য হবে কিনা সেটাও ভেবে দেখতে হবে। যদি local body অন্যায় করেন এবং নির্বাচিত প্রতিনিধিরা comptent হন তাহলে প্রথমেই তাঁদের সরিয়ে দেওয়া উচিত বলে মনে করি। কিন্তু এখানে একটা মৌলিক প্রশ্ন এসে যায় যে, যারা election-এর দ্বারা নির্বাচিত হয়েছেন তাঁদের এইরকম করে সরিয়ে দেওয়া যায় কিনা, অনেক মিউনিসিপ্যালিটি বা Corporation-ই inefficient, সব জায়গায় তারা সুষ্ঠুভাবে কাজ করতে পারেন না এসব আমি অস্বীকার করছি না, কিন্তু আমার প্রশ্ন হল, তাদের penalise করা হবে কি নির্বাচিত প্রতিনিধিদের সরিয়ে দিয়ে? এই যদি হয়, তাহলে আজকে যাঁরা State Govt. এ নির্বাচিত হয়ে এসেছেন তাঁদের inefficieny-র কথা কারোর অবিদিত নয়, কিন্তু তাঁদের ক্ষমতা কেড়ে নেওয়ার জন্য আইন State Govt. করতে পারেন কিনা, অর্থাৎ State Govt. এভাবে নিজেদের annihilation করতে পারেন কিনা? তা যদি তাঁরা না পারেন তাহলে এটা করার কোন অধিকার তাঁদের নাই। আজকে পশ্চিমবঙ্গ State Govt -এর inefficiency ও comptence সম্পর্কে কিছু বলাই বাহুল্য। কিন্তু in spite of that এই Govt কে সরিয়ে দেবার মত ক্ষমতা কোন high body-র নাই। In this light যদি আমরা consider করি তাহলে বলব এই আইনটা ঠিক হয় না। কেন ঠিক হয় না? এটা এজন্যই বলছি নির্বাচিত প্রতিনিধিদের তাহলে কি অধিকার, কি ক্ষমতা থাকবে? তহসিল আদায় করা ছাড়া আর কি অধিকার থাকলো? দুটো মিউনিসিপ্যালিটিকে তুলে দিয়ে একটা master plan করে এই সমস্ত elected body করার পর এটা কিভাবে administered হবে এই যদি পরিকল্পনা করতেন আমাদের State Govt. আমরা বুঝতাম এর মানে আছে। State Govt. বলছেন মিউনিসিপ্যালিটি বা Corporation এর খানিকটা ক্ষমতা থাকবে, কিন্তু Supreme ক্ষমতা থাকবে nominated members এবং committeeর। কিন্তু যখন আমরা অ্যানালেসিস

[4-15—4-25 p. m.]

করি, স্ক্যান করি কোন একটা বিলের তখন আমরা তার ভিতরে দেখি একটা ভীষণ লোলুপ অবস্থা, সেটাতে কি করে স্টেট গর্ভর্নমেন্ট পাওয়ারটাকে সেন্ট্রালাইজ করতে পারেন সেই ব্যবস্থা থাকে অথচ মুখে বলেন গান্ধীজীর পরিকল্পনা রূপায়িত করতে চলেছি। আজকে আমরা সি, এম, পি, ও, বিলটাতে দেখছি সমস্ত ক্ষমতা স্টেট গভর্নমেন্টের আওতারে চলে যাচ্ছে এবং খানিকটা যে পাওয়ার ঐ যাঁরা রিপ্রেজেন্টেটিভ ইলেকটেড হয়ে আসছেন তাঁদের হাতে থাকলেও আলটিমেট একজিকিউশন করার পাওয়ারগুলি সমস্ত চলে যাচ্ছে স্টেট গভর্নমেন্টের হাতে ইনডাইরেক্টলি। কারণ তাঁরা সেটা অ্যাডমিনিস্টার করতে পারবেন থ্রু দি ডিরেক্টারস্। ডিরেক্টার সম্বন্ধে অনেক বন্ধু বলেছেন আমি আর সে সম্বন্ধে বলতে চাই না, আমি শুধু এইটুকু বলতে চাই যাঁরা ইলেকটেড হয়ে আসছেন তাঁদের উপর ইনটারফেয়ার করাটা ঠিক হবে কিনা এটা ভেবে দেখা দরকার। নইলে মিউনিপিপ্যাল অ্যাক্ট, কর্পোরেশন অ্যাক্ট অ্যাবলিশন করে দিন, অ্যাবলিশন করে ৩২টি মিউনিসিপ্যালিটি এবং দুটি কর্পোরেশন নিয়ে একটা মাষ্টার প্ল্যান করে একটা বডি বা অথরিটি করুন, সেই বডিটাই এই সমস্ত লোকদের দ্বারা ইলেকটেড হয়ে তাঁরা একটা বোর্ড ফর্ম করবেন, করে ভাল করুন আর মন্দই করুন আমাদের তাতে আপত্তি থাকবে না। সেজন্য বলছি এই বিলটাকে খরলি রিক্যাষ্ট করা যায় কিনা সেটা একটু ভেবে দেখুন। আর একটা পয়েন্ট আমি বলছি সেটা হচ্ছে এই যে তিন জন টাকা দেবে, এর মধ্যে একজন হচ্ছে ফরেনার, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আর একজন হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট, এবং আমাদের স্টেট গভর্নমেন্ট। আর পিপিলের কাছ থেকে তা সত্বেও কত নেওয়া হবে সে সম্বন্ধে স্পেসিফিক্যালি আমাদের অ্যাসেম্বলীকে কি জানান হয়েছে? যদি না জানান হয়ে থাকে তাহলে আমরা কিভাবে এই বিলটাকে সমর্থন করতে পারি? কারণ একটা জিনিস সম্বন্ধে অ্যাসেম্বলী কে ডার্ক রেখে, যেটা ফাইনান্সিয়াল সাইড সেটা যদি ঠিকভাবে আমাদের জানান না হয় তাহলে এইভাবে বিলটা করার কি প্রয়োজনীয়তা আছে

আমরা বুঝতে পারলাম না। কেন না আজ পর্যন্ত কি পলিসি হবে, কি মাস্টার প্ল্যান হবে সেটা অ্যাসেম্বলীতে এলো না অথচ একটা বিল পাশ হয়ে যাচ্ছে। কি অথরিটি হবে, কে ক্ষমতা একজিকিউট করবে, কিভাবে করবে, কত টাকা দেওয়া হবে, কোনটাই আমাদের কাছে আসেনি। সেজন্য বলছি এই বিলটা আনার আগে আমার মনে হয় এটা অ্যাসেম্বলীর কাছে দেওয়া উচিত ছিল। আর একটা কথা বলতে হচ্ছে সেটা হচ্ছে প্র্যাকটিক্যালি এই বিল আনার জন্যে আমাদের মিউনিসিপ্যালেটি এবং কর্পোরেশনের কি কি কাজ ছিল এবং কি কি কাজ থাকবে সেটা আমি বুঝে উঠতে পারছি না। মিউনিসিপ্যালেটির প্রথম দায়িত্ব এডুকেশন, ওয়াটার সাপ্লাই, সুয়ারেজ মোটামুটি খানিকটা রাস্তা তৈরি করার ব্যাপার অব স্যানিটেশন ছিল। আমি বলছি মেনলি যে ফাংশন সেই ফাংশনগুলি হচ্ছে একস্পেট অ্যাডমিনিস্ট্রেটিভ ফাংশন—কোথায়ও ভোটার রোল তৈরী করতে হবে এগুলি হচ্ছে সেকেণ্ডারি ফাংশন, ডাইরেক্ট অ্যাণ্ড প্রাইমারী ফাংশন হচ্ছে যেগুলি আমি বলেছি সেগুলি। এডুকেশন আগেই চলে গিয়েছে, তারপরে ওয়াটার সাপ্লাই, সুয়ারেজ, যদি চলে যায় তাহলে কি থাকবে, এরা কি করবে? এই যে মিউনিসিপ্যালিটিগুলির যে টাকাগুলি খরচ হবে, তাহলে লোকাল সেল্ফ বডি যেগুলি আছে তারা কিজন্য থাকবে? টাকাটা অযথা ডিভাণ্ডভ্যান্টলি কি খরচ হবে না? এটা কন্সিডার করবেন। যদি মনে করেন এটা ঠিক হচ্ছে না তাহলে ইন দি লাইট অব দ্যাট এটাকে আবার চিন্তা করবেন। কারণ দেশের টাকা অযথা এইভাবে দুইভাবে ভাগ করে খরচ করতে দেওয়াটা উচিত হবে না। সি, এম, পি, ও, অথরিটিতে একটা বিরাট টাকা খরচ হবে, আবার ও দকে লোক্যাল অথরিটি থাকবে এবং সেই লোক্যাল অথরিটি যারা তারা ট্যাক্স কালেকশন করবে, যদি তা করতে না পারে তাহলে তাদের যে প্রপার্টি আছে সেটা এ্যাটাচ করা হবে, আমার মনে হয় এটা একটা অসম্মানজনক কথা বলা আছে। আমি মনে করি সেকশন ১৯(৪), ১৯ (১) (সি) এতে যা বলা আছে আমার মনে হয় এইগুলি আর একবার ভেবে চিন্তে দেখা উচিত এবং দেখার পরে যদি মনে করেন করা উচিত তাহলে করবেন কেন না আমরা বাধা দিলেও শুনবেন না। তারপরে যখন অসুবিধা হবে তখন আমাদের কথা শুনবেন। তাই আমি বলতে চাই এই বিলটা সিলেক্ট কমিটির কাছে প্লেসড হয়েছিল কিন্তু সমস্ত অ্যাসপেক্টস বিবেচনা করে অনেকেই বলেছিলেন, কারণ আমরা নোট অব ডিসেন্ট দেখেছি সেই সব মোটেই অ্যাক্সেপ্ট করেন নি। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে আর একবার ভেবে দেখুন, এত টাকা নষ্ট করতে যাচ্ছেন, একটা বিরাট সংগ্রামের সম্মুখীন হতে যাচ্ছেন, যাঁরা ইলেকটেড হচ্ছে তাঁরা লড়বে শেষ পর্যন্ত, কি হবে সেটা ভেবে দেখুন বিলটা পাশ করার আগে। এইজন্য নেসেসারী অ্যামেণ্ডমেন্ট করার প্রয়োজন আছে বলে আমি মনে করি এবং সেইজন্য আমি এই বিলটার সার্কুলেশন চাচ্ছি।

Shri Saila Kumar Mukherjee: মাননীয় সভাপাল মহাশয়, এই বিল উত্থাপন করবার সময় আমার প্রারম্ভিক বক্তৃতায় আমি এ্যান্টিসিপেট করেছিলাম যে কি কি বিষয়ে এই বিলের বিরোধিতা করবেন। আমি যে পাঁচটি বিষয় চিন্তা করেছি সেটা ছাড়া ছয়টি বিষয় ওঁরা বলতে পারেন নি, যার উত্তর আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় দিয়েছি, আবার জবাব দিতে গেলে পুনরাবৃত্তি হবে বলে বলতে চাই না। তথাপি ওঁরা কতকগুলি কথা উত্থাপন করেছেন যেগুলি অবাস্তব, যেগুলি তাঁদের না জানার জন্য বলেছেন, সেগুলি আমি মনে করি, সে সম্বন্ধে তাঁদের ভুল ভাঙ্গিয়ে দেওয়া উচিত। তাঁরা নিজেরাই স্বীকার করেছেন প্রায় প্রত্যেকে যে এই অথরিটির প্রয়োজনীয়তা আছে। তাঁরা স্বীকার করেছেন অনেকে যে সিলেক্ট কমিটিতে এই আইনটা অত্যন্ত গুরুতর পরিবর্তন সাধিত হয়ে গণতন্ত্রের দিকে একটা বিরাট পদক্ষেপ করেছে তথাপি তাঁরা অগণতান্ত্রিক সরকার, সরকার কুক্ষিগত করছেন, তাঁদের যে বাঁধা বুলি আছে সেগুলি সবাই ছেড়েছেন। সেজন্য আমার একটা কথা মনে পড়ে ইংরাজীতে আছে though vanquished argues still. তাঁরা দেখলেন সিলেক্ট কমিটিতে পরিবর্তন হবার জন্য বলতে কিছু হবে তাই বলছেন। একটা

কথা উঠেছে এই বিল সম্বন্ধে যে কলকাতা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির মতামত আগেই গ্রহণ করা উচিত ছিল এবং তাদের মত এখানে পরিবেশন করা দরকার সেই মত কথা ছিল। স্যার, আমি আপনার অবগতির জন্য বলতে পারি যে ওঁরা আমাদের বলেন আমরা অগণতান্ত্রিক, কিন্তু গণতান্ত্রিক পদ্ধতিতে সিলেক্ট কমিটির প্রথম দিনের অধিবেশনে ওঁদের সকলের পরামর্শ নিয়ে কলকাতা কর্পোরেশন এবং ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনকে এই বিলের মূল কপি পাঠিয়ে দেওয়া হয়, তাঁদের মতামত চাওয়া হয়। সেটা গণতান্ত্রিক নীতি অনুসারে—যদিও প্রয়োজন ছিল না, আইন করার ক্ষমতা মিউনিসিপ্যালিটিগুলির নেই, আইন করার ক্ষমতা বাংলা দেশের বিধানসভার, তথাপি যেহেতু মিউনিসিপ্যালিটির কাজ এই নূতন আইনের আওতায় আসছে সেহেতু তাঁদের মতামত সংগ্রহ করার প্রয়োজন। সংবাদপত্রে যে সব বেরিয়েছে তা আপনারা পড়েছেন। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যখন তাঁরা আলোচনা করছেন তখন তারা পুরোনো বিল নিয়ে আলোচনা করছেন, সিলেক্ট কমিটিতে যেটা পরিবর্তন হয়ে গেল সে সম্বন্ধে আলোচনা হয়নি। আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে ক্যালকাটা কর্পোরেশনের কর্তৃপক্ষ তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশ:ন এসেছিলেন, আমার সংগে আলোচনা করেছেন, তাঁরা যখন দেখলেন যে সিলেক্ট কমিটিতে এইরূপ একটা বৃহত্তর এবং গুরুতর পরিবর্তন সাধিত হয়েছে তখন তাঁরা সকলেই—যদিও কিছু কিছু আপত্তি যে ছিল না তা নয়, স্বীকৃতি দিয়ে গেলেন যে হ্যাঁ, আগের বিলের চেয়ে অনেকটা ভাল হয়েছে। সুতরাং আমরা অগণতান্ত্রিক নীতিতে চলিনি, গণতান্ত্রিক নীতিতে এই মিউনিবিপ্যালিটিগুলির এবং কর্পোরেশনের প্রতিনিধিদের সংগে আলোচনা করেছি। এই বিলের আলোচনাকালে অনেকে বলেছেন যে বড় বড় স্কাই স্ক্রাপার হবে, বড় বড় অট্টালিকা হবে—তাহলে গরীবদের কি হবে। আমার দুঃখ হয় যে এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে তাঁরা অচেতন। এই বিল তো অট্টালিকা নির্মাণও করবে না গৃহনির্মাণও করবে না স্কাইস স্ক্রাপারও করবে না—এই বিলের দ্বারা বড় বড় সড়কও নির্মাণ হবে না। এই বিলের দ্বারা বুল ওয়ার্ড অ্যাভিনিউ নিউইয়ার্ক ওয়াশিংটনের মত তৈরী হবে না। এই বিলের দ্বারা লেক 'বা প্লেগ্রাউণ্ড বা সুইমিং পুল তৈরী হবে না, তাদের কোন ক্ষমতা নেই। সুতরাং সেই কাজগুলি কর্পোরেশন মিউনিসিপ্যালিটির হাতে রইলো। নগরীকে সুন্দর সুশ্রী করে নূতন করে সাজিয়ে শহর ক আইনত মিউনিসিপ্যালিটির কাছ থেকে কেউ কেড়ে নিচ্ছে না। অনেকে বলছেন এই তিনটি নিলে মিউনিসিপ্যালিটির কি রইলো। আমার মনে হয় বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট বা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট কেউ ভাল করে পড়েন নি। তাদের অসংখ্য কাজ রইলো। যে কাজ তারা করতে পারছে না এখন—যেমন বাংলা দেশের লজ্জার কথা মিউনিসিপ্যালিটিগুলি শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা এখনও কিছুই প্রবর্তন করতে পারেন নি। তাঁদের হাত থেকে এই বোঝা নেমে গেলে তাঁরা প্রাথমিক শিক্ষার দিকে মন দিতে পারেন, জনস্বাস্থ্যের দিকে, রাস্তাঘাটের উন্নতির দিকে, বস্তী সমস্যার দিকে মন দিতে পারেন—সেদিকে কোন বাধা নেই।—কি নিচ্ছি?—জল, পয়:প্রণালীর ব্যবস্থা—কেন নিচ্ছি? ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেসন পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ জনস্বাস্থ্য বিষয়ে বিশেষজ্ঞের দল তাঁরা এসে বলেছিলেন যে কলকাতা এবং বৃহত্তর অঞ্চলে অপরিস্রুত এবং অসংস্কৃত পানীয় জলই হচ্ছে কলেরা উদারাময় এবং নানাবিধ অন্তর ব্যাধির উৎস। সেটা বন্ধ করতে হলে একটা সোরস্ থেকে সমস্ত পরিস্রুত পানীয় জল সরবরাহের ব্যবস্থা করতে হবে। সুতরাং যদি পানীয় জলের ব্যবস্থার উন্নতি হয় তাহলে তো বস্তীবাসীদের উপকারের জন্য—যাদের জন্য ওঁরা চোখের জল ফেলছেন। বড় লোকদের উন্নতির জন্য নিখিলবাবু বলেছেন যে এটা ধনীদের উন্নতির ব্যাপার হবে। আমি বলি কলেরায় মারা যাচ্ছে কারা—কলকাতা শহরের বড় লোকেরা, না, বস্তীর গরীবরা। উদারাময়ে মারা যাচ্ছে কারা? কলকাতা শহরের বড়লোকেরা না দরিদ্র বস্তীবাসীরা। যদি তাতে দরিদ্র জনসাধারণ, বস্তীবাসী জনসাধারণকে রোগমুক্ত করা যায় তাহলে এই বিলে যারা বলছেন বড় লোকদের সুবিধা হবে তারা এই বিলটি না পড়েই বলছেন, বলার খাতিরেই বলছেন। আমি তাঁদের পরিষ্কার বুঝিয়ে দিচ্ছি ড্রেনেজ এবং

ওয়াটার সাপ্লাই কলকাতার বড় লোকদের জন্য নয়, কলকাতার যে ৯ লক্ষ অধিবাসী বস্তীঅঞ্চলে বাস করে যাদের পানীয় জলের অভাব আছে যারা পুকুরের জল খানার জল নানা জায়গা থেকে অপরিশ্রুত জল পান করে কলেরা ব্যধি প্রসার করছেন তাদেরই জন্য এই আইনের ব্যবস্থা। আমি আর একটা কথার জবাব দেবো। অনেকেই সে কথাটা বলেছেন বিশেষত আমাদের কমিউনিষ্ট বন্ধুগণ একথা আলোচনা করেছেন যে এটা নাকি ফরেন ইন্‌স্পায়ার্ড বিল—ফরেন কন্ট্রোল্ড। এটা কত বড় অবাস্তব এবং কত বড় ভ্রান্ত ধারণা এবং ওঁদের মামুলি প্রচারিত রীতির মত পুনরুক্তি বার বার করে যাচ্ছেন। একটা কথা রিপিটেসন করলে মিথ্যাকে সত্য করা যায় না।

[4-25—4-35 p.m.]

আমি তাই দেখছি যে কার ইনসপিরেসনে এই বিল এসেছিল। এই বিল এসেছিল নূতন বাংলার স্বপ্ন দেখেছিলেন যিনি, দি মাষ্টার প্ল্যানার অব ওয়েস্ট বেঙ্গল ডাঃ বিধানচন্দ্র রায়, যিনি বাংলা দেশকে ম্যালেরিয়া মুক্ত করেছেন ঐ ডি, ডি, টি—ঐ ফরেন এক্সপার্টদের সাহায্য নিয়ে সেই ভারতীয় বিধানচন্দ্র রায় এশিয়ার সর্বশ্রেষ্ঠ চিকিৎসক বুঝে ছিলেনযে কলকাতা নগরীকে কলেরা মহামারী থেকে মুক্ত করতে হলে বিশেষজ্ঞগণের পরামর্শ অনুসারে একটা বৃহত ব্যবস্থা প্রয়োজন। তাই তিনি গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার সাহায্যে ওয়ার্লড হেলথ অর্গানাইজেসনকে ডেকেছিলেন। আমি জানি না এই সভায় এমন কোন সদস্য আছেন কিনা যিনি ওয়ার্লড হেলথ অর্গানাইজেসনকে বৈদেশিক বলে তারা একটা ছাপ দিয়ে নিন্দা করবেন। তাঁদের কর্তব্য পৃথিবীর সমস্ত আনডেভেলপট দেশগুলিতে জনস্বাস্থ্যের উন্নতিকল্পে ইউনাইটেড নেসন্সের একটা স্পেশ্যাল এজেন্সিরূপে কাজ করা। ইউনাইটেড নেসন্স বিদেশী শক্তি নয়, ইউনাইটেড নেসনসের চার্টার ভারতবর্ষ এবং পৃথিবীর ১১৫টা দেশ গ্রহণ করেছে। সেই ইউনাইটেড নেসনসের স্পেশাল এজেন্সি ওয়ার্লড হেলথ অর্গনাইজেসনের সাহায্য কলকাতার এই সমস্যার রিপোর্ট হয়েছিল। সুতরাং ইনসপিরেসন কোন ফরেন পাওয়ারের কাছ থেকে আসে নি, এর ইনসপিরেসন এসেছে বাংলার সেই মহামানব ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছ থেকে। এই ওয়ার্লড হেলথ অর্গানাইজেসনের রিপোর্টের পর তার পরের ধাপ হচ্ছে সেই ওয়ার্লড হেলথ অর্গানাইজেসনের রিপোর্ট যখন উপস্থাপিত করা হোল ১৯৫৯ সালে তখন সর্ব্বসম্মতিক্রমে বিধানসভা এবং বিধান পরিষদ এই নীতি গ্রহণ করেছিলেন যে এই রকম মেট্রোপলিটন অথরিটি বিল করে এই কাজের ভারের জন্য একটা সংস্থা গঠন করা উচিত। সুতরাং যাঁরা বারবার রিপিট করছেন যে এটা ফরেন ইন্সপায়ার্ড ফরেন কন্ট্রোলড তাঁদের কাছে আমি বিনীত অনুরোধ করবো তাঁরা এই বিধানসভার পুরাতন ইতিহাস যদি একটু পড়ে দেখেন তাহলে তাঁরা বুঝতে পারবেন যে তাঁদের যে যুক্তি সেই যুক্তি কত অবাস্তব, কত ভ্রান্ত এবং কত অসত্য। তার পরে তাঁরা বলেছেন যে টাকা নাকি আমরা বিদেশী শক্তির কাছ থেকে পাচ্ছি। এখনও পর্যন্ত নাম কেউ তাঁরা করতে পারেন নি। টাকার সাহায্য যদি আমরা পাই তাহলে অন্যায় কিছু নয়। অনুন্নত দেশ আনডেভেলপড কান্ট্রি পৃথিবীতে সর্বত্রই উন্নত দেশগুলির সাহায্যে নিজেদের উন্নতি করেন। ভারতবর্ষ স্বাধীনতার পর পৃথিবীর অন্য দেশের যদি সেই সহানুভূতি এবং সহযোগিতা পেয়ে থাকে তাহলে সেটা স্বাধীন ভারতের রাষ্ট্রনায়কগণের রাষ্ট্রপরিচালনায় কৃতিত্ব। তাঁরা বন্ধু হিসাবে এসে যদি আমাদের সমস্যা সমাধানে সাহায্য করতে এগিয়ে আসে সেটা নিন্দনীয় নয়, বরং সেটা প্রশংসনীয় জাতীয় নেতৃত্বের পক্ষে। আমাদের কমিউনিষ্ট বন্ধুগণের রাগ হচ্ছে, কিন্তু আমি বলবো আমরা চীনের কাছ থেকে সাহায্য পাই নি বটে, কিন্তু আপনাদের পুরাতন বন্ধু রাশিয়া, যুগোস্লোভিয়া, পোলেণ্ড সমস্ত দেশ আমাদের সাহায্য করতে এগিয়ে আসছেন, এবিষয়ে আমরা গর্ব করতে পারি যে ভারতবর্ষকে সাহায্য করবার জন্য রাজনৈতিক মতভেদ বিভেদ ভুলে গিয়ে সমস্ত দেশ এগিয়ে আসছেন বিনা শর্তে সেই শর্তে ইউনাইটেড নেসনসের স্পেশ্যাল ফাণ্ডে ওয়ার্লড হেলথ অর্গানাইজেসন এসেছে। সেটা কোন ব্যক্তিগত

বিদেশী রাষ্ট্র বা বিদেশী শক্তিপুষ্ট নয়। ইউনাইটেড নেসন্সের মধ্যে ভারতবর্ষও তার সভ্য যেমন পৃথিবীতে ১১৫টা দেশ তার সভ্য। আর ফোর্ড ফাউণ্ডেসন সেটা কোন একটা বিদেশী সরকারী প্রতিষ্ঠান নয়, Ford Foundation is a charitable and philanthropic organization known all over the world. তারা সর্বত্র চ্যারিটি করেছে, পৃথিবীর সমস্ত দেশ তাদের চ্যারিটি নিয়েছে। এটা গর্বের কথা, আনন্দের কথা যে ভারতবর্ষকে তারা উপযুক্ত মনে করে। ভারতবর্ষ ১৮ বছর শাসনে এমন একটা এখানে স্টেবল গভর্নমেন্ট আছে, এখানে এমন একটা স্থিতিশীলতা বজায় রাখতে পেরেছে তাঁরা চারিদিকে দৃষ্টি পাত করে দেখেন, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁরা বলছেন এখানে টাকা সাহায্য করলে তাঁদের টাকা বরবাদ হবে না। সুতরাং এই দৃষ্টান্ত দিয়ে, এই হিংসা দিয়ে যদি মনে হয় কংগ্রেস সরকার অনেক টাকা পেয়ে গেলেও তাঁদের সাফল্য হবে তাহলে তাতে আমরা নাচার, আমরা কি করব। কিন্তু এটা সরকারের শক্তি প্রণোদিত নয়—এটা আমি ভাল করে পুনরায় যদিও একথা বলেছি আমার জবাবে এই কথাই বলছি। অনেকে বলেছেন Undemocratic, Bureaucratic এটা আমি বুঝতে পারি না। যেখানে ৫০ জন মেম্বার এবং ৬ জন Board of Directors সেখানে একজনও বিদেশী নেই। এতো অনাস্থা আপনাদের দেশের নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রতি। যাঁরা নির্বাচিত তাঁদের নিয়েই করা হয়েছে। কেন না যেহেতু একজন চেয়ারম্যান তাঁর এলাকাতে কি কাজ হবে সেটা তিনি ভাল জানেন। গোপালবাবু, খড়দহ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান তিনি সিলেক্ট কমিটিতে বিলটির পুনর্গঠনে অনেক সাহায্য করেছেন, আমি অনেক amendment নিয়েছি। সুতরাং ৫০ জনের মধ্যে মিউনিসিপ্যাল প্রতিনিধি ১০ জন যাবেন, বিধানসভার প্রতিনিধি যাবেন তাহলে কোন্ যুক্তিতে বলেন ব্যুরোক্র্যাটিক সেটা আমি বুঝতে পারি না। বোর্ডের ৩ জন—তার মধ্যে qualification দেওয়া হয়েছে। Special expert যাঁরা তাঁদের গভর্নমেন্ট দেবেন—Public Health Engineering-এ specialist একজন, অর্থনীতিতে specialist একজন ইত্যাদি এই রকম ধরণের সমস্ত specialist থাকবেন। এবং Act-এর মধ্যে qualification lay down করে দেওয়া হয়েছে। আপনারা কি মনে করেন বিরাট সমস্যা তার মধ্যে বিশেষজ্ঞের দরকার নেই, যেহেতু আপনারা নির্বাচিত প্রতিনিধি হয়েছেন সুতরাং আপনারাই সমস্ত জ্ঞানের মালিক। কাষ্টিং ভোট সম্বন্ধে সন্দেহ করেছেন যে ৩ জন নন-অফিসিয়াল ডায়রেকটরস্ এবং আর ৩ জন অফিসিয়াল ডায়রেকটারস্ দিনরাত্র ঝগড়া করবে। সেইখানে বিরোধী দল নেই—এক দলও নেই। এক দৃষ্টিভঙ্গী অর্থাৎ তাঁরা উন্নতির কাজে মনোনিবেশ করবেন। তবে কেন এই প্রভিসান করা হয়েছে। যদি কোন ডিফারেন্স অফ ওপিনিয়ান হয় যাতে অচল অবস্থার সৃষ্টি না হয় পৃথিবীর সমস্ত আইনের যেখানে সমান সংখ্যক ডাইরেকটার থাকবে সেখানে একটা কাষ্টিং ভোটের ব্যবস্থা থাকবে। কাষ্টিং ভোটের ব্যবস্থা থাকাটাই কি ব্যুরোক্র্যাটিক হয়ে গেল। এ যুক্তি আমি মানতে রাজী নই। দ্বিতীয় কথা Taxation। আমি Act এটা বিশেষ চিন্তা করেই করেছি Double taxation হতে পারে না। সুতরাং নূতন যে হবে তাতে taxation হবে না কনজাম্সান বেসিসে দেওয়া হবে। এখন যা আছে গরীবকে water rate বড়লোকের সমান দিতে হয় কিন্তু এতে গরীব বড়লোক যে যেমন খরচা করবে সে সেরকম দেবে। Free drinking water ; public tubewell থেকে এই প্রতিষ্ঠান দেবে। সুতরাং যারা জল নিতে পারবে না তাদের জন্য পানীয় জলের ব্যবস্থা এ আইনের মাধ্যমে করা হয়েছে। সুতরাং গরীবদের দিক চিন্তা করা হয়নি একথা ভুল যে যুক্তিতে এই সাকুলেসান মোসান এসেছে আমি তার বিরোধীতা করছি আরো এ কারণে যে এটা ২৫শে সেপ্টেম্বর গেজেটে প্রকাশিত হয়েছিল আমরা তখন থেকে পাবলিক বডির কাছ থেকে কোন অপজিসান পাই নি। তাছাড়া এ বিলটা সিলেক্ট কমিটিতে গিয়ে এর প্রতি অনেক সুবিচার করা হয়েছে। সুতরাং পুনরায় সার্কুলেসানের জন্য পাবলিকের কাছে পাঠাবার কোন প্রয়োজন নেই, সেজন্য আমি সার্কুলেসান মোসানের বিরোধীতা করছি।

[4-35—4-45 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon was then put and a division was taken :

Noes—62

Abdul Bari Moktar, Shri
Abdul Gafar, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Sankardas
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr Kanai Lal
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Adhar Chandra
Ishaque, Shri A.K.M.
Jehangir Kabir, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahanto, Shri Debendra Nath
Maity, Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Mitra, Shrimati Biva
Mondal Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

Ayes—20

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Dhibar, Shri Radhika
Golam Yazdani, Dr.

Haldar, Shri Mahananda
Mahato, Shri Girish
Majhi, Shri Kundru
Mandal, Shri Bhakti Bhushan
Murmu Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Thakur, Shri Shreemohan

The Ayes being 20 and the Noes 62, the motion was lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Shri Saila Kumar Mukherjee : Sir, I have formal amendment. I beg to move that in clause 1(1) for the words and figure "The Calcutta Metropolitan Water and Sanitation Authority Act, 1955", the words and figure "the Calcutta Metropolitan Water and Sanitation Authority Act, 1966", be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 2(1) (j), in line 2, after the words "this Act" the words "subject to the approval of the General Council" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধনীর নম্বর হচ্ছে (২) Clause 2-তে আমি যে সংশোধনী এনেছি, সেটা হচ্ছে ঐ clause 2(l) (j), যেখানে বলা হচ্ছে prescribed means prescribed by rules made under the Act. এখন যেমন আইনটা আমরা তৈরী করলাম, তেমনি Metropolitan Authority-র ভিতর আমরা General Council বলে একটা body তৈরী করছি 2(I) (j)-তে—এখানে prescribe-এর defination-টা দেওয়া আছে। সেখানে এই যে আমরা General Council-এর কথা বললাম, আর শৈলবাবু খুব তারস্বরে বলে গেলেন, খুব গণতান্ত্রিক অধিকার এই General Council-কে দেওয়া হয়েছে, সে ক্ষেত্রে rules যেটা হবে পরিচালনার জন্য, নিয়মকানুন যেটা হবে, সেটা State Government করবার আগে অন্ততঃপক্ষে General Council-এর তাদের একটা মতামত রাখা উচিত। সেইজন্য ঐখানে "prior or subject to the approval of the General Council"—আমি যেটা বলেছি, এইভাবে language-টা রাখা উচিত। কারণ আজকে তাঁদের অভিজ্ঞতার ভিত্তিতে আইন-কানুনগুলি রচিত হওয়া উচিত। তবে এই আইনের আওতায় সেটা হবে। সেই কারণে আমি ঐটা add করতে বলছি—"and subject to the approval of the General Council". এটা আমি বলতে চাচ্ছি।

Shri Panchu Gapal Bhaduri : Sir, I beg to move that in clause 2(1) (j), in line 2, after the words "this Act" the words "subject to the approval of the General Council" be inserted.

আমার amendment-টা খুব স্পষ্ট। এটা আনবার কারণ হচ্ছে, Council-কে under-play করবার চেষ্টা এই বিলে আছে। Council-কে proper dignity দেবার জন্য, এই ব্যাপারে, তার মতামত নিয়ে করতে হবে, এই জিনিসটা আমি চাচ্ছি। সেইজন্য আমি এই অ্যামেণ্ডমেন্টা এনেছি। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

Shri Saila Kumar Mukherjee: Sir, these amendments are inconsistent with clause 92(1) of the Bill. Under clause 92(1) the rule-making power has been given to the State Government for the purpose of carrying out the purposes of this statute. Whenever a statute is created, it provides that the rule-making power will be with the State Government. Therefore, if I accept this amendment, it will be inconsistent with clause 92(1). I am, therefore, unable to accept this amendment.

The motion of Shri Aswini Roy that in clause 2(1) (j), in line 2, after the words "this Act" the words "subject to the approval of the General Council" be inserted, was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 2(1) (j), after the words "this Act" the words "subject to the approval of the General Council" be inserted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 and 4

The question that clauses 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 5(1) (a), line 1, for the word "three" the word "two" be substituted.

I also beg to move that in clause 5(1) (b), line 1, for the word "three" the word "five" be substituted.

I also beg to move that in clause 5(1) (b), line 4, for the word "another" the word "two" be substituted.

I also beg to move that in clause 5(1) (b), line 4, for the word "another" the word "one" be substituted.

I also beg to move that in clause 5(3), in line 3, after the word "fees" the words "not exceeding rupees fifteen daily" be inserted.

I also beg to move that in clause 5(4), lines 4-8, the words beginning with "except as a share-holder" and ending with "in such company" be omitted.

I also beg to move that in clause 5(4), in line 4, after the word "Authority" the words "or its constituent bodies" be inserted.

I also beg to move that in clause 5(5), in line 3, after the word "prescribed" the words "and approved by the General Council" be inserted.

I also beg to move that in clause 5(6) (a), in line 1, before the words "The Directors" the words "Subject to the approval of the General Council" be inserted.

I also beg to move that in clause 5(6) (a), lines 3-4, for the words "be competent to" the word "may" be subtituted.

I also beg to move that in clause 5(6) (a), lines 4-5, the words "and be deemed to be a duly constituted Board under this section" be omitted.

I also beg to move that in clause 5(6) (b), in line 14, after the words "the General Council" the words "and the terms of office of director so appointed shall be one year" be inserted.

I also beg to move that the following proviso be added to clause 5(6) (b):

> "Provided that such appointment of director under section 5(6) (b) by the State Government shall be made after a show cause notice being served to the General Council for failure to elect the director".

Shri Aswini Roy: এই ক্লজ (৫) তে আমার কয়েকটি অ্যামেণ্ডমেণ্ট আছে। আমার প্রথম সংশোধনীর নম্বর হচ্ছে (৭)। সেই সংশোধনীতে আমি বলছি clause (5) (1) (a) তে, এখানে আছে wholetime director, তিনজন, যেটা করা হচ্ছে, তার যদি উদ্দেশ্য হয় যে specialist ও experts রাখা, তাহলে আমার মনে হয়, এই তিনজনের জায়গায় দুজন রাখলেই যথেষ্ট হয়। কারণ একজন হচ্ছেন engineering experts with health engineering, এবং আর একজন হচ্ছেন financial expert, কাজেই তিনজন রাখবার কোন প্রয়োজন নেই।

[4-45—4-55 p. m.]

শৈলবাবু তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন না, একজন expert in Health Engineering বা Engineer with public health থাকলেই হবে। আর একজন financial matter-টা properly control করবার জন্য থাকা উচিত। কাজেই তিনটির পরিবর্তে Director, wholetime দুটি করা দরকার। যে গণতন্ত্রের কথা তিনি বলে গেলেন সে ক্ষেত্রে local authority ও public authority যে শব্দ দুটো প্রথম দিকে তিনি বলেছেন, এই দুটোকে representative-এর ক্ষেত্রে বাড়ানো দরকার। সে ক্ষেত্রে আমার amendment ৭ নম্বরে দুটো করতে যাচ্ছি 5 (1) তিনএর জায়গায় দুই হোক। আর নয় নম্বরের amendment-এ বলছি যেখানে 3 আছে 5 (1) (b); line 4, for the word another, the word two be substituted. এটাকে আমি পড়ে বলছি। সে ক্ষেত্রে কি justification আছে, ঐ যে ১৩ নম্বর সংশোধনী রয়েছে সেক্ষেত্রে কলকাতা কর্পোরেশনের একজন প্রতিনিধি আছে, সেটা থাক। কিন্তু বাকী আরো যে ৩২টি মিউনিসিপ্যালিটি রয়েছে যাদের আমরা local authoritis বলছি তার ক্ষেত্রে একজন না করে দু-জন করা উচিত। Similarly আর একজন থাকছেন। যে ২৪ পরগনা জেলাপরিষদ আছে, তার যে প্রতিনিধি তিনি থাকছেন। সেই জন্য আমি সেটা বাড়াতে বলছি যে ঐটি তিনজনের ক্ষেত্রে ঐটি পাঁচজন করা হোক। সে ক্ষেত্রে আমার amendment নম্বর তেরতে বলছি for the word "another" the word "two" substitute করে দুই করা হোক।

তারপর ঐ ক্লজে যে ১৮ নম্বর amendment উনি যেখানে বলছেন যে fees যে সমস্ত এই Director-দের দেবেন, সেই ফীজ (fees) এর কথার আর আমি একটি জিনিস সংযোজন করতে চাই not exceeding rupees fifteen daily.

তারপর আমার ২০ নম্বর সংশোধনীতে বলছি যে ওটা debte করা হোক except as a shareholders other than the Directors এখানে যদি shareholder হয় একজন কোম্পানীর তাহলে shareholder সেই পদে থাকবে কেন? Director নয় এই শেয়ারহোল্ডারকে পদ দিতে হবে। Disqualification-এর ক্ষেত্রে তাকে বাদ দিতে হবে। তারপর আমার ২২ নম্বর সংশোধনীতে বলছি এই authority যদি shareholder হয়। আমি ২২ নম্বরে যেটা দিচ্ছি, মাননীয় সদস্যদের সেটা চিন্তা করতে হবে এই যে ডবল অথরিটিজ হচ্ছে, যে standing body হচ্ছে ৩৮টা মিউনিসিপ্যালিটির, এই ৩৮টা মিউনিসিপ্যালিটিতে যদি কারো কোন shareprofit ইত্যাদি থাকে, তিনি Director পদে মনোনীত হতে পারবেন না। সেই জন্য এই ২২ নম্বর সংশোধনা রেখেছি।

তারপর ২৪ নম্বর সংশোধনী রাখছি এখানে আছে as may be prescribed এই কথা বলতে চাচ্ছি যে এর chairman-এর যে সমস্ত duties হবে, function হবে, সেগুলি as may be prescribed, সেটা State Government ঠিক করে দেবেন। এই prescribed কথা সম্বন্ধে আগেই বলা হয়েছে। ঐ রুল যেটা তৈরী করছেন State Government, তেমনি Stae Government চেয়ারম্যানের function ইত্যাদি ঠিক করে দিচ্ছেন। তাহলে General Council-এর কী ক্ষমতা রইল? তাহলে General Council-এর কি ক্ষমতা আছে? কিছুদিন আগে আমরা দেখেছি এই রকম ভাবে জেলাপরিষদের যে ক্ষমতা ছিল সেগুলি curtail করে সমস্ত ক্ষমতা Chairman-এর হাতে দেওয়া হয়েছে। সে জন্যই আমি সংশোধনী রেখেছি "prescribed"-এর পরে "and approved by the General Council"। এর পরের সংশোধনী হচ্ছে ২৮নং সেখানে আমি বলছি, "for the words" "be competent to" যেখানে "may" এর পরে the words "and be deemed to be a duly constituted Board under this section". এটা delete করার জন্য বলছি। তারপর সংশোধনী নং ৩২। যেখানে আছে যদি General Council Director মনোনীত না করতে পারেন তাহলে State Government একটা নোটিশ দেবেন, তা না হলে appoint করবেন। Appointment-এর ক্ষেত্রে Director-দের 2 years term বা period রয়েছে, কিন্তু যেখানে State Governmen মনোনীত করছেন, হয়তো কোন কারণ বশত: General Council মনোনীত করতে পারেনি, তখনো যদি তার term ২ বৎসর থেকে যায় তাহলে General Council-এর ক্ষমতা ক্ষুণ্ণ করা হচ্ছে। To be a director as hereinto elected by the General Council. State Government মনোনীত করলেন বা নির্বাচিত করছেন; সে ক্ষেত্রে মনোনীত director-দের কার্যকাল ১ বৎসরের বেশি হওয়া উচিৎ নয়। তারপরের সংশোধনী ৩৪ নং এখানে proviso add করতে বলছি, provided that such appointment of director under section 5 (6) (b) by the State Government shall be made after a show cause notice being served to the General Council for failure to elect the director. এখানে আমি বলার চেষ্টা করেছি যে, যদি General Council director নিয়োগ না করতে পারে তাহলে State Government General Council-কে একটা show cause নোটিশ দেওয়া, পড়ে গেজেটে publication দেবেন এবং appointment করবেন। অন্তত: এই একটা অধিকার General Council-এর থাকা উচিত।

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that in clause 5 (1) (a), line 1, for the word "three" the word "two" be substituted.

I also move that in clause 5 (1) (b), line 1, for the word "three" the word "five" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, clause 5-এ দুটো amendment আছে 55 and 56. এই দুটোর উদ্দেশ্য হচ্ছে Board of Director-এর নিন্দনীয় অগণতান্ত্রিক চরিত্রের পরিবর্তন করা। দুই জনের বেশী মনোনয়ন করার দরকার নাই, অথচ সরকার ৩ জন মনোনীত করছেন এবং তাঁদের একজনকে casting vote দিচ্ছেন এবং elected body থেকে যাঁরা elected হয়ে আসছেন তাঁদের মধ্যে difference হলে যারা elected হয়ে আসছেন তাঁদের সবকে বাতিল করে দিচ্ছেন। আমি বলছি যদি difference হয় তবে তার solution হবে যাঁরা elected হয়ে আসছেন তাঁদের মতানুযায়ী। সেদিক থেকে সরকার মনোনীত specialist ২ জন মাত্র director appointed হোক। এই হচ্ছে প্রথম সংশোধনী। দ্বিতীয় সংশোধনী হল, প্রথম সংশোধনী যদি গৃহীত হয়, যদি নাও হয় তাহলে আমি বলছি কোন কারণে যদি সরকার পক্ষ বলেন তৃতীয় কোন একজন না দিলে চলবে না সেই জন্যই আমি ৫৬নং সংশোধনীতে বলছি clause 5 (I) (b), সেখানে ৩ এর জায়গায় ৫ জন বলতে বলছি, অর্থাৎ বিভিন্ন গণতান্ত্রিক প্রতিষ্ঠান থেকে যারা মনোনীত হয়ে আসবেন তাঁদের সংখ্যা ৩ না করে ৫ করার কথা বলছি। এই দুটোই হচ্ছে আমার সংশোধনী, এবং এই দুটো সংশোধনী গ্রহণ বা বর্জন করার মধ্যে দিয়ে শৈলবাবুর এত বক্তৃতার bona fide প্রমাণিত হবে।

[4-55—5-5 p.m.]

Shri Gopal Banerjee : I move that in clause 5(1) (b), lines 1-6, for the words beginning with "three Directors elected" and ending with "and the third one", the words "four Directors elected, in such manner as may be prescribed by the General Council, of whom one shall be from amongst the members representing the Calcutta Corporation, another two from amongst the members representing other Municipal Corporations and Municipalities and the fourth one" be substituted.

I also move that in clause 5(5), line 2, for the words "under clause (a) of sub-section (1 " the words "under clause (b) of sub-section (1)" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার দুটো amendment' 62, 64; এই দুটোই আমি move করছি। মন্ত্রিমহাশয় প্রশ্ন তুলছেন আমরা অবিশ্বাস করছি কেন। আমরা amendmentএর মধ্যে বিশ্বাস অবিশ্বাসের প্রশ্ন নাই। যদি তিনি অবিশ্বাসের প্রশ্ন তোলেন তাহলে আমিও তাঁকে জিজ্ঞাসা করতে পারি নির্বাচিত প্রতিনিধিদের কেন তিনি অবিশ্বাস করছেন। এর মধ্যে একটা নীতির প্রশ্ন আছে। তিনি যুক্তি দিচ্ছেন ৩ জন expert তাঁরা করতে পারতেন ; তিন জন expert হলেন financial, engineering, administrative। এই যদি হয় তাহলে General Councilএ popular representative দেওয়া প্রয়োজন মনে করলেন কেন? গণতান্ত্রিক সংস্থার চিরাচরিত পদ্ধতি হল, যাঁদের public schooling আছে তারাই সাধারণতঃ এইসব কাজে আসেন। এখানে স্মরজিৎ বাবু আছেন, আমাদের agriculture Minister, তিনি একজন আইনবিদ, তাহলে কি বলতে হবে তাঁর যোগ্যতা নাই। যদি এটাই হয় তাঁর যোগ্যতা নাই তাহলে Dr. Nandyকেই Agriculture Minister করতে হয়। কিন্তু আমি মনে করি স্মরজিৎবাবুরই কি প্রকৃত যোগ্যতা রয়েছে, কারণ তিনি শৈশব হতে এমন training পেয়েছেন, practical schooling যা নাকি একটা institute run করাতে

পেলে দরকার। আমার বক্তব্য হলো, technical personnel এবং general proficiencyর সমন্বয় হওয়া উচিত। এমনিতেই এই সরকারের bureaucratic attitude-এর জন্য জনসাধারণ তাদের মতামত প্রতিফলিত করতে পারেনা। এজন্য আমার বক্তব্য হচ্ছে, persuasion-এর মধ্যে হোক। Technical personnel-এর মতামত গ্রহণ করা প্রয়োজন, কিন্তু সেটা গ্রহণ বা বর্জন করা সম্পর্কে যারা public schooling পেয়েছেন তাদের উপর নির্ভর করা শ্রেয়। শৈলবাবুর কথাই যদি আমাদের মানতে হয় তাহলে অর্থনীতির অধ্যাপকের তাঁর আসনে বসা উচিত, কিন্তু কার্যত: তা হয়নি, শৈলবাবুই আমাদের অর্থমন্ত্রী হয়েছেন। সুতরাং এটা aspersion or বিশ্বাস অবিশ্বাসের প্রশ্ন নয়। এটা priciple এর ব্যাপার। আমরা চাই আমরা যা করব সেটা যেন departure from the accepted principle of Government and local self-Government না হয় এই সংগে সংগে

[5-5—5-15 p.m.]

আর একটা জিনিস ঐ ব্যাপারে আছে সেটা হচ্ছে এই আমি চেয়ারম্যান করার কথা বলছি, যাঁরা ইলেকটেড তাঁদের একজনকে চেয়ারম্যান করা উচিত। এখানে আমি এইভাবে বলছি না যে সরকারী কর্মচারীর অধিনে আমি কি কাজ করবো, এটা নিশ্চয়ই আমাদের যা অভিজ্ঞতা যেমন একটা সাব-ডিভিশনাল রিলিফ কমিটিতে এস. ডি. ও. চেয়ারম্যান, সেখানে আমি মেম্বার, সেখানে আমি কাজ করি এবং সেই কাজ করতে গিয়ে নিশ্চয়ই আমি মান অভিমান মর্যাদার প্রশ্নটাকে তুলি না কিন্তু আমি এখানে প্রশ্নটা তুলছি সেটা হচ্ছে যে ডিভাইসিভ পজিশনটা এখানে নিশ্চয়ই টেকনিক্যাল এক্সপার্ট করবেন না, এই টেকনিক্যাল এক্সপার্ট মাতব্বরের ভালমন্দের জন্য যাঁরা নির্বাচিত প্রতিনিধি ক্যালকাটা কর্পোরেশনের মেয়র অথবা কোন একটা বড় মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান তাঁর থেকে অযোগ্য মনে করি না। আমি এটাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ মনে করে একজন ইলেকটেড রিপ্রেসেন্টেটিভকে চেয়ারম্যান করা উচিত বলছি so that proper reflection of the public sentiment comes up. এবং দ্বিতীয় কথা হচ্ছে টেকনিক্যাল পার্সোন্যালদের প্রতি কোনপ্রকার ইনসিনিউয়েশন না এনে আমি বলছি যে চার জনের এখানে জেনারেল কাউন্সিলের রিপ্রেজেনটেটিভ করে ৭ জনের বোর্ড করে দেওয়া হোক, চেয়ারম্যান থাক, চেয়ারম্যান তাঁর কাষ্টিং ভোটও নিশ্চয়ই রাখা উচিত, কারণ ৭ জন উপস্থিত থাকবেন না, সেখানে ডিসিসনের জন্য কাষ্টিং ভোট যদি চেয়ারম্যানের রেখে দেওয়া হয় তাতে আমার আপত্তি নেই। সুতরাং আমি বার বার একটা কথা বলছি সরকারের উপর আমাদের বিশ্বাস অবিশ্বাসের প্রশ্ন নয় বা আমাদের উপর অবিশ্বাস সরকারের আছে কিনা সে প্রশ্ন নয়, এই দিয়ে এটার মীমাংসা হবে না, মীমাংসা হচ্ছে আমাদের এখানে লোকাল সেলফ গভর্নমেন্টের যে ট্রাডিশন চলছে সেটা যদি মেনে চলি তাহলে আমি যে বক্তব্য বলছি সেটা গ্রহণ করা একান্ত উচিত।

Shri Nikhil Das : Sir, I beg to move that in clause 5(1) (a), lines 1-2, for the words "appointed by the State Government by notification" the words "appointed by the General Council" be substituted.

Sir, I also beg to move that in clause 5(1) (b), line 1, for the word "three" the word "four" be substituted.

Sir, I also beg to move that in clause 5(1) (b), line 4, for the word "another" the word "two" be substituted.

Sir, I also beg to move that in clause 5(1) (b), line 6. for the word "third" the word "fourth" be substituted.

Sir, I also beg to move that in clause 5(2) (a), line 4, for the words "State Government" the words "General Council" be substituted.

Sir, I also beg to move that in clause 5(5), line 1, for the words "State Government" the words "General Council" be substituted.

Sir, I also beg to move that clause 5(6) be mitted.

Sir, I also beg to move that in clause 5(5), line 2, the words "appointed under clause (a) of sub-section (1)" be omitted.

স্যার, প্রথমে আমি একটা কথা বলতে চাই যে এই বোর্ড অব ডিরেকটারস্ যার হাতে সমস্ত একজিকিউটিভ ক্ষমতা রয়েছে সেই বোর্ড অব ডিরেকটারস্-এ দুই রকমের লোক থাকছে, এক ধরনের লোক থাকছে সরকার যাদের চাকরী দিচ্ছেন তাঁরা, আর এক ধরনের লোক থাকছে জেনারেল কাউন্সিল যাঁদের নির্বাচন করছে তাঁরা অর্থাৎ এক ধরনের তিনজন লোক হচ্ছে রাইটার্স বিল্ডিং থেকে চাকরী নিয়ে আসছে আর তিনজনকে জেনারেল কাউন্সিল নির্বাচন করছে। আমার বক্তব্য হচ্ছে এই বোর্ড অব ডিরেকটারস্-এ দুটো অথরিটির লোক না রেখে একটা অথরিটির লোক রাখা হোক। তিনজন এক্সপার্টের যে প্রশ্ন বলেছেন, হাঁা, এক্সপার্ট দরকার, জেনারেল কাউন্সিলের মেম্বার যাঁরা হবেন তাঁরা এক্সপার্ট নাও হতে পারেন, সেজন্য টেকনিক্যাল এক্সপার্ট দরকার এবং টেকনিক্যাল এক্সপার্ট স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্ট না করে জেনারেল কাউন্সিল অ্যাপয়েন্ট করুক এইটাই আমার ১৩২নং অ্যামেণ্ডমেন্টের মধ্যে দিয়ে বলেছি। আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে এই **wholetime Director appointed by the State Government,** এই স্টেট গভর্নমেন্টের বদলে অ্যাপয়েন্টেড বাই দি জেনারেল কাউন্সিল এটা করা হোক। দ্বিতীয় কথা হচ্ছে তিনজন ডিরেকটার, এঁরা বলছেন ইলেকটেড হয়ে আসবে। আমি শুধু একটা কথা বলতে চাই খালি টেকনিক্যাল এক্সপার্ট হলেই এই অথরিটিতে সে এফিসিয়েন্ট লোক হয়ে যাবে, কেননা এই অথরিটি যে কল্যাণসাধন করবে সেই কল্যাণসাধন বিরাট একটা জনসমষ্টি কয়েক লক্ষ লোকের এবং সেই লোকের সাথে যাদের অংগাংগী যোগাযোগ নেই, পাবলিক লাইফের সাথে যারা জড়িত নেই, তারা যদি মেজোরিটি এই বোর্ডে হয়ে যায় তাহলে এই অথরিটি যে কাজগুলি করবে সেটা জনস্বার্থের দিকে চেয়ে হবে না, হয়ত টেকনিক্যাল দিক থেকে অনেক ভাল ভাল স্কীমের কাজ করতে পারে কিন্তু সেই টেকনিক্যাল ভাল কাজ করার ফলে যে ট্যাক্সেশনের বোঝা আমাদের ঘাড়ে আসবে সেটা আমাদের বর্তমান অর্থনৈতিক অবস্থায়, নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্তদের যে অবস্থা তাতে তারা ততটা ঘাড়ে নিতে পারবে কিনা, তাঁরা যে টেকনিক্যাল ইমপ্রুভমেন্ট করতে চান সেই টেকনিক্যাল ইমপ্রুভমেন্ট বর্তমান পর্যায়ে আমাদের পক্ষে সহ্য করা সম্ভব কিনা এই জিনিসগুলি তাঁদের পক্ষে বোঝা সম্ভব নয়। এই জিনিসগুলি বোঝা তাদের পক্ষেই সম্ভব যাদের সংগে জনসংযোগ রয়েছে। সুতরাং আমার ১৩৩নং অ্যামেণ্ডমেন্টে আমি বলেছি যে তিনজন ডিরেকটার ইলেকটেড নয় এটাকে চারজন ডিরেকটার করা হোক। তাহলে চারজন ডিরেকটার জেনারেল কাউন্সিল ইলেক্ট করলো, তিনজন ডিরেকটার জেনারেল কাউন্সিল অ্যাপয়েন্ট করলো, যারা টেকনিক্যাল এক্সপার্ট হবে তাদের অ্যাপয়েন্টমেন্টের ভার সরকারের হাতে দিলে ভাল হবে আর জেনারেল কাউন্সিল ভাল অ্যাপয়েন্টমেন্ট করতে পারবেন না এটা মনে করার কোন কারণ নেই। আমি ডিরেকটার অব বোর্ডটা এমন ভাবে করতে চাই যে সেই ডিরেকটার বোর্ডে যাঁরা আসবেন তাঁদের পেরেন্ট বডি যেন জেনারেল কাউন্সিল থাকে, তাঁদের পেরেন্ট বডি যেন দুটো না হয়ে যায়। স্টেট গভর্নমেন্ট একটা পেরেন্ট বডি আর জেনারেল কাউন্সিল একটা পেরেন্ট বডি, এই দুই পেরেন্ট বডির লোক যেন বোর্ড অব ডিরেকটার্স-এর মধ্যে না আসে, অথরিটির মধ্যে যেন না আসে, পেরেন্ট বডি যেন জেনারেল কাউন্সিল থাকে। জেনারেল কাউন্সিল তিনজনকে অ্যাপয়েন্ট করে দিলো, বাকী চারজনকে নির্বাচিত করে দিলো, তাহলে এই সাতজন যে থাকবে তাদের মধ্যে মিল মিশ করে কাজ করবার একটা পরিবেশ সৃষ্টি হবে, তা না হলে সরকার থেকে যাঁরা কর্মচারী হয়ে আসবেন আর নির্বাচিত যাঁরা হবেন তাঁদের মধ্যে দ্বন্দ্ব লাগার সম্পূর্ণ সম্ভাবনা থেকে যাচ্ছে। সেই দ্বন্দ্ব যদি তাঁদের মধ্যে লাগে তাহলে মেজোরিটির জোরে একটা জিনিস পাশ করালেই সেটা যে জনকল্যাণকর হবে এটা বলার কোন কারণ নেই। তাহলে

জেনারেল কাউন্সিলে যখন যাবে, অ্যানুয়াস বাজেটের ব্যাপার বলুন তখন জেনারেল কাউন্সিল তার উপর ভেটো দেবে এবং জেনারেল কাউন্সিলে যখন এঁরা কতকগুলি জিনিস পাঠাবেন সেগুলি আবার জেনারেল কাউন্সিল এঁদের কাছে ফেরত পাঠিয়ে দেবেন। তার ফলে সমস্ত ব্যাপারে দেরী হবে। তাই ডিরেকটার বডি যেটা গঠিত হবে তার মধ্যে একটা বডি থেকে, একটা অথরিটি থেকে লোক আসা উচিত। দ্বিতীয়ত: অ্যাপয়েন্টমেন্ট যাদের হবে তাদের জেনারেল কাউন্সিল অ্যাপয়েন্ট করবেন। জেনারেল কাউন্সিল যে চারজন ডিরেকটার করবেন এই চারজন ডিরেকটারের মধ্যে আমি ১৩৪নং অ্যামেণ্ডমেন্টের মধ্যে বলেছি দু'জন মিউনিসিপ্যালিটির ভিতর থেকে আসুক, একজন কর্পোরেশন থেকে আসুক আর একজন জেলা পরিষদ থেকে আসুক। এই হচ্ছে আমার ১৩৩,১৩৪,১৩৫ নং অ্যামেণ্ডমেন্ট। ১৩৬ নং অ্যামেণ্ডমেন্টে আমি যেটা বলতে চাই যারা অ্যাপয়েন্টেড ডিরেকটারস তারা যে ৬ বছর পর্যন্ত থাকবে সেটা স্টেট গভর্নমেণ্ট ঠিক করে দেবেন সেখানে আমি বলেছি তা নয় সেটা জেনারেল কাউন্সিল ঠিক করে দেবেন। তারপরে আমার ১৩৭ এবং ১৪৭, যে দুটি অ্যামেণ্ডমেন্ট সে দুটি অ্যামেণ্ডমেন্ট মোস্ট ইমপর্টেণ্ট। কারণ ক্লজ ৫(৫) এতে বলা হচ্ছে এই যে অ্যাপয়েন্টেড তিনজন ডিরেকটার তা থেকে স্টেট গভর্নমেন্ট ঠিক করে দেবেন কে চেয়ারম্যান হবে। তাহলে দাঁড়াচ্ছে কি, দাঁড়াচ্ছে এই তিনজন যে অ্যাপয়েন্টেড তা থেকে চেয়ারম্যান হলে যদি কোন টাই অব ভোট হয় তাহলে আমলাতান্ত্রিক যে লোকগুলি থাকছে, কারো উপর দোষারোপ করা আমার উদ্দেশ্য নয়, আমি যে কথা বলতে চাই আপনার মাধ্যমে সেটা হচ্ছে এই যে অফিসাররাই সেখানে প্রায় প্রিডমিনেট করবে বোর্ড অব ডিরেক্টরস-এ, সেখানে ইলেকটেড মেম্বারদের কোন স্থান নেই। সুতরাং অ্যাপয়েন্টেড লোক যারা তাদের ভেতর থেকে চেয়ারম্যান হবার ব্যাপারে এই ধরনের যে একটা বাধা নিষেধ সেটা থাকা উচিত নয়। সেজন্য আমার অ্যামেণ্ডমেন্ট নং ১৩৭ এবং ১৪৭এ বলেছি যে অ্যাপয়েন্টমেন্ট করবে জেনারেল কাউন্সিল এবং ডিলিট করে দিতে বলছি অ্যাপয়েনটেড আণ্ডার ক্লজ (এ) অব সাব সেকসন (১), অর্থাৎ ডিরেক্টার যে ৭ জন হচ্ছে, তিনজন জেনারেল কাউন্সিল অ্যাপয়েন্ট করবে আর চারজন ইলেক্ট করে দেবে এই ৭জনের মধ্যে যাকে খুসী জেনারেল কাউন্সিল চেয়ারম্যান অ্যাপয়েন্ট করে দেবেন। তাতে এই প্রশ্ন হতে পারে যে এমন কোন এফিসিয়েন্ট অফিসার যদি থেকে যায় তাহলে তাকে চেয়ারম্যান করা যাবে সেটাও সেখানে থাকছে অথবা ডিরেক্টার যারা ইলেকটেড হয়ে আসছে তাদের মধ্যে যদি কেউ এফিসিয়েন্ট থাকে তাহলে তারও সেখানে নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকছে। সুতরাং ষ্টেট গভর্নমেনট চেয়ারম্যানকে অ্যাপয়েন্ট করবেন অ্যাপয়েনটেড লোকদের ভিতর থেকে এটা ঠিক নয়, এটা হলে অগণতান্ত্রিক হবে। এই জন্য আমরা এই বিলটাকে বার বার বুরোক্র্যাটিক বিল বলছি। বুরোক্র্যাটিক বলছি এই জন্য যে আমলাতান্ত্রিকের উপর অতি বিশ্বাস নিয়ে, জনপ্রতিনিধিদের উপর অবিশ্বাস নিয়ে এই ক্লজ ৫(৫) করা হয়েছে। এখানে বলা হচ্ছে চেয়ারম্যান হবে কে, না চেয়ারম্যান হবে যে তিনজন চাকরী নিয়ে আসছে তাদের মধ্যে একজন, আর কাষ্টিং ভোটে একজন এই মোট হল চারজন। সুতরাং তারা যা ঠিক করবে তার উপর জনপ্রতিনিধিদের কোন মূল্য থাকবে না। এটা গণতন্ত্রের প্রতি একটা আঘাত হানছে। তাই শৈলবাবুকে আমি বলছি অন্য অ্যামেণ্ডমেন্টগুলি তিনি নিতে পারবেন কিনা আমি জানিনা কিন্তু এই দুটি অ্যামেণ্ডমেন্ট তিনি যদি নেন তাহলে আমি মনে করবো গণতন্ত্রের প্রতি মর্যাদা দেখান হবে। এবং এটা একটা গুরুতর ক্লজ এবং গণতন্ত্রের প্রতি আঘাত হানছে। তাই শৈলবাবুকে বলবো—সব অ্যামেণ্ডমেন্টগুলি তিনি নিতে পারেন কিনা জানিনা। কিন্তু এই দুটো অ্যামেণ্ডমেন্ট যদি নেন তাহলে আমি মনে করবো গণতন্ত্রের প্রতি মর্যাদা দেখানো হবে। প্রথমটা হচ্ছে চারজন ডাইরেকটার করা, দ্বিতীয় অ্যামেণ্ডমেন্ট হচ্ছে চেয়ারম্যান করা যাবে ডাইরেকটারস থেকে যেকোন লোককে। খালি অ্যাপয়েনটেড ডাইরেক্টার চেয়ারম্যান হবে সে কথাটা যদি তুলে দেন তাহলে অন্তত: কিছুটা গণতন্ত্রের প্রতি সম্মান দেখা না হবে আর সাব ক্লজ ৬(এ) (বি) আমি যে অ্যামেণ্ডমেন্টগুলি আগে দিয়েছি সেই অ্যামেণ্ডমেন্টের সংগে সংগতি রেখে এটা রিডাণ্ডান্ট। তাই এগুলিকে ডিলিট করতে বলছি। কাজেই মাননীয়

সভাপাল মহাশয় আর একবার আমি শৈলবাবুকে বলবো—তিনি এর পরে কিছু অ্যামেণ্ডমেন্ট এনেছেন—কিন্তু যেটা মেজর ক্লজ বোর্ড অব ডাইরেক্টারস এটা হচ্ছে আসল ফাংসানারী অথরিটি আসল কাজ এই বোর্ড অব ডাইরেক্টারসরা করবে। সুতরাং এই বোর্ড অব ডাইরেকটার-এর মধ্যে এমন কোন প্রভিসন রাখবেন না যে প্রভিসনের দ্বারা বোর্ড অব ডাইরেকটার্-এর প্রতি কিছু অনাস্থা থাকে এবং জনসাধারণ-এর প্রতি বিশ্বাস হারিয়ে ফেলে। অন্তত: তাকে বুরোক্র্যাটিক কনট্রোলে দিয়ে দেবেন না। বোর্ড অব ডাইরেক্টার্স মিনিমাম একটা ডেমোক্র্যাটিক সেপে রাখুন এবং সেখানে তিনের জায়গায় চার করুন আর ঐ চেয়ারম্যান সাত জনের মধ্যে যাকে খুশী করুন এই প্রভিসন যদি রাখেন তাহলে অন্তত: কিছুটা ডেমোক্র্যাটিকে সম্মান দেওয়া হবে। তাই আপনার মাধ্যমে আমি শৈলবাবুকে অনুরোধ করছি এই দুটো অ্যামেণ্ডমেনট গ্রহণ করার জন্য বিশেষভাবে।

Shri Hemanta Kumar Basu : স্যার, আমি নিখিলবাবুদের অ্যামেণ্ডমেন্টটাকে সমর্থন করছি। এ বিষয়ে আমি কালকে বলেছিলাম যে এই বিলটিকে সংশোধন করে অনেকখানি উন্নত হয়েছে। কিন্তু অনেক বিষয়ে ক্ষমতা কর্তৃপক্ষের হাতে রাখবার চেষ্টা করা হয়েছে। ডেমোক্র্যাটিক ততখানি করা হয়েছে যতখানি কর্তৃপক্ষের ক্ষমতার কোন ক্ষতি না হয়। এই বোর্ডটকে যেভাবে গঠন করা হয়েছে সিলেক্ট কমিটিতে খানিকটা জনসাধারণের ওপিনিয়নের উপরেই হোক বা বিরোধী দলের মতের উপরেই হোক খানিকটা সংশোধন করা হয়েছে। এখানে তিনজন ডাইরেক্টার বাইরে থেকে নেয়া হবে—মানে কর্পোরেসন থেকে মিউনিসিপ্যালিটি থেকে এবং জেলা পরিষদ থেকে তিন জন নেওয়া হবে আর তিন জন গভর্নমেন্ট অ্যাপয়েনট করবেন এবং এই তিন জনের মধ্যে একজন চেয়ারম্যান হবে সেও গভর্নমেন্ট করবেন। কাজেই তিন জন আর তিন জন এই ছয় জন—তার মধ্যে একজন চেয়ারম্যান হবেন—সেদিক থেকে সমস্ত ক্ষমতাটা অ্যাপয়েনটেড লোকের উপর রইলো অথচ এটাকে পাবলিক বডি, পাবলিক অথরিটি বলে বলা হচ্ছে। কাজেই পাবলিক অথরিটি, পাবলিক বডি হিসাবে যেভাবে বোর্ড গঠন করা উচিত সেইভাবে এটা হচ্ছে না। কাজেই সেই জায়গাতে যদি চার জন মিউনিসিপ্যালিটি, জেলা পরিষদ এবং কর্পোরেসন থেকে নেওয়া হয় তাহলে পরে এটা সম্পূর্ণভাবে গণতান্ত্রিক হোল। আর ওঁরা তিনজন হলেন। এবং এই তিনজনকে যদি ঐ বোর্ড অ্যাপয়েন্ট করেন তাহলে ভাল হয়। বোর্ডকে যখন আপনারা ফাইন্যাল অথরিটি বলে মনে করছেন এবং তাদের উপর সমস্ত ক্ষমতা দিচ্ছেন তখন জেনারেল কাউন্সিল যেটা সেটার হাতে সম্পূর্ণ কর্তৃত্ব থাকা উচিত। কাজেই জেনারেল কাউন্সিল তিনজন ডাইরেকটার অ্যাপয়েন্ট করুন আর চারজন যদি মিউনিসিপ্যালিটি, জেলা পরিষদ এবং কর্পোরেশন থেকে আসে তাহলে এই ৭ জন হোল এবং চেয়ারম্যান অ্যাপয়েন্ট করার এবং তিনজন ডাইরেক্টার অ্যাপয়েন্ট করার ভার যদি জেনারেল কাউন্সিলের উপর থাকে তাহলে বিলটি ভাল হবে এবং এটা সম্পূর্ণভাবে জনপ্রিয় হবে। তা না হলে পর যেন মনে হবে যে একটা অটোক্র্যাটিক অর্গানাইজেসন অটোক্র্যাটিক বডির উপর সমস্ত দায়িত্ব এবং ভার দেওয়া হয়েছে এবং সমস্ত কিছু ক্ষমতা কুক্ষিগত করে রাখা হয়েছে। কাজেই এটা সম্পূর্ণভাবে জনসাধারণের কাছে প্রিয় হবে যদি গোপালবাবু এবং নিখিলবাবু যে অ্যামেণ্ডমেনট নিয়ে এসেছেন সেগুলি শৈলবাবু অ্যাকসেপ্ট করেন। এই কথা বলেই আমি শেষ করছি।

[5-15—5-25 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Gani : আমি কিছু আগেই বক্তৃতায় বলেছিলাম যে বিলে অনেক কিছুই ইমপ্রুভমেন্ট নিশ্চয়ই হয়েছে—সেটা আমরা স্বীকার করি। কিন্তু এই বোর্ডের ফরমেসনের ক্ষেত্রে ঠেকে গেছে। এই যে তিন তিন করে রেখেছেন অ্যাপয়েন্টেড এবং ইলেকটেড এবং চেয়ারম্যানের কাষ্টিং ভোট রয়েছে তার মানে পারপিচুয়ালি অফিসিয়াল মেজরিটি থেকে যাচ্ছে। সেইজন্য আমি বলছি যে ইলেকটেড মেম্বারের

সংখ্যা একটু বাড়িয়ে দিন, তিনের জায়গায় ৪।৫ করে দিন তাহলে এই ডিফিক্যালটিটা চলে যায় এবং আমাদের যে একটা অভিযোগ আছে যে এটা ডেমোক্রাটিক হচ্ছে না—সেটা থেকে যাচ্ছে। এতে আপনাদের ক্ষতিহবে না—বরং ফাংসানিং ভাল করেই হবে—কেননা এক্সপার্টরা থাকবেন। এটা সাধারণ বডি হবে না যে শুধু হৈ-হুল্লোড় করবার জন্য লোকেরা যাবেন এবং যাঁরা ইলেকটেড হয়ে আসবেন, এবং নমিনেটেড আর অ্যাপয়েন্টেড যাঁরা থাকবেন তাঁরাও এক্সপার্ট। কাজেই এই বডির মধ্যে কোন বিশৃঙ্খল বা সংঘর্ষ হবে না।—সুতরাং তাঁরা ভালভাবে ফাংসান করবে—যদি অ্যাবসলিউটলি ডেমোক্রাটিক এটা করে দেন।

Dr. Narayan Chandra Roy: স্যার, আমি ক্লজ ৫-এর উপর ৬২-৬৪ এমেন্ডমেন্টগুলি সমর্থন করছি যেটা গোপালবাবু, গণি সাহেব এবং ইলা মিত্র এনেছেন। উদ্দেশ্য আমাদের একই যে কিছু কিছু পরিবর্তন সিলেক্ট কমিটিতে যেটা সুরু করেছিলাম সেটা একেবারে জনগণতান্ত্রিক সংগঠনকে গণতান্ত্রিক রূপদেবার প্রচেষ্টা আমার প্রারম্ভিক বক্তৃতায় যেটা আমি বলেছিলাম—তার কিছু কিছু শুদ্ধ করতে পারলেও শোধরাতে পারি নি, তার একটা অঙ্গ রয়েছে, ধরুণ তিন জন অ্যাপয়েন্টেড তিন জন ইলেকটেড আর কাষ্টিং ভোট একজনের রইলো যেটা রেখে দিল অফিসিয়াল মেজরিটি যে মেজরিটি আমরা ভাঙতে চাচ্ছি যে মেজরিটির বিরুদ্ধে আমরা লড়তে চাচ্ছি। সেইজন্য এই প্রস্তাবের মধ্যে আছে তিনজন গভর্নমেন্ট নমিনেটেড যাঁরা রইলেন তিনজন হোলটাইম ডাইরেক্টার আমরা এঁদের বিরুদ্ধে কিছু বলিনি—আমরা শুধু রাখছি তিন জনের জায়গায় চার জন to be elected by the municipal corporation, Calcutta Corporation ইত্যাদি যাতে অটোমেটিক্যালি চার আর তিন সাত হয়ে নন-অফিসিয়াল মেজরিটি থাকে। সেখানে একথা বল্লে হবে না যে ডেমোক্রাসি এলেই গোলমাল হয়—সে কথা বলে এড়িয়ে গেলে হবে না। যেখানে বুঝিয়ে মানুষকে চালাতে হবে সেখানে না বুঝিয়ে হুকুম করে চালাতে গেলে যে গোলমাল এ যাবৎকাল হয়েছে সেই গোলমাল ভবিষ্যতেও হবে। কাজেই এটাকে বিশুদ্ধ করবার উপায় হচ্ছে আপনাদের এই ডাইরেক্টরের সংগঠন ৪+তিন করে দিন—করে নন-অফিসিয়াল মেজরিটি আনুন এবং এই সংশোধনটাকে আমরা কষ্টিপাথর বলে মনে করি এবং কংগ্রেস বেঞ্চ থেকে আমরা আশা করি যাঁরা ডিমোক্রাটাইজেসন অব দি বিল সমর্থন করেন তাঁরা এই প্রস্তাবকে হয়তো সমথন করবেন।

Shri Saila Kumar Mukherjee: স্যার, প্রথমে নিখিল দাস মহাশয়ের এমেনডমেন্ট ১৩২ থেকে ১৩৮—এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে উনি বলেছেন to provide for appointment এটা সমস্ত বিলের পরিকল্পনার স্ট্রাকচারের বিরুদ্ধে হয়ে গেল। এখানে আলটিমেট রেসপনসিবিলিটির জন্য একটা ছোট্ট স্ট্রাকচার করা হচ্ছে এক্সিকিউটিভ ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশনের একটা বডি State Government ধার করে বাইরে থেকে প্রভূত অর্থ দিয়ে tax না নিয়ে এই বিল পরিকল্পনা করছেন, সেখানে ultimate responsibility finance এবং administration এ কারণ The power of appointing wholetime Directors can not be delegated to the General Council. It must be with the State Government. Secondly নিখিলবাবু যেটা বলেছেন Amendment No. 130তে অমিট করতে হবে clause 5(b)তে—এর কারণ যে To enable the Board to function till the General Council elects its Directors. এরূপ একটা সময় আসবে যে কোন General Council elect করেনি সেই temporary vacuum-এর জন্য statement থাকবে না। যেটুকুন করার কথা হয়েছে তার মানে এই নয় চিরকাল without state government করবার কথা। সেজন্য বিলে এইরূপ বলা হয়েছে। পাঁচুবাবু No. 55 যেটা সেটায় তিনি তিনটার জায়গায় ২টা করে কমিয়ে দেওয়া হোক বলছেন। এই তিনটার জায়গায় ২টা মানে যেহেতু একজনকে specify করে দেওয়া হয়েছে। একজন Financial, একজন Engineering, আর

একজন Administrative-এ, এই তিন দিক থেকে তিনজনকে নেওয়া হয়েছে প্রশাসনিক সুবিধার জন্য। এত বড় organisation একক প্রশাসনিক Administrative experience-এর দিক থেকে একজন Engineering-এর দিকে একজন এবং আর যে বলছি Finance বা Accounts-এর দিক থেকে একজন এইভাবে তিনজনকে করা হয়েছে। এই whole পরিকল্পনা হচ্ছে যখন আমাদের এখানে বিরাট General Council overwhelming majority elected members করছি এবং তারা যখন Board-কে অধিক power দিচ্ছেন তখন এ আশংকা অমূলক। আমাদের বিরাট অভিজ্ঞতা থেকে বলছি এই যে powers—day to day administration তার implementation যাতে একটা ছোট Board-এর উপর থাকে সেটা নিয়েই এটা করা হয়েছিল এবং সেজন্য for efficient working of the Board it is necessary that there should be three wholetime Directors with specialised knowledge and experience in engineering, financial and administrative matters. সেজন্য তিনজন থেকে ২ জন করার বিষয়টি আমি oppose করছি। Next amendment হচ্ছে পাঁচুবাবু এবং গোপালবাবুও যেটা বলেছেন যে তিনটা থেকে ৫টা বাড়াবার কথা। পাঁচুবাবু বলেছেন ৫টার কথা এবং গোপালবাবু বলেছেন ৫টা বাড়াবার কথা। আমার কথা হচ্ছে তাদের যেন সব সময় মনের মধ্যে একটা ভূতের ভয় যে যেহেতু casting vote দেওয়া হবে সেহেতু ১২ মাস meeting casting vote দিয়েই হবে। সাধারণ মানুষ আমাদের যারা elected প্রতিনিধি এখানে কাজ করতে আসছেন সেই সমস্ত জেলা পরিষদের প্রতিনিধি এবং municipal প্রতিনিধি যেসব নেওয়া হচ্ছে তারা honourary service দিতে চান, fees অবশ্য কিছু দেওয়া হবে তবে তারা wholetime আর Director নন এখানে কেন এটা ধরে নিচ্ছেন যে তারা বিশেষজ্ঞগণের সাথে মিলে মিশে নূতন Administrative body-তে কাজ করতে পারবেনা—রোজ ঝগড়া হবে, casting vote দিতে হবে। সেজন্য majority চাই ছন যাতে casting vote-এর দরকার হবেনা। All these amendments seek to further increase the number of elected members of the Board which will make the Board unweilding. I am opposed to these amendments. আমরা তিনটা করেছিলাম সেখানে মাহিনা দিতে হবে সে খরচা কার হবে? এদিকে আপনারা বলছেন খরচা বাড়িও না অথচ ৬ জনের জায়গায় ৭ জন করছেন। অশ্বিনীবাবু ১৮ এবং ১৯নং amendment-এ তিনি fees not exceeding Rs. 15 এটা বলেছেন। এটাও আমি গ্রহণ করতে পারিনা, কি fees হবে Board of Directors করবেন। Government যখন rules করবেন যারা জেলা পরিষদের chairman আসবেন, দেখা যাবে corporation-এর চেয়ারম্যান হয়ত আসবেন—হয়ত-বা আমাদের বিরোধী পক্ষের গোপালবাবুও থাকবেন তখন। ওকে ঐ ১৫ টাকা দিলে কি আমাদের মর্যাদা বাড়বে। সুতরাং Government-এর যেরূপ fees আছে সেটাই রেখে দিন।

[5-25—5-35 p.m.]

আর একটা clause 5(b) তে উনি বলেছেন To prescribed এটা কখনই হয় না কারণ prescribed যখনই করে তখন prescribed by the government, prescribed and approved by the General Council. গভর্নমেন্ট ট্যাকল করছে, গভর্নমেন্ট রুল করবে, সুতরাং এটা গ্রহণ করতে পারছি না।

আর একটা হচ্ছে অশ্বিনী রায়ের amendment 26 to 31 এ যেভাবে বলেছেন তাতে কাজ চলবে না। কতদিন হবে? Elected Council, General Council যতদিন না হবে ততদিন তো কাজ বন্ধ হয়ে যাবে। একদিনের জন্য, একমাসের জন্য বা দু মাসের জন্য যদি General Council ডাকতে হয় তাহলে ত কাজ বন্ধ হয়ে যাবে, আমাদের whole schemeটা

কি ? Scheme টা হচ্ছে যা যে General Councilকে overwhelming body করা হয়েছে, তার উপর অধিক ক্ষমতা দেওয়া হয়েছে। তারা Board কে control করবে so far as programmes, so far as finance, so far as raising taxation question of policy সুতরাং যেখানে ভয় করছেন যে Board of Directors অন্যায় করবেন সেখানে তাদের উপর General Council আছে। Board of Directors-এর main function হচ্ছে day to day administration যেটা সেটা দেখা। এজন্য যতটা সম্ভব ছোট করা হয়েছে এবং তিনজন করেছিলেন official drafting-এ। আমরা তিনজনই নিয়েছি, তিনজন নির্বাচিত প্রতিনিধি করে নিয়েছি special provision in the Act enabling the Board to function এগুলি হচ্ছে vacuum temporary period-এর জন্য। Second হচ্ছে group of amendment। অশ্বিনী বসুর amendment যেটা competent of the Board এবং deemed to be duly constituted by the Board under this section সুতরাং এটা unnecessary local authority যা বলেছেন as you require to be done। আইনে দেখা যাবে যদি ল্যাকুনা না থাকে তাহলে যেন Board-এর কাজ বন্ধ হয়ে না যায় সেই রকমই বলেছেন, অশ্বিনীবাবুর আর দু'টা amendment আছে। Amendment 32 and 33 তাঁর কথা হচ্ছে terms of office one year তাহলে কি কাজ হবে ? আমরা এক বৎসর অন্তর Director রাখলে কি হবে যে Director Policy-র সংক্রান্ত নানান রকম কাজও করছেন। আজকে General Council policy-এর কাজ করে। Director ঠিক policy করবেন না কিন্তু প্রত্যেক বৎসর যদি Director বদলান তাহলে চলবে না। সেজন্য unnecessary discussion of work হবে সেজন্য এই amendment-এর বিরোধিতা করছি। যে Amendment দিয়েছেন সেটা গ্রহণ করতে পারছি না। একটা কথা বলছি, এটা বুঝুন, যখন Board of Directors-এর কথা ভাবছেন তখন এই Board of Directorsরা কি এটা বুঝুন। একটা বিরাট General Council করা হয়েছে তাদের মধ্যে ৫৫ জন বলে যে amendment নিয়ে আসা হয়েছে জানিনা আপনারা সেটা গ্রহণ করবেন কিনা কিন্তু এই ৫৫ জনের মধ্যে ১০ জন Govt. official তারা এক একটা বিশেষজ্ঞ এক এক department-এর যেমন ধরুন Chairman, Improvement Trust, Howrah Improvement Trust-এর Chairman, Mayor, Calcutta Corporation, Secretary Health Department, Public Health Secretary ইত্যাদিরা advisor থাকবেন। তাদের ভোট দেবার ক্ষমতা নেই। সুতরাং সর্ববিষয় প্রভাবমুক্ত নীতি গ্রহণ করা হবে। General Council যদি অন্যায়ও করে মনে করুন—যদি গোড়া থেকে ঝগড়া বাধলো officer এর সঙ্গে non-official এর সঙ্গে ঝগড়া বেঁধে গেল তখন casting vote-এর জন্য আপনাদের কাছে আসবে। General Council-এর কাছে আসবে মনে হয়। তিনটা খুব জবরদস্ত autocrat official এসেছে খালি Chairman-এর Casting vote-এ carry করছে এই কথাই ভাবছেন। এরা মিলে মিশে কাজ করতে কেন পারবেন না। প্রত্যেক দিনই বা কেন casting vote এর দরকার হবে। সুতরাং আমি এটায় oppose করছি।

Mr. Speaker : I now put all the amendments to vote except those on whict division has been asked for.

Clause 5

The motion of Shri Aswini Roy that in clause 5(1) (a), line 1, for the word "three" the word "two" be substituted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(1) (b), line 1, for the word "three" the word "five" be substituted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(1) (b), line 4, for the word "another" the word "two" be substituted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(1) (b), line 4, for the word "another" the word "one" be substituted, was there put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(3), in line 3, after the word "fees" the words "not exeeding rupees fifteen daily" be inserted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(4), lines 4-8, the words beginning with "except as a share-holder" and ending with "in such company" be omitted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(4), in line 4, after the word "Authority" the words "or its constituent bodies" be inserted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(5), in line 3, after the word "prescribed" the words "and approved by the General Council" be inserted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(6) (a), in line 1, before the words "The Directors" the words "Subject to the approval of the General Council" be inserted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(6) (a), lines 3-4, for the words "be competent to" the word "may" be substituted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(6) (a), lines 4-5, the words "and be deemed to be a duly constituted Board under this section" be omitted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that in clause 5(6) (b), in line 14, after the words "the General Council" the words "and the terms of office of director so appointed shall be one year" be inserted, was then put & lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 5(6) (b) :

"Provided that such appointment of director under section 5(6) (b) by the State Government shall be made after a show cause notice being served to the General Council for failure to elect the director." was then put & lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 5(1) (a), line 1, for the word "three" the word "two" be substituted, was then put & lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 5(1) (b), line 1, for the word "three" the word "fiive" be substituted, was then put & lost.

The motion of Shri Nikhil Das that in clause 5(1) (a), lines 1-2. for the words "appointed by the State Government by notification" the words "appointed by the General Council" be substituted, was then put & lost.

The motion of Shri Nikhil Das that in clause 5(2) (a), line 4, for the words "State Government" the words "General Council" be substituted, was then put & lost,

The motion of Shri Nikhil Das that in clause 5(5), line 1, for the words "State Government" the words "General Coucil" be substituted, was then put & lost.

The motion of Shri Nikhil Das that clause 5(6) be omitted, was then put & lost.

Mr. Speaker : I now put amendments Nos. 62, 65, 133, 134, 135 and 147, on which division has been asked for, to vote.

The motions of Shri Gopal Banerjee that in clause 5(1) (b), lines 1-6, for the words beginning with "three Directors elected" and ending with "and the third one" the words "four Directors elected, in such manner as may be prescribed by the General Council, of whom one shall be from amongst the members representing Calcutta Corporation, another two from amongst the members representing other municipal corporations and municipalities and the fourth one" be substituted,

Shri Gopal Banerjee that in clause 5(5), line 2, for the words "under clause (a) of sub-section (1)" the words "under clause (b) of sub-section (1)" be substituted,

Shri Nikhil Das that in clause 5(1) (b), line 1, for the word "three" the word "four" be substituted,

Shri Nikhil Das that in clause 5(1)(b), line 4, for the word "another" the word "two" be substituted,

Shri Nikhil Das that in clause 5(1) (b), line 6, for the word "third" the word "fourth" be substituted,

Shri Nikhil Das that in clause 5(5), line 2, the words "appointed under clause (r) of sub-section (1)" be omitted,

were then put and a division taken with the following result :

Noes—59

Abdul Bari Moktar, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Sankardas
Basu, Shri Abani Kumar
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr Susil Ranjan
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Khan, Shri Gurupada
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maity, Shri Subodh Chandra
Mitra, Shrimati Biva
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pramanik, Shri Puranjoy
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Ganesh Prosad
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhdeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

Ayes—17

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Das, Shri Nikhil
Golam Yazdani, Dr.
Mahata, Shri Padak
Majhi, Shri Kundru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Bhakti Bhushan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra

The Ayes being 17 and the Noes 59, the motions were lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

[5-35 – 5-39 p. m.]

Shri Nikhil Das : স্যার, আমি সব move করবো না। একটা কথা বলবো পাঁচ নম্বর ক্লজের amendment-এ হেরে যাবার ফলে এই amendment কিছুটা inconsistent হবে। শৈলবাবু শুনুন আপনার যে দুজন Directors আছে এর যদি resignation দিতে হয় তাহলে State Government-এর কাছে দিতে হবে। এই Director দু-জায়গা থেকে appointed হচ্ছে—এক হচ্ছে Director appointed by the State Government আর একটা হচ্ছে director নির্বাচিত হচ্ছে elected by the General Council. General Council যাদের elected করবেন, তাদের আপনি resignation দিতে বলছেন State Government-এর কাছে। এই দুটোর মধ্যে সঙ্গতি থাকছে না। এটা contradictory হয়ে যাচ্ছে। যাদের State Government appoint করছে তারা resignation দেবে State Government-এর কাছে এটা হতে পারে। কিন্তু all the directors are not being appointed by the State Government. কিন্তু দুঃখের বিষয় তাদেরও resignation দিতে হবে State Government-এর কাছে যারা elected হচ্ছে by the General Council. এরা State Government-এর কাছে কেন resignation দেবে ?

Shri Saila Kumar Mukherjee : এই যে in the question আপনি বলছেন General Council যাদের elected করে দিলেন তাদের State Government-এর কাছে resignation দিতে হবে কেন। তার মানে এটা একটা organisational set up এখানে vacancy হলে সেটা জানাতে হবে। State Government-কে নোটিশ দিতে হবে। সেইজন্য এটা তাদের নোটিশে আনবার জন্য রাখা হয়েছে।

Shri Nikhil Das : হল না। আমি একটা body elected করে দিচ্ছি। কিন্তু সে resignation দিচ্ছি আর একটা বডির কাছে এটা পরস্পর বিরোধী হচ্ছে। আপনি General Councilকে elect করতে বলছেন। আজকে থাকুক দেখুন এ সম্বন্ধে কিছু করা যায় কি না।

(A voice ; হ্যাঁ।)

স্যার, শৈলবাবু agree করছেন ; এটা আজকে থাক—দেখা যাক এ সম্বন্ধে ভাল কিছু করা যায় কি না।

Adjournment

The House was then adjourned at 5-39 p m. till 1 p.m. on Monday the 10th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 10th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 148 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given.)

[1—1-10 p. m.]

Complaints against the Managing Committees of Secondary Schools in Midnapore district

*566 (Admitted question No. *2229.) **Shri Ananga Mohan Das**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার কতগুলি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ সরকার পাইয়াছেন ; এবং

(খ) উহাদের মধ্যে কয়টির তদন্ত হইয়াছে ?

Shri Rabindralal Sinha: (ক) ১০টি।

(খ) ৯টি।

Shri Anga Mohan Das: যতগুলি অভিযোগ হয়েছিল তার সবগুলি তদন্ত কেন হয়নি ?

Shri Rabindralal Sinha: ১০টি অভিযোগ হয়েছিল, ৯টি তদন্ত হয়ে গেছে, ১টি আদালতে বিচারাধীন ছিল বলে বিষয়টি আমরা তদন্ত করতে পারিনি, বিচার শেষ হয়ে গেছে শুনেছি আমরা তদন্ত করবার ব্যবস্থা করছি।

Shri Anaga Mohan Das: যে ৯টি কেসে তদন্ত হয়েছে, তদন্তের ফলাফল কি ?

Shri Rabindralal Sinha: একটি ক্ষেত্রে দেখছি অভিযোগ সত্য বলে প্রমাণিত হয়নি। বাকী ক্ষেত্রে হয়ত ad hoc কমিটি নিয়ে করা হয়েছে বা বোর্ডের কাছে সুপারিশ করা হয়েছে।

Shri Ananga Mohan Das: এই যে তদন্ত করলেন এদের মধ্যে কতগুলি ক্ষেত্রে অর্থ সংক্রান্ত বিষয়ে গোলমালের জন্য অভিযোগ এসেছিল ?

Shri Rabindralal Sinha : Detail বলতে এখন পারছি না, তবে সমস্ত অভিযোগের মধ্যে বেশীরভাগই ছিল হিসাবের কিছু গরমিল এবং তহবিলের অপব্যবহারের অভিযোগও ছিল।

Shri Sudhir Chandra Das : এই দশটি বিদ্যালয়ের নাম বলতে পারবেন কি ?

Shri Rabindralal Sinha : বাসন্তীয়া High School, খর্গপুর উৎকল বিদ্যাপীঠ, খাঁজরা S. P. Memorial High School, খেপুৎ High School, হলুদিবাড়ী High School, ভূপতিনগর ত্রিলোচন High School, বরোজ High School, মানিক বসান High School, ময়না পূর্ণানন্দ বিদ্যাপীঠ, রাজারামচক High School.

Shri Sudhir Chandra Das : ইতিমধ্যে দি কাঁথি ক্ষেত্রমোহন বিদ্যাভবনের বিরুদ্ধে দুর্নীতির যে অভিযোগ এসেছিল সেটা পেয়েছেন কি না ?

Shri Rabindralal Sinha : দুর্নীতি ছাড়া অন্য অভিযোগ আছে যেমন বলা যায় managing কমিটি election proper হয়নি এগুলি দুর্নীতির মধ্যে ফেলছি না, দুর্নীতির অভিযোগ যেগুলি যেমন তহবিল ঠিকমত রাখা হয় মিথ্যা নাম দেখিয়ে শিক্ষকদের টাকা Draw করা হয়েছে ইত্যাদি সেটরকম ১০টার কথা বললাম।

Shri Sudhir Chandra Das : দুর্নীতির যে অভিযোগ এসেছিল তাতে একটা প্রমাণিত হয়নি বলে বলেছেন আর বাকীগুলিতে যতটুকু প্রমাণ হল তারজন্য কাউকে কি শাস্তি দেওয়া হয়েছে।

Shri Rabindralal Sinha : এটা তো managing কমিটির কথা managing কমিটি বাতিল করা হয়েছে।

Prafulla Kristi Parishad

***567.** (Admitted question No. *2404.) **Shri Kashi Kanta Maitra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলায় 'প্রফুল্ল কৃষ্টি পরিষদ' নামে গঠিত একটি সংস্থাকে পশ্চিমবঙ্গ সরকার হইতে আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সংস্থাটি কি উদ্দেশ্যে এবং কোন্ তারিখে গঠিত হইয়াছে,

(২) উক্ত সংস্থার কার্যনির্বাহক সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি ; এবং

(৩) উক্ত সংস্থা বর্তমান সময় পর্যন্ত কত টাকা সরকারের নিকট হইতে কি বাবদ পাইয়াছে ?

Shri Rabindralal Sinha : (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত সংস্থার উদ্দেশ্য : শরীর চর্চা। লাইব্রেরী ও পাঠাগার, এবং নৈশ বিদ্যালয় পরিচালনা, সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ১৯৬৩ সালের এপ্রিল মাসে এই সংস্থা সংগঠিত হয়।

(২) কার্যনির্বাহক সমিতির সদস্যগণের নাম ও পরিচয় :—

নাম	পরিচয়
ডাঃ তারাপদ রায়, এম. এল. এ.	সভাপতি
শ্রীগৌরাংগ চট্টোপাধ্যায় (পদাধিকারবলে)	জেলা সমাজ শিক্ষা আধিকারী, বীরভূম
শ্রীপ্রেমমুখ সারদা	সহঃ সভাপতি, ব্যবসায়ী
শ্রীভুজেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	সভ্য
শ্রীগৌর ঠাকুর	সভ্য
শ্রীবিধান মুখোপাধ্যায়	সভ্য
শ্রীজিতেন প্রামানিক	সভ্য
শ্রীনারায়ন চন্দ্র বন্দ্যোপাধ্যায়	প্রধান পরিচালক, ব্যবসায়ী

(৩) এই সংস্থার লাইব্রেরি গৃহ এবং মিলনালয় নির্মাণ বাবদ এ পর্যন্ত ২০,০০০ টাকা সরকারী সাহায্য মঞ্জুর করা হইয়াছে।

Shri Sudhir Chandra Das : ঐ প্রতিষ্ঠানটি কি registered প্রতিষ্ঠান ?

Shri Rabindralal Sinha : Registed..তো নিশ্চয়ই তা না হলে টাকা grant দেওয়া হয় না।

Shri Sudhir Chandra Das : আপনি যে বললেন নৈশবিদ্যালয় শরীর চর্চা প্রভৃতি কাজ সেখানে হচ্ছে সেখানে নৈশবিদ্যালয় কি এখনও চালু আছে ?

Shri Rabindralal Sinha : তা আমি এখন বলতে পারব না।

Shri Birendra Narayan Ray : এই যে প্রফুল্ল বলে যে নামটি দেওয়া হয়েছে সেটি কোন্ প্রফুল্ল ? আপনি কি জানেন যে এই যে নাম দেওয়া হয়েছে আমাদের মুখ্যমন্ত্রীর নামে যাতে করে টাকাটা তাড়াতাড়ি পাওয়া যায়,

Shri Rabindra Lal Sinha : না, এটা আমার জানা নাই।

Free and Compulsory Primary Education in Municipal areas

***569. (Admited question No. *2437.) Shri Sanat Kumar Raha :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবংগে কোন্ কোন্ পৌরসভা এলাকায় প্রাথমিক অবৈতনিক শিক্ষা চালু হইয়াছে ?

Shri Rabindra Lal Sinha : আসানসোল, খড়দহ ও জংগীপুর পৌর এলাকাগুলিতে অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে প্রবর্তিত হইয়াছে।

এতদ্ব্যতীত কতকগুলি পৌর এলাকায় পৌরসভার পরিচালনাধীন প্রাথমিক বিদ্যালয় ও G.S.F.P. বিদ্যালয়গুলির মাধ্যমে অবৈতনিক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা আছে।

Shri Sanat Kumar Raha : স্যার, এই উত্তর আজ তিন বছর থেকে পাচ্ছি। আমার প্রশ্ন ছিল এইজন্য দেওয়া যে আমরা যে compulsory free education চালু করবার জন্য যে Urban Act, করলাম তার কি ব্যবস্থা হল এবং তার rules তৈরী হয়েছে কি না এবং তার implementation করবার কোন প্রচেষ্টা হচ্ছে কি না ?

Shri Rabindralal Sinha : আপনি তো Urban Primary Education Actটা দেখেছেন—municipality-র কাছ থেকে আমরা স্কীম চেয়ে পাঠিয়েছি, ২৩টি municipalityর কাছ থেকে আমরা স্কীম পেয়েছি বাকীগুলিকেও আমরা তাগাদা দিচ্ছি যাতে তারা তাড়াতাড়ি

পাঠান। এই স্কীমগুলি examine করে দেখে education cess impose করতে হবে, কত টাকা municipality দিতে পারবেন, কত টাকা Government-কে দিতে হবে এগুলি দেখে আর্থিক সঙ্গতিমত যত তাড়াতাড়ি পারি আমরা করবার চেষ্টা করব।

Shri Sanat Kumar Raha : Education cess এখনও পর্য্যন্ত কোন municipality-তে চালু হয়েছে কি ?

Shri Rabindralal Sinha : না এখনও পর্য্যন্ত চালু হয়েছে বলে আমি জানি না।

Shri Sanat Kumar Raha : যে তিনটি municipality-তে compulsory free education চালু হয়েছে সেখানে education cess নেওয়া হয় কি না ?

Shri Rabindralal Sinha : আমি যতদূর জানি নেওয়া হয় না।

Shri Sanat Kumar Raha : তাহলে ২৩টি স্কীম আপনাদের এসেছে, এই ২৩টি স্কীম পরীক্ষা করে সেখানে education চালু করতে কতদিন সময় লাগতে পারে ?

Shri Rabindralal Sinha : এটা বলা বড় মুস্কিল কারণ অর্থের উপর নির্ভর করে। চতুর্থ পরিকল্পনায় কি অবস্থায় দাঁড়াবে এখন সেটা বলতে পারছি না।

[1-10—1-20 p. m.]

Shri Sudhir Chandra Das : এই যে এডুকেশান সেস এটা তো আদায় হচ্ছে এখনও, প্রাথমিক শিক্ষার জন্য জেলা পরিষদ বা বোর্ড তারা আদায় করছে। আপনি যে সেসের কথা বললেন সেই সেস কি আলাদা করে, না ঐসংগে বৃদ্ধির আকারে, কোনটা আমি ঠিক বুঝতে পারছি না, সেটা বলুন।

Shri Rabindralal Sinha : যে সেসের কথা আপনি বললেন সেটা হচ্ছে রুরাল এরিয়ার জন্য, আর এটা হচ্ছে ওয়েস্ট বেংগল আর্বান প্রাইমারী এডুকেশান অ্যাক্ট, ১৯৬৩ সালের শেষে যেটা পাশ করেছেন তাতে এই সেস সম্পর্কে উল্লেখ আছে, এটা সেই সেস।

Shri Sudhir Chandra Das : এই সেস তো সকলকেই দিতে হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি যে পল্লী অঞ্চলের মধ্যে যেসব মিউনিসিপ্যালিটি আছে সেই এলাকার লোক ঐ সেস দিচ্ছে। আপনি আবার ঐ যে সেস চাপাবার কথা তুলেছেন আমি জানতে চাইছি ঐ সেসটা দেওয়া সত্বেও আবার সেস দিতে হবে নাকি ?

Shri Rabindralal Sinha : আরবান এরিয়ার লোকদের এডুকেশন সেস দিতে হয় না, আরবান এরিয়ার এডুকেশন সেস ইমপোজ করবার জন্য আরবান প্রাইমারি এডুকেশন অ্যাক্ট আছে তাতে বিধান করা হয়েছে, তা দেখলেই বুঝবেন।

Shri Sanat Kumar Raha : বাংলা দেশে ৮৬টি মিউনিসিপ্যালিটি আছে তার মধ্যে ২৩টির মাত্র স্কীম পেয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে বাংলা দেশে আরবান এডুকেশন কমপালসারি এবং ফ্রি করার যে সিরিয়াসনেস অ্যাক্ট করার সময় দেখা গিয়েছিল সে সম্পর্কে সরকার এটাকে তাড়াতাড়ি ইনট্রোডিউস করার জন্য প্রাইয়োরিটি হিসাবে কোন পরিকল্পনা চতুর্থ পরিকল্পনার মধ্যে করছেন কিনা ?

Shri Rabindralal Sinha : চতুর্থ পরিকল্পনা কালে আর্থিক সংগতির উপর সেটা নির্ভর করে। চতুর্থ পরিকল্পনায় এটা যাতে এগিয়ে নিয়ে যেতে পারি তারজন্য আপনাদের সকলের সহযোগিতা, সহানুভূতি এবং সাহচর্য প্রার্থনা করবো।

Scheme No. 13 of the Howrah Improvement Trust

***570. (Admitted question No. *2455.) Shri Anadi Das :** স্থানীয় স্বায়ত্ব শাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ১৩নং স্কীমে কতগুলি হোল্ডিং দখল করার প্রস্তাব করা হইয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ্যা হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত স্কীম সরকারের অনুমোদন লাভ করিয়াছে কি না,

(২) উক্ত হোল্ডিংগুলির যাহারা মালিক তাহাদের মধ্যে কতজনের জমিতে মৌরসী স্বত্ব এবং কতজনের ঠিকা স্বত্ব বা প্রজাস্বত্ব ; এবং

(৪) যাদের ঠিকা স্বত্ব বা প্রজাস্বত্ব তাহাদের ঐ স্বত্বের জন্য কি ক্ষতিপূরণ দেওয়া হইবে ?

Shri S. M. Fazlur Rahaman : (ক) হাঁ্যা।

(খ) (১) না।

(২) সরকারের জানা নাই। সরকরের অনুমোদনের পরে হাওড়া ভূমিগ্রহ সমাহর্তা স্বত্ব সম্বন্ধে দলিল পত্রাদি দেখিয়া বিচার করিবেন।

(৩) হাওড়া ভূমিগ্রহ সমাহর্তা এ বিষয়ে যথাযথ বিচার করিবেন।

Shri Anadi Das : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলিবেন, এখানে যে সব প্রজা আছে তাদের বেশীর ভাগ ঠিকা প্রজা, জমিদার অনেক দিন থেকে তাদের তুলবার চেষ্টা করছিল কিন্তু তুলতে পারেনি। এখন এই ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এসে তাদের তুলে দিচ্ছে এবং জমিদাররা সমস্ত খেসারত পাচ্ছে। এরা কোন অলটারনেটিভ জায়গা জোগাড় করতে পাচ্ছে না, সুতরাং এদের বাস্তুহারা হয়ে থাকতে হচ্ছে। এ সম্পর্কে কিছু বলবেন কি ?

Shri S. M. Fazlur Rahaman : স্কীমটা যখন আসে তখন ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সেটা কি প্রয়োজনে করা হবে সেই স্কীম ঠিক করে, সেই স্কীম তখন আমাদের কাছে স্যাংশানের জন্য আসে এবং কি পরিমাণ টাকা ব্যয় হবে সেটা আমাদের কাছে সাবমিট করার পর সেই স্কীম অনুযায়ী জমি সংগ্রহের কাজ স্পেশাল ল্যাণ্ড একুইজেশন অফিসার দ্বারা হয়। কার কি স্বত্ব আছে কি নেই এগুলি বিচার বিবেচনার একমাত্র ক্ষেত্র হল স্পেশাল ল্যাণ্ড একুইজেশন অফিসার। এই স্কীম যখন হচ্ছে তখন সেখানে কে ঠিকা আছে, কে রায়ত আছে, কে মধ্যস্বত্বভোগী আছে সেটা সেই অনুসারে তিনি বিবেচনা করার পর কম্পেনসেশন দেবার ব্যবস্থা আছে।

Shri Anadi Das : আপনি কি এই স্কীমটা দেখেছেন ?

Shri S. M. Fazlur Rahaman : স্কীমটা এখনও আমাদের হাতে আসেনি।

Shri Anadi Das : সেখানে যদি পক্ষপাতদুষ্ট হয়, স্বজন পোষণ নীতি যদি এর মধ্যে দেখা যায় তাহলে সে সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

Shri S. M. Fazlur Rahaman : যদি অন্যায়ভাবে দেখা যায় যে সংগ্রহের কাজ চলছে তাহলে সেখানে আপত্তি দেবার বিধান আছে, সেই আপত্তি শোনানোর পর আমাদের কাছে ফাইনাল জাজমেন্টের জন্য আছে, সেখানে ফেলিওর জাষ্টিস অব হয়েছে কিম্বা ইললিগ্যালিটি যদি কিছু সেখানে দেখা যায় তাহলে নিশ্চয়ই সে সম্বন্ধে বিবেচনা করা যাবে।

Supply of fish in Greater Calcutta

*571 (Admitted question No. *2475.) **Shri Apurbalal Majumdar :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতায় প্রতিদিন মাছের আনুমানিক চাহিদা কত ;

(খ) বৃহত্তর কলিকাতায় প্রতিদিন মাছের আনুমানিক জোগান কত ;

(গ) বৃহত্তর কলিকাতায় মাছের ঘাটতি পূরণ করিতে ফিস কর্পোরেশন কি সক্ষম হইবে ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে বেসরকারীভাবে ব্যবসা করিতে ইচ্ছুক ব্যক্তিদের নূতন হোলসেল লাইসেন্স দিতে রাজী আছেন কি না ?

Shri S. M. Fazlur Rahaman : (ক) ৬,৮৫০ মণ।

(খ) ৩,৩০০ মণ।

(গ) পর্যায়ক্রমে সরবরাহ বৃদ্ধি করিয়া ঘাটতি কমানো করপোরেশনের অন্যতম লক্ষ্য। সম্প্রতি কাজ শুরু করিয়াছে, এখনও এবিষয়ে নিশ্চিতভাবে কিছু বলা যায় না।

(ঘ) হ্যাঁ।

Shri Amar Roy Pradhan : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মাছের ঘাটতি পূরণের জন্য কর্পোরেশন থেকে কি কি পন্থা গ্রহণ করা হয়েছে ?

Shri S. M. Fazlulr Rahman : অন্যান্য বিভিন্ন রাজ্য থেকে মাছ সংগ্রহ করে বিভিন্ন স্টল খোলা হয়েছে এবং আমাদের অনুমোদন নিয়েই স্টল খোলা হয়েছে, সেখানে সংগৃহীত মাছ বিতরণ করার ব্যবস্থা করছি সরকারী নির্ধারিত মূল্যে।

Shri Amar Roy Pradhan : আপনি (ক) এবং (খ) এর উত্তরে বলেছেন যে ৩ হাজার মণ মাছের ঘাটতি আছে এবং এখনি কোন পন্থা গ্রহণ করে নিশ্চিতভাবে বলা যায় না যে ঘাটতি পূরণ হবে কি না। যদি বাইরের উপর নির্ভর করে থাকতে হয় তাহলে ঘাটতি পূরণ সম্ভব হবে কিনা এবং কত দিনের মধ্যে সম্ভব হবে ?

Shri S. M. Fazlur Rahman : ঘাটতি কত হবে সেটা বলা কঠিন কারণ লোক সংখ্যা বেড়ে যাচ্ছে, খাবার হ্যাবিট চেঞ্জ হয়ে যাচ্ছে, সেজন্য এমন কোন ইয়ার্ডষ্টিক নেই যে ঘাটতি থাকবে কিনা। তবে বর্তমানে ঘাটতি আছে সেই ঘাটতি পুরণের জন্য বিভিন্ন রাজ্য থেকে মাছ সংগ্রহের চেষ্টা করছি এবং ইনল্যাণ্ড ফিসারি থেকেও আমরা সেটা পাবার চেষ্টা করছি।

Shri Nikhil Das : এই যে ৩,৩০০ মণ মাছের কথা বললেন এর মধ্যে ফিসারিস কর্পোরেশন কতটা যোগাড় দিচ্ছে ?

Shri S. M. Fazlur Rahman : ১০০ মণের উর্ধে।

Shri Aswini Roy : এখানে এই যে বলেছেন পর্যায়ক্রমে সরবরাহ বৃদ্ধি, এই পর্যায়টা কি ?

Shri S. M. Fazlur Rahaman : প্রথম পর্যায় ১০ হাজার, দ্বিতীয় পর্যায় ২০ হাজার টন এবং তৃতীয় পর্যায় ৪০ হাজার টন দেবার একটা টারগেট আছে এবং সেইভাবে কাজ করছে।

Memorandum from the students of Indian College of Arts and Craftsmanship, Calcutta

***572** (Admitted question No. *2552) **Shri Aswini Roy and Shri Gopal Banerjee**: Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government have recently received any memorandum from the students of Indian College of Arts and Craftsmanship of 139 Dharmatala Street, Calcutta-13, demanding Government recognition of the said Institution; and

(b) if so, whether the Government have considered their demands?

Shri Rabindralal Sinha: (a) Yes.

(b) The matter is under consideration.

Shri Aswini Roy: এই রিপ্রেজেন্টেশন কোন্ তারিখে পেয়েছেন?

Shri Rabindralal Sinha: সম্প্রতি ছাত্ররা আমার সংগে দেখা করে আমার কাছে একটা মেমোরানডাম দিয়ে গিয়েছে। ১৯৫২, ১৯৫৩ সাল থেকেই এরা ক্রম টাইম টু টাইম মেমোরানডাম দিয়ে আসছে এবং এটা রেকগনাইস করার কথা বলছে। রেকগনিশন দিতে গেলে দুটো জিনিস আছে—এটা হচ্ছে একটা প্রাইভেট ইনষ্টিটিউশন, প্রাইভেট ইনষ্টিটিউশনের কর্তৃপক্ষ যদি রেকগনিশন চান তবেই আমরা রেকগনিশন দিতে পারি, কর্তৃপক্ষ না চাইলে কোন প্রাইভেট ইনষ্টিটিউশনকে রেকগ নশন দেওয়া যাবে না। দ্বিতীয় কথা হচ্ছে রেকগনিশন দিতে হলে দেখতে হবে সেটা রেকগনিশন দেবার যোগ্য কিনা। ইতিপূর্বে যতবার এনকোয়ারি হয়েছে ততবারই আর্ট ডিপ্লোমাই বলুন আর ড্রাফ্টস ডিপ্লোমাই বলুন কোনটাতেই উপযুক্ত মানের সমন্বয় নেই এই হচ্ছে আমাদের রিপোর্ট। তবুও আর একবার এনকোয়ারি করে দেখবো।

Shri Aswini Roy: এই রকম কিছু ঠিক করেছেন কিনা যে এনকোয়ারি করে এত দিনের মধ্যে আমরা একটা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবো?

Shri Rabindralal Sinha: না বললেতো আগেই বলে দিতাম। ম্যানেজিং কমিটি আমাদের কাছে রেকগনিশন চাননি, আমরা দেখছি কোন কিছু করা যায় কিনা।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether the recognition in respect of Indian College of Arts and Craftsmanship of 139 Dharmatala Street, Calcutta, has not been considered? I want also to know why this Institution has not been recognised for the last 25 years? At present Shri J. P. Mitter and Lady Ranu Mookerjee are the trustees.

Shri Rabindralal Sinha: I am not aware.

Appointment of untrained teachers in primary schools

*573 (Admitted question No. *2557.) **Shri Mahananda Haldar:** Will the Mitister-in-charge of the Education Department be pleased to state—

(a) If it is a fact that the D.P.I., West Bengal, has, by a circular, asked all the District Schools Boards in West Bengal, not to appoint untrained teachers in Primary Schools after November, 1964; and

(b) If so, what arrangements Government has already made or propose to make for all the teachers of that category who had been so far serving and were either made permanent or had so far been serving in deputation vacancies.

[1-20—1-30 p. m.]

Shri Rabindralal Sinha: (a) Yes. But if trained teachers are not available, untrained teachers may be appointed with the previous permission of the D.P.I.

(b) The circular is applicable to new recruits only and not to existing permanent teachers. Untrained persons who worked in temporary deputation vacancies previously are to be treated as new recruits. They may however be appointed if no trained teacher is available.

Pay-scales of Typists in the Directorate and in the Secretariat

*568. (Admitted qusstion No. *2424.) **Shri Nikhil Das:** (a) Will the Minister-in-charge of the Finance Department be pleased to state if it is a fact that the pay-scales of Typists and Lower Division Clerks of State Government in Directorate and Regional Offices are same?

(b) If the reply to clause (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) the reasons for the difference between scales of pay of Lower Division Assistants and Typists in the Secretariat of State Government; and

(ii) whether the Government considers the desirability of removing the differences in the pay-scales of these two categories of employees?

Shri Saila Kumar Mukherjee: (a) Yes. But the L. D Clerks in the Directorates start at Rs. 134 i. e., the 4th stage of the time scale of Rs. 125-3-140-4-200.

(b) (i) and (ii) In Secretariat Departments work of Typists consists of copying of notes, approved drafts, statements, etc., from the files. Assistants on the other hand are generally concerned with

correspondance work of formal and complicated nature. For these reasons and after keeping the value of the work attached to the posts in mind different scales of pay have been prescribed for these two catigories of posts in the Secretariat. Government therefore do not consider the necessity of removing the difference in these pay scales.

Shri Luthful Hoque : এই যে ডি, পি, আই যে সার্কুলার দিয়েছেন—এর আগে বেঙ্গল প্রাইমারী এডুকেসন আ্যাক্ট এবং রুলস আছে সেটার সঙ্গে কনফরমিটি রেখে কি এই সার্কুলার দিয়েছেন ?

Shri Rabindralal Sinha : রুলস ভায়োলেসন কিছু করে এই সার্কুলেসন দেওয়া হয় নি।

Shri Luthful Hoque : যেখানে একজিসিটিং রুলস আছে যে প্রাইমারী টিচারদের নিতে হলে রেকমেণ্ডেসন ফর প্যানিং দি টিচারস ডি, আই করবেন এণ্ড স্কুলবোর্ড সেটা প্যানেল করবেন তারমধ্যে থেকে চাকুরী দেবে এই হোল রুলস। কাজেই যেখানে একজিসিটিং রুলসে অ্যাপয়েন্টমেন্টের প্রসিডিওর বেঁধে দেওয়া আছে সেখানে সেই রুলস অ্যাণ্ড অ্যাক্টকে এমেণ্ডমেণ্ড করে কি এই সার্কুলার দেওয়া হয়েছে ?

Shri Rabindralal Sinha : সেই রুলস অ্যামেণ্ড করা হয়নি—এখনও প্যানেল করবেন এবং সেই প্যানেল থেকে অ্যাপয়েন্টমেন্ট করবেন—তবে কোয়ালিফিকেসনটা বেঁধে দেওয়া হয়েছে। কারণ আগে দেখা গেছে অত্যন্ত দুঃখের সংগে যে ট্রেণ্ড টিচার থাকা সত্বেও কোন কোন জায়গায় বেছে বেছে মামার শালা, পিসের ভাই এই সব করে আনট্রেণ্ড টিচার অ্যাপয়েন্টেড হয়েছে, আমরা সেটা বন্ধ করতে চাই। ট্রেণ্ড টিচার না পাওয়া গেলে স্কুল তো খালি যাবে না—নিশ্চয় আনট্রেণ্ড টিচার নিতে হবে—তবে আমাদের পারমিশন নিতে হবে—আমরা দেখবো ট্রেণ্ড টিচার পাওয়া যায় কি না।

Shri Lutfal Hoque : আমি আর একটু জানতে চাচ্ছি অনারেবল মিনিস্টারের কাছে যে যেসব স্কুল ফাইনাল স্টুডেণ্ট প্রাইমারী স্কুলে চাকরী চান তারা কি ট্রেনিংয়ের আগে তার ফেসিলিটি পাবার মত ইনষ্টিটিউসন primary teachers training, basic training, teachership training, accommodation এতগুলি স্কুল করে রেখেছেন যাতে এই রকম টিচারশিপ পাওয়া যায় যারা ট্রেনিংয়ে যেতে চায় তাদের অ্যাকমডেশন দিতে পারবেন ?

Shri Rabindra Lal Sinha : মাননীয় সদস্য উত্তরটা যদি অনুধাবন করতেন তাহলে দেখতে পেতেন আমি পরিষ্কার বলেছি যে যা সুযোগ আছে তাতে আছেন তারা অগ্রাধিকার পাবেন তাতে যদি দেখা যায় যে ট্রেণ্ড টিচার দিয়ে ফিলয়াপ করা গেল না—ট্রেণ্ড টিচার যা অ্যাভালেবল তার চেয়ে অনেক বেশী ভেকান্সি সেখানে নিশ্চয়ই আনট্রেণ্ড টিচার নিবেন ; তবে আমরা দেখে নেবো ইচ্ছামত যেন সেটা রদবদল না হয়।

Shri Lutfal Hoque : সেই রকম ক্ষেত্রে যদি স্কুল বোর্ড পারমিশান চান সেটা টার্নডাউন করে দেবেন না তো ?

Shri Rabindra Lal Sinha : আমি বলে দিয়েছি যে প্রত্যেকটি কেস অন মেরিট বিচার করতে হবে।

Shri Bhakti Bhusan Mondal : ট্রেণ্ড টিচারের যে কথা বলেছেন তারা তো সাধারণতঃ ঐ স্কুলে মাস্টারী করতে করতে ট্রেণ্ড হন—আপনার ইনডিপেনডেণ্ট ট্রেনিং পাবার কোন প্রভিসন কি আছে ?

Shri Rabindralal Sinha : হ্যাঁ, আছে।

Shri Bhakti Bhusan Mandal : এই যে ইনডিপেনডেন্ট প্রভিসন যেটা আছে বলে বলছেন এর শতকরা হারটা কত বলতে পারেন ?

Shri Raindralal Sinha : সেটা এই প্রশ্নের উত্তরে বলতে পারছি না।

Shri Nikhil Das : একটা টাইপিষ্ট এবং এল. ডি. ক্লার্ক সেক্রেটারীয়েটে যারা নিযুক্ত আছেন তাদের মিনিমাম একাডেমিক কোয়ালিফিকেসনে কিছু ডিফারেন্স আছে, না, একই একাডেমিক কোয়ালিফিকেসন আছে ?

Shri Saila Kumar Mukherjee : একই একাডেমিক কোয়ালিফিকেসন. তবে টাইপিষ্টরা টাইপ জানে।

Shri Nikhil Das : ডিরেকটরেটের যে গ্রেড আপনি বলছেন সেই গ্রেডের ফোর্থ ষ্টেজে আপনি এল. ডি. ক্লার্কসদের নিয়ে প্লেস করছেন, তারা ১২৫ থেকে যদিও ষ্টার্ট করছেন, কিন্তু আসলে এল. ডি. ক্লার্করা ১৩৪ টাকা আরম্ভ করছে, তার মানে ডিরেক্টরেটের এল. ডি. ক্লার্করা কিছুটা সুপিরিয়ার কাজ করে, সেইজন্য ফোর্থ ষ্টেজে নিচ্ছেন। ঠিক সেই প্রসিডিওরটা সেক্রেটারিয়েটের ব্যাপারে প্রযোজ্য হোল না কেন? একই গ্রেড থাকবে, কিন্তু এল. ডি. ক্লার্করা ফোর্থ ষ্টেজে ষ্টার্ট করবে এটা কেন হোল না ?

Shri Saila Kumar Mukherjee : আমাদের বহুদিন ধরে রিক্রুটমেন্ট রুলস যেটা এক্জিসটিং আছে তার মধ্যে কাজের পার্থক্য করা হয়েছে এল. ডি. ক্লার্কস। L. D. clerks in the regional offices deal with routine matters only. Typing work is also considered as work of routine nature and accordingly, in the recruitment rules already existing for very very long time knowledge of typing has been incorporated as one of the essential qualifications for L. D. clerks of the regional offices. Cases are, however, different in the Secretariat sphere. L. D. assistants are required to deal with files received from the Heads of Departments and to help prepare the materials in the light of which the Government can frame correct policies. They are also required to put up drafts and Government orders. The work in the Secretariat is thus of a more responsible nature vastly different from those in the regional office.

Shri Nikhil Das : আমার প্রশ্নটা খুব সহজ এবং সোজা যে আপনি ডিরেক্টরেটে একটা ডিফারেন্স টাইপিষ্ট এবং এল. ডি. ক্লার্কদের মধ্যে করেছেন যে এল. ডি. ক্লার্কের ফোর্থ ষ্টেজে গিয়ে স্টার্টিং পে হবে, তার কারণ এল. ডি. ক্লার্কদের টাইপিস্টদের চেয়ে সুপিরিয়ার ওয়ার্ক করতে হয়, কিন্তু সেক্রেটারিয়েটের যারা এল. ডি. ক্লার্ক এবং টাইপিস্ট তাদের দুটো স্কেল না করে তাদের ব্যাপারে ফোর্থ স্টেজে ইনক্রিমেন্ট দিয়ে একটা অব পে রাখলেন না কেন ?

Shri Saila Kumar Mukherjee : It will require change in the recruitment rules. I shall consider your suggestion.

Shri Nikhil Das : ১৯৫৯-৬১ সালেতে যে কমিটি যে রেকমেনডেশন করেছিলেন সেই রেকমেণ্ডেশনে তারা সেম স্কেল অব পে for the L. D. clearks এবং টাইপিষ্টদের সেক্রেটারিয়েটে করেছিলেন এবং কেবিনেট সেটা পরে পালটেছিলেন। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে পে কমিটির কাছে কি আপনারা কিছু ক্লিয়ার করে দেন নি যে তাদের কাজের মধ্যে এই ডিফারেন্স আছে ?

Shri Saila Kumar Mukherjee : ১৯৬১ সালে পে কমিটি হয়ে গেছে—তাদের কাছে কি দেওয়া হয়েছিল সেটা এখন বলতে পারবো না—তবে আপনি যখন বলছেন তখন আমরা এটা পুনর্বিবেচনা করবো।

Shri Nikhil Das : আপনি পুনর্বিবেচনা করবেন এই আশ্বাস দিচ্ছেন তো যাতে একই স্কেল হয় ?

Shri Saila Kumar Mukherjee : কি হবে বলতে পারি না, তবে পুনর্বিবেচনা করা হবে।

Allegation of corruption against one inspector of Tols, Vangiya Sanskrita Shiksha Parishat

*574. (Admitted question No. *2571) **Dr. Kanai Lal Bhattacharya :** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether it is a fact—

(i) that about two years' back one Inspector of Tols, Vangiya Sanskrita Shiksha Parishat, Calcutta, had been charged for corruption on various misdeeds in performance of his official duties in the capacity of his office ;

(ii) that after making a preliminary enquiry by the Department the cases had been referred to the Anti-corruption Department ?

(b) If the answers to (i) and (ii) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether any findings had been sent to the Department by the Anti-corruption Department by this time ; and

(ii) if not, why such inordinate delay is being made ?

Shri Rabindralal Sinha : (a) (i) Yes.

(ii) Yes.

(b) (i) Not as yet.

(ii) The case is still under investigation.

Shri Amarendra Nath Roy Pradhan : মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এণ্টি-কোরাপসন ডিপার্টমেন্ট কবে থেকে এনকোয়ারী আরম্ভ করেছেন ?

Shri Rabindralal Sinha : কবে থকে এনকোয়ারী আরম্ভ করেছেন বলতে পারি না, তবে আমরা কবে পাঠিয়েছি বলতে পারি। আমরা পাঠিয়েছি এডুকেশন ডিপার্টমেন্ট থেকে ২৭শে মে ১৯৬৪ সালে।

Shri Bhakti Bhusan Mondal : এটা কি চার্জসিট দেওয়া হয়েছে ?

Shri Rabindralal Sinha : ওটা যখন অনুসন্ধানের জন্য পাঠানো হয়েছে তখন তার রিপোর্ট পাবার পর হবে।

Shri Bhakti Bhusan Mondal : আমি জিজ্ঞাসা করছি রিপোর্টের পরে তো হবে নিশ্চয়, কিন্তু একটা ফরম্যাল এফ. আই. আর. দেওয়া হয়েছে, না কেবল এন্টিকোরাপসেন পাঠিয়ে দিয়েছেন।

Shri Rabindralal Sinha : পরে সব হবে।

Shri Bhakti Bhusan Mondal : আপনি বলেছেন যে এন্টি কোরাপসন ডিপার্টমেন্ট থেকে এনকোয়ারি'র পরে এফ. আই. আর. দেওয়া হবে, কিন্তু একটা ফরম্যাল এফ. আই. আর না দিয়ে ইনভেষ্টিগেসনের জন্য এন্টিকোরাপসনে পাঠালেন কেন ?

Shri Rabindralal Sinha : এ বিষয়টি আমরা এন্টিকোরাপসনে এনকোয়ারী করতে পাঠিয়েছি—এনকোয়ারীর রিপোর্টের উপর প্রয়োজন হলে আমরা করবো।

Shri Bhakti Bhusan Mondal : এনকোয়ারীতে এতো টাইম লাগছে কেন ?

Shri Rabindralal Sinha : আমরা সম্প্রতি ভিজিলেন্স কমিশনের ডেপুটি সেক্রেটারীকে ফোন করেছিলাম, তাতে তিনি বলছেন যে আমরা যত তাড়াতাড়ি পারি করে দেবো, বিভিন্ন জায়গায় বাংলা দেশের বিভিন্ন লোক নিয়ে এটা করতে হবে বলে দেরী হচ্ছে।

Primary teachers in Midnapore district

***575.** (Admitted question No. *2230.) **Shri Ananga Mohan Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এ পর্যন্ত কতজন প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকা আছেন ;
(খ) তাহাদের মধ্যে কতজন ট্রেনিং প্রাপ্ত ;
(গ) উক্ত জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ট্রেনিং প্রাপ্ত নহেন ; এবং
(ঘ) ঐরূপ প্রধান শিক্ষকগণ প্রধান শিক্ষকের প্রাপ্য ভাতা পাইতেছেন কি ?

[1-30—1-40 p.m.]

Shri Rabindralal Sinha : (ক) ১৫,১০১ জন। (খ) ৫,১০৭ জন।

(গ) ২,৬৮২টি প্রাথমিক বিদ্যালয়ে ভার প্রাপ্ত শিক্ষক (Teacher-in-Charge) ট্রেনিং প্রাপ্ত নহেন।

(ঘ) না।

Shri Ananga Mohan Das : ১৫ হাজার প্রাথমিক শিক্ষকের মধ্যে সাত হাজার ট্রেনিং প্রাপ্ত বললেন। এই যে বিরাট শিক্ষক সংখ্যা থাকবে যে সমস্ত ট্রেনিং স্কীমে ট্রেনিং দেওয়া হবে। সুতরাং তাদের সর্ট কোর্স ট্রেনিং দেবার ব্যবস্থা করবেন কি ?

Shri Rabindralal Sinha : আমরা প্রভিটা প্ল্যানে ট্রেনিং ইনস্টিটিউসান বাড়াবার চেষ্টা করছি এবং চতুর্থ পরিকল্পনার আমরা আরো বাড়াবার চেষ্টা করছি। তা ছাড়া বিশেষভাবে বিবেচনা করছি যে চতুর্থ পরিকল্পনায় প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে করম্পণ্ডেন্স কোর্স ইত্যাদি সর্ট কোর্স কতদূর করা যায়। এবং অলরেডি ইন সার্ভিস যে সব টিচার্স যারা অভিজ্ঞ আছেন তাদের করম্পণ্ডেন্স কোর্স করে যাতে ট্রেনড করান যায় সে বিষয় বিবেচনা করছি।

Shri Ananga Mohan Das : আপনি বললেন দুই হাজারের উপর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ট্রেনিং প্রাপ্ত নয়। অথচ তাঁরা প্রধান শিক্ষকের কাজ করছেন তাদের মধ্যে যে সমস্ত শিক্ষক দশ বৎসরের বেশী যোগ্যতার সংগে কাজ করছেন তাদের কি ট্রেনিং প্রাপ্ত শিক্ষকদের সমতুল্য বেতন দেবেন ?

Shri Rabindralal Sinha : না ; এরূপ সঠিক প্রশ্ন বিবেচনায় নেই।

Shri Ananga Mohan Das : প্রধান শিক্ষক ট্রেনিং প্রাপ্ত হন বা না হন তাঁদের কাজের দায়িত্ব আছে যে ভাবে ট্রেনিং প্রাপ্তরা কাজ করেন। এরূপ ক্ষেত্রে ট্রেনিং পেল না বলে তিনি যোগ্যতার সংগে কাজ করা সত্ত্বেও তাদের বেতন দেওয়া হবে না। কাজেই যোগ্যতার জন্য বেতন না ট্রেনিং-এর জন্য বেতন এটা বলবেন কি ?

Shri Rabindralal Sinha : অনংগবাবুর এরূপ প্রশ্ন উত্তর আমি ১৫ দিন আগে দিয়েছি, সুতরাং আমি নূতন কথা বলবো না, যোগ্যতা এবং দায়িত্ব মিলিয়ে দেওয়া হয়, আপনি যে ভাবে বলছেন সে ভাবে দেবার পরিকল্পনা সরকারের নেই।

Shri Ananga Mohan Das : যে যোগ্যতা সমন্ধে প্রশ্ন করা হয়েছে। যাদের দীর্ঘদিনের যোগ্যতা আছে তাদের ট্রেনিং-এর যোগ্য বলে বিবেচনা করবেন কিনা ?

Shri Rabindralal Sinha : এটা মতামতের প্রশ্ন।

Pisciculture Programme in Bishnupur, Katiganga, Chaltia and Bhandar Beels in Berhampore P.S.

***576. (Admitted question No. *2443.) Shri Sanat Kumar Raha :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানার অন্তর্গত বিষ্ণুপুর বিল, কাটিগংগা বিল, চালতিয়া বিল ও ভাণ্ডার বিল সরকারের ন্যস্ত কি না ;

(খ) ইহার মধ্যে কোন কোন বিলে সরকারী দখলে মৎস্য চাষ হইতেছে ; এবং

(গ) বর্তমানে কোন কোন বিল ব্যক্তি মালিকানায় আছে ?

Shri S. M. Fazlur Rahman : (ক) চালতিয়া বিলের কিছু অংশ ছাড়া উল্লিখিত সব কয়টি বিলই সরকারে ন্যস্ত আছে।

(খ) কোনটিতেই নয়।

(গ) চালতিয়া বিলের সমগ্র আয়তন ৮১·১১ একরের মধ্যে ১১·৯৩ একর ব্যক্তি মালিকানাধীন।

Shri Sanat Kumar Raha : এই যে সরকারের উপর ন্যস্ত আছে, সেই ন্যস্ত হিসাবে এগুলিতে উৎপাদনের ক্ষেত্রে বাড়াবার কোন পরিকল্পনা আছে কি ?

Shri S. M. Fazlur Rahman : বিলের কথা যা বলছেন তাতে আমাদের মৎসজীবি সমবায় সমিতিকে দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha : চালতিয়া মৎস সমবায় সমিতি তারা দীর্ঘদিন ধরে এটা করে আসছে, কিন্তু আপনারা তাদের না দিয়ে ১২ মাইল দূরে বেলডাঙ্গা মৎস সমবায় সমিতি তাদের দিলেন। আমার কথা হচ্ছে এইভাবে বিলি বন্টন করে দেওয়া হল কেন ?

Shri S. M. Fazlur Rahman : মৎসজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেওয়া হয়। অগ্রাধিকার দেওয়া হলেও এর একটা ডাক হয় এবং তাতে প্রায়রিটি থাকা সত্ত্বেও যার বেশী ডাক হয় তাকে দেওয়া হয় এবং সেইভাবেই এটা দেওয়া হয়েছে অন্দিরম সমবায় সমিতিকে।

Shri Sanat Kumar Raha : অন্দিবম বলে যাদের দিলেন এই কো-অপারেটিভএর এই এলাকায় চালতিয়া সমবায় সমিতি যেটা ছিল তাদের বিলি করা হয়েছিল। কিন্তু সরকারী কর্মচারীরা এটা এক্সপ্লয়টেসান করে এটা আলাদা করে কেড়ে নিয়ে বেশী টাকা পাচ্ছে এই উদ্দেশ্যে ১২ মাইল দূরে যারা তাদের দেওয়া হল। কো-অপারেটিভ আইনে এবং মৎসজীবি বিভাগের মধ্যে এটা একটা ক্লাশ করছে। আমার মনে হয় মৎসপুর থেকে কো-অপারেটিভ সম্পর্কে এইরূপ কোন বিরোধ নেই যে যেখানে মৎসজীবি সমবায় সমিতি আছে সেখানে দেওয়া হবে।

Shri S. M. Fazlur Rahman : আইনের সংগে কোন বিরোধ নেই। মৎসজীবী সমবায় সমিতির কথা চিন্তা করে এইরূপ মৎসজীবী এলাকার মধ্যে যেসব আছে সেগুলির মধ্যে যেটা শ্রেয় বলে মনে করা হয় সেটা দেওয়া হয়। আপনি যেটা বলেছেন এটা আমরা বিবেচনা করছি। আমরা এটা করছি কারণ আপনার কাছ থেকে এইরূপ একটা অভিযোগ পেয়েছিলাম।

Shri Sanat Kumar Raha : যে সমস্তগুলি এইভাবে প্রাইভেট বন্দোবস্ত দেওয়া আছে সেগুলি সরকারের হাতে নিয়ে উন্নতি করা সম্ভব কিনা। কারণ, এই সমস্তগুলি প্রাইভেট লোককে দেওয়ায় এর উন্নতি সম্ভব নয়—কোন প্রকার সংস্কার করে না, ফলে সেই সমস্তগুলি পাঁকে ডুবে আছে। আপনি এগুলি সরকারের হাতে নেবার ব্যবস্থা করবেন কি ?

Shri S. M. Fazlur Rahman : আমরা বিষ্ণুপুর এবং চালতিয়া এই দুটো বিল আমাদের ডিপার্টমেন্টে নিয়ে সরাসরি এর উন্নতি করবার চেষ্টা করছি। এ সম্বন্ধে আমাদের নেগোসিয়েসান হচ্ছে।

Shri Sanat Kumar Raha : কাজ কবে থেকে করবেন ?

Shri S. M. Fazlur Rahman : আমাদের ডিপার্টমেন্ট থেকে ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টকে বলা হয়েছে ফিসারী Department-এ transferrd করে দেবার কথা।

Shri Aswini Roy : মাননীয় চেয়ারম্যান স্যার আমার প্রশ্নের উত্তরটা আমি লাইব্রেরীর টেবিলে পাইনি, আর এখানে মন্ত্রিমহাশয়ও নেই।

Mr. Chairman : It will be taken up later.

Grants to the Calcutta Univesity

*578 (Admitted question No. *2231.) **Shri Ananga Mohan Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার গত ১৯৬৪ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়কে মোট কত টাকা বিভিন্ন খাতে দিয়াছেন ;

(খ) উক্ত অর্থ খরচের জন্য প্রতি বৎসর অডিটের ব্যবস্থা আছে কি না ; এবং

(গ) বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত পরীক্ষাগুলির ফলাফল সরকারকে জানান হয় কি না ?

Shri Rabindralal Sinha : (ক) ১৯৬৪ সালের জানুয়ারী মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত কলিকাতা বিশ্ববিদ্যালয়কে সরকারের শিক্ষা বিভাগ হইতে নিম্নলিখিত খাতে মোট ২৪,৮৪,৮৪২ টাকা অনুদান দেওয়া হইয়াছে :

		টাকা
(১) সংবিধিবদ্ধ আবর্তক অনুদান (Statutory grant)	...	১৬,০০,০০০
(২) প্রবেশিকা পরীক্ষা বন্ধের ক্ষতিপূরণ বাবাদ আবর্তক অনুদান	...	৫,৫২,০০
(৩) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জন্য সাহায্য বাব্রে	...	৩,৩২,৮৪২
		২৪,৮৪,৮৪২

এতদ্ব্যতীত উক্ত বিশ্ববিদ্যালয়ের দুইটি ছাত্রাবাস নির্মাণকল্পে উক্ত বিশ্ববিদ্যালয়কে ১৯৬৪ সালে ১,০৫,০৪৫ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(খ) উক্ত অর্থের খরচ সরকারের হিসাব পরীক্ষক (Examiner of Local Accounts under Accountant-General, W.B.) পরীক্ষা করেন।

(গ) না।

Shri Ananga Mohan Das : গত ১৯৬৩ সাল হতে কলকাতা বিশ্ববিদ্যালয়কে যে টাকা দেওয়া হয়েছিল, যে অডিট রিপোর্ট এসেছে তাতে কোন adverse report এসেছে কিনা?

Shri Rabindralal Sinha : প্রশ্ন হচ্ছে ১৯৬৪ সালে টাকা দেওয়া সম্বন্ধে। ১৯৬৩ সালের অডিট রিপোর্ট সম্বন্ধে প্রশ্ন করলে বলতে পারবো।

Shri Ananga Mohan Das : কলকাতা বিশ্ববিদ্যালয়কে আপনারা যে grant দেন এবং পরীক্ষায় যে সমস্ত ফলাফল হয় এ বিষয়ে সরকারকে কিছু জানান হয় না বলেছেন। কিন্তু সরকার কি অবগত আছেন যে এ বৎসরে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে Degree Course Part II যে পরীক্ষা হয় তার যে result বার হয় তাতে দেখা যায় যে ৫০০ ছাত্র-ছাত্রীর result in complete ছিল, এটা আপনি জানেন কি?

Shri Rabindralal Sinha : একথা বলতে পারবো না। যদি প্রশ্ন দেন পরীক্ষার ফলাফল কি হয়েছে তাহলে বলতে পারবো। মূলতঃ এটা বিশ্ববিদ্যালয়ের ব্যাপার সমস্ত খবরাখবর তাদের কাছ থেকে এনে বলতে হবে। সাধারণভাবে আমরা খবর রাখি। কিন্তু এই মুহূর্তে এ ফাইল দেখে বলা সম্ভব নয়।

[1-40—1-50 p.m.]

Shri Ananga Mohan Das : কলিকাতা বিশ্ববিদ্যালয় যে পরীক্ষার ফল বের করেছিলেন তার মধ্যে যে incomplete result ছিল সে সম্বন্ধে আপনারা কিছু খবরাখবর করবেন কি?

Shri Rabindralal Sinha : এ সম্বন্ধে এখন কিছুই বলতে পারব না। যদি আলাদা প্রশ্ন দেন incomplete result, university result ইত্যাদি তাহলে আমি উত্তর দিতে পারব।

Bus route No. 83 from Kidderpore to Falta

***577.** (Admitted question No. *2566.) **Shri Aswini Roy :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার খিদিরপুর-ফলতাগামী ৮৩নং রুটে মোট কতগুলি বাস চলাচল করে; এবং

(খ) বৈকাল ৪-৩০ মিনিট হইতে ৭-৩০ মিনিট পর্যন্ত কাজের দিনগুলিতে (অন্ ওয়ার্কিং ডেজ্) উক্ত রুটে খিদিরপুর হইতে কয়টি বাস কত মিনিট ব্যবধানে ছাড়ে?

Shri Saila Kumar Mukherjee : (ক) মোট ২২টি বাস চলাচল করে।

(খ) বর্তমান টাইমটেবিল অনুযায়ী বৈকাল ৪-১২ মিনিট (ডেজ্) হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রতি ১৪ মিনিট অন্তর ১৩টি বাস এবং সন্ধ্যা ৭টা হইতে ৭-৩০ মিনিট পর্যন্ত প্রতি ১৫ মিনিট অন্তর ২টি বাস খিদিরপুর হইতে ছাড়ে।

Shri Aswini Roy : প্রশ্নের যা জবাব দিলেন তাতে দেখা যাচ্ছে প্রত্যেক মিনিটেই একটা বাস ছাড়ে কিন্তু ঘটনা তা নয়, ঘটনা হচ্ছে ওখানে প্রচুর over-crowding হয়, এই

passengers-দের over-crowding যেটা হচ্ছে খিদিরপুর থেকে Behala Tram Depot পর্যন্ত সেজন্য সরকার কি একথা ভাবছেন যে ঐ পীক Period-এ খিদিরপুর থেকে বেহালা shuttle bus run করানো ?

Shri Saila Kumar Mukherjee : বিবেচনা করে দেখব।

Orphanage at Berhampore

***579.** (Admitted question No. *2486.) **Shri Sanat Kumar Raha :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর (অরফেনেজে) অনাথ বালকদের শিক্ষাকেন্দ্রে গত তিন বছরে কত জন ছাত্র ছিল ;

(খ) বর্তমানে উক্ত শিক্ষাকেন্দ্রে কি কি বিষয়ে শিক্ষা দেওয়া হয় এবং কত ছাত্র আছে ; এবং

(গ) গত তিন বৎসরের প্রতি বৎসর ঐ কেন্দ্র হইতে কতজন মুক্তি পাইয়া স্বীয় উপার্জনে নির্ভরশীল হইয়াছে ?

Shri Rabindralal Sinha : (ক) বহরমপুরে বর্তমানে শিক্ষা বিভাগের পরিচালনাধীনে কোন Orphanage নাই। তবে শিক্ষা বিভাগের পরিচালনাধীনে Berhampore Central State Welfare Home নামক একটি কল্যাণ নিকেতন (Welfare Home) আছে। উক্ত নিকেতনের তথ্যাদি দেওয়া হইল—

১৯৬২—প্রতিমাসে গড়ে ১২১ জন ছাত্র ছিল।

১৯৬৩—প্রতিমাসে গড়ে ১২১ জন ছাত্র ছিল।

১৯৬৪—প্রতিমাসে গড়ে ১২৮ জন ছাত্র ছিল।

(খ) উক্ত কল্যাণ নিকেতনে একটা 4-Class Junior High School আছে। এ' স্কুলে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষালাভ করে এবং সেই সঙ্গে Carpentary, Tailoring, Weaving এবং Agriculture এই ৪টা Craft সাধারণভাবে শিক্ষা প্রাপ্ত হয়। ইহা ছাড়া অষ্টম শ্রেণী উত্তীর্ণ মেধাবী ছাত্রগণ শহরের বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষা লাভ করিবার সুযোগ পাইয়া থাকে। এই কল্যাণ নিকেতনের বর্তমান ছাত্র সংখ্যা—১৪৫।

(গ) সাধারণ নিয়ম অনুসারে ১৮ বৎসর বয়স হইবার পর ছাত্রগণ কল্যাণ নিকেতন ত্যাগ করে নিজ নিজ যোগ্যতা অনুযায়ী কর্মক্ষেত্রে প্রবেশ করে। ১৯৬২ সালে ১০ জন, ১৯৬৩ সালে ৪ জন এবং ১৯৬৪ সালে ২ জন ছাত্র ১৮ বৎসর বয়সে এই কল্যাণ নিকেতন ত্যাগ করিয়া গিয়াছে। পরবর্তী সময়ে তাহারা কল্যাণ নিকেতনের সহিত আর যোগাযোগ রাখে নাই। কাজেই তাহাদের সম্পর্কে সংশ্লিষ্ট তথ্যাদি সঠিক সরবরাহ করা সম্ভব নয়।

Shri Sanat Kumar Raha : এই Cental State Welfare Home-এর capacity কত অর্থাৎ কত ছাত্র ভর্তি হতে পারে ?

Shri Rabindralal Sinha : ১৫০ জন অবধি ছাত্র নেওয়া যায়।

Shri Sanat Kumar Raha : এটা আগে orphanage বলে পরিচিত ছিল এখন Central State Welfare Home বলে হয়েছে—এখানে কোন্ ধরণের ছাত্র নেওয়া হয় এবং কি শর্তে নেওয়া হয় ?

Shri Rabindralal Sinha : সাধারণত: হোমে আমরা নিই যাদের বাপ-মা নাই বা বাপ নেই মার পক্ষে প্রতিপালন করা সম্ভবপর নয়—এই রকম ধরণের ছাত্রদেরই আমরা নিয়ে থাকি। তবে admission-এর detailed rule যদি চান তাহলে পরে দিতে পারি।

Shri Sanat Kumar Raha : এখানে ভর্তি করতে গেলে সেটা ওখানকার Superintendent-এর মাধ্যমে হয় না D. M. অথবা S. D. O.-র মারফৎ হয় ?

Shri Rabindralal Sinha : আমি ছাত্র ভর্তির আইনটা এখন বলতে পারব না।

Shri Sanat Kumar Raha : যে যে বিষয়ে শিক্ষা দেওয়া হয় তার technical staff কতজন teacher আছেন ?

Shri Rabindralal Sinha : Elementary ভাবে ৪টা জিনিস শিক্ষা দিবার ব্যবস্থা আছে, staff position বলতে পারব না তবে তার সংগে আরেকটা বলে দিচ্ছি যারা সাধারণ শিক্ষালাভের অযোগ্য বলে বিবেচিত হল বা বিভিন্ন Trade-এ যাদের কিছু দক্ষতা দেখা গেল তাদের Welding, Carpentary, Tailoring, Blacksmithing; etc., Training দেবার জন্য শিবপুরে আমতলা State Welfare Home তাদের Transfer করি সেখানে আমাদের একটা Technical School আছে।

Shri Sanat Kumar Raha : সেখানে Job work করার ব্যবস্থা আছে ?

Shri Rabindralal Sinha : তা আমি এখন বলতে পারব না।

Shri Sanat Kumar Raha : প্রত্যেক ছাত্রের পিছনে State Government-এর কি পরিমাণ টাকা খরচা করতে হয় ?

Shri Rabindralal Sinha : আমি নোটিশ চাই।

UNSTARRED QUESTIONS

to which written Answers were laid on the table

Scheduled castes and tribes students in Kanksa High School, Burdwan

935. (Admitted question No. 1443.) **Shri Manoranjan Baksi :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাঁকসা উচ্চ বিদ্যালয়ে গত ১৯৬৪ সালের জানুয়ারী হইতে এ পর্যন্ত কোন শ্রেণীতে কতজন তপশীলী ও উপ-তপশীলী (আদিবাসী সাঁওতাল) সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী আছে ; এবং

(খ) তন্মধ্যে কতজন ছাত্র-ছাত্রী উক্ত সময়ে বুক গ্রাণ্ট ও স্কুল ফিস্ বাবদ সরকার কর্তৃক কত টাকা পাইয়াছে ?

The Minister of Education : (ক) কাঁকসা উচ্চ বিদ্যালয়ে পাঠরত তপশীলী ছাত্র সংখ্যা নিম্নরূপ :—

শ্রেণী	১৯৬৪	১৯৬৫
পঞ্চম শ্রেণী	৪	—
ষষ্ঠ শ্রেণী	৩	৪
সপ্তম শ্রেণী	১	২
অষ্টম শ্রেণী	২	২
নবম শ্রেণী	১	১
দশম শ্রেণী	১	১
একাদশ শ্রেণী	১	১
	১৩	১১

এই বিদ্যালয়ে কোন আদিবাসী ছাত্র নাই।

(খ) ১৯৬৪ সালে ১ জন ছাত্রকে বুক গ্রান্ট বাবদ এবং ৭ জন ছাত্রকে স্কুল ফিস বাবদ মোট ৪২৭ টাকা দেওয়া হইয়াছে। ১৯৬৫ সালের এ পর্যন্ত ঐ সকল বাবদ কোন টাকা এখনও দেওয়া হয় নাই।

Introduction of free and compulsory Primary Education in Midnapore Municipality

936. (Admitted question No. 1678.) **Shri Syed Shamsul Bari :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) If it is a fact the Government has a proposal for starting compulsory free primary education in the Municipal area of Midnapore Town; and

(b) If so, when it will be started ?

The Minister for Education : (a) Under the West Bengal Urban Primary Education Act, 1963, Government proposes to introduce free and compulsory Primary Education in all Municipal areas of the State including that of Midnapore Municipality.

(b) It will be started as soon as the relevant provisions under sections 3 and 4 of the said Act are complied with.

The statement for introduction of free and compulsory Primary Education as furnished by the Municipality in the prescribed pro forma as required under section 3 of the said Act, is under examination of the Government under section 4 of the said Act.

Upgrading of Junior High Schools in Jhargram Subdivision

937. (Admitted question No. 2003.) **Shri Surendranath Mahata :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত মেদিনীপুর ঝাড়গ্রাম মহকুমার কোন কোন দুই শ্রেণী বিশিষ্ট জুনিয়র হাই স্কুলকে ৭ম ও ৮ম শ্রেণীতে উন্নীত করা হইয়াছে ; এবং

(খ) কোন কোন বিদ্যালয়ের আবেদন থাকা সত্বেও সপ্তম ও অষ্টম শ্রেণীতে উন্নীত করা হয় নাই এবং না করার কারণ কি ?

The Minister for Education :

(ক) ১৯৬১ সাল

১। পাইকামবাই নিগমানন্দ জুনিয়ার হাই স্কুল।

২। চোরেচিতা জুনিয়ার হাই স্কুল।

৩। ভাকুরা শ্যামা স্মৃতি জুনিয়ার হাই স্কুল।

১৯৬২ সাল

কোন ২ শ্রেণী বিশিষ্ট জুনিয়ার হাই স্কুলকে চার শ্রেণী বিশিষ্ট জুনিয়ার হাই স্কুলে উন্নীত করা হয় নাই।

১৯৬৩ সাল

১। বাবুভাংগ্রো জুনিয়ার হাই স্কুল।

২। পাচকাশানিয়া জুনিয়ার হাই স্কুল।

৩। একতাল ক্ষুদিরাম জুনিয়ার হাই স্কুল।

৪। নাগরীপদ জুনিয়ার হাই স্কুল।

১৯৬৪ সাল

১। বালিগোরিয়া জুনিয়ার হাই স্কুল।

২। চন্ডবিল্লা জুনিয়ার হাই স্কুল।

১৯৬৫ সালে এ পর্যন্ত চার শ্রেণীযুক্ত জুনিয়ার হাই স্কুলের অনুমোদন পশ্চিমবংগ মধ্যশিক্ষা পর্ষৎ হইতে পাওয়া যায় নাই।

(খ) ১৯৬৪ সালে একমাত্র অন্ধরিয়া জুনিয়ার হাই স্কুলকে সপ্তম ও অষ্টম শ্রেণীতে উন্নীত করা হয় নাই। কারণ ঐ স্কুলটিতে ছাত্র সংখ্যা অত্যন্ত কম ছিল।

Primary Schools in Midnapore Town

938. (Admitted question No. 2066) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number, names and locations of the Primary Schools in Midnapore Town;

(b) which of them are Government sponsored; and

(c) whether the rest are receiving aid from Government?

The Minister for Education: (a) and (b) A statement is laid on the Table:

(c) Yes.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 938

Statement

	Name of the School 1	Location 2	
1	Saraswati Vidyamandir	Ward No. 1	Government Aided Primary School
2	Satyananda Pat Mandir	,, 1	do
3	Quikota Sankari	,, 2	do
4	Vivekananda Ashram	,, 2	do
5	Khaprail Bhabani	,, 3	do
6	Kotebazar Charusila	,, 3	do
7	Hanshpukur Sahid Khudiram	,, 3	do
8	Kotebazar Moktab	,, 3	do
9	Mission Girls' Junior Basic	,, 4	do
10	Nirmal Hridaya Ashram	,, 4	do
11	Mahananda Primary	,, 4	do

	Name of the School		Location
	1		2
12	Shri Narayan Vidyabhaban Boys	Ward No. 6	Government Aided Primary School
13	Shri Narayan Vidyabhaban Girls	,, 6	do
14	Mirbazar Maktab	,, 7	do
15	Aliganj Girls	,, 8	do
16	Vidyasagar Vidyapith Primary	,, 7	do
17	Practising School attached to Junior Basic Training College	,, 7	do
18	Harijan Primary	,, 7	do
19	Manikpore Boys	,, 9	do
20	Manikpore Girls	,, 9	do
21	Barmanikpur	,, 9	do
22	Smritikona	,, 10	do
23	Manashi Girls	,, 11	do
24	Muktaranjan Primary	,, 12	do
25	S. N. Primary	,, 12	do
26	Muktimahalla Muktab	,, 12	do
27	Mirbazar Adarsha	,, 12	do
28	Midnapore Balika Vidyalaya	,, 12	do
29	Patnabajar Mission Girls'	,, 13	do
30	Ramchandra V. Niketan Primary	,, 13	do
31	Ramchandra Girls	,, 13	do
32	Patnabazar Sibalaya	,, 13	do
33	Alokaranjan	,, 13	do
34	Baxibazar Primary	,, 14	do
35	Adarsha Hindi	,, 14	do
36	Siddeswari Dakshinpara	,, 14	do
37	Barabazar Boys Primary	,, 17	do
38	Vidyasagar Vidyamandir	,, 17	do
39	Vidyasagar Girls	,, 17	do
40	Balavpur Balakeswar	,, 18	do
41	Town Primary	,, 18	do
42	Berballavpur	,, 18	do
43	Paharipur Girls	,, 18	do
44	R. K. Mission Basic Unit I	,, 19	do
45	R. K. Mission Basic Unit II	,, 19	do
46	Barabazar Girls Primary	,, 17	do
47	Quikota G.S.F.P.	,, 2	Govt. Sponsored Primary School
48	Midnapore G.S.F.P.	,, 6	do
49	Mahatabpur G.S.F.P.	,, 15	do
50	Chirimarshai G.S.F.P.	,, 16	do

Sabajpur Sambodhi Siksha Tirtha, Midnapore

939. (Admitted question No. 2157). **Shri Sudhir Chandra Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার সাবাজপুর সম্বোধি শিক্ষাতীর্থকে দশম শ্রেণীতে উন্নীত করিবার জন্য ২৪-১২-৬৩ তারিখে মেদিনীপুর জেলা স্কুল পরিদর্শকের তদন্তের রিপোর্টের সহিত পরিচালক সমিতির কতজন সদস্যের নাম উল্লেখ ছিল ;

(খ) ঐ বিদ্যালয়ের গ্রান্ট-ইন-এডের টাকা ১৯৬৪ সালে উক্ত পরিচালক সমিতি তুলিয়াছেন কি না ;

(গ) না তুলিয়া থাকিলে কাহার দ্বারা এ টাকা তোলা হইয়াছে এবং কোন্ আদেশ অনুসারে তোলা হইয়াছে ; এবং

(ঘ) ১৯৬৫ সালের মার্চ মাসে শিক্ষকগণের বর্দ্ধিত বেতনের টাকা সকল শিক্ষককে দেওয়া হইয়াছে কি না ?

The Minister for Education : (ক) এগারো জন।

(খ) হাঁা, ১৯৬৩-৬৪ সালে ১,৫০০ টাকা তুলিয়াছেন।

(গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) দুইজন ছাড়া সকল শিক্ষককেই দেওয়া হইয়াছে। ঐ দুই জনের টাকা সেক্রেটারীর কাছে আছে। ঐ টাকা মিটাইয়া দিবার, অন্যথায় ট্রেজারীতে জমা দিবার যথারীতি নির্দেশ সেক্রেটারীকে দেওয়া হইতেছে।

Primary Schools in Calcutta

940. (Admitted question No. 2232.) **Shri Ananga Mohau Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা শহরে মোট কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে এবং তাদের শিক্ষক ও শিক্ষিকার সংখ্যা কত এবং তন্মধ্যে কতজন শিক্ষণপ্রাপ্ত ? উহাদের মোট ছাত্রসংখ্যা কত ?

The Minister for Education : ৩১-৩-৬৫ তারিখে কলিকাতা শহরে—

১।	প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা	—	৯০০
২।	শিক্ষকের সংখ্যা	—	২,৪৪৬
৩।	শিক্ষণপ্রাপ্ত শিক্ষকসংখ্যা	—	১,০৩৭
৪।	শিক্ষিকার সংখ্যা	—	২,৫৮৩
৫।	শিক্ষণপ্রাপ্ত শিক্ষিকার সংখ্যা	—	১,৬৪৪
৬।	ছাত্র-ছাত্রী সংখ্যা	—	১,৭৭,২৬০

(মাধ্যমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদিগকে এই হিসাবের মধ্যে ধরা হয় নাই।)

Dilapidated condition of Primary School at Methiadanga

941. (Admitted question No. 2316.) **Shri Kanai Pal :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্য যে শান্তিপুর থানার অন্তর্গত হরিপুর অঞ্চলের অধীন মেথিডাংগার প্রাইমারী স্কুল গৃহটি গঙ্গার ভাংগনে ভেঙ্গে গিয়াছে ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁা হয়, কতদিন এই গৃহটি ভেঙেছে এবং আজ পর্যন্ত এই স্কুলগৃহ নির্মাণের কি ব্যবস্থা হয়েছে ?

The Minister for Education: (ক) ও (খ) গংগার ভাংগনে স্কুল গৃহটি ভেংগে যাওয়ার আশংকায় স্কুলটি নিরাপদ স্থানে স্থানান্তরিত করা হইয়াছে।

Lands vested in Government in Bistupur police-station, 24-Parganas

942. (Admitted question No. 2547.) Shri Jugol Charan Santra: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার কালীঘাট-ফলতা রেলওয়ে উঠিয়া যাইবার পর যে সকল জমি সরকারে বর্তিয়াছে তন্মধ্যে বিষ্ণুপুর থানায় মৌজাওয়ারী জমির পরিমাণ কত;

(খ) বিষ্ণুপুর থানার কোন জমি সরকার হইতে কোনরূপ বিলিবন্দোবস্ত হইয়াছে কিনা;

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে কোন্ মৌজায় কোন্ কোন্ ব্যক্তিকে কত জমি বিলি করা হইয়াছে; এবং

(ঘ) কোন্ মৌজায় কত জমি সরকারের খাসে আছে?

The Minister for Land and Land Revenue:

(ক)

	মৌজার নাম	জমির পরিমাণ একর
১।	সরমেলতার চক্	২'৫৫
২।	চক্রাজু মোল্লা	১২'৪৩
৩।	ভাসা	১০'০১
৪।	খড়িবেড়িয়া	১৩'৪৭
৫।	বিষ্ণুপুর	৬'৬৮
৬।	উদয়রামপুর	৬'৮৩
৭।	কল্যানগর	০'৪২
৮।	আমতলা	১০'০৯
৯।	কৃপারামপুর	৬'৮৭
১০।	গঙ্গারামপুর	৭'০৬

(খ) পূর্বের কালীঘাট-ফলতা রেলওয়ের বিষ্ণুপুর থানার কোন জমি বিলি বন্দোবস্ত করা হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্নের উত্তরে লিখিত সমস্ত জমিই সরকারের খাসে আছে।

Construction of a Primary Health Centre in Khandaghosh police-station, Burdwan

943. (Admitted question No. 2559.) Shri Jawhar Banerjee: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) স্বাস্থ্যকেন্দ্রটির কার্য কবে আরম্ভ হইবে?

The Minister for Health: (ক) স্বাস্থ্যকেন্দ্রটি স্থাপনের উদ্দেশ্যে প্রদত্ত জমির পূর্ণ অংশ স্বাস্থ্য বিভাগের দখলে না আসায় ঐ স্বাস্থ্য কেন্দ্রের নির্মাণকার্য এখনও আরম্ভ করা যায় নাই। তবে আশা করা যায় শীঘ্রই আরম্ভ করা যাইবে।

(খ) সঠিক বলা সম্ভব নহে।

Government Khas Lands in Narikeldah, Naichanpur and Gajina mauzas of Midnapore district

944. (Admitted question No. 1907.) **Shri Anangamohan Das :** কৃষি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানার নারিকেলদহ, নৈছনপুর এবং গাজিনা মৌজার প্রত্যেকটিতে কত করিয়া খাস জমি আছে ;

(খ) উক্ত জমিগুলিতে চাষ আবাদ হইতেছে কিনা ; এবং

(গ) ঐ জমিগুলি বন্দোবস্ত দেওয়া হইয়া থাকিলে কাহাকে কাহাকে কত বৎসরের জন্য কত পরিমাণ বার্ষিক কি খাজনায় বন্দোবস্ত দেওয়া হইয়াছে ?

The Minister for Land and Land Revenue :

(ক)

মৌজার নাম		খাস জমির পরিমাণ
নারিকেলদহ	—	৪৮·৮৩ একর
নৈছনপুর	—	৫·৫৩ ,,
গাজিনা	—	৩·৬৫ ,,

(খ) হ্যাঁ, হইতেছে।

(গ) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে ন্যস্ত হইল।

Expenditure incurred for the improvement of agriculture in Midnapore Block

945. (Admitted question No. 2070.) **Shri Syed Shamsul Bari :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the amount spent by Government for the improvement of agriculture during the year 1964-65 and the present financial year in Midnapore Block ; and

(b) the details of the amount spent on different items in different areas of the Block ?

The Minister of State for Agriculture and Community Development : (a) Rs. 21,875·48 during 1964-65 and Rs. 3,158·40 so far during the current financial year.

(b) A statement in this connection is laid on the Library Table.

Loans granted to Fishermen in Hooghly district

946. (Admitted question No. 2121.) **Shri Manoranjan Hazra :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে ও ১৯৬৫ সালে ৩১এ অক্টোবর পর্যন্ত হুগলী জেলার থানাগত-ভাবে সরকারী সাহায্যের জন্য কত মৎস্যজীবী দরখাস্ত করেছিলেন ; এবং

(খ) উক্ত দরখাস্তকারীদের কতজন সাহায্য পেয়েছেন এবং মোট টাকার পরিমাণ কত ?

The Minister for Fisheries : (ক) ও (খ) উক্ত সময়ে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সরকারী সাহায্যের জন্য হুগলী জেলার ১০২ জন মৎস্যজীবী দরখাস্ত করিয়াছিলেন এবং তাঁহাদের মধ্যে ৮৫ জনকে মোট ২০,৩৮০ টাকা ঋণ দিয়া সাহায্য করা হয়। এ সম্পর্কে থানাগতভাবে বিস্তারিত তথ্যসম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

M. R. Shops in Purulia district

947. (Admitted question No. 2138.) **Shri Adwaita Mandal :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার থানাওয়ারী এম, আর, সপের দোকানে (১) চাল, (২) চিনি, (৩) আটা, (৪) গম, (৫) সুজী, (৬) কেরোসিন তৈল ১৯৬৫ সালের জানুয়ারী থেকে বর্তমান সময় পর্যন্ত কত পরিমাণ দেওয়া হইয়াছে ; এবং

(খ) উক্ত জেলার বান্দোয়ান থানার কোন্ কোন্ এম, আর, সপের দোকানে গত জানুয়ারী হইতে বর্তমান সময় পর্যন্ত কত (১) ডাল, (২) চাল, (৩) আটা, (৪) সুজী, (৫) কেরোসিন তৈল দেওয়া হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

(খ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীতে উহা প্রদর্শিত হইল।

Anchal Panchayats in Santipur Block, Nadia

948. (Admitted question No. 2314.) **Shri Kanai Pal :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর ব্লকে যতগুলি অঞ্চল পঞ্চায়েত আছে তাহাদের নাম ও লোকসংখ্যা কি ;

(খ) উক্ত অঞ্চল পঞ্চায়েতগুলি ১৯৬১ সাল থেকে আজ পর্যন্ত কোন্ কোন্ অঞ্চলে কত লাম্প গ্র্যান্ট পেয়েছেন ; এবং

(গ) কোন্ কোন্ গ্রামসভা উক্ত লাম্প গ্র্যান্টের টাকা কি বাবদ ব্যয় করেছেন ?

The Minister of State for Panchayats : (ক) নদীয়া জেলার শান্তিপুর ব্লকে যতগুলি অঞ্চল পঞ্চায়েত আছে তাহাদের নাম ও লোকসংখ্যা নিম্নে বর্ণিত হইল :

অঞ্চলের নাম	লোক সংখ্যা
১। গয়েশপুর	৭,৮০০
২। হরিপুর	১০,৮৩৯
৩। বাঘ আঁচড়া	৬,৫৮৬
৪। আড়বন্দি	১০,১৮৫
৫। বাবলা	৬,৬৬৯
৬। নবলা	৮,৪৩৫
৭। বেলঘরিয়া	৭,২৩৩
৮। ফুলিয়া	৩,৮২৩

(খ) উক্ত অঞ্চলগুলির প্রত্যেকটি গত ১৯৬১-৬২ ও ১৯৬২-৬৩ সালে ১,০০০ টাকা এবং ১৯৬৩-৬৪ সনে বেলঘরিয়া ও ফুলিয়া অঞ্চল ব্যতীত প্রত্যেকটি অঞ্চল ৯৯১'৫৭ পয়সা লাম্প গ্র্যান্ট পাইয়াছে। বেলঘরিয়া ও ফুলিয়া অঞ্চল ১৯৬৩-৬৪ সনে লাম্প গ্র্যান্ট পাইয়াছে যথাক্রমে ৯৯৩'৯৩ টাকা ও ৯৯৯'৬৭ টাকা।

১৯৬৪-৬৫ সনে একমাত্র বেলঘরিয়া ব্যতীত প্রত্যেকটি অঞ্চল ৯৯৪'৬০ টাকা করিয়া লাম্প গ্র্যান্ট পাইয়াছে। উক্ত সনে বেলঘরিয়া অঞ্চল লাম্প গ্র্যান্ট পাইয়াছে ৯৯২'৬০ পয়সা।

(গ) এই প্রশ্নের উত্তরে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

Loan sanctioned by the West Bengal Financial Corporation

949. (Admitted question No. 2466.) **Shri Manoranjan Roy**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what is the total amount of loan paid by the West Bengal Financial Corporation since its inception to date;

(b) the names of the concerns with the names of the persons in the Board of Directors or partners of these concerns and their respective paid-up capital, to which the loans were sanctioned by the West Bengal Financial Corporation between the period 1st January, 1964 to this date; and

(c) the amount of loan sanctioned during the said period to each of these concerns?

The Minister for Commerce and Industries: (a) Rs. 7,09,74,753·50 (up to 21st December, 1965).

(b) and (c) Shown in the statement placed on the Library Table.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Chairman: The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of want of supply of rice to meet the requiments of modified rationing in the deficit pockets of Murshidabad district,—called attention by Shri Sanat Kumar Raha on the 5th January, 1966.

Shri Saila Kumar Mukherjee: I am sorry, I do not know the position. I will report it to the Chief Minister and see that it comes tomorrow.

Shri Nikhil Das: স্থার, মিনিস্টার এখানে থাকেন না এইভাবে House চালিয়ে লাভ কি?

Mr. Chairman: The Minister should be present here.

Shri Sanat Kumar Raha: স্থার, এই calling attention-এর immedicate effect ছিল, urgency ছিল, public importance-এর গুরুত্ব নষ্ট হয়ে যাবে যদি ৫ দিন পরে এর উত্তর দেওয়া হয়।

Mr. Chairman: I have sent for the Minister.

Shri Nikhil Das: তাহলে স্থার, House adjourn করে দিন।

Mr. Chairman: I have sent for the Minister. It is unfortunate that the Minister concerned is not here. He should have been here. Now, I shall pass on to the next item.

Shri Saila Kumar Mukherjee : Sir, the question hour has been finished 15 minutes before time. Perhaps the Minister has thought that it has not yet been finished.

[1-50—2 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury : স্যার, এখন কোশ্চেন আওয়ার তাড়াতাড়ি শেষ হয়েছে বলে মিনিস্টার থাকবেন না, তুটোর সময় থাকবেন ?

Mr. Chairman : We pass on the next item.

Shri Khagendra Kumar Ray Chowdhry : স্যার, নেক্স্ট আইটেমে যাবার আগে এটার কি হল বলুন ? কোশ্চেন আওয়ার তাড়াতাড়ি শেষ হয়েছে বলে যদি মিনিস্টার উপস্থিত না থাকেন তাহলে আপনারা এইভাবে ডেট দেন কেন ?

Shri Jagannath Kolay : কলিং অ্যাটেনশনে যদি ষ্টেটমেন্ট করবার থাকে তাহলে জাস্ট আফটার রিসেস আমি সেটা দেখছি।

Shri Khagendra Kumar Ray Chowdhury : রিসেসের পরে কেন ? এই পদ্ধতি ঠিক নয়। স্যার, দেখুন ওঁরা কি ক্যালাস। আপনি ডেট দিয়েছেন যে অমুক দিন স্টেটমেন্ট হবে, রিসেসের পরে হবে কি জন্য ?

Shri Jagannath Kolay : ডেটটাত আমরা দিয়েছিলাম, আমি বলছি কাল সকালেই আমরা দিয়ে দেবো।

Shri Nikhil Das : মিঃ চেয়ারম্যান, স্যার, আমরা যেটা বুঝতে পারছি না সেটা হচ্ছে মিনিস্টার অসুস্থ বলে আসতে পারেননি, না তুটোর আগে কোশ্চেন আওয়ার শেষ হয়েছে বলে আসতে পারেননি ? শৈলবাবু বললেন তুটোর আগে কোশ্চেন আওয়ার শেষ হয়ে গেল বলে তাই মিনিস্টার আসতে পারলেন না আর জগন্নাথবাবু বলছেন অসুস্থ এই তুটোর কোনটা সত্য ?

Mr. Chairman : Whatever it may be I have directed it to be placed on tomorrow's agenda.

[তুমুল হট্টগোল।]

Shri Nikhil Das : স্যার, আমাদের ইনফর্মেশন নেবার পথে যে প্রিভিলেজ তার মধ্যে একটা হচ্ছে কোশ্চেন, আর একটা হচ্ছে কলিং অ্যাটেনশন, আর একটা হচ্ছে অ্যাডজোর্নমেন্ট মোশন বা ডিসকাশন। এখন কলিং অ্যাটেনশনের ব্যাপারে আমরা দেখছি প্রতিটি কলিং অ্যাটেনশনের যে নোটিশ আমরা দিই তার আর্জেন্সি যেটা আজকে দেওয়া থাকে তার উত্তরের তারিখ থাকে ৭ দিন পরে এবং যে ৭ দিন পরে উত্তরের তারিখ নেয় তার পরে দেখা যায় ৩টা তারিখ বাদ পড়ে চলে যায়। সুতরাং আপনার কাছে আমি যে কথাটা বলতে চেষ্টা করছি তা হচ্ছে এই যে অ্যাসেম্বলীটা শুধু এই জন্য নয় যে কতকগুলি সরকারী বিল আমরা পাশ করে দেবো, অ্যাসেম্বলীটা এইজন্য যে পাবলিক ইমপর্টেন্স যেসব প্রশ্নের উপর থাকে সেগুলির যাতে আমরা উত্তর পাই তার ব্যবস্থা করা। সেগুলি না হয়ে যদি শুধু বিল পাশের ব্যাপার হয় তাহলে অ্যাসেম্বলী বন্ধ হয়ে যাওয়া উচিত, অ্যাসেম্বলী চলা উচিত নয়। চেয়ারম্যান মহাশয়, যে কথাটা আপনাকে বার বার জোর দিয়ে বোঝাবার চেষ্টা করছি সেটা হচ্ছে এই যে মাননীয় স্পীকার মহাশয়ও ওঁদের বহুদিন বলেছেন যে কলিং অ্যাটেনশন নোটিশের উত্তর আপনারা দিচ্ছেন না কেন আজ নয় কাল, কাল নয় পরশু করছেন কেন, তাতে ইমপর্টেন্সি থাকছে না, সেজন্য আজকে ওঁরা কেন উত্তর দিলেন না ওঁদের পরিষ্কার করে বলুন অথবা আজকে মিনিস্টারকে এখানে আসতে বলুন উত্তর দেবার জন্য।

Shri Khagendra Kumar Ray Chowdhury : স্যার, এমনিতে-তো মিনিস্টাররা বেশীর ভাগ অ্যাবসেন্ট থাকেন, তার পরে যদিও কোনদিন স্টেটমেন্ট দেবার কথা থাকে সেদিনও তাঁরা আসেন না। এইভাবে অ্যাসেম্বলীকে যে অবজ্ঞা করার চেষ্টা এটা অত্যন্ত অন্যায়, এটা আপনি দেখবেন না?

Shri Jagannath Kolay : স্যার, আমি একটা কথা বলতে চাই যেটা হচ্ছে আমরা হাউসকে অবমাননা করতে চাই না, বাংলা দেশের অন্যান্য ডিসট্রিক্ট থেকে যদি সংবাদ আনাতে হয় তাহলে ৫।৬ দিন টাইম আমাদের নিতে হয়। তবে আমরা সব সময় চেষ্টা করি দু' এক দিনের মধ্যে কলিং অ্যাটেনশানের নোটিশের উত্তর দেবার জন্য। যখন আপনারা বৃহস্পতিবার কোন কিছু বলেন তখন আমরা বলি সোমবার দেবো, এমনিই হয়। তবে এটা ভুল হয়ে গিয়েছে, অন্য কিছু নয়। যদি দোষ হয় তো আমারই দোষ হয়েছে, আমি এটা এনকোয়ারি করে দেখছি যত শীঘ্র পারি এটা দিয়ে দেবো। আমি অবশ্য দুঃখিত আজ দিতে পারলাম না বলে, কালকে পজিটিভলি দিয়ে দেবো তাতে কোন সন্দেহ নেই।

Shri Sanat Kumar Raha : স্যার, আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আমার কলিং অ্যাটেনশনের নোটিশ ৫ তারিখে দেওয়া হয় এবং ১০ তারিখে তার স্টেটমেন্ট দেবার কথা। যে উদ্দেশ্য নিয়ে আমি কলিং অ্যাটেনশন দিয়েছিলাম মুর্শিদাবাদ ডেফিসিট এলাকা সেখানে চরম খাদ্যাভাব, অসম্ভব দামে বিক্রি হচ্ছে, তার উপরে কলিং অ্যাটেনশন দেবার পরে ৫ দিন পরে এসে যদি বলেন আরো টাইম নেবো তাহলে কলিং অ্যাটেনশন দিয়ে লাভ কি? ১০টা কলিং এ্যাটেনশন দিলেও একটার উত্তর পাওয়া যায় না। ওয়ান ডেস টাইম কেন? যদি সম্ভব হয় আজকেই দিয়ে দিন।

Mr. Chairman : They are not ready. Government is not ready.

Shri Jagannath Kolay : আমিতো বলেছিলাম রিসেসের পরে দিয়ে দেবো। আমি দেখছি এটা কি হয়েছে, যদি সম্ভব হয় রিসেসের পরে দিয়ে দেবো।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : স্যার, আমার পয়েন্টটা হচ্ছে আপনি জানেন এই ব্যাপার নিয়ে বারবার স্পীকার মহাশয়ের সংগে হয়েছে এবং স্পীকার মহাশয়ও বারবার অনুরোধ করেছেন।

Mr. Chairman : I do agree that the Hon' ble Minister concerned should be present.

Dr. Abu Asad Mahamad Abdul Ghani : একজ্যাক্টলি আমিও সে কথাই বলছি। জগন্নাথবাবু যে বলছেন আজকে উত্তর রেডি নয় সেটা আমরা মানতে প্রস্তুত নই, লেট দি মিনিস্টার concerned be present here. ওঁর প্রেজেন্ট থাকা উচিত। উনি যদি বলেন যে আমি প্রস্তুত নই তাহলে আমরা বুঝতে পারি।

Shri Sanat Kumar Raha : স্যার, কি কারণে টাইম নিচ্ছেন তা জানতে পারলাম না। হোয়দার দি স্টেটমেন্ট ইজ রেডি, মিনিস্টার ইজ নট প্রেজেন্ট অর দি স্টেটমেন্ট ইজ নট রেডি? পজিশনটা কি, দ্যাট দি পজিশন টু বি ক্ল্যারিফায়েড।

Shri Jagannath Kolay : স্টেটমেন্টটা বোধ হয় রেডি হয়নি, মিনিস্টার প্রেজেন্ট রয়েছেন অথবা দুই হতে পারে। যদি রেডি হতো তাহলে আমার কাছে আসতো আমি দিয়ে দিতে পারতাম জাষ্ট আফটার দি রিসেস।

Shri Sailendra Nath Adhikari : স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আমার পয়েন্ট অব অর্ডারটা হচ্ছে এই যে আমরা হাউসে একটা অর্ডার দেখি তাতে কতকগুলি নির্দিষ্টভাবে দেওয়া থাকে এবং রুলস এও সেইভাবে প্রভাইড করা হয়েছে। এখন সেখানে থেকে ডিপারচার করতে হলে কি প্রসিজিয়োর হতে পারে সেটা আপনি ভাল বলতে পারবেন। কিন্তু আমার মনে হয় এইভাবে অর্ডার অব দি হাউস থেকে ডিপারচার করা এটা ডেনজারস প্রিসিডেন্ট ক্রিয়েট করা হচ্ছে। সেদিক থেকে এই বিষয়ে আপনার রুলিং চাই।

Mr. Chairman : Generally we follow the order as laid down under the Rules but under the unforeseen circumstances the Speaker or the Chairman has the discretion to change the order.

I have received four notices of Calling Attention on the following subjects, namely :

(1) Smuggling of foodgrains from Barasat Government Godown —by Shri Sanat Kumar Raha.

(2) Acute scarcity of flat rice and fried rice—by Shri Sanat Kumar Raha.

(3) Clash between Police and mass regarding paddy and rice in Domahani Hat in Jalpaiguri—by Shri Sanat Kumar Raha.

(4) Rufugees in West Bengal from different Rehabilitation Centres—by Shri Gour Chandra Knndu.

I have selected the notice of Shri Gour Chandra Kundu on the subject of Refugees in West Bengal from different Rehabilitation Centres. The Hon'ble Minister-in-Charge may please make a statement on the subject to-day if possible, or give a date for the same.

Shri Saila Kumar Mukherjee : Sir, the statement will be made on day-aftet-tomorr.

[2—2-10 p.m.]

Shri Panch Gopal Bhaduri : মি: স্পীকার, স্যার, সম্প্রতি খাদ্য সম্পর্কে বেশ কিছু রিউমার রটছে। কেন্দ্রতে মি: টি. এন. পাই যিনি সেন্ট্রাল ফুড করপোরেসনের সভাপতি তিনি সভাপতি পদ থেকে পদত্যাগ করেছেন এবং তার কারণ দেখিয়েছেন যে ধনী চাষী, লার্জ ল্যাণ্ড-হোলডারস তাদের ক্ষেত্রে পক্ষপাতিত্ব দেখা গেছে, আর সম্প্রতি এগ্রিকালচারাল প্রাইস কমিশনের চেয়ারম্যান প্রফেসার দাঁতওয়াল তিনিও পদত্যাগ করেছেন আর এদিকে খবরের কাগজে নানা রটনা হচ্ছে, সংগে সংগে দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে ল্যাণ্ড-হোলডারদের মধ্যে প্রকিওরমেন্ট একটা রেজিস্টান্স এবং আমাদের যেটা সন্দেহ হচ্ছে সরকার তাদের ফুড পলেসি, তাদের প্রকিওরমেন্ট পলেসি ডিটারমিণ্ডভাবে চালাবেন কিনা সে সম্বন্ধে সাধারণের মধ্যে সন্দেহের উপস্থিত হচ্ছে। এইসব নিয়ে ফুড পলেসি স্ট্রংলি রিটারেট করা পুনরায় উপস্থিত করা আর এ সম্পর্কে সরকারের সিরিয়াসনেস ঘোষনার দরকার হয়ে পড়েছে কাজেই এদিক থেকে আমি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Aswini Kumar Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লেভি অর্ডার অনুযায়ী কৃষকদের উপর যে ধরণের লেভি ধার্য হয়েছে তার একটা উদাহরণ আমি দিচ্ছি যে বর্ধমান জেলার তাতার থানার আমারুন গ্রামে, সেটা ক্যানেল অঞ্চল, সেখানে ১০ মণ করে লেভি

বিঘাপ্রতি গড় ফলন হিসাবে ধরা হয়েছে, কিন্তু ঐ অঞ্চলে ঠিক ভাদ্র, আশ্বিন মাসে ক্যানেলের জল সরবরাহ না হবার জন্য এবারে উৎপাদনের-হার হচ্ছে ছয় মণ সাত মণ, কাজেই আমি কৃষিমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই ধরণের যেখানে ফলন হয় নি সেখানে একটা এলোপাতাড়ি হার নির্ধারণ করে কৃষকদের লেভি দেবার জন্য যে আদেশ দেওয়া হচ্ছে এ সম্পর্কে তদন্ত করার বিশেষ প্রয়োজনীয়তা আছে এবং ঐ তদন্ত হতে পারে গ্রামে যে সমস্ত পঞ্চায়েত রয়েছে সেই পঞ্চায়েতের লোক এবং জনসাধারণের মধ্যে যে সমস্ত প্রতিনিধি রয়েছে তাঁদের নিয়ে কমিটি করে ঐ হারটা নির্ধারণ করার প্রয়োজনীয়তা আছে এইজন্য আমারুন গ্রামের এবং পার্শ্ববর্তী গ্রামের কৃষকরা খুব বিক্ষুব্ধ। সুতরাং এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং একটা আশু প্রতিকারের দাবী জানাচ্ছি।

Shri Sanat Kumar Raha : স্যার, আমি কোন্ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব জানি না, কাউকে খুঁজে পাচ্ছি না। আমি বলতে চাই বহরমপুর শহরে গত ৯।১।৬৬ তারিখ থেকে যারা জমির মালিক তাদের খাদ্য দেওয়া বন্ধ হয়ে গেছে। কারণ, রেশন কার্ডের ফর্মে তারা লিখেছে যে আমাদের জমি আছে। সংগে সংগে কোন নোটিশ না দিয়ে তাদের ধান চাল আনবার সুযোগ না দিয়ে পারমিট দেবার ব্যবস্থা না করে এই সব করা হয়েছে। তারা পারমিটের জন্য দরখাস্ত করেছে ১ মাস আগে। সেই সব পারমিট তারা পায় নি। অথচ জমির মালিকরা কিছুতেই তাদের জমি থেকে ধান চাল আনতে পারছে না। আজকে জেলা ম্যাজিষ্ট্রেট নির্দেশ দিয়েছেন বাংলা সরকারের অর্ডার অনুযায়ী যে ৯।১।৬৬ তারিখ থেকে বহরমপুর শহরে জমির মালিকদের রেশন বন্ধ। এ বিষয় আমি মনে করি উপযুক্ত নোটিশ দিয়ে একমাস ১০ দিনের টাইম দিয়ে ধান ভেঙ্গে চাল করে বাড়ীতে আনতে এবং গ্রাম থেকে অন্ততঃ শহরে আনতে যে পরিমাণ টাইম থাকা দরকার তার উপযুক্ত টাইম দিয়ে তারপর যদি রেশন কার্ডের এই ব্যবস্থা করেন যে চাল বা গম দেওয়া হবে না তাহলে ভাল হয়। কিন্তু তার আগেই শত শত জমির মালিকের রেশন বন্ধ হয়ে গেছে বহরমপুর শহরে। এ বিষয়ে আমি সরকারের দৃষ্টি অকর্ষণ করছি।

Shri Anadi Das : স্যার, খাদ্যমন্ত্রী তো নেই অথচ খাদ্যের ব্যাপারেই আমার বক্তব্য। এটা সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে হাওড়া জেলার বলিটিকুরী, বাঁকড়া, সলপ ইত্যাদি গ্রামে যাদের জমি নেই এমনতর লোককেও জমি আছে বলে খ শ্রেণীভুক্ত করে দেওয়া হয়েছে। ফলে তারা রেশন পাচ্ছে না। আবার এমনও দেখা যাচ্ছে যে যার ৪ একর পর্যন্ত জমি আছে তাকে ক শ্রেণীভুক্ত করে দেওয়া হয়েছে। এই রকম ভাবে ওখানে যারা পঞ্চায়েতের লোক তারা রাজনীতি চালিয়ে স্বপক্ষীয়লোকদের সুযোগ দিচ্ছে তার বিপক্ষীয় লোকদের সুযোগ দিচ্ছে না। ওখানে ইউনিয়ন বোর্ডে লিগ্যালি ফাংসান করছে হাইকোর্টের রুলিং অনুযায়ী অথচ ইউনিয়ন বোর্ডকে বাদ দিয়ে পঞ্চায়েতের নামে যারা ইলেকটেড হয়েছিল তাদের নামে এইসব করা হচ্ছে। আমি এটার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Bhakti Bhusan Mondal : মিঃ স্পীকার, স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং খাদ্যমন্ত্রী যখন নেই তখন যাঁরা আছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। কো-অপারেটিভ হতে ধান সংগ্রহ করার কথা আমাদের গভর্নমেণ্ট বলেছেন আমি বীরভূম জেলার কথা বলছি যে সেখানে ১৪টা কো-অপারেটিভ আছে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি এবং কতকগুলি জায়গায় এর আগে করা হয়েছিল যে এই কো-অপারেটিভরা এক্সকলুসিভলি কয়েকটা জায়গায় সংগ্রহ করবে, মিল এজেন্ট দেওয়া হবে না। আমি বিশেষ করে দুবরাজপুর থানার কথা বলছি। দুবরাজপুর ব্লকে কো-অপারেটিভ এবং মিল এজেন্টকে ধান সংগ্রহ করতে দেওয়া হয়েছিল, তার দরটা ছিল কো-অপারেটিভের ক্ষেত্রে ৪০.২০ মিলে সেই জায়গায় ৪১.২০ সেই দরটা রিভাইজ করে সেটা ৪১.৫৫ পয়সা করতে হয়েছে, এটা আমরা জানতে পেরেছি। কিন্তু প্রবলেমটা সেখানে নয়, প্রবলেমটা হচ্ছে যে, যে জায়গায় কো-অপারেটিভ ধান সংগ্রহ

করবার চেষ্টা করছে, ঠিক মিল এজেন্টরা প্রত্যেক জায়গায় তাদের যে কালেক্টার তাদের দিচ্ছে; এবং এর আগে করেছিলেন শহর এবং শহর এলাকা ছাড়া মিল এজেন্টরা করতে পারবে না, এখন সমস্ত মিল মালিকরা আপনাদের কেবিনেটে একটা স্মারকলিপি পাঠিয়েছে যে না, আমাদের সব জায়গায় ধান সংগ্রহ করতে দেওয়া হোক। এখন যদি তাদের ধান সংগ্রহ করতে দেওয়া হয় গ্রামেও তাহলে যে ১৪, ১৫টা কো-অপারেটিভ আছে যাদের থ.. দিয়ে ধান সংগ্রহ করবার কথা ছিল তাদের দিয়ে সংগ্রহ করতে পারা যাবে না এবং না পারার জন্য কো-অপারেটিভ মুভমেন্ট এ্যাজ এ হোল সেল করবে এবং সরকারের প্রকিয়োরমেন্ট পলিসিতে করাপশন আসবে। সেইজন্য আমি বলছি যে বীরভূম জেলা থেকে মিল মালিকরা যে মেমোরেণ্ডাম পাঠিয়েছে সেই মেমোরেণ্ডাম চিন্তা করবার আগে আমি যে কথাটা বললাম, সেটা একটু মনে রাখবেন।

Shri Manoranjan Roy : মিঃ স্পীকার স্যার, আমি একটা গুরুতর বিষয় এই হাউসের সামনে আগেও তোলবার চেষ্টা করেছিলাম, আজকেও আবার সেটা তোলা বিশেষ প্রয়োজন বলে মনে করছি।

Mr. Speaker : মিঃ রায়, আপনাকে একটা কথা বলি—আপনি একটা জিনিসের প্রতি অ্যাটেনশন ড্র করেছেন, তারপরে বিশেষ প্রয়োজন বলে রোজই যদি অ্যাটেনশন ড্র করে যান তবে সেটা তো অন্য রুলের আণ্ডারে যাওয়া উচিত।

Shri Manoranjan Roy : আমি স্যার বলছি, এই হাউসের বিরোধী দলের যিনি নেতা শ্রীজ্যোতি বসু তাঁকে সরকার বিনা বিচারে গ্রেপ্তার করে আটক রেখেছেন। তাঁর সংগে আমাদেরও গ্রেপ্তার করেছিলেন। সেই সময় ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দোলন চলছিল, সেই আন্দোলনের জন্য তাঁকে গ্রেপ্তার করা হয় এবং দেড় মাস পরে যখন আমাদের ছাড়া হলো তখন তাঁকে ছাড়া হলো না। কি তাঁর বিরুদ্ধে অভিযোগ তা আমরা কেউ জানতে পারলাম না, দেশবাসীও জানতে পারলো না, কিন্তু এই হাউস চালিয়ে যাওয়া হচ্ছে বিরোধী দলের নেতা সহ ২০ জন বিরোধী দলের সদস্যকে জেলে রেখে। এর বিরুদ্ধে প্রতিবাদ বাইরে বার বার করা হয়েছে, এই হাউসেও আমরা করেছি কিন্তু আজ পর্যন্ত কোনও প্রতিকারের কথা আমরা শুনতে পেলাম না সরকারের কাছ থেকে। কাজেই আপনার মারফত আমি এটা বলতে চাই যে বিরোধী দলের নেতা সহ বিরোধী দলের ২০ জন সদস্যকে জেলে আটকে রেখে একটার পর একটা বিল পাশ করিয়ে নেবেন আর আমরা চুপ করে বসে থাকবো এটা চলতে দেওয়া যায় না। এইভাবে বিল পাশ

[2-10—2-20 p.m.]

করবেন এটা চালাতে দেওয়া যায় না। কাজে কাজেই আমরা জানতে চাই সরকারের কাছ থেকে যে এ বিষয়ে তাদের নীতি কি? স্যার, আজ পর্যন্ত যা গ্রেপ্তার করা হয়েছে প্রায় ১ হাজারের উপর লোককে। তাদের বিরুদ্ধে কোন অভিযোগ দিতে পারেননি, একবার স্বরাষ্ট্র মন্ত্রী অভিযোগ পেশ করেছিলেন কিন্তু সে অভিযোগের ভিত্তিতে কিছু ছিল না ভুয়া বলে প্রমাণিত হয়েছে, তার কোন জবাব ভারত সরকার এবং পশ্চিমবংগ সরকার দিতে পারেননি। এই হাউসে গত সেসনে যখন বিরোধী দলের নেতাও ছিলেন এবং আমরাও ছিলাম তখন তারা বলতে পারেন নি কেন এসব লোককে গ্রেপ্তার করা হয়েছিল। স্যার, আপনাকে অনুরোধ করছি আপনি আমাদের বক্তব্য শুনুন, হাউস চালাবার দায়িত্ব আপনার আছে, আপনি সরকারকে বলুন যে বিরোধীদের নেতাদের কেন এইভাবে বিনা বিচারে আটক করে রাখা হয়েছে। কুড়ি জন বিধানসভার সদস্যকে বৎসরের পর বৎসর আটক করে রেখেছেন আর অন্যদিকে আপনারা বিল আনছেন—প্রতিক্রিয়াশীল বিল, জনস্বার্থ বিরোধী বিল আপনারা পাশ করিয়ে নিয়ে যাচ্ছেন। বিরোধীদলের নেতা আজ হাউসে নেই আমি সরকারকে জিজ্ঞাসা করছি যে কি কারণে তারা বিরোধী দলের

—জনতা এবং সদস্যদের আটক করে রেখেছেন কেন তাদের ছাড়বেন না, তাদের বিরুদ্ধে কি অভিযোগ আছে সেটা জানতে চাই। সব মিলিয়ে এক হাজারের উপর বিরোধী দলের নেতা এবং সাংবাদিক, ছাত্র, গণতান্ত্রিক আন্দোলনের নেতা, সাহিত্যিক ইত্যাদিদের বিনা বিচারে আটক করে রেখেছেন। তাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই, অথচ তাদের এইভাবে আটক করে রাখা হয়েছে। আমি এই কথা বলতে চাই যে বিরোধী দলের নেতাকে যদি মুক্তি দেবার কথা না বলেন তা হলে আমার, আপনার মুখ বন্ধ করতে পারবেন না—সেটা ব্যাহত হবে। আমরা জানি বিরোধী দলের নেতাকে গ্রেপ্তার করার কোন কারণ নেই, বিরোধীদলকে crippled করবার জন্য, গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার জন্য আপনারা এই সমস্ত করছেন। খাদ্য পরিস্থিতি সম্বন্ধে বলতে চাই যে বিরোধী দলের আপনারা সাহায্য চাইছেন আর আপনারা বিরোধী দলের নেতাদের আটক করে রেখেছেন। এই যে আপনাদের পরস্পর বিরোধী নীতি এই সম্পর্কে কৈফিয়ত চাই, আমি এই কথা বলতে চাই যে প্রথম যখন গ্রেপ্তার করা হয় গত নভেম্বর ১৯৬৪ সালে—তারপর আপনারা জানেন যে ১৯৬৪-৬৫ সালে প্রথম সেসনে যখন রাজ্যপাল অভিভাষণ দিতে আসেন তখন রাজ্যপালের বক্তৃতা দেবার প্রারম্ভে বিরোধী দলের সমস্ত সভ্য তার বিরোধীতা করেন। এবং দাবী করেন যাদের গ্রেপ্তার করে রাখা হয়েছে তাদের মুক্তির জন্য। যদি এ করা না হয় তাহলে রাজ্যপালের ভাষণ তারা শুনবেন না। আপনি জানেন, যে অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন, আমরা যা বলি তা সরকারের কানে ঢুকবে না কিন্তু আমাদের বিরুদ্ধে যে সমস্ত চার্জ্জ বা অভিযোগ তা সম্পূর্ণ ভিত্তিহীন। আজ এক বৎসর পার হয়ে গেল এর পরবর্তী সেসন আবার আরম্ভ হল কিন্তু কিছু হল না। গত বাজেট সেসনে আমরা বারবার চেষ্টা করেছি কিন্তু পশ্চিমবংগ সরকার বলেছেন যে এ সমস্ত লোকেদের ছাড়ার বিষয় আমাদের হাতে নেই। কিন্তু আমরা একথা বিশ্বাস করতে রাজী নই যে পশ্চিমবংগ সরকারের হাতে নেই। পশ্চিমবংগ সরকার কাকে গ্রেপ্তার করবেন সেটার নির্ধারণ করবেন কে? পশ্চিমবংগ সরকার যদি কাউকে ছেড়ে দিতে চান বা পশ্চিমবংগ সরকার মনে করেন কোন অজুহাত নেই রাখবার এটা যদি মনে করেন যে এদের গ্রেপ্তার করে রাখা যদি অন্যায় নয় তাহলে এটা নিয়ে যত ফ্যাসিস্টসুলভ আচরণ করে যাচ্ছেন এবং এবিষয়ে যদি সামন্য চৈতন্য উদয় হত তা হলে মুক্তি দিতেন। এটা একটা বেঞ্চের দাবী নয় সমস্ত বিরোধ দলের দাবী। যে বিনা বিচারে গ্রেপ্তার করে রাখা হয়েছে তাদের অবিলম্বে মুক্তি দিন। সরকারের যদি সাহস থাকে ত যাদের বিনা বিচারে গ্রেপ্তার করা হয়েছে তাদের বিরুদ্ধে চার্জ আনুন। এটা প্রমাণ নেই সুতরাং কি কারণে তাদের গ্রেপ্তার করা হয়েছে তা জানি না। ভারতরক্ষা আইনে তাদের গ্রেপ্তার করেছেন সেই আইন সম্বন্ধে শেতলবাদ থেকে সুরু করে দেশের বিশিষ্ট ব্যবহারজীবি এবং অ্যাডভোকেট জেনারেল যিনি ছিলেন সুপ্রীম কোর্টের চীফ জাষ্টিস তিনিও বলেছেন এটা বেআইনী আইন। আপনার মাধ্যমে এটাই বলতে চাই তারা একথা বলেছেন যে ভারতরক্ষা আইন তুলে নেওয়া হয় তা হলে ভারত সরকারের কাছ থেকে compensation দাবী করতে পারেন। কিন্তু ভারত সরকার ভারতরক্ষা আইনের সুযোগ নিয়ে তাদের বিনা বিচারে আজ পর্যন্ত আটকে রেখেছেন, তাদের ছাড়ছেন না কেন সেটাই জানতে চাই। আপনার মাধ্যমে আমি সরকারকে জানাতে চাই যে সরকার বলুন তাদের ছাড়বেন কিনা? আজকে হাউসকে তারা একটা প্রহসনে পরিণত করেছেন, তারা দিনের পর দিন হাউস চালিয়ে যাচ্ছেন—কুড়িজন সদস্যকে তারা গ্রেপ্তার করে রেখেছেন, বিরোধী দলের নেতাকে তারা গ্রেপ্তার করে রেখেছেন। আমি এই কথা আপনার মাধ্যমে ওদের কাছে জানতে চাই যে এরা এর ব্যবস্থা করবেন কি না?

Mr. Speaker: আপনার যেটুকু বলার আছে আমার মনে হয় আপনার বলা হয়েছে, You have enough appeals. I will now request you to finish your speech and let us come to regular business of the House.

Shrimati Ila Mitra : স্যার, এটা আপনাদের মনের কথা সুতরাং এটা আমাদের বলতে হবে।

Mr. Speaker : মিঃ রায় ভালই বলেছেন, আমার মনে হয় এটা এখানে শেষ করে দিন if you really feel that you have sufficiently appealed. তা না হলে যদি আরও বলতে চান তাহলে আমাকে চুপ করে থাকতে হয়। ব্যাপারটা serious বলে যেটুকু বলেছেন সেটুকুই যথেষ্ট। আর বেশী বলে তেঁতো না করাই ভাল। তিনি ব্যাপারটা বেশ ভাল ভাবেই express করেছেন। সুতরাং এরপর rejoinder হিসাবে কি বলার দরকার আছে?

Shrimati Ila Mitra : স্যার, এ বিষয় কি করবেন এটাই জানতে চাই।

Mr. Speaker : আপনি ভাল Parliamentary procedure জানেন। এ ব্যাপারে ডিসকাস করবেন এ ছাড়া আর কিছু এখন করবার নেই। I cannot force to give their decision. I think that he has made nice appeal and he has expressed the feeling nicely and strongly. সেজন্য আমার মনে হয় যেটা বলেছেন সেটাই যথেষ্ট। প্রেস করতে গেলে আরও খারাপ হবে।

[2-20—2-30 p. m.]

Mr. Speaker : এখানে কারো prominence-এ আসবার জিনিস নয়।

Shri Nikhil Das : মাননীয় স্পীকার মহাশয়, আমি এই কথায় আপত্তি করছি। আপনি যে Remark করলেন তাতে আমি আপত্তি করছি। আমাদের এখানকার কুড়ি জন সদস্য জেলে এখনো বিনা বিচারে আটক আছেন। সেই সম্পর্কে কথা বলাটা কোন প্রমিনেন্সের ব্যাপার নয়। আপনি prominance হলেও আমাদের আপত্তির কিছু নাই।

Mr. Speaker : মিঃ দাস, শুনুন। উনি বলছেন যে আমরা যা feel করেছি সকলে rejoinder দিলে strong হবে। এখন আপনারা যদি এইভাবে একের পর এক উঠে বলতে আরম্ভ করেন, আমি চুপ করে শুনবো—certainly; because it is a member of the House is concerned. I am also a member, may be the Speaker. আমিও একজন মেম্বার, আমারও some status as you have got. আপনিও একজন মেম্বার, Mr. Roy-ও একজন মেম্বার এবং এঁরা সকলেই feel করেন কোন একজন মেম্বার জেলে আটক থাকলে। মিঃ রায় যেভাবে বলছেন—তাতে আমার নিজের ধারণা আমার মনে হয় as a member, not as a man having taken the Chair—very nice appeal হয়েছে। এর পরে আর আপনাদের join করবার দরকার হয় না।

Shri Nikhil Das : মিঃ স্পীকার, স্যার, প্রশ্ন হচ্ছে যে কথাটা বার বার আমরা আপনার মাধ্যমে বলবার চেষ্টা করেছি, আমরা সমস্ত বিরোধী পক্ষের সদস্যরা যা মনে করি তা হচ্ছে এই বিনা বিচারে এঁদের আটক রাখা উচিত নয়, তাঁদের প্রকাশ্য আদালতে বিচার করা উচিত। তাঁদের গভর্নমেন্ট কোর্টে হাজির করুন, সেখানে তাঁদের বিরুদ্ধে যে চার্জ আছে তার বিচার হয়ে যাক। মিঃ স্পীকার, স্যার, এই দাবী গত আড়াই মাস ধরে ক্রমাগত রাখা সত্ত্বেও, আড়াই মাস অ্যাসেম্বলী চলছে, অ্যাসেম্বলী চলা সত্ত্বেও তাদের বিচারের কোন ব্যবস্থা সরকার করছেন না বা তাঁদের বিরুদ্ধে definite charges কিছু আনছেন না। তা না করে কতকগুলি লোককে বিনা বিচারে আটক করে রেখেছেন। তাঁদের মধ্যে আমাদের এই বিধানসভার কুড়িজন সদস্য আছেন। আর এদিকে আমরা একে একে সব বিল পাশ করে যাচ্ছি, খাদ্য সম্পর্কে নীতি নিয়ে যাচ্ছি।

কিন্তু তাঁদের যে constituency নির্বাচন করে দিয়েছিলেন, তাঁদের সম্পর্কে তাঁরা কোন কথা বলতে পারছেন না। অথচ আজ আড়াই মাস যাবৎ হাউস চলছে, অ্যাসেম্বলী চলছে। সরকারের এই অগণতান্ত্রিক নীতির বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ করছি। সরকারের কাছে এ নিয়ে হাউসে appeal করে কিছু লাভ হবে কি হবে না—তা জানি না। অনেক appeal আমরা করেছি। এই হাউসে দাঁড়িয়ে আমাদের বলবার যে অধিকার আছে, তাতে জোর করে বলে দিতে চাই যে এইভাবে অগণতান্ত্রিক কাজ করা সরকারের উচিত নয়। দিনের পর দিন তাঁদের বিনা বিচারে আটক রাখা উচিত নয়। তাঁদের বিচার করুন; আর এই কুড়ি জন সদস্যদের মধ্যে কিছু আছে একেবারে মরণাপন্ন অবস্থা—যেমন চারু বাবু, সুবোধ বাবু এঁরা সবাই শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে আছেন। আরো অনেকে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়ে আছেন, তাঁদের প্রতি মানবতার দাবী নিয়ে, তাঁদের প্রতি সম্মান দেখিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে না। তাঁদের সরকার থেকে বলে দেওয়া হোক না, অনন্তকাল তাঁদের ধরে রাখবো; সেটা তাঁরা ঘোষণা করুন তাঁদের আটকে রাখবেন, বিচার করবেন না। এটা অন্যায় ও অগণতান্ত্রিক। এটা প্রিমিনেন্সের ব্যাপার নয়। আমাদের যেটা sentiment, সেটা আপনার মাধ্যমে জোর দিয়ে প্রকাশ করতে চাই। এইভাবে তাঁরা রাজত্ব চালাবেন? এইভাবে তাঁরা সরকার চালাবেন ভাবছেন? আপনাদের খাদ্য নীতির বিরুদ্ধে কথা বললে আপনারা বিনা বিচারে তাঁকে আটক রাখবেন, ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে কথা বললেন, তাঁকে বিনা বিচারে আটকে রাখবেন - এই ব্যবস্থায় যদি সরকার চালাতে চান, তাহলে বেশী দিন চালাতে হবে না। কোন দেশে এই রকম শাসন চলতে পারে না। আমাদের এই কংগ্রেস সরকার যে নীতি গ্রহণ করেছেন সেই নীতি তাঁরা অবিলম্বে প্রত্যাহার করে নিন। কোন গণতান্ত্রিক দেশে এই নীতি চলতে পারে না।

Shri Sailendra Nath Adhikary : মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার একটি নূতন ধরণের appeal আছে। আপনি যে ধরণের কথা বললেন—

Mr. Speaker : আমি যা বলেছি, তা শুনে নেবেন—don't interpret it otherwise.

Shri Sailendra Nath Adhikary : মনোরঞ্জনবাবু গভীর আবেগের সঙ্গে যে কথা বলেছেন, তার সঙ্গে আমরা সম্পূর্ণভাবে একমত। এখানে আপনার একটা কথা মনে পড়ছে— এই যে Parliamentary democracy এর একটা রূপ আছে—It is like a circle it cannot be set apart. স্যার এই যে Parliamentary democracy এই Parliamentary democracy এটার একটা রূপ আছে এবং it is like a circle it cannot be set apart. এবং সেই circle-এর মধ্যে একদিকে Leader of the House আরেক দিকে Leader of the Opposition এই দুটো মিলে একটা Parliamentary democracy সৃষ্টি হয় এবং এটা indivisible whole—এটা স্যার, আপনি নিশ্চয়ই স্বীকার করেন। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে Leader of the House তিনি একদিকে রয়ে গিয়েছেন কিন্তু Leade of the Opposition—আপনি যে সংস্থা guide করছেন এই সংসদ—সেই সংসদের যে অনিবার্য এবং অন্যতম vital part সেই Leader of Opposition সে এখানে নাই। Leader of the Opposition নাই একথা নয়, তাঁকে বিনা বিচারে গ্রেপ্তার করে রাখা হয়েছে। এবং এই হাউসে কয়েকবার বারে বারে এই প্রশ্ন করা হয়েছে কিন্তু তার কোন সদুত্তর মেলেনি। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে আপনি এইভাবে হাউস আর কতদিন চালাবেন? আপনি চালাবেন কি করে, তার কারণ এটা তো হাউস চলছে না। এই হাউসের propriety নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য স্যার, আপনারও কিছুটা কর্তব্য রয়ে গিয়েছে। আপনি হাউস চালাবেন কি চালাবেন না এই প্রশ্নটা আপনার কাছে রাখছি। আপনি অনুগ্রহ করে এই বিষয়ে চিন্তা করবেন।

দ্বিতীয় কথা হচ্ছে D. I. rule সম্বন্ধে আপনার কাছে আমার বলার বিশেষ কিছু নেই এবং মন্ত্রীদের কাছে তো কিছুই নাই। কারণ এঁরা এই delegated power নিয়ে তারা সম্পূর্ণ বাংলা দেশকে একটা Camp-এ রেখে দিয়েছে। এবং যাকে খুসী ধরে নিচ্ছে। আমাদের কাছে information আছে জ্যোতিবাবুর রিলিফের ব্যাপারে এই চৌরঙ্গী হাউস থেকে অতুল্যবাবু বাধা দিয়ে তাঁকে আটকে রেখে দিয়েছে। এই কথা যদি সত্য হয় তাহালে কি সাংঘাতিক অবস্থা। তাহলে এখানে আমরা কিসের Parliamentary democracy করব? আজকে চৌরঙ্গী হাউস থেকে selected হয়ে D. I. rules-এ arrest করা হচ্ছে। এ বিষয়ে একটা তদন্ত হওয়া উচিত ছিল Central Govt.-এর তরফ থেকে। সে সব হচ্ছে না। এদের guilty conscience এদের সাহস নাই। সাহস থাকলে জ্যোতিবাবুকে বিচার করা উচিত ছিল। আজকে যে সমস্ত মাননীয় সদস্যরা আছেন তাদের বিচার করা উচিত ছিল। স্যার, একটা বিচারের নমুনা আপনাকে দিচ্ছি—আমাদের দলে A. K. Mirza-কে যখন arrest করেছিল তারপরে বিচার করা হয়েছিল তাতে জজ সাহেব এই সরকারকে কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়েছিল। এদের সাহস নাই—guilty conscience নিয়ে এরা বাংলা দেশের বুকের উপর একটা বিভীষিকার রাজত্ব সৃষ্টি করেছে। স্যার, আজকে আপনি আমাদের দাবী নিদয় আপনি চিন্তা করছেন কি না—তার কারণ এঁরা হাউসের sanctity নষ্ট করে দিয়েছে। Leader of the Opposition-কে আটকে রেখে তাকে বিচার না করে আজকে এই কংগ্রেস দল দেশের বুকের উপর Fascism নিয়ে আসছে আজকে প্রত্যেকটি লোক এই বিভীষিকা রাজত্ব থেকে ত্রাণ চাচ্ছে। এবং আমরা যদি তাদের কথা এখানে না বলি তাহালে তাদের প্রতি আমরা betray করব। সেজন্য আমাদের দাবী এখানকার মাননীয় সদস্য এবং Leader of the Opposition-কে না নিয়ে আসা পর্যন্ত আমরা কেন এই হাউসকে চালাতে দেব? আপনার কি বক্তব্য স্যার, সেটা আপনি বলুন আমরা এইটুকু অন্ততঃ শুনতে চাই।

[2-30—2-40 p.m.]

Shri Hemanta Kumar Basu : স্যার, শুধু Leader of Opposition ন আমিও দুইবার D.I R .এ আটক হয়েছিলাম এবং আজ আমাদেরও অনেক কর্মী আছেন যাদের D. I. R.-এ বন্দী করা হয়েছে। কাজেই কাউকে বেশী দিন আটক রাখা বিনা বিচারে এটা আমরা সমর্থন করি না। আমাদের দাবী হচ্ছে যাদের আটকে রাখা হয়েছে দীর্ঘদিন তাদের অচিরে বিচারের ব্যবস্থা করা হউক এবং Court-এর সামনে আনা হউক। আর যদি সরকার মনে করেন যে তাদের ছাড়তে পারেন তা সে আলাদা কথা আর যদি ছাড়তে না পারেন তাহলে তাদের বিচার করা হউক Court-এর সামনে হাজির করা হউক এটাই আমাদের দাবী।

Shri Anadi Das : স্যার, মনোরঞ্জনবাবু বলেছেন যে Leader of Opposition এবং Leader of the House এদের সকলে মিলে whole Democracy of the House. এর থেকে কোন একটাকে বাদ দিয়ে হাউস চলতে পারে না। স্যার, Democracy-র মানে যদি এই হয় যে rule of majority, বেশীর ভাগ ভোট যারা পাবেন তারাই রাজত্ব করবেন এবং তাদের খুশী মতন রাজত্ব করবেন—এটা কখনও Democracy-র অংগ নয়। Democracy-তে নিশ্চয়ই majority-র একটা অংগ আছে তাদের বক্তব্য তাদের সিদ্ধান্ত নিশ্চয়ই অনেক কার্য্যকরী এবং সেই মত দেশ চলবে। সংগে সংগে Opposition তারা minority হলেও প্রতিটা step-এ প্রত্যেকটা জায়গায় তাদের সংগে পরামর্শ করে কাজ করবার একটা বিধি Parliamentary Democracy-তে আছে। দেশ রক্ষার ব্যাপারে সরকার অথবা Opposition তারা সকলেই এক মত যে দেশকে রক্ষা করতে হবে। এই সব ব্যাপারে যদি কোন step নিতে হয় তাহলে কেন Opposition-এর সঙ্গেও পরামর্শ করে কোথায় কি ব্যাপার হচ্ছে না হচ্ছে সে ব্যবস্থাগুলি করা হবে না। অথচ এখানে দেখা যাচ্ছে যে Opposition-কে বিনা বিচারে বন্দী করা হচ্ছে—

পরামর্শ করা তো দূরের কথা, তাদের বিনা বিচারে বন্দী করা হচ্ছে। এই অবস্থায় আজকে এই কথাগুলি উঠছে যে আমরা এক্ষুনি C. M. P. O. বিলের উপরে আলোচনা সুরু করব—আপনি কি স্যার, মনে করেন যে খুব শান্তিপূর্ণ উপায়ে খুব happy mind নিয়ে আমরা এই বিলটাতে মনোযোগ দিতে পারি যখন আমরা দেখতে পাচ্ছি যে আমাদের বন্ধুরা Opposition-এর বহু সদস্য এখন জেলে আটক রয়েছে। তবে সংগে সংগে তাদের Constituency-র লোকদের মতামতও উপস্থিত করতে পাচ্ছেন না। তাহলে এই বিলটা কি রকম হবে, একতরফা আলোচনার ফল হয়ে দাঁড়াবে। কাজেই আমরা মনে করি যে এক্ষুনি তাদের ছেড়ে দেওয়া হউক এবং দেখছি Democracy খর্ব করা হচ্ছে এবং Fascisim-এর দিকে বেশ অগ্রসর হচ্ছে। সেজন্য আমরা দাবী করছি তাদের যেন বিনা বিচারে আটক না করা হয় এটাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Bijoy Kumar Banerjee: মিস্টার স্পীকার, স্যার, আমাদের এই গণতান্ত্রিক রাস্ট্র আমরা রোজই শুনছি, যে গণতন্ত্র এখানে খুব চালু হচ্ছে, তারা যে পক্ষই হউক, কিন্তু সংবিধানমত কাউকে ধরতে গেলে সকলেই বিচার পাবে একথা সংবিধানে লেখা আছে। কিন্তু তাদের আদালতেও হাজির করা হচ্ছে না, তাদের বিরুদ্ধে কি দোষ তাও বলা হচ্ছে না। আমরা সদস্য হিসাবেও জানতে পারছি না যে ২০।২২ জন সদস্যকে কেন ধরে রাখা হল। এখন ধরুণ সব Opposition-কেযদি ধরে রাখা হয় তাহলে তো স্যার, এমনিই হবে। যারা বাকী থাকবে তারা চালিয়ে যাবে। আপনি আমাদের অধ্যক্ষ, আমাদের যা কিছু rights and privileges আছে আপনার মারফত আমরা জানাই। কিন্তু স্যার, আপনি বলছেন জানিয়ে জান ঐ অবধি। আপনিও কিছু করতে পারেন না বা কি হচ্ছে না হচ্ছে আমারাও কিছুই জানতে পারব না। এখানে স্যার, খুব একটা মৌলিক প্রশ্ন উঠেছে। জনসাধারণের যারা প্রতিনিধি, লক্ষ লক্ষ মানুষের প্রতিনিধি যারা, তারা এখানে তাদের কথা বলতেই পারছেন না। এমন বিধানসভা যে তারা এখানে হাজির হতেই পারলেন না। সেসনের পর সেসন চলে যাচ্ছে অথচ বিধানসভায় সদস্য হিসাবে পৃথিবীর সবচেয়ে বড় Democracy আমাদের সেই Democracy-তে বিধানসভার সদস্য হিসাবে আমরা জানতে পারছি না যে আমাদেরই এত সদস্যকে কেন ধরে রাখা হয়েছে। তাদের কেন ছেড়ে দেওয়া হচ্ছে না বা তাদের বিচারই বা করা হচ্ছে না কেন? কেন্দ্রীয় সরকার তো এই রকম করছে না—এই তো সেদিন শাস্ত্রীজী সব বড় বড় ব্যাপারে Parliament-এর যারা Opposition-এর সদস্য তাদের সংগে পরামর্শ করছেন। পরামর্শ তো না করলেই পারতেন। তাদের সংখ্যা তো অনেক বেশী। এটা যদি সত্যই গণতন্ত্র হয় তাহলে এতগুলি লোককে ধরে রেখেছেন কেন? তাঁদের প্রকাশ্যে বিচার হোক যাতে তাঁরা তাঁদের নিজেদের পক্ষ সমর্থন করতে পারেন। আপনারা বার বার গণতন্ত্রের কথা বলবেন, এই বিধানসভায় লাল নীল আলো জেলে বড় বড় আইন পাশ করিয়ে নেবেন, কিন্তু লক্ষ লক্ষ লোকের যাঁরা প্রতিনিধি তাঁরা এতে অংশ গ্রহণ করতে পারবেন না। এখানে মুখ্যমন্ত্রী বা যাঁরা অন্য মন্ত্রী আছেন, যাঁদের উপর ভার আছে তাঁরা ত বলতে পারেন যে তাঁদের এই অপরাধ, সেইজন্য তাঁদের ধরা হয়েছে। আমরা শুনেছি তিনি বলেছেন যে আমি জানি না, এই সব কেন্দ্রীয় সরকার করেন। তাহলে এই বিধানসভার দরকার কি? তাহলে কেন্দ্রীয় সরকার চালিয়ে দিন। স্যার, পৃথিবীর ইতিহাসে কোন গণতান্ত্রিক রাষ্ট্রেএ জিনিস দেখাতে পারবেন না। এটা যদি ইংলণ্ডে হতো যাদের আপনারা নকল করছেন, তারা যদি এইভাবে সদস্যদের ধরে রাখতো তাহলে পার্লামেন্টের অধিবেশন বসতো না, সেখানে শেষ হয়ে যেতো। আপনারা তাঁদের কেন ধরে রেখেছেন, কেন ছাড়ছেন না সেটা আমরা সদস্য হিসাবে জানতে পারবো না অথচ বিধানসভা চলবে এ জিনিসটা ঠিক নয়। স্যার, আপনি যাঁরা কর্মকর্তা তাঁদের জিজ্ঞাসা করুন কেন তাঁদের ধরা হয়েছে। যদি তাঁরা অপরাধ করে থাকেন তাহলে তাঁদের বিচার করুন। এখানে ডিমোক্রাসির কথা বলেন, এই রকম অগণতান্ত্রিক রাষ্ট্র পৃথিবীতে কোথাও নেই। তাঁদের যদি গুলি করতে হয় গুলি করুন কিন্তু তাঁদের কি অপরাধ সেটা বলুন। সেটা

বলছেন না কেন? সেজন্য আমাদের সন্দেহ হচ্ছে। আইনে লেখা আছে কোন লোককে আপনি অপরাধী করতে পারবেন না যদি তার বিরুদ্ধে আপনি ভাল প্রমাণ না দিতে পারেন। আপনি তাঁদের বিনা বিচারে অপরাধী কোন্ আইনে করেছেন? বড় বড় আইন বলে দিচ্ছে, সুপ্রীম কোর্টের জজেরা বলছেন যে এই সব হওয়া উচিত নয়। শৈলবাবু বসে আছেন, একটু পরেই ক্যালকাটা মেট্রোপলিটন বিল হবে, লাল নীল আলো জ্বালা হবে, তারপর পাশ হয়ে যাবে, কাগজে বেরুবে। অথচ ২০ জন সদস্য এখানে নেই, তাঁদের ধরে রাখা হয়েছে। আরা যে ক'জন আছে তাঁদেরও ধরে রাখুন, এত খরচ করবার আর কি দরকার আছে, একপক্ষ থেকে পাশ করে দিলেইতো হয়ে যায়। এটা রাজনীতির কথা নয়, দলের কথা নয়, আমরা সদস্য হিসাবে জানতে চাই কেন এই ২০ জন সদস্যকে বিনা বিচারে ধরে রাখা হয়েছে? তাঁদের কি অপরাধ সেটা আমাদের কাছে বলা হোক কিম্বা তাঁদের বিচার করা হোক, তাঁদের যদি কিছু অপরাধ না থাকে তাহলে তাঁদের ছেড়ে দেওয়া হোক। ছেড়ে দেওয়ার জন্য এই হাউসের সুপারিশ আপনি যাঁরা কর্মকর্তা তাঁদের কাছে পাঠিয়ে দিন। আমরা অনেকবার বলেছি, আমরা আসতে হয় আসছি, যেতে হয় যাচ্ছি, মন্ত্রিমহাশয়রা কিছু বলছেন না। স্যার, আপনি হাউসে হাতুড়ি ঠুকে কি করবেন, আপনার হাতুড়ি ঠোকা মিথ্যা হয়ে যাচ্ছে। মেট্রোপলিটন বিল দফায় দফায় পাশ হয়ে যাবে। এখানে এই প্রহসন করে কোন লাভ নেই, আপনারা যদি কিছু বক্তব্য থাকে দয়া করে সেটা আমাদের জানিয়ে দিন। আমরা চাই বিনা বিচারে যাঁদের আটক রেখেছেন তাঁদের ছেড়ে দিন আর না হয় তাঁদের বিচার করুন। এটা করবেন কি না করবেন সেটা আমাদের জানিয়ে দিন, আর তা যদি না করেন তাহলে আমাদের এখানে এসে লাভ কি? অন্যান্য বক্তারা যে মতবাদের কথা বলেছেন আমি তা সমর্থন করছি।

[2-40—2-50 p. m.]

Shri Panchu Gopal Bhaduri: মিঃ স্পীকার, স্যার, আমি একটা অধিকারগত প্রশ্ন তুলছি সেটা হচ্ছে আমাদের ডিমোক্র্যাসির যে অর্থ, যে অর্থ অ্যাসেমব্লী চলা সম্পর্কে সাধারণভাবে প্রযোজ্য সেটা হচ্ছে ডিমোক্র্যাসি মানে শুধু মেজোরিটি রুল নয়, সেটা রুল হবে মাইনোরিটির সংগে অন্ততঃ আলোচনা করে, তাদের কন্সেন্ট না পেলেও অন্ততঃ আলোচনা করে তবে মেজোরিটি শাসন করবে। আমাদের এখানে এই হাউসের লিডার অব দি অপজিশন এবং আরো ১৯ জন মেম্বারকে আটক রাখা হয়েছে এবং আমাদের কোন পরামর্শ নেওয়া হয়নি। সেদিক থেকে আমি মনে করি আমাদের অধিকার লংঘিত হয়েছে, সেজন্য আমি এই অধিকারগত প্রশ্ন আপনার কাছে তুলছি। এই হাউসের লিডার অব দি অপজিশন এবং আমার মেম্বারদের আটক রাখা হয়েছে এবং বিরোধী দলের সংগে কিম্বা সরকার দলের সংগেও অ্যাসেমব্লীর মধ্যে কোন পরামর্শ বা আলোচনা করা হয়নি, এতে অ্যাসেমব্লীর সভ্য হিসাবে আমার এবং অন্যান্য যাঁরা মনে করেন তাঁদের অধিকার লংঘিত হয়েছে, এই অধিকারগত প্রশ্ন আমি আপনার কাছে তুলছি।

Shri Khagendra Nath Ray Chowdhury: মিঃ স্পীকার, স্যার, মনোরঞ্জনবাবু যা বললেন আমি তা সমর্থন করছি এবং এই প্রসংগে শুধু আমি একটা কথা মনে করিয়ে দিচ্ছি যে এখানে কয়েকদিন আগে আমাদের পুলিশ বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর এখানে এসে বলেছিলেন যখন জ্যোতিবাবুর রিলিজের সম্পর্কে প্রশ্ন করা হয়, যে তাঁর বিরুদ্ধে স্পেসিফিক চার্জ আছে। এটা তিনি এখানে অন দি ফ্লোর অব দি অ্যাসেমব্লী কোশ্চেনের উত্তর দিয়েছেন। এখন আমার বক্তব্য হচ্ছে যদি জ্যোতিবাবুর বিরুদ্ধে স্পেসিফিক চার্জ থাকে তাহলে ঐ স্পেসিফিক চার্জ নিয়ে কোর্টে প্রডিউস করা হোক, একটা টেস্ট কেস হিসাবে জ্যোতিবাবুর কেস কোর্টে আনা হোক। ওঁরা রোজ লম্ফ ঝম্ফ করেন, বাইরে বড় বড় বক্তৃতা দেন, যখন এখানে মন্ত্রিমহাশয় দাঁড়িয়ে বলেন যে তাঁর বিরুদ্ধে স্পেসিফিক চার্জ আছে তখন তিনি কোর্টে প্রডিউস করুন,

আমরাও সেই স্পেসিফিক চার্জ বুঝে নিই, দেশের লোকও বুঝে নিক এবং আমাদের দেশের বাইরে যারা আছে তারাও বুঝে নিক যে স্পেসিফিক চার্জটা কি। আমরাও মিঃ নন্দের স্পেসিফিক চার্জ দেখেছিলাম, তারপর কাগজে যখন বের হল তখন কি স্পেসিফিক চার্জ সেটা আমরা দেখলাম। সেজন্য আমি ওঁদের জিজ্ঞাসা করছি আপনাদের যদি সকলকে প্রডিউস করতে বাধে তাহলে সকলকে প্রডিউস করতে হবে না, শুধু জ্যোতিবাবুকে প্রডিউস করুন উইথ দ্যাট পার্টিকুলার স্পেসিফিক চার্জ, দেখি ওঁদের কতখানি মুরোদ আছে এবং কি স্পেসিফিক চার্জ আছে। কিন্তু তা না করে মিথ্যা কথা অনবরত এই অ্যাসেম্ব্লী ফ্লোরে দাঁড়িয়ে বলা হচ্ছে। স্যার, আপনি বললেন যে আমরা একবার তুলেছি সুতরাং আমাদের আর কোন প্রশ্ন নেই, একজন বললেই বলা হয়ে যাবে। আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে রোজ যদি সংখ্যাগুরুপক্ষ যেহেতু তাঁরা মেজরিটি সেহেতু তাঁরা বে-আইনী কাজ করে তাহলে অ্যাসেম্ব্লী সভ্যদের সেই বে-আইনী কাজে বাধা দেবার কায়দাটা কি সেটা আপনি আমাদের দয়া করে জানিয়ে দেবেন। এই ধরণের একটা গুরুত্বপূর্ণ জিনিস যেটা আমাদের অনেক সভ্য বলেছেন যে সত্যিকারের গণতন্ত্রকে বজায় রাখতে গেলে যে পদ্ধতিগুলি এখানে পালন করতে হয় সেই পদ্ধতি পালন করা হচ্ছে না। দু' একজনকে অ্যারেস্ট করার ব্যাপার নয়, আমাদের এই বিধানসভার ২০ জন সভ্যকে অ্যারেস্ট করা হয়েছে। সেখানে আমাদের নিশ্চয়ই দায়িত্ব আছে যাতে গণতান্ত্রিক ব্যবস্থা অনুযায়ী এই অ্যাসেম্ব্লী চলে, অ্যাসেম্ব্লী সভ্যদের যে অধিকার সেই অধিকার যাতে থাকে সেদিকে দৃষ্টি আকর্ষণ করার এবং তার বিরুদ্ধে নিশ্চয়ই প্রতিবাদ জানাবার অধিকার আমাদের আছে। সংশেষে আমি আবার বলছি ওপক্ষের বন্ধুদের কাছে, যাঁরা রোজ বড় বড় বক্তৃতা দেন, যে জ্যোতিবাবুর কেসটি সেই স্পেসিফিক চার্জসহ কোর্টে পাঠান হোক, একটা টেস্ট কেস হিসাবে দেখা হোক, তারপরে আমরা বোঝাপড়া করবো যে সত্যিকারের যে সব চার্জ দেন সেটা ভুয়া কি সত্য।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : মিঃ চেয়ারম্যান, স্যার; আমি এইদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই হাউসের আপনার মাধ্যমে যে কংগ্রেস বেঞ্চ থেকে ডিমোক্রাসির বড় বড় কথা শুনি কিন্তু পৃথিবীর কোন জায়গাতে যেখানে ডিমোক্রাসি ফাংশন করছে সেখানে বিনা বিচারে এইভাবে লার্জ সেকসন অব পিপিলকে আটক রাখা হয়েছে এই রকম কোন একটা দৃষ্টান্ত দেখাতে পারেন? এই রোগটা আমরা দেখছি বিশেষ করে ১৯৬২ সালের শেষ থেকে রুলিং পার্টিকে ধরে বসে আছে। ১৯৬২ সালের শেষে যখন চীনা আক্রমণ হয়েছিল তখন এক ঝাঁক লোককে অ্যারেস্ট করলেন, ১৯৬৩ সালে কিছু কিছু লোককে ডি, আই, রুলে বিনা বিচারে আটক করে রাখলেন। আবার ১৯৬৪ সালে এক ঝাঁককে অ্যারেষ্ট করে বসে আছেন। ১৯৬৫ সালে যখন পাকিস্থানী আক্রমণ হল তখন আরো একটা বড় ঝাঁককে অ্যারেষ্ট করে বসে আছেন। ব্যাপারটা কি আমরা বুঝতে পারছি না। এটাইকি ডিমোক্রাসি ওঁরা মিন করছেন? স্পেসিফিক চার্জের ভাওতা অনেক শুনেছি। ১৯৬২ সালে আমরা সকলে যখন অ্যারেস্টেটেড হয়েছিলাম তখন আমরা ঐখানে বসে বসে পেপারের মাধ্যমে শুনেছি বলা হয়েছে যে আমাদের বিরুদ্ধে স্পেসিফিক চার্জ আছে। তাহলে সে চার্জ গেল কোথায়? কোথায় গেল যে ডকুমেন্টারী এভিডেন্স ছিল সেই ডকুমেন্টারী এভিডেন্স? যদি কোন ডকুমেন্ট থেকে থাকে যেকোন দেশে যেকোন লোক যদি দেশদ্রোহিতার কাজ করে তাহলে তাকে কোর্টমার্শাল করা যেতে পারে। কিন্তু বিনা বিচারে আটক রাখার তাদের কি অধিকার আছে? পৃথিবীর কোন দেশে কোন রুলিং পার্টির এই অধিকার নেই। এই যে বিরোধী দলের নেতা জ্যোতিবসুকে অ্যারেস্ট করা হয়েছে—তিনি নাকি গণ আন্দোলনের প্রতিনিধিত্ব করেছিলেন বলে। অবশ্য অন্য কোন পলেটিক্যাল কারণ হতে পারে—কিন্তু রুলিং পার্টিকে বার বার বলা হয়েছে—সেটা কি চার্জ তাঁর বিপক্ষে আছে সেটা কোর্টে রাখা হোক। আমরা কি কারণে তাঁকে অ্যারেষ্ট করা হোল তার আমরা পরিষ্কার বিচার চাই।

আপনি আমাদের অধ্যক্ষ আছেন, বিরোধী দলের অনেক—বিশেষ করে বিরোধী দলের নেতা অ্যারেস্টেড হয়ে রইলেন অথচ এই হাউসে কি করে চলে সেটা আপনি একটু দেখুন—এটা কনটিনিউ করছে কিছু কাল ধরে। তাহলে কি এই রকম চলবে? বা এটা কতদিন চলবে সেটা আমাদের জানান—কিংবা আপনি এটা বন্ধ করুন।

Shri Girish Chandra Mahato : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভার বিরোধী দলের নেতা সহ ২০ জন বন্ধুকে বহুদিন থেকে বিনা বিচারে আটক রেখেছেন এই সরকার। আপনি জানেন জনসাধারণ আইন তৈরী করবার জন্য আমাদের ভোট দিয়ে এই বিধানসভায় পাঠিয়েছে এবং উভয় পক্ষ থেকে সেখানে সরকারের দুর্নীতি অফিসারদের অত্যাচার তার উপর লক্ষ্য রেখে কিভাবে ভাল আইন হবে—সেই আইন তৈরী করবার জন্য আমরা এখানে এসেছি। কিন্তু দুঃখের বিষয় আজ বিরোধী দলের নেতা এবং বহু বন্ধু যারা আজ এই আলোচনায় যোগ দিতে পারছে না তাদের বিনা বিচারে আটক রাখা হয়েছে। এতো জনসাধারণের যে অধিকার সেই অধিকারকে সরকার কিভাবে অপব্যবহার করছে তা দেখা যাচ্ছে। ইংরাজ রাজত্বে বোধহয় এইরকম স্বৈরাচারী জুলুম চলে নি এবং যদি চলে তাহলে এঁরা তার অনুকরণ করছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহোদয়দের জিজ্ঞাসা করছি যে যদি আগামী ইলেকসনে যদি কংগ্রেস হেরে যান তাহলে কি আমরা ঐ ওঁদের আদর্শ অনুসরণ করে ওঁদেরকে ডি, আই, রুলে আটকে রাখবো এটা স্যার, আপনি একটু বিচার করে দেখবেন। আমরা বার বার জানিয়েছি তারা জুলুম চালাচ্ছেন এই ডি, আই, রুলের মাধ্যমে এবং এই বিনা বিচারে অন্যায়ভাবে আটক রাখার আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সরকার যাদের আটকে রেখেছেন তাদের বিচার করা হোক, যদি সাহস থাকে। কিন্তু এদের ভয় আছে যদি এদের ছেড়ে দেয় তাহলে তাদের গদি নিয়ে নেবে। এবং সেই ভয় পায় বলেই তারা এটা করছেন না। কিন্তু আগামী ইলেকসনে এটা প্রমাণ হয়ে যাবে এটা আমি বলে রাখছি। সেইজন্য আমি অনুরোধ করছি সরকার পক্ষকে যে তাঁরা এটা বন্ধ করুন এবং তারা যে অন্যায় করেছেন যে দুর্নীতি করছেন তার আমি তীব্র প্রতিবাদ করছি। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আপনারা মন্ত্রীদের অনুরোধ করুন যে বিরোধী দলের যাঁরা আটক আছেন এই বিধানসভার মেম্বার ডি, আই, রুলে তাদের হয় কোর্টে আনা হোক এই স্বৈরাচারী জুলুম বন্ধ করে তাদের বিচার করা হোক যে তাদের কি অপরাধ আর না হয় তাদের ছেড়ে দেওয়া হোক।

[2-50—3-00 p.m.]

Shri Aswini Roy : এই যে ভারতরক্ষা আইনে এটা তো শুধু কংগ্রেস আমলের নয়, এটা আমাদের দেশ যখন স্বাধীন হয়নি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ও এই ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হত। কিন্তু তখন যেসব লোকদের গ্রেপ্তার করা হত তাদের তিন সপ্তাহের মধ্যে বিচার করা হত। সেইজন্য অন্যান্য সদস্যরা যে দাবী করেছেন আমিও সেই দাবী তাদের সঙ্গে সঙ্গে করতে চাই যে যাদের আটক করে রাখা হয়েছে তাদের অন্ততঃ আপনারা কোর্টে নিয়ে এসে তাদের বিরুদ্ধে কি স্পেসিফিক চার্জেস আছে সেটা বিচার করুন এটাই দাবী করছি। বিশেষতঃ যারা অসুস্থ আছেন আজকে আমাদের জেলার কথা বলছি, শ্রীবিজয় পাল তিনি পঙ্গু হতে চলেছেন এবং শ্রীসুবোধ চৌধুরী যিনি হাই ব্লাডপ্রেসারে ভুগছেন এবং শ্রীমুজাফর আমেদ সাহেব যিনি অতিবৃদ্ধ এবং নানান অসুখে ভুগছেন সেইসমস্ত লোক বাইরে থাকলে কি হত? স্পেসিফিক চার্জ কি আছে যে তাদের জেলখানায় এইভাবে রেখে পঙ্গু করে দেবেন এবং জেলখানায় রেখে মারার পথে তাদের গ্রাউণ্ড তৈরি করে দিচ্ছেন? সেইজন্য আমরা দাবী করছি যে জ্যোতিবাবু সমেত সমস্ত লোক এবং বিশেষ করে যারা অসুস্থ আছেন তাদের কোর্টে হাজির করা হোক এবং বিচার করা হোক।

Shri Sudhir Chandra Das : স্যার, অত্যন্ত দুঃখের সংগে বলছি যে দলীয় প্রতিহিংসা সাধনের জন্য ডি. আই. আর. প্রয়োগ করা হচ্ছে এবং হুমকি দেওয়া হচ্ছে যে লেভি আইনের প্রতিবাদ যারা করছেন তাদের বিরুদ্ধে এই সব প্রয়োগ করা হবে। কাঁথি জনসভায় শৈলবাবু এবং শ্যামাদাস বাবু দাঁড়িয়ে বলেছেন যে লেভি আইনের বিরোধিতা যারা করছেন তারা দেশদ্রোহী এবং তাদের কিভাবে শায়েস্তা করতে হবে ইত্যাদি নানা হুমকির কথা বলেছেন, মন্ত্রীসভার মধ্য থেকে লেভি আইনের সমালোচনা কেউ করলে তার প্রতিবাদে এইরূপ বলা হয়েছে। আপনারা এটা করতে পারেন। কিন্তু দীর্ঘদিন ধরে এইভাবে আটকে রেখে আপনারা অন্যায় করছেন। বহু পুরানো সদস্য যারা বহুদিন ধরে এখানে আছেন, বহুদিন ধরে এক সংগে কাজ করছেন তাদের আপনারা আটকে রেখেছেন এবং পুনঃ পুনঃ বিচারের দাবী করা সত্ত্বেও আপনারা বিচারের সম্মুখীন হতে রাজী নন। আজকে এই ধারণা বদ্ধমূল হয়েছে যে আপনারা এর কিছু করতে চান না। চীন আক্রমণের সময় মনে হয়েছিল যে হয়ত বা কিছু প্রমান সরকারের হাতে আছে এবং তা পেয়ে নিরাপত্তা রক্ষার জন্য সরকার এরূপ ধর পাকড় করছেন। কিন্তু এখন যেভাবে বিভিন্ন জেলায় বিভিন্ন লোককে যেভাবে গ্রেপ্তার চালিয়েছেন এবং এখানে পুনঃপুনঃ বিচারের দাবী করা সত্ত্বেও যখন কিছু হচ্ছে না তখন মনের ধারণা এই হয়েছে যে নিশ্চয়ই সরকারের হাতে কিছু প্রমান নাই, কেবল দলীয় স্বার্থ রক্ষা করবার জন্য এবং প্রতিহিংসা নেবার জন্য এইভাবে গ্রেপ্তার চালিয়ে যাচ্ছেন। এটা অত্যন্ত নিন্দনীয় এবং অগণতান্ত্রিক, এটার প্রতিবাদ করবার ভাষা আমার নেই। আমরা প্রতিবারই এই কথা বলেছি যে আইনসভার সদস্যরা তারা জনসাধারণের ভোটে নির্বাচিত কিন্তু তাদের ভোট দেবার অধিকার আপনারা দিলেন না। তারপর কেরলে তাদের যোগ দিতে দিলেন না। এখানে তাদের বহুদিন ধরে চরিত্র এবং কার্যকলাপ জানা আছে এবং বহুপ্রকার আইন আছে, ক্ষমতা আছে এবং আপনারা কেস নানাভাবে সাজাতে পারেন, আপনারা বহু ধারা উপধারা পাস করিয়ে নিচ্ছেন সেখানে যদি প্রমান থাকতো তাহলে আপনারা মুক্তির জন্য এবং বিচারের জন্য যে কথা বলা হচ্ছে সেখানে আপনারা তা নিতে রাজী হচ্ছেন না। আজকে এই জন্য এই কথা বলছি যে আপনাদের হাতে কোন প্রমান নেই, শুধু দলীয় স্বার্থ রক্ষা করবার জন্যই এটা করে যাচ্ছেন এবং আইন সভার সদস্যদের এইভাবে আটকে রাখছেন। এইভাবে অগণতান্ত্রিক এবং বর্বরোচিত আক্রমণ করে আপনাদের বন্ধ করবার চেষ্টা করছেন। সেইজন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি বিশেষভাবে প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে অনুরোধ করবো যে তিনি এ সম্বন্ধে কিছু বলুন কারণ এটা সাময়িক ব্যাপার নয়। তাদের আজ ১৫ দিন ধরে আটকে রাখেন নি তাদের আপনারা দীর্ঘদিন ধরে আটকে রেখেছেন। সেইজন্য আমরা দাবী করছি মুখ্যমন্ত্রীকে তিনি এই ব্যাপারে বলুন এবং বলুন যে প্রকৃত অবস্থা কি। তাঁর হাতে সত্যকারের যদি প্রমান থাকে তাহলে বিচার করবার জন্য এগোচ্ছেন না কেন এবং তা যদি না থাকে তাহলে ছেড়ে দিন। তিনি তাদের বিচার করবার জন্য এগোচ্ছেন কিনা? তাদের যদি কোন বিচার আপনারা না করতে চান, তাহলে তাঁদের সত্বর ছেড়ে দিচ্ছেন কিনা? এ কথা তিনি বলতে পারছেন না কেন? একথা বলতে এই কংগ্রেস দলের সাহসে কুলোচ্ছে না কেন? যদি সাহস থাকে বলুন আপনাদের হাতে প্রমান আছে, তাদের বিচার করতে নিয়ে যাবেন। একথা পরিস্কার করে বলতে পারেন না কেন? সব জিনিসের কাইল তো তাঁদের কাছে আছে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি; পুনঃপুনঃ একথা উঠেছে যে তাঁরা আইন সভার অধিকার পদদলিত করে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী এর জবাব দেবেন এবং সুমীমাংসা করবেন।

Dr. Golam Yazdani : মিঃ স্পীকার, স্যার, আমি এ সম্বন্ধে দু একটি কথা বলতে চাই। আপনি যদি স্যার, মফঃস্বলে যান আপনি দেখতে পাবেন মফঃস্বলের সাধারণ লোকের মনেও এই সমস্ত প্রশ্ন জেগেছে, এখানে আমাদের দেশকে গণতান্ত্রিক দেশ বলা হয়, অথচ এখানে বিরোধী পক্ষের নেতা আজকে কারাগারে আটকে রয়েছেন, এতগুলি সদস্য কারাগারে রয়েছেন।

মফঃস্বলের এই প্রশ্নের আমরা উত্তর দিতে পারিনি, তাঁরা আমাদের জিজ্ঞাসা করেন এতগুলি বিরোধীদের সদস্য এবং বিরোধীদলের নেতা যদি কারাগারে আটক থাকেন, তাহলে কী করে আপনাদের Assembly চলছে? আমরা এর সদুত্তর দিতে পারি নাই। অনেক বুদ্ধিমান ছেলে আছেন তাঁরা জানেন আমাদের দেশ Democratic Country বিলেতের মত এখানে Parliamentary Democracy চলছে, এই বিলাতী নজীর দেখান হয়। সেই অনুসারে কতখানি কাজ এখানে হচ্ছে? এই প্রশ্নের কী জবাব আমরা দেব? আপনি যদি বলে দেন তাহলে ভাল হয়। আমরাও গাঁয়ের বন্ধুদের সেইভাবে উত্তর দিতে পারি। কিন্তু তাঁদের কাছে আমরা এর উত্তর দিতে পারছি না। আমরা বলছি—হ্যাঁ, এটা Congress Government, কংগ্রেসের Democracy. কাজেই এটা মানতে হবে। আমাদের বিরোধী পক্ষের সমস্ত সদস্য যদি জেলের মধ্যে থাকে, তাহলেও আমাদের Assembly চলতে থাকবে। আমাদের Assembly representative দের অন্যায়ভাবে যেকোন কারণে যখন তখন গ্রেপ্তার করে রাখা হয়েছে। এই হচ্ছে আমাদের কংগ্রেস সরকারের Democracy. ডাঃ ঘনি বললেন—১৯৬২ সালে চীনা আক্রমণের সময় দেশের শত্রু বললেই গ্রেপ্তার কর। তখন আপনারা নির্বিচারে গ্রেপ্তার করলেন। আবার দেখলাম ১৯৬৫ সালে পাকিস্তান যখন আমাদের দেশ আক্রমণ করলো, তখন আমাদের দেশের মুসলমানদের কেবল বেছে বেছে গ্রেপ্তার করা হল। কিছুদিন আগে কংগ্রেস সদস্য শ্রীঅবনী বসু একটা প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন পাকভারত যুদ্ধের সময় কতজনকে গ্রেপ্তার করা হয়েছিল। রাষ্ট্রমন্ত্রী অর্দ্ধেন্দুবাবু তার জবাব দিতে গিয়ে নাজেহাল হয়েছিলেন। যখন প্রশ্ন করা হয় তারমধ্যে কতজন মুসলমান ছিলেন, তার উত্তর তিনি কিছুতেই দিতে চাননি। শেষ পর্যন্ত তিনি জবাব দেন যে তাদের সবাই মুসলমান। অর্থাৎ অবনীবাবুর প্রশ্নের উত্তরে পরিষ্কার হয়ে গিয়েছিল যে যাদের গ্রেপ্তার করা হয়েছিল তখন, তাদের একমাত্র দোষ ছিল তারা মুসলমান। তাদেরকে Pakistan Nationals বলে তাদের পাকিস্তানের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছিল। অর্থাৎ পাকিস্তান মানে মুসলমান। তখন সারা বাংলা দেশে নির্বিচারে মুসলমানদের গ্রেপ্তার করা হয়েছিল। অথচ সেখানে ভারতবর্ষকে বলা হয় ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। যে আব্দুল হামিদের কথা বলা হচ্ছে, যাকে মৃত্যুর পরে পরম বীরচক্র দেওয়া হলো, সেই আব্দুল হামিদের বাপ দাদার সঙ্গে কী রকম ব্যবহার করা হচ্ছে? না, বিনাদোষে তাদের জেলের মধ্য পুরে দেওয়া হচ্ছে।

[A Voice : এ সব কি ধরণের বক্তৃতা হচ্ছে?]

[3—3·10 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই, আজকে আমাদের দেশের সর্বত্র ঘুষের রাজত্ব চলছে। এর প্রতিকারের জন্য ওঁরা কি করছেন? এরা নেতৃবৃন্দকে গ্রেপ্তার করে রেখে Democratic Govt এর নমুনা রেখেছেন। আজকে অন্যায়ভাবে গ্রেপ্তার করে তাঁদের জেলে রাখা হয়েছে। তাঁদের হয় release করা হোক কিংবা বিচারালয়ে তাঁদের হাজির করা হোক, তাহলে আমরা বুঝব তাঁরা যে গণতন্ত্রের এত বড়াই করেন তার কিছুটা মূল্য অন্ততঃ তারা দেন।

Shri A. H. Besterwitch : I am just going to give you an example of the democracy which the Congress Government is speaking of. They have held up nearly 20 members of this House under the D I. Rules whereas not a single person was arrested under D. I. R. in Baruipur where there was a regular movement of the Congress for rice. Food was rushed there : whereas in Jalpaiguri people were arrested only for attending meetings. The difference is the party to which one belongs, the Opposition party and the Congress party. That is why, they are

always arresting the Opposition party members, but the Congress members do what they like, they can even murder people on the road. That is why I ask the Government, through you, immediately to release all political prisoners, all labour union members, for the betterment of the State.

Shri Lakshmi Ranjan Josse: Sir, I very seldom rise to speak, but it is a matter of justice; that is why I feel it my duty to speak. I am here on the basis of democracy; you are there on the Chair on the basis of democracy. We all swear by democracy. But is this democracy? This is a mockery of democracy, and how long you, sitting on the Chair and acting as a Judge—I call you a Judge in this House to dispense justice—how long will you go on encouraging and supporting this mockery of democracy? D. I. R is a violation of democracy. It is a nail in the coffin of democracy as has been voiced by no less a person than Mr. Setalbad, a former Attorney General of the Government of India. Sir, we have heard that Ministers have doubt about the integrity of the members who were arrested. They do not want to release them. But, Sir, these mambers can attend this Assembly under escort. This is done in some other countries. Why not here? Sir, in this session we are going on passing Bills but they are not here. The Leader of Opposition and the Leader of the House are two wheels of the chariot. How can you go on passing business of the House without one wheel? I am appealing to you, Sir, if you do not do anything if you do not take any action to bring these members here to attend the session you are not doing justice either to us. Sir, this is a mockery of democracy and you are supporting it. Thank you, Sir.

Shri Jiban Krishna Dey: মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে যে প্রশ্ন উঠেছে আমি মনে করি এই ব্যাপারে আমাদের প্রত্যেকের বক্তব্য স্পষ্ট করে বলা দরকার। আজকে যে অগণতান্ত্রিক পদ্ধতিতে দলীয় দৃষ্টিভংগী নিয়ে দেশের নেতাদের গ্রেপ্তার করা হয়েছে, এটা শুধু আমাদের দেশেই হচ্ছে তা নয়, সমস্ত সাম্রাজ্যবাদী দেশেই জনপ্রতিনিধির উপর এ রকম নিপীড়ন করা হয়? যখনই বিরোধী দলকে শিক্ষা দিবার প্রয়োজন হয় তখনি এই কায়দায় নির্বিচারে দমন নীতি চালান হয়। স্পীকার মহাশয়, ১৯৬০ সালে আমরাও গ্রেপ্তার হয়েছিলাম, ১৯৬৩ সালে আমাদের release করা হয়েছে। আজকে জনসাধারণ কোন হদিশ পায় না কেন বিনা বিচারে এভাবে আটক রাখা হচ্ছে। যাদের গ্রেপ্তার করে রাখা হয়েছে তাঁদের পরিবারকে কোন রকম ভাতা না দিয়ে অনাহারের মুখে ঠেলে দেওয়া হয়েছে। বহু বছর পর বছর এই দিন চলতে থেকে তাদের একটা কথা আমাদের পরিষ্কারভাবে বলার সময় এসেছে—দেশের নেতাদের যদি কোন অধিকার না থাকে, এই হাউসের কোন মর্যাদা না থাকে তাহলে তাঁরা যেমন খুশী একদলীয় শাসন চালিয়ে যান, C M.P.O Bill পাশ করুন, যা খুসী করুন আমরা তারজন্য নিমিত্তের ভাগী হতে চাই না। তবে আমি ওঁদের সাবধান করে দিচ্ছি, এখনও সময় আছে, তাঁরা যদি সংশোধন না করেন তাহলে ওঁদের বিরাট opposition-এর সম্মুখীন হতে হবে।

[3-10—3-20 p.m.]

Shri Bhadra Bahadur Hamal : স্যার, দেখুন ওঁদের বুকের রক্ত নেই, শুনবার সংগে সংগে সব বেঞ্চ খালি করে পালিয়ে গেয়েছে। এইত কংগ্রেসী ডিমোক্র্যাসি। জেলে রেখে কিছু করতে পারবেন না। কালাকানুনে এতদিন জেলে রাখলেন এটা কি হচ্ছে, স্যার ?

Mr. Speaker : মিঃ হামাল, আপনিত মিনিস্টারদের বলেছেন।

Dr. Narayan Chandra Ray : মিঃ স্পীকার, স্যার, আমাদের পক্ষ থেকে প্রত্যেক দিক থেকে যে কথাটা বলা হল আমি ওটাকে সাম আপ করে আপনার সামনে রাখছি। সত্যই এখানে গণতন্ত্র আজকে ডি, আই, রুলে সেই মুড়কি মুড়ি পর্যন্ত কোথায় গিয়ে হাজির হয়েছে, আজ লোকের কাছে একটা হাসির বস্তু হয়েছে এবং সংগে সংগে এই কথা বলছি আজকে আমাদের সন্দেহ হচ্ছে আমরা যদি ঠিক এই রকম মামুলিভাবে চলতে থাকি, আমাদের প্রতিবাদ যদি এখানে মাথা তুলে না দাঁড়ায় তাহলে এখানে আজকে আমরা যাঁরা বসে আছি তাঁদের পরস্পরকে হয়তো দেখবো ডি, আই, রুলে বন্দী করা হয়েছে, আর কিছুদিনের মধ্যে অজয়বাবুকে, অজয়বাবুর বন্ধুদের দেখতে পাবেন জেলের মধ্যে।

[তুমুল হট্টগোল।]

মিঃ স্পীকার, স্যার, আমি এটা জানিয়ে দিতে চাই এই জিনিসের কোথায়ও শেষ হওয়া চাই। যদি আপনারা মনে করেন বিভিন্ন জায়গা থেকে এই ব্যাপারে বার বার প্রতিধ্বনিত হবার পরও সরকারের তরফ থেকে কিছু করবার নেই তাহলে আমাদেরও বিবেচনা করার আছে যে এই গণতন্ত্র ধ্বংস হয়েছে কিনা। যেখানে কোন বিরোধী পক্ষ তার কথা শোনাতে পারে না সেখানে তাকে নূতন কিছু ভাবতে হবে এবং এটা আমরা নিশ্চয়ই ভাববো এই কথা এই সভায় জানিয়ে দিয়ে যাচ্ছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিসভাকেও জানিয়ে দিয়ে যাচ্ছি।

Leave of Absence

Mr. Speaker : I may inform honourable members that applications for leave of absence have been received from Shri Kanai Pal, Shri Sucband Soren, Shri Lakhan Bagdi and Shri Jaleswar Hansda. I think that the permission of the House is given to the said members.

GOVERNMENT BILL

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee.

Mr. Speaker : We take up clause 6.

Shri Manoranjan Roy : মিঃ স্পীকার, স্যার, মেট্রোপলিটন বিল আরম্ভ করার আগে আমরা এটা আশা করেছিলাম যে আমাদের বক্তব্যের পর মন্ত্রীসভার পক্ষ থেকে নিশ্চয়ই কিছু আমরা শুনবো যে এঁরা মুক্তি পাবে কিনা অথবা এঁদের যদি বিচার করতে চান সেই ব্যাপারে এঁদের বক্তব্য কিছু আছে কিনা। কিন্তু তা না শুনে আপনি যদি মেট্রোপলিটন বিল আরম্ভ করতে চান তাহলে আমাদের উপর একটু অবিচার হবে। আমরা দেখছি ১৬ ঘন্টা ধরে এই ব্যাপারে আলোচনা করলাম, সেই আলোচনার ফল কি দাঁড়ালো সেটা আপনার মারফত একটু জানতে চাই। শুধু এইভাবে ব্যর্থ আলোচনা করে গেলে কোন লাভ হবে না। আমরা জানি যে বিলগুলি পাশ হবে এবং বিলএর পরে গিলোটিনও করে দিতে পারেন, কিন্তু বিল পাশ হবার আগে আমরা যে বক্তব্য বারবার পেশ করেছি এবং যে বক্তব্য আপনি জানেন আমি শুরু করেছিলাম সেই বক্তব্যের জবাব আপনার কাছ থেকে শুনতে চাই যদি মন্ত্রীরা জবাব না দিতে পারেন।

Mr. Speaker : মিঃ রায়, আমার এখানে বক্তব্য কিছু নেই, কেন না it is a matter for the Opposition and for the Ministry concerned about the D. I. Rules. All that I can say that I also feel for the honourable members.

Shri Manoranjan Roy : স্যার, আপনার বক্তব্য এইটুকু আছে যে ২০ জন হাউসের মেম্বারকে গ্রেপ্তার করে রাখলো, লিডার অব দি অপজিশনকে গ্রেপ্তার করে রাখলো ......

Mr. Speaker : মিঃ রায়, এই পয়েন্টটা অলরেডি শ্রীভাদুড়ী নিয়ে এসেছেন, আমি তাঁর পয়েন্ট অব অর্ডারের জবাবটা এক্ষনি দিয়ে দিচ্ছি। রুলিংটা হচ্ছে ইট ইজ নট এ কোশ্চেন, of Privileges, Mr. Bhaduri, it can arise when the arrest has been made under the D. I. Rules. I cannot say that the arrest under the D. I. Rules involves any question of Privileges.

Shri Manoranjun Roy : স্যার, প্রিভিলেজের কোশ্চেন নয়, মাননীয় সভ্য ......

Mr. Speaker : মিঃ রায় শুনুন, I have given you every moment of time to voice your views. I feel that full justice should be done to the honourable Members, regarding the arrest and detention of the honourable Members of the House, some action from the Chair is desired and I feel that after all we are all responsible Members and have the right to protest and at the same time it is our duty to see that the works are being carried on.

Shri Manoranjan Roy : স্যার, আপনার সংগে কো-অপরেশন করতে সব সময়ই আমরা প্রস্তুত কিন্তু আপনিও আমাদের সংগে এইটুকু কো-অপরেশন করুন, আপনি একটু মন্ত্রদের বলুন যে তাঁরা যদি আজকে না বলতে পারেন তাহলে এই সেসন শেষ হবার আগে, আগামী কাল হোক কিম্বা পরশুই হোক তাঁরা এই সম্পর্কে তাঁদের বক্তব্য বলবেন। তা যদি অন্ততঃপক্ষে না বলতে পারেন তাহলে আপনি আমাদের কেন বলছেন যে তোমরা বসে পড়, ওঁরা বিল পাশ করিয়ে নিয়ে যাক, তোমরা চুপ করে বসে থাকো। হাউস ডিমোক্র্যাসি বলতে যদি এই মনে হয় যে হাউসের মেম্বারকে অ্যারেস্ট করে রাখবে আর সেই সম্পর্কে আমরা জানতে চাইবো তা পর্যন্ত বলবেন না তাহলে সেটা কি ধরণের ডিমোক্র্যাসি আপনিই বলুন। আপনি শুধু মন্ত্রীদের এটা বলুন যে ......

Mr. Speaker : মিঃ রায়, আমি বলছি শুনুন, ইউ আর রিপিটিং দি সেম ইস্যু। আমিও বলছি যে আমার এখানে বলবার কিছু থাকতে পারে না, আপনারা আপনাদের কথা বলেছেন। আপনি কি বলতে চান এখনি একটা ডেসিশন দিয়ে দেবেন ?

Shri Monoranjan Roy : স্যার, তাঁদের কাছে জিজ্ঞাসা করবারও কি আমাদের রাইট নেই ? সেজন্য আমি তাঁদের কাছে জিজ্ঞাসা করছি এই সম্পর্কে তাঁরা কিছু বলতে পারবেন কিনা।

Mr. Speaker : Why are you pressing me ? You have already spoken and the other honourable Members have also voiced their protest as boldly and as strongly as possible. After this you should now allow for the day to carry on the work. After all, all the honourable Members are here and as you have made the protest, can I not expect from you, Mr. Roy, to see that the work of this House is carried on ?

Shri Manoranjan Roy : স্যার, আমি আপনাকে প্রেস করছি না। আপনি দেখেছেন যে কোন ব্যাপারে আমি এত উত্তেজিত হই না এবং বলিও না। আমি শুধু মন্ত্রীদের কাছে এই অনুরোধ করছি তাঁরা আজকে না বলতে পারেন ত হলে তাঁরা বলুন যে এই সম্পর্কে একটা বিবৃতি দেবেন।

Mr. Speaker : Therefore the record will show ... ...

Shri Monoranjan Roy : স্যার, রেকর্ডের থাকবে, কিন্তু তিন বছর পরে প্রসিডিংস ছাপান হবে সেটাতে বলে লাভ নেই। সেই অবস্থা চলছে হাউসে।

Mr. Speaker : মিঃ রায়, am I to take that you will not allow me to carry on in spite of my requests everytime. আমার যেমন ডিউটি আপনাদের সব শোনা তেমনি আমার ডিউটি হচ্ছে হাউসের রেগুলার ওয়ার্ক চালান। সেই রেগুলার ওয়ার্ক চালাতে গেলে যদি প্রত্যেক সময় এইভাবে ইনটারাপ্ট করেন তাহলে বলে দিন যে আমরা ইনটারাপ্ট করে যাব।

Shri Manoranjan Roy : স্যার, আপনাকে শুধু এইটুকু বলছি বিরোধী দলের নেতা সম্পর্কে তাঁদের যে বক্তব্য সেটা কবে বলতে পারবেন সেটা শৈলবাবু উঠে একটু বলুন না যে তাঁরা একটা বিবৃতি দেবেন। আমরা ত এইটুকু চাচ্ছি।

Mr. Speaker : I must have to see that the regular works are not interrupted এই ভাবে interrep করলে এতে কি কোন রেমিডি হবে?

Shri Manoranjan Roy : রেমিডি আর কি করে পাবে—এই সব Membersদের যে arrest ক'রে রাখা হ'ল সেই ব্যাপারের একটা জবাব দিন।

Mr. Speaker : এখন এই কথার জবাব দেবার প্রশ্ন কি করে আসে—আপনি এইমাত্র তো বললেন এখনি জবাব এটা কি ক'রে হয়। Now let us come to the regular business of the House. Am I take it that you will not allow me to take the business at all. After all you have lodged your views and protests and it is for the Minister to do anything in this matter. I have given you the opportunity, now Mr, Roy, as a Member and as a Speaker, may I now request you that let us for the time being carry on the regular business for the day. I would request you not to interrupt in this manner after all, you are a responsible Member let the business be carried on and it is our duty to see that the regular business is done. Now, Mr. Roy, as a member and as the Speaker, may I request you; let us for the time being carry on Lagislation which is the regular part of the business of the day. After all, you are a respected member and it is my duty to see that none is hurt, none is wounded.

[3-20—3-55 p. m.]

Shri Saila Kumar Mukherjee : Sir, all that I can say, after you have allowed them to speak, is that this is a matter on which no Minister can reply today except the Chief Minister. Not only that. It is not the first time. The House is sitting for two months and this identical

matter has been raised through questions, through resolutions and in other forms, and the Chief Minister has replied. Now at the fag end of the session, without giving any notice and without following the usual procedure they are raising this question. How can I answer? আপনি যে বিষয়ে প্রশ্ন করেছেন সেটা Chief-Minister-এর বিষয়, এটা Proceedings-এ Record হ'ল কাজ হবে কি করে? Mr. Speaker has allowed 20 or 21 of your members to speak for nearly two hours. Do you think this is wasted?

Shri Manoranjan Roy : Chief Minister-কে communicate করুন। Chief Minister আমাদের জবাব দিন—কবে দিবেন সেটা জানতে চাই।

Mr. Speaker : Am I to take it that you will always interrupt in carrying on the legislation? I want a point blank answer. The Minister has said what he has got to say in the matter, and the statements that have been made by the members have all gone into record. After this I hope you should allow the business of the House to be carried.

Shri Manoranjan Roy : Chief Minister-কে সে বিষয়ে communicate করা হ'ক। Chief Minister এ বিষয়ে এই House চলাকালীন কিছু বলুন।

[At this stage the House was adjourned for half an hour]

(After adjournment)

[3-55—4-5 p. m.]

Mr. Chairman : The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of want of supply of rice for meeting modified rationing in the deficit pockets of Murshidabad district,—called attention by Shri Sanat Kumar Raha on the 5th January, 1966.

Shri Samarjit Bandopadhyay : Sir, in reply to the Calling Attention notice of Shri Sanat Kumar Raha, I beg to make the following statement :

It is not a fact that M. R. Operations in the deficit poket of the district of Murshidabad have failed. M' R. is mainly intended for deficit and scarcity pockets and the District Magistrate keeps M. R in operation wherever necessary in the district. All urban areas of the district and deficit pockets in rural areas have all along been covered under M. R.

In the month of November, 1965, the following M. R. commodities were issued in urban and rural areas :—

Urban areas		Rural areas (deficit pockets)	
Rice			
Rice	Wheat/W. Products	Rice	Wheat/W. Products.
7,884 Q	5,425 Q	2,369 Q	2,147 Q

In December, '65 the following M. R. commodities were distributed in the district :

Urban areas		Rural areas	
Rice	W/W Products	Rice	W/W. Products
9,391 Q	5,781 Q	5,098 Q	4,025 Q

In addition 6,628 Q of paddy have been distributed through M. R. in Murshidabad in December, 1965.

Regarding the spefic deficit pockets mentioned in the notice it may be stated that Madhumia and Amrit Kundu being under Nabagram P. S. which is a surplus P. S., M. R, is not in operation in those places since December as paddy and rice are available in the open market at controlled rates.

Regarding other deficit pockets M. R. off-takes in the month of December '65 are given below :

	Rice	W/W. Products	Gram	Paddy
Radharghat	185 Q	90 Q	2	—
Kodla	8 Q	12 Q	—	—
Kathalia	8 Q	22 Q	—	—
Domkol	152 Q	44 Q	—	2,537 Q
Islampur	319 Q	225 Q	—	—

The stock as on 1. 1. 65 in the district of Murshidabad was as follows :

Rice	W/W. Prodts.	Paddy
18,413 Q	4,999 Q	20,457 Q

Hence the question of failure of M. R. does not arise.

In some deficit pockets there may some clandestine sale of paddy at high rates.

Shri Aswini Roy : এটা নূতন জিনিস। এম. আর. এ. যে দেবেন সেটা কি দামে দেবেন ?

Shri Nikhil Das : ধান যেটা দেবেন সেটা কি দামে দেবেন ? যেমন ধরুন চালের দাম আছে ৮২ পয়সা কে. জি. সেরূপ ধানের দাম কত পার কে. জি. ?

Shri Smarajit Bandopadyay : ধানের যে রিটেল দাম আছে সেই দামে।

Shri Nikhil Das : রিটেল দাম নেই।

Shri Smarajit Bandyopadhyay : স্যার, এরূপ যদি কোশ্চেন এনসার হয় তাহলে বলতে পারবো না, নোটিশ দিলে বলতে পারবো। ধানের যা দর কুইনটল বা মণ পিছু বললে যা হয় তাই।

(এ ভয়েস : আসল দরটা কত ?

Mr. Chairman : The Minister-in-chage, Food and Supplies Department will please make a statement on the subject of mass discontent of people in Baruipur P. S. in 24-Parganas for non-availability of rice—called attention by Shri Aswini Roy. Shrimati Ila Mitra and Dr. A. M. O. Ghani, on the 5th of January, 1956.

Shri Smarajit Bandyopadhyay : There has been poor crop in Baruipur Police Station this year and due to imposition of cordon supply of rice in the markent is not adequate which has resulted in in some rise in prices.

The urban area is inhabited by people working in Calcutta and elsewhere. They are mostly daily passengers.

On 2. 1. 66 when the M. R. shops in Hariharpur Anchal, P. S. Baruipur, failed to supply rice to the people, there was some agitation in front of the shops and the Anchal Parishrd Office. Shri Amalendu Ghosal, Prodhan of the Anchal, directed the trend of the agitation towords Police whereupon some 500 people under his leadership assembled before Baruipur P. S. at 12·00 hours on the same day and demanded the discontinuance of police action against the blackmarketeers in rice and paddy. The O. C. Baruipur P. S., explained to the demonstrators that police only tried to enforce the Price Control Order in order to stop blackmarketing in foodgrains in the interest of the public and so they were not in a position to accede to their demand. Shri Sakti Sarkar, M L.A., who came to the thana at that time, tried to pacify the gathering, and the demonstrators left the place. There is no report of any death due to starvation or any other specific instances of discontent among the public in the locality.

Modified rationing has been in operation in the area, and the following was the off-take in November and December 1965 :

November 1965

Rice	49 quintals
Wheat/Wheat products	1,726 ,,

December 1965

Rice	265 quintals
Wheat/Wheat products	763 ,,

In addition, 1.100 quintals of broken rice and 600 quintals of gram were distributed through M. R. in the area in December 1965.

The foodgrains recently despatched in December 1965 to the district of 24-Parganas are shown in the statement below :

	Rice	Wheat	What products
	(In Metric tonnes)		
Ex-Calcutta	2,202	4,242	904
Ex-Dists. Midnapore & Bankura	951	—	—
Total	3,153	4 242	904

The above will show that this will ease the situation.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee

Clause 6

Shri Saila Kumar Mukherjee : Sir, I have considered the amendment of Shri Nikhil Das. I have no objection to provide for the submission of resignation of the Chairman or Directors to the General Council, but the question is if we empower only the General Council in this respect, then complications will arise because the resignation takes effect from the date of publication in the official gazette, and the official gazette is published by the State Government and not the General Council. Therefore, I have made a revised draft accepting the suggestion of Shri Nikhil Das, whereby provision has been made for tendering of resignation both to the State Government and the General Council. Sir, you please see the revised draft and then if you agree, I shall place the amendment accordingly. Therefore, clause 6 may be postponed now.

Mr. Chairman : This will be circulated to hohourable members and then taken up. Clause 6 is held over for the present.

Clause No. 7

[4-5—4-15 p.m.]

Shri Saila Kumar Mukherjee : Sir I beg to move that in clause 7:

(1) in sub-clause (i), for the words "twenty members", the words "twenty-five members" be substituted ;

(2) in paragraph (ii) of sub-clause (3), for the words "and the Howrah and Bally Municipalities", the words "the Howrah Municipality and the South Suburban Municipality" be substituted.

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 7 (1), in line 8, after the words "transferable vote", the words "five members from general rate-payers not being representative of any municipal corporation or municipality within the districts as specified in Schedule II" be inserted.

I also move that in clause 7 (1), line 8, for the word "twenty" the word "thirty" be substituted.

Shri Sanat Kumar Raha : মাননীয় স্পীকার মহাশয়, যেখানে আছে transferable vote তারপর ৫ জন যোগ করতে বলছি rate-payers-দের থেকে আসবেন, কোন মিউনিসিপ্যালেটি বা Corporation এর underএ নন এমন স্বাধীন লোক আনা দরকার, five members from general rate-payers nor being representative of any municipal corporation or Municipality within the districts specified in Schedule II. তারপর 46এ in clause 7 (1), line 8 ২০ জনের জায়গায় ৩০ জন করার কথা আমি বলছি। শৈলবাবু বলেছেন ২০ জনের কথা, আমি বলছি বড় বড় মিউনিসিপ্যালিটি বা Corporation এর rate-payersদের পক্ষ থেকে এঁদের নির্বাচিত হয়ে আসা উচিত।

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 7 (1), in line 8, after the word "members" the words "two members from Technologist elected by each of the Universities of Calcutta and Jadavpur and two by the Medical Colleges in Calcutta and one from the West Bengal Branch of the Indian Medical Association" be inserted.

I also move that in clause 7 (2), lines 1-2, the words "for such term as the State Government may decide" be omitted.

I also move that in clause 7 (2), in line 1, after the words "hold office" the words "not exceeding three years" be inserted.

I also move that the following previso be added to clause 7 (3) :

"Provided that the term of the office of the appointed representative from a superseded municipality shall terminate within ten days from the date of the election of the representative as per sub clause 3 (ii) by the newly formed municipal Board or Corporation."

I also move that after clause 7 (3) the following be added :

"(4) (i) The representation from Calcutta and Jadavpur Universities shall be on election amongst the Professers and Teachers of Technology of each University and shall hold office for 2 years ;

(ii) The representation from the Medical Colleges shall be on election amongst the Teachers and Professers of the Department of Health and Hygiene on rotation as per the Group in Schedule II (E). The representatives shall hold office for 2 years ;

(iii) Representation from the West Bengal Branch of the Indian Medical Association by the members of the Executive Committee through ballot voting."

Shri Aswini Roy : মাননীয় স্পীকার মহাশয়, আমি amendment No. 48 move করছি, এখানে আমি যেটা বলছি সেটা হচ্ছে, memberদের পরে two members from Technologist elected by each of the Universities of Calcutta and Jadavpur। এটা add করার জন্যই আমার এই amendment ; এখন আমি এটা add করব

বলছিলেন ? এই বিলের উদ্দেশ্য হচ্ছে, sanitation এবং water supply এবং জনসাধারণের স্বাস্থ্যরক্ষা। স্বাস্থ্যরক্ষার ব্যাপারে যাঁরা সত্যিকারের experts বিশেষজ্ঞ তাঁদেরই আসা উচিৎ। সেজন্য আমি বলেছি যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত যে সমস্ত engineering ও techonologist experts এবং Medical Colleges এর Professor and Teachers আছেন তাঁদের দুজন প্রতিনিধি আসা দরকার। আর একটা হচ্ছে, চিকিৎসকদের যে সংগঠন আছে, Indian Medical Association তার যে শাখা পশ্চিমবঙ্গে আছে তারা তাঁদের Executive Committee থেকে একজনকে নির্বাচিত করে পাঠাবেন। যদি Chambers of Commerce থেকে প্রতিনিধি নিতে পারেন তাহলে Indian Medical Association যাঁরা এই বিষয়ে contribute করতে পারেন তাঁদের প্রতিনিধি নেওয়া হবে না কেন ? এতে অবশ্য সংখ্যাটা একটু বেড়ে যাবে, কিন্তু তাহলেও যে purposeএ এই বিলটা করছেন সেই purpose সত্যিকারের successful হবে। তারপর amendment No. 49 এ আমি বলছি for such time as the State Govt. may decide, এখানে such time omit করবার জন্য বলছি। তারপর ৫০ নং সংশোধনীতে আমি একটা period দিতে বলছি, আমি বলছি in clause 7 (2), for the words "hold office" the words "not exceeding there years" be inserted.

State Govt. যাঁদের nominate করছেন তাঁদের কার্যকাল হয়তো ১০।১৫ বৎসর ও হতে পারে, সেজন্য আমি একটা নির্দিষ্ট কার্যকাল ঠিক করে দিতে বলছি যে, এটা ৩ বৎসরের বেশি হবে না। তারপর সংশোধনী নং ৫১, এখানে আমি একটা proviso add করবার জন্য বলছি যে, provided that the term of office of the appointed representative from a superseded municipality shall terminate within ten days from the date of the election of the representative as per sub-clause 3 (ii) by the newly formed municipal board or corporation. এমন দেখা যাবে যে, Metropolitan arear-র ভিতর বা মিউনিসিপ্যালিটির superseded হয়ে আছে ৭/৮ বৎসর। Supersession period-এ Govt. তাদের যে board গঠিত হবে তাতে নিজেদের লোক nominate করে দিচ্ছেন। এভাবে তাদের নির্বাচন করার অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। এতে করে গণতন্ত্রের একটা মৌলিক অধিকার ক্ষুণ্ণ হচ্ছে। সেজন্য আমি বলছি যে appointed representative এর কার্যকাল নতুন বোর্ড গঠিত হবার ১০ দিনের মধ্যে শেষ হবে। তারপরের সংশোধনী ৫২ নং এ আমি বলছি, after clause 7 (3) the following be added, "The representation from the Calcutta and Jadavpur Universities shall be on election amongst the professors and teachers of Technology of each University and shall hold office for two years আরো বলছি, যদি এই claue এ ২ জন technologist নেওয়া হয় তাহলে তাঁদের কার্যকাল ২ বৎসর হবে এবং তাঁদের নির্বাচিত করবেন যাঁরা ঐ দুটো বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত তাঁরা। এখানে আমি ঐ যে মেডিক্যাল কলেজগুলি থেকে যে প্রতিনিধিদের কথা বলছি সেই মেডিক্যাল কলেজের প্রতিনিধিদের পাঠাবেন কারা, তাঁরা হচ্ছেন টেকনিসিয়ান এবং প্রফেসার এবং তাঁদের কার্যকলাপ দু'বছর হবে। তারপর কলেজ ৪ (১) (৩), Representation from the West Bengal Branch of the Indian Medical Association by the members of the Executive Committee through ballot voting. আই, এম, এ, যা প্রতিনিধিত্ব করবেন তাঁরাত ওয়েস্ট বেঙ্গল আই, এম, এ, র যে ব্রাঞ্চ আছে, একজিকিউটিভ কমিটি আছে তাঁরা নিজেদের ব্যালট ভোটিং-এর মাধ্যমে একজন প্রতিনিধি পাঠাবেন। আমি শৈলবাবুর কাছে এই সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা না করে বলবো উনি যখন চেম্বার অব কমার্সের প্রতিনিধি নিচ্ছেন তখন ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের একজন কেন নেবেন না ? উনি

হয়ত বলবেন হাইজিন ইন্সিটিউট টরত একজন থাকছেন। কিন্তু তিনি হচ্ছেন গভর্ণমেন্টে নমিনেটেড লোক। কাজেই একজন নির্বাচিত প্রতিনিধি যিনি এই সব বিষয় অভিজ্ঞ সেই রকম আই, এম, এ,-র একজন রিপ্রেজেনটেটিভ থাকা দরকার, সিমিলারলি মেডিক্যাল কলেজ এবং টেকনিক্যাল কলেজেরও একজন প্রতিনিধি থাকা দরকার।

[4-15—4-25 p.m.]

Shri Panchu Gopal Bhaduri : Sir, I beg to move that in clause 7(1), line 5, for the words "the Municipal Corporation and Municipalities" the words 'from Calcutta Corporation, two from Howrah and one each from other municipalities" be substituted.

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় শেষের যে সংশোধনীটি বললেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন করি। আমার নিজেরও একটা সংশোধনী আছে, সংশোধনী নং হচ্ছে ১৪৪, সেটা আমি মুভ করলাম। আমি আশা করছি শৈলবাবু একটু বলতে আরম্ভ করেছেন, এবং ক্লজে তিনি ছিলেন পাথরের মত নড়েনও না চড়েনও না কিন্তু এখন যেন বরফের মত একটু একটু গলছেন। আমি তাঁকে অনুরোধ করবো প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিকে তিনি যেন একটা করে রিপ্রেজেন্টেশন দেন। এটা হচ্ছে অত্যন্ত ন্যায্য এবং ন্যায্যটাকে স্বীকার করে তিনি আগের পজিশন থেকে অনেকখানি সরে এসেছেন, এখনও তিনি কয়েকটি মাত্র ছোট মিউনিসিপ্যালিটিকে গ্রুপিং করছেন। তিনি গ্রুপিং করছেন কেন? গ্রুপিং করলে একজন যে প্রতিনিধি আসবেন তিনি অন্য মিউনিসিপ্যালিটির কথা বলতে পারবেন না, সেখানকার স্পেশাল ফিচার, সেখানকার প্রবলেম সেগুলি তিনি জেনারেল কাউন্সিলে বলতে পারবেন না। সেজন্য যাতে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির বক্তব্য, অভাব জেনারেল কাউন্সিলে প্রপারলি রিপ্রেজেন্টেড হয় তার জন্য প্রত্যেক মিউনিসিপ্যালিটি থেকে অন্ততঃ একজন প্রতিনিধি আসা দরকার। একাধিক প্রতিনিধি যদি কোন বড় মিউনিসিপ্যালিটি থেকে থাকে তাতে আমি গ্রাজ করছি না, ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যালিটি, সাউথ সুবার্বান মিউনিসিপ্যালিটি থেকে দু'জন দিয়েছেন তাতে আমি কোন গ্রাজ করছি না। কিন্তু ছোট মিউনিসিপ্যালিটিগুলি সে ছোট হলেও তাদের রিপ্রেজেন্টেডেড হবার যে অধিকার আছে গ্রুপিং করলে সেটা খানিকটা হরণ করা হয়। তাই যখন এমং ক্লজে বোর্ড অব ডিরেকটারস্ করে রেগুলার ডে টু ডে ফাংশানিংএতে তিনি গ্রিফ রেখেছেন তখন এখানে জেনারেল কাউন্সিলকে যতখানি সম্ভব রিপ্রেজেন্টেটিভ করতে কোন আপত্তি হওয়া উচিত নয়। সেজন্য আমি ছোট মিউনিসিপ্যালিটিগুলির তরফ থেকে এই দাবী জানাচ্ছি যে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি থেকে কমপক্ষে একজন করে প্রতিনিধি দেওয়া হোক এই হচ্ছে আমার অ্যামেণ্ডমেন্ট।

Shri Gopal Banerjee : Sir, I beg to move that in clause 7 (1), lines 8-10, for the words beginning with "and twenty members" and ending with "as specified in the Schedule II" the words "and six members being representatives of Calcutta Corporation elected in accordance with the system of proporational representation by means of single transferable vote, three members being representatives of Howrah and Bally Municipalities and thirty two members one representing each of the thirty-two other Municipalities within the district, specified in Schedule II" be substituted.

I also move that in clause 7 (3) (ii), line 2, the words "Corporation Calcutta and the" be Omitted.

স্যার, আমি আমার অ্যামেণ্ডমেন্ট নং ৬৮-র মধ্যে দিয়ে জেনারেল কাউন্সিলের যে গঠন সেই গঠন পদ্ধতিতে কিছু পরিবর্তন করতে চাই। প্রথম হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন থেকে যে ৬ জন ইলেকটেড হবেন তাঁরা ইলেকটেড হবেন কি ভিত্তিতে? তাঁরা কি সিম্পিল মেজোরিটিতে ইলেকটেড হবেন, বা অন্য কোন পদ্ধতিতে হবেন। দ্বিতীয়তঃ দেখছি অ্যাসেম্বলীর মেম্বার যাঁদের এই কাউন্সিলে আনা হচ্ছে তাঁরা সেখানে প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনের ভিত্তিতে আসছেন। এখানে আমি মনে করি যে খুব ন্যায্য হয় যদি ক্যালকাটা কর্পোরেশন থেকে যে ৬ জন আসছেন তাঁদের সিম্পিল মেজোরিটিতে ইলেকশন না হয়ে প্রপোরশনাল রিপ্রেজেন্টশনের ভিত্তিতে ইলেকশন হয়। এই হচ্ছে আমার অ্যামেণ্ডমেন্টের একটা কথা। দ্বিতীয় কথা হচ্ছে শ্রদ্ধেয় সদস্য শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় যে বক্তব্য রেখেছেন আমিও তাঁর সংগে একমত যে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিকে, সে ছোটই হোক আর বড়ই হোক, একটা করে রিপ্রেজেন্টেশন দিতেই হবে। বড়দের জন্য যদি বেশী দেবার দরকার হয় এবং এই নীতি ক্যালকাটা কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যালির ক্ষেত্রে গৃহীত হয়েছে, কিন্তু ছোট যারা তাদের জন্য অন্ততঃ একটা করে দেওয়া হোক। এটা নিয়ে দেখা যাচ্ছে যে কিছু পরিবর্তন ইতিমধ্যেই হয়েছে। যখন বিলটা এসেছিল তখন দেখেছিলাম মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের রিপ্রেজেন্টেটিভ ছিল এই জেনারেল কাউন্সিলে ১৬ জন, এর মধ্যে ৬ জন ছিল ক্যালকাটা কর্পোরেশনের এবং হাওড়া মিউনিসিপ্যালিটির এবং ১০ জন ছিল অন্য মিউনিসিপ্যালিটির। সিলেক্ট কমিটিতে গিয়ে এটা পরিবর্তিত হয়ে হল ২০ জন, ৮ জন হল হাওড়া এবং কলকাতার আর ১২ জন হল অন্যান্য মিউনিসিপ্যালিটির। এখন মাননীয় মন্ত্রিমহাশয় একটা অ্যামেণ্ডমেন্ট মুভ করেছেন সেই অ্যামেণ্ডমেন্টের ফলে পজিশন দাঁড়াচ্ছে এই যে ২৫ জন হবে, ৯ জন ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যালিটি এবং বালি মিউনিসিপ্যালিটির আর বাদবাকী মিউনিসিপ্যালিটির ১৬ জন। আমার অ্যামেণ্ডমেন্টের ফলে কি দাঁড়াচ্ছে, না ৯ জন যা আছে সেটা থাকছে, অবশ্য পরে উনি হাওড়া বালিকে মিশিয়ে ৩ জন করেছেন সেটা নিয়ে ৯ জন থাকছে আর ৩২টি মিউনিসিপ্যালিটির থেকে যাচ্ছে ৩২ জন। এর ফলে জেনারেল কাউন্সিলের সংখ্যা কত পরিবর্তন হচ্ছে? না, যখন বিল এসেছিল তখন ছিল ৩৮, যখন সিলেক্ট কমিটির স্টেজ পেরিয়ে এলো তখন হল ৫০, আর মন্ত্রিমহাশয়ের অ্যামেণ্ডমেন্ট যদি পাশ হয় তাহলে হবে ৫৫, আর আমার অ্যামেণ্ডমেন্ট যদি গৃহীত হয় তাহলে হবে ৭১। উনি বার বার একটা কথা বলেন যে মস্ত বড় বডি হয়ে যাচ্ছে। ওটা ওঁর কোন যুক্তি নয়, বলতে হয় তাই বলছেন। যেমন বোর্ড অব ডিরেকটারসদের সম্পর্কে বললেন কি, না বোর্ড অব ডিরেকটারস্ ৬ জনকে ৭ জন করলে একটা আনওয়াইল্ড বডি হয়ে যাচ্ছে। অথচ আমরা জানি ৭ জন এক সময়ে প্রস্তাব হয়েছিল তখন তিনি এটাকে আনওয়াইল্ডি বলে মনে করেননি, এটা বিরাট হয়ে যাবে এবং কাজ করতে পারবে না। এখন ক্যালকাটা করপোরেশনে ১০০ জন কাউন্সিলার আছেন, তার মধ্যে যদি ৭১ জন হয় তাহলে কি এমন মহাভারত অশুদ্ধ হয়ে যায় আমি বুঝতে পারছি না। উনি কি বলবেন, না মস্ত বড় হয়ে যাবে। এই যুক্তির কোন ভিত্তি নেই এবং এর পরিণতি কি হয়েছে, না সিলেকট কমিটির পরে যে অ্যামেণ্ডমেন্ট হয়েছে তাতে দেখবেন এটা বেড়ে গিয়েছে। সেজন্য আমি জিজ্ঞাসা করছি ছোট মিউনিসিপ্যালিটিগুলিকে দিতে আপত্তি কি? প্রথম কথা হল যে পপুলেশন ভিত্তিতে হবে। তার আপনি যদি দেখেন এই যে নূতন অ্যামেণ্ডমেন্ট মন্ত্রিমহাশয় তুলেছেন ১৯২ এটা দেখলে আপনি অবাক হয়ে যাবেন, ওটা হচ্ছে যখন যে রকম একটা যুক্তি উপস্থিত করে সেটাকে করতে হবে। ধরুন শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি থেকে একটা রিপ্রেজেনটেশন দেওয়া হয়েছে, তার জনসংখ্যা কত? না ১৯৬১ সালের সেন্সাস অনুযায়ী ৯১,৫২১। আর গার্ডেনরিচ মিউনিসিপ্যালিটি, রাজপুর মিউনিসিপ্যালিটি এবং বারুইপুর মিউনিসিপ্যালিটি সব একত্র করে একটি। গার্ডেন রিচ মিউনিসিপ্যালিটির পপুলেশান কত, না, ১ লক্ষ ৩০ হাজার। তাতেও গার্ডেন রিচ মিউনিসিপ্যালিটির একটা পাবার অধিকার নেই। এখন এটা কেন হল? এটা হল এইজন্য যে এই অ্যামেণ্ডমেন্টগুলি বাস্তবানুগ অবস্থা দেখে অ্যামেণ্ডমেন্ট নয়, এটা হচ্ছে দলকে সন্তুষ্ট রাখার

জন্ত অ্যামেণ্ডমেন্ট। আমি বলছি একে একটা আবরণ দিয়ে যেটা নাকি নীতির জন্ত করছি এটা বলা সম্পূর্ণ প্রবঞ্চনার মনোভাব। আমি সেজন্ত বলছি যেটা হওয়া উচিত সেদিকে আপনারা আস্তে আস্তে গেছেন, ১০ থেকে ১২, ১২ থেকে ১৬, এই ১৬ পর্যন্ত এসেছেন, আর ১৬টা দিলে কিছু ক্ষতি নেই। না হলে হবে কি, না, শ্রীরামপুর মিউনিসিপ্যালিটিকে সন্তুষ্ট করতে হবে এইজন্ত যে বেংগল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েসানের সেক্রেটারী হচ্ছে শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, তাঁর যে বাধা সেটাকে অতিক্রম করার জন্ত তাঁকে একটা প্রিভিলেজ দাও। অথচ গার্ডেন রিচ মিউনিসিপ্যালিটির সংগে যদি আপনি রাজপুর এবং বারুইপুর মিউনিসিপ্যালিটি যোগ দেন তাহলে তার পপুলেশান হয় ২ লক্ষ। সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি যার পপুলেশান ১ লক্ষ ৮৫ হাজার তাকে দেওয়া হয়েছে দু'জন আর ৩টি মিউনিসিপ্যালিটি গ্রুপিং করলে পপুলেশান হয় ২ লক্ষ তাকে দেওয়া হয়েছে মাত্র ১ জন।

[4-25—4-35 p. m.]

তাকে দেওয়া হয়েছে একজন—আর ৯১ হাজার লোক নিয়ে শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি তাকে দেওয়া হয়েছে একজন—কেন? ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েসনের সেক্রেটারীকে ঠাণ্ডা করার জন্ত। সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটির এক্স-সেক্রেটারী ছিলেন। এ প্রিভিলেজ কেন? শৈলেন রায়—সেই মিউনিসিপ্যালিটির সংগে যুক্ত সুতরাং তার মুখটা বন্ধ করা যায় এজন্ত। মন্ত্রিমহাশয় বলেছিলেন যে খুব আনন্দের কথা যে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েসন কলকাতা করপোরেশনে—এদের আপত্তি ছিল—তিনি নাকি কমিয়ে দিয়েছেন—কি উনি কমিয়েছেন? এই এমেণ্ডমেন্টের মধ্যে তার সম্পূর্ণ প্রতিফলন আছে। কিভাবে কমিয়েছেন—যুক্তি দিয়ে কমাতে পারেন নি—তারা একটা অন্যায়ভাবে সিলেকট কমিটিতে যে ভিত্তি ছিল তা করেন নি—সেখানে জনসংখ্যার কথা ছিল এখানে সেই জনসংখ্যার কথা নেই। সুতরাং প্রবনতাটা হচ্ছে এই দিকে যে মিউনিসিপ্যালিটি সেখানে দেওয়া উচিত ৮।১০।১২।১৬ পর্যন্ত যে এসেছে সেটা হওয়া উচিত ৩২ পর্যন্ত যাওয়া উচিত। কিন্তু তাঁরা সেটা করছেন না—কেন করছেন না বুঝতে পারছি না— কোন যুক্তি তাঁদের নেই এবং এই অ্যামেণ্ডমেন্টের মধ্যে থেকে যদি আপনি দেখেন কুযুক্তির অবতারণা করা হবে যে এই যে সিডিউলটা ১১২ অ্যামেণ্ডমেন্টে আছে সেই অ্যামেণ্ডমেন্টের সিডিউলড-এর মধ্য থেকে একটা চরম কুযুক্তি দেওয়া হবে যার কোন ব্যাখ্যা হতে পারে না—জনসংখ্যার কোন ভিত্তি নেই। তাহলে ভিত্তিটা কি হতে পারে? ইনষ্টিটিউসন্যাল ভিত্তি হোক; একটা ইনষ্টিটিউটকে……

Shri Saila Kumar Mukherjee : যখন যে অ্যামেণ্ডমেন্টের কথা হচ্ছে তখন সেই অ্যামেণ্ডমেন্ট যদি আলোচনা করেন তাহলে ভাল হয়—কারণ সিডিউলড-এর অ্যামেণ্ডমেন্টের আলোচনার ব্যাপারে আমি ওটা এখনও মুভ করি নি। Sir, I have moved the amendment in proper form. এই সিডিউলের আলোচনা করুন—অ্যামেণ্ডমেন্টে বলুন।

Shri Gopal Banerjee : কেন না এটা অঙ্গাঙ্গীভাবে জড়িত ……

Shri Saila Kumar Mukherjee : কিসের অঙ্গাঙ্গীভাবে জড়িত? আপনি যদি অবাস্তব সংখ্যা দেন তাহলে আমাকে অবাস্তব কিছু বলতে হবে। Sir, kindly allow me to move the schedule. তাহলে স্যার, ঐ সিডিউলটাও মুভ করতে দিন।

Shri Nikhil Das : স্যার, কোন সিডিউলের রেফারেন্স দিলে কি অন্যায় হোল?

Mr. Chairman : আপনি বসুন—ডিসকাসনটা শুনতে দিন।

Shri Gopal Banerjee : স্যার, এটা যখন অঙ্গাঙ্গীভাবে জড়িত—রেফারেন্স ২-তে ঐ সেকসনটা করতে গিয়ে এটাকে কি করে বাদ দেবেন? স্যার, সিডিউল-এর সংখ্যা দেওয়া হয়েছে ২৫। ২৫-কে এখানে ভাগ করা হয়েছে। আমার কথা হচ্ছে ২৫ জন না ৪১ জন হোক—

কারণ হচ্ছে এটা প্রমান করার জন্য। এই যে অ্যামেণ্ডমেন্ট এসেছে সেটাতে এখানে এই যে এটা যদি এজেন্ড হয় তাহলে ডিসট্রিবিউসনটা ঠিক হয়। কিন্তু এটা যেভাবে এসেছে সেটাতে দেখা যাচ্ছে জাষ্টিফায়েড ডিসট্রিবিউসন হতে পারে না। কিন্তু যদি আমি ২৫ মেনে নিই তাহলে সেখানে ২৫এর জায়গায় ৩০ করবেন কেন?

Mr. Chairman : আপনার কি সিডিউলের উপর কোন অ্যামেণ্ডমেন্ট আছে?

Shri Gopal Banerjee : সিডিউলের উপর আলোচনার বিষয় এখন নয়।

Mr. Chairman : তাহলে তুলছেন কেন?

Shri Gopal Banerjee : নিশ্চয় তুলবো—তুলছি এ জন্য যে এখানে যে জিনিসটা হবে সেই জিনিসটা পরবর্তীকালে এই সিডিউলের মধ্যে ভাগ করতে হবে। সেই জন্যই সিডিউলের রেফারেন্স দিতে হবে।

Mr. Chairman : একটা আইটেম নিয়ে দুবার ডিসকাসন হবে নাকি?

Shri Gopal Banerjee : না হবে না স্যার, সংখ্যাটা এর সংগে যুক্ত তাই এই সংখ্যাটা আলোচনা না করে পারা যায় না।

Mr. Chairman : তাহলে you may mention the number.

Shri Gopal Banerjee : এখন সেজন্য আমি বলছি রিপ্রেজেন্টেসনটা জাষ্টিফায়েড রিপ্রেজেন্টেসন হবে এবং যে বড় মিউনিসিপ্যালিটি, করপোরেসন তাদের বেশী দেওয়া হবে। বাকীকে দুয়ের জায়গায় তিন করা হয়েছে—তাতে কারও আপত্তি নেই। আমার সাজেসন হচ্ছে যে কলকাতা করপোরেসনে যে ইলেকসন হবে তাতে অপোজিসন যাতে রিপ্রেজেন্টেসনের চান্স তার জন্য ঐখানে প্রপার রিপ্রেন্টেসন যাতে হবে। তার কারণ হচ্ছে এই যে এখানে ছয়টা সিটের প্রশ্ন। সুতরাং প্রপার রিপ্রেন্টেসনের প্রশ্ন আসে। যেখানে একটা সিট সেখানে প্রপার রিপ্রেজেন্টেসনের প্রশ্ন নাই। সিমপল মেজরিটি এণ্ড প্রপার রিপ্রেজেন্টেসন সাম রেজাল্ট রান করে। কিন্তু যেহেতু এখানে কলকাতা করপোরেসনে ছয়টি আছে সেখানে আমার অ্যামেণ্ডমেন্টে বলেছি যে proportional representation by single transferable vote. এইভাবে হতে হবে। দ্বিতীয়টা হচ্ছে ইনষ্টিটিউসন্যাল রিপ্রেজেন্টেসন-এর ফলে প্রত্যেক মিউনিসিপ্যালিটি একটি করে সিট পাবে।

Dr. Abu Asad Muhammad Obaidul Ghani : স্যার, আমার ঐ অশ্বিনী রায়ের যে অ্যামেন্ডমেন্ট সেই অ্যামেন্ডমেন্টকে সাপোর্ট করছি। শুধু একটা প্রশ্ন করছি যেখানে মেডিক্যাল রিপ্রেজেন্টটেশন-এর কথা হয়েছে—এখানে হাইজিন ইনষ্টিটিউটের রিপ্রেজেন্টেশনের কথা নেই—এটার প্রয়োজন আছে most effective result that will be is on the health of the Metropolitan area—এটা filtered water supply, drainage ইত্যাদির কথা বলা হয়েছে এবং সেজন্য Medical representation আরও একটু বাড়িয়ে দেওয়া দরকার। Hygienie Institute এসব purely technical assistance কিন্তু জনসাধারণের ঐ অঞ্চলে কি অসুবিধা হচ্ছে সেটা দূর করবার জন্য Indian Medical Association-এর একজন representative, Bengal Branch—entire Bengal Branch-এ বলবো না portion of Bengal Branch Metropolitan areaa-এর মধ্যে পড়ে এবং কলকাতা Branch-এর একজন representative, Medical College-এর Professor দের মধ্যে একজন যদি নেওয়া হয় তা হলে উদ্দেশ্য যেটা বিলের মধ্যে আছে সেটা fulfil করতে পারবেন বলে মনে হয়।

Shri Nikhil Das : I move that in clause 7(1), lines 8 and 9, for the words beginning with "twenty members" and ending with "and Municipalities" the words "eight members being representatives of Calcutta Corporation elected in accordance with the system of proportional representation by means of a single transferable vote, three members being representatives of Howrah and Bally Municipalities and thirty-two members one representing each of thirty-two other Municipalities", be substituted.

I also move that in clause 7(3) (ii), line 8, the words "Corporation of Calcutta and the" be omitted.

I also move that clause 7(3) (i) be omitted.

আমার amendment ৩টি 145, 146 and 149 এগুলি আমি মুভ করছি। আমি 145 amendment সম্বন্ধে যেটা বলতে চাই সেটা হচ্ছে Calcutta Corporationকে ছটা দেবেন যেটা বলেছেন সেটা আমি ৮টা দিতে বলছি। আমার বক্তব্য হল তাদের ৮টা সিট দেওয়া হোক এবং Assembly থেকে যেভাবে representative ঠিক করা হবে সেইভাবে তারা elected হোক, তারা single transferable ভোটে proportional representation elected হোক। আর প্রত্যেকটা Municipal থেকে একটা করে লোক নেওয়া হোক। মাননীয় সভাপাল মহাশয়, আমার যুক্তি হিসেবে আমি এটা দিচ্ছি General Council Bodyটা বড় এবং deliberative body তা হলে যদি deliberative body হয় তাদের মধ্যে deliberation হবে তাতে ৪টা Municipality থেকে একটা করে Group করে দিলাম, একবার দেখা গেল তিনটার Municipalityএর কোন বক্তব্য রাখবার মত কোন লোক নেই সেইজন্য আমি আমার 145এ বলছি যে প্রতিটা Municipality থেকে একটা করে লোক থাকলে তাতে ১৬ জন বাড়বে এবং Calcutta Corporation থেকে ২ জন মোট ১৮ জন বাড়বে। General Council একটা বড় বডি হচ্ছে তার হাতে আপনারা ক্ষমতা দিতে চলেছেন তাকে এইভাবে করলে আমরা ক্ষতি হবে বলে মনে করি। যাতে এই authority ভালভাবে কাজ করতে পারে এটা দেখুন। আমি শৈলবাবুকে এই কথা বলতে চাই যে authorityর ব্যাপারে কোন political ব্যাপার না আসে। সেজন্য authorityএর ব্যাপারে consider করতে হবে। ধরুন শ্রীরামপুর Municipality এর লোক আছে অতএব তাকে একটা দিয়ে দিলাম বা South Subarban Municipalityকে একটা আলাদা করে দিলাম তা হলে authorityএর যে very purpose সেটা নষ্ট হয়ে যাবে। আমার বক্তব্য যে একটা করে রাখুন population ধরবেন না যার ১ লক্ষ আছে, যার ৫০ হাজার বা ৩০ হাজার আছে তাদের প্রত্যেকটিতে একটা করে Municipality থেকে লোক আসবেন এবং কলকাতা Corporationকে ৬টার জায়গায় ৮টা করুন। আপনারা Mayorকে কেন এইভাবে ঠিক করার কথা বলছেন, আপনাদের অনুযায়ী Mayor আর ৫ জনকে ঠিক করে দেবেন, এটা Mayor কেন করবেন এটা Mayorকে কেন দিতে চাইছেন জানি না। সুতরাং ঐ elected এর যে কথা বলা হয়েছে সেই personal representation elected হয়ে যাক। আমার 145 Amendmentটা হচ্ছে এইরূপই, Second Amendment 149এ যেটা বলতে চাই আপনারা clause 7 এর sub-clause (3) এখানে বলেছেন যে schedule তৈরী করে দিচ্ছেন Assembly থেকে এবং এই sub-clause-এ ক্ষমতা দিচ্ছেন যে State Government ইচ্ছা করলে amend করতে পারবেন এটা কেন? Schedule Assemly থেকে তৈরী করে দিচ্ছেন যে কোন Municipality কত পাবে এবং

কিভাবে পাবে, Ex-officio, Members কারা আসবে সেটা আপনারা তৈরী করে দিচ্ছেন এবং Legislature তৈরী করে দিচ্ছে যা তা Amend করবার ক্ষমতা State Government নিচ্ছে। সুতরাং আমি বলছি এই sub-clauseটা অমিট করে দিন। আমার মনে হয় শৈলবাবু এটা গ্রহণ করতে পারেন।

[4-35—4-45 p.m.]

সুতরাং আমি বলছি—এই সাবক্লজটা অমিট্ করে দিন। আমার ১৪৯ নম্বর সংশোধনীটা শৈলবাবু নিতে পারেন। আজ যে Scheduleটা State লেজিসলেচার এখানে enactment করে দিচ্ছেন, এই State Legislature-এর যে enacted Schedule তাকে amend করবার ক্ষমতা State Government নিচ্ছে কেন নিচ্ছেন? তাহলে এই Schedule করবার কোন অর্থ হয় না। আজকে এক রকম Schedule আমরা এখান থেকে পাশ করেছিলাম। দুদিন পরে State Government ইচ্ছামত amend করে দিলেন। আমরা একটা নাম করলাম যে কলকাতা কর্পোরেশনকে ৬টা সীট দেবো, আপনারা কালকে বললেন যে না। কলকাতা কর্পোরেশন ৫টা সীট পাবে। অর্থাৎ যেদিন কলকাতা কর্পোরেশনে Opposition majority হয়ে গেল, সেদিন কলকাতা কর্পোরেশনের সীটের সংখ্যা কমে গেল। আজকে শ্রীরামপুরে একটা সীট দেওয়া হলো আপনার Schedule অনুযায়ী. কিন্তু যেদিন দেখা গেল অপজিশনরা শ্রীরামপুরের গেল, সেদিন শ্রীরামপুর ও সাউথ দমদমকে একটা গ্রুপ করে একটা সীট করে দিলেন। এই amendment করবার ক্ষমতাটা কেন State Government নিচ্ছেন? এটা যখন State লেজিসলেচারের কাছে আসছে, আমরা যখন Scheduleটা enact করছি, তখন এই Schedule-এর amendment করবার ক্ষমতা, rightটা আমাদের State লেজিসলেচারের থাকা উচিত। এই হচ্ছে আমার ১৪৯ নম্বর amendment.

তারপর ১৪৬ নম্বর amendment-এ আছে যেখানে আপনি বলছেন যে মেয়র ঠিক করে দেবেন যে additional পাঁচজন হবে। এটা মেয়র nominate বা ঠিক করে দেবেন কেন? কেন আপনি এটা করছেন? এখানে আমি এই কথাটা বোঝাতে চেষ্টা করছি—যে State Legislature-এর জায়গায় proportional representation-এর যে যুক্তিটা আপনি দিয়েছেন, আপনি কর্পোরেশনের ব্যাপারেও সেই যুক্তিটা নিন্। তাই শৈলবাবুর কাছে আবেদন করবো—General Council বড় হলে ক্ষতি হবে না—তাতে বডিটা unwieldy হবে না। প্রত্যেকটা মিউনিসিপ্যালিটিকে একটা করে দিন। কলকাতা কর্পোরেশন বড় জায়গা, সেখানে আপনি ছয়টার জায়গায় আটটা করুন, proportional representation তাকে দিন। আর Schedule পরিবর্তন বা amendment করবার ক্ষমতা State Government হাতে নিচ্ছেন কেন? এই ক্ষমতাটা তাঁরা হাতে নেবেন না, State Legislature-এ Schedule আমরা করে দিচ্ছি, তাকে amend করবার ক্ষমতাও আমাদের হাতে রাখুন। আপনাদের হাতে রাখবেন না। আপনি বলবেন—গভর্নমেন্টকে সন্দেহ করছেন কেন? এই সন্দেহের অবকাশ আপনি কেন দিচ্ছেন? আপনি যে কোন সেসানে এনে করতে পারেন। আর সেশন না থাকলে অর্ডিন্যান্স করে করতে পারেন। এতে কাজের কোন অসুবিধা হবে—এ যুক্তি খাটছে না। গভর্নমেন্ট যদি feel করে থাকেন এটা পরিবর্তন করা দরকার, State Legislature যদি in session না থাকে, আপনি তাহলে অর্ডিন্যান্স করে করতে পারেন interim period-এ। State Legislature যখন এলো, তখন আপনি সেখানে place করতে পারেন এবং এটা না করে আপনাদের হাতে ক্ষমতা রাখার দরুণ আমাদের মনে যে সন্দেহের উদয় হবার সুযোগ আপনি কেন দিচ্ছেন? যেখানে যে মিউনিসিপ্যালিটির অপজিসন মেজরিটি হয়ে যাবে, তাঁরা সেখানে একটি সীটও পাবেন না; পাঁচটাকে একটা গ্রুপ করে একটা সীট দিয়ে রাখবেন। আর যেখানে কংগ্রেস মেজরিটি হবে, সেখানে লোক সংখ্যা থাকুক আর বেশী

থাকুক—প্রত্যেকে একটা করে সীট পাবে। এই যে সন্দেহ, যে সন্দেহ আমরা এখানে দাঁড়িয়ে প্রকাশ করছি, তার সুযোগ আপনি দিচ্ছেন কেন? কাজেই আমার বক্তব্য হচ্ছে—sub-clause 3 (1)—এটা omit করে দিন এবং Schedule-কে amend করবার ক্ষমতা State Legislature-এর হাতে রেখে দিন।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 7 (1), in line 2, for the words "seventeen ex-officio members", the following words be substituted, namely:

"eighteen ex-officio members of whom one shall be the Superintendent of the Infectious Disease Hospital at Beliaghata."

Sir, I also beg to move that in clause 7 (1), in lines 8-10, for the words beginning with twenty members and ending with "District", the following words be substituted, namely:

"Six members being representatives of the Calcutta Corporation elected from among the Councillors and Aldermen by system of proportional voting and 2 members being representatives of the Howrah Municipality and one member representing each of the remaining Municipalities within the District and two members being representatives of the Technologists of the Calcutta and Jadavpur Universities and two members being elected representatives of the Staffs of the Public Health and Hygiene of the Medical Colleges in Calcutta, one members being representative of the Calcutta Branch of the Indian Medical Associations, one members being representative of the non-official organisations, viz., Bengal Tuberculosis Association, Tuberculosis Relief Association."

Sir, I also beg to move that in clause 7 (2), in lines 1 and 2, for the words "such term as the State Government may decide" the following words be substituted, namely:

"a term of 3 years in the case of Technical experts and of 2 years in the other case".

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার amendment নম্বর ২১৮, ২১৯, ২২০ আমি বলছি: আমি ২১৮ নম্বরে বলছি ঐ যেখানে রয়েছে ১৭ জন Ex-officio members-এর কথা বলা হয়েছে, সেখানে আমি আর একজন বাড়িয়ে দিতে বলছি। ঐ যে একটি বেশী হয়ে যাচ্ছে সেটা হচ্ছে Superintendent of the Infectious Diseases Hospital at Beliaghata মন্ত্রিমহাশয়কে একটা consider করবার জন্য বলছি। এই Ex-officio member তো আপনারা অনেককে নিয়েছেন এমন কি Public Health থেকে নিচ্ছেন, Medical line থেকে নিয়েছেন ও একজনকে নেওয়া উচিত All India Institute of Hygiene এর Director-কে আমি নেবার জন্য বলছি Representative হিসেবে। আমার

কথা হচ্ছে Water এবং Sanitation এর প্রশ্ন আসছে যেখানে কলকাতার, সেখানে হেলথের সঙ্গে একটি নিবিড় সম্পর্ক রয়েছে আমরা কতবার দেখেছি কলকাতায় কলেরা, বসন্ত যখন হয় তার সঙ্গে কলকাতার Water Supply এবং Sanitationএর ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।

বারে বারে এই বস্তী এলাকার কলেরা ও নানা রকম ইনফেকসাস ডিসিস হচ্ছে এবং এই সমস্ত রোগে যারা আক্রান্ত হন, তাদের নিশ্চয় ইনফেকসাস ডিসিস হসপিটালে যেতে হয়। সুতরাং আমার এটা মনে হচ্ছে এবং আপনারাও নিশ্চয় বিবেচনা করবেন বলে মনে করি যে, সুপারিনটেনডেন্ট, ইনফেকসাস ডিসস হসপিটাল যদি এই কাউন্সিলের মধ্যে থাকেন, তবে তিনি অত্যন্ত মূল্যবান উপদেশ দিতে পারবেন বলে আশা করি এবং সেইজন্য আমি চেয়েছি যে, এত লোক যখন নিচ্ছেন একজন এক্সপার্ট লোক নিন, বিশেষ করে যে সমস্ত কলকাতার ইনফেকসাস ডিসি সর ব্যাপার ওয়াকিবহাল এবং কোথায় কি হচ্ছে না হচ্ছে, যিনি জানেন তাঁকে কাউন্সিলে নেওয়া দরকার। যখন ওয়াটার এবং স্যানিটেশন হয়ে যাবে, তখন ভালো হবে। কিন্তু যিনি এখন এই সমস্ত ব্যাপারে জানেন, তাঁকে রাখা দরকার, সেইজন্য আমি সুপারিনটেনডেন্ট ইনফেকসাস ডিসিস হসপিটালকে এর মধ্যে নিতে বলেছি।

তারপর, ২১৯ নং আমার যে অ্যামেণ্ডমেন্ট, সেই অ্যামেণ্ডমেন্টে অনেক মাননীয় সদস্য যেভাবে চেয়েছেন, আমিও আমার অ্যামেণ্ডমেন্টে সেইভাবে চেয়েছি এবং মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় যে ধরনের চেয়েছিলেন, আমিও সেই ধরনের চেয়েছি বটে, কিন্তু আমি আরও দু একটি কথা বলতে চাই। আমার অ্যামেণ্ডমেন্টে বলতে চেয়েছি যে কলকাতা কর্পোরেশন থেকে ৬ জন নিন, হাওড়া মিউনিসিপ্যালিটি বড় তাকে দুটো দেওয়া হক এবং বাকি সমস্ত মিউনিসিপ্যালিটির প্রত্যেককে একটা করে দিয়ে দিন এবং ঝগড়া ঝাটির মধ্যে না গিয়ে আমার মনে হয় তাঁদের প্রতি যদি জাসটিস করতে হয়, তাহলে প্রত্যেককে একটা করে সিট দেওয়া উচিত এবং সেই সঙ্গে ঐখানে না থেমে এই সমস্ত মিউনিসিপ্যালিটির জন্য একজন করে রিপ্রেজেনটেসান থাকা ছাড়াও আরও রিপ্রেজেনটেসান কাউন্সিলের মধ্যে থাকা উচিত এবং সেটা হল এই যে, কলকাতায় যে সমস্ত টেকনিসিয়ান রয়েছেন এবং যে সমস্ত ইউনিভারসিটি আছে যেটা মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় আমাকে সমর্থন করছেন, যে যাদবপুর এবং কলিকাতা ইউনিভারসিটির যাঁরা টেকনিসিয়ান আছেন, সেই টেকনিসিয়ানদের মধ্যে দুজনকে নেওয়া হক এবং কলকাতায় যে সব মেডিক্যাল কলেজ আছে, যেমন মেডিক্যাল কলেজ এবং পাবলিক হেলথ এবং হাইজিন ডিপার্টমেন্টের মধ্যে থেকে দুজনকে বেছে নেওয়া উচিত। কিভাবে নিতে হবে, সেকথাও মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায়ের অ্যামেণ্ডমেন্টে বলা হয়েছে। আর একটা জিনিস আগেও বলা হয়েছে, আমি সেটা সমর্থন করছি যে, ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েসনের একজন লোক নেওয়া হক। ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশনের একজন লোক চেয়েছি, এইজন্য যে আমরা দেখছি যে, যখনই আমরা ব্রিটিশ মেডিক্যাল কাউন্সিলের পত্র পত্রিকা পড়ি, ব্রিটিশ মেডিক্যাল জারন্যাল পড়ি, তখনই দেখি যে, যখনই গভর্ণমেন্টের কোন সংস্থা সম্পর্কীয় কথা বলার থাকে তখন তাঁরা ব্রিটিশ মেডিক্যাল এসোসিয়েশনের একটা উপদেশ নেন। মেডিক্যাল ব্যাপারে গভর্ণমেন্ট তাঁদের কাছে এ্যাডভাইস নেন। সুতরাং ঐ রকম করে ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েসন যদি একজন পাঠান, তাহলে তাঁরা ভালো এ্যাডভাইস দিতে পারবেন বলেই আশা করি। আর দুইজন নিন, বেঙ্গল টিউবারকুলোসিস এসোসিয়েসন এবং টিউবারকুলোসিস রিলিফ এসোসিয়েসন থেকে। এই সমস্ত জায়গার থেকে নেওয়ার কথা বলেছি এই কারণে যে, কলকাতায় যক্ষারোগের প্রাদুর্ভাব হয়েছে। এরজন্য দায়ী স্যানিটেশন। বেঙ্গল টিউবারকুলোসিস এসোসিয়েশন এবং টিউবারকুলোসিস রিলিফ এসোসিয়েশন তাঁরা নন-অফিসিয়েল প্রতিষ্ঠান এবং তাঁরা কোন কিছুরই পরোয়া না করে সেবামূলক কাজ করে চলেছেন, তাঁরা কোন পারিশ্রমিকের পরোয়া করেন না এবং এই সমস্ত কাজ করতে তাঁরা উৎসাহী এবং বহুদিন ধরে গঠনমূলক কাজ এবং সেবায় জাক্

করে চলেছেন। তাঁদের একটা রিপ্রেজেনটেশন এই রকম একটা গুরুত্বপূর্ণ কাউন্সিলের মধ্যে রাখা চাই। তাহলে আমার মনে হয়, কাউন্সিলের কাজ খুব ভালোভাবে হতে পারে এবং তাঁরাও তাঁদের উপদেশ দিতে পারেন। তারপর ২২০নং যেটা আমার অ্যামেণ্ডমেন্ট আছে, তাতে যে সমস্ত মেম্বার নমিনেটেড করবেন, তাঁরা কতদিন কাজ করবেন বলা নেই। Technically shall hold the office in the said office as the State Government may make it possible সেটাতে আমাদের সন্দেহ আছে। যে সমস্ত লোককে নমিনেটেড করছেন, তাঁদের কতদিন কাজ করতে দেবেন জানা নেই। অথচ যে সমস্ত লোক লেজিসলেচার থেকে যাচ্ছেন যেমন মিউনিসিপ্যালিটি থেকে যাচ্ছেন, তাঁদের দু বছরের বেশি কাজ করতে দেবেন না বলেছেন। যাঁরা রিপ্রেজেনটেটিভ হয়ে যাচ্ছেন, কর্পোরেশন থেকে, মিউনিসিপ্যালিটি থেকে, এ্যাসেম্বলী থেকে, তাঁরা দু বছরের বেশী কাজ করতে পারবেন না, অথচ যাঁদের নমিনেশন দিচ্ছেন, তাঁদের কার্য্যকাল একটা অনিশ্চিত কালের জন্য রেখে দিচ্ছেন এটা কেন অনিশ্চিত কালের জন্য হবে বুঝতে পারছি না। সেইজন্য আমি একটা অ্যামেণ্ডমেন্ট দিচ্ছি, যাঁরা বিশেষজ্ঞ টেকনিক্যাল এক্সপার্ট তাঁদের জন্য আপনার তিন বছর করুন। চেম্বার অফ কমার্স থেকে মেম্বার রাখার কি অর্থ হতে পারে? সেইজন্য টেকনিক্যাল এক্সপার্ট তাঁদের জন্য তিন বছর দিন এবং তাঁরা ছাড়া যাঁরা আছেন, যেমন চেম্বার অফ কমার্স তাঁদের দু বছরের মেয়াদ করুন। এই বলেই আমি আমার অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[4-45—4-55 p. m.]

Shri Hemanta Kumar Basu: স্যার, আমরা যে সমস্ত অ্যামেণ্ডমেন্ট উপস্থিত করেছি নিখিলবাবু এবং অশ্বিনী রায় প্রভৃতি, সেগুলি আমি সম্পূর্ণরূপে সমর্থন করেছি। আমরা যেকথা বলছি তার উত্তরে মন্ত্রিমহাশয়, বলবেন এটা করলে বডি বড় হয়ে যাচ্ছে। কিন্তু ডেলিবারেটিভ এটা বেড়ে যাচ্ছে। এটা বড় হলে প্রপার রিপ্রেসেন্টসান হতে পারে। দলগত স্বার্থকে বাদ দিয়ে, সকলে মিলে এবং যে সমস্ত লোককে নেওয়া দরকার বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্য থেকে যাতে কমিটি হতে পারে, তার ব্যবস্থা করা উচিত। বাস্তবিক প্রত্যেক মিউনিসিপ্যালিটির একজন করে রিপ্রেসেন্টেটেটিভ থাকা দরকার। উনি ক্যালকাটা করপোরেশন থেকে আট জন করেছেন, সেটা ভালো। কিন্তু প্রত্যেক মিউনিসিপ্যালিটি থেকে যদি একজন করে লোক নেওয়া হয়, তাহলে ভাল হয়। তাহলে সে সেই মিউনিসিপ্যালেটির কথা ভাল করে বলতে পারবে। কিন্তু যদি দুটো তিনটে মিউনিসিপ্যালিটি থেকে একজন করে নেওয়া হয়, তাহলে সে যে মিউনিসিপ্যালিটির লোক, সেই মিউনিসিপ্যালিটির কথাই ভাল করে বলতে পারবে। কিন্তু অন্য মিউনিসিপ্যালিটির কথা ভালভাবে বলতে পারবে না। কাজেই, সেইদিক থেকে আমার মনে হয়, সব মিউনিসিপ্যালিটি থেকেই একজন করে নেওয়া ভালো।

এছাড়া টেকনিসিয়ান এক্সপার্টদের কথা বলা হয়েছে। টেকনিসিয়ান এক্সপার্ট নেওয়া দরকার বলে আমি মনে করি। কারণ, তাঁদের মিলে যেভাবে ক্যালকাটা মেট্রোপলিটান ডিস্ট্রিক্ট গঠন করেছেন, তারমধ্যে যে সমস্ত সমস্যা আছে, সেই সমস্ত সমস্যার সমাধানের পক্ষে বিশেষ সাহায্যকারী হবে। কাজেই সেদিক থেকে নিশ্চয় বিবেচনা করবেন এবং কমিটি সেইভাবে নিয়োগ করবেন এই আশা করি। তিনটে ইম্পরটেন্ট অ্যামেণ্ডমেন্ট আছে, একটা ক্লজ ৫, আর একটা ক্লজ ৭ আর একটা ট্যাকসেশানে আছে। আমি মনে করি যে গভর্নমেন্ট যে কোন সময় মিউনিসিপ্যালিটি বা তার প্রতিনিধি বদলে দিতে পারবেন, সেটা থাকা উচিত নয়। আইন পরিষদ যেভাবে ব্যবস্থা করেছেন, যেটা নিখিলবাবু বলেছেন, সেই প্রস্তাব সম্পূর্ণভাবে আমি সমর্থন করি। সেইদিক থেকে বেশি কিছু বলার নেই। এইভাবে যদি বডি গঠন করা হয়, তাহলে কাজ ভালভাবে হবে। বাস্তবিক মেট্রোপলিটান বোর্ড যাতে ভালভাবে কাজ করতে পারে, সেইদিক থেকেই আমি এইকথা বলছি।

Dr. Narayan Chandra Roy : মি: চেয়ারম্যান, স্যার, এই সংশোধনী প্রস্তাবগুলির মধ্যে অশ্বিনীবাবু ও ডা: গোলাম ইয়াজদানীর প্রস্তাবে যে দুটো কথা আছে সে সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে শুধু কাউন্সিলের সংখ্যা বাড়িয়ে দেওয়া নয় এটাকে কোয়ালিটেটিভ এবং কোয়ান্টিটেটিভ দু'দিক থেকে বাড়ানো প্রয়োজন বলে আমি মনে করি। যেজন্য মেট্রোপলিটান স্যানিটেশন কথাটা না লিখলেও স্ক্যাভেনজিং কথাটা রেখেছেন সেই হিসাবে আমরা টেকনিক্যাল এক্সপার্ট এবং অন্যান্য দিক দিয়েও রাখছি, সেইরকম মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং, যে দুটো কথা অশ্বিনীবাবুর অ্যামেণ্ডমেন্ট রয়েছে এই দু'টা খুব গুরুত্বপূর্ণ বলে মনে করি এবং যেহেতু এটা এমবডি করবে একটা এরিয়া এক্সটেণ্ডিং ক্রম ডিয়ার টু বজবজ, এবং ক্রম বাঁশবেড়িয়া টু বজবজ, এখানে এরিয়াস অব টিউবারকুলাসিস অ্যাণ্ড টিউবারকুলোসিস হসপিটাল ইনক্লুড করবে এগুলি যদি আপনি ইনক্লুড করে নিতে পারেন। এটাকে আপনারা কোয়ালিটিটিভগুলি দু'একটা সংখ্যার দিক দিয়ে হিসাব করলে আপনি যে বেনিফিট পাবেন সেটা উইল বি কাউনটারঅ্যাকটেড বাই দি কোয়ালিটেটিভ হেলফ।

Shri Bejoy Kumar Banerjee : মি: চেয়ারম্যান, স্যার, আমি মোটামুটিভাবে এই যে অ্যামেণ্ডমেন্ট হয়েছে, বিশেষকরে নির্মলবাবু যেটা দিয়েছেন যে করপোরেশনের রিপ্রেজেন্টেশন একটু বাড়ান উচিত আর প্রত্যেক মিউনিসিপ্যালিটি থেকে একজন করে নেওয়া উচিত ও অন্যান্য সংস্থা যেমন ইণ্ডিয়ান মেডিকাল অ্যাসোসিয়েশন প্রভৃতি আছে তাদেরও রিপ্রেজেন্টেটিভ নেওয়া উচিত জেনারেল কাউন্সিলে সেটা আমি সমর্থন করি। কারণ আমরা দেখছি এই জেনারেল কাউন্সিল একটা অথরিটি, এই অথরিটি যদি গভর্নমেন্ট কন্ট্রোলড হয় তাহলে এই অথরিটি ইণ্ডিপেণ্ডেন্টলি অ্যাক্ট করতে পারবে না। তাছাড়া যদি স্পষ্টভাবে সেটা এখানে না করে দেওয়া যায় আর গভর্নমেন্ট যদি তার হাতে পাওয়ার রেখে দেয় যে যখন সুবিধা হবে তখন তারা সিডিউল অ্যামেণ্ড করবে তাহলে কোন সময় পলিটিক্যালি কি হবে সেটা বলতে পারি না। সুতরাং এই যে এত বড় একটা ব্যাপার হচ্ছে তাতে প্রত্যেক মিউনিসিপ্যালিটির একজন করে যদি লোক না থাকে, দু'তিনটি মিউনিসিপ্যালিটি যদি এক জায়গায় করে দেওয়া হয় তাহলে তাদের পরস্পরের যে স্বার্থ আছে, অনেক সময় বিরোধী স্বার্থ থাকে, তাতে যে মিউনিসিপ্যালিটি থেকে একজন আসবে সে অপর মিউনিসিপ্যালিটির স্বার্থ দেখবে না। আমি জানি অনেক মিউনিসিপ্যালিটি থেকে এই কমপ্লেন্ট আগেও হয়েছে। সুতরাং ৩২টি মিউনিসিপ্যালিটির যদি একটা করে না থাকে আর করপোরেশন এত বড় একটা ব্যাপার সেদিনও ৭৫টাকে বাড়িয়ে দিয়ে ১০০ জন করেছেন সেই জায়গায় যদি আরো দু'জন বাড়ে তাতে এমন কিছু ক্ষতি হবে না। কিন্তু এই যে নমিনেশন সিসটেম যেটা ইংরাজ আমলে ছিল এটা এই গভর্নমেন্ট খুব ভাল করে অনুকরণ করে যাচ্ছেন, এটা কেন হবে? নমিনেশন কেন গভর্নমেন্টের হাতে থাকবে? করপোরেশনে আমাদের প্রাকটিক্যাল এক্সপিরিয়েন্স থেকে দেখেছি বছরের পর বছর অনেক কাউন্সিলার কোন কমিটিতে যেতে পারছেন না, কমিটিতে মেজোরিটি পার্টি যেতে দেয় না। সুতরাং এই যে প্রপরসনাল রিপ্রেজেনটেশন সেটা করলে তবুও তাদের যাবার ব্যবস্থা হয়। কিন্তু তা না করে মেয়রের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। মেয়র যাবেন যান কিন্তু তিনি যদি না যেতে পারেন তাহলে তিনি যাকে মনোনীত করবেন সেই রকম ৫/৬ জন যাবে এটা ঠিক নয়। তাহলেত মেয়রের কাছে খোসামদ করতে হবে। কেন তা করবেন? সেই বডি থেকে যদি প্রপরসনাল রিপ্রেজেনটেশন হয় তাহলে ইলেকটেড লোক সেখানে যাবার সুযোগ পাবে। তারা মেয়রের কাছে কেন ঘুরবে? সুতরাং এই বডি যদি বড় হয় তাহলে, শৈলবাবু বলছেন যে খুব ভাল হবে না, সেখানে আমি বলছি এটা যদি প্রত্যক্ষভাবে ডিমনোস্ট্রটিভলি একটা ইনডিপেনডেন্ট বডি না করা হয় তাহলে খুব খারাপ হবে। এখানে গভর্নমেন্ট কনট্রোল খুব কমিয়ে দেওয়া উচিত। কারণ একেইত বোর্ড অব ডিরেকটারসরা হচ্ছে কর্মকর্তা, জেনারেল কাউন্সিলের যেটুকু ক্ষমতা আছে সেটুকু যাতে তারা ভালভাবে রিপ্রেজেন্ট করতে পারে

সিনসিয়ারলি এই রকম একটা সংস্থা করা উচিত। নমিনেশন একেবারে উঠিয়ে দেওয়া দরকার। কেন নমিনেশন হবে ? সমস্ত জায়গার লোক যাতে ভালভাবে যেতে পারে এটা এই রকম একটা বডি হোক। সেই হিসাবে করপোরেশনের দু'জন বাড়িয়ে দেওয়া হোক বা প্রত্যেক মিউনিসি-প্যালিটির একজন করে লোক নেওয়া হোক কিম্বা যাদবপুর ইউনিভারসিটি কিম্বা ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল, আরো যেসব বলেছেন সেইসব সংস্থা থেকে যেন নেওয়া হয়। তাতে টোটাল নাম্বার এমন কিছু বেশী হবে না, যদি ১০০ হয় তাহলে করপোরেশনেত রেগুলার ১০০ জনের মিটিং হচ্ছে, এখানেও না হয় ১৮ জনের জায়গায় ১০০ জন হচ্ছে। এটা যদি করে দেন তাহলে আমরা বুঝতে পারি যে জেনারেল কাউন্সিলে সকলের রিপ্রেজেন্টেশন আছে, তারা তাদের স্বার্থ সেখানে সংরক্ষণের চেষ্টা করবে। কিন্তু ৩/৪টি মিউনিসিপ্যালিটিকে যদি গ্রুপিং করে দেওয়া হয় তাহলে এক বছর নয় তিন-চার বছর পরে এক এক জনের ভাগ্যে একজন করে লোক যাবে, এটা ঠিক নয়। তারপরে বলছেন যখন সুবিধা হবে তখন আপনারা সিডিউল অ্যামেণ্ড করে দেবেন। কেন তা করবেন ? আপনারা মেয়রকে নমিনেশন পাওয়ার দিয়েছেন, কেন দিয়েছেন ? যদি আপনারা সত্যই চান যে ভাল করবেন তাহলে সেইসব যাতে সেখানে ভালভাবে আসতে পারে তার ব্যবস্থা করুন।

[4-55—5-5 p. m.]

Shri Saila Kumar Mukherjee : স্যার, এটা খুবই স্বাভাবিক এই সেকশন নিয়ে আমরা খুব চিন্তা করছি। দীর্ঘ আলোচনা সিলেক্ট কমিটিতে করে একটা বিরাট পরিবর্তন করেছে, যে বিলটা খাড়া করা হয়েছিল তারপরে অনেক ভেবে চিন্তে এটাকে করা হয়েছে। তারপরেও আজকে আমি একটা অ্যামেণ্ডমেন্ট এনেছি তাতে আরো ৫টি সদস্য সংখ্যা বাড়ান হচ্ছে। এখন কথা হচ্ছে এক দল বলছেন যে প্রত্যেক মিউনিসিপ্যালিটির একটা করে রিপ্রেজেন্-টেশন হওয়া উচিত, এই জিনিসটা হোল বিলটার যে আইডিয়া তার পশ্চাতে যে মৌলিক নীতি তার বিরুদ্ধে যায়। কেন না আমরা আঞ্চলিকতার প্যারোশিয়াল টেরিটোরিয়াল আউট লুকের উর্ধে উঠতে চাই। এটা জেনেছি সমস্যাটা কোন একটা ব্যক্তিগত মিউনিসিপ্যালিটির দ্বারা সমাধান করা সম্ভব নয়, সেইজন্য দীর্ঘ দিনের আলোচনার পর একটা সমবেত প্রচেষ্টা করা হচ্ছে। এটা একটি একটি মিউনিসিপ্যালিটি চিন্তা করবে আমার মিউনিসিপ্যালিটির বাইরের এলাকার কথা চিন্তা করতে পারবো না এই দৃষ্টিভঙ্গী আমাদের পরিবর্তন করা দরকার। সেইজন্য যতটা সম্ভব আমরা মিউনিসিপ্যালিটিকে বেশী রিপ্রেজেনটেশন দিয়েছি, ২৫টি সীট দিয়েছি মিউনিসিপ্যালিটি এবং দুটো কর্পোরেশনের মধ্যে। গোপালবাবু খুব জোরের সঙ্গে একটা কথা বলেছেন যে দলীয় পুষ্টির জন্য হচ্ছে। কিন্তু, স্যার, অ্যাক্টেই লেখা আছে কেন এটা করা হয়েছে। নিখিলবাবু যেটা বললেন অ্যামেণ্ড করার সময় কেন এটা করবেন না, অ্যামেণ্ড আমরা যখন তখন করবো না, কোথায় স্টেট গভর্নমেন্ট অ্যামেণ্ড করবেন, না তিনটি কারণে **having regard to the contiguity, area and change in the population.** আজকে আপনারা সিদ্ধান্ত করলেন যে আমরা তিনটি মিউনিসিপ্যালিটি, দমদম, সাউথ দমদম, নর্থ দমদমকে কর্পোরেশন করবো, বা আপনারা সিদ্ধান্ত করলেন চন্দননগর কর্পোরেশনের সংগে হুগলী চিনসুরা মিউনিসিপ্যালিটি, কোন্নগর মিউনিসিপ্যালিটি করে আমরা একটা কর্পোরেশন করবো যার একটা চিন্তাধারা চলছে, আমরা কোতরং এবং উত্তরপাড়া এক করেছি, কেননা এটা দেখা গিয়াছে ছোট ছোট মিউনিসিপ্যালিটিগুলির নিজেদের যে সীমা সেটা ভায়েবল ইউনিট নয় তারা পরিচালনা করতে অসমর্থ, তাদের হাতে আরো অর্থ সংগতি দিতে হবে, তাদের শক্তি আরো আয়তনে বৃদ্ধি করতে হবে এবং সেই দৃষ্টিভঙ্গীতে আজকে ২৫টি সীট দেওয়া হয়েছে। এই সিডিউল ২ যদি দেখেন তাহলে দেখতে পাবেন কেন আমরা এটা করেছি সেটা সিডিউলে আছে। বড় এলাকায়, পপুলেটেড এলাকায় পপুলেশনের অনুপাতে দেওয়া হয়েছে। আমি প্রশ্ন করি পাড়ুলিয়া

মিউনিসিপ্যালিটি একটা ছোট মিউনিসিপ্যালিটি, সে নিজে চালাতে পারে না, তার লোকসংখ্যা হয়ত ২০ হাজারও নয়, সেও একটা রিপ্রেজেন্টেশন পাবে আর যার দেড় লক্ষ পপুলেশন, বিরাট এরিয়া সেও একটা রিপ্রেজেন্টেশন পাবে? বাঁশবেড়ে মিউনিসিপ্যালিটি কি তার সামর্থ? নর্থ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটি কি তার সামর্থ ? সুতরাং যতদূর সম্ভব, ভুল থাকতে পারে আমাদের, কিন্তু আপনারা আমরা ভেবে চিন্তে সিলেক্ট কমিটিতে আলোচনা করে ভাগ করছি, যতদূর সম্ভব কন্টিগিউইটি অব এরিয়া, পপুলেশন এবং সুয়ারেজ দেখে রিপ্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং যাঁরা আসবেন তাঁদের আমরা চাই তাঁরা শুধু নিজের এলাকার কথা ভাববেন কেন আরো বৃহত্তর এলাকার কথা ভাবুন। দুটো জিনিসত ভাববেন, পানীয় জল, ড্রেনেজ বা পয়ঃপ্রণালী আর সুয়ারেজ যদি হয়। সুতরাং সেই জিনিসগুলি একটা মিউনিসিপ্যালিটির দ্বারা টেকনলজিক্যালি চালান অসম্ভব বলেই এই চিন্তাধারা ৫ বছর ধরে করা হচ্ছে যে মেট্রোপলিটন ডিসট্রিক্ট করতে হবে। আমি যদি গাড়লিয়া মিউনিসিপ্যালিটির রিপ্রেজেন্টেটিভ হই বা আমি যদি কাঁচড়াপাড়া মিউনিসিপ্যালিটির রিপ্রেজেনটেটিভ হই তাহলে আমাকে ভাবতে হবে কাঁচড়াপাড়া, হালিসহর, নৈহাটির কথা। আমি যদি খড়দহ মিউনিসিপ্যালিটির রিপ্রেজেনটেটিভ হই তাহলে আমাকে ভাবতে হবে আমার মিউনিসিপ্যালিটির আশেপাশে মিউনিসিপ্যালিটির পানীয় জল এবং ড্রেনেজের কথা। সেই দৃষ্টিভঙ্গীতেই এটা করা হয়েছে। তারপরে একটা প্রশ্ন আছে আনওয়াইল্ডলি বডি সম্বন্ধে, তাহলেত দ্বিতীয় কর্পোরেশন হয়ে গেল। আর যে সব কথা বলেছেন যে সরকার পাওয়ার রাখবার জন্য করেছেন সে সম্বন্ধে বলছি ৫৫টি সভ্যের মধ্যে ১৩ জন ছাড়া বাকী সবাই জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি, নির্বাচিত সেই প্রতিষ্ঠানকে কি করে ওঁরা বলেন সরকারের কুক্ষিগত সেটা আমার বুদ্ধির অগম্য, আমি বুঝতে পারছি না। কি করে এটাকে আপনারা সরকারী কুক্ষিগত বলেন? আপনারা প্রতিটি বিলে এই রকম কুক্ষিগত কুক্ষিগত বলেন—এমন বিল নাই যাতে আপনারা ওটা বলেন নি। আমরা জানি যে এটা আপনাদের স্টাণ্ডার্ড অবজেকসন। এখানে দেখুন আপনারা যে এই দৃষ্টিভঙ্গীর উর্ধে উঠবার চেষ্টা করেছি। যেখানে তিনটি অফিসিয়্যাল ডিরেক্টর ছিল সেখানে ৩০টি গণপ্রতিনিধি করা হয়েছে। যেখানে মাত্র ৩৪ জন ছিল সেখানে ৫৫ জন করা হয়েছে এবং ঐ সংখ্যাটা বাড়ানো হয়েছে। বড় বড় এরিয়া পপুলেসনের ভিত্তিতে ৫ জন বাড়িয়েছি—আপনারা যেটাকে গণতন্ত্র বলেন সেই গণতন্ত্রকে সম্মান দিতেই বাড়িয়েছি। যেহেতু ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনের মধ্যে গোপালবাবুর দলের কোন প্রতিনিধি নাই এবং আমি জানি যে বাংলা দেশের সমস্ত মিউনিসিপ্যালিটিকে রিপ্রেজেন্ট করে আমাদের দল—সুতরাং তাদের কথা এবং গণতন্ত্রের সম্মানের কথা চিন্তা করি বলেই ঐ ৫ জন বাড়িয়েছি। যখন তখন অ্যামেণ্ডমেন্ট করতে পারেন না—সিডিউলের অ্যামেণ্ডমেন্ট করতে পারেন—By Government from time to time by notification having regard to the contiguity, areas and changes in the population. ধরুন হাওড়া আর কলকাতা করপোরেশন বিল আমরা পাশ করেছি। হাওড়া করপোরেসন হয়ে গেল—সেখানে তিনটি সিট তাদের হবে। সেটা আবার লেজিসলেসনে আসবে অ্যামেণ্ড করার জন্য...

Shri Nikhil Das : আমরা একটা সিডিউলড আইন এখান থেকে পাশ করে দিচ্ছি। সেটাকে অ্যামেণ্ড করে ক্ষমতা স্টেট গভর্নমেন্ট নিয়ে নিচ্ছে এটা কি ঠিক হবে—ইজ ইট রেগুলার?

Shri Saila Kumar Mukherjee : নিশ্চয় রেগুলার, স্টেট গভর্নমেন্ট নেবে এবং সেখানে সুবিধার জন্য, তাড়াতাড়ির জন্য, কাজের সুবিধার জন্য নেবে। তবে কোন্ গ্রাউণ্ডে নেবে—আপনারা তো ধারণা করেই নিয়েছেন স্টেট গভর্নমেনট তার খেয়াল খুসীমত করবেন—কিন্তু স্টেট গভর্নমেন্ট তা তো করবেন না—সেকসনে বলে দেওয়া হয়েছে ৩টি কেসে করবেন having regard to the contiguity. উদাহরণ দিলাম—তিনটি মিউনিসিপ্যালিটি করপোরেসন

হয়ে গেল—রিপ্রেজেনটেসন দিতে হবে—চোখের সামনে দেখুন হাওড়ার বেলায়। সেই অ্যামেণ্ডমেন্ট করতে হবে তো—তখন ঐ সিডিউলটা ত'রা নেবে। এটা তো কোন নীতির পরিবর্তন নয়। এটা হচ্ছে প্রশাসনিক পরিবর্তন। সেই সংস্থাটা অচল না হয়ে যায় তার জন্য টপ করে একটা নোটিফিকেসন—একট অ্যামেণ্ডমেনট করে দিলাম।

Shri Nikhil Das : লেজিসলেসন থাকতে আপনি অডিন্যান্স করতে পারেন না।

Shri Saila Kumar Mukherjre : অশ্বিনীবাবু বললেন যে এক্সপার্ট-এর নাম করেছেন। আমি লিখে দিয়েছি সিডিউলেতে যে টেকনিক্যাল এক্সপার্ট—ওঁরা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে করবেন কেন ? কেন সে শুধু যাদবপুর ইউনিভারসিটির উপর থাকবেন। খড়গপুর ইউনিভারসিটি রয়েছে, শিবপুর ইউনিভারসিটি রয়েছে—কেন করবে না ? আজকে শুধু মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ দিতে হয়—শুধু আমরা কলকাতা মেডিক্যাল কলেজ নেবো—বাংলা দেশে আরও ছয়টি মেডিক্যাল কলেজ হয়েছে আগে একটি ছিল। আমি বলতে পারি এটা অত্যন্ত নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়েই করা হয়েছে। একটা বিরাট পরিধি এটার—এক্সপার্ট সিলেকসন করবে যেখানে ভালই হবে এবং উনি বললেন Superintendent of the Infectious Disease Hospitals. আমি জানিনা সে কি করে এই কানেকসনে আসে। সেখানে হেল্থ ডিপার্টমেন্টের সেক্রেটারী রয়েছে সেখানে All India Institute of Hygiene লোক রয়েছে। আমি কোথা থেকে নেবো—এই পরিস্থিতি অনুযায়ী ঠিক করবো। সরকার যখন টেকনিক্যাল এক্সপার্ট নেবেন তখন এই টেকনিক্যাল এক্সপার্টদের মধ্য থেকে নেবেন ২৫ শত গ্রামে আনওইলডি বডি হবে—তার আর করা উচিত নয় এবং সকলকে সমান দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে হবে। আমি ছোট ছোট মিউনিসিপ্যালিটির কথা আঞ্চলিক এরিয়ার কথা ভাবছি না—আমি বৃহত্তর এরিয়ার কথা চিন্তা করছি সেখানে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই সংখ্যাটা হওয়া উচিত এই ২৫ জন। আর একটা কথা বলা

[5-5—5-15 p.m.]

হয়েছে প্রোপরসনেট রিপ্রেজেনটেশন দিতে হবে, কলিকাতা করপোরেসনকে দিতে হবে। যদি কলিকাতা করপোরেসনকে দিতে হয় তা হলে আর সব মিউনিসিপ্যালিটিকে কেন দেবেন না। সেখানে প্রোপরসনেট মানে কি হচ্ছে। তিনটা Municipality আছে একটা নমিনেশন দেওয়া হবে। প্রোপরসনেট রিপ্রেজেনটেসান—It is a complicated machinery process, Assemblyতে ১০টা সিটের মধ্যে প্রোপরসনেট রিপ্রেজেনটেসান করেছি। আপনারা যদি Assembly-তে যান মুখপাত্র হতে পারবেন, তাদের viewpoint প্রেস করতে পারবেন সে ব্যবস্থা করেছি। প্রতিটা Municipality রিপ্রেজেনটেসান করবে এটা হয় না, সেজন্য এটা গ্রহণ করতে পারছি না। সুতরাং মৌলিক বিষয়গুলির বিরোধীতা করছি।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 7 (1), in line 8, after the words "transferable vote," the words "five members from general rate-payers not being representative of any municipal corporation or municipality within the districts as specified in Schedule II" be inserted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 7 (1), line 8, for the word "twenty" the word "thirty" be substituted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7 (2), lines 1-2 the words "for such term as the State Government may decide" be omitted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7 (2), in line 1, after the words "hold office" the words "not exceeding three years" be inserted was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 7 (3):

"Provided that the term of the office of the appointed representative from a superseded municipality shall terminate within ten days from the date of the election of the representative as per sub-clause 3 (ii) by the newly formed municipal Board or Corporation."

was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that in clause 7 (1) line 5, for the words "the Municipal Corporation and Municipalities" the words "from Calcutta Corporation, two from Howrah and one each from other municipalities" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 7 (3) (ii), line 8, the words "Corporation of Calcutta and the" be omitted was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 7 (1), in line 2, for the words "seventeen ex-officio members", the following words be substituted, namely:

"eighteen ex-officio members of whom one shall be the Superintendent of the Infectious Diseases Hospital, at Belliaghata" was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 7 (1), in lines 8-10, for the words beginning with "twenty members" and ending with "District", the following words be substituted, namely:

"Six members being representatives of the Calcutta Corporation elected from among the Councillors and Aldermen by system of proportional voting and 2 members being representatives of the Howrah Municipality and one member representing each of the remaining Municipalities within the District and two members being representative of the Technologists of the Calcutta and Jadavpur Universities and two members being elected representatives of the Staffs of the Public Health and Hygiene of the Medical Colleges in Calcutta, one member being representative of the Calcutta Branch of the Indian Medical Associations, one member being representative of the non-official organisations, viz., Bengal Tuberculosis Association, Tuberculosis Relief Association," was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 7 (2), in lines 1 and 2, for the words "such term as the State Government may decide" the following words be substituted, namely :

"a term of 3 years in case of Technical experts and of 2 years in the other case" was then put and lost.

The motions of Shri Aswini Roy

that in clause 7 (1), in line 8, after the word "members" the words "two members from Technologist elected by each of the Universities of Calcutta and Jadavpur and two by the Medical Colleges in Calcutta and one from the West Bengal Branch of the Indian Medical Association" be inserted.

that after clause 7 (3) the following be added :

"(4) (i) The representation from Calcutta and Jadavpur Universities shall be on election amongst the Professors and Teachers of Technology of each University and shall hold office for 2 years ;

(ii) The representation from the Medical Colleges shall be on election amongst the Teachers and Professors of the Department of Health and Hygiene on rotation as per the Group in Schedule II (E). The representatives shall hold office for 2 years ;

(iii) Representation from the West Bengal Branch of the Indian Medical Association by the members of the Executive Committee through ballot voting."

The motions of Shri Gopal Banerjee

that in clause 7 (1), lines 8-10, for the words beginning with "and twenty members" and ending with "as specified in Schedule II" the words "and six members being representatives of Calcutta Corporation elected in accordance with the system of proportional representation by means of single transferable vote, three members being representatives of Howrah and Bally Municipalities and thirty-two members one representing each of the thirty-two other municipalities within the District, as specified in Schedule II" be substituted.

that in clause 7 (3) (ii), line 2, the words "Corporation of Calcutta and the" be omitted.

The motions of Shri Nikhil Das

that in clause 7 (1), lines 8 and 9 for the words beginning with "twenty members" and ending with "and municipalities" the words "eight members being representatives of Calcutta Corporation elected in accordance with the system of proportional representation by means

of a single transferable vote, three members being representatives of Howrah and Bally Municipalities and thirty-two members one representing each of thirty two other municipalities" be substituted,

that clause 7 (3) (i) be omitted,

were than put and a division taken with following result :

Noes—58

Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bauri, Shri Nepal
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. SusilRanjan
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dutta, Shri Asoke Krishna
Fazlur Rahman, Shri S. M.
Jehangir Kabir, Shri
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Misra, Shri Sowrindra Mohan
M.tra, Shrimati Biva
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Tarapada
Ray, Shri Kamini Mohan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda

Ayes—20

Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bijoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Nikhil

Das, Shri Sambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Majhi, Shri Kundru
Mandal, Shri Adwaita
Mitra, Shrimati Ila
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

Ayes being 19 and the Noes 58 the motions were lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that in clause 7

(1) in sub-clause (1) for the words "twenty members", the words "twenty-five members" be substituted;

(2) in paragraph (ii) of sub-clause (3) for the words "and the Howrah and Bally Municipalities" the words "the Howrah Municipality and the South Suburban Municipality" be substituted.,

was then put and agreed to.

The question that clause 7, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Nikhil Das: I move that in clause 8 (1), line 1, for the word "operation" the word "execution" be substituted.

I also move that after clause 8 (2) the following be inserted:

"(2a) making over the schemes after completion to the local authorities and co-ordinating the activities of the local authorities connected with the matters referred to in sub-section (1) of section 7".

I also move that clause 8 (3) be omitted.

এই authority এখানে কি কি থাকবে? প্রারম্ভিক বক্তৃতায় আমি বলতে চেষ্টা করেছিলাম যে একটি integrated scheme করা দরকার হবে। এই schemeগুলোকে execution করতে গেলে সেখানে একটা central authority দরকার হবে। কিন্তু operation-এর জন্য কোন central authority রাখবার দরকার নাই। কারণ operation-এর জন্য ক্ষমতা বিভিন্ন মিউনিসিপ্যালিটি ও কর্পোরেশনকে দিয়ে দিতে হবে। আর functions সম্বন্ধে amendment 150, 151, 152 তে বলা হচ্ছে The functions of the Authority shall be the following: the promotion and operation of schemes. আমার 150 তে বলছি promotions and execution of the Schemes করবে Authority; আর operation এর দায়িত্ব কর্পোরেশন ও মিউনিসিপ্যালেটির হাতে ছেড়ে দেব।

আর amendment 151 এতে বলছি এই clause 8 (2)-এর পরে (2a) যোগ করতে বলছি। Execution হয়ে গেলে কী হবে? Making over the schemes after completion to the local authorities and co-ordinating the activities of the local authorities connected with the matters referred to in sub-section I of section 7, ওটা section 8, sub-section (1) হবে। তাতে যে যে কাজ করবার ক্ষমতা দিলাম, সেই কাজগুলি যে মুহূর্তে executed হয়ে যাবে, completed হয়ে যাবে,

সেই কাজকে local authorities যে থাকবে কর্পোরেশন, তার কাছে পৌঁছে দেবে। অথরিটি ওরা integrated scheme করবে এবং সেই integrated scheme promote করবে এবং executed করবে। যে মুহূর্তে completion হয়ে যাবে, তখন local authorites তারা operation করবে, তাহলে আর taxation এর কোন বৃদ্ধি দরকার হয় না।

তারপর 152 নম্বর amendment এ বলা হচ্ছে ঐ sub-section (3) তুলে দেবার জন্য। যেখানে বলেছেন such other functions as may be entrusted to the authority by the State Government by notification. যেই যেই দায়িত্ব ও function-গুলি নিয়ে নিলো function এর মধ্যে wide power গভর্নমেন্ট হাতে রেখে দিলেন, খরো ক্ষমতা নিচ্ছেন Water supply, sewerage, drainage, disposal of garbage, treatment of night soil। আর একটা রেখে দিলেন State Government by notification আরো কিছু functions দিতে পারেন। State Govt. যদি মনে করেন, Primary Education দিয়ে দিতে পারেন, State Govt. যদি মনে করেন তাহলে রাস্তা ঘাটের ব্যবস্থাও তাদের হাতে দিয়ে দেবেন। State Govt. যদি মনে করেন বাতিটা দিয়ে দিতে পারেন। সেইজন্য আমি এই sub-clauseটা omit করে দিতে বলছি। যদি কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটির হাত থেকে এই ক্ষমতা নিয়ে নেওয়া হয়, তাহলে তাদের করণীয় আর কিছুই থাকবে না। শৈলবাবু বলছেন কেন? তাদের Primary Education এর ব্যবস্থা করতে হবে, তারজন্য Ecucation এর ব্যবস্থা করতে হবে, তারজন্য Education cess বসাতে হবে ; বাড়তি Tax করে নূতন কিছু কাজ করতে পারে।

[5-15—5-25 p m.]

আমার আসল কথা হচ্ছে যে Corporation Municipality-র হাত থেকে যদি এই ক্ষমতা নিয়ে নেওয়া হয় তাহলে তাদের করণীয় কিছু থাকবে না। শৈলবাবু বলেছিলেন যে কেন তারা primary education করবেন কিন্তু primary education করতে হলে education cess বসাতে হবে বা বাড়তি tax বসিয়ে primary education তাদের করতে হবে। কিন্তু আসল যে প্রাণ একটা local authorities-এর যে প্রাণ তারা যে কাজগুলি করার জন্য তৈরী তার মূল প্রাণ হচ্ছে যে লোককে জল খাওয়ান, রাস্তাঘাট পরিষ্কার রাখা, ড্রেনেজটাকে ঠিক ভাবে রাখা, collection of night soil এগুলিই হচ্ছে main কাজ, local authoritie-এর হাত থেকে নিলেন। আমি একথা প্রারম্ভিক বক্তৃতায় স্বীকার করেছি যে একটা integrated scheme-এর দরকার। এই metropolitan district-এর জন্য integrated scheme-এর দরকার। Execution-টা integrated হওয়ার দরকার আছে। Execution হয়ে গেলে পরে এটা corporation বা municipality-র হাতে ছেড়ে দেওয়া যায়। এবং তখন এই authority-টা co-ordinating body হিসাবে কাজ করতে পারে যেটা আমি amendment-এ বলেছি। এবং যেখানে ২টা বা ৩টা municipality overlap করে গেছে সেটাকে তারা co-ordinate করতে পারে—এই উদ্দেশ্য নিয়েই আমার এই তিনটা amendment দেওয়া আছে। শৈলবাবু হয়ত নীতিগত ভাবে বিরোধীতা করবেন। আপনারা যদি function-গুলি, operation-গুলি maintennace-এরও ক্ষমতা যদি authority-কে দিয়ে দেন local authorities-এর কোন মূল্য থাকবে না। সেগুলি ধীরে ধীরে শুকিয়ে যাবে। এবং স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি অবলুপ্তি পশ্চিম বাংলার বুক থেকে অন্তত: metropolitan district-এর বুক থেকে ঘটবে। যদি অবলুপ্তির হাত থেকে রক্ষা করতে চাই তাহলে যে amendment-গুলি দিয়েছি সেটা গ্রহণ করা প্রয়োজন।

Shri Saila Kumar Mukherjee : স্যার, amendment number 150. It is a jugglary of words. The word "execution" does not include "operation" but the expression "promotion" and "operation" together includes both

execution and operation. তাহলে আপনার তফাৎটা কি হচ্ছে? সুতরাং আমি amendment oppose করছি। আরেকটা যে amendment 151 সেটায় আবার উনি মৌলিক প্রশ্নে যাচ্ছেন। তাহলে metropolitan authority-টা করবার দরকার কি? এখানে একটা municipality-তো করছে না। যেটা করছে water supply বা sewarage, drainage এটা comprehensive area নিয়ে, তার maintenance, তার opperation কি করে ছোট ছোট municipality-র হাতে দেবে। আজকে সেজন্য আপনার amendment হচ্ছে making over the scheme after completion to the local authorities. কারণ the scheme is not area-wise, municipality-wise এবং the scheme is a metropolitan district scheme এবং one scheme for water supply এবং one scheme for sewarage এবং may be two or three schemes. জমির cortour level discharge কোন নদীতে পড়বে, কোন খাল দিয়ে বেরিয়ে যাবে যেটা ৭/৮ municipality-র ব্যাপার একটা municipality-র ঘাড়ে দেবে। সেজন্য basic technical এবং imperative demand that not only execution but the maintenance and operation in services of water supply and sewarage and drainage must be entrusted to the union authorities. Both the amendments are opposed.

The motion of Shri Nikhil Das that in clause (8) 1. line 1, for the word "operation" the word "execution" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that after clause 8 (2) the following inserted :

> "(2a) making over the schemes after completion to the local athorities and co-ordinating the activities of the local authorities connected with the matters referred to in sub-section (1) of section 7",

was then put and lost.

The motion of Shri Nikhil Das that clause 8(3) be omitted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Mr. Speaker : Now, honourable members. I will revert to clause 6 which was left over. I understand the Hon'ble Minister has an amendment which he will move.

Shri Saila Kumar Mukherjee : Sir, it was in the light of the suggestion made by Shri Nikhil Das the other day that I have revised clause 6(1). I think there will be no harm if the members resign to the General Council but there are other things which are to be considered. After the resignation it will have to be notified in the official

Gazette which is published by the State Government and not by the General Council. So the resignation has to be submitted to the State Government and the General Council, and I have revised the clause accordingly.

I move that for sub-clause (1) of clause 6, the following sub-clause be substituted, namely :

"(1) The Chairman or any of the Directors appointed under clause (a) of sub-section (1) of section 5 may resign his office by giving notice in writing to the State Government and any of the Directors elected under clause (b) of the said sub-section may resign his office by giving notice in writing both to the General Council and the State Government. The Chairman or a Director giving such notice shall, on the resignation being notified in the Official Gazette by the State Government, be deemed to have vacated his office on and from the date on which the resignation is so notified."

The question that clause 6, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Shri Nikhil Das : Sir, I beg to move that in clause 9(2) (i), in line 9, after the word "District" the words "if necessary to execute the functions referred to in section 7" be inserted.

স্যার, এটাতে আমরা কি কি ক্ষমতা authority কে দিলাম তার মধ্যে কি কি কাজ সেটা আমরা বলে দিচ্ছি। প্রথম বললাম আমার amendment number 153 এখানে আপনি বলছেন to take over all existing municipal responsibilities. ঐ sub-clause (i) of sub-section (2) of section 9-এ আপনি বলেছেন existing municipal responsibilities, powers, controls, fecilities, services and adminitration within the district relating to water supply এগুলি নিয়ে নিতে পারবে। আমি সেখানে একটা amendment দিচ্ছি সেটা হচ্ছে if necessary to take the functions referred to in section 8. Section 8 যে ক্ষমতা আমরা দিলাম তার সাথে সংশ্লিষ্ট যেটুকু দরকার সেটুকু তারা নিয়ে নিতে পারবেন। তারপর 154 আমি মুভ করছি না। কারণ আমার প্রথম object যেটা ছিল যেটা মাত্র কাজটা করবে maintain করবে না কিন্তু যেহেতু আমার clause 8 আমার amendment পাশ হল না সুতরাং taxationএর প্রশ্ন থেকে যাবে সেখানে taxationটা আমি omit করার কথা বলেছিলাম কিন্তু it will be irrelevent যেহেতু clause 8এর amendment accept করা হয় নি সুতরাং আমার এই amendment irrelevent হবে। সেজন্য আমি 154 মুভ করছি না এবং 153টা শৈলবাবু আশা করি গ্রহণ করতে অসুবিধা হবে না।

Shri Saila Kumar Mukherjee : আপনি যে amendment দিয়েছেন তাতে তো আমাদের হাত পা বন্ধ হয়ে যাচ্ছে conditional taking over হয়ে যাচ্ছে the words if necessary to execute the function referred to in section 8 তো মস্তবড়

conditional taking over হয়ে গেল। Conditional taking over হলে তো উদ্দেশ্য সফল হবে না। কাজেই conditional taking over the services for the purpose of execution only is contrary to the basic principal of the Act. সুতরাং conditional taking over হয় না। সেজন্য আমি oppose করছি।

The motion of Shri Nikhil Das that in clause 9 (2) (i), in line 9, after the word "District" the words "if necessary to execute the functions refered to the section 7" be inserted, was then put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shri Nikhil Das : Sir, I beg to move that clause 10 (1) (b) be omitted.

Sir, I also beg to move that clause 10 (2) be omitted.

[5-25—5-35 p. m.]

স্যার, এই ক্লজ কালেকশন অ্যাণ্ড ডিসপোজাল অব গার্বেজ-এর ব্যাপারে দুই রকম ব্যবস্থা আছে, একটা হচ্ছে বাই এগ্রিমেন্ট উইথ দি লোকাল অথরিটি আপনি এটার দায়িত্ব নিতে পারেন, আর একটা হচ্ছে বাই নোটিফিকেশন নিতে পারেন। আমার বক্তব্য হচ্ছে আপনি (এ)টা রাখুন অর্থাৎ লোকাল অথরিটির সাথে এগ্রিমেন্ট করে কোথাও গার্বেজ কালেকশনের দায়িত্ব যদি লোকাল অথরিটির হাতে আসে তাতে আমার কোন আপত্তি নেই কিন্তু (বি) এবং (সি) যেটা অথরিটিকে আপনারা ক্ষমতা দিয়ে দিচ্ছেন যে অথরিটি বাই নোটিফিকেশন কালেকশন অব গার্বেজের অধিকার নিয়ে নিতে পারবে যে কোন লোকাল অথরিটির হাত থেকে এতে আমি আপত্তি করছি। সুতরাং ক্লজ ১০(১) (বি), সাবসেকশন (২), এই দুটি অমিট করার কথা বলছি। আমি খালি এটুকু রাখতে বলছি যে কালেকশন অব গার্বেজের ব্যাপারে কোন অথরিটি যদি না পারে বা করপোরেশন যদি না পারে তাহলে তারা এগ্রিমেন্ট করে নিলো অথরিটির সাথে, অথবা একটা মিউনিসিপ্যালিটি পারলো না তারা অথরিটির সাথে এগ্রিমেন্ট করে নিলো। কিন্তু অথরিটির নিজের এই ক্ষমতা থাকবে যে সে যে কোন লোকাল অথরিটির হাত থেকে কালেকশন অব গার্বেজের ক্ষমতা নিয়ে নেবে এটা ঠিক হবে না। এটা যদি করেন তাহলে আরো একটা ক্ষমতা আপনি লোকাল অথরিটির হাত থেকে নিয়ে নিলেন। এটাই হচ্ছে আমার অ্যামেন্ডমেন্ট।

Shri Saila Kumar Mukherjee : স্যার, এটাত আমাদের ছিল না, সিলেক্ট কমিটি বহু বিবেচনা করে জোর করলো যে এটা নিয়ে নেওয়া উচিত। সুতরাং সেখানে যাতে অটোমেটিক না হয় এজন্য মিউনিসিপ্যালিটি চাইবে তাদের সংগে রাজীনামা করে করার। এখন আপনি যা বলছেন এটা যদি অমিট করে দিই তাহলে হবে কি, This was itserted in the Select Committee. মিউনিসিপ্যালিটির ক্ষমতাগুলি ত রিপিল হয়ে গেল, এখনত তারা বাধ্য। সুতরাং এই কনডিশন দুই রকমে করে দেওয়া হয়েছে, তাদের সংগে বোঝাপড়া করে কতটা করা যায়। সেজন্য আমি এটা অপোজ করছি।

The motion of Shri Nikhil Das that clause 10 (1) (b) be omitted was then put and lost.

The motion of Shri Nikhil Das that clause 10 (2) be omitted was then put and lost.

The question that claue 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Shri Aswini Roy : Sir, I beg to move that in proviso to clause 11, in line 2, after the word "notice" the words "before fortyfive days ordinarily and three day in case of emergency" be inserted.
স্যার, আমি একটা কথা আ্যাড করার জন্য বলছি, ৪৫ দিন আগে অর্ডিনারিলি একা নোটিশ দেওয়টা দরকার আর এমার্জেন্সির ক্ষেত্রে থ্রি ডেজ নোটিশ এটা থাকা উচিত কারণ কারোর ঘ'র ঢুকে কোন জিনিস ভাংগতে গেলে আগে থেকে সেই বাড়ীর মালিককে বলা উচিত। সেইক্ষেত্রে আমি একটু স্পেসিফাই করে দিচ্ছি before 45 days ordinarily and there days in case of emergency. এটাই আমার অ্যামেণ্ডমেণ্ট।

Shri Saila Kumar Mukherjee : স্যার, এটা কোন ল' এ নেই, এটা সার্ভের পাওয়ার, সার্ভে করার জন্য একটা নোটিশ দিতে হবে, সেখানে গিয়ে তখনি কেড়ে নিচ্ছেন বা ডেমোলিশ করছে না। সুতরাং সার্ভের জন্য যদি তিন রকম করে দেন তাহ'লে ডিলে হবে। সুতরাং সব ল যেমন আছে সেই রকমই প্রভিশন এখানে করা হয়েছে। সেইজন্য আমি এটা অপোজ করছি।

The motion of Shri Awini Roy that in proviso to claue 11, in line 2, after the word "notice" the words "before fortyfive days ordinarily and and three days in case of emergency" be inserted was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

The question that Clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 13 and 14

The question that Clauses 13 and 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Aswini Roy : Sir, I beg to move that the following proviso be added to Clause 15 :

"Provided that persons aggrieved on payment of cost of compensation have the right to appeal to the State Government before referring the dispute to the Court."

স্যার, ক্ষতিপুরণের যে কথা হচ্ছে সেই ক্ষতিপুরণের যদিও অন্য একটা ক্লজ আছে তা হলেও আমি বলছি যে ক্ষতিপুরণের ব্যাপারে যদি কেউ মনে করে যে, না আমার ঠিকমত দেওয়া হয়নি তাহলে অ্যাপিলের অথরিটিটা কি হবে সেখানে আমরা বলছি Provided that persons aggrieved on payment of cost of compensation have the right to appeal to the State Government before referring the dispute to the court. প্রত্যেকের অধিকার আছে কোর্টে তার মামলা দায়ের করার। কিন্তু কোর্টে মামলা দায়ের করতে গেলে অনেক দেরী হবে। সেজন্য যদি একটা প্রভিসন থাকে যে ষ্টেট গভর্নমেণ্টের কাছে তার ক্ষতিপূরণ সংক্রান্ত ব্যাপার নিয়ে সে অ্যাপিল করতে পারবে এই ধরনের প্রভিশন যদি থাকে তাহলে আমার মনে হয় কাজগুলি বিলম্ব হয় না।

Shri Saila Kumar Mukherjee : স্যার, এটা বলার আর দরকার হয়না কেননা অ্যাকুইজেশন যখনই হবে তখন সেটা হবে আণ্ডার দি প্রভিশন অব দি ল্যাণ্ড অ্যাকুইজেসন অ্যাক্ট এবং ল্যাণ্ড অ্যাকুইজেসন অ্যাক্টে সমস্ত অথরিটি দেওয়া আছে, সেখানে অল অ্যাপিলস লাই করবে। এই অ্যাক্ট-এর আণ্ডারে অ্যাকুইজেসন করা হচ্ছে না, অ্যাকুইজেসন করা হচ্ছে আণ্ডার দি প্রপার ল অব অ্যাকুইজেসন ইট ইজ রিভাণ্ডান্ট।

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 15 :

"Provided that persons aggrieved on payment of compensation have the right to appeal to the State Government before referring the dispute to the Court." was then put and lost.

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Shri Aswini Roy : I move that the following proviso be added to Clause 16 (3) (i) :

"Provided that the appointment of the officer should have the prior approval of the General Council."

স্যার, আমার বক্তব্য হচ্ছে ক্লাস ২, ক্লাস ৩, ক্লাস ৪, এই সমস্ত স্টাফ নিয়োগের ক্ষেত্রে অবশ্য বোর্ড করলো কিন্তু ক্লাস ১ স্টাফদের নিয়োগের ক্ষেত্রে জেনারেল কাউন্সিলের অ্যাপ্রুভ্যাল থাকা দরকার। সেজন্য ওখানে আমি দিচ্ছি Provided that the appointment of the officer should have the prior approval of the General Council. এই একটা প্রভাইসো অ্যাড করা হোক।

Shri Saila Kumar Mukherjee : স্যার, তাহলে ত কাজ হবে না। The Board has been vested with powers. সেখানে ডে টু ডে অ্যাডমিনিষ্ট্রেসন চালাবেন অফিসার। জেনারেল কাউন্সিলকে তাই পাওয়ার দেওয়া হয়েছে, সে পলিসি মেকিং কন্ট্রোল, বাজেটারি কনট্রোল, ট্যাক্সেশন কনট্রোল করবে। সুতরাং ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেসন যদি তাদের হাতে দেওয়া হয় তাহলে কাজ হবে না। সেইজন্য আমি এটা অপোজ করছি।

The motion of Shri Aswini Roy that the following proviso be added to Clause 16 (3) (i) :—

"Provided that the appointment of the officer should have the prior approval of the General Council." was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

Shri Saila Kumar Mukherjee : I move that in the proviso sub-clause (3) of Clause 17, in the eleventh line, the words "*subject to the provisions of sub-section (4)*" be omitted.

I also move that sub-clause (4) of Clause 17 be omitted.

স্যার, আমার রিজিন হচ্ছে এই অ্যাক্টে দেখবেন প্রভিসন আছে একবার নয় দু'বার বাজেট সংক্রান্ত ব্যাপারে বোর্ডের ডিসিসন জেনারেল কাউন্সিলের কাছে আসবে। ৩০ দিনের মধ্যে জেনারেল কাউন্সিলকে ওপিনিয়ন দিতে হবে বোর্ডে, আবার রিকন্সিডারেসন হবে ১৫ দিনের মধ্যে। এখন সেই ১০ দিনের মধ্যে যদি না আসে তাহলে আবার জেনারেল কাউন্সিল হলে ইট উইল ক্রিয়েট ডিলে। সেইজন্য বলা হয়েছে সেকেণ্ড টাইমে যদি না হয় তাহলে স্টেট গভর্নমেন্ট উইল ডিসাইড।

Shri Aswini Roy : I move that in clause 17 (1), line 2, for the word "three" the word "two" be substituted.

I also move that in proviso to clcuse 17 (3), line 10, for the words "fifteen days" the words "twentyone days" be substituted.

স্যার, ক্লজ ১৭তে যেখানে উনি বলছেন ৩ মাস অন্তর জেনারেল কাউন্সিল সেখানে উনি পাওয়ার নিচ্ছেন যথেষ্ট। ৩ মাস পরে জেনারেল কাউন্সিল মিট করবে, আমি বলছি ওরা দু' মাস অন্তর মিট করুক। আর যেখানে ক্লজ ১৭(৩) অন লাইন ১০, ১৫ দিন আছে ওটাকে আমি ২১ দিন করতে বলছি। আমি এই দুটি অ্যামেণ্ডমেণ্ট মুভ করছি।

Shri Nikhil Das : I move that in clause 17 (1), lines 2 and 3, for the words beginning with "The Chairman" and ending with "General Council" the words "The General Council shall elect its own Chairman from amongst its members" be substituted.

I also move that in clause 17 (3) (i), line 4, for the words "The other Directors" the words "The Directots of the Board" be sub itituted.

I also move that the proviso to clause 17 (3 be omitted.

I also move that in proviso to clause 17(3), lines 6 to 13, the words beginning with "In case" and ending with "be final" be omitted.

[5-35—5-45 p. m.]

Sir, I also beg to move that in clause 17(4), lines 2 and 3, for the word "annual budget" the words "matters submitted to it by the Board for approval" be substituted.

Sir, I also beg to move that in clause 17(4), line 3, for the word "its" the word "their" be substituted.

স্যার, শৈলবাবু যে দুটি অ্যামেণ্ডমেণ্ট মুভ করলেন প্রথমটার আমি বিরোধিতা করছি। বিরোধিতা করছি এইজন্য যে একটা ক্ষমতা অন্তত: ছিল যেটা আমরা সিলেক্ট কমিটি থেকে করেছিলাম যে অন্তত: অ্যানুয়াল বাজেটের ব্যাপারে জেনারেল কাউন্সিল উইল বি দি অথরিটি। কিন্তু শৈলবাবু যেটা করলেন তাতে আমরা সিলেক্ট কমিটি থেকে যেটা পাশ করিয়ে এনেছিলাম সেটা হাতে কেটে নিলেন। সিলেক্ট কমিটিতে অনেক বলে কয়ে, তর্ক বিতর্কের পরে এটা ঠিক হয়েছিল যে অ্যানুয়াল বোজেটের ব্যাপারে জেনারেল কাউন্সিল উইল বি দি অথরিটি আর বাকী ব্যাপারগুলি স্টেট গভর্নমেন্টের কাছে থাক, এখন এই সাবসেকসান ৪ তুলে গিয়ে আমাদের জেনারেল কাউন্সিলের সেই ক্ষমতা তিনি তুলে নিয়ে গেলেন। এবং প্রভাইসোতে যে অ্যামেণ্ডমেন্টের মাধ্যমে ঐ যে জেনারেল কাউন্সিলের যে ক্ষমতা ছিল সেটা তারা কেড়ে নিয়ে চলে গেল। এই রকম জেনারেল কাউন্সিলের ক্ষমতা খর্ব করা হোল—সেইজন্য আমরা তীব্র বিরোধীতা করছি।

বিরোধীতা করে আমার অ্যামেণ্ডমেন্ট মুভ করছি। আমার অ্যামেণ্ডমেন্ট নং ১৬৪-তে আছে আপনি দেখবেন যে সাবসেকসক ১, সেকসন ১৭-তে আপনি বলছেন যে বোর্ডের যে চেয়ারম্যান সেই জেনারেল কাউন্সিলের চেয়ারম্যান হবেন। এক অদ্ভুত কথা। বোর্ডের চেয়ারম্যান একজন অ্যাপয়েন্টেড লোক করছেন। সরকার যাকে চাকুরী দিয়ে নিযুক্ত করছেন তাকে বোর্ডের আপনারা চেয়ারম্যান করবেন এবং সেই লোক জেনারেল কাউন্সিলের চেয়ারম্যান হবেন। এই ধরণের অগণতান্ত্রিক অবস্থা কেন করছেন? আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে এই যে জেনারেল কাউন্সিলের মেম্বাররা—তাদের ভেতর থেকে তারা ঠিক করে নেবেন যে কে তাদের চেয়ারম্যান হবেন। মেম্বাররা **will elect among themselves the Chairman of the General Council** আপনি কি করে দিলেন ঐ যে চাকুরী দিয়ে বোর্ড অব ডাইরেক্টরস তাদের থেকে একজনকে চেয়ারম্যান করবেন বোর্ডের এবং তাকেই জেনারেল কাউন্সিলের চেয়ারম্যান করবেন। এই রকম নক্কারজনক গণতান্ত্রিক বুরোক্রাটিক কি হতে পারে তা ভাষায় প্রয়োগ করা যায় না। জেনারেল কাউন্সিলে ইলেকটেড মেম্বররা আসছে এবং অধিকার দেওয়া হচ্ছে না তাদের চেয়ারম্যান করতে। এবং ২নং অ্যামেণ্ডমেন্ট হচ্ছে চেয়ারম্যান শুদ্ধ বাকী তিনজন ডিরেক্টার **they can attend the meeting.** তারা এখানে যোগদান করতে পারে। সুতরাং আপনি বললেন বাকী দুই জনের যেহেতু একজন চলে যাচ্ছে আমার অ্যামেণ্ডমেন্ট নং১০৯-এর শুধু একটা কারেকসন। কারণ থ্রি ডিরেক্টরস যেতে পারবেন—এখানও চেয়ারম্যান একজনকে যদি করে দেন বাকী দুজন থেকে—আমার অ্যামেণ্ডমেন্ট ১৫৯ হচ্ছে তাই। ১৬১ নং আমি মুভ করছি না, ১৬৫ মুভ করবো। আমি আরও ক্ষমতা বাড়িয়ে দিতে চেয়েছিলাম। সিলেক্ট কমিটি অ্যানুয়াল বাজেট পাচ্ছে জেনারেল কাউন্সিলকে আরও টাকা দিয়ে দিচ্ছে। আমি চেয়েছিলাম যেগুলি রেফার করতে হবে জেনারেল কাউন্সিলে যেগুলি পাশ করতে হবে সেখানে পরে **General Council will be the only authority** অর্থাৎ সেখানে জেনারেল কাউন্সিলের যে **decesion that will be the final.** তকগুলি ব্যাপারে দিচ্ছেন যেগুলি বোর্ড জেনারেল কাউন্সিলকে বলবে না ১৬নং ধারায় ফাংসান অব দি বোর্ড বলে দিয়েছেন—বলে দিয়ে কতকগুলি ব্যাপারে আমি বলেছি বোর্ডের সেগুলিকে জেনারেল কাউন্সিলের কাছে পাশ করাতে হবে। জেনারেল কাউন্সিলকে ক্ষমতা দিতে গিয়ে কি বললেন আপনি—বললেন এগুলি সম্পর্কে জেনারেল কাউন্সিল যদি বোর্ডের স্বার্থে একমত না হতে পারে তাহলে জেনারেল কাউন্সিল বোর্ডে ফেরত পাঠাচ্ছে—বোর্ড আবার তাদের কাছে ফেরত পাঠালো আবার জেনারেল কাউন্সিল ফেরত পাঠালো—তখন কি হবে? স্টেট গভর্নমেন্টের কাছে চলে যাবে অর্থাৎ জেনারেল কাউন্সিলের কোন ক্ষমতা নাই—বোর্ড করার কোন অর্থ হবে না। তার কারণ বোর্ড যা বলবে সেখানে স্টেট গভর্নমেন্ট থাকবে অথরিটি; জেনারেল কাউন্সিলের কোন ব্যাপারে কোন সিদ্ধান্ত নেবার ক্ষমতা তাদের নেই। কারণ তারা বোর্ডের সাথে কোন ব্যাপারে যদি ডিসএগ্রি করে তখন প্রতিটি ঘটনা আপনার ওখানে চলে যাবে এবং এই ড্রাফটিং অত্যন্ত নক্কারজনক হয়েছে। অন্তত: সিলেক্ট কমিটি একটু কিছু করতে পেরেছিল—যে অ্যানুয়েল বাজেটের ব্যাপারটা জেনারেল কাউন্সিলের অথরিটি থাকুক। আপনাদের বুরোক্রাটিক অফিসাররা সেই সিলেক্ট কমিটি থেকে যে ক্ষমতাটুকু আমরা আদায় করে নিয়ে এসেছিলাম জেনারেল কাউন্সিলের ব্যাপারে সেখানে আপনার এই অ্যামেণ্ডমেন্টের মাধ্যমে সেই ক্ষমতাটা পর্যন্ত জেনারেল কাউন্সিলের কাছ থেকে কেড়ে নিচ্ছেন। অত্যন্ত অগণতান্ত্রিক এই ব্যবস্থা। আমরা চেয়েছিলাম আরও ক্ষমতা দিতে যেখানে আমার অ্যামেণ্ডমেন্ট ছিল ১৬৫ এবং ১৬৬নং-তে; অর্থাৎ তিনটি ব্যাপারে জেনারেল কাউন্সিলে অ্যাপ্রুভ করাতে হবে **General Council will be the final authority.** বোর্ড পাঠালো—জেনারেল কাউন্সিল ফেরত পাঠালো—জেনারেল কাউন্সিল যে অ্যামেণ্ডমেন্ট করবে দ্যাট উইল বি দি ফাইন্যাল—এইটা আমার অ্যামেণ্ডমেন্ট। জেনারেল কাউন্সিলকে অ্যাপ্রুভ করার কথাটা কেন লিখছেন আমি বুঝতে পারছি না।

জেনারেল কাউন্সিল স্তাল হ্যাব দি পাওয়ার। জেনারেল কাউন্সিল একটা ছাপমারা ব্যাপার। অর্থাৎ বোর্ড যা পাশ করলো জেনারেল কাউন্সিল না পাশ করলো যে স্টেট গভর্নমেনট আছে—তোমাদের মানি না—তোমাদের আমরা তোয়াক্কা রাখি না—তোমাদের কাছে আসার কোন দরকার হয় না। প্রতিটি ব্যাপার স্টেট গভর্নমেনটের কাছে চলে যাবে—অ্যানুয়েল বাজেটের ব্যাপারটা যেটা আমরা আদায় করেছিলাম সিলেক্ট কমিটিতে কেন সেই অধিকার কেড়ে নিচ্ছেন তা আমরা বুঝতে পারছি না। তাই আপনার অ্যামেণ্ডমেনট আমি অপোজ করছি এবং অপোজ করে আমার চারটি যে অ্যামেণ্ডমেনট—একটা হচ্ছে জেনারেল কাউন্সিল নিজে ইলেক্ট করবে চেয়ারম্যান এটা গ্রহণ করুন—করবেন না আপনাদের অ্যাপয়েনটেড লোককে, এই রকম অগণতান্ত্রিক ব্যাপার করবেন না ক্ষমতাটা জেনারেল কাউন্সিলের হাতে দিন। এই দুটা amendment আমি অপোজ করছি। আমার ৪টা amendment করছি, ১টা হচ্ছে General Council নিজে ইলেক্ট করবে, এটা আপনি গ্রহণ করুন—আপনাদের অ্যাপয়েনটেড লোককে chairman করবেন না এবং আপনারা এ ধরণের অগণতান্ত্রিক ব্যাপার থেকে বিরত থাকুন আপনার ক্ষমতাটা General Council-কে দিন।

Shri Hemanta Kumar Basu : শৈলবাবু এই clause-এর অনেকখানি উন্নতি করেছিলেন—importance হয়েছিল, number বাড়লো। কিন্তু এখন একটা অদ্ভুত clause আনলেন। Chairman তিনি appointed হবেন by the State Government। তিনি ঐ elected body-তে থাকবেন অথচ ঐ elected body-তে তিনি একজন Government appointed chairman তিনি প্রিসাইড করবেন ; এটা একটা অদ্ভুত ব্যাপার। সেজন্য এটা বিশেষভাবে অপোজ করছি। General body-র যদি কোন ক্ষমতা না থাকে যদি post office-এর মত হয় তাহলে general body রেখে লাভ কি—তাহলে যে বোর্ড অফ ডায়রেক্টারস দিয়ে কাজ করালেই হত। এটা একটা শো বটল হয়ে গেল, এই general body যেটা হচ্ছে তার অনেক function-ই রাখা হচ্ছে অথচ যেটা budget discussion ছিল যে এটা final-ই হবে সেটা রাখা হচ্ছে না। কাজেই সেদিক দিয়ে শৈলবাবুকে বিশেষভাবে বলছি এটা করবেন না, এটা আনকনষ্টিটিউসানাল ব্যাপার এটা হতে পারে না। একটা chairman তিনি appointed chairman তিনি বোর্ড অফ ডায়রেক্টারের চেয়ারম্যান হবেন। তিনি elected body-র chairman যদি হন তাহলে বোর্ড অফ ডায়রেক্টারের চেয়ারম্যান বা গভঃ অ্যাপয়েনটেড চেয়ারম্যান হবেন কেন? তাছাড়া কি কি ক্ষমতা সেটা ফাইন্যাল হওয়া উচিত। আমি বলছি না যে সমস্ত ক্ষমতার কথা, কিন্তু অন্তত: কিছু কিছু ক্ষমতা যেটা বোর্ড অফ ডায়রেক্টার করবে সেটা অন্তত: ইলেকটেড বডির যে ডিসিসান তা ফাইনাল হওয়া উচিত এটাই আমার বক্তব্য।

Shri Panchugopal Bhadury : স্যার, আমি সাধারণভাবে নিখিলবাবু যেটা বলেছেন সেটা সমর্থন করছি। কিন্তু আমি বিশেষভাবে বলতে চাই শৈলবাবুর amendment সম্বন্ধে। আমি বিস্মিত হলাম within the limits of propriety একটা বিলের তিনি পাইলট করছেন। তিনি সলেক্ট কমিটিতে যেটা ইমপ্রুভ করেছিলেন অনেক ডিবেটের পরে তাকে আবার পেছন দিকে নিয়ে যাচ্ছেন—রেটগেটের দিকে নিয়ে যাওয়া খুব সঙ্গত হচ্ছে না। সেজন্য সিলেক্ট কমিটিতে যেটুকুন প্রোগ্রেসিভ চেঞ্জ হয়েছিল এই ধারায় সেটা তিনি এ্যামেণ্ড করছেন সেটাই আজ সংশোধন করতে চান। আমি অনুরোধ করবো শৈলবাবুকে যে তিনি এ amendmentটা পেশ করবেন না। এটা খুব খারাপ প্রিসিডেন্ট, বিশেষ করে আপনি বিল পাইলট করছেন। It speaks very badly of him সেজন্য kindly এটা প্রেস করবেন না এটাই অনুরোধ করছি।

Shri Monaranjan Roy : মাননীয় স্পীকার স্যার, নিখিলবাবু যে সংশোধনীটা এনেছেন সেটার সম্বন্ধে এবং শৈলবাবু যে আর একটা সংশোধনী এনেছেন এটার সম্বন্ধে আমি বলতে চাই। আমার পূর্বে আমাদের মাননীয় সভ্য হেমন্তদা এবং পাঁচুবাবু এ সম্বন্ধে বলেছেন। এটা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে তিনি নিজেই বিল পাইলট করছেন এবং তিনি সিলেক্ট কমিটীর চেয়ারম্যান ছিলেন। যাঁরা সেখানে ওদের দলের সভ্য ছিলেন তার সংখ্যাই ছিল বেশী এবং তিনি নিজে সেটা মেনে নিলেন। জেনারেল কাউন্সিলকে এইভাবে ঠুঁটো জগন্নাথ না করে তাকে দিয়ে অন্ততঃ এ্যানুয়াল বাজেটের ব্যাপারটা রাখুন। বোর্ড অফ ডায়রেক্টার্স তার হাতে সব সময় কর্তৃত্ব থাকবে তারা সর্বশক্তিমান। কিন্তু এ্যানুয়াল বাজেট পাস করে দেবেন এবং এরা বললেন আহা আহা বেশ বেশ এই বলে তবলা বাজাবেন এটা না করে জেনারেল কাউন্সিল এটা করবেন তারা বলবেন হ্যাঁ এটা করলাম বা পাস করলাম না। এই কথাটুকু বললেন যে এই অধিকার জেনারেল কাউন্সিলকে দেওয়া উচিত এবং এটা তিনি সিলেক্ট কমিটীতে মেনেও নিয়েছিলেন।

[5-45—5-50 p. m.]

এটা সিলেক্ট কমিটীতে তাঁরা মেনে নিলেন; মেনে নিয়ে আবার আমরা দেখছি এখানে একটা amendment ঢুকিয়ে দিয়েছেন এই যে না, ও কাটা, কাটা নহে। আমরা দেখছি থিয়েটারে যেমন পাঠ ঠিক করে দেওয়া হলো, তারপর ছোট করার জন্য কিছু কেটে দেওয়া হলো, যার পাঠ, সে বললো কেটে দেওয়া হলো কেন? আমি পাঠ করবো না তখন prompter যিনি prompt করেন তাঁকে বলে দেওয়া হলো না, ও কাটা কাটা নহে। এও সেই রকম হয়েছে শৈলবাবু যখন জুড়ে দিলেন যে হ্যাঁ, General Council-এর অধিকার থাকছে জেনারেল বাজেট পাস করবেন কি করবেন না। কিন্তু সেখানে যারা পাঠ করবেন, তাঁরা বললো যে আমরা তাহলে পাঠ করবো না। তথা শৈলবাবু prompt যিনি করবেন, তাঁকে বলে দিলেন হ্যাঁ, ঐ কাটা কাটা নহে, অর্থাৎ Board of Directors হচ্ছেন সর্বময় কর্তা, General Councilএর কোন ক্ষমতা নাই পাস করা বা না করায়। Board of Directors যা পাস করবেন তাই হবে। এটা অনুরোধের ব্যাপার নয়। কারণ তাঁরা অনুরোধ রাখেন নাই। আপনাদের তো একটা sense of prestige বলে একটি জিনিষ আছে? নিজেরা যেটা মেনে নিলেন, তারপর বলে দিলেন ও কাটা কাটা নহে, তাহলে এটা রেখে লাভ কী? শৈলবাবু যে amendment দিয়েছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। General Council সম্বন্ধে যা ছিল, Select কমিটী যেটুকু মেনে নিয়েছিলেন, সেটুকু থাকা উচিত ছিল। আপনি সিলেক্ট কমিটী থেকে যেটা বেরিয়ে এলো, তার উপর আবার amendment দিলেন to the detriment of the General Council এই যে বলেছেন এ কাটা কাটা না, এই "না" টা আপনি তুলে নিন্। আমরা বারবার করে বলছি কেন চেয়ারম্যানকে elected করতে পারবেন না? কেন nominate করে দেবেন from amongst three directors? ঐ General Council থেকে কেন Chairman elected হতে পারবেন না? সেটা হওয়া উচিত। এটার আমরা প্রতিবাদ করেছিলাম note of dissent এ। তার মধ্যে পরিষ্কার করে একথা লিখছি যারা Board of Directors যারা সরকার থেকে nominated বা appointed হবেন, তাদের মধ্যে থেকে যিনি Chairman nominated হবেন, তিনি হুকুম করবেন তাঁদের যাঁরা elected হয়ে আসবেন representatives তাঁদের উপর হুকুম চালাবেন। এটা কেন করতে চাচ্ছেন? Casting voteটা সেই চেয়ারম্যানের হাতে দেওয়ার মানে কী? Board of Directorsএর মধ্যে থেকে চেয়ারম্যানকে elected হতে হবে। আপনি elected না করে তাঁদের উপর nominate করে কাউকে বসিয়ে দিতে পারেন না। তা বড় একটা দেওয়া হয় না। সেখানে elected মেম্বররা যাচ্ছেন ঐ General Councilএ। তাঁরা elect করবেন Chairman। তাই বলছি শৈলবাবু, আপনি আপনার amendment তুলে নেন এবং বলবেন না এই কাটা কাটা নহে। আমি শৈলবাবুর amendment-এর বিরোধীতা করছি এবং নিখিলবাবুর amendmentগুলির সমর্থন করছি।

Shri Gopal Banerjee : I move that the proviso to clause 17 (3) be omitted. ব্যাপার হচ্ছে যেটা আমরা Select কমিটিতে পাশ করে এলাম সেটাই উল্টে পাল্টে যাচ্ছে। Statesman-এ একটা editorial লিখে ছিল।

Shri Saila Kumar Mukherjee : আপনারাই তো omit করতে বলেছেন।

Shri Gopal Banerjee : আমি omit করতে যেটুকু বলেছি তা'তে General Council-এর power বাড়ে, আর আপনি যেটা করতে বলেছেন তাতে General Council-এর power থাকে না। Select কমিটি থেকে পাশ করে এসে এখানে ধরা পড়ে গেছেন যে পাশটা ঠিক হয়নি। এখন ব্যাপার হচ্ছে এতে General Council কি দাঁড়াচ্ছে—যেটা আমরা সবাই মিলে আপত্তি করেছিলাম Select কমিটিতে এবং আপনিও তখন বলেছিলেন যে হ্যাঁ এটা করা উচিত। সেখানে আমাদের কথা ছিল যে General Council সে অন্তত: policy making matters-এ final decision নিক্। তাতে আমরা মাঝামাঝি জায়গায় রাজী হলাম যে বাজেটটা অন্তত General Council finally পাশ করবে এটা অন্তত থাক। এখন আমি যে amendment দিয়েছি, আমার amendment-টা হচ্ছে এই ঐ proviso যে proviso-তে General Council এবং Board of Directors-দের মধ্যে কোন মতপার্থক্য হয় বা বাজেট ছাড়া অন্য কোন বিষয়ে—কারণ এখন যা সিলেক্ট কমিটি থেকে এসেছে তাতে বাজেট finally পাশ করবার authority দেওয়া হয়েছিল General Council-কে। অন্যান্য বিষয়ে General Council এবং Board of Directors-দের মধ্যে যদি কোন মত পার্থক্য হয় তাহলে সে মত পার্থক্যের ব্যাপার—এক অধিকার এদের মধ্যে আলোচনার পরে অর্থাৎ যাতায়াতের পরে State Government-এর কাছে যাবে এটাই ছিল proviso। আমরা আপত্তি করেছিলাম প্রচুর সিলেক্ট কমিটিতে তখন বলেছিলেন Assembly-তে দিও। এবং Assembly-তে তাই amendment দিয়েছি এবং amendment টা খুব ন্যায়সঙ্গত amendment। General Council policy making matters final authority হবে না কেন। State Government তার Board of Directors-দের মধ্যে দিয়ে power রাখছেন, General Council-এর মধ্যে দিয়ে প্রচুর Nominated member রাখছেন। যদি persuasion তারা করে শেষ করতে না পারে গায়ের জোরে সমস্ত জিনিসটা করার রাস্তায় যাচ্ছেন কেন? আমাদের আপত্তি হচ্ছে এইখানে যে Local Self-Government-এর যা কিছু principle তা তো সব উৎখাত করে দিচ্ছেন এই amendment-এ। যে amendment আমরা আনলাম যে অন্তত: বাজেটটুকু ছেড়ে করতে পেরেছিলাম সেটাও আমরা যথেষ্ট মনে করিনি, আমার ১৬২ নম্বর amendment-এ এটাই আমি বলেছিলাম যে অন্যান্য বিষয়েও General Council-কে ক্ষমতা দেওয়া হউক। এখন ঘটনাটা হবে কি Board of Directors যা কিছু proposal দেন General Council তাতে আলোচনা করতে পারবেন, General Council কে কলা দেখিয়েও Board of Directors সেটা State Government-এর কাছে refer করতে পারবে এবং State Government স্বভাবতই Board of Directors-এর সঙ্গে একমত হবেন।

Shri Saila Kumar Mukherjee : মোটেই তা নয়, ভাল করে পড়ে দেখুন।

[5-55—6-5 p.m.]

Shri Gopal Banerjee : আমি পড়েছি। আপনিও পড়েছিলেন, আপনিও বুঝেছিলেন। সেজন্য তখন আপনি agree করেছিলেন। এখন আপনি বাজেটটাও finally General Council-কে পাশ করতে দিচ্ছেন না। কথা হচ্ছে আমরা যেটা বলেছিলাম যে বাজেট finally pass করবে General Council। এটাই সবাই গ্রহণ করেছিলাম। দ্বিতীয় কথা আমরা তুলেছিলাম যে General Council-কে অন্যান্য ব্যাপারেও final authority করা হউক। State Govt.-এর কাছে refer করার মানেটা কি—General Council-এর মেম্বারদের

position-টা কি দাঁড়াবে। Board of Directors কোন proposal formulate করলেন তারপর General Council-এ এল। General Council-এর সংগে যদি কোন মত পার্থক্য হয় আবার Board of Director-দের কাছে referred back হবে, Board of Directors তার উপরে মতামত দিয়ে আবার General Council-এ পাঠাবেন, Council consider করুক বা না করুক চলে যাবে State Govt.-এর কাছে। State Govt.-এর যা বক্তব্য সেটাই হবে পাকা। এটাই হচ্ছে proviso-র মানে। আমরা বলেছিলাম যে এই proviso থাকলে ultimately General Councilএর সমস্ত ক্ষমতা চলে যায়। Board of Directors যে proposal করবে সেটাই প্রায় final হবে। এবং Board of Directosr-ও সেইভাবে তৈরী করা হচ্ছে। এই amendment আনার পরে গণতন্ত্র তো রইল না এমন কি সামান্য financial control on the Board যেটা রাখার চেষ্টা করা হয়েছিল সেটাও তুলে নেওয়া হচ্ছে। আমরা এটার তীব্র প্রতিবাদ করি। স্যার, Land Reforms Act-এ এই রকম একটা ঘটনা হয়েছিল যে select কমিটিতে একটা জিনিস পাশ হবার পরে সেই জিনিসকে এই ভাবে ঝট্ করে গভর্নমেন্ট পক্ষ থেকে একটা amendment এনে নতুন করে গ্রহণ করা হয়েছিল। আমি জানি তখন State Aquisition Bill সময় করা হয়েছিল। এই জিনিস আবার এখানে করা হচ্ছে। এই জিনিস deceney and decorum এটা করা উচিত নয়। এতে সমস্ত spirit এবং deliberation নষ্ট হয়ে যায়। তখন আমাদের বলা হয়েছিল যে বাজেটের তো power রইল you have some control। আমি আগেও বলতে চেয়েছি যে, যে ঘটনাটা হল Statesman-এর একটা editorial সেই editorial-এর পরে যদি এই ঘটনা হয় তাহলে এটা নজীর হিসাবে অত্যন্ত মারাত্মক হবে। সেজন্য আমি বলছি যা ছিল তাই থাক। তা না হলে আমরা এটার তীব্র বিরোধীতা করছি।

Dr. Narayan Ray : স্পীকার স্যার, এটার তো আমরা বিরোধীতা করছি এবং আমরা মনে করছি এটা ভয়ংকর অ্যাকশন on the সিলেক্ট কমিটি। স্যার, যেটার we fought tooth and nail মনে হয়েছিল সেসমস্ত ফাঁক রয়ে গেল তা open session-এ correct করতে পারব। সেগুলি এখানে দেখছি not only they have come back but have come back with a vigour. যেখানে additional line underline করে দেওয়া রয়েছে clause 4—notwithstanding anything contained the decision of the General Council with regard to the annual budget on its re-submission by the Board shall be final. আজকে সরকার পক্ষ থেকে আসছে omit করবার জন্য। এটা select কমিটিতে রেখে, select কমিটির decision হয়েছিল এবং every body সেটা agree করেছিল সেটা একেবারে completely vote-face করে আমরা তো মনে করি এটা আমাদের whole spirit of the bill নষ্ট করা হয়েছে এবং select কমিটিকে insult করা এই amendment-এর দ্বারা। সেজন্য এই amendment-এর তীব্র বিরোধীতা করছি।

Shri Saila Kumar Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হচ্ছে সকলেই এই amendment-টা নিশ্চয়ই ভাল করে পড়েন নি। কেননা যা বক্তৃতা দিলেন এই amendment-এ সেটা মোটেই convey করছে না। প্রথম কথা হচ্ছে মাননীয় পাচুবাবু বললেন এটা একটা অদ্ভুত ব্যাপার select কমিটিতে একটা হয়েছে আর এখানে তার পরিবর্তন করা হয়েছে। আমি বলছি পরিবর্তন করবার জন্যই তো এখানে আলোচনা হচ্ছে পাঁচ দিন ধরে। পরিবর্তন করবার জন্যই যে সিলেক্ট কমিটিতে মেম্বাররা বড় বড় note of dissent দিয়েছেন। এই হাউসই supreme এই হাউসের নিশ্চয়ই পরিবর্তন করার অধিকার আছে। The House is the Supreme to the Select Committee.

একবার রুল্ স্ শিড্যুল অব সেকশন সিক্সটিন কি আছে দেখুন, to submit to the General Council for its approval, the annual budget together with a programme for the next financial year of all Development works, that is, works of extension or expansion of existing facilities but excluding works connected with maintenance, replacement or repair, the annual financial statement, the annual administrative report-এর একটিও করা হয়নি, এই সেকসনে সেটা হুবহু রাখা হয়েছে। সুতরাং জেনারেল কাউনসিলের অ্যাপ্রুভ্যালের জন্য এই জিনিসটা আসবে সাবমিটেড বাই দি বোর্ড। তারপরে কি আসবে? ট্যাক্সেস, ফিস অ্যাণ্ড চার্জেস ফিক্সড বাই দি বোর্ড, এগুলি জেনারেল কাউন্সিলে আসবে। এঁরা বারবার কি বলেন, না জেনারেল কাউন্সিলের ক্ষমতা হরণ করা হয়েছে। তারপরে কি, আমি প্রভাইসোটা পড়ে দিচ্ছে লাইন বাই লাইন, যদি ই রাজী ভুল হয় তাহলে আমাকে ইংরাজীটা শিখিয়ে দেবেন, প্রভাইডেড দ্যাট if the General Council does not approve any of the aforesaid matters, it shall within thirty days from the date of receipt thereof refer back the same with its recommendation to the Board for reconsideration. একবার ফার্স্ট টাইমে এলো, তারপর রিকন্সিডারেশনের জন্য পাঠালো অ্যাণ্ড দি বোর্ড shall after such reconsideration resubmit the matter with or without modification to the General Council. সেকেণ্ড টাইম এলো। কি হল? ইন কেস দি জেনারেল Council fails to consider any of the aforesaid matters within thirty days from the date of its receipt for the first time. প্রথম যখন এসেছে তখন ৩০ দিন যদি তারা ঘুমিয়ে থাকে, না করে, সেকেণ্ড টাইমে রি-সাবমিশন হলো অর টু রেফার ব্যাক অ্যাজ অ্যাফোরসেড ডাস নট অ্যাপ্রুভ এনি ম্যাটার উইদিন ফিফটিন ডেস ফ্রম দি ডেট অব রিসাবমিশন দি বোর্ড মে রেফার দি ম্যাটার টু দি স্টেট গভর্নমেণ্ট হুস ডিসিশন সুড বি ফাইনাল। সুতরাং বোর্ড যদি এলার্ট হয়, বোর্ড যদি কর্তব্যপরায়ন হয় পলিটিকস না করে, তাকে একবার ৩০ দিনের সময় দেওয়া হল, ফের তার কতটা পুনর্বিবেচনা হল কারণ বোর্ডের একটা রেসপনসিবিলিটি আছে ফর এগজিকিউসান অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেসান, তারা তাদের সাজেসান দিয়ে দ্বিতীয়বার বোর্ডের কাছে পাঠাবার অধিকার দেওয়া হল এবং কাউন্সিলকে ১৫ দিন সময় দেওয়া হল যে আপনারা পুনর্বিবেচনা করবেন, সেটা যদি না করে তাহলে কি কাজ বন্ধ থাকবে? সুতরাং ৩০ দিন এবং ১৫ দিনের মধ্যে যদি কাউন্সিল বিবেচনা করে পাঠায় তাহলে নিশ্চয়ই তার উপর বলার কারোর অধিকার নেই, কাউন্সিলের ক্ষমতাই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ। তারপরে কি আছে; প্রভাইসোটা বাদ দিয়ে কি হচ্ছে, প্রভাইসোতে কি ছিল, অ্যাজ ইট ইজ তাই রইলো, প্রথম ও লাষ্ট দুটোই বাদ দেওয়া হয়েছে। লাস্টে কি ছিল? নট উইথস্ট্যাণ্ডিং anything contained in sub-section 3, the decision of the General Council with regard to the annual budget on its resubmission by the Board shall be final এখন ধরুন এটা রুল্ আছে, তাঁরা ৩০ দিন করলেন না, ৪০ দিন করলেন না, ১৫ দিন করলেন না, ২৫ দিন করলেন না, এই টাইম ফ্যাক্টারটা বন্ধ করার জন্য এটা করা হয়েছে। আমরা চাই কাজ। It is not a municipal body, it is a Council and these matters are entrusted to the hands of expert board of directors তাঁদের কাছে ফাইনাল মত দেবার ক্ষমতা কাউন্সিলের, তাকে ৩০ দিন দেওয়া হয়েছে—সেকেণ্ড টাইম দেওয়া হয়েছে—কিন্তু তারা যদি ঐ থেকে পলিটিক্স করে, মিটিং করে, দিনের পর দিন দেরী করে তাহলে কি কাজ বন্ধ থাকবে? তারই প্রভিশন করা হয়েছে, এখানে হচ্ছে বোর্ডের ক্ষমতা রইলো, কাউন্সিলের সম্পূর্ণ অধিকার রইলো, প্রথম দফায় ৩০ দিন, শেষ দফায় ১৫ দিনের মধ্যে যদি না দেয় তাহলে সেই কেসে স্টেট গভর্নমেন্টই ফাইনাল। এর মানে কাউন্সিলের এতটুকু ক্ষমতা হরণ করা নয়, কাউন্সিলকে তৎপর করা

হয়েছে যে তোমরা সক্রিয় হয়ে কাজ করে আমাদের জানিয়ে দাও। এইটুকু প্রিভেন্ট করা হয়েছে যাতে বিলম্ব না হয়, যাতে কাজটা তৎপর হয়। আমার অ্যামেণ্ডমেন্টের মধ্যে কাউন্সিলের ক্ষমতাটাকে খর্ব করা হয়নি, টাইম ল্যাগিং এবং ডিলেটাকে প্রিভেন্ট করা হয়েছে মাত্র। সুতরাং আমি সব অপোজ করছি।

Shri Gopal Banerjee : জেনারেল কাউন্সিল যদি বোর্ডের কোন সিদ্ধান্ত ডিসঅ্যাপ্রুভ করে তাহলে দেন হোয়াট উইল বি দি কেট ?

Shri Saila Kumar Mukherjee : যদি ডিসঅ্যাপ্রুভ করে ১৫ দিনের মধ্যে সেটা পাঠিয়ে দেবেন। That is sacrosanct and final under clause No. 17 and the proviso.

Shri Nikhil Das : শৈলবাবু আমার কথা একটু শুনুন। আপনি বলছেন ডাস নট অ্যাপ্রুভ এনি ম্যাটারস উইদিন ফিফটিন ডেস, যদি অ্যাপ্রুভ না করে তাদের সিলেক্ট কমিটি চলে গেলে, তাদের ক্ষমতাটা তারা অ্যাপ্রুভ করলে হয়ে গেল। তাহলে বোর্ডেরটাই অ্যাপ্রুভ করলো তারা। ডাস নট অ্যাপ্রুভ, অ্যাপ্রুভ যদি তারা না করে তাহলে কি হবে ?

Shri Saila Kumar Mukherjee : আমিত বলেছি তাদের কাছে যদি আসে তাদের মত যদি ১৫ দিনের মধ্যে যায় তাহলে অ্যাপ্রুভড না হলেও সে যা দেবে, যেটা পাঠালো, সেটাই অ্যাপ্রুভড, সেটাই হয়ে গেল। এখানে টাইম ফ্যাক্টার বন্ধ করা হয়েছে, তা ছাড়া আর কিছু করা হয়নি।

Shri Nikhil Das : আমাদের আপত্তি যেটা আপনাকে বারবার বলছি সেটা হচ্ছে অ্যাপ্রুভ যদি না করে, ধরুন বোর্ড পাঠালো ওরা ফেরত পাঠিয়ে দিলো, আবার বোর্ড পাঠালো তারপর এরা অ্যামেণ্ডমেন্ট করলো তাহলে হোয়াট উড বি দি পজিশন ? বোর্ড যদি অ্যাপ্রুভ করে তাহলে হয়ে গেল কিন্তু বোর্ড যদি অ্যাপ্রুভ না করে ? তারপরে চেয়ারম্যানের ব্যাপারটা বললেন না ত ? আমার অ্যামেণ্ডমেন্টে আমি বলেছিলাম যে জেনারেল কাউন্সিল থেকে চেয়ারম্যান করতে হবে তার উত্তরও দিলেন না ?

Shri Saila Kumar Mukherjee : আপনি ফার্স্ট লাইনটা ভুলে যাচ্ছেন কেন ? দি জেনারেল কাউন্সিল shall have the power to approve. তাদের অ্যাপ্রুভালটাই ফাইনাল, কোথায় কেড়ে নেওয়া হচ্ছে ? সুতরাং তারা যদি ১৫ দিনের মধ্যে সেকেণ্ড টাইম, ফার্স্ট টাইম ৩০ দিন চুপ করে বসে থাকে তাহলে কি বোর্ড এবং মেট্রোপলিটন অথরিটি অচল হয়ে যাবে ? সেটাই এখানে প্রিভেন্ট করা হয়েছে।

Shri Monoranjan Roy : মিঃ স্পীকার, স্যার, আমার একটা অ্যামেণ্ডমেন্ট ছিল যে চেয়ারম্যান অব দি জেনারেল কাউন্সিল উইল বি ইলেক্টেড। চেয়ারম্যানে ইলেক্টেড হবে না, কেন আপনারা ঐ তিনজনের মধ্যে থেকে চেয়ারম্যান করবেন সেটা বলুন ?

Shri Saila Kumar Mukherjee : এটা যে প্রিন্সিপিলে হয়েছে সেটা অনেক ভেবে চিন্তে করা হয়েছে। বহু বোর্ডে এই রকম জিনিসই আছেন, যেমন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, অল গভর্নমেন্ট অফিসেস, সেখানে রোজ এই সব মিউনিসিপ্যালিটির মত ঝগড়া হয় না। সুতরাং আজকে কেন করা হয়েছে, না প্রভিশন ইজ নেসেসারি, একটা কন্টিনিউটি দরকার। আজকে আমরা জেলা পরিষদে কি করছি; না অঞ্চল প্রধান তিনি আঞ্চলিক পরিষদের মেম্বার হলেন, আঞ্চলিক পরিষদের তিনি এলে জেলা

পরিষদের সভাপতি হলেন। কেমনা কন্টিনিউইটি। তাদের যে চালাবে, যার উপর ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশনের দায়িত্ব দেওয়া হয়েছে তিনি অন্তত ক্ষমতাসম্পন্ন ব্যক্তি, তিনি সেই জেনারেল কাউন্সিলের সভাপতি। আপনারা সবেতেই দেখন অফিসিয়াল কুক্ষিগত। যেখানে ৫০ জন লোক রয়েছে নন-অফিসিয়াল সেখানে একজন মাত্র চেয়ারম্যান তিনি তাঁর প্রভাব বিস্তার করবেন? আমরা এতই অপদার্থ?

Shri Nikhil Das : মিঃ স্পীকার, স্যার, আমাদের যে অ্যামেণ্ডমেন্টগুলি সেগুলি আগে দিন। শৈলবাবুর যে অ্যামেণ্ডমেন্ট আমরা ভেবেছিলাম তা তিনি উইথড্র করবেন এবং সিলেক্ট কমিটিতে যে-ভাবে অ্যামেণ্ডমেন্ট রেখেছিলাম সেইভাবে বিলটা পাশ হবে। কিন্তু শৈলবাবু যদি অ্যামেণ্ডমেন্ট পেশ করেন তাহলে আমাদের এর বিরুদ্ধে প্রতিবাদে ওয়াক-আউট করা ছাড়া গত্যন্তর নেই। ন্যূনতম যে গণতান্ত্রিক অধিকার সিলেক্ট কমিটি থেকে এসেছিল সেটুকুও উনি কেড়ে নিতে চাচ্ছেন। শৈলবাবু যদি অ্যামেণ্ডমেন্ট উইথড্র করেন ভাল তা না হলে যদি প্রেস করেন ফর ভোট তাহলে আমাদের ওয়াক-আউট করা ছাড়া গত্যন্তর নেই।

[6-5—6-15 p.m.]

The motion of Shri Aswini Roy that in clause 17(1), line 2, for the word "three" the word "two" be substituted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in proviso to clause 17(3), line 10, for the words "fifteen days" the words "twentyone days" be substituted was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 17(3) (1), line 4, for the words "The other Directors" the words "The Directors of the Board" be substituted was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the proviso to clause 17(3) be omitted was then put and lost.

The motion of Shri Nikhil Das that in proviso to clause 17(3) lines 6 to 13, the words beginning with "In case" and ending with "be final" be omitted was then put and lost.

The motions of Shri Nikhil Das

that in clause 17(1), lines 2 and 3, for the words beginning with "The Chairman" and ending with "General Council" the words "The General Council shall elect its own Chairman from amongst its members be substituted.

that in clause 17(4), lines 2 and 3, for the words "annual budget" the words "matters submitted to it by the Board for approval" be substituted,

that in clause 17(4), line 3, for the words "its" the word "their", be substituted.

were then put and a division taken with the following result :

Noes—50

Abdul Bari Moktar, Shri
Abul Hossain, Shri Syed
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Birendra Krishna
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr SusilRanjan
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dutta, Shri Asoke Krishna
Gayen, Shri Brindaban
Jehangir Kabir, Shri
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Naskar, Shri Ardhendu Shekhar
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda

Ayes—13

Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Bhaduri, Shri Panchu Gopal
Majhi, Shri Kundru
Mandal, Shri Adwaita
Mitra, Shrimati Ila
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

Ayes being 13 and the Noes 50, the motions were lost,

The motions of Shri Saila Kumar Mukherjee

that in the proviso to sub-clause (3) of clause 17 in the eleventh line, tht words "subject to the provisions of sub-section (4)" be omitted,

that sub-clause (4) of clause 17 be omitted,

were then put and agreed to.

(At this stage the Opposition members walked out of the Chamber)

The question that clause 17, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-15 p.m. till 1 p.m. on Tuesday, the 11th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 11th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 2 Ministers of State and 129 Members.

[1—1-40 p.m.]

OBITUARY

Mr. Speaker: Honourable Members, we are meeting today under the shadow of a great national calamity. Our beloved Prime Minister, Shri Lalbahadur Shastri, suddenly passed away at Tashkent in the early hours of this morning. An indomitable fighter in the cause of his motherland, he died a soldier of peace with the crowning cap of glory of the Declaration of Tashkent. Words are too poor to express our anguish, as we condole his death.

Honourable Members, I would request you to stand in your places in silence as a mark of respect and gratefulness to the memory of the great departed.

(Members stood in silence for two minutes)

Please take your seats.

The House stands adjourned till 1 p.m. on Thursday, the 13th instant.

Adjournment

The House was accordingly adjourned at 1-04 p m. till 1 p m. on Thursday, the 13th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Thursday, the 13th January, 1966, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 160 Members.

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

[1—1-10 p.m.]

Cement for Midnapore district

950. (Admitted question No. 685.) **Shri Hirishikesh Chakravarty :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিমেন্ট সরবরাহের জন্য মেদিনীপুর জেলায় মহকুমাওয়ারী কোনও কোটা নির্দিষ্ট আছে কিনা ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে গত ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ মহকুমায় কি পরিমাণ সিমেন্ট সরবরাহ হইয়াছে ;

(গ) এই মহকুমায় সিমেন্টের কোটা বাড়াইবার প্রস্তাব আছে কি ;

(ঘ) বর্তমানে কাঁথি মহকুমা অফিসে সিমেন্টের জন্য কত দরখাস্ত বিবেচনাধীন আছে ; এবং

(ঙ) বিবেচনাধীন দরখাস্তগুলি কতদিনে মঞ্জুরী পাইবে ?

The Minister for Food and Supplies : (ক) সিমেন্ট সরবরাহের বিনিয়ন্ত্রণের পূর্বে নির্দিষ্ট কোটা ছিল।

(খ)	মেদিনীপুর	৬,৩১২ মেঃ টন।
	ঘাটাল	২,৫২৮ মেঃ টন।
	কাঁথি	১,০০৮ মেঃ টন।
	তমলুক	৩,৯৩৬ মেঃ টন।
	ঝাড়গ্রাম	৭৪৪ মেঃ টন।

(গ) এ প্রশ্ন উঠে না, কারণ ১-১-৬৬ হইতে সিমেন্টের বন্টনব্যবস্থা বিনিয়ন্ত্রণ হইয়াছে।

(ঘ) ৩,৫০০টি দরখাস্ত।

(ঙ) 'গ' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

Procurement of Paddy in Gopiballavpur police-station, Midnapore

951. (Admitted question No. 2014.) **Shri Surendranath Mahata:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় ১৯৫৪ সালে সেপ্টেম্বর মাস পর্যন্ত সরকার কর্তৃক কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(খ) সাধারণ উপায়ে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে এবং ডাইরেক্টিভের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে;

(গ) যে সকল জোতদারের উপর ডাইরেকটিভ দেওয়া হইয়াছিল সরকারকে ধান্য বিক্রয়ের জন্য, তাঁহারা সমস্ত ধান্য সরকার ও এজেন্টকে সরবরাহ করিয়াছেন কিনা; এবং

(ঘ) না করিয়া থাকিলে কারণ কি, কত পরিমাণ বাকী আছে এবং তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Food anp Supplies: (ক), (গ) ও (ঘ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে তাহা বা সংগ্রহ করা হইতেছে বর্তমানে এইতথ্য দেওয়া সম্ভব হইল না।

Statement referred to in reply to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 951.

P. S. Gopiballavpur

(Figure in quintals) 'A'

Total quantity of paddy procured on Govt. a/c from January '65 to Sept '65 in P.S. Gopiballavpur	Name of the Producers from whom the stock noted in Col. 1 were purchased	Quantity purchased: Voluntarily	Quantity purchased: By issue of Directives	Whether all the producers of whom directives were served, have delivered the entire stock	If the reply in Col 4 is negative total quantity of paddy still due may be noted in this column showing the names of the defaulters and the reasons and also mentioning the nature of action taken against them
(1)	(2)	(3)		(4)	(5)
Nil	Nil	Nil	2104 Qn. (sold to Rice Mills as per direction)	No. *N.B.* Total requisitioned 2783 Lifted by the month of Sept 65 2104 —— Unlifted 679 Out of balance unlifted stock 382.94¾ Qls. has been lifted by the month of Nov. '65.	(1) Pramatha Kumar Mandal Vill Barkandramchanrapur 280.50¾ (2) Shri Nagendra Nath Mahapatra of Pindrapole, P O. Tapsia 15.55 Total 296.05¾ Reason for non-lifting (1) Appeal filed by the notice before the District Magistrate Midnapore, for exemption. The case has not yet been disposed of. (2) Prosecution case against the notice has been started but the case has not yet been disposed of.

Junior High Schools in Midnapore Town

952. (Admitted question No 2067.) **Shri Syed Shamsul Bari:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) The number, names and locations of the Junior High Schools in Midnapord Town;

(b) if all of them are receiving aid from Government;

(c) the amount of building grant obtained from Government uptill now by Shri Narayan Vidyabhaban Junior High School Midapore Town: and

(d) if the building has been completed now and the names of the agency employed for the construction of the building?

The Minister for Education: (a) There ara 4 (four) Junior High Schools in Midnapore Town—

(i) Saraswati Vidyamandir—2-class Junior High School—Habipur.

(ii) Stee Sree Mohananda Junior High School—4-class—Keranitola.

(iii) Paharipur Girls' Junior High School—4-class—Paharipur.

(iv) Smritikana Girls' Junior High School—2-class—Mirzabazar.

(b) Except Stee Sree Mohananda Junior High School which has been recognised this year, the other 3 schools received aid from Government.

(c) Shri Narayan Vidyabhaban is now recognised High School (X-class). It was upgraded as High School on 1-1-63 It did nct received any building grant from the Government while it was a Junior High School.

(d) Does not arise.

Alleged sanction of house building loan to scheduled castes people in Chinsurah police-station, Hooghly

953. (Admitted question No. 2574) **Shri Bhabani Mukhopadhay:** আদিবাসী-মংগল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চুঁচুড়া থানার অন্তর্গত সিমলা মৌজায় কতিপয় তফশিলভুক্ত ব্যক্তির গৃহ নির্মাণকল্পে অর্থ সাহায্য করা হইয়াছে;

(খ) সত্য হইলে, যাহাদের জন্য অর্থ বরাদ্দ হইয়াছে তাহাদের নাম ও সাহায্যের পরিমাণ কত;

(গ) কোন্ সালে এই সাহায্য মঞ্জুর করা হইয়াছে;

(ঘ) সাহায্য লাভের পর অদ্য বধি কোন গৃহ নির্মিত হইয়াছে কি; এবং

(ঙ) নির্মিত হইলে কয়টি হইয়াছে এবং না হইলে কারণ কি?

The Minister of State for Tribal Welfare: (ক) না।

(খ), (গ), ও (ঘ) প্রশ্ন উঠে না।

Grants to Institutions managed by Missionary and other religious organisations in Midnapore district

951. (Admitted question No. 1893.) **Shri Ananga Mohan Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার খ্রীষ্টান মিশনারী এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কোন কোনটিকে সরকার গত ৩ বৎসর কত টাকা করিয়া সাহায্য করিয়াছেন?

The Minister for Education : একটি তালিকা টেবিলে প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 954

মেদিনীপুর জেলার মিশনারী এবং ধর্মীয় প্রতিষ্ঠান পরিচালিত
সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলগুলির তালিকা

নাম	প্রদত্ত অনুদানের পরিমাণ		
	১৯৬২ টাকা	১৯৬৩ টাকা	১৯৬৪ টাকা
১। নির্মল হৃদয় আশ্রম স্কুল, মেদিনীপুর, [প্রাক্ বুনিয়াদি, নিম্ন বুনিয়াদি, উচ্চ বুনিয়াদি (বালকদের জন্য) এবং উচ্চতর মাধ্যমিক সহ]।	৫৮,৫১১	৬৬,১৮৭	৫৩,৭০৫
২। রামকৃষ্ণ মিশন বিদ্যাভবন, মেদিনীপুর (প্রাক বুনিয়াদি, নিম্ন বুনিয়াদি এবং উচ্চতর মাধ্যমিক সহ)	৪৯,৪৬১,৭৩	১,২০,৭৫৬	৮৮,৬৫৭,৩৩
৩। ভীমপুর সাঁওতাল মিশনারী হাই স্কুল	২১,০৫০	১৯,৩৭৮,৫০	১৩,০৩২
৪। রামকৃষ্ণ সারদাপীঠ, ঝাড়গ্রাম (প্রাক্ বুনিয়াদি ও নিম্ন বুনিয়াদি স্কুল)।	৯,৮১৬	৮,৬৩৫	৬,৪০০
৫। সেবায়তন নিম্নবুনিয়াদি বিদ্যালয়, ঝাড়গ্রাম (যোগদা সৎসঙ্গ মিশন পরিচালিত)।	৪,০৯৪	৬,৯১৬	৪,৯০০
৬। রামকৃষ্ণ মিশন নিম্ন বুনিয়াদি বিদ্যালয়, তমলুক।	১,২০০	৮,৪০০	৪,৮০০
	১৯৬২-৬৩ টাকা	১৯৬৩-৬৪ টাকা	১৯৬৪-৬৫ টাকা
৭। মেদিনীপুর মিশন গার্লস হাই স্কুল	১৪,৫৮১.২১	১৭,৩৫০.১২	৩৫,৩৬৭
৮। ভীমপুর মিশন গার্লস জুনিয়ার হাই স্কুল।	২,৪১৪.১৯	৫,৫৬২.৮৫	২,৮৬০
৯। সেরপুরা নির্মল হৃদয় আশ্রম [উচ্চ বুনিয়াদি বিদ্যালয় ([illegible])]	১১,৫৮০	৯,৮০৭	১১,২৫০
১০। সেন্ট অ্যাগনেস স্কুল।	১,৫[illegible]	২,৮৭৮	২,২০১

Opening of a police-station at Bud Bud

955. (Admitted question No. 2402). **Shri Manoranjan Bakshi :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) বর্দ্ধমান জেলার বুদ্‌ বুদ্‌ থানা কখন হইতে চালু হইবে ;

(খ) কোন্‌ কোন্‌ অঞ্চল পঞ্চায়েৎ সংযোগে উক্ত থানা গঠিত হইবে ; এবং

(গ) উক্ত থানার জন্য থানা অফিসগৃহ নির্মাণ হইয়াছে কি ?

The Minister for Home (Police) : (ক) থানা স্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তাপনের খসড়া স্থানীয় অফিসারগণের নিকট হইতে এখনও পাওয়া যায় নাই। উহা পাইলেই যথা সম্ভব শীঘ্র থানাটি চালু করা হইবে।

(খ) গলসী থানার ১নং হইতে ৪নং পর্যন্ত চারটি অঞ্চল এবং আউসগ্রাম থানার দেবসালা এবং কোটা অঞ্চল।

(গ) থানার জন্য প্রয়োজনীয় গৃহগুলির নির্মাণকার্য শেষ হইয়াছে, কিন্তু থানায় পৌছাইবার রাস্তাটি এখনও হয় নাই।

Grants to Ramnagar Balika Vidyalaya, Midnapore

956. (Admitted question No. 1631.) **Shri Balailal Das Mahapatra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর বালিকা বিদ্যালয়কে ইহার প্রতিষ্ঠার সময় হইতে কোন্‌ কোন্‌ সালে কি কি বাবদ কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে ; এবং

(খ) সরকারী সিদ্ধান্ত অনুসারে ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীভুক্ত কোন কোন শ্রেণীর কত ছাত্রীর জন্য ১৯৬৪ সাল পর্যন্ত সরকারী সাহায্য প্রদান করা হইয়াছে ?

The Minister for Education : (ক) প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(খ) প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

Pady-purchasing centres in Birbhum district

957. (Admitted question No. 2182) **Dr. Radhakanta Chattoraj :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার প্রতিটি থানায় কতগুলি ধান্য ক্রয়কেন্দ্র ইতিমধ্যে স্থাপিত হইয়াছে সেই সব স্থানের নাম কি ;

(খ) ধান্য ক্রয়কেন্দ্রগুলি কাহাদের দ্বারা পরিচালিত হইতেছে বা হইবে ; এবং

(গ) ধান্য ক্রয়ের জন্য ঐ জেলার কোন কোন থানায় কতগুলি কো-অপারেটিভ স্থাপিত হইয়াছে সেইসব স্থানের নাম ও পরিচালকবৃন্দের নাম কি ?

The Minister for Food and Supplies : (ক) ও (খ) এতদসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) এতদসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Bakeries and Biscuit Factories in Nadia district

958. (Admitted question No. 2372) **Shri Kanai Pal:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোন থানায় কতগুলি পাউরুটি ও বিস্কুট তৈরীর কারখানা আছে; এবং

(খ) গত ১৯৬৪ সাল থেকে আজ পর্যন্ত ঐ সকল কারখানাগুলির কোনটি কত আটা, ময়দা ও চিনি পেয়েছেন তার মাসওয়ারী হিসাব?

The Minister for Food and Supplies: (ক) ও (খ) এই সম্পর্কে বিবরণী লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হইল।

ADJOURNMENT MOTION

[1—1-10 p.m.]

Mr. Speaker: I have received one notice of adjournment motion from Shri Sanat Kumar Raha on the subject of non-supply of rice to persons of Berhampore town possessing lands. I have withheld my consent to the said notice.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: The Minister-in-charge of Irrigation and Water-Ways Department will please make a statement on the subject of disposal of applications for Salt Lake plots—called attention by Shri Kashi Kanta Maitra on the 7th January, 1965.

Shri Jagannath Kolay: Sir, the statement will be made tomorrow. It is not ready today because office was closed for two days.

Mr. Speaker: The Minister-in-charge, Relief and Rehabilitation Department will please make a statement on the subject of refugees in West Bengal from different centres—called attention by Shri Gour Chandra Kundu.

Shri Jagannath Kolay: This will also be made tomorrow.

Mr. Speaker: I have received 11 calling attention notices on the following subjects:

(1) Failure of the purchase of paddy by the cooperative due to dearth of capital and delay in clearance by Government of the purchased paddy in Burdwan—from Shri Sanat Kumar Raha.

(2) Increase in price of cocoanut oil and mustrard oil—from Shri Sanat Kumar Raha.

(3) Scarcity of kerosene oil in Murshidabad district—from Shri Sanat Kumar Raha.

(4) Sudden stoppages of ration in Berhampore to persons holding even only one bigha of land—from Shri Sanat Kumar Raha.

(5) Printing of school textbooks by foreign companies—from Shri Jiban Krishna Dey.

(6) Scarcity of rice in Jagacha, Domjur and Jagatballavpur P.S. in Howrah district—from Shri Anadi Das.

(7) Cancellation of permission granted to the Joint Secretary and Treasurer, Chandernagore Electrical Employees and Workers' Union to meet Shri Bhabani Mukhopadhyay M.L.A., and the President of the said Union detained under D I.R.—from Shri Bhabani Mukhopadhyay.

(8) Death of person in police lockup at Berhampore P.S.—from Shri Abhoy Pada Saha.

(9) Inconvenience in hotels and boardings of Calcutta—from Shri Sanat Kumar Raha.

(10) Comment of the Presidency Magistrate regarding arrest of a person carrying only 2 Kg of rice—from Shri Sanat Kumar Raha.

(11) Abolition of police camp in the village Bogore, P S. Nabagram, Dist. Murshidabad—from Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of sudden stoppages of ration in Berhampore to persons holding even only one bigha of land. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

Shri Jagannath Kolay : Sir, the statement will be made on Monday next.

PRESENTATION OF REPORT OF COMMITTEE ON PUBLIC ACCOUNTS

Shri Pratap Chandra Chunder : Sir, I beg to present before the House the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1961 62 and Audit Report thereon.

Shri Aswini Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই Procurement যেটা চালু হয়েছে সেই Procurement-এর target-এ যদি পৌছতে হয়, তাহলে Co-operative-গুলি বর্তমানে যে একটা কঠিন সমস্যার মধ্যে পড়েছে, তা হল একদিকে পুঁজি কম এবং অন্যদিকে তারা যে ধানটা কিনছেন, তা যদি তাড়াতাড়ি মিলে নিয়ে গিয়ে clear করবার সরকারী ব্যবস্থা না হয়, তাহলে Co-operative-এর ধান কিনবার যে টার্গেট আছে তা তারা কিনতে পারবে না। সেই জন্য আমি খাদ্য এবং সরবরাহ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি তো এখানে নেই, আমাদের দাশগুপ্ত মশায় রয়েছেন, উনি যদি তাঁর নজরে এটা আনেন, তাহলে ভাল হয়।

Shri A. H. Besterwitch: Sir, through you I wish to draw the attention of the Hon'ble Minister concerned regarding paddy being destroyed by flood at the Lake Godowns which are being sent to the mills for milling. If you see, Sir, the condition of the paddy which is being milled in what is called the Maheshram Mill at Serampore, you will find that the lower layer is being boiled and dried. After that I have got another quality of it in a more disgraceful condition after drying and this is milled with the second layer of the destroyed paddy. The rice which comes out from it looks very nice but the smell in fact is not good and it is not fit for human consumption, and it is going to be supplied by the shops.

(The honourable Member handed over the samples to Hon'ble Shri Jagannath Kolay.)

Shri Narayan Chandra Roy: মাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি দুটো খবরের প্রতি - একটি হচ্ছে ১২ই পৌষের আনন্দবাজার লিখেছেন যে, গঙ্গাসাগর মেলায় যেতে গেলে বাংলাদেশের সরকার এবার গঙ্গাসাগর মেলার জন্য যেমন ব্যাপকভাবে চিকিৎসাদি জল সরবরাহ ব্যবস্থা করা সম্ভব হবে না, তেমনি স্বাস্থ্য বিভাগের কর্মীরাও সেখানে অন্যান্যবারের মত যথেষ্ট সংখ্যায় হাজির থাকতে পারবেন না। ইত্যাদি ইত্যাদি।

আর একটি খবর ১৮ই তারিখের কাগজে দেখছি—কুম্ভ মেলায় উত্তর প্রদেশ সরকার ১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয় করবেন। এই দু'টি পাশাপাশি খবর। দুটোই আন্তঃ প্রাদেশিক মেলা, কোন একটি রাজ্যের মেলা নয়। এক প্রদেশের সরকার ১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয় করছেন। এবার একটি প্রদেশের সরকার কাগজে announce করে দিচ্ছেন যে আপনারা এবার গঙ্গাসাগর মেলায় যাবেন না। আমরা কোন ব্যবস্থাদি কিছু করতে পারবো না।

Shri Panchu Gopal Bhaduri: মিঃ স্পীকার স্যার, আমি ইতিপূর্বেও আপনার মারফৎ মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছি যে Cotton Textile Industry শিল্প হিসেবে অবস্থাটা কতটা খারাপ হয়েছে জানি না। কিন্তু শ্রমিকদের অবস্থা বিশেষ করে হুগলী জেলাতে অত্যন্ত খারাপ হয়ে আছে এবং তা continue করছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে আগেও চেয়েছিলাম তিনি এ সম্বন্ধে একটি Tripartite Conference call করুন বা তিনি একটি Statement দিয়ে কী করবেন ভাবছেন সেটা ঘোষণা করুন। কিন্তু এখন পর্যন্ত তিনি করেন নাই, তাই আবার শ্রমমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি হয় তিনি সরকারী পলিসি ঘোষণা করুন এ সম্পর্কে, কিংবা Tripartite Conference মারফৎ কোন একটা যাতে বেরিয়ে আসে, তার জন্য অনুগ্রহ করে চেষ্টা করুন।

GOVERNMENT BILL

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee

[1-10—1-20 p.m.]

Clause 18

Shri Nikhil Das: Sir, I beg to move that in clause 18(1), line 1, for the word "Board" the words "General Council" be substituted. এখানে আছে the Board shall appoint for the Authority a General Manager. সেখানে আমি বলছি Board না করে General Council General Manager-এর

appointment করুন। General Manager-কে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে, General Manager কিছু অফিসার appointment করবেন, বাকী অফিসারদের Board appoint করবেন। আমার এখানে বক্তব্য General Manager who is the chief executive authority তাঁর appointment General Council-এর হাতে থাকা উচিৎ, তাহলেও কিছুটা Democratic show থাকে। 167-এ এই হলো আমার বক্তব্য, বোর্ডের পরিবর্তে General Council appointing authority হবে।

Shri Saila Kumar Mukherjee : The whole scheme of executive power of the Authority is vested in the Board. Therefore the General Manager is answerable to the Board in the first instance. The power of appointment of General Manager should be with the executive authority, viz., the Board. So I oppse the amendment

The motion of Shri Nikhil Das that in clause 18(1), line 1, for the word "Board" the words "General Council" be substituted was then put and lost.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19

Shri Nikhil Das : Sir, I beg to move that the following proviso be added to clause 19 :-

> "Provided that the employees and workers of all categories under the Municipal Corporation or Local Authorities whose services shall be transferred under the Authority shall have the right of option in accepting the new regulations propased to be framed.".

এখানে বলা হচ্ছে যে যে লোক চাকরী পাবে তাদের terms of service যেটা সেটা ঠিক করে দেবেন regulation দ্বারা। আমি একটা proviso add করতে চাই এখানে, সেটা হচ্ছে, Provided that the employees and workers of all categories under the Municipal Corporation or Local Authorities whose services shall be transferred under the Authority shall have the right of option in accepting the new regulations proposed to be framed. আমার বক্তব্য হচ্ছে, দুই ধরণের কর্মচারী থাকবে এই authority-এর under-এ। যারা local authority-র কর্মচারী ছিল তাদের service এবং functions transferred হয়ে গেল এই authority-র কাছে। আমার proviso-তে আমি এই কথাই বলছি এই athority-তে তাদের service transferred হবার আগে তাদের যে service ছিল এখন যেন তার চেয়ে খারাপ না হয়। যারা মিউনিসিপ্যালিটিতে কাজ করত তাদের বেলায় option হোল। Municipality-তে বা Corporation-এ থাকার সময় তাদের একটা service condition ছিল এখন আরেকটা service condition হল, এই দুটার মধ্যে যেটা ভাল সেটার সুযোগ তারা যেন পায় এই প্রভিসন রাখা হোক। একজন হয়ত ১৫০ টাকা মাইনে পেতেন, authority যে regulation করবেন তাতে সেটা কমে গেলে অন্যায় হবে। মিউনিসিপ্যালিটি বা Corporation-এর কর্মচারীদের একটা option দেওয়া হোক যে, তাদের service transferred হলে তারা নতুন condition accept করবে কিনা, তা না হলে অন্যায় হবে। এই হচ্ছে 168-এ আমার amendment.

Dr. Narayan Chandra Roy : মাননীয় স্পীকার মহাশয়, আমি নিখিল দাস মহাশয়ের amendment সমর্থন করি। অন্যান্য ক্ষেত্রে যেখানে take over হয়েছে R. G. Kar-এর কথাই বলতে পারি সেসব ক্ষেত্রে আমরা যে পুরানো takeover condition-ই রেখেছি বা নতুন condition-এর বেলায় option দেখেছি।

Shri Saila Kumar Mukherjee : উনি যেটা বলছেন, সেটাই provide করা হচ্ছে। Section 26 এ বলা হয়েছে যখন vesting হবে তখন এখানে পরিষ্কার বলা হয়েছে। All persons who in the opinion of the Board, were on the date of such vesting, primarily engaged in the construction or operation of the same shall be deemed to have been transferred to the Authority under terms and conditions of service not inferior to that as existed immediately before such vesting. Therefore protection has been given. Protection দেওয়া হয়েছে। সুতরাং এটা দরকার নাই। তারপর, আরেকটা ব্যবস্থা এখানে রাখা হয়েছে যে যদি visiting of service সম্পর্কে dispute হয় local body-র সংগে Authority-র তাহলে তারা Govt. এর কাছে refer করবেন। সুতরাং guarantee দেওয়া হয়েছে। এই clause গ্রহণ করার দরকার নাই।

The motion of Shri Nikhil Das that the following proviso be added to clause 19 :

> "Provided that the employees and workers of all categories under the Municipal Corporation or Local Authorities whose services shall be transferred under the Authority shall have the right of option in accepting the new regulations proposed to be framed.",

was then put and lost.

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

Shri Aswini Roy : I move that in clause 20 (2), line 4, for the word "Board" the words "General Council" be substituted.

I also move that in clause 20 (2), in line 4, after the word "Board" the words "subsequently to General Council" be inserted.

স্যার, clause 20 তে line 4 এ যেখানে Board আছে সেখানে বোর্ড এর পরিবর্তে General Council করা হোক এখানে এটাই আমার বক্তব্য। তারপর এর আগে যেখানে board রয়েছে সেখানে board এর পরে subsequently to the General Council add করা হোক। এখানে বলা হচ্ছে, General Manager তাঁর অধীন কর্মচারীদের শাস্তি দিতে পারবেন। আমরা মানছি তাঁর শাস্তি দেবার authority আছে, কিন্তু সেই শাস্তির বিরুদ্ধে যদি appeal করতে হয় তাহলে যেখানে original clause এ board-এর কাছে appeal করতে পারা যাবে সেখানে আমি বলছি board এর কাছে appeal করার পরবর্তী স্তরে General Council এর কাছেও appeal করতে পারবে। আরো একটা কথা এখানে আছে Boardই চূড়ান্ত মীমাংসা করবে। সেখানে আমি বলছি General Council চূড়ান্ত মীমাংসা করবেন; অর্থাৎ employeeদের শাস্তি বিধানের ব্যাপারে General Council কে empower করা হোক।

Shri Monoranjan Roy : মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় যা বলেছেন ইতিপূর্বে আমার বক্তব্য ও অনুরূপ। এখানে বলা হয়েছে General Manager এর decision এ কোন employee যদি ক্ষুব্ধ হন তাহলে board এর decision ই এই সব ব্যাপারে চূড়ান্ত হবে। কিন্তু আমি এখানে decision এর পরেও একটা high court রাখা দরকার। তার বক্তব্য হচ্ছে, General Council এর elected Member-রা employees দের বিশ্বাস করেন, এবং সেটাই বক্তব্য বিষয় হবে বলে আমি মনে করি। আমি বলছি General Council কে ক্ষমতা দেওয়া হোক final decision দেবার ব্যাপারে। আমার মনে হয় না Board এর কাছে ন্যায় বিচার হবে। যখন তাঁরা মনে করবেন board এর কাছে তাঁরা ন্যায্য বিচার পায়নি তখন তাঁরা General Council এ যেতে পারবে। তাঁরা অর্থাৎ General Council যা করবেন সেটাই final হবে। জেনারেল কাউন্সিলের কাছে করলে অন্তত পক্ষে যিনি এমপ্লই তিনি এই সুযোগ পাবেন, হাইকোর্টের বিচার শেষ হয়ে গেল, সুপ্রিম কোর্টের বিচার শেষ হয়ে গেল. এখন আমার কিছু করার নেই, এটা মানতেই হবে, এটাই শেষ ব্যাপার। সুতরাং এই অ্যামেণ্ডমেন্টটি যদি তিনি অ্যাকসেপ্ট করে নেন তাহলে এমপ্লইদের উপর একটা সুবিচার করা হয়।

[1-20—1 30 p.m.]

Shri Saila Kumar Mukherjee : জেনারেল অ্যাপয়েন্টিং অথরিটি একজন হয়। কোন অফিসে জেনারেল ম্যানেজার অ্যাপয়েন্ট করেন। সাধারণতঃ নিয়ম আছে, কি না যে, অ্যাপয়েন্ট করবেন আর অ্যাপিলিং বডি যেটা হবে সেটা একটা সুপিরিয়ারবডি হবে। এখানে একজন নয়, ছয় জনের একটা বোর্ড আছে সেখানে অ্যাপিল করার প্রভিশন করা হয়েছে। উনি বলছেন জেনারেল কাউন্সিলের কাছে। ৫০ জনের যে জেনারেল কাউন্সিল সেটা অকেশনালি ছ' তিন মাস অন্তর মিট করবে, তাই তাদের কাছে অ্যাপিল করলে সুবিধা হবে না। আমরা চাই দ্রুতগতিতে কাজ এগুক, সুতরাং এই বোর্ড অব ডিরেক্টার কাছে অ্যাপিলের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া পার্লামেন্টের যে রুল সেকশন ২৩ সেখানে পাওয়ার দিয়েছি রুলস্ অ্যাণ্ড রেগুলেশান করার জন্য। সুতরাং এই অ্যামেণ্ডমেন্টের কোন প্রয়োজন নেই।

The motion of Shri Aswini Roy that in clause 20(2), line 4, for the word "Board", the words "General Council" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 20(2) in line 4, after the word 'Board" the words "subsequently to General Council" be inserted, was then put and lost.

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 21 and 22

The question that clauses 21 and 21 do stand part of the Bill was then put agreed to.

Clause 23

Shri Aswini Roy : Sir, I beg move that in clause 23(4), in line 3, after the words "referred to" the words "General Council and finally to" be inserted.

এই ক্লজ ২৩-তে আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে ২৩(৪) in line 3, after the words "referred to" the words 'General Council" and finally to the State Government. এখানে আছে খালি স্টেট গভর্নমেন্টের কাছে এটা রেফার করবে। এর মধ্যে সমস্যা হচ্ছে যে সমস্ত প্রপার্টি এই অথরিটিতে ভেস্ট করবে সেই সমস্ত প্রপার্টি সম্পর্কে যদি কোন ডিসপিউট থাকে তাহলে সেটা স্টেট গভর্নমেন্টের কাছে রেফার করা হবে। স্টেট গভর্নমেন্টের কাছে রেফার করবার আগে অন্ততঃপক্ষে সেটা জেনারেল কাউন্সিলে আসা উচিত। সেজন্য আমি স্টেট গভর্নমেন্টের আগে ঐ জেনারেল কাউন্সিল অ্যাণ্ড ফাইনালি টু এই কথাটা সংযোজন করতে চাই।

Shri Nikhil Das : Sir, I beg to move that in clause 23(1), lines 14 and 15, for the words beginning with "shall vest" and ending with "by notification" the words "may be taken over by the Authority, if necessary, for the execution of functions referred to in section 7 with effect from such date and for such period as the Authority may specify by notification" be substituted.

Sir, I also beg to move that the proviso to clause 23(1), line 1, for the word "vesting" the words "taking over" be substituted.

Sir, I beg to move that in clause 23(2), line 1, for the word "vesting" the words 'taking over" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৩(১)-এ বলা হচ্ছে যে যে তারিখে নোটিফাই করবেন সেই তারিখে অথরিটির হাতে সমস্ত জিনিসগুলি ভেস্ট করছে। এখানে আমি একটা যোগ করতে চাই সেটা হচ্ছে লাস্ট লাইনে আছে shall vest in the authority with effect from such date as the authority may specify by notification এটাকে পাল্টে দিয়ে আমি বলতে চাই may be taken over by the authority, if necessary, for the execution of functions referred to in section 8 with effect from such date and for such period as the authority may specify by notification. অর্থাৎ ৮নং সেকশনে যে ফাংশনগুলি আমরা অথরিটির হাতে দিয়েছি সেই ফাংশনগুলি করতে গিয়ে যা যা দরকার সেগুলি তারা টেক ওভার করতে পারবে এইটুকুই আমার অ্যামেণ্ডমেন্ট। কিন্তু আপনি বলছেন যে নোটিফিকেশন দিয়ে তার যে ফাংশন—যখন সে ম্যানেজমেন্ট ফাংশন করবে কিন্তু যাই নোটিফিকেশন তার কাছ থেকে ম্যানেজ ভেস্ট করিয়ে নিচ্ছেন, ফাংশনগুলি এফেক্টিভলি করতে গেলে যে যে জিনিসগুলি দরকার সেগুলি সে টেকওভার করতে পারে বাই নোটিফিকেশন। তারপর দুটো হচ্ছে কনসিকোয়েনসিয়াল, ভেস্টিং-এর জায়গায় টেকিং ওভার করা হোক। এই অ্যামেণ্ডমেন্ট অ্যাকসেপ্ট করতে কোন অসুবিধা নেই। আপনি যদি এইটুকু দিয়ে দেন may be taken over by the authority, if necessary, for the execution of functions referred to in section 7 with effect from such date and for such period as the Authority may specify by notification অর্থাৎ তারা যে নিতে পারবে সেই ক্ষমতা তাদের দিতে চাচ্ছি, সেই সময় তারা নিতে পারবে যখন তাদের পক্ষে নেসেসারি হবে। এই সম্পর্কে যদি কোন ডিসপিউট উঠে তাহলে স্টেট গভর্নমেন্ট, অথরিটি সেখানে যেতে পারবে। কিন্তু আপনি যেভাবে বলছেন যদি সেখানে অথরিটির এমন কিছু নিতে হয় তাহলে সেখানে ডিসপিউট হবার কোন সম্ভাবনা থাকছে না। সেজন্য আমি বলছি যখন দরকার তখনই নিতে পারবে। সেইজন্য ২৩(১) এবং ২৩(২)-তে আমি বলছি ভেস্টিং এর জায়গায় টেকিং ওভার করা হোক।

Shri Saila Kumar Mukherjee : স্যার, এটা ভেষ্টিং-এর জায়গায় টেকিং ওভার কেন বলছেন বুঝতে পারছি না। টেকিং ওভারের যখনই কথা বলছেন তখন তার মানে টেম্পোরারি টেকওভার, উনি বলছেন ফর একজিকিউশন। হোল স্কীম অব দি অ্যাক্ট হচ্ছে একজিকিউশন, মেন্টিনেন্স, অপারেশন. সুতরাং ভেষ্ট না হলে আমরা কি করবো? সেজন্য ভেষ্টিং অ্যাণ্ড টেকিং ওভারের মধ্যে তফাৎ হচ্ছে। সেজন্য আমরা all these amendments seek to p:ovide for taking over the municipal services by the Authority for the only purpose of execution. একজিকিউশন, অপারেশন অ্যাণ্ড মেন্টিনেন্স যদি আমাদের হাতে ভেষ্ট না করে তাহলে আমরা করতে পারবো না সেইজন্য দি হোল বেসিক কনসেপ্ট অব দি বিল হচ্ছে আমরা পার্মানেন্ট ভেষ্টিং চাই। সেয়ারফোর ওটা ফিট ইন করছে না বলে আমি অপোজ করছি।

The motion of Shri Aswini Roy that in clause 23(4), in line 3, after the words "referred to" the words "General Council and finally to" be insterted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in clause 23(1), lines 14 and 15, for the words beginning with "shall vest" and ending with "by notification" the words "may be taken over by the Authority, if necessary, for the execution of functions referred to in section 7 with effect from such date and for such period as the Authority may specify by notification" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the proviso to clause 23(1), line 1, for the word "vesting" the words "taking over" be substituted, was then put and lost.

The motion of Shri Nikhil Das that in proviso to clause 23(2), line 1, for the word "vesting" the words "taking over" be subsitituted.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clause 24

The question that clause 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

Shri Aswini Roy : Sir, I beg to move that the following proviso be added to clause 26(1):

> "Provided that the change of designation and duties should have regard to experience, efficiency, skill, educational qualification and seniority of services and any dispute shall be referred to the General Council",

স্যার, ক্লজ ২৬(১)এ আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে সারভিস কণ্ডিশন সম্পর্কে। এখানে আমি একটা প্রভাইসো অ্যাড করতে বলেছি। ক্লজ ২৬এ বলছে এরা ভেষ্টিং হবার পর যে সমস্ত কর্মচারীরা আসছে এবং যারা ঐ অথরিটির কাছে ট্রান্সফার হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার অ্যাণ্ড স্যানিটেশন অথরিটি তাদের যে টার্মস অ্যাণ্ড কণ্ডিসনস্ অব সারভিস সেটা আপনি বলছেন যে ইনফিরিয়ার হবে না। কিন্তু এগুলির ক্ষেত্রে যদি তাদের এফিসিয়েন্সি, তাদের স্কীল, তাদের এডুকেশন্যাল কোয়ালিফিকেশন এ সম্পর্কে ইগনোর করেন অথরিটি তাহলে সেটা কার কাছে যাবে —সেখানে আমি বলছি যে অন্তত সেটা জেনারেল কন্‌ষ্টিটিউসনের কাছে তার আপীল করবার ক্ষমতা থাকা উচিত। সেইজন্য আমি একটা প্রভাইসো ওখানে অ্যাড করতে বলছি। খালি একটা কথা দিয়েছেন যে প্রিভিয়াস সার্ভিসের চেয়ে ইনফিরিয়ার হবে না। কিন্তু যদি দেখা যায় ডেজিগনেসনগুলি চেঞ্জ করবার ক্ষেত্রে যে স্কীল্ড ক্যাটাগরীর লোক সেমি স্কীল্ড-এ পড়ে যাবে—এই ঘটনা প্রায়ই ঘটে। সেজন্য পার্টিকুলারলি এখানে প্রভাইসো অ্যাড করা থাক যে ঐ সকল ক্ষেত্রে কোন ডিসপিউট উঠে তাহলে সেগুলি টু বি রেফার্ড টু দি জেনারেল কাউন্সিল।

[1-30—1-40 p.m.]

Shri Nikhil Das : Sir, I beg to movt that in clause 25(1), line 4, the words "in the opinion of the Board", be omitted,

I also move that in clause 26(1), in line 5, after the word "were" the words "engaged in service permanently or temporarily" be inserted.

I also move that in claus. 26(1), lines 5-6, the words "primarily engaged in the construction and operation of the same" be omitted.

I also move that provso to claue 26(1) be omitted.

I also move that following proviso be added to clause 26(1) :

"Provided that any dispute in respect of salary, grade pay, allowance, rank, nature of duties, age of superannution, etc. and also whether a person was engaged on the date of taking over shall be reffered to an appellate body to be constituted by the State Government from amongst persons not below the rank of High Court Judges."

২০৫ নং-তে বলছি—এখানে একটা কথা বলছেন ইন দি ওপিনিয়ন অব দি বোর্ড যাদের চাকুরী ছিল ঐ তারিখে তাদের সার্ভিসই একমাত্র ট্রান্সফার্ড হবে। আমি ইন দি ওপিনিয়ন অব দি বোর্ড—এটাকে তুলে দিতে বলছি। কারণ যাদের সার্ভিস ছিল তারা ট্রান্সফার্ড হবে—সেখানে বোর্ডের ওপিনিয়নের কিছু প্রয়োজন আছে বলে আমি মনে করি। সেই জন্য আমার ২০৫ নং এমেণ্ডমেন্টে আমি বলছি যে এটা অমিট করা হোক—বোর্ডের হাতে যদি আমরা ক্ষমতা দিয়ে দিই তাহলে যে কারা আগের তারিখে চাকুরী করতো বা না করতো সেটা তারা ডিসাইড করবে এটা ঠিক নয়, যদি কোন ডিসপিউট দেখা দেয়—এমপ্লয়ী বলছে আমি আগে চাকুরী করতাম বোর্ড বলছে করতেন না—সেই ডিসপিউট will go to the State Government. সুতরাং ইন দি ওপিনিয়ন অব দি বোর্ড এটা দেবার কোন অর্থ হয় না।

তারপর ২০৬নং—আপনি বলছেন প্রাইমারীলি engaged in the construction of the operation of the same. কেন ?—খালি তাদের সার্ভিস ট্রান্সফার্ড হবে কেন ? অন্য যদি কোন লোকের চাকুরী চলে যায় তাহলে তাদের সার্ভিস কেন ট্রান্সফার্ড হবে না ? আপনি বলছেন ইন দি ওপিনিয়ন অব দি বোর্ড তাদেরই চাকুরী ট্রান্সফার্ড হবে যারা প্রাইমারীলি permanently engaged, etc. এখানে এটা তুলে দিয়ে আমি বলতে চাই এনগেজড in serivces permanently or temporarily অর্থাৎ আপনি যে যে জিনিস দিলেন সেই ব্যাপারে

টেম্পোরারীলি, পার্মানেন্টলি যারা কাজ করতো—হয়তো পুরোপুরি মধ্যে নেই—কিন্তু ইনডাইরেক্টলি কানেকটেড ছিল—পুরাপুরি একজিকিউসনে নেই সেখানে ইনডাইরেক্টলি কানেকটেড ছিল—সুতরাং যারাই কাজ করতো টেম্পোরারী হোক পার্মানেন্ট হোক তাদের সবাইয়ের চাকুরী এখানে চলে আসবে এই হচ্ছে আমার এমেণ্ডমেন্ট। তারপর একটা প্রভাইসো চমৎকার দিয়েছেন—ডিসপিউট মাত্র একটা ব্যাপারে যাবে অর্থাৎ চাকুরী টেকিং ওভার করার আগে ছিল কিনা—অন্য ব্যাপারের ডিসপিউট যাচ্ছে না। তাদের যদি স্যালারী, গ্রেড, ছুটি কমে গিয়ে থাকে তাহলে সেগুলি যাচ্ছে না। খালি একটা ব্যাপার দিতে চাচ্ছেন স্টেট গভর্নমেন্টের হাতে সেটা হচ্ছে ঐ তারিখে কাজ করতো কিনা—টেকিং ওভার-এর আগে। কিন্তু তাদের যদি স্কেল, মাইনে বা লিভ সম্বন্ধে কোন ডিফারেন্স অব ওপিনিয়ন হয় তাহলে কি হবে? কাজেই এই প্রভাইসোটাকে পালটে দিয়ে আমি একটা প্রভাইসো দিতে বলছি সেটা হচ্ছে provided that any dispute in respect of salary, grade of pay, allowance, rank, nature of duties, age of superannuation, etc., and also whether a person was engaged on the date of taking over shall be referred to an appellate body to be constituted by the State Government from amongst persons not below the rank of High Court Judges. এটা কেন আমি বলেছি—এজন্য বলেছি যে স্টেট গভর্নমেন্ট অ্যাপিলেট বডি ঠিক করে দেবেন—কিন্তু আইনের খুঁটিনাটি ব্যাপার এতে আছে—ইনডাসট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের বহু প্রশ্ন এর মধ্যে আছে। আমার মাইনে কমে যেতে পারে কিনা—দুটো গ্রেডের নীচে আসবো কিনা, প্রভিডেন্টফাণ্ডের কি অ্যারেঞ্জমেন্ট হবে—এইসব ব্যাপার আছে। সুতরাং যদি এইসব চাকুরীর শর্তের ব্যাপারে কোন ডিসপিউট দেখা যায় তাহলে সেই ডিসপিউটটা স্টেট গভর্নমেন্ট অ্যাপীলেট বডিতে রেফার করবেন এবং সেই অ্যাপিলেট বডি স্টেট গভর্নমেন্ট ফর্ম করে দেবেন এবং অ্যাপিলেট বডি কাকে দিয়ে হবে? —হাইকোর্টের জজের নীচের র‍্যাঙ্কের লোক যাতে না হয়। তাহলেই এমপ্লয়ীদের প্রতি জাসটিস করা হবে, তা না হলে করা হবে না। সুতরাং এখানে দুটো গলদ আছে একটা হচ্ছে টেকিং ওভার সম্পর্কে ঐ তারিখে চাকুরী ছিল কিনা, যদি ডিসপিউট ওঠে তাহলে the Board is the final authority. অর্থাৎ ১৮০ টাকা মাইনে পেত ১১০ টাকা মাইনে হয়ে গেল—আপনি বলেছেন who will Judge whether it is inforior or not inferior. জাজ করবে কে? জাজ করবার ফাইন্যাল অথরিটি বোর্ডের হাতে—আপীল করবার কোন ক্ষমতা দিলেন না যে আমার ইনফিরিয়ার বা সুপীরিয়ার হোল কিনা এটা কে দেখবে? তাই এ ব্যাপারে যদি কোন ডিসপিউট দেখা দেয় তাহলে স্টেট গভর্নমেন্ট অ্যাপীলেট বডি করে দেবেন এবং সেই অ্যাপিলেট বডি হাই কোর্টের জজের নীচের লোক দিয়ে হবে না। তা যদি হয় তাহলে জাসটিস টু দি এমপ্লয়ী হবে। যারা প্রাইমারীলি এনগেজেড তাছাড়াও ইনডাইরেক্টলি যদি কেউ কোথায়ও থাকে যাদের চাকুরা চলে গেল তাদের চাকুরীও ট্রান্সফার্ড হবে। তা যদি না করেন তাহলে এই টেক ওভার করার ফলে তারা বেকার হয়ে যাবে। সুতরাং টেম্পরারীই থাক আর পার্মানেন্ট থাক সমস্ত লোকের চাকুরী চলে আসবে। খালি অপারেসনের একজিকিসনের লোক নয়। তা যদি করেন তাহলে দেখবেন করপোরেসনের কয়েক হাজার এমপ্লয়ী বেকার হয়ে যাবে। কাজেই আমার এই এমেণ্ডমেন্ট নিলে জাসটিস টু দি এমপ্লয়ী হবে বলে আমি মনে করি।

Shri Monorajan Roy: মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিখিল বাবু যে এমেণ্ডমেন্ট এনেছেন সেটাকে সমর্থন করে আমি দু একটা কথা বলতে চাই। কারণ আমেরা সিলেক্ট কমিটির মিটিংয়ের সময় বারবার এই প্রশ্নটা তুলেছিলাম যে যাঁরা বর্তমানে মিউনিসিপ্যালিটি এবং করপোরেসনের কর্মচারী আছেন তাঁদের ভাগ্য সিলড হয়ে গেল প্রায়। এখানে যেভাবে জিনিসটা এসেছে কে কে এমপ্লী হিসেবে কাজ করছেন ইখনতুএটা ভেষ্ট করবে অর্থাৎ টেকওভার হবে সেটা বোর্ডের ওপিনিয়নে হবে। অর্থাৎ বোর্ড যাদের কথা ভাববেন যে যাঁরা কাজ করছেন তাঁরা এই এই

কাজ করছেন বর্তমানে, তাঁদের নেওয়া যায় তাঁদেরই শুধু নেওয়া হবে। ফলে হবে, বোর্ড যদি মনে করে যে অমুক কর্মচারী ঠিকভাবে কাজ করতে পারবেন না তাহলে তাঁদের এই মনে করার উপরে সব নির্ভর করবে। ফলে মিউনিসিপ্যালিটি এবং করপোরেসনে যাঁরা কাজ করছেন তাঁদের অশেষ দুর্দশায় পড়তে হবে। বর্তমানে মিউনিসিপ্যালিটিতে অনেকগুলি কাজ এক সংগে জড়িয়ে জড়িয়ে কিছু কিছু কর্মচারীরা করেন, খালি যাঁরা গ্যারেজ বা নাইট সয়েলে কাজ করেন তাঁরাই শুধু ঐ কাজটা করেন, গ্যারেজ ক্লিয়ারেন্স মিউনিসিপ্যালিটির মধ্যে যাঁরা চাকুরী করেন যখন গ্যারেজ নেওয়া হবে, নাইট সয়েল নেওয়া হচ্ছে তখন তাতে কাকে নেওয়া হবে না এই নিয়ে মিউনিসিপ্যালিটির সংগে একটা পারপিচুয়াল ডিসপিউট থেকে যাবে এবং কর্মচারীদের অশেষ দুর্দশায় পড়তে হবে। কারণ মিউনিসিপ্যালিটি বলবেন যে আমরা এত লোক রাখতে পারছি না এবং ওঁরা ভাববেন যে ওঁরা ঠিক এইভাবে এই কাজগুলি করছেন না, এটা তাইলেই যথেষ্ট ইন দি অপিনিয়ন অব দি বোর্ড, ফলে তাঁদের নেবেন না তাতে একটা ত্রিশঙ্কুর অবস্থায় মিউনিসিপ্যালিটির কর্মচারীরা পড়বে। করপোরেসনেও সেই অবস্থা হবে, কারণ করপোরেসনের বহু কর্মচারীরা ইতিমধ্যে আমাদের সংগে যোগাযোগ করছেন যে কি অবস্থায় তাঁদের পড়তে হবে সেটা এখনও তাঁরা বুঝতে পারছেন না। যদিও লেখা আছে not inferior to that as existing before vesting. এদের সার্ভিস কণ্ডিসন ইনফিরিয়ার হবে না। তা সত্বেও সার্ভিস কণ্ডিসন বলতে যেমন জিনিসগুলি বুঝায় তাতে সবগুলি আসবে কিনা সন্দেহ আছে, আসতে পারে না এজন্য যে, ধরুন একটা ছোট মিউনিসিপ্যালিটিতে একজন ওভারসিয়ার চাকুরী করছেন কেন এখানে এসে ওভারসিয়ারের পোষ্ট পাবেন কিনা এমন কোন কথা নেই। কারণ এটা একটা বৃহৎ ব্যাপার, ৪৮০ মাইল নিয়ে কো-অর্ডিনেটেড জিনিস হচ্ছে, সেখানে ওভারসিয়ার যে পোষ্টে ছিলেন ছোট মিউনিসিপ্যালিটিতে সেটা তো এখানে থাকতে পারেন না

[1-40—4-10 p. m.]

কাজেই তাদের মাহিনা এর বেশী হতে পারে বা ঠিক থাকতে পারে। Service condition যেগুলো অন্যান্য স্বত্বগুলো ছিল সেগুলি সেখানে যে থাকবে গ্যারান্টি নেই। সেখানে হচ্ছে disputed প্রশ্ন এবং এই perpetual dispute এর মধ্যে গিয়ে পড়বে employeesরা। নিখিলবাবু যে amendment এনেছেন তাতে তিনি বলেছেন যে এরূপ ক্ষেত্রে dispute আসবে কারণ dispute আসতে বাধ্য। এটা আমারা জানি যে এরূপ হয়ে থাকে, শৈলবাবু যতই বলুন না কেন dispute কম হবে কিন্তু এই সব dispute boardএর কাছে যাবে এবং আমরা জানি board এর কাছে dispute গেলে তার কোন লাভ হবে না। সেজন্য কমিটি করার কথা বলেছেন। সেই কমিটি হোক যাতে High Court এ Judge এর মতন লোক সেইখানে থাকবে। সেখানে tribunal হোক। সেখানে tribunal এ কোন employeeএর ব্যাপারে dispute arise করে সেটা Government ঠিক করে না। দুর্গাপুর project এবং কল্যাণী spinning millএ সেখানে employeesরা authorityএর কাছে গিয়ে dispute যেটা সেটা শেষ পর্যন্ত ফয়সালা হয়। Tribunal এনিয়ে হয় সুতরাং সেটা tribunal করা হোক High Court এর Judge এর মতন একজন লোককে নিয়ে। Dispute যেখানে সুরু হয়েছে অর্থাৎ কোন একটা tribunal সে tribunalএর কথা মানবেন না board সর্ব্বময় কর্তা করেছেন এই boardই লক্ষ লক্ষ মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলছে তাদেরই আবার বলছেন যে employeesদের চাকুরীতে আনবেন, তাদেরই হাতে ছেড়ে দেবেন। কাজেই boardএর উপর ছেড়ে না দিয়ে Government করবেন এরূপ ছেঁদো কথা কখনই Government এর পক্ষে এই dispute settle করা সম্ভব নয়। সুতরাং নিখিবাবু যে কথা বলেছেন কমিটির কথা সেটা গ্রহণ করুন। ভবিষ্যতে এগুলো record হয়ে থাকবে,

ভবিষ্যতে যদি আবার asembly আসেন তখন শুনবেন ঐ সমস্ত employeesদের ভাগ্য নিয়ে কি হচ্ছে? সেইজন্য আমরা বলছি কমিটি High Courtএর Judge দিয়ে করুন, তাদের উপর একটা বিচারের ভরসা করুন তাহলে employeesরা মনে শান্তি পাবে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : আমি নিখিল বাবুর amendment-টা সমর্থন করছি—তার মধ্যে clause 26 বাকী যেগুলি বাদ দিয়েছেন তাছাড়া বাকীগুলো বাদ দেওয়া উচিত নয়। আর একট clause 26 sub-clause (1)এর 4th line-এ in the opinion of the board এটা delete করে দেওয়া সম্বন্ধে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি স্যার দেখুন original Bill-এর শেষে ছিল "The decision of the Board as to whether any person was so engaged or not and as to the designation and duties he would have after transfer shall be final". সেখানে Select Committee সেটা change করেছে, এই amendment clause-টা বাদ দিয়েছে as to whether any person was so engaged or not. এখানে decission of the committee থেকে বোঝা যাচ্ছে এটাই হবে shall be final। এটা Select Committee প্রয়োজন বোধ করেন নি তাই এটা এইভাবে বলা হয়েছিল। The decision of the Board as to whether any person was so engaged or not. এখানে অন্যভাবে রাখা উচিত নয় সেজন্য আমরা মনে করি এটা delete করে দেওয়া উচিত।

Shri Hemanta Kumar Basu : স্যার, এই clause-টা খুব important clause, যে সমস্ত employees-র চাকরী ট্রান্সফার হবে তাদের ব্যাপারে বোর্ডের কাছ থেকে যদি decision হয় তাহলে Board একটা Executive Body—যে Executive Body-র উপর একটা final decision দেওয়া ঠিক হচ্ছে না। সেদিক থেকে কর্মচারী যারা তাদের কোন ক্ষতি না হয়, তাদের কিভাবে কাজ করবেন, কোথায় কাজ করবেন, কোন চাকরী রাখা হবে এ বিষয়ে Board-এর যদি অধিকার দিই তাহলে বিচার হবে না, এ বিষয়ে Judicial থাকা দরকার। সেজন্য যে প্রস্তাব করা হয়েছে সেটা সমর্থন করি।

Shri Saila Kumar Mukherjee : স্যার এটা বুঝতে ভুল হচ্ছে—একটা confusion হচ্ছে, section 26-এ service-এর ব্যাপারে যা সে service protection দেওয়া হয়েছে। এটা যদি ভাল করে পড়েন তাহলে দেখবেন যে double protection দেওয়া হয়েছে। একটা protection কি কাজে service conditions, যে terms and condition of services shall not be inferrior to the existing service conditions এতে কোন dispute-এর scope নেই। আইনে বলা হয়েছে law অর্থাৎ guarantee, এটাই হচ্ছে guarantee, employeer-কে protection দেওয়া হয়েছে, এতে তাদের কোন ক্ষতি করা হয়নি। Services shall not be inferrior to the existing services. সেটা নিবারণের জন্যই আর একটা employee-দের guarantee দেওয়া হয়েছে, এবং protection দেওয়া হয়েছে। যেখানে লোকের দরকার নেই অপারেসান এক্সিকিউসান ইত্যাদি ব্যাপারে মতভেদ হলে বোর্ড বসে ছ—Local Board বললো এ লোকগুলি হয়ত জলের কলে কাজ কর Board সেখানে বললো এগুলি নয়। সেখানে এই মতভেদ দূর করতে হবে dispute as to whether a person primarily engaged on the date of existing in the construction or operation of a service. সে case একটাও board-এর হাতে রাখেনি, সেটা Govt.-এর হাতে refer করে দেওয়া হয়েছে। সুতরাং এই যে amendment এটা গ্রহণ করা গেল না। অশ্বিনী রায় তার amendment No. 174 তাতে তিনি বলেছেন "provided that the change of designation and duties should have regard to experience, efficiency, skill, educational qualification and senicrity

of services and any dispute shall be referred to General Council তার, সেখানে duties and designation আছে। এবং duty and designation বলেছেন তা করতে গেলে তার qualification education না হলে কি করে fixed করবে। Law-তে বলা হয়েছে redundant সুতরাং experience, efficiency এবং skill educational qualification certainly will be taken into consideration in determining designation and duties in respect of transferred employees. তারা এখানে এসেছেন কি কি কাজ করবেন duties and designation কি হবে তার যোগ্যতা আছে কিনা educational qualification ইত্যাদি নির্দিষ্ট করা হবে এটাই আইন করে বলা হয়েছে। সুতরাং অশ্বিনীবাবুর যে এই amendment এটার আমি oppose করছি।

নিখিলবাবুর ২০৫নং-টা হচ্ছে it necessary that some authority should have detemined which personnel or local body were on the date of such vesting primarily engaged in the construction of operation of the same, etc. যারা রোজ মিট করছে তারাই কাজ চালাবে তা ছাড়া অন্য কে যোগ্য? সুতরাং তিনি যদি বলেন in the opinion of the board be omitted তা হলে কার মত নেব। সে লোকেরা কাজ করতে পারবে কিনা কি করবে সেটা board ঠিক করবে। Board না করলে এটা যদি omit করে দেয় তা হলে কার মত নেব। Technically competent authority সুতরাং The provision should remain as it is এটা বাদ দিয়ে লাভ হবে না, কেন না board-কে তার বিচার করতে হবে সুতরাং আমি এই amendment-এর oppose করছি। তারপর amendment নং 206 এটার কোন প্রয়োজন নেই after the words "were" the words "engaged in service permanently or temporarily কথাটা হচ্ছে আমরা temporary-কে বাদ দিয়ে দিচ্ছি না। আপনারা কেন এটাকে এ ভাবে নিচ্ছেন। It is unnecessary to insert the words engaged in service permanently or temporarily. আমরা এটাকে এ ভাবে পার্থক্য করিনি।

Shri Nikhil Das : আপনি যা বলছেন তাতে আমরা এটাই বলছি যে execution and operation এটা বাদ দিতে বলছি।

Shri Saila Kumar Mukherjee : এটা কিসের জন্য নেব, execution মানে হাতে করে কাজ করবে এবং operation মানে সে যে কাজে লিপ্ত আছে সেটা। এই ২টা যদি বাদ দিই তা হলে কিসের জন্য নেবে। Temporarily and permanently engaged বাদ দিলে এটা নেওয়া হয় না।

[1-50—2 p.m.]

It is not necessary to insert, because the proposed words engaged in service temporarily or permanently—আমরাত কোন distinction করিনি। তার service temporarily হতে পারে বা permanently হতে পারে। আপনি বরং এই দুট distinction আনছেন। এখানে বলা হচ্ছে—the Board will be competent to take in all the executive employees, whether temporary or permanent. সুতরাং সকলকে নেবার, আমার ক্ষমতা আছে। আপনি বরং এখানে restrict করে দিচ্ছেন। সেইজন্য এই অ্যামেণ্ডমেন্টটা গ্রহণ করা যায় না। আমরা ত কোন restrict রাখিনি। As drafted it is meant that everybody should come in আপনি আপনার অ্যামেণ্ডমেন্ট ২০৭টা মুভ করেন নি। অ্যামেণ্ডমেন্ট ২০৮টাও মুভ করেন নি। ২০৯ নং

অ্যামেণ্ডমেণ্টটা মুভ করেছেন তাতে যা বলেছেন, সে ঐ একই কথা, "primarily engaged in construction and operation of the same"— এটাকে সম্পূর্ণ বাদ দিতে বলছেন। এটাকে, কি হিসাবে বাদ দেওয়া হবে? এটা বাদ দিলে চলবে কি করে? ওঁর দৃষ্টিভঙ্গীতে একটু ভুল হচ্ছে। এটা বাদ যদি দিই, তাহলে আমি যেটা বলেছি "the words that are essential, to enable the Board to take in those employees of the local bodies, who are directly concerned with the services,"—সেটা আর খাটে না। অর্থাৎ যারা জলের কলে কাজ করছে, বা যারা ড্রেনে কাজ করছে, বা যারা তাদের sewerage maintain-এ কাজ করছে, তাদের সকলেই এসে যাচ্ছে। সুতরাং আপনি কেন বলছেন primarily engaged in construction and operation of the same—সেটাকে সম্পূর্ণ বাদ দিতে? তাহলে ক্ষতি হয়ে যাবে। তাহলেত এক বিরাট ঝগড়ার মধ্যে পড়ে যাবো। আমরাও বলছি primarily, secondarilyত বলিনি। Temporalily বা permanently-র কোন differentiate করিনি। যার যেখানেই service থাক, তাকে নেওয়া হবে। সুতরাং not to those who have some remote secondary connection with the service—এটা রাখা হয়েছে। This is vitally necessary for efficient functioning of the Authority. তা না হলে ত Athority কোন কাজই করতে পারবে না। যারা কাজ করছেন, সেখানে যদি প্রত্যেককে বিচার করতে হয়, যে তুমি permanently, তুমি temporarily, তাহলেও একটা ঝগড়ার সম্মুখীন হতে হয়। সুতরাং তা কেন করবো। আমরা সকলকেই নেবো। সেই হিসাবে এই amendment-টা draft করা হয়েছে।

তারপর ২১০ ও ২১১ নম্বর অ্যামেণ্ডমেণ্টে বলা হচ্ছে "Provided that any dispute in respect of salary, grade of pay, allowance, rank, nature of duties, age of superannuation, etc., and also whether a person was engaged on the date of taking over shall be referred to an appellate body to be constituted by the State Government from amongst persons not below the rank of High Court Judges. Engaged মানেত, ঐ রুলের মধ্যেই এসে গেলো, গভর্নমেণ্টের কাছে refer হবে। দেখতে হবে primarily engaged কিনা? তাকে নেবে কিনা? এই নিয়েইত গভর্নমেণ্টের কাছে refer করতে হবে। গভর্নমেণ্টের কাছে যেটা refer করা হবে, সেটা only primarily engaged ছিল কিনা? মাইনে, টাইনে, এ সবের প্রশ্ন সেখানে নেই। কারণ, সেটা আমরা service এ guaranteed করে দিয়েছি। Inferior এর প্রশ্ন এখানে আসতে পারে না। Law এ guaranteed করে দিয়েছি যে কারও service inferior হিসাবে দেখা হবে না। এখন, আপনি বলছেন যে সেখানে, rank, nature of duty, superannuation ইত্যাদি নিয়ে যদি ঝগড়া হয়! ঝগড়া কি করে হবে? সেতো তখনই কোর্টে যাবে, এবং সেখানে law, দেখিয়ে বলবে যে তার guaranteed service. সে যা মাইনে পায়, তার service এর যা terms and conditions আছে, তার অন্যান্য privileges, যা কিছু আছে, সব আমাকে দিতে হবে। সেটা law এ provide করে দেওয়া হয়েছে। উনি বলছেন "Provided that any dispute in respect of salary, grade of pay, allowance, rank, nature of duties, age of superannuation, etc., etc., shall be referred to an appellate body to be constitured by the State Government from amongst persons not below the rank of High Court Judges. (Shri Nikhil Das—এতে অসুবিধাটা কি?) তাহলেত আর কোন কাজ করা সম্ভব হবে না। আমি এমন একটাও প্রতিষ্ঠান দেখিনি, যেখানে ছুটির ব্যাপার নিয়ে যদি ঝগড়া হয়, অথবা মাইনে কম কি বেশী পাওয়া নিয়ে যদি ঝগড়া হয়, তাহলে অমনি তারজন্য আদালতে যেতে হবে। এই যদি করতে হয়, তাহলেও কোন প্রতিষ্ঠানের পক্ষে কোন কাজ করাই সম্ভব হবে না।

আমি যখন law-এ guarantee করে দিয়েছি, যে condition of service inferior to existing services হবে, only where there is dispute,—কি dispute ? As to whether an employee of a lolal body will be taken in by the Authority, primarly engaged কি না ? সেখানে shall be referred to the State Governmet for fiinal decision. If appeal to the Judicial Authority, there is much delay and complication—সেটাও আপনারা সকলেই জানেন, যে কোর্টে একটা নিষ্পত্তি করা, আর executive দিয়ে নিষ্পত্তি করা, কি বিরাট প্রভেদ। সুতরাং যেখানে appeal-এর protection দেওয়া হয়েছে, সেখানে কেবল State Government-এর কথা নয়, এটা হচ্ছে executive action, এবং যেখানে quickly decide করতে হবে, সেখানে আবার একটা ট্রাইবুনাল জজের কাছে appeal করতে হবে কেন ? Law-এ protection দেওয়া আছে যে তাকে নেবো, কি, নেবো না। এই যে ঝগড়ার কথা বলছেন, সে ঝগড়া যাতে না হয়, তারজন্য ত ব্যবস্থা করে আমরা ঠিক করে দিয়েছি। এই কারণে, আমি তাঁদের অ্যামেণ্ডমেন্টগুলির কোনটাই গ্রহণ করতে পারছি না।

Shri Manoranjan Roy : মাননীয় স্পীকার, স্যার, আমি একট clarification চাই আপনি যেটা বললেন এই municipalityর বা করপোরেশনের কর্মচারীরা যদি অথরিটির কাছে আসেন এবং অথরিটি যদি দেখেন যে তারা কাজের উপযুক্ত নয় বা তাদের দরকার নাই, তখন ঐ কর্মচারীদের কী হবে ? ওদিকে তো মিউনিসিপ্যালিটি বলে দিয়েছে তোমাদের service transfer করে দিলাম।

Shri Saila Kumar Mukherjee : আপনি দয়া করে পড়ে দেখুন disputeএর provision করেছি ; গ্যারাণ্টি করছি এক পয়সাও কম দেবেন না। Dispute কী হবে ? দশটা লোককে আমরা নেব না, তারা কাজ করে না, এটা তো একটি dispute হল না ! কিছু হলে appeal করতে পারবে। আপনারা তো বলছেন 'কোর্টে' যাও। প্রত্যেক কেসে তো আর কোর্টে যাওয়া সম্ভব হয় না !

Shri Manoranjan Roy : আপনি দশটি লোককে এদের বলেছেন নেব না। তাহলে যাবে কোথায় ? ঝুলে থাকবে ? সেই পিরিডের মাইনে পাবে না ? তার জন্য কী ব্যবস্থা করছেন ?

Shri Saila Kumar Mukherjee : তাহলে আপনার ট্রেড ইউনিয়নের লীডাররা আছেন কি জন্য ? আপনারা তো তক্ষুনি চেপে ধরবেন, strike করাবেন।

[2—2-10 p. m.]

The motion of Shri Aswni Roy that the following proviso be added to clause 26(1) :

> "Provided that the change of designation and duties should have regard to experience, efficiency, skill, educational qualification and seniority of services and any dispute shall be referred to the Council."

The motions of Shri Nikhil Das—

that in clause 26(1), line 4, the words "in in the opinion of the Board," be omitted,

that in clause 26(1), in line 5, afrer the word "were" the words "engaged in service permanently or temporarily" be inserted,

that in clause 26(1), lines 5-6, the words "primarily engaged in the construction and operation of the same" be omited,

that proviso to clause 26(1) be omitted,

that following proviso be added to clause 26(1):

"Provided that any dispute in respect of salary, grade of pay, allowance, rank, nature of duties, age of superannuation, etc., and also whether a person was engaged on the date of taking over shall be referred to an appellate body to be constituted by the State Government from amongst persons not below the rank of High Court Judges."

were then pnt and a division taken with the following result:

Noes—66

Abdul Bari Moktar, Shri
Abul Latif, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri, Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Bose, Shri Promode Ranjan
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shrimati Santi
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Halder, Shri Jagadish Chandra
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hemram, Shri Kamala Kanta
Karam Hossain, Shri
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
Saha, Shri Dhaneswar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Sankar Narayan
Sinha, Shri Phanis Chandra

Ayes—33

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Bakshi, Shri Monoranjan
Banerjee, Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Das, Shri Gobardhan
Das, Shri Narayandas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Dey, Shri Jiban Krishna
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Hamal, Shri Bhadra Bahadur
Josse, Shri Lakshmi Ranjan
Kuiry, Shri Daman
Mahata, Shri Padak
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Nawab Jani Meerza, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhur, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 33 and the Noes 66, the motions were lost.

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

Clause 27

Mr. Speaker : Amendment No. 212 is out of order.

The question that clause 27 do stand part of the Bill was then put and agreed to.

Clause 28

The question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clause 29

The question that clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 30 and 31

The question that clauses 30 and 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32

The question that clause 32 do stand part of the Bill was then put and agreed to.

Clause 33

[2—2-10 p. m.]

Shri Aswini Roy : Sir, I beg to move that clause 33(1) (c) (i) be omitted.

I also move that in clause 33(c) (ii), line 1, for the figure "7½" the figure "5" be substituted.

I also move that the following provisos be added to clause 33(d) :

Provided that no such Tax shall be imposed for next five years from the date of this Act coming into force in the rural areas included in the Municipalities in 1964-65 and onwars.

Provided further that in case areas under the Municipalities other than Calcutta and the areas of Howrah Corporation, as was in 1964, the taxes in section 33 (c) should not exceed 50 per cent. the aforesaid rates for next five years after coming of this Act into force."

Shri Aswini Roy: মাননীয় স্পীকার মহাশয়, ৩৩নং clauseএ আমার কয়েকটি amendment আছে সংখ্যা হচ্ছে 96, 100, 107. 196এ আমি বলছি 33 (1) (c) (i) এই clauseটা delete করা হোক। 100নং এ আমি বলছি যেখানে 7½% valuation ক্ষেত্র আছে সেটা 5% করা হোক। তারপর একটা proviso No. 107, clause 33তে কি বলা হচ্ছে? বলা হচ্ছে যে changes and fees জলের জন্য বা অন্যান্য ব্যাপারে ধার্য করা হবে, tax ধার্য করা হবে। আমি sub-clause c (i) omit করতে চাচ্ছি। এর মধ্যে দিয়ে বলা হচ্ছে যাদের সম্পত্তির বার্ষিক valuation ১,০০০ টাকার নীচে হবে তাদের উপর শতকরা পাঁচ ভাগ tax বসবে। আজকালকার দিনে যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে এবং কলকাতা শহরে বা আশেপাশে যেসব low income groupএর লোক আছে তাদের সরকার থেকে বাড়ী তৈরি করবার জন্য লোক loan দেওয়া হচ্ছে তাতে তাদেরই 5% জলের জন্য বা অন্যান্য garbage ইত্যাদির জন্য tax দিতে হবে এটা ঠিক সুসামঞ্জস্য হচ্ছে না। সেজন্য আমি বলছি এই 33 (1) (c) (i) এই ধারাটা, অর্থাৎ lower income group কে tax এর আওতা থেকে বাদ দেওয়া উচিত। তারপর, যাদের ১,০০০ টাকার বেশি আয়, ৫,০০০ টাকা পর্যন্ত, তাদের উপর 7½% ট্যাক্স করতে যাচ্ছেন। এটা তাদের পক্ষে, এসব middle income group এর পক্ষে punitive হবে। সেজন্য আমি বলছি—এটা 5% করা হোক। তারপর আমার একটা proviso আছে, সেটা হচ্ছে Provided that no such tax shall be imposed for the next five years from the date of this Act coming into force in the rural areas included in the municipalities in 1964-65 and onwards. Provided further that in case of areas under the municipalities other than Calcutta and the areas of Howrah Corporation, as was in 1964, the taxes in section 33 (c) should not exceed 50 per cent the aforesaid rates for the next five years after coming of this Act into force এই proviso টা কিসের জন্য? কিছুদিন আগে কতগুলি গ্রামাঞ্চল যেগুলি পঞ্চায়েতের ভিতর ছিল সেগুলি মিউনিসিপ্যালেটির মধ্যে অন্তভুক্ত হয়েছে। আবার ছোট মিউনিসিপ্যালেটি বড় মিউনিসিপ্যালেটির অন্তর্ভুক্ত হয়েছে। এখন এর ফল কি হয়েছে? হাওড়ার সংগে বালি আসার ফলে হাওড়ায় যে assessment rate সেটা বালির লোকদের দিতে হবে। এই দুটো area হবার ফলে বালি মিউনিরিপ্যালেটির area-র লোকদের হাওড়া মিউনিসিপ্যালেটি area-র লোকদের মতো এক ধরনের ট্যাক্স দিতে হবে, এমন কি Calcutta Corporation এর যে হার সেই হারে valuation হবে এবং সেই হারে ট্যাক্স দিতে হবে। সেজন্য যেসব গ্রামাঞ্চল মিউনিসিপ্যালেটির অন্তর্ভূক্ত হয়েছে অথচ যাদের কোনরকম development হয়েছে তাদের প্রতি অন্যায় করা হবে। ছোট মিউনিসিপ্যালেটি বড় মিউনিসিপ্যালেটির মধ্যে চলে এসেও সেখানকার উন্নতির হার কম হবে, সেইজন্যই আমি এই proviso টা রেখেছি। কাজেই এই জিনিসগুলি বিবেচনা করে আমি এই প্রভাইসোটা রাখার কথা বলছি, উনি অন্তত: এইভাবে একটা প্রভাইসো করে রাখুন। প্রথমে আমার যে অ্যামেণ্ডমেন্ট নং ৯৬, যেখানে আমি বলছি যে অন্তত: লোয়ার ইনকাম গ্রুপের যে সব লোক বা তাদের নীচের যে সব লোক তাদের অন্তত: এই নূতন ট্যাক্সেশনের হাত থেকে রেহাই দেওয়া হোক এবং আমি অনুরোধ করছি প্রভাইসো যে আর একটা আছে সেটাও গ্রহণ করা হোক।

[2-10—2-20 p.m.]

Shri Gopal Banerjee : Sir, I beg to move that for clause 33(1)(d), the following be substituted :

(d) a the further graduated tax, which may be at rates different for different areas, on the annual valuation of all lands and buildings in any area in respect of which the Authority takes over the responsibilities of collection and disposal of garbage under clause (b) of sub-section (1) of section 10 and which shall not exced—

(i) 2 per cent, on the annual valuation—where the annual valuation does not exced one thousand rupees ;

(ii) 4 per cent, on the annual valuation—where the annual valuation exceeds one thousand rupees, but does not exceed five thousand rupees ;

(iii) 6 per cent on the annual valuation where the annual valuation exceeds five thousand rupees, but not exceed ten thousand rupees ;

(iv) 8 per cent on the annual valuation where the annual valuation exceeds ten thousand rupees.

স্যার, এখানে যে ট্যাক্সেশনের ব্যাপার আছে তাতে ওয়াটার চার্জ একটা আছে যেটা কনজামশসন বেসিসে হবে এবং সুয়ারেজের জন্য যে চার্জ হবে সেটা হবে ওয়াটার চার্জের উপর একটা সারচার্জ। একটা গ্রাজুয়েটেড ট্যাক্সও অছে, এই গ্রাজুয়েটেড ট্যাক্স তুলে দেবার যে প্রস্তাব এনেছেন অশ্বিনীবাবু এটাকে আমি সমর্থন করছি। কিন্তু সেটা সমর্থন করলেও শৈলবাবু তা মানবেন না। যেটা মানতে পারবেন এবং যেটা মানা উচিত এবং উনি যা নিয়ে এতক্ষণ আমাদের বুঝিয়েছেন যে গরীব লোকের উপর ট্যাক্সের বোঝা কম চাপান এবং বড় লোকের উপর বেশী ট্যাক্স চাপান সেই রকম ৩৩(১)(ডি) সেখানে একটা প্রভিশন আছে ঐ ডিসপোজাল অব গার্বেজের জন্য সেটা একটা ফ্ল্যাট রেট আছে five per cent on annual valuation of lands and buildings in any area in respect of which the Authority takes over the responsibility of collection and disposal of garbage. আমার বক্তব্য হচ্ছে আগে যেমন গ্রাজুয়েটেড ট্যাক্স রাখা হয়েছে তেমনি এখানেও ওটা গ্রাজুয়েটেড করে দিন। কেন না আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে এই এখানে যে রকম জেনারেল পারপাসে গ্রাজুয়েটেড ট্যাক্স আছে, গ্রার্বেজের বেলাতেও ঠিক এই রকম ভ্যালুয়েশনের ক্ষেত্রে যেমন ৫, ৭॥, ১০ এবং ১৫ আছে সেই রকমভাবে ২, ৪, ৬, ৮, পার্সেণ্ট রাখা হোক। এতে করে ট্যাক্সেশনের যেটুকু প্রিন্সিপল এখানে অ্যাকসেপ্টেড হয়েছে যে ওয়াটার চার্জ কনজামশনের উপর হবে, যে বেশী কনজিউম করবে তাকে বেশী চার্জ দিতে হবে তেমনি সুয়ারেজের জন্য যে ট্যাক্স হবে সেটাও একটা কনজামশন বেসিসে হবে। কিন্তু এখানে একটা ফ্ল্যাট রেট আছে, যার কম গার্বেজ অথবা যে বাড়ী থেকে, যে বাড়ী ছোট, স্বভাবতই তার গার্বেজ কম, সেখানে তাকেও ৫ পার্সেন্ট অন দি অ্যানুয়েল ভ্যালুয়েশন ট্যাক্স দিতে হচ্ছে, সেখানে গ্রাজুয়েটেড ট্যাক্সের প্রিন্সিপলটা নেই সেজন্য আমি বলছি এখানে অন্তত: গ্রাজুয়েটেড ট্যাক্সের প্রিন্সিপিলটা নেওয়া হোক সেখানে ২, ৪, ৬, ৮, পার্সেন্ট ভ্যালুয়েশন যেখানে হাজারের কম, পাঁচ হাজারের কম, দশ হাজারের কম এবং দশ হাজারের বেশী এইভাবে রাখা হোক। এই ট্যাক্সেশন যদি এইভাবে করা হয় তাহলে যে অ্যান্টিসিপেটেড ইনকাম তাও বোধহয় আমার মনে হয় কোন তারতম্য হবে না, এবং এটা রিজিনেবেল এবং র‍্যাশনাল বেসিসে হয়। সেজন্য আমি এটা মুভ করছি।

Shri Nikhil Das *: Sir, I beg to move that in clause 33(1)(c), line 1, for the words "a graduated tax" the words "pending imposition of* water charges and of surcharges under clauses (a)and(b) of sub-section(1) of section 33 a graduate tax" be substituted.

Sir, I also beg to move that in clause 33(1)(c)(i), line 1, for the words "5 per cent" the words "2 per cent" be substituted.

Sir, I also beg to move that in clause 33(1)(c)(ii), line 1, for the words "7½ per cent" the words "15 per cent" be substituted.

Sir, I also beg to move that for clause 33(1)(d), the following be substituted:

"(d) a further graduated tax, which may be at rates different for defferent areas, on the annual valuation of all lands and buildings in any area in respect of which the Authority takes over the responsibilities of collection and disposal of garbage under clause (b) of sub-section (1) of section 10 and which shall not exceed—

(i) 1 per cent on the annual valuation—where the annual valuation does not exceed one thousand rupees;

(ii) 3 per cent on the annual valuation—where the annual valuation exceeds one thousand rupees, but does not exceed five thousand rupees;

(iii) 6 per cent on the annual valuation—where the annual valuation exceeds five thousand rupees, but does not exceed ten thousand rupees;

(iv) 8 per cent on the annual valuation—where the annual valuation exceeds ten thousand rupees."

স্যার, ক্লজ ৩৩টা একটু মারাত্মক ক্লজ। কারণ আমাদের সাধারণ মানুষকে জল এবং ড্রেনেজের জন্য কি পয়সা দিতে হবে ৩৩ ক্লজ তা বলে দিচ্ছে অর্থাৎ আমি যে মুখ ধোবার জল ব্যবহার করবো, খাবার জল ব্যবহার করবো তার জন্য আমি কি পয়সা দেবো এবং গার্বেজ পরিষ্কার করার জন্য আমি কি পয়সা দেবো সেটাই হচ্ছে এই ক্লজের মেজর কথা। সুতরাং এটা একটা ইমপর্টান্ট ক্লজ এবং যেভাবে এই ক্লজটা আছে তাতে আমার মনে হচ্ছে যে ডবল ট্যাক্সেশন রয়েছে যেটা থাকা উচিত নয়। শৈলবাবু বলছেন যে তিনি গরীবকে মুক্তি দিতে চান। কিন্তু গরীবের উপর চাপ বেশী রয়েছে সেটাই আমি আমার অ্যামেণ্ডমেন্টের মধ্যে দিয়ে বুঝাচ্ছি। প্রথম অ্যামেণ্ডমেন্টটা হচ্ছে ২২২, সেটা হচ্ছে ৩৩(১)(সি) সম্পর্কে, এ গ্রাজুয়েটেড ট্যাক্স, আমি এখানে বলছি গ্র্যাজুয়েটেড ট্যাক্সের দরকার কেন? আপনি একটা ওয়াটার চার্জ নিচ্ছেন মিটার করে, সুয়ারেজের জন্য সারচার্জ নিচ্ছেন গ্র্যাজুয়েটেড ট্যাক্সের আর দরকার কি? কারণ আপনার কাজ ওয়াটার সাপ্লাই এবং ড্রেনেজ, তার জন্য যখন চার্জ এবং সারচার্জ নিচ্ছেন তখন গ্রাজুয়েটেড চার্জের দরকার কি? সুতরাং আমি অ্যামেণ্ডমেন্ট দিচ্ছি যে পর্যন্ত মিটার না বসাতে পারছেন পেণ্ডিং দি ইমপোজিশন অব ওয়াটার চার্জেস অ্যাণ্ড সারচার্জেস সে পর্যন্ত আপনি এই গ্রাজুয়েটেড ট্যাক্স তুলবেন কিন্তু যে মুহূর্তে মিটার বসে যাওয়ায় আমরা ওয়াটার চার্জ এবং সারচার্জ দিচ্ছি সেই মুহূর্তে এই গ্র্যাজুয়েটেড ট্যাক্সের আর দরকার নেই, ডবল ট্যাক্স করা উচিত নয়। এক জল খাওয়ার জন্য আমি কেন দু'বার ট্যাক্স দেবো? একবার মিটারে দেবো, আর একবার গ্র্যাজুয়েটেড ট্যাক্স আমার কাছ থেকে নেবেন তা কেন? সেজন্য আমার অ্যামেণ্ডমেন্ট হচ্ছে

A graduated tax pending imposition of water charges and of surcharges in clause (a) and (b) of sub-section (1) of section 33, সেজন্য গ্র্যাজুয়েটেড ট্যাক্সের বেলায় বলছি যে গ্র্যাজুয়েটেড ট্যাক্সটা কণ্ডিশনাল। আপনি কখন নেবেন না যে পর্যন্ত না মিটার বসছে সে পর্যন্ত এই গ্র্যাজুয়েটেড ট্যাক্স নেবেন। কিন্তু আপনি করছেন কি, না ওয়াটার চার্জ নিচ্ছেন, সুয়ারেজের জন্য সারচার্জ নিচ্ছেন, আবার একটা গ্র্যাজুয়েটেড ট্যাক্স নিচ্ছেন। এটা কেন হবে? একটা জলের জন্য দু'বার ট্যাক্সেশন কেন? এই ডবল ট্যাক্সেশন করবেন না। আর গ্র্যাজুয়েটেড ট্যাক্সেশনের বেলায় আপনি যেটা ৫ পার্সেণ্ট বলেছেন ২২৪ এবং ২২৬ নং অ্যামেণ্ডমেণ্টে আমি বলেছি যে ৫ পার্সেণ্টটাকে ২ পার্সেণ্ট করুন, আর ৭॥% যেটা বলেছেন সেটাকে আমি ৫% করতে বলেছি। গরীব লোকদের আপনি রেহাই দিন, বড় লোকদের ঘাড়ে যত খুসী চাপান আমাদের কোন আপত্তি নেই। সেজন্য ওয়াটার সাপ্লাই, সুয়ারেজের ব্যাপারে আমার যে তিনটি অ্যামেণ্ডমেণ্ট আছে সেটা হচ্ছে যতদিন পর্যন্ত ওয়াটার চার্জ এবং সুয়ারেজের চার্জের জন্য মিটার না বসবে ততদিন পর্যন্ত আপনি গ্র্যাজুয়েটেড ট্যাক্স নিতে পারবেন, আর যখনই মিটার বসে যাবে তখনই আমি আর গ্র্যাজুয়েটেড ট্যাক্সের আওতায় আসবো না। আর গরীবদের জন্য আপনি অনেক বক্তৃতা দিয়েছেন, আমি বলছি তাদের রেহাই দিন, ৫%-এর জায়গায় ২% করুন এবং ৭॥%-এর জায়গায় ৫% করুন।

[2-20—2-30 p.m.]

তাহলে আপনাদের ট্যাক্সেশনটা কি হোল ফাইব পারসেণ্ট **for water supply and taxation,** আবার যে জল ব্যবহার করবো তার জন্য টাকা দিতে হবে—চার্জ দিতে হবে—আবার ড্রেন দিয়ে যে জল যাবে তার জন্য টাকা দিতে হবে। অর্থাৎ চার রকমের ট্যাক্সেশন করে কলকাতার লোককে নাজেহাল করে ছেড়ে দেবেন। অর্থাৎ এইভাবে একটা অথরিটি করে চমৎকার একটা বিল আনছেন যার দ্বারা লোক একেবারে নাজেহাল হয়ে যাবে। তারা কর্পোরেসনকে এক ধরণের ট্যাক্স দিচ্ছে, আপনাকে চার ধরণের ট্যাক্স দিতে হবে। কাজেই আমার মস্তা কথা হচ্ছে যে বড লোকদের বেলায় ৫% উপর করুন এবং গরীবদের বেলায় ৫% এর নীচে করুন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে যে কথাটা আমি তুলে ধরতে চাই সেটা হচ্ছে অথরিটি কর্পোরেসনের সমস্ত ক্ষমতাগুলি নিচ্ছেন না। কর্পোরেসনের হাতে রাস্তা, বাতি এবং আরও কয়েকটি কাজ থেকে যাচ্ছে। কাজেই কর্পোরেসনও ট্যাক্স নেবে। উনি দেখিয়ে দেবেন যে কর্পোরেসন জলের জন্য, ড্রেনেজের জন্য, নাইট সয়েল বা গ্যারবেজের জন্য ট্যাক্স নিতে পারবেন না বুঝলাম—কিন্তু আপনারা চারটি আইটেমের যে ট্যাক্সটা নিয়ে আসছেন সেই ট্যাক্সটা হচ্ছে কর্পোরেসনের সর্বসাকুল্যে যে ট্যাক্স নিচ্ছে তার চেয়ে বেশী। আপনারা গ্র্যাজুয়েটেড ট্যাক্স, ওয়াটার ট্যাক্স, সারচার্জ সবই নিচ্ছেন। অর্থাৎ সব মিলিয়ে প্রতিটি গরীব পরিবারের নট লেস ভ্যান ১৫% দাঁড়াবে তার পরে করপোরেসনকে ট্যাক্স দিতে হবে। অর্থাৎ ট্যাক্সের ধাক্কায় লোকে বলবে নমস্কার জল খাবার দরকার নেই, ভাল ড্রেনেজের দরকার নেই। আপনারা যে পরিমাণ ট্যাক্স করছেন তাতে লোকের জীবনকে নাজেহাল করবেন। তাই আমি শৈলবাবুকে অনুরোধ করবো যে তাঁরা লোকের জীবনকে যদি সুন্দর, ভাল করতে চান, যদি জল দিতে চান, কলকাতাকে যদি পরিষ্কার করতে চান তাহলে গরীব মানুষের ঘাড়ে ট্যাক্স চাপিয়ে তা করবেন না। তারা সেনট্রাল গভর্নমেণ্টের কাছ থেকে লোন নিন—এইভাবে অন্যভাবে করুন। খালি সাধারণ মানুষ ট্যাক্স দেবেন আর উন্নতি করবেন এ জিনিস করবেন না। আমরা জানি ফোর্ড ফাউণ্ডেসন প্রভৃতি বাইরের কাছ থেকে বেশী টাকা পাবেন না। সুতরাং এই ক্লজটা অত্যন্ত সিরিয়াস ক্লজ—কাজেই সাধারণ মানুষ ওয়াটারের জন্য দুই ধরণের ট্যাক্স দেবে ইট ইজ আন-জাষ্টিফায়েড এবং আন-ডেমোক্র্যাটিক এবং অপ্রেসিভ। সুতরাং আমি এই অ্যামেণ্ডমেণ্টটা মুভ করছি এবং যে ধারাটা আমাদের মন্ত্রিমহাশয় মুভ করেছেন আমি সেটাকে অপোজ করছি।

Shri Bijoy Kumar Banerjee : মিঃ স্পীকার, স্যার, এই ক্লজ ৩৩তে ট্যাক্সের কথা বলা হয়েছে। এবারে মেট্রোপলিটন বোর্ডের স্বরূপ দেখা গেছে। এতদিন বিশ্বপ্রেমের কথা অনেক শুনাতেন যে মেট্রোপেলিটন বোর্ড হবে এই কলকাতা পারিপার্শ্বিক যা কিছু আছে সব জল ড্রেণ্ড হয়ে একেবারে ঠিক হয়ে যাবে। স্যার, এই যে ব্যবস্থা হয়েছিল প্রথমে বিধানসভায় উঠে ১৯৬০ সালে তখন এদেশের মানুষের কাছ থেকে ট্যাক্স নিয়ে এই রকম করে মেট্রোপলিটন বোর্ড করবার কথা উঠে নি। তখন বলা হয়েছিল ডবলিউ, এইচ, ও, টীম আসছে—ইনভেষ্টিগেসন করবে কলেরা উঠিয়ে দেবে দেশ থেকে। কনসালট্যান্ট এসেছে—এসে আমাদের টাকা খয়রাতি করেছিল—ডবলিউ, এইচ, ও, আমাদের ১৬ লক্ষ টাকা আর আমরা দিয়েছিলাম ৮ লক্ষ টাকা এই ২৪ লক্ষ টাকা হোল—ফাইনালাইজ হবে পরে। তার পরে ফোর্ড ফাউণ্ডেসনের কাছে গেল আমাদের টাকা পয়সা নেই সুতরাং আমরা দ্বারস্থ হলাম ফোর্ড ফাউণ্ডেসনের কাছে—স্যার, এইসবের লিখিত ব্যবস্থা যা আছে তা আমি পরে পেশ করবো। এটা ঠিক হলো ফোর্ড ফাউণ্ডেসন ৫০ লক্ষ টাকা দেবে—আমাদের গভর্নমেন্ট ১ কোটি টাকা দেবে—কিন্তু সেই সব কি হোল? সব খৈ- বলা হয়ে গেল। এখন আসলে স্বরূপ দেখা যাচ্ছে—কলকাতার ইমপ্রুভমেন্ট করবার নাম করে ডবলিউ, এইচ, ও-কে সেখান থেকে আনিয়ে কলেরা বিদায় করবো, সমস্ত ব্যবস্থা হবে এই করে সাধারণ মানুষের উপর সেই সমস্ত ট্যাক্সের ভার চাপানো হোল। তার এই যে বাবুয়ানা বড় বড় অফিসার সাজ-সরঞ্জাম তাদের জন্য এই সমস্ত টাকা সাধারণ মানুষের কাছ থেকে যারা আজকে খেতে পাচ্ছে না তাদের কাছ থেকে মুচড়ে আদায় করা হবে। আজকে ক্যালকাটা মেট্রোপলিটন অর্গানাইজেসনের স্বরূপ এই দেখতে পাচ্ছে। করপোরেশন থেকে বলা হয়েছে যে জল আর ড্রেনের জন্য ট্যাক্স কিছু বাদ যাবে—কি বাদ যাবে জানি না। তার পরে সারচার্জ হবে ওয়াটার চার্জ হবে মিটার বসবে—কোথায় কবে—কোথায় মিটার কে দেবে কোথায় পাবেন মিটার সেই সব কথা এতে নেই। শুধু একটা কথা বলা হয়েছে আপনারা এখন ট্যাক্স দিয়ে যান আমরা বড় মানুষী করি। এসব কি হচ্ছে? এই ট্যাক্স কোনমতে হওয়া উচিত নয়। অত্যন্ত অগণতান্ত্রিক উপায়ে এ ট্যাক্স ধার্য হয়েছে। আমি শৈলবাবুকে বিনীত নিবেদন করবো আমি জানতে চাই ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেসনের ১৬ লক্ষ টাকা আর আমাদের ৮ লক্ষ টাকা এবং ফোর্ড ফাউণ্ডেসনের ৫০ লক্ষ টাকা অর্থাৎ এই ১ কোটি টাকা যার কথা জায়গায় জায়গায় উল্লেখ আছে দেখছি এই সব টাকা দিয়ে কি হয়েছে। আমরা জানি ডাঃ রায় ১৯৬২ সালে বলেছিলেন এই হাউসে দাঁড়িয়ে এ' টাকায় কোন কাজ হয়নি কোন কিছুই হয় নি এখন ইনভেষ্টিগেসন চলছে। তাহলে আমরা বুঝবো যে এই যে কোটি কোটি টাকা খরচ হয়েছে খালি ইনভেষ্টিগেসনের জন্যই হয়েছে? এই সব বড় বড় কথা বলে আজকে এখানে ট্যাক্স নেওয়া হচ্ছে। এখানে যে ট্যাক্স নেওয়া হচ্ছে এটা বেআইনী। এই ট্যাক্স নেবার কথা কোন দিন হয় নি। ক্যালকাটা মেট্রোপলিটন বোর্ডের-এর যখন উৎপত্তি হয়েছিল তখন বিধানসভায় খুব ভালভাবে সে কথাগুলি উহ্য রাখা হয়েছিল—নট অনলি ছাট, যখন মূল প্রস্তাব এখানে এক বিরোধী সদস্য দেন—তাঁর প্রস্তাবের ভিত্তিতে এই মেট্রোপলিটন বোর্ডের কথা যখন উত্থাপিত হয় তখন পরিষ্কারভাবে এখানে রেজলিউসনে ছিল যে কোন ট্যাক্স করপোরেশন কিংবা গভর্নমেন্ট করতে পারবেন না। এই টাকা সেন্ট্রাল থেকে সাবসিডি হিসাবে নেওয়া হবে। শুধু সংখ্যাগরিষ্ঠতার জোরে সেইসব চেকস অ্যাণ্ড সেফগার্ডস কাটিয়ে দেওয়া হয়েছে। এ'টুকু খালি রাখা হয়েছে মেট্রোপলিটন বোর্ড হোক। বিদেশীদের কাছ থেকে যাদের এই ব্যাপারে অভিজ্ঞতা আছে সেই সমস্ত বিশেষজ্ঞদের কাছে গিয়ে মড়া কান্না কেঁদেছেন। স্যার, এর দায়িত্ব সেন্ট্রাল পালন করবে—কারণ কলকাতা বা তার পারিপার্শ্বিক যে সমস্ত জায়গা আছে—তার অবস্থা এই রকম এইজন্য হয়েছে সেন্ট্রালের গদিতে মন্ত্রীত্ব করবার জন্য—যাঁরা মন্ত্রী পদে আজ অধিষ্ঠিত হয়ে আছেন তাঁদের জন্যই আজ পৌর শাসনব্যবস্থা ভেঙ্গে গেছে। সুতরাং সেন্ট্রালের এই যে মূল দায়িত্ব সেই দায়িত্ব পালন করাতে তাদের বাধ্য করাতে হবে, টাকা তাদের দিতে হবে। তা যদি না দেওয়া হয় তাহলে এই গরীব

লোক যাঁরা আছেন কলকাতায় কিংবা কলকাতার আশেপাশে ৩২টি মিউনিসিপ্যালিতে তাদের এক পয়সাও নীতিগতভাবে দেওয়া উচিত নয়। তাছাড়া আজকে কোথায় জল কোথায় ড্রেন তার ঠিকানা নেই অথচ আজ থেকে ট্যাক্স ঠিক মত চলবে ট্যাক্সির মিটারের মত। কোন সভ্যজগতে এরকম হয় নি। এই রকম বিল ভারতবর্ষের কোন জায়গায় হয় নি। ডেভলেপমেন্টের নাম করে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেসনকে এনে দেশের মানুষের সমস্ত টাকা কেড়ে নেবার জন্য একটা বিরাট প্রতিষ্ঠান তৈরী করে ধোকা দেওয়া হচ্ছে। আমি জানি ১০ বছরের ভিতর এক ফোটা জলও এখানে বাড়বে না—এখনও বাড়েনি ১৮ বছরের রাজত্বে কলেরা বন্ধ করতে পারা যায় নি। সুতরাং এই ট্যাক্সের আমি বিরোধিতা করি নীতিগতভাবে এবং আইনত এই ট্যাক্স ধার্য হতে পারে না।

[2-30—2-40 p.m.]

Shri Hemanta Kumar Basu: স্যার, এ বিলে taxation হল সব চেয়ে বেশী Important ধারা। দেশের লোকের উপর যে tax আছে সেটা তারা এখনই সইতে পারছে না. তার উপর যদি এরূপভাবে taxation করা হয়—15 per cent taxation লোককে সেটা বিয়ার করতে পারবে না। লোকে যে বিয়ার করতে পারবে না এটা সকলে জানে, Metropolitan Bill আসবার আগে যখন প্রথম Resolution হয় তখন আমরা ভাবিনি যে দেশের লোকের উপর মোটা tax চাপবে। Calcutta Port হচ্ছে Central Government এর অধীনে। এবং এর যা কিছু আয় Central Government এর কাছে যায়। কাজেই ক্যালকাটা পোর্ট যাতে ঠিকমত ডেভালাপ থাকে তাহলে তাতে নিশ্চয় Central Governmentএর কর্তব্য রয়েছে। কাজেই সেদিক থেকে দেশের জনসাধারণ ও একবার তারা Corporation Tax দেবে, একবার তারা Metropolitant Tax দেবে এক ঠিকানায়। Metropolitant বোর্ড যে সমস্ত কাজের দায়িত্ব নেবে, সে সমস্ত কাজ বলা হচ্ছে Corporation Tax কমান হবে, Corporation যে কতকগুলি বিষয় tax দিতে হবে আবার Metropolitan বোর্ডকেও tax দিতে হবে। সুতরাং tax কমান হল এরূপভাবে যদি tax হয় তাহালে Calcutta Metropolitan Districtএর লোকেরা নিশ্চয় বেশী ক্ষতিগ্রস্থ হবে, এবং এরূপ tax এর বোঝা তাদের পক্ষে দেওয়া সম্ভব হবে না। সেজন্য বলছি যতক্ষণ না fully develop হচ্ছে, জলের ব্যবস্থা হচ্ছে, গারবেজের ব্যবস্থা না হচ্ছে ততক্ষণ tax চাপান উচিত না, Central Government থেকে যে টাকা পাবেন বলছেন সে টাকা দিয়ে Develop করা উচিত। লোকের উপর tax চাপালে চলবে না। প্রায় ১৫% per cent যে taxation এটা অত্যন্ত বেশী হবে। কারণ তাকে ডিসট্রিক্ট বোর্ড, একবার Municipality তারপর Corporationকে দিতে হবে। হয়ত ঐ সমস্ত বিষয় tax দিতে হবে না কিন্তু উভয় tax যদি যোগ করা যায় তাহালে পরিমাণ বেশী হবে সন্দেহ নেই। সেজন্য বলছি নীচের দিকে যারা তাদের উপর যতটা tax কমান যায় করুন এবং নিখিলবাবুর প্রস্তাব গ্রহণ করুন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: স্যার, এই ক্লজটা খুব গুরুত্বপূর্ণ। এটা ট্যাক্সেসান ক্লজ। কাজের জন্য যে ট্যাক্সেসানের প্রয়োজন এটা কেউ অস্বীকার করে না। ট্যাক্সেসান যেভাবে করা হচ্ছে এটা আমরা আপত্তি করছি। স্যার দেখবেন যে ওয়াটার চার্জ যেভাবে করা হয়েছে সারচার্জ অন ওয়াটার কর সুয়োরেজ যেভাবে করা হয়েছে further tax for disposal of garbage, কিন্তু (সি)তে গ্রাজুয়েটেড ট্যাক্সএ বলা হয়েছে যে এটার জাসটিফিকেসান হয়েছে। তাছাড়া মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে (সি)তে যা বলা হয়েছে সেটার আসলে কোন জাসটিফিকেসান নেই। কাজেই এই স্কীমটা সেই হিসাবে ঠিক নয়। যা হোক এই স্কীম যদি আরো ট্যাকসেসানের প্রয়োজন হয় ঐ ওয়াটার চার্জ, সারচার্জ, গারভেজ চার্জ ছাড়া তাহলে এটা অনুরোধ করব যে এটাকে বাঁচিয়ে দিন। তার মানে (সি) (১) এটা

বাদ দিয়ে দিন, এর উপর ট্যাক্স করবেন না। 5 per cent of the annual valuation where the annual valuation does not exceed one thousand rupees. ওয়ান থাউজেনটের কম যাদের ইয়ারলি ভ্যালুয়েসান তাদের উপর ক্যারদার ট্যাক্সেসান করবেন না। (11) সাড়ে সাত পারসেন্ট যেটা করছেন সেখানে ওয়ান থাউজেন্ট রুপিজ টু ফাইভ থাউজেন্ট রুপিজ এটা করুন। আর ফাইভ পারসেন্ট গারভেজ ট্যাক্স সেটা সকলের জন্য কেন সমান হবে? এখানে কোন গ্রেডেসান করবেন না। যেখানে গরীব লোক থাকে সেখানে যদি তা করেন তাহলে এটা খুব বেশী হবে। বেটার কনডিসান অন দি হোল যাতে হয় সেটা করুন। যদি ফাইভ পারসেনটের জায়গায় এইট পারসেন্ট হয়, তাহলে দেখবেন যে এই গ্রেডেসানেড জন্য গরীব লোকেদের আরো ট্যাক্স দিতে হচ্ছে। সেইজন্য গরীব লোকেদের এই ট্যাকস থেকে বাদ দেবার জন্য অনুরোধ করছি।

Shri Panchu Gopal Bhadury: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ধারনাটা এই ধারাটাতে আপত্তি জানান অত্যন্ত প্রয়োজন বলে মনে করি। বিলের ৫ নম্বর এবং ৭ নম্বর ধারায় শৈলবাবু গণতন্ত্রে জল্লাদের ভূমিকার কাজ করছেন। এই রকম যে ব্যবস্থা করতে চাইছে যদি ধারার বিভিন্ন উপধারায় ব্যবস্থা যথেষ্ট পরিমাণে সংশোধন না করেন তাহলে কিভাবে কলকাতা শহর গরীবদের এবং গৃহস্তদের বহিষকারের ব্যবস্থা করা হবে সে কথা বলা হয়েছে। এই বিলটা সেদিক দিয়ে শুধু অগণতান্ত্রিক নয়, নিম্ন মধ্যবিত্ত যারা তাদের বহিষ্কারের পরোয়ানা হিসাবে এটা এসেছে। সুতরাং সুন্দর কলকাতায় সেখানে গরীব এবং মধ্যবিত্তরা থাকতে পারছে না এবং তার প্রমান পাওয়া যায় এই ধরনের জিনিসের মধ্য দিয়ে। আমি কটু কথা বলতে চাই না, বেশী কথা বলেও লাভ নেই। কিন্তু তলোয়ারের ধারে যে হাত পা কেটে যেতে পারে সে সম্ভবনা আছে। আমি অনুরোধ করবো শৈলবাবুকে যে তিনি তাঁর মত পরিবর্তন করে বিরোধীপক্ষ থেকে যে সংশোধনী এসেছে সেটা গ্রহণ করুন এবং এইভাবেই পরিবর্তন করুন।

Shri Girija Bhusan Mukherjee: স্যার, এই ট্যাক্সেসান সম্পর্কে কিছু বলা উচিত। কারণ, অনেক ইউনিয়ন বোর্ডের এরিয়া এর মধ্যে ঢোকান হয়েছে। আগামী বছর আমরা দেখতে পাবো যে ঐ সমস্ত অঞ্চলে মানুষের উপর ট্যাক্স বাড়বে। মেট্রোপলিটান বোর্ড শুধু একটা হাইপার বডি হয়েছে, অর্থাৎ যে মানুষ আজকে কিছু পারছে না তার উপর আরো ট্যাক্স বাড়িয়ে কলকাতায় একটা ১৪ তোলা বিল্ডিং হবে। কিন্তু সমস্ত ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে সরকার যে কথা বলেন, কাজের ক্ষেত্রে তা সমস্ত পরিবর্তন করেন। আজকে মেট্রোপলিটান স্কীমের মধ্যে অনেক ভাল জিনিস আছে। কিন্তু বাস্তবে ট্যাক্স যেভাবে বাড়বে সে ট্যাক্স দেবার ক্ষমতা এই মধ্যবিত্ত শ্রেণীর লোকদের নেই। সেভাবে আপনারা কোন অ্যাসেসমেন্ট করেন নি। আমি বলছি আগামী ১০ বছরের মধ্যে, সাঁকরাইল, যে এলাকায় জল কম সেখানে কিছু দেওয়া সম্ভব হবে কিনা। অথচ আগামী বছর থেকে তাদের ট্যাক্স দিতে হবে। সুতরাং আমি বলছি ঐ সমস্ত দরিদ্র অঞ্চলের মানুষ তাদেরও ট্যাক্স দিতে হবে। সেজন্য আমি বলছি তাদের provision রাখা হোক। ৫ পারসেন্ট আপ টু ওয়ান থাউজেন্ট এটা তুলে দেওয়া হোক। এটার কোন মানে হয় না। সেদিক থেকে গোপালবাবুর অ্যামেণ্ডমেন্টকে আমি সমর্থন করছি সেটা হচ্ছে ২% হওয়া উচিত। অ্যানুয়েল ভ্যালুয়েসানের যে ধারা কত পারসেন্ট চলে যাচ্ছে ২৫% ম্যাকসিমাম ট্যাক্স সে ক্ষেত্রে এটা মিউনিসিপ্যালেটির বেলায় দেখা যাচ্ছে বেড়ে গেছে। সুতরাং এইভাবে যদি মানুষের কাছে শোষণের যন্ত্র শানিত করেন তাহলে বাংলা দেশের এই মানুষ এই বিলের মধ্য দিয়ে তাদের প্রতিবাদ জানাবে এটা জানাতে চাই।

Shri Monoranjan Roy: মাননীয় স্পীকার, স্যার, আমি এই ট্যাক্স সম্বন্ধে কিছু বলতে চাই কারণ আমরা দেখছি যে taxation এর ব্যাপারে সে প্রশ্ন এখানে উত্থাপিত হয়নি, Metropolitan Bill এর সমস্ত বিষয়টির আলোচনার সময় আমরা এটা অনুসন্ধান করে দেখেছি।

আমরা দেখেছি যারা কমিটিতে উপস্থিত ছিলেন তাঁরা অনেকেই এর বিরোধীতা করেছিলেন। কিন্তু এখানে আমাদের বিল যখন এল note of dissent দিচ্ছেন। হয়ত দেখবেন যে আমরা এ সম্বন্ধে তীব্র আপত্তি করেছি, tax কিভাবে বাড়ান হচ্ছে সেটা দেখুন। আজকে last straw on the camels এইভাবে দেখছি। এইভাবে পশ্চিম বংলার মানুষকে আজকে অন্য প্রদেশের চেয়ে বেশী tax দিতে হচ্ছে। অর্থমন্ত্রী মহাশয় এটা খুব ভালই জানেন কারণ তিনি বাজেট পেশ করবার সময় বলেছিলেন যা হোক তার উপর Corporation এবং মিউনিসিপ্যালিটি tax কম হবে এই সম্পর্কে ঠিক করতে হবে। Corporation এবং Municipality কে বাদ দিয়ে যদি চালাতে হয় তাহলে tax যেটা মোটামুটি আছে সেটা হবে তা না হলে মিউনিসিপ্যাল এবং করপোরেশন হয়ত সামান্য কিছু কমবে কিন্তু সে জায়গায় যে tax দিতে হবে corporation এবং মিউনিসিপ্যালিটিকে আলাদা আলাদা করে সেটা অনেক বেশী। তারপর তাঁরা যে কতটা কমাবেন,

[2-40—2-50 p.m.]

বা কমবেন না, সেটাত শেষ পর্য ঐভাবে হবে না, কে কত পরিমানে এঁরা waterটা নিয়ে গেছেন, তাঁর উপর water tax হিসাবে, ট্যাক্স কতটা কমান দরকার, এটা করা হবে, কি ঐটা কমান হবে, এইভাবে জিনিসটা আসবেই না। সেইজন্য মোটামুটিভাবে একটা ট্যাক্স ধার্য করে দিয়ে, খুব সামান্য কমান হবে। কিন্তু এইখানে যখন আসবে, তখন একের পর এক করে, surcharge তাদের ঘাড়ে চাপাতে থাকবে। ট্যাক্সের হিসাবে রয়েছে, তারা জলের জন্য ট্যাক্স দিচ্ছেন, তারপর জলের meter বসানোর জন্য, তার উপর আবার surcharge দিচ্ছেন, surcharge maintainএর জন্য tax দিচ্ছেন, তারপর আবার garbrage clearance এর জন্য 5% of the annual valuation এর উপর tax হচ্ছে। আর graduated tax, যেটা ধরা হয়েছে ঐ যে 5%, 7½%, 15% পর্যন্ত, এবং ঐ যে আর একটা tax 5% ধরা হচ্ছে, এটা অত্যন্ত বেশী। এখন এই জিনিসটা আমরা পরিস্কার বুঝতে পারছি যে জলের মিটার যতদিন পর্যন্ত বসান হবে না, এই বিল পাস হয়ে যাবার পর, এরা আবার নূতন করে assessment করবেন। Assessment করে, valuation অনুযায়ী তাঁরা tax কমাবেন। এটা একটা মারাত্মক জিনিস হতে যাচ্ছে। এই জিনিসটা জনসাধারণ আজকে হয়ত বুঝতে পারছেন না, কারণ, বিলটা এখনও পর্যন্ত এই হাউসের সামনে রয়েছে, জনসাধারণের সামনে বিলটি নেই। কিন্তু আমরা বুঝতে পারছি পরিষ্কারভাবে, যে, যে মুহূর্তে বিলটি পাশ হয়ে যাবে, সেই মুহূর্তে, নূতন assessment করে বাড়ীর valuation এবং land-এর valuation বেশী করে দেখান হবে ; তার বিরুদ্ধে প্রতিবাদ করার সুযোগটা, কর্পোরেশনে বা মিউনিসিপ্যালিটিতে আছে তাও থাকবে না। এইভাবে আমাদের উপর একটার পর একটা করে, ট্যাক্সের বোঝা চাপান হবে।

তারপর দেখছি জলের ব্যাপার। তারা বর্তমানে যে পরিমান জল দিচ্ছেন, তারচেয়ে ১০ গ্যালন জল বেশী দেবেন বলছেন। কর্পোরেশনকে ৬০ গ্যালন, মিউনিসিপ্যালিটিগুলিকে ৫০ গ্যালন করে জল দিতে পারবেন। আশা করছেন যে বছরে অন্তত দু-হাজার গ্যালন করে জল সরবরাহ করতে পারবেন। কিন্তু ট্যাক্সটাত এখন থেকেই দিতে হবে। এঁদের high administrative charge, আর অ্যামেরিকার থেকে যে টাকা আনছেন, তার সুদ, এই সমস্ত টাকা, শেষ পর্যন্ত জনসাধারণের কাছ থেকে ট্যাক্সের বাবদ আদায় করে নিয়ে তাদের এই administrative high charge, আর ঐ অ্যামেরিকার টাকা শোধ দিতে হবে।

নিখিলবাবু যে অ্যামেণ্ডমেন্টটা দিয়েছেন, সেই অ্যামেণ্ডমেন্টটাকে সমর্থন করে আমি বলছি যে ট্যাক্সটা এইভাবে ধার্য করলে, অত্যন্ত অন্যায় হবে। জনসাধারণের উপর আপনারা যা ইচ্ছা, তাই করছেন, এবং ভবিষ্যতেও তাই করবেন, এটা আমরা সকলে জানি। শৈলবাবু আমাদের কোন কথাই গ্রাহ্য করবেন না। তাঁর নিজের দলের লোকরাই যখন সিলেক্ট কমিটিতে বলেছিল, তা গ্রাহ্য করেননি, আর আমাদের কথা গ্রাহ্য করবেন, এ রকম চিন্তা করার কোন কারণ নেই। তা সত্বেও, আমাদের দায়িত্ব আছে বলেই, আমরা বলে যাচ্ছি, যে এইভাবে ট্যাক্স যদি নেন এবং

'last straw on the camel's back'-এর মত, ট্যাক্সের বোঝা যদি জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেন, তাহলে ঐ যে সমস্ত গরীব refugee, যারা এখানে এসে, ছোটখাটো একটা ঘর তুলে, বা hut করে, বা একটা কুঁড়ে ঘর তুলে, বাস করছেন, তাদের উপরে এই ট্যাক্স চাপাবার অর্থ হচ্ছে, তাদের ওখান থেকে আরও দূরে সরিয়ে দেওয়া। মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত পরিবারে, যারা কলকাতায় নিজের বাড়ীতে বাস করছেন, তারা এত ট্যাক্স দিয়ে, বাড়ী রাখতে পারবেন না, বাড়ী বিক্রয় করে দিয়ে কলকাতা ছেড়ে দিয়ে তাঁদের অন্যত্র গিয়ে বাস করতে বাধ্য হবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় জানেন যে কলকাতার বহু এলাকায় নিম্ন মধ্যবিত্ত বা মধ্যবিত্ত বাঙ্গালী পরিবার, যারা ঘর, বাড়ী তৈরী করে, বাস করছিলেন, তারা ইতিমধ্যেই তাদের ঘর, বাড়ী বিক্রি করে দিয়ে, সেই সমস্ত এলাকা থেকে, ক্রমশ: দূরে, দূরে চলে গিয়েছেন, এবং এখনও যাচ্ছেন। আমি কয়েকটা রাস্তার নাম করতে পারি, যেখানে আজকে মধ্যবিত্ত বাঙ্গালীরা, একজনও নেই। তাঁরা সেখান থেকে বিতাড়িত হয়েছেন, তাঁদের ঘর, বাড়ী বিক্রয় করে দিয়ে, তাঁরা সেখান থেকে চলে যেতে বাধ্য হয়েছেন। এখন আবার এই ট্যাক্সটা যখন বসবে, তখন আরও বহু সংখ্যক বাঙ্গালীকে, তাদের ঘর, বাড়ী বিক্রয় করে দিয়ে আরও দূরে, দূরে চলে যেতে হবে। আস্তে, আস্তে এই কলিকাতা শহরটা, ঐ বিরাট, যারা মালিক গোষ্ঠী, ধনী গোষ্ঠী, তাদের শহরে পরিণত করবার উদ্দেশ্যে এই প্ল্যানটা হচ্ছে।

এতে জলের ও sewerage-এর যে উন্নত ধরণের ব্যবস্থা করার কথা বলা হয়েছে, তা কবে কার্যকরী হবে, সে ভগবানই জানেন। আর কেউ বলতে পারেন না। কিন্তু, ট্যাক্সটা, ওঁরা এখন থেকেই বসিয়ে যাবেন। ফলে এই ট্যাক্সের চাপ বা ভার তারা বহন করতে না পেরে, তাদের সমস্ত ঘর, বাড়ী বিক্রয় করে দিয়ে চলে যাবেন। এই ইতিহাস কলকাতার তা তো কারও অজানা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা সকলেই তা জানেন। তা সত্ত্বেও অর্থমন্ত্রী মহাশয় এই বিলটা নিয়ে এসেছেন, এতে হয়ত ট্যাক্স ধার্য করার ব্যবস্থা আছে। তারপর জলের tax কত হবে তা কেউ জানে না। বাড়ীর valuation কী হবে তারও কোন উল্লেখ নাই। তা বোর্ড ঠিক করবেন জলের মিটার বসিয়ে জলের tax ঠিক করা হবে। Garbage, sewerage ইত্যাদির জন্য তাঁরা charge নিবেন 5% আর 15% থেকে 20% নিতে পারবেন। এই জল আর sewerage-এর জন্য কত tax ধার্য্য করবেন তাঁরা এখনো তা বলতে পারেন না। তা সম্পূর্ণ ওঁদের উপর নির্ভর করছে। যেটুকু বিলে করে দিয়েছেন—তা হচ্ছে 5% থেকে 15% আর plus 5%। আমি, এটা কমিয়ে দিয়ে graduated রেটে যেটা বলেছি 1%, 3%, 6%, 8% এইভাবে আসুন ; তাহলে এটা গ্রহণ করা যুক্তিযুক্ত হবে এবং সেটা জনসাধারণ দিতে পারবে বলে আমি মনে করি। আর তা না হলে আপনারা যেভাবে tax নিতে চাচ্ছেন, তা তারা দিতে পারবে না। বাড়ী ঘর বিক্রী করে সবাই চলে যাবে। আমি শেষ আবেদন করে সংশোধনীটা সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

Shri Anadi Das: মি: স্পীকার, স্যার, ট্যাক্সের যে provision হচ্ছে—আমরা যারা C. M. P. O.-এর এলাকায় চলে আসছি, অথচ কোন মিউনিসিপ্যালিটির মধ্যে ছিলাম না, তাদের মধ্যে এটা বিশেষ করে একটা বোঝা হয়ে দাঁড়াবে, যখন দেখা যাচ্ছে কোন কিছু কাজ এঁরা করছেন, তখনই নূতন tax বসাচ্ছেন। পল্লী অঞ্চলে পঞ্চায়েৎ হয়েছে, সেই পঞ্চায়েৎ থেকে যখন এমনভাবে ট্যাক্সের ব্যবস্থা হয়েছে যে এমন কি বাড়ীতে যদি হাঁসমুরগী থাকে, বা একটি লাউ-গাছ বা একটি কলাগাছ বসান হয়, তাহলে তারও আয়ের উপর tax বসবে। অনেক জায়গায় গ্রামাঞ্চলে এই রকম tax বসাবার চেষ্টা হয়েছে পঞ্চায়েৎ মারফৎ যে কারো উঠানে যদি নারকেল গাছ থাকে, কলাগাছ বা দুটো মুরগী থাকে, লাউগাছ থাকে, তার উপর tax বসবে। তারপর শহর, এগুলো C. M. P. O.-এর অধীনে আসবে, তার উপর আবার একটা tax বসবে। ঐ সব জায়গায় থেকে কারা যাচ্ছে? নানারকম শহর থেকে নানা লোক গিয়ে Improvement Trust-এর দৌলতে হোক বা অন্য কোন কারণে হোক—বাড়ীঘর ছেড়ে যাচ্ছে বাইরে। তারা

মনে করছে শহরের বাইরে গিয়ে সেখান থেকে শহরে এসে কাজকর্ম করতে পারবে। সেখানেও থাকবার মত জায়গা হচ্ছে না। এটা নীতি হিসাবে অত্যন্ত গর্হিত নীতি। যা কিছু করা হোক না কেন, তার জন্য আর একবার direct tax বসাতে হবে এবং সেই tax থেকে তাদের কাজকর্ম চলবে। এই নীতি অত্যন্ত গর্হিত নীতি। এরকম যদি হতো—জনসাধারণ বুঝতে পারতো তাদের মোট আর এতটা tax দিতে হবে, সেই tax দেবার জন্য তাদের সমস্ত amenities যা যা দরকার তা পেতে থাকবে, তাহলে তারা বুঝতে পারতো। এই যে State Electricity Board তার রেট Calcutta Electric Supply Corporation-এর রেট দামোদর ভ্যালী স্কীমে যে জল সরবরাহ তারও tax দিতে হবে। কারণ তার খরচ তুলতে হবে। প্রত্যেকটা কাজ টুকরো টুকরো ভাবে করতে যাওয়া হোক না কেন আগে তো ট্যাক্স দেও তারপর কাজ। আমরা জানি এই সব এলাকায় জলসরবরাহ কবে হবে ঠিক নাই, রাস্তা কবে হবে তারও ঠিক নাই। অথচ আগেই tax দিতে হবে। হাওড়া মিউনিসিপ্যালিটিকে করপোরেশন করে দিয়েছেন, কতকগুলি জায়গায় কিছু কিছু রাস্তা হবে। এই জলের ব্যবস্থা কবে হবে ঠিক নাই, কিন্তু ইতিমধ্যে

[2-50—3 p.m.]

ট্যাক্স বসতে থাকবে। গরীব লোকের উপর ট্যাক্স বসবে, কিন্তু তারা শহরের যেমন সুযোগসুবিধা তা ভোগ করতে পারবে না। তাই আমি বলছি নিখিলবাবু যে amendment এনেছেন valuation-এর উপর tax রহিত করার ব্যাপারে এটা গ্রহণ করা হোক। এখন নতুন টাকা আসবে, America থেকে loan আসবে, loanএর উপর আবার interest হবে। প্রথম ১০ বৎসর 1% interest দিতে হবে। এমনিতেই ২ হাজার কোটির বেশী loan হয়ে গিয়েছে—আরো আপনারা লোন করবেন, সেই লোনের উপর আরো interest হবে। এটা আবার জনসাধারণের থেকে তুলতে হবে, এটা আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। তাই আমি বলছি নিখিলবাবুর amendment গ্রহণ করা হোক।

Shri Saila Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু বিস্মিত হলুম ওঁরা section 33 এর উপর এত আলোচনা করলেন যেন এটাতেই সমস্ত ট্যাক্সের বোঝা চাপানো হচ্ছে। ওঁদের ভীতি হচ্ছে, দুইবার করে ট্যাকস দিতে হবে। এটা কেন ওরা বলছেন বুঝতে পারছি না। ট্যাক্সের basis আইনে বলা হচ্ছে কিছুতেই double taxation হবে না। ওঁরা sections 27, 32, 37এ, কই, একটাও সংশোধনী প্রস্তাব দিলেন না, এগুলি সর্বসম্মতিক্রমে মেনে নিলেন। ওঁরা basis of taxation এর উপর কোন সংশোধনী প্রস্তাব না দিয়ে Select Committee-র রিপোর্ট সম্পূর্ণ মেনে নিলেন। Section 27 এ বলা হয়েছে কিছুতেই double taxation হবে না। Section 27। 33-র উপর কোন সংশোধনী প্রস্তাব না দিয়ে tax এর মৌলিকনীতি মেনে নিলেন। আমার কথা হচ্ছে, কিছুতেই double taxation হবে না। Tax Chapter-এ লেখা আছে যখন the authority takes up the responsibility for one or more of the services. তাহলে আগে থেকেই tax এর provision করা হয়েছে। আশ্চর্য্য হয়ে গেলাম 27 এবং 32 তে ওঁরা কোন সংশোধনীপ্রস্তাব দিলেন না, tax এর মৌলিকনীতি মেনে নিলেন এবং হাউসে পাস করে দিলেন। Imposition of tax কিভাবে হবে, কী নীতিতে বসানো হবে tax সেটা আপনারা মেনে নিয়েছেন। 33 তে বলা হচ্ছে, কি প্রকরণে tax বসান হবে। জলের ব্যাপারে বর্তমানে যা ছিল তার পরিবর্তন হল, এতে গরীবের উপকার হল। এখন এক rate-এ ধনী নির্ধনী নির্বিশেষে প্রত্যেকের একহারে tax দিতে হবে। বর্তমান বৈজ্ঞানিক নীতি হচ্ছে consumption এর ভিত্তিতে জলের tax দিতে হবে। তারপর tubewell maintain করার ব্যবস্থা করা হচ্ছে, এগুলি বড়লোকদের জন্য নয়। গরীব লোক

যাতে কলকাতা শহরে বসবাস করতে পারে তারই ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু কোন লোক বিনা পয়সায় এসব ভোগ করবে এটা আমরা নিশ্চয়ই চাই না। আমরা চাই প্রত্যেকে consumption basis এ tax দেবে—water supply এর ব্যাপারে আমরা এই সিদ্ধান্ত করেছি। Sewerage-এর বেলায় কি হবে? গরীব লোকের বাড়ীতে কল নেই বলে তার sewerage এর surcharge লাগবে না। গরীব লোক রাস্তার কল থেকে জল নেয়, tubewell থেকে জল নেয়, তাদের surcharge for water charge on sewerage লাগবে না। তারপরের কথা হচ্ছে, 7%. যেটা সেটা 5%. করার কথা বলা হয়েছে। এমনভাবে বলা হচ্ছে যেন এখনি আমরা tax বসিয়ে দিয়েছি। এখানে Corporation এর একজন প্রাক্তন Mayor বসে আছেন। দীর্ঘকাল ধরে ওঁদের যে rate ছিল সেটাই কমিয়ে দেওয়া হয়েছে। আপনাদেরই মিনিমাম ছিল 7½%., আমরা 5%. maximum graduated tax করেছি, তাই বেশি বলতে পারবে না। 1%. না 2%., কি হবে না হবে এখনি বলা যাবে না। কিসের জন্য tax হবে? Operating expense maintenance, taxes payable by the Authority, depreciation, interest payments, amounts required for repayment of long-term indebtedness, adequate allocation to reserves হিসাব করে কি দাঁড়াবে এমন কোন বৈজ্ঞানিক নেই বলতে পারেন। প্রকরণে maximum ceiling বেঁধে দেওয়া হয়েছে 5%.। এক হাজার থেকে পাঁচ হাজার পর্যন্ত valuation অনুযায়ী 7½%., 10%., 15%., এই হার একটা করা হয়েছে; এতদিন 15%. যেটা ছিল সেটা 13%. করা হয়েছে। কলকাতার লোক tax দেবে না এই নীতি আমার কেউ সমর্থন করতে পারে না।

[3—3-10 p.m.]

এই জিনিষগুলি কি করে আপনারা বলছেন যেই আখন পাশ হবে অমনি ট্যাক্স বসে যাবে? ক্লিয়ারলি সেকসন ১৭-তে আছে যেদিন থেকে মিউনিসিপ্যালিটির ওয়াটার সাপ্লাই নিলে, মিউনিসিপ্যালিটির গার্বেজ রিমুভ্যাল নিলে, মিউনিসিপ্যালিটির ড্রেনেজ সার্ভিসেসের ভার নিলে, সেদিন থেকে জনসাধারণের ঘাড় থেকে ট্যাক্সের বোঝা কমে গেল আর মিউনিসিপ্যালিটির ঘাড় থেকে খরচের বোঝা এবং দায়িত্বও কমে গেল। আরো যেগুলি রইলো সেগুলি ভাল করে করবার মিউনিসিপ্যালিটির সুযোগ হল। সুতরাং আজকে এই যে সমস্ত আরগুমেন্ট হল এগুলি সমস্ত ফল্‌স বেসিসের উপর, অ্যাজ ইফ সেকসন ৩৩ হচ্ছে ট্যাক্সেসনের চ্যাপ্টার। Taxation যেটা মূল চ্যাপ্টার ২১ আর ৩২ তাতে কেউ সংশোধনী প্রস্তাব দিলেন না, মেনে নিলেন, তার যেখানে প্রকরণ করলাম যে এইভাবে tax আদায় করবো, এতদিন কর্পোরেশনে যা ছিল তার চেয়েও রেট কমিয়ে দিয়েছি, জলের বেলায় বলেছি কনজামশন হিসাবে হবে, আইনে গরীবদের জন্য ব্যবস্থা হয়েছে ফ্রিওয়াটার tax ফ্রি টিউবওয়েলের ব্যবস্থা হয়েছে, গরীব যদি তার বাড়ীতে কানেকশন না নেয় তাহলে তাকে সুয়ারেজের জন্য চার্জ দিতে হবে না এবং জলের উপর সারচার্জও দিতে হবে না সেখানে আপনারা আপত্তি করছেন। তবে ১০ বছর বা ১৫ বছর পরে যদি আমরা সাকসেসফুল হই তখন taxation এক পয়সাও বাড়বে না এই প্রতিশ্রুতি এই বিলের পাইলট হিসেবে আমি বলতে পারবো না, taxation বাড়তেও পারে। কিন্তু এখন যে দৃষ্টিভঙ্গী থেকে করা হয়েছে তাতে হালফিল গরীবদের ঘাড়ে যেন tax-এর বোঝা না চাপে। তারপর গার্বেজ রিমুভ্যাল একটা স্কেল করেছি নট একসিডিং ৫ পার্সেন্ট, তার মানে খুব কম খরচা। আইনে গার্বেজ অটমেটিক নেওয়া হবে না, আপনারাই সিলেক্ট কমিটিতে ঢুকিয়েছেন। যখন যে মিউনিসিপ্যালিটি তার গার্বেজ দিতে রাজী হবে, যে মিউনিসিপ্যালিটি তার গার্বেজ গ্রহণ করতে রাজী হবে তখন তার কনজারভেন্সি রেটও কমে যাবে, করেসপণ্ডিং রিডাকশন রেটও হয়ে যাবে। সুতরাং গার্বেজ করবার জন্য আমরা অত বেশী খরচ করতে চাই না, আমরা মনে করি যে ৫ পার্সেন্ট ম্যাক্সিমাম সিলিং করলে তার ভিতরেই গার্বেজ খরচ হবে এবং তাই করেছি।

Shri Nikhl Das : আমি শৈলবাবুকে বলতে চাই ২৭, ৩০ এবং ৩২, আমার সব অ্যামেণ্ডমেন্টে ছিল অমিট করার জন্ত। কিন্তু আগে কতকগুলি ক্লজ আপনি অ্যাকসেপ্ট করেছেন যাতে taxation-টা ঐ ক্লজের সাথে আসে। আমরা tax কমাবার জন্ত এসেছি কিন্তু tax আগেই আপনি অ্যাক্সেপ্ট করে ফেলেছেন।

Mr. Speaper : I now put all the amendments Nos. 96, 100, 107, 176, 222, 224, 226 and 228 on which division has been asked, to vote.

The motions of Shri Aswini Roy—

thrt clause 33(1) (c) (i) be omitted.

that in clause 33 (c) (ii), line 1, for the figure "7½" the figure "5" be substituted,

that the following provisos be added to clause 33 (d) :

"Provided that no such Tax shall be imposed for next five years from the date of this Act coming into force in the rural areas included in the Municipalities in 1964 65 and onwards.

Provide further that in case of areas under the municipalites other than Calcutta and the areas of Howrah Corporation, as was in 1964, the taxes in section 33(c) should not exceed 50 per cent the aforesaid rates for next five years after coming of this Act into force".

that for clause 33(1) (d), the following be substituted :

"(d) a further graduated tax, which may be at rates different for differentareas, on the annual valuation of all lands and buildings in any area in respect of which the Authority takes over the responsibilities of collection and disposal of garbage under clause (b) of sub-section (1) of section 10 and which shall not exceed—

(i) 2 per cent on the annual valuation—where the annual valuation does not exceed one thousand rupees ;

(ii) 4 per cent on the annual valuation—where the annual valuation exceeds one thousand rupees, but does not exceed five thousand rupees ;

(iii) 6 per cent on the annual valuation—where the annual valuation exceeds five thousand rupees, but not exceed ten thousand rupees ,

(iv) 8 per cent on the annual valuation—where the annual valuation exceeds ten thousand rupees".

Thh motions of Shri Nikhil Das—

that in clause 33 (1) (c), line 1, for the words "a graduated tax" the words "pending imposition of water charges and of surcharges under clauses (a) and (b) of sub-section (1) of section 33 a graduated tax" be substituted,

that in clause 33 (1) (c) (i), line 1, for the words "5 per cent" the the words "2 per cent" be substituted,

that in clause 33 (1) (c) (ii), line 1, for the words "7½ per cent" the words "5 per cent" be substituted.

that for clause 33 (1) (d), the following be substituted:

"(d) a further graduated tax, which may be at rates different for different areas, on the annual valuation of all lands and buildings in any area in respect of which the Authority takes over the responsibilities of collection and disposal of garbage under clause (b) of sub-section (1) of section 10 and which shall not exeed—

(i) 1 per cent on the annual valuation—where the annual valuation does not exceed one thousand rupees;

(ii) 3 per cent on the annual valuation—where the annual valuation exceeds one thousand rupees, but does not exceed five thousand rupees;

(iii) 6 per cent on the annual valuation—where the annual valuation exceeds five thousand rupees, but does not exceed ten thousand rupees;

(iv) 8 per cent on the annual valuation—where the annual valuation exceeds ten thousand rupees."

were then put and a division taken with the following result:

Noes—86

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri, Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Dr. Kanai Lal
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Halder, Shri Jagadish Chandra

Hazra, Shri Parbati Charan
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K M.
Jana, Shri Mrityunjoy
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khalil Sayed, Shri
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mookerjee, Shti Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Noronha, Shri Clifford
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Tarapada
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Sankar Narayan
Sinha, Shri Phanis Chandra

Ayes—32

Adhikary, Shri Sailendra Nath
Bakshi, Shri Monoranjan
Banerjee, Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Das, Shri Gobardhan
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dey, Shri Tarapada
Dhibar, Shri Radhika
Golam Yazdani, Dr.
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Maitra, Shri Kashi Kanta
Mitra, Shrimati Ila
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerza, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhur, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 32 and the Noes. 86, the motions were lost.

The question that clause 33 do stand part of the Bill was then put and agreed to.

Clause 34

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 34 (1) (b), line 5, for the word "ten" the word "twenty-five" be substituted.

Sir, I also beg to move that the following proviso be added to clause 34 (2) (i) :

"Provided that in the rural areas included in the Municipalities in 1964-65 and onwards, the gross annual rent shall not exceed 2 per cent for next five years after coming this Act into force."

Sir, I also beg to move that the move that the following proviso be added to clause 34(2) (ii) :

"Provided that in the rural areas that were included in 1964—65 and onwards the gross annual rent shall not exceed 2½ per cent for next five years after this Act coming into force."

স্যার, ক্লজ ৩৪এ আমার যে সংশোধনী সেই সংশোধনীটা হচ্ছে যে সমস্ত জায়গায় বা বাড়ীতে যেখানে কোন ভাড়া আদায় হয় না বা কোন রেট নেই সেই সমস্ত ক্ষেত্রে কিভাবে এই ট্যাক্স বসাবেন সেই সম্বন্ধে। অরিজিন্যাল বিলে যেটা রয়েছে গ্রস অ্যানুয়েল রেন্ট ধরবার ক্ষেত্রে—

[3-10—3-20 p. m.]

তা থেকে শতকরা ১০ রেন্টের অন্যান্য খরচ বাদ দিয়ে যে পরিমাণটা হবে সেই পরিমাণের ভিত্তি করে ট্যাক্স ধার্য করা হবে। এখানে ১০% এর জায়গায় আমি বলছি যে এই সমস্ত ক্ষেত্রে ২৫% এটা অ্যালাউন্স দেওয়া হোক। ২নং হচ্ছে সাব-ক্লজ ২ (আই) এখানে যেটা বলা হচ্ছে—যে সমস্ত জমির ক্ষেত্রে কোন ভাড়াটাড়া দেওয়া নেই তার দাম নির্ধারণ করা যায় না সেখানে ওঁরা বলছেন অ্যাসেসমেন্টরেটা ৫% করতে হবে। আমি এখানে এর আগেই বলেছি যে কতকগুলি নূতন নূতন এলাকা ঐ মিউনিসিপ্যালিটির মধ্যে এসেছে এবং সেটা অথরিটির এলাকার মধ্যে পড়বে। সে ক্ষেত্রে আমি একটা প্রভাইসো অ্যাড করতে বলছি "Provided that in the rural areas included in the Municipalities in 1964-65 and onwards, the gross annual rent shall not exceed 2 per cent for next five years after coming this Act into force. আমি বলছি যে যেসমস্ত এলাকা নূতন এলাকা মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত হয়েছে এবং এই বিলের আওতার মধ্যে পড়ছে সেই সমস্ত এলাকার ক্ষেত্রে অন্তত গ্রস ইনকাম অ্যাসেসমেন্ট করার সময় ৫%এর জায়গায় ২% করে ধারা হোক। এবং এই এসেসমেন্ট যেটা হবে সেটা অন্তত ৫ বছর যেন এই হারটা চালু থাকে। এই অ্যামেণ্ডমেন্ট আমি রাখছি। আর একটা অ্যামেণ্ডমেন্ট হচ্ছে ১১৪নং "Provided that in the rural areas included in the Municipalities in 1964-65 and onwards, the gross annual rent shall not exceed 2 per cent for next five years after coming this Act into force". এটা বিলের আগেরটা হচ্ছে জমির ক্ষেত্রে এবং পরেরটা বাড়ীর ক্ষেত্রে ওটা ৫%এর জায়গায় আড়াই পারসেন্ট করা হোক। যে সমস্ত নূতন এলাকা মিউনিসিপ্যালিটির মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে—যেমন আমি শাঁকরাইলের কথা বলেছিলাম—কিছুদিন পরে দেখা যাবে বারুইপুরের আশে পাশের গ্রামগুলি এই এলাকার মধ্যে আসবে। কাজেই এই সব এলাকায় অ্যানুয়্যাল ভ্যালুর ক্ষেত্রে ৫% না ২॥% করা হোক।

Shri Saila Kumar Mukherjee: Sir, with regard to Amendment Nos. 110 and 111. বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টে এ জিনিস প্রভাইড করা আছে ১০%। আমরা তো নূতন কিছু করি নি। সুতরাং এত দিনের প্রচলিত যে নীতি আছে সেটা থেকে কোন রকম পার্থক্য করতে চাই না। আর গ্রাম সম্বন্ধে এই রকম কোন প্রভিসনের দরকার নেই কেন না হঠাৎ ভ্যালু বাড়ে না। আস্তে আস্তে বাড়বে—সুতরাং রুর‍্যাল এরিয়ার পক্ষে ফিক্স করে দেওয়াটা যুক্তিসংগত নয়, সুতরাং আমি এই সবগুলির অপোজ করছি।

The motion of Shri Aswini Roy that in clause 34 (1) (b), line 5, for the word "ten" the word "twenty-five" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 34 (2) (i):

> "Provided that in the rural areas included in the Municipalities in 1964-65 and onwards, the gross annual rent shall not exceed 2 per cent for next fiive years after coming this Act into force.",

was then put and lost.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 34 (2) (ii):

> "Provided that in the rural areas that were included in 1964-65 and onwards the gross annual rent shall not exceed 2½ per cent, for next five years after this Act coming into force",

was then put and lost.

The question that clause 34 do stand part of the Bill, was than put and agreed to.

Clause Nos. 35 and 36

The question that clause Nos. 35 and 36 do stand part of the Bill was then put and agreed to.

Clause 37

Shri Aswini Roy: Sir, I beg to move that the following proviso be added to clause 37 (1):

> "Provided that a per capita minimum consumption as has been prescribed in Municipal Acts shall be exempted from payment of such charge."

Shri Aswini Roy: স্যার, আমার অ্যামেণ্ডমেণ্টটা খুব সিম্পল। উনি জলের ক্ষেত্রে মিটার-টিটার করবেন তাতে আমাদের আপত্তি নেই। উনি মিটার করবেন, যে কনজামসন বেশী করবে নিশ্চয় সে বেশী ট্যাক্স দেবে। একটা সাধারণ জিনিস আছে যে প্রত্যেক মানুষের ন্যূনতম একটা জলের প্রয়োজন আছে। এখন সেই ন্যূনতম জলটাকে যাতে কিনতে না হয় সেইজন্য আমি ১১৬নং অ্যামেণ্ডমেণ্টে বলছি যে পারক্যাপিটা কনজামসন—একটা মিনিমাম কনজামসন পারক্যাপিটা দু' গ্যালন হোক ৪ গ্যালন হোক সেটা অন্ততঃ টোট্যাল কনজামসন থেকে বাদ দেওয়া হোক—অন্ততঃ মিনিমামটা যাতে বিনা পয়সায় সে ব্যবহার করতে পারে এবং তার জন্য যাতে কোন চার্জ না লাগে, সেজন্য এই প্রভাইসোটাকে আমি অ্যাড করার কথা বলছি।

Shri Nikhil Das : Sir, I beg to move that the following proviso be added to clause 37 (1) :

> "Provided that a per capita minimum consumption as has been prescribed in Municipal Acts shall be exempted from payment of such charge."

মাননীয় স্পীকার মহাশয়, ৩৭নং ক্লজের সাব-ক্লজ ১ এবং ২-এ মারাত্মক ব্যাপার আছে। টু-তে বলছেন শৈলবাবু যে যদি ওঁরা মিটার বসাতে নাও পারেন কোথায়ও তাহলেও আইন করে ওয়াটার চার্জ নিয়ে নিতে পারবেন আমাদের উপর থেকে। কমনসেন্স দিয়ে—জলের প্রেসার দিয়ে আমাদের কাছ থেকে ওয়াটার চার্জ নিয়ে নেবেন। কাজেই ওয়াটার চার্জ হবে কি হবে না এটা মাত্র বসানোর উপর নির্ভর করছে না—এটার জন্য সাব-ক্লজ ২-তে ক্ষমতা নিয়ে নিচ্ছেন যে জলের প্রেসার দেখবেন, কি পরিমাণ প্রেসার হচ্ছে সেটা দেখবেন এবং কমনসেন্স এবং কাণ্ডজ্ঞান থেকে ঠিক করে দেবেন যে এত করে ওয়াটার চার্জ এবং সারচার্জ দিতে হবে। শৈলবাবু শুনিয়েছেন যে অথরিটি ৬০ গ্যালন পারক্যাপিটা জল দেবে এবং ২০ গ্যালন পাচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যে ২০ গ্যালন পর্যন্ত জলটা যতদিন আপনি দেবেন ততদিন কোন ট্যাক্স পারক্যাপিটা নেবেন না। ২০ গ্যালনের বেশী হলে ৫ গ্যালন বা ১০ গ্যালন বেশী দিলে তার জন্য ট্যাক্স নিন—কিন্তু একজিসটিং মিউনিসিপ্যালিটিগুলিতে যা মিনিমাম দেন তার জন্য সেপারেট ওয়াটার চার্জ নেবেন না—তার জন্য তো গ্র্যাজুয়েটেড ট্যাক্স আছে। সুতরাং আমি যে প্রভাইসোটা মুভ করছি সেটা হচ্ছে ঐ যে মিনিমাম কোয়ান্টিটির জল যেটা তার জন্য কোন ওয়াটার চার্জ বা সারচার্জ নেবেন না। উনি হয়তো বলবেন যে কি করে খরচ চলবে? আপনি তো সি-এ-তে গ্র্যাজুয়েটেড ট্যাক্স করেছেন—সেই গ্র্যাজুয়েটেড ট্যাক্স দিয়েই খরচ উঠে যাবে। এটাকে বাদ দিলে সাধারণ মানুষ মনে করবে যে না-বাবু, আমার নেহাত প্রয়োজনীয় যে জল সেটা আমি অন্ততঃ ওয়াটার চার্জ না দিয়ে পাচ্ছি। যারা ল্যাভিসলি খরচ করবে পা ধুতে যদি কেউ দু' বালতি জল লাগায় তার মিটারে তো বেশী উঠছে, তার থেকে বাড়তি পয়সা আপনি নিন তাতে আপত্তি করছি না। কিন্তু মিনিমাম যেটা ২০ গ্যালন বা ২৫ গ্যালন দিচ্ছেন সেটা চার্জ ফ্রি করুন এটাই হচ্ছে আমার অ্যামেণ্ডমেন্ট।

Shri Saila Kumar Mukherjee : The very basic concept of the Act is that water charge will be imposed on consumption. Therefore the amendment of Shri Aswini Roy that a per capita minimum consumption as has been prescribed in Municipal Acts shall be exempted from payment of such charge does not arise.

The motion of Shri Aswini Roy that the following proviso be added to clause 37 (1) :

> "Provided that a per capita minimum consumption as has been prescribed in Municipal Acts shall be exempted from payment of such charge"

was put and lost.

The motion of Shri Nikhil Das that the following proviso be added to clause 37 (1) :

> "Provided that a per capita minimum consumption as has been prescribed in Municipal Acts shall be exempted from payment of such charge"

was then put and lost.

The question that clause 37 do stand part of the Bill was then put and agreed to.

[3-20—3-33 p.m.]

Clauses 38, 39 and 40

The question that clauses 38, 39 and 40 do stand part of the Bill was then put and agreed to.

Clause 41

Shri Aswini Roy : I move that in claust 41(2), line 1, for the figure "6" the figure "4½" be substituted.

স্যার এখানে clause 41(2) যেখানে বলেছেন যে সামান্য tax ধার্য্য করা হবে সে সমস্ত tax যদি বকেয়া পড়ে যায় তাহলে শতকরা ৬ ভাগ করে বৎসরে সুদ দিতে হবে। যেখানে তিনি বলেছেন payable on all taxes, fees, charges and surcharges remaining unpaid যেখানে ৬% হিসাবে সুদ আদায় করতে রাজী আছেন সেখানে আমি বলছি ৪½%-এর বেশী হওয়া উচিত নয়। বহু রকমের tax-এর মধ্যে এসে গেছে স্যুয়ারেজ, garbage, water tax সেখানে Interest-এর হার যদি উঁচুতে রাখেন তাহলে নীচুর তলার লোকদের পক্ষে পীড়ামূলক হবে, সেজন্য 6 per cent-এর জায়গায় 4½ percent করতে বলছি।

Shri Saila Kumar Mukherjee : Six per cent is the usual rate of interest in the case of all other taxes, and it would not be proper to change it or deviate from it. I oppose the amendments.

The motion of Shri Aswini Roy that in clause 41(2), line 1, for the figure "6" the figure "4½" be substituted, was then put and lost.

The question that clause 41 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 42 to 46

The question that clauses 42 to 46 do stand part of the Bill was then put and agreed to.

Clause 47

Shri Aswini Roy : I move that in proviso (a) to clause 47, line 1, for the word "seventy" the words "one hundred" be substituted.

I also move that in proviso (b) to clause 47, line 4, for the word "seventy" the words "one hundred" be substituted.

৪৭ নম্বরে যেখানে তিনি বলেছেন যে বিভিন্ন জায়গায় জল সাপ্লাই করতে গেলে কত পরিমাণ ছাড় দিতে পারেন সেটা সম্বন্ধে বলেছেন Provided that 47 (A)(B)—Amendment Nos. 126, 129, এ দুটো Amendment-এর ক্ষেত্রে বলেছেন The cost of executing the said works beyond seventy metres from the premises shall be paid out of the fund of the Authorities. এই যে সেন্টিমিটার যেখানে তিনি বলেছেন সেটাকে আরো একটু বাড়িয়ে ১০০ মিটার করতে চাই। ১০০ মিটারের জায়গায় কতটা বলেছি, গজ হিসাবে দেখলে ৬৪, সেটাকে ৮০ করতে বলছি। বহু ক্ষেত্রে দেখা গেছে যে এক ফুট ইনসাফিসিয়েন্ট হয়। সেজন্য ৬০-এর জায়গায় যদি ৮০ করা হয় তা হলে খুব সুবিধাজনক হয়।

Shri Saila Kumar Mukherjee : আমি নূতন কিছু করিনি যা Calcutta Corporation-এ অ'ছে সেটাই আমি রেখেছি। সুতরাং আমি এটা পরিবর্তন করতে চাই না।

The motion of Shri Aswini Roy that in proviso (a) to clause 47, line 1, for the word "seventy" the words "one hundred" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in proviso (b) to clause 47, line 4, for the word "seventy" the words "one hundred" be substituted, was then put and lost.

The question that clauses 47 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 48 to 52

The question that clauses 48 to 52 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 53 to 64

The question that clauses 53 to 64 do stand part of the Bill was then put and agreed to.

Clause 65

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 65, in line 1, after the word "premises" the words "including the public placees under the local authority" be inserted.

স্যার, প্রাইভেট ওনার্স'কে যে কোন জায়গায় এ কাজ করতে হবে। এখন এক্ষেত্রে পাবলিক অথরিটি-এর যদি কোন একটা প্রেমিসের থাকেও সেখানে যদি বোঝা যায় আরো বেশী ল্যাট্রিন হওয়া দরকার—দেখা গেছে ক্যালকাটা করপোরেশন এলাকায় বহু পাবলিক প্লেস অ'ছে যেগুলি হচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশনের জায়গা, যে জায়গায় পাবলিক ল্যাট্রিনের প্রয়োজন আ:ছ বা ইউরিনালের দরকার আছে সেক্ষেত্রে আইনে কোন বাধ্যবাধকতা থাকছে না যে সে জায়গায় Local Authority কে কর:তে হবে। এখানে অবশ্য General Manager কে power দিয়ে দিয়েছেন যে তিনি যদি মনে করেন যে Calcutta-য় Municipal এরিয়ায় যেমন বিডন্ স্ট্রীট ওয়েলেসলি যেকোন একটা জায়গায় ২টা ইউরিনাল বা ল্যাট্রিন হওয়া দরকার সেখানে General Manage ডিসক্রিয়েসানের উপর ছেড়ে দিয়েছেন। আমি বলছি পাবলিক প্লেসে ল্যাট্রিন বা ইউরিনালের দরকার আ:ছ সেখানে পাবলিক প্লেসের ক্ষেত্রে পাবলিক প্লেস সেমসান্ করা হোক। তাই লোকাল অথরিটির উপর দায়িত্ব দেওয়া দরকার। General Manager এর ডেসক্রিয়েসানে ছেড়ে না দেওয়াই ভাল। সেজন্য clause 65 এ when any premises এর সংগে যেটা অ্যাড্ করতে চাই Including the premises owned by the local authority. এটা অ্যাড করছি।

Shri Saila Kumar Mukherjee : There is no provision in the Calcutta Municipal Act, about including public places. Everything is covered by that. Therefore, the amendment is unnecessary.

The motion of Shri Aswinini Roy that in clause 65, in line 1, after the word "premises" the words "including the public places under the local authority" be inserted, was then put and lost.

The question that clause 65 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 66 to 93

The question that clauses 66 to 93 do stand part of the Bill was then put and agreed to.

Schedule I

The question that Schedule I do stand part of the Bill was then put and agreed to.

Schedule II

Shri Saila Kumar Mukherjee : Sir, I have a forml amendment to Schedule II. Sir, I beg to move that in Schedule II, for the entries under the heading "D. Representative of Municipal Corporations and Municipalities :", the following entries be substitused, namely :

"1 Calcutta Corporation—6.
2 Howrah Municipality—2.
3 Bally Municipality—1.
4 (i) Bansberia Municipality, and
(ii) Hooghly-Chinsurah Municipality—1.
5 (i) Champdani Municipality, and
(ii) Municipal Corporation of Chandernagore—1.
6 (i) Bhadreswar Municipality,
(ii) Baidyabati Municipality, and
(iii) Konnagar Municipality—1.
7 Serampore Municipality—1.
8 (i) Rishra Municipality, and
(ii) Uttarpara-Kotrong Municipality—1.
9 (i) Kanchrapara Municipality,
(ii) Halisahar Municipality, and
(iii) Naihati Municipality—1.
10 (i) Bhatpara Municipality, and
(ii) Garulia Municipality—1.
11 (i) North Barrackpore Municipality,
(ii) Barrackpore Municipality, and
(iii) New Barrackpore Municipality—1.
12 (i) Khardh Municipality, and
(ii) Panihati Municipality—1.

13 (i) Titagar Municipality,
(ii) Barasat Municipality, and
(iii) Budge Budge Municipality—1.
14 Kamarhati Municipality—1.
15 Baranagore Municipality—1.
16 (i) South Dum Dum Municipality,
(ii) Dum Dum Municipality, and
(iii) North Dum Dum Municipality—1.
17 South Suberban Municipality—2.
18 (i) Garden Reach Municipality,
(ii) Rajpur Municipality, and
(iii) Baruipur Municipality—1.

Explanation : Municipal Corporaaions and Municipalities grouped together shall each be entitled to representation by rotation."

Shri Aswini Roy : Sir, I beg to move that in Schedule II, after item C. the following be inserted :

"C.C. (i) One member from each University of Calcutta and Jadavpur elected by technologists of each Uuniversity.

(ii) Two members elected by Professors and Teachers of Medical Colleges in Calcutta.

(iii) One member elected by the Indian Medical Association of West Bengal Branch."

[3-30—3-40 p.m.]

Shri Aswini Roy : অবশ্য আমার এই এ্যামেণ্ডমেণ্টটা আর এখন দাঁড়ায় না। কারণ, section 4, এ, General Councilএর compositionএর ক্ষেত্রে, উনি আমার অ্যামেণ্ডমেন্টা গ্রহণ করেন নি। কাজেই এটা redundant হয়ে যাচ্ছে। কিন্তু একটা জিনিস আমরা চেয়েছিলাম (Shri Saila Kumar Mukherjee—কোনটা বলছেন?) ঐ যে (c/1/c) টা add করতে বলছি। অর্থাৎ scheduleএর sub-section a, b, c, তে, যেখানে বলা হয়েছে technologistএর কথা। সেই technologist সম্বন্ধে, (c) তে আছে Member of the West Bengal Legislative Assembly—4, আর Member of the West Bengal Legislative Council—3—ঐ Reprentatives of the State Legislature—আপনি যেটা রেখেছেন ঐটার সম্পর্কে আমার কিছু বলবার নেই। আমি একটা নূতন প্রভিসো add করতে বলেছিলাম, যে Calcutta University এবং Jadavpur Universityর ভিতর যে সমস্ত technologist আছেন, তাঁদের মধ্যে থেকে একজন করে Reprentative এবং কলকাতার ভিতর যে সমস্ত Medical কলেজ আছে তাদের ভিতর থেকে দুজন করে representative এবং Indian Medical Associationএর যেটা West Bengal Branch, তার একজন Representative রাখা হোক। এইটা আমি চেয়েছিলাম। কিন্তু আপনি ক্লজ ১, টা গ্রহণ করেন নি বলে, আমি আমার অ্যাসেসমেন্টটা এখানে রাখতে পারছি না।

Shri Saila Kumar Mukherjee : Sir, I have already mentioned that we have considered the question of nomination of technical experts in the Council. We cannot take any man from the University of Calcutta or of Jadavpur. Therefore, that question does not arise. We have already included technical experts by nomination in the Council.

Shri Nikhil Das : Sir, I beg to move that in Schedule II, B. 2., line 1, for the words "Member of Chamber of Commerce—1." the words "Member of the West Bengal Branch of the Indian Medical Association—1" be substituted.

Sir, I also beg to move that in Schedule II, for the entries under the heading "D. Representatives of Municipal Corporations and Municipalities :", the following entries be substituted, namely :

"1 Calcutta Corporation—6
2 Howrah Municipality—2
3 Bally Municipality—1
4 (i) Serampore Municipality, and
(ii) Uttarpara-Kotrang Municipality—1
5 (i) Hooghly-Chinsurah Municipality, and
(ii) Municipal Corporation of Chandernagore—1
6 (i) Bansberia Municipality,
(ii) Champdani Municipality, and
(iii) Bhadreswar Municipality—1
7 (i) Baidyabati Municipality,
(ii) Rishra Municipality, and
(iii) Konnagar Municipality—1
8 South Suburban Municipality—1
9 Garden Reach Municipality—1
10 Bhatpara Municipality—1
11 Kamarhati Municipality—1
12 South Dum Dum Municipality—1
13 Baranagar Municipality—1
14 (i) Panihati Municipality, and
(ii) North Barrackpore Municipality—1
15 (i) Titagarh Municipality, and
(ii) Barrackpore Municipality—1
16 (i) Kanchrapara Municipality, and
(ii) Naihati Municipality—1
17 (i) Halisahar Municipality,
(ii) KhardahMunicipality, and
(iii) Garulia Municipality—1

18 (i) Budge Budge Municipality,
(ii) North Dum Dum Municipality, and
(iii) Barasat Municipality—1

19 (i) Dum Dum Municipality,
(ii) Rajpore Municipality,
(iii) New Barrackpore Municipality, and
(iv) Baruipur Municipality—1

Explanation—Municipal Corporations and Munipalities grouped together shall each be entitled to representation by rotation.".

Shri Nikhil Das : মি: স্পীকার স্যার, Schedule (d)-তে আমার একটা অ্যামেণ্ডমেণ্ট আছে, আমি সেটা move করছি। এখানে বলা হয়েছে—Ex-officio members ১১ জনের বেশী, এবং Nomination-এ ৩ জন। আর Chamber of Commerce, যেটা আছে, সেটাকে পাল্টে নিয়ে Chamber of Commerce-এর representative, আমাদের এখানে নেবার কোন দরকার নেই, তার জায়গায় I. M. A.-এর member-কে নেওয়া হোক। আমার অ্যামেণ্ডমেণ্ট ২৩৬টা হল—West Bengal Branch of the Indian Medical Association এটা হেল্থ-এর ব্যাপার, sanitation-এর ব্যাপার, এখনো Chamber of Commerce-এর লোক এসে কি করবেন, আমি জানি না। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, schedule 11(b)-তে আপনি nomination-এর মারফৎ তিন জন technical expert নিচ্ছেন, আপত্তি নেই। কিন্তু Chamber of Commerce থেকে একজনকে nominate করতে যাচ্ছেন, ওটা বাতিল করে দিন। এখানে ব্যবসায়ের লোক নিয়ে, আমরা কি করবো? সুতরাং এখানে member of the West Bengal Branch of Indian Medical Association-এর একজনকে nominate করে নিন। এটা আমার খুব simple amendment. আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা accept করবেন।

Shri Saila Kumar Mukherjee : Sir, we have already included one representative of the Chamber of Commerce.

Shri Nikhil Das : Chamber of Commerce-এর representative, এখানে রাখার কোন প্রয়োজন নেই। আপনি এখানে, একজন আই, এম, এ-র প্রতিনিধি রাখুন।

Shri Saila Kumar Mukherjee : This relates to municipal representation. Therefore, we cannon do that.

Shri Nikhil Das : আমার বক্তব্য হচ্ছে, Chamber of Commerce-এর representative দুইজন করা হয়েছিল সিলেক্ট কমিটিতে, সেটা কেটে একজন করলেন। আমার মতে, Chamber of Commerce-এর কোন representative এই authority-র মধ্যে রাখার কোন প্রয়োজন নেই। বরং I. M. A.-এর একজন লোক থাকলে ভাল হয়।

Shri Saila Kumar Mukherjee : বলেন কি? কলকাতার Industry, Port Commissioners, Dock ইত্যাদি রয়েছে, সেখানে Chamber of Commerce-এর representative, একজনও থাকবে না?

Shri Nikhil Das : তা হলে Workers-দের ট্রেড ইউনিয়নের representatives এখানে থাকছে না কেন ? তাদের নিচ্ছেন না কেন ? Chamber of Commerce-এর representative থাকছে, Assembly থেকে, Council থেকে লোক নিচ্ছেন, Public-এর representation নিচ্ছেন, জেলা পরিষদেরও লোক থাকছে, করপোরেসন থেকে লোক নিচ্ছেন, অর্থাৎ All shades of opinion ও organization-এর লোক এর মধ্যে আছে। কিন্তু I. M. A.-তো এর মধ্যে নেই। I. M. A.-এর একজন লোককে, Chamber of Commerce-এর জায়গায় নিয়ে নিন।

Shri Saila Kumar Mukherjee : Sir, I am unable to accept the amendment.

The motion of Shri Aswini Roy that in Schedule II, after item C, the following be inserted :

"CC. (i) one member from each University of Calcutta and Jadvpur ;
(ii) two members elected by Professors and Teachers of Medical Colleges in Calcutta ;
(iii) one member elected by the Indian Medical Association of West Bengal Branch.",

wasthen put and lost.

The motion of Shri Nikhil Das that in Schedule II, B. 2., line 1, for the words "Member of Chamber of Commerce—1." the words "Member of the West Bengal Branch of the Indian Medical Association—1" be substituted, was than put and lost.

The motion of Shri Nikhil Das that in Schedule II, for the entries under the heading "D. Representatives of Municipal Corporations and Municipalities :", the following entries be substituted namely ;

"1 Calcutta Corporation—6,
2 Howrah Municipality—2.
3 Bally Municipality—1.
4 (i) Serampore Municipality, and
(ii) Uttarpara-Kotrang Municiyality—1.
5 (i) Hooghly-Chinsuah Municipality, and
(ii) Municipal Corporation of Chandernagore—1.
6 (i) Bansberia Municipality,
(ii) Champadani Municipality, and
(iii) Bhadreswar Municipality—1.
7 (i) Baidyabati Municipality,
(ii) Rishra Municipality, and
(iii) Konnagar Municipality—1.
8 South Suburban Municipality—1.
9 Garden Reach Municipality—1.

10 Bhatpara Municipality—1.
11 Kamarhati Municipality—1.
12 South Dum Dum Municipality—1.
13 Baranagar Municipality—1.
14 (i) Panihati Municipality, and
(ii) North Barrackpore Municipality—1.
15 (i) Titaghar Municipality, and
(ii) Barrackpore Municipality—1.
16 (i) Kancharapara Municipality, and
(ii) Naihati Municipality—1.
17 (i) Halisahar Municipality,
(ii) Khardah Municipality, and
(iii) Garulia Municipality—1.
18 (i) Budge Budge Municipality,
(ii) North Dum Dum Municipality, and
(iii) Barasat Municipality—1.
19 (i) Dum Dum Dum Municipality,
(ii) Rajpore Municipality,
(iii) New Barrackpore Municipality, and
(iv) Baruipur Municipality—1.

Explanation—Municipal Corporations and Municipalities grouped together shall each be entitled to representation by rotation.",

was then put and lost.

The motion Shri Saila Kumar Mukherjee that in Schedule II, for the entries under the heading "D. Representatives of Municipal Corporations and Municipalities :", the following entries be substituted, namely :

"1 Calcutta Corporation—6.
2 Howrah Municipality—2.
3 Bally Municipality—1.
4 (i) Bansberia Municipality, and
(ii) Hooghly-ChinsurahMunicipality—1.
5 (i) Champdani Municipality, and
(ii) Municipal Corporation of Chandernagore—1.
6 (i) Bhadreswar Municipality,
(ii) Baidyabati Municipality, and
(iii) Konnagar Municipality—1.
7 Serampore Municipality—1.
8 (i) Rishra Municipality, and
(ii) Uttarpara-Kotrong Municipality—1.
9 (i) Kanchrapara Municipality,
(ii) Halisahar Municipality, and
(iii) Naihati Municipality—1.

10 (i) Bhatpara Municipality, and
(ii) Garulia Municipality—1.
11 (i) North Barrackpore Municipality,
(ii) Barrackpore Municipality, and
(iii) New Barrackpore Municipality—1.
12 (i) Khardha Municipality, and
(ii) Panihati Municipality—1.
13 (i) Titagarh Municipality,
(ii) Barasat Municipality, and
(iii) Budge Budge Municipality—1.
14 Kamarhati Municipality—1.
15 Baranagore Municipality—1.
16 (i) South Dum Dum Municipality,
(ii) Dum Dum Municipality, and
(iii) North Dum Dum Municipality—1.
17 South Suberban Municipality—2.
18 (i) Garden Reach Municipality,
(ii) Rajpur Municipality, and
(iii) Baruipur Municipality—1.

Explanation—Municipal Corporations and Municipalities grouped together shall each be entitled to representation by rotation.",

was then put and agreed to.

The question that Schedule II, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Schedule III

Mr. Speaker : There are no amendments to Schedule III.

Shri Nikhil Das : স্যার, আমার amendment 236 and 237। একটা Schedule II(B), আর একটা Schedule II(D)-তে। আমি দ্বিতীয়টি move করতে চাই।

Mr. Speaker : এখন হয় না। What can I do? আপনি ছিলেন না when I had called upon you. একটা নিয়ম তো follow করতে হবে।

Shri Nikhil Das : স্যার, আমি Schedule II(D)-টা এখনো move করিনি। এটা Ex-officio member, nominated member করপোরেশন থেকে কী হারে নেওয়া হবে সে সম্বন্ধে।

Mr. Speaker : আপনি Schedule II-তে দুটো amendment 236 and 237 দিয়েছিলেন। আপনার move করবার উপর তার আলোচনা নির্ভর করছে। আপনাকে তার opportunity দেওয়া হয়েছে। আপনি হাউসএ ছিলেন না, বাইরে ছিলেন। কাজেই আপনি follow করতে পারেন নি—You could not atually follow। হাউসএ থাকলে পারতেন। Schedule II সম্বন্ধে আলোচনা শেষ হলে পরে I called upon the Minister to reply.

নিয়মটা কী আছে? You move all the amendment to the particular schedule as far as practicable. আপনি এখন এসেবলছেন আমি move করিনি। আপনাদের practice হচ্ছে—When all the amendments have been replied to in respect of particular schedule then another schedule is taken up. কাজেই এখন you cannot certainly move any of the amendments Nos. 236 & 237. আপনাকে আমি opportunity দিয়েছিলাম। কিন্তু আপনি তখন হাউসএ ছিলেন না।

Shri Nikhil Das : মিঃ স্পীকার, স্যার, আপনি ঠিকই বলেছেন যে আমি amendment আজকে দিয়েছি।

Mr. Speaker : তার জন্য কিছু তো বলিনি। Last moment-এ আপনার amendment পেয়েছি, opportunity-ও আপনাকে দিয়েছি। আমি আপত্তি করিনি, objection করিনি। কিন্তু আপনি সময়মত move করলেন না। ওঁকে reply দেবার জন্য বললাম—Then I put it to vote. আপনার দেরী হয়েছে বলে আমি একটা কথাও বলিনি।

Shri Nikhi Das : যা হোক third reading-এ বলবো।

The question that Schedule III do stand part of the Bill was then put and agreed to.

Preamble

[3-40—4-10 p. m.]

Shri Nikhil Das : Sir, I beg to move that in Preamble, lines 2 to 4, for the words beginning with "the maintenance" and ending with "disposal of garbage" the words "framing and executing a Master Plan for improved Water Supply, sewerage and drainage and for collection and disposal of garbage and making over the projects after completion to the local authorities" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, clause by clause-এ যখন amendment-এর আলোচনা হয় তখনো আমি বলেছিলাম, Preamble-এ সেই কথাই বলার চেষ্টা করছি; কথাটা হচ্ছে এই authority কি করবে। দেওয়া আছে authority করবে To provide for the establishment of an authority for maintenance, development and regulation of water supply, sewerage and drainage services and for the collection and disposal of garbage. আমি এটা পরিবর্তন করে বলতে চাচ্ছি preamble-এ authority to provide for the establishment of an Authority for framing and executing a Master Plan for improved water supply, sewerage and drainage and for collection and disposal of garbage and making over the projects after completion to the local authorities. আমার বক্তব্য যেটা আমি first reading-এ বলার চেষ্টা করেছি, amendment-এও বলার চেষ্টা করেছি, preamble-এও সেই কথাই বলছি, সেটা হচ্ছে Local authority-র সমস্ত ক্ষমতা নিয়ে নেওয়া হচ্ছে এই বিলের দ্বারা। আমরা বলেছিলাম একটা integrated scheme করার জন্য, কিন্তু আমাদের কোন কথায় কর্ণপাত না করে একটা Bureaucratic body-র হাতে সমস্ত কিছু তুলে দেওয়া হচ্ছে local body-গুলির হাত থেকে। Local authority-র হাতে কি রেখেছেন? রাস্তা মেরামত, বাতি, আর primary education। Primary Education-এর কি অবস্থা। টাকা না হলে তারা কোথা থেকে করবে? সুতরাং আমার বক্তব্য হচ্ছে,

এই authority-কে permanently করবেন না, করলে ক্ষতি হবে। আমি বলছি এই authority-কে কার্যকরী করতে পারবেন না, আপনাকে এই House-এ আবার amendment আনতে হবে।

Shri Saila Kumar Mukherjee : Framing and execution of Master Plan is never the object of this Bill. The Bill has provided for the establishment of an Authority for the maintenance, development and regulation of water supply, sewerage and drainage services and for the collection and disposal of garbage.

The motion of Shri Nikhil Das that in Preamble, lines 2 to 4, for the words beginning with "the maintenance" and ending with "disposal of garbage" the words "framing and executing a Master Plan for improved Water Supply, sewarage and drainage and for collection and disposal of garbage and making over the projects after completion to the local authorities" be substituted was then put and lost.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

[**After adjournment**]

[4-10—4-20 p.m.]

Shri Saila Kumar Mukherjee : I beg to move that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1966, as settled in the Assembly be passed.

Shri Bijoy Kumar Banerjee : মাননীয় চেয়ারম্যান, স্যার তাহলে এই Calcutta Metropolitan Water and Sanitation Authority বিল আনা হয়েছে। আমার সৌভাগ্য হয়েছিল Select Committeeতে থাকবার। Select Committeeর Chairman অর্থমন্ত্রী আমাদের যথেষ্ট সুযোগ দিয়েছিলেন আমাদের বক্তব্য পেশ করবার। কিন্তু আমাদের পরস্পরের দৃষ্টিভঙ্গীর মধ্যে ব্যবধান ছিল। এই বিলে কলকাতা ও ৩২টা মিউনিসিপ্যালিটির মানুষের জল ও পয়ঃপ্রণালী ব্যবস্থা করা হচ্ছে এটা নিশ্চয়ই আমরা সকলেই চাই। বর্তমান যুগে মানুষ যাতে এসব সুবিধাগুলি পায় এটা আমরা সকলেই চাই। কিন্তু আমরা এই বিলের বিরোধিতা করছি অন্য কারণে। এই বিলের গোড়ার কথা হচ্ছে যেটা আমি Object and Statementএ দেখছি, তাতে লেখা আছে ১৯৬০ সালের ১৮ই নভেম্বর প্রথম এই বিধানসভার একজন বিরোধি সদস্য শ্রীজগৎ বসু এটা যাতে Metropolitan Boardএর কাছে দেওয়া হয় এই প্রস্তাব এনেছিলেন, কিন্তু সেই প্রস্তাবের যে মূলকথা তাতে checks and safeguards ছিল, যেমন কলকাতা ও যে সমস্ত মিউনিসিপ্যালিটির উপর এটা প্রযোজ্য হবে তাদের অধিবাসীদের কাছ থেকে কোন ট্যাক্স Government বা মিউনিসিপ্যালিটি নিতে পারবে না, বা Government ইচ্ছা করলেই tax বাড়াতে পারবেনা তাতে এই প্রস্তাব ছিল। এবং প্রত্যেকটা প্রতিষ্ঠানে একটা Board বা সংগঠন থাকবে এই ব্যবস্থা ছিল। কিন্তু পরে এই সম্পর্কিত যে বিল বিজয় সিংহ নাহার মহাশয় এনেছিলেন তার সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর অনেক তফাৎ আছে, তাতে সেই সমস্ত checks and safeguard তুলে দেওয়া হয়েছে। তাতে সাধারণভাবে

বলা হয়েছে একটা Metropolitan Board হোক। স্বাধীনতা প্রাপ্তির ১৮ বৎসর পরে একটা বেসরকারী প্রস্তাবের উপর নির্ভর করে আজকে কলকাতা ও তার পারিপার্শ্বিক চতুর্দিকে জল, পয়ঃপ্রণালীর ব্যবস্থার কথা চিন্তা করা হচ্ছে, এর আগে এই সম্পর্কে কোন ব্যবস্থা আমরা দেখিনি। সেই সময় তদানিন্তন মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ রায় দিল্লীতে গিয়েছিলেন, কলকাতার শোচনীয় অবস্থার কথা তিনি কেন্দ্রীয় সরকারের গোচরে এনেছিলেন ও কেন্দ্রীয় সরকারকে তিনি জানিয়েছিলেন কলকাতা সম্বন্ধে একটু ব্যবস্থা করার জন্য এবং W. H. O. একটা কনসালট্যানট টিম যাতে কলকাতায় পাঠায় সেই রকম অনুরোধও তিনি জানিয়েছিলেন। সেই W.H.O. কনসালট্যানট টিম ১৯৫৯ সালে কলকাতায় আসেন এবং কলেরা কি করে নিবারণ করা যায়, কোথায় কলেরা হয়, গঙ্গা থেকে কি করে তার উৎপত্তি, এইসব গবেষণা করে তাঁরা একটা রিপোর্ট দেন ও সেই রিপোর্টে যে নির্দেশনামা থাকে সেই নির্দেশনামা অনুসারে এই বিল রচিত হয়েছে। W. H. O. বলেছিলেন যে একটা সেমি অটনমাস বডি করা হোক। ডাঃ রায়ের সেই দিনের ডিসকাশনে কোন জায়গায় দেখিনি যে এখানকার ট্যাকসেশনের উপর অতিরিক্ত tax চাপিয়ে সাধারণ মানুষের কাছ থেকে মিউনিসিপ্যালিটিও tax নেবে এবং এঁরাও tax নেবেন। এই রকম ব্যবস্থা তাতে ছিল না। সেই সময় ডাঃ রায় এই কথা উগ্র রেখেছিলেন বলেছিলেন, আচ্ছা কাজটা করুক। ১৬ লক্ষ টাকা W.H.O. দিয়েছিল, ৮ লক্ষ টাকা এই সরকার দেন। তারপরে ডাঃ রায় ১৯৬২ সালে ২০শে মার্চ যে ভাষণ দিয়েছিলেন, এই Metropolitan Boardএর কথা আমি এখানে প্রথম তুলেছিলাম, তার উত্তরে তিনি এই কথা আমাদের জানিয়ে ছিলেন যে আমরা ফোর্ড ফাউণ্ডেশনের কাছে অ্যাপ্রোচ করেছি, ৫০ লক্ষ টাকা ফোর্ড ফাউণ্ডেশন আমাদের দেবে এবং ১ কোটি টাকা সরকার দেবে। শুধু ইনভেষ্টিগেশান এবং প্ল্যান মেকিংএর জন্য তাঁদের নেতৃত্বে এই যে একটা ব্যবস্থা হয়েছে তাতে এত টাকার কি হল সেটা আমরা কেউ জানি না। আশা করি মাননীয় অর্থমন্ত্রী আমাদের এই কথা বলবেন যে কত টাকা আজ পর্যন্ত এই স্কীমে খরচ হয়েছে এবং এর কাজ কতদুর এগিয়েছে। দুঃখের বিষয় কোন স্বাধীন দেশে জল পায়খানা ও রাস্তা পরিষ্কারের জন্য একটা বিদেশী বিশেষজ্ঞদের নিয়ে করবার ব্যবস্থা, এখানকার সমস্ত তথ্য তাদের পাঠিয়ে দিয়ে প্ল্যানকে ফাইনালাইজ করবার ব্যবস্থা পৃথিবীর ইতিহাসে এই প্রথম। আমরা চাই কলকাতা বা তার আনুসাংগিক যে সমস্ত জায়গা আছে তারা জল পাক, তাতে কারোর কোন আপত্তি নেই। কিন্তু আমাদের আপত্তি হচ্ছে এই W.H.O.'র রেকমেণ্ডেসানে বহুদিনের একটা পুরাতন প্রতিষ্ঠান কর্পোরেশানের হাত থেকে ড্রেণেজ ব্যবস্থা, জলের ব্যবস্থা, যা কিছু ব্যবস্থা সমস্ত কেড়ে নেওয়া হচ্ছে এইজন্য। এই W.H.O.'র কিসের জন্য দরকার তা আমরা জানি না। ইমপ্রুভমেনট ট্রাস্টের মত রাস্তার উন্নতির করে সেইসব জায়গায় উন্নত পথ কর্পোরেশনকে ফেরত দেওয়ার ব্যবস্থা এখানে নেই। স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠানের জলের ব্যবস্থা, ড্রেণের ব্যবস্থা, আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা যদি চিরকালের মত কেড়ে নেওয়া হয় তাহলে লোকাল সেলফ গভর্নমেন্টের কোন মানে হয় না। আমরা জানি না কেন একটা বিদেশী বিশেষজ্ঞদের হাতে ও তাদের আদেশ অনুসারে আমাদের এই প্রতিষ্ঠান থেকে আমরা সমস্ত জিনিস চিরকালের মত কেড়ে নেব। এটার আমরা বিরোধিতা করি। এই ক্যালকাটা কর্পোরেশান তার ছোট থেকে আমাদের চাহিদা মাফিক যখন যা দরকার হয়েছে হয়ত তা করেছে, কিছুটা হয়ত কম ছিল, সেটা হয়ত সাহায্য পেলে তারা করতে পারত। আমি তাদের সমর্থনে এইকথা বলতে আসিনি, যদি আর কেউ এই জল ড্রেণের ব্যবস্থা করে তা করুক, কিন্তু আমার আপত্তি হচ্ছে কোন্ উদ্দেশ্যে, কোন্ অভিসন্ধিতে তাদের কাছ থেকে, লোকাল সেলফ গভর্নমেন্ট মিউনিসিপ্যালিটির কাছ থেকে, এই ক্ষমতা চিরকালের মত কেড়ে নেওয়া হচ্ছে? কলকাতা কর্পোরেশানের বা অন্যান্য মিউনিসিপ্যালিটির করদাতা যারা তাদের অর্থে এইসব প্রতিষ্ঠান কোটি কোটি টাকা খরচ করে গড়া হয়েছিল আমরা দেখি টালা ট্যাংক যেটা পৃথিবীর মধ্যে মার্ভেল কিট অব ইঞ্জিনীয়ারিং, আমরা দেখি

ক্যালকাটা কলতা সেই ১৪ মাইল দূর থেকে জল আসার যে ব্যবস্থা পৃথিবীর কোন জায়গায় এই রকম ব্যবস্থা নেই। সুতরাং এই সমস্ত ঐতিহ্যপূর্ণ যে কলকাতা কর্পোরেশান, তার যে বৈশিষ্ট্য তার যে এতদিনের ইতিহাস, সেই ইতিহাসকে মুছে ফেলবার ব্যবস্থা করা হয়েছে। W.H.O. বিদেশী বিশেষজ্ঞ যাঁরা তাঁদের কথাতে কিংবা ফোর্ড ফাউনডেসান টাকা দেবে বলে যে চুক্তি হয়েছে সেই চুক্তিতে এই যে জিনিশ হচ্ছে তার আমরা বিরোধিতা করি। আজকে এই যে তাদের কথায় আমরা এই সমস্ত করতে যাচ্ছি তারা কি শর্তে টাকা দিয়েছে তা আমরা কেউ জানি না। আমরা জানি না এই লেজিসলেচার থেকে এই কথা হবে পাশ হয়েছে, যেখানে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন সেট আপ হয়েছে এদের কাছ থেকে টাকা নেবার নীতিকে আমরা এখানে সমর্থন জানিয়েছ ও কি চুক্তি তাদের সংগে হয়েছে সেই চুক্তি এখানে অনুমোদিত হয়েছে। আমরা খালি দেখেছি ৫০ লক্ষ টাকা ও ১ কোটি টাকা ফোর্ড ফাউণ্ডেশনের প্রতিশ্রুতি মত যে টাকা দেবার কথা ছিল তাতে ডা: রায় বলেছিলেন যে তাড়াতাড়ি একটা প্ল্যান হবে, স্কীম হবে, সেই কাজের জন্য একটা লোক দরকার অর্থৎ আমার উপর সমস্ত জিনিসের ভার দেওয়া হোক। নিশ্চয়ই ডা: রায় যোগ্য লোক, আমার বলার কিছু নেই কিন্তু কোন গণতান্ত্রিক রাষ্ট্রে এই সমস্ত নীতিনির্ধারণ, বিদেশী সরকারের কাছ থেকে টাকা নিয়ে আসা বা সংস্থার কাছ থেকে টাকা নিয়ে আসা, লেজিসলেচারকে বাদ দিয়ে এই জিনিস করা এটা অগণতান্ত্রিক প্রস্তাব বলে আমি মনে করি। আজকে আমার বিশেষ কিছু বলার নেই, কারণ আমার যা বলবার তা সেখানে বলেছিলাম। যে মোশন জগত বোস মহাশয় এখানে এনেছিলেন সেটার ভিত্তিতে ক্যালকাট কর্পোরেশন আজকে ক্যালকাট মেট্রোপলিটন বোর্ড সংস্থাপিত হচ্ছে। বংগ বিভাগের জন্য যখন অগণিত মানুষ এখানে এসেছিল তখন তার জন্য পৌরশাসন ব্যবস্থা যখন ভগ্নপ্রায় হয়েছে তখন তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আছে। কেন্দ্রীয় সরকারের যাঁরা নেতৃস্থানীয় মন্ত্রী তাঁদের সংগে প্রাক্তন মেয়র হিসাবে আমার কথা হয়েছিল। তাঁরা ত টাকা দিতে রাজী ছিলেন। এই টাকা এক সংগে লাগতো না। ডব্লু, এইচ, ও, র রিপোর্ট অনুসারে আমাদের এখানে যে সব বিশেষজ্ঞ, ইঞ্জিনিয়ার্স আছেন তাঁরা কোয়াইট কমপিটেন্ট একথা শুধু আমি নই, ডব্লু, এইচ, ও, র এক্সপার্ট যারা তারাও প্রকাশ্যভাবে স্বীকার করেছে যে কলকাতা বা ভারতবর্ষের ইঞ্জিনিয়াররা এই কাজ করবার পক্ষে কোয়াইট কমপিটেন্ট। কিন্তু আমাদের টাকা নেই, তাই ভিক্ষার ঝুলি হাতে করে পরের দ্বারস্থ হয়ে দেশকে গড়ে তুলবার জন্য আমরা কলকাতা শহরকে বিক্রি করে দিতে বসেছি। আজকে একথা বলা সম্ভব নয় যে বিশ্বপ্রেমে উদ্বুদ্ধ হয়ে ফোর্ড ফাউণ্ডেশন বা ডব্লু, এইচ, ও, এগিয়ে এসেছে লক্ষ লক্ষ টাকা দিয়ে আমাদের ভাল ভাল ব্যবস্থা করে দেবে, তাদের এতে কোন স্বার্থ নেই একথা বলা সম্ভব নয়। তাদের স্বার্থ আছে, তাদের স্বার্থ হচ্ছে এই যে আজকে কলকাতা যদি মরে যায় বা বেংগল যদি মরে যায় তাহলে ইণ্ডিয়ার কিছু থাকবে না তাতে তাদের কিছু এসে যায় না, তাদের এসে যায় যদি এই জুট ট্রেড, টি, যা ফরেন এক্সচেঞ্জ আর্ন করছে সে সমস্ত নষ্ট হয়ে যায়। স্যার, এই মেট্রোপলিটন বোর্ড যে ক্ষমতা দেওয়া হয়েছে তা হচ্ছে বোর্ড সব করবে। আমার শৈলবাবুকে দেখে দুঃখ হয়, কারণ শৈলবাবু কি করবেন, ডব্লু, এইচ, ও, এই রকম চায় যে কর্পোরেশনের যা কিছু আছে সমস্ত আমাদের হাতে তুলে দিতে হবে। স্যার, রাস্তার উপর মেরামতের কাজ করবে কর্পোরেশন, রাস্তার তলার ড্রেন ভেস্ট হয়ে যাবে ক্যালকাটা মেট্রোপলিটন বোর্ডে। এই রকম একটা পাগলামি, এই রকম একটা অসংগত ব্যাপার আমরা চিন্তা করতে পারি না। স্যার, উনি এখন ভালভাবে বুঝিয়ে দিলেন, বুঝিয়েও দেন বেশ, লোকেরা হয়ত মনে করবে যে খুব ভাল হচ্ছে। আশ্চর্যের কথা

[4-20—4-30 p. m.]

লোকেরা তার সুযোগসুবিধা পাবে—ভবিষ্যতে ১০।১৫ বছরে পাবে কিনা জানি না তবে তার ট্যাক্সের খাতায় এখনই নাম উঠবে, ট্যাক্স এখনই তাকে দিতে হবে। আর কি করেছেন

যে রকম প্রত্যেকটি আইন এখান থেকে পাশ হয় সেই রকম বোর্ড করেছেন, গভর্নমেন্টের মেজরিটি সেখানে থাকবে—কোন দিন ডাঃ রায় এ কথা স্বপ্নেও ভাবেন নি যে এই রকম বোর্ড হবে যে বোর্ড পরিচালিত হবে গভর্নমেন্ট কর্তৃক। তিনি বলেছিলেন গভর্নমেন্টেরও হবে না মিউনিসিপ্যালিটিরও হবে না—অটোনমাস বডি একটা অর সেমি-অটনমাস বডি হবে—সেখানে করপোরেশনের এই সমস্ত জিনিস নিয়ে নেওয়া হবে। আর কি বলবো সময় নেই—আর এখানে বলেও কোন লাভ নেই। আমি বলবার জন্য খুব ব্যস্ত ছিলাম না। তবুও আমি এটা কর্তব্য মনে করি। কারণ আমি একলা হয়ে গেছি। এখানে প্রাক্তন মেয়র অনেকে আছেন—ক্যালকাটা করপোরেশনের সংগে সংশ্লিস্ট অনেকে আছেন—তাঁরাও ঠিক আমার মত ভাবছেন—কিন্তু বলবার সাহস নেই ক্ষমতা নেই—বলতে পারবেন না। কেন না তাদের তাহলে মুস্কিল হবে। স্যার, আমার দুর্ভাগ্য যে আমি একা এখানে ডিমোটেড হয়ে বসে আছি। সুতরাং কলকাতার নাগরিকদের মধ্যে আজকে তাঁরা বুঝতে পারছেন না যে কি সাংঘাতিক করভার চেপে যাবে। আজকে কলকাতা শহরের ৫০ বছরের রেকর্ড নিয়ে দেখুন একটা গৃহস্থও তাঁর বাড়ী রক্ষা করতে পারছেন না। এই মেট্রোপলিটন বোর্ড যখন গ্লাস জলের জন্য ট্যাক্স নেবে একটা রাস্তায় প্রস্রাব করলে সেই প্রস্রাব ড্রেনে গেলে ট্যাক্স নেবেন। সুতরাং কলকাতার সাধারণ নাগরিকদের পৈত্রিক বাসভূমিও চলে যাবে একথা আপনি দেওয়ালে লিখে রাখতে পারেন। শৈলবাবু যদিও বলেন যে সাধারণ মানুষের সুবিধার জন্য এই মেট্রোপলিটন বোর্ড এসেছে—কিন্তু আমি বলবো যাদের পয়সা আছে যারা কলকাতায় বসবাস করতে পারবেন তাদের জন্য এই মেট্রোপলিটন বোর্ড হতে যাচ্ছে। তাই কলকাতায় যারা মধ্যবিত্ত লোক তাদের এখান থেকে বহিষ্কৃত করবার একটা রাস্তা ওয়ার্লড হেল্থ অর্গানাইজেসনের হুকুমে বের করে মন্ত্রিমহাশয় এই বিলটি রচনা করে নিয়ে এসেছেন।

Shri Monoranjan Roy : মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই মেট্রোপলিটন ওয়াটার অ্যাণ্ড স্যানিটেসন বিলের তৃতীয় দফায় আলোচনা হচ্ছে। আমরা ফার্স্ট রিডিংয়ে বলেছি—সেকেণ্ড রিডিংয়ের বিভিন্ন ধারা ক্লজের উপর আপত্তি জানিয়েছি। এই দাবী জানিয়েছি যে শৈলবাবু যিনি এই বিলটি পাইলট করছেন তাঁর পিছনে যাঁরা আছেন অর্থাৎ যাঁরা টিকি ধরে টানছেন তাঁরা আমাদের কোন সৎ পরামর্শ গ্রহণ করবেন না। তা যদি গ্রহণ করতেন তাহলে স্বাভাবতই এই বিলটি আজকে এই হাউসে আসতো এবং আমরাও এ বিষয়ে আলোচনা করতাম না কিংবা করারও প্রয়োজন হ'ত না। আমার পূর্ববর্তী যিনি বলেছেন আমাদের মাননীয় সভ্য বিজয় ব্যানার্জি মহাশয় যে অতীতে একদিন এই হাউসের সভাপাল জগৎ বোস মহাশয় যে একটা প্রস্তাব এনেছিলেন তার সংগে এই বিলের কোন সম্পর্ক নেই। কারণ এই বিলটি কেন এসেছিল সেটা প্রথম আলোচনার সময় বলেছিলাম আমি আবার তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে এই বিলটি আসার পিছনে ঐ আমেরিকান বিশেষজ্ঞদের হাত আছে এ বিষয়ে ওঁরাও স্বীকার করেছেন। কারণ বিলটি তাড়াতাড়ি পাশ করতে হবে তা না হলে টাকা পাওয়া যাবে না। এটা অনেকবারই আমাদের শুনতে হয়েছে। এটা অত্যন্ত লজ্জার কথা। একটা জাতি একটা দেশ তারা তাদের আইনসভাতে বিলকে কবে পাশ করবে সেটা ঠিক করে দেবে এখান থেকে হাজার হাজার মাইল দূরে আমেরিকান সাম্রাজ্যবাদের লোকেরা এসে যে এই বিলটি জানুয়ারী মাসে ঠিক করতে হবে। তারা আবার চিঠি পাঠাচ্ছে যে ডিসেম্বর জানুয়ারী মাসের মধ্যে যদি বিলটি পাশ না হয় তাহলে আমরা ওয়ার্লড ব্যাঙ্ক টাকা দেবো না। সেই জন্য রবিবার শনিবার যে দিন সব বন্ধ থাকে সেদিনও সিলেক্ট কমিটি মিটিং করে তাড়াহুড়া করে সিলেক্ট কমিটি থেকে এটা পাশ করে নিয়ে আসা হোল। আমি জানি যে সিলেক্ট কমিটিতে অনেকে ছিলেন এবং মন্ত্রীরাও ছিলেন যারা এই বিলের বহু ক্লজে আপত্তি জানিয়েছিলেন এবং এরমধ্যে একজন ছিলেন যিনি নাকি এর বিরুদ্ধেতীব্র আপত্তি করেছিলেন অনিলবাবু।

(Mr. Chairman : It is desirable that the discussion should be confined to the merit of the Bill.)

আমি এটা জিজ্ঞাসা করছি এই যে করপোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির হাত থেকে আজকে কতকগুলি ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে তার কারণ কি এই যে করপোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলি চালাতে পাচ্ছেন না—নাকি, কোঅর্ডিনেসনের জন্য এটা নেওয়া হচ্ছে। কোঅর্ডিনেসনেরজন্য যদি এই বিলটি করার প্রয়োজন থাকতো তাহলে ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ যাঁরা আছেন করপোরেশন এবং মিউনিসিপ্যালিটির তাঁদের নিয়ে করা যেতো। কিন্তু সেটা করলেন না—তা না করে জেনারেল কাউন্সিল এবং বোর্ড এই দুটো করলেন এবং যেভাবে বিলের ধারা ভিতর আছে তাতে আমরা তীব্র আপত্তি করেছিলাম যে বোর্ডে কেন ৬ জন রাখা হচ্ছে—সেখানে ৭ জন রাখা দরকার—৪ জন ইলেকটেড আর ৩ জন অ্যাপয়েন্টেড হতে পারতো—কিন্তু তা নেই। তিনজন অ্যাপয়েন্টেড আর তিন জন পঞ্চায়েৎ ও মিউনিসিপ্যালিটি থেকে আসবেন এবং যে তিনজন অ্যাপয়েন্টেড হবেন তাঁদের মধ্যে একজন চেয়ারম্যান হবেন এবং তাঁর ভোটের অধিকার থাকবে। এই ভাবে ভোট দেবার অধিকার থাকার মানে হচ্ছে অ্যাপয়েন্টেড মেম্বার চার জন হয়ে গেল। এইভাবে সমস্ত ক্ষমতা বোর্ডের হাতে দিচ্ছেন এবং জেনারেল কাউন্সিলের ক্ষেত্রে যে সামান্য পরিবর্তন করে তাদের একটু ক্ষমতা দেওয়া হয়েছিল সেটা আবার শৈলবাবুর পিছন থেকে যে চাপ আসলো সেই চাপের ফলে তিনি যেটা স্বীকার করে নিয়েছিলেন সিলেক্ট কমিটিতে এখানে এসে তিনি বল্লেন যে ঐ কাটা কাটা নয়—অর্থাৎ আগে যা ছিল সেইভাবে রাখতে হবে। কাজেই বিলটি যেভাবে অ্যামেণ্ডেড ফর্মে এসেছিল এই হাউসের সামনে সিলেক্ট কমিটি থেকে সেটাকে আবার অ্যামেণ্ড করে জেনারেল কাউন্সিলের ক্ষমতা কেড়ে নেওয়া হোল। এইভাবে সম্পূর্ণ একটা অগণতান্ত্রিক এবং আমলাসর্বস্ব সংস্থা গড়ে তোলা হচ্ছে যাদের হাতে এই লক্ষ লক্ষ লোকের ভাগ্য ছেড়ে দেওয়া হচ্ছে, যাদের হাতে taxation নির্ধারণ করবার একটা সম্পূর্ণ অধিকার ছেড়ে দেওয়া হচ্ছে, যাদের হাতে বহির্দেশের সংগে তারা কিভাবে টাকা ধার করবেন কত টাকা সুদ পাবেন সেটা তারা নির্ধারণ করবেন—সরকার নামেমাত্র সই করে দেবেন। এই বিলটি আসার সময় একটা কারণও দেখাতে পারেন নি—এটাতে আমরা তীব্র আপত্তি করেছিলাম, পূর্বেও করেছি এবং যখন ধারাবাহিক আলোচনা হচ্ছিল তখনও করেছি এবং এখনও আমি তীব্র আপত্তি করছি যে এইভাবে কাউন্সিলের ক্ষমতা কেড়ে নিয়ে একটা আমলাসর্বস্ব বোর্ডের হাতে সমস্ত ক্ষমতা দেবার কোন কারণ ছিল না। যে টাকা আজকে এ সংস্থা খরচ করবে ২,০০১ বছরে গিয়ে ১০ গ্যালন জল বাড়াবার জন্য—সেই টাকা যদি করপোরেশন বা মিউনিসিপ্যালিটির হাতে দেওয়া যেতো, একটা কো-অর্ডিনেশন কমিটি যদি দেওয়া হোত ইলেকটেড রিপ্রেজেন্টেটিভদের নিয়ে তাহলে তাঁরা যে এটা করতে পারতেন না এটা ভাবার কোন কারণ নেই। কারণ বর্তমানে করপোরেশনে যে ব্যবস্থা চলেছে সেটা কোন আমলারা করে দেন নি। ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ যাঁরা তাঁরা খারাপ হোক ভাল হোক তাঁদের অনেক দুর্বলতা আছে তা আমরা জানি তা সত্বেও কলকাতায় এই ৭২ ইঞ্চি পাইপ করপোরেশনের ইলেকটেড রিপ্রেজেন্টেটিভসরাই এনেছেন। এবং তাঁদের যদি টাকাটা দিয়ে ব্যবস্থা করতে পারতেন তাহলে যে জলটা ২,০০১ বছরে গিয়ে পাওয়া যাবে সেটা এখনই হয়তো তাঁরা দিতে পারতেন। তা না করে তাঁদের ক্ষমতা সম্পূর্ণ কেড়ে নিয়ে শুধু কতকগুলি প্রাইমারী স্কুল চালাবার জন্য এবং কিছু রাস্তাঘাট তৈরী করার জন্য এই মিউনিসিপ্যালিটিকে করপোরেশনকে রেখে দেওয়া হচ্ছে—সেজন্য আমি তীব্র বিরোধীতা করছি। ট্যাক্সের সম্পর্কে আমরা বার বার বলছি এবং এখনও বলছি যে জনসাধারণের আজকে ক্ষমতা নেই এবং ট্যাক্সের উপর যখন সংশোধনী দেওয়া হয়েছিল তখন আমি বলেছিলাম সভাপতি মহাশয়, যে এর ফলে এই দাঁড়াবে যে বর্তমানে কলকায় যাঁরা মধ্যবিত্ত একটু-আধটু ঘরদোর করেছিলেন বা তাঁদের পূর্বপুরুষেরা যে সমস্ত ঘরবাড়ী রেখে গিয়েছিলেন সেগুলি রাখার মত অবস্থা তাঁদের হচ্ছে না এবং সেগুলি বিশেষ করে যাঁদের

ব্লাক মনি আছে তাঁরা লোভ দেখিয়ে দখল করে নিচ্ছেন। আজকে কলকাতার রাস্তার রাস্তার পর রাস্তা, গলির পর গলিতে গিয়ে দেখবেন যে শুধুমাত্র বাঙ্গালী মধ্যবিত্তরা যেখানে বাস করতেন আজ সেই সমস্তই তাঁদের হাত থেকে চলে গেছে এবং অবাঙ্গালী যাঁরা কালোবাজারী মুনাফাখোর ধনী তাঁদের হাতে সমস্ত গলিকে গলি রাস্তাকে রাস্তা চলে যাচ্ছে।

[4-30—4-40 p. m.]

এ অবস্থায় এ বিল পাশ হবার পর কি হবে তা আমরা জানি না। শেষ কথা হচ্ছে আমেরিকা লোন দেবে কি দেবে না, কত টাকা দেবে কিভাবে দেবে কোন কথাই নেই, কেবল তারা টাকা দেবে এই বলেই বিল পাশ করাচ্ছেন। এটা সম্পূর্ণ তাদের দয়ার উপর নির্ভর করতে হবে। এই যে অবস্থা এটা যে শুধু অসম্মানজনক তাই নয়, জাতির এবং দেশের যে দাবী সেটার প্রতি তারা ঘৃণা প্রকাশ করেছেন। এবং বিদেশীদের উপর সম্পূর্ণ বিশ্বাসী নয় তারা বিল দেখে দেবেন, কবে টাকা দেবেন এই ব্যাপারে তাদের উপর সম্পূর্ণ ছেড়ে দেওয়া হয়েছে। এ ভাবে তারা employees-দের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলবেন। শৈলবাবু জবাবে বলেছেন যে Trade Union-এ তারা দেখবেন কিন্তু এই বিল পাশ হবার পরদিন যে দিন Authority হবে সেদিন থেকে এই dispute সুরু হবে। Employees-রা কতদিন পর্যন্ত আসতে পারবেন Municipality-তে বা Calcutta Corporation বলে দেবেন যে তোমাদের চাকুরী গেল, তারপর তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে। এই যে অবস্থা এর safeguard-এর উল্লেখ কোন করেন নি। কোন বিরোধ যদি হয় তাহলে সরকার দেখবেন এই কথা বলেছেন। সরকার কি ভাবে দেখবেন তা জানি না। Regulation-এ এ নিয়ে বলা হয়নি শুধু একটা blank cheque আমাদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। আসলে ভবিষ্যতে কি করবেন না করবেন সে সব কিছুই নেই। বিল পাশ করে দেবেন তারপর Municipality এবং Corporation-এর কর্মচারীদের কাউকে নেবেন কি নেবেন না সে সব কিছুই জানি না। যাদের নেবেন না তারা রাস্তায় ঘুরে বেড়াবেন আপনারা সেই আমলাদের উপর ছেড়ে দেবেন। Water tax কত করবেন না করবেন সেটা তারাই ঠিক করবেন, কলকাতা করপোরেসন এবং Municipality বাড়ীর একটা plan sanction করবেন authority অনুযায়ী সেখানে ২ জন লোক পাঠিয়ে দেবেন তারাই Inspection এর ব্যবস্থা কি হবে, বাড়ীওয়ালার কি অবস্থা হবে সেটা জানি না কাজেই ২টা authority বলা হয়েছে। আস্তে আস্তে Municipality এবং Corporation উঠিয়ে দেওয়া হবে সে জন্য আমরা এর তীব্র বিরোধিতা করছি। এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক এবং বৈদেশিক সাম্রাজ্যবাদের বিত্তদের উপর নির্ভরশীল তাদের কথা টাকা দেবে না তার জন্য, এবং এই বিলের দ্বারা জনসাধারণের উপর tax হবে তার জন্য এবং এই বিলের দ্বারা হাজার হাজার Municipal এবং Corporation-এর কর্মচারীদের ভাগ্য নির্ভর করবে আমাদের উপর তার জন্যও আমরা এই বিলের বিরোধীতা করছি।

Shri Hemanta Kumar Basu : স্যার, অনেক দিনের চিন্তা কাজ, পরিকল্পনা এর পেছনে নানান প্রস্তাব, ডাঃ রায়ের বিশেষ পরিশ্রম, W. H. O. কমিটির পরিশ্রম World Bank-এর চিন্তা ইত্যাদি নানান দিক দিয়ে বিলটা আমাদের কাছে এসেছে। এ বিলটা যে ভাবে পাশ হতে যাচ্ছে। আমরা যারা বিরোধী পক্ষ তারা যে সমস্ত Amendment দিয়েছিলাম এর মধ্যে কতকগুলি সংশোধন Select Committee-তে হয়েছে সরকারী সমর্থনে তথাপি এই House-এ যে সমস্ত Amendment দিয়েছিলাম এবং সে Amendment-এর দ্বারা এ বিলটার গণতান্ত্রিক রূপ দেবার চেষ্টা করেছিলাম। মন্ত্রিমহাশয় সে Amendment গ্রহণ করেন নি। ডায়রেক্টার বোর্ড তিনি যেভাবে গঠন করেছেন এবং সে সম্বন্ধে আমাদের যে সংশোধনী ছিল তার কোন সংশোধনী তিনি গ্রহণ করেন নি। বরং জেনারেল বডি যার একটা

ক্ষমতা ছিল বাজেট পাশ করায় তার ফাইনাল হবে, কিন্তু সেটা তিনি এমনভাবে ঘোরালেন যে শেষকালে State Govt.-এর হাতে গিয়ে পড়বে। কাজেই জেনারেল বডির যে ক্ষমতা থাকা দরকার তা নেই। আমাদের ভাবনা কর্মচারীদের জন্য। যারা বিভিন্ন ডিসট্রিক্ট বোর্ড, মিউনিসিপ্যালিটিতে কাজ করতো তাদের এই Metropalitan বোর্ডে নেওয়া হবে। কিন্তু এর মধ্যে হয়ত অনেকে বেকার হয়ে যাবে, সে সমস্ত লোকের কি হবে সে বিষয়ে মন্ত্রিমহাশয় বললেন না যে এরজন্য কেউ বেকার হবে না। আমাদের মনে হচ্ছে যে অনেকে হয়ত: বেকার হয়ে যাবে কিন্তু তার কোন প্রোটেকশান নেই। তারপর ট্যাক্সেসানের ব্যাপারে বলছি। বাস্তবিক আমাদের যা হয় যা কলকাতা শহরের Improvement-এ দেখছি যে কলকাতা শহরে গরীবদের স্থান নেই। Tax-র বোঝা ঘাড়ে এত যে, অনেকে tax-র বোঝার চাপে বাড়ীঘর বেচে কলকাতা শহর ছেড়ে চলে গেছে। কলকাতা Improvement হওয়ায় যেখানে গরীব দরিদ্র লোক থাকতো, যারা শহর গড়েছিল সে সমস্ত লোক যারা বস্তীতে বাস করতো বা ছোট ছোট বাড়ীতে বাস করতো তারা আজকে সব নিশ্চিহ্ন হয়ে গেছে। এ জন্য কোন স্কীম এলে আমাদের মনে হয় এই স্কীমগুলো কোন বিত্তশালী লোকেদের জন্য, গরীবদের জন্য নয়। আমি একটা স্কীমের কথা বলছি বোসপাড়া স্কীম বাগবাজারের ঐ দিকে Improvement Truest-এর ব্যাপার আমি ডাঃ রায়কে বলেছিলাম যে এই স্কীম পরিবর্তন করুন। সেখানের যে সমস্ত গরীব, মধ্যবিত্ত লোক তারা ঐখানে জায়গা পাবে, তাদের একটা লং লোন দেওয়া হবে, সে লোনের পর তারা সেখানে বাস করতে পারবে। অবশ্য ডাঃ রায় কিছু কিছু শুনলেন। কিন্তু দেখলাম অধিকাংশ লোক সেখান থেকে উৎখাত হয়ে গেল। যদিও সেটা একটা বড় স্কীম নয়, এটা একটা বড় স্কীম ৩২টা Municipality-কে নিয়ে সুয়ারেজ, জলের ব্যবস্থা, ড্রেনের ব্যবস্থা করবার জন্য নিশ্চয়ই অনেক জায়গার দরকার, এবং এ জায়গাগুলি হয়ত আইনের দ্বারা গ্রহণ করবেন। আমাদের যে Land Acquisition Act আছে সে আইনের উপরই জমি গ্রহণ করবেন। কিন্তু তাতে অনেক গরীব লোকের ঘরবাড়ী রুজি রোজগার বন্ধ হয়ে যাবে। এই আইনে যে জমি নেওয়া হবে তাতে ল্যাণ্ড অ্যাকুইজিসান অ্যাক্ট অনুসারে কমপেনসেসান দেওয়া হবে। কিন্তু যারা একেবারে উৎখাত হবে, তাদের কোন রকম পুনর্বাসনের ব্যবস্থা নেই। গরীব যারা যাবে এবং যাদের জমি ঘর নেওয়া হবে তাদের অনেক সময় হয়ত জীবিকার জন্য সামান্য হয়ত একটা চাষের ক্ষেত আছে তাও নেওয়া হবে যা এই স্কীমে পড়বে। আমরা দেখেছি একটা স্কীমে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যতটা জমি দরকার তার চেয়ে বেশী জমি নেন কারণ জমি বেশী নিলে বেশী দামে বিক্রী হয় এবং তাতে যে টাকা হয় সে টাকা দিয়ে কাজ করেন। এতে বহু গরীব লোক মারা যায়, এজন্য এ স্কীমে দেখা যাবে যতটা জমি দরকার তার ডবল জমি নিলেন এবং তার জন্য বহু লোক উৎখাত হয়ে যাবে। সেজন্য আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছি মন্ত্রিমহাশয় ল্যাণ্ড অ্যাকুইজিসান অ্যাক্ট অনুসারে কমপেনসেসান দেবেন বলেছেন কিন্তু তাতে পুনর্বাসনের ব্যবস্থা নেই। সেদিক থেকে বলবো এটা যদি না থাকে তাহলে গরীব মেট্রোপলিটান ডিসট্রিক্ট থেকে উৎখাত হয়ে যাবে সে সম্বন্ধে কোন সন্দেহ নেই। সেজন্য বলছি সাধারণ গরীব লোক তারা যাতে এখানে থাকে, তাদের এখানে যাতে বাস থাকে, তাদের জীবিকার পথ থাকে, ঘরবাড়ী থাকে কিম্বা পুনর্বাসনের এরূপ সস্তা ব্যবস্থা করুন তাহলেও বোঝা যায়। সল্ট লেক এরিয়া করেছেন, সেখানে ৩/৪ হাজার টাকা করে কাঠা, গরীব লোক যারা ৫০, ৬০, ৭০ টাকা করে মাহিনা পায় তারা সল্ট লেকে কি করে যাবে? সেজন্য বলছি দরিদ্র লোকদের পুনর্বাসনের ব্যবস্থা হবে, তাদের জমি দেওয়া হবে, ঋণ দেওয়া হবে এবং যে ঋণ ক্রমে ক্রমে শোধ করতে হবে সেখানেই পুনর্বসতি হবে সে ব্যবস্থা করুন।

[4-40—4-50 p. m.]

কিন্তু চার, পাঁচ হাজার টাকা কাঠা, জমির দাম যদি হয়, তাহলে সেই জমিতে সাধারণ লোক বাস করতে পারবে না, সেখানে বড় লোকেরা বাস করবে। আমরা দেখতে পাচ্ছি, তাঁদের প্রত্যেকটি স্পিস এইভাবে, বড় লোকদের সুবিধার জন্য করা হচ্ছে।

কাজেই এই যে আইন হতে চলেছে, এই আইনটা ঠিক একটা গণতান্ত্রিক elected body-র মত কাজ করতে পারবে না, প্রতিটি কাজে, প্রত্যেক ব্যাপারে সরকারের "approval নিতে হবে, সরকারের প্রতি নির্ভরশীল হতে হবে। অনেক কাজ সরকার interfere করতে পারেন। যদিও মন্ত্রিমহাশয় মোটামুটিভাবে এতে, একটা গণতান্ত্রিক রূপ দেবার চেষ্টা করেছেন। কিন্তু তিনি তাতে বিফল হয়েছেন। সম্পূর্ণভাবে এটা সরকারী প্রতিষ্ঠান হিসাবে কাজ করবে। যদিও এইরকম একটা আইন আমাদের বিশেষ প্রয়োজন ছিল, কলিকাতা শহর এবং ৩২ টা মিউনিসিপ্যালেটি নিয়ে, এক বৃহৎ কলিকাতা গড়ে তোলবার জন্য, এবং সেই সময়, ডাঃ রায় আমাদের যে সমস্ত কথা বলেছিলেন, তাতে আমাদের মধ্যে উৎসাহ এসেছিল, প্রেরণা এসেছিল, যে এইরকম একটা ব্যাপার হোক। কিন্তু এই ব্যাপারটা শেষ পর্যন্ত যেভাবে এলো, তাতে, কিভাবে, কতখানি সমস্যাটা সমাধান হবে, সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।

তাঁদের প্রত্যেকটি ব্যাপারে ঋণের প্রয়োজন। ঋণ না পেলে, আমাদের কোন কাজ হয় না। কাজেই এই কাজ করতে গেলে আবার ঋণের প্রয়োজন হবে। কিন্তু এতে কতখানি কাজ সম্পন্ন হবে, তা বলা শক্ত। এই ঋণ কি করে শোধ করতে পারবো, তা জানি না, এবং এর দ্বারা কতখানি উন্নতি হবে, সে বিষয় সন্দেহ আছে। কাজেই, এই কথা বলে, আমি আবার বলছি—যে সমস্ত চাকুরে লোক আছেন, তাঁদের যাতে বেকার সমস্যার সম্মুখীন হতে না হয়, তাদের প্রত্যেকের যাতে চাকরী বজায় থাকে, সেদিকে মন্ত্রিমহাশয়ের যেন দৃষ্টি থাকে।

Shri Gopal Banerjee : মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত তাড়াতাড়ি এবং বিধানসভার যে কতকগুলি পদ্ধতি আছে, সেই পদ্ধতির ব্যতিক্রম করে এই Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill আইনে পরিণত হতে চলেছে। আমরা বিরোধীপক্ষ থেকে এই আইন সম্পর্কে যা সমালোচনা করেছিলাম, সেই সমালোচনার কোন সদুত্তর পাইনি এবং আইন যেভাবে এখন রচিত হল, সেই আইনের মধ্যে এই কথাটা আমাদের বার বার বলতে হবে, যেকথা আমরা বার বার বলেছি, যে আমাদের দেশের স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের কতকগুলি কাজ নিয়ে, তারমধ্যে সেই চরিত্র নেই, এরমধ্যে একটা বিরাট ব্যতিক্রম হয়েছে। স্থানীয় স্বায়ত্তশাসন মূলক প্রতিষ্ঠানগুলর যে সর্বোচ্চ কর্তৃত্ব যে সংস্থার উপর ন্যাস্ত থাকত, তার দায়িত্ব থাকত জনসাধারণেরকাছে। জনসাধারণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের কাছে সমস্ত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের ক্ষমতা ন্যাস্ত থাকত। এখানে যে ক্ষমতা ন্যাস্ত থাকছে, সেই ক্ষমতা ঐ রকম কোন সংস্থার উপর নাই। বরঞ্চ যে সংস্থার উপর সবচেয়ে বেশী ক্ষমতা থাকছে এখন, সেটা অন্য ধরণের একটা সংস্থা, যাকে বলা যেতে পারে Board of Directors. এই Board of Directors তাঁরা তো জনসাধারণের কাছে সরকারীভাবে তো দায়ী নয়, এমন কি General Council তাঁদের দায়িত্ব কতখানি, সে সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে। আপনি জানেন স্যার, যে আমরা অত্যন্ত তীব্রভাবে প্রতিবাদ জানিয়েছি এই 'General Council এর যতটুকু power Select কমিটি রেখেছিল যেটুকু পর্যন্ত আমাদের সরকার পক্ষ মন্ত্রিমহাশয় সেটা রাখতে রাজী হলেন না। এইটুকু শুধু ছিল বাজেটটা General Council-এ যদি পাশ হয়ে যায়, তাহলে সেই বাজেটটা চূড়ান্ত হয়ে যাবে। কিন্তু এখন যা অবস্থা দাঁড়ালো আমাদের যা আশংকা সেই আশংকা আমরা সঠিক বলে মনে করি। এই Board of Directors এর সঙ্গে General Council এর বাজেট নিয়ে যদি কোন মতবিরোধ হয়, সেই মতবিরোধের মীমাংসা হবে সরকারের দ্বারা সেই সরকারের নিযুক্ত তিন জন Board of Directors সদস্য, তার চেয়ারম্যান সরকারের নিযুক্ত। তিনজন যদিও বে সরকারী লোক আছেন। তার উপর কর্তৃত্ব ঐ তিনজন যেখানে Board of Directors সদস্য, তার চেয়ারম্যানের casting vote নিয়ে চারটা ভোটের অধিকার। কাজেই তাঁরা গায়ের জোরে কাজ করবার জন্য অগ্রসর হতে পারবেন এবং করবেন সেই আশংকা এই

আইনের মধ্যে থেকে গেল। সুতরাং আমরা যে কথা বলেছিলাম যে গণতান্ত্রিক পদ্ধতি, যে গণতান্ত্রিক Tradition আমাদের দেশে ছিল এই স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানে, সেটা এখানে রইল না। এই আশংকা এবং অভিযোগ খুবই সত্য, এটা খণ্ডন করতে মন্ত্রিমহাশয় কোন ভাবে পারেন নাই তিনি অন্যায় ভাবে যে যুক্তি দিয়েছেন, তার মধ্যে আমি যেতে চাচ্ছি না। এর থেকে যে বিপদ আসছে, সেটা হল এই Board of Directorsদের এতখানি ক্ষমতা দেওয়া হলো, General Council আর Board of Directorsএর মাঝে যদি যেমন একটি জায়গায় আবার মতবিরোধ হয়, সেই মতবিরোধের মীমাংসা সরকারের কাছে চলে যাওয়ার এই ব্যবস্থা; তাতে সরকারের দায়িত্ব অনেকগুণ বেড়ে গেছে। আমি সরকারী তরফ থেকে একটা সুস্পষ্ট বক্তব্য এ সম্বন্ধে শুনতে চাই Board of Directorsএর সংগে General Councilএর যেখানে বিরোধ উপস্থিত হবে, সেখানে General Council এর majorityর সিদ্ধান্ত সরকার সাধারণ ভাবে কখনো নাকচ করতে পারবেন না। এই সুস্পষ্ট ঘোষণা আজকে আমাদের কাছে সরকারের দেওয়া প্রয়োজন।

এই Board of Directors যাঁরা আছেন, এর মধ্যে সরকারী আমলারা থাকবেন। তাঁদের মনোভাব কী আমরা জানি। তাঁরা এখানে পুরানো দিনের মনোভাব কাটিয়ে উঠতে পারেন নি। সুতরাং ভয়ংকর বিপদ সেদিক থেকে যাবে মন্ত্রিমহাশয় যদি এ সম্বন্ধে তাঁদের সুস্পষ্ট বক্তব্য না রাখেন এবং সরকারপক্ষ যদি এই রকম attitude নিয়ে চলেন, তাহলে আমরা মনে করি Board of Directorsদের যে আমলাতান্ত্রিক মনোভাব, তাকে প্রশ্রয় দেওয়া হবে।

আমরা আর একটি অভিযোগ করেছিলাম এর মধ্যে বিদেশী প্রভাবের কথা যখন বলেছিলাম মন্ত্রিমহাশয় তখন বলেছেন ওদের সমস্ত ছেঁদো কথা,বাঁধা বুলি Tradition গভর্নমেণ্ট Institutionএ বদলানো কেন? W.H.O.কে বলা হয়েছিল Scientific recommendation এবং technical recommendation করতে, কলকাতার যে সমস্যা বিশেষ করে পানীয় জলের আর ময়লা সরানোর swearage সম্পর্কে বলা হয়েছিল; বিশেষ করে জলের সম্পর্কে অথরিটীর structure পর্যন্ত তাঁরা বলে দিয়ে গেছেন। কী রকম অথরিটী হবে? আমেরিকার চিকাগো, নিউইয়র্ক শহরে কিংবা অন্যান্য জায়গায় যেভাবে অথরিটী গড়ে উঠেছে, সেই রকম অথরিটী যা যেখানে আছে, তা আমেরিকার জাতীয় জীবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কিন্তু আমাদের এখানে তা নয়। সবচেয়ে বড় কথা হলো এতগুলি নুতন structure যা এলো, তা আমাদের প্রয়োজনের তাগিদে নয়: এটা এসেছে একটি বিদেশী টীমের recommendationএর মধ্যে দিয়ে। সেই অভিযোগ রইল আমাদের এর মধ্যে দিয়ে। আমরা যে আশংকা করছি যে গণতান্ত্রিক পদ্ধতিতে চলবার যে পদ্ধতি আমাদের স্থানীয় স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠানে ছিল, তা খর্ব হবে। এই বিদেশীদের উপর যদি আমাদের উপর এত নির্ভরশীলতা থাকে তাহলে এটা একটা অত্যন্ত মারাত্মক নজীর হিসেবে দাঁড়াবে।

এই প্রসঙ্গে বলতে চাই যে কয়টি আইন আমরা সেসনে পাশ করলাম, সেখানে দেখা যাচ্ছে আমলাদের উপর ক্ষমতা খুব বেশী দেবার জন্য চেস্টা করা হচ্ছে। এখানে কী যুক্তি দেওয়া হয়েছে? একটি unified অথরিটি একটি unified agency দরকার একথা ঠিক আমরা স্বীকার করি, কিন্তু uniform agencyর যে আগ্রহ, সেই আগ্রহের সুযোগ নিয়ে গণতান্ত্রিক অধিকারকে খর্ব করবার জন্য এই আগ্রহে ব্যবস্থয়ে করা হয়েছে। আমরা তাই বলেছিলাম বোম্বে কর্পোরেশনের কথা, বোম্বে তাদের নিজেদের মধ্যে অন্তর্ভুক্ত করে সেখানে গ্রেটার বোম্বেতে স্থানীয় স্বায়ত্ব শাসনমূলক প্রতিষ্ঠানের যে কাজ অর্থাৎ জল সরবরাহ sewarage ও অন্যান্য সমস্ত কাজ হচ্ছে, তার সঙ্গে সঙ্গে বড় বড় সমস্ত জিনিসও তাঁরা করছেন। আমাদের যেমন State Transport Corporation আলাদা ব্যবস্থা।

[4-50—5 p. m.]

যান আমাদের এখানে যেমন State Transport Corporationআলাদা ওখানে Bombayতে Corporationই State Transport করে। এবং যেমন electricity C.S.C. আলাদা Bombayতে আলাদা নয়। Corporation Transport এবং electricityর কাজ করে। সেই রকম একটা সংস্থা unified authority—Bombay Corporation unified authority সেই রকম এখানে unified authority সম্ভব হল না কেন? এখানেই আমরা বলছি যে বিদেশীর হস্তক্ষেপ এবং বিদেশীর প্রতি আমাদের—এই বিদেশীর technical expert যারা তারা আমাদের traditionকে বিচার করেনি। এবং আমি জানি না তাদের কোন report-এ একথা আছে কি না—বা তারা কোন জায়গায় একথা বলেছে কি না যে আমাদের যে Local Self-Government institution তার workingএ কোথায় difficulty। বরঞ্চ আমাদের এখানে যে enquiryগুলি হয়েছে Local Finace কমিশন অন্যান্য যে Taxation Enquiry কমিটি report যা আছে তাতে সব জায়গায় এই কথাটা বলা হয়েছে যে এদের structural অসুবিধা নয় তার চেয়ে বড় অসুবিধা financial যে অসুবিধা তার জন্য হচ্ছে। কিন্তু তার জন্য কোনখানে আমি শুনিনি structural changeএর কথা আমাদের যে সব enquiry কমিশন বসেছিল তারা বলেছে। কিন্তু এটা একটা বিদেশী team তারাই বলেছে। আমরা মনে করি এ দৃষ্টিভঙ্গী অত্যন্ত ভুল দৃষ্টিভঙ্গী। ঠিক এই ভাবে এই co-operative-এর আইন যখন এখানে এসেছিল অথবা Universityর যখন আইন এসেছে তখনও যখন আমরা সমালোচনা করেছি কুক্ষিগত কুক্ষিগত বলে মন্ত্রিমহাশয় উপহাস করেছেন। আমরা মনে করি এই কুক্ষিগত কথাটা আমাদের বলে যেতে হবে যখন তারা এই আমলাদের হাতে ক্ষমতা বাড়াতে যাবেন। আমার মনে আছে যখন Co-operative Act এখানে আসে Registrar কে কি কি power দেওয়ার কথা হয়েছিল অত্যন্ত আনন্দের কথা আমরা হাউসের বিভিন্ন পক্ষ মিলে সেটা আমরা বাধা দিতে পেরেছিলাম। এখানে দুঃখের কথা আমরা যতটুকু চেয়েছিলাম ততটুকু পারলাম না। কিন্তু এখানে মন্ত্রিমহাশয় তার বক্তব্যে এই কথা বলেছেন যে Municipalityকে censure করতে চাই না, কিন্তু যেভাবে এই আইন পাশ হল তাতে Municipalityকে censure করা ছাড়া আর কি হল তা বুঝতে পারলাম না। আমরা বলেছিলাম Municipality ছোটই হউক আর বড় হউক institution হিসাবে একটা করে representation প্রত্যেক Municipalityকে দেওয়া উচিত। সেখানে মন্ত্রিমহাশয় কি বললেন না এখানে আমরা কাজ করতে চাই—তিনি বারবার একই কথা বলেন যে কাজ করতে চাই। যেন Municipalityর যারা representative আসবে তারা কাজ না করে অকাজের জন্যই এখানে আসবে। ভাগ্যি ভাল মন্ত্রিমহাশয় আজ মন্ত্রির গদীতে বসেছে দুই চার বছর আগে যদি হত তাহলে মন্ত্রিমহাশয়কে ঠিক এই কথাটাই শুনতে হত হাওড়া Municipalityর Chairman হিসাবে। আমার খুব আশ্চর্য্য লাগে এবং দুঃখও লাগে যে তিনি একজন Local Self-Government institutionএর সঙ্গে জড়িত থেকে কি করে বার বার এই কথাই বলেন? তিনি কি যখন হাওড়া Municipalityর Chairman ছিলেন তখন কি সর্বদাই অকাজ করে এসেছেন? ১১ জন লোক আমরা যেটা suggest করেছিলাম General Councilএ তাতে খুব বেশী ক্ষতি হত বলে আমি মনে করি না। তাহলে Bombay Corporationএর মত না হলেও মাঝামাঝি জায়গায় দাঁড়াতে পারতাম। তাহলে কিছুটা democratic traditionএর সঙ্গে খাপ খাওয়ান যেত। সুতরাং সমস্ত দিক থেকে আইনের যে মূল কাঠামো এবং চরিত্র তার সঙ্গে আমরা একমত হতে পারছি না। তবুও আজ কলকাতার যে সমস্যা তার জন্য একটা unified authorityর প্রয়োজন। আমি সেজন্য আবার মন্ত্রিমহাশয়কে বলছি যে unified authorityর সুযোগে further curbing of democratic rights and privileges যেটুকু আছে সেটা যেন খর্ব করার চেষ্টা না হয়। এবং এর মধ্যে যে বিপদগুলি আছে তা যদি

সংযতভাবে নিজেদের আচরণ রাখেন তাহলে হয়ত অনেকটা democratic tradition maintain করতে পারবেন। এটা তাদের উপরে নির্ভর করবে। Taxationএর ব্যাপারে যে principle নেওয়া হয়েছে—এখানে আমি W.H.O. যে report তা আমি আগেও বলেছি যে সেখানে ছিল যে এই সব body self sufficient করতে হবে। এই principle আমাদের দেশে ছিল না। Governmentকে Local Self-Governmentকে সাহায্য করা হত। যদি এখানে সেই সাহায্য না করা হয় তাহলে আমি মনে করি taxএর burden ভয়ঙ্করভাবে বেড়ে যাবে। সুতরাং আমি এই কথা বলে আমি আবার মন্ত্রিমহাশয়কে এই কথা বলছি যে General Council এবং Board of Directorsএর যে সম্পর্কে এর সম্পর্কে সরকারের একটা ঘনিষ্ঠ যোগাযোগ থাকলে কিন্তু সরকারকে assmance আজকে দিতে হবে General Councilএর যে majority decision তাকে কখনই thwart করবেন না বা নাকচ করবেন না।

Shri Nikhil Das: মাননীয় সভাপাল মহাশয়, এখন আমরা শেষ অধ্যায়ে এসেছি, এটা আইনে পরিণত হতে চলেছে। আমি কয়েকটা suggestion আপনার মাধ্যমে রাখব। একটা হচ্ছে উনি হঠাৎ একটা amendment এনেছেন এখনে যখন এল বিলটা Select কমিটির পর সেটা হচ্ছে এই যে ২০ জন Municipality এবং Corporationগুলি Select কমিটিতে ছিল ২০ জন উনি ২৫ জন করলেন। একটু আশান্বিত হয়েছিলাম কিন্তু Schedule II যেটা amedment করে রেখেছেন তাতে মনে হল এই ৫ জন বাড়িয়েছেন তা হচ্ছে কিছু কিছু লোককে খুশী করবার জন্য আমি উদাহরণ দিচ্ছি। যেমন শ্রীরামপুর Municipality-তে census অনুযায়ী population ছিল ৯১ হাজার, ভাটপাড়া Municipality ১৯৬১ সালের census অনুযায়ী তার population ছিল ১ লক্ষ ৪৭ হাজার। কিন্তু ভাটপাড়ার কপালে প্রতিবার General Council-এ থাকবার সৌভাগ্য হল না। ওর সাথে আরেকটা Municipality-কে যোগ করে দেওয়া হল অর্থাৎ ভাটপাড়া every alternate year-এ আসবে। কিন্তু শ্রীরামপুর প্রতি বছর থাকবে। তারপর Garden Reach Municipality তার population হচ্ছে ১ লক্ষ ৩০ হাজার তাকে জুড়ে দেওয়া হল আরও দু'টি Municipality-র সাথে রাজপুর এবং বারুইপুর। সে প্রতি তিন বছরে একবার করে আসবে। তারপর South Suburban Municipality তার population হচ্ছে ১ লক্ষ ৮৫ হাজার তার ভাগ্যে দুটো জুটলো আর হাওড়া Municipality তার population হচ্ছে ৫ লক্ষ ১২ হাজার তার কপালেও দু'টি জুটল। তারপর South Dum Dum Municipality-এর population হচ্ছে ১ লক্ষ ১১ হাজার তাকে জুড়ে দেওয়া হল আরও দু'টি Municipality-র সাথে North Dum Dum এবং Dum Dum এর সাথে। সে প্রতি তিন বছরে একবার আসবে। Rishra Municipality তার population ৩৮ হাজার কোন্নগর ৫২ হাজার এক লক্ষ হল না তারা কিন্তু every alternate year-এ আসছে। কাঁচড়াপাড়া ৬৮ হাজার, হালিসহর ৫১ হাজার নৈহাটি ৫৮ হাজার এই যে তিনটি Municipality-কে একটা group করে দেওয়া হল তারা আসবে প্রতি তিন বছরে একবার করে। সুতরাং এই যে ৫ জন বেড়েছে এটা political consideration-এ হয়েছে। এটা কংগ্রেস দলকে খুশী করার জন্য হয়েছে। এটা অত্যন্ত অন্যায় হয়েছে। আমি একটি কথা বলব যে Scheduleটা পাল্টাবার ক্ষমতা State Government-এর হাতে, Assembly-তে আনতে হবে না, এটা amend করবার ক্ষমতা তাদের আছে। আমি বলছি Scheduleটা amend এইভাবে করুন যে ১৯৬১ সালে ১ লক্ষ থেকে ৩ লক্ষ population যে Municipalityগুলিতে ছিল তাদের এক করে দিন। তিনের উপর থেকে ৬ পর্যন্ত যাদের তাদের দুই দিন এবং কলকাতাকে যে ৬ দিয়েছেন তা দিন। ৫০ হাজারের population যারা তাদের every alternate year-এ আসার সুযোগ দিন। আর যারা ৫০ হাজারের নীচে যারা তারা তিন বছরে একবার করে আসুক। এই principleটা আপনি take

up করুন। তা না হলে Schedule করার মধ্যে দিয়ে যে favouritism দেখা দিয়েছে সেটা অত্যন্ত অন্যায়। দ্বিতীয় কথা General Council-এ গেল কি না গেল তাতে কিছু আসে যায় না কারণ General Council একটা শোভাবর্ধক কমিটি হয়েছে।

[5—5-10 p.m.]

একটি শোভা বর্ধন করা কমিটি এবং ডাইরেক্টার বোর্ডে তিনজন লোক পাঠাবার তাদের একটি ক্ষমতা আছে। কিন্তু সেই তিনজন লোকের ক্ষমতা নেই। গভর্নমেন্ট যে তিনজন অ্যাপয়েন্টমেন্ট করবেন এবং চেয়ারম্যান অ্যাপয়েন্ট করবেন ঐ তিনজন লোক থেকে তাঁরা একটা চেয়ারম্যানের কাষ্টিং ভোট নিয়ে সমস্ত ম্যাটার ডিসাইড করবেন। জেনারেল কাউন্সিলকে শৈলবাবু যে অবস্থায় এনে দাঁড় করিয়েছেন তাতে জেনারেল কাউন্সিলের কোন ক্ষমতা নেই এবং জেনারেল কাউন্সিলকে যে বাড়তি ক্ষমতা দেবার কথা আমরা বলেছিলাম তা তিনি শোনেন নি। মাননীয় সভাপতি মহাশয়, অত্যন্ত দুঃখের ব্যাপার হচ্ছে এইটা যে সিলেক্ট কমিটিতে অ্যানুয়েল বাজেটের ব্যাপারে জেনারেল কাউন্সিলকে অসীম ক্ষমতা দেওয়া হয়েছে, তাকে ফাইনাল অথরিটি করা হয়েছে। শৈলবাবু এখানে এসে সেই ক্ষমতা তাদের হাত থেকে কেড়ে নিলেন। তা হলে জেনারেল কাউন্সিল রাখার অর্থ কি? কোন অর্থ হয় না এই জেনারেল কাউন্সিল রাখার, একটা পোশাকি বডি, কিছুটা টাকা খরচ হবে এই পর্যন্ত অর্থটা হতে পারে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শৈলবাবুর কাছে এই কথা রাখবো, শৈলবাবু বলেছেন যখন অ্যানুয়েল বাজেট নিয়ে নিলেন তখন যে জেনারেল কাউন্সিল ডিভিশন করতে পারবে না তা নয়, জেনারেল কাউন্সিলকে যদি ফাইনাল অথরিটি দেওয়া হয় তাহলে ডিলে হবে। তাই আপনার মাধ্যমে শৈলবাবুর কাছে আমার অ্যাপিল হচ্ছে যদি জেনারেল কাউন্সিল এবং বোর্ড অব ডিরেক্টারসদের মধ্যে ডিসপিউট হয় জেনারেল কাউন্সিলটা রিপ্রেজেন্টেটিভ বডি এবং কিছু ইলেকটেড লোক সেখানে আছে এবং সেই ক্ষেত্রে স্টেট গভর্নমেন্টকে ফাইনাল অথরিটি আইনে রেখেছেন সেখানে জেনারেল কাউন্সিলের যে ওপিনিয়ন সেটাই যেন স্টেট গভর্নমেন্ট মেনে নেন, বোর্ড অব ডিরেক্টারসের ওপিনিয়ন যেন মেনে না নেন। তা যদি তাঁরা করেন অর্থাৎ যদি জেনারেল কাউন্সিলের ওপিনিয়ন মেনে নেন তাহলে বুঝবো ডেমোক্র্যাসির উপর তাঁদের কিছুটা শ্রদ্ধা আছে। কিন্তু আমাদের যে আশঙ্কা সেটা হচ্ছে এই যে এই জেনারেল কাউন্সিলের ওপিনিয়ন মানা হবে না, বোর্ড অব ডিরেক্টারসদের ওপিনিয়নই মানা হবে এবং সেইজন্যই এই বিলকে আমরা আমলাতন্ত্রকে রক্ষা করার বিল বলছি, আমলাতন্ত্রের হাতে ক্ষমতা দেওয়ার বিল বলছি এবং সরকারের হাতে কুক্ষিগত করার কথা বলছি। শৈলবাবু যদি এখানে দাঁড়িয়ে বলতে পারেন যে অ্যানুয়েল বাজেট তুলে নিয়েছি শুধুমাত্র ডিলে হবার জন্য তাহলে আজকে এখানে আমি কথা দিয়ে যাচ্ছি যে জেনারেল কাউন্সিলের সাথে যদি বোর্ড অব ডিরেক্টারসদের ডিসপিউট হয় তাহলে সেইসব ক্ষেত্রে জেনারেল কাউন্সিলের যে ওপিনিয়ন সেই ওপিনিয়নকে আমরা ঠিক ওপিনিয়ন বলে মনে করবো এবং স্টেট গভর্নমেন্ট যদি তার উপর সিল মেরে দেবেন বলেন তাহলে আমরা বুঝবো ডেমোক্র্যাসির উপর তাঁদের শ্রদ্ধা আছে। কিন্তু এটা না বলে যদি উনি ও কথা বলেন তাহলে তিনি ফাঁকি দিচ্ছেন এবং আমলাতন্ত্রকে সেখানে বড় করার এবং আমলাতন্ত্রের হাতে সমস্ত ক্ষমতা দেবার যে চক্রান্ত সেই চক্রান্ত চলছে। বোর্ড অব ডিরেক্টারস-এর ক্ষেত্রে তিনজন-ত ওঁরা অ্যাপয়েন্ট করবেন এই ক্ষমতা নিয়ে নিয়েছেন। এখন এর বিরুদ্ধে গালাগালি করা যায় কিন্তু আমি একটা কথা বলবো এই বোর্ড অব ডিরেক্টারসএ তিনজনকে যে অ্যাপয়েন্ট করবেন সেই তিনজনকে যে কথা বক্তৃতার সময় বলেছিলেন সেই দিকে লক্ষ্য রেখে যেন অ্যাপয়েন্ট করা হয়, অর্থাৎ যে লোকগুলির কিছুটা জ্ঞানগম্যি আছে সেই রকম ধরণের লোকজন যেন সেখানে যায়। তাঁরা যদি ইণ্ডিপেণ্ডেণ্ট স্পীরিটের লোক হয় তাহলে তাঁরা যেন বাতিল না হয়ে যায়। আমরা লক্ষ্য করে দেখেছি যে ক্যালকাটা করপোরেশনের কমিশনার নিয়োগ করেছেন সরকার, কিন্তু সেই কমিশনার যদি কখনও ইণ্ডিপেণ্ডেণ্ট স্পীরিটের হয়েছে তাঁরা সেখানে টিকে

থাকতে পারেন নি, তাঁদের সেখান থেকে চলে আসতে হয়েছে। সুতরাং তাঁরাই বোর্ড অব ডিরেক্টারসএ যে তিনজনকে অ্যাপয়েন্ট করবেন আমরা আজকে শৈলবাবুর কাছ থেকে ঘোষণা শুনতে চাই যে সেখানে উপযুক্ত লোক যাবে, সরকারের যাঁরা পা চাটবে না তাঁরাও সেখানে থাকতে পারবে এই অ্যাসিওরেন্স তিনি এখানে দিন। আমাদের আশংকা সরকারের যাঁরা পা চাটবেন না, সরকারের পদধূলি নেবেন না, সেই ধরণের ভাল এক্সপার্ট যাঁরা তাঁদের কারোরা সেখানে চাকরী পাবার সম্ভাবনা নেই, সরকারের যাঁরা পা চাটে তাঁরাই সেখানে টিকে থাকতে পারবেন। সেজন্য শৈলবাবু আমাদের হাউসে এই আশ্বাস দিয়ে যান যে উপযুক্ত লোক সেখানে থাকবে, সরকারের সাথে যদি তাঁদের কোন মতবিরোধ হয় তাহলেও সেখান থেকে সরান হবে না। তিন নম্বর কথা হচ্ছে এমপ্লয়িজদের সম্বন্ধে। এমপ্লয়িজদের সম্বন্ধে শৈলবাবু আমাদের বলেছেন যে রেগুলেশনে সব ঠিক করে দেবেন। আমিও আপনার মাধ্যমে যেটা বলতে চাই সেটা হচ্ছে লোকাল মিউনিসিপ্যালিটি বা করপোরেশন থেকে এই যে দায়িত্ব আপনারা নেবেন তার ফলে যে লোকগুলি বেকার হয়ে যাবে সব লোকগুলি যেন ওখানে চাকরী পায়। অর্থাৎ আপনারা কিছু কাজ নেবার ফলে লোক যেন বেকার না হয়ে যায়। আপনি বলেছেন ওখানে যা আছে তারা তার চেয়ে কিছু কম পাবে না। ওখানে যে একজন ওভারসিয়র ছিল, যে ১৫০ টাকা বা ৩০০ টাকা মাইনে পেতো, এখানে এলে ওভারসিয়ারের আর দরকার নেই বলে তাকে সাব-ওভারসিয়ার করে দেবেন, হয়ত করপোরেশনের সাব-ওভারসিয়ারের মাইনে ছিল ২০০ টাকা এখানে এলে তাকে সেই ২০০ টাকাই দেবেন, কিন্তু ওভারসিয়ার থেকে সাব-ওভারসিয়ার হয়ে যাবার জন্য তার যে আর্থিক ক্ষতি হল সেই ক্ষতি হবে না, এমপ্লয়ীরা তাদের মাইনে লুজ করবে না, চাকরী হারাবে না এই কথা আজকে এখানে বলা দরকার যেহেতু রেগুলেশন করার ক্ষমতা আপনাদের হাতে থেকেছে। ট্যাক্সের ব্যাপারে শৈলবাবু বলেছেন যে ট্যাক্স বাড়বে না কিন্তু আমি আবার বলছি যে ট্যাক্স বাড়বে, বাড়বে, বাড়বে। শৈলবাবু যদি এখানে পরিষ্কার ঘোষণা দিয়ে যান যে এখন কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিকে যে ট্যাক্স দিতে হয় জলের জন্য তার চেয়ে বাড়তি ট্যাক্স দিতে হবে না তাহলে আমরা খুসী হবো। ইনটিগ্রেটেড ট্যাক্স তার থেকে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি যা নেয় আপনারা হাতে নেবার পর কর্পোরেশনের হাতে যে ক্ষমতাগুলি থাকবে এই দুয়ে মিলে সবগুলি কাজ করলে পরে যে ট্যাক্স নেবেন সেই ট্যাক্স আজকে যে ট্যাক্স নিচ্ছেন তার চেয়ে বাড়তি ট্যাক্স হবে না এই কথা আপনি বলে যান। কিন্তু আপনি তা বলতে পারবেন না কারণ আপনি জানেন এতটুকু জলও যদি তারা দেয়, এইভাবে স্যুয়ারেজ এবং ড্রেনেজ যদি তারা রাখে তাহলে দুটো অথরিটি মিলে যে ট্যাক্স হবে সেই ট্যাক্সের ভার এখন কর্পোরেশন ও মিউনিসি-প্যালিটি যে ইনটিগ্রেটেড ট্যাক্স নিচ্ছে তার চেয়ে বাড়তি ট্যাক্স হবে। সুতরাং ট্যাক্স বাড়ছে এবং বাড়বেও। এটা অত্যন্ত সত্য কথা যে আপনি না বলতে পারবেন না এবং না বলা আপনার পক্ষে সম্ভব নয়। আমি শেষ কথা যেটা বলবো তা হচ্ছে এই যে মাননীয় স্পীকার মহাশয়, এই যে আইন হতে চলেছে এই আইন গণতন্ত্রকে হত্যা করার আইন, এই আইন জনসাধারণের জীবনে দুঃখ কষ্ট চাপিয়ে দেবার আইন, এই আইন আমাদের মুখে এতটুকু জল দিতে পারবে না, এই আইন কলকাতার রাস্তাঘাট বা ড্রেনেজ ব্যবস্থাকে ভাল করার যে কল্পনা সেটাকে সার্থক করে তুলতে পারবে না। এটা কোন্ সালে হবে ? বলা এই আইনের পক্ষে সম্ভব নয়। কারণ যেভাবে তাঁরা স্কীম করেছেন, প্ল্যান করেছেন, তাতে জল পেতে হলে আমাদের সাত বছর পর্যন্ত অপেক্ষা করতে হবে। অর্থাৎ এখানে যাঁরা আছেন তার মধ্যে কতজন সাত বছর বাঁচবেন জানি না, যদি বাঁচেন তাহলে সেদিন তাঁরা এখানে দাঁড়িয়ে সমালোচনা করতে পারবেন। হেমন্তবাবু নিশ্চয়ই করতে পারবেন না, আমরাও নিশ্চয়ই সেদিন বেঁচে থেকে শৈলবাবু যে কথা বলছেন দেবেন তার সমালোচ করতে পারবো না। আমাদের পরে যাঁরা আসবেন তাঁরাও এখন যেমন অবস্থা আছে সেই অবস্থাই তখন দেখবেন। কারণ কি ? কারণ হচ্ছে এগুলি মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের ইনএফিসিয়েন্সির জন্য হয়নি, সরকারের যে নিষ্ক্রিয়তা, অপদার্থতা, সরকারের ভিতরে যে দুর্নীতি সেটাই হচ্ছে এর জন্য একমাত্র দায়ী এবং এর জন্যই আমাদের

ওয়াটার সাপ্লাই, সুয়ারেজ এবং বস্তির উন্নতি হয়নি। যে সরকার দুর্নীতিপরায়ণ সরকার, যে সরকার নিষ্ক্রিয় সরকার, যে সরকার এই কাজগুলি করতে পারেনি, যে সরকারের দায় এবং দায়িত্ব সবচেয়ে বেশী সেই সরকারই আজকে আইন করে সমস্ত ক্ষমতা তাঁর হাতে নিয়ে নিচ্ছেন। তাই এই সরকারের চেহারা যদি না পালটায়, চরিত্র এবং মনোভাব যদি না পালটায় তাহলে আইন যেভাবেই করুন না কেন সরকারের হাতে যত বেশী ক্ষমতা নেবেন ততই জনসাধারণের দুঃখ দুর্দশা বাড়বে। অনেকেই প্রশ্ন করেন দেশ স্বাধীন হয়েছে, স্বাধীন সরকার এসেছে সেই স্বাধীন সরকার হাতে ক্ষমতা নেওয়াতে আপনারা আপত্তি করছেন কেন, আমরা আপত্তি করি এইজন্য যে এই সরকার দুর্নীতিপরায়ণ সরকার, এই সরকারের চরিত্রে গণতন্ত্র কণামাত্রও নেই, এই সরকার যা কিছুতে হাত দেয় সব পুড়ে ছাই হয়ে যায়। তাই এই সরকারের চেহারা, চরিত্র, চলার ঢং যদি না পালটায় তাহলে সরকারের হাতে যত বাড়তি ক্ষমতা দেবেন ততই দেশের সর্বনাশ হয়ে যাবে। তাই আমরা চাই যে স্থানীয় স্বায়ত্বশাসনমূলক যে প্রতিষ্ঠান তার হাতে ক্ষমতা থাকুক, ক্ষমতা বিকেন্দ্রীভূত হোক, তার ফলে ইলেকটেড মেম্বার যাঁরা তাঁরা সেখানে কিছুটা কথাবার্তা বলতে পারবেন। কিন্তু সরকারী দপ্তর হিসাবে যদি এটা পরিণত হয় তাহলে সাধারণ মানুষের ক্ষতি হবে। তাই সভাপাল মহাশয়, তৃতীয় পাঠের সময় কয়েকটি সাজেশন আমি রাখছি যে সাজেশনগুলি সম্বন্ধে আমি আশা করবো মন্ত্রিমহাশয় কিছু বলবেন। কিন্তু সরকারী আশংকা যেটা আমাদের মনে আছে তা কার্যে পরিণত হবে। তাই আমি জানি আগামী সেসনে এই আইনের আবার অ্যামেণ্ডমেণ্ট আসবে। কারণ এটাকে কার্যকরী করতে হলে যে ধরণের স্পর্দ্ধা দরকার সেই স্পর্দ্ধা এঁদের নেই। এঁরা বিদেশীদের উপর নির্ভর করে সমস্ত কিছু করছেন এবং বিদেশীদের উপর যে নির্ভরশীলতা সেটা পি, এল, ৪৮০তে আমাদের কোথায় নিয়ে গিয়েছিল তা আমরা জানি। তাই বিদেশীরা যদি একটু বেঁকে বসে, আমেরিকা যদি একটু বেঁকে বসে তাহলে আবার অ্যামেণ্ডমেণ্ট এই আইনের হবে। কারণ তাঁদের উপর নির্ভর করে, তাঁদের টাকা পাওয়ার উপর আশা রেখে সমস্ত বিলটা রচিত হয়েছে এবং আইন হবার পরে আমেরিকা যেভাবে টাকা দিতে চাইবে সেইভাবে যদি টাকা নেয় তবে হবে আর তা যদি না নেয় তাহলে আমেরিকা টাকা দেবে না। এই যে পরদেশের উপর নির্ভর করে সমস্ত আইনটা রচিত হয়েছে এটা অত্যন্ত নক্কারজনক ব্যাপার, অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। আমাদের দেশে কি টেকনিক্যাল এক্সপার্ট নেই, আমাদের দেশে কি বিজ্ঞান পড়া লোক নেই? আমাদের দেশের উন্নয়নের জন্য বাইরে থেকে লোক এনে কি তাদের থেকে বুদ্ধি নিতে হবে? বুদ্ধিমান বহু লোক আছে, উপযুক্ত বহু লোক আছে, কিন্তু তাঁরা সরকারের পা চাটে না বলে তাঁদের সরকার কনফিডেন্সে নেন না। সরকার কনফিডেন্সে সেই সমস্ত লোকদেরই দেন যারা সরকারের পা চাটে, তাদের ভিতর উপযুক্ততা থাকুক বা না থাকুক।

[5-10—5-20 p.m.]

Shri Sailendranath Adhikari: মিঃ চেয়ারম্যান, স্যার, শৈলবাবু বিলটা নিয়ে এলেন সেদিন রাত্রে হঠাৎ আমি একটা স্বপ্ন দেখে বসলাম। আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করছি যে শৈলবাবু দু' হাজার এক বছর বেঁচে থাকুন এবং আমার স্বপ্ন সফল হোক। স্বপ্নে দেখলাম যে দু' হাজার এক খ্রীষ্টাব্দে শৈলবাবু মনুমেণ্টের উপর দাঁড়িয়ে ঘড়া ঘড়া জল ঢালছেন ৫০ গ্যালন হিসাবে আর ক্ষুদ্র ক্ষুদ্র মানুষ শুধু ঢোকে ঢোকে জলই গিলছে না তারা জলে সাঁতার কেটে বেড়াচ্ছে এবং তখন মনে হল যে, হ্যাঁ, এইবার সি. এম. পি. ও. বিলটা যে কেন নিয়ে এসেছেন এটার সার্থকতা বুঝতে পারছি। এবং ৫০ গ্যালন করে জল খাওয়াবেন বলে শৈলবাবু বলছেন, এর পর থেকে কলকাতার লোককে যে ঘোল খাওয়াবেন সেটা বোধ হয় ঐ ভাবেই সার্থক হবে। মাননীয় চেয়ারম্যান মহোদয়, শৈলবাবু বুদ্ধিমান লোক, তাঁর বড় শত্রুও এ কথা বলে না যে বিচার না করে বুদ্ধি না খাটিয়ে কোন কাজ করেন এবং বুদ্ধিমান বলেই তিনি এই সি, এম, পি, ও, বিল আনার সময় কতকগুলি রেজি পিকচার আমাদের সামনে রাখলেন এবং তাতে তিনি দেখাতে চাচ্ছিলেন যে

রাস্তাঘাটের মার্জনা পরিষ্কার করা ঐ সিউজারেজ স্কীমকে ঠিক রাখা, ঐ জলের ব্যবস্থা করা, এইসব করতে গেলে অনেক টাকা দিতে হবে—কাজেই টাকার ব্যবস্থা করতে হবে, টাকা না দিলে জল খাওয়া যাবে না এবং সেইভাবে শৈলবাবু জানেন যে যদি গণতান্ত্রিক পদ্ধতিতে একটা বোর্ড গঠন করা হয় তাহলে যতই খারাপ দল বা খারাপ লোক আসুক না কেন জনসাধারণের কথা শুনতে হয়। সুতরাং এই রকম একটা পরিকল্পনাকে খাটাতে গেলে শৈলবাবু দেখলেন যে গণতান্ত্রিক পদ্ধতিতে কিছু করতে গেলে সুবিধা হবে না। সুতরাং একটা অথরিটি করা দরকার মেট্রোপলিটান অথরিটি এবং সেখানে লোককে ভাঁওতা দেওয়ার জন্য একটা জেনারেল কাউন্সিল করা দরকার। শৈলবাবু বোধহয় মহাভারতের দ্রোণপর্বটা ভাল করে পড়ছেন যাতে করে অশ্বত্থামা হত ইতি গজ এমনি ভাবে একটা কাউন্সিল করলেন যার কোন মাথামুণ্ডু নেই। অথচ দেখান হচ্ছে যে জেনারেল কাউন্সিল করা হচ্ছে, আসলে কিন্তু অথরিটি গেল বোর্ড অব ডিরেক্টরস-এর হাতে এবং সেখানে আমাদের লোক থাকা সত্বেও একটা জিনিস দেখা গেল যে শৈলবাবু এই অথরিটিতে বড় বড় ট্রেডের রিপ্রেজেন্টেটিভদের স্থান করে দিলেন। কলকাতা মেট্রোপলিটান ডিসট্রিক্টে ওয়ার্কিং ক্লাস বাস করে না, ছোট ছোট ট্রেডের রিপ্রেজেন্টেটিভদের ব্যবস্থা করে দিলেন না—তিনি এইভাবে অথরিটি গঠন করলেন এবং সেই অথরিটি কিভাবে চলবে আমার মাননীয় বন্ধুরা সেইভাবে বলেছেন, কাজেই আমি আর সে বিষয়ের পুনরাবৃত্তি করব না। এখানে মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা জিনিস দেখছি যে কলকাতা এবং তার সারাউণ্ডিংকে যদি সত্য সত্যই সুন্দর করতে হয় তাহলে গণতন্ত্রকে বাদ দিয়ে তা হবে না। সেজন্য আমি শৈলবাবুকে প্রথম দিন জিজ্ঞাসা করেছিলাম যে গুড গভর্নমেন্ট কি সেলফ-গভর্নমেন্টের সাবটিটিউড—শৈলবাবু উত্তর দিতে পারেন নি তার কারণ উত্তর দেবার কিছু নেই। গণতন্ত্রকে বাদ দিয়ে যদি করতে চাই তাহলে তো হোল কনষ্টিটিউসান আমাদের সামনে নেগেসান হয়ে দাঁড়ায়। অথচ গণতন্ত্রকে রক্ষা করে কিভাবে একটা বোর্ড গঠন করতে পারি, কিভাবে একটা অথরিটি গঠন করতে পারি, সেদিকে কোন চিন্তা না করে মিউনিসিপ্যালিটিগুলির এবং করপোরেশনগুলির অনেক ক্ষমতা কেড়ে নিলেন। এখানে একটা প্রশ্ন হচ্ছে—আপনি জানেন মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে আমি বলেছিলাম এবং আজও বলছি মিউনিসিপ্যালিটিগুলির যে স্ট্যাটুটরি পাওয়ার আছে তার মধ্যে কতকগুলি পাওয়ার আছে সেগুলি স্টেট গভর্নমেন্ট নিতে পারে এবং তার একটা পাওয়ারস আছে স্টেট গভর্নমেন্ট হোল মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করে সমস্ত ক্ষমতা নিতে পারেন, কিন্তু যে সমস্ত পাওয়ার উনি নিচ্ছেন সেখানে বি. এম. অ্যাক্টে এমন কোন ধারা নেই যেখানে উইদাউট দি কনসেণ্ট অব দি মিউনিসিপ্যালিটি নিতে পারেন। অথচ সেটা করা হচ্ছে। ফলে কি হবে, ইম্পলিমেনটেসানের বেলায় দেখা যাবে যে অনেকগুলি অসুবিধা আসছে—তখন শৈলবাবুকে আবার অ্যামেণ্ডমেণ্ট আনতে হবে এটা বলে যাচ্ছি। আমি আশা করব শৈলবাবু আমার এই কথার জবাব নিশ্চয়ই দেবেন। আমরা শুনি সোসালিজমের কথা—সোসালিজম বলতে যদি বুঝায় যে ট্রেড রিপ্রেজেন্টেটিভ, সোসালিজম বলতে যদি বুঝায় বিদেশের কতকগুলি এক্সপার্ট, সোসালিজম বলতে যদি বোঝা যায় জনসাধারণের ক্ষমতা খর্ব করা তাহলে অন্ততঃপক্ষে শৈলবাবুর সেই সোসালিজমের বিরোধীতা না করে উপায় কি আছে এবং আমরা সেজন্যই বিরোধীতা করছি। মেট্রোপলিটান ডিসট্রিক্টগুলির উন্নতি করবার জন্যই মিউনিসিপ্যালিটি এবং করপোরেশনগুলির পাওয়ারস কার্টেল করে সমস্ত ক্ষমতা স্টেট গভর্নমেন্টের হাতে নিতে হবে এই রকম জিনিসটা যদি সোসালিজম হয় তাহলে তো গণতন্ত্রকে গিলোটিন করা হচ্ছে এবং গণতন্ত্রকে গিলোটিন করতে গেলে নিশ্চয়ই প্রত্যেকটা মানুষ তার বিরোধীতা করবে এবং করছে। আর একটা কথা হচ্ছে বস্তিতে জল এগুলি জল এগুলি দরকার, সেখানে আজকে কলকাতার অবস্থা কি—কলকাতার বস্তিগুলির অবস্থা কি, বস্তিগুলির অবস্থা অত্যন্ত শোচনীয় এবং শৈলবাবু কিভাবে টাকা পাবেন তা আমি জানি না, তবে এগুলি উন্নয়ন করবার জন্য তিনি বিদেশের উপর যদি নির্ভর করে থাকেন তাহলে একদিন অন্ততঃপক্ষে তাঁকে স্বীকার করতে হবে যে ভুল করেছি কিন্তু যদি ভুল নাও করে থাকেন তাহলে বিদেশের কাছে যাব কেন?

শৈলবাবু নিশ্চয়ই অশোক মিত্রের বইটা পড়েছেন, তাতে অশোক মিত্র বলেছেন যে কিভাবে আজ কলকাতার উপর ইণ্ডিয়ার ৩১ পারসেণ্ট ইমপোর্ট নির্ভর করছে, ২৮ পারসেণ্ট এক্সপোর্ট নির্ভর করছে এবং সেণ্ট্রাল গভর্নমেণ্টের টাকা তারা যোগাচ্ছে। নিয়ারলি ৫০ পারসেণ্ট লোক বাহির থেকে এসেছেন, সমস্ত কিছুই উনি দেখিয়েছেন তাঁর বইয়েতে কাজেই এইভাবে যে টাকা তাঁরা আমদানী করছেন, যাঁরা এখানে ট্রেড করছেন, বিজনেস করছেন তাঁদের উপর থেকে ট্যাক্স আদায় করে তাঁদের কাছ থেকে টাকা নিয়ে একটা বোর্ড গঠন করে এবং সেই বোর্ডে সমস্ত মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের ক্ষমতাকে ক্ষুন্ন না করে, সেই রকম একটা বোর্ডে সুষ্ঠুভাবে করা এটা কি খুব অসম্ভব ছিল ? যদি অসম্ভব হয়ে থাকে তাহলে নিশ্চয়ই শৈলবাবু বুঝিয়ে দেবেন যে কেন অসম্ভব। আমি মনে করি তা অসম্ভব নয়, তাহলে তো হোল কনসটিটিউসানটা একটা অসম্ভব ব্যাপার। সুতরাং আজকে আমার কথা হচ্ছে শৈলবাবুর কাছে যে আপনি বিদেশের মুখাপেক্ষী হয়ে থাকবেন না বিদেশের মুখাপেক্ষী হয়ে দেশকে কোন দিন উন্নত করতে পারবেন না। বিদেশের ঐ দাব খেলায় আমাদের এই ভারতবর্ষের লোককে বিশেষতঃ কলকাতা মহানগরী এবং তার পার্শ্ববর্তী এলাকার লোককে বড়েতে পরিণত করবেন না। তা যদি করেন তাহলে একদিন আপনাকে অভিশাপ নিতে হবে এবং সেই অভিশাপ যে কতখানি তা পরিমাণ করবার ক্ষমতা আমার নে কিন্তু আপনার বিবেকের কাছে এই অভিশাপ নিতে হবে। আজকে সেই জন্য বলছি এটা পাশ না করে আপনি আবার এটাকে চিন্তা করে দেখুন, চিন্তা করে আরো কতখানি উন্নত করা যায়, কতখানি ডেমক্রাটাইজ করা যায় তা দেখুন। এই যদি আপনার পরিকল্পনা থাকে, মনের দৃঢ়তা থাকে এবং বিদেশের ঋণ ছাড়া যদি আমাদের দেশের লোকের কালোবাজারীদের টাকা নেবার ব্যবস্থা করেন তাহলে কলকাতা সুন্দর হবে। কলকাতার মানুষ ভারতবর্ষের সমস্ত মানুষকে শিক্ষা দিয়েছে, কলকাতার মানুষ ঊনবিংশ শতাব্দি থেকে বিংশ শতাব্দীতে সমস্ত ভারতবর্ষকে পথ দেখিয়েছে, কলকাতার মানুষ সমস্ত পৃথিবীকে পথ দেখিয়েছে—কলকাতার মানুষকে আপনি অবিশ্বাস করবেন না। কলকাতার ঐ বস্তিবাসী মধ্যবিত্ত যাঁরা পথে ঘুরে বেড়ান তাঁদের বুঝতে দিন যে তাঁরা কলকাতার লোক, তাঁদের বুঝতে দিন যে তাঁরা মহানগরীর লোক এবং তাঁদের বুঝতে দিন যে সি. এম. পি. ও বিল হয় তাঁদের উন্নতি হবে। এই জিনিস যতক্ষন না তাঁরা বুঝতে পারবেন ততক্ষণ পর্যন্ত এই বিল ব্যর্থতায় পর্যবসিত হবে।

Shri Girija Bhusan Mukherjee : মাননীয় স্পীকার মহাশয়, এই বিল যেটা আমাদের মাননীয় মন্ত্রী শৈলবাবু এনেছেন, এই বিলটা দেখে প্রথমেই মনে যে প্রতিক্রিয়া হয় সেটা হচ্ছে এই যে এই ৩৫টা মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের প্রায় ১ হাজার নির্বাচিত প্রতিনিধি এবং তাঁদের যাঁরা ভোট দিয়েছেন ৫ লক্ষ থেকে ১০ লক্ষ আনুমানিক যে ভোটদাতা তাঁদের প্রতি একটা পূর্ণ অনাস্থা জ্ঞাপন করা হচ্ছে এই বিলের মধ্যে দিয়ে। কারণ এই বিলে এটা পরিষ্কারভাবে জানিয়ে দেওয়া হচ্ছে যে তোমরা স্বায়ত্ব শাসিত যে প্রতিষ্ঠানগুলি আছে, তোমাদের প্রতিনিধিবৃন্দ ঝগড়াটে মারকুটে অপদার্থ। সুতরাং এই বিলে আমরা এমনভাবে এগুলি পরিচালিত করবো যাতে তোমাদের আর কোন ক্ষমতা থাকবে না—তোমরা নপুংশকে রূপান্তরিত হয়ে যাবে।

[5-20—5-30 p.m.]

এটা ঠিক যে একটা কোঅর্ডিনেশান অফ ফাংশান এই ৩৫টি মিউনিসিপ্যালিটির মধ্যে নিশ্চয় দরকার ছিল। কিন্তু এই কোঅর্ডিনেশান অফ ফাংশান মানে এই নয় যে সেনট্রালাইজ অল পাওয়ার। এঁরা কি করলেন ? কোঅর্ডিনেশান অফ ফাংশানের নামে পাওয়ারকে সেনট্রাল ইজ করলেন এবং আমলাদের হাতে ক্ষমতা সমর্পণ করলেন। মন্ত্রিমহাশয় ভেবেছেন আমলাদের হাতে সমর্পণ করায় ধন ধান্যে পুষ্পে ভরা হবে। কিন্তু ফুড ডিপার্টমেণ্ট রয়েছে, সেখানে কি রকম পুষ্পে ভরা হয়েছে সেটা আমরা দেখতে পাচ্ছি। সুতরাং আমলাদের করলে ধন ধান্যে পুষ্পে ভরা

হবে এটা ভাববার কোন কারণ নেই। কিন্তু গায়ের জোর, গলার জোরে এবং আরও কিছু কিছুর জোরে তাঁরা এই বিল পাশ করিয়ে নিচ্ছেন। কিন্তু আমি একটা প্রশ্ন করছি যে সিলেক্ট কমিটির ইউন্যানিমাস ডিসিসান যেখানে হয়েছিল যে জেনারেল কাউন্সিল যে বাজেট করবেন সেই বাজেট উইল বি ফাইন্যাল, কোন্ হুইপ আছে শৈলবাবুর পেছনে যার জন্য সিলেক্ট কমিটির ইউন্যানিমাস ডিসিসান পরিবর্তন করতে হল? সিলেক্ট কমিটি বলেছে যে বাজেট করবেন সেই বাজেটের সংগে যদি জেনারেল কাউন্সিলের ডিফারেন্স হয় তাহলে It will go to the State Government. সিলেক্ট কমিটিতে সিদ্ধান্ত হয়েছিল ইউন্যানিমাস সেখানে যে বাজেট হবে সেই বাজেট ফাইন্যাল বাজেট হবে। এখানে বাস্তব কথা হচ্ছে একটা কোন ফোর্স শৈলবাবুর পেছনে অ্যাক্ট করছে। তিনি তাঁর জবাবে নিশ্চয় বলবেন সেই ফোর্স দেশী ফোর্স, না বিদেশী ফোর্স? আমরা স্বাভাবিকভাবে বলব সেটা বিদেশী ফোর্স। কারণ এই বিলের পেছনে একটা বিদেশী ফোর্স অ্যাক্ট করছে—ওয়ার্লড হেল্থ অরগ্যানিজেশান, ফোর্ড ফাউণ্ডেশান ইত্যাদি ফোর্স আছে। এখন সেই ফোর্সের দ্বারা প্রভাবান্বিত বা হুইপড হয়ে তিনি সিলেক্ট কমিটির ইউন্যানিমাস ডিসিসান পরিবর্তন করলেন। বহু যুগ যুগ ধরে অর্জন করা স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি যে গড়ে উঠেছিল তাদের সকলকে একবাক্যে অপদার্থ ঘোষণা করে দিয়ে তিনি এই যে বিল আনলেন এই বিল আনার কোন দরকার ছিল না। তাই আমরা ভাবছি এই বিল উদ্দেশ্যপ্রণোদিত, কিছু টাকার লোভ। কত টাকা পাওয়া যাবে না যাবে সে কথা ভগবান জানেন। কিন্তু কিছু টাকার মোহে এই বিল এসেছে। আমরা জানি সি. এম. পি. ও. যে প্রতিষ্ঠান আছে, তারা ৫/৬ বছর ধরে প্ল্যানিং ইত্যাদি করছে, কিন্তু What they have done, God knows এরজন্য বেংগল গভর্নমেন্টের ২ কোটি টাকা খরচ হয়েছিল, আমেরিকা কিছু টাকা দিয়েছিল, কিন্তু সেই টাকা অফিসারদের মাইনেতেই খেয়ে যায়। কিন্তু বেংগল গভর্নমেন্ট মোটামুটি টাকা দিয়েছেন, তার প্রোডাকসান হয়েছে? সি. এম. পি. ও.-কে ধরে নেওয়া যেতে পারে সি.এম.পি.ও. একটা প্ল্যানিং অরগ্যানিজেশান। এখানে অথরিটি হবে একটা যেটা এক্সিকিউট করার মত বডি এবং সি. এম. পি. ও. প্ল্যান করবে এবং বোর্ড এক্সিকিউট করবে। সি. এম. পি. ও. আজ পর্যন্ত কোন প্ল্যান করতে পারেননি। কবে পারবেন জানিনা এবং এই বোর্ড, অথরিটি কিছু করতে পারবেন না। কিন্তু সবচেয়ে বড় যেকথা সেটা হচ্ছে এই বোর্ড থেকে গণতন্ত্র উৎপাটন করে আমলাতন্ত্রের হাতে একে সমর্পণ করলেন। আমলাতন্ত্রের অশেষ ক্ষমতা আছে বলে আমরা মনে করি এবং খুব সুশৃঙ্খলভাবে আমলাতন্ত্র পরিচালিত এবং তার হাজার নমুনা দিতে পারি। তাঁদের কনফিডেন্সের লোক তাদের ডাইরেকটার বোর্ডের উপর ৩ জন লোক, আমলাতন্ত্রের পক্ষের লোকে তাঁরা এপয়েন্ট করবেন। এখানে খুব সন্দেহ যে এই বোর্ডে যে ৩ জন গভর্নমেন্ট এপয়েণ্টেড লোক হবেন তাঁরা কারা হবেন? জেনারেল ম্যানেজার হবেন ৩।৪ হাজার টাকার মাইনের লোক। কারণ জেনারেল ম্যানেজার এই অথরিটি থেকে ১ হাজার টাকার মাইনের লোক নিয়োগ করবেন, সেখানে ১,১০০ টাকা মাইনে তাঁর হবে না—নিশ্চয় ৩।৪ হাজার হবে এখন এই স্পেশাল এপয়েণ্টমেন্ট কারা পাবেন? যাঁরা সমস্ত স্পেশাল লোক তাঁরা এটা পাবেন। সলট লেক উঠে যাবার পর যিনি এই সলট লেকের বর্তমান এডভাইসার আছেন সেই এ. ডি. খান তিনি এখানে আসবেন। যোগ্যতা থাক বা না থাক তিনি আসবেন। ১০ বছর আগে রিটায়ার করে গেছেন আর. সি. গুপ্ত, ইঞ্জিনিয়ার, এখন এখানে আছেন, তাঁকে রাখা হবে। এইভাবে এই সমস্ত সুপারএন্যুয়েটেড লোককে রাখা হবে। এখানে আমি বলছি যাঁরা একচুয়ালি সার্ভিসের লোক তাঁদের রাখা হোক। এই ডাইরেকটার বোর্ডের মধ্যে এবং জেনারেল ম্যানেজার যিনি তিনি গভর্নমেন্ট সার্ভিসের লোক হবেন—বিলো ৫৮ এজ। এটা হবে কিনা সেটা আমরা ক্যাটিগোরিক্যালি জানতে চাই? তৃতীয় কথা হচ্ছে ফরেন কনসালটেন্ট সম্বন্ধে। দুর্গাপুর কারখানা তৈরী হয়েছে সেখানে ফরেন কনসালটেন্ট দরকার। মাটি খুঁড়ে জল বার করতে হবে তার জন্য আমাদের ইঞ্জিনিয়ারই যথেষ্ট—ফরেন কনসালটেন্টের

দরকার নেই। কারণ ফরেন কনসালটেন্ট It will go through the heart of the people. মিউনিসিপ্যালিটির বেলায় এটা কেন? দুর্গাপুর, ভিলাই, রুরকেল্লার বেলায় যে ফরেন কনসালটেন্ট যদি আরও নেওয়া হয় তাহলে আমরা কথা বলব না। এই ৩৫টা মিউনিসিপ্যালিটির সংগে, সেখানকার জনসাধারণের সংগে বোর্ডে কোন যোগাযোগ থাকছে না। এই বোর্ডে যারা ফরেন কনসালটেন্ট থাকবে তারা কিভাবে পিওপলকে কণ্ট্রোল করতে হবে তারা তা করবে। এই উদ্দেশ্যের জন্য দান ছত্র হিসাবে ফোর্ড ফাউণ্ডেসান, ওয়ার্ল্ড হেল্থ অরগ্যানিজেশান এগিয়ে এসেছেন, তাঁরা সেজন্য টাকা পয়সা দেবার প্রতিশ্রুতি দিয়েছেন এবং তাঁরা ইনটারফিয়ারেন্স কনটিনিউ করবেন। শুধু ফ্রেম আপ, ইনটারফিয়ারেন্স নয়, বিল ফ্রেমড আপ হবার পর their intererence will go on continuing এটা কিসের জন্য দরকার। এটা এজন্য দরকার যে বাংলাদেশের ৩৫টা মিউনিসিপ্যালিটি, এবং বাংলাদেশ একটা প্রবলেম প্রভিনস হিসাবে যেখানে দেখা দিচ্ছে, যেখানে বিভিন্ন আন্দোলন দমন করা বিভিন্নভাবে সম্ভব হচ্ছে না সেই লোকদের জন্য এই ব্যবস্থা দরকার। ধরুন কোলকাতায় অনেস্ট লোক, মধ্যবিত্ত লোক যাঁরা আছেন তাঁরা ১০ বছরের মধ্যে বিতাড়িত হবেন এবং ৫৫ পারশেন্ট নন-বেঙ্গলী যারা কলস খাতাপত্র রেখে ট্যাক্স ফাঁকি দেয় তাদেরই এটা সেণ্টার হবে—সেণ্টার অফ ব্ল্যাকমার্কেটিয়ার। এখানে সেই ফরেন কনসালটেণ্টদের ইনটারফিয়ারেন্স থাকছে এবং সেখানে আমাদের মর্যাদাকে স্টেক করে, তাদের কাছে জামীন রেখে ফরেন কনসালটেনট আনছেন। কিন্তু বহু প্রতিষ্ঠান আছে যারা এই রকম ধরণের কাজ ভালভাবেই করেন। আমি জানি রামকৃষ্ণ মিশন যে হাঁসপাতাল করেছেন সেই রকম হাঁসপাতাল কোন ফরেন কনসালটেনট করতে পারে না। সুতরাং যে বিল এসেছে এর জন্য যদি আপনাদের সিনসিয়ারিটি অফ পারপাস থাকে তাহলে অপোজিশান বেঞ্চ যে সমস্ত কথা বলা হয়েছে সে সব কথা চিন্তা করা হয়নি। এই বিলের মধ্য দিয়ে সেই উদ্দেশ্য চরিতার্থ হয় নি এবং বাংলাদেশের জনসাধারণের চিন্তা প্রতিফলিত হয়নি। আমরা তাই এই বিলের প্রত্যাহার দাবী করি। ফরেনারদের এবিষয়ে সম্পূর্ণ বর্জন করতে হবে এবং বলছি এই বিল যদি এইভাবে পাশ হয় তাহলে বাংলাদের গণতন্ত্রের কলঙ্কটিকা হবে।

Shri Saila Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের ৩য় দফা আলোচনায় আমি আশা করেছিলাম যে সংশোধনীয় রীতি মত তাঁরা বিলের ইমপ্লিমেন্টসান নিয়ে কি অসুবিধা এ বিষয় নিয়ে আমায় উপদেশ দেবেন। কিন্তু এখানে সে বিষয় কোন আলোচনা হয় নি বলে পুনরাবৃত্তি করতে হবে। আমি এসব প্রশ্নের জবাব ২/৩ বার দিয়েছি তথাপি ২/৩টা সম্বন্ধে আমার ধারণা পরিষ্কার করতে হবে। আপনারা বারবার বলছেন যে

[5-30—5-38 p.m.]

মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনের সঙ্গে তুলনা করে, গণতান্ত্রিক পদ্ধতিতে এটা হয়নি। আপনারা ভুল করছেন। এই বিলের দ্বারা আমরা দ্বিতীয় স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানের পত্তন করছি না। আমরা করছি একটা specialised agency, যেটা খুব মুষ্টিমেয়, সীমাবদ্ধ, তিনটা কাজ এর মধ্যে থাকবে। যে কাজটা চালাবার জন্য একটা highly technological body-র দরকার, এবং যে অন্ন, যে অভাব, আমাদের দেশে আছে। চিরন্তন আমাদের কলঙ্ক, যে কলেরা, উদারাময় প্রভৃতি ব্যাধি আমরা নিবারণ করতে পারিনি। কিন্তু আজকে আপনারা সবাই দেখতে পাচ্ছেন যে আমরা বৈজ্ঞানিক বিজ্ঞানসম্মত উপায়ে বাংলা দেশ থেকে বহু দিনের পুরাণ ম্যালেরিয়া দূর করতে সমর্থ হয়েছি। সেই রকম একটা দৃষ্টিভঙ্গী নিয়ে মাননীয় ডাঃ বিধানচন্দ্র রায় বলে ছিলেন যে বিদেশী বিশেষজ্ঞদের দিয়ে কলকাতার কলেরা, উদারাময় প্রভৃতি ব্যাধি নিবারণ সম্পর্কে ব্যবস্থা করবেন। বারবার ওঁরা বলছেন বড় লোকের জন্য এটা করা হচ্ছে। আমি আবার বলি কলেরা, উদারাময়ে মারা যাওয়ার সংখ্যায় বেশী কি ধনিক, না দরিদ্র বস্তিবাসী? এই কলেরা উদারাময়

রোগ যদি দেশ থেকে নির্মূল করতে হয়, তাহলে কল্যাণ হবে কার? কলিকাতার ধনীক সম্প্রদায়ের, না, কলিকাতার দরিদ্র বস্তিবাসীর? সুতরাং এই বিলের মূল উদ্দেশ্য সম্বন্ধে এখনও তাঁরা দ্বিধাগ্রস্থ চিত্তে কেন বারবার ঐ সমস্ত কথা উল্লেখ করে, সন্দেহ প্রকাশ করছেন, তা আমি বুঝতে পারছি না। আজ পৃথিবীতে প্রমাণিত হয়েছে যে পৃথিবী থেকে এই সংক্রামক ব্যাধিগুলি দূর করা যায়, তার মূলৎপাটন করা যায়। এর জন্য আমারত কখনও মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনকে দায়ী করিনি, বা তাদের অপদার্থতার কোন কথাও এই বিলে বলা হয়নি। যদিও তারা দোষারোপ করছেন যে তাদের ক্ষমতা আমরা হরণ করেছি, সেদিক থেকে এখানে কোন প্রশ্ন ওঠে না। অথচ বিরোধীপক্ষ বারবার এই কথা বলছেন যে মিউনিসিপ্যালিটির ক্ষমতা আমরা হরণ করেছি। কিন্তু, আমি জোর করে বলতে পারি, এটা করা' কোন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের ক্ষমতার বাইরে। কোন মিউনিসিপ্যালিটি কর্তৃক, তার এলাকার মধ্য, এই রকম বিজ্ঞানসম্মত উপায়ে কলেরা, উদারাময়, আন্ত্রিক রোগ দূর করা বা ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা অসম্ভব। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী ভিন্ন, এগুলি করা সম্ভব নয়। সুতরাং এই বৈজ্ঞানিক দৃষ্টিতে একটা authority create করবার জন্য চেষ্টা করা হচ্ছে।

দ্বিতীয় কথা তাঁরা বলেছেন যে আমরা এটা তাড়াতাড়ি করবার জন্য চেষ্টা করছি। বিদেশীদের হুকুমে, আমরা নাকি এটা পাশ করে দিলাম। পাঁচ বছর আগে, এই বিধানসভার সর্বসম্মতিক্রমে এই অথরিটি বিলটি আনবার কথা হয়েছিল। সুতরাং পাঁচ বছর পরে, আজকে যখন এটা এসেছে, এবং সিলেক্ট কমিটির মাধ্যমে আলোচনা করে, এবং বিধানসভায় দীর্ঘ চার, পাঁচ দিন ধরে আলোচনা চলেছে, তখন সেখানে তাড়াতাড়ির প্রশ্ন কি করে ওঠে, তা আমি বুঝতে পারছি না। আর কার কথায়? বিদেশীর কথায় করবো। বৈদেশিক বৈজ্ঞানিক বিশেষজ্ঞগণ আমাদের সাহায্য করছেন। তাঁরা যদি বলেন, পাঁচ বছর ধরে আপনারা C. M. P. O.-কে সাহায্য করছেন planning করতে, সেখানে আমি তাদের বলবো আপনারা, আপনাদের দেশের আইন-সম্মতভাবে, নির্বাচিত, জনসাধারণের প্রতিনিধির দ্বারা গঠিত বিধানসভার দ্বারা আইন তৈরী করলে, তাতে কি হস্তক্ষেপ করা বলে? তাঁরা ন্যায্য কথাই বলেছেন, আপনাদেরই Authority-র কথা।

তাঁরা বলছেন যে পাঁচ বছর এটা আমলাতন্ত্রের হাতে আছে, আর সাহায্য দেবো না। এই কথাটা, যা বললেন, তাতে, তাঁদের সুরে, সুর দিলেন। ভালই বললেন।

এই বিলের মধ্যে তাড়াতাড়ি, হুড়াহুড়ির প্রশ্ন নেই। সিলেক্ট কমিটিতে আলোচনা করে, পাঁচ বছরের গৃহীত প্রস্তাব, যেটা আনা হয়েছে, সেটা তাড়াতাড়ি কি করে বলেন? এখানে তাড়াতাড়ির প্রশ্ন নেই।

তারপর আবার বলছি, ওঁরা বলেছেন যে বিদেশীর প্রভাবে, এই authority create করা হচ্ছে! কিন্তু আমি তাদের জিজ্ঞাসা করতে চাই, যে এর মধ্যে কয়জন বিদেশী বিশেষজ্ঞকে নেওয়া হয়েছে? আপনাদের নিজেদের উপর আস্থা নেই, অথচ এই ধরণের সব উক্তি করা হয়েছে। Board of Directors, General Manager, এবং General Council-এ ১৫ জন সরকারী মনোনীত সদস্য, আর বাকী ৪০ জন হচ্ছেন জনসাধারণের প্রতিনিধি, প্রাপ্তবয়স্ক ভোটারের দ্বারা নির্বাচিত প্রতিনিধি সেখানে রয়েছেন। সুতরাং এই General Council-কে, সেই প্রতিষ্ঠানকে আমলাতান্ত্রিক, Bureaucratic, কি করে বলেন? তাঁদের দৃষ্টিভঙ্গীর সংগে, আমরা কোনদিন একমত হতে পারবো না। সেটা আমলাতান্ত্রিক কি করে হল?

এই নূতন আইনে General Council-কে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে।

তারপর মাননীয় হেমন্তকুমার বসু বলেছেন এই বিলে পুনর্বাসনের কোন ব্যবস্থা নাই। নেই তো! এই বিলতো Housing বিল নয়, এটাতে Improvement Trust-এর মত রাস্তা-ঘাটের ব্যবস্থা নাই। এই বিলের তিনটা পর্যায়ে তিনটা কাজ—Sewerage, Drainage and

Water Supply. সুতরাং এখানে কোন Housing Development-এর প্রশ্ন নাই। Slum Improvement Bill-তো আনছি না যে সেই সমস্ত কথা উঠতে পারে। সুতরাং কী assurance আপনারা চান তা আমি বুঝতে পারি না। তবে আমি এইটুকু আশা করবো— এই বিধানসভার বিরোধীদল হোক বা সরকারীদল হোক সকল দলের সহযোগিতা ভিন্ন কোন আইন সরকার implement করতে পারেন না। এই যে একটা নূতন বিল যা ভারতবর্ষে প্রথম Metropolitan Authority Create করা হলো এর ভবিষ্যৎ ছবি কী হবে আমি জানি না। সুতরাং আমাকে এর implementation-এর জন্য আপনাদের সকলের সহযোগিতা চাই। এই যে মিউনিসিপ্যালিটিতে যে নির্বাচিত প্রতিনিধি দিচ্ছেন, তাঁরা যদি এর সাথে সহযোগিতা করেন, তাঁদের সকলের যদি শুভেচ্ছা থাকে, তাহলে কলকাতাকে নূতনভাবে আমরা এর ব্যাধিমুক্ত করবার চেষ্টা করবো।

আপনারা বলছেন যে বার বার এই বিলের amendment আনতে হবে। প্রয়োজন মত নিশ্চয়ই এর amendment আনবো। এই amendment আনতে দোষ কোথায়। এটা যে নূতন যুগের লক্ষণ। সেটা কিছু অগণতান্ত্রিক নয়। Amendment-এর প্রয়োজন হলে বিধানসভায় তা আনতে হবে। সুতরাং এই বিলের তৃতীয় দফার আলোচনা এখানে শেষ করছি। আমি আশা করি সর্বসম্মতিক্রমে এটা গৃহীত হবে।

The motion of Shri Saila Kumar Mukherjee that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-38 p. m. till 1 p. m. on Friday, the 14th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 14th January, 1966, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 135 Members.

HELD OVER QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Return of refugees from Maharastra

***562.** (Admitted question No. *2460.) **Shri Sanat Kumar Raha :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি মহারাষ্ট্র হইতে বহু সংখ্যক উদ্বাস্তু হাওড়া স্টেশনে আসিয়া আশ্রয় লইয়াছেন ;

(খ) উত্তর হ্যাঁ হইলে, কেন এইরূপভাবে উদ্বাস্তুগণকে আসিতে হইল ; এবং

(গ) সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা লইয়াছেন ?

Shrimati Abha Maiti : (ক) হ্যাঁ ;

(খ) কারণ অনুসন্ধান করিবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে। তাঁহাদের নিকট হইতে কোন রিপোর্ট এখনও পাওয়া যায় নাই ;

(গ) মহারাষ্ট্র প্রত্যাগত শিবিরবাসী উদ্বাস্তুগণ হাওড়া স্টেশন হইতে এই রাজ্যের অভ্যন্তরে বিভিন্ন জেলায় প্রবেশ করিয়াছেন। ইঁহাদের সম্পর্কে সংবাদাদি সংগ্রহের জন্য কয়েকজন বিভাগীয় আধিকারিককে নির্দেশ দেওয়া হইয়াছে।

এই রাজ্যের বাহিরে অবস্থিত শিবিরগুলিতে যে সকল উদ্বাস্তু আছেন তাঁহাদের পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। পূর্বে শিবিরত্যাগী উদ্বাস্তুগণকে পুনরায় শিবিরে ফিরাইয়া লইয়া পুনর্বাসনের ব্যবস্থা করিতে কেন্দ্রীয় সরকার সম্মত হইতেন। বর্তমানে কেন্দ্রীয় সরকার শিবিরত্যাগী শরণার্থিগণকে পুনরায় শিবিরে ফিরাইয়া লইতে সম্মত নহেন।

নূতন শরণার্থিগণের পুর্ণবাসনের নীতি কেন্দ্রীয় সরকার নির্দ্ধারণ করিয়া দিয়াছেন।

এই নীতি অনুসারে তাঁহারা পুনর্বাসন সরকারের নিকট প্রত্যাশা করিলে তাঁহাদিগকে পশ্চিমবঙ্গের বাহিরে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে যাইতে হইবে। শিবিরত্যাগী শরণার্থিগণ এই নীতির বিরুদ্ধে যদি পশ্চিমবঙ্গে চলিয়া আসেন তাহা হইলে পশ্চিমবঙ্গ সরকার তাঁহাদিগকে পুনর্বাসনের জন্য কোনও সাহায্য করিতে অশক্ত।

Return of refugee families from other States

***582.** (Admitted question No. *2586.) **Shri Sailendra Nath Adhikary :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিম বাংলার বাহিরের বিভিন্ন উদ্বাস্তু ক্যাম্প হইতে কিছু সংখ্যক উদ্বাস্তু পশ্চিম বাংলায় চলিয়া আসিয়াছেন ;

(খ) সত্য হইলে কত সংখ্যক উদ্বাস্তু পরিবার পশ্চিম বাংলায় চলিয়া আসিয়াছে ;

(গ) এইরূপ আগমণের কারণ কি ; এবং

(ঘ) উক্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

Shrimati Abha Maiti : (ক) হ্যাঁ।

(খ) ১৪,৮৩৪ পরিবার।

(গ) কারণ অনুসন্ধান করিবার জন্য রাজ্য সরকার ভারত সরকারকে অনুরোধ করিয়াছেন। তাঁহাদের নিকট হইতে এখনও কোন রিপোর্ট পাওয়া যায় নাই।

(ঘ) নবাগত শরণার্থিগণের মধ্যে যাঁহারা পশ্চিমবঙ্গের বাহিরে পুনর্বাসন গ্রহণ করিতে স্বীকৃত হইয়াছিলেন তাঁহাদিগের পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকারের ব্যবস্থামত এই সকল শরণার্থী বিভিন্ন রাজ্যের ক্যাম্পে ছিলেন। যাঁহারা সেচ্ছায় ক্যাম্প (শিবির) ত্যাগ করিয়া এই রাজ্যে প্রত্যাগমন করিয়াছেন তাঁহারা তাঁহাদিগের পুনর্বাসনের দায়িত্ব সরকারের হাত হইতে নিজের হাতে লইয়াছেন বলিয়া কেন্দ্রীয় সরকার মনে করেন এবং এই রাজ্যে তাঁহাদিগের জন্য কোনও পুনর্বাসনের ব্যবস্থা করা তাঁহারা প্রয়োজন বলিয়া মনে করেন না।

বর্তমান নীতি অনুযায়ী কেন্দ্রীয় সরকার শিবিরত্যাগী শরণার্থিগণকে পুনরায় শিবিরে (ক্যাম্পে) ফিরাইয়া লইতে সম্মত নহেন। এমতাবস্থায় রাজ্য সরকার তাঁহাদের পুনর্বাসন সংক্রান্ত কোনও ব্যবস্থা গ্রহণ করিতে অশক্ত।

Shri Nikhil Das : এই যে ১৪ হাজার ৮৩৪টি পরিবার এসেছে এটা কেন্দ্রীয় সরকারই বলছেন—তাদের ভার কেন্দ্রীয় সরকার নিতে রাজী নন, আবার পশ্চিমবংগ সরকার বলছেন এদের পুনর্বাসনের দায়িত্ব তাঁদের নয়। তাহলে কি তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে ?

Shrimati Abha Maiti : তাঁরা বিভিন্ন জেলায় গিয়েছে, তারা কোথায় কিভাবে আছে জানবার জন্য জেলা আধিকারিককে বলেছি।

Shri Nikhil Das : কেন তারা ক্যাম্প থেকে চলে গেল তার কারণ অনুসন্ধান করেছেন কি?

Shrimati Abha Maiti : কি ব্যবস্থা হয়েছে জানবার জন্য আমরা ভারত সরকারের কাছে লিখেছি এবং পুনর্বাসন মন্ত্রী যখন এখানে এসেছিলেন তখন তাঁকেও বলা হয়েছে—আমরা খোঁজ খবর নিচ্ছি।

Shri Nikhil Das : এদের মধ্যে অনেক পরিবার হাওড়া স্টেশনে এবং আশে পাশে ছিল—তখন নিশ্চয়ই কোন অফিসার আপনাদের সংগে দেখা করতে এসে ছিলেন।

Shrimati Abha Maiti : আমাদের অফিসাররা তাঁদের কাছে মৌখিক জেনেছেন—সেখানে গিয়ে তারা মনে করেছিলেন ভাল কাজ পাওয়া যাবে, কিন্তু তাদের যে কথা দেওয়া হয়েছিল তা তাদের পালন হয়নি। অনেক ভেবেছিলেন জমি পাওয়া যাবে, কিন্তু তাদের বলা হয়েছিল এখন জমি পাওয়া যাবে না, বা পরে দেওয়া হবে। তাছাড়া তারা যতটা মাইনে আশা করেছিলেন ততটা মাইনে তাদের দিতে পারা যায়নি। সঠিক কি কারণে তারা চলে এসেছে জানবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে লিখেছি।

Shri Nikhil Das : উদ্বাস্তুদের থেকে কোন লিখিত পত্র পেয়েছেন ?

Shrimati Abha Maiti : না, লিখিত কিছু পাইনি।

Shri Nikhil Das : চাকরীর সুবিধা দেওয়া হবে না, জমিও দেওয়া হচ্ছে না, এটা না হলে অর্থনৈতিক পুনর্বাসন হবে কি করে ?

Shrimati Abha Maiti : চাকরী বা কাজ যা দেওয়া হয়েছিল তা অনেকের পছন্দ হয়নি।

Shri Nikhil Das : Enquring আপনারা করুন যত ইচ্ছা, কিন্তু একটা কথা আমি জিজ্ঞাসা করছি, তারা যাতে রাস্তায় রাস্তায় না ঘুরে বেড়ায় তার ব্যবস্থা করবেন কি ?

Shrimati Abha Maiti : বর্তমানে দুস্থ ব্যক্তিদের সাহায্য দেবার যে ব্যবস্থা আছে তা তারা নিতে পারে, এছাড়া আর কিছু করার ব্যবস্থা নাই।

STARRED QUESTIONS

(to which oral answer were given)

Distribution of relief

***580.** (Admitted question No.*2578.) **Shri S ailendra Nath Adhikari :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবাংলায় বর্তমান বৎসরে 'ডিস্ট্রেস্‌ড্' গণ্য হইয়া কতজন লোক সাহায্য পাইয়াছে ;

(২) মাথাপিছু এবং পরিবার পিছু সাহায্যের পরিমাণ কত ; এবং

(৩) উক্ত সাহায্যপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে কতজনের এ পর্যন্ত মৃত্যু হইয়াছে এবং খাদ্যাভাবজনিত মৃত্যুর সংখ্যা কত ?

Shrimati Abha Maiti : (১) ও (২) প্রশ্নে কি ধরনের সাহায্যের কথা জানিতে চাওয়া হইয়াছে তাহার উল্লেখ না থাকায় ইহার যথাযথ উত্তরদান সম্ভব নহে।

(৩) মৃত্যু সংক্রান্ত কোন পরিসংখ্যান্ ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগে রাখা হয় না। তবে বর্তমান বৎসরে পশ্চিমবাংলায় অনাহার জনিত কোন মৃত্যু ঘটে নাই।

Shri Birendra Narayan Ray : এখানে পরিষ্কার লেখা আছে কাদের আপনারা officially distressed বলে গণ্য করেন, তাহলে বুঝতে পারছেন না কেন ?

Shrimati Abha Maiti : কি ধরনের distress না বল্লে, কোন্ ধরনের distress না বলে শুধু distress বল্লে কিছু বলা যায় না।

Shri Birendra Narayan Ray : Total সংখ্যা কত ?

Shrimati Abha Maiti : আমি আগেই বলেছি, মাননীয় স্পীকার মহাশয়, কি ধরনের distress না বল্লে কিছু বলা সম্ভব নয়। Distress is a general term.

Mr. Speaker : বীরেনবাবু আপনার আর একটু particularise করা উচিত ছিল, নানা রকমের distress হতে পারে। তিনি জবাব দিতে বাধ্য, কিন্তু আপনার questionটা আর একটু precise হওয়া দরকার।

Shri Birendra Narayan Ray: খবরাখবর পাওয়ার জন্যই আমরা প্রশ্ন করি, একটু ভুলের জন্য এভাবে avoid করলে কি করে হবে ?

Shri Nani Bhattacharjee: মন্ত্রী মহাশয় বল্লেন খাদ্যাভাবে মারা যায় নি, কোন্ রিপোর্টের ভিত্তিতে তিনি এই statement করলেন ? খাদ্যাভাবে কি এই রাজ্যে কোন মৃত্যু হয় নি ?

Shrimati Abha Maiti: আমাদের কাছে যে সমস্ত খবর এসেছে তাতে দেখা গিয়েছে এই ধরনের মৃত্যু হয় নি।

Shri Nani Bhattacharjee: আপনি বলেছেন খবর নেবার কোন machinery আপনাদের নাই, অথচ খাদ্যাভাবজনিত কোন মৃত্যু হয় নি।

Shrimati Abha Maiti: প্রশ্ন ছিল সাহায্যপ্রাপ্তদের মধ্যে কতজনের মৃত্যু হয়েছে—সাধারণভাবে মৃত্যু হতে পারে, তার পরিসংখ্যান রাখা হয় না।

[1-10—1-20 p. m.]

Shri Nani Bhattahcarjee: কোশ্চেনটা দুভাবে স্পলিট আপ করা ছিল যে সাহায্য-প্রাপ্ত ব্যক্তিদের মধ্যে কতজনের এ পর্যন্ত মৃত্যু হইয়াছে এবং খাদ্যাভাব জনিত মৃত্যুর সংখ্যা কত ?

Shrimati Abha Maiti: উত্তরও তাই দেওয়া হইয়াছে। মৃত্যু সংক্রান্ত কোন পরি-সংখ্যান ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগে রাখা হয় না। খাদ্যাভাব জনিত মৃত্যুর সংখ্যা কত এ কথার উত্তরে বলেছি পশ্চিম বাংলায় অনাহার জনিত কোন মৃত্যু নেই।

Shri Nani Bhattacharjee: কোন্ সংবাদের ভিত্তিতে বা কোন্ সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বললেন যে পশ্চিমবাংলায় কোন অনাহার জনিত মৃত্যু ঘটেনি ?

Shrimati Abha Maiti: আমাদের বিভিন্ন জেলায় যে সরকারী ব্যবস্থা আছে সেই সূত্রে যে প্রাপ্ত সংবাদ কিম্বা অন্যান্য সাধারণভাবে বেসরকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান যে সব সংবাদ দেন সেগুলি অনুসন্ধান করে যে তথ্য পাওয়া যায় তারই উপর ভিত্তি করে আমি বলছি।

Shri Abhay Pada Saha: মাথাপিছু সরকার থেকে গ্র্যাটিউটাস রিলিফ কত দেওয়া হয় ?

Shrimati Abha Maiti: এম. এল. এ.-রা বরাবরই রিলিফ কমিটির মেম্বার ছিলেন কয়েক মাস আগে পর্যন্ত। সেটা যদি আপনি না জানেন তাহলে আমি কি করবো।

Shri Abhay Pada Saha: আগে তো মাথাপিছু খাদ্যশস্য দেওয়া হতো, এখন কত করে দেওয়া হয় ?

Shrimati Abha Maiti: এখন সরকারী যে দাম বেঁধে দেওয়া হয়েছে সেই ভিত্তিতে দেওয়া হয়েছে।

Shri Abhay Pada Saha: আমরা ত রিলিফ কমিটিতে ছিলাম এবং তখন খাদ্যশস্য দেওয়া হতো ?

Shrimati Abha Maiti; এখন খাদ্যশস্যের যে দাম সেই দাম দেয়।

Shri Birendra Narayan Ray : মন্ত্রিমহাশয় (৩)এর উত্তরে বললেন যে এপর্যন্ত খাদ্যাভাব জনিত কোন মৃত্যু হয় নি। আমি একটা প্রশ্ন করছি আপনাদের কোন ডাটা নেই, জুলাই মাসে লালগোলা থানায় অঞ্চল পরিষদের সভাপতি, কংগ্রেস সভাপতি, লোক্যাল এম. এল. এ. কাজেম আলী মির্জা, এঁদের উপস্থিতিতে একটা রেজোলিউসন পাশ হয়েছিল এবং সেই রেজোলিউসনের কপি আপনার কাছে পাঠান হয়েছিল কিন্তু তবুও পাওয়া যায় নি এ কথা কি করে বলছেন যে অনাহার জনিত মৃত্যু হয় নি? সেখানকার অঞ্চল পরিষদের সভাপতি বলেছেন যে অনাহার জনিত মৃত্যু হয়েছে কিন্তু এনকোয়ারি হয় নি?

Shrimati Abha Maiti আমি এ কথা বলছি যে অনাহার জনিত মৃত্যুর ঘটনা আমার কাছে আসে নি। অনেক কারণে মৃত্যু হতে পারে, সেটা অনাহারে যে হয়েছে এমন কোন কথা নেই। যে সব রিপোর্ট আমাদের কাছে আসে সে রিপোর্টগুলি আমরা তদন্ত করে দেখি।

Shri Bhadra Bahadur Hamal : আপনারা আগে গম দিচ্ছিলেন এখন তার বদলে টাকা দিচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে সেই টাকাতে কি সেই পরিমাণ গম পাওয়া যাবে?

Shrimati Abha Maiti : পাওয়া যাবে বলে আশা করেই তো দেওয়া হয়।

Shri Bhadra Bahadur Hamal : আমি জিজ্ঞাসা করছি যে টাকা দিচ্ছেন সেই টাকাতেই সেই পরিমাণ ধান চাল বাজারে পাওয়া কিনা?

Shrimiti Abha Maiti : গম এবং চালের দাম যা নির্ধারণ করা হয়েছে সেই অনুসারেই টাকা দেওয়া হয়।

Mr. Speaker : I have received intimation from Shri Koley that the Minister concerned has not yet been able to collect the necessary data and therefore, this question No. *581 (admitted question No *2598) is held over till the next rotational date.

UNSTARRED QUESTIONS

To which written answers were laid on the table

Supply of drinking water within the Bhatpara and Naihati Municipality areas

959. (Admitted question No. 2275.) **Shri Gopal Basu :** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভাটপাড়া ও নৈহাটী মিউনিসিপাল এলাকায় বর্তমানে পানীয় জল সরবরাহের কি ব্যবস্থা রহিয়াছে;

(খ) উক্ত ব্যবস্থায় দৈনিক কি পরিমাণ পানীয় জল সরবরাহ করা হইতেছে;

(গ) উহা মাথাপিছু দৈনিক কত গ্যালন?

The Minister for Local-Self Government : (ক) পৌর প্রতিষ্ঠানের ৬" ব্যাস বিশিষ্ট গভীর নলকূপ ও স্থানীয় কয়েকটি চটকলের নলকূপ হইতে ভাটপাড়া পৌর এলাকায় পানীয় জল সরবরাহ করা হয়।

নৈহাটী পৌর এলাকায় গভীর ও ক্ষুদ্র নলকূপ হইতে পানীয় জল দেওয়া হয়।

(খ) ভাটপাড়ায় দৈনিক ২১,২৮,০০০ (একুশ লক্ষ আটাশ হাজার) গ্যালন ও নৈহাটীতে দৈনিক গড়ে প্রায় ৩,১৯,৫৩৭ (তিন লক্ষ উনিশ হাজার পাঁচশত সাঁইত্রিশ) গ্যালন পানীয় জল সরবরাহ করা হইতেছে।

(গ) ভাটপাড়ায় ১২ গ্যালন ও নৈহাটীতে প্রায় ৬ গ্যালন করিয়া মাথাপিছু দৈনিক জল সরবরাহ হয়।

Violation of Paddy and Rice Control Order

960. (Admitted question No. 2426.) **Shri Birendra Narayan Roy:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি ধানচাল নিয়ন্ত্রণাদেশ ভংগ করার জন্য কিছু ব্যক্তি গ্রেপ্তার হইয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, জেলাওয়ারী তাহা কত ?

The Minister for Home (Police): (ক) হ্যাঁ।

(খ)—

কলিকাতা	৪১৫ জন	(১-১০-৬৫ হইতে ২১-১২-৬৫ পর্যন্ত)
বাঁকুড়া	১২ জন	(১-১১-৬৫ হইতে ১৫-১২-৬৫ পর্যন্ত)
বীরভূম	৪ "	"
বর্ধমান	৩ "	"
হাওড়া	৩০ "	"
হুগলী	११ "	"
মেদিনীপুর	১৬ "	"
পুরুলিয়া	৭ "	"
২৪-পরগনা	১৪৫ "	"
মুর্শিদাবাদ	৫২ "	"
নদিয়া	৯৮ "	"
পশ্চিম দিনাজপুর	২৫ "	"
জলপাইগুড়ি	৩৬ "	"
দার্জিলিং	১ "	"
কুচবিহার	৬৬ "	"

Unclaimed Chhana

961. (Admitted question No. 2506) **Shri Ananga Mohan Das:** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে এই বৎসর ডিসেম্বর মাসের প্রথম দিকে আপার চিৎপুর রোডস্থ নূতন বাজারে বহু ঝুড়ি বোঝাই বেওয়ারিশ ছানা পাওয়া গিয়াছে ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কোন সময়ে কি ভাবে জানা যায় এবং উহার পরিমাণ কত ?

The Minister for Animal Husbandry and Veterinary Services: (ক) হ্যাঁ।

(খ) ডিসেম্বর মাসের ৩ তারিখে সন্ধ্যায় পুলিস বাহিনীর নিয়মিত অভিযানের সময়ে বহু বেওয়ারিশ ছানা পাওয়া যায়। ইহার সঠিক পরিমাণ জানা নাই।

Deputation pay to the teachers undergoing training at the Tamluk College

962. (Admitted question No. 2512.) **Shri Ananga Mohan Das:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে তমলুক বি, টি, কলেজে অধ্যয়নরত শিক্ষক শিক্ষিকাগণ ভাতা ও বেতনাদি পাইতেছেন না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Education: (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Junior Basic Schools

963. (Admitted question No. 2514.) **Shri Ananga Mohan Das:** শিক্ষা ভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কয়টি পূর্ণাংগ ও আংশিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয় আছে; এবং

(খ) আংশিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয়গুলিকে পূর্ণাংগ বিদ্যালয়ে উন্নীত করা হইবে কি না?

The Minister for Education:

(ক) পূর্ণাংগ নিম্ন বুনিয়াদী বিদ্যালয় — ১৪৯৭

আংশিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয় — ৩৬৭

(খ) হ্যাঁ। আংশিক নিম্ন বুনিয়াদী বিদ্যালয়গুলিকে পূর্ণাংগ বিদ্যালয়ে উন্নীত করাই সরকারের নীতি। আর্থিক সংগতি অনুযায়ী ক্রমশ: ইহার রূপায়ণ চলিতেছে।

Elections to Anchal Panchayats throughout the State

964. (Admitted question No. 2521.) **Shri Ananga Mohan Das:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এই রাজ্যে কতগুলি অঞ্চল পঞ্চায়েতের নির্বাচনের সময় উপস্থিত হইয়াছে; এবং

(খ) উহাদের নির্বাচন কবে হইবে?

The Minister of State for Panchayats: (ক) এই রাজ্যে মোট ৭৪৩টি অঞ্চল পঞ্চায়েতের নির্বাচনের সময় উপস্থিত হইয়াছে।

(খ) উহাদের নির্বাচন ১৯৬৬ সালের ৩১এ অক্টোবরের মধ্যেই অনুষ্ঠিত হইবে।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: The Minister-in-charge of Irrigation and Waterways will please make a statement on the subject of disposal of applications for Salt Lake plots, called attention by Shri Kashi Kanta Maitra on the 7th January, 1966.

Shri Syamadas Bhattacharyya: Sir, in reply to the Calling Attention notice of Shri Kashi Kanta Maitra, I beg to make the following statement:

In the context of the present emergency it has been necessary to augment the resources of Government to the maximum extent

possible consistent with the aims and object of the scheme and the price of residential plots in the Salt Lake Township has accordingly been revised and increased as follows :

Size of plots in Cottahs	Rate per Cottah (Rs.)	
2	3000	as originally advertised.
3	3000	
4	6000	
5	8000	
6	9000	
7	10000	
8	11000	
9	12000	
10	15000	
11	16000	
12	18000	
13	20000	
15	20000	

Individuals will be eligible for all sizes of plots. Co-operative Housing Societies will be eligible for plots of 7 Cottahs and above at a concessional rate of Rs.6,500 per Cottah. A rebate of 5 per cent of the price for 2 and 3 Cottah plots and of 10 per cent of the price for bigger plots will be given if lump sum payment of the entire amount is made on allocation of the plot. The applicants selected for allotment of residential plots will be informed about the revised price in the letter of offer on allotment of plots and the final offer of allotment of plots will depend upon their agreeing to pay the revised price. Persons having an income above Rs.6,000 and up to Rs.18,000 per annum will be eligible for allotment of 2 and 3 Cottah plots ; but first preference will be given to the applicants with an income up to Rs.6,000 per annum, second preference will be given to those with an income up to Rs.9,000 per annum, and third preference will be given to those with an income up to Rs.18000 per annum. Applicants with an income above Rs.9,000 per annum and up to Rs.18,000 per annum will be offered 4 Cottah plots if they so desire.

Mr. Speaker : The Minister-in-charge of Refugee, Relief and Rehabilitation Department will please make a statement on the subject of refugees in West Bengal from different rehabilitation centres, called attention by Shri Gour Chandra Kundu.

Shrimati Abha Maiti : This Government is aware that a large number of displaced persons have come back to West Bengal after deserting camps in other States.

The new influx starting from the 1st January, 1966, has created a special problem. Government of India in accordance with its policy has undertaken the responsibility of rehabilitating only those among the new migrants who wish to settle outside West Bengal. Pursuant to this the displaced families who expressed their willingness to resettle in other States were sent to camps as per advice of the Government of India. State Government's responsibility with regard to these families was to arrange for their reception and dispersal only. Now that a large number of them have come over to West Bengal deserting camps in other States of their own accord, the State Government can hardly, in view of Government of India's present policy, assist the deserters in the matter of their rehabilitation.

No report of starvation among the deserter new migrants now in West Bengal has been received by the Government from any district. The District and Subdivisional Officers can help by arranging normal relief benefits as admissible under the rules in this State.

Interested in the welfare of the new migrants the State Government has requested the Government of India to enquire into the matter and let the State Government know the reasons for such large scale desertion which is posing as a further problem to this State.

Mr. Speaker: I have received four notices of calling attention on the following subjects:

1 Inconvenience caused to the persons holding paddy lands by excluding them from the facilities of modified rations—from Shri Sanat Kumar Raha.

2 Acute food crisis in Memari P. S., Dt. Burdwan due to closure of rice mills—from Shri Sudhir Chandra Das.

3 Acute shortage of kerosene oil in the mofussil areas of sadar subdivision of Murshidabad—from Shri Abdul Latif and Shri Abdul Bari Moktar.

4 Acute scarcity of rice and wheat products prevailing in the rural areas of sadar subdivision of Murshidabad—from Shri Abdul Bari Moktar and Shri Abdul Latif.

I have selected the notice of Shri Sudhir Chandra Das on the subject of acute food crisis in Memari P. S., Dt. Burdwan, due to closure of the rice mills. Will the Minister concerned please make a statement or give a date?

Shrimati Abha Maiti: Statement will be given on Monday.

[1-20—2-00 p. m.]

Shri Jiban Krishna Dey: মি: স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি বিষয়ে আকর্ষণ করতে চাই। সেটা হল এই যে আমাদের এলাকাতে কোন

শিল্প নেই সেটা শ্রমমন্ত্রী মহাশয় ভাল করেই জানেন। বিড়িতে সেখানে কয়েক হাজার শ্রমিক নিযুক্ত আছে, অত্যন্ত অল্প মজুরীতে তারা কাজ করে। কিন্তু সম্প্রতি তুফানি বিড়ির মালিক ১লা জানুয়ারী থেকে তার কারবার বন্ধ করে দিতে চাইছেন। ঘটনাটা হচ্ছে এই যে প্রত্যেক শ্রমিককে বাধ্য করানো হচ্ছে বাড়ীতে পাশ বই বেসিসে কাজ করবে, ফ্যাক্টরীতে কাজ করতে পারবে না। তার মানে হচ্ছে কোন রকম মজুরী সম্পর্কে বাধ্যবাধকতা থাকবে না—শ্রমিকদের দাবী হচ্ছে তারা ফ্যাক্টরীতে বসে কাজ করবে আর মালিক যদি ফ্যাক্টরী তুলে দেয় তাহলে আমাদের ক্ষতিপূরণ দেওয়া হোক—তারা এ সম্পর্কে বিভিন্ন জায়গায়, লেবার কমিশনার ডি, সি-কে বহু দিন ধরে বলেছে। কিন্তু দুঃখের বিষয় এ পর্যন্ত কোন ব্যবস্থা সরকার থেকে করা হয়নি এবং শ্রমমন্ত্রীর কাছে আমি আবেদন জানাই এটা যদি কিছু না করেন—পাশ বই বাড়ীতে বসে কাজ করতে যদি তাদের বাধ্য করা হয় তাহলে লোকগুলো মারা যাবে—তারা একটা পিটিশন পাঠিয়েছে—সেটা আমি মন্ত্রী মহাশয়কে দিয়ে দিচ্ছি।

Shri Haridas Chakravarty : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমাদের খাদ্য ও সরবরাহ মন্ত্রী স্মরজিৎ বাবু এখানে আছে—তাঁর দৃষ্টি আকর্ষণ করছি শুধু দৃষ্টি আকর্ষণ করছি না এটাকে বোঝার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। যদিও বর্ধমান জেলাকে আপনারা সারপ্লাস ডিস্ট্রিক্ট হিসাবে আপনারা দেখেন—কিন্তু আসানসোল মহকুমায় যেখানে কয়লা এবং পাথার ছাড়া চাল বা ধান উৎপাদনের ক্ষেত্র প্রচুর কম—একেবারে নেই বললে চলে সেই জায়গায় বর্তমানে চালের সঙ্কট এমন একটা অবস্থায় গিয়ে পৌচেছে যে সেই সমস্ত শিল্পাঞ্চলের শিল্পগুলি পর্যন্ত বিপর্যস্ত হয়ে যাবে বলে আমি আশংকা করছি। এবং আসানসোল সহর বা দুর্গাপুরে আপনারা আগামী কিছু দিনের মধ্যে হয়তো স্ট্যাটুটারী রেসনিং চালু করবেন বলে ঘোষণা করেছেন—কিন্তু তার বাইরে যে বিরাট সংখ্যক এলাকা থেকে গেল যেটাকে গ্রামাঞ্চল বলছেন—অথচ আপনি নিশ্চয় জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বেশ কিছুদিন আগে থেকে ঐগুলি গ্রামাঞ্চল নয় এই রকম সিদ্ধান্ত নিয়ে বসে আছেন সরকার—কারণ আপনারা সেন্সাসের রিপোর্ট অনুযায়ী দেখছেন প্রায় সবগুলি শিল্পাঞ্চল এলাকা—এই কারণেই পঞ্চায়েৎ নির্বাচন স্থগিত রেখেছেন। বর্তমান পরিস্থিতি হোল সেখানে এই যে সেখানে ৩ টাকা ২৷৷ টাকার কমে চাল পাওয়া যায় না। এবং এই তিন টাকা দিলেই যে চাল পাওয়া যায় তার কোন কিছু গ্যারান্টি নেই—কারণ বাজারে চাল পাওয়া যাচ্ছেনা এবং আপনাদের কর্ডনিং করার ফলে এবং আপনাদের বিহারের বর্ডার এলাকার পাঁচ মাইলের সমস্ত রকম মুভমেন্ট বন্ধ করে দেবার ফলে সেখানে দোকানগুলিতে চাল পাওয়া যাচ্ছে না—যার ফলে সেই সমস্ত এলাকায় হাহাকার উঠে গেছে। আপনারা মডিফায়েড রেসনিং সেই এলাকায় দেবেন বলে বলছেন কিন্তু তার কোন ব্যবস্থাই দেখতে পাচ্ছি না এবং সেখানে ৩/৪ বছর ধরে কোন চালও সরবরাহ করছেন না। বর্তমানে এ. বি. সি. কার্ড তৈরী করার সিদ্ধান্ত গ্রহণ করে জানিয়েছে—কিন্তু আমি জানি যে বেশীর ভাগ এলাকায় সেই কার্ড দেওয়া হয়নি এবং কবে নাগাদ চাল গিয়ে পৌঁছাবে তারও কোন প্রতিশ্রুতি দিচ্ছেন না—ফলে সেই সমস্ত অঞ্চলের মানুষের কাছে অনাহার ছাড়া আর কোন উপায় বর্তমানে সেখানে নেই। এবং এর ফলে আমরা জানি বিভিন্ন কয়লাখনি অঞ্চলগুলিতে এবং কারখানাগুলিতে শ্রমিকদের কর্তব্য পালন করার পথে অনাহারের দরুন প্রচণ্ড বাধার সৃষ্টি করছে; আমি আশা করবো মন্ত্রী মহাশয় এ ব্যাপারে খবর নেবেন এবং এই অবস্থা প্রতিকারের জন্য চেষ্টা করবেন।

Mr. Speaker : Honourable Members before taking up the Private Members' Resolution, as requested by the Hon'ble Minister for Parliamentary Affairs, I am adjourning the House for half an hour.

[At this stage the House was adjourned for half an hour]

[After adjournment]

PRIVATE MEMBERS' BUSINESS

Resolution

Dr. Narayan Chandra Roy : যেহেতু মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ ভিয়েতনামে বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে ত্বরান্বিত করিয়া তুলিতেছে, সেইহেতু বিধানসভার সুস্পষ্ট অভিমত এই যে যাহাতে কোনক্রমেই বিশ্বযুদ্ধের সম্ভাবনা রূপায়িত হইতে না পারে তজ্জন্য দক্ষিণ ও উত্তর ভিয়েতনামে এই মার্কিন বর্বরতা বন্ধ করার এবং উক্ত দেশ হইতে সমগ্র মার্কিন সৈন্য ও সমরসম্ভার অপসারণের দাবীতে পৃথিবীর অন্যান্য ভোট-নিরপেক্ষ এবং সমাজতান্ত্রিক দেশগুলির সহিত সম্মিলিতভাবে কার্যকরী পন্থা গ্রহণের উদ্দেশ্যে ভারত সরকারকে অনুরোধ জানানো হোক।

Shri Khagendranath Das Gupta : মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাব যিনি উত্থাপন করেছেন তাঁকে আমি বিশেষভাবে অনুরোধ জানোচ্ছি যে বর্তমান পরিস্থিতি অনুধাবন করে, এই কয়েকদিন আগে তাসখণ্ডে ভারতবর্ষের সাথে পাকিস্তানের একটা মীমাংসার সূত্র স্থির হয়—যুক্ত ইস্তাহারও বেরিয়েছে, তারপরে আমাদের প্রিয় প্রধানমন্ত্রী দেহত্যাগ করেছেন, এখনও নূতন কোন প্রধানমন্ত্রী তাঁর স্থানে নির্বাচিত হয় নাই। পৃথিবীর নানা স্থানে এই ভিয়েৎনাম ইস্যু নিয়ে একটা মোটামুটি প্রচেষ্টা তলায় তলায় চলছে এটা আমরা সকলেই অনুধাবন করতে পারছি। আমাদের দিল্লী শহরে প্রধানমন্ত্রীর দেহত্যাগ উপলক্ষে পৃথিবীর বিভিন্ন স্থানের রাষ্ট্রনায়কগণ এসেছিলেন, সেখানে আমরা সকলেই দেখেছি আমেরিকার ভাইস-প্রেসিডেন্ট এবং রাশিয়ার প্রধানমন্ত্রী এঁরা দুইজন পরামর্শ করেছিলেন এবং সেই পরামর্শ যে ভিয়েৎনাম ইস্যু নিয়ে এ বিষয়ে কোন সন্দেহ কারও মনে নাই। কাজেই একটা প্রচেষ্টা চলছে এবং নানা স্থানে রাশিয়ার দূত আমেরিকার দূত ছুটাছুটি করছেন। এই প্রচেষ্টা যেখানে চলছে এবং বর্তমান পরিস্থিতিতে, এবং দু দিন আগে যে একটা আপোষ মীমাংসা উভয় রাষ্ট্রের মধ্যে হয়েছে তার পরিপ্রেক্ষিতে আমি অনুরোধ করি এই প্রস্তাবটাকে বিশেষ আলোচনা না করে প্রত্যাহার করে নেবার জন্য। আমাদের ভারতবর্ষের কি মত সে সম্পর্কেও বোধ হয় প্রস্তাবকের অজানা নেই।

Dr. Narayan Chandra Roy : In view of the statement of the Deputy Leader of the House I do not press for the resolution.

Mr. Speaker : I take it that with the leave of the House the resolution is withdrawn.

Shri Nikhil Das : The resolution is not being discussed.

[2-00—2-10 p.m.]

Mr. Speaker : তাহলে এটা হল It is not being discussed. আমরা পরেরটা ধরি।

Shri Apurba Lal Majumdar : এটা withdrawn হল না। We are not making any speech.

Mr. Speaker : কিন্তু What is the fate of the Resolution ? It has been moved.

Shri Hemanta Kumar Basu : এট moved হল, motion হাউসে record হয়ে রইল।

Shri Monoranjan Roy : *We do not press for either discussion or voting on the withdrawn.*

Mr. Speaker : But I, from the Chair, have either to declair it passed or rejected or to have it withdrawn.

Shri Apurba Lal Majumdar : যে resolution তিনি move করলেন তার উপর কোন speech deliver তিনি করছেন না।

Mr. Speaker : Then it is my duty to put the question before the House. Chair তো এটা dispose of করবেন কারণ এটা তো close করতে হবে।

Shri Hemanta Kumar Basu : অনেক সময় অনেক motion moved হয় সেদিন discussion হয় না, vote নেওয়া হয় না, পরের জন্য রাখা হয়। এই House-এ আগে হয়েছে অনেক মোশান moved হয়েছে, dicussion হয়নি। আজ যে stage সেই stage অনুসারে সেটা moved হল discussion হল না, পরে discussion হতে পারে।

Mr. Speaker : The Hon'ble members for the time being agreed that let the matter be not pressed let it be withdrawn or whatever it may be. আপনারা প্রত্যেক শুক্রবার একটা করে resolution আনতে পারেন। For the time being এটা withdrawn হল।

Shri Apurba Lal Majumdar : আমাদের যে Agreement হয়েছে তাতে Resolution place করছি, record করছি। এটা House-এর সম্মতি নিয়ে we will not deliver any speech on the subject in view of the fact that some peace negotiation is going on on the soil of our country. সেজন্য আমরা speech করছি না, speech করলে provocate হতে পারে। সেজন্য reslution record-এ রাখতে চাই এবং resolutation moved অবস্থায় আছে। It is the property of the House.

Shri Jagannath Kolay : আমরা সে রকম Agreement করিনি। আমাদের কথা ছিল তিনি move করবেন। খগেনবাবু request করবেন এবং তারপর তিনি withdraw করবেন।

Shri Apurba Lal Majumdar : He is not withdrawing the resolution, but he is not making any speech on the subject.

Mr. Speaker : With the consent of the House let us go the next one.

Shri Jagannath Koly : I don't agree with it.

Shri Khagendra Nath Das Gupta : যিনি উত্থাপক তিনি যদি এ সম্পর্কে প্রেস না করেন তার অর্থ হচ্ছে withdrawn formal withdrawal তো হয়ে গেছে।

Shri Nikhil Das : কথা হচ্ছে resolution moved হল তিনি request করলেন discussion না করার, কিন্তু resolution moved অবস্থায় থেকে গেল next rotational date-এ হতে পারে। We can raise it on the next rotational date.

Mr. Speaker : I am leaving it like this. The mover of the resolution does not press for the resolution being put, and, therefore, I am going to the next.

Shri Jagannath Kolay : I don't agree with that.

Shri Khagendra Nath Das Gupta : এ বিষয় যদি প্রেস না করেন তা হলে তার অর্থ হচ্ছে withdrawn.

Mr. Speaker : আমি আপনাদের রেডি টু হেল্প, কিন্তু যদি formal withdrawal না করতে চান I cannot make him withdrawn. I want to movd to the next. When purpose is served, I am going to the next.

Shri Nikhil Das : আমাদের যখন বক্তৃতা করতে নিষেধ করা হচ্ছে তখন বক্তৃতা করবো না। আমরা resolution moved করলাম we shall not press it for discussion. এখন যদি withdraw করতে বলেন It is impossible.

Mr. Speaker : The mover does not went to press, I cannot leave it there. I have to put the question on the floor of the House. There is no other way for it. কিন্তু মিঃ হবিবুল্লা আপনারা যদি এক এক জন এক রকম কথা বলেন তা হলে I have to follow the routine.

Shri Syed Abul Mansur Habibullah : তা যদি বলেন তা হলে আমরা ডিসকাসান করতে চাই।

Shri Jagannath Kolay তা হলে ডিসকাসান হোক।

Shrimati Purabi Mukhopadhyay : Shall I be permitted to speak for a moment আজকে এখানে একটা resolution আমাদের সামনে ballot first priority নিয়ে এসেছে, mover of the resolution ডাঃ নারায়ণ রায়। Resolution মুভ করবার পর করছেন। Move করবার পর আমাদের পক্ষ থেকে এই হাউসের Deputy Leader তাঁর কাছে আবেদন করেছিলেন যে বর্তমান পরিস্থিতিতে এটা প্রেস না করার মানে তিনি তাতে সম্মতি দিয়েছেন তার মানে It's stands withdrawn. কারণ what should be the fate of resolution which the mover of the resolution himself does not want to press ? আপনি স্পীকার হিসাবে শুধু হাউসের leave নিতে পারেন whether a resolution will be withdrawn. কারণ শুধু mover বললে একটা resolution moved হয় যতক্ষণ হাউস leave না দিচ্ছি আমি আপনার কাছে অনুরোধ করছি যে এই House-এ resolution leave দিচ্ছেন কি না সেটা যাচাই করুন। দ্বিতীয় পয়েন্ট হচ্ছে, যে resolution moved হল। কিন্তু, তারপরে practically, আমাদের rule অনুযায়ী, এবং সমস্ত জায়গায় parliamentary রীতি অনুযায়ী, যেটা press করা হয় নাই, সেটা withdrawn করা ছাড়া আর কোন রাস্তা নেই। The resulution be accepted, it can also be rejected. This is the position. Since the mover of the resolution has given his consent not to press, I would request you now to take the sense of the House whether the House will give its leave to withdraw the resolution from the House.

[2-10—3 p.m.]

Shri Apurba Lal Mazumdar : মিঃ স্পীকার, স্যার, যদি আপনি এই কথায় আসেন, যে হাউসের sense নিয়ে দেখা উচিত, যে এটা withdrawn হবে, কি হবে না। তাহলে সে ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, এই resolutionটা এখন আমাদের হাউসের property. এই resolutionটা খুব imprtant বলে আমরা মনে করি। We want to speak on the resolution.

Shrimati Purabi Mukhopadhyay : ভোট নিন।

Shri Apurba Lal Majumdar : উনি যদি বলেন যে এটা হাউসে discussion-এর জন্য press করবেন না, এবং তা সত্ত্বেও যদি হাউসের sense নেবার জন্য চেষ্টা হয়, তাহলে এই resolution-এর উপর discussion চলবে। The resolution is the property of the House and some members may speak on the resolution.

Shri Khagendra Nath Das Gupta : এটা নিয়ে এখানে কি করে আলোচনা চলতে পারে।

Mr. Speaker : Once it has been moved, it has become the property of the House. The mover of the resolution may withdraw it, but the House has got the right to discuss it. Therefore, it can only be withdrawn with the general conscensus of the House.

Shri Nikhil Das : মাননীয় স্পীকার, স্যার, agreement-এর কথাটার প্রতি আমাদের শ্রদ্ধা যথেষ্ট আছে। আমরা যেটা বারবার বলতে চেষ্টা করছি, সেটা হচ্ছে we shall not press the resolution for discussion now. আমরা তখন resolutionটার উপরে discussion-এর জন্য press করছি না, তার মানে আমরা resolutionটা withdrawn করছি না। That is not the context. কিন্তু তার অর্থে যদি resolutionটা withdrawn-এর দিকে নিয়ে যেতে চান, তাহলে আমরা বলবো resolution discussion-এ নিয়ে আসুন। কারণ, তা না হলে move করার কোন অর্থ হয় না। Resolution cannot be withdrawn. আমাদের উদ্দেশ্য ছিল যে, আজকে শুধু resolutionটা moved হয়ে থাক।

[এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ—তা কি করে হতে পারে ?]

Mr. Speaker : I think, let it be passed over, and we can go to the next resolution.

Shri Apurba Lal Mazumdar : We have no objection.

Shri Syed Abul Mansur Habibullah : Sir, there was an agreement outside the House to pass it over.

Shri Nikhil Das : Sir, the House agreed to pass over the resolution. There is no question of withdrawal, no question of opposing.

Shri Jagannath Kolay : Pass it over, কি করে হবে। আপনি ভোট নিন। Discussion-এর জন্য ভোট নিতে আমরা রাজী আছি।

Mr. Speaker : আমি একটু চেষ্টা করে দেখছি I am trying to come to a solution সেই জন্য Honourable Members, I am adjourning the House for half an hour. In the meantime I would request all the leaders to come

to a settlement. After all this is a small matter which can be settled with the consensus of the House and after half an hour the next resolution will be taken up.

[At this stage the House was adjourned for half an hour]

(After Adjournment)

Shri Nikhil Das : Mr. Speaker, Sir, আপনার কাছে একটি অনুরোধ করছি। Sir, under rule 32 of the Rules of Procedure and Conduct of Business I beg to move that the debate, when it is not taken up on the resolution moved by Dr. Narayan Chandra Roy, be adjourned sine die.

Shri Apurba Lal Majumdar : স্যার, উনি যেটা move করলেন, আমি সেটা সমর্থন করছি—in view of this fact that the Deputy Leader of the House has requested not to press for any debate on the resolution moved by Dr. Narayan Chandra Roy.

Mr. Speaker : Certainly without the consent of the whole House I cannot adjourn it sine-die This is a minor matter you are not inclined to withdraw the resolution. As he is not pressing, let it be withdrawn though it is kept open to bring the motion any time. I think that this should be in the proceedings, and let it be in the records. This withdrawal reserves the right of the honourable Members to move the motion any time. Please do not be too critical.

Shri Apurbalal Majumdar : স্যার, নিখিলবাবু যে resolution move করলেন এবং আমি সমর্থন করলাম আমার মনে হয় that is the best possible under the circumstance. এখন আমাদের উপরে যদি force করা হয় আমরা request ওনার অনার করছি যে discussion should not be held at this stage. আমরা সেটা একমত হচ্ছি ওনার request কিন্তু তারপরে যদি withdrawalএর পজিশনে নিয়ে যাওয়া হয় the resolution is the property of the House. আমরা ঠিক ঐ পজিশনে যেতে ঠিক agree করতে পারছি না।

Mr. Speaker : Mr. Majumdar, you all conceded to the special request made by Mr. Das Gupta.

Shri Apurba Lal Majumdar : Let it be adjourned sine die.

Shri Nikhil Das : Let it be adjourned sine die. স্যার, আমরা যে motion move করেছি তা কখনই withdraw হতে পারে না তার বদলে adjourned sine die করে দিন।

Mr. Speaker : If the honourable members do not accept my suggestion which I think, keeping in view the opinions, ideas, intentions and the motives of the members concerned, is the best way to solve the

matter as the resolution is not being pressed, we have to proceed with the discussion. But the resolution may be withdrawn with the reservation of right to bring it any time. Let it be recorded as such.

Shri Gopal Banerjee : স্যার, এটা কি হল ?

Shri Nikhil Das : স্যার, sine die করে দিন।

Mr. Speaker : sine die হলে resolution থেকে যায়। এরপর আর dicussion হয় না। আমি যেটা suggest করলাম এটা if the members agree, let it stop there.

Shri Monoranjan Roy : স্যার, Dr. রায় যে প্রেস করতে চান নি resolutionটা মুভ করার পরে, তিনি বলেছেন আমি আলোচনা ... ..

Mr. Speaker : দেখুন মিস্টার রায়, আমার মনে হয় না ঐ pointটা নিয়ে we will again হামার, we have discussed it for a long time. If we fail to find out a solution, let us go on with the resolution. আমি যেটা বলছিলাম এটা যদি আপনারা সকলে concede করেন তাহলে we may stop there if you do not concede, then we have to go on with the resolution. I think the House will accept my suggestion. Let us now go to the second resolution.

Shri Gopal Banerjee : What is the fate of the first resolution ?

Mr. Speaker : The resolution is withdrawn as I have suggested.

Shri Apurbalal Majumdar : আপনি স্যার, যদি আমাদের withdraw করতে না বলেন তাহলে যে অবস্থায় আছে সেইভাবে রেখে দিয়ে second resolutionএ চলে যেতে বলেন তাহলে we are agreeable, কিন্তু withdrawalএর positionএ আমরা যেতে রাজী নই।

Mr. Speaker : Let us go on with the first resolution.

Shri Ananda Gopal Mukhopadhya : Sir, I beg to move that for the words beginning with 'মার্কিন যুক্তরাষ্ট্র' in the first line, and ending with 'সমাজতান্ত্রিক' in the fifth line, the following be substituted :

> "গৃহ যুদ্ধের দরুণ ভিয়েতনামে বিশ্ব যুদ্ধের সম্ভবনাকে ত্বরান্বিত করিয়া তুলিতেছে, সেই হেতু বিধান সভার সুস্পষ্ট অভিমত এই যে, যাহাতে কোন ক্রমেই বিশ্বযুদ্ধের সম্ভাবনা রূপায়িত হইতে না পারে তজ্জন্য দক্ষিণ ও উত্তর ভিয়েতনামে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য তাসখন্দে অনুসৃত শান্তির পথ নির্দেশক নীতিকে অনুসরণ করিয়া পৃথিবীর অন্যান্য জোট নিরপেক্ষ"

এই কথা আমি জুড়তে চাই।

মাননীয় স্পীকার মহোদ, আমাদের এই বিধান সভায় আজকে যে প্রস্তাব বিরোধী-পক্ষের সদস্য শ্রীনারায়ণ রায় এনেছেন সেই প্রস্তাব সংশোধন করে আমি এই কথা এই হাউসের রাখতে চাই যে তাসখন্দে মানব ইতিহাসে শান্তি প্রতিষ্ঠা স্বর্ণাক্ষরে লেখা একটী দলিল লিখিত হবার পরই তার কালি না শুকাতে শুকাতেই স্বাক্ষরকার ভারতবর্ষের প্রিয় প্রধানমন্ত্রী হৃদস্পন্দন স্তব্ধ হয়ে যায়। সঙ্গে সঙ্গে মনে হয়েছিল সারা পৃথিবী ইতিহাসের গতি বুঝি ঐ তাসখন্দে শাস্ত্রীজীর আবাসের দরজায় স্তব্ধ হয়ে দাঁড়িয়ে গেছে। কি আগ্রহ নিয়ে কি উদ্বেগ নিয়ে কি আকাংখা নিয়ে এই মানুষটি ভারতবর্ষে শান্তি প্রতিষ্ঠার জন্যে ঐ সুদূর রাশিয়ায় ছুটে গিয়েছিলেন

তা সারা বিশ্ববিস্মৃত হয়ে দেখেছেন। বিশ্বের যেখানে অশান্তির আগুন জ্বলছে বিবদমান পক্ষগুলি ভুল বোঝাবুঝির দরুণ নিজেদের দেশের শান্তিকে এবং বিশ্বশান্তিকে ব্যাহত করবে বলে মনে হচ্ছে আজ তাদের কাছে শাস্ত্রীজীর অনসৃত এই নীতি পথপ্রদর্শক হউক। আমরা দেখেছি ভারতবর্ষ যুগে যুগে সারা পৃথিবীতে শান্তির বাণী প্রচার করে এসেছে।

[3 00—3-10 p. m.]

ভারতবর্ষের মহান নেতা শাস্ত্রীজী সেই শান্তি প্রতিষ্ঠার জন্য দধিচির মত আত্মত্যাগ করে নূতন করে তা প্রমান করে দিয়ে গেছেন। সারা পৃথিবীর কাছে আজ তা নূতন দৃষ্টান্ত হয়ে থাকবে। যদি আমরা ছোট ছোট মতভেদ, মতান্তর এবং মনানন্তর ভুলে যাই তাহলে হয়ত এই সমস্যাগুলিকে আমরা এড়াতে পারবো। ভিয়েতনামে যে অশান্তির আগুন জ্বলছে তার থেকে বিবদমান পক্ষগুলিকে রক্ষা করবার জন্য আজ এই প্রস্তাব আমরা বিধানসভার মাধ্যমে ভারত সরকারের কাছে রাখতে চাইছি, ভারত সরকারের মাধ্যমে সারা বিশ্বের কাছে তুলে ধরতে চাইছি যে এই নীতি অনুসৃত হোক, জোট নিরপেক্ষ রাষ্ট্রগুলিকে ডেকে শান্তির আবহাওয়া গড়ে তুলে বিবদমান পক্ষগুলিকে সংযত করা হোক, তাদের মধ্যে মনমালিন্যগুলিকে দুর করা হোক। মিঃ স্পীকার, স্যার, আমার বিশ্বাস ও ভরসা আছে যে তা সম্ভব হতে পারে। কেন কি, ঐ শাস্ত্রীজীর মরদেহ নিয়ে বন্ধু রাষ্ট্র রাশিয়া থেকে মহান নেতা কশিগিন ভারতবর্ষ আসার পর অন্যান্য রাষ্ট্রের প্রধানরা, বিশেষ করে আর এক মহান রাষ্ট্রের, আমেরিকার কর্ণধার হামফ্রে সাহেব, তিনিও ভারতবর্ষে আসায় সকলের যে মানষিক পরিবর্তন হয়েছে তা আমরা উপলব্ধি করতে পারছি, মনে হয়েছে মিছে নিজেদের মধ্যে দলাদলি রেখে সারা বিশ্বকে এই আন্দোলনে জড়িয়ে ফেললে শান্তির পথে ক্ষতি হবে। তাঁরা তাই ভারতবর্ষের মাটিতে বসে এরই মধ্যে আলোচনা সুরু করেছেন। আজ ভারতবর্ষ সেই কাজে অগ্রণী হোক, জোট নিরপেক্ষ রাষ্ট্রগুলি সেই কাজে তৎপর হোক এমন একটা আবহাওয়া গড়ে তুলুন যাতে একদিকে যারা আজকে বিবদমান তাদের যেন সম্বিত ফিরিয়ে আনতে পারেন, আর একদিকে সারা পৃথিবী এই আদর্শ গ্রহণ করে শান্তি প্রতিষ্ঠিত করুক এই কামনা করবো। আজকের দিনে যদি আমরা প্রস্তাব মারফত নিজেদের মত, নিজেদের আদর্শকে প্রচার করবার জন্য বিশেষ কোন রাষ্ট্রের বিরুদ্ধে উষমা প্রকাশ করি তাহলে সেই ক্ষেত্র নষ্ট হয়ে যেতে পারে এবং এইভাবেই পৃথিবীতে বিবাদের সৃষ্টি হয়েছে এই ভাবেই আজকে ছোট জিনিস অত্যন্ত বড় হয়ে দেখা দিয়েছে। তাই আজ এই বিধানসভায় যে প্রস্তাব বিরোধীপক্ষের সদস্য ডাঃ নারায়ণ রায় এনেছিলেন তা সংশোধন করে আমি আপনাদের সামনে এইভাবে রেখেছি। আমি আশা করবো, বিশ্বাস করবো, ভরসা করবো যে মিনিচেয়ার ফর্মএ ভারতবর্ষ এবং পৃথিবী এবং এই বিধানসভা সংযমের পরিচয় দেবে, সংযমের পরিচয় দিয়ে শান্তির আবহাওরা এখানে বজায় রেখে সারা বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় অগ্রণী হয়ে তাঁরা এই প্রস্তাবকে গ্রহণ করবেন।

Shri Syed Abul Mansur Habibullah : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব আমাদের সামনে এসেছে এবং তার যে সংশোধনী প্রস্তাব এসেছে সেই প্রস্তাব লক্ষ্য করলে দেখা যাবে যে আমাদের এই প্রস্তাবে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে আজকে একটা বিশেষ অবস্থা ভিয়েতনামে দেখা দিয়েছে এবং সেই অবস্থা দেখা দিয়েছে ভিয়েতনামে মার্কিন যুক্তরাষ্ট্রের উপস্থিতিতে, তার যে যুদ্ধব্যবস্থা তার উপস্থিতির মধ্যে। আজকে প্রস্তাবের শেষ অংশে যে কথা বলা হয়েছে আমি মনে করি সেই কথার মধ্যে শান্তির জন্য প্রচেষ্টার বাইরে কোন বলা হয়নি। বরং ভারতবর্ষকে আহ্বান করা হয়েছে সম্মিলিতভাবে অন্যান্য সমাজতান্ত্রিক, গণতান্ত্রিক এবং জোট নিরপেক্ষ রাষ্ট্রগুলিকে আহ্বান করে বলা হয়েছে যে আমরা যেন কার্যকরী পন্থা গ্রহণ করি। দক্ষিণ পূর্ব এশিয়ায় যে অবস্থা চলেছে তাতে শুধু আমরা বাই স্ট্যাণ্ডের মত না থেকে, বাইরে দর্শকের মত অবস্থায় না থেকে, কেন না এর সংগে আমাদের জীবনমরণ সমস্ত সমস্যা জড়িত

রয়েছে, ভারতবর্ষ বৃহত্তর দেশ, সে সম্পূর্ণ নিরপেক্ষ না থেকে কিছু সৃজন করে আরো কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার কথা এই প্রস্তাবের মধ্যে রেখেছি। সুতরাং এই প্রস্তাবের স্পিরিটের কথা সেটা এই নয় যে আজকে রাজনৈতিক মতবাদের বিরুদ্ধে একটা জেহাদ ঘোষণা করা। এই জেহাদ ঘোষণা করার মনোবৃত্তি এই প্রস্তাবে নেই। আমরা মনে করি এই প্রস্তাবে একটা কথা আছে সেটা হচ্ছে আজকে ভিয়েতনামের যে অবস্থা সেই অবস্থা জটিলতর হয়েছে সেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের উপস্থিতির দ্বারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে আজকে এক ধরণের লোক আছে যারা সাদাকে বলে কালো এবং কালোকে সাদা বলবার চেষ্টা করছে। ভিয়েতনামে যে বিরাট আকারে ধ্বংসলীলা চলছে সেই ধ্বংসলীলা চালান হচ্ছে কি কারণে সেই জিনিসটাকে দৃষ্টির বাইরে রেখে, চিন্তার বাইরে রেখে দিয়ে তাঁরা বলবার চেষ্টা করছেন যে সেখানকার কতকগুলি লোক কতকগুলি লোকের বিরুদ্ধে লড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একথা স্বীকার করতে হয় যে ভিয়েতনামের মানুষ তাদের স্বাধীনতার জন্য ২০ বছর ধরে সংগ্রাম করছে। তারা জাপানী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়ছে, ফরাসী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়তে লড়তে তারা এমন একটা জায়গায় এসেছে যেখানে তাদের দেশের মাটিতে মার্কিন যুক্তরাষ্ট্র উপস্থিত হয়েছে তার সশস্ত্র বাহিনী নিয়ে। ভিয়েতনাম শান্তি চাচ্ছে কি চাচ্ছে না সে প্রশ্ন নয়, ভিয়েতনামের মানুষ সবচেয়ে বেশী শান্তি কামনা করছে, কিন্তু প্রশ্নটাকে ঘুরিয়ে দিয়ে বলা হচ্ছে যে ভিয়েতনামে সেই দেশের বুকে ডাকাতরা ডাকাতি করতে থাকবে অথচ তাদের সংগে শান্তি স্থাপন করতে হবে। আজকে ভিয়েতনামে কতকগুলি মানুষ কতকগুলি মানুষের বিরুদ্ধে লড়ছে, এটা নিজেদের মধ্যে লড়াই নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খবরের কাগজে জনসন্স ইউনিয়ন অব দি স্টেটএ যে বক্তৃতা প্রকাশিত হয়েছে সেই বক্তৃতায় কি বলা হয়েছে We will stay because in Asia and around the world are countries whose course of independence rests in large measures on confidence in American protection. আজকে আমাদের প্রতিবাদ এই প্রত্যক্ষ কথাগুলির উপর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রিটিশ সাম্রাজ্যবাদের প্রতিনিধি পামারস্টোন একদিন বলেছিলেন যে কথা রোমান সিনেটার বলেছিলেন যে যেখানে একটি মাত্র রোমান নাগরিক থাকবে সেখানে সেই রোমান নাগরিকের পশ্চাতে লক্ষ রোমান সৈন্য যেতে প্রস্তুত আছে তেমনি পামারস্টোনও বলেছিলেন যে চীনের মধ্যে মধ্যে যদি একটি বৃটিশ শক্তির ওপিয়াম ট্রেড থাকে তাহলে তার সেই ওপিয়াম ট্রেডকে রক্ষা করার জন্য সমস্ত ব্রিটিশ সৈন্য যাবে এবং দরকার হলে বোম্বার্ড করবে। আজকে আমেরিকার জনসন সাহেব যে কথা বলছেন তার

[3-10—3-20 p.m.]

চেয়ে সুদূরপ্রসারী, সুদূরপ্রসারী এই জন্য যে যেখানে পামারস্টোন নগ্নরূপে বলেছিলেন ব্রিটিশ স্বার্থের কথা, কিন্তু আজকে লুকিয়ে দেওয়া হচ্ছে আমেরিকান স্বার্থের কথা। লুকানো হচ্ছে যে আজকে আমেরিকা দক্ষিণ ভিয়েতনাম এবং সমস্ত দক্ষিণ পূর্ব এশিয়ায় রয়েছে। আজকে যে নীতি বলা হয়েছে, সেই নীতি যদি স্বীকার করে নিতে হয় তাহলে আজকে আমাদের দেশ ভারতবর্ষ বিপন্ন। কারণ, এই কথা বলতে গেলে দেখতে হবে যে ভারতবর্ষে সেই রকম স্বাধীনতা স্বীকৃত হবে, যে স্বাধীনতা আমেরিকান প্রোটেকসানে দ্বারা রক্ষিত হতে পারে, তা না হলে রক্ষিত হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বক্তৃতার মধ্যে আমেরিকার প্রেসিডেন্ট বলেছেন "We will Stay", he said, "because a just nation cannot leave to the cruelties of its enemies the people who have staked their lives and independence on our solemn pledge-apledge which has grown through the commitments of three American Presidents. আজকে ভিয়েতনামের লোক কিসের জন্য লড়ছে সে কথা আজকে খুব স্পষ্ট যদিচ এটা দুর্ভাগ্যের বিষয় যে আমাদের দেশে আজকে জনসন সাহেবের বক্তৃতা যেমন প্রকাশিত হয় ২৮শে ডিসেম্বর তারিখে ডাঃ হোচিমিন যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতা আমাদের দেশের খবরে কাগজে প্রকাশিত হয় না। ডাঃ হো যে

বক্তৃতা দিয়েছেন তাতে তিনি দেখিয়েছেন যে আজকে ভিয়েতনামের লোক শান্তি চায়, তিনি সেটা পরিষ্কারভাবে তুলে ধরেছেন। কিন্তু তিনি তার সংগে দেখিয়েছেন যে এই যুদ্ধ আমেরিকান স্যালাটনের আগে কি অবস্থা চলেছিল। তিনি দেখিয়েছেন এই কথা বলে যে In the Six Years of 1954—60. ১৯৫৪ সাল থেকে ১৯৬০ সাল যখন এস্কালেশন অফ দি ওয়ার হয়নি তার আগে পর্যন্ত ভিয়েতনামে কি অবস্থা হয়েছিল। ভিয়েতনামে এক লক্ষ সত্তর হাজার ভিয়েতনামিজকে মারা হয়েছে, ৮ লক্ষ ভিয়েতনামিজকে উণ্ডেড করা হয়েছে, ৪ লক্ষ ভিয়েতনামিজকে জেলে পোরা হয়েছে, কনসেনট্রেশনে ক্যাম্প হয়েছে ভিয়েতনামিজ এবং ডাঃ হো এই কথা বলেছেন যে তারপরে ১৯৬০ সালে যে এস্কালেশন ওয়ার হয়েছে তার প্রত্যেক জায়গায় প্রত্যেক জায়গায় প্রত্যেক বছর ১০ গুণ বেশী ক্ষতিগ্রস্থ হয়েছে ভিয়েৎনামের লোক কিন্তু ডাঃ হো চি-মিন এই কথা বলে যান নি তার জন্য আমরা স্বাধীনতা পেয়েছি। ডাঃ হো চি-মিন এই কথা বলেছেন ফুল কনফিডেন্সে যে আমাদের দেশের প্রত্যেকটা মানুষ ততদিন পর্যন্ত লড়বে যতদিন পর্যন্ত আমেরিকার সৈন্য বাহিনী ঐ দেশের মাটিতে থাকবে। ডাঃ হো চি-মিন কম্যুনিস্ট বলে সে দেশের যে নেতৃত্ব পেয়েছেন তা নয়, ডাঃ হো চি-মিনের সৌভাগ্য বলুন আর দুর্ভাগ্য বলুন হো চি-মিন সে দেশের সে দেশের জাতীয় মুক্তিকামী মানুষের নেতারূপে সে দেশে প্রতিষ্ঠিত হয়েছেন। ১৯৪৬ সালে যখন হো চি-মিনকে যাঁদের অভ্যর্থনা করার সৌভাগ্য হয়েছিল আমিও তাঁদের মধ্যে একজন ছিলাম এবং তাঁর সংগে দীর্ঘ আলাপ করবার সুযোগ হয়েছিল। আমি দেখেছিলাম ডাঃ হো চি-মিনকে এবং তাঁর মত সাধারণ স্বল্পভাষী ব্যক্তি কি দৃঢ়তার সংগে, আজকে নয় আজ থেকে ২০ বছর আগে কি প্রত্যয় নিয়ে তিনি এই কথা বলেছিলেন—তিনি এই কথা বলেছিলেন ইউ টক ফ্রিডম উই ফাইট ফ্রিডম, তুমি স্বাধীনতা নিয়ে আলাপ করছো, তিনি আমাকে বলেছিলেন ইউ টক ফ্রিডম, উই ফাইট ফ্রিডম—আমরা স্বাধীনতার জন্য সংগ্রাম করছি, লড়ছি, মরছি এবং আজও লড়ছেন তিনি। সেই দিনের সেই ঋজু দেহ মানুষটি এখনও লড়ে যাচ্ছেন এবং সমস্ত দক্ষিণ পূর্ব এসিয়ার মানুষ তাঁর লড়াইয়ের দিকে তাকিয়ে দেখছেন। আজকে আমরা যদি এই কথা বলি যে ভিয়েতনামে গৃহযুদ্ধ চলছে, যদিও আমাদের সংবাদপত্রে এইসব বিবৃতি প্রকাশ হয় না, যদিও আমাদের সংবাদপত্রে এই আকারে দেখানো হচ্ছে যে ভিয়েতনামের মানুষ লড়তে চাচ্ছে এবং লড়াই করে যাচ্ছে, তবুও এই কথা সত্য যে আমাদের দেশের লক্ষ লক্ষ সাধারণ মানুষ এই যে যুদ্ধ তাঁরা করছেন মুক্তির জন্য সে যুদ্ধকে তাঁরা দৈনন্দিন অভিনন্দন জানাচ্ছেন এবং অভিনন্দন জানিয়ে তাঁরা বলছেন যে আজকে সত্যিকারের ভিয়েতনামের অবস্থা একমাত্র এই হতে পারে যে সেখান থেকে মার্কিন সৈন্যকে অপসারণ করার দরকার হচ্ছে, তা না হলে শান্তি ব্যাহত হচ্ছে, কারণ আজকে শুধু ভিয়েতনামে নয়, আপনি লক্ষ্য করে দেখুন অধ্যক্ষ মহাশয়, আজকে তাসখন্দ আলোচনার কথা হয়েছে। তাসখন্দ আলোচনায় কোসিগিন কি বলেছেন—কোসিগিন এই কথা বলেছেন তাসখন্দের যে আলোচনা তার অন্তর্নিহিত অর্থ হচ্ছে এই যে সাম্রাজ্যবাদের যে লড়াই আমাদের দেশে একজন আর একজন-নোর বিরুদ্ধে লড়াই করে যাচ্ছে তার অবসান হবে। তিনি এই শান্তিকে অভিনন্দন জানিয়েছেন কোসিগিনের বক্তৃতার ভিতর সেকথা আছে। আপনি লক্ষ্য করে দেখুন অধ্যক্ষ মহাশয়, তাসখণ্ড আলোচনার পূর্ব মুহূর্ত পর্যন্ত কি চলেছে। সমস্ত আলোচনার মধ্যে সংবাদপত্রে বলেছে যে সেখানে চীন উপস্থিত ছিল কিন্তু ঘটনা কি হয়েছে? ১৯৬৫ সালের সেপ্টেম্বরে আমরা কি বিবৃতি দিয়েছি এবং পাকিস্তান কি বিবৃতি দিয়েছে—দেখবেন সেখানে প্রতি ছত্রে আমেরিকান আর্মসের কথা আছে। যখন আয়ুব খাঁ বক্তৃতা দিয়েছেন তখন তিনি বলেছেন যে চীনের বিরুদ্ধে যুদ্ধ করবার নামে হিন্দুস্থান আমেরিকার অস্ত্রসম্ভার নিয়েছে। আমরা যখন বলেছি তখন আমরা অঙ্গুলি দৃষ্টি দিয়েছি যে সিয়াটো এবং সেন্টো থেকে অস্ত্র নিয়ে গিয়ে তোমরা সেখানে অস্ত্রসম্ভার তৈরী করেছো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর দ্বারা কি প্রমান করে? যখন দেশে দেশে যুদ্ধ বিগ্রহ উপস্থিত হয় তখন মানুষ লক্ষ্য করে তার স্বাধীনতার পেছনে কি অস্ত্র সেখানে ব্যবহার করছে—তার সম্বন্ধে

চিন্তা করতে হয়। হয়তো আমরা যা বলছি, তা আমাদের কাছে সত্য, পাকিস্তান যা বলছে তা পাকিস্তানের কাছে সত্য। কিন্তু এই কথা ম ন করলে ভুল হবে না যে যখন সাম্রাজ্যবাদী অস্ত্র কোন দেশের মধ্যে যাচ্ছে, যখন সেখানে আমেরিকার সাম্রাজ্যবাদ উপস্থিত হচ্ছে এবং যখন যুদ্ধবিগ্রহ দাঁড়াচ্ছে তখন সেখানে মানুষের শান্তি ব্যাহত হচ্ছে—দক্ষিণ পূর্ব এশিয়ায় এটা হচ্ছে সর্ব প্রধান এবং সর্ব প্রবল সত্য, এই কথা লুকিয়ে রাখ.ল চলবে না। আজকে চীনের সংগে প্রবল যুদ্ধ চলছে আমাদের, চীনের সংগে আমরা সংগ্রাম করছি কিন্তু সেখানেও আপনি দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীনের সংগে হয়তো আপোষ সম্ভব হত পারতো কিংবা আমরা হয়তো আলোচনা করতে পারতাম কিন্তু সেখানেও সন্দেহের অবসান আছে। আমি চীনের বিবৃতি স্বীকার করি না কিন্তু তারাও সেখানে এই কথা বলবে যে আমেরিকান সাম্রাজ্যবাদের দ্বারা অস্ত্রে সজ্জিত হচ্ছে ভারতবর্ষ, সেই জন্য আজকে বিরোধ মীমাংসা করা সম্ভব হচ্ছে না। আজকে যে অবস্থা দাঁড়াচ্ছে সমস্ত দক্ষিণ পূর্ব এশিয়ায় মানুষের শান্তি যে ব্যাহত হচ্ছে তার পেছনে যে সাম্রাজ্যবাদের অস্ত্র সম্ভারের উপস্থিতি আছে সেটা অস্বীকার করা যায় না। কাজেই সেই সাম্রাজ্যবাদের অস্ত্র প্রস্তুতি এবং রণসম্ভারের বিরুদ্ধে আজকে জনমত গঠন করা প্রয়োজন হয়ে উঠেছে। আজকে চেষ্টার বোল্‌স হুমকি দিয়েছেন যে আজকে ভারতের মধ্যে তাঁদের নৌবহরকে তৈল পুর্তির জন্য ব্যবস্থা করতে হবে। আজকে আমি তাতে আতংকিত হচ্ছি—আতংকিত হচ্ছি এই জন্য যে যুদ্ধ ক্রমান্বয়ে আমাদের স্বদেশ ভূমির মধ্যে আরও তীব্রভাবে চলে আসতে আরম্ভ করেছে। তাসখন্দের কথা বলেছেন কিন্তু তাসখ.ন্দর নীতির বিরুদ্ধে তাঁদের অ্যামেণ্ডমেণ্ট প্রস্তাব আমি দেখিয়ে দেবো তাসখন্দে যে নীতি বলা হয়েছে তাতে সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে একটা আঘাত হানা হয়েছে এবং সেখানে শান্তি স্থাপন করে সাম্রাজ্যবাদীর ক্রীড়নক হিসাবে যে ভুমিকা সেটাকে খর্ব করার চেষ্টা করা হয়েছে। আজ.ক যদি এই কথা বলা হয় যে ভিয়েতনামে সাম্রাজ্যবাদীকে বাদ না দিয়ে ভিয়েতনামের সলিউশন হবে, সেখানে যদি বলা হয় যে আমেরিকান সৈন্য উপস্থিত থেকে আপোষ মীমাংশা করতে হবে তাহলে ভিয়েতনামের জনসাধারণের শান্তি এবং মুক্তির পেছনে আমাদের দ্বারা ছোরা মারা হবে। তাই এই সংশোধনী প্রস্তাব আমরা গ্রহণ করতে পারি না, আমরা তাঁদের বলতে বাধ্য হচ্ছি যে আজকে সমগ্র দক্ষিণ পূর্ব এশিয়া থেকে মার্কিন সাম্রাজ্যবাদের রণসম্ভার সরিয়ে নেবার প্রয়োজন এসেছে। আজকে বোঝার দরকার হয়েছে যে মার্কিন রণ-সম্ভার সেখান থেকে সরিয়ে না নিলে আজ পাকিস্তান এবং হিন্দুস্থানের মধ্যে যে শান্তি স্থাপন করা হয়েছে সেই শান্তি ত্বরপরাহত হতে পারে, কারণ ওখানে সাম্রাজ্যবাদীর ক্রীড়নক হিসাবে ভূমিকা নেবার, সে আয়ুব হোক বা অন্য কেউ হোক, সম্ভাবনা থেকে যায়। কাজেই তাসখন্দের নীতি যদি গ্রহণ করতে হয়, শান্তির নীতিকে যদি গ্রহণ করতে হয় তাহলে সেই শান্তি নীতিই একমাত্র নীতি হতে পারে। কিন্তু যে শান্তি নীতির মানে অপরের ভূমিতে সাম্রাজ্যবাদীর সৈন্য থেকে যাবে, সে শান্তি নীতি কখনও তাসখন্দের নীতি হতে পারে না। অপর দেশের ভূমিতে একজন লড়াই করতে থাকবে, দৈনন্দিন তাঁদের উপর নেপাম বোমা ফেলতে থাকবে, বিষক্রিয়া গ্যাস ফেলতে থাকবে এবং তাঁদের সংগে শান্তির নীতি করতে হবে এই যদি হয় তাহলে আমি বলবো সেই প্রস্তাব হবে তাসখন্দের যে মহান নীতিতে শ্রীলাল বাহাদুর শাস্ত্রী আত্মত্যাগ করেছেন তার সম্পূর্ণ বিরোধী এবং কোসিগীনের যে বক্তৃতা যাতে তিনি স্পষ্টভাবে বলেছেন যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে একটা আঘাত হানা হয়েছে শান্তির নীতি হিসাবে সেটা তার বিরুদ্ধে যাবে এবং সমগ্রভাবে দক্ষিণ পূর্ব এশিয়ায় মার্কিন সাম্রাজ্যবাদকে সন্তুষ্ট করা হবে। আজকে মার্কিন সাম্রাজ্যবাদ কেন ভিয়েতনামের বিরুদ্ধে লড়াই করছেন যে মার্কিন সাম্রাজ্যবাদ আজ.ক পি, এল, ৪৮০তে গম দিয়ে বদান্যতা দেখাচ্ছে সে ভিয়েতনামে বিরুদ্ধে লড়াই করছে কেন? লড়াই করছে এই জন্য যে ভিয়েতনাম তাঁদের কাছে ভিক্ষুকের মত পি, এল, ৪৮০র ব্যাগ আনতে যায় নি। অর্থাৎ পৃথিবী-ময় এমন সব রাজ্য থাকতে হবে যারা পি, এল ৪৮০র গম নিতে প্রস্তুত থাকবে এবং তার জন্য দেশের জনসাধারণের বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য মার্কিন সাম্রাজ্যবাদীর সংগে হাত মেলাতে প্রস্তুত থাকবে—তবেই এই মার্কিন সাম্রাজ্যবাদ সেই সব দেশে থাকবে। কাজেই এই যে

[3-20—3-30 p.m.]

আমেরিকার মার্কা ইণ্ডি পিনডেণ্ট যে ইনডিপেনন্ট বলছ, whose course of independence rests in large measures on confidence in American protection. আমি মনে করি এই যে নীতি এ নীতির বিরুদ্ধে সাধারণ মানুষকে দাঁড়াতে হবে। আমেরিকান প্রটেকসনের দ্বারা যে স্বাধীনতা রক্ষিত হবে বলে আমেরিকা জনগণ বক্তিতা দিয়েছেন, আজকে প্রত্যেক দেশের প্রতিটা সাধারণ মানুষকে সেই আমেরিকান প্রোটেকটেড ইণ্ডিপেনডেন্টএর বিরুদ্ধে দাঁড়াতে হবে মুক্তির জন্য, শান্তির জন্য এই কথা বলে আমি শেষ করছি।

Shri Apurba Lal Majumder : মাননীয় স্পীকার, স্যার, ডাঃ নারায়ণ চন্দ্র রায় যে প্রস্তাব উপস্থিত করেছেন সেটা সমর্থন করি। যে সংশোধনী প্রস্তাব আনান্দ গোপাল বাবু উপস্থিত করেছেন সে সম্পর্কে একমত হতে পারছি না এ জন্য যে ডাঃ এন. রায় যে প্রস্তাব উত্থাপন করেছেন সে প্রস্তাব সুস্পষ্টভাবে আমেরিকান সাম্রাজ্যবাদীর যে বর্বর নীতি সমস্ত দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষের স্বাধীনতা শুধু হরণ করা নয় বর্বরের মত সেখানে পাশবিক নীতি চালিয়ে চলেছ, সমস্ত ভিয়েৎনামের উপর যে মার্কিনী ধর্ষণ চালাচ্ছে সে ধর্ষণের বিরুদ্ধে প্রতিবাদ হানবার জন্য এ প্রস্তাব সমর্থন করছি। ভিয়েৎনামের যে সমস্যা সে সমস্যা সম্পর্কে অত্যন্ত গণতান্ত্রিক চেতনায় এটুকুন যে সাহস উদ্বুদ্ধ তার কাছ থেকে আশা করি যে মার্কিনী কার্যকলাপ সমস্ত দক্ষিণ-পূর্ব এশিয়ায় যে ভাবে চালাচ্ছে গত ১০ বৎসর ধরে তার বিরুদ্ধে দ্বিধাহীন ভাষায় প্রতিবাদ করা প্রয়োজন। বর্তমান ভিয়েৎনামে আমরা দেখেছি মার্কিন সরকার তার নিজের ২ লক্ষ সৈন্য দিয়ে সেখানকার মানুষের উপর অমানুষিক অত্যাচার চালিয়ে চলেছেন। কেমিক্যাল ওয়ারফেয়ার গ্যাস, Naplam Bomb আধুনিক অস্ত্রসস্ত্র যা আছে সমস্ত প্রয়োগ করে সেখানকার স্বাধীনতাকামী মানুষের লড়াইকে স্তব্ধ করে দেবার জন্য চক্রান্ত করে চলেছে। স্মরণ রাখা দরকার এই বর্বরতা কতদূর গেছে সেটা আমরা দেখতে পাচ্ছি। South Vietnam Government-এর নামে ইচ্ছামত সেখানে পাল্টেছেন ১১ মাসের মধ্যে সেখানকার Dictator Din-কে একটা রক্তাক্ত এর মধ্যে সরিয়ে দেওয়া হল। শুধু মার্কিনী চক্রান্ত ১১ মাসের মধ্যে ৯ বার এই ১১ মাসের মধ্যে দক্ষিণ ভিয়েৎনামের ইতিহাসে সরকার পরিবর্তন হয়েছে। প্রতিবার মার্কিন সাম্রাজ্যবাদ তাদের সরিয়েছেন, এই যা চেহারা সেই Diem সরকার ৯ বৎসর ধরে রাজত্ব করেছেন। দক্ষিণ ভিয়েৎনাম এই ৯ বৎসরের মধ্যে আমরা দেখেছি। সরকারকে জঘন্যভাবে হত্যা করা হয়েছে। ৮০ হাজার মানুষকে জেলে দিয়েছেন, ১ লক্ষ লোককে আমেরিক্যান সৈন্যবাহিনী যারা সেখানে গেছেন তাদের বর্বরতার সামান্যতম ইঙ্গিত দেবার যদি চেষ্টা করি তাহলে দেখবো আমেরিকান সাম্রাজ্যবাদী সৈন্য যারা গেছে তাদের Record হয় এরা ২ লক্ষ লোককে হত্যা করেছে, ৮ লক্ষ লোককে জখম করেছে, ৪ লক্ষ লোককে জেলে রেখেছে, ৫০ লক্ষ লোককে virtual concentration camp-এ রাখার ব্যবস্থা করা হয়েছে। এই চেহারা এটা মার্কিন সাম্রাজ্যবাদের দেখা গেছে। আমরা দেখেছি যে মার্কিন নগ্ন সাম্রাজ্যবাদ আজকে দক্ষিণ-পূর্ব এশিয়ায় তার আধিপত্য total exploitation পূর্ণ রাখার জন্য আজকে এ অবস্থায় নিয়ে গেছে। আমরা আজকে জানি গৃহযুদ্ধে দক্ষিণ পূর্ব এশিয়ায় জনজাগরণ দেখা দিয়েছিল। France-এর বিরুদ্ধে Vietnam এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় যে জনজাগরণ দেখা দিয়েছিল ১৯৪৬ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত সেখানে ফরাসী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে সংগ্রাম Colonial Exploitation —ফরাসী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যুদ্ধ যখন করেছিল, যখন দেখা গেল Ho Chi-Min-এর নেতৃত্ব Vietnam-এর মানুষ জাতীয় আন্দোলনের উদ্বুদ্ধ হয়ে গরিলা যুদ্ধ করেছে, তখন ফরাসী সাম্রাজ্যবাদ-এর অন্তিম অবস্থা ঘনিয়ে এসেছিল এবং তখন সাহায্য করবার জন্য মার্কিন সাম্রজ্যবাদ এগিয়ে এসেছিল। পৃথিবীর ইতিহাসে পরিবর্তন দেখা গেল, যখন গরিলা যুদ্ধ চলছে তখন এশিয়ার বিভিন্ন জায়গায় নব জাগারণ—এবং চীন যখন পিকিং দখল

কালো মাও সে-তুংএর নেতৃত্বে ইন্দোচীনে সংগঠণে লাল ফৌজ এগিয়ে চলেছে Ho Chi-Min সংগ্রমে করে চলেছে। ফরাসী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আজকে স্বভাবত কারণে চীনের সংগে আঁতাত হল, তখন তার বিরুদ্ধে Eishenhower মাথা উচু করে দাঁড়ালেন Dulles যখন Minister of State এগিয়ে এলেন সাম্রাজ্যবাদী দৃষ্টিভঙ্গী নিয়ে দঃ পূঃ এশিয়ায় সমরসম্ভার নিয়ে, টাকা পয়সা নিয়ে এগিয়ে এলেন। ফরাসী সাম্রাজ্যবাদের সহায়তায়, ফরাসী সাম্রবাদে যারা ছিলেন তার colony প্রতিষ্ঠা করাই নীতি ছিল। কিন্তু আমেরিকার যখন ছিল নয়া সাম্রাজ্যবাদ নীতি ঠক উল্টোধরনের ব্যাপার এল দঃ পূর্ব এশিয়ায় জনজাগরণ স্বাধীনতার আকাঙ্খা আমরা পূর্ণ করবো। লাউস এবং Cambodiaকে স্বাধীনতা দিবো, ইন্দোচীন এলেন অন্য সুযোগ নিয়ে। আজকে আমরা দেখছি যে Geneva Conference হয়েছে 1954এর June-July, প্রথম জেনেভা কনফরেন্স যে agreement হয়েছিল ত বানচাল করবার জন্য তখন আমেরিকান সাম্রাজ্যবাদ সমস্ত রকম প্রচেষ্টা করেছিল, Genevaয় যাতে কোন agreementএ না আসতে পারে তারজন্য মার্কিন সাম্রাজ্যবাজ চেয়েছিল যে প্রথমে একটা দঃ পূর্ব এশিয়ায় Defence Treaty আগে হোক, তারপর যদি প্রয়োজন হয় আমরা Geneva Conference এগিয়ে বলবো কিন্তু Geneveয় যে চুক্তি স্বাক্ষরিত হল ২১শে জুলাই 1954, সে Geneva Conference Party ছিল Soviet Union, Britain, France, China, Amarica, Laos, Cambodia, North and South Viatnam সে Conference Areement সে Agreement কার্য্যকরী হল না। সে Agreementএ আমেরিকান সাম্রাজ্যবাদের চাপে আমরা দেখলাম সে Agreement কার্যকরী হল না। সে Agreementএ ছিল সমস্ত ভিয়েৎনাম থেকে American সৈন্যসাম্ভার অস্ত্রসস্ত্র তুলে নিয়ে যেতে হবে। Agreementএ ছিল দক্ষিণ এবং উত্তর ভিয়েৎনামের মধ্যে যে সীমান্ত রেখা 7th Parallel সে Parallel কখনও স্বীকার করে নেন নি for the temporary military purpose কর্ডনের জন্য ভিয়েৎনাম ইউনিফিকেসান সীমান্ত রেখা গঠন হয়েছিল। সে জেনেভা এগ্রিমেন্টে একথা বলা হয়েছিল যে ২ মাসের মধ্যে নির্বাচন করে উত্তর এবং দক্ষিণ ভিয়েৎনাম ইউনিফিকেসানের বন্দোবস্ত করতে হবে। পোল্যাণ্ড, ভারতবর্ষ এবং কানাডা তিনটা রাষ্ট্র নিয়ে এবং তার Member হয়েছিল যারা জেনাভা কনকারেন্সে যে Agreement হয়েছিল সে Agreement যাতে কার্যকরী হয় সেটা দেখবেন এবং তাঁরা দেখবেন নির্বাচন সঠিকভাবে পরিচালনা করে ২ট রাষ্ট্রের ইউনিফিকেসান যেন হয়—অমৎ নর্থ এবং সাউথ ভিয়েৎনামের ইউনিফিকেসান, কিন্তু আমরা দেখলাম জেনেভা কনফারেন্স বা জেনেভা এগ্রিমেন্ট রাষ্ট্রগুলি যাতে না আসতে পারে প্রথম থেকেই আমেরিকা যেমন বাধা দিয়েছে এবং সে Agreement যাতে রিচ্‌ না করতে পারে, তার এক্সিকিউসান যাতে না হতে পারে তারজন্য Americanরা বাধা দিয়ে এসেছে, সেজন্য আমেরিকান সাম্রাজ্যবাদ ভিয়েৎনাম ১০০টা এয়ার বেস করেছেন ৯টা Naval Port করেছেন, মিলিটারী বেস সেখানে করেছেন। যে মিলিটারী বেস স্থাপন করে সারা দক্ষিণ পূর্ব এশিয়া লাউস এবং কম্বোডিয়ায় প্রভাব বিস্তার করে সেখানকার মানুষের স্বাধীনতার বিরুদ্ধে দাঁড়িয়ে তারা নির্যাতনের পথ প্রস্তুত করে দিচ্ছেন।

[3-30—3-40 p. m.]

যে Seato গঠন করা হল, সেই Seato নিজের দায়িত্ব গ্রহণ করলো। সমস্ত বিশ্বের কাছে অ্যামেরিকা দেখাতে চাইল যে তারা মুক্ত দুনিয়ার তরফে, জনগণের মুক্তির আকাঙ্খাকে পূর্ণ করার জন্য দক্ষিণ-পূর্ব এশিয়ায় গিয়ে পৌচেছেন। কিন্তু আমরা দেখলাম Geneva Agreementকে তারা কিভাবে sabotage করেছেন। যখন electionএর কথা এলো, উত্তর এবং দক্ষিণ ভিয়েৎনাম পরস্পর মেশবার কথা হল, তখন সেখানে অ্যামেরিকান সাম্রাজ্যবাদ পথ রুদ্ধ করে দাঁড়ালো, এবং একটা fercical election করলেন দক্ষিণ ভিয়েৎনাম ডই মে ভারিখে; এবং সেই farcical electionএর মধ্য দিয়ে তাঁরা বললেন যে unificationএর

আর কোন প্রয়োজন নেই। দক্ষিণ ভিয়েৎনাকে বাঁচিয়ে রাখবে অ্যামেরিকান অস্ত্রসম্ভার। তাই সেই অস্ত্রসম্ভার আজকে দক্ষিণ ভিয়েৎনামকে বাঁচিয়ে রেখেছেন। এদিকে ফরাসী সাম্রাজ্যবাদ এখন দেখলো যে, তাদের আর সেখানে টিকে থাকবার কোন প্রয়োজন নেই, তাকে নিঃশেষ করে, সমস্ত অধিকারটা মার্কিন সাম্রাজ্যবাদের হাতে গিয়ে পৌঁচেছে, তখন তারা সেখান থেকে সরে দাঁড়ালো। কিন্তু মার্কিন সাম্রাজ্যবাদরা নূতন করে সেখানে Military ঘাঁটি স্থাপন করেন সমস্ত দক্ষিণ পূর্ব এশিয়াতে তাদের মিলিটারী ঘাঁটি এমনভাবে স্থাপন করেন যে Geneva Conference এ যে সামান্যতম এগ্রিমেন্ট হয়েছিল, সেই এগ্রিমেন্টকে কার্যকরী করবার জন্য কোন রকম চেষ্টা করলেন না। শুধু তাই নয় জেনেভাতে যে ফাইন্যাল এগ্রিমেন্ট হল, সেই এগ্রিমেন্ট একটা সই পর্যন্ত করলেন না। অ্যামেরিকান সাম্রজ্যবাদরা। Geneva Agreementএর Article 7, যেটা বার বার বলছে unificationএর কথা, এবং অ্যামেরিকান সাম্রাজ্যবাদের সমস্ত সৈন্য ও সমরসম্ভার, সেখান থেকে সরিয়ে নেবার জন্য। Articles 16, 17, 18 and 19 এ আমরা দেখছি। এই agreement ছিল, যে মার্কিন তার সমস্ত সৈন্য ও সমরসম্ভার, তার সমস্ত মিলিটারী অফিসার এবং সমস্ত war base সরিয়ে নিয়ে যাবে দক্ষিণ ভিয়েৎনাম থেকে। কিন্তু সেইসব articleগুলকে কার্যকরী করা হল না। তারপর দ্বিতীয় Geneva Conference করার কথা হল। প্রথম Geneva Agreementএর যে প্রস্তাব, তা গ্রহণ না কারার, দ্বিতীয় Geneva Agreement করা হল। কিন্তু দ্বিতীয় Geneva Agreementকেও sabotage করে ছিলো অ্যামেরিকান সাম্রাজ্যবাদরা। আর আজকে দেখছি যে সেই Geneva Agreementও নাই,—প্রথম এবং দ্বিতীয় যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টাকে কার্যকরী করা হল না। আজকে যখন সেখানকার দক্ষিণ ভিয়াৎনামের জনসাধারণ, সেখানে আন্দোলন চালিয়ে চলেছে, তাদের গরিলা যুদ্ধ চালিয়ে চলেছে, অ্যামেরিকান সাম্রাজ্যবাদের যখন নাভিশ্বাস উঠেছে, তখন আমরা দেখছি যে জনসন সেখানে নূতন করে শান্তির প্রস্তাব দিচ্ছেন। কিন্তু ভারতবর্ষ যে ভূমিকা গ্রহণ করেছিল তার সঙ্গে পোল্যাণ্ড, অস্ট্রেলিয়া এবং ভারতবর্ষ, এই তিন জনের উপর যে দায়িত্বভার ন্যাস্ত হয়, সেই দায়িত্বভার fulfil করতে আমরা পারিনি। আমাদের যে দায়িত্ব ছিল দর্শকের ভূমিকায় দাঁড়িয়ে, এই যে মানবতার উপর বর্বর আক্রমণ চলেছে, তার বিরুদ্ধে প্রতিবাদ করা, তা আমরা পারিনি। তার বিরুদ্ধে সবল প্রতিবাদ আমরা তুলতে পারিনি। আজকে যখন ভারতবর্ষের তরফ থেকে কথাবার্তা হচ্ছে, সেই কথাগুল সীমাবদ্ধ আছে। দর্শকের ভূমিকা হিসাবে তার কার্যকরী পন্থা এবং মার্কিন সাম্রাজ্যবাদকে, তার সমস্ত সৈন্য সম্ভার এবং দুইলক্ষ soldier নিয়ে সেখানে ধর্ষণ চালিয়েছে দিনের পর দিন, সেখান থেকে সরিয়ে নেবার কোন ব্যবস্থা হয়নি। আজকে দক্ষিণ ভিয়াৎনাম, তার তরফ থেকে পরিষ্কার বক্তব্য রেখেছে যে আমাদের নিজেদের দেশের মধ্যে পরস্পরের যে ভুল বোঝাবুঝি, আমাদের নিজেদের political constitution, তা আমরা নিজেরাই ঠিক করে নেবো, আজ মার্কিন সাম্রাজবাদ আমাদের মাটি থেকে সরে দাঁড়ান। অ্যামেরিকান সাম্রাজ্যবাদ জোর করে আমাদের উপর যে ধর্ষণ চালাচ্ছে, সেই ধর্ষণ বন্ধ করুক। তারা তাদের সমরসম্ভার, দুইলক্ষ সৈন্য নিয়ে আমাদের মাটি থেকে সরে যাক, আমাদের এখানে unification হবে। আজকে দক্ষিণ পূর্ব এশিয়ার Seato, শুধু উত্তর দক্ষিণ ভিয়াৎনামে নয়, Laos Cambodia থেকে আরম্ভ করে, সমস্ত দক্ষিণ, পূর্ব এশিয়ায়, নগ্ন মার্কিন সাম্রাজ্যবাদ যে ভাবে শোষণ ও ধর্ষণ চালিয়েছে, তার বিরুদ্ধে আমাদের কণ্ঠ মুখর হয়ে উঠেছে। কিন্তু আমি দেখলাম আজকে যে সংশোধনী প্রস্তাব আমাদের এখানে উত্থাপিত করা হয়েছে, সেখানে ঐ মার্কিন সাম্রাজ্যবাদের যে নগ্ন বর্বর চেহারা, সেই চেহারাকে ঢেকে দেবার জন্য এই প্রচেষ্টা করা হয়েছে। আমরা জানি শান্তির পথ, এবং আমরা শান্তির পথ অনুসরণ করবো। কিন্তু যেখানে সাম্রাজ্যবাদ বর্বর আক্রমণ চালায়, তার বিরুদ্ধে যদি আমরা সবল

কণ্ঠের প্রতিবাদ না জানাতে পারি, তাহলে সত্যিকার শান্তি আসতে পারে না। তাই আমাদের তরফের এই প্রস্তাবকে সমর্থন করে, মার্কিন সাম্রাজ্যবাদের ঐ ধর্ষণ ও বর্বর আক্রমণের বিরুদ্ধে আমাদের প্রতিবাদ জ্ঞাপন করছি।

Shri Shamsuddin Ahammad : মাননীয় সভাপতি মহাশয়, আজকে সভার সামনে মাননীয় সদস্য ডাঃ নারায়ণ রায় যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের আমি বিরোধীতা করছি এবং মাননীয় সদস্য আনন্দ গোপাল মুখোপাধ্যায় যে সংশোধনী প্রস্তাব আমি তাকে সমর্থন করছি। মাননীয় সদস্য ডাঃ নারায়ণ রায় প্রস্তাবটা আনতে গিয়ে প্রস্তাবের মধ্যে জোট নিরপেক্ষতার কথা বলেছেন, কিন্তু প্রস্তাবটা যদি নিজেরা একটু অনুধাবন করবার চেষ্টা করেন, তাহলে স্পষ্ট দেখতে পাওয়া যাবে প্রস্তাবের উত্থাপক এবং সমর্থক তাঁরা কেউই জোট নিরপেক্ষ নন্। তাঁদের মূলবক্তব্য হচ্ছে এই যে ভিয়েৎনাম থেকে মার্কিন সৈন্যবহর এবং সমরসম্ভার প্রত্যাহার করে নিতে হবে। কিন্তু তাঁদের মূলবক্তব্য এই নয় যে ভিয়েৎনামে যে দুর্ঘটনা ঘটছে বা যে বৃহত্তর অশুভ কাজের সূচনা হতে যাচ্ছে—তা রোধ করা; তাঁদের মূলবক্তব্য এই যে ভিয়েৎনামে যে যুদ্ধ চলছে, সেই যুদ্ধে কে দায়ী কে দায়ী নয়—আজকের আন্তর্জাতিক পরিস্থিতিতে তা বিচার করবার প্রশ্ন অবান্তর নয়। অবান্তর এই জন্য যে আমরা ভিয়েৎনামে কোন্ পক্ষ দোষী, কোন্ পক্ষ দোষী নয়—এ বিচার করে ভিয়েৎনামে নিশ্চয়ই শান্তি আনতে পারবো না। আমরা জানি ভিয়েৎনামের যুদ্ধ যে পর্যায়ে আজকে এসে পৌঁছেচে—যার ফলে সেখানে আজকে তৃতীয় বিশ্বযুদ্ধের আশংকা দেখা দিয়েছে। ভিয়েৎনামের যুদ্ধে শুধু ভিয়েৎনামবাসী জড়িত আছেন তা নয়,—একদিকে যেমন অন্য বন্ধুরা বলছেন মার্কিন সাম্রাজ্যবাদ জড়িত আছেন, তেমনি উল্টো দিকে তাঁরা ভুলে গেছেন উল্টো দিক থেকে যে রণসম্ভার টেকনিসিয়ান ও অন্যান্য লোকজন আসছে, তারাও কেউ ভিয়েৎনামের নয়, তারাও বাইরের একথা ভুলে গেলে চলবে না। ভিয়েৎনাম রণাঙ্গণে আজকে যেমন সোভিয়েতের রণসম্ভার রয়েছে, তেমনি অন্য দিকে মার্কিন রণসম্ভারও রয়েছে, কার র জনৈতিক অধিকার থাকবার, কার নৈতিক অধিকার না থাকবার—সে প্রশ্নের বিচার আজ অবাস্তব। অবাস্তব এই জন্য যে, ভিয়েৎনামকে কেন্দ্র করে আজকে পৃথিবীব্যাপী মহাযুদ্ধ ঘটাবার একটা সমূহ সম্ভাবনা আমাদের সামনে এসে দাঁড়াচ্ছে। অবশ্য এই ব্যাপারে কে দোষী বা কে দোষী নয়—তা বিচার করবার আগে এই যুদ্ধ রোধ করবার প্রয়োজনীয়তা আজকে সর্বপ্রথম এবং সর্বপ্রধান। যেটা আজকে পৃথিবীর শান্তিকামী সমস্ত অংশের মানুষের দায়িত্ব এবং কর্তব্য হয়ে দাঁড়িয়েছে আমরা যেন ভুলে না যাই—আমাদের যেটা প্রথম কর্তব্য তা আগে করবো এবং তা করার পরে তাকে যেতে হবে কে থাকবে, কে থাকবে না—সেই বিচার নিশ্চয়ই আমরা করবো। ভিয়েৎনামে পৃথিবীর কোন বহিশক্তি থাকবার কথা নয়। ভিয়েৎনাম স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হোক, ভিয়েৎনামবাসীদের যে গণতান্ত্রিক অধিকার, সেই অধিকার প্রতিষ্ঠিত হোক—তা আমরা প্রতিটি ভারতবাসীমাত্রেই চাই। কিন্তু সেটা চাইবার আগে ভিয়েৎনামের মাটিকে রক্ষা করবার দায়িত্ব সেই দায়িত্ব আমাদের পালন করতে হবে। আমাকে দেখতে হবে সবদেশের আনবিক যুদ্ধ যেন ভিয়েৎনামের মাটিতে না ঘটতে পারে। কিন্তু তার সমূহ সম্ভাবনা আমরা দেখতে পাচ্ছি। খালি ভিয়েৎনামের যুদ্ধে কে দোষী, কে দোষী না এই মুহূর্তে দাঁড়িয়ে প্রাসঙ্গিক না। ভিয়েৎনামের যুদ্ধে আমরা মূলতঃ দেখছি পৃথিবীর যে দুটো জোট আজ পর্যন্ত যেখানে দাঁড়িয়ে আছে সেই দুটো জোট আধুনিক রণসম্ভার নিয়ে পরস্পর সম্মুখীন। এখানে অধিকারের প্রশ্ন অবান্তর—কে অত্যাচার করেছে, কে কোন্ শর্ত মানেন নাই—এ বিচার করবার আগে বিবাদমান দু-পক্ষকে নিরস্ত্র করতে হবে এবং নিরস্ত্র করবার কাজে যাঁরা অগ্রণী ভূমিকা নেবেন, তাঁরা কে দোষী, কে দোষী নয়, তার বিচার করা কোন পক্ষ অবলম্বন করা তাঁদের সমীচীন কাজ হবে না। উভয় পক্ষকে নিরস্ত্র করবার জন্য পরিষ্কার দেখতে পাচ্ছি—আমেরিকা চাচ্ছে যে তারা যে যুদ্ধ-কৌশল অবলম্বন করেছিল, সেই যুদ্ধ-কৌশল তাদের আশানুরূপ ফলপ্রসূ না হবার

অন্য কয়েত তারা এই বিরোধ আরো বড় করে রাখতে চায়, তারা তাদের যুদ্ধ পরিচালনার কৌশলকে পরিবর্তন করতে চায়—যাতে বৃহত্তর যুদ্ধের আসংকা রয়েছে, তারজন্য পৃথিবীর জনমতকে সংগঠন করবার জন্য উত্তর ভিয়েৎনামে শান্তি চায় না—আমরা শান্তি চাই—তার জন্য তারা পৃথিবীময় তোলপাড় করে বেড়াচ্ছে। তাদের সমস্ত রাস্ট্রদূত বিশ্বে সেই চেষ্টা করে বেড়াচ্ছে। তারমধ্যে দেখতে পাচ্ছি—পৃথিবীতে যে সমাজতান্ত্রিক শক্তি আজকে সহঅবস্থানে বিশ্বাসী, সেই সোভিয়েৎ রাশিয়া ভিয়েৎনামে কে অপরাধী তা বিচার করবার আগে ভিয়েৎনামে যাতে তৃতীয় বিশ্বযুদ্ধ না হতে পারে, তারজন্য তার শক্তিশালী দূত সেখানে প্রেরণ করেছে। ভিয়েৎনামের যুদ্ধে—উত্তর ও দক্ষিণ ভিয়েৎনাম জড়িত আছে—একথা মনে করা ভুল, ভিয়েৎনামের যুদ্ধের সঙ্গে জড়িত আছে চীন, ভিয়েৎনাম যুদ্ধে অত্যন্ত পরোক্ষভাবে সোভিয়েত রাশিয়াও জড়িত আছেন। কাজেই আজকে শুধু একজনকে দোষারোপ করে তুমি, অস্ত্র তুলে নিয়ে যাও—একথা বলে অন্যকে নৈতিক সমর্থন দিলে এই সমস্যার সমাধান হবে না। এই দৃষ্টিভঙ্গী থেকে আমার বন্ধু শ্রীআনন্দ গোপালবাবু

[3-40—3-50 p. m.]

প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে অত্যন্ত সমোয়চিত বলে বিবেচনা করি। বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতিতে আমরা কোন পক্ষের দোষগুণ নির্ণয় না করে অবিলম্বে যাতে এই যুদ্ধ বড়তে না পারে সেইদিকে দৃষ্টি রেখে একে বন্ধ করবার কাজে পৃথিবীতে যে যে শক্তি যেকোন দেশ যুদ্ধের বিরুদ্ধে অন্ততপক্ষে ভিয়েৎনামের যুদ্ধকে রোধ করতে চান তাদের সঙ্গে সহযোগীতা করে ভারত সরকারকে অগ্রনী হবার জন্য আমার বন্ধু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি এবং ডাঃ নারায়ণ রায় প্রচ্ছন্নভাবে চীনকে সমর্থন করে যে প্রস্তাব এনেছেন তার পুরাপুরি বিরোধীতা করছি।

Shri Haridas Chakravarty: মাননীয় সভাপাল মহাশয়, শ্রদ্ধেয় ডাঃ নারায়ণ রায় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার সমর্থনে আমি বলছি এবং একটা সংশোধনী মাননীয় সদস্য আনন্দগোপাল মুখার্জি উত্থাপন করেছেন এবং অত্যন্ত স্বাভাবিক কারণেই আমার বন্ধুবর শ্রীসামসুদ্দীন আহমেদ সাহেব সেই সংশোধনী সমর্থন করেছেন। এখন আমার যে বক্তব্য সেই বক্তব্যের উপরেই আমি প্রথমে আলোচনা করছি না তার কারণ এই সংশোধনী এবং তার সমর্থনে যে বক্তৃতা এখানে দেওয়া হল, যেই যেই কারণ এখানে বলা হল সেই সমস্ত কারণগুলি ভিয়েৎনামে মার্কিন সাম্রাজ্যবাদ তাদের যুদ্ধ চালিয়ে যাবার সাফাই গাইতে গিয়ে এই যুক্তিগুলিই তারা পর পর দিয়ে যাচ্ছে। সুতরাং আমি সেই ঘটনা যখন আলোচনা করব স্বভাবতঃই তাদের উত্থাপিত প্রশ্নের যে জবাব তাতে দেওয়া হয়ে যাবে। মাননীয় সভাপাল মহাশয়, ভিয়েৎনামের উপরে এই প্রস্তাব আলোচনা হবার আগে আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন আজকে আমাদের সরকারপক্ষের তরফ থেকে এ প্রস্তাব আলোচিত না হউক এই রকম একটা ইচ্ছা ছিল। এবং তারপরেই আমরা দেখলাম যে তাড়াহুড়ো করে একটা সংশোধনী এল যে সংশোধনীর প্রথম এবং মোদ্দাকথা হল যে ভিয়েতনামে একটা গৃহযুদ্ধ চলছে, তারপর হচ্ছে যে তাসখন্দে যে নতুন সম্ভবনা সৃষ্টি হয়েছে সেই নতুন সম্ভবনাপূর্ণ যে অবস্থা তার সুযোগ নেওয়ার জন্য আমাদের বর্তমানে এ ব্যাপার নিয়ে আলোচনা করা উচিত নয়—এই হচ্ছে তাদের মূল বক্তব্য। স্যার, আমার মনে হয় এই ভিয়েৎনামের উপরে কোন আলোচনা করার আগে ঠিক এই ধরণের ভিয়েৎনামে শান্তি স্থাপিত হউক এবং সেই শান্তি স্থাপনের Guarntee হিসাবে একথা সেখানে স্বীকৃত হউক যে ভিয়েৎনামী জনগণের স্বাধীনতা তাদের মুক্তি তাদের সার্বভৌমত্ব তারা তাদের দেশ পরিচালনার ক্ষেত্রে কি মনোভাব গ্রহণ করবেন সে ব্যাপারে ভিয়েৎনামবাসীর মনোভাবকেই প্রাধান্য দেওয়া হবে—এরই ভিত্তিতে শান্তি স্থাপনা হউক, ভিয়েতনামের এই যে অস্বস্তিকর পরিবেশ তার অবসান ঘটুক। আজকে নয় ১৯৫৪ সালে পৃথিবীর বিভিন্ন রাষ্ট্র এই মনোভাবই গ্রহণ করেছিলেন। তারই ফলশ্রুতি হিসাবে General Conference হয়েছিল। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে সেই জেনেভা সম্মেলনে তার

৪।৫।৬।৭ নম্বর ধারায় পরিষ্কারভাবে কতকগুলি সেখানে দিয়ে দেওয়া হয়েছিল এবং ৭ নম্বর ধারায় পরিষ্কারভাবে এইকথা বলা হয়েছিল। General elections shall be held in July, 1956 under the supervision of an International Committee composed of the representatives of member States of International Supervisoy Commssion. Consultations will be held on this subject between the competent representative authorities of the two zones from July 20, 1955 onwards. এই ছিল ভিত্তি। এবং আমরা এটাও দেখেছিলাম সেদিন পরিষ্কারভাবে সেখানে এইকথা বলা হয়েছিল যে 17th parallel dividing line করা হল। তার অর্থ এই নয় যে তার একটা political বা Geographical division হয়ে গেল। এটা hostilities cessation করার জন্য অর্থাৎ যুদ্ধবিরতির জন্য একটা অস্থায়ী বন্দোবস্ত করা হল। কিন্তু আমরা দেখলাম যে এই সমস্ত ধারাকে ভঙ্গ করে এবং পরিষ্কার কথা যখন এই Geneva agreement হয় তখন John Foster Dulles যখন তিনি the Secretary of the State of U. S. A. তিনি সই করতে অস্বীকার করলেন। তবে তিনি বললেন যে আমরা ভদ্রলোকের কথা দিচ্ছি যে আমরা এটা মেনে চলব। কিন্তু দেখা গেল এই দুই মাসের মধ্যে আমেরিকান সাম্রাজ্যবাদ South East Asia Treaty Organization তারা নতুন করে আক্রমণাত্মক সামরিক চুক্তি করলেন এবং তাতে তারা আবদ্ধ হলেন। এবং স্যার, এই S. E. A. T. O. চুক্তি সম্পাদনের পরে আমাদের তদানীন্তন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু লোকসভায় বলেছিলেন এই যে এই সম্পাদন চুক্তির ফলে জেনেভা সম্মেলনের ফলশ্রুতি হিসাবে ভিয়েতনামের ব্যাপারে যে সম্ভাবনার সৃষ্টি হয়েছিল তা প্রচুর পরিমাণে বিপর্যস্ত হল বলে তিনি আক্ষেপ করেছিলেন। ঐ জেনেভা সম্মেলনের শর্ত হিসাবে এই কথা সেদিন পরিষ্কার করে বলা ছিল যে সেখানে কোন বিদেশী ফৌজ, বিদেশী সৈন্য মোতায়েন রাখা চলবে না। কিন্তু আমরা দেখলাম যে Mutual Assistance Aid Group নামে যে আমেরিকান সৈন্য বাহিনী ছিল যার পরিণতি হিসাবে জেনেভা সম্মেলনের পরে উচিত ছিল তাদেরকে অপসারণ করা—আমরা দেখলাম তা তো তারা করলেন না বরং সেই সৈন্যসংখ্যা দিনের পর দিন বাড়িয়ে দেওয়া হল।

এবং মাননীয় চেয়ারম্যান, স্যার, এই যে নির্বাচন সেখানে করা হল না তার কারণ কি আমি পরিষ্কারভাবে আমেরিকান কর্মকর্তাদের কথা দিয়ে আপনাদের সামনে উপস্থিত করছি। General Eisenhower তিনি বললেন I have never talked with a correspondent, with a person knowledgeable in Indo Chaina affairs, who did not agree that had elections been held at the time of fighting, possibly 80 per cent of the population would have voted for Ho Chi-Minh. সুতরাং নির্বাচন হল না।

তারপর মার্কিন সাহায্যের পরিমাণ তার পরে বেড়ে গেছে ৬ হাজার millon Dollar সেখানে অতিক্রম করে গেছে সেইখানের ব্যয়ভার। আপনি নিশ্চয়ই জানেন স্যার, যে এই যে পৈশাচিক বর্বরতা ভিয়েতনামবাসীর উপরে চলছে তার জন্য প্রতি ২ লক্ষ ডলার টাকা আমেরিকান exchequer থেকে খরচ করা হচ্ছে। এবং দক্ষিণ ভিয়েতনামে এ পর্যন্ত তারা ১০০টার উপর নতুন বিমানঘাটি তৈরী করেছে, ৯টির উপরে তারা নৌ ঘাটি তৈরী করেছে। একটা হিসাব আমি বলছি President Johnson তিনি বললেন ২৮শে জুলাই যে আমি ৫০ হাজার United Statas Troops-কে ভিয়েতনামে পাঠাব। এবং তারপরে সেই ফিগারটা double-এর উপরে চলে গেছে। এবং বলছেন কিছুদিনের মধ্যে ২ লক্ষ ২৫ হাজার মার্কিন সৈন্য ভিয়েতনামে মোতায়েন করার তাদের পরিকল্পনা রয়েছে। এই যে যুদ্ধ চলছে ভিয়েতনামে যাকে এরা বলছেন গৃহযুদ্ধ আর আমেরিকান সাম্রাজ্যবাদ বলছে এই যুদ্ধ হচ্ছে to make the world safe for democracy. গণতন্ত্রকে রক্ষা করবার জন্য। কিন্তু তাদের মূল উদ্দেশ্য কি তা আমি এই সভায় উপস্থিত করছি। এই যুদ্ধের কারণ হিসাবে ৪ঠা আগস্ট তারিখে General Eisenhower বলছেন—Now, let

us assume we lost Indo China. If Indo China goes several things happen straightaway. The peninsula, the last bit of land hanging on down here would be scarcely defensible. The tin and tungsten that we so greatly value from that area would cease coming. So, when United States votes 400 million dollars to help that war we are not voting a give away programme. We are voting for the cheapest way that we can to prevent the occurrence of something that would be of a most terrible significance to the United States of America, our security, our power and ability to get certain things we need from the rulers of the Indo Chinese territory and from South East Asia.

[3-50—4 p. m.]

খুব পরিষ্কার, তার চেয়েও অত্যন্ত উলংগ ভাষায় নিউ ইয়ার্ক টাইমস ১৯৫০ সালের ১২ই ফেব্রুয়ারী তারিখে বললো "Indo-China is prize worth a large gamble. In the North are exportable tune, tungsten, Zinc, Manganese, Coal, Lumber and rice; and in the south are rice, rubber, tea, pepper, cattle and and hides. Before the war Indo-China yielded dividends estimated from 250 million dollars to 399 million dollars to French interested". সুতরাং ভিয়েৎনামে যুদ্ধ চালিয়ে যেতে হবে। এর কারণ কি সেটা পরিষ্কারভাবে ঐ ইয়র্ক টাইমস এ আইসেনহাওয়ারের বক্তব্য থেকে বেরিয়ে আসছে। সুতরং ভিয়েৎনামে গৃহযুদ্ধ এ কথা যে বলছেন আনন্দ গোপাল মুখোপাধ্যায় কিম্বা সামসুদ্দিন আমেদ সাহেব আমি তাঁদের পুনরায় এ সম্বন্ধে চিন্তা করতে বলছি। তাঁদের এই স্বার্থকে বজায় রাখবার জন্য ভিয়েৎনামবাসীদের স্বাধীনতা, তাদের শান্তি তাদের আকাংখাকে দমিয়ে দেবার জন্য যে পৈশাচিক বর্বরতা সেখানে চলছে তার একটা উদাহরণ দেওয়া যাক্, already 8 000,000 villagers—59 per cent of the South Vietnam's population are living in the 6,000 hamlets so far completed. The basic element of the Govt. battle plan is to resettle almost the entire rural population in 12,000 stategic hamlets with bamboo fence, barbed wire and armed miliatiamen. এই হচ্ছে সেখানকার বর্বরতার কতকগুলি নিদর্শন। শুধু তাই নয়—Decapitation, evisceration and public display of murdered women and children are common. 685,000 have been maimed by firearms or torture. In the cells more than one thousand prisoners in South Vietnam, some one lakh women and 6,000 children are at present condemned to a slow death. Many children have been there six years now. Others were born in prison and died there এই হচ্ছে সেখানকার বর্বরতার নিদর্শন। আর আমার বন্ধু সামসুদ্দিন আমেদ মার্কিন সাম্রাজ্যবাদের এই সমস্ত পাপ কর্মের সাফাই গেয়ে যে যুক্তি দিয়েছেন তার জবাবে আমি আর কিছু বলবো না, আমি শুধু মার্কিন সিনেটার, ওয়েন মুরের কয়েকটি কথা বলে সামসুদ্দিন আমেদ সাহেবের উত্তর দিতে চাই। মি: মুর বলেছিলেন "There are no Chinese forces in South Vietnam, nor Chinese equipment in appreciable amount. Americans are still the only foreign troops in South Vietnam." খুব পরিষ্কারভাবে মুর একথা বলেছেন এবং ফেড্রিক এল. স্থমেন তার বই "Cold War of Retrospective and Prospective" published in 1962. তাতে লেখা আছে "I fear that records will show that the promise

of 1954 (respecting the Geneva agreement) was not kept and the United States has violated every provision of the agreement.'' Walter Lippman একজন famous journalist তিনি বললেন Walter Lippman the famous journalist has gone to the extent of saying that the United States should make complete withdrawal from South-Eastern Asia". আর আজকের দিনে সেখানকার সেই সংগ্রামী ভিয়েৎনামবাসী তারাওত এই দাবী করছে complete withdrawl of United States Army তাদের সেখান থেকে সমরসম্ভার সৈন্যবাহিনী অপসারিত হোক, নিশ্চয়ই সেখানে শান্তি হতে পারে। একটা কথা ভুলে গেলে চলবে না। যে সোভিয়েট নেতৃত্বে এই তাসখন্দ বৈঠকে যেমন শান্তি চুক্তি এগিয়ে চলেছে তেমনি এই সোভিয়েট নেতৃত্বে ঐ হ্যানয় কনফারেন্সে সেখানকার ভিয়েৎনাম সংগ্রামীদের, তাদের যে মূল দাবী, তাদের স্বাধীনতা এবং সার্বভৌমত্বের যে দাবী সেটা যাতে বজায় থাকে, যাতে শান্তি অ না যেতে পারে তারজন্য আমরা মনে করি এই প্রস্তাবকে গ্রহণ করে ভারত সরকারের উপর নিশ্চয়ই এই চাপ সৃষ্টি করা উচিত যে যে মনোভাব তাসখন্দের বৈঠকে উপস্থিত থেকে সেখানকার সেই চুক্তিকে আমরা সাদরে গ্রহণ করেছি ঠিক তেমনি মনোভাব নিয়ে ভিয়েৎনামে মার্কিন বর্বরতার বিরুদ্ধে আমাদের স্পষ্ট মতবাদ ব্যক্ত করা দরকার। ভিয়েৎনামবাসীদের স্বার্থ, স্বাধীনতা, শান্তিকে সামনে রেখে সেখান থেকে মার্কিন সাম্রাজ্যবাদীদের অপসারণ করার প্রস্তাব নিয়ে নিশ্চয়ই ভিয়েৎনামবাসীদের দাবীকে বাস্তবে রূপায়িত করে তুলতে পারি। এই কথা বলে আমি এই প্রস্তবকে সমর্থন করছি এবং যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার বিরোধীতা করছি।

Shri Nikhil Das : মাননীয় সভাপাল মহাশয়, ডাঃ নারায়ণ রায় যে প্রস্তাব রেখেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং আনন্দবাবু যে সংশোধনী প্রস্তাব রেখেছেন তার বিরোধীতা করছি। আমাদের প্রথমেই বোঝা দরকার এই যে ভিয়েৎনামের ঘটনাগুলি ঘটেছে তাতে দক্ষিণ ভিয়েৎনামের যে সাধারণ মানুষ, উত্তর ভিয়েৎনামের যে সাধারণ মানুষ তারা কি চায়। তারা মাত্র চারিটি জিনিস চায়, একটা হচ্ছে পুরাণো স্বাধীনতা তাদের যে দু' ভাগে ভাগ করা হয়েছিল তার মধ্যে ঐক্য বিধান, তাদের নৈতিক অখণ্ডতা এবং বাইরের রাষ্ট্রের কোন হস্তক্ষেপ তাদের অভ্যন্তরীণ ব্যাপারে হবে না তার থেকে মুক্তি এই চারটি দাবী হচ্ছে তাদের দাবী। এই চারটি দাবীর পিছনে নিশ্চিতভাবে সারা বিশ্বের প্রগতিশীল মানুষ যারা, সারা বিশ্বের স্বাধীনতাকামী মানুষ যারা তাদের সমর্থন নিশ্চয়ই থাকবে। স্যার আপনি জানেন যে এই ইন্দোচীনে যে বিরাট অঞ্চল যখন এই অঞ্চল জুড়ে যখন ফরাসী সাম্রাজ্যবাদের অধিকার ছিল তখন থেকে দীর্ঘ দিন এই অঞ্চলের মানুষ লড়াই করেছেন স্বাধীনতার জন্য, রক্ত দিয়েছে, প্রাণ দিয়েছে, যেমন করে আমাদের দিতে হয়েছে ব্রিটিশ সাম্রাজ্যবাদের হাত থেকে মুক্তি পাবার জন্য। পরাধীনতার জ্বালা সেটা আমরা জানি, পরাধীন দেশে তারা কি ধরণের অত্যাচার করে আমরা সেটা জানি এবং ইন্দোচীন ফরাসীর হাত থেকে মুক্তি পেলো জেনেভা চুক্তির মাধ্যমে। ১৯৫৪ সালে জেনেভা চুক্তি সাক্ষরিত হয় এবং সেই জেনেভা চুক্তিতে চারিটি শর্ত ছিল অত্যন্ত পরিষ্কার ভাবে একটি শর্তছিল এই যে জেনেভা চুক্তির দু' বছর পরেই ১৯৫৬ সালের ২০শে জুলাই তারিখে সাধারণ নির্বাচন হবে সেই নির্বাচনের পরে যেটা সপ্তদশ অক্ষরেখা সামরিক সীমানা হল সেই সীমা অপসারিত হবে। দ্বিতীয় নম্বর হচ্ছে উত্তর এবং দক্ষিণ ভিয়েৎনামের মধ্যে যে সামরিক কারণগুলি ছিল তাতে তাদের কোন সামরিক জোটে যোগ দেওয়া চলবে না, সামরিক জোটের বাইরে তারা থাকবে। তিন নম্বর হচ্ছে তাদের আভ্যন্তরীণ বাপারে কোন বিদেশী রাষ্ট্র হস্তক্ষেপ করতে পারবে না। এই শর্তগুলি জেনেভা চুক্তিতে ছিল। আমরা জানি অ্যামেরিকা সেই চুক্তিতে স্বাক্ষর করেনি। কিন্তু সেই সম্মেলনে দাঁড়িয়ে অ্যামেরিকা ঘোষণা করেছিল যে এই জেনেভা চুক্তি যাতে কার্যকরী হয় তার চেষ্টা আমরা করবো এবং জেনেভা চুক্তি যাতে বানচাল হয় সে চেষ্টা আমরা করবো না। দ্বিতীয় নম্বর হচ্ছে আমরা আভ্যন্তরীণ ব্যাপারে হাত দেবো না। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি

সিয়াটোর ইতিহাস জানেন, দক্ষিণ ভিয়েৎনাম নিয়ে সিয়াটো গড়ে উঠলো, ভিয়েৎনামকে সিয়াটো চুক্তির অংশীদার করে দেওয়া হল এবং অংশীদার করে এই লাওস, কাম্বোডিয়ার মারফত সিয়াটোর উপর সাম্রাজ্যবাদের যে প্রভাব সেই প্রভাব সৃষ্টি করা হল। মিঃ চেয়ারম্যান, স্যার, যে কন্ট্রোল কমিশন তৈরী হয়েছিল জেনভা চুক্তির দ্বারা সেই কন্ট্রোল কমিশনের সভাপতি হচ্ছে ভারতবর্ষ, তাই ভারতবর্ষের দায়িত্ব অত্যন্ত গুরুতর, ভারতবর্ষ সেই দায়িত্ব থেকে একেবারে এড়িয়ে যেতে পারে না। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার কাছে কয়েকটি উদাহরণ দিয়ে যাচ্ছি সেই উদাহরণগুলি যদি আপনি দেখেন তাহলে দেখতে পাবেন সামসুদ্দিন সাহেব যে কথা বলেছিলেন সেই কথা কত অসার। ১৯৬৪ সালে দক্ষিণ ভিয়েৎনামে ২২ হাজার মার্কিন সৈন্য ছিল, আজকে সেখানে ২ লক্ষ ২০ হাজার মার্কিন সৈন্য আছে। একটা সোভিয়েট সৈন্যও সেখানে নেই বা একটা চৈনিক সৈন্যও সেখানে নেই। আমেরিকা সেখানে কি পরিমাণ টাকা খরচ করছে, সামরিক সম্ভারের হিসাব আমি দিয়ে দিতে পারি, ১৯৬৩ সালে দিয়েছে ৫৫ কোটি ডলার, ১৯৬৪ সালে দিয়েছে ৬৫ কোটি ডলার, ১৯৬৫ সালে দিয়েছে ২৪০ কোটি ডলার এবং ১৯৬৬ সালে যে পা দিয়েছে সেখানে ১৪শত কোটি ডলার মার্কিন সামরিক সাহায্য দক্ষিণ ভিয়েৎনাম সরকারকে করবে। সেই সরকারের চেহারা কি? ১৯৬৩ সাল পর্যন্ত আমেরিকা সেই সরকারে অধিষ্ঠিত রেখেছিল নো দিয়েনকে।

[4-00—4-10 p. m.]

কিন্তু ১৯৬৩ সালে তাকে যখন অপসারণ করা হোল তার পর এর মধ্যে কিন্তু ১১ বার দক্ষিণ ভিয়েতনাম সরকারের পরিবর্তন হয়েছে। অর্থাৎ যারা আমেরিকার মন যোগাতে পারেনি তাদের সরকার থেকে চলে যেতে হয়েছে। আমি আপনার মাধ্যমে বলছি যে সেখানে ১৭ হাজার বন্দী-শিবির এবং সেই বন্দী শিবিরে ১৭ কোটি ভিয়েতনামীকে বন্দী করে রাখা হয়েছে। এগুলি আমার কথা নয়, এগুলি আমেরিকার খবরের কাগজের কথা। ১৭ হাজার বন্দীশিবির দেড় কোটি দক্ষিণ ভিয়েতনামীজ সেখানে বন্দী এবং ১৯৬৫ সাল পর্যন্ত গেছে ২৪০ কোটি ডলার সাহায্য এবং এ বছর যাবে ১,৪০০ কোটি ডলার। ১৯৬৪ সাল পর্যন্ত সেখানে ২২ হাজার মার্কিন সৈন্য ছিল—আজকে সেখানে ২ লক্ষ ২০ হাজার মার্কিন সৈন্য এই হচ্ছে অবস্থা। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার কাছে যে প্রস্তাবটা এখানে উঠানো প্রয়োজন মনে করি তা হচ্ছে এই যে ভারত সরকার কনট্রোল কমিশনের সভাপতি—ভারত সরকারের দায়িত্ব রয়েছে দক্ষিণ ভিয়েতনামের ব্যাপারে যাতে জেনেভা চুক্তিগুলির শর্ত কার্যকরী হয়। সেই শর্তগুলি কার্যকরী করার দিকে তাঁদের চেষ্টা ছিল। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আর একটা কথা আপনার মাধ্যমে আমি শামসুদ্দিন সাহেবকে বলতে চাই যে আজকে দক্ষিণ ভিয়েতনামে যে মুক্তিফ্রন্ট আছে যা ১৯৬০ সালে গঠিত হয়েছে এবং ৫ বছর ধরে আমেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে মুক্তিফ্রন্ট স্বাধীনতা সংগ্রাম চালিয়ে যাচ্ছে তাদের নেতৃত্বে হাজার হাজার লোক প্রাণ দিয়েছে স্বাধীনতা রক্ষা করার জন্য। আজকে এখানে দাঁড়িয়ে সেই সুযোগে আমি তাঁদের অভিনন্দন জানাবো, সেই দক্ষিণ ভিয়েতনামের মুক্তিফ্রন্টকে এবং তাঁদের অধীনে যে সমস্ত শহীদরা প্রাণ দিয়েছে তাঁদের শ্রদ্ধার সংগে আজকে আমি স্মরণ করবো। তাঁদের শর্ত কি—জেনেভা চুক্তির যে শর্ত ছিল তার চেয়ে কম শর্ত তাঁদের। তারা চারটি শর্ত দিয়েছে যা উত্তর ভিয়েতনামের সরকারও সমর্থন জানিয়েছেন। একটা হচ্ছে এখানে সাধারণ নির্বাচন করতে হবে—এটা কি অন্যায্য দাবী তাদের। তিন নং তারা বলছে যে নিরপেক্ষ রাষ্ট্র হিসাবে থাকবে কোন সামরিক জোটে তাদের রাখা চলবে না। তারা একত্রীকরণের শর্ত রাখেন নি। কিন্তু আমেরিকান সাম্রাজ্যবাদ তাঁদের সেই শর্ত মেনে নিতে রাজী নয়—কারণ তারা তাদের সৈন্যসম্ভার সেখানে রাখতে চান, অস্ত্রসম্ভার রাখতে চান। তাই ভিয়েতনামের যে শান্তি সেই শান্তি ফিরে আসছে না। আজ মার্কিন সাম্রাজ্যবাদ শুধু যে দক্ষিণ ভিয়েতনামের মানুষের উপর অত্যাচার চালাচ্ছে তা নয়, তারা উত্তর ভিয়েতনামের মানুষের উপরও বোমা বর্ষণ করছে। উত্তর ভিয়েতনামের

মানুষের উপর অত্যাচার সমানভাবে চালাচ্ছে। এবং সমগ্র ভিয়েতনামের ভিতর মার্কিন সাম্রাজ্যবাদ সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছেন। শুধু ভিয়েতনাম কেন লাওস, কম্বোডিয়া, দক্ষিণ কোরিয়া থেকে শুরু করে সমস্ত দক্ষিণ পূর্ব এশিয়ার দিকে যদি দেখেন—নৌবহর থেকে সুরু করে সমস্ত প্রস্তুতি দেখেন তাহলে দেখবেন সারা দক্ষিণ পূর্ব এশিয়ার এ মথা থেকে ও মাথা পর্যন্ত মার্কিন সাম্রাজ্যবাদের সামরিক ঘাঁটি এবং সৈন্য অপসারণ করছেন। এবং তার ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যান্য দেশগুলি যারা নিজেদের প্রচেষ্টায় স্বাধীনতা লাভ করেছে সেই সমস্ত দেশগুলির প্রত্যেকটি দেশের স্বাধীনতার পক্ষে বিপদজনক হয়ে দাঁড়িয়েছে। এই যে মনোভাব এর বিরুদ্ধে সারা বিশ্বে প্রতিবাদ উঠেছে। আপনাকে আমি একটা লাইন পড়ে শুনাবো—আমেরিকা থেকে যে সৈন্য পাঠানো হয়েছে তার একটা সৈন্য কি ধরণের সেখানে অত্যাচার করা হয়েছে সে সম্পর্কে তার মাকে একটা চিঠি দিয়েছিল—তার নাম হচ্ছে রুনী ডবলী উইলসন। তিনি লিখেছেন মাগো, আমাকে কেন শিশুহত্যা, নারীহত্যা করতে হবে? চোখের জলে ভিজিয়ে সে চিঠি লিখেছে। আপনি জানেন যে আমেরিকার যুব সমাজ এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে, আমেরিকার বিবেকসম্পন্ন মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে এবং আমেরিকার সৈন্য বাহিনীর মধ্যে একটা আলোড়ন উঠেছে তাই তাদের গ্রেপ্তার করা হয়েছে। সুতরাং জনসন সরকারের যে নীতি দক্ষিণ ভিয়েতনামের ব্যাপারে তা নিয়ে আমেরিকার ভিতর আজ প্রতিবাদ উঠেছে। আর আজকে আমাদের আনন্দবাবু যে প্রস্তাব এনেছেন—সেই প্রস্তাবটা হচ্ছে যেন দক্ষিণ ভিয়েতনামের গৃহযুদ্ধ হচ্ছে। কিন্তু এটা দক্ষিণ ভিয়েতনামের গৃহযুদ্ধ নয়। দক্ষিণ ভিয়েতনামের মানুষের সাথে আমেরিকান সাম্রাজ্যবাদের যুদ্ধ—এ কথা স্বীকার করতে হবে। একথা যদি আমরা স্বীকার করে না নিই তাহলে আমেরিকান সাম্রাজ্যবাদকে পরোক্ষভাবে সমর্থন করা হয় একথা আজকে জোর দিয়ে এই হাউসে দাঁড়িয়ে আমি বলতে চাই। ১৯৫৪ সাল থেকে সুরু করে ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত ভারত সরকারের যে নীতি ছিল সেই নীতির বিরুদ্ধেই লেখা হচ্ছে, আনন্দবাবুর এই সংশোধনী প্রস্তাব। ভারত সরকার কখনও একথা বলেন নি, তদানীন্তনকালে যে ভিয়েতনামে মার্কিন সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে তাদের বিক্ষোভ তাদের যে মুক্তিযুদ্ধ সেটা গৃহযুদ্ধ। এটা গৃহযুদ্ধ নয়, তারা নিজেরা বলছেন যে আমেরিকান সাম্রাজ্যবাদীর অস্ত্রসম্ভার সেখান থেকে তুলে নিয়ে যাওয়া হোক, অন্য কারও অস্ত্রসম্ভার সেখানে থাকবে না। ভিয়েতনামের মানুষরা তাদের নিজেদের ভাগ্য ঠিক করে নেবে—এটা কি অন্যায়? তাহলে আমেরিকান সাম্রাজ্যবাদ কেন এর বিরুদ্ধে? আজকে আমেরিকান সাম্রাজ্যবাদ তাদের ২ লক্ষ ২০ হাজার সৈন্য নিয়ে কোটি কোটি ডলার নিয়ে ওখানে হাজির হয়েছেন, বিষাক্ত গ্যাস সেখানে ছড়াচ্ছে, ভারী বোমা সেখানে ফেলছে, এবং আজকালকার যুগে যে নিষিদ্ধ অস্ত্র আছে, তা এই ছোট্ট ভিয়েতনামের বুক চালিয়ে তা দিয়ে মানুষকে হত্যা করছেন। এত করেও যা তারা পাচ্ছে না তা হচ্ছে এই যে দক্ষিণ ভিয়েতনামের বুক থেকে সেখানকার মানুষ যারা সেখানকার স্বাধীনতার জন্য সংগ্রাম করছেন তাদের উৎখাত করতে পারে নি। মুক্তিফ্রন্টের নেতৃত্বে তারা সংগ্রাম চালিয়ে যাচ্ছে। এবং সেটা পারেনি বলে আজকে আমেরিকান সাম্রাজ্যবাদ নূতন করে শান্তির বুলি আওড়াচ্ছেন। শান্তির কথাটা কি—যেন দক্ষিণ ভিয়েতনাম সরকার আর মুক্তিফ্রন্টের সাথে এই যুদ্ধ। কিন্তু তা নয়, দক্ষিণ ভিয়েতনামের সরকারকে মার্কিন সাম্রাজ্যবাদ তৈরী করেছে। এই যুদ্ধ মুক্তিফ্রন্টের সাথে আমেরিকান সাম্রাজ্যবাদের। এই দুয়ের মধ্যে যে যুদ্ধ সেটা যেভাবে অন্ততঃ মার্কিন সাম্রাজ্যবাদ চেষ্টা করছে সে হচ্ছে অপচেষ্টা এবং এই অপচেষ্টার মাধ্যমে যে শর্তগুলি তারা দিচ্ছে তা হচ্ছে এই যে দুই পক্ষের মধ্যে যুদ্ধ থামিয়ে নাও; কিন্তু যুদ্ধ তো তোমরা ওখানে গিয়ে করছে—তোমাদের অস্ত্রশস্ত্র থামিয়ে নাও, তোমাদের অস্ত্রসম্ভার তুলে নিয়ে যাও, তা হলেই শান্তি ফিরে আসবে। কিন্তু দুনিয়ার কাছে তারা দেখাবার চেষ্টা করছে যে মুক্তিফ্রন্টের সঙ্গে সরকারের যুদ্ধ এবং সেই কথার আড়ালে বিভিন্ন দেশের সমর্থন যোগাবার তারা চেষ্টা করছে এবং সেই সমর্থন পাবার মাধ্যমে দক্ষিণ কোরিয়া থেকে সুরু করে প্রতি জায়গায়

তারা সৈন্যঘাঁটি, সমরঘাঁটি তৈরী করছ অর্থাৎ দক্ষিণ-পূর্ব এশিয়া, এবং এশিয়ার অন্যান্য দেশের যে স্বাধীনতা সেই স্বাধীনতার বিরুদ্ধে এই যে আক্রমণ সেই আক্রমণকে তাঁরা সানিয়ে নিচ্ছে। তাই মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাব এই হাউসে আনা হয়েছে সেটা অত্যন্ত ন্যায্য প্রস্তাব এবং সেই প্রস্তাবে ভারত সরকারকে সেই জন্য বলা হচ্ছে যে কনট্রোল কমিশনের সভাপতি ভারতবর্ষ ছিল। সেইজন্য তাঁদের দায়িত্ব রয়েছে এবং সেই দায়িত্বকে তাঁরা এড়িয়ে যেতে পারেন না—সেই দায়িত্ব পালন করুন ভারত সরকার এটা আমরা চাই। তাসখন্দের কথা উঠেছে—আমাদের প্রধানমন্ত্রী নেই, দুঃখ সমস্ত মানুষের হয়েছে একথা অস্বীকার করি না, কিন্তু তার সাথে এ কথা বলতে চাই, আমেরিকার ভাইস প্রেসিডেন্ট আমাদের দেশে উপস্থিত আছেন—তা সত্বেও একথা আমি বলে যেতে চাই যে মানবতার প্রতি যদি অত্যাচার হয়, স্বাধীনতার প্রতি যদি অত্যাচার হয়, মানুষকে যদি পশুর মত বন্দী করে মারা হয়—মানুষের স্বাধীনতা যদি লুপ্ত করে দেবার প্রচেষ্টা হয়, তাহলে তার বিরুদ্ধে পৃথিবীর যে কোন দেশের স্বাধীনতাকামী মানুষ প্রতিবাদ জানাবে এবং ঐ স্বাধীনতা সংগ্রামী মানুষের পাশে গিয়ে দাঁড়াবে। কাজেই আমি আজকে এই প্রস্তাবের মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি দক্ষিণ ভিয়েতনামের সেই সমস্ত যোদ্ধাদের এবং এই ব্যাপারে যাঁরা শহীদ হয়েছেন তাঁদের শ্রদ্ধার সঙ্গে আমি স্মরণ করছি এবং বাংলা দেশের অ্যাসেম্বলী হাউস থেকে বলতে চাচ্ছি যে বাংলা দেশের সাধারণ মানুষ দক্ষিণ ভিয়েতনামের মুক্তিফ্রন্টের দিকে। তাই বাংলা দেশের সাধারণ মানুষ ধিক্কার দিচ্ছে আমেরিকান সাম্রাজ্যবাদীদের বর্বরতাকে—যা ভিয়েতনামীদের উপর অনুষ্ঠিত হচ্ছে এবং তার প্রতীক হিসাবে আজকে এই প্রস্তাব এই হাউসে তোলা হয়েছে।

[4-10—4-20 p.m.]

Shri Krishna Kumar Shukla : মিঃ চেয়ারম্যান, স্যার, ডাঃ নারায়ণ রায় কর্তৃক উত্থাপিত বেসরকারী প্রস্তাবের উপর মনসুর হাবিবুল্লার বক্তৃতা শুনলাম এবং বক্তৃতা শুনে আমার মনে হল চীনা পন্থীরা আর একটা চাল দিয়েছেন এবং সেচালে পশ্চিমবাংলার দুর্ভাগ্য যে Forward Bloc, S.S.P. সকলেই ঐ কাঁদে পা দিয়েছেন যাদের সম্বন্ধে আশা করা গিয়াছিল অত্যন্ত প্রচ্ছন্ন দৃষ্টি নিয়ে সমস্ত জিনিসটা দেখবার চেষ্টা করছেন তারা এখন কয়েকটা উক্তি করে বসলেন যাতে মনে হচ্ছে বিবেক তাঁরা বিক্রি করে দিয়েছেন দঃ ভিয়েৎনামে যে অবস্থা চলছে কোন চিন্তাশীল মানুষ এ অবস্থা সমর্থন করতে পারে না। কোন ব্যক্তি আজকে ভিয়েৎনামের দুভার্গ্যের জন্য সহানুভূতি প্রকাশ না করে পারে না এবং মানুষ হিসাবে তার যে দায়িত্ব সে নিশ্চয়ই পালন করবে এবং সে দায়িত্ব পালনের উদ্দেশ্যে মাননীয় সদস্য আনন্দ গোপাল মুখার্জি যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সে সংশোধনী সমর্থন করে ২।১টা কথা বলতে চাই, দঃ ভিয়েৎনামকে কেন্দ্র করে মার্কিন সাম্রাজ্যবাদকে গালাগালি দেওয়া হোক আপত্তি নেই, এবং সে গালাগালির জন্য কারুর মনে যদি কোন রকম বেদনা না জাগে নিশ্চয়ই ভারতবর্ষের মানুষের কাছে ধিকৃত হবে। কিন্তু ভিয়েৎনামের অবস্থা সম্যক ভাবে বুঝে তার চিন্তাধারা পরিষ্কার রাখা উচিত। ভিয়েৎনামে নিশ্চয়ই গৃহযুদ্ধ চলছে এবং সে গৃহ যুদ্ধে দঃ এবং উত্তর ধ্বংস হয়ে যাচ্ছে, সেখানকার মানুষ নিষ্পেষিত হয়ে যাচ্ছে। এই গৃহযুদ্ধ এবং ভিয়েৎনামের কে ধ্বংস করার চক্রান্ত যারা করছে তাদের বিরুদ্ধে আমাদের ধিক্কারবাণী পরিষ্কার ভাবে রাখতে চাই। আমরা বলতে চাই শুধু ভিয়েৎনাম কেন গোটা এশিয়ায় শান্তি আসুক এবং যেখানে অশান্তির বীজ তা পরিষ্কার ভাবে উৎপাটিত করা দরকার। যারা এ প্রস্তাব এনেছেন তরো অত্যন্ত বুদ্ধিমত্তা সহকারে মার্কিন বর্বরতা সম্বন্ধে বক্তিতা করেছেন, হো চি-মিনের কথা বলেছেন, স্যার এদের পার্টিঅর্গান পিউপল ডেলি সংখ্যা June 16 ভালভাবে পড়লাম, এতে এদের বক্তব্য হচ্ছে ভারতবর্ষের সংবাদপত্র মার্কিন ঘেঁসা এবং হো চি-মিন ইত্যাদির বক্তব্য ছাপে না। এখানে যে বক্তব্য ইংরাজীতে ছাপা হয়েছে তারই বাংলা মানে উদ্ধার করে বলেছেন মনসুর হাবিব সাহেব। পোপ যে আবেদন জানিয়েছেন যে বড়দিনের উৎসবে যেন যুদ্ধ বন্ধ রাখা হয়। ডাঃ হো চি-মিন্ তার

উত্তরে বলেছিলেন যুদ্ধ চালিয়ে রাখা সম্বন্ধে তার কোন বক্তব্য নেই—প্রচ্ছন্নভাবে জানিয়েছেন যুদ্ধ বন্ধ করতে চাই না Let the U. S. put an end to its aggression, then peace will immediately be restored in Vietnam. বড়দিনকে কেন্দ্র করে যখন একটা আবেদন জানানো হয়েছে যে যুদ্ধ বিরতি করা হোক সে যুদ্ধবিরতি সম্বন্ধে তাঁরা দর কষাকষি করেছেন। আমি আরো বলছি এখানে একটা দিক অত্যন্ত গৃহীতরূপ মানুষের কাছে তুলে ধরবার চেষ্টা আর একদিকে বাঁচানোর চেষ্টা করেছেন কেন চীন নেই, নিখিলবাবুকে পরিষ্কার ভাবে বলতে হবে ভিয়েৎনাম যুদ্ধের জন্য দিনের পর দিন, মাসের পর মাস রেডিও পিকিং মস্কোকে গালাগালি করে যাচ্ছেন কেন? রেডিও পিকিং যেভাবে দিনের পর দিন রাশিয়ার বিরুদ্ধে অপপ্রচার করে যাচ্ছে ভিয়েৎনামকে কেন্দ্র করে তাতে মনে হচ্ছে আমাদের প: বাংলা বিধানসভায় ভিয়েৎনাম যুদ্ধ সম্বন্ধে যে অর্থ রাখবার চেষ্টা করা হয়েছে সে অর্থ কোন ভাবেই অন্য অর্থ নয় অন্য দেশ থেকে আনা সে ব্যাখ্যা। অন্য দেশ থেকে টেনে নিয়ে আসা ব্যাখ্যায় কাজ নেই। দ: পূর্ব এশিয়ায় শান্তি আমরা চাই নিখিলবাবু বলছিলেন আমাদের দায়িত্ব রয়েছে কারণ ভারতবর্ষ কনট্রোলড কমিশনের সভাপতি। নিখিলবাবুর কাছে নিবেদন করছি। গোটা ভারতবর্ষের বুদ্ধি তাঁর বুদ্ধির কাছে নিশ্চয়ই হার মানিনি এবং ভরতবর্ষ এ সম্বন্ধে সজাগ এবং কনট্রোল কমিশনে তাদের কি কর্তব্য সে কর্তব্যের দিকে যদি ইঙ্গিত না করতেন তাহলে ভাল হত। যখন প্রস্তাব উত্থাপন করা হয়েছিল তখন অত্যন্ত বুদ্ধিমত্তাসহকারে চীনের কথা এখানে উত্থাপন করার চেষ্টা করলেন। তিনি বললেন চীনের সংগে ভারতবর্ষের যে সংগ্রাম যে যুদ্ধ সে যুদ্ধের জন্য নাকি চীন বলেছে অ্যামিরিকা ভারতবর্ষকে অস্ত্র দিয়েছে বলে এ যুদ্ধ হচ্ছে। যদি এই উক্তি যা চীনের তা আমাদের কাছে রাখবার চেষ্টা করেন তাহলে আমি বলবো তাদের আসল চেহারা কি? এ কাগজে ওঁদের নিজেদের বক্তব্য নানাভাবে বলেছেন। মাও সে-তুং-এর ছবি ডিসপ্লে করার ব্যাপার নিয়ে তেলানী এবং পাঞ্জাবে তাঁরা বিবৃতিতে বলেছেন Surajit replied to the evident satisfaction of these critics that though the protrait did not adron the walls of the Conference, it was engraved in their hearts. মাও সে-তুং-এর পোর্ট্রেট এদের হার্টে এনগ্রেভ্ করা হবে। শুধু একথা বলে ক্ষান্ত হন নি প্রশস্তি গাইতে গিয়ে বলেছেন It is thus he came to be respected as an outstanding anti-imperialist and Marxist-Leninist, by all those who value anto-imperialism and Marxism-Leninism. Despite all commissions and omissions committed by the Chinese Government led by him in dealing with the India-China border dispute, his place in the galaxy of Marxist-Leninist scientists cannot be erased. বক্তব্য হচ্ছে এই গ্যালেক্সী থেকে তার ছবি erase করার চেষ্টা করেন নি। কিন্তু আমাদের বক্তব্য ভিয়েৎনামের বক্তব্য রাখতে গিয়ে চীনের কথা বিধানসভায় না রাখলেই ভাল হত। ভিয়েৎনাম সম্বন্ধে আমাদের stand ক্লিয়ার এই সংশোধনী প্রস্তাবের মাধ্যমে আমরা বলেছি ভিয়েৎনামে যে গৃহযুদ্ধ সে গৃহযুদ্ধের অবসান হোক এবং এটা বলেছি যারা এরজন্য দায়ী তাদের বিরুদ্ধে আমরা আমাদের ধিক্কারবাণী উচ্চারণ করছি। আমরা এরমধ্যে কোন রাজনৈতিক চক্রান্ত করছি না। কিন্তু ভিয়েৎনাম প্রস্তাবের মাধ্যমে অন্য দেশকে যুদ্ধ না করাই ভাল। আমরা একথা স্বীকার করি যে আমেরিকান সাম্রাজ্যবাদ এশিয়ার বুকে একটা খারাপ ফল। কিন্তু সংগে সংগে একথা বলি যে এর সংগে চৈনিক সাম্রাজ্যবাদ যারা গোটা এশিয়াকে গ্রাসের মধ্যে নেবার চেষ্টা করছে, তাকে যদি ধিক্কার দিতে হয় তাহলে দুই সাম্রাজ্যবাদীকে ধিক্কার দিতে হবে। অপূর্ববাবু মাঝে মাঝে অপূর্ব কথা বলেন এবং তিনি তার অপূর্ব ভঙ্গীতে এ প্রস্তাব সমর্থন করাতে গিয়ে Pro-Chinese element হাত মিলিয়ে ফেলেছেন। আমি তার দৃষ্টি আকর্ষণ করছি পরশু দিন Statesman কাগজের একটা নিউজ্ "Delegates at Havana Talks stunned"—The news of Mr. Shastri's death

stunned many delegates at the Afro-Asian Latin American Solidarity Conference here at Havana, reports Reuter. The pro-Chinese Asian delegates attending the Conference commented "this news does not concern us at this Conference at all." ভারতবর্ষের প্রধান মন্ত্রী মারা গেছেন, শান্তির এতবড় যোদ্ধা যুদ্ধ করতে করতে মনে হচ্ছে সে লোকের মৃত্যুসংবাদে হ্যাভানায় যারা বসেছিলেন এবং প্রোচাইনিস্ যারা ক্যমিউনিষ্ট তারা বলেছেন এ সংবাদের কোন মূল্য দিও না। প্রোচাইনিস্ এশিয়ান ডেলিগেট ব্যাখ্যা ওদের কাছ থেকে জেনে নেবেন।

[4-20—4-30 p.m.]

যারা ধৃষ্টতার এই পর্যায় নামতে পারেন, যাঁরা আমাদের দেশের প্রধানমন্ত্রীর মৃত্যুতে এইরকম comment করতে পারেন, তারা চীনা সাম্রাজ্যবাদের দালালের মত; বাংলার বিধানসভায় দাঁড়িয়ে, ওঁদের প্রশস্তি গাইবেন, এতে আশ্চর্য হবার কিছু নেই, এতে বিস্ময়ের কিছু নেই। কিন্তু এখানে বিরোধীদলের আরও, অন্যান্য দেশপ্রেমিক সদস্য যাঁরা আছেন, যাঁদের সততা, তাঁরা গতদিনে প্রমাণ করে দিয়েছেন, আজকে তাঁরা ঐ চৈনিক জালে পা দিয়ে, নিজেদের জড়িয়ে ফেলেছেন একটা খারাপ কাজে, এবং বাংলা দেশের বিধানসভায় তার একটা অত্যন্ত খারাপ লক্ষণ দেখা গিয়েছে। আমরা চাই ভিয়েৎনাম বাঁচুক, আমরা চাই আমরাও বাঁচি, আমরা চাই অন্যেরাও বাঁচুক। তাসখন্দের কথা বলতে গিয়ে, নূতন ব্যাখ্যা দিয়ে ফেলেছেন আমাদের নিখিলবাবু। তিনি বললেন তাসখন্দ নাকি, এখানে প্রযোজ্য নয়। আমার আবার সাক্ষী Peoples democracy. এই Peoples Democracy—শাস্ত্রীজীকে সম্মান প্রদর্শন করতে গিয়ে, শেষ paragraph এ বলে ফেলেছেন, A filling tribute to Lal Bahadur Shastri will be to carry forward the work he began in Tashkhent, to take the next step to settle all our disputes with Pakistan and also to take the same course in relation to our dispute with our other neighbour China. চায়নার সঙ্গে, তাসখন্দের মত চুক্তি করার যুক্তি আমাদের দিচ্ছেন ঐ Peoples Democracy, the Communist Party of India-র organ. এবং এখন তাসখন্দের কথা তুলে মাননীয় সদস্য আনন্দবাবু এখানে সংশোধনী প্রস্তাব আনলেন, তখন তাঁরা সমস্ত শক্তি দিয়ে এর বিরোধিতা করেছেন, এবং বলার চেষ্টা করছেন যে তাসখন্দ চুক্তির সঙ্গে ভিয়েতনামের অবস্থা নাকি পর্যালোচনা করা যায় না। তাকে সমান স্তরে রেখে বিবেচনা করা যায় না। চায়নার সঙ্গে ঝগড়া মিটিয়ে ফেলবার কথা ওঁরা আমাদের বলছেন। তাসখন্দের ব্যাপার, উনি আমাদের এখানে প্রয়োগ করতে বলছেন। আমরা বলছি এই সংশোধনীর মাধ্যমে, যে গোটা বিশ্বে তাসখন্দের এই শান্তির পরিকল্পনা প্রয়োগ করা হোক। ওখানেতে যত সংগ্রামরত দল আছেন, গোষ্ঠী আছেন, তাঁরা আপসে বসে ভিয়েৎনাম সম্পর্কে, তার ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা করুন, এবং একটা স্থির সিদ্ধান্তে এগিয়ে যান। এবং কন্ট্রোল কমিশনের সভাপতিরূপে ভারতবর্ষ নিশ্চয় তাকে সহানুভূতি জানাবে, স্বাগত জানাবে। আমরা অত্যন্ত পরিষ্কারভাবে অতীতে বলেছি, এবং এখনও বলছি যে আমরা অত্যন্ত উদ্‌বিগ্ন ভিয়েতনামের ব্যাপার নিয়ে। শুধু প্রগতিশীল দল বলে, কয়েকটি দলকে নিজের দলে টেনে এনে, এর কোন ব্যাখ্যা করা যায় না। আমরা উদ্‌বিগ্ন এইজন্য যে, যুদ্ধের আগুন আমাদের ঘরের কাছাকাছি—আগুনের উত্তাপ আমরা অনুভব করছি। এই আগুন যাতে বাড়তে না পারে, এর লেলিহান জিহ্বা যাতে আমার ঘরে প্রবেশ না করতে পারে, তারজন্য আমরা সচেষ্ট। কিন্তু এই সচেষ্ট হতে গিয়ে, চীনা ড্রাগনের হাতে এশিয়ার কোন অংশ তুলে দেবার অপচেষ্টা যদি এই প্রস্তাবের মাধ্যমে করার চেষ্টা হয়, তাহলে সর্বশক্তি দিয়ে তাকে রোধ করা হবে। যাঁরা বলতে চাইছেন যে মার্কিন সাম্রাজ্যবাদ সেখান থেকে উঠে যাক, সেই নিঃশ্বাসে তাঁরা বলুন চীনা এবং রাশিয়ান সাম্রাজ্যবাদ ওখান থেকে উঠে আসুক, এবং গোটা ভিয়েৎনামের লোক এক জায়গায় বসে, তাদের ভাগ্য নির্ণয় করুন। কিন্তু অন্যের স্বার্থ যে প্রস্তাব এখানে প্রতিপাদিত সেই প্রস্তাবের মাধ্যমে কোন ভাল কথা তাঁদের কাছ থেকে শোনা যাবে না।

(Interruptions and noise.) অতএব স্যার, চৈনিক কম্যুনিস্ট এর প্রতি অত্যন্ত চালাকি করে, অত্যন্ত বুদ্ধিসত্তা সহকারে কথার ভাষাজাল সৃষ্টি করে, যে প্রস্তাব এখানে উত্থাপিত করা হয়েছে, সেই প্রস্তাবকে আমি কঠোরতম ভাষায় প্রতিবাদ জানাই। এবং সঙ্গে সঙ্গে বলি এশিয়ার বুকে শান্তি নেমে আসুক, গোটা পৃথিবীতে শান্তি নেমে আসুক। এরজন্য যে সংশোধনী প্রস্তাব আনন্দবাবু উত্থাপন করেছেন, আমি তার সমর্থন জানিয়ে, আমার বক্তব্য শেষ করলাম।

Shri Bijoy Kumar Banerjee: মাননীয় চেয়ারম্যান মহোদয়, আজকে ভিয়েৎনামে যুদ্ধবিরতি হোক্—শুধু আমরা চাই না,—বিশ্বের সমস্ত শান্তিকামী শুভ-বুদ্ধিসম্পন্ন মানুষ, তার একমাত্র আকাঙ্খা এই যুদ্ধের অবসান হোক। ভারতবর্ষ শান্তি প্রতিষ্ঠার জন্য বিশ্বে যে সুনাম অর্জন করেছে—মাননীয় প্রধানমন্ত্রীর আকস্মিক মৃত্যুতে সেই শান্তি প্রতিষ্ঠা কি করে হয়—তা স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হয়েছে আজকে তাই আমরা কোনরকম তিক্ততা সৃষ্টি করতে চাই না। আমরা চাই—আজকে ভিয়েৎনাম যুদ্ধের অবসান হোক। কিন্তু এই যুদ্ধের অবসান হবার একটা সম্ভবনা দেখা দিয়েছে। কারণ ভারতবর্ষের এই পবিত্রভূমিতে বিশ্বের মহান কতকগুলি দেশের প্রতিনিধি এখানে এসেছেন, তাঁরা এখানে আছেন। শাস্ত্রীজির মহাপ্রয়াণে আজকে তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে হয়ত তাঁদের প্রচেষ্টা শান্তিপ্রতিষ্ঠার জন্য এগিয়ে যাবে। শান্তিপূর্ণভাবে বিশ্বের সমস্ত সমস্যার সমাধান হোক—এটাই আমরা চাই এবং সমস্যার সমাধান হবে বলে আমাদের বিশ্বাস আছে।

এই যে আমেরিকান্ সাম্রাজ্যবাদের কথা বলা হয়েছে - বিশেষকরে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় শুক্লা সাহেব—তিনি অত্যন্ত এতে বিচলিত হয়েছেন। আমেরিকার এই যুদ্ধের কার্যকলাপ এটা যদি এত নিন্দনীয়, তাহলে সেকথা বলতে তাদের এত আপত্তি কেন? একথা আমার নয়, আমেরিকাবাসীরা—তাদের বহুলোকের এই দাবী—আমেরিকা যাতে আর ভিয়েৎনামের ব্যাপারে হস্তক্ষেপ করতে না যায়। আমেরিকা অধিবাসী মায়েরা দাবী করেছে—আমাদের ছেলেদের আর এইভাবে নিহত হতে দেব না। এমন কি আমেরিকার যুবশক্তি রক্তদান করেছে আমেরিকার বুলেটে আহত ভিয়েৎনামবাসীর জন্য। আমেরিকান যুবশক্তি তাদের প্রাণরক্ষা করবার জন্য তাদের চিকিৎসার জন্য নিজেদের রক্ত দিয়েছে। তাহলে একথা স্পষ্ট দেখা যাচ্ছে যুদ্ধে আমেরিকা সক্রিয় অংশগ্রহণ করে কোনরকম রাজনৈতিক কারণে সাম্রাজ্যবাদকে বিস্তার করবার অভিসন্ধি করে—ভিয়েৎনামকে রক্ষা করবার কু-মতলবে সেখানে একটা আস্তানা গাড়তে চান। একথা বলতে তাদের এত লজ্জা কেন?

যিনি এই সংশোধনী প্রস্তাব এনেছেন তিনি বলেছেন মূলপ্রস্তাব যিনি এনেছেন তিনি খুব বুদ্ধিমান লোক, অত্যন্ত ভালভাবে মূলপ্রস্তাব এনেছেন, তার মনের মধ্যে যে অভিসন্ধি আছে, তা পূরণ করবার জন্য, কিন্তু আমি তাঁর চেয়ে ভাল দেখছি—যিনি এই সংশোধনী প্রস্তাব এনেছেন, তিনি অধিক বুদ্ধিমত্তার পরিচয় এরমধ্যে দিয়েছেন। গৃহযুদ্ধ বন্ধ করা উচিত এবং সেটা ত্বরান্বিত করা উচিত। শুধু কেন তাঁরা বলতে পারছেন না যে ভিয়েৎনামের লক্ষ লক্ষ মানুষ আমেরিকার দ্বারা নিষ্পেষিত হচ্ছে। একথা আমার কথা নয়—। প্রতিদিন এই সমস্ত সংবাদপত্রে বেরুচ্ছে। এই সেদিন আমেরিকান প্যাটন ট্যাংক আমাদের দেশের লোককে যেভাবে হত্যা করেছে, সেদিন আমরা তো আমেরিকাকে আশীর্বাদ করতে শুনিন। আজকে হঠাৎ এই চিন্তাধারার পরিবর্তন কেন? এই চিন্তাধারার পরিবর্তন কি এইজন্য যে আমেরিকা আমাদের দুর্ভিক্ষের হাত থেকে বাঁচাবার জন্য যদি গম না দেয়—তাহলে কী হবে? ১৮ বছর স্বাধীনতার পরও যারা মানুষকে খেতে দিতে পারে না,—তারা ভিক্ষাবৃত্তি করলে মানুষকে কেন তারা খেতে দিতে পারবে না। এই তিক্ততার মধ্যে আমি যেতে চাই না। আমরা যখন দেখছি—পবিত্র ভারতভূমিতে মহান দেশের নেতৃস্থানীয় ব্যক্তি যাঁরা আজকে আমাদের এখানে রয়েছেন, তাঁদের চিন্তাধারা বদলাবার একটা সুলক্ষণ আমরা দেখতে পাচ্ছি। আমরা চাই সেই সুযোগ দেওয়া হোক, শান্তিপূর্ণভাবে এই সমস্যার একটি মীমাংসা হয়ে যাক্।

এই মূলপ্রস্তাবের সঙ্গে সংশোধনী প্রস্তাবের তফাৎ বিশেষ কিছু নাই। খালি তফাৎ হচ্ছে "গৃহযুদ্ধ" কথাটা, এই "গৃহযুদ্ধ" কথাটার জন্য নাকি সবকিছু হচ্ছে। এই গৃহযুদ্ধের মধ্যে আমেরিকা আছে বলে বিশ্বশান্তি বিঘ্নিত হবার সম্ভাবনা রয়েছে। আমরা দেখেছি এই যুদ্ধে ভিয়েৎনামে আমেরিকার ও বহুলোকের প্রাননাশ হয়েছে, সেখানে আজকে Atom Bomb চলছে। কত লোক-জন ধন সম্পত্তি সব সেখানে নষ্ট হচ্ছে, এই ভিয়েৎনাম এশিয়ার একটা দেশ—সেই সমস্ত জায়গায় আমেরিকা ঘাঁটি স্থাপন করতে চায় এবং সে সূত্রে সেখানে তাঁরা সাম্রাজ্যবাদ বিস্তার করতে চান এবং সেখানে আমাদের তাঁরা হাতে রাখতে চান। নিশ্চয়ই এই প্রচেষ্টার নিন্দা করা উচিত। আমাদের হাতে রাখতে চায় এইসব জিনিস নিন্দা করা উচিত। আজকে আমি ভেবেছিলাম যে কংগ্রেস তরফ থেকে অন্তত শান্তি প্রতিষ্ঠা করার জন্য কোন তিক্ততা থাকবে এই রকম বক্তৃতা করা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে অত্যন্ত খারাপ হয়েছে। যদি উনি এই রাজনীতির কথা না বলতেন তাহলে আমি একথা বলতাম না। কারণ শান্তি যাতে হয় শান্তিপূর্ণ ভাবে যাতে মীমাংসা হয় আমরা এটা চাই। কিন্তু অন্য যারা আছেন আমি জানি অন্যান্য দেশ যারা রয়েছে তারা শান্তি স্থাপনা করবার জন্য তাদের যে ভূমিকা ও অংশ গ্রহণ করে আসছেন আমি দেখেছি আমি জানি বিশ্বশান্তি প্রতিষ্ঠা করবার জন্য অন্যান্য মহাদেশ বিশেষ করে সোভিয়েত রাশিয়া আমি দেখেছি আমি সে সময় সেখানে গিয়েছিলাম তাদের যে প্রচেষ্টা তাদের যে আন্তরিকতা সে সম্বন্ধে কোন সন্দেহ করবার কোন কারণ নেই। আজকে আমেরিকা যদি সত্যি অন্যায় করে থাকে সে কথা বলবার সাহস আমাদের থাকা চাই। তাই বলে আজ যখন উনারা আমাদের দেশে এসেছেন আমরা চাই যেকোন উপায়ে হউক এটাকে মিটিয়ে ফেলা হউক। ভিয়েৎনামে গৃহযুদ্ধের জন্য এটা হয়নি। আজকে যারা সেদিনে Paton tank দিয়েছে পাকিস্তানকে যার ফলে ভারতবর্ষের এত লোক হতাহত হয়েছে এবং এত ভারতবাসী মারা গেছে সে কথা সহজে ভোলা যায় না। অথচ আমরা জানি তারা বরাবরই বলেছেন যে এই সব অস্ত্রশস্ত্র চীনেদের সঙ্গে লড়াই করবার জন্য পাকিস্তানকে আমরা দিয়ে রাখছি। কিন্তু আজকে যখন এই রকম একটা প্রস্তাব এসেছে—যে ভিয়েৎনামে যুদ্ধ মিটে যাক এটা আমরা চাই শান্তিপূর্ণভাবে মিটুক। কিন্তু একটা বিদেশীকে সেখানে আস্তানা গড়তে সাহায্য করতে হবে তা না হলে সঙ্গে সঙ্গে আমাদের কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী বলবেন যে তা না করলে আমরা গম পাব না, আমরা মরে যাব।

স্যার, আমি অবাক হয়ে গেছি এই কয়দিন আগে আমাদের দেশের নেতারা কিভাবে lecture দিয়ে বেড়ালেন যে আমেরিকার গম খাওয়া হবে না। তারা বললেন না খেয়ে মরে যাব সেও ভাল তখন ওদিকে দেখছি সুব্রমনিয়াম আমেরিকায় বসে আছেন পাতিল সাহেব গেছে সব গেছেন। এই সব কি ব্যাপার। যদি সত্যি হয় আমরা শান্তি চাই। মেটাবার জন্য একটা পরিবেশ সৃষ্টি করুন। কিন্তু ভিক্ষাবৃত্তি করবেন না। যেহেতু আমেরিকা গম দেবে সুতরাং আমরা বলব যে ভিয়েৎনামে আমেরিকার অস্তিত্ব নেই একথা ঠিক নয়। সেজন্য আমি বলছি কোন রকম তিক্ততা আর বাড়াবেন না। যেভাবে হয় এই ভিয়েৎনামের যুদ্ধ যাতে অবসান হয় সেই দাবী জানান। আমেরিকান বা নিজেরা সেই দাবী জানিয়েছে। সেখানকার মায়েরা জানিয়েছে। তারা রক্ত দিচ্ছে। আর তাতে আমেরিকা নেই সে কথা কি এখন বলা চলে? কিন্তু আমাদের এরা বলছেন যে গৃহযুদ্ধের জন্য বিশ্বশান্তি বিঘ্নিত হবে। যেন আমেরিকা এখানে নেই একেবারে যায়নি। এটা তো ঠিক নয়। সেজন্য স্যার, আমি ওদের সংশোধনী প্রস্তাব সমর্থন করতে পারছি না। কারণ সংশোধনী প্রস্তাবে যেটা লেখা আছে সেটা ঠিক কথা নয়। গৃহযুদ্ধ নয় গৃহযুদ্ধ হতে পারে কিন্তু আমেরিকার একটা ভূমিকা আছে। ওরা ওখান থেকে সৈন্য সরিয়ে নিয়ে যাক। স্যার, দুটো প্রস্তাব যদি আপনি পাশাপাশি রাখেন তাহলে দেখবেন যে ওরা বলছেন শান্তি যাতে বিঘ্নিত না হয় সেজন্য শান্তিপূর্ণভাবে মেটান হউক তাসখন্দের মত আর আমরা বলছি যেটা মূল প্রস্তাবে বলা আছে যে আমরা সমস্ত রাষ্ট্র নিরপেক্ষ দেশগুলি এক সঙ্গে হয়ে একটা কার্যকরী ব্যবস্থা করা হউক। এতে তফাৎ কোথায়? কার্যকরী ব্যবস্থা মানে লড়াই

করা হউক বলে তো বলা নাই। সুতরাং আমিও চাইছি সকলেই বলবেন যে শান্তিপূর্ণভাবে এই বিরোধের অবসান হক এবং ভিয়েৎনামে এক্ষুনি শান্তি স্থাপিত হউক। শাস্ত্রিজী এতবড় একটা আদর্শের জন্য যিনি প্রাণ দিয়ে গেছেন তাকে রূপায়িত করা একটা আন্তরিকতা থাকা উচিত। সে চেষ্টা তো আমাদের দেশে হচ্ছে না। আজও দেখছি মুরারজী দেশাই তো দেখছি contest করছে। সেটাও তো শান্তিপূর্ণভাবে হতে পারত। সেজন্য বলছি শান্তি যদি করতে হয় তাহলে একটু আন্তরিকতার সঙ্গে করতে হবে।

[At this stage the House was adjourned for twenty minutes]

(After adjournment)

Shri Sailendra Nath Adhikary : মাননীয় স্পীকার মহাশয়, ভিয়েৎনামে বর্তমানে যে দুঃখজনক পরিস্থিতি চলেছে তার উপর মাননীয় নারায়ণবাবু যে প্রস্তাবটি নিয়ে এসেছেন আমার মনে হয় সেটা খুব সময়োচিত প্রস্তাব এবং এই জন্য বলছি যে সদ্য তাসখন্দে যে বৈঠক হয়ে গেল এবং যে বৈঠকে সমস্ত পৃথিবীকে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেওয়া হল যে কিভাবে একটা মিমাংসার সুত্র হতে পারে এবং যে বৈঠকে কংগ্রেসএর তরফ থেকে আজকে yardstick বলে ধরেছে তখন আমাদের এই হাউসে ভিয়েৎনামের উপর যে resolution সেই resolutionটা যারা মুভ করেছেন তারা নিশ্চয়ই ভারতবর্ষের তথা পৃথিবীর মানুষের মনের কথাই অর্থাৎ শান্তির কথাই বলেছেন। ভিয়েৎনামে মার্কিন সামাজ্যবাদ কিভাবে অগ্রসর হয়েছে কিভাবে সেখানকার রাজনৈতিক পটভূমিকায় মার্কিন ডলার, মার্কিন আর্মি, মার্কিন বোমা, মার্কিন বিমান সমস্ত গিয়ে সেখানে একটা বিভিষিকার রাজত্ব সৃষ্টি করেছে। সে কথা পুনরাবৃত্তি করে কোন লাভ আছে বলে আমি মনে করি না। পৃথিবীর সমস্ত দেশে এমন কি মার্কিন যুক্তরাষ্ট্রেও তার বিরুদ্ধে একটা ধিক্কার উঠেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে, সেখানকারই জনগণ administrationএর বিরুদ্ধে সেখানকার মায়েরা এই কথাই প্রতিধ্বনিত করছে যে আমাদের ছেলেদের ফিরিয়ে নিয়ে এস। একে nasty war বলে অভিহিত করছে। Johnson administration এই যুদ্ধে জড়িত বলে এ nasty warএ সকলে ধিক্কার দিচ্ছে। তখন এই resolution যদি নিরপেক্ষ ভাবে দেখা যায় তাহলে যারা শান্তি চাচ্ছে এই nasty warকে end করতে চাচ্ছে তাদের মনের কথাও এখানে প্রতিধ্বনিত হচ্ছে।

ভিয়েৎনামে এই যে মার্কিন হস্তক্ষেপ হস্তক্ষেপ আজকে একটা isolated ঘটনা নয়। ডালেসএর সময় থেকে যখন Rooseveltএর নীতি সেই Great Charter of Freedom যখন সমস্ত পৃথিবকে শুনালেন তারপরে যখন ডালেসের নীতি যখন জেগে উঠলো Rooseveltএর মৃত্যুর পর তখন ডালেসের একটা কথা আমার মনে আছে যে আমেরিকার নীতি হবে দ্বিতীয় মহাযুদ্ধের পর এশিয়ার উপর তার সমস্ত দৃষ্টি নিবদ্ধ করা। তার সমস্ত শক্তিকে তার concentrate করা Asiaকে control না করতে পারলে তার মতে Communismকে control করা যাবে না। অর্থাৎ যে পথ আমেরিকা নিচ্ছে এবং যে পথে আমেরিকা ভিয়েৎনামের যুদ্ধে জড়িত হয়ে পড়েছে সেট একটা isolated ঘটনা নয়। ডালেস নীতির logical conclusion হিসাবেই আমেরিকা আজ জনসন administration সেখানে যে বর্বরতা দেখাচ্ছে সেটা তার logical conclusion হিসাবেই এসেছে।

[5-00—5-10 p. m.]

এখন আমাদের কথা হচ্ছে এই আজ পৃথিবীতে শুধু সাউথ ইস্ট এশিয়াতে নয় সর্বত্র একটা আনইজি পিস চলেছে। দ্বিতীয় মহাযুদ্ধের পর থেকে পিস হয়নি, একটা আনইজি পিস চলেছে এবং এই আনইজি পিসকে যদি সামনে রাখি তাহলে ভারতবর্ষের ভূমিকা কি হবে সেটা আমাদের কাছে নিশ্চয়ই চিন্তার বিষয় হয়ে দাঁড়ায়। আজ আমরা ভারতবর্ষের মানুষ সাম্রাজ্যবাদ

নগ্নরূপ দেখছি. আমরা দেখেছি কি ভাবে শিশু নারীকে হত্যা করেছে, গৃহযুদ্ধের নাম করে কিভাবে একটা রাষ্ট্র দখল করেছে এটা আমরা দেখেছি আমরা বলছি যে, যে গৃহযুদ্ধ হয়েছিল তারই উপর নির্ভর করে ব্রিটিশ সাম্রাজ্যবাদ ভারতবর্ষে এসেছিল. পৃথিবীর ইতিহাস হচ্ছে এইভাবে সাম্রাজ্যবাদীরা হস্তক্ষেপ করে। আজকে সেইজন্য ভারতবর্ষকে একটা নূতন ভূমিকা বেছে নিতে হবে যেটা তাসখন্দে আমরা দেখিয়েছি। কিন্তু তাসখন্দই শেষ নয়, তাসখন্দ থেকে আমাদের আরো এগিয়ে যেতে হবে। তার কারণ ভারতবর্ষ নন-এলায়েন্ট কানট্রির, সমস্ত জোট নিরপেক্ষ কানট্রিগুলির মধ্যমণি। যদি এই জোট নিরপেক্ষতা ঠিকভাবে পালন করতে হয় তা হলে আমাদের কর্তব্য হবে এশিয়া মহাদেশে যেখানে অশান্তির আগুন জ্বলে উঠেছে, যেখানে সাম্রাজ্যবাদ নূতন করে ঘাঁটি তৈরী করছে, সেখানে কি করে আমরা চেক দিতে পারি এবং সেখানে আমরা নূতনভাবে সমস্যার সমাধান করার একটা প্রকৃষ্ট পন্থা নির্ণয় করতে পারি কিনা দেখতে হবে। সেদিক থেকে আমার মতে আজকে শুধু মার্কিন সাম্রাজ্যবাদকে গালাগালি দিলে চলবে না, তাদের নগ্নরূপ আমরা দেখেছি কিন্তু ভারতবর্ষের যে দায়িত্ব সেটাও আমাদের চিন্তা করে দেখতে হবে। স্যার, আপনার মাধ্যমে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে আজ এই হাউসে উভয় তরফের যে মনোভাব সেই মনোভাব হচ্ছে ভিয়েতনামে শান্তি আসুক, সেখানে যে মার্কিন বর্বরতা চলছে তার হাত থেকে ভিয়েতনামবাসীরা রক্ষা পাক, ভিয়েতনামের শিশুরা নেপাম বোমার হাত থেকে বাঁচুক, ভিয়েতনামের বুকে যে মার্কিন সৈন্য আছে সেই সৈন্য ফিরে যাক তাদের নিজের দেশে তাদের মায়ের কোলে, সারা এশিয়ায় স্বাধীনতা এবং সার্বভৌমত্ব প্রতিষ্ঠার একটা সুযোগ হোক, এবং ভিয়েতনামের স্বাধীনতা বিপন্ন হয়ে গিয়েছে তার একটা সুরাহা হোক। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আশা করবো বিধানসভায় এ সম্বন্ধে আমরা একটা সর্বসম্মত রেজোলিউশন নিতে পারি কিনা যাতে আমরা পৃথিবীকে দেখাতে পারি পরবর্তীকালে যে আমরা এই বর্বরতার বিরুদ্ধে দাঁড়াতে বিন্দুমাত্র কুণ্ঠা অনুভব করিনি, সে আমেরিকাই হোক আর যে কোন দেশই হোক, সেখানে আমরা নূতনভাবে একটা সহ-অবস্থান, নূতন একটা সমস্যা সমাধানের পথ করতে পারি যার নেতৃত্ব ভারতবর্ষ নিতে পারবে। ভারতবর্ষের সুবিধা হচ্ছে যে ভারতবর্ষ জোট নিরপেক্ষ এবং জোট নিরপেক্ষ বলেই আজকে সমস্ত জোট নিরপেক্ষ রাষ্ট্রগুলিকে সে আফ্রো এশিয়াই বলুন আর ল্যাটিন আমেরিকাই বলুন, নেতৃত্ব দেবার জন্য রাষ্ট্রপুঞ্জের মারফত ভারতবর্ষের পক্ষ থেকে প্রস্তাব রাখা হোক যে অবিলম্বে ভিয়েতনাম থেকে মার্কিন সৈন্য সরিয়ে নিয়ে আসা হোক এবং আফ্রো এশিয়ান কানট্রি ও ল্যাটিন আমেরিকান কানট্রিগুলিতে এই ধ্বনি তুললে এর একটা বিরাট এফেক্ট হবে এবং মার্কিন সৈন্য যদি সরিয়ে নিয়ে আসা হয় এবং সেখানে যদি সার্বভৌম এবং সমান অধিকারের ভিত্তিতে উত্তর এবং দক্ষিণ ভিয়েতনামের মধ্যে একটা সমঝোতা হয় তাহলে তার জন্য প্রথমে জেনেভায় যে প্রটকল হয়েছিল সেটাকে আরো রিমডেল করা দরকার এবং সেখানে যদি এই প্রতিধ্বনি তুলতে পারি তাহলে তাসখন্দে যে পথ অনুসরণ করেছি সেই তাসখন্দের পথের লজিক নিয়ে আমরা পৃথিবীতে আর একটা নূতন তাসখন্দ সৃষ্টি করতে পারবো, তাসখন্দে যেমন কোসিগিন নেতৃত্ব নিয়েছিলেন তেমনি ভিয়েতনামে ভারতবর্ষ অনেস্ট ব্রোকার হিসাবে নেতৃত্ব নিয়ে এই সমস্যা সমাধান করার পথে অগ্রসর হোক এই অ্যাপিল করবো।

Shri Anadi Das : মিঃ স্পীকার, স্যার, যে প্রস্তাব এখানে আনা হয়েছে, ডাঃ নারায়ণ রায় রেখেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার বিরোধীতা করছি। এই প্রস্তাব অত্যন্ত সময়োচিত এবং উপযুক্ত। তার কারণ একথা সর্বজনবিদিত যে আমেরিকা ভিয়েৎনামে যেভাবে চলছে তাতে বিশ্বযুদ্ধ প্রসার করতে তারা চায় এটা দেখা যাচ্ছে। এর কারণ যে আমেরিকা তাদের সপ্তম নৌবহর দিয়ে বোমা নিক্ষেপ করে তার ঘাঁটিগুলি বিধ্বস্ত করে, উপর থেকে বোমা ফেলে শত শত নারী শিশুকে হত্যা করে

এবং বিষবাষ্প প্রয়োগ করা সত্ত্বেও আজ ভিয়েৎনামের লোকেরা আমেরিকাকে এমন জায়গায় এনে ফেলেছে যে এর ফলে তাদের ভিয়েৎনাম ছেড়ে চলে যাওয়া ছাড়া অন্য কোন দ্বিতীয় পথ নেই। এই অপমানজনক অবস্থায় সে মনে করছে যে, যে দেশে আমি জোর করে থাকবো বলে এসেছিলাম সেই দেশের জনসাধারণের চাপে আমাকে সেই দেশ ছেড়ে পালিয়ে যেতে হবে এই অবস্থা থেকে রক্ষা পাবার জন্য সে দুটো দিকে লড়াই করছে, একদিকে যুদ্ধকে প্রসারিত করবার চেষ্টা করছে, বিশ্বযুদ্ধ বাধাবার ভয় দেখাচ্ছে, আর একদিকে শান্তির নামে বিভিন্ন দেশে ঘুরে বেড়াচ্ছে। আসলে কোন প্রকারে ওখানে কোন ঘাঁটি বজায় রেখে যাতে সরে আসা যায় তারই চেষ্টা তারা করছে। কারণ তারা জানে যে যারা যুদ্ধের বিরুদ্ধে, মানব প্রেমিক ভারতবর্ষ, তারা কখনই বিশ্বযুদ্ধ হতে দেবে না, সেজন্য বিশ্বযুদ্ধের ঘটনা নিয়ে গিয়ে কোন প্রকারে শান্তির নামে একটা কনফারেন্স করে যাতে ওখানে একটা ঘাঁটী বজায় রেখে সরে আসতে পারে তারই প্রচেষ্টা আমেরিকা চালাচ্ছে। তাই আমি মনে করি যে এই জায়গায় ভারতবর্ষের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ভারতবর্ষ যা করেছে তা আমরা দেখতে পাচ্ছি। কিছুদিন আগেকার ঘটনা মনে করা যাক, একটু আগে নিখিলবাবু যখন বলছিলেন যে কনট্রোল কমিশনের সভাপতি হিসাবে ভারতবর্ষের একটা দায়িত্ব আছে তখন শুক্লা সাহেব মনে করিয়ে দিচ্ছিলেন যে সে কথা আমরা ভুলে যাইনি, কিন্তু কিভাবে স্মরণ রেখেছেন তা একটু দেখা যাক। এই যে বছর শেষ হল এই বছরে, ১৯৬৫ সালে ভারতবর্ষ থেকে ভিয়েতনামে যখন যুদ্ধের খুব এসকেলেশন হচ্ছে এবং এখনও হচ্ছে, তখন দুটো কথা বলা হয়েছিল যে উত্তর ভিয়েতনামের উপর বোমা ফেলা বন্ধ করা হোক এবং জেনেভা চুক্তি অনুযায়ী এখানে বাকী ব্যবস্থাগুলি করা হোক। তারপর আমরা দেখেছি যে আমেরিকাতে শাস্ত্রীজীর যাবার কথা ছিল, আমেরিকার সভাপতির সংগে দেখা করবার একটা নির্ধারিত সময়ও হয়েছিল কিন্তু সেখান থেকে সেটা বন্ধ করে দেওয়া হল যে এই পরিদর্শন চলবে না এবং সেই ধাঁতানি খাবার পর আমেরিকার কাছ থেকে আজ পর্যন্ত ভারতবর্ষের তরফ থেকে একটা কথাও ভিয়েতনাম সম্পর্কে বলা হয়নি। এইভাবে পালন করছি আমরা। আজকে দিল্লীতে যা চলছে, তলে তলে যে প্রচেষ্টা চলছে, সেটাও ভারতবর্ষের ইনিসিয়েটিভে নয় সেটা একটা কার্যকারণে, দিল্লীতে যে জিনিস আজকে ঘটেছে, এইমাত্র। সুতরাং আমি মনে করি যে এই প্রস্তাবে যে কথাগুলি আছে সেটা হচ্ছে অন্যান্য জোট নিরপেক্ষ এবং সমাজতান্ত্রিক দেশগুলির সাথে সম্মিলিতভাবে অত্যন্ত রাজনৈতিক দূরদৃষ্টি রেখে একটা সমন্বয় সাধন করা। সাম্রাজ্যবাদীদের সংগে মিলে যারা এই দেশে যুদ্ধকে বিস্তার করতে চায়, বিশ্বযুদ্ধে পরিণত করতে চায়, পৃথিবীর সমস্ত মানুষকে যুদ্ধের আগুনে নিমগ্ন করতে চায়; এই রকম নীতি যাদের, যারা বিভিন্ন যুদ্ধ জোটের মধ্যে আছে, তাদের সংগে মিলে নিশ্চয়ই কোন শান্তির প্রচেষ্টা করা যায় না। নিশ্চয় তাদের কনফারেন্স ইত্যাদিতে ডাকতে

[5-10—5-20 p. m.]

হবে। কিন্তু ইনিসিয়েটিভ যদি নিতে হয় তাহলে জোট নিরপেক্ষ দেশগুলির সংগে এবং সমাজতান্ত্রিক দেশগুলির সংগে এই প্রচেষ্টা চালাতে হবে। সুতরাং এই কথাটা অত্যন্ত সমীচীন যে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে যে গৃহযুদ্ধের দরুন ভিয়েতনামের বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে ত্বরান্বিত করিয়া তুলিতেছে—গৃহযুদ্ধের যারা এই প্রস্তাব তুলেছেন তাঁরা বোধ হয় ভারত সরকারের নীতিকে পরিপূর্ণভাবে হৃদয়ঙ্গম করেন নি। গৃহ যুদ্ধ বলে ভারত সরকারের স্ট্যাণ্ড নয়। ভারত সরকার এ ব্যাপারে অত্যন্ত তেজী এবং আনডিটারমিণ্ড অবস্থায় আছেন। তারা দুটি মাত্র জিনিস বলছেন যে জেনেভা চুক্তিকে পালন করা হোক, উত্তর ভিয়েতনামে বোমা ফেলা বন্ধ করা হোক। এই হচ্ছে তাদের কথা। গৃহযুদ্ধ যদি হয় অর্থাৎ গৃহযুদ্ধটাকে বন্ধ করলে বিশ্বযুদ্ধ তাহলে বন্ধ হয়ে যায়, আর গৃহযুদ্ধ বন্ধ মানে কি? (লাল বাতি) আমার আরও সময় আছে তো?

Mr. Speaker : মি: দাস, আমি তো বলেছি, সকলের একটু করে সময় না কাটলে প্রত্যেককে আমি বলার অপারচুনিটি দিতে পারবো না।

Shri Anadi Das : আচ্ছা, স্যার, গৃহ যুদ্ধ তার মানে হচ্ছে এই যে আমেরিকাকে তাড়াবার জন্য, আমেরিকার সৈন্যকে তাড়াবার জন্য ভিয়েৎনামবাসী যে সংগ্রাম করছে যে যুদ্ধ বন্ধ করা হোক, এবং আমেরিকান সৈন্য, অস্ত্রশস্ত্র ইত্যাদি নিয়ে সেখানে থাকুক এর থেকে চমৎকার আমেরিকার দালালী আর কি হতে পারে?—আমেরিকান সৈন্য যাতে সেখানে থাকতে পারে তার মত ব্যবস্থা এই প্রস্তাবের মধ্যে করা হয়েছে। কাজেই কংগ্রেসী সদস্যদের আমি স্মরণ করিয়ে দিতে চাই গান্ধীজীর কথা যে সমস্ত বিদেশী শক্তি চলে যাক, আমরা যখন ১৯০২ সালে স্বাধীনতার জন্য আন্দোলন করছি তখন ইংরাজরা একথা তুলেছিল যে আমরা যদি চলে যাই তাহলে তোমরাতো মারামারিকাটাকাটি করবে—তখন গান্ধীজী বলেছিলেন Leave us to God or satan but not to you তোমরা বিদেশী চলে যাও, আমাদের ভাগ্য আমরা নির্ণয় করবো। সেকথা কি কংগ্রেসী সদস্যরা ভুলে গেছেন যে সমস্ত বিদেশী শক্তি ভিয়েৎনাম থেকে চলে যাক। একথা পরিষ্কার সত্য যে ভিয়েৎনামের জনগণ যারা আমেরিকার বিরুদ্ধে লড়ছে তাদের পক্ষে তো অন্য কোন বিদেশী শক্তি নেই, একমাত্র আছে আমেরিকার সৈন্য যারা এই যুদ্ধকে প্রসারিত করতে চায়। আমি স্যার, আর একটা কথা বলছি যে এখানে যারা কংগ্রেসপক্ষে যারা বক্তৃতা দিয়েছেন তার মধ্যে কোন পজেটিভ কথা নেই। সেখানে যে বিষবাষ্প প্রয়োগ করা হচ্ছে তার একটা ঘটনা বলছি গত আগস্ট মাসে সেখানে ট্রেঞ্চের মধ্যে লুকিয়েছে বোমার ভয়ে কয়েকশত লোক তখন সেখানে গিয়ে বিষবাষ্প প্রয়োগ করা হয়েছে এবং সেখানে সেই বিষবাষ্পকে যাতে ভাল করে প্রয়োগ করা যায় তার জন্য জাপান থেকে ইনষ্টিটিউট অব রিসার্চেস এণ্ড ব্যাকটিরিওলজি এ্যাণ্ড মিনিষ্ট্রি এখানে এনে স্থাপন করা হয়েছে যাতে ভাল করে বিষ তৈরী করে জনসাধারণকে মারা যায়।

Dr. Protap Chandra Chandra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডা: নারায়ণ রায় খুব অভিজ্ঞ চিকিৎসক একথা আমরা সকলেই জানি। সেজন্য আমি তাকে শ্রদ্ধা করি। কিন্তু বড় ডাক্তারেরও যে মাঝে মাঝে ভুল হয় সেটা আমরা দেখতে পাচ্ছি তাঁর এই প্রস্তাব উত্থাপনের মধ্য দিয়ে। তিনি ভুল করেছেন আমার মতে এই যে রোগের লক্ষণের সংগে রোগকে তিনি মিলিয়ে ফেলেছেন। আজকে ভিয়েৎনামে যে অশান্তি দেখা দিয়েছে, যে অশান্তি হচ্ছে তা লক্ষণ মাত্র। আসলে রোগটা কোথায় সেটা তিনি মনেপ্রাণে জানেন, কিন্তু সাহস করে তিনি সেটা বলছেন না। সেটা হচ্ছে এই যে আজকে পৃথিবীতে একদিকে রয়েছে নয়া সাম্রাজ্যবাদী শক্তি এবং অন্যদিকে রয়েছে নয়া সম্প্রসারণবাদী শক্তি। এই দুই শক্তির মধ্যে সংঘাত যেখানে সেখানে দেখা দিয়েছে বা তার সম্ভবনা রয়েছে পৃথিবীর সর্বত্রই সেই সমস্ত জায়গাতে অশান্তির আগুন জ্বলে উঠেছে—কোথাও বা বেশী কোথাও বা কম। ভিয়েৎনামে খুব বেশী করে উঠেছে কেন না এই দুই শক্তির মধ্যে একটা সংঘাত অনেকদিন ধরে সেখানে চালু হয়ে রয়েছে। আমরা নিশ্চয় মার্কিন যে বর্বরতা করছে, সেখানে নির্বিচারে যে বোমাবর্ষণ করছে, সেখানে সাধারণ নিরীহ মানুষের উপর বোমা ফেলে তাদের ঘর বাড়ী জ্বালিয়ে দিচ্ছে, মানুষকে হত্যা করছে, তার আমরা নিন্দা করব। আমাদের জাতীয় সরকার নানাভাবে সেইরকম প্রক্রিয়ার নিন্দা করেছেন। কাজেই সেদিক থেকে নারায়ণ বাবুর এই প্রস্তাবের সংগে আমাদের কোন অমত থাকবার কথা নয়। কিন্তু সংগে সংগে অন্যদিকে ঐ যে নয়া সম্প্রসারণবাদী শক্তি মাথা চাড়া দিয়ে উঠেছে তার কথা যদি নারায়ণবাবু উল্লেখ করতেন তাহলে এই প্রস্তাব একদেশদর্শী হত না এবং এই প্রস্তাবের মধ্যে যে ত্রুটি থাকছে সেটা ত্রুটিমুক্ত হয়ে যেত। সেইজন্য আমি কিছুতেই তাঁর এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। আমরা দেখছি কি আজকে হঠাৎ দক্ষিণপূর্ব এশিয়াতে চীনা সম্প্রসারণবাদী শক্তি তার কাছাকাছি যে সমস্ত রাজ্যগুলি আছে, সে ছোট রাজ্য হোক বা বড় রাজ্য হোক, তারা সেখানে লোলুপদৃষ্টি দিয়েছে।

আমরা নিজেরা জানি ভারতবর্ষের প্রায় ১৪ হাজার বর্গমাইল জমি এখনও কমুনিষ্ট চীনের অধীনে রয়েছে। আজকে ভিয়েৎনামে যে সংগ্রাম শুরু হয়েছে তা গৃহযুদ্ধ দিয়ে হয়তো শুরু হয়েছিল, কিন্তু আজকে সেই গৃহযুদ্ধের মধ্যে সেটা সীমাবদ্ধ নেই। আজ তাই প্রবাদ কথা যেটা আছে যে "রাজায় রাজায় যুদ্ধ হয় উলু খাগড়ার প্রাণ যায়", নিরীহ ভিয়েৎনামবাসীরও তাই অবস্থা হয়েছে এই দুই প্রচণ্ড শক্তির সংঘাতের মধ্যে। এই দুই শক্তি তারা যদি তাদের সমস্ত কিছু পরিত্যাগ করে ক্ষমতার দ্বন্দ্ব পরিত্যাগ করে আজকে বাস্তবিক পক্ষে শান্তি চাইতো তাহলে ভিয়েৎনামে শান্তি হত। কিন্তু নারায়ণবাবু বলছেন একতরফা কথা তিনি বলছেন মার্কিন সাম্রাজ্যবাদ তার সমস্ত শক্তি সেখান থেকে হটিয়ে নিয়ে যাক। ধরে নিই তর্কের খাতিরে সেখান থেকে মার্কিন সাম্রাজ্যবাদ তার সমস্ত শক্তি হটিয়ে নিয়ে গেল—তাহলে কি সেখানে শান্তি হবে? সেখানে ভিয়েৎনাম চীনের খপ্পরের মধ্যে পড়বে। যেমন বাঘের পেটের মধ্যে ছাগল গিয়ে শান্তি লাভ করে তেমনি ভিয়েৎনামবাসীদেরও সেই অবস্থা হবে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইন্দোনেশিয়ার কথা। ইন্দোনেশিয়ায় মার্কিন সাম্রাজ্যবাদী ছিল না। সেখানে কমুনিষ্ট পার্টি অত্যন্ত শক্তিশালী দল ছিল। আমরা শুনেছি সেখানে পৃথিবীর মধ্যে অত্যন্ত শক্তিশালী দল ছিল কমুনিষ্ট পার্টি। সারা পৃথিবীর মধ্যে বড় বড় শক্তিশালী কমুনিষ্ট দল আছে তারমধ্যে দ্বিতীয় শক্তিশালী দল ছিল কমুনিষ্ট পার্টি এবং তারা পুরাপুরি চীনাপন্থী। কিন্তু ইন্দোনেশিয়ার অবস্থা কি—সেখানে নানাভাবে চক্রান্ত করে একটা অভ্যুত্থান ঘটিয়ে তাঁরা নিজেদের ক্ষমতা কায়েম করতে গেলেন, তার প্রতিফল সেখানে আমরা দেখছি। আজকে ইন্দোনেশিয়ায় এই অবস্থা। কালকের খবরের কাগজে পড়লাম, একদল বলছে যে এক লক্ষ কমুনিষ্টকে কোতল করে দেওয়া হয়েছে, আর এক দল বলছেন যে না দু লক্ষ কমুনিষ্টকে ইন্দোনেশিয়ায় কোতল করে দেওয়া হয়েছে। এটা আমরা অত্যন্ত ঘৃণ্য বলে মনে করি যে মানুষকে কোন রাজনৈতিক কারণে হত্যা করবে। আফ্রিকার দিকে চেয়ে দেখুন—সেখানে মারকিন সাম্রাজ্যবাদী শক্তি প্রত্যক্ষভাবে সৈন্য পাঠায় নি, অথচ সেখানকার বিভিন্ন দেশগুলি আজকে চীনের প্রকোপে অতিষ্ঠ হয়ে উঠেছে। উগাণ্ডার যিনি রাষ্ট্রনায়ক তিনি বলছেন যে তাঁকে টাকা দিয়ে কিনে নেবার চেষ্টা হয়েছিল। রুরুণ্ডা একটা ছোট দেশ, সেখান থেকে চীনাকে তাড়িয়ে দেবার চেষ্টা হয়েছিল এবং অন্যান্য যে সমস্ত আফ্রিকান দেশগুলি আছে তাঁরা চীনা সম্প্রসারণবাদী নীতি পরিত্যাগ করে তাঁদের নিজেদের নীতি ঘোষণা করছেন। সেইজন্য আজকে দেখতে পাচ্ছি মারকিন সৈন্য সরিয়ে নিলেই হবে না এখানে চীন যে পিছন থেকে নানাভাবে চক্রান্ত করছে তার বিরুদ্ধেও বিধানসভা থেকে আমাদের বলা উচিত। নারায়ণবাবু যদি দু' দিকটাই দিতেন তাহলে তাঁর প্রস্তাবটা আমরা পুরোপুরি সমর্থন করতে পারতাম। আমাদের মাননীয় নিখিলবাবু বললেন যে চীনের সৈন্য যে সেখানে আছে তার তো কোনো প্রমাণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ মংগোলীয় জাতীকে চেনা বড় শক্ত—থ্যাবড়া নাক, বাঁকা চোখ আর হলদে মুখ—কে যে চীনা আর কে যে ভিয়েৎনামবাসী তা চেনা বড় শক্ত। কিন্তু সাদা চামড়ার মানুষ যদি সেখানে যায় তাহলে আমরা চট করে চিনে নিতে পারি। ভয়েস অব চায়নার যে সমস্ত রেডিও পিকিং থেকে খবর মাঝে মাঝে আমাদের কানে আসে সেখান থেকে আমরা জানি যে কিভাবে তাঁরা ভিয়েৎনামবাসীকে সাহায্য করছে। এ বছর বন্ধ হয়ে গেছে, গত বছর পর্যন্তও পিকিং থেকে চায়না পিকটোরিয়াল বলে একটা ছবির কাগজ পাঠান হত। তাদের ধারণা ছিল এসব ছবি

[5-20—5-30 p. m.]

দেখিয়ে আমাদের ভুলিয়ে দিতে পারবে। এখন এই ছবির কাগজে দেখা যাচ্ছে যেভাবে চীনেরা সাহায্য করছে ভিয়েৎনামবাসীদের অস্ত্র দিয়ে কিভাবে গুলিগোলা সরবরাহ করছে এমন কি চীনের থিয়েটার অপেরা শুরু করে দিয়েছে ভিয়েৎনামবাসীদের এই গুরুত্বপূর্ণ সংগ্রামের নাম করে সেখানে অপেরায় এসব ছবি দেখান হচ্ছে। এসব ছবি আমার কাছে আপনি যদি দেখতে চান দেখাতে পারি, কারণ কাগজগুলো রেখে দিয়েছি। এথেকে বোঝা যায় একসময় ইংরেজদের এ সম্পর্কে উপহাস করা হত **Englishmen will fight till the last Frenchman.**

আজকে চীন সম্পর্কে বলা যায়, Chinese will fight till the last Vietuamese. আজকে ভিয়েৎনাম অবস্থা দেখে বুঝতে পারা যায় যে আমেরিকার শক্তির বিরুদ্ধে তাদের মারাত্মক অস্ত্রশস্ত্রর বিরুদ্ধে ছোটখাট চীনা হাতিয়ার নিয়ে লড়াই করা সম্ভব নয় বলে তারা ব্যস্ত হয়ে রাশিয়ার দারস্থ হয়েছেন। সেখানে আমরা দেখছি Ho Chi-Minh যিনি এক সময় চীনের খপ্পরের মধ্যে থাকতে চেয়েছিলেন, কিন্তু এখন আর থাকতে চাচ্ছেন না, দেখছেন যদি রাশিয়ার সাহায্য নিয়ে কোন রকমে একটা সম্মানজনক চুক্তি হতে পারে বা শান্তি স্থাপিত হতে পারে, আজকে Ho Chi-Minhএর সে অবস্থা। তাই আজকে আনন্দবাবু যে সংশোধনী প্রস্তাব উপস্থিত করছেন সেটা আমি সমর্থন করি। গৃহযুদ্ধ কথাটা এখানে বড় করে দেখান হয়েছে, কিন্তু গৃহযুদ্ধ একটা উপলক্ষ্য মাত্র, আসল রোগ যেটা সেটা আমি আগেই উল্লেখ করেছি। তাই আনন্দবাবুর যে সংশোধনী প্রস্তাব তাতে ঐ গৃহযুদ্ধ কথাটা তুলে দিয়ে শুধু বলব ভিয়েৎনামে যে অবস্থা হয়েছে—বিশ্বযুদ্ধ ত্বরান্বিত হয়েছে—তাহলে আমি আরো বেশী আনন্দিত হব, যা হোক সেটা যদি সম্ভব না হয় তাহলে আনন্দবাবুর প্রস্তাবের মধ্যে আমরা কি দেখছি যে কোন একটা বিশেষ শক্তির নাম করা হচ্ছে না, অথচ শান্তির জন্য সমস্ত জায়গার নিরপেক্ষ দেশগুলি একত্র মিলিত হয়ে চেষ্টা করছে এই আশা পোষণ করা হচ্ছে, আমি এই কারণে আনন্দবাবুর সংশোধনী প্রস্তাব আমার মন্তব্য সহযোগে সমর্থন করছি।

Shri Jiban Krishna Dey : স্যার, স্বভাবতঃই আমার কাছে একটা দিনের কথা মনে হচ্ছে, সেদিন যে দিন ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের স্বর্ণ যুগ চলছিল। যখন Bercelonaর চারিদিকে বোমা পড়ছে সে আমাদের মনে পড়ে আমাদের জনপ্রিয় নেতা নেহেরু, স্পেনের ময়দানে দাঁড়িয়ে প্রত্যক্ষ করেছিলেন ফ্যাসিলিইজম কি, যুদ্ধ কি এবং সাম্রাজ্যবাদ কি ? আমরা দেখেছি চীন যখন জাপান আক্রমণ করে তখন আমরা দেখেছি ভারতের জাতীয় কংগ্রেস তার হাতে শাসনক্ষমতা না থাকলেও, শক্তি না থাকলেও, অস্ত্র না থাকলেও আমরা দেখেছি জনগণের শুভেচ্ছা এবং জনগণের সাম্রাজ্যবিরোধী মনোভাব থেকে মিলিত হয়ে ভারতীয় কংগ্রেস সেখানে জাপানী সাম্রাজ্যবাদের হামলার বিরুদ্ধে আমাদের জাতীয় কংগ্রেস থেকে Medical Mission পাঠিয়েছিলেন। এবং সেই Medical Mission-এ ভারতের জাতীয় জীবনে আমাদের জাতীয় ঐতিহ্য একটা অদ্ভুত হয়ে রয়ে গেছে এবং ভবিষ্যতেও থাকবে বলে আমরা মনে করি। লক্ষ লক্ষ লোক এবং কোটি কোটি ভারতবাসী এবং সারা পৃথিবীকে অনুপ্রাণিত করেছিল জাতীয় কংগ্রেসের সাম্রাজ্যবিরোধী ভূমিকা। আমরা তা ভুলে যেতে পারিনি, Dr. Kotnis, Dr. Atal, Dr. B. K. Basu প্রত্যেকটা নাম আমাদের দেশের কে না জানে। আজকে আমরা যখন দেখি তার পরে সেই জাতীয় কংগ্রেসের হাতে State Power আসে, হাতে অস্ত্র ও সৈন্য রয়ে গেছে তার সে সৈন্যরা কি করেছে। আজ অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। মাননীয় স্পীকার, স্যার, মাত্র কয়েকদিন আগে Statesman কাগজে খবর বেরিয়েছে যে Vietcong-রা গুলী মেরে Saigon-এর কাছে একটা বিমান ফেলে দিয়েছে তাতে যারা নিহত হয়েছেন তাদের মধ্যে ৫ জন ছিলেন ভারতীয় এবং তার মধ্যে আবার Captain D. K. Bhattacharjee তিনি ছিলেন বাঙ্গালী। মাননীয় স্পীকার, স্যার, বাংলার কাগজগুলি এ নিয়ে গর্ব করেনি বা কোন হৈ-চৈ করেনি আমাদের দেশে। আজকে আপনি যদি জিজ্ঞাসা করেন তা হলে দেখবেন আমাদের দেশের শতকরা ১ জন লোকও জানে না সেই হতভাগ্য দীপক ভট্টাচার্য্যর সম্বন্ধে। জানে না এই মতই আমি পোষণ করি। কি ব্যাপার ? Dr. Kotnis দেশের লোকের কাছে, দুনিয়ার কাছে অমর হয়ে থাকল আর একই জিনিসের জন্য ডাঃ ভট্টাচার্য্য প্রাণ দিলেন সমস্ত কাগজগুলি তখনও পর্যন্ত তার সেটুকু তুলে ধরতেও সাহস পেলেন না, লুকিয়ে রাখলেন এটাই হচ্ছে বাস্তব অবস্থা। এর কারণ কি ? কারণ যা আমাদের শ্রদ্ধেয় শ্রীপ্রতাপ চন্দ্র চন্দ্র তা বুঝতে পারবেন না বা বুঝতে পারলেও তা স্বীকার করতে চান না। আজকে ডাঃ ভট্টাচার্য্যকে Vietnam-এ যে কাজে লাগান হয়েছিল সেটা হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনের জন্য ঐ ভিয়েতনাম জনগণের সেবা করার জন্য বা চিকিৎসা করবার জন্য নয়, মার্কিন

সাম্রাজ্যবাদের যে আক্রমণ করতে গিয়েছে ভিয়েতনামে এবং যার অপকীর্তির অন্ত নেই, সেই আক্রমণ, সেই জল্লাদ তার সৈন্যদের সেবা করতে আজকে ভারতের যুবকদের, ভারতীয় ডাক্তারদের নিয়োগ করা হয়েছে। এই লজ্জার কথা ভারতবাসী কোনদিন ভুলবে না এবং এ লুকাবার জায়গা নেই। মাননীয় স্পীকার, স্যার, এই প্রসঙ্গে আমি বলতে চাই যে অন্যসব পরের কথা আমরা এটা যদি জানি যে আমেরিকানরা ভিয়েতনামে কি অবস্থা করছে। Saigon-এর কথা জানেন, সেখানে সারা রাত বার, হোটেল এবং কাফেগুলোতে সমস্ত হৈ চৈ করে টিঁকে থাকছে। সারা রাত গানবাজনা থামে না, হৈ হুল্লোর এক অদ্ভুত আড্ডা সেখানে সুরু করে দিয়েছে। সারা দক্ষিণ ভিয়েতনামে পাঁচ ভাগের এক ভাগ জায়গা মাত্র দখলকারী আমেরিকান সাম্রাজ্যবাদ তার সৈন্য নিয়ে বসে আছে, বিমান ক্ষেত্র, নৌ ঘাঁটি সহ যুদ্ধের যেসব জায়গা সারা Saigon শহর হৈ হুল্লোড় করে দেখাতে চায় দক্ষিণ ভিয়েতনামে যারা নাগরিক তারা ভিয়েৎকংকে বাধা দিচ্ছে, দক্ষিণ ভিয়েতনামের মুক্তিযোদ্ধাদের বাধা দিচ্ছে, তারা জীবিত কিন্তু তাদের সেখানে ভিয়েতনাম জনগণের নামগন্ধও নেই। আছে শুধু আমেরিকান সৈন্যদের হুল্লোড়, আমেরিকান সৈনিকদের একটা জীবনযাত্রা বজায় রাখা—যার মধ্য দিয়ে আমরা দেখছি যুদ্ধের প্রকৃত কি অবস্থা। আনন্দ গোপাল বাবু গৃহযুদ্ধের কথা আনতে চেয়েছেন। স্যার, গৃহযুদ্ধের ভূমিকা আজকে দক্ষিণ ভিয়েতনাম এবং উত্তর ভিয়েতনামের বহু জায়গায়ই শেষ হয়ে গেছে। গৃহযুদ্ধ সেখানে নেই একটাই মাত্র সেখানে আছে তা হল স্বাধীনতার যুদ্ধ এবং সেই কথা থেকে বিস্মৃত হবার ফলেই আমাদের দেশের জাতীয় কংগ্রেস নেতারা আজকে সব তালগোল পাকাচ্ছেন। আজকে যার জন্য যে ভাবে সাহস নিয়ে, তারা উচ্চ পদ নিয়ে, তাদের ধৈর্য্য শক্তি নিয়ে সারা পৃথিবীর কাছে দাঁড়িয়েছে সেখান থেকে বিচ্যুত হবার ফলে আজকে ভিয়েতনামের ক্ষেত্রে মুখ বুজে থাকতে হচ্ছে—ল্যাজ গুটিয়ে আমাদের থাকতে হচ্ছে। আমেরিকার পি, এল, ৪৮০ ধারার যে গম সেই গম এবং তার লোভে আজকে আমেরিকান হুকুম বরদাস্ত করতে হচ্ছে। যে ভিয়েতনামের ময়দানের কথা আমরা জানি, Congo-এ আমাদের বহু যুবক প্রাণ তারা দিয়েছে তাদের নাম আজ আমরা জানিনা, বহু যুবক চলে গেছে, তাদের নাম সারা ভারতবর্ষ সারা পৃথিবীর ইতিহাসের জায়গায়, শহীদদের জায়গায় স্থান পায় যুদ্ধের হিসেবে আন্তর্জাতিক মানবতাবোধে আজকে নেতা হিসেবে উল্লেখযোগ্য থাকতেন। কিন্তু সরকার সেখান থেকে বিচ্যুত হয়েছেন। আজকে আমরা Tashkent-এর কথা বলছি, বর্তমানে আমাদের কংগ্রেসের বহু বন্ধুও অত্যন্ত দুঃখের এবং লজ্জার বিষয় যে, Tashkent নিয়ে এত কিছু হবার পরেও এই বিধানসভায় বলতে বলতে একটা বলে ফেলেন রাশিয়ার সাম্রাজ্যবাদের কথা। তিনি বলেছেন তবে অনেকেরই এটা মনে আছে—একজন তাদের মধ্যে বলে ফেললেন মাত্র। যা হোক আজকে এর দ্বারাই এটা প্রকাশ পায়। এটা গোপন কথা নয়, ব্যাপারটা কি সেটা সকলেই জানেন। Tashkent ঘটনার পরে সাম্রাজ্যবাদীরা কি ভাবে ভারতবর্ষের প্রতি তৎপর হয়ে উঠেছে এবং তাই American lobby আজকে কিরূপ তৎপর হয়ে কাজ সুরু করে দিয়েছে। কয়েকদিন আগের আনন্দবাজার খুললেই এটা পরিষ্কারভাবে দেখতে পাওয়া যায় যে Tashkent-এর পরিণতি কি তা নিয়ে তারা নানান রকম সন্দেহের সৃষ্টি করছে। American lobby থেকে বলে যে এটা এখানেই শেষ হয়ে গেছে শাস্ত্রীর সাথে সাথেই। এটা হল American Voice, আমাদের বহু কংগ্রেস নেতাদের মধ্যেও এরা রয়ে গেছে যার জন্য তারা বাকীটা ঘুরিয়ে বলেন। মাননীয় স্পীকার, স্যার, আজকে আমরা জানি যে আজকে মহাবীর ত্যাগী পদত্যাগ করেছেন। করেছেন কি কারণে পাছে কামরাজ প্রধানমন্ত্রী হন এই কারণে তার মনোনীত মার্কিনী ঘেঁসা পাতিল সাহেব বা মোরারজী দেশাই প্রধানমন্ত্রী হতে না পারেন এই শোকে এবং এই দুঃখে, তাই আমাদের বিরোধী দল থেকে যে প্রস্তাব এনেছেন আমি তা পুরাপুরি সমর্থন করি এবং আমি মনে করি আরও বলিষ্ঠতার সাথে নিজের বুকে হাত দিয়ে কংগ্রেসের দিকে চেয়ে আজ কংগ্রেস বন্ধুদের উচিত শেষ সময়ে এই সংশোধনী প্রস্তাব প্রত্যাহার করে নিয়ে আমাদের প্রস্তাব পুরাপুরি সমর্থন করা যেটা আমরা করছি।

[5-30—5-40 p. m.]

Shri Khagendra Nath Das Gupta : মাননীয় স্পীকার মহোদয়, এই প্রস্তাবটি আদৌ উত্থাপিত হোক, এটা আমি চাইনি। এবং তার কারণও আমি উল্লেখ করেছিলাম তখন যে পররাষ্ট্র বিষয় নিয়ে আলোচনার প্রকৃত ক্ষেত্র রাজ্যের বিধানসভা নয়। ভিয়াৎনাম সংগ্রামে কোন রাষ্ট্র কতখানি দোষী, বা কোন রাষ্ট্র কতখানি সাম্রাজ্যবাদী ভূমিকা অবলম্বন করেছে, এরও বিচারক্ষেত্রে কোন রাজ্যের বিধানসভা নয়। কিন্তু আমরা একটা বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট, সেটা হচ্ছে যে, যদি ভিয়েৎনামের সংগ্রাম চলতে থাকে তাহলে তৃতীয় বিশ্বযুদ্ধ আসন্ন হয়ে উঠতে পারে। তৃতীয় বিশ্বযুদ্ধ যেন ঘনীয়মান হয়ে উঠেছে। সেদিক থেকে তৃতীয় বিশ্বযুদ্ধ যদি লেগে যায়, ইচ্ছায় হোক, অনিচ্ছায় হোক, ভারতবর্ষকে জড়িত হয়ে পড়তে হবে, এবং ভারতবাসী হিসাবে আমাদের তার পূর্ণ ফলভোগ করতে হবে। এই জন্য এদিক থেকে আমাদের একমাত্র কাম্য হতে পারে এই যুদ্ধের শীঘ্র অবসান ঘটুক। এই যুদ্ধের অবসান ঘটনার জন্য এই উপায় নয়, যে কে কতখানি দোষী, সেটা নিয়ে বিতর্ক উত্থাপন করা। কিন্তু লড়ায়ের সময় আপস রফা কাজে অগ্রসর হতে হলে, উভয় পক্ষের কথা ধৈর্যের সঙ্গে শুনে, তার ভিতর থেকে কোন মীমাংসার সূত্র বের করা যেতে পারে কিনা, সেদিকে দৃষ্টি দিতে হয়। আমি শুনে একটু আশ্চর্য হলাম। আজকে পৃথিবীর সর্বত্র একটা আপস মীমাংসা করবার জন্য নানারকম প্রচেষ্টা চলছে। বড় বড় রাষ্ট্রদূতরা ছোটাছুটি করছেন, নানারকম আলাপ, আলোচনা চলছে। আমি একটু আগে বলেছিলাম, আমাদের ভারতবর্ষের রাজধানী দিল্লীতে, আমাদের প্রিয়নেতা প্রধান মন্ত্রীর দেহত্যাগের পর, যখন বিভিন্ন রাষ্ট্রের কর্ণধারগণ সমবেত হয়েছেন, দিল্লীতেও এ নিয়ে আলোচনা হয়েছে আমরা দেখছি। রাশিয়ার প্রধান মন্ত্রী, আমেরিকার ভাইস-প্রেসিডেন্ট, এঁরা আলোচনায় বসেছেন, এটা শুভ লক্ষণ মনে হচ্ছে। এইসব আলোচনা যখন কিছু কিছু চলছে, এবং একটা শান্তির আবহাওয়া সৃষ্টির প্রচেষ্টা চলেছে, তখন আমাদের দিক থেকে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, এই প্রস্তাব একদম না আনাই উচিত ছিল। এবং যে প্রস্তাব এখানে এসেছে তা সময়োপযোগী নয়। যে সংশোধনী প্রস্তাব, মাননীয় সদস্য আনন্দ গোপাল মুখোপাধ্যায় মহাশয় উত্থাপন করেছেন, সেটা একমাত্র যোগ্য হতে পারে। এই কয়েকটি কথা বলে, আমি মূল প্রস্তাবের বিরোধিতা করছি, এবং সংশোধনী প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

Dr. Narayan Chandra Roy : মাননীয় স্পীকার মহাশয়, আমি আনন্দ গোপালবাবুর এই সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করছি তিনটি কারণে। এই এক দুই, তিনটি কারণের জন্য এই সংশোধন প্রস্তাবটা আমি নিতে পারছি না। এরমধ্যে প্রথম কারণ হচ্ছে এর সম্পূর্ণ জোরটা "গৃহযুদ্ধের" উপর তিনি দিয়েছেন।

Shri Ananda Gopal Mukhopadhyay : স্যার, ডা: নারায়ণ রায় কিছু বলার আগে আমাদের মাননীয় সদস্য ডা: প্রতাপ চন্দ্র চন্দ যুদ্ধের যে কথাটা বলেছেন আমি সংশোধনীর মধ্যে গৃহযুদ্ধের সেই কথাটা প্রত্যাহার করে নিতে চাই।

Dr. Narayan Chandra Roy : আর বাকি যেটুকু রইল সেটাও আমি গ্রহণ করতে পারি না এই জন্য এই জায়গায় সমস্ত অঙ্গুলী সমস্ত প্রস্তাবটা মার্কিন সাম্রাজ্যবাদের উপরে আছে। সেটা গৃহযুদ্ধ রেখে দিলে ও থাকবে, তুলে দিলেও থাকবে। আজকে পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় নূতন ঘটনা হচ্ছে এই শক্তিমান আমেরিকান সাম্রাজ্যবাদ বিভিন্ন দেশে দলননীতি, দমননীতি ও লুণ্ঠননীতি নিয়ে গিয়েছে সেই দেশের মানুষ আত্মরক্ষা করবার জন্য তার দরিদ্রতম প্রচেষ্টা তার ক্ষুদ্রতম অস্ত্র এই নিয়ে তারা দাঁড়াতে পেরেছে, তাদের পেছনে তার আর কিছু নাই। আজকে পৃথিবীতে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বড় অভিযোগ যে সব জায়গায় তারা লুণ্ঠন করতে চায়। চীনের কথা আজ থেকে পাঁচ বছর আগে বলেছেন, এখন বলছেন রুশ। নূতন কথা হচ্ছে সাম্রাজ্যবাদ

যখন লুণ্ঠন করতে গেছে, মানুষ যখন স্বাধীনতা রক্ষার জন্য দাঁড়িয়েছে, তারা পেছনে আর একটা বল পেয়েছে সকলে তাদের সাহায্যের জন্য এগিয়ে এসেছে সেটা এই প্রস্তাবের মধ্যে আছে। এইজন্য এই দুটো এককথা নয়। কাজেই আমি ডাক্তার হিসেবে ভুল ডাক্তারী করিনি, চন্দ্র সাহেব, আমি ডাক্তার হিসেবে ঠিকই করেছিলাম যখন এই প্রস্তাবটা করেছি। আমার প্রস্তাবে এই কথা আছে। আমেরিকান সাম্রাজ্যবাদের এই সমস্ত অনাচার ভিয়েৎনামে অনুষ্ঠিত হয়েছে এখানে এটুকু নাই যেখানে আনন্দবাবু সংশোধনী দিয়েছেন তারমধ্যে সমগ্র মার্কিন সৈন্য ও সমরসম্ভার অপসারনের দাবি। এটা আমার আর একটা দাবী। এই প্রস্তাবের মধ্যে সেটা নাই। এটা দ্বিতীয় মূল কারণ যে জন্য আমি এটা নিতে পারলাম না।

তিন নম্বর হচ্ছে যে জন্য চীন বলেছেন, এর জন্য দিনকতক আগে রুশ বলেছেন, তার আগে জার্মান বলেছেন। তার মূল্য নাই। পরাধীন জাতি স্বাধীনতার জন্য লড়বার জন্য তার যা সম্পত্তি আছে নিশ্চয়ই তাই নিয়ে লড়বে এবং এদিক ওদিক সাহায্যের জন্য হাত বাড়াবে। তাতে যার স্বার্থ আছে সে করতে পারে। ভিয়েৎনামের সয়েল থেকে মার্কিন সৈন্য অপসরণ সম্পর্কে আমার প্রস্তাব পরিষ্কার। এখানে আমার বক্তব্য সংক্ষেপে রাখছি। সেই জন্য এই দুটো কারণে বলেছিলাম গৃহযুদ্ধ আসল কারণ নয় আমেরিকা আক্রমণ করেছে এবং আমেরিকার আক্রমণের জন্য Vietnam আজ দুভাগে ভাগ হয়েছে। এর সমাধান রয়েছে তাসখন্দনীতির মধ্যে বলে আমি মনে করি। তারমধ্যে একথা কি নিহিত আছে যে ভিয়েৎনামকে দু-টুকরা করে রাখি? কোন রকম status quo যদি আজ রাখতে হয় inside Vietnam তাহলে stress দিতে হবে দু-টো ভিয়েৎনামকে unified করে একটা সংগঠিত রাষ্ট্রে পরিণত করবার জন্য নিজেদের মধ্যে প্রচেষ্টা করতে হবে সেখান থেকে আমেরিকার সৈন্য অপসারনের পর। সেই জন্য এই তিনটি কারণ গৃহযুদ্ধের কথা আসল কারণ নয় আমেরিকার সৈন্যসম্ভার সরে যাওয়া হচ্ছে আসল। তিন নম্বর হচ্ছে ঐটা unified করে ভিয়েৎনাম রাষ্ট্র গঠন করবার চেষ্টা। এই তিনটির উপর জোর দিয়ে আমার বক্তব্য শেষ করছি। সেই জন্য আনন্দবাবুর সংশোধনী প্রস্তাব আমি গ্রহণ করতে পারলাম না।

The motion of Shri Ananda Gopal Mukhopadhyay that for the words beginning with 'মার্কিন যুক্তরাষ্ট্র' in the fifth line and ending with 'সমাজতান্ত্রিক' in the fifth line, the following be substituted :

> "গৃহযুদ্ধের দরুণ ভিয়েৎনামে বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে ত্বরান্বিত করিয়া তুলিতেছে সেই হেতু বিধানসভার সুস্পষ্ট অভিমত এই যে, যাহাতে কোনক্রমেই বিশ্বযুদ্ধের সম্ভাবনা রূপায়িত হইতে না পারে তজ্জন্য দক্ষিণ ও উত্তর ভিয়েৎনামে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য তাসখন্দে অনুসৃত শান্তির পথ নির্দেশক নীতিকে অনুসরণ করিয়া পৃথিবীর অন্যান্য জোট-নিরপেক্ষ"।

was then put and agreed to.

The motion of Dr. Narayan Chandra Roy, as amended namely :

> যেহেতু গৃহযুদ্ধের দরুণ ভিয়েৎনামে বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে ত্বরান্বিত করিয়া তুলিতেছে, সেই হেতু বিধানসভার সুস্পষ্ট অভিমত এই যে, যাহাতে কোনক্রমেই বিশ্বযুদ্ধের সম্ভাবনা রূপায়িত হইতে না পারে তজ্জন্য দক্ষিণ ও উত্তর ভিয়েতনামে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য তাসখন্দে অনুসৃত শান্তির পথ নির্দেশক নীতিকে অনুসরণ করিয়া পৃথিবীর অন্যান্য জোট নিরপেক্ষ দেশগুলির সহিত সম্মিলিতভাবে কার্যকরী পন্থা গ্রহণের উদ্দেশ্যে ভারত সরকারকে অনুরোধ জানানো হউক।"

was then put and agreed to.

Shri Gopal Banerjee : Sir, I beg to move that the Assembly is of opinion that the Government of India be requested to stop importing of foodstuffs from the U.S.A. through agreements under P. L 480 and to take the follwing measures to make the country self-sufficient in food :

(a) undertake agrarian reforms with a view to give land to the tillers of the soil ;

(b) introduce moratorium on debts of peasants and take steps for advancing adequate loan to peasants ;

(c) provide improved seeds, fertilizer, irrigation facilities to the peasants in time ; and

(d) supply consumer goods the peasants at pair price.

Adjournment

The House was then adjourned at 5-40 p.m. till 1 p.m. on Monday, the 17th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 17th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 101 Members.

[1-00—1-05 p.m.]

OBITUARY

Mr. Speaker : Honourable members,

It is my melancholy duty to announce the passing away last night at the age of 77 of Rai Harendra Nath Chaudhuri, the well-known elder statesman and former Education Minister of West Bengal.

He was elected to the Bengal Legislative Council in 1920 and took a prominent part in its activites as the Secretary to the Congress Party in Council from 1926 to 1929. He was elected in the Bengal Legislative Assembly in 1937. He played a prominent role in the Opposition during the regime of the Muslim League. He entered the West Bengal Cabinet to take up the Education Portfolio in 1948 under Dr. B. C. Roy. A monumental work under his able stewardship was the passing of the Calcutta University Act, 1951. In 1957 he came back to the West Bengal Legislative Council from the State Assembly and again as Education Minister was instrumental in establishing four new Universities in West Bengal. The passing of the West Bengal Urban Primary Education Act, 1963, providing for free and compulsory primary education in the municipal areas, and of the West Bengal Board of Secondary Education Act, 1963, stands to the abiding achievements of Shri Rai Chaudhuri. He combined in himself the finest traditions of scholarship and simplicity which endeared him to all the members of this Legislature and other people who came in intimate contact with him. His association with this Legislature is still too fresh in the minds of his friends and colleagues to whom his passing away will be an irreparable loss.

Honourable members, I would now request you to stand in your places in silence for two minutes as a mark of respect and tribute to the memory of Shri Rai Chaudhuri.

(Honourable members rose in their seats and stood in silence for two minutes)

Mr. Speaker : Please take your set.

The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 1-5 p.m. till 1 p m. on Tuesday, the 18th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 18th January, 1966, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 168 Members.

HELD OVER QUESTION

(to which oral answers were given)

[1—1-10 p. m.]

Release of D. I. R. detainees

*319. (Admitted question No. *1220). **Shri Apurba Lal Majumder :** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইতিমধ্যে সরকার (১) ৩০ ডি. আই. রুলে আটক বন্দীদের এবং (২)৪১(৫) ডি. আই. রুল-এর আসামীদের মধ্য হইতে অনেককে মুক্তি দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, (১)৩০ ডি. আই. রুলের এবং (২)৪১)(৫) ডি. আই. রুলের মামলা হইতে মুক্তি প্রাপ্ত ব্যক্তিদের নামগুলি কি ?

Shri Ardhendu Sekhar Naskar : (ক) (১) এবং (২) হ্যাঁ।

(খ) (১) ও (২) দীর্ঘ তালিকাহেতু সব নাম দেওয়া সম্ভব নহে।

Shri Bhakti Bhusan Mondal : আপনি ১নং প্রশ্নের উত্তরে বলেছেন যে হ্যাঁ, কতজনকে মুক্তি দেওয়া হয়েছে বলতে পারেন কি ?

Shri Ardhendu Sekhar Naskar : প্রশ্ন ছিল ডি. আই. আর. এর বন্দীদের সম্পর্কে, তাদের মধ্যে বহুত অনেককে মুক্তি দেওয়া হয়েছে এবং তার তালিকাও খুব দীর্ঘ। কেননা ১৯৬২ সালের অক্টোবরে ইমার্জেন্সির সময় থেকে আজ অবধি ডি. আই. আর. এ. যে সব রিলিজড হয়েছে সেই ফিগার সমস্ত ডিষ্ট্রিক্ট থেকে কালেক্ট করতে পারিনি সেইজন্য সম্ভব হয়নি। তবে রুল ৩০এর ফিগারটা আমার কাছে আছে সেটা বলে দিচ্ছি। অক্টোবর ১৯৬২ থেকে ২০-১১-৬৫ অবধি রুল ৩০তে ২,৫৬০ জনকে ধরা হয়েছে, তার মধ্যে রিলিজড হয়েছে ১,৫৮০ জন।

Shri Bhakti Bhusan Mondal : আপনি আগে বললেন এত আছে যে আমরা ডিষ্ট্রিক্ট থেকে কালেক্ট করতে পারিনি। যেমন এটার বললেন তেমনি ওটা'র অ্যাপ্রক্সিমেট নাম্বারটা কত সেটা বলুন ?

Shri Ardhendu Sekhar Naskar : সেই ফিগারটা জেলা থেকে পাইনি, সে ফিগার পেলেও দিয়ে দিতাম।

Shri Nani Bhattacharyay : রুল ৪১(৫)এ কতজনকে অ্যারেষ্ট করা হয়েছে ?

Shri Ardhendu Sekhar Naskar : রুল ৩০ এর ফিগারটা আমার কাছে আছে।

Shri Nani Bhattacharyay : আপনি কতগুলি ডিষ্ট্রিক্ট থেকে পেয়েছেন এবং কতগুলি ডিষ্ট্রিক্ট থেকে পান নি ?

Shri Ardhendu Sekhar Naskar : সমস্ত জেলা থেকে একসংগে কোন ফিগার আমি পাইনি। তবে রুল ৩১তে অ্যারেষ্ট করা হয়েছিল যাদের তাদের মধ্যে ছেড়ে দিয়েছি ১,৫৮০ জনকে এবং তাদের নামের যে ক্রমিক সংখ্যা আছে এই লিস্টে তা হচ্ছে ৮৮৯।

Shri Nani Bhattacharyay : এখানে যে কোশ্চেন দেওয়া হয়েছিল আমরা আশা করেছিলাম যে এর একটা মোটামুটি পুরো জবাব পাবো। ডি. আই. আর. বলে কাদের ধরা হয়েছে তার একটা সংখ্যা এবং তালিকা চেয়েছিলাম এবং কতজনকে ছেড়ে দেওয়া হয়েছে সেটাও আমরা জানতে চেয়েছিলাম এবং সাধারণতঃ ডি. আই. আর. ৩০, ডি. আই. আর. ৪১(৫) ধরা হয় এবং অন্যান্য ধারাতেও ধরা হয় কিন্তু প্রধানতঃ এই দুইটি ধারায় ধরা হয় পলিটিক্যাল যারা তাদের। সুতরাং সেখানে ডি. আই. আর. ৪১ (৫) এ কতজনকে ধরেছেন সেখানে আপনারা বলছেন যে কোন খবর জেলা থেকে পান নি ?

Shri Prafulla Chandra Sen : খবর আমরা সংগ্রহ করতে পারিনি, কিছু সময় লাগবে।

Shri Bhakti Bhusan Roy : ডি. আই. আর. ৪১(৫) এটাত স্পেসিফিক কেস। আপনি যদি কোর্ট'এর রেকর্ড চাইতেন সব জায়গায় তাহলে অনায়াসে পেতেন। কিন্তু কেন যে চাচ্ছেন না তা আমি বুঝতে পারছি না। আমি বলছি যে এটা যদি স্পেসিফিক কেস হয় এবং জি. আর. রেজিষ্ট্রি থাকে এবং শুধু তাই নয়, যদি নন জি. আর. জি. আর আনা হত কল করে তাহলে প্রত্যেক জেলা থেকে এটা দু'দিনের মধ্যেই পাওয়া যেত অথচ আপনি বলেছেন রুল ৪১(৫)এর ফিগারটা পাননি। আমি জিজ্ঞাসা করছি যে এটা যথেষ্টভাবে দেখা হয়েছে কিনা ?

Shri Prafulla Chandra Sen : মাননীয় সদস্যকে এইটুকু আমি বলতে পারি যে একটু সময় লাগবে, সমস্ত জেলা থেকে এই খবর তাড়াতাড়ি আনা সম্ভব নয়।

Shri A. H. Besterwich : Will the Hon'ble Minister be pleased to state as to whether he has received any intimation regarding persons arrested under rule 45 from Jalpaiguri district ?

Shri Prafulla Chandra Sen : All informations are not readily available.

Mr. Speaker : যেটুকু অ্যাভেলেবেল হয়েছে দিয়েছেন, যেটুকু হয়নি তাতে উনি বলেছেন যে এখনও যোগাড় হয়নি।

Shri Bhakti Bhusan Mondal : মিঃ স্পীকার, স্যার, আমি আপনার অ্যাটেনশন ড্র করছি অ্যান্ড এ প্রিভিলেজ অব এ মেম্বার যে এই কোশ্চেনটা ৩০শে নভেম্বর দেওয়া হয়েছে with a purpose that we shall get the real answer. তারপর গোটা ডিসেম্বর গিয়েছে, জানুয়ারীর আজকে ১৮ তারিখ। কাজে কাজেই এই এক মাস ১৮ দিনে জি. আর এবং নন জি. আর রেজিষ্টার হয়েছে সেই রেজাল্ট এখন পর্যন্ত আনতে পারেন নি এটাই কি সত্য ?

Shri Prafulla Chandra Sen : নিছক সত্য।

Mr. Speaker : মি: মণ্ডল, আপনি আমার কাছ থেকে যে উত্তর চেয়েছেন এই উত্তর দেবার শক্তি আমার থাকতে পারে না, সুতরাং তর্ক করে কোন লাভ হবে না। হাউ ক্যান আই আনসার? ১ মাস ১৮ দিন পরে যদি বলেন, নিস্ক সত্য, আপনারা ৩০শে নভেম্বর দিয়েছেন, এই ৩০শে নভেম্বর টু ১৮ই জানুয়ারী ১ মাস ১৮ দিন হয়েছে। এটা সাফিসিয়েন্ট কি ইনস ফিসিয়েন্ট সেটা আমি বলতে পারি না, but when the Chief Minister has stated তিনি এগুলি এখনও যোগাড় করতে পারেন নি, ইট নিডস্ নো কমেন্ট।

Shri Prafulla Chandra Sen : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা এমন কিছু প্রশ্ন নয় যে আমরা গোপন করবো। আমরা সমস্তই দেবো কিন্তু ৪৮টি সাব ডিভিশনাল কোর্ট থেকে সংগ্রহ করা এত সহজে হয় না।

Dr. Narayan Chandra Ray : স্যার, আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি সামনে ঈদের মধ্যে মুসলিম প্রিজনার সম্বন্ধে তাদের রিলিজ করার কথা ভাবছেন কিনা?

Shri Prafulla Chandra Sen : ঈদের জন্য যেসব মুসলমানকে আমাদের পাকিস্তানের সঙ্গে যুদ্ধ হবার পর ধরেছিলাম তাদের মধ্যে মাত্র ১০ জন বাদে আর সকলকে ছেড়ে দেবার অর্ডার আজকেই দিয়েছি।

Shri Sailendra Nath Adhikari : আমি মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়কে জিজ্ঞসা করছি আপনি যেটা বললেন যে ১০ জন বাদ দিয়ে আর সকলকে ছেড়ে দেওয়া হচ্ছে, এই ১০ জনের বিরুদ্ধে কোন ডেফিনিট চার্জ আছে কিনা যার জন্য ছেড়ে দিতে পারছেন না?

Shri Prafulla Chandra Sen : আমি সে সম্বন্ধে এখানে কিছু বলতে পারবো না।

Shrimati Illa Mitra : রুল ৩০তে এখনও যারা আটক আছেন তাদের ছেড়ে দেবার কথা বিবেচনা করবেন কি?

Shri Prafulla Chandra Sen : আমরা সব সময়ই বিবেচনা করি।

Shrimati Illa Mitra : ১৯৬২ সাল থেকে এপর্যন্ত দুই হাজারের উপর ধরেছেন তারমধ্যে এখনও এক হাজার অ্যারেস্টেড রয়েছেন, তাদের সম্পর্কে বিবেচনা কি রকমের হবে?

Shri Prafulla Chandra Sen আমরা মাঝে মাঝে বিবেচনা করি, যখনই মনে করবো যে তাদের ছেড়ে দিলে ভাল হবে তখনই তাদের দেওয়া হয়।

[1-10—1-20 p. m.]

Shrimati Illa Mitra : চীনের সময় একটা ঘটনা হয়েছিল—এবার ভারত পাকিস্তান এর যুদ্ধে একটা ঘটনা হয়েছিল—কিন্তু এ দুটো এখন নেই—তাহলে কি যাদের ডি, আই, আর ৩০তে ধরে রাখা হয়েছে তাদের ছেড়ে দেবেন?

Shri Prafulla Chandra Sen : এ সম্বন্ধে আমরা এখনও কিছু বিশেষ নিশ্চিত হতে পারি না।

Shri Somnath Lahiri : উনি বলছেন যে ১০ জন কেবলমাত্র থাকবেন—কিন্তু নামগুলি মনে নেই...

Shri Prafulla Chandra Sen : আমি তা বলি নি—

Mr. Speaker : মিঃ লাহিড়ী, এটা এ কোয়েশ্চেন থেকে আসে না।

Shri Prafulla Chandra Sen : আমি এই সংবাদটা দিলাম, এ সম্বন্ধে প্রশ্ন ছিল না।

Shri Somnath Lahiri : He has voluntarily given some information. ভ্যাচারাল নী সেই ইনফরমেশন থেকে ওঁর কাছে র যদি কিছু জানা থাকে জিজ্ঞাসা করলে জানাবেন—সেইজন্য বলছি নাম যখন মনে নেই আমি একটা নাম বলছি রহমন সাহেব খড়্গপুর যাঁর জন্য তাঁর কাছে রেপ্রেজেন্টসন করেছিলাম—তাঁকে ছাড়া হয়েছে কি ?

Shri Prafulla Chandra Sen : আমি মাননীয় সদস্যকে বলতে পারি যে রহমন নাম আমি ৬।৭ টা দেখেছি—কিন্তু এই রহমন কিনা আমি বলতে পারছি না।

Shri Monoranjan Roy : আমি চীপ মিনিস্টারকে জিজ্ঞাসা করছি যে আপনারা ২৬শে জানুয়ারীর আগে সাধারণতঃ অনেক প্রিজনারকে ছেড়ে দেন—ডি, আই, আর, ৩০তে যে সমস্ত পলেটিক্যাল প্রিজনার এবং এই হাউসের মেম্বারদের আপনারা আটক করে রেখেছেন তাদের ছাড়া সম্পর্কে ২৬শে জানুয়ারীর আগে বিচার করবেন কিনা—এই হাউসের যারা মেম্বার আছেন এবং আরও আছেন যাদের রাজনৈতিক কারণে গ্রেপ্তার করা হয়েছে এবং ডি, আই, আর ৩০তে রাখা হয়েছে—আপনি অবশ্য বলবেন যে রাজনৈতিক কারণে কিন্তু যে কোন কারণেই হোক আমাদের এই হাউসের ২০ জন মেম্বার এবং বিরোধী দলের নেতা—এঁদের কথা বিবেচনা করবেন কি না ?

Shri Prafulla Chandra Sen : ২৬শে জানুয়ারী প্রতি বছর আমরা কিছু কিছু ছেড়ে দিই—এবারও আমরা ছেড়ে দেবো—কিন্তু আমার কাছে এখন কোন লিস্ট নেই।

Shri Somnath Lahiri : এবারের ২৬শে জানুয়ারীর সংগে সংগে আবার নূতন প্রধানমন্ত্রী একসঙ্গে হয়ে যাচ্ছেন। একটার জন্য যা ছাড়েন দুটো কারণের জন্য তারচেয়ে বেশী কিছু ছাড়বেন কি ? এই হাউসের মেম্বার বেচারাদের ছাড়বেন কি ?

Shri Prafulla Chandra Sen : সেটা আমি এখন ঠিক বলতে পারি না।

Shri Panchu Gopal Bhaduri : মুখ্যমন্ত্রী জানাবেন কি—যারা অত্যন্ত অসুস্থ ডি, আই, আর, প্রিজনার রুল ৩০-তে বন্দী আছেন তাদের ২৬শে জানুয়ারীর আগে ছেড়ে দেবার কথা চিন্তা করছেন কিনা ?

Shri Prafulla Chandra Sen : আমি এ সম্বন্ধে এখন কিছু বলতে পারবো না।

Shri Nani Bhattacharjee : মুখ্যমন্ত্রী কি বলবেন যে বিশেষ করে তাসখন্দের চুক্তির পর যে নূতন অবস্থা দেখা দিয়েছে তারজন্য ডি, আই, আর-এ যারা বন্দী আছেন তাদের কথা বিবেচনা করবেন কিনা ?

Shri Prafulla Chandra Sen : আমরা সবিশেষ চিন্তা করে একটু আগেই বলছি যে আজকে সকালবেলায় ১০ জন বাদে সকলকে ছেড়ে দেবার আদেশ দিয়েছি।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Implementation of the levy order on paddy

*592. (Admitted question No. *2646) **Shri Sudhir Chandra Das**: Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state :—

(ক) লেভি অর্ডার কার্যকরী করার উদ্দেশ্যে জেলা শাসকগণকে কি কি বিষয় বিবেচনার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে সেচ এলাকায় ৫ একর পর্যন্ত এবং সেচবিহীন এলাকায় ৭ একর পর্যন্ত জমির মালিককে লেভির আওতা হইতে বাদ দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে ;

(গ) প্রতি গৃহস্থের মাথাপিছু খোরাকী বাবদ এবং চাষের জন্য বিঘাপ্রতি বীজ বাবদ ও চাষের শ্রমিকগণের খোরাকী বাবদ কত ধান্য লেভির আওতা হইতে বাদ দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) প্রতি গৃহস্থের উৎপাদন কত হইয়াছে তাহা কিসের ভিত্তিতে স্থির করা হয় ?

Shri Smarajit Bandyopadhyay: (ক) ওয়েস্ট বেঙ্গল (লেভি) অর্ডার, ১৯৬৫, অনুযায়ী এই আদেশের আওতায় পড়েন এইরূপ উৎপাদকগণ তাহাদের জমিতে উৎপাদিত ধান উক্ত আদেশে নির্ধারিত হারে সরকারকে বিক্রয় করিতে বাধ্য। যে সমস্ত উৎপাদকগণ উক্ত আদেশের আওতায় পড়িবেন জেলাশাসকগণ তাহাদের তালিকা। তাহাদের নাম, ঠিকানা, জমি এবং যে পরিমাণ শস্য তাহাদের বিক্রয় করিতে হইবে সে সম্পর্কীয় তথ্য সহ) প্রকাশ করিবেন। জেলা শাসকগণ উৎপাদকদিগকে লেভির নির্ধারিত পরিমাণ ধান বিক্রয় করিবার জন্য সরাসরি নোটিশও দিতে পারেন। সরকারী আদেশ অনুযায়ী উৎপাদকগণকে ৩১-৩-৬৬ তারিখের মধ্যে তাহাদের ধান বিক্রয় করিতে হইবে। কিন্তু জেলাশাসক কোনো উৎপাদককে ৩১-৩-৬৬ তারিখের পূর্বেই ধান বিক্রয়ের নির্দেশ দিতে পারেন এবং যদি দেখা যায় কোন উৎপাদক উক্ত আদেশকে এড়াইবার উদ্দেশ্যে ৩১-৩-৬৬ তারিখের পূর্বেই তাহার ধান বে-আইনীভাবে বিক্রয় করিবার উদ্যোগ করিতেছেন তবে জেলাশাসক সেই ধান রিকুইজিশন করিতে পারিবেন। ইহা ব্যতীত যদি জেলাশাসক মনে করেন যে অজন্মা অথবা অন্য অপরিহার্য কারণবশতঃ কোন উৎপাদক নির্ধারিত ধান বিক্রয় করিতে অসমর্থ তবে সেই ক্ষেত্রে তিনি বিক্রয়ের পরিমাণ হ্রাস করিতে পারিবেন।

(খ) না। তবে ইহা সত্য যে সেচ এলাকায় ৫ একরের বেশী জমি এবং অসেচ এলাকায় ৭ একরের বেশী জমির মালিকদেরই নোটিশ দেওয়া হইবে কারণ সরকার আশা করেন যে সেচ এলাকায় ৫ একরের নীচে এবং অসেচ এলাকায় ৭ একরের নীচে জমির ক্ষুদ্র উৎপাদকগণ স্বতঃপ্রবৃত্ত হইয়াই অর্থাৎ বিনা নোটিশেই সরকারকে ধান বিক্রয় করিবেন।

(গ) সেচবিহীন এলাকায় দুই একর ও সেচযুক্ত এলাকায় দেড় একর জমির মালিকদের কোন লেভি দিতে হইবে না। ইহা ছাড়াও লেভির হার এরূপভাবে নির্ধারিত হইয়াছে যে লেভির ধান বিক্রয় করার পরও উৎপাদকদের হাতে পর্যাপ্ত ধান থাকিবে। সরকার মনে করেন যে এই লেভিমুক্ত ধান হইতেই উক্ত গৃহস্থদের মাথাপিছু খোরাকি, চাষের বীজ ইত্যাদির সংস্থান হইবে।

(ঘ) গৃহস্থের জমির সমগ্র উৎপাদন ঐ জমি যে এলাকায় অবস্থিত তথাকার একর প্রতি গড়ে বাৎসরিক উৎপাদন যাহা উপযুক্ত কর্তৃপক্ষ স্থির করিয়াছেন, সেই অনুসারে নির্ধারিত হয়।

Shri Sudhir Chandra Das : মাননীয় স্পীকার মহাশয়, এই প্রশ্নের উত্তরটা টেবিলে পাইনি—এটা একটা জরুরী প্রশ্ন এটার উত্তর পেলে আমরা ভাল করে ওটার সাপ্লিমেন্টারী করে পরিষ্কার করতে পারতাম এবং তার একটা প্রশ্নের উত্তরও লাইব্রেরী টেবিলে আসে নি সেটাও খুব ইমপর্টেন্ট কোশ্চেন।

Mr. Speaker : মি: দাস, এটা একটু লেটে এনেছিল।

Shri Sudhir Chandra Das : মন্ত্রিমহাশয় কি জানেন যে, ধানী জমির কোন তালিকা সরকারের কাছে নেই, কৃষি এবং অকৃষি জমি বলে মোটে আছে। সেজন্য তারা ধানী জমির তালিকায় বেশী করে দেখিয়ে লেভির নোটিশ দিচ্ছে এবং অবাস্তব নোটিশ এবং অঞ্চল অফিসে অবাস্তব লিস্টে একটা পরিমাণ দাঁড় করিয়ে এটা টাঙ্গানো হচ্ছে ?

Shri Smarajit Bandyopadhyay : ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মাধ্যমে ধানের জমির তালিকা সরকার করেছেন এবং আমন ধানের লিস্ট করেছেন।

Shri Sudhir Chandra Das : মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে রেকর্ডে ধানী জমির কোন তালিকা নেই—কেবলমাত্র তহশীলদাররা যে তালিকা তৈরী করছেন পরচা দেখে তাতে কৃষি এবং অকৃষি লেখে করার জন্য অনেক আলুর ক্ষেত্রে পাটের ক্ষেত্রে এবং অন্যান্য অকৃষি জমিকে ধানী জমি বলে দেখিয়ে লেভির পরিমাণ বেশী করে দাবী করে নোটিশ টাঙ্গানো হচ্ছে এবং অঞ্চল অফিসে সেই রকম লিস্ট দাঁড় করানো হয়েছে—এটা জানেন কিনা ?

Shri Smarajit Bandopadhyay : সরকারের তরফ থেকে স্থানীয়ভাবে তদন্ত করে আমন ধানের জমির উপর লেভির তালিকা ঠিক করা হয়েছে—কোন কোন জায়গায় যদি অন্য জমি ধরা হয়ে থাকে ভুলক্রমে তাহলে সেগুলি ঠিক করার জন্য নির্দেশ জেলা শাসকদের দেওয়া আছে।

Shri Nani Bhattacharjee : মন্ত্রিমহাশয় জানেন কি যে আমন ধানী জমির হিসাবের ভিত্তিতে লেভি ধার্য হয়নি—তিনি ভালভাবে অনুসন্ধান করে আসবেন—কোন জেলাতেই হয়নি—কৃষি জমির পরিমাণের ভিত্তিতে লেভি ধার্য করা হয়েছে এবং আমি অন্তত: কতকগুলি জেলার খবর বলতে পারি যে জেলাগুলিতে আমন ধানের যে জমি সেই জমির ভিত্তিতে লেভি করা হয়নি। এটা ডেপুটি কমিশনার থেকে আরম্ভ করে অন্যান্য যে কেউ বলতে পারেন।

Shri Smarajit Bandyopadhyay : যদি কোথাও আমন ধানের জমি ছাড়া অন্য ফসলের উপর ভুলক্রমে লেভি ধার্য করা হয়ে থাকে তাহলে সেগুলি সংশোধন করার জন্য জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Aswini Roy : আপনি প্রশ্নোত্তরে বললেন যে মাথাপিছু খোরাকীর ধান এবং বীজ ধান—সেটা মাথাপিছু কত—আপনি তো ভেগ রিপ্লাই দিলেন ?

Shri Samarjit Bandyopadhyay : সে সম্বন্ধে তো প্রশ্ন করা হয়নি।

[1-20—1-30 p. m.]

Shri Aswini Roy : (গ) প্রশ্নে আছে যে প্রতি গৃহস্থের মাথা পিছু খোরাকী বাবদ এবং চাষের জন্য বিঘাপ্রতি বীজ বাবদ ও চাষের শ্রমিকগণের খোরাকী বাবদ কত ধান্য লেভির আওতা হইতে বাদ দেওয়ার ব্যবস্থা হইয়াছে সুতরাং এটা জানাবেন কি ?

Shri Prafulla Chandra Sen : সেই হিসেবে Levy আমরা করিনি, আমরা Levy করেছি একটা flat rateএ। আমরা বলেছি যেগুলি irrigated land তার এই flat rate এত levy হবে এই পর্যন্ত। যেগুলি unirrigated তাতে এত হবে তার খোরাকীর জন্য কি বাদ দেওয়া হয়েছে সেই হিসেব আমরা করিনি।

Shri Aswini Roy : আপনি একটা irrigated land এবং আর একটা unirrigated landএ দুটো ধরেছেন সুতরাং averge production কত ?

Shri Prafulla Chandra Sen : আমরা average production এই ভাবে ধরেছি, আমাদের পশ্চিম বাংলায় food production যোগ্য unirrigated land যেখানে পাঁচমণ এবং যেখানে irrigated land সেখানে আটমণ ধান ধরা হয়। যখন আমাদের দেশে এত অভাব রয়েছে তখন আমরা মোটামুটি একটা লেভী ধরেছি এবং যেটা বাঁচবে সেটাতে সংসার চালাতে হবে।

Shri Deosaran Ghosh : মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে সমস্ত বড় বড় জোতদারের উপর লেভী করা হয়েছে তারা স্থানীয় B.D.O.এর সঙ্গে দেখা করে তাদের compensationএর দেয় levy কম দিচ্ছে ?

Shri Prafulla Chandra Sen : আমার জানা নেই।

Shri Anadi Das : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে পাঁচমণ বিঘা প্রতি যে ধান হয় এবং দেড় বিঘার উপর লেভী হবে, সাড়ে চার বিঘায় লেভী হবে ২০।২২ মণ ধান এতে পাঁচটা লোক যায় এরূপ একটা averageএর পরিবারের তাতে চলতে পারে না। সেটা কি হিসাব করেছেন ?

Shri Prafulla Chandra Sen : মাননীয় সদস্য ভুল করছেন দেড়একর জমি যেটা irrigated land তার উপর ধরে করা পাঁচমণ করে নয় তার average সস্তা সস্তা বলতে গেলে আটএর নীচে হয় না। অনেক সময় ১০ মণও হয়।

Shri Sanat Kumar Raha : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে পাঁচ একর এবং সাত একর যথাক্রমে irrigated land আছে তারা ধানচাল আনবার সময় তাদের লেভীর notice দেওয়া হয় যে তোমাদের levy দিতে হবে। এবং সে movement permissionএর জন্য ১৯১২ সালের খাজনা বাধ্যতামূলকভাবে মেটাতে হবে। এর ফলে ৫।৭ একর জমির মালিক তারা উপকার পাচ্ছেন না এটা কি জানেন ?

Shri Prafulla Chandra Sen : আমরা এই কথাই বলতে চেয়েছি যে levyএর notice individual notice হিসাবে দিতে। তাহলে ২৫ একর জমি হয়ত যার আছে তাকে আগে দেবেন এবং আস্তে আস্তে notice নীচে নামতে নামতে যেখানে unirrigated land সেখানে সাত একরে থামবে এবং যেখানে irrigated land সেখানে পাঁচ একরে থামবে। আমরা এখন দেখছি যার যত বিঘা কম অর্থাৎ যদি ১০ মণ ধান হয় তা হলে সে বিক্রী করতে বাধ্য হয়। সে যখন বিক্রী করে তখন যে তার কাছ থেকে কেনে, এটা আমরা হিসাব করে দেখেছি যে কত যেতে লাগবে ইত্যাদি। কাজে কাজেই আমরা মনে করছি যে আমাদের দেশে যাদের খোরাকীর মত সারা বৎসর ধান হয় না তারাও আর বিক্রী করতে বাধ্য হয়। এটা আমাদের cooperative থেকে ধান কেনে একলক্ষ টনের বেশী এরূপ লোকের কাছ থেকে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় বর্ধমান থেকে ইতিমধ্যে ৫২ হাজার টন paddy আমরা পেয়েছি। এত তাড়াতাড়ি যে পেতে পারি তা ভাবা যায়নি। কাল পর্যন্ত আমরা ৫২ হাজার টন ধান সংগ্রহ করেছি এবং এরমধ্যে প্রায় ২৬ হাজার টন ধান ঐ সমস্ত গরীব লোকের যাদের সারা বৎসর খোরাক থাকে না তারা দিয়েছে। আমরা এদের কি সুবিধা দিয়েছি। আগে এরা বিক্রী করতে বাধ্য হত গ্রামের বড় লোকের কাছে সস্তা দামে তাদের কাছ থেকে Government এখন বেশী দামে কিনে নিচ্ছে।

Shri Sanat Kumar Raha : আমাদের প্রশ্ন ছিল ৫ একর এবং ৭ একর জমির মালিকদের সুযোগসুবিধা দেওয়ার কথা হয়েছে পরবর্তী স্তরে সে সুযোগসুবিধা থেকে তারা বাধ্যতামূলকভাবে বঞ্চিত হচ্ছে। এটার কারণ হচ্ছে যে লেভী করতে হচ্ছে বলে। আর দেখা যাচ্ছে ১৯৭২ সালে খাদ্য বাধ্যতামূলকভাবে দিতে হবে এবং এর ফলে তাদের ঐ তহশীলদারদের বাড়ীতে এবং B.D.O. এর কাছে হায়রানি হতে হচ্ছে। এই সম্পর্কে ৫ একর এবং ৭ একরের মালিকদের নির্দ্দিষ্টভাবে লেভী হতে বাদ দেবার জন্য নোটীশ না দিয়ে পুনরায় সেটা তাদের উপর প্রবর্তন করা হচ্ছে কেন?

Shri Prafulla Chandra Sen : এই কথা আমি শুনিনি যে ৫ একর এবং ৭ একরদের নোটীশ দেওয়া হচ্ছে। যদি কোন specific case থাকে দিলে দেখবো।

Dr. Kanai Lal Bhattacharyay : মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় ধানের দাম ১৪, ১৫, ১৬ টাকা থেকে বাড়িয়ে ১৫, ১৬, ১৭, টাকা করা হয়েছে কিনা এটা জানাবেন কি?

Shri Prafulla Chandra Sen : এ সংবাদ সত্য নয়।

Shri Sailandra Nath Adhikary : মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় একটা কথা পরিষ্কার করে বলুন কারণ মাননীয় স্বরজিত ব্যানার্জি বললেন যে non-irrigated ২ একর থেকে এবং irrigated এর দেড় একরের উপর Levy order stand হয়ে আছে এবং ৫ ও ৭-একরের উপর যথাক্রমে এই Levy order issue করা হয়েছে। এই যে ২টা কথা এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছ থেকে clarification চাইছি যথাক্রমে ৫ এবং ৭ একর সেচ ও অসেচ এলাকায় জমির যারা মালিক তাদের কাছে Levy order না issue করে তাদের কাছ থেকে ধান নেওয়া হল এবং irrigated land যাদের কাছ থেকে এইভাবে নেওয়া হল এই যে সব অবস্থা চলছে এর কোন ব্যবস্থা করছেন কিনা?

Shri Prafulla Chandra Sen : যদি জবরদস্তিমূলক ভাবে নেওয়া হয়ে থাকে তার কাছ থেকে যে Levy এর যে প্রাপ্য সেটা যে কর্মচারীরা সেটা অন্যায় করেন নি, কারণ আমরা এরূপ কোন ঘোষনা করিনি যে ৫ একর এবং ৭ একরের মালিক তাদের কাছ থেকে Levy নেব না। আমরা Notice দিয়েছিলাম যে উপর দিক থেকে Levy এর notice individual ভাবে এ notice দেওয়া হবে। এর মানে এই নয় যে ৭ একরের জমি যদি কারুর থাকে ২১ বিঘা জমি তার যদি ১০০ মণ ধান হয়ে থাকে এবং যে জমি বিক্রী করে থাকে তা হলে তা সরকারের কাছে বিক্রী করতে হবে, অন্য লোকের কাছে তা বিক্রী করতে পারবে না।

Shri Sailendra Nath Adhikari : এর আগে বলা হয়েছে distress sale হিসাবে small peasantsদের সাহায্য করবার জন্য Govt. purchase করছেন। Distress sale যারা করছেন তারা সাধারণতঃ যারা merchant principle তারা অল্প দামে নেয় এই policy যেটা বললেন সেটা কার্য্যকরী করা হিসাবে আপনারা এইভাবে চিন্তা করছেন। কিভাবে যে distress sale হয়েছে অর্থাৎ আগে যারা করেছেন তারা distress sale হিসাবে Govt. এর কাছে করেছেন। তবে তাদের economic benefit দেবার জন্য Govt. এই খরিদের উপর আরও ২।০ টাকা bonus হিসাবে declare করে distress sale হিসাবে এটা takeup করার কোন ব্যবস্থা করতে পারবেন কিনা? ছোট ছোট ঐ small চাষী তাদের distress sale হিসাবে দেখে Govt. এর তরফ থেকে সাহায্য দেবার জন্য আরও কিছু দাম যে দিয়েছেন তার চেয়েও বেশী কিছু দেবার পরিকল্পনা করেছেন কিনা?

Shri Prafulla Chandra Sen : এরূপ কোন পরিকল্পনা নেই।

Shri Panchu Gopal Bhadury : মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বললেন যে ছোট ছোট holdingএ যে সমস্ত চাষী তারা Govt. এর কাছে ধান বিক্রী করছে। কিন্তু তাদের ঐ ধান বিক্রী করার জন্য এখন ধানের যে price হল তাতে ৩ টাকা করে বেড়ে প্রায় ১ কোটী টাকা তারা loser করেছে ছোট ছোট holdingএর মালিকরা। মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়কে একটি কথা বলতে চাই যে তিনি কি এটা ভেবে দেখবেন যে এই ১ কোটী টাকা তারা loser হল তারজন্য তাদের ক্ষতিপূরণ দেবেন কিনা ?

Shri Prafulla Chandra Sen : আপনি যে কথাটা বললেন এটা সম্পূর্ণ ভুল। তবে চাল তিন রকম আছে common, fine এবং super-fine.

Shri Somnath Lahiri : এই সঙ্গে আমি আর একটা খবর জানতে চাই সেটা হচ্ছে কলকাতা এবং statutory ration এলাকায় retail sale price of rice সেটা বাড়ান হল প্রায় ১৪ পয়সা যে সংবাদ আমরা দেখেছি এটা কি ভুল ?

Shri Prafulla Chandra Sen : খবর ভুল নয়, সরকার বিবেচনা করছেন। আগে ছিল Rationএর জন্য যে ব্যয় হবে সেটা কেন্দ্রীয় সরকার করবেন। আগে বলেছিলেন যে অর্ধেক তারা বহন করবেন পরে যখন অন্যান্য State বললো যে কেন্দ্রীয় সরকার এটা বহন না করলে statutory rationing তারা প্রবর্তন করবেন না তখন কেন্দ্রীয় সরকার মোটামুটি বললেন আমরা সমস্ত বহন করব, এবং আমরা বলেছিলাম যে আমাদের procurementএর যে খরচ হবে সেটা বহন করতে হবে কিন্তু তারপর যুদ্ধ হবে এবং তখন কেন্দ্রীয় সরকার বলে যে আমরা এক পয়সাও দিতে পারবো না। কাজে, কাজেই আমাদের এই সমস্ত ব্যয় যা হচ্ছে তার কারণ, retailerদের আমরা এখানে কিছু কিছু margin বাড়িয়েছি। Margin বাড়ানর দরুণ এবং অন্যান্য এই সমস্ত ব্যয় যা হবে, সেগুলি ধরলে পর, আমরা দাম বাড়াবো ঠিক করেছি। যেটা কাগজে বেরিয়েছে, সেটা আমি দেখিনি। তবে, দামটা বাড়ান হবে বলে, সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু কতখানি বাড়াবো, সেটা বিবেচনা করছি।

[1-30—1-40 p. m.]

Shri Anadi Das : যদি irrigated land হয় তাহলে সেক্ষেত্রে সাড়ে চার বিঘা জমিতে ৩২।৩৩ মন ধান উৎপন্ন হয়। যে গৃহস্থের পরিবারে পাঁচ, ছয় জনের বেশী লোক, সেখানেতে কত করে মাথা পিছু খোরাকীর প্রয়োজন, তার হিসাব মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি ?

Shri Prafulla Chandra Sen : আমিত পূর্বেই বলেছি, আজকে আমাদের দেশের সর্বত্র খাদ্যের অনটন রয়েছে, দু-তিনটা প্রদেশ বাদে। আমরা সবাইকে বলছি যে কিছু কিছু কম খেতে হবে। কাজে, কাজেই, ৩৫ লক্ষ চাষী পারিবারের মধ্যে গরীব চাষীর সংখ্যা হবে ২১, ২২ লক্ষ পরিবার। তাদের কথা আমরা ভাবছি না। যাদের সারা বৎসরের খোরাকী হবে, তাদের কাছ থেকে যখন আমরা levy করে নিতে যাচ্ছি, তখন তাদের প্রশ্ন উঠেছে। আমি তার উত্তরে এই কথা বলেছি যে তাদের কত খোরাকী লাগবে এবং তাদের বীজ ধানের জন্য কত ধান লাগবে। এই গুলির যদিও আমরা নিখুঁত হিসাব করিনি, তবে আমরা এইটুকু জানি যে যদি ৮ মন ধান হয় irrigated landএ, তাহলে তার মোটামুটি চলে যেতে পারে। হয়ত কোথাও একটু কম হতে পারে; কাজেই সবাইকে একটু কম খেতে হবে।

Cultivation of Coconuts and betel-nuts

***493.** (Admitted question No. *1230.) **Shri Ananga Mohan Das:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে নারিকেল ও সুপারী চাষ বৃদ্ধির জন্য সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) জনসাধারণ যাহাতে ভাল চারা পায় তজ্জন্য সরকার কিরূপ ব্যবস্থা করেছেন; এবং

(গ) রোগাক্রান্ত নারিকেল ও সুপারী গাছের রোগমুক্তির জন্য সরকারের তরফে কি ব্যবস্থা আছে?

Shri Smarajit Bandopadhyay: (ক) হাঁ।

(খ) পশ্চিমবংগের বিভিন্ন জেলা এবং অন্যান্য প্রদেশ হইতে উৎকৃষ্ট জাতের নারিকেল ও সুপারীর বীজ সংগ্রহ করা হয় এবং উহা হইতে সরকারী নার্সারীতে সযত্নে চারা তৈয়ারী করা হয়। উৎপন্ন চারা হইতে আবার বাছাই করিয়া উৎকৃষ্ট ধরণের চারা জনসাধারণের মধ্যে শতকরা ৫০ ভাগ হ্রাসমূল্যে (Subsidised Rate) বিক্রি করা হয়।

(গ) নারিকেল ও সুপারী গাছের রোগমুক্তির জন্য ব্লক অফিসগুলিতে রোগ প্রতিষেধক ব্যবস্থা অবলম্বনের ব্যবস্থা আছে। কীট ও রোগনাশক রাসায়নিক সমূহ এবং উহা প্রয়োগ করিবার যন্ত্রাদি শতকরা ৫০ ভাগ খরচাতিতে বিতরণ করা হয়। প্রয়োজন বোধে, ঔষধ প্রয়োগ করিবার যন্ত্রাদি নির্দ্ধারিত সময়ের জন্য জনসাধারণকে বিনাব্যয়ে ব্যবহারের সুযোগ দেওয়া হয়। এইসব ব্যাপারে ব্লকস্থিত কৃষি সম্প্রসারণ আধিকারিকগণ যথাসময়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়া থাকেন।

Shri Ananga Mohan Das: আপনি বললেন যে ব্লকের মাধ্যমে নারিকেল, সুপারির চারা বিতরণ করছেন—আপনি কি জানেন পশ্চিম বাংলার বিভিন্ন জায়গার মাটি বিভিন্ন রকমের জন্য, সব জায়গায় নারিকেল গাছ হয় না, অথচ সেখানে নারিকেল গাছের চারা distribution বা বিলি করা হয়েছে?

Shri Smarajit Bandopadhyay: Individual ভাবে, কেউ কিছু চাইলে দেওয়া হয়ে থাকে। তবে, যেখানে নারিকেল গাছ বেশী হয়, যেমন উত্তরবঙ্গ, সুন্দরবন এলাকায়, সেইসব জায়গায় নারিকেলের চারা বেশী করে সাপ্লাই করা হয়েছে।

Shri Ananga Mohan Das: আপনি বললেন যে নারিকেল গাছের চারা দেওয়া হয় বেশী করে, যে সমস্ত জায়গায় ভালভাবে হতে পারে। কিন্তু, সেখানে ব্লকের তরফ থেকে কৃষকগণকে এ সম্পর্কে, উপদেশ দেওয়ার জন্য কোন ব্যবস্থা আছে কিনা, এবং কতগুলি ক্ষেত্রে উপদেশ দেওয়া হয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

Shri Smarajit Bandopadhyay: হ্যাঁ, উপদেশ দেওয়ার ব্যবস্থা আছে। তবে কতগুলি কেসে উপদেশ দেওয়া হয়েছে, নোটিশ না দিলে বলতে পারবো না।

Shri Ananga Mohan Das: নারিকেল গাছের চারা যেগুলো সরকারের তরফ থেকে বিলি করা হয়েছে, সেগুলি বেঁচে আছে কিনা? তা খোঁজ নেবার জন্য প্রত্যেক ব্লক সুপারভাইজার দেবেন কিনা যে, যে সমস্ত চারা বিতরণ করা হয়েছিল, তার কত পারসেন্ট বেঁচে আছে, এবং তার রোগমুক্তির জন্য কতগুলি ক্ষেত্রে তদন্ত করা হয়েছে? এ সম্বন্ধে একটা রিপোর্ট দিতে পারেন কিনা?

Shri Smarajit Bandopadhyay: It is a request for action. তবুও আমি নিশ্চয় এর নির্দেশ দেবো।

Chief Minister's tour of collection of money for National Defence Fund

*494. (Admitted question No. *1455.) **Shri Narayan Choubey:** Will the Chief Minister be pleased to state—

(a) if it is a fact that the Hon'ble Chief Minister had toured many towns and districts of West Bengal for collection of money for National Defence Fund and to address large gatherings ; and

(b) if the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) if so, how many towns and districts he visited within the last two months for the purpose and the name of such town and districts ;

(ii) what is the amount that he collected from these towns and districts ; and

(iii) whether intimation regarding his visit were given to various M. L. A.s and M. P.s of such town and district that the Chief Minister visited ?

Shri Ardhendu Shekhar Naskar: (a) Yes.

(b) (i) & (ii) A statement is attached.

(iii) Generally no official intimation to M. L. A.s and M. P.s of those towns and districts was given.

*Statement referred to in answer b (i) & (ii) of starred question No. *494.*

	Name	District	Amount
1	Debogram	Nadia	41,649.00
2	Fulia	do	1,885.35
3	Bathuadahari	do	15,085.22
4	Serampore	Hooghly	35,048 20
5	Rishra	do	37 917.72
6	Howrah	Howrah	1,409 00
7	Howarh	do	1,14,414.08
8	Howrah	do	5,51,822.14
9	Howrah	do	22,560.07
10	Bhatpara	24-Parganas	2,42,746 78
11	Titagarh	do	37,996.46
12	Titagarh	do	72,108.41
13	Uttarpara	Hooghly	10,555 86
14	Kharagpur	Midnapore	3,35,858.98
15	Barrackpore	24-Parganas	55,843.25
16	Budge Budge	do	88,139.99
17	Batanagar	do	1,89,092.50
18	Burdwan	Burdwan	3,27,000 00

	Name	District	Amount
19	Konnagar	Hooghly	19,958.76
20	Sheoraphuli	do	18,455.96
21	Baidyabati	do	61,968.16
22	Kamarhati	24-Parganas	41,748.77
23	Kamarhati	do	28,510.00
24	Panihati	do	44,312,98
25	Asansole	Burdwan	1,24,178.04
26	Burnpur	do	5,01,462.01

Shri Narayan Choubey : মুখ্যমন্ত্রী কি সেখানে official capacity-তে গিয়েছিলেন ?

Shri Ardhendu Shekhar Naskar : নিশ্চয়ই official capacity-তে গিয়েছিলেন।

Shri Narayan Choubey : তিনি সেখানে official capacity-তে গেলে পরে কারা মিটিং organize করেছিলেন ? Who organized those meetings ?

Shri Ardhendu Shekhar Naskar : Defence Fund-এর জন্য আপনিও মিটিং ডাকতে পারেন।

Shri Narayan Choubey : এই সমস্ত মিটিংগুলি কারা organize করেছিল ?

Shri Prafulla Chandra Sen : বিবিধ ধরণের লোক এই মিটিং organize করেছেন। কোন কোন জায়গায় কম্যুনিষ্ট বন্ধুরা সংযুক্ত ছিলেন, কোন কোন জায়গায় কংগ্রেস সংযুক্ত ছিলেন, তবে ঠিক কারা কারা এরমধ্যে ছিলেন, সেটা নির্দিষ্টভাবে বলা যায় না।

Shri Nararyan Choubey : সরকারী ভাবে বাংলা দেশের মুখ্যমন্ত্রী শহরে শহরে গেলেন, অথচ কোন জায়গায় স্থানীয় M. L. A. বা M. P.-রা খবর পেলেন না। এর কী কারণ মনে হয় ?

Shri Prafulla Chandra Sen : আমার মনে হয় যখন town programme করা হয়, তখন সকলকে খবর দেওয়া হয়। তবে এমন হতে পারে অনেক সময় খুব তাড়াতাড়ি town programme করার জন্য খবর দেওয়া সম্ভব হয়নি।

Shri Aswini Roy : বার্ণপুরে পাঁচ লক্ষ, আসানসোলে, বর্ধমানে ও লক্ষ টাকা দিয়েছে। এর কোন detailed হিসেব পাওয়া যাবে কি যে worker-রা কত টাকা দিয়েছিলেন ?

Shri Ardhendu Shekhar Naskar : Detail বলতে পারবো না। তবে যাঁরা টাকা দিয়েছেন, State Bank of India তাঁদের কাছে রসিদ পাঠিয়ে দিয়েছে। উনি যেখানে যান, সেখানে State Bank-এর লোকও তাঁর সঙ্গে যান।

Posting of policemen before the Midnapore Congress Bhawan during July-August, 1965

***495.** (Admitted question No. *1506.) **Shri Sudhir Chandra Das** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমান বৎসরে ২১শে জুলাই হইতে ৪ঠা আগস্ট পর্যন্ত মেদিনীপুর কংগ্রেস ভবনে সত্যাগ্রহ ও অনশনের সময় শান্তি রক্ষার জন্য পুলিশ মোতায়েন ছিল ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহা কি সত্য যে যখন সত্যাগ্রহীদের উপর একদল গুণ্ডা হামলা করে তখন পুলিশ নিষ্ক্রিয় থাকে ;

(২) সত্য হইলে, ইহার কারণ কি ;

(৩) ইহা কি সত্য যে উক্ত কংগ্রেস ভবনে খরচের জন্য আনীত এক বস্তা চাউল পুলিশ আটক করিয়া রাখিয়াছে ; এবং

(৪) সত্য হইলে, ইহার কারণ কি ?

Mr. Speaker : Mr. Das, I have been informed by the Hon'ble Minister that he has not yet been able to collect all the information and prepare the answer. Of course, the next rotational day will no longer be there, and therefore, this question will be placed on the Table in due course. I have drawn the attention of the Hon'ble Minister, who told me that the answer was not yet ready, that already a long time has elapsed and therefore the answer should have been furnished. But unfortunately, when the answer is not there, I have to pass it over.

Shri Narayan Choubey : তাঁরা reply দিতে পারবেন না।

Mr. Speaker : Mr. Choubey, without any request from your side, I have complained about and objected to this sort of delay and I think the position has much improved now. But so far as this question is concerned, I have already told you that the reply should have been there but after all since it is not here, it cannot be helped.

Shri Narayan Choubey : খুব মজার ব্যাপার।

Mr. Speaker : Mr. Choubey, don't make any comments, I have taken up the matter myself.

Shri Nani Bhattacharjee : মি: স্পীকার, স্যার, এই ব্যাপারে আমার কিছু বলার আছে। এই জন্য যখন কোন সংখ্যা যোগাড় করার ব্যাপার হয়, বহু district involved থাকে, সেখানে দেরী হবার কৈফয়ৎ দিলে বোঝা যায় এই কারণে জোগাড় করতে পারলাম না। এখানে যে কোশ্চেন সুধীরবাবু রেখেছেন, তা একটি specific জেলার মধ্যের একটি ঘটনা সম্পর্কে। তাঁরা কি দয়া করে বলবেন—কী কারণে এই তথ্য সংগ্রহ করতে পারেন নি, দেরী হচ্ছে ?

Mr. Speaker : মি: ভট্টাচার্য, কারণটা জিজ্ঞাসা করবার scope আপনারও নাই আমারও নাই। কোশ্চেনের answer বা উত্তর পাবার scope আছে, আপনাদের full right আছে। কিন্তু আমার duty হচ্ছে to see যাতে সেই কোশ্চেনের জবাবটা পান। কিন্তু কোশ্চেনটা সম্পর্কে উনি সকাল বেলা already বলেছেন যে উত্তর পাইনি। তা সত্বেও আমি বলেছি এগুলির উত্তর পেতে বড্ড দেরী হচ্ছে। এ সম্বন্ধে পূর্বেও আমি repeatedly তাঁদের attention draw করেছি যে you must see that the answers reach in time.

Shri Narayan Choubey : কাল দিন স্যার।

[1-40—1-50 p m.]

Shri Panchu Gopal Bhaduri : মিঃ স্পীকার, স্যার, আমাদের মনে একটা লেজিটিমেট সন্দেহ হচ্ছে যে ট্রেজারি বেঞ্চ এই প্রশ্নের উত্তর দিতে খুব অসুবিধা অনুভব করছেন বলে সেইজন্য অ্যাভয়েড করছেন, উত্তর দিতে চাচ্ছেন না।

Shri Prafulla Chandra Sen : আমার মনে হয় সবচেয়ে ভাল হবে খবর পাওয়ামাত্র প্রশ্ন যিনি করেছেন তাঁকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া।

Mr. Speaker : আমরা একমাস পরে আবার মিট করছি, তখন আপনারা এটা দেবেন এবং সাপ্লিমেন্টারী করলে উত্তর পাবেন।

Shri Kashi Kanta Maitra : স্যার, চিঠি লিখে এটা হতে পারে না কারণ it becomes the property of the House. উনি চিঠি লিখে দিলে আমরা সাপ্লিমেন্টারি করতে পারবো না, উনি বেঁচে যাবেন।

Mr. Speaker : উনি তা বলেন নি। কালকে যদি হাউস বন্ধ হয়ে যায় তাহলে ন্যাচারালি দি প্রপার্টি অব দি হাউস এখানে দেওয়া যাচ্ছে না, সেই জন্য তাঁকে বলছেন যে জানিয়ে দেবেন এবং আমরা যখন এক মাস পরে এখানে বসেছি তখন যদি এটা রিভিউ করতে চান-ত করা যাবে, আই হ্যাব অলরেডি কমিটেড।

Publication of some news in the 'Jugantar' of the 5th November, 1965

***496.** (Admitted question No. *1646.) **Shri Abani Kumar Basu :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ৫।১১।৬৫ তারিখে 'যুগান্তর' কাগজে গোয়েন্দা পুলিশের গোপন ফাইল-এর কয়েকটি সংবাদ পরিবেশন করা হইয়াছে;

(খ) সত্য হইলে, পুলিশ বিভাগের ইন্টেলিজেন্স দপ্তরের গোপন ফাইল 'যুগান্তরের' প্রতিনিধির নিকটও গোপনীয় কি না;

(গ) যদি গোপনীয় হয় তবে কোন্ সূত্র হইতে এই গোপন তথ্য পরিবেশন করা হইয়াছে;

(ঘ) গত ১১।১০।৬৫ তারিখে ডোমজুড় থানার কোন একটি মসজিদে নমাজের পর যে ব্যক্তি সমাগত ব্যক্তিসকলকে আত্মরক্ষার্থে অস্ত্র সংগ্রহের জন্য আবেদন করিয়াছিলেন সেই ব্যক্তিটি বিরুদ্ধে কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) ১৭।৯।৬৫ তারিখে উল্লিখিত পাকিস্তান জিন্দাবাদীদের সভাগুলি কোন্ কোন্ স্থানে কাহার নেতৃত্বে অনুষ্ঠিত হইয়াছিল এবং সেই নেতার বিরুদ্ধে পুলিশ কি ব্যবস্থা অবলম্বন করিয়াছে?

Shri Ardhendu Shekhar Naskar : (ক) উক্ত তারিখের 'যুগান্তর' পত্রিকায় "উদ্বাস্তুদের ঘৃণ্য চক্রান্ত ফাঁস" এই শিরোনামায় একটি সংবাদ প্রকাশিত হয়। উহাতে সরকারী গোপন ফাইল হইতে উদ্ধৃত দেওয়া হইয়াছে বলিয়া দাবী করা হইয়াছে।

(খ) ইন্টেলিজেন্স দপ্তরের গোপন তথ্য জনসাধারণ বা সংবাদপত্রের প্রতিনিধি কাহারও ব্যবহারের জন্য নয়।

(গ) গোপন ফাইল হইতে সংবাদ পরিবেশিত হইয়াছে বলিয়া উক্ত সংবাদে যে দাবী জানান হইয়াছে তাহার সত্যতা সম্পর্কেও সত্য হইলে কোন্ সূত্রে তাহা বাহির হইয়াছে সে সম্পর্কে তদন্ত করা হইতেছে।

(ঘ) এইরূপ আবেদন জানানর নির্ভরযোগ্য প্রমাণ সরকার পান নাই।

(ঙ) এইরূপ কোন সভা হওয়ার বিষয়ে সরকারের কাছে কোন নির্ভরযোগ্য প্রমাণ নাই।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় (ক) প্রশ্নের উত্তরে বললেন যে দাবী করা হয়েছে। আমি জানতে চাই সেই দাবী যে গোপনসূত্র হইতে ইনটেলিজেন্স ব্রাঞ্চের ফাইল থেকে বেরিয়েছে সেই দাবী সত্য কিনা?

Shri Ardhendu Sekhar Naskar : আমি বলেছি সংবাদ যদি সত্য হয় তাহলে কোন সূত্রে সেটা বের হয়েছে তা তদন্ত করা হচ্ছে।

Shri Abani Kumar Basu : তদন্ত হবার কথা নয়, আমি জানতে চাই সেই দাবী সত্য কিনা?

Shri Ardhendu Sekhar Naskar : এ দাবী সত্য নয়।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কোন্ তথ্যের ভিত্তিতে আমাদের এই হাউসকে জানাচ্ছেন যে এই দাবী সত্য নয়?

Shri Ardhendu Sekhar Naskar : আমার কাছে যেটুকু সংবাদ আছে সেই সংবাদ এই হাউসের কাছে পরিবেশন করছি।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই প্রশ্ন ডিপার্টমেন্টে গিয়েছিল ১৬/১১ তারিখে, প্রায় ছ'মাসের উপর, এই তদন্তের ফলাফল কি?

Shri Ardhendu Sekhar Naskar : জনসাধারণের স্বার্থের খাতিরে আমি তদন্তের ফলাফল এখন বলতে পারবো না। এখনও আমরা তদন্ত করছি, তদন্ত শেষ না হওয়া অবধি আমরা জানাতে পারি না।

Shri Abani Kumar Basu : স্যার, হাওড়া কোর্টে এস, পি,র অফিস, সেখান থেকে সংবাদ পরিবেশিত হয়েছে বলে দাবী করা হয়েছে। ছ'মাস আগে কোশ্চেন ডিপার্টমেন্ট গিয়েছে অথচ আজ পর্যন্ত বলছেন তদন্ত করা হচ্ছে। আপনি দয়া করে জানাবেন কি এর তদন্তের ফলাফল আমরা কবে জানতে পারবো?

Shri Ardhendu Sekhar Naskar : তদন্তের রিপোর্ট আসার সংগে সংগেই আমি আপনাকে ব্যক্তিগতভাবে জানাতে পারি এবং হাউসে জানাবার সুযোগ পেলে নিশ্চয়ই হাউসকে জানাবো।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় (ঘ) প্রশ্নের উত্তরে জানালেন যে এইরূপ আবেদন জানানর নির্ভরযোগ্য প্রমাণ সরকার পাননি। মন্ত্রিমহাশয় কি জানাবেন নির্ভরযোগ্য না হলেও কোন প্রমাণ তিনি পেয়েছেন কিনা?

Shri Ardhendu Sekhar Naskar : এই রকম কোন প্রমাণ আমি পাইনি।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সংবাদপত্রের যিনি প্রতিনিধি তিনি এই মিথ্যা সংবাদ প্রচার করে একটা সাম্প্রদায়িক বিদ্বেষ প্রচারের যে সহায়তা করেছিলেন তার সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

Shri Ardhendu Sekhar Naskar : আমি সেটা আগেই প্রশ্নের উত্তরে জবাব দিয়েছি।

Shri Abani Kumar Basu : কি উত্তর দিয়েছেন?

Shri Ardhendu Sekhar Naskar : গোপন ফাইল হইতে সংবাদ পরিবেশিত হইয়াছে বলিয়া উক্ত সংবাদে যে দাবী জানান হইয়াছে তাহার সত্যাসত্য সম্পর্কে ও সত্য হইলে কোন সূত্রে তাহা বাহির হইয়াছে সে সম্পর্কে তদন্ত করা হইতেছে।

Shri Abani Kumar Basu : আপনি (ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন যে এইরূপ আবেদন জানানর নির্ভরযোগ্য প্রমাণ সরকার পাননি। আমি জানতে চাই যে সংবাদ পরিবেশিত হয়েছে তাতে সাম্প্রদায়িক বিদ্বেষমূলক প্রচার করা হয়েছে, যদি এই সংবাদ সত্য না হয় সরকারের মতে তাহলে সংবাদদাতার বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা ?

Shri Ardhendu Sekhar Naskar : সে রকম কোন ব্যবস্থা অবলম্বন করার চিন্তা করছি না। তবে যেটা অন্য প্রশ্নের জবাবে দিয়েছি, আপনি যেটা চেয়েছেন, এই রকম সভা সমিতি হয়েছে কিনা, এই সভা সমিতি হওয়া সম্পর্কে সরকারের কাছে নির্ভরযোগ্য প্রমাণ নেই।

Shri Abani Kumar Basu : নির্ভরযোগ্য বলতে কি বলতে চান ?

Shri Ardhendu Sekhar Naskar : তদন্ত না হওয়া পর্যন্ত আমি কোন কথা প্রকাশ করতে চাই না।

Shri Abani Kumar Basu : স্যার, (ঙ) প্রশ্নে আমার টেকিনিট প্রশ্ন ছিল যে সংবাদপত্রের রিপোর্ট এর ভিত্তিতে ১লা সেপ্টেম্বর তারিখে পাকিস্তান জিগীরের সভ গুলি কোন কোন স্থানে কাহার নেতৃত্বে অনুষ্ঠিত হয়েছিল এ সম্বন্ধে আমরা কোন জিনিস জানতে পারছি না। আমরা বুঝতে পারছি না কোথায় গেলে প্রকৃত তথ্য জানতে পারবো। হাউসের কাছে জানিয়েছি ছ'মাস আগে, ছ'মাস পরে এই উত্তর দিচ্ছেন। এই উত্তর, মাননীয় স্পীকার মহাশয়, আমরা কতদিনে পাবো সেটা আপনি দয়া করে বলুন ?

Shri Ardhendu Sekhar Naskar : পাকিস্তান জিগীরের সভা সমিতি হয়েছিল বলে আমাদের কাছে কোন প্রমাণ নেই।

Dr. Golam Yazdani : স্যার, অবনীবাবু যে প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন সে প্রশ্নের উত্তরটা আমরা পেলাম না। প্রশ্নটা আমি আবার ক্লারিফাই করে বলছি যুগান্তরের যে রিপোর্টার এই রকম খবর দিয়েছেন তার বিরুদ্ধে কোন শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না, না হয়ে থাকলে ব্যবস্থা গ্রহণ করা হবে কি না ?

Shri Ardhendu Sekhar Naskar : তদন্তের রিপোর্ট না পাওয়া পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ আমরা করতে পারি না।

Shri Abani Kumar Basu : মন্ত্রিমহাশয় কি জানাবেন এই তদন্ত কবে আরম্ভ হয়েছে ?

Shri Ardhendu Sekhar Naskar : সঠিক তারিখ আমার জানা নেই, তবে কাগজে বেরুবার সংগে সংগে এ বিষয় তদন্ত করা হচ্ছে।

Arrest of blackmarketeers in baby food in Calcutta and Howrah

***497. (Admitted question No. *1768.) Shri Anadi Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) ১৯৬৩ সালের ১লা জানুয়ারী হইতে আজ পর্যন্ত বেবী ফুডের চোরাবাজারী করার অভিযোগে হাওড়া ও কলিকাতার কতজনকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলে গ্রেপ্তার করা হইয়াছিল ;

(খ) তাহাদের নাম কি ; এবং

(গ) তাহাদের মধ্যে কে কে মুক্তি পাইয়াছেন ?

Shri Ardhendu Sekhar Naskar : (ক) উল্লিখিত সময়ে এ সম্পর্কে হাওড়ায় কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই ; কলিকাতায় মোট ৪৭ জনকে গ্রেপ্তার করা হয়।

(খ) ও (গ) এ সম্পর্কে একটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

Shri Anadi Das : হাওড়াতে যাদের বেবীফুড চোরাকারবার করার জন্য গ্রেপ্তার করা হয়েছিল তাদের মধ্যে ১৯৬৩ সালের আগেও কাউকে গ্রেপ্তার করা হয়েছিল কিনা ?

Shri Ardhendu Sekher Naskar : ১৯৬৩ সালের ১লা জানুয়ারী থেকে আজ পর্যন্ত বেবীফুডের বাজারে চোরাকারবার করার অভিযোগে ভারতরক্ষা আইনে কাউকে গ্রেপ্তার করা হয়নি হাওড়ায়। কিন্তু উক্ত অভিযোগে কলকাতায় ৪৭ জনকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছে।

Shri Anadi Das : আপনি বললেন যে হাওড়ায় কাউকে গ্রেপ্তার করা হয়নি। কিন্তু হাওড়ায় বাস করে এ, কে, দত্ত, অথচ তিনি কলকাতায় কারবার করেন, এইরকম ধরণের কোন লোককে ধরা হয়েছে কিনা ?

Shri Ardhendu Sekher Naskar : আমি একটা তথ্য দিচ্ছি। আমরা বাগড়ী মার্কেট থেকে ধরেছি ১৪ জনকে, রাজাকাটরা থেকে ধরেছি সাত জনকে, ক্যানিং ষ্ট্রীট, নেতাজী সুভাষ রোড, মহাত্মা গান্ধী রোড, চাঁদনীচক, আপার চিৎপুর রোড এবং বড়বাজার ষ্ট্রিট থেকে আরো ছয় জনকে ধরেছি। তারা যদি বিভিন্ন জায়গায় দেশের বাড়ীতে থেকে থাকে সে তথ্য আমাদের জানা নেই কিন্তু আমরা তাদের ব্যবসার ক্ষেত্র থেকে ধরেছি।

Shri Anadi Das : এদের মধ্যে যাদের মুক্তি দিয়েছেন তাদের কি বিবেচনা করে মুক্তি দিয়েছেন ?

Shri Ardhendu Sekher Naskar : মোট গ্রেপ্তারের সংখ্যা ৪৪ জন, এরমধ্যে ১৮ জনকে ডি, আই, আর, রুলের ৩০এ আটক করা হয়, বাকী ১৬ জনকে ডিসচার্জ করা হয়। আটক ব্যক্তিদেরও পরে ছাড়িয়া দেওয়া হয়। এটা হল ১৯৬৪ সালের হিসাব, আর ১৯৬৫ সালে মোট গ্রেপ্তারের সংখ্যা তিন এদের মধ্যে আটক করা হয় দুই জনকে এবং বাকী একজনকে ডিসচার্জ করা হয়। আটক ব্যক্তিদেরকেও পরে ছাড়িয়ে দেওয়া হয় কারণ তাদের বিরুদ্ধে কোন স্পেসিফিক কেস পাওয়া যায় না।

Shri Balai Lal Das Mahapatra : মন্ত্রিমহাশয় কি বলবেন যে বেবীফুড যারা চোরাকারবারী করছে তাদের তো ধরা হচ্ছে—কিন্তু বেবীফুড বাজারে যে মোটেই পাওয়া যাচ্ছে না তারজন্য কি ব্যবস্থা হচ্ছে ?

উত্তর নাই।

Shri Anadi Das : এদের মুক্তি দেবার সময় মন্ত্রিমণ্ডলের কারও কারও সুপারিশকে প্রধান স্থান দেওয়া হয়েছিল কিনা—একথা সত্য কিনা ?

Shri Ardhendu Sekher Naskar : একথা সম্পূর্ণ অসত্য।

Shri Aswini Roy : এই যে আপনি বললেন ডি, আই, আর, ৩০তে মাত্র ১৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে ৪৭ জনের মধ্যে বাকী যারা ছিলেন তাদের কোন্ আইনে ধরেছিলেন ?

Shri Ardhendu Sekher Naskar : ৪০ ধারা অনুসারে ধরা হয়েছিল।

Shri Bhadrabahadur Hamal : মন্ত্রিমহাশয় কি বলবেন যে চোরাকারবারীদের তো ধরেছেন—নভেম্বর থেকে আজকে জানুয়ারীর ১৮ তারিখ হয়ে গেল—আমি অন্তত এক বোতল

হরলিক্সের জন্য প্রত্যেক দোকানে গেছি পাই নি—লাইনে দাঁড়িয়েছি তিন চার বোতল বিক্রি করবার পর বলছে নেই—এখানে আসার সময় দেখছি বিক্রি হচ্ছে ট্রাম থেকে নেমে দাঁড়ালাম কিন্তু পেলাম—এ ব্যাপারে কি হবে বলুন ?

Shri Ardhendu Sekhar Naskar : আবার কিছু ধরতে হবে তাছাড়া উপায় নেই।

Incentive bonus for the employees of Durgapur Project Ltd.

***498.** (Admitted question No. *1793.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government have a scheme for payment of incentive bonus for 1965 to the employees of the Durgapur Project Limited ; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the rate fixed for each of the departments of Coke Oven, Thermal Power, By-Product, Common Services, and Transport,

(ii) the rate paid last year (1964) to each of the above departments, and

(iii) the probable date of payment of this year's bonus ?

[1-50—2 p m]

Shri Ardhendu Sekhar Naskar : (a) Yes.

(b) (i) As per annexure 'A'

(ii) As per annexure 'B'

(iii) As payment of incentive bonus is made every month the question does not arise.

Annexures referred to in reply to clause b (i) (ii) of starred question No 4^c8

ANNEXURE A

The rates of incentive bonus for each of the departments of Coke Oven, Thermal Power, By-Product, Common Services and Transport of the Durgapur Projects Limited are as follows :

COKE OVEN

Battery

Daily average of ovens pushed during the month	Percentage of pay as bonus
69	15
70	20
71	25
72	27
73	29
74	34
75	35
76	36·7
77	38·4
78	40

Power Plant (Thermal Power)

Daily average of generation in terms of M. W.	Percentage of bonus
M. W.	Per cent
44	5
46	22
47	23
50	25
58	30

(The intermediate figures will be obtained by calculation on straightline method)

By-Products Plant

Daily average of quantity (in Kilo-Litres) of Benzol distilled	Percentage of pay as bonus
K. L.	per cent
5	5
6	10
7	15
8	20
9	25
10	30

The employees of the By-Production Plant will be edtitled to the bonus at the rate of 50 per cent on the performance of By-Products Plant and 50 per cent on the performance of Tar Plant.

For the By-Products Plant in addition to the prescribed scale of bonus, there will also be a supplementary scale as shown below :

K. L.	Percentage of bonus Per cent
5	5
6	10
7	15
8	20
9	25 +5 (supplementary)
10	30 + 7½ do
11	30 + 10 do

Common Services: The employees of the Common Service Group are entitled to get 20 per cent of the bonus declared for the Power Plant, 20 per cent of the bonus declared for Battery Section and 10 per cent of the bonus declared for By-Products and Tar Plants.

Transport: Transport Workers who are eligible for bonus are entitled to incentive bonus as follows :

½ × (Percentage of bonus declared for Coke Oven Battery
+ Percentage of bonus declared for Power Plant
+ Percentage of bonus declared for Tar and By-Products Plant) × 90 per cent.

ANNEXURE B

The rates of incentive bonus for each of the departments of Coke Oven, Thermal Power, By-Product, Commor Services and Transport of the Durgapur Projects Limited for the year 1964 are as follows :

COKE OVEN

Battery

Daily average of ovens pushed during the month	Percentage of pay as bonus from 1. 1. 64 to 30. 6. 64	from 1. 7. 64 to 31. 12. 64
	Per cent	Per cent
69	2	2
70	4	4
71	6	6
72	10	10
73	15	15
74	20	20
75	25	25
76	29	29
77	33	34
78	36	40
79	38	—
80	40	—

Power plant (termal power)

M. W.		
44	—	5
46	—	22
47	—	23
48	2	—
50	—	25
51	5	—
56	23	—
58	30	30
	(intermediate figure by inter polation on straightline calculation basis thereof between two intermediate points of 0.5 M.W. intervral)	(the intermediate figures will be obtained by calculation on straight-line method)

By products plant

Daily average of quantity (in Kilo-Litres) of Crude Benzol distilled.

K. W.	Per cent	Per cent
5	5	5
6	10	10
7	15	15
8	20	20
9	25	25
10	30	30

(the employees of the By-Production Plant will be entitled to the bonus at the rate of 50 per cent on the performance of By-Products Plant and 50 per cent on the performance of Tar Plant).

(for the By-Products Plant in addition to the abovenoted bonus there will also be a supplementary scale as shown below :)

5	5
6	10
7	15
8	20
9	25+5 (supplementary)
10	30+7½ do
11	30+10 do

Common Services : The employees of the Common Services Group will be entitled to get 20 per cent of the bonus declared for Power Plant, 20 per cent of the bonus declared for Battery Section and 10 per cent of the Bonus declared for By-Products and Tar Plant.

Transport : Transport Workers who are eligible for bonus are entitled to incentive bonus as follows :

½ × (Percentage of bonus declared for Coke Oven Battery.
\+ Percentage of bonus declared for Power Plant.
\+ Percentage of bonus declared for Tar & By-Products Plant.
× 90 Per cent.

Shri Aswini Roy : আপনি ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের দুর্গাপুরে যে সমস্ত ওয়ার্কাররা কাজ করে তাদের বলেছেন বোনাসের হারটা হচ্ছে এ তিন চারটি অন্য যে ডিপার্টমেন্ট আছে কোকোভেন প্ল্যান্ট ইত্যাদি তাদের এ্যাভারেজের উপর বোনাসটা ধরবেন—এটা কি সত্য যে এই এ্যাভারেজ বোনাস ধরার সংগে সংগে ঐ যে ট্রান্সপোর্টের লোডিং এও আনলোডিংয়ের যে ডিটেনসন সেই ডিটেনসন আওয়ারসকে ক্যালকুলেট করে তাদের বোনাস রেট থেকে বাদ দেওয়া হয় এবং বোনাস কমিয়ে দেওয়া হয় ?

Shri Ardhendu Sekhar Naskar : আপনার প্রশ্ন ছিল the rate fixed for each of the departments of Coke Oven, Thermal Power, By-product, Common Services, and Transport, ট্রান্সপোর্ট এর মধ্যে নাই।

Shri Aswini Roy : ট্রান্সপোর্টের ক্যালকুলেসন আছে—ট্রান্সপোর্ট এই রেটে বোনাস দেন, এখানে আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে আপনি avarage of all the three or four plants যেটা বোনাস তার ১০% তাদের দেবার সময় ঐ যে ওয়াগন এবং লোডিং এবং আনলোডিংয়ের ক্ষেত্রে যে ডিলে হয় সেই ডিলেটা যা ট্রান্সপোর্ট ওয়ার্কাররা করছে প্রত্যেকটা ডিপার্টমেন্ট লোডিং এবং আনলোডিংয়ের ক্ষেত্রে ডিলে করেছে—কিন্তু ট্রান্সপোর্ট ওয়ার্কারদের কাছ থেকে টাকাকাটা হচ্ছে।

Shri Ardhendu Sekhar Naskar : আমি নোটিশ দিলে এ প্রশ্নের উত্তর দিতে পারবো তবে টোটাল নং অব ওয়ার্কিং ডেজ।

Shri Aswini Roy : স্যার, উনি অ্যাভারেজ বলে দিয়েছেন বলেই বলছি, কিন্তু উনি উত্তর দিতে পারছেন না।

Soil Testing Laboratories

***499.** (Admittd question No. *1843.) **Shri Sanat Kumar Raha** : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many soil testing laboratories are there in West Bengal ; and

(b) how many of these laboratories are in working condition now?

Shri Smarajit Bandopadhyay : (a) At present there are two soil testing laboratories in West Bengal viz.,—

(i) Central Laboratory at Tollygunge.

(ii) I. A. D. P. Laboratory at Burdwan.

Besides, a regional Laboratory at Malda is being organised.

(b) The Tollygunge and Burdwan Laboratories are in full working condition. The Laboratory building at Malda is now under construction.

Shri Sanat Kumar Raha : এই সয়েল টেষ্টিং ল্যাবরেটরীর ফাংশান কি এটাই যে যেখানে কনস্ট্রাকসন হয় পি. ডবলিউ, ডি, বা অনুরূপ দপ্তরের সেই সব কনস্ট্রাকসনের ব্যাপারে সেখানে সয়েল টেস্ট করা হয়, না, শুধু এগ্রিকালচ্যারাল ল্যাণ্ড টেস্ট করা হয় ?

Shri Smarajit Bandopadhya : প্রধানতঃ অ্যাগ্রিকালচ্যারাল ল্যাণ্ডই টেস্ট করা হয় তবে যদি সয়েল কেন টেস্ট করার জন্য তাহলে তা করা হয়।

Shri Sanat Kumar Raha : এই সয়েল টেষ্টিং বাংলা দেশে কমসে কম দরকার কমিটি যাতে করে আপনার সব জায়গায় এই সয়েল টেস্ট করার কাজ সমাধা করতে পারেন ?

Shri Smarajit Bandopadhyay : আমার মতে প্রত্যেক জেলায় একটা করে করতে পারলে ভাল হয়—কিন্তু বর্তমানে আমি যা বলছি—টালিগঞ্জে আছে, বর্ধমানে আছে এবং মালদায় তৈরী হচ্ছে। আর ফোর্থ ফাইব ইয়ার প্ল্যানে হবে শিলিগুড়ি, আর বাঁকুড়ায়।

Shri Aswini Roy : আপনি এই যে বললেন প্রত্যেক জায়গায় করলে ভাল হয়—বর্ধমান জেলাতে একটা করেছেন—তাহলে বর্ধমান জেলার বিভিন্ন অঞ্চলে এই সয়েল টেষ্টিংয়ের কাজ কি কমপ্লিট হয়ে গেছে ?

Shri Smarajit Bandopadhyay : এই সয়েল টেষ্টিং বলতে আপনি কি—এই সয়েল টেষ্ট করে ম্যাপের কথা বলছেন ? তা যদি বলেন তাহলে এখনও কমপ্লিট হয় নি। বিভিন্ন জায়গা থেকে সয়েলের স্যামপল এলে, যেমন চাষীরা নিয়ে আসছেন বা যাঁদের ফসল খারাপ হচ্ছে তাঁরা এখানে নিয়ে আসছেন—এই রকম নিয়ে এলে টেষ্ট করা হয়।

Shri Aswini Roy : ইরিগেটেড এরিয়া যে জেলায় করা হয়েছে সেখানে কি র‍্যাপিড চার্ট করার প্রশ্নটা তাড়াতাড়ি করা উচিত নয় ?

Shri Smarajit Bondopadhyay : আমি আগেই বলেছি যে প্রত্যেক জেলায় করা উচিত।

Shri Narayan Choubey : যদি কোন চাষী নিজেদের সয়েল টেষ্ট করতে চায় তাহলে তারজন্য কি চার্জ নেওয়া হয় ?

Shri Smarajit Bandopadhyay : চার্জ কিছু নেওয়া হয় না।

Shri Gholam Yazdani : মালদায় এই সয়েল টেষ্টিং ল্যাবরেটরীটি কবে শেষ হবে ?

Shri Smarajit Bandopadhyay : সেটা আমি এখন বলতে পারছি না, তবে তৈরী হচ্ছে এটা বলতে পারি।

Alleged Cremation of the dead body of Santi Dutta by Police without his mother's knowledge

***500.** (Admitted question No. *1958.) **Dr. Abu Asad Mohammad Obaidal Ghani :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the dead body of Shri Santi Dutta, suspected to be murdered in July, 1965 last, was cremated by the police of Bongaon police-station without the knowledge of the deceased's mother ;

(b) if so, what is the reason of such police action ;

(c) whether any post-mortem examination of the said dead body was made ;

(d) if so, what is that report ;

(e) whether any application for investigation into the death of her son from the deceased's mother on 1st November, 1965, has been received by the Chief Minister ; and

(f) If so, what action has been taken thereon ?

Shri Ardhendu Sekhar Naskar : (a) and (b) It is a fact that the dead body of Shri Santi Dutta who was murdered by gun shot on 9-6-65 was cremated by Bongaon Hospital Authorities in absence of any one claiming the dead body within a reasonable time.

(c) Yes.

(d) The report was that the death was due to shock and haemorrhage as an effect of injuries due to gun shot which were ante-mortem and homicidal in nature.

(e) A petition dated 27.7.65 and not 1-1-65 was received.

(f) The case is being carefully investigated under the supervision of the D.I.G., C.I D.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : Was the body cremated on the same day as the woman was murdered ?

Shri Ardhendu Sekar Naskar : গত ৮ই জুন রাতে একদল দুষ্কৃতকারীর সংগে একটি প্রাইভেট গাড়ী করিয়া পাকিস্তান হইতে আনীত চোরাইমাল লুট করিতে যাইতেছিল। গাইঘাটা যশোর রোডে চোরাকারবারীদের নিযুক্ত দল কর তরফে সমরেশ কারের গুলিতে রাত্র অনুমান ৩-৩০মিঃ (ইংরাজী মতে ৯-৬-৬৫) শান্তি দত্ত মারা যায়। উক্ত শান্তি দত্তের দুইজন সংগী মৃত ব্যক্তিকে বনগাঁ হসপিটালে নিয়ে যায় এবং বনগাঁ থানায় এজাহার দেয়। তাহারা মৃত ব্যক্তির ঠিকানা বা আত্মীয়স্বজনের নাম ঠিকানা জানিতে পারে নাই। বেলা অনুমান ১টার সময় শবব্যবচ্ছেদ করা হয় এবং হাসপাতালে তাপনিয়ন্ত্রিত শবাধার না থাকায় ও উপযুক্ত সময়ের মধ্যে মৃত ব্যক্তির আত্মীয়স্বজনের সন্ধান না পাওয়ায় সরকারী খরচে মৃতদেহের ফটো এবং বস্ত্রাদি রাখিয়া মৃতদেহ ১০-৬-৬৫ তারিখে সৎকার করা হয়। খবরের কাগজে এই সংবাদ জানিয়ে ১৩-৩-৬৫ তারিখে মৃতের ভাই শ্রীবিনয় দত্ত গাইঘাটা থানায় উপস্থিত হয় এবং ২৭-৭-৬৫ তারিখে মৃত ব্যক্তির মা শ্রীমতি চারুশশী দত্ত মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট যে আবেদন করেন উহা বর্তমানে সরকারের বিবেচনাধীনে আছে। গাইঘাটা থানার ৯-৬-৬৫ তারিখের ৫নং কেসটি বর্তমানে ডি, আই, জি, সি, আই, ডি, ওয়েস্ট বেঙ্গল, কেসটির তদন্ত সুপারভাইজ করিতেছেন এবং এ পর্যন্ত ৭ জনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং তাদের দুজন স্বীকারোক্তি দিয়াছে। মূলআসামী দল করকেও গ্রেপ্তার করা হইয়াছে। তদন্ত শেষে আসামীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হবে। আমি যেটা জানতে চাই, আপনি যেটা ১ তারিখে বলেছেন সেটা ঠিক নয়। আপনি বলেছেন ১-১১-৬৫ তারিখে দরখাস্ত করেছেন। কিন্তু আসলে ২৭-৭-৬৫ তারিখে দরখাস্ত করেন।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : আমার কাছে petition এর copy আছে তাতে date আছে 1st November 1965. এই case এর "f" এর উত্তরে যেটা বললেন that is the case is being carefully investigated under the supervision of the D.I.G., C.I.D., এর কাছে investigation এর জন্য পাঠিয়েছেন এটা প্রকৃত সংবাদটা কি ?

Shri Ardhendu Sekhar Naskar : আমরা পাঠিয়েছিলাম 9-6-65 তে।

Dr. Abu Asad Mohammed Obaidul Ghani : সাত মাস হয়ে গেল D.I.G. এখনও পর্যন্ত এরূপ কোন একটা murder এর case এর সন্ধান করতে পারলেন না ?

Shri Aadhendu Sekhar Naskar : আমরা আজ পর্যন্ত সাত জনকে গ্রেপ্তার করেছি, দুই জন স্বীকারোক্তি করেছেন মূলআসামী পল কর কে গ্রেপ্তার করা হয়েছে।

STARRED QUESTIONS

to which Answers was were laid on Table

Seed Farm in Bhagwangola Block No. 1

***501.** (Admitted question No.*2089.) **Shri Sailendra Nath Adhikary :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভগবানগোলা ১নং ব্লকে সিড ফার্ম তৈয়ারী করিবার জন্য কতজন চাষীর কি পরিমাণ জমি রিকুইজিশন করা হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে বৃহৎ জোতদারগণের জমি ঐ এলাকায় থাকা সত্বেও ছোট চাষীর জমি নেওয়া হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে, উহার কারণ কি ?

The Minister for Agriculture & Community Development : (ক) মোট ৬৪ জন কৃষকের ২৫.৯৪ একর জমি রিকুইজিশন করা হইয়াছে।

(খ) না

(গ) প্রশ্ন উঠে না।

Introduction of Statutory rationing system in North Dum Dum and Naba Barrackpore municipal areas

***502.** (Admitted question No. *2155.) **Shri Gopal Banerjee :** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ইহা কি সত্য যে উত্তর দমদম ও নব ব্যারাকপুর পৌরাঞ্চলকে বিধিবদ্ধ রেশনিং-এর মধ্যে আনিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ?

The Minister for Food & Supplies : উত্তর দমদম পৌরাঞ্চলকে বিধিবদ্ধ রেশনিংএর আওতার মধ্যে আনিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন। নব ব্যারাকপুর পৌরাঞ্চল সম্পর্কে এইরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

Procurement of paddy in Manikara village of Amta police-station

***503.** (Admitted question No.*2159.) **Shri Balai Lal Das Mahapatra :** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়ার জেলা ম্যাজিস্ট্রেট উক্ত জেলার অন্তর্গত আমতা থানার মানিকারা গ্রামে খাদ্য বিভাগের অফিসারকে পুলিশের সাহায্যে ধান্য সংগ্রহের জন্য গত আগস্ট মাসে নির্দেশ দিয়াছিলেন কি না ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ কোন্ ব্যক্তির উপর জেলা ম্যাজিস্ট্রেটের আদেশ জারী করিয়া কত ধান্য সংগ্রহ করা হইয়াছিল,

(২) উক্ত ধান্য সরকার কত মূল্যে বিক্রয় করিয়াছিলেন, এবং

(৩) সরকারী নির্দেশ অনুযায়ী ঐ গ্রাম হইতে সমস্ত আটক ধান্য পাওয়া গিয়াছে কি না ?

The Minister of Food & Supplies : (ক) হ্যাঁ, একটি ক্ষেত্রে হাওড়ার জেলা ম্যাজিস্ট্রেট এইরূপ নির্দেশ দিয়াছিলেন।

(খ) (১) মানিকারা গ্রামের শ্রীনন্দলাল বিশ্বাসের পুত্র শ্রীসুধীর কুমার বিশ্বাসের উপর আদেশ জারী করা হইয়াছিল কিন্তু কোন ধান্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

(২) এবং (৩) প্রশ্ন উঠে না।

Alleged assault on the Officer-in-charge of Khardaha police-station by two Militarymen

*504. (Admitted question No. *2189.) **Shri Nathaniel Murmu** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে চব্বিশপরগনা জেলার খড়দহ থানার অফিসার-ইন-চার্জ সম্প্রতি দুইজন মিলিটারী যুবক কর্তৃক নির্মমভাবে প্রহৃত হইয়া গুরুতরভাবে আহত হইয়াছেন ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তাহা হইলে মাননীয় মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) কোন্ ঘটনার পরিণতি হিসাবে উক্ত ঘটনা ঘটিয়াছিল, এবং

(২) সরকার ঐ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

The Minister for Home (Police) : (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

N. E. S. blocks in Tufangunj subdivision

*505. (Admitted question No. *2196.) **Shri Jiban Krishna Dey** : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার জনসংখ্যা কত ;

(খ) এখানে এন, ই, এস, ব্লক কতগুলি আছে ; এবং

(গ) জনসংখ্যা অনুপাতে ব্লকের সংখ্যা বাড়াইবার কোন প্রস্তাব আছে কি না ?

The Minister for Agriculture & Community Development :

(ক) ১৯৫১ সনের আদমসুমারী অনুযায়ী— ৯৫,৩৯১ ১৯৬১ সনের আদমসুমারী অনুযায়ী— ১,১০,৬৩১

(খ) একটি দ্বিতীয় পর্যায়ভুক্ত ব্লক।

(গ) প্রস্তাব আছে। আইনগত বাধা থাকায় বর্তমানে প্রস্তাবটি কার্যকরী করা স্থগিত আছে।

Distribution of rationed articles in Santipur police-station

*506. (Admitted question No. *2212.) **Shri Kanai Pal** : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে শান্তিপুর থানার লোকসংখ্যা কত এবং কত লোককে আংশিক রেশন দেওয়া হচ্ছে ;

(খ) বর্তমানে রেশনে কোন্ কোন্ শ্রেণীর লোকদের কি কি জিনিস কি পরিমাণে দেওয়া হচ্ছে ;

(গ) শান্তিপুর থানায় বর্তমানে খোলা বাজারে চাল পাওয়া যাচ্ছে কি না ; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় খোলা বাজারে চালের দাম কি ?

The Minister for Food & Supplies : (ক) লোকসংখ্যা—১,৭৯,০৬০ এবং ১,২৬,৪২৪ জন লোককে আংশিক রেশন দেওয়া হচ্ছে।

(খ) মিউনিসিপ্যালিটি

শ্রেণী	চাউল	গম বা গমজাত দ্রব্য	চিনি	ছোলা	ছোলার ডাল
ক	৭৫০ গ্রাঃ	৭৫০ গ্রাঃ	১০০ গ্রাঃ	—	৫০০ গ্রাঃ প্রতি কার্ডে
খ	,,	,,	২০০ গ্রাঃ	—	,,
গ	,,	,,	২৫০ গ্রাঃ	—	,,
	মফঃস্বল				
ক	৫০০ গ্রাঃ	৭০০ গ্রাঃ	১০০ গ্রাম	১ কেজি ৩ ইউনিট পর্যন্ত কার্ডে	—
খ	—	১২০০ গ্রাঃ	১৫০ গ্রাঃ	,,	—
গ	—	,,	২০০ গ্রাঃ	২ কেজি ৩ ইউনিটের বেশী কার্ডে	—

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Ration card-holdens in some Municipalities of Hooghly District

***507.** (Admitted question No. *2234.) **Shri Manoranjan Hazra :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার উত্তরপাড়া, কোতরং ও কোন্নগর পৌরসভা এলাকায় পৌরসভাগতভাবে রেশন কার্ড অধিকারীর সংখ্যা কত ;

(খ) একথা কি সত্য যে ঐসব পৌর এলাকাগুলিতে নতুন রেশনকার্ড দেয়া হচ্ছে না ; এবং

(গ) সত্য হলে তার কারণ কি এবং সরকার বিষয়টি সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

The Minister for Food and Supplies

	৩।১২।৬৫ তারিখে রেশন কার্ড অধিকারীর সংখ্যা
(ক) পৌরসভার নাম।	
(১) কোতরং	৭০৮৭
(২) উত্তরপাড়া	৪৮৭৮
(৩) কোন্নগর	৮০৭৩

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Arrests in Midnapore District for unlawful trade in rice and paddy

***508.** (Admitted question No. *1232.) **Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর জানুয়ারী হইতে সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়ে মেদিনীপুর জেলায় কত ব্যক্তি বেআইনীভাবে ধান ও চাউল ব্যবসায়ে নিযুক্ত থাকায় গ্রেপ্তার হইয়াছে ; এবং

(খ) উহাদের মধ্যে কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে এবং কতজনের কিরূপ সাজা হইয়াছে ?

The Minister for Home Police : (ক) ২৫০ জন।

(খ) ২৫০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে। উঁহাদের মধ্যে ১৯৬ জনের পনের টাকা হইতে দুইশত টাকা পর্যন্ত জরিমানা হইয়াছে—কাহারও কারাদণ্ড হয় নাই।

Deep tube-wells

*509. (Admitted question No. *1524) **Shri Narayan Chobey :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many tube-wells are there in each district of West Best Bengal ;

(b) how many of these tube-wells had been sunk during the year 1961-62 ; and

(c) how many acres of land were estimated to be irrigated by water from all these tube-wells and how many acres have actually secured water from these deep tube-wells from January 1965 to this date ?

The Minister for Agriculture : (a) & (b) A statement is enclosed indicating the required information, and

(c) Each completed tubewell is estimated to irrigate an area of 200 acres. 415 deep tube-wells so far energised are providing irrigation water to over 19,000 acres of land.

Statement referred to in reply to clauses (a) and (b) of starred question No. 509

(A) District	Total No. of tube-wells drilled.	(b) No. of tubewells drilled in 1961-62
1. Nadia	448	31
2. 24-Parganas	159	58
3. Murshidabad	221	1
4. Burdwan	126	2
5. Hooghly	117	3
6. Howrah	3	2
7. Birbhum	1	—
8. Midnapore	29	25
9. Bankura	59	—
10. Malda	1	1
11. Cooch Behar	3	3
12. Jalpaiguri	10	3
13. West Dinajpur	4	4
14. Darjeeling	1	1
	1182	134

Out of the above drilled 1182 tubewells, 415 have been energised of which 224 Nos. have been fully completed.

Daily production target of Coal from the Coke Oven Plant of Durgapur Project Ltd.

*510. (Admitted question No. *1794.) **Shri Aswini Roy**: Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government have fixed any production target of the coke daily from Coke-Oven Plant under Durgapur Project Limited; and

(b) if the answer to (a) be in the affirmative will the Minister be pleased to state—

(i) what was the daily target (in tons) in 1963-64 and 1964-65, and

(ii) the average daily production in 1963-64 and during the period from 1st January, 1965 to 30th October, 1965?

The Minister for Development and Planning: (a) Production target is not fixed by Government but is fixed by Durgapur Projects Ltd. on the basis of guarantee of the suppliers of the plant. The Durgapur Projects Limited have accordingly fixed the production target for the Coke Oven Plant.

(b) (i) Production of 962 M. Tons per day, as guaranteed by the suppliers of the plant, was taken as the daily target in 1963-64 and 1964-65.

(ii) Average daily production in 1963-64 was 985.4 M. Tons and during the period from 1st January 1965 to 30th October 1965 the average daily production was 996.6 M. Tons.

Receipts of contribution to National Defence Fund in Midnapore

*511. (Admitted question No. *1813.) **Shri Sudhir Chandra Das**: গত ১১ই মে ১৯৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৩০ নং (অনুমোদিত প্রশ্ন নং ২০৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উল্লিখিত সভাগুলিতে যাঁহারা দান করিয়াছিলেন তাঁহাদিগকে প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়া হইয়াছে কিনা;

(খ) উত্তর 'না' হইলে প্রাপ্তি স্বীকার রসিদ না দিবার কারণ কি;

(গ) ঐ সভাগুলির প্রত্যেকটি সভায় কি পরিমাণ অর্থ ও অলঙ্কারাদি সংগৃহীত হইয়াছিল; এবং

(ঘ) দাতাগণের নামের তালিকা আছে কি না?

The Chief Minister: (ক) ও (খ) জনকা, ভূপতিনগর, কলাবড়িয়া বাজার, ডুমুরদাড়ি, ভগবানপুর, হেঁড়িয়া, কলাগাছিয়া ও গোপীচকের জনসভাগুলিতে দাতারা অত্যধিক উৎসাহের সহিত প্রতিরক্ষা তহবিলে দান করিয়াছিলেন। প্রচুর ক্ষুদ্র ক্ষুদ্র দান উক্ত জনসভাগুলিতে পাওয়া গিয়াছিল। দাতাদের উৎসাহ ও সমর্থন এতই বেশী ছিল যে তাঁহাদের প্রত্যেকের পোষ্টাল ঠিকানা সহ নাম ও দানের পরিমাণ লিখিয়া তালিকা রাখা উক্ত জনসভাগুলির অনুষ্ঠিত সময়ের মধ্যে সম্ভব হয় নাই এবং সেইজন্য তাঁহাদের প্রত্যেককে পৃথক প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়া হয় নাই;

(গ) প্রত্যেকটি সভায় সংগৃহীত অর্থ ও অলঙ্কারাদির পরিমাণের হিসাব পৃথকভাবে রাখা ও সম্ভব হয় নাই তবে দাতাদের ক্ষুদ্র ক্ষুদ্র দানে উক্ত সমুদয় জনসভাগুলিতে নগদে ও চেকে মোট—২৭,৩৮১'৩৬ (সাতাশ হাজার তিনশত একাশি টাকা ছয়ত্রিশ পয়সা) সংগৃহীত হইয়াছিল। সংগৃহীত অর্থের মধ্যে নগদে ছিল ১০,৩১২'৯৮ (দশ হাজার তিনশত বার টাকা আটানব্বই পয়সা) ও চেকে ছিল ১৭,০৬৮'৩৮ (সাতার হাজার আটষট্টি টাকা আটত্রিশ পয়সা)। উক্ত জনসভাগুলিতে স্বর্ণ সংগৃহীত হইয়াছিল মোট ৩৯৮ গ্রাম। উক্ত সমুদয় সংগৃহীত অর্থ ও স্বর্ণ স্টেট ব্যাঙ্কে জমা পড়িয়াছিল এবং তাহা জনসাধারণের অবগতির জন্য রেডিও মারফৎ জানান হইয়াছিল;

(ঘ) প্রশ্ন উঠে না।

Tractors under Agriculture Department

***512.** (Admitted question No. *1847.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many and of what type of tractors are there under the Agriculture Department; and

(b) how many acres of land were brought under cultivation with these tractors in the year 1964-65 and during this year (1965) up to date?

The Minister for Agriculture: (a) There are 83 Tractors, 90 Power Tillers and 12 Old Bull-dozers in the Department of Agriculture and C.D. The types of these 83 Tracters and 12 Bull-dozers are shown in the enclosed Statement—I.

(b) Statement—II showing different types of land cultivated with the help of above tractors during the period from April, 1965 to July, 1965 is enclosed herewith.

Statement referred to in reply to clause (a) and (b) of starred question No 512

STATEMENT—I

Sl. No.	Type	No. of Tractor	No. of Bull-dozer.
A. 1	Cletrac DD	8	—
2	International-TD 9	9	—
3	International-TD 14	1	—
4	Russian-DT 54	13	—
5	Caterpillar-D 4	2	—
6	Wheel Type Massey Ferguson	26	—
7	Escorts-37	10	—
8	Caterpiller-D 7	—	6
9	Russian-C 100	—	6
10	Zetor	14	—
		83	12

	No.	Area cultivated
B. Power Tillers	90	1520 acres

(10 being kept as reserve for emergent needs)

STATEMENT—II

	Ploughing on wasteland (in acres)	Ploughing on cultivator's land (in acres)	Second Ploughing (in acres)	Cultivation (in acres)	Harrowing (in acres)	Working Hours of Dozers (in hours)
1964-65	253·40	2228·62	11·72	4·50	4924·58	3837
During the period from April '65 to July '65	34·88	474·71	—	—	622·66	634

[This statement exculdes 1520 acres of land tilled by Power Tillers—(vide Statement I)]

Orders of District Magistrates on the movement of "Muri" and "Chira"

*513. (Admitted question No. *1877.) **Shri Abani Kumar Basu:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে এই রাজ্যে কতিপয় উদ্বৃত্ত জেলার ম্যাজিস্ট্রেটরা সম্প্রতি তাঁদের জেলার বাইরে কোন মুড়ি অথবা চিঁড়া রপ্তানী নিষিদ্ধ করে সম্প্রতি একটি নিষেধাজ্ঞা জারী করেছেন; এবং

(খ) যদি উত্তর 'হ্যাঁ' হয় তবে মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন্ নীতির ভিত্তিতে উপর উক্ত নিষেধাজ্ঞা জারী করা হইয়াছে?

The Minister for Food and Supplies: (ক) হ্যাঁ, বর্ধমান, বাঁকুড়া, মেদিনীপুর ও বীরভূম জেলার জেলাশাসকগণ এইরূপ নিষেধাজ্ঞা জারী করিয়াছেন।

(খ) উক্ত জেলাগুলি হইতে ধান ও চাউল মুড়ি ও চিড়াতে রূপান্তরিত হইয়া জেলাগুলির বাহিরে চালান হইতে থাকায় ঐ সকল জেলাগুলিতে চাউলের অভাব দেখা দেয় এবং কোথাও কোথাও ভজন্য ধান ও চাউলের মূল্য বৃদ্ধি পায়। ইহার প্রতিকার করিবার উদ্দেশ্যে উক্ত জেলাগুলির বাহিরে মুড়ি অথবা চিড়া রপ্তানী নিষিদ্ধ করা হইয়াছে।

Supply of rice and wheat through ration shops in Jagachha police-station

*514. (Admitted question No. *2058.) **Shri Anadi Das:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৩১-১০-৬৫ তারিখে হাওড়া জেলার জগাছা থানা এলাকায় কত ইউনিটের রেশন কার্ড বলবৎ ছিল;

(খ) ঐ এলাকায় ১৭-১০-৬৫ হইতে ১৩-১১-৬৫ পর্যন্ত এই চার সপ্তাহে কত চাল ও গম এবং চাল ও গমজাত দ্রব্য মডিফায়েড রেশনিং সপ মারফত বিক্রিত হইয়াছে; এবং

(গ) ঐ এলাকায় ঐ কয়েক সপ্তাহে মডিফায়েড রেশনিং ছাড়াও সরকারী অনুমতি লইয়া আনা কত চাল ও গম বিক্রীত হইয়াছিল?

The Minister for Food & Supplies: (ক) ৬১,৮৯২।

(খ) চাল গম গমজাত দ্রব্য
(কুইন্টাল হিসাবে)
১০৪০ ১০৮ ×

(গ) চাল গম গমজাত দ্রব্য
(কুইন্টাল হিসাবে)
১৪৪ × ৩৫৬

Subdivisional Officer for Tufangunj subdivision

***515.** (Admitted question No. *2198.) **Shri Jiban Krishna Dey:** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে দীর্ঘদিন যাবৎ তুফানগঞ্জ মহকুমায় কোন মহকুমা শাসক নাই ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি ; এবং

(গ) তুফানগঞ্জের জন্য কোন মহকুমা শাসক শীঘ্র নিয়োগ হইতেছে কিনা ?

The Minister for Home (General Administration): (ক) ও (খ) গত আগস্ট মাসের মধ্যভাগে তুফানগঞ্জের তৎকালীন মহকুমা শাসক বদলী হইয়া অন্যত্র নিযুক্ত হন। পশ্চিম দিনাজপুরের সদর মহকুমা শাসককে তুফানগঞ্জে নিযুক্ত করিবার আদেশ দেওয়া হয়। কিন্তু তৎকালীন জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে ঐ আদেশ স্থগিত রাখা হয়।

কুচবিহারের জেলা শাসকের সুপারিশ ক্রমে সাময়িকভাবে কুচবিহারের সদর মহকুমা শাসককে নিজ কাজের অতিরিক্তভাবে তুফানগঞ্জের মহকুমা শাসক নিযুক্ত করা হয়। তিনি আগস্টের মধ্যভাগ হইতে ১লা ডিসেম্বর পর্যন্ত দুইটি মহকুমার কার্য করেন।

(গ) ২রা ডিসেম্বর হইতে অপর একজন আধিকারিককে তুফানগঞ্জের মহকুমা শাসক নিযুক্ত করা হইয়াছে।

Import of mustard oil

***516.** (Admitted question No. *1236.) **Shri Ananga Mohan Das:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে এই বৎসর গত জুন মাসে কত সরিষার তৈল বিভিন্ন রাজ্য হইতে আমদানী করা হইয়াছিল ;

(খ) উক্ত মাসে উক্ত তৈল মজুত করিয়া রাখার জন্য কত জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছিল ; এবং

(গ) উক্ত ধৃত ব্যক্তিগণের কতজন এখনও কারাগারে আটক আছেন ?

The Minister for Food and Supplies: (ক) আনুমানিক ১,১২০ কুইন্টাল।

(খ) ১ জন।

(গ) একজনও নহে।

Civil Defence Organisation

***517.** (Admitted question No. *1525.) **Shri Narayan Chobey:** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) the name of the towns and areas in this State that are covered by the Civil Defence measures ;

(b) what are the duties of the Civil Defence Organisation and what are the modes of its functioning ?

The Minister for Home (Civil Defence) : (a) The following are the towns and othe areas in West Bengal which are covered by Civil Defence measures :

1 Calcutta City.

24-Parganas District

2 Tollygunge
3 South Suburban Municipality
4 Garden Reach
5 Budge Budge
6 Baranagore
7 South Dum Dum
8 North Dum Dum
9 Dum Dum
10 Kamarhati
11 Panihati
12 Khardah
13 Titagarh
14 Barrackpore
15 Nort Barrackpore
16 Garulia
17 Bhatpara
18 Halishahar
19 Kanchrapara
20 Naihati

Howrah District

21 Howrah
22 Bally
23 Dasnagar

Hooghly District

24 Chinsurah
25 Serampore
26 Rishra
27 Chandernagore
28 Uttarpara-Kotrung
29 Konnagar
30 Bhadreswar
31 Champdani
32 Baidyabati
33 Bansberia

Burdwan District

34 Asansol
35 Burnpur
36 Durgapur
37 Chittaranjan

Darjeeling District

38 Siliguri

39 Bagdogra

Midnapore District

40 Kharagpur

In some cases, certain small rural areas along the fringes of these Civil Defence areas have also been provided with Civil Defence measures.

(b) The Civil Defence Organisation is intended to enable the Civil population to bear the shock of enemy attack, particularly from the air, in order that the effect of enemy action on life and property may be minimised, morale kept up and production continued unimpaired These measures are limited to towns and installations declared as vulnerable by the Government of India.

2 For attaining this object, the Civil Defence Organisation has to arrange warning the people of possible air raids, denying the enemy raiders the help of visible land-marks, reducing the effect of bombing, rescuing and giving relief to victims of enemy action, restoring essential Services, providing shelters against air attacks, maintaining production, instructing the people about measures of safety and keeping up morale.

3 For discharging these duties, the Civil Defence Organisation has created Civil Defence Services in the vulnerable towns and installations. Arrangements have been made for securing intimation of possible air attacks and warning the poeple of these by sounding sirens and hooters which have been purchased and installed. Volunters, called Wardens have been recruited for reporting the exact spots of damage by enemy air attack to superior Civil Defence Authorities for providing relief. The strength of the regular Fire Service has been augmented for dealing with big fires started by the enemy's action. House Fire Parties have been organised for dealing with small and incipient fires First Aiders have been recruited to form Mobile First Aiid Parties and Static and Mobile First Aid Posts for giving medical assistance to persons injured as a result of enemy action. Rescue Parties have been formed for rescuing people trapped as a result of enemy action. Beds in Hospitals have been increased for accommodating air raid casualties.

4 Relief Centres have been opened and stocks of essential articles secured for giving relief to persons whose homes may be destroyed or damaged by air raids.

5 Alternative arrangements for providing supply of water, electricity and other essential services in case of damage to them have been made in the target towns, together with arrangements for quick repairs to their systems. To deny the enemy raiders the benefit of light

in the vital towns and installations. Lighting Restrictions Orders have been passed and arrangements made to reduce lights at these places by various means including providing street lights with shades.

6 Arrangements have been kept ready for excavating silt trenches at short notice for providing protection to members of the public.

7 Publicity and propaganda have been undertaken for educating the public as to their duties in connection with Civil Defence and for keeping up morale. For this purpose, publication in newspapers, radio broadcasts, cinema shows, Civil Defence demonstrations, distribution of Civil Defence literature, exhibition of Civil Defence posters and hoardings and similar other methods have been adopted.

8 The Industries are being assisted in building up their Civil Defence Organistions on proper lines and making arrangements for maintaining production.

9 Arrangements have been made for giving training to the large number of Civil Defence Workers practically all of whom are unpaid volunteers. Large quantities of equipment required for Civil Defence have been secured.

10 Civil Defence measures are an extension of the peace-time functions of Government to suit war conditions. The responsibility for various aspects of Civil Defence has accordingly been placed on Departments of Government which administer similar subjects in peace-time, the Home Department of the State Government being responsible for residuary subjects and co-ordination.

11 For conducting Civil Defence on proper lines, a Controller of Civil Defence, with a staff, has been appointed in each Civil Defence town. The Civil Defence organisation works practically entirely through volunteers, whose help is scught and secured by various means.

Retail dealers in paddy and rice

***518.** (Admitted question No. *2020.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নূতন খাদ্য নীতি প্রবর্তনের পর ধান ও চাউলের খুচরা বিক্রেতা থাকিবে কি না;

(খ) খুচরা বিক্রেতা থাকিলে তাহারা কোথা হইতে ধান বা চাউল কিনিবে এবং কি দরে কিনিবে; এবং

(গ) এইরূপ খুচরা বিক্রেতাকে লাইসেন্স করিতে হইবে কি না এবং কত সংখ্যক বিক্রেতা থাকিবে?

The Minister for Food & Supplies: (ক) হাঁ, নূতন খাদ্য নীতি প্রবর্তনের পরে নূতন আদেশ অনুযায়ী সর্বাধিক এক কুইন্টাল পর্যন্ত ধান ও চাল লইয়া খুচরা ব্যবসায়ীদের ব্যবসা করিতে দেওয়া হইবে। কিন্তু এক সংগে কোন একজন ক্রেতাকে তাহারা ১০ কেজির বেশী ধান ও চাউল বিক্রয় করিতে পারিবেন না। বিশেষ ক্ষেত্রে প্রয়োজন অনুসারে অল্পসংখ্যক কিছু খুচরা ব্যবসায়ীকে এককালীন ৪ কুইন্টাল পর্যন্ত ধান/চাউল রাখিতে দেওয়ার পরিকল্পনাও আছে।

(খ) সরকারকে লেভি হিসাবে ধান বা চাউল বিক্রয় করিবার পরেও উৎপাদকদের নিকট যে উদ্বৃত্ত ধান ও চাউল থাকে তাহার বিক্রয়যোগ্য অংশ খুচরা বিক্রেতারা কিনিতে পারিবে।

(গ) উক্ত খুচরা বিক্রেতাদের কোন লাইসেন্স লইতে হইবে না কিন্তু তাহাদের নাম রেজেস্ট্রী করা হইবে এবং ব্যবসা করিবার জন্য তাহাদের পরিচয়জ্ঞাপক একটি নিদর্শনপত্র দেওয়া হইবে। কত সংখ্যক খুচরা বিক্রেতা থাকিবে তাহা এখন বলা সম্ভব নহে।

Paddy purchase Centres in Burdwan district

***519.** (Admitted question No. *2075.) **Shri Aswini Roy:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার ১৯৬৫-৬৬ সালে আমন ধান্য ক্রয়ের জন্য ক্রয় কেন্দ্র স্থাপন করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্ধমান জেলার থানা ভিত্তিতে ক্রয় কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(২) ক্রয় আরম্ভের তারিখ ?

The Minister for Food & Supplies: (ক) হাঁ।

(খ) (১) এ সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(২) ৭. ১২. ৬৫ তারিখ হইতে বর্ধমান জেলায় নূতন আমন ধান্য ক্রয় করা হইতেছে।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 519

Statement showing the Thanawise number of purchasing centres including assembling points in Burdwan District.

	Name of Police Station	Number of Purchasing Centres
1	Burdwan	14
2	Khandaghosh	8
3	Memari	21
4	Galsi	16
5	Bhatar	12
6	Ausgram	12
7	Raina	16
8	Jamalpur	8
9	Kalna	14
10	Katwa	9
11	Ketugram	12
12	Mongolkote	12
13	Monteswar	10
14	Purbasthali	8
15	Asansol	2
16	Hirapur	1
17	Barabani	8
18	Raniganj	1
19	Jamuria	1
20	Kanksa	6
21	Faridpur	3
22	Ondal	2
23	Kulti	1

Government jeep under the S. D. O., Uluberia

***520.** (Admitted question No. *2108.) **Shri Abani Kumar Basu :** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে উলুবেড়িয়া এস-ডি-ও'র অধীনে যে একটিমাত্র জীপ আছে তাহা বহুদিন যাবৎ অচল থাকায় ঐ অঞ্চলে অডিও ভিসুয়াল কাজের ও অন্যান্য জনকল্যাণমূলক কাজের ক্ষতি হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি করিতেছেন ?

The Minister for Home (General Administration) : (ক) উলুবেড়িয়ার এস. ডি. ও.র অধীনস্থ জীপটি বহু পুরাতন (১৯৪২ মডেল) ও কাজের অযোগ্য বলিয়া বাতিল করা হইয়াছে। Audio visual কাজের জন্য জীপ গাড়ী ব্যবহার করা হয় না। উলুবেড়িয়ার এস. ডি. ও. তাঁহার প্রয়োজন অনুযায়ী প্রশাসনিক এবং অন্যান্য জনকল্যাণমূলক কাজে উলুবেড়িয়ার ১নং এবং ২নং বি. ডি. ও.-দয়ের জন্য নির্দিষ্টকৃত জীপ দুইটি ব্যবহার করিতেছেন। সুতরাং কাজের ক্ষতি হইতেছে ইহা সত্য নহে।

(খ) স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগ হইতে ইতিমধ্যে একটি নূতন জীপ হাওড়ার জেলাশাসকের নিকটে প্রেরণ করা হইয়াছে।

UNSTARRED QUESTIONS

to which written answers were laid on the table

Realisation of Agricultural Loan

965. (Admitted question No. 1030.) **Shri Ananga Mohan Das :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের কোন্ জেলায় কত জন ব্যক্তি গত ৫ বৎসর পূর্বে কৃষি ঋণ লইয়া এখনও শোধ করেন নাই ;

(খ) উহাদের কত জনের নিকট আদৌ ঋণ আদায় পাওয়া যায় নাই ; এবং

(গ) যাহারা অত্যন্ত দুঃস্থ হইয়া পড়িয়াছে তাহাদের ঋণ মকুব করা হইবে কিনা এবং যদি না হয় তবে কি ভাবে ঋণ শোধ লওয়া হইবে ?

The Minister for Land and Land Revenue : (ক) ও (খ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) কোনও অঞ্চলে বারবার বন্যা, অজন্মা ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয় হইলে অথবা কোন ব্যক্তিবিশেষ অত্যন্ত দুঃস্থ হইয়া পড়িলে জেলা সমাহর্তার প্রস্তাব অনুসারে ঋণ মকুব করা যাইতে পারে।

Statement referred to in reply to items (Ka) and (Kha) of unstarred question No. 965.

Serial No.	Name of district	Reply to (Ka) No. of persons who took agricultural loan 5 years ago and has not yet re-paid in full.	Reply to (Kha) No. of persons who made no payment at all.
1	Burdwan	93,856	22,783
2	Bankura	70,282	4,266
3	Birbhum	1, 270	4,223
4	Purulia	60,000	3,000
5	Midnapore	30,870	4,412

Statement referred to in reply to items (Ka) and (Kha) of unstarred question No. 965.—Concld

6	Hooghly	2,500	558
7	Howrah	3,897	1,600
8	24-Parganas	1,49,280	75,640
9	Nadia	43,288	10 341
10	Murshidabad	Totol No. of loanees— 1,16,840 of which 75 percent have repaid either in full or in part.	29,210
11	Malda	2,17,464	69,090
12	Cooch Behar	8,755	983
13	Jalpaiguri	8,713	6 784
14	Darjeeling	722	163
15	West Dinajpur	12,827	593

Government Khas lands

966. (Admitted question No. 1255.) **Shri Ananga Mohan Das :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী উচ্ছেদ চালু হবার পর এই রাজ্যে এ যাবৎ কত জমি খাস দখলে পাইয়াছেন ; তন্মধ্যে কত ধান জমি, কত কালা জমি, জঙ্গল জমি এবং কত পুষ্করিণী ও খাল রহিয়াছে ; এবং

(খ) বিভিন্ন প্রকারের জমি কবে কত জনকে কিরূপ খাজনায় বিলি করা হইয়াছে ?

The Minister for Land and Land Revenue : (ক) জমিদারী উচ্ছেদ আইন চালু হওয়ার পর এই রাজ্যে ১৫,৩৯,৩০০'৫২ একর জমি খাস দখলে পাওয়া গিয়াছে এবং তন্মধ্যে—

ধান জমি—২,৬৪,৩৮৮'২৯ একর

কালা জমি—৩৫,৯৮৮'৬৭ একর

জঙ্গল (বনভূমি)—৮,৫০,৫০৭'৯২ একর

পুষ্করিণী ও খাল—৬২,১৯৮'৯৬ একর

(১) ধান জমি ও কালা জমি : এইরূপ জমি জলপাইগুড়ি বাদে অন্যান্য জেলায় ১৩৬৯ সাল পর্যন্ত একর প্রতি ১০ টাকা ফি-তে এক বৎসরের মেয়াদে এবং জলপাইগুড়ি জেলায় ১৩৬৭ সাল হইতে ১৩৬৯ সাল পর্যন্ত অনুরূপ জমির প্রচলিত খাজনার হারের ১½ গুণ ফি লইয়া তিন বৎসরের মেয়াদে বন্টন করা হয়। ১৩৭০ সালে বিভিন্ন জেলার যে সকল সার্কেলে ভূমি সংস্কার মণ্ডল উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে সেই সকল সার্কেলে দুই বৎসরের মেয়াদ এবং অন্যান্য সার্কেলে অনুরূপ জমির প্রচলিত খাজনার হারের দেড়গুণ, কিন্তু অনুর্ধ দশ টাকা হারে ফি লইয়া জমি বন্টন করা হয়। ১৩৭১ সালে মোট ১,২৯,৬৪২ জনকে জমি বণ্টন করা হইয়াছিল ?

(২) জঙ্গল : এইরূপ জমি দখল লওয়ার সঙ্গে সঙ্গেই সংরক্ষণের জন্য বন বিভাগকে হস্তান্তর করা হয়।

(৩) পুষ্করিণী ও খাল : বন্দোবস্তোযোগ্য পুষ্করিণী ও খাল জি, ই, ম্যানুয়ালের নিয়মানুসারে টেণ্ডার আহ্বান করিয়া সর্বোচ্চ টেণ্ডারদাতাকে তিন হইতে সাত বৎসর পর্যন্ত মেয়াদে বন্দোবস্ত দেওয়া হয়।

Junior High Schools in Jhargram subdivision

967. (Admitted question No. 2002.) **Shri Surendra Nath Mahata :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোথায় কোথায় দুই শ্রেণী বিশিষ্ট জুনিয়ার হাই স্কুল স্থাপিত হইয়াছে ;

(খ) স্থাপিত বিদ্যালয়গুলির মধ্যে কোন কোনটি সরকারী অনুমোদন লাভ করিয়াছে ; এবং

(গ) স্থাপিত বিদ্যালয়গুলির মধ্যে কোন কোনটি সরকারী অনুমোদন লাভের জন্য বিবেচনাধীন আছে ?

The Minister for Education : (ক) মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক অনুমোদিত দুই শ্রেণী বিশিষ্ট জুনিয়ার হাই স্কুলের একটি তালিকা নীচে দেওয়া হইল :—

সাল		স্কুলের নাম	থানা
১৯৬১	১।	পাঁচু কাঁহানিয়া জুনিয়ার হাই	গোপীবল্লভপুর
	২।	সারিয়া জুনিয়ার হাই	ঐ
	৩।	ডোলগ্রাম জুনিয়ার হাই	নয়াগ্রাম
	৪।	চোদা জুনিয়ার হাই	সাঁকরাইল
১৯৬২	১।	খামার নেতাজী জুনিয়ার হাই	বিনপুর
	২।	বাবু ডুমরো জুনিয়ার হাই	গোপীবল্লভপুর
	৩।	কুসমার জুনিয়ার হাই	ঐ
১৯৬৩	১।	তুলাভেদা জুনিয়ার হাই	বিনপুর
	২।	নেকরাসোল জুনিয়ার হাই	নয়াগ্রাম
১৯৬৪	১।	বিকাশ ভারতী জুনিয়ার হাই	ঝাড়গ্রাম
	২।	লাউদাহা জুনিয়ার হাই	সাঁকরাইল
	৩।	বৈটা শ্রীগোপাল জুনিয়ার হাই	বিনপুর
	৪।	তপসীয়া বিদ্যাসাগর জুনিয়ার হাই	গোপীবল্লভপুর
	৫।	ডুবরা আদর্শ জুনিয়ার হাই	জামবনী
	৬।	মধকুণ্ডী জুনিয়ার হাই	সাঁকরাইল

১৯৬৫ সেপ্টেম্বর পর্যন্ত দুই শ্রেণী বিশিষ্ট কোনও জুনিয়ার হাই স্কুলকে মধ্যশিক্ষা পর্ষৎ অনুমোদন দান করেন নাই।

(খ) ও (গ)—সরকার বিদ্যালয় অনুমোদন করেন না। মধ্যশিক্ষা পর্ষৎ অনুমোদন করেন।

Preservation of the Library at Chandernagore

968. (Admitted question No. 2095.) **Shri Bhowani Mukhopadhay:** শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর হস্তান্তরের সময় ফরাসী ভাষায় বহু মূল্যবান ও দুষ্প্রাপ্য পুস্তক সমৃদ্ধ যে লাইব্রেরী পাওয়া গিয়াছিল তাহা যথাযথভাবে সংরক্ষণের কোন ব্যবস্থা হইয়াছে কি ; এবং

(খ) উক্ত লাইব্রেরী ব্যবহারে উৎসুক বিদ্যোৎসাহীদের জন্য উহা ব্যবহারের কি সুযোগ আছে ?

The Minister for Education. (ক) চন্দননগরের "ডুপ্লেক্স হাউসস্থিত" লাইব্রেরীটি বর্তমানে হুগলী জিলার অতিরিক্ত জিলা শাসকের তত্ত্বাবধানে রহিয়াছে।

(খ) বর্তমানে জনসাধারণ কর্তৃক উক্ত লাইব্রেরী ব্যবহার করার কোন ব্যবস্থা নাই। লাইব্রেরীটির সংগঠন ও পরিচালনার উদ্দেশ্যে রচিত একটি প্রকল্প সরকারের বিবেচনাধীনে রহিয়াছে। প্রকল্পটি মঞ্জুর হইলে সর্বসাধারণের পক্ষে লাইব্রেরী ব্যবহার করা সম্ভব হইবে।

Recommendations of the Flood Enquiry Committee, 1959, on the Mayurakshi Basin Scheme

969. (Admitted question No. 2282.) **Dr. Radhanath Chattoraj:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৯ সালের বন্যা তদন্ত কমিশন ময়ূরাক্ষী সিস্টেম-এর অন্তর্ভুক্ত নদীসমূহের জল নিকাশী ব্যবস্থা ও বন্যারক্ষা সম্বন্ধে কি কি স্বল্পমেয়াদী পরিকল্পনার সুপারিশ করিয়াছিলেন;

(খ) ঐ পরিকল্পনা অনুযায়ী সরকার কি কি গঠনমূলক কার্যক্রম গ্রহণ করিয়াছিলেন;

(গ) ইহা কি সত্য যে উপরোক্ত নদীসমূহের মধ্যে কোন কোনটিতে বন্যা নিয়ন্ত্রণের জন্য চেকড্যাম নির্মাণের সুপারিশ করিয়াছিলেন;

(ঘ) সত্য হইলে আজ পর্যন্ত কোথায় কোথায় চেকড্যাম নির্মাণ হইয়াছে;

(ঙ) ইহা কি সত্য যে উপরোক্ত নদীসমূহের জল নিকাশের জন্য ভাগীরথী নদী পর্যন্ত আরও কয়েকটি ক্যানাল কাটিংএর সুপারিশ ছিল; এবং

(চ) সত্য হইলে, এই ক্যানাল কাটার কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Irrigation and Waterways: (ক) পশ্চিমবঙ্গ বন্যা অনুসন্ধান কমিটি ময়ূরাক্ষী কমিশন এলাকা সম্বন্ধে নিম্নলিখিত স্বল্পমেয়াদী ব্যবস্থা অবলম্বনের সুপারিশ করিয়াছিলেন:

(১) সমস্ত বাঁধগুলির মধ্যে কোন্ কোন্‌গুলি রক্ষা করা হইবে তাহার পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করা;

(২) বর্তমান আউটফল চ্যানেলগুলির উন্নতি বিধান করা;

(৩) অতিরিক্ত জলনিকাশের ব্যবস্থা করা;

(৪) ব্যাণ্ডেল বারহারোয়া লুপ রেলওয়ে শাখায়। এই এলাকার অতিরিক্ত জল নির্গমনের ব্যবস্থা করা;

(৫) কতিপয় ঘের বাঁধের অপসারণ অথবা পুনর্নবীকরণ (রিটায়ারিং) করা ও ঘের বাঁধে স্লুইস নির্মাণ করা;

(৬) সমস্যাটি জটিল প্রমাণিত হওয়ায় এবং অনেকগুলি বিষয়ের সহিত ঘনিষ্ঠভাবে জড়িত বলিয়া কমিটি সমগ্র সমস্যাটি মডেল দ্বারা পরীক্ষার সুপারিশ করেন। এই মডেল নির্মাণ ও পরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিবার জন্য কমিটি নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন—

(১) আকাশ হইতে আলোকচিত্র গ্রহণ;

(২) বিভিন্ন নদীর জল সমীক্ষা ইত্যাদি;

(৩) ভূমি নিরীক্ষা।

মডেল পরীক্ষার দ্বারা সমস্যা সমাধান করিতে কয়েক বৎসর সময় লাগিবে বলিয়া কমিটি অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে কান্দি এলাকায় বন্যা নিরোধের (প্রথম পর্যায়) প্রকল্প কার্যকরী করিতে সুপারিশ করেন। এই প্রকল্পে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিবার প্রস্তাব আছে—

(১) ময়ূরাক্ষীর বামতীরের বর্তমান বাঁধ সংরক্ষণ ও দৃঢ়করণ, প্রয়োজন অনুযায়ী স্থানে স্থানে পুনর্নবীকরণ (রিটায়ারিং) এবং রেলওয়ে লাইন পর্যন্ত মনিকর্নিকার বামতীর বরাবর বাঁধের সম্প্রসারণ।

(২) হিজল বিল্ এলাকার ময়ূরাক্ষী ও কুইয়ানদীর বাঁধগুলির প্রয়োজন অনুযায়ী পুনর্নবীকরণ।

(৩) জল নিকাশের জন্য বাঁধের প্রয়োজনের অনুসারে স্লুইস নির্মাণ।

(৪) রেলওয়ে লাইনের নীচে মনিকর্নিকা নদীর জল ময়ূরাক্ষীতে পরিণতন।

(৫) অতিরিক্ত জল প্রবাহ সংকুলানের জন্য বাবলা নদীর সংস্কার।

(খ) মডেল পরীক্ষার জন্য কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইয়াছে এবং এখনও হইতেছে। মডেলটি নির্মাণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। কান্দি এলাকার বন্যা নিরোধ প্রকল্পের (প্রথম পর্যায়) প্রাক্কলন প্রস্তুত করা হইতেছে।

(গ) কমিটির সুপারিশ অনুসারে পশ্চিমবঙ্গের ময়ূরাক্ষী নদী ও তাহার শাখার ক্যাচমেন্ট এলাকার ভূমি সংরক্ষণ ও বন উৎপাদন প্রকল্পে ক্ষুদ্র ক্ষুদ্র চেকড্যাম নির্মাণের প্রস্তাব আছে।

(ঘ) এখনও কোথাও চেকড্যাম নির্মাণ হয় নাই।

(ঙ) ও (চ) না, তবে অতিরিক্ত জল প্রবাহ সংকুলানের জন্য ভাগীরথী নদী পর্যন্ত বাবলা নদীর সংস্কারের সুপারিশ কমিটি করিয়াছেন। এই সংস্কারের কাজ এখনও গ্রহণ করা হয় নাই।

Sagardighi-Gokarna Road, Murshidabad

970. (Admitted question No. 2465.) **Shri Birendra Narayan Ray**: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি হইতে গোকর্ণ পর্যন্ত একটি রাস্তা তৈয়ারী করিবার পরিকল্পনা আছে; এবং

(খ) সত্য হইলে, উহা কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Public Works (Roads): (ক) না। তবে সাগরদীঘি হইতে মুকির নিকট ৩৪নং জাতীয় সড়ক পর্যন্ত একটি রাস্তার নির্মাণকার্য পরিকল্পনানুযায়ী চলিতেছে।

(খ) সাগরদীঘি হইতে ৩৪নং জাতীয় সড়ক পর্যন্ত উপরোক্ত রাস্তাটির ৪র্থ মাইলে বাস্তুজমির দখল পাওয়া গেলে রাস্তাটি সমাপ্ত করা হইবে।

Number of Pakistani Nationals without valid Passports detected in West Bengal

971. (Admitted question No. 2524.) **Shri Anangamohan Das**: স্বরাষ্ট্র (পাসপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৈধ পাসপোর্ট বিহীন কতজন পাকিস্তানী নাগরিক এই বৎসর (১৯৬৫ সালে) ধরা পড়িয়াছে; এবং

(খ) তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Home (Passport): (ক) এই বৎসর ৩০-১১-৬৫ তারিখ পর্যন্ত বৈধ পাসপোর্ট বিহীন ৬,০১৬ জন পাকিস্তানী নাগরিক ধরা পড়িয়াছে।

(খ) উক্ত পাকিস্তানী নাগরিকদের মধ্যে ৩,২৫৮ জনকে পাকিস্তানে ফেরৎ পাঠান হইয়াছে। এবং অবশিষ্ট ২,৮৩৮ জনের মধ্যে কিছু সংখ্যক লোকের গতিবিধি নিয়ন্ত্রণ করা হইয়াছে; কিছু লোককে অন্তরীণ করা হইয়াছে; কিছু লোকের বিরুদ্ধে মামলা বিচারাধীন আছে, এবং কিছুলোকের সম্বন্ধে অনুসন্ধান চলিতেছে।

Paddy lands in 24-Parganas district

972. (Admitted question No. 2548.) Shri Jugalcharan Santra : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ২৪-পরগণা জেলার ধান্য উৎপাদনের জমির থানাওয়ারী পরিমাণ কত ?

The Minister of State for Agriculture and Community Development : থানাভিত্তিক কৃষি পরিসংখ্যান রাখা হয় না। সুতরাং এই তথ্য প্রদান করা সম্ভব নয়। তবে ২৪-পরগণা জেলার মোট ধান্য চাষের জমির পরিমাণ দিয়ে দেওয়া হইল—

১৯৬২-৬৩	১৪,৬৪,৯০০ একর
১৯৬৩-৬৪	১৪,৭৬,০০০ একর
১৯৬৪-৬৫	১৪,৮০,৯০০ একর

Failure of electricity in the Presidency Jail

973. (Admitted question No. 2307.) Shri Kanai Paul : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে দীর্ঘদিন থেকে প্রায়ই সন্ধ্যার পরে প্রেসিডেন্সী জেলের ওয়ার্ডগুলির বিজলি বাতি দেড় ঘন্টা, দু ঘন্টা এমন কি তার চেয়েও বেশী সময়ের জন্য নিবে যাওয়াতে সকল বন্দীদের, বিশেষভাবে বিনা বিচারে আটক প্রথম শ্রেণীর বন্দীদের যাঁদের মধ্যে অনেক পরীক্ষার্থীও রয়েছেন, রান্না, খাওয়া, লেখাপড়া ইত্যাদির খুবই অসুবিধা হচ্ছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে এইভাবে বিজলি বাতি নিবে যাওয়ার এবং আজ পর্যন্ত তার প্রতিকার না হওয়ার কারণ কি ?

The Minister for Home (Jails) : (ক) ইহা সম্পূর্ণ সত্য নহে। তবে কিছুদিন আগে বৈদ্যুতিক আলোগুলি মাঝে মাঝে সন্ধ্যায় অল্প কিছুক্ষণের জন্য নিভিয়া যাইতেছিল।

প্রথম শ্রেণীর ডি, আই, আর, বন্দীদের কোনরূপ অসুবিধা হইতে দেওয়া হয় নাই। ইহাদের জন্য চারিটি "হ্যাসাগ" বাতি দেওয়া হইয়াছিল।

(খ) যান্ত্রিক গোলযোগই ছিল এই প্রকারে বাতি নিভিয়া যাইবার কারণ। ভবিষ্যতে যাহাতে এই প্রকারে বাতিগুলি নিভিয়া না যায় তাহার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

Distribution of Gratuitous Relief in Radharghat Anchal, Berhampore

974. (Admitted question No. 2439) Shri Sanat Kumar Raha : ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বহরমপুর থানায় রাধারঘাট অঞ্চলে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে না ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) টেষ্ট রিলিফ ও খয়রাতি সাহায্যের পরিমাণ বৃদ্ধি করিবার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

The Minister for Relief and Social Welfare : (ক) ও (খ) প্রয়োজন মত উক্ত অঞ্চলে খয়রাতি সাহায্য প্রদান অব্যাহত রাখিবার ব্যবস্থা করা হইয়াছে।

(গ) দুর্দশাগ্রস্ত অঞ্চলে কর্মহীন ব্যক্তিদিগের কর্মসংস্থানের মাধ্যমে তাঁহাদের জীবিকা নির্বাহের উপায় করিবার জন্য প্রয়োজন হইলেই সংস্কার কার্যের যথাযথ ব্যবস্থা করিবার জন্য জেলাসমাহর্তাদিগের উপর নির্দেশ আছে।

অনাহারের সম্মুখীন, প্রকৃত দুঃস্থ ও সহায়-সম্বলহীন সমস্ত ব্যক্তিকেই জীবনরক্ষার নিমিত্ত খয়রাতি সাহায্য প্রদান করিবার জন্যও জেলা-শাসকদিগের উপর সরকারী নির্দেশ দেওয়া আছে। সুতরাং প্রয়োজনানুযায়ী সহায়ক কার্য ও খয়রাতি সাহায্য প্রদানের বিষয়ে সরকারের তরফ হইতে যথাযথ ব্যবস্থা আছে।

Grant to the West Bengal Board of Secondary Education for books printed and published by foreign Publishers

975. (Admitted question No. 2562.) **Shri Ananga Mohan Das:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বোর্ড অব এডুকেশনকে বিদেশী প্রকাশকগণের দ্বারা মুদ্রিত ও প্রকাশিত পুস্তকের জন্য সরকার কর্তৃক কত টাকা গ্রান্ট দেওয়া হয়; এবং

(খ) উক্ত ব্যাপারে গত ১৯৬৪ সালে কত বৈদেশিক মুদ্রা প্রদত্ত হইয়াছে?

The Minister for Education: (ক) কোন টাকা গ্রান্ট দেওয়া হয় না।

(খ) বৈদেশিক মুদ্রা প্রদত্ত হয় নাই।

Deep tube-wells in Nadia district

976. (Admitted questicn No. 2284.) **Shri Kanai Paul:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোন্ থানার কোন্ কোন্ এলাকায় আজ পর্যন্ত কতগুলি গভীর নলকূপ বসান হয়েছে, এরমধ্যে কোন্ থানার কোন্ এলাকায় কতগুলি চালু হয়েছে এবং যেগুলি চালু হয় নি সেগুলি চালু না হওয়ার কারণ কি;

(খ) তৃতীয় পরিকল্পনার মধ্যে ঐ জেলার কোন্ থানায় কোন্ এলাকায় আর কয়টি নলকূপ বসানোর সরকারী পরিকল্পনা আছে;

(গ) চালু গভীর নলকূপগুলির কোনটি কত পরিমাণ জমিতে জল সেচে সক্ষম হয়েছে?

The Minister of State for Agriculture and Community Development: (ক) নদীয়া জেলায় এ পর্যন্ত মোট ৪৪৯ টি গভীর নলকূপ বসান হইয়াছে। উহার মধ্যে ১৮৪টি চালু আছে। বাকীগুলিতে এখনও বিদ্যুৎশক্তি সংযোজিত না হওয়াতে চালু করা সম্ভব হয় নাই। এই সম্পর্কীয় একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) তৃতীয় পরিকল্পনার মধ্যে ঐ জেলায় আর কোন গভীর নলকূপ বসাইবার প্রস্তাব নাই।

(গ) ৮৭টি নলকূপ সম্পর্কীত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

অবশিষ্ট ৯৭টি নলকূপ জুলাই '৬৫ বা তৎপরবর্তী সময় হইতে চালু হইয়াছে এবং নলকূপগুলি কত পরিমাণ জমিতে জলসেচে সক্ষম তাহা বর্তমান মরশুমের পরে জানা যাইবে।

Cultivation of sugarcane Nadia District

977. (Admitted question No. 821.) **Shri Kashi Kanta Maitra:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় কোন্ কোন্ জায়গায় ১৯৬১, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালে মোট কি পরিমাণ জমিতে আখের চাষ হয়েছে;

(খ) প্রতি বিঘা জমিতে এ কয় বছর আখের ফলন কিরূপ হয়েছিল; এবং

(গ) আখ চাষের জমির পরিমাণ কমে গিয়ে থাকলে তার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development : (ক) নদীয়া জেলার ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪, এবং ১৯৬৪-৬৫ সালে নিম্নোক্ত পরিমাণ জমিতে আখের চাষ হইয়াছিল :—

১৯৬১-৬২	১৫,১০০ একর
১৯৬২-৬৩	১৩,১০০ ,,
১৯৬৩-৬৪	১৩,৫০০ ,,
১৯৬৪-৬৫	১৬,৩০০ ,,

এই বিভাগে আখ চাষের জেলাভিত্তিক পরিসংখ্যান রাখা হয়। জেলার নিম্নে কোন নির্ভরযোগ্য পরিসংখ্যান পেশ করা সম্ভব নয়।

(খ)	১৯৬১-৬২	বিঘা প্রতি	১৮৩ মণ
	১৯৬২-৬৩	,, ,,	১৬৪ ,,
	১৯৬৩-৬৪	,, ,,	২০৩ ,,
	১৯৬৪-৬৫	,, ,,	১৫৭ ,,

(গ) ভারত সরকার কর্তৃক জারীকৃত অর্ডিন্যান্স বলে চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা শতকরা ১০ ভাগ কমাইয়া দেওয়ায় ১৯৬২-৬৩ সালে ঐ জেলায় আখ চাষের জমির পরিমাণ কমিয়া যায়। পরে উক্ত অর্ডিন্যাস প্রত্যাহার করায় ১৯৬৪-৬৫ সালে আখ চাষের জমির পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।

Lands vested in Government

978. (Admitted question No. 1019.) **Shri Birendra Narayan Roy :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকারী মালিকানায় যে জমি আছে তাহা সরকার স্বয়ং অথবা সমবায়ের মাধ্যমে চাষ করিতে মনস্থ করিয়াছেন ;

(খ) জমিদারী উচ্ছেদের ফলে জেলাওয়ারী মোট কত একর (১) কৃষি ও (২) অকৃষি জমি কাগজে কলমে সরকারে ভেস্ট করিয়াছে ; এবং

(গ) কত একর জমি বর্তমানে সরকার দখল পাইয়াছেন ?

The Minister for Land and Land Revenue : (ক) এরকম কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

(খ) ও (গ) কত কৃষি এবং অকৃষি জমি ভেস্ট করিয়াছে তাহার পৃথক হিসাব দেওয়া সময়সাপেক্ষ। ৩০-৯-৬৫ তারিখ পর্যন্ত ভেস্ট করা এবং দখল পাওয়া জমির জেলাওয়ারী বিবরণ নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 978

জেলার নাম	(খ) অংশের জবাব কাগজে কলমে নাস্ত জমির মোট পরিমাণ (একরে)	(গ) অংশের জবাবে দখল পাওয়া জমির পরিমাণ		মন্তব্য
		কৃষি (একরে)	অকৃষি (একরে)	
বাঁকুড়া	৩,৯১,৪৮০'০৪	১৪,৬৩১'৬৪	১৫,২৬৮'৩৪	
বীরভূম	৫৬,০৮৯'৬৩	৪,০১৯'৪৭	২৩,৩১২'৮৮	
বর্ধমান	১,৩৫,৫৬৯'৫৪	১১,৬৪২'৮৮	৭,১৯৪'৭৭	
কোচবিহার	৫৩,৪২৮'২৫	২৪,৬৬৫'২৪	৬,৮৮০'২০	
দার্জিলিং	২৮,২৩৫'৬২	১১,৮০৬'৭৩	১,৩৭৯'৬৯	
হুগলী	১৪,৯২৩'৬৮	২,৯৩০'৩৪	৩,৬৩৫'৩২	
হাওড়া	৪,৯৩৬'৭৯	৫৯৩'৯৭	১,১৯৮'২৮	
জলপাইগুড়ি	২,১৮,৮১৮'০০	৬৫,০৯০'০০	২৬,৫৮৬'০০	
মালদহ	৮৯,২৮৩'৪৭	৩৫,,৬৩৩'৭৩	১৯,৯৯১'০৮	
মেদিনীপুর	৭,৩৭,৬৬৬'৩৬	১,২৭,০৭৭'০৫	৭০,০৮১'৩১	
মুর্শিদাবাদ	৩৬,৫৬৬'১৩	৫,০৭৭'১৯	২,৮৭৮'৮৯	
নদীয়া	২৯,৩৪৩'৪০	৫,৪৪২'২৫	৪,২৭৮'০৩	
২৪-পরগণা	১,১৬,৭১৬'০০	১৯,৬১৩'০০	২১,৪০৯'০০	১৯৬৫ খৃ: জুলাই পর্যন্ত
পশ্চিম দিনাজপুর	৭০,৭০৮'৪২	৩০'৭১০'২৪	১৪,৮২৫'১০	
পুরুলিয়া	এই জেলায় ১। ১। ১৩৭১ সাল হইতে পঃ বঃ জমিদারী দখল আইনে চালু হইয়াছে। উক্ত আইনানুসারে বর্তমান জমির সঠিক পরিমাণ এখনও নির্ধারিত হয় নাই। দখল লওয়ার কাজ সুরু হইতেছে।			
মোট	১৯,৮৪,০৬৫'৩৩	৩,৫৮,৯৩৬'৭৩	২,১৮,৯৩৬'৮৯	

Grants to the Anchal Panchayats of Midnapore district

979. (Admitted question No. 1896.) **Shri Ananga Mohan Das:** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ ও ১৯৬৪ সনে মেদিনীপুর জেলায় কতগুলি অঞ্চল পঞ্চায়েতকে কি পরিমাণ সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল;

(খ) কতগুলি অঞ্চল পঞ্চায়েৎ তাদের প্রাপ্য সাহায্য খরচ করিয়াছিল এবং কতগুলি উহা খরচ করিতে পারে নাই;

(গ) যাহারা অদ্যবধি উক্ত টাকা খরচ করে নাই তাদের সংখ্যা কত এবং তাদের সম্বন্ধে সরকার কি ব্যবস্থা করিয়েছেন; এবং

(ঘ) যেখানে অঞ্চল পঞ্চায়েৎ ব্যাংকের হিসাব খুলে নাই তাদের বিষয়ে সরকার কি করিয়েছেন?

The Minister of State for Panchayats : (ক) গত ১৯৬৩-৬৪ সনে মেদিনীপুর জেলার ১১৫টি অঞ্চল পঞ্চায়েতকে মোট ৪,২৫,০০৫.৭৪ টাকা এবং ১৯৬৪-৬৫ সনে ঐ জেলার ৩৬১টি অঞ্চল পঞ্চায়েতকে মোট ৬,১০,১৪৬.৯১ টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল ?

(খ) ১৯৬৩-৬৪সনে ১০৩টি এবং ১৯৬৪-৬৫ সনে ৩৩৮টি অঞ্চল পঞ্চায়েৎ উক্ত টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে খরচ করিতে পারিয়াছিল এবং ১৯৬৩-৬৪ সনে ১২টি ও ১৯৬৪-৬৫ সনে ২৩টি অঞ্চল ঐ টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে খরচ করিতে পারে নাই।

(গ) বর্তমান সময় পর্যন্ত সকল পঞ্চায়েতই ঐ টাকা খরচ করিতে সক্ষম হইয়াছে ; সেই হেতু এ সম্পর্কে সরকারী ব্যবস্থা গ্রহণের কোন প্রশ্ন উঠে না।

(ঘ) যে সকল অঞ্চল পঞ্চায়েৎ অদ্যাবধি নিকটবর্তী পোষ্ট অফিসে কোন সেভিংস একাউন্ট খুলে নাই তাহাদের উহা শীঘ্রই খুলিবার জন্য সরকার নির্দেশ দিয়াছেন।

Number of Blocks in Midnapore district

980. Admitted question No. 2497.) **Shri Surendra Nath Mahata :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মোট কয়টি ব্লক আছে ; এবং

(খ) এক একটি ব্লকে বি, ডি, ও, হইতে পিয়ন পর্যন্ত সমস্ত রকমের কর্মচারীদের বেতন ও বাড়ীভাড়া, ভ্রমণ ভাতা, ব্লক অফিসের খরচ লইয়া আনুমানিক মাসে কত টাকা খরচ হয় ?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ৫২টি।

(খ) আনুমানিক ৭,৩০০ টাকা।

Cattles in Haringhata Dairy Farm

981. (Admitted question No. 2584.) **Shri Sailendra Nath Adhikary :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটায় বর্তমান কত সংখ্যক গো-মহিষাদি আছে ;

(খ) উক্ত গো-মহিষাদির মধ্যে কতগুলি গো-মহিষ কয়জন ব্যক্তি বা প্রতিষ্ঠান রাখিয়াছে ;

(গ) ১৯৬৫ সালে জানুয়ারী হইতে নভেম্বর মাস পর্যন্ত প্রতিমাসে কত সংখ্যক গরু ও মহিষ অকেজো বলিয়া বাহির করিয়া দেওয়া হয় ; এবং

(ঘ) বর্তমানে হরিণঘাটায় কোন নূতন ধরণের গরু প্রচলন করা হইয়াছে কি ?

The Minister for Animal Husbandry and Veterinary Services : (ক) নিম্নে দেওয়া হইল :—

(১) হরিণঘাটায়

সরকারী মালিকানায়—দুগ্ধবতী গাভী	১,০১০টি
মহিষ	৭০টি
বিভিন্ন বয়সের বাচ্চা	২,০০০টি
বেসরকারী মালিকানায়—মহিষ	৫,৪০০টি
ঐ বাচ্চা	১,০০০টি

(২) কল্যাণী

সরকারী মালিকানায়—দুগ্ধবতী গাভী	৪,৮৯৮টি
ঐ বাচ্চা	৪,৮৯৮টি

(খ) বেসরকারী মালিকানায় মহিষগুলি ৬৮ জন ব্যক্তি রাখিয়াছেন।

(গ) প্রতিমাসে গড়ে প্রায় ২৯৫টি মহিষ কলোনী হইতে চলিয়া গিয়াছে। তাহাদের মধ্যে ঠিক কতটি লাইসেন্সীগণ অকেজো বলিয়া বাদ দিয়াছেন; তাহা সরকারের জানা নাই, কারণ কলোনী হইতে ঐ মহিষগুলিকে দুধ দেওয়া বন্ধ হইলেই লাইসেন্সীগণ সরাইয়া ফেলেন

(ঘ) হ্যাঁ।

Opening of a milk canteen at B.R.S. scheme No. 10, Kankurgatchi

982. (Admitted question No. 2616.) **Shrimati Ila Mitra:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১০নং বি, আর, এস, স্কীমে কাঁকুড়গাছিতে হরিশ নিয়োগী রোডের যে সকল বস্তীবাসী স্থান পাইয়াছেন তাদের জন্য ঐ অঞ্চলে কোন দুধের ক্যান্টিন খুলিবার ব্যবস্থা সরকার করিতেছেন কিনা; এবং

(খ) ঐ ক্যান্টিন কি নাগাদ চালু হইবে?

The Minister for Animal Husbandry and Veterinary Services: (ক) কাঁকুড়গাছির কাছাকাছি সি, আই, টি, রোডের উপর (স্কীম নং ৬ এম) শীঘ্রই একটি দুগ্ধ কেন্দ্র চালু করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(খ) আশা করা যায় ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর কর্মকর্তাদের সহযোগিতায় আগামী এক মাসের মধ্যেই ইহা চালু করা যাইবে।

Fisheries Department of Howrah District

983. (Admitted question No. 1062.) **Shri Abani Kumar Bosu:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় নিযুক্ত মৎস্য বিভাগের কর্মচারীর সংখ্যা কত;

(খ) তাঁহাদের বেতন, ভাতা, অফিস খরচ প্রভৃতির জন্য বৎসরে মোট কত টাকা ব্যয় হয়;

(গ) ১৯৬৪-৬৫ সালে হাওড়া জেলার কোন কোন স্থানে মৎস্য চাষের উন্নতির জন্য কি কি পরিকল্পনা গ্রহন করা হইয়াছিল এবং কত টাকা ব্যয়ে উহা কার্যকরী করা হইয়াছিল;

(ঘ) এই পরিকল্পনা কার্যকরী করবার ফলে হাওড়া জেলার কোন কোন স্থানে মৎস্য উৎপাদন কি পরিমান বৃদ্ধি পাইয়াছে;

(ঙ) স্বল্প মেয়াদী ও মধ্য মেয়াদী ঋণ বাবদ হাওড়া জেলার কোন থানায় কতজনকে গত ৩ বৎসরের মধ্যে ঋণ দেওয়া হইয়াছিল;

(চ) সাহায্য বাবদ কোন টাকা দেওয়া হইয়াছিল কি না এবং হইয়া থাকিলে তাহার পরিমাণ কত;

(ছ) ঋণ বা সাহায্যপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে প্রকৃত মৎস্যজীবীদের সংখ্যা কত;

(জ) হাওড়া জেলায় মোট কয়টি মৎস্যজীবী সমবায় সমিতি ১৯৬৪-৬৫ সালে রেজেষ্ট্রী হইয়াছে এবং সেই সকল সমিতিকে ঋণ অথবা অনুদান হিসাবে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Fisheries: (ক) কর্মচারীর সংখ্যা মোট চল্লিশ। ইহার মধ্যে এগারো জন হাওড়া জোন-এর মাছের লাইসেন্স সংক্রান্ত কাজে নিযুক্ত।

(খ) ১৯৬৪-৬৫ সালে এ বাবদ খরচের পরিমাণ ৫২,৮৭১ টাকা।

(গ) ১৯৬৪-৬৫ সালে উক্ত জেলায় মৎস্য চাষের উন্নতির জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি চালু ছিল :—

প্রকল্পের নাম	ব্যয়ের পরিমাণ
(১) গ্রাম হাজা-মজা পুষ্করিণী সংস্কার করিয়া মৎস্য চাষের জন্য ঋণদান প্রকল্প...	৭,৯৩২ টাকা
(২) পুষ্করিণীতে মৎস্য উৎপাদন বৃদ্ধির নিমিত্ত সার প্রয়োগ জনপ্রিয় করার প্রকল্প...	২,১৯০ টাকা
(৩) বিভিন্ন সরকারী বিভাগের মালিকানাধীন পুষ্করিণীগুলিতে মৎস্য চাষ প্রকল্প ..	৪,৮১৮ টাকা

(ঘ) উপরোক্ত প্রকল্পগুলি কার্যকরী করার ফলে দুই বৎসর পরে মৎস্য উৎপাদন আনুমানিক ৭,০৬৭ কিলোগ্রাম বৃদ্ধি পাইবে।

(ঙ) এবং (চ) এতৎসম্পর্কিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ছ) যাঁহারা মৎস্য চাষ বা মৎস্য শিকারে নিযুক্ত শুধুমাত্র তাঁহাদেরই মৎস্যজীবি গণ্য করিয়া ঋণ বা সাহায্য প্রদান করা হয় ঐরূপ ঋণপ্রাপ্ত ব্যক্তিগণের সংখ্যা বিরানব্বই।

(জ) ঐ সালে হাওড়া জেলায় মোট উনিশটি মৎস্যজীবি সমবায় সমিতি (একটি কেন্দ্রীয় সমবায় সমিতি সহ) রেজেষ্ট্রী করা হইয়াছে। তাহাদের কোনটিকেই ঋণ বা অনুদান দেওয়া হয় নাই।

[2—2-10 p. m.]

ADJOURNMENT MOTIONS

Mr. Speaker : I have received three notices of adjournment notions —one from Shri Sanat Kumar Raha on the subject of enhancement of procurement of paddy as reported in the newspapers, and one each from Shri Somnath Lahiri and Shri Anadi Das on the subject of reported decision of the Government to raise retail prices of rice in the Calcutta rationing area. I have withheld consent to these motions.

Shri Kashi Kanta Maitra : স্যার, আমি একটা adjournment notice table করেছিলাম।

Mr. Speaker : Adjournment যে দিন House বসে না সে দিনেরটা আর পারের দিন পর্যন্ত pending থাকে না।

Shri Kashi Kanta Maitra : I was given the impression that—এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার আপনি এই adjournment motion allow করলেন না, আমার purpose serve হল না। সুতরাং আপনি যদি অনুমতি দিতেন তাহলে ভাল হয় কারণ কাল বা পরশু হয়ত House শেষ হয়ে যাবে।

Mr. Speaker : আপনি House-এর attention draw করে বিষয়টা পড়ে দেবেন।

Shri Somnath Lahiri : মাননীয় স্পীকার স্যার, আমার adjournment motion আপনি allow করেন নি। আমার adjournment এ ছিল আজকে খবরের কাগজে বেরিয়েছে যে কলকাতা এবং statutory ration এলাকায় সমস্ত জায়গায় চালের দর বাড়িয়ে দেওয়া হবে। যেটা মুখ্যমন্ত্রী মহাশয় decision নিয়েছেন এখন এটা গুরুত্বপূর্ণ ব্যাপার কারণ যে ভাবে দর বাড়ান হয়েছে ৭০ থেকে ৮৪ পয়সা বাড়ান হয়েছে, ৮২ থেকে ৯৬ পয়সা এবং ৮৮ থেকে ৯৬ পয়সা। তার মানে হচ্ছে মোট ২০ পারসেন্ট increase। কোনটায় আবার ২৫ পারসেন্টও।

Mr. Speaker : আমি adjournment motion allow করিনি। মুখ্যমন্ত্রী মহাশয়ও জবাবে বলেছেন। একথা তিনি বলেছেন ১৪ থেকে ১৭ করিনি এবং দ্বিতীয়টা তিনি বলেছেন যে আমি এটা consider করছি। অতএব adjournment motion যেটা বলছেন এটা নিয়ে not that, I am not talking on that point। এই ব্যাপারে কিছু complain আছে। কোন complain আছে বা কোন grievance আছে। আপনারা attention draw করেছেন এবং আমার মেমারি যদি correct হয় তাহলে আমি বলবো তিনি বলেছেন এটা consider করবেন। সুতরাং এটা এখানে শেষ করে দিন।

Shri Somnath Lahiri : স্যার, আমার কথা আপনি শুনুন। সভা কাল কি পরশু বন্ধ হয়ে যাবে সুতরাং আমাদের যে অভিযোগ সেটা বলতে হবে।

Mr. Speaker : তিনি বলছেন এটা হয় নি, এর জবাব তিনি দিয়েছেন। আপনার মতন লোক এর ব্যাপারে আর বেশী কিছু না করাই ভাল।

Shri Somnath Lahiri : আমার মতন লোক বেশী বলে না কিন্তু আমি মনে করি যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার তখন আমি বলি। মুখ্যমন্ত্রিমহাশয় সভা চলাকালীন এ বিষয়ে হুকুমজারী করেছেন আর সভা যখন থাকবে না তখনও তিনি দু' হাতে মাথা কাটবেন। কাজে কাজে আমাদের অভিযোগ হচ্ছে সরকার এটা স্বীকার করেন কিনা এবং Press-Note-এ যেটা বেরিয়েছে সে সম্বন্ধে বক্তব্য উপস্থিত করার দরকার যেহেতু কলকাতার rationing এলাকাই প্রায় ১ কোটি লোকের জীবিকার সঙ্গে সংশ্লিষ্ট আর এক দিনের হুকুম তিনি দিলেন তিন আনা দর বেড়ে গেল এক মাসের মধ্যে দুধের দাম ৬২ পারসেন্ট বাড়িয়ে দেওয়া হল, মাছের দাম, তেলের দাম বেড়ে গেল, কেরোসিন আর পাওয়া যায় না, সরকার যখন যা খুশী করবেন তখন adjournment motion এনে নিশ্চয়ই আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করবো এবং এর বিরুদ্ধে কোন প্রতিবাদ জ্ঞাপন করবার অধিকার নিশ্চয়ই আছে।

Mr. Speaker : সে অধিকার নিশ্চয়ই আছে কিন্তু তিনি বললেন যে এটা এখনও বাড়ান হয় নি।

Shri Somnath Lahiri : তিনি বলেছেন বাড়বে তবে exact dateটা তিনি বলবেন না, এ দিকে circular চলে গেছে Press-Note বেরিয়েছে। (শ্রী বিজয় সিংহ নাহার Press-Note বেরোয় নি।) হ্যাঁ বেরিয়েছে। Ration দোকানদার তারা হাত গুটিয়ে বসে আছে। এখানে circular হয়েছে, Press-Note বেরিয়েছে। Statesman-এ লিখেছে Meanwhile the West Bengal Government, according to a Press-Note, has issued orders under the Essential Commodites Act revising the maximum prices of aman paddy and rice chargeable by producers and dealers in the State. The common variety of paddy will be sold at Rs. 38·85 a quintal, fine variety at Rs. 41·55, and super-fine at Rs. 44·20 কাজেই এটা বেরিয়েছে। মুখ্যমন্ত্রিমহাশয় জানালেন না কবে থেকে হবে। Exact date-এর কথা বলা হল না, কাজেই আমরা adjournment motion দিয়ে এ বিষয়ে একটা debate করবার অধিকার আমাদের আছে। কারণ জনসাধারণের সঙ্গে এটা জড়িত তাদের প্রতিদিন পদদলিত করা হচ্ছে আমরা সরকারকে ভোটের মাধ্যমে পর্যুদস্ত করবার চেষ্টা অন্তত: আমরা করব। আমাদের short term আমাদের Government-এর policy-এর প্রতি House এর বিক্ষোভ প্রদর্শন করবার যে অধিকার থাকে সেটা adjournment motion মারফত করা হয় আমরা নিশ্চয়ই challange করতে পারি Government-এর তার এই order পাশ করবার অধিকার নেই, জনসাধারণ এটা চায় না,

adjournment motion-এর উপর আমরা vote face করবো। তারপর যা হয় হবে কারণ যখন এইরূপ একটা কাজ করেন এবং আপনি যদি বলেন সমস্ত ব্যাপারেই যে adjournment motion allow করা যায় না তা হলে যে সরকার এই Session-এর গোড়াতে State Trading-এর জন্য বলেছিলেন তারা নানান রকম কথা বলেছিলেন কিন্তু সেই monopoly State Trading সমস্তই এক ধাপ্পাবাজীতে পরিণত হয়েছে। State Trading মানে এই নয় যে প্রতিদিন দাম বাড়বে; Ration-এর জিনিস কমবে। State Trading মানে মানুষের সুখ স্বাচ্ছন্দ্য হবে, State Trading মানে মানুষ ন্যায্যমূল্যে উপযুক্ত পরিমাণ তার ration পাবে। সে ন্যায্য দাম যদি Cabinet decision-এ সরকার তার ইচ্ছামত, খেয়াল খুশী মত সব জিনিসের দাম বাড়িয়ে যান তাহলে আমাদের এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাতে হবে। আমরা আশাকরি সরকার এ বিষয়ে তার সিদ্ধান্ত পুর্নবিবেচনা করবেন।

[2-10—2-20 p.m.]

Shri Nani Bhattacharjee : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই adjournment motion-টা আপনি নাকচ করে দিয়েছেন। আপনাকে বিনীতভাবে আবেদন জানাবার উদ্দেশ্যে আমি এখানে দু'একটা কথা বলতে চাই। আপনি জানেন কিনা, জানি না, এখানে মাননীয় মন্ত্রী মহোদয় বললেন যে অর্ডারপত্র যায়নি। কিন্তু রিপন ষ্ট্রীট ও মৌলালী এলাকার রেশনের দোকানগুলিতে, এ সম্পর্কে নোটিশ already চলে গিয়েছে, যে ১৮ই তারিখ থেকে, অর্থাৎ আজ থেকে রেশনিং দোকানে চালের দাম বাড়াবার জন্য। তাছাড়া আজকে সংবাদপত্রে যেটা প্রকাশিত হয়েছে, সেটা চীফ মিনিস্টার অস্বীকার করতে পারলেন না, এবং তিনি এই কথা বললেন যে, হবে, এই রকম, রেশনিংএর দোকানে চালের দাম বাড়ানর কথা আমরা ভাবছি, চিন্তা করছি, বিচার, বিবেচনা করছি। দেশে খাদ্যের যে অবস্থা, সেখানে যদি তিনি পরিষ্কারভাবে এই কথা বলতেন যে, না, রেশনিংএর দোকানে চালের দাম বাড়ানর কথা আমরা চিন্তা করছি না, তাহলে আমাদের বলবার কিছু থাকত না। কিন্তু তিনি পরিষ্কারভাবে ইংগিত দিয়ে গেলেন যে চালের দাম বাড়ানর কথা, তিনি ভাবছেন।

Mr. Speaker : মিঃ ভট্টাচার্য, আমি এই জন্যই-ত adjournment motion allow করতে পারিনি।

Shri Nani Bhattacharjee : আপনি একটু শুনুন। কেন্দ্রীয় সরকার কলকাতার রেশনিং এলাকার যে চাল দিতে চান, তার যে খরচ, তার খানিকটা, অর্ধেক বহন করবেন বলেছিলেন। সেইজন্য আজকে হয়ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাপ এসেছে, যার ফলে আজকে বাংলা দেশের সরকারকে রেশনিং দোকানে চালের দাম বাড়ানর সিদ্ধান্ত নেবার কথা ভাবতে হচ্ছে। যদিও সেই সিদ্ধান্ত নোটিশ আকারে বিভিন্ন রেশনিংএর দোকানে চলে গিয়েছে— এবং তারাও নাকি, সেটা তাদের নোটিশ বোর্ডে লটকে দিয়েছে আজকে। স্পীকার মহাশয়, আপনি এটা allow করলেন না, তবুও আমি এই কথা বলতে চাই, যে আজকে যদি এইভাবে রেশনিংএর দোকানে চালের দাম বাড়ানর চেষ্টা হয়, তাহলে আমরা কোথায় যাচ্ছি? গভর্নমেন্ট রেশনিংএর দোকানে চালের দর সম্বন্ধে পরিষ্কারভাবে মত ঘোষণা করেননি। State trading এর কথা বলছেন, অথচ চালের দাম বাড়িয়ে যাচ্ছেন, রেশনিংএর quota কমিয়ে দিয়েছেন, সেটা পুনরুদ্ধারের কথা বলেন নি। কালকে হাউস বন্ধ হয়ে যাচ্ছে, আমরা আর এ সম্বন্ধে বলবার সুযোগ পাবো না। মন্ত্রিমহাশয়রা খুশীমত, একতরফা, বার বার এইভাবে তাঁদের সিদ্ধান্ত ঘোষণা করে যাবেন, এটা কি ঠিক? সেইজন্য স্পীকার মহাশয়, আমি বার বার আপনাকে অনুরোধ করছি, আপনি এই ব্যাপারে আমাদের আলোচনা করবার সুযোগ দিন, এবং এই ব্যাপারে সরকারের যে মনোভাব এবং সরকারের যে সিদ্ধান্ত দাম বাড়ানর, তার বিরুদ্ধে প্রতিবাদ করবার সুযোগ দিন।

Shri Hemanta Kumar Basu : মি: স্পীকার স্যার, ১৪ পয়সা, ২২ পয়সা করে, হঠাৎ এত বেশী চালের দাম বাড়িয়ে দেওয়ায়, কলকাতার গরীব জনসাধারণের পক্ষে কতদূর দুর্বহ ও ক্ষতিকর হচ্ছে, সে কথা মন্ত্রিমহাশয় ভাবতে পারছেন না।

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করছি যে তিনি এদিকে লক্ষ্য দিন, এবং যাতে চালের দাম, আর না বাড়ে, তার জন্য ব্যবস্থা করুন। মাননীয় সদস্য ননী ভট্টাচার্য মহাশয় বললেন যে বহু রেশনিংএর দোকানে চালের দাম বাড়ান সম্পর্কে, নোটিশ already issue হয়ে গিয়েছে। অথচ মন্ত্রী মহাশয় এটা অস্বীকার করে বলেন যে, চালের দর কত বাড়ান হবে, সেটা এখনও সরকারের বিবেচনাধীনে আছে। কালকে হাউস বন্ধ হয়ে যাচ্ছে, আমাদের এ সম্পর্কে বলবার আর কোন সুযোগ থাকবে না, এবং আমরা আশঙ্কা করছি যে এটা কার্যে পরিণত হবে। যেহেতু পশ্চিমবঙ্গের প্রশাসনিক খরচা কেন্দ্রীয় সরকার বহন করতে নারাজ, অতএব সেই খরচা, গরীব জনসাধারণের কাছ থেকে আদায় করতে হবে। এটা আমি স্বীকার করতে পারি না, মানতে পারি না। কাজেই আমাদের তরফ থেকে এই যে adjournment motion আনা হয়েছে, এ সম্বন্ধে আলোচনা করা আজকে যদি সম্ভব না হয়, তাহলে কালকে অন্ততঃ আলোচনা হওয়া উচিত, এবং এ সম্বন্ধে একটা ব্যবস্থা হওয়া উচিত, যাতে সরকার চালের দর না বাড়ান। অন্য খাতে, অন্য রকমভাবে খরচ কমিয়ে, প্রশাসনিক খরচা মেটাবার জন্য ব্যবস্থা করুন।

Shri Sailendra Nath Adhikary : মাননীয় স্পীকার মহাশয়, সোমনাথ বাবু এবং অনাদি বাবু যে Adjournment motion-এর প্রস্তাব নিয়ে এসেছেন, আমি অত্যন্ত বিনীতভাবে বলছি, এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে, আপনার মূল্যবান consent withheld করে রাখায়, তা অত্যন্ত পীড়াদায়ক হয়ে উঠছে। শুধু কলকাতায় নয়, শহরে নয়, মফঃস্বলে পর্যন্ত সরকার চালের দর বাড়িয়ে দিয়েছেন। এই রকম যদি বাইরের ব্যবসাদাররা করতেন, তাহলে তাকে আপনারা black market rate বলতেন, অথচ গভর্নমেন্ট, নিজেরাই এই black market rate-টাকে স্বীকৃতি দিয়ে, জনসাধারণের ঘাড়ে সেটা চাপিয়ে দিচ্ছেন। এটা একটা question of moral principle too.

সরকার একটি Essential Commodity Act নিয়ে, বিভিন্ন Act নিয়ে যেখানে তারা বলেছেন দামটা reasonable রেটের উপর উঠতে দেবে না। সেখানে সরকার ১৪ পয়সা, ২২ পয়সা চালের দাম কেজি প্রতি বাড়িয়ে দিচ্ছেন কেন? এর কারণটা আমরা জানতে চাই। এর আগে আপনি জানেন এক সময় খবরের কাগজওয়ালাদের বলেছেন যে চালের ৬ টাকা কেজি উনি করবেন। খবরের কাগজে আমরা দেখছি। তাহলে আমাদের জনসাধারণের প্রতিনিধি হিসেবে আমাদের অধিকার আছে জানবার—এ সম্পর্কে আসল ব্যাপার কী। অথচ এখন পর্যন্ত সরকারী তরফ থেকে কোনরকম উত্তর দেওয়া হচ্ছে না। এই রকম একটি ডামাডোলের বাজারে কেন কোটি কোটি মানুষকে এইভাবে মেরে ফেলবার ব্যবস্থা হচ্ছে? Statutory Rationing-এর নামে লেভী করে বাংলা দেশের মানুষকে চরম বিপর্যয়ের মধ্যে তাঁরা নিয়ে যাচ্ছেন কেন? একথা নিশ্চয়ই আমাদের জিজ্ঞাসা করবার অধিকার আছে এবং উত্তর জানবারও অধিকার আছে। আপনি অনুগ্রহ করে আজকে বলুন সরকার যেভাবে একটা black market rate চালু করছেন, তাতে তাঁরা কি করে black market-এর বিরুদ্ধে দাঁড়াবেন? তাঁদের চরিত্রে দেখা যাচ্ছে তাঁরা একটা black market rate করছেন। সেইজন্য এর বিরুদ্ধে জনমত প্রতিধ্বনিত হওয়া উচিত। সেই সুযোগ আজ আপনি আমাদের দিন—এই অনুরোধ আপনাকে জানাচ্ছি।

Shri Anadi Das : স্যার, আমি একটা Adjournment motion দিয়েছিলাম। আপনি শুনলে অবাক হয়ে যাবেন—আমার কাছে বই আছে Agricultural Reserch Indian Council, তাঁরা বলছেন, ১৯৫৬ সালে ধানের দাম ও চালের দরের কি অনুপাত ছিল?

লাখে আট টাকা ধানের দর ছিল; আর চালের দাম ছিল ১২ টাকা ১২ আনা। যখন ৯ টাকা ধানের দাম ছিল, তখন চালের দাম ছিল ১৪ টাকা ৪ আনা অর্থাৎ 158% এই ছিল চালের সঙ্গে ধানের দরের সম্পর্ক। আর এখন কি হচ্ছে? ১৪-৫০ ন. প.—ধানের দর করছেন, আর চালের কিলো করেছেন ৮৪ ন. প.। তাতে প্রায় ৩৩ টাকার মত চালের মণ পড়ছে। আর percentage হচ্ছে ২২৫% ধানের দরের সঙ্গে চালের দরের সম্পর্ক দাঁড়াচ্ছে। এ দিকে তারা private ব্যবসাদারদের বলেছেন মুনাফাখোর, লাভখোর।

Mr. Speaker : মিঃ দাস, আপনি কি বিষয়ে বলছেন?

Shri Anadi Das : এই চালের দর বাড়ানো উচিত নয়।

Mr. Speaker : আমি আপনার adjournment motion disallow করেছি।

Shri Anadi Das : আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি তখন এই এই করে লেভী খরচ, procurement খরচ ছিল, মিলিং খরচ ছিল, transport খরচ ছিল—এইসব খরচ করেও এই relation ছিল ধানের ও চালের দরের। এখন সরকার যদি সেটাকে ২২৯ পার্সেন্ট বাড়িয়ে দেন, তাহলে সরকারকে কি বলবো? মনোপলি করে, স্টেট ট্রেডিং-এর নামে এই স্টেট ট্রেডিং তো একটা ধাপ্পাবাজী হয়ে যাচ্ছে। এতে করে জনসাধারণের উপর অত্যাচার সহ্যের সীমার বাইরে চলে যাচ্ছে। কথায় বলে বোঝার উপর শাকের আঁটি,—কিন্তু একটা শাকের আঁটি নয়, মস্ত বড় আঁটি। আমি বলতে চাই এই রকম করে দর বাড়িয়ে জনসাধারণকে গলাটিপে মারবার ব্যবস্থা সরকার করছেন।

Shri Jiban Krishna De : স্যার, যে প্রশ্ন এখানে উঠেছে তা অত্যন্ত গুরুতর বলে আমি মনে করি। সমস্ত দিক থেকে এসেম্বলী যা আলোচনা, করেছিল তখন দেখেছি আমরা কৃষকদের ধানের দর বাড়াবার সম্বন্ধে দু-এক টাকা বাড়াবার যে প্রস্তাব দিয়েছিলাম, তখন মুখ্যমন্ত্রী অনেক ঘটা করে ভারত সরকারের অনেক তথ্য দিয়ে বললেন যে যদি দু-টাকা বাড়ান যায় তাহালে দেশের মূল্যমান বেড়ে যাবে। সে একটা সাংঘাতিক ব্যাপার হবে। সারা দেশ সমস্ত কৃষক সমাজ

[2-20—2-30 p. m.]

এবং আইন সভার বিরোধী দলের সমস্ত সদস্যদের বক্তৃতা বা তাদের মন্তব্যকে অগ্রাহ্য করে তারা সেই ১৪ টাকা ধানের দর তারা সেই steam roller এর মত কৃষকদের বুকের উপর চালিয়ে যাচ্ছেন এবং তা চালিয়ে যাবেন এ ঘোষণা তারা আজও করলেন। কিন্তু সঙ্গে সঙ্গে তারা আজকে বলতে চাচ্ছেন যে আমরা চালের দর কল্পনার অতীত তা বাড়াবো। মিষ্টার স্পীকার স্যার, যদি ১৬ টাকা হয় ধানের দর তাহলে ২৫ টাকা হয় একমণ চালের দর কিন্তু কি হলো statutory rationing এরিয়াতে ১ টাকা ১০ পয়সা হিসাবে দাম ধার্য্য হল তার আজকে পড়তা পড়বে ৪৪ টাকা মণ। ২৫ টাকা দরে ধান কিনে চাল বিক্রি হবে ৪৫ টাকা মণে এটা কোন দেশী পড়তা এবং কিসের সমতা এবং কিসের শত্ত আমরা তা বুঝতে পারিনা। এইটা সরকার করতে যাচ্ছেন। এবং মুখ্যমন্ত্রী পরিষ্কার একটু আগে বলে গেলেন যে আমরা চিন্তা করছি এবং তারা যা চিন্তা করেন আমরা জানি জনসাধারণের যদি সেটা বিপক্ষে হয়, জনসাধারণের যদি সেটা পীড়নমূলক হয় তাহলে সেটা তারা ঠিকই করেন এবং বেশী করেই তারা করেন। এবং এই আশংকা আজকে আমাদের করার ন্যায্য কারণ আছে। কৃষকদের তারা দুটো টাকা মণে দিলেন না আজকে চালকলগুলিকে husking machineগুলি বন্ধ করে দিয়ে শুধু তাদের মুনাফার জন্য বিপুল পরিমাণ টাকা দেশবাসীর পকেট থেকে কেটে কৃষকদের বঞ্চিত করে দিতে যাচ্ছেন। কোন সভ্যদেশের মানুষ কোন সভ্যদেশের আইন সভার কোন সদস্য একে বরদাস্ত করতে পারে না এবং পারা উচিত নয়। এবং আমি মনে করি সরকারের

সমগ্র খাদ্যনীতির মধ্যে যেটুকু বা আজকে procurementএর জন্য ভাল জিনিস ছিল যার জন্য আমরা এই আইন সভায় দাঁড়িয়ে অনেকে বলেছি যে আমরা procurementএর বিরোধীতা করি না, এবং procurement এর বিরোধীতা করব না এবং মজুতদারীকে ঠেকাবার জন্য চোরাকারবার বন্ধের জন্য procurement এর আমরা সমর্থন করব। আমাদের পক্ষে একথা বলা আজকে ভয়ানক অসুবিধা। এবং আমি পরিষ্কার বলছি এই নীতি চালু করবার পরে আমাদের procuremenr সমর্থন করা মানে চাষীর প্রতি বিশ্বাসঘাতকতা করা। এবং তাই আমরা যারা দুইদিন আগেও আমরা বলেছিলাম যে procurementকে সমর্থন করা আজকে প্রয়োজনীয়তা আছে কিন্তু এর পর কৃষকদের কাছে গিয়ে বলবার আর কোন কারণ নেই যে আজকে তোমরা ১৫ টাকা দরে সরকারকে ধান দাও। পরিষ্কার বলতে হবে যা খুশী তাই কর কারণ মন্ত্রীরা যদি যা খুশী তাই করতে পারেন ১০০ চাল কলের মালিকদের স্বার্থে যদি ১২ হাজার husking মেসিনকে বলি দিতে পারে দেশের লক্ষ লক্ষ কৃষককে যদি তারা আজকে শেষ করতে পারেন আজকে দেশের কোটি কোটি লোকের পকেট থেকে ration দেবার সুযোগ নিয়ে যদি কোটি কোটি টাকা নিতে পারেন তাহলে তাদের পক্ষ সমর্থনের কোন কারণ থাকতে পারে না। মুখ্যমন্ত্রী বলেছেন ভারত সরকার টাকা দেবেন না এটা তো একটা অজুহাত মাত্র এই কথা বলে তিনি আজকে মিল মালিকদের পকেট ভর্তি করে দিচ্ছেন। State trading এর নামে monopoly capital একচেটিয়া মুনাফার যে রাজত্ব তাকে আজ বহাল করা হচ্ছে। এই দুর্নিতি আজকে আমাদের এই আইন সভায় প্রকাশিত হয়ে গেল তার যে আমরা প্রতিরোধ করব না তা কখনই হতে পারে না। আজকে আমি মনে করি আমাদের সমস্ত শক্তি দিয়ে এটা প্রতিরোধ করা দরকার। এটার সম্বন্ধে মন্ত্রীরা কি বলতে চান তা আমরা জানতে চাই।

Mr. Speaker : দেখুন I have withheld consent। তারপরে যদি আপনাদের কোন কথা বলার থাকে বলবেন। আমি disallow করেছি কিন্তু সকলেই যদি food policyর উপর একটা করে speech দেন—of course দর বাড়লে সকলের ক্ষতি হবে কষ্ট হবে that is quite true—কিন্তু সেটা যখন এখনও হয়নি তখন on that point সকলেই floorটাকে খানিক ক্ষণের জন্য আটকে রাখবেন না।

মিঃ ব্যানার্জী, আপনি অনেক আগে থেকেই দাঁড়িয়ে আছেন আমি তা দেখেছি, কিন্তু আপনার আগেও অনেকে দাঁড়িয়েছেন। আমি সকলকে বলতে দেবো, কাউকে বাদ দেবো না। কিন্তু আমার কথা আগে শুনুন। আই হ্যাব উইথহেল্ড কনসেন্ট। অ্যাডজোর্নমেন্ট মোসানটা আমি ডিজঅ্যালাউ করছি। তারপরে আপনাদের যদি কোন কথা থাকে বলতে পারেন। কিন্তু আপনারা যদি সকলেই ফুড পলিসি সম্বন্ধে স্পীচ দেন, অফকোর্স দাম বেশী হলে জনসাধারণের ডিফিক্যালটি হবে—তবে সেটা যখন এখনও তিনি বলেন নি তখন টকিং অব স্ট্যাটিস্, টকিং অব পলিসিস্, টকিং অব মেনি আদার থিংস্, এসব নিয়ে বেশী আলোচনা করা কি উচিত হবে, রেলিভেন্ট হবে?

Shri Panchu Gopal Bhaduri : মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে আগেই অনুমতি চেয়েছি, আপনি অনুমতি দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই যে সাধারণভাবে কৃষকদের এবং যারা রেশন এলাকাভুক্ত মানুষ তাদের সরকারের নীতির প্রতি ঘোরতর অনাস্থা এসে যাচ্ছে। কারণ হচ্ছে ইতিপূর্বে রেশনের যে দাম ছিল সেটা হচ্ছে তার মারফত যে দাম মিলার্সদের দেওয়া উচিত, দিলে পোষায়, তার উপর ৪ টাকা মণ পিছু আগেই বোনাস দেওয়া হচ্ছিল, এখন আবার প্রত্যেক রাইস মিল ওনার্সকে ৪ টাকার জায়গায় মণ পিছু ১০/১২ টাকা বোনাস দেওয়া হবে এবং রেশনের যারা দোকান চালায় তাদেরও কিছু কিছু এক্সট্রা লাভের সুবিধা দেওয়া হবে কিন্তু যে পাবলিক রেশন খায় তাদের দরটা বাড়াবার চেষ্টা হচ্ছে। এটা অত্যন্ত অন্যায় জিনিস

এই একটা দিক। তার একটা হচ্ছে ছোট চাষীদের কাছ থেকে কম দামে ঐ যে ভিজে ধান, চলতি বাদ, সেটা বাজে কথা, শুকনো ধান ১৪ টাকা মণ দরে কিনে নিয়ে, যখন বড় জোতদারদের কাছ থেকে কেনা হবে তাদের ১৭ টাকা দেওয়া হবে এই যে জোতদারদের প্রতি পক্ষপাত, মিল মালিকদের প্রতি পক্ষপাত, এই নীতি নেবার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকার স্টেট ট্রেডিং-এর সমস্ত নীতিকে আজকে বিসর্জন করে দিলেন। কাজে কাজেই আজকে যেমন বিড়লাকে এক হাজার একর দিয়ে জয়েন্ট স্টক কোম্পানী করে সিড রেজ করার কথা বলা হচ্ছে এবং জয়েন্ট স্টক কোম্পানীর দিকে যাবার চেষ্টা হচ্ছে, তেমনি এই যে স্টেট ট্রেডিং থেকে ডিপারচার, সমবায় থেকে ডিপারচার, এই নীতি থেকে অগ্রগতি সম্পর্কে জনসাধারণের পক্ষ থেকে সমাধান করে দিতে চাই। মন্ত্রিমণ্ডলী যে সব ভাল ভাল কথা বলে জনসাধারণের মনে আস্থা সৃষ্টি করার চেষ্টা করেছিলেন এবং অন্তত বিরোধী পক্ষের কিছুটা সমর্থন পেয়েছিলেন, এই যেটা এখন করতে চলেছেন, মিল মালিকদের বোনাস দিচ্ছেন, রেশনের দোকানে বোনাস দিচ্ছেন, এবং বড় চাষীদের বোনাস দিচ্ছেন, ছোট চাষীদের বঞ্চিত করে, রেশন থেকে যারা খাবে তাদের বিরাট অংশের কাছ থেকে বেশী দাম নিয়ে এটা অত্যন্ত অন্যায় এবং এটা করা উচিত নয়। এই কথা আমি এইদিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p. m.]

Shri Bijoy Kumar Banerjee : মি: স্পীকার, স্যার, unscrupulous and unpredictable rise in price of a vital thing like food, এটাত আমাদের প্রতিকার ও প্রতিরোধ করা জন প্রতিনিধি হিসাবে আমাদের কর্তব্য। সেজন্য আমি প্রস্তাব করছি, এ সম্বন্ধে আমরা বিশেষ কিছু করতাম না যদি না আমাদের বিধান সভা শেষ হতো, আমাদের হাউসে আজকে এর আলোচনা হওয়া উচিত। যদি এই জন্য একদিন হাউস বাড়িয়ে দিতে হয় তাহলে বাড়িয়ে দিন। কারণ আমরা এখানে যে সব কাজ করছি সেটা জনসাধারণের স্বার্থে খুব ইমপর্টান্ট নয় এটা যতটা ইমপর্টান্ট। আমরা দেখেছি যখনই হাউস বন্ধ হয় সেই সময় সব অর্ডিনেন্স হয়, সেই অর্ডিনেন্সগুলি পাশ করা হয় আইনে, তারপরে আমরা যখন আসি তখন একটা পোস্ট-মর্টেমের মত একজামিনেসন করে আমরা আইনটা পাশ করি। আমরা যখন এখানে বলি এই সব হবে তখন ওঁরা হেসে উড়িয়ে দেন, বলেন বিরোধী পক্ষ দুর্ভিক্ষের পদধ্বনি শুনছেন। যখন সত্যাই দুর্ভিক্ষ আসে তখন ওঁরা একবার আমেরিকা, একবার এটা একবার ওটা করেন। স্যার, আমরা ত অবস্থাটা দেখেছি যে আমাদের রেশন কমিয়ে দেওয়া হচ্ছে। লোকে খেতে পাচ্ছে না, এই সরকার আমাদের বাধ্য করেছে ডিসঅনেস্ট হতে। আগে লোকে খাবে, খেয়ে বাঁচবে, কিন্তু যদি ঘরে চালআটা না থাকে তাহলে লোকে কি খাবে? সরকার বলছেন তোমরা যেখান থেকে পারো জোগাড় কর। স্যার, ব্লাক মার্কেটকে ওঁরাই সাপোর্ট করে করাচ্ছেন। প্রথমতঃ যেগুলি ইনডিসপেনসেবল মানুষের বাঁচার পক্ষে সেগুলির অভাব সৃষ্টি করে দিলেন, লোকে যেহেতু খাবে সেই খেতে গেলে তাকে যে কোন প্রাইস দিয়ে চালডাল যোগাড় করতে হবে। ওঁরা বড় বড় কথা বললেন যে আমরা স্টাটুটারি র‍্যাশানিং, প্রকিয়োরমেন্ট, লেভি ইত্যাদি করবো। স্যার, কত ধানে কত চাল আমি বুঝি না কিন্তু যেভাবে খাদ্যদ্রব্য জিনিসের দাম বেড়ে যাচ্ছে তাতে আমাদের দৈনন্দিন অভিজ্ঞতা থেকে দেখছি সাধারণ মধ্যবিত্ত মানুষকে এঁরা মেরে ফেলে দিচ্ছে। এই সরকার আইনের আওতায় পড়ে কিনা জানি না, মানুষকে খুন করবার দায়েতে এঁদের অভিযুক্ত করা উচিত। এখানে এঁরা ১৮ বছর সরকারী করছে অথচ মানুষকে খেতে দিতে পাচ্ছে না। যে সরকার খেতে দিতে পারে না সে সরকারের কোন অধিকার নেই নীতিগতভাবে টিকে থাকার। অন্যান্য দিক দিয়ে যদি চিন্তা করা যায় তাহলে এই সরকারের একদিনও এখানে থাকা উচিত নয়, এই সরকারের পদত্যাগ করা উচিত। তাই আমরা চাই আজকে এই গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করার জন্য আমাদের সুযোগ দিতে হবে এবং আজ যদি না হয়

তাহলে এই হাউসের সিটিং আপনি একদিন বাড়িয়ে দিন, দিয়ে জনসাধারণের কথা এবং আমাদের যা বক্তব্য সেটা আমরা সরকারের কাছে জানাই এবং সরকারের যেটা করণীয় তা তাঁরা করুন।

Shri Sanat Kumar Raha : স্যার, আমার একটা অ্যাডজোর্নমেন্ট মোসন ছিল, তার বক্তব্য ছিল মূলতঃ এই যে প্রকিয়োরমেন্ট প্রাইস বাড়ান হচ্ছে, ষ্টেটসম্যান কাগজে সেটা বেরিয়েছে।

Mr. Speaker : মিঃ রাহা আপনি বসুন।

Shri Sanat Kumar Raha : স্যার, আপনি আমাকে এ্যালাউ করেছেন বলবার জন্য।

Mr. Speaker : মিঃ রাহা, আমি এ্যালাউ করিনি, দুটো ষ্টেটমেন্ট চিফ মিনিস্টার করেছিলেন।

Shri Sanat Kumar Raha : স্যার, তারই বিরুদ্ধে আমার বক্তব্য। আমার বক্তব্য হচ্ছে চিফ মিনিস্টার বলুন যে প্রকিয়োরমেন্ট প্রাইস বাড়ান হবে না কাগজে কংগ্রেস এম, এল, এ যদি বলে থাকে…

Mr. Speaker : কাগজে যদি থাকে এই রকম হাইপথেটিক্যাল হয় না।

Shri Sanat Kumar Raha : স্যার, র‍্যাশানের দাম বাড়ানর কথা বললেন অথচ ধানের দাম বাড়বে না, খুব সঙ্গত কারণে বাড়বে কি না জানি না, আমার মনে হয় এই কথাগুলি এলোমেলো লাগছে এতে সরকারের উপর বিশ্বাস করে যাচ্ছে। কালকে অর্ডিনেন্স করে দিয়ে তাঁরা ধানের দর বাড়িয়ে দেবেন অথচ ডিসট্রেস সেলের চাষী টাকা পাবেনা এটা হয় না। সেজন্য আগেই বলছি যে যদি প্রকিয়োরমেন্ট প্রাইস বাড়ান হয় আজকে ধাপ্পা দেবার পরও সেই চাষী যারা ডিসট্রেস সেল করেছে তাদের রিসিট দেখে কমপেনসেট করার ব্যবস্থা যেন করাহয়। কমপেনসেশন না দিলে সরকার বিশ্বাসঘাতকা করবে এই কথা আমি বলতে চাই।

Mr. Speaker : মিঃ, চৌধুরী রায় কি বলবেন বলেছিলেন এবার বলুন।

Shri Khagendra Kumar Roy Chowdhury : মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে যে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি সেটা র‍্যাশানের ব্যাপার নিয়ে নয় সেটা হচ্ছে শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ফার্ষ্ট ইয়ার, সেকেণ্ড ইয়ার এবং থার্ড ইয়ারের ছাত্রদের একটা কম্পালসরি এন, সি, সি, ক্যাম্প হবার কথা ছিল পানাগড়ে ১৯শে ডিসেম্বর থেকে ৩০শে ডিসেম্বর পর্যন্ত। তাদের ৭টার সময় আসতে বলা হয় এবং ১২ শত ছাত্র হোষ্টেল থেকে খেয়ে এসে রাত্রি ১১টার গাড়ীতে চাপে এবং গাড়ী রাত্রি ৪॥ টার সময় পানাগড়ে গিয়ে পৌছায়, সেই পানাগড় থেকে তাদের মার্চ করিয়ে ৫ মাইল দূরে ক্যাম্প সাইট নিয়ে যাওয়া হয় এবং সেখানে গিয়ে দেখে যে কিছু ব্যবস্থা নেই, এয়ার হ্যাংগারে তাদের নিয়ে গিয়ে রেখে দেওয়া হয়। তারপরে দেখা যায় যে ১২ শত ছাত্রের জন্য একটা কি দুটো পায়খানা আর একটা মাত্র কল। তখন হৈ চৈ হতে থাকে, তখন এন, সি, সি, অফিসার বা কারোর কোন ট্রেস পাওয়া যায় না। তারপর ১০॥ সময় ওদের একটা বিসকুট আর চা দেওয়া হয় এবং ১৭ ঘন্টা পরে তাদের খাওয়ার দেওয়া হয়। তার আগের দিন বেলা ৬টার সময় তারা হোষ্টেল থেকে খেয়ে গিয়েছে। তারপর গণ্ডগোল সুরু হয়, দেখা গেল যে ১২ শত জনের বদলে ৪৫০ জনের রান্না হয়েছে। এই কথা যেই শুনেছে তখনই স্বতাহুতির মত হৈ চৈ আরম্ভ হয় এবং সমস্ত খাবার লণ্ডভণ্ড হয়ে যায়। খাবারের কি বন্দোবস্ত হয়েছিল? না, তাই ডাল আর প্রফুল্লবাবুর মতো দুই টুকরো আলু। তারপরে হল কি, না হৈচৈ করার পর ১২শতর মধ্যে হাজার জন ছাত্র

সেদিন চলে আসে, দুপুর বেলায় অলটারনেশন হয়। ইতিমধ্যে কলেজের ছাত্রদের যখন কলেজ খুলেছে সাইক্লোস্টাইল একটা কাগজে ছাত্রদের দিয়ে সই করান হচ্ছে এবং বলা হচ্ছে যে সই না করলে খারাপ হয়ে যাবে, পানিশমেন্ট দেওয়া হবে, এবং বলা হচ্ছে যে তোমরা বল যে আমরা দোষী, যে কোন শাস্তি দিলে আমরা সেই শাস্তি নিতে বাধ্য থাকবো। কোন এক্সপ্ল্যানেসন পর্যন্ত চাওয়া হয়নি যে তারা কি অন্যায় করছে, না করেছে। যারা ওখানে গেছে এন. সি. সি, ক্যাম্প—ফাস্ট সেকেণ্ড থার্ড ইয়ারের ছাত্রের কাছ থেকে, সাইক্লোস্টাইল করে আগেই রাখা হয়েছে—তোমরা সিলটি এটা তাদের কাছে জানানো হোল না—সকল ছাত্ররা ভয়ে ভয়ে তা দিয়েছে কারণ এসব গণ্ডগোলের জন্য আবার কি করা হবে না হবে—হয়তো ক্যানসেল করা হবে, এই সবের জন্য স্বভাবতঃ ছাত্রদের একটা ভয় থাকে—যাই ব্যাচেস চার পাঁচজনকে নিয়ে যাওয়া হয়েছে এবং বলা হয়েছে তোমরা যত সই কর তা না হলে খারাপ হবে তাই তারা ভয়ে ভয়ে সই করে—তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি অবশ্য দৃষ্টি আকর্ষণ করে কোন লাভ হবে কিনা জানি না—কিন্তু এই ব্যাপারে একটু তদন্ত করে দেখুন যে এটা গায়ের জোরে করা হচ্ছে কিনা?

Shri Kashi Kanta Maitra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এবং এই হাউসের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই যে আপনি জানেন এবং মাননীয় সদস্যরা জানেন যে বাংলা দেশের ঘাটতি জেলাগুলির সমস্যা কি দারুন হয়ে উঠেছে। পুলিশ বিভিন্ন বাজারে শহর এবং গ্রামে যাচ্ছে এবং বে-পরোয়াভাবে হামলা করছে—যারা ধানচাল বিক্রী করতে আসেন গ্রাম থেকে তাদের উপর। তার ফলে যেখানে চালের দাম কমে যাচ্ছিল সেখানে চালের দাম দু টাকার উপর উঠে যাচ্ছে। যে জন্য আমি প্রশ্নটা তুলছি সেটা হচ্ছে কিছুদিন আগে স্টেটসম্যান কাগজে ৫ তারিখে বেরিয়েছিল Baruipur rice row intensifies. Congressmen threaten to quit representative bodies. Baruipur's leading Congresmen met at a conference and threatened the West Bengal Government with mass resignations from representative bodies like Anchal Parisads and the municipality, unless special consideration was given to the area by the State Government. এ ব্যাপারের পরে সেখানে ডিক্লাইরেশন অব দ কোল—অদ্ভুত সিচুয়েসন ক্রিয়েট হোল, স্টেট গভর্নমেন্ট ফুড ডিপার্টমেন্ট বললেন যে আমরা প্রেসিডেন্সী ডিভিসনের কমিশনার শ্রী আর, ব্যানার্জীর মত এবং রেকমেনডেসন চাই এবং State Government as a special case appointed Shri R. Banerjee to go in to the question of food situation. শ্রী আর, ব্যানার্জী সেখানে গিয়ে এনকোয়ারী করলেন—আমি এটা সিরিয়াস ব্যাপার বলে বলছি সমস্ত সদস্যদের আমি বলতে চাই যে এইভাবে কোন গভর্নমেন্ট চলতে পারে না। শ্রী আর, ব্যানার্জী অ্যাপয়েন্টেড হলেন সেখানে প্রশ্ন হচ্ছে যে কর্ডনিং সিসটেম ভায়োলেট করবার দাবী জনসাধারণ তুলছিলেন, বলছেন বারুইপুরের মানুষ জয়নগর এবং ক্যানিং অঞ্চলের ধানের জমির থেকে ধান আনতে পারছে না। একই অবস্থা—আমি যে জেলা থেকে এসেছি নদীয়া জেলা তারও কর্ডনিং সিসটেম কিছু কিছু থানায় রয়েছে তারপরে কৃষ্ণনগর শহরের নদীয়া রাণাঘাটে তারা গ্রামের ধান আনতে পারছেন না বা ফ্রি মুভমেন্ট অব ফুডগ্রেন হচ্ছে না সেখানে তাদের উপর পুলিশের হামলা হচ্ছে। এখানে কেন ফুড ডিপার্টমেন্ট শ্রী আর, ব্যানার্জীর মত অফিসার অ্যাপয়েন্ট করে এনকোয়ারী করে রেকমেণ্ডেসন করছেন না। শ্রী আর, ব্যানার্জী বলছেন স্টেটসম্যানে তার পরের দিনে বেরুচ্ছে—Probe shows food acutely scarce in Baruipur. The Commissioner's report is stated to have said that Baruipur is almost an urban area with very little productive land to feed the area's population. Most Baruipur farmers have land in the

Sunderbans area and they cannot bring in their produce to Baruipur because of the cordoning system which prevents the movement of rice from the surplus to the deficit area. এবং তিনি আরও বলছেন স্যার, The Commissioner is believed to be of the view that there is no point in being rigid with the cordoning system unless there are corresponding arrangements for regular food supplies to the area through the normal channels. His suggestion is that the Food Department should send 2 000 tons of wheat to the area immediately for distribution among the population on the basis of a per capita weekly quota of 1,500 grammes. স্যার, এখানে আমি বলতে চাচ্ছি যে প্রশাসনিক ব্যবস্থা কি এই রকম উলঙ্গ পক্ষপাতিত্ব করতে পারে? বারুইপুরের কংগ্রেস এম. এল. এ এবং অঞ্চল পরিষদের সদস্যরা একবাক্যে বলেন বলে তাদের বেলায় ডি. আই. আর. নেই হুমকী নেই সেখানে ধান চাল যাচ্ছে কর্ডনিং বিন্যাকুল করছেন—আর নদীয়া, মুর্শিদাবাদ, ২৪ পরগণা এই সব জেলাতে যেহেতু বিরোধী পক্ষ এই দাবী করে যাচ্ছে যেহেতু সেখানে ধান যাবে না চালের মুভমেন্ট হবে না পুলিশের অত্যাচার বাড়বে

Mr. Speaker : মিঃ মৈত্র, আপনি তো অনেক অ্যাটেনসন ড্র করেছেন ...

Shri Kashi Kanta Maitra : স্যার, এক বিঘা যার জমি আছে তাদের হইচই দিচ্ছেন না যেমন দিচ্ছেন না। আমি বলছি তাহলে মধু ব্যানার্জীর মত ডিভিসনাল কমিশনার কেন অ্যাপয়েন্ট করছেন—এই রকম naked dicrimination. আপনি সুবিচার দিন, আমাদের বলা বলাই হয় কোন ফল হয় না।

Mr. Speaker : মিঃ, মৈত্র, আপনি আমার পারমিসন চেয়েছিলেন একটা ম্যাটারের অ্যাটেনসন ড্র করবেন বলে। আপনি ড্র করেছেন; এরপর আমি আপনাকে অনুরোধ জানাচ্ছি বসবার জন্য।

[2.40—2-50 p. m.]

Shri Kanai Lal Bhattacharyya : স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আজকে একটা অত্যন্ত জরুরী ব্যাপারের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করবো। স্যার, আপনি জানেন যে বিগত প্রায় ২১ দিন ধরে হাওড়ায় ঝাড়ুদার এবং মেথর প্রভৃতি প্রায় তিন হাজার কর্মী ধর্মঘটে যোগ দিয়েছে যার ফলে হাওড়ার যে অবস্থা আজকে হয়েছে সেই অবস্থাকে যদি ইমিডিয়েটলি প্রতিরোধ না করা যায় তাহলে ব্যাপকভাবে মহামারী হাওড়া সহর এলাকায় দেখা দেবে। স্যার, যুগান্তর পত্রিকার চিঠিপত্র-এর স্তম্ভে দেখলাম যে হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বলেছেন যে এই ধর্মঘটের ফলে শতকরা ২৫ ভাগের বেশী লোক কাজ করছে—৭৫ ভাগ ধর্মঘটে যোগ দিয়েছিল এবং সেই ২৫ ভাগটা বেড়ে ৩৫ ভাগ হয়েছে। আমাদের যা খবর এবং হাওড়া মিউনিসিপ্যাল এলাকার নাগরিক হিসাবে নিজের চোখে যা দেখতে পাচ্ছি তা থেকে আমরা দেখছি যে হাওড়া শহরের ময়লা পরিষ্কার কিংবা নিষ্কাসন একরূপ প্রায় বন্ধ হয়ে গেছে। তার কারণ হচ্ছে বাইরের থেকে ওঁরা ২৪৮ জন লোক আনিয়েছেন এবং ধর্মঘটে যোগ দেয় নি যে কয়জন মজদুর তাদের সংখ্যা ২০০ জন মাত্র—এই ৫০ জন লোক নিয়ে তাঁরা চেষ্টা করছেন—যেখানে তিন হাজারের মত লোক এই হাওড়ার ময়লা পরিষ্কার করতো সেখানে ঐ ৪৫০ জন লোক দিয়ে তাঁরা চেষ্টা করছেন যে হাওড়া শহরকে পরিষ্কার রাখবো। স্যার, আমি এখানে অবগতির জন্য এটুকু জানাই যে হাওড়া শহরে প্রায় ৪০ হাজার খাটা পায়খানা আছে এবং প্রায় ৮০০-র মত রাস্তা আছে যেগুলি পরিষ্কার করতে এই তিন হাজার লোক প্রত্যহ হিমসিম খেয়ে যায়। ওঁরা আজকে প্রচেষ্টা করছেন যে ৪৫০ জন লোক দিয়ে হাওড়া শহরকে পরিষ্কার রাখবেন। তার ফলে নর্দমা পরিষ্কার হচ্ছে না রাস্তাঘাট ঝাড় দেওয়া হচ্ছে না, খাটা পায়খানা পরিষ্কার করা হচ্ছে না যার ফলে হাওড়ার স্বাস্থ্য ক্রমশঃ খারাপ হয়ে যাচ্ছে। কিন্তু একটা জিনিস আমি লক্ষ্য করছি যে

ওঁরা বাইরের থেকে লোক এনে চালাবার চেষ্টা করছেন—বিগত ১৫ই জানুয়ারী শনিবার থেকে মিউনিসিপ্যালিটির তহবিল থেকে প্রায় ১ লক্ষ ৪০ হাজার টাকা অগ্রিম নিয়েছেন র-ম্যানি—তাঁদের নিজেদের হাতে নিয়েছেন—নিয়ে তাঁরা চেষ্টা করছেন, প্রত্যেকের রোজ তাঁরা দিচ্ছেন ৬ টাকা করে, আর মাথাপিছু খোরাকী দিচ্ছেন ৪ টাকা করে—অর্থাৎ প্রত্যেক লোককে তাঁরা ১০ টাকা করে ডেলি দিচ্ছেন। স্যার, সবচেয়ে বড় কথা হচ্ছে হাওড়ায় সাধারণ মানুষ এটাকে অত্যন্ত বড় ভাবে feel করে যেখানে ২৫০ জন লোক তাঁরা খাটাচ্ছেন সেখানে master roll দেখান হয়েছে ৪০০/৫০০। ডান, বাঁ হাতের টিপসই নেওয়া হচ্ছে এবং সেই টাকা মিউনিসিপ্যালিটির যারা দায়িত্বশীল কমিশনার্স ও Vice-Chairman ইত্যাদি তাঁরা সেই টাকা যে কিভাবে তারা চুরি করছে সেটা তাঁরা জেনেও চোখ বুজে রয়েছেন। আমি তাঁদের দায়ী করছি এজন্য যে তাঁরা জানেন ডান, বাঁ হাতে টিপসই দিয়ে ২৫০ জন লোক যেখানে কাজ করছে সেখানে ৫০০ জন লোক দেখিয়ে এইভাবে municipal fund খরচ করা হয়েছে। আমি বলব জিনিসটা মিটমাট করানোর চেষ্টা করছেন না কেন? বিজয়বাবুর department বলেছেন এটা বেআইনী ধর্মঘট। আমি বলছি ওরা গত September মাসে ধর্মঘটের যে নোটিশ দিয়েছিল সে ধর্মঘটের নোটিশ কোনদিন প্রত্যাহার করেন নি ধর্মঘটের নোটিশ দেওয়াই আছে কাজেই নোটিশ দেওয়া হয় নি এ বলাতে পারবেন না। তবে তার একটা প্রচেষ্টা চলছিল, নেগোসিয়েসান চলছিল। সে নেগোসিয়েসান ভেঙে গেল, কেননা হাওড়া Municipalityর Chairman তিনি কিছুতেই Howrah Municipal Associationএর Secretaryকে সে হিসাবে চিঠি দেবেন না। তিনি বললেন আমি চিঠি দেবো অর্দ্ধেন্দু বোসের বাড়ীর ঠিকনায় এতে যদি সে আসতে চায় ত হলে কথা বলবো। তিনি যে এসোসিয়েসানের Secretary তা আমি মানি না। তার সংগে ব্যক্তিগতভাবে কথা বলতে পারি। এভাবে তিনি যখন ডেকে পাঠালেন Ardhendu Boseকে সে তখন আসতে রাজী হল না। যার ফলে তাকে গ্রেপ্তার করা হল এবং ধর্মঘটকে Precipitate করিয়ে দিলেন। আমার বক্তব্য হচ্ছে মন্ত্রিমহাশয়ের কাছে তিনি এটা মিটমাট করিয়ে নিন, মন্ত্রিমহাশয় Deputy Labour Commissionerকে ঠিক করে দিয়েছিলেন এবং গতবারে তিনি গোটাকয়েক আওয়ার্ড দিয়েছিলেন কিন্তু হাওড়া মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ সে সমস্ত অ্যাওয়ার্ড মানেন নি কেন? আজকে ধর্মঘট করার জন্য মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ কতটা দায়ী সেটা মন্ত্রিমহাশয়ও জানেন কাজেই হাওড়ায় নাগরিকদের যে কষ্ট হচ্ছে এবিষয় মন্ত্রিমহাশয় কি করতে পারেন সেটা বলুন। এ বিষয়ে এটা বলতে পারি Ardhendu Boseকে যদি মুক্তি দেওয়া হয়, Deputy Labour Commissioner যে Award দিয়েছিলেন সে Award যদি পুরাপুরিভাবে Municipal কর্তৃপক্ষ মেনে নেন তবে ধর্মঘটের অবসান হবে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তাকে ছেড়ে দিয়ে তাদের সংগে মিটমাট যদি করেন তাহলে এবিষয় Municipalityর Financial Risk নেই এবং ফাইনানসিয়াল কমেন্টমেন্ট কিছু নেই।

Mr. Speaker: I have not given permission

Shri Bijoy Singh Nahar: স্যার, কানাইবাবু যে বিবৃতি করলেন সে সম্বন্ধে এটুকুর বলতে পারি যে, স্ট্রাইকটা অত্যন্ত অন্যায়ভাবে নোটিশ না দিয়ে করা হয়েছে এবং সেটা ইল্লিগাল স্ট্রাইক। আমি অনুরোধ করবো যারা স্ট্রাইকারদের পক্ষ থেকে বলছেন তাঁদের বলছি তাঁরা স্ট্রাইক উইড্র করে কাজে তাদের যোগদান করতে বলুন। তাঁরা যে সব অসুবিধার কথা বলছেন তার মধ্যে অনেকগুলি ঠিক আছে কিন্তু স্ট্রাইক উইড্র না করলে হবে না। ইতিমধ্যে স্ট্রাইকারদের মধ্যে যারা কর্মী রয়েছেন তাদের মধ্যে 60 per cent কাজে যোগদান করেছেন যারা Join করেছেন তাদের মধ্যে একটা Committee করেছেন সে Committeeর পক্ষ থেকে Chairmanএর সংগে শীঘ্র দেখা করবেন। কি কথাবার্তা হবে জানি না তবে এটা ইল্লিগাল স্ট্রাইক সরকারের কিছু করবার নেই।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

[2-50—3 p. m.]

Mr. Speaker : The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of sudden stoppage of ration in Berhampore to persons holding one bigha of land, —called attention by Shri Sanat Kumar Raha.

Shri Smarajit Bandyopadhyay : Sir, in reply to the calling attention notice of Shri Sanat Kumar Raha, I beg to make the following statement :

It was estimated that the average production of rice in a land holding up to 1 acre will sustain an average family for 2½ months. As such these families were left out of the purview of M. R. till 14-3-65. Families having lands up to 3 bighas will fall in category 'B' and will be brought under M R. from 15th March.

I can inform the House, Sir, that the Chief Minister has directed that the persons having land of 1 bigha will be exempted, that is, will be given ration from the 1st of January.

Mr. Speaker : The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of acute food crisis in Memari police-station, district Burdwan, due to closure of rice mills, —called attention by Shri Sudhir Chandra Das.

Shri Smarajit Bandyopadhyay : In Memari P.S. of Burdwan district, out of 66 licensed husking machines the functioning of 56 husking machines has been prohibited by the District Magistrate. Care has been taken to keep at least one husking machine functioning for each Anchal for husking paddy of cultivators to produce rice for their own consumption.

As the wholesale trade in rice and paddy has been banned and as it is the policy of the Government to purchase entire marketable surplus paddy on Government account, there appears little scope for the husking machines to husk paddy for sale of rice in the open market. The functioning of husking machines, therefore, has little connection with the price of rice.

According to report of the District Magistrate, Burdwan, Asansol subdivision and Purbasthali P.S. of Kalna have been stated as vulnerable areas. Memari P. S. has not been mentioned as a scarcity area by him. It has since been ascertained from the District Magistrate, Burdwan, that distribution of rice through M. R. has not yet been given effect to there.

Persons in category 'A' only are being gradually brought under modified rationing and full scale M. R. operation.

It is a fact that the members of Memari II Anchal Parishad resigned but the District Magistrate met them and explained the situation under which the step was necessary.

Mr. Speaker: I have received four notices of calling attention on the following subjects:

1 Death of a person in police lockup at Bharatpur—from Shri Abhoy Pada Saha

2 Consideration of upward revision of pay scales of college teachers deferred by the Education Ministry of the Government of India—from Shrimati Ila Mitra.

3 Non-supply of ration from M. R. shops in the rural areas of Sadar subdivision in Murshidabad—from Shri Abdul Bari Moktar and Shri Abdul Latif.

4 Precarious conditions of owners of lands in bringing paddy from their fields—from Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Abhoy Pada Saha on the subject of death of a person in police lockup at Bharatpur. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shrimati Abha Maiti: যদি সম্ভব হয় কাল দেবার চেষ্টা করব।

Messages

Secretary (Shri P. Roy): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely:

(1)

"**Message**

The West Bengal Legislative Council at its meeting held on the 7th January, 1966, agreed to the Calcutta University Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 14th January, 1966

(2)

"**Message**

The West Bengal Legislative Council at its meeting held on the 10th January, 1966, agreed to the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 14th January, 1966

(3)

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 10th January, 1966, agreed to the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 14th January, 1966

"Message

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1965, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 14th January, 1966, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill

PRATAP GUHA RAY
Chairman
West Bengal Legislative Council"

Calcutta
The 15th January, 1966

Sir, I lay the messages and the Bills on the Table.

Leave of absence

Mr. Speaker: Honourable members, leave of absence has been applied for by Shri Debi Prosad Basu and I take it that such leave is granted.

(Half an hour discussion)

Shrimati Ila Mitra: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিশেষ বিষয়ের প্রতি, গত কয়েক দিন ধরে, বিধানসভায়, আলোচনা করবার জন্য চেষ্টা করছি, যাতে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে একটা সঠিক জবাব পাওয়া যায়। আমার একটা প্রশ্ন ছিল যে, যে সমস্ত বস্তিবাসী, যারা Competent Authority Court-এর রায় অনুযায়ী তাদের alternative বাসস্থান পাবার অধিকারী, তাদেরকে উচ্ছেদ নোটিস দেওয়া হয়েছে, এবং সেই সমস্ত বিকল্প বাস্ত তারা পাবে না, এই রকম ধরণের ঘোষণা সরকারের তরফ থেকে জানান হচ্ছে। আমি যে প্রশ্ন করেছিলাম, সেই প্রশ্নের সময়ও মুখ্যমন্ত্রী মহাশয় এই মর্মে জবাব দিয়েছিলেন, যে হ্যাঁ, মুরারীপুকুর এবং মানিকতলায় এমন অনেক বস্তিবাসী আছেন, যাদের উপরে উচ্ছেদ নোটিস দেওয়া হয়েছে, তাদের অনেকেই competent authority court-এর রায় অনুযায়ী বিকল্প বাস্ত পাবার অধিকারী। এ কথা তিনি স্বীকার করেছেন, এবং সঙ্গে সঙ্গে এই কথাও বলেছেন, তাঁর যে লিখিত জবাব রয়েছে, সেই লিখিত জবাবে এই কথা লেখা হয়েছে যে অনুসন্ধান করিয়া জানা গিয়াছে যে, competent authority কোর্টের রায় অনুযায়ী অনধিকার দখলকারী উদ্বাস্তুগণ consideration money না দেওয়ায়, তাহারা বিকল্প বাসস্থান পাবার অধিকারী নয়।

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের এই উক্তির তীব্র প্রতিবাদ জানাচ্ছি, এবং আইনে যে বক্তব্য লেখা আছে, সেটা তিনি লঙ্ঘন করেছেন, একথা আমি অত্যন্ত জোরের সঙ্গে বলছি। আমি এই কথাই বলতে চাই যে competent authority কোর্টের রায় তিনি অমান্য করেছেন। প্রথমতঃ যে rehabilitation of displaced persons in unauthorised occupation of land, সম্বন্ধে অ্যাক্ট আছে, সেখানেও আমরা কি দেখছি? সেখানে sub-section (1), ১নং ধারায় এবং section 4-এ—এই আইনে দুটা অংশ আছে। একটা অংশে কি বলা হয়েছে? একটা অংশে এই কথাই বলা হয়েছে যে, যে সমস্ত উদ্বাস্তু, তাদেরকে ৩(৩)নং ধারায় উচ্ছেদ করা যাবে না। সেখানে এই কথা পরিষ্কার করে বলা আছে, যে until the State Government provide him with alternative house or land purchase or house-building loans. এ কথা পরিষ্কারভাবে প্রথম অংশে বলা হয়েছে, যে section 4-এর ৩(৩) ধারা অনুযায়ী সেই সমস্ত উদ্বাস্তু, যাদের সম্পর্কে competent authority কোর্টের রায় হয়েছে, তাদেরকে কোনক্রমেই কেউ উচ্ছেদ করতে পারবে না, যতক্ষণ পর্যন্ত না, State গভর্নমেন্ট তাদের alternative land, অথবা হাউস, land purchasing or house building loans দেন। এই কথা, পরিষ্কারভাবে আইনে লেখা আছে। দ্বিতীয়তঃ আর একটা অংশ, সেটার কথা আমি বলছিলাম, তাতে এই কথা পরিষ্কার ভাবে লেখা রয়েছে, যে displaced persons, অর্থাৎ সেই সমস্ত refugee, তারা, যতক্ষণ পর্যন্ত না গভর্নমেন্ট alternative বাসস্থান, অর্থাৎ জমি বা বাড়ী দেন, ততক্ষণ পর্যন্ত, তারা যে সমস্ত unauthorised ভাবে ঘর, বাড়ী দখল করে রয়েছেন, সেখানেই তারা থাকতে পারবেন। কি ভাবে? On payment of such proper consideration money to the owner as competent authority may assess. মাননীয় স্পীকার মহাশয়, আমার কাছে ১৯৫১ সালের আইনের যে বই আছে, তার কোন জায়গায় এ কথা খুঁজে পেলাম না—এই আইনের যে দুটি অংশ, তার একটি অংশে রয়েছে যে competent authority কোর্টের রায় অনুযায়ী গভর্নমেন্ট তাকে বিকল্প জমি বা বাড়ী দেবেন, এবং আর একটা অংশে রয়েছে যে যতক্ষণ পর্যন্ত সে unauthorised occupation হিসাবে থাকবে, ততক্ষণ পর্যন্ত, সে consideration money দেবে। কিন্তু এই আইনের কোন জায়গায়, আমি সে কথা খুঁজে পেলাম না। যে কথা মাননীয় মন্ত্রিমহাশয়, আমার এক প্রশ্নের জবাবে বলেছিলেন যে, যে কারণে উদ্বাস্তুরা consideration money দেননি, সেই কারণে, তারা বিকল্প বাসস্থান পাবার অধিকার থেকে তারা বঞ্চিত হয়েছেন, এ কথা আইনের কোন জায়গায় নেই। আপনার ১৯৫১ সালের অ্যাক্ট এবং ১৯৬৪ সালের অ্যাক্টে, দুটা মিলিয়ে, আমি বিশেষভাবে দেখছি। তাতেই দেখা যাচ্ছে যে এই ধারায়, sub-section 1 of section 4, of the Act, তার দুটা অংশ রয়েছে, এই দুটা সম্পূর্ণ বিচ্ছিন্ন, একটার সঙ্গে আর একটা যুক্ত নয়। Competent authority কোর্টের রায় অনুযায়ী, তারা যে বিকল্প বাস্তু পাবার অধিকারী, এবং গভর্নমেন্ট তাদেরকে বিকল্প বাস্তু দেবেন, সেখানে সে consideration money দিলো, কি দিলো না, তার সংগে কোন সম্পর্ক এই আইনের কোন ধারায়, কোথাও কিছু বলা নেই। আর দ্বিতীয় কথা, যেটা রয়েছে, the second part-এর যে অংশের কথা আমি বলেছিলাম, সে অংশে রয়েছে যে consideration money তাঁরা দেবেন, সেই সমস্ত উদ্বাস্তুরা তারা সেইসব দখলকারী বাড়ীতে জোর করে থাকছেন। কিন্তু তাঁরা যদি সেই consideration money না দিতে পারেন, তারজন্য গভর্নমেন্টও তাকে তার ঘর, বাড়ী থেকে বঞ্চিত করতে পারেন না। সেই consderation money তার কাছ থেকে আদায় করবার জন্য আলাদা আইন রয়েছে। Under section 9(b) ধারাতে এ কথা রয়েছে যে জমিদার, তার জমিতে unauthorised occupation-এ যে সমস্ত উদ্বাস্তুরা রয়েছেন, তাদের উচ্ছেদের জন্য Civil কোর্টে decree জারী করাতে পারেন।

[3—3-10 p. m.]

এবং সেখানে টি মারফত তারা ঘরবাড়ী জিনিসপত্র ক্রোক করে হোক বা যে করে হোক জমিদাররা সেই consideration money আদায় করতে পারেন সেটা পরিষ্কার 9(b) ধারায় রয়েছে। কিন্তু এই আইনের কোন্ ধারায় রয়েছে যে যে কারণে consideration money দেয়নি, সেই কারণে ও বাস্তু পাবার যে অধিকার Competent অথরিটির কোর্টের রায় অনুযায়ী দেওয়া হয়েছে, সেই রায় অনুযায়ী সেই বাড়ী পাবার অধিকার থেকে তারা বঞ্চিত হয়েছে। কাজেই মন্ত্রিমহাশয় যে জবাব দিয়েছেন তা আইনসঙ্গত নয়, বে-আইনী।

দ্বিতীয় কথা একথা প্রমাণ হয়েছে This Act expired on the 31st March 1964 and is no longer in force যদিও একথা বলা হচ্ছে এই আইন আর এখন চালু নাই, কিন্তু Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Continuance of Provisions) Act, 1964 (West Bengal Act IX of 1964).

এই ১৯৬৪ সালের যে আইন, সেই আইন যেটার পয়লা এপ্রিল ১৯৬৪ সাল থেকে চালু রয়েছে সেখানে section 2-তে এই কথা বলা হয়েছে যে section 2 of this Act অনুযায়ী any proceeding pending on 21-3-64 অর্থাৎ ২১।৩।৬৪ তারিখে যে সমস্ত case pending রয়েছে before the court—Competent Authority, যেখানে eviction order পাশ করা হয়েছে under section 3 of this Act, 1951, সেখানে হচ্ছে who is permitted to occupy the land under section 4(1) of the old Act অর্থাৎ যদিও সেই আইন আজ চালু নাই, তা সত্ত্বেও ১৯৬৪ সালের আইনে একথা পরিষ্কার বলা হয়েছে যে সমস্ত case pending রয়েছে, তা শেষ হবার সঙ্গে সঙ্গে Competent Authority কোর্ট সাথে সাথে সেটা চালু থাকবে এই কথা আইনের ধারাতে লেখা রয়েছে। কাজেই দুটো Act—১৯৫১ সালের ও ১৯৬৪ সালের এই আইন দুটোকে এক করে যদি মিলিয়ে দেখি তাহলে পরিষ্কার দেখা যাবে কোন অথরিটী, এমন কি স্টেট গভর্ণমেণ্টেরও কোন রকম শক্তি নাই এই সমস্ত উদ্বাস্তুদের যাদের Competent অথরিটি কোর্টের রায় অনুযায়ী যারা বিকল্প বাড়ী এবং জমি পাবার অধিকারী তা থেকে এদের বঞ্চিত করতে পারেন এই রকম ধারা আইনের কোন জায়গায় পাইনি।

মাননীয় স্পীকার মহাশয়, এই একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেদিক থেকে আমি এই কথা বলছি—যদিও মুরারিপুকুর বলে শুধু প্রশ্নটা ছিল, কেবল মুরারিপুকুরই নয় বাংলা দেশে শত শত মানুষ রয়েছে, যারা এই Competent অথরিটি কোর্টের রায় অনুযায়ী বিকল্প বাস্তু পাবার অধিকারী তাদের বঞ্চিত করা হচ্ছে ঐ একটি consideration money দেয়নি বলে এই pleaতে, যদিও এটা আইনসঙ্গত কথা নয়। আমি আপনাদের মারফৎ মন্ত্রিমহোদয়ের অবগতির জন্য জানাচ্ছি যে প্রথমত: গভর্নমেণ্ট অন্যায় করেছে যে ১৫ বছর অতীত হলেও যে বিকল্প বাস্তু দেবার কথা ছিল, তা তাঁরা দেয় নাই। উপরন্তু Competent অথরিটী কোর্টের রায় থাকা সত্ত্বেও সেখানে তাঁরা গিয়ে মাঝে মাঝে পুলিশ দিয়ে হামলা করেন। শুধু তাই নয় জোর করে এও দিয়ে লিখিয়ে নেওয়া হয় আমরা টাকা দিয়ে জমি কিনে নিতে পারি। আমি মুরারিপুকুরের কথা বলছি চারদিন আগের কথা বলছি যেখানে গভর্নমেণ্টের তরফ থেকে যে সমস্ত competent অথরিটী কোর্টের রায় পাওয়া বাকি রয়েছে, ১৫ বছর ধরে তাঁরা পাননি, তাদের কাছ থেকে জোর করে গভর্নমেণ্টের তরফ থেকে লিখিয়ে নেওয়া হয়েছে—আমরা জমি টাকা দিয়ে কিনে নিয়ে যাব। তাদের ভয় দেখান হয়েছে যদি এই রকম না লিখে দেয় তাহলে আমরা যেকোন প্রকারেই হোক তোমাদের ওখান থেকে তুলে দেব। এই হচ্ছে একটি অন্যায়

ব্যাপার, তার একটি উদাহরণ দিলাম। শুধু মুরারীপুকুরে না, অন্যত্রও এই রকম ঘটনা ঘটছে। এটা হচ্ছে একটা অত্যন্ত অন্যায় ব্যাপার। শুধু একটা উদাহরণ আমি দিলাম শুধু মুরারীপুকুর নয় এই রকম মুরারীপুকুর বাংলা দেশের বহু স্থানে হচ্ছে।

আর দ্বিতীয় যে বক্তব্য সেটা হচ্ছে যে এই বস্তীবাসীর উপরে এখানে যারা Competent Authority-র রায় অনুযায়ী তারা এই বিকল্প বাস্ত পাওয়ার অধিকারী—একদিক থেকে তাদেরকে বিকল্প বাস্ত দেওয়া হবে না consideration money দেন নি বলে মন্ত্রিমহাশয় যে উক্তি করেছেন সেটা যেমন বেআইনী অন্য দিক থেকে এই বস্তীবাসীদের উপরে Housing Department থেকে যে উচ্ছেদের নোটিশ দেওয়া হয়েছে সেটাও বেআইনী তার কারণ হচ্ছে Competent Authority-র রায় অনুযায়ী বিকল্প বাস্ত না দেওয়া পর্যন্ত Housing Department হউক বা যে কোন Department হউক সে Government-এর যে কোন authority হউক তাদের উচ্ছেদ করতে পারে না। এবং Competent Authority Court-এর যে রায় আমার কাছে রয়েছে সেখানে তাদের একথাই বলে দেওয়া হয়েছে যে তাদেরকে সেখানে বিকল্প বাস্ত land এবং land purchasing loan বা House অথবা House Building Loan তাদের দেওয়া হউক। শেষে আমি এই কথাই বলতে চাই যে অনেক case রয়েছে এবং খবরের কাগজে যে বিজ্ঞাপন যে মাণিকতলাতে দেওয়া হয়েছে সেটাকে আমি বেআইনী বলতে চাই ২৫শে ১৯৬৮ সালে ২।৩।৫৯ H. W. প্রজ্ঞাপন দ্বারা যে সমস্ত মুরারীপুকুর অঞ্চলে বাসস্থান থেকে যে উচ্ছেদ নোটিশ দেওয়া হয়েছে Copetent Authority Court-এর মামলার রায় অনুযায়ী সেই সমস্ত নোটিশ হচ্ছে স্পষ্টতই Competent Authority Court-এর রায়কে লঙ্ঘন করেছে এবং আদালতকে অবমাননা করছে বলে আমি বিবেচনা করি। কাজেই আমি জানাতে চাই যে Competent Authority Court-এর রায় অনুযায়ী যারা বিকল্প বাস্ত এবং বাড়ী পাবার অধিকারী তাদেরকে যেন অবিলম্বে দেওয়া হয়।

Shrimati Abha Maiti: মাননীয় স্পীকার মহাশয়, শ্রীমতী ইলা মিত্র ১৫নং মুরারীপুকুর রোডের একটি বস্তী সম্পর্কে যে আলোচনার সূত্রপাত করেছেন তাতে আমি আগেই বলেছিলাম একটা প্রশ্নের উত্তরে যে আমাদের যে আইন রয়েছে—যে সব আইনের কথাগুলি বললেন তাতে তিনটা ভাগ আছে। একটা হচ্ছে এই যে সমস্ত উদ্বাস্তুরা অন্যের বাড়ীতে জোর করে জবরদখল করে আছেন তাদের যদি সরকারের কাছে বিকল্প বাসস্থান পেতে হয় আইনেই বলে দেওয়া হয়েছে তাদের consideration money দিতে হবে। এবং এই Competent Authority-র রায় নিয়ে High Court-এ মামলা হয় এবং High Court-এর মামলাতে তাঁরা পরিষ্কার ভাবে বলেন যে তিনটা ভাগ আছে—একটা হচ্ছে consideration money দিতে হবে, Government-কে alternative land দিতে হবে এবং Government যেহেতু alternative accommodation দিচ্ছেন না বলে বিনা consideration money-তে যতদিন ইচ্ছা থাকা যাবে তা থাকা যাবে না। সুতরাং সেই হিসাবে আমরা এই ব্যাপারে পরিচালিত হচ্ছি। এবং এই যে মুরারীপুকুরের যে কথা বলা হয়েছে এখানে ১৯১১ সালের পরে ১১টা family এসে প্রথমে ছিল যে কথা আমি আগে বলেছি। এবং ১১টা family Competent Authority-র রায়েতে alternative accommodation পাবার অধিকারী ছিলেন। কিন্তু এই ধরণের case ইত্যাদি হবার পরে তারা অনেকে চলে যান। এবং তার পরে Competent Authority কেসওয়ালা এই রকম আছেন প্রায় ৪২টা এর মধ্যে কয়েক জন আমাদের L. P. Loan এবং Land ইত্যাদি পেয়ে চলে গেছেন। এখনও তার মধ্যে যারা রয়েছে তাদের সংখ্যা হচ্ছে ৩৮ জন। শ্রীমতী মিত্র এখানে বললেন যে জোর করে তাদেরকে লিখিয়ে নেওয়া হচ্ছে মোটেই তা নয়—কারণ এই বিভাগের যখন আমি ভারপ্রাপ্ত হই এই রকম অনেক রকমের হয়েছে শুধু মুরারীপুকুরের নয় বাগমারী এবং অন্যান্য বহু

জায়গাতে এই রকম রয়েছে। সর্বত্রই আমরা নীতি হিসাবে এটা গ্রহণ করেছিলাম—আমরা দেখেছিলাম যে অনেকের পক্ষে consideration money দেওয়া অনেক সময় সম্ভব হয় না। সেই জন্য অনেক সময় তাদের আমরা একথাও বলেছি যারা ভাল কাজ কারবার করছেন যে তারা যদি আমাদের কাছ থেকে জমি কিনে নেন এবং আপনারা সবাই জানেন যে তার দাম খুবই কম, যদি কিনে নেন তাহলে পরে আজকার দিনে সবাই জানেন যে উদ্বাস্তুদের যে সমস্ত বাড়ীঘর করবার জন্য ঋণ ইত্যাদি দেওয়া হচ্ছিল সেগুলি বন্ধ হয়ে গেছে।

[3-10—3-20 p.m.]

সেজন্য আমরা বলেছিলাম তাঁরা যদি এগুলি কিনে নেন তাহলে হাউসিং ডিপার্টমেন্টে লো ইনকাম গ্রুপের লোকদের জন্য আমাদের যে সব ঋণের বন্দোবস্ত আছে সেগুলি আমরা দিতে পারি এবং সেই প্রস্তাব অনেক দিন থেকে অনেক উদ্বাস্তুদের মধ্যে করা হয়েছে এবং অনেক উদ্বাস্তু সেই প্রস্তাবের সুযোগ নিয়ে ঘর, বাড়ী ইতিমধ্যে করেছে। মুরারীপুকুরের সম্বন্ধে আমরা বলে দিয়েছি যে তাঁরা এই সুযোগ পুরোপুরি নিতে পারেন এবং এর মধ্যে অনেকে নিয়েছেও। আর একটা কথা অলটারনেটিভ বাসস্থানের ব্যাপারে তাঁকে জমি এবং টাকা দিয়ে বসিয়ে দিতে হবে এমন কোন কথা নেই, তাঁকে যদি টেনামেন্ট দিই তাহলে সেটাও অলটারনেটিভ অ্যাকোমডেশনের মধ্যে পড়ে। আমাদের হাউসিং ডিপার্টমেন্টে যেসব অলটারনেটিভ অ্যাকোমডেশন রয়েছে বিশেষ করে বস্তির উচ্ছেদ করতে গেলে অলটারনেটিভ অ্যাকোমডেশন দিতেই হয় এবং আমাদের এখানে যেটা হয়েছে আমাদের হাউসিং ডিপার্টমেন্ট থেকে ওখানে বাড়ী করার জন্য যে ব্যবস্থা করেছি তাতে তাঁরাও সেখানে তাঁদের অফার করেছে এবং আমরা জানি যে নন-সি. এ. বহু ব্যক্তি আমাদের হাউসিং ডিপার্টমেন্টে বিভিন্ন টেনামেন্টে অ্যাকোমডেশন নিচ্ছে। যে ৩৮টি পরিবার সি. এ. কেসে রয়েছে তার মধ্যে ১৭টি ফ্যামিলি আমাদের কাছ থেকে জমি নিচ্ছে এবং বাকীরা আমাদের হাউসিং ডিপার্টমেন্টের কাছে দরখাস্ত করেছেন যাতে তাঁরা টেনামেন্টে বাসস্থান পেতে পারে। সুতরাং আমি মনে করি না এই বিষয় এর চেয়ে বেশী কিছু বলা যেতে পারে।

Shrimati Ila Mitra : মাননীয় স্পীকার মহাশয়, এখানে আমি দুটো আইনের প্রতিটি ধারা উল্লেখ করে, সেই আইন তুলে আমার বক্তব্য উপস্থিত করেছিলাম। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় প্রত্যেকটি আইনের অপব্যাখ্যা এবং ভুল ব্যাখ্যা দিলেন একথা আমি খুব জোরের সঙ্গে বলছি। কারণ কোন আইনে, কোন ধারায় এ কথা লেখা আছে যে সেই কনসিডারেশন মানি দেয়নি বলে বাস্তু পাবার অধিকার নয়? পরিষ্কার জবাব এই কথার আমাদের জানাতে হবে। দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই অপব্যাখ্যা দিলেন যে তাঁদের বিকল্প বাসস্থানের মানে ল্যাণ্ড এবং জমি দিতেই হবে এমন কোন কথা নেই। পরিষ্কার ছাপা অক্ষরে আইনের ৪(১) নং ধারায় লেখা আছে—In an area from where the displaced persons shall be able to carry on continuously such occupation as he may have been engaged in for earning his livelihood at the time when the Competent Authority makes the order and also the house on such other land or a house-building loan on prescribed terms and conditions and of amount suitable for him in the opinion of the State Govt. if immediately before the Competent Authority makes the order he had house on the land. মাননীয় স্পীকার মহাশয়, আমি ত বানিয়ে বলছি না, এখানে আইনে যা আছে সেগুলিই আমি বলছি, এখানে পরিষ্কার রয়েছে তাকে ল্যাণ্ড এবং বাড়ী দিতে হবে, ল্যাণ্ড এবং বাড়ী না দিলে ল্যাণ্ডের জন্য ল্যাণ্ড পার্চেজিং লোন এবং হাউসের জন্য হাউস বিল্ডিং লোন দেওয়া হবে এই কথা পরিষ্কার দেওয়া আছে, কোন টেনামেন্টে উঠে যাবার কথা কম্পিটেন্ট অথরিটির রায়ে বলা হয়নি। আমি

জিজ্ঞাসা করছি এই কথা তিনি কোন আইনের ধারায় পেলেন ? আমিত প্রতিটি আইনের ধারা তুলে তুলে দেখিয়েছি কোন জায়গায় লেখা আছে যে কন্‌সিডারেশন মানি না দিলে তার যে ন্যায্য পাওনা, যে ন্যায্য অধিকার সে অধিকার থেকে সে বঞ্চিত হবে ? কম্পিটেন্ট অথরিটি কোর্টের রায়ে কোন জায়গায় এই কথা আমি খুঁজে পেলাম না। আমি বার বার প্রশ্ন করছি এতগুলি মানুষকে বঞ্চিত করা কি স্টেট গভর্নমেন্টের পক্ষে উচিত হচ্ছে ? আইনটা হচ্ছে এই রিহ্যাবিলিটেশন অব displaced persons and eviction of persons in unauthorised occupation. ডিসপ্লেসড পার্সন যারা দুর্ভোগের মধ্যে দিয়ে পাকিস্থান থেকে এসেছে সেই সব দুর্ভাগা উদ্বাস্তুকে পুনর্বাসন দেবার জন্য আইন তৈরী হয়েছে। উনি বলছেন যে হাইকোর্ট থেকে এই কথা বলে দিয়েছে যে কনসিডারেশন মানি না দিলে বাস্তু পাবার অধিকারী হবে না। এটা কোন আইনে আছে আমি জানি না, তিনি একটা কেসের দোহাই দিয়ে শত শত উদ্বাস্তুকে তাঁদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করবেন এটা হতে পারে না। তার কারণ প্রথমত: এই রকম ধরণের কোন রায় আইনের ধারায় লেখা নেই, দ্বিতীয়ত: যদি সেই জমিদারদের পক্ষ থেকে কোন নালিশ হয়ে থাকতো তাহলেও না হয় কথা ছিল। আমি প্রশ্ন করি সেই রিফিউজিদের রক্ষা করার জন্য স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে কি কোন পাল্‌টা মামলা করা হয়েছিল ? আজকে যখন ছানা ক্ষীরের ব্যাপার নিয়ে ছানা ক্ষীরওয়ালারা স্টেট গভর্নমেন্টের বিরুদ্ধে মামলা করলো তখন স্টেট গভর্নমেন্ট তাঁর বক্তব্যকে বহালরাখবার জন্য যেমন করে সেই ছানা ক্ষীরওয়ালাদের বিরুদ্ধে পাল্টা মামলা করেছেন তেমনি করে সেই হতভাগ্য রিফিউজিদের রক্ষা করার জন্য গভর্নমেন্টের পক্ষ থেকে কি কোন পাল্টা মামলা করা হয়েছিল ? তাই আমার প্রধান বক্তব্য হচ্ছে কোন জায়গাতে এ কথা নেই যে কনসিডারেশন মানি না দিলে কম্পিটেন্ট অথরিটি কোর্টের রায় অনুযায়ী তাঁদের যে ন্যায্য পাওনা তা থেকে তাঁরা বঞ্চিত হবে, তাঁরা তাদের অধিকার হারাবে। ৪নং সেকসানে পরিষ্কার রয়েছে pending the provision a displaced person shall be permitted the use and occupation of land of which he is in unauthorised occupation and payment of such consideration money periodically or otherwise to the owner as the competent authority may deem fit to assess. এত তাঁদের ভাড়া নয় যে যতক্ষণ সে ভাড়া দেবে ততক্ষণ থাকতে পারবে এ ব্যাপারত নয়। এর সঙ্গে কোন জায়গায় এর কানেকশন নেই যে কনসিডারেশন মানি দেয়নি বলে তাদের বিকল্প ল্যাণ্ড এবং হাউস পাবার যে অধিকার ছিল তা তাঁরা হারিয়েছে। হ্যাঁ, কনসিডারেশন মানি যদি না দিয়ে থাকে তাহলেত তার জন্য ৯ ধারা রয়েছে যেখানে জমিদার সেই সমস্ত রিফিউজিদের বিরুদ্ধে সিভিল কোর্টে মামলা করতে পারে, ডিক্রি করতে পারে, এবং ডিক্রি অনুযায়ী সেই জমিদার তাদের ঘটি-বাটি, বিছানাপত্র, থালা-বাসন ইত্যাদি বেচে তার কনসিডারেশন মানি নিতে পারে স্টেট গভর্নমেন্টের মারফত। কিন্তু সে তাকে তাঁর অধিকার থেকে বঞ্চিত করবে এটা কি রকম কথা হচ্ছে ? কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আমি বলছি এই সমস্ত হতভাগ্য রিফিউজি তাদের যে ন্যায্য পাওনা যেটা রায় অনুযায়ী স্বীকৃত সেই নীতিকে স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে লঙ্ঘন করে তাদের বঞ্চিত করে আইনের যে ভুল ব্যাখ্যা আমি দিলাম সেই ব্যাখ্যা অনুযায়ী তাদের যে পাওনা সেই পাওনা অবিলম্বে তাদের দিয়ে দেওয়া হোক।

Mr. Speaker : মিসেস মিত্র, আপনার জবাব উনি দিয়েছেন, যদি ক্লিয়ার না থাকে তাহলে ইউ ক্যান আস্ক ফর ক্ল্যারিফিকেশন, এটা রুল পারমিট করছে। আপনি যেটা রেফার করছেন তার ইনটারপ্রিটেশন রাইট অর রং হল সেটার সম্বন্ধেত কোন কথা নেই, দেয়ার আর ডিফারেন্ট ফোরমস্। কিন্তু উনি যে জবাব দিলেন সেই জবাবের উপর যদি কোন ক্ল্যারিফিকেশন আপনার দরকার থাকে তাহলে সার্টেনলি ইউ ক্যান আস্ক ফর।

Shrimati Abha Maiti : মাননীয় স্পীকার মহাশয়, হাইকোর্টে একটা কেস হয়েছিল, সেই কেসেতে হাইকোর্ট যা রায় দিয়েছিলেন সেই অনুসারে আমরা পরিচালিত হচ্ছি সে কথা আমি স্পষ্ট করে এর আগেই বলেছি।

Shri Somnath Lahiri : অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার যদি কোন মন্ত্রী কোন হাইকোর্টের কেস রেফার করেন তাহলে আমাদের সাধারণ নিয়ম হচ্ছে তিনি যে কেস কোট করবেন তার নম্বর দেবেন, তারিখ দেবেন, তাহলে তার কোন মূল্য থাকে। কিন্তু তিনি এলোপাথাড়ি ছেড়ে দিলাম ভগবানের হাতে এইভাবে বললেন যে এই কেস হয়েছিল, তাতে এই হয়েছিল, that is not a satisfactory answer and that is not expected of a Minister.

Mr. Speaker : মিঃ লাহিড়ী, এটার রেফারেন্স বোধহয় দুইজনই দিয়েছেন, শ্রীমতী মিত্রও জাজমেন্টের কথা বলেছিলেন।

Shrimati Abha Maiti : Matter No. 8 in the High Court of Judicatiure, Constitutional Jurisdiction, Original Side. জাষ্টিস সিংহের দরবারে এবং বাদী প্রতিবাদী হচ্ছেন সত্য নারায়ণ ঘোষ অ্যাণ্ড কমপিটেন্ট অথরিটি।

Shri Gopal Banerjee : স্যার, ব্যাপারটা হচ্ছে হাইকোর্টের একটা রায়কে উপলক্ষ্য করে অথবা রায়ের বলে কতকগুলি লোকের পুনর্বসতির সুযোগ চলে যাচ্ছে। আমি এটা

[3-20—3-30 p. m.]

স্মরণ করিয়ে দিচ্ছি—আইনটা যখন প্রথম আসে তখন এর নামটা ছিল এভিকসন অব পার্টিজ ইন আনঅথোরাইজড অকুপেসন অব ল্যাণ্ড অ্যাক্ট অব ১৯৫১ তারপরে এই অ্যাসেম্বলীতে অত্যন্ত বিতর্ক হয়—বাইরে আন্দোলন হয়—ফলে আইনটার নাম পালটে যায়—এবং নাম পালটে হয় রিহ্যাবিলিটেসন অব ডিসপ্লেসড পার্সন্স অ্যাণ্ড এভিকসন অব পার্টিজ ইন আনঅথোরাইজড অকুপেসন অব ল্যাণ্ড অ্যাক্ট। পারপাসটা হচ্ছে—তখন একথা বলা হয়েছিল এই আইন যখন পাশ হয় যে এটার প্রধান উদ্দেশ্য হচ্ছে যারা আনঅথরাইজড অকুপেন্ট তাদের মধ্যে যারা রেফিউজী তাদের পুনর্বাসন দেওয়া এর প্রধান লক্ষ্য। এই আইনটা অপারেট করতে গিয়ে গভর্নমেন্টের যে ত্রুটিবিচ্যুতি অথবা অপদার্থতা তার মধ্যে আমি যাচ্ছি না—মন্ত্রিমহাশয়া নিজেই বলেছেন ১৯৫১ সালের কমপিটেন্ট অথরিটির আন্ডার ওরা ইমপ্লিমেন্ট করতে পারেন নি ১৯৬৫ সাল পর্যন্ত—যার জন্য কতকগুলি অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে যে অবস্থাটা ১৯৫১ সালের আইনের রায়ে অলটারনেটিভ রিহ্যাবিলিটেসন দেবার কথা ছিল সেটা যদি ১৯৫৩-৫৪ সালে হোত তাহলে সমস্যাটা মিটে যেতো—কিন্তু এগুলি হচ্ছে ওঁদের ব্যর্থতা এবং সেই ব্যর্থতা থেকে উদ্ভূত কতকগুলি সমস্যা।

Mr. Speaker : মিঃ ব্যানার্জি, আপনি আপনার পয়েন্টটা বলুন আপনার সময় চলে যাচ্ছে।

Shri Gopal Banerjee : আমার বক্তব্য হচ্ছে এখানে মন্ত্রিমহাশয়া যে হাইকোর্টে রায় সম্পর্কে বললেন সেই রায় সম্পর্কে গভর্নমেন্ট থেকে কি স্ট্যাণ্ড নিয়েছিলেন রিহ্যাবিলিটেসন অব ডিসপ্লেসড পারসনস যে কথা ছিল ঐ রায়ের এগেনেষ্টে কোন কিছু চেষ্টা করেছিলেন কিনা, না সেটা আশির্বাদ হিসাবে পেয়েছিলেন যে দায়িত্বটা অস্বীকার করবার একটা সুযোগ সৃষ্টি হোল। আমি এখানে বলছি এখনও যদি সুযোগ থাকে—আমরা মনে করছি এবং অনেকেই মনে করছেন যে রায়টা হাইকোর্টের অ্যাপারেন্টলি এই আইনের সংগে ইন্টারপ্রিটেসনটা প্রপার নয়, এটা আমাদের ধারণা হয়েছে—কিন্তু কোন একজন ব্যক্তিগত রেফিউজীর পক্ষে হাইকোর্টের রায়ের

বিরুদ্ধে একটা রিলিফ চাওয়ার মত ক্ষমতা নেই—এটা সম্বন্ধে গভর্নমেন্ট কোন ব্যবস্থা করতে পারেন কিনা—কোন রেভিউজীদের দিয়ে অথবা অন্য কোন পদ্ধতি আছে কিনা দেখুন। গভর্নমেন্টের ইনটেনসন হচ্ছে আমি যা মন্ত্রিমহাশয়ার কথায় বুঝেছি যে তাদের অন্যভাবে রিহ্যাবিলিটেশন দেবেন। স্মল ইনকাম গ্রুপের টাকা দিয়ে হোক, বা জমি কিনে দিয়ে হোক—কিন্তু রিফিউজীরা সবাই তা পাবে না। আমার জিজ্ঞাস্য হচ্ছে হাইকোর্টের যে রায় আছে তার এগেনষ্টে আপীল করা বা এর যা সত্য মানে সেই মানে অনুযায়ী কোন ব্যবস্থা করতে পারেন কি? আইনের মানে মিসেস মিত্র যেটা বলেছেন সেটা ঠিক। আমার মনে হয় মন্ত্রিমহাশয়া মিসইনফরমড—এই জন্য হাউস দিলেই হবে না। হাউসের যেটা অরিজিন্যাল অ্যাক্ট সেটা অ্যামেণ্ডেড হয়েছে তাতে ছিল যে ল্যাণ্ড দিতে হবে অথচ ল্যাণ্ড পারচেজ লোন দিতে হবে—হাউস দিতে হবে অথবা হাউস বিল্ডিং লোন দিতে হবে এই হাউসে আলোচনা করার সময় এই সিদ্ধান্ত হয়েছিল। সুতরাং আমার মনে হয় যখন মন্ত্রিমহাশয়া বলেছেন যে এরা যাতে পুনর্বাসন পান এটা হচ্ছে ইনটেনসন তখন তার জন্য একটা রুল বার করুন। তাঁর অফিসার যেভাবে ইনফরম করেছেন আমি মনে করি তা ঠিকভাবে হয় নি। তিনি নিজে এটা স্ক্রুটিনাইজ করুন পারসোন্যালি এবং দেখুন—আমার মনে হয় তাহলে একটা রিলিফ বের করতে পারবেন—এ সম্বন্ধে বক্তব্যটা কি জানতে চাই।

Shrimati Ila Mitra : আমি একটা কথা বলেই শেষ করছি এখানে অনেক জাজমেন্ট আমার কাছে রয়েছে—রায় হয়ে গেছে কমপিটেন্ট অথরিটির কোর্ট ১৯৫৬ আবার এভিকসন নোটিশ কোথা থেকে আসে। আবার জমিদারের পক্ষ থেকে যখন ইমিডিয়েটলি করা হয় তখন তাতে লেখা হয়েছে দ্যাট your petitioner is a bona fide refugee. That the learned Competent Authority passed an Order that until and unless alternative accommodation is provided, your petitioner should not vacate the premises in question, occupied since 1950 but it is a matter of great regret that no action whatsoever has been taken by the Government as yet. কমপিটেন্ট অথরিটি—কোর্ট থেকে এটা হচ্ছে ভাসান চন্দ্র পাল, মকর্দমা নং ৯২/৫৬। এখানে বলছেন কমপিটেন্ট অথরিটির কোর্ট থেকে রায় দিচ্ছে। কিন্তু দুঃখের বিষয় স্টেট গভর্নমেণ্ট এখনও পর্যন্ত কিছুই করছেন না। এটা তারা যাতে একটা ন্যায্য রায় অনুযায়ী পেতে পারে সে সম্পর্কে যেন একটা ব্যবস্থা হয় এটাই আমি বলতে চাই।

Shrimati Abha Maiti : এটা যে একটা কমপ্লিকেটেড ব্যাপার—এ বিষয়ে আমাদের কারও মনে দ্বিধা নেই। কমপিটেন্ট অথরিটির রায় এবং মালিকের এভিকসনের জন্য চেষ্টা করা এবং তার বাবদ হাইকোর্টের রায় এ নিয়ে কমপ্লিকেশন অ্যারাইজ করেছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। এর উপর যতটা সম্ভব আমরা অলটারনেটিভ অ্যাকমডেসন দেওয়া কিংবা অন্য কোনভাবে জায়গা কিনাবার বাড়ী দেবার চেষ্টা করছি নানাদিক থেকে—তবে এ বিষয়ে আরও কি করা যেতে পারে সেটা আমরা পরে ভেবে দেখবো।

GOVERNMENT BILL

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965

Shrimati Abha Maiti : Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shrimati Abha Maiti : Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965, to take into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য খুব সংক্ষিপ্ত। আমাদের এই অ্যাক্টে কতগুলি সুযোগসুবিধা আমাদের সদস্যদের দেওয়া হয়েছিল তার মধ্যে অন্যতম সুবিধা ছিল এই যে আমাদের বাংলা দেশে অথবা বাংলা দেশের বাইরে আমাদের সদস্যরা বিনা অর্থব্যয় করে যেতে পারতেন কুপনের মাধ্যমে যার ব্যয়ভার সরকার বহণ করতেন। আমি খানিকটা সংশোধন আনছি সেটা হচ্ছে এই যে আগে ছিল ৩ হাজার মাইল পর্যন্ত বাংলা দেশ অথবা ভারতবর্ষে যেকোন জায়গায় তাঁরা বিনা ব্যয়ে যেতে পারতেন—এটা কিছু বাড়িয়ে আমি করতে চাচ্ছি যে বাংলা দেশের মধ্যে আমাদের সদস্যদের যেখানে যাঁর যাবার ইচ্ছা যত ইচ্ছা কোন রকম রেসট্রিকসন না রাখাটা করতে চাচ্ছি এবং তার বাইরে ভারতবর্ষের অন্যান্য জায়গায় বাংলা দেশের বাইরে তিন হাজার মাইল পর্যন্ত করতে চাচ্ছি। এ সম্পর্কে আমার ছোট দুইটি এমেণ্ডমেন্ট আছে—একটার মাইলটাকে কিলোমিটার করে দিয়েছি, সেটা আমি এখানে ইনট্রডিউস করছি এছাড়া এই বিলেতে ১৯৬৫ আছে, যখন বিলটির নোটিশ দিই তখন ১৯৬৫ ছিল সেটা সংশোধন করে আমি ১৯৬৬ করছি। এই দুটো সহকারে এই বিলটি সদস্যদের বিবেচনার জন্য আমি এখানে রাখছি।

Shri Manoranjan Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে বিলটি আনলেন তার মধ্যে দুটি অংশ আছে। একটা হচ্ছে যে আমাদের বর্তমানে যে কুপন দেওয়া হয় রেল ভ্রমণের জন্য তা সর্বসাকুল্যে তিন হাজার মাইল আছে। আর এটাতে পশ্চিম বঙ্গের জন্য কোন বাধা নিষেধ থাকলো না অর্থাৎ যত ইচ্ছা ভ্রমণ করতে পারেন, কিন্তু পশ্চিম বাংলার বাইরে যেতে হলে তিন হাজার মাইলের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গত বাজেট সেসনের শেষ দিকে যখন মেম্বারদের বেতন, ভাতা বাড়িয়ে দেবার প্রশ্নটা আসে এবং বিরোধীদলগুলির পক্ষ থেকে তার বিরোধিতা করা হয় তখন আমাদের বিরোধীদলের পক্ষ থেকে বিরোধী দলের নেতা বর্তমানে যিনি ভারত রক্ষা আইনে গ্রেপ্তার হয়ে আছেন, তিনি বলেছিলেন যে রেলের কুপনটা যদি আপনারা বাড়িয়ে দেন তাহলে কিছুটা সুবিধা নিশ্চয় এসেম্বলীর সভ্যদের হয়, বিশেষ করে যাঁদের বাইরে যাতায়াত করতে হয় তাঁদের। সেদিক থেকে আমরা এটাকে সমর্থন করতে গিয়েও একটা কথা আমি বলবো, সেটা হচ্ছে যে পশ্চিম বাংলায় আপনারা কোন সীমা রাখলেন না, কিন্তু বাইরে যাওয়ার ব্যাপারে যে তিন হাজার মাইল মাত্র দিয়েছেন সেটাকে কিলোমিটারে ট্রান্সফার করলে ৪৮ শত কিলোমিটার হয় তাতে কিন্তু যথেষ্ট হয় না, কারণ এখান থেকে দিল্লী ৯০০ মাইল, দেড়বার মাত্র দিল্লীতে যাতায়াত করতে পারি, আর বোম্বাইয়ে গেলে একবার মাত্র যাওয়া যাবে, তার পরে আর ফেরা যাবে না। আমি এর সংগে আর একটা প্রশ্ন জড়িত করছি, এসেম্বলীর যে কমিটিগুলি বাইরে যান এবং এই এসেম্বলীর কাজের জন্য যেতে হয়, তখন তাঁরা যদি এই কুপন ব্যবহার করতে চান বা ব্যবহার করেন বা তাঁদের ব্যবহার করতে বাধ্য করা হয় তাহলে তাঁদের অবস্থা কি হবে—শেষ পর্যন্ত তাঁরা যেতে পারবেন, তার পরে ফিরে আসতে পারবেন না, এবং অন্য কাজের জন্য এসেম্বলীর মেম্বাররা দ্বিতীয়বার দিল্লী নয়, বরাকরের বাইরে পা বাড়াতে পারছেন না এই কুপন নিয়ে। কাজেই সেদিকে কতগুলি অসঙ্গতি থেকে যাচ্ছে। দ্বিতীয়

[3-30—3-40 p. m.]

কথা হচ্ছে আমি এর সঙ্গে আর একটা কথা বলতে চাই যারা এই বিলটির draft করেছেন তারা যে অপদার্থ সেইটাই আমি দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় অংশে যেখানে টেলিফোনের বিল সম্বন্ধে বলেছেন সেখানে draft এ বিলে nulitravires to the Constitution দেখুন কি চমৎকার কারণ drafting এ এখানে কত রকম অর্থ হয় there shall be paid to each Member residing within Calcutta অর্থাৎ যদি কেউ কোচবিহারের M. L. A. হন এবং reside করেন কলকাতায় এবং সেটা permanent or temporary তার কোন প্রশ্ন নেই ত residing আমি যদি তিন দিনের জন্য কলকাতায় reside করি তাহলে and

possessing a Telephone না হলে আমি Telephoneএর ভাড়া পাব। And possessing a Telephone এর অর্থ এই নয় যে আমি যে কলকাতার residence হই তা হলে আমার Telephone যদি কোচবিহারে থাকে তা হ'ল ভাড়া পাব না, তার খরচ পাব না ও ১০০ কল ফ্রি পাব না, এই অর্থ হয় না। কাজেই এই যে drafting এই draftingটা আগাগোড়া ভুল। যদি কোনদিন Courtএ যায় বা কিছু হয় তা হলে বুঝতে পারা যাবে যে এই draftingএর কোন অর্থ হয় না। প্রথমত এটার descriminate করা হয়েছে those who are residing in Calcutta and those who are not কাজেই এই descrimination হতে পারেনা According to the Constitution। দ্বিতীয়ত residing কোন্ definition যার ফলে তিন দিনের জন্য যদি residing in Calcutta হয় সেও Telephone Bill দাবী করতে পারে। তৃতীয়ত possessing a Telephone not in Calcutta বলে লেখা নেই। যে কোন জায়গায় Telepone residing in Calcutta হলেই হয়ে যায়। কাজেই এই বিলের কোন অর্থ হয় না। যদি এর কোন উদ্দেশ্য থাকে যে সবার জন্য দেব তিনি কলকাতায় যখন Assembly বসে একদিনের জন্য আসেন তা হলে তার যদি কোথাও পশ্চিম বাংলা বা ভারতবর্ষের Telephone থেকে যায় তা হলে ১০০টা কল ফ্রি পাবেন। এটাই যদি উদ্দেশ্য থেকে থাকে তা হলে পরিষ্কারভাবে বলা উচিত ছিল। Draft এরূপ চমৎকার করেছেন যে তার কোন অর্থ হয় না। যে জন্য দেখলাম যে আমাদের মন্ত্রী জগন্নাথবাবু তাড়াতাড়ি করে এসে একটা amendment আবার সেটা withdraw করে নিয়েছেন। তা নিন তাতে আপত্তি নেই কিন্তু এই draftingটা দয়া করে দেখবেন। এই draftingএর সংক্রান্ত যদিও এটা অপ্রাসঙ্গিক বলে মনে হবে কিন্তু যে ধারা amend করতে ভুল থেকে গেছে যদিও এটা অপ্রাসঙ্গিক বলে মনে হবে কিন্তু যে ধারাটা amend করতে চাওয়া হচ্ছে সেই ধারার আর একটা উদ্ধৃতি তুলে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হল section 4 of the Act. যেখানে allowance সম্পর্কে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাননীয় মন্ত্রীর একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই section 4 of the Act-এর প্রতি। এই section 4 যেটা সংশোধন করতে যাচ্ছেন তার A-তে আছে There shall be paid to members not ordinarily resident within such distance. তার মানে $\frac{1}{2}$ of a mile বাহিরে যদি থাকেন—Asssembly House তো পাবেন As may be made by the rules made under this Act of the places at which their attendance is required. এই placeটা হচ্ছে Assembly-তে। Their attendance is required অর্থাৎ যখন summons issue করা হল তখন তাকে এই allawance দিতে বাধ্য। তাকে যখন summons issue করা হল তারপর তাকে গ্রেপ্তার করলেন অথবা গ্রেপ্তারের পর summons জেলে পাঠান হয় এটা একটা জরুরী বিষয়। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি এটা দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ আমি জানি যে কয়েক জন যারা বন্দী আছেন আমাদের House-এর সভ্য তারা এটা নিয়ে চিঠি পাঠিয়েছেন। কিন্তু তার কোন সদোত্তর আজ পর্যন্ত পান নি। তাদের কাছে এখান থেকে summons গেছে Governor-এর কাছ থেকে যে Assembly session attend কর। এখন তাদের যে allowance দেওয়া হয় না। আমাদের Act যেটা আছে তাতে allowance দিতে বাধ্য। এটা অপ্রাসঙ্গিক হলেও এটা তুলছি এই জন্য যেটা আছে তাতে allowanec দিতে বাধ্য। এটা অপ্রাসঙ্গিক হলেও এটা তুলেছি এইজন্য যে বন্দীরা এই নিয়ে বারবার চিঠি পাঠিয়েছেন এবং তারা কোন উত্তর পান নি। এবং আমরা শুনলাম ইতিমধ্যে আমাদের বিরোধীদলের নেতা এবং আর একজন সভ্য তাঁরা বিল করে পাঠিয়েছেন যাতে তাদের এই অ্যালাউন্স দেওয়া হয়। অ্যাক্ট-এ যা আছে তা রুলস্-এ দিয়ে Act-এর বিরুদ্ধে কিছু করতে পারেন না। যা হোক আমি শুধু বলতে চাই মাইলেজের ব্যাপারটা

আমার মনে হয় তিন হাজার মাইল যেটা রেখেছেন বাইরের জন্য সেটা পরিবর্তন করুন। সকলেই সকলেই তো নেননা বা প্রয়োজন হয় না বাইরের মিটিং করার জন্য কয়েক জন সভ্যের প্রয়োজন হয় তাদের জন্য এটা দিন, এখানেও যেমন রেসটিকসান রাখেন নি সেরূপ রেটিকসান ওখানেও তুলেছেন। Perliament-এ—লোকসভা, রাজ্যসভা—যারা Member তাদের one and one third of first class. পাস এখানে করছেন শুধু 1st class কেন সেটা বুঝতে পাচ্ছি না। জগন্নাথবাবু যে amendment এনেছেন সে বিষয় তিনি বলবেন, আমি দেখছি আগাগোড়া এ draftingটা ভুল এবং এরূপ ভুল drafting দিয়ে যে কোন বিল আনতে পারেন এই হাউসে এটা আমার ধারণা ছিল না।

Shri A. H. Besterwitch : Mr. Speaker, Sir, the Hon'ble Minister is violating the spirit of the Bill. She has given in the Statement of Objects and Reasons that the journey towards Southern States and back will almost exceed the limit of 3,000 miles. If that be the case taking something into consideration how can the Minister bring a Bill for 3,000 miles journey for all-India purposes for the members of the West Bengal Legislative Assembly. She has brought in an amendment on the same subject increasing the mileage. It is just the same. She has only increased the kilometre by 28. It is a fact, Sir, that 3,000 miles is equivalent to 4,800 kilometre whereas, she has simply given us 28 kilometre. I do not see the reason why she has come out with this Bill and with this amendment. I think, Sir, it will be advisable if the Hon'ble Minister really brings a Bill which will be of some consequence or of some help to the members by providing for increase at least to 5000 miles. Now Sir, let us come to the Financial Memorandum. Regarding telephones, Calcutta and Howrah people are lucky. They always get the best part, they get statutory rationing, they get free movement of everything, all the facilities even free phone and we people living in the villages have got to live on Ganja. So I would request the Hon'ble Minister either to withdraw these facilities from the people of Calcutta and Howrah or extend these facilities to every member of this House whether he is in Calcutta, Howrah or in mofussil.

[3-40—3-50 p. m.]

Dr. Kanai Lal Bhattacharya : মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি সম্পর্কে আমার বলবার বিশেষ কিছু নেই।

বিগত বছরে এই আইনটি শ্রীমতী মাইতি যখন এনেছিলেন, তখন আমি তাঁকে বলেছিলাম, আবার একটা অ্যামেণ্ডমেন্ট এনে, এই যে All India Railway Coupon আপনারা দিচ্ছেন, সেই coupon-এর limit-টা তুলে দিন। তখন শ্রীমতি মাইতি বলেছিলেন এই সম্পর্কে তিনি পরে আর একটা বিল আনবেন, এবং সেই যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি অনুযায়ী এই বিল আজকে তিনি এনেছেন। কিন্তু এতে আমি একটা জিনিস লক্ষ্য করছি, যেটা আমরা চেয়েছিলাম, বা সংশোধন করতে বলেছিলাম, সেটা এর মধ্যে recorporated করা হয়নি। অর্থাৎ আমরা চেয়েছিলাম যাতে All India travel free railway coupon-এর ব্যবস্থা করা হয়। সেটা এই বিলের মধ্যে করা হয়নি। তিনি whole of West Bengal-এর জন্য

unlimited coupon-এর ব্যবস্থা করেছেন, যাতে আমরা পশ্চিম বাংলার সর্বত্র রেলে করে, ফ্রি travel করতে পারি। কিন্তু এর মধ্যে কতকগুলি difficulties দেখা দেবে। First difficulty হচ্ছে এই, যে যখনই ওয়েস্ট বেঙ্গল coupon এবং all India coupon-এর সঙ্গে differentiate করা হবে, তখন আমার যতদূর মনে হয়, রেলওয়ে বোর্ডের কাছে অনুমতি নিতে হবে, এবং রেলওয়ে বোর্ডের সঙ্গে চিঠি লেখালিখি করতে করতে আমাদের term শেষ হয়ে যাবে, এটাই আমার ধারণা। সেইজন্য আমি বলবো এই রকম একটা ব্যবস্থা এনে, এর দ্বারা আর কিছুই নয়, জনসাধারণের চোখে এম, এল, এ'দের হেয় করা হচ্ছে। Actual benefit, এই আইনের দ্বারা আমাদের, এম, এল, এ'দের দেননি, দিচ্ছেন না, দিলেও সেই benefit পেতে এক বছর সময় লাগবে। কারণ, বিগত বারে যখন এই coupon system introduced হয়েছিল, তখন দেখেছিলাম আইন পাশ করবার পর, actually coupon আমাদের হাতে আসতে এক বছর সময় লেগেছিল।

তারপর টেলিফোন বাবদ যে ব্যবস্থা করেছিলেন, ওঁরা নিজেরাই স্বীকার করেছেন যে ঠিকমত হয়নি, ভুল হয়েছে। যার জন্য জগন্নাথবাবু, চীফ হুইপের তরফ থেকে, একটা অ্যামেণ্ডমেন্ট দিয়েছেন, যা নিশ্চয় গৃহীত হবে। আমরাও চাই। সেইজন্য আমি নিজে, জগন্নাথ বাবুকে বলেছিলাম যে এই রকম একটা অ্যামেণ্ডমেন্ট আপনি দিন, এর মধ্যে এই রকম একটা provision বাদ দেওয়া উচিত। প্রথম কথা হচ্ছে, এর মধ্যে discrimination হয়ে গিয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে প্রত্যেকের নামে টেলিফোন নেই, এ নিয়ে হয়ত একটা দুর্নীতি আসতে পারে। যাই হোক, শেষ পর্যন্ত জগন্নাথবাবু একটা অ্যামেণ্ডমেন্ট দিয়েছেন, তার জন্য আমরা খুসী। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই বিলটা এনে materially এম, এল, এ'দের কোন সুযোগসুবিধা করে দেওয়া গেলো না। অথচ এই বিলটি আনার আগে প্রেসে গভর্নমেন্টের তরফ থেকে এখন publicity দেওয়া হল, যে সাধারণ মানুষ বুঝলো যে আমাদের গভর্নমেন্টের তরফ থেকে অনেক কিছু facilities দেওয়া হচ্ছে, এবং at the cost of State exchequer. আমাদের যা কিছু সুযোগসুবিধা উপভোগ করা উচিত, করবার অধিকার আছে, তার চেয়ে বেশী বোধহয়, সুযোগসুবিধা উপভোগ করছি। তা ঠিক নয়। সেটা মন্ত্রিমহাশয়ারও জানা উচিত ছিল, এই বিল আনার আগে, তাদের সেটা বিচার বিবেচনা করা উচিত ছিল। তাঁদের এইরকম ভাবে এটা প্রচার করা উচিত হয়নি। টেলিফোনের জন্য public-এর কাছে গেলেই, তাঁরা বলেন, কেন, টেলিফোন-ত আপনারা ফ্রি পাচ্ছেন। আপনারা-ত যেখানে ইচ্ছা ভ্রমণ করবার জন্য সুযোগসুবিধা পাচ্ছেন। কিন্তু সেটা যে ঠিক নয়, এবং সেটা ওঁদেরই ভুলের জন্য এই রকম একটা মিথ্যা প্রচার সমস্ত জায়গায়, সারা দেশময় হয়ে গিয়েছে। তার জন্য আমি মনে করি, তাঁদের পক্ষ থেকে খুব একটা অন্যায় করা হয়েছে। যখন সত্যই একটা কিছু আমাদের দিতে পারতেন তাহলে এই বিল আনলে ভাল হত। কিন্তু যখন এর দ্বারা material gain কিছু হচ্ছে না, তখন মনে হয়, আর একটা বছর আছে, এ বিল এনে, আর কোন লাভ নেই, আপনি এটা withdraw করে দিন। কারণ আমি sure এ বিষয়, ঐ যে throughout the State, আপনি যে রেলওয়ে coupon-এর facilities দিচ্ছেন, সেই coupon-এর facilities পেতে, রেলওয়ে বোর্ডের সঙ্গে লেখালিখি করার পর, actually আমাদের হাতে আসতে অন্ততঃ কম পক্ষে এক বছরের বেশী সময় লাগবে। আর যখন এক বছর বাদেই নির্বাচন। কাজেই আমি মনে করি fresh হাউস যখন বসবে, তখন তার সামনে, ভাল করে এই বিলটি সংশোধন করে, আমাদের সামনে রাখবেন। তা না হলে, শুধু শুধু আমাদের এত দিচ্ছেন, অত দিচ্ছেন, বলে, প্রচার করা ঠিক নয়।

Shri Panchu Gopal Bhaduri: মিঃ স্পীকার, স্যার, গত বছর আমাদের দৈনিক ভাতা বাড়িয়ে better comfort দেওয়া হবে বলে গভর্নমেন্ট পক্ষ থেকে যে প্রস্তাব এনেছেন, গভর্নমেন্ট পার্টি ভোটের জোরে তা পাশ করে দিয়েছিলেন। তখন আমরা আপত্তি করেছিলাম এই

কারণ নয় যে আমাদের পয়সার দরকার নাই। কিন্তু আমরা আমরা আপত্তি করেছিলাম এই কারণে যে আমরা যখন আইন তৈয়ারী করি, তখন আমাদের তরফ থেকে এই ভাতার টাকা বাড়াবার দরকার নাই। বরং একটু কষ্ট করে থাকবো। কিন্তু সম্প্রতি যে বিলটা আনা হয়েছে—তা অতি বিচিত্র। এতে ভ্রমণের দিক থেকে ভাতা বাড়ানোর যুক্তি আছে, সেটা হচ্ছে এই যে যাঁরা Lagislator, তাঁদের ভ্রমণের ফলে জ্ঞান বাড়বে। সমস্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘুরে বেড়ালে জ্ঞান বাড়াবে এবং সেই বাড়তি জ্ঞান নিয়ে তাঁরা বিধানসভায় আলোচনায় যোগ দিতে পারেন, সেই আলোচনাও অনেকখানি সমৃদ্ধ হবে। সেদিক থেকে amendment না রেখে যদি সরকারপক্ষ বাংলার বাইরে ভ্রমণ করবার এমন একটা ব্যবস্থা করতেন যেটা একটা গ্রহণযোগ্য ব্যাপার হতো। এতে দুর্নাম হবে বাইরে। যে সমস্ত জায়গায় যাওয়া উচিত জ্ঞান লাভের জন্য, সেখানে ঐ তিন হাজার মাইল limit করে দিলে, সেটা কি করে হবে? যেমন ধরুণ বোম্বে, Southern India-তে যেতে হলে ঐ কুপনে যাতায়াত করা যাবে না। কাজেই সেখানে খুব দিচ্ছি, খুব দিচ্ছি বলে এটা একদম না দেওয়াই ভাল। আর যদি দিতেই চান, তাহলে বাংলার বাইরে যাতে যাওয়া যায়, ঐ কুপন দিয়ে যাতে সমস্ত ভারতবর্ষে যাওয়া যাবে, সেই free system-এর ব্যবস্থা করুন, পার্লামেন্টের মেম্বাররা সেটা পান।

দ্বিতীয়ত: টেলিফোন সম্পর্কে আমার যে একটা amendment ছিল, সেটা আমি প্রত্যাহার করে নিচ্ছি। আমার এটা মনে হয়েছে টেলিফোন এম-এল-এ-দের থাকলে পরে তাঁদের পক্ষে কাজকর্ম আরো সুষ্ঠুভাবে করা সম্ভব হবে। সকলের সঙ্গে contact করা—কলকাতার সঙ্গে মফস্বলের বা অন্যান্য অফিসারদের সঙ্গে যোগাযোগ রাখার পক্ষে সুবিধা হবে। সেইজন্য টেলিফোনের ব্যবস্থা থাকলে ভাল হয়। কিন্তু সেই টেলিফোন যদি একমাত্র কলকাতা এবং হাওড়ার জন্য হয়, সমস্ত দেশের জন্য না হয়, তাহলে ঠিক হবে না। এটা কেবল Calcutta Metropolitan এরিয়ার জন্য হলে চলবে না, all Bengal Telephone হলে ভাল হয়। দিলেন তো ভালভাবে দিন, আর না হয় ও-সব প্রত্যাহার করে নেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Abha Maiti : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্যরা যে সব কথা বলছেন, তা আমি শুনেছি। তাঁদের মধ্যে কেউ কেউ mileage বাড়াবার কথা বলেছেন—outside Bengal সেটা এখন নেওয়া সম্ভব নয়। এই amendmentটা out of order, কারণ এ সম্বন্ধে গভর্নরের অনুমতি নিতে হবে। তবে এটা আমাদের বিবেচনা করে দেখতে হবে, আগামী বাজেট সেসনে সেটা আনা যেতে পারবে।

আর একটা কথা—কেউ কেউ All India-তে restricted ভাবে ঘোরাঘুরি করবার কথা বলছেন। কিন্তু সেটা কতখানি সঙ্গত হবে, তা আমি বলতে পারছি না। আমাদের মূল উদ্দেশ্য ছিল আমাদের Assembly Member-দের কাজ সাধারণত: বাংলা দেশের রাজ্যের ভেতরে সীমাবদ্ধ থাকবে। কারণ যে সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম এখানে হচ্ছে, তাঁরা এখানকার কাজকর্ম দেখবেন এবং তার ভালমন্দ Suggest করবেন। বাংলা দেশের বাইরে যাবার উদ্দেশ্য ছিল না, তাঁরা বাংলা দেশের মধ্যেই ঘুরবেন। সেখানে আগে যে বাধা ছিল, তা আমরা দূর করেছি, যে কথা কানাইবাবু বলেছেন যে এ সম্বন্ধে রেলওয়ে বোর্ডের কাছে লেখালিখি করতে এর effect দিতে দেরী হবে। কিন্তু আমার মনে হয়, একবার যখন কাজটা চালু হয়ে গেছে, তখন আর দেরী হবে না। প্রথমবার দেরী হবার কারণ থাকতে পারে যে তখন একদম এটা নুতন ব্যাপার ছিল। বাংলা দেশ ছাড়া ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সদস্যদের এই সুযোগ দেওয়া হয় নি। সুতরাং সেদিক থেকে কোন অসুবিধা হবে বলে আমি মনে করি না। অন্তত আমারা

[3-50—4-20 p.m.]

খুব চেষ্টা করব তাড়াতাড়ি এটা করে দেবার জন্য। আর ৫ হাজার মাইল সম্পর্কে যেটা বলেছেন সেটা আমরা নিশ্চয়ই বিবেচনা করব এর পরের বারে করব এখন করতে পারছি না।

The motion of Shrimati Abha Maiti that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

Shri Aswini Roy : Sir, I beg to move that in clause 1, in lines 2 and 3, for the words "(Second Amendment) Act, 1965" the words "(Amendment) Act, 1966" be substituted.

Shrimati Abha Maiti : I accept the amendment.

The motion of Shri Aswini Roy that in clause 1, in lines 2 and 3, for the words "(Second Amendment) Act, 1965" the words "(Amendment) Act, 1966" be substituted was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker : All the amendments are out of order except the amendments of Shri Kolay and Shrimati Maiti.

Shrimati Abha Maiti : Sir, I beg to move that in paragraph (3) of clause 2, in sub-clause (ii) of the proposed clause (c), for the words "three thousand miles a year", the words "three thousand miles or four thousand eight hundred and twenty-eight kilometres a year" be substituted.

Shri Jaganath Kolay : Sir, I beg to move that sub-clause (4) of clause 2 and the explanation thereto be deleted.

এবং এটা আমি কানাইবাবুর সঙ্গে একমত যে discrimination হচ্ছে এবং আমরা মনে করেছিলাম যে দিল্লীতে যেমন আছে M. L. A's quarters আছে এবং তারা সেখানে Telephone পান এবং কিছু call free পান কিন্তু আমাদের এখানে এখনও M.L. A's quarters হয়ে উঠেনি এবং আমরা তৈরী করছি এবং ভবিষ্যতে যখন বাসস্থানের ব্যবস্থা করতে পারব তখন Telephone দিতে পারব। সেজন্য বলেছি আপাতত delet করবার জন্য।

The motion of Shrimati Abha Maiti that in paragraph (3) of clause 2 in sub-clause (ii) of the proposed clause (c), for the words "three thousand miles a year", the words 'three thousand miles or four thousand eight hundred and twenty-eight kilometres a year" be substituted was then put and agreed to.

The motion of Shri Jagannath Kolay that sub-clause (4) of clause 2 and the explanation thereto be deleted was then put and agreed to

The question that clause 2, as amended, to stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shrimati Abha Maiti: I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

[At this stage the House was adjourned for twenty minuted]

[After adjournment]

[4-20—4-30 p.m.]

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965

Shri Saila Kumar Mukherjee: I beg to introduce the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Saila Kumar Mukharjee: I move that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965, be refered to a Select Committee consisting of—

1 Shri Saila Kumar Mukherjee,
2 Shri Bijoy Singh Nahar,
3 Shri Jagannath Kolay,
4 Shri Naresh Nath Mookerjee,
5 Kumar Jagadish Chandra Sinha,
6 Shri Asoke Krishna Dutta,
7 Shrimati Shakila Khatun,
8 Shri Narendra Nath Sen,
9 Shri Sankardas Banerji,
10 Shrimati Biva Mitra,
11 Shri Abani Kumar Basu,
12 Dr. Pratap Chandra Chunder,
13 Dr. Sushil Das Gupta,
14 Shri Siddhartha Sankar Ray,
15 Shri Anil Maitra,
16 Shri Bijesh Chandra Sen,
17 Shri Ananda Gopal Mukhopadhyay,
18 Shri Bejoy Krishna Bhattacharya,

19 Shri Hemanta Kumar Basu,
20 Dr. Kanai Lal Bhattacharya,
21 Dr. Narayan Chandra Roy,
22 Shri Nikhil Das,
23 Dr. A. M. O. Ghani,
24 Shri Anadi Das,
25 Shri Bejoy Kumar Banerjee,
26 Shri Khagendra Kumar Roy Chaudhury, and
27 Shrimati Ila Mittra,

with instructions to submit their report by the 28th February, 1966.

Shri Hemanta Kumar Basu : আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে আমার জায়গায় আমাদের তরফ থেকে শ্রীভক্তি ভূষণ মণ্ডলের নাম দেওয়া হোক।

Shri Saila Kumar Mukherjee : Sir, I have no objection.

Mr. Chairman : It will be done.

Shri Saila Kumar Mukherjee : Sir, I may mention in the first instance that I could not refer the Bill to a Joint Select Committee because under the provisions of the Constitution it is a Money Bill and therefore under rule 75 of the Rules it can only be referred to a Select Committee of this House. That is why a Joint Select Committee could not be included

As the House is aware, one of the major problems of environmental sanitation and public amenities in the Calcutta Metropolitan district and also to a large extent in other urban areas in the State has been growth of slums, and the prevalence of extremely insanitary conditions in which thousands of people have to live in these slums, deprived of basic amenities like water supply, sewerage and drainage. These slums or bustees are traditionally the foci for the incubation and spread of epidemic diseases. About 1/4th of the population of over 30 lakhs in Calcutta, i. e, about 7 lakhs of people live in slums. In the Howrah Municipal area, there is a bustee population of approximately 2 lakhs which amounts approximately to one-third of the total Municipal population.

[4-20—4-30 p. m.]

Bustee lands cover approximately 1,700 acres in Calcutta and 600 acres in Howrah. In the Calcutta Municipal area there are about 40,000 service privies and in Howrah Municipal area there are over 36,000 service privies most of which are in the bustee areas and which are a scandal to the civilised administration of the modern times. Sir, the very magnitude and urgency of the problems of slums in the urban

areas calls for a bold and realistic measure aimed at ensuring at least the basic amenities of civic life to the large population who are living in such areas without a minimum of public facilities and in environments which are conducive to the growth of diseases and epidemics.

In the initial stages our thinking had been in the past to attempt to clear and re-develop slum areas under Slum Clearance Schemes and we passed some time ago Slum Clearance Legislation. By the end of the Third Plan about nine thousand slum clearance tenements are expected to be completed in Calcutta. This is a very meagre total and does not even touch the fringe of the problem. But the major obstacle to a large programme of slum clearance and re-development has been the acute scarcity of resources. If enourmously larger resources are not available in the future it has been estimated that it would take nearly hundred years before any sufficient amount of slum clearance could be done in order to meet at least the major portion of the requirements for new tenements to re-house bustee population. At the same time large numbers of bustee dwellers cannot be allowed to continue to live in such insanitary conditions. Apart from the inadequacy of basic civic amenities in such bustee areas causing insanitary conditions, endemic and epidemic diseases, their present condition is a threat to the sanitation of larger surrounding areas especially when there is an outbreak of epidemics. After detailed consideration of all aspects of the matter the Government have been convinced that pending total clearance and re-development of the bustee areas which will take decades, some immediate steps are essential to provide these basic facilities.

The provisions in the Calcutta Municipal Act, 1951 for preparation of standard bustee plans have been found completely inadequate to tackle the problem of this magnitude. As regards Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers' Act, 1958, also, the objective could not be achieved because of inadequacy of resources for the outright clearance and re-developments of slums as provided for in the Act. The present measure before the House, therefore, provides for improvement as well as clearance and re-development of the slum areas so that when adequate resources are not available for outright clearance and re-development at least improvement programmes for providing basic amenities in the bustee areas could be implemented. The Bill seeks to repeal the Calcutta Slum Clearance and Rehabilitation of Slum Dwellers' Act, 1958.

The Bill provides for acquisition only of landlords and intermediary lessees' interests for implementation of the improvement programme. Since the object of the proposed slum improvement scheme is not to

execute a few isolated works for improvement but to secure comprehensive improvement and environmental sanitation of the slum areas and to ensure proper and efficient management, maintenance and care of the facilities and the services provided in the course of execution of the improvement schemes, it has been found esceutial to have control over the entire bustee lands and not only over those pieces of land on which the works of improvement would be constructed. At the same time, however, for implementing an improvement programme it is not necessary to acquire the thika tenants' interests and therefore, acquisition only of the landlords' and intermediary lessees' interests has been proposed in the initial stage. Such acquisition would also keep down the cost of improvement programmes to the minimum necessity.

The Bill, therefore, provides for declaration of slum arers, improvement of slum areas, clearance and redevelopment of slum areas, power to control exection, addition and alteration of huts, etc., power to order demolition in certain cases, power to direct the carrying out of works of repair, power to direct conversion of service privy and service urinal into privy or urinal connected with the sewer mains, power to direct discontinuance of service privy and service urinal and power to do certain works by the prescribed authority. The improvement programme will also consist of works for the provision of water supply, underground sewerage, sanitary latrines and baths, street-lighting, widening and paving of pathways, filling up of insanitary tanks, low lands, etc., and such other works as may be deemed by the State Government necessary for the removal of insanitary conditions and overall improvement of environmental sanitation of the slum areas. After acquisition of the rights and interests of landlords and intermediary lessees the thika tenants would hold directly under the Government. It has been specifically provided in the Bill that enhancement of rent for any improvement done under this law will not be allowed. The only charge that the hutowners would be able to pass on to the actual occupiers would be the improvement levy, if any, imposed by the State Government at a rate not exceeding 20 per cent of the net annual value of the hut or other structures for such periods not exceeding thirty years as the State Government may consider fit and proper.

On acquisition, compensation to intermediaries for their rights and interests in land has been provided for at 20 times the net annual income from such land and in any hut or other structure owned by them at an amount equal to five times the net annual income from such hut or other structure. The thika tenants will be paid compensation for their rights and interests in the land and huts and other structures thereon owned by them at an amount equal to five times the net annual

income from such land and huts and other structures. The Bill also provides for speedy acquisition of land by issue of a notification of vesting of rights and interests of landlords and intermediary lessees.

The present Bill before the House is a comprehensive law providing for both improvement and clearance of bustees or slum areas, improvement in environmental and sanitary conditions for living for thousands of bustee population of the State and for speedy acquisition of land for facilitating such improvements and clearance programmes. This legislation, therefore, will be a major step in our efforts to tackle the enormous problem of slum areas in the State to ensure to the people living in such areas a safer, healthier and cleaner environment to live in.

Sir, all these years we have been attempting through measures in the Calcutta Municipal Act and the Slum Clearance Act to do something to the bustees but all our efforts have been wrecked at the bedrock of adequate resources. This is an attempt to quickly improve at least the sanitary conditions of all the slum areas with the least possible expenditure on the State exchequer. I hope this long-felt want will be remedied by the Bill and the members will have ample opportunity in the Select Committee to go through it clause by clause and see if any further improvement can be made on the provisions of the Bill as in the draft just now placed before the House.

[4-30—4-40 p. m.]

Mr. Chairman: There are motions for referring the Bill to the Select Committee by Dr. Narayan Chandra Roy and Shri Hare Krishna Konar and others. The motions are out of order as the consent of the Members who will form the Select Committee has not been furnished. There a motions for circulation of the Bill for eliciting public opinion thereon. They may be moved.

Shri Monoranjan Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের এই হাউস চলাকালীন কিছুদিন পূর্বে আমরা একটা আইন পাশ করেছিলাম, সেটা হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এণ্ড স্যানিটেসন অথরিটি বিল—সেই আইনটাতে মেট্রোপলিটন অথরিটির হাতে কলকাতার জল সরবরাহ এবং স্বাস্থ্যের, বিশেষ করে ড্রেনেজ, স্যুয়ারেজ, ল্যাট্রিন ইত্যাদি ব্যাপারে ভার দেওয়া হোল। আমরা এখন বস্তী ক্লিয়ারেন্স নিয়ে আলোচনা করছি। এটা সিলেক্ট কমিটিতে যাবে—তা সত্ত্বেও আমাদের কিছু বক্তব্য এখানে আমরা বলে রাখতে চাই যেগুলি সিলেক্ট কমিটি বিবেচনা করবেন বলে আমরা আশা করি। কলকাতা শহরের বস্তী থেকে বস্তীবাসীকে উচ্ছেদ করে দিয়ে নূতন বাড়ীতে নিয়ে বসাবেন এই পরিকল্পনা দেখতে অত্যন্ত চমৎকার, হলে খুবই ভাল হোত, এই সমস্ত বস্তীবাসীদের উচ্ছেদ করে দিয়ে তাঁদের বড় বড় দালানবাড়ীতে বসাবেন যেটা আগে ঠিক করা হয়েছিল—কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল যে কিছুই তাঁরা করতে পারলেন না। এখানে নূতন বিলটি আনার সময়

তারা স্বীকার করলেন যে ঐ বিলের মধ্যে নানা রকম সীমা ছিল যার জন্য আমরা কিছু করতে পারলাম না, আর আমাদের টাকারও অভাব ছিল—তাই বিলটি আমরা নিয়ে আসছি। এই বিলটিতে অবশ্য যেভাবে বলা আছে তাতে ল্যাণ্ডলর্ডের যে ল্যাণ্ড অর্থাৎ জমিদারদের যে জমি যদি কোন জায়গায় তাঁরা স্লাম বলে সেটাকে ঘোষণা করেন তাহলে সেই জমিটা জমিদারের হাত থেকে নিয়ে নিতে পারেন, তাঁদের বাৎসরিক যে আয় হয় জমি থেকে তার ২০ গুণ দিয়ে তাঁদের জমি নিয়ে নিতে পারেন এবং সেই খেসারত দেবার পর জমিটা তাঁরা নেবেন—আর যাঁরা হাটওনার অর্থাৎ বস্তীর যাঁরা মালিক তাঁদের সেই বস্তীর জন্য দেওয়া হবে 5 times of the annual valuation of the huts. কলকাতার পিকিউলিয়ারিটি হচ্ছে এই যে কলকাতায় এ রকম অনেক বস্তীবাসী আছেন যাঁদের পূর্বপুরুষ একই বস্তীতে বসবাস করে গেছেন, আজ থেকে নয়, প্রায় ১০০ বছর যাবত একই বস্তীতে তাঁদের পূর্বপুরুষরা বসবাস করে আসছেন এবং সেই বস্তীগুলির মালিকও তাঁরা হয়েছেন; এখন ১০০ বছর থাকার পরে কোন কোন জায়গায় হয়তো ইট দিয়ে তাঁরা কিছু করেছেন, যদিও মিউনিসিপ্যাল অ্যাক্টে আছে যে কোন বস্তীতে তাঁরা টেম্পোরারী রাইট ইত্যাদি কারণ দেখিয়ে সেখানে দালান তুলতে পারবেন না। এই রকম বাধা নিষেধ আছে, সেইজন্য অনেক সময় পারেন না—কিন্তু এটা নিশ্চয় অর্থমন্ত্রীর জানা আছে যে অনেক ধনী ব্যক্তি সেই বস্তীতে বসবাস করেন—সেখানে কারবার করেন, ব্যবসা করেন, করে যথেষ্ট টাকা পয়সার তাঁরা মালিক—এই বস্তীরও তাঁরা আবার মালিক। এখন যাঁরা হাটওনারস তাঁদের হাতে যদি সেই জমিগুলি দিয়ে দেওয়া হয় এবং বলা হয় যে সরকারকে কমপেনসেসন দিতে হবে জমির মালিককে—সেই কমপেনসেসনটা বস্তীর মালিকরা দেবেন। এবং তারা যে তিন বৎসরের মধ্যে compensation দেবে সেটা হাটওনার্সদের তারা দিতে পারেন, তারা রেন্ট থেকে তুলে নিয়ে সে টাকা দিতে পারেন, ফিফ্‌টি পারসেন্ট অফ দি রেন্ট সেটা যদি তাদের কমপেনসেসান বাবদ দিয়ে দেন তাহলে শেষ পর্যন্ত জমির মালিক সেখানে থাকবেন না, হাটওনার্সরা সেখানে বসবাস করতে পারবেন। এর সঙ্গে যদি এই ব্যবস্থা করতে পারেন যে তোমাদের এই অনুমতি দেওয়া হল তোমরা বস্তীতে এই এই উন্নয়ন করবে এবং এই উন্নয়ন করবে বলে তোমাদের যে নোটিশ দিচ্ছি কেবলমাত্র সেখানে যদি তোমাদের বাড়ী তৈরী করবার অধিকার দেওয়া হয়, তাহলে তারা সে বাড়ী তৈরী করতে পারে। জমি তারা পেতে পারে তাতে কোন আপত্তির কারণ নেই, কারণ সরকার যে খেসারত দেবেন, যারা হাটওনার্স তারা খেসারত সরকারের হাতে দিতে পারেন—এখন যেমন জমিদারকে রেন্ট দিচ্ছে। এখন কথা হচ্ছে বস্তীতে যে সমস্ত হাটে পূর্বপুরুষ ধরে লক্ষ লক্ষ লোক ক্ষুদ্র শিল্প ইত্যাদি চালিয়ে আসছে। আপনি সেখানে গেলে দেখবেন, সেখানে বিড়িবাঁধা থেকে সুরু করে বুক বাইণ্ডিং থেকে সুরু করে, পেপ মেশিনের কাজ থেকে সুরু করে, ছোট ছোট চামড়ার কাজ করা থেকে সুরু করে তারা নানান কাজ করে। সেখানে তারা একটা ঘরে বাস করে আর অন্য ঘরে তারা জীবিকার কাজ করে এইভাবে লক্ষ লক্ষ লোকের জীবিকা নিশ্চয়ই হচ্ছে। এই সমস্ত বস্তীবাসীদের অলটারনেটিভ অ্যাকমডেসান দেওয়া হবে বলা হচ্ছে এ বিলে, কিন্তু আমি জিজ্ঞাসা করছি ছোট ছোট ব্যবসা বাণিজ্য যারা করছেন তাদের কি অবস্থা হবে? যদি হাটওনার্সদের বলা হয় তোমরা এখানে বাড়ী তৈয়ারী কর এবং সরকারের হাতে এ খেসারতগুলি দিয়ে দাও সেটা জমিদারের দিতে হবে তাহলে ভাল হয়। এ বিষয়ে সরকার যদি plan করে দেন সে plan অনুসারে বাড়ী করতে হবে এবং সংগে সংগে যদি কিছু লোন দিয়ে দেন যে লোন তারা পরিশোধ করতে পারবে তাহলে ভালই হবে। যে বাড়ীতে বর্তমানে ক্ষুদ্রশিল্প আছে বড় বাড়ী করলে ১ তলায় সে সব রেখে তারা সে ভাবে বাড়ী করতে পারেন। এখন হচ্ছে কি বাড়ী থেকে উচ্ছেদ করে দিয়ে তাদের বলা হচ্ছে তোমরা মাণিকতলায় C. I. T. Building-এ যাও সেখানের ভাড়া হচ্ছে ২১ টাকা থেকে ৩১ টাকা। বস্তীতে আছে অনেকে ১০ জন মিলে একটা ঘরে থাকেন। ১০ টাকা করে যদি ভাড়া হয় তাহলে ১০ জনের মাসে ১ টাকা করে পড়ে। কিন্তু ২১ টাকা-

বা ৩১ টাকার ঘরে যদি যেতে হয় তাহলে সেখানে যদি ২ জন থাকে তাদের ১০টাকা থেকে ১৫ টাকা ঘর ভাড়া দিতে হবে, ৩ জন থাকলে ৭ থেকে ১০ টাকা দিতে হবে। এটা তাদের পক্ষে সম্ভব নয় বলে মানিকতলার বাড়ীগুলো ভরছে না এবং যাও ভরছে তাও সেখানকার বস্তীবাসী যারা উচ্ছেদ হয়েছে তাদের দিয়ে ভরে নি। আপনারা যদি কোন জায়গায় ঘর করতে চান সে বাড়ীগুলোকে ভেঙ্গে ফেলে সেখানে ঘর করার প্রয়োজন হয় না। যেখানে পূর্বপুরুষ ধরে তারা আছে তাদের বলা যেতে পারে, তোমরা এই বস্তী উন্নয়ন কর। খোলা জায়গা অনেক বাড়ী আছে সেখানে মাল্টি স্টোরিড বিল্ডিং করতে পারেন এবং সেখানে বাড়ীর লোককে রেখে অন্য বাড়ী হাটওনারদের দ্বারা সেখানে করাতে পারেন। এভাবে যদি সরকার পরিকল্পনা করে তাহলে বস্তীবাসীদের আজ যে অবস্থা হয়েছে পুরাতন বিলের জন্য সে অবস্থা হবে না এবং তাদের অবস্থার কিছু উন্নতি করা যেতে পারে। তাছাড়া হাটওনারদের কর্জ দেবার ব্যবস্থা সরকার থেকে করতে হবে এবং কর্জ তাদের কাছ থেকে পরিশোধ করাতে পারবেন এবং তারা সেটা শোধ করে দেবেন।

[4-40—5-50 p.m.]

হাটওনার্স সম্বন্ধে যেটা বলেছেন 5 times of the annual valuation. সেটা অত্যন্ত কম সেজন্য আমি বলছি ১০০ বৎসর ধরে আছে এরূপ হাটওনার্স এক জায়গায় বসবাস করে আসছে, যে বাড়ী তারা তৈরী করে পূর্বপুরুষ ধরে বাস করছেন সেখানে ছোট ছোট ব্যবসা বাণিজ্য করছেন সেখান থেকে উঠে গেলে তার জন্য ৫ গুণ দেওয়া হয় হাটের যে ভ্যালুয়েসান সে ভ্যালুয়েসান তাদের দু দিক থেকে ক্ষতি হবে। এটা হচ্ছে কোথায় তারা বাড়ী পাবে, ২য় হচ্ছে যে বাণিজ্য করে তারা খাচ্ছিলেন সে লোকালিটি থেকে তাদের সরিয়ে দিলে ক্ষতি হবে। এবং সে ব্যবসা বাণিজ্য থেকেযদি করতে না পারেন তাহলে তাদের বেকার হতে হবে। তাদের যে ফাইভ টাইমস্ দেবেন তাতে তারা ব্যবসা করতে পারবেন না, ঘরবাড়ী তৈরী করতে পারবেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে হাটওনার্সদের নিশ্চয় ৫ টাইমের চেয়ে অনেক বেশী দিতে হবে যদি তাদের সেখান থেকে উঠে যেতে হয়। যাতে করে তারা অন্য জায়গায় গিয়ে বাড়ী করতে পারে এবং ব্যবসা বাণিজ্য সেখানে যা ছিল সেটা অন্য জায়গায় গিয়ে করতে পারে সে ভাবে ব্যবস্থা করা উচিত। এ ছাড়া এ বিলের উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে বলা হয়েছে হাটওনার্স যদি কোন ইমপ্রুভমেন্ট হয় সে উন্নতির জন্য তারা ভাড়া বাড়াতে পারবেন না। কিন্তু তাদের যারা প্রজা হবে তাদের কাছ থেকে আদায় করবেন ভাড়া বাড়াতে পারবেন না অথচ তারা যে আদায় করবেন কি ভাবে সেটা বিলের কোন জায়গায় পরিষ্কার নেই। অর্থাৎ তাদের উন্নতির জন্য তাদের যে Improvement লেভী দিতে হচ্ছে তা কি ভাবে আদায় করবেন তা বলা নেই, আমার বক্তব্য হচ্ছে, হাটওনার্সদের কর্জ দেওয়া হোক তাঁরা বাড়ীগুলোর উন্নতি করুন। তাঁদের উন্নতির জন্য ও জমির জন্য তাঁরা মাসে মাসে খেসারত দিয়ে যাবেন। তাঁদের যে কর্জ দেওয়া হবে সে টাকা দিয়ে তারা বাড়ী তৈরী করবেন এবং লোনের জন্য মাসে মাসে খেসারত দেবেন তাহলে হাট ওনার্সদের উপর যে চাপ আসছে তা আসবে না, যে কথা হচ্ছে যে সমস্ত জায়গা থেকে তাদের তুলে দেওয়া হবে সে সমস্ত জায়গা তাদের দিতে হবে যাতে তাদের ব্যবসা বাণিজ্যগুলো পটল না তোলে। অর্থাৎ বাড়ীর কাছাকাছি যাতে থাকতে পারে, তাদের ব্যবসা নষ্ট না হয় সে ব্যবস্থা করতে হবে এবং হাটওনার্সদের যে কমপেনসেসান দিতে হবে সেটা ৫ গুণের বেশী দিতে হবে এবং তাদের যেন কমপেনসেসান একবারে দেওয়া হয় যাতে করে অন্য জায়গায় ঘরবাড়ী করতে পারে ও ব্যবসা বাণিজ্য করতে পারে। এই বলে আমি বিলের প্রতি আমার আপত্তি জানিয়ে রাখলাম।

Shri Somnath Lahiri: মাননীয় স্পীকার মহাশয়, কিছুদিন আগে আমরা এই হাউসে Metropolitan Bill পাশ করলাম, অবশ্য আমাদের ইচ্ছা ছিলনা। এই Metropolitan বিল পাশ করবার পিছনে প্রধান উদ্দেশ্য ছিল, যাঁরা মন্ত্রিমহাশয় তখন আমাদের বলেছিলেন,

যে বিলটা তাড়াতাড়ি পাশ করতে হবে, যাতে World Bank কিছু টাকা আমাদের দিতে পারে, সেইজন্য তাদের কাছে একটা আরজি করতে হবে। সেই উদ্দেশ্য নিয়ে Metropolitan বিল পাশ করান হল। অর্থাৎ World Bank এর টাকার লোভে Metropolitan বিলটা পাশ করান হল। আর আজকে এই বিলটি আসছে কিসের লোভে, না P. L. 480র যে টাকা জমা আছে আমাদের এখানে, সেই টাকার কিছুটা অংশ খয়রাতী সূক্ষ হিসাবে, তাঁরা যাতে পেঁতে পারেন। সেই টাকা পয়সা পাবার জন্যই এই বিলটি এসেছে। এই হল, বিল আসার পিছনে আসল উদ্দেশ্য, সেটি মন্ত্রিমহাশয়ের মাথায় ক্রিয়া করছে, তাই। অবশ্য এর সঙ্গে আনুষঙ্গিক আরও অনেক কিছু আছে। এখন কথাটা হচ্ছে, আমাদের সরকার মহাশয় নিজে বস্তির উন্নতির জন্য কতখানি চেষ্টা করেছেন, তার পরিচয় এর ভিত্তিতে আমরা বুঝতে পারবো যে ভবিষ্যতে তাঁরা কতখানি করবেন। মি: চেয়ারম্যান, স্যার, আপনার নিশ্চয় মনে আছে ১৯৫৮ সালে তদানিন্তন মুখ্যমন্ত্রী বিধান চন্দ্র রায় Slum Clearance Act নিয়ে এলেন, এবং ঘোর রবে এখানে ঘোষণা করা হল, যে কলকাতায় আর বস্তি থাকবে না, সমস্ত কলঙ্ক আমরা দূর করে দেবো। সমস্ত বস্তিবাসীকে অদূর ভবিষ্যতে পাকা বাড়ীতে বাস করিয়ে ছাড়বো। তখন আমরা সবিনয়ে নিবেদন করে, বলেছিলাম যে বস্তিবাসীর সবাইকে সমান অবস্থায় যদি পাকা বাড়ীতে রাখতে পারেন, কখনও আমরা তাতে আপত্তি করবো না, তারজন্য আপনাকে ধন্যবাদ দেবো। কিন্তু ভয় হচ্ছে, আপনিত তা পেরে উঠবেন না। আপনারা বিল আনছেন, সেণ্ট্রাল গভর্নমেণ্টকে দেখিয়ে, যাতে করে তাদের কাছ থেকে কিছু টাকা আদায় করতে পারেন। আপনারা নিজেদের গাঁট থেকে খুব বেশী টাকা খরচ করতে প্রস্তুত নন সেণ্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা যাতে পান, তার বাবস্থা করছেন।

মন্ত্রিমহাশয়ের হিসাব অনুসারে কলকাতার ৭ লক্ষ, আর হাওড়ার ২ লক্ষ; এই ৯ লক্ষ লোককে যদি আপনারা পাকা বাড়ীতে বাস করাতে চান, তাহলে হাজার খানেক বছর সময় লেগে যাবে। সেই হাজার বৎসরের পরিকল্পনা আপনারা নাই করলেন। তার বদলে, আমরা সবিনয়ে নিবেদন করেছিলাম, আমাদের সরকার এর যে আর্থিক সংগতি আছে, তার ভিতর দিয়ে যেটুকু করা সম্ভব হতে পারে, তার ব্যবস্থা করুন। অর্থাৎ পাকা বাড়ীর জন্য বেশী টাকা বরাদ্দ না করে, যা বস্তি আছে, তার অল্প সল্প সারানর ব্যবস্থা করে, সেখানে একটা রাস্তার ব্যবস্থা করে, একটু আলো বাতাস যাতে প্রবেশ করতে পারে, তার ব্যবস্থা করে, পানীয় জলের ব্যবস্থা করে, নর্দমা, পায়খানার ব্যবস্থা করে, বস্তিবাসীর উন্নতি করা যেতে পারে। সমস্ত বস্তি সম্পূর্ণভাবে ভেঙ্গে বস্তিবাসীদের উচ্ছেদ করে, সেখানে নূতন করে বাড়ী তৈয়ার পরিকল্পনায়, অসংখ্য টাকা খরচ করবার ব্যবস্থা না করে, সামান্য অল্প টাকায় এটা হতে পারে। এইভাবে সমস্ত বস্তিবাসীর উন্নতির জন্য ব্যবস্থা করুন। তাহলে আপনাদের যা resources আছে, তা দিয়েই, অল্পকালের মধ্যেই সব বস্তিতে কিছু কিছু উন্নতি আসতে পারবে। তা নইলে, আপনার ঐ পাকা বাড়ীর আকাশকুসুম, শত শত বছর ধরে আকাশ কুসুম হয়েই থাকবে। বাস্তবে আমরা কি দেখলাম ? আজকে মন্ত্রিমহাশয় স্বীকার করছেন যে সেই Slum Clearence and Rehabilitation of Slum Dwellers' Act এর দ্বারা বিশেষ কিছু করতে পারেনি। কারণ তাঁর সেই পরিমান resources ছিল না। একথা সত্য, যে তার resources ছিল না। কিন্তু ঢেলে যখন ধরতে পারেন না, তখন তাঁর কেউটে ধরবার সাধ যায় কেন ? এই ধরনের বিল করেছিলেন কেন ? না, যাতে, সেণ্ট্রাল গভর্নমেণ্টকে একটু মোচড় দিয়ে কিছু টাকা আদায় করে নিতে পারেন। তাঁদের সেই মনবাসনা সিদ্ধ হয় নাই। আইনের কি অসুবিধা ছিল ? আমি যতদূর জানি, আইনে বেশী অসুবিধা ছিল না। Slum Clearance Act ১৯৫৮ সালে পাশ হল। ১৯৫৮ সাল থেকে ১৯৬৬ সালের মধ্যে, এই ৮ বছরের মধ্যে যতগুলি বস্তি আছে পাকা বাড়ীতে পরিণত করবার ব্যবস্থা করা হয়েছে, তার মধ্যে বেশীর ভাগই করা হয়েছে, ঐ পুরাণ ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাষ্ট এ্যাক্ট অনুসারে Slum Clearance and Rehabilitation of Slum Dwellers' Act অনুসারে নয়।

[4-50—5 p. m.]

কেন করা হয়েছে? এই তফাতের কারণ কি? কারণ অতি সরল ও সোজা। কারণ হচ্ছে এই জমিদারকে ক্ষতিপূরণ দেবার যে ব্যবস্থা—জমিদাররা অনেক ক্ষেত্রে কংগ্রেস পক্ষের ভোটের টাকা জোগান। সুতরাং Improvement Trust Act-এ জমিদারদের যে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা ছিল, তার তুলনায় ১৯৫৮ সালের Slum Clearance Act-এ অনেক কম দেবার ব্যবস্থা ছিল। সুতরাং সরকার নূতন আইন প্রয়োগ করলে মালিকরা ক্ষতিগ্রস্ত হবেন—এই ভেবে নূতন আইন বিশেষ কিছু প্রয়োগ করেন নাই; যা করেছেন তার বেশীর ভাগ করেছেন ঐ পুরাণো কলকাতা Improvement Trust Act অনুসারে। কাজেই একটা অবাস্তব পরিকল্পনা করে—একটা অবাস্তব বিল এনেছিলো—একথা ঠিক এবং তাও সেই বিল দিয়ে যেটুকু হতে পারতো,—তাও জমিদারদের স্বার্থে তাকে কাজে লাগাতে চাননি। এই কারণে ঐ Slum Clearance Act ব্যর্থ হয়েছে। আজকে আমাদের নূতন মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে হাাঁ, সেই অনুসারে আমরা কিছু করতে পারি নি। সুতরাং বদলে গেল মতটা। সেই Slum Clearance Actটা সম্পূর্ণ repeal করে নিচ্ছেন, এবং নিয়ে এই আইন—এই নূতন Slumn Clearance-এর এই আইন নিয়ে আসছেন। তবে এর পেছনে যদি মনে করবার চেষ্টা করি যে সরকারের বস্তীবাসীদের উন্নতির জন্য প্রাণফেটে যাচ্ছে, তাই জন্য Improvement Trust Act করেছিলেন, তারপর Bustee Clearance Act করেছিলেন, তারপর এই Act করেছেন, তা নয় টাকা কিছু খরচ করতে পারা যাবে—এই উদ্দেশ্যে। কিন্তু তাহলেও আমি বলবো যে আগের ১৯৫৮ সালের Act-এর তুলনায় এবারের Act স্বভাবতই আমরা যেটা ভেবেছিলাম—১৯৫৮ সালে Slum Clearance Act-এর সিলেক্ট কমিটির রিপোর্টে দেখতে পাবেন, সেখানে যে minute of dissent আছে—তাতে দেখবেন আমরা বলেছিলাম—বস্তীবাসীদের জন্য পাকা বাড়ী করবার আকাশ কুসুমের বদলে আপনারা এমন পরিকল্পনা করুন, এমন ব্যবস্থা করুন যাতে সমস্ত বস্তীতে অন্ততঃ কিছু কিছু উন্নতির ব্যবস্থা হতে পারে। সরকারের এখন অন্তত. সেইটুকুন কাণ্ডজ্ঞান হয়েছে এবং এই বিলে প্রধানতঃ জোর দিয়েছেন তারই উপর এবং কম জোর দিয়েছেন পাকা বাড়ী তৈরীর ব্যাপারে। সেইজন্য সরকারকে একটু বিলম্বে হলেও সুবুদ্ধির উদয় হয়েছে দেখে ধন্যবাদ জ্ঞাপন করছি, সমর্থন জ্ঞাপন করছি সেদিক থেকে। কিন্তু মুস্কিল হচ্ছে এই যদি সব বস্তীতে তাড়াতাড়ি একটু ভাল রকম improvement নিয়ে আসতে হয় clearance না করে তাহলেও তাঁদের যেটুকু clearance হচ্ছে বা হবে, তাই দিয়ে করে উঠতে পারেন। সেখানেও আমাদের ভরসা খুব বেশী নাই। কলকাতা এবং হাওড়ার বস্তীগুলির আরো এমন জঘন্য অবস্থা যে সেখানে মানুষ এত দৈনন্দিন মৃত্যুর সম্মুখীন হয়ে আছেন বলতে পারেন—বসবাস করেন। সেখানে জলের জন্য যে হাহাকার, আলোর অভাবে যে অবস্থা এবং পায়খানার যে নোংরা গলিত অবস্থা, সেখানে খুব তাড়াতাড়ি কিছুটা অন্ততঃ improvement না করলে এই কলঙ্ক আমাদের ঘুচবে না। আমাদের মন্ত্রীরা বড় বড় লোকেরা পাকাবাড়ীতে বাস করেন; তাঁরা ওদের দুঃখ বা অসুবিধা বোধ করেন না। তবে তাঁরা এইটুকু নিশ্চয়ই বোঝেন যে বস্তী এলাকা কলেরার পীঠস্থান হয়, সেই কলেরা তো পাকাবাড়ী কাঁচাবাড়ীতে তফাৎ করবে না। বস্তী এলাকা থেকে কলকাতা শহরে কলেরা সংক্রামিত হয়। কাজেই তাড়াতাড়ি অন্ততঃ বস্তীকে উন্নত করতে হলে এক দিকে যেমন এই বিল মারফৎ সরকার যা অর্থ ব্যয় করবেন, তাড়াতাড়ি প্লান করে তা করা দরকার, তেমনি সঙ্গে সঙ্গে সেই বস্তীর ভেতর থেকে যাঁরা বস্তীতে ঘর করে, ঘর তুলে যাঁরা বাস করছেন বা ভাড়া দিচ্ছেন, তাদের মধ্য থেকেও এখন একটা প্রেরণা সৃষ্টি করা দরকার যাতে তাঁরা এর বাস্তব অংশীদার হতে পারেন। নিজেদের তাগিদে এবং নিজেদের ক্ষমতার মধ্যে থেকে যাতে তার ব্যবস্থা করতে পারেন। সেদিক থেকে এখন প্রশ্নটা কি? সরকার এই যে আইন করছেন, এতে তাঁরা বলছেন আমরা যদি কোথাও পায়খানা বসাই, তাহলে তার খরচ খরচা hutowners এবং tenant-এর কাছ থেকে আদায় করে নেব। তারপরে

বলছেন improvement levy 20 per cent ৩০ বছর ধরে তাদের উপর চালু থাকবে। এখন ও জিনিস যদি অবস্থাপন্ন লোকের উপর ধার্য্য হতো, তাহলে খুব অন্যায় হতো না। কিন্তু hutowner, এবং hut-এর tenant তো বটেই—আপনি দেখবেন কিছু কিছু পয়সাওয়ালা লোক আছেন সত্যি—কিন্তু বেশীর ভাগ তারাও দরিদ্র শ্রেণীর মানুষ। সুতরাং তাদের কাছ থেকে আপনি পায়খানা তৈরী করে খরচ আদায় করে নেবেন; তা যদি সম্ভব হতো, তাহলে এতদিনে তাঁরাই সেটা করতেন। তাঁদের সেই সংগতি জোগাড় করা সম্ভব নয়। সুতরাং তাঁদের মধ্যে সেই সংগতি জোগাড় করতে পারবে এই রকম একটা অবস্থা বা প্রেরণা সৃষ্টি করতে পারা দরকার। কিভাবে? আপনি আইনে বলেছেন যে বস্তীর জমিদারদের দিয়ে তাকে বস্তী declare করবে এবং সেই জমিদারী স্বত্ব জমিদারদের কাছ থেকে দিয়ে সরকার নিজের হাতে নেবেন। তার জন্য জমিদারকে twenty times তার annual income-ওরা দেবেন; মনোরঞ্জনবাবু ভুল বলছেন annual valuation নয় annual income, তাকে দিয়ে নেবেন, তা সরকার নিন। জমিদারের হাত থেকে যদি জমি সরকারী দখলে আসে, আমি মনে করব মন্দের ভালো, তাই আমি আপত্তি করব না, ততখানি পরিমাণে। কারণ, জমিদারেরা কিছুই করে না। যা সেই মান্ধাতার আমলে হয়ে গিয়েছে, তারপর খাজনা আদায় করা ছাড়া বস্তীর সংগে তাদের কোন সম্পর্ক নেই। সুতরাং সরকার যদি কলকাতার সমস্ত জমি নিজের হাতে নেন, শুধু বস্তীর কেন, পাকাবাড়ীর জমি ও কলকাতার সমস্ত জমি নিজের হাতে নেন, সেগুলির সমস্ত কিছু সরকার গ্রহণ করেন, আমি বলব সেটা মন্দের ভাল। কিন্তু প্রশ্ন হচ্ছে, সরকার জমিদার হবেন জমিদারের বদলে, কিন্তু তাতেই হাটওনারের অবস্থার কিছু পরিবর্তন হবে না। কিন্তু সরকার যখন জমির স্বত্ব নিজের হাতে নিচ্ছেন, জমিদার হচ্ছেন, তখন বস্তীর যারা হাটওনার তাদের কেন ঠিকাপ্রজার স্বত্বের মধ্যে বেধে রাখবেন, তাদের মধ্যে কেন তিনি রায়তী স্বত্ব দেবেন না। ঠিকা প্রজাদারের যারা উঠবন্দী প্রজা তাদের বহু রেসট্রিকসন আছে। তিন ফিটের উপর পাকা দেওয়াল বানাতে পারব না, আলো আনতে হলে জমিদারের পারমিশন চাই, নর্দমা গড়তে হলে জমিদারের পারমিশন চাই, একটা টিউবিয়েল বসাতে হলে জমিদারের পারমিশন চাই—এই যে নানা রকম করপোরেশন আইন এবং ঠিকা প্রজাস্বত্ব আইনের মধ্যে আছে, এখন ইচ্ছে করলে তুলে দেওয়া যায়। তারা আজকে অনিশ্চিত অবস্থায় জীবন যাপন করছে। সেখানে সরকার যদি তাদেরকে রায়তী স্বত্ব দেন, তাহলে পরে তাদের সেই জমিতে একটা টেক আসবে। তারা মনে করবে যে, এর ভবিষ্যতে সম্পূর্ণরূপে বাঁধা, তখন সে যেমন করে পারে সেই সংগতি যোগাড় করতে প্রস্তুত হবে, যে সংগতি দিয়ে তার সেই বাড়ী, তার সেই নর্দমা, তার সেই অঞ্চলের উন্নতি সে করতে পারবে। আজকে সে যদি জানে যে, কাল গভর্নমেন্ট জমিদার হয়ে, গভর্নমেন্ট আমাকে আইন অনুসারে তুলে দিতে পারে তাহলে সে কেন টাকা খরচ করবে, কি করে টাকা খরচ করবে। সুতরাং একদিক দিয়ে সরকারী অর্থ যেমন প্রয়োগ করা দরকার, বস্তীর উন্নয়নের জন্য তেমনিই সংগে সংগে বস্তীর ভিতরে যারা থাকে, বস্তীতে ঘর যারা তৈরী করেছে, যাদেরকে আমাদের অনেকেই ঘৃণা করেন, তারা জংগল ভরাট করে বাড়ী তৈরী করেছে, তাদের একটা অবদান আছে। খুব ভালো বাড়ী হয়ত তারা তৈরী করতে পারে নি, কিন্তু যেখানে করেছে, সেই জায়গায় আগে কি ছিল, আগে ছিল নর্দমা, জংগল, বন। এই ধরণের জমিতে যাতে তারা নিজেদের চেষ্টায় বাড়ী বানিয়েছে, সেই জায়গায় তাদের অবদানের কথা মনে রেখে, আমরা যদি তাদের রায়তী স্বত্ব দিই, তাহলে তারা প্রেরণা পাবে। সে প্রেরণা আরও পাবে আপনারা যদি তাদের কাছে লেভী বসান, কিংবা যদি স্বত্ব রাখেন যে, তুমি রায়তী স্বত্ব পেতে পারবে, প্রোভাইডেড যা যা উন্নতির জন্য স্কিম করা হবে, তারমধ্যে তোমার কনট্রিবিউসন দিতে বাধ্য থাকবে; প্রোভাইডেড মনোরঞ্জনবাবু যে সাজেষ্ট করেছেন, তাও দেওয়া যেতে পারে। জমিদারকে আমাদের যে ক্ষতিপূরণ দিতে হচ্ছে, সেটা তুমি সরকারকে কিস্তীবন্দী শোধ করে দেবে সরকারকে। তাও হতে পারে। কেন এই রকম একটা ব্যবস্থা করা হল না। বস্তীর ভিতর যে মানুষগুলো থাকে, তাদের মধ্যে যদি আমরা

সংগতির প্রেরণা এনে দিতে পারি এবং তার সংগে যদি সরকারের কল্যাণ প্রচেষ্টা যুক্ত হয়, তাহলে আমার বিশ্বাস অল্প দিনের মধ্যেই বস্তীগুলির কিছুটা উন্নতি হতে পারে। আমি সাংহাই শহরের ইতিহাস জানি। নূতন সরকার হবার পরে সেখানে পাকাবাড়ী বানাতে দেয়। ঠিক এইভাবে অস্তত বস্তীবাসীরা শহরে ছিল, সেখানে বস্তীর মধ্যে তারা আলোর ব্যবস্থা করেছে, ড্রেণের ব্যবস্থা করেছে, জলের ব্যবস্থা করেছে। এইভাবে অল্প পয়সার অনেক উন্নতির ব্যবস্থা করেছে। আমরা অনেক বেশী জায়গায়, অনেক বেশি লোকের জন্য আমরা যাতে করতে পারি, তার দিকেই আমাদের দৃষ্টি থাকা উচিত। সুতরাং এটা ভালো সরকার স্বীকার করেছেন বস্তীর যে হাট, সেই হাট বিশেষ ক্ষেত্র ছাড়া তাঁরা দখল করে নেবেন। ভালো কথা, ঠিক কথা।

আর একটা খারাপ জিনিস আছে। মন্ত্রিমহাশয় একটু দয়া করে শুনবেন। আপনারা যেখানে যে বস্তী ক্লিয়ারেন্স করবেন, অর্থাৎ তার বদলে পাকাবাড়ী বানাবেন, সেখানে বর্তমান অকোপায়েডকে অলটারনেটিভ একোমডেশান দেবেন বলে স্বীকার করছেন, সেখানে ১৯৫৮ সালের আইন থেকে আপনারা একটা বড় ফার ক রেখেছেন। সেটা কি? এটা ঠিকই আপনি বলেছেন

[5—5-10 p. m.]

এখন তারা যে ভাড়া দিয়ে থাকে তারই মত বিবেচনা করে একটা ভাড়া স্থির করা হবে। আগের আইনে যে বিধান ছিল, সে যেখানে থাকতো সেখান থেকে এক মাইল রেডিয়াসের মধ্যে তাকে জায়গা দিতে হবে সেটা আপনি এই আইনের মধ্যে রাখেন নি। আজকে আমি মাণিকতলার বস্তিতে থাকি, আপনি সেই বস্তি ভেংগে দিলেন, দিয়ে বললেন যে ধোলসাপুরে তোমাকে জায়গা দিলাম সেখানে যাও, তাহলেত আমার রুজিরোজগার সব বন্ধ, কারণ আমি মাণিকতলায় কাজ করি, সেখান থেকেত মাণিকতলায় কাজ করা যাবেনা। আপনি যদি অলটারনেটিভ অ্যাকমোডেশনের জায়গা স্থির করে না দেন, যেখানে ছিল স্থির সেখান থেকে তাকে যদি অস্থির করে দেন তাহলে সম্পূর্ণ অনিশ্চয়তার মধ্যে পড়বে বস্তিবাসীরা। কাজে কাজেই এই সমস্ত সংশোধনের প্রয়োজন হবে। তারপর ধরুন কমপেনসেসানের বেলায় বলছেন কোন একটা হাট নিয়ে নিতে হতে পারে, যেখানে বেশীর ভাগ বলছেন নেওয়া হবে না, সেখানে কমপেনসেসন জমিদারকে দিচ্ছেন টোয়েন্টি টাইমস অব অ্যানুয়াল ইনকাম, আর হাটওনারদের বেলায় দিচ্ছেন মাত্র ফাইভ টাইমস্ অব অ্যানুয়াল ইনকাম। অথচ জমিটাত পড়ে ছিল বহুকাল জংগল হয়ে, তারা যেভাবেই হোক মানুষের বাসের যোগ্য করে এটাকে বানিয়েছে হাটওনাররা এবং তারা সেখান থেকে গ্রাসাচ্ছাদন করছে। তারা যদি মাত্র ফাইভ টাইমস্ অব অ্যানুয়াল ইনকাম পায় আর জমিদারকে যদি টোয়েন্টি টাইমস্ অব অ্যানুয়াল ইনকাম দেওয়া হয় ত হলে অন্যায় করা হয় এবং দু'জনের মধ্যে তারতম্য করা হয়। এজন্য যে গরীব লোক তার প্রতি বেশী সদয় হওয়ার প্রয়োজন ছিল এবং অপেক্ষাকৃত বেশী পয়সাওয়ালা লোক যারা তাদের প্রতি এত সদয় হবার কোন দরকার ছিল না। ১৯৫৮ সালের আইন যদি দেখেন তাহলে দেখবেন, যে আইনটা আপনি রিপিল করতে চাচ্ছেন তার থেকে দেখতে পাবেন লেসি ও ঠিকা টেনান্ট এর বেলায় ছিল 20 to 10 times of annual income plus cost of structure less depreciation. আমরা সিলেক্ট কমিটিতে ধস্তাধস্তি করে এই আইন আনতে পেরেছিলাম যে হাটওনারদের বেলায় ২০ থেকে ১০ গুণ, তার বাড়ী, জিনিসপত্র গুলির দাম পাবে, আর জমিদারদের বেলায় করা হয়েছিল খালি ফাইভ টাইমস অব অ্যানুয়াল ইনকাম পাবে। আপনারা এতদিন কল্যাণ রাষ্ট্র করলেন, দেশ কল্যানের দিকে অগ্রসর হল, সেই পর্যায়ে কি শৈলবাবু বিধানবাবু যেটা ঠিকা টেনান্টের বেলায় টোয়েন্টি টাইমস্ টু টেন টাইমস্ করেছিলেন এবং জমিদারদের বেলায় ফাইভ টাইমস্ করেছিলেন সেটা এখন উলটে জমিদারদের বেলায় টোয়েন্টি টাইমস্ দেবেন আর হাটওনারদের বেলায় ফাইভ টাইমস্ দেবেন? এই কি মন্ত্রীমণ্ডলীর প্রগতি? সেজন্য স্বভাবতঃই আমরা আশা করতে পারি যে বিধানবাবুর আমলে যেটা স্থিরিকৃত হয়েছিল তার চেয়েও বেশী

সুবিধা গরীব মানুষকে দিতে হবে এবং দরকার হলে বড়লোককে আরো শোষণ করুন, সেটা কোন অন্যায় হবে না। এইভাবে বিচার বিবেচনা করে সিলেক্ট কমিটি থেকে বাস্তবিকই একটা সুন্দর বিল যদি আপনারা নিয়ে আসতে পারেন যাতে গরীব বস্তিবাসীদের জীবনে কিছুটা পরিবর্তন আসে তাহলে আমরা মনে করবো যে সত্যিই আপনারা একটা ভাল কাজ করবেন। কিন্তু ঐ পাকা বাড়ী, পি, এল, ৪৮০ ইত্যাদি আকাশকুসুম অত্যন্ত ভাল জিনিস উপস্থিত করে, ডাংগল করে আমাদের ভুল বুঝাতে চাইবেন না এই হচ্ছে আমার অনুরোধ।

Shri Hemanta Kumar Basu : স্যার, বস্তি সমস্যা আমাদের কলকাতা এবং হাওড়ায় একটা বিরাট এবং বিশেষ সমস্যা। এই সমস্যা নিয়ে আমরা বহুদিন ভাবছি, আলোচনা করছি এবং এই বস্তির উন্নতিকল্পে ডাঃ বিধানচন্দ্র রায় যখন বেঁচে ছিলেন তিনি ১৯৫৮ সালে এই স্লাম ক্লিয়ারেন্স আইন নিয়ে আসেন। এই স্লাম ক্লিয়ারেন্স আইন যখন পাশ হয়েছিল তখন আমরা পরিষ্কার বলেছিলাম যে যেভাবে আইন করা হচ্ছে তাতে সেই আইন কাযে পরিণত করা সরকারের পক্ষে সম্ভব হবে না। কারণ এতে এত অর্থের দরকার হবে যে অর্থ সরকারের নেই এবং কেন্দ্রীয় সরকারও এত অর্থ দেবে না। কাজেই আজকে ৭।৮ বছর পরে আবার একটা আইন সরকার আনতে বাধ্য হলেন। ১৯৫৮ সালে যে আইন ছিল সেই আইন থেকে কিছু কিছু পরিবর্তন এই আইনে হয়েছে। আমরা তখন বলেছিলাম যে সরকার সমস্ত জমি নেবার ব্যবস্থা না করে এমন ভাবে প্লান করে দিন বা মিউনিসিপালিটি প্লান করে দিন যে প্লান অনুসারে সমস্ত বস্তিটা রিমডেলড হবে এবং সেই প্লান অনুযায়ী একটা রাস্তা তৈরী করার জন্য যতখানি জায়গা দরকার, জলের ব্যবস্থা, ড্রেনের ব্যবস্থা ইত্যাদি ব্যবস্থা করার জন্য যতখানি জায়গা দরকার ততখানি জায়গা নিয়ে যাতে সেই প্ল্যানমত বস্তির ডেভালপমেন্ট হয় সেই মত ব্যবস্থা করা উচিত। আমারা তখন বলেছিলাম যে, যে সমস্ত হাটওনার আছে তাদের পক্ষে সম্ভব হবে না সরকারী প্লান অনুসারে নূতন করে ঘর বাড়ী তৈরী করা, সেই জন্য তাদের লোন দেওয়া হোক যেমন উদ্বাস্তুদের লোন দেওয়া হয় বাড়ী তৈরী করার জন্য এবং জমি কেনবার জন্য। তাদের বাড়ী নূতন করে তৈরী করার জন্য বা রক্ষা করার জন্য সেইমত তাদের একটা কিস্তিতে টাকা ধার দেওয়া হোক এই প্লান আমরা দিয়েছিলাম ডাঃ রায়কে যাতে করে বস্তি তাড়াতাড়ি উন্নতি হয় এবং বস্তি সরকারী প্লান অনুসারে কাযে পরিণত হয়। কিন্তু তখন আমাদের সরকারের মনোভাব ছিল সমস্ত বস্তি তারা স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট ডিক্লিয়ার করে গ্রহণ করবেন এবং সেই বস্তিতে কোঠাবাড়ী করে দেবেন। আমরা বলেছিলাম কোঠা বাড়ী যেগুলি করে দেওয়া হবে তা যেন বস্তির কাছেই দেওয়া হয় যাতে তারা বস্তির কাছেই থাকতে পারে, আর ভাড়া যা হবে তারা যে ভাড়ায় থাকে সেই ভাড়ার কাছাকাছি যেন হয়। এই সমস্ত সাজেশন আমরা তদানীন্তন সরকারকে দিয়েছিলাম কিন্তু সরকার সেটা গ্রাহ্য করলেন না। তাঁরা বললেন যে না আমরা বস্তির সব জায়গায় বাড়ী তৈয়ারী করে বস্তিবাসীদের সেখানে সরিয়ে দিয়ে বস্তিকে নূতন করে গড়ে তুলবো। কিন্তু আজকে ৮ বছর পরে দেখা যাচ্ছে সেটা সম্ভব হয়নি অর্থাভাবে কাজেই আবার নূতন করে আমাদের শৈলকুমার মুখোপাধ্যায় মহাশয় একটা স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট নিয়ে এসেছেন পুরানো অ্যাক্ট বাতিল করে দিয়ে। নূতন আইনও প্রায় পুরানো আইনের মত, তবে একটু পরিবর্তন হয়েছে যে সমস্ত বস্তিটাকে তাঁরা গ্রহণ করবেন না, তাঁরা হাটওনারদের সুযোগ দেবেন, সুবিধা দেবেন, সুবিধা দেবেন যাতে তারা বস্তির প্ল্যান অনুসারে নিজেদের ঘরবাড়ী তৈরী করে নিতে পারে। যে সমস্ত জমিদারের জমি নেওয়া হবে, যখন জমিদারী প্রথা বিলোপ আইন এসেছিল তখন আমি সিলেক্ট কমিটিতে বলেছিলাম কলকাতায় যে সব জমিদারী আছে সেগুলিকেও এই সংগে নিয়ে নেওয়া হোক। সিলেক্ট কমিটিতে এটা গ্রহণ করা হয়েছিল, কিন্তু হঠাৎ আমি দেখলাম যে হাউসেএসে ডাঃ রায় কলকাতাকে জমিদারী প্রথা বিলোপ আইন থেকে বাদ দিয়ে দিলেন। তখনই যদি জমিদারী প্রথা বিলোপ আইনের মধ্যে কলকাতাকে

অন্তর্ভুক্ত করতেন তাহলে কলকাতার জমির সমস্যা দেখা দিতো না। কিন্তু আজকে কলকাতায় সেই জমির সমস্যা রয়েছে এবং সেজন্য কলকাতার জমিদারদের অন্নের ২০ ভাগ একটা কমপেনসেশন দিতে হচ্ছে। কাজেই সেদিক থেকে জমিদারী প্রথা থাকার জন্য আজকে সেই টাকা দিতে

[5-10—5-20 p.m.]

হচ্ছে, অবশ্য তখনও হোত, আজকে এই বস্তিগুলিকে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে, অবশ্য এর আগে কিছু কিছু বস্তিতে আমরা দেখেছি যে বস্তিবাসীরা নিজেদের চেষ্টায়, পরিশ্রমে, নিজেদের অর্থে কিছু কিছু বস্তিতে ইলেকট্রিকসিটি করেছে জলের ব্যবস্থা করেছে ঘরগুলি পরিষ্কার করেছে, সেখানে বড় বড় জানালা হয়েছে দু একটা বস্তিতে আমরা দেখেছি যে এই রকম বস্তিবাসীরা খানিকটা উন্নতি করেছে। এবারে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে এই বস্তিগুলির উন্নতিকল্পে এই অ্যাক্টটা আনা হয়েছে যদি এটা কার্যকরী হয়, এবং এটা ১৯৫৮ সালের অ্যাক্টে পরিণত না হয় যাতে ভবিষ্যতে আবার বাতিল করতে না হয় তারজন্য ঠাটওনারা যাতে প্ল্যান অনুসারে নিজেদের ঘরবাড়ী নিজেদের মনমত বাড়ী করে নিতে পারে তা আমাদের দেখা দরকার; অবশ্য সব জায়গায় যে কোঠাবাড়ীর দরকার তার কোন মানে নেই। কাজেই সেদিক থেকে বস্তিবাসীদের স্বাস্থ্যের যাতে উন্নতি হয় জলের ব্যবস্থা হয়, পাইখানার উন্নতি হয় তার ব্যবস্থা করা দরকার। এখনকার যে আইন আছে সেই আইনে যদি কোথাও পাইখানা করতে হয় জলের ব্যবস্থা করতে হয় তাহালে জমিদারের পারমিসন নিতে হয় যা সেই জমিদাররা সহজে দেন না। যে কোন বস্তির মধ্যে যান দেখবেন যে সেখানে পাইখানাগুলি কি নক্কারজনক অবস্থায় আছে—সেখানকার ড্রেনগুলি কি অপরিষ্কার, অপরিচ্ছন্ন, সেখানে কোন জলের ব্যবস্থা নেই, কাজেই বস্তিগুলি এই অবস্থায় চলেছে। সুতরাং এই বস্তিগুলির নিশ্চয় উন্নতি দরকার এবং এর জন্য যে আইন আনা হয়েছে এই আইনটি সিলেক্ট কমিটিতে দেওয়া হয়েছে সিলেক্ট কমিটি নিশ্চয় এই আইনের যেখানে যেখানে দরকার সেখানে সেখানে তার পরিবর্তন এবং পরিবর্ধন করিবেন এবং এই যে দেওয়া হয়েছে ঠিক টেন্যান্টদের যে ইমপ্রুভমেন্ট লেভি দিতে হবে সেই ইমপ্রুভমেন্ট লেভি ভাড়াটেদের কাছ থেকে আদায় করতে পারেন, এবং তা কি করে আদায় করবে গরীব ভাড়াটেরা কি করে তা দেবে? এক এক ঘরে এক দুই তিন চার জন এক টাকা দু টাকা পাঁচ টাকা দিয়ে থাকে। কাজেই যদি তাদের ইমপ্রুভমেন্ট লেভি দিতে হয় তাহালে তাদের পক্ষে অত্যধিক কষ্টকর হয়ে পড়বে। সেজন্য আমি বলছিলাম যে তাদের উপর ইমপ্রুভমেন্ট লেভি চার্জ না করে যেখানে তাদের ঘরবাড়ী বা পল্লী রিবিল্ড করবার জন্য যে টাকার দরকার সেই লোন হিসাবে সরকার দিন—২০।১৫।১০ বছর হোক সেই কিস্তিতে লোন দিন এইভাবে গরীব ভাড়াটেদের উপর ইমপ্রুভমেন্ট লেভি না চাপিয়ে তারা নিজেরাই সরকারী সাহায্যে সেই বস্তির উন্নতি করতে পারেন তার ব্যবস্থা করুন। আমি একবার বলেছিলাম ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাষ্টে যখন বোসপাড়াস স্কীম হয় তখন আমি একথা বলেছিলাম যে সেখানে বহু গরীব মধ্যবিত্ত অধিবাসী যারা অনেকদিন ধরে ওখানে বসবাস করবেন তাদের উদ্বাস্তু হতে হবে তখন ডঃ রায় ছিলেন, আমি বোসপাড়ার লোকদের নিয়ে এসেছিলাম এবং আমি তাঁদের প্ল্যানও দিয়েছিলাম যে সেই জায়গাতে তাদের বসবাসের ব্যবস্থা করা হোক নিজেদের বাড়ী রিবিলড করে হোক বা নূতন করে হোক এবং যে টাকার দরকার সেই টাকা তাদের লোন দেওয়া হোক—তাহলে এই সমস্ত পুরানো অধিবাসীরা সেখানে থাকতে পারে। এই সমস্ত বস্তিবাসীদের রুজিরোজগার এবং ব্যবসা বাণিজ্য সমস্তই ঐ বস্তির মধ্যে, কাজেই তাদের যাতে সেটা বজায় থাকে এবং সেই বস্তিগুলি যাতে সুন্দর হয় এবং সেখানে যাতে জল ড্রেণ পাইখানার ব্যবস্থা হয় তার ব্যবস্থা করা দরকার। কাজেই এই আইটা এসেছে এই আইনটা যাতে সিলেক্ট কমিটিতে সেইভাবে নূতন করে করা হয় এবং যাতে আমাদের এই বিধানসভায় যে বিষয়ে বেশী আলোচনা করতে না হয় সেইভাবে যদি আইনটা হয় তাহলে নিশ্চয় আমরা বিলটি সমর্থন করবো।

Shri Nani Bhattacharjee: মাননীয় চেয়ারম্যান, স্যার, এই বিলটি যখন আনছেন তখন মাননীয় শৈলবাবু ১৯৫৮ সালের আইনটা যে ব্যর্থ হয়ে গেছে সে সম্বন্ধে অবশ্য খুব বেশী কিছু বলেন নি। কিন্তু এটা পরিষ্কার বোঝা যায় যে সেই আইনটা ব্যর্থ হয়ে গেছে। অথচ তার অভিজ্ঞতা থেকে যেভাবে নূতন আইনটা করা দরকার সেইভাবে আইনটা হোল না। খুব সাধারণ ব্যাপার—আজকে কলকাতা বা হাওড়ার বস্তীগুলিতে আমরা দেখছি সেখানে পার একর ডেনসিটি অব পপুলেসন হচ্ছে ৪৫৬.৭৪—এটাও কিন্তু পুরানো ১৯৫৮ সালের হিসাব, স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর তরফ থেকে করা হয়েছিল—যখন সেই আইন করা হয় তার আগে। তারপরেও এই লাষ্ট সেন্সাসের সময় যে রিপোর্ট পাওয়া যায় তাতে ডেনসিটি অব পপুলেসন বেড়েছে, কমেনি এবং তারপরেও চার পাঁচ বছর পেরিয়ে গেল, সেই ডেনসিটি অব পপুলেসন কমেছে বলে মনে হয় না। অন্তত: ১৯৬১ সালের জায়গাতেই আছে সেটা ধরে নেওয়া যায় এবং সেটা ৪৫৬-এর অনেক বেশী। প্রথম কথা হচ্ছে বস্তী উন্নয়নের গোড়ায় যে জিনিসটি দরকার সেটা হচ্ছে ডেনসিটি পপুলেসন পার একর সেটা কিভাবে কমানো যাবে এবং তা করতে গেলে কি ধরণের আইন কি ধরণের ক্ষমতা এই আইনের মারফৎ গভর্নমেন্ট তার নিজের হাতে নেবেন। যদি ডেনসিটি অব পপুলেসন রোধের আমরা কোন ব্যবস্থা না করি তাহলে বস্তী উন্নয়নের জন্য যত বড় বড় কথাই বলি না কেন সেখানে বস্তীর স্বাস্থ্যের যে উন্নতি সেই উন্নতি ঘটাতে পারা যাবে না। ২নং অন্যান্যবিধ যে ব্যবস্থা সে রাস্তঘাট বলুন, ড্রেন বলুন, পায়খানা বলুন, জল বলুন এই সমস্ত ব্যবস্থা করাটাও খুব কঠিন হয়ে উঠবে। এখানে যে ব্যাপারটা দরকার একদিকে ডেনসিটি অব পপুলেসনের ব্যাপার—অন্যদিকে আমরা সংগে সংগে দেখতে পাচ্ছি মাননীয় চেয়ারম্যান মহাশয়, এক একটা হাটে গড়ে ১৫ টা করে ফেমেলি থাকে—সুতরাং সেই এক একটা হাটে যাতে ১৫টা ফেমিলি না থাকে এক একটা ফেমিলির জন্য যাতে সেল্‌ফ কনটেন্ট একটা ব্যবস্থা হয় সেই ধরণের উন্নতির পরিকল্পনা থাকা দরকার। সেই ধরণের পরিকল্পনা না নিলে বস্তীবাসীদের জীবনের কোন উন্নতি এমন কি তাঁদের হেল্‌থ এবং মোর‍্যাল দিকগুলি যদি বিবেচনা করা যায় তাহলে তার কিছুই করতে পারা যাবে না। তারপর মনোভাবের ব্যাপার। বিভিন্ন বস্তীর এরিয়া যদি ধরি তাহলে ১,৫০০ একরের মত এরিয়া। আমি কলকাতার বলছি, হাওড়ার কথা বলছি না, আমাদের কলকাতায় রেজিষ্টার্ড বস্তী হচ্ছে ২,৪৮৩ এবং আন রেজিষ্টার্ড হচ্ছে ৭৩৬ পুরানো হিসাব থেকে কথাটা বলছি। এখন এই বস্তীর মালিক কারা—সেই সমস্ত জমিদার কতজন ইত্যাদি কোন হিসাব আমার এখানে নেই। সরকার বাহাদুরের কোন হিসাব আছে কিনা সেটা তাঁরা বলবেন এবং এটা পরিষ্কার কথা, বার বার এই হাউস-এর পুরানো রেকর্ড থেকে আমরা দেখেছি ১৯৬২ সালের পরে থেকে এবং ১৯৬২ সালের পরে এ পর্যন্ত বহুবার বস্তীউন্নয়নের ব্যাপারে বহুরকম আলোচনা হয়েছে বহু কথা আমরা বলেছি কিন্তু যা করলে বস্তীর জীবনকে আমরা সুগঠিত করতে পারি সেদিকে এই সরকার বা শৈলবাবুরা এগোন নি—সেটা হচ্ছে জমিদাররা আমরা দেখছি যতটুকু উন্নয়ন করা যায় একটা টিউবওয়েল যদি বসাতে হয় তাঁরা পারমিসন দেন না – কলেরা এপিডেমিক ফর্মে দেখা দিয়েছে, করপোরেসনের তরফ থেকে টিউবওয়েল বসানোর চিন্তা করেছেন, তাঁরা বস্তীতে গেছেন, জমিদাররা বাধা দিয়েছেন। সুতরাং সে জমিদারদের প্রশ্রয় দিয়ে জমিদারী

[5-20—5-32 p.m.]

ব্যবস্থার উচ্ছেদ না করে খুব সামান্যতম বস্তীউন্নয়নের যে কাজ সে কাজে হাত দেওয়া খুব কঠিন হবে না। ১৯৫৮ সালে তাঁরা যেটা করবার কথা ভেবেছিলেন সেটা পারেন নি কেন না কংগ্রেসকে তাদের উপর নির্ভর করতে হয়, মন্ত্রিসভাকে নির্ভর করতে হয়, হয়ত সেদিকে তাকিয়ে সেটা করেন নি। সেজন্য ১৯৫৮ সালের আইন অনুসারে বাড়ী যত না হয়েছে C.I.T, যেহেতু ক্ষতিপূরণের রেট সেখানে বেশী আছে সেহেতু সে ভাবে তাঁরা বাড়ী তৈরী করার চেষ্টা করেছেন। এখন তাদের কমপেনসেসানের হার বাড়িয়ে দেওয়া হয়েছে জমিদারদের ক্ষেত্রে, আমরা মনে করি ঠিক সেইভাবে জমিদারদের তোষণ করলে কিছু হবে না কেন কমপেনসেসানের হার বাড়বে?

আমি এ বিল গড়ার সংগে সংগে জমিদারী দখল আইন এবং স্টেট অ্যাকুইজিসান অ্যাক্টের কমপেনসেসানের হার দেখলাম। গ্রাম ও শহরে এ পার্থক্য করা হবে কেন? গ্রামাঞ্চলে জমিদারী দখল আইনে পরিষ্কারভাবে বলেছেন যেখানে তার নীট ইনকাম তাদের ক্ষেত্রে কমপেনসেসানের হার বেশী করে দিয়েছি এবং যাদের নীট ইনকাম বেশী তাদের ক্ষেত্রে কমপেনসেসানের পরিমাণ কমিয়ে দিয়েছি, ঠিক এরূপ নীতি অনুসরণ করা হয়েছিল স্টেট অ্যাকুইজিসান অ্যাক্টে, আমি ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাকুইজিসান অ্যাক্টে চার্ট দেখেছি সেখানে বলছে for the first Rs.500 or less—20 times of such net income, for the next Rs.500 or less—18 times of such net income, for the next Rs.1,000—17 times of such net income—less of net income, for the next Rs.2,000—12 times of such net income—less of net income, for the next Rs.10,000—10 times of such net income—less of net income, for the next Rs.15,000—6 times of such net income—less of net income, for the next Rs.80,000—3 times of such net income—less of net income, for the balance of the net—2 times of such balance of net income. যারা কম আয়ের তাদের কমপেনসেসানের হার বেশী দিচ্ছি, এবং যাদের বেশী আয় ভোগ করে আসছে সেখানে তাদের কম দিচ্ছি এ নীতি কেন লঙ্ঘন হল? এটা কলকাতা বলে কি হল? কলকাতায় এসব বাড়ীর মালিকরা বাড়ীর জমি নিয়ে ফাটকাবাজী করে বলে টাকার কুমীর বলে তাদের জন্য আলাদাভাবে আইন করতে হবে? সুতরাং এখানে সমদৃষ্টি কোথায় থাকলো? তাই একথা বলছি এটা একটু কঠোর হল জমিদারী তোয়াজে। মনোভাব বাদ দিন এবং যে রেট জমিদার দখল আইনের ক্ষেত্রে করেছেন স্টেট অ্যাকুইজিসানের ক্ষেত্রে করেছেন সেটাই করুন এটাই আমার সিলেক্ট কমিটির মেম্বারদের কাছে অনুরোধ। আমরা কমপেনসেসানের বিরোধী, তবে যারা গরীব তাদের রিহ্যাবিলিটেসান গ্রান্ট দেবার পক্ষে আমরা। এই উদ্দেশ্যের জন্য—যারা জীবিকা চ্যুৎ হয়ে যাবে তাদের রিহ্যাবিলিটেসানের জন্য গ্রান্ট দেওয়া দরকার। কিন্তু যারা উপসত্ত্ব প্রচুর পরিমাণে ভোগ করেছে যারা লক্ষ লক্ষ টাকা কামাই করেছে তাদের আরো ধনী করাবার জন্য কমপেনসেসান্ দেওয়া উচিত নয় এবং আমরা তার বিরোধী। কিন্তু যদিও একটা নীতি জমিদারী দখল আইনের ক্ষেত্রে কমপেনসেসানের বেলায় স্বীকার করে নেওয়া হয়েছে এক্ষেত্রেও সে নীতি স্বীকার করে নেওয়া হোক। এ অনুরোধ আমি শৈলবাবুর কাছে এবং Select Committee-র Members দের কাছে রাখছি। ঠিকা প্রজাদের রায়তি সত্বের বিষয় বলছি না, কারণ সোমনাথবাবু বলেছেন ঠিকা প্রজাদের রায়তি সত্ব দেবার ব্যবস্থা করতে হবে। এই সংগে সংগে হার্ট ওনার্স যারা তারা যাতে কমপেনসেসান্ বেশী পায় সেটা করা হোক, বাড়ী থেকে যদি কাউকে উচ্ছেদ করতে হয় তাহলে তাদের বিকল্প বসবাসের জায়গা এবং ব্যবসা বাণিজ্যের জায়গা কাছা কাছি হয় সেটা দেখাতে হবে। আমি আর বেশী কিছু বলতে চাই না। আমার পূর্বে অনেক Paint Cover করে অনেকে বলেছেন সুতরাং আমি শেষ করছি।

Shri Apurba Lal Majumdar: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1966.

Shri Nikhil Das: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Shri Balai Lal Das Mahapatra: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 28th February, 1966.

Shri Aswini Roy : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st February, 1966.

Shri Bhakti Bhusan Mondal : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Narayandas Das : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

Dr. Golam Yazdani : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1966.

Shri Aswini Roy : That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Saila Kumar Mukherjee : মাননীয় সভাপাল মহাশয়, আমার বিশেষ কিছু বলবার নেই এটা খুবই আনন্দের কথা যে এ বিলকে সবাই অভিনন্দন জানিয়েছেন এবং এর প্রয়োজনীয়তা আছে সেটা সকলেই স্বীকার করেছেন। এই প্রসংগে ওঁদের যা কিছু বক্তব্য নিশ্চয়ই সিলেক্ট কমিটি বিবেচনা করবেন এবং প্রয়োজন হলে পরিবর্তিত আকারে হাউসের কাছে কলকাতা এবং হাওড়া অঞ্চলের বাড়ী উন্নয়নের প্রসংগ নিয়ে আলোচনার জন্য আবার এ গুরুত্বপূর্ণ বিল আসবে। সোমনাথবাবু এবং ননীবাবু যার পুনরাবৃত্তি করেছেন সেই ২/৩টা মৌলিক কথার বিষয় কিছু বলতে চাই। ওঁরা বলেছেন অলটারনেটিভ অ্যাকমডেসনের ব্যবস্থা করা উচিত ছিল। অলটারনেটিভ অ্যাকমডেসানের ব্যাপারে ওঁরা section 17 পড়েন নি। সেখানে অলটারনেটিভ আকমডেসানের ক্লিয়ার ব্যবস্থা আছে। আগে ছিল শুধু ক্লিয়ারেন্স বিল এখন হল ইমপ্রুভমেন্ট অ্যাণ্ড ক্লিয়ারেন্স। বাড়ীর অবস্থার উন্নতি করবার জন্য সমস্ত বস্তী ভেঙ্গে ক্লিয়ার করা অসম্ভব ; সেজন্য ১৯৫৮ সালের বিলটা রিপিল্ করে এই আইন করা হচ্ছে। যেখানে ক্লিয়ারেন্সের প্রয়োজন হবে সেখানে সেক্সান ১৭এ অলটারনেটিভ অ্যাকমডেসানের ব্যবস্থা করা হয়েছে আর একটা কথা রায়তি রাইটস্ ঠিকা টেনান্সদের কেন দেওয়া হল না ? সেটা বিবেচনা করেই করা হয়েছে আমাদের পরিকল্পনা হচ্ছে দীর্ঘমেয়াদী ভাবে কলকাতা শহরকে আমরা বস্তীমুক্ত করবো, এখন আশু প্রয়োজনীয়তায় আমরা বস্তী উন্নয়ন করবো, সেখানে হয়ত বস্তী থেকে উচ্ছেদ করার প্রয়োজন হবে না, সেজন্য সেখানে ঠিকা টেনেন্সি থাকবে তাদের সত্ব নিয়ে নেওয়া হয়েছে। সুতরাং ঠিকা টেনেন্সি রায়তি সত্ব দিলে ভবিষ্যতে তা যখন ক্লিয়ারেন্স করা হবে তখন আইনের অসুবিধা হবে। সেজন্য রায়তি সত্বদানের ব্যবস্তা করা হয় নি। অবশ্য এ বিষয় সিলেক্ট কমিটি বিবেচনা করবেন। আর একটা কথা ননীবাবু Rate of Compensation সেটা West Bengal Estates Acquisiton Act থেকে বলেছেন এ নীতি কেন গ্রহণ করলেন না যে নীচের দিকের লোকের বেশী আর উপরের দিকে কম। এর কারণ হচ্ছে বস্তীর সংগে জমিদারদের তুলনা একটা ক্রস্ এনালজির মত হচ্ছে। কলকাতা শহরের অবস্থা কি ? আমরা তিন ক্লাসের লোককে উচ্ছেদ করছি, জমিদার, ইন্টারমিডিয়ারী এবং বস্তীবাসী এবং ঠিকা টেনেন্ট, যারা বস্তীতে বাস করে তারা সর্বাপেক্ষা গরীব তাদের শোষণ করে ইন্টারমিডিয়ারীরা বহু হারে ভাড়া দিচ্ছে। আজকে যা ভাড়া দিচ্ছে তার ঢের বেশী ভাড়া দিচ্ছে। যারা বাড়ীর ওনার তারা বহু দিন পূর্বে থেকে ভাড়া দিচ্ছে। সুতরাং যারা বাড়ীতে বাস করে তারা যে হারে ভাড়া দিচ্ছে সেখানে যদি তার নিতে হয় তার জন্য আমরা ৫ গুণ করছি সমতা রক্ষার জন্য

—যাদের খুব কম হয়ে যায় তাদের জন্য 20 per cent একটা সমতা রক্ষার জন্য ব্যবস্থা করা হয়েছে। গরীব বা জমিদারের কোন পার্থক্য সৃষ্টি করা হয় নি। এই সমস্ত বক্তব্যগুলি সিলেক্ট কমিটি নিশ্চয়ই বিবেচনা করবেন। একটা কথা এখানে সোমনাথবাবু উল্লেখ করেছেন। ওঁরাত সবেতেই ধান ভানতে শিবের গীত গান। হঠাৎ কোথা থেকে এই বিলের মধ্যে P.L. 480 দেখতে পেলেন, আমি বুঝতে পারলাম না। Metropolitan Sanitation Authority Bill-এর সঙ্গে এর তুলনা করলেন। ঐ World Bank-এর সহায়তার নামে আমরা এই বিলটি করছি, এবং P.L. 480-র সহায়তার এই বিল আমরা করছি। আমেরিকা এবং World Bank-এর কাছ থেকে টাকা পাবার আশায়, আমরা নাকি কলিকাতায় বস্তীর উন্নয়ন করতে যাচ্ছি। ঐটা ওঁদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গী। সোমনাথবাবু যে রাজনৈতিক দলভুক্ত, তাঁর পক্ষে ঐ রকম কথা বলার প্রয়োজনীয়তা আছে। কারণ, তা নাহলে তাঁর দলীয় নীতির পৃষ্ঠপোষকতা করা হয় না। এটা আমি স্বীকার করি। কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, উনি যে কথা উল্লেখ করেছেন যে P. L. 480-র জন্য এই বস্তী উন্নয়ন পরিকল্পনা বিলটি নিয়ে আসা হয়েছে, তা একেবারে অবাস্তব। এই বিলের circulation motion-এর কোন প্রয়োজনীয়তা নেই। সকলেই চাচ্ছেন বস্তীর উন্নয়ন হোক। দীর্ঘদিন আগে এই বিলটি ক্যালকাটা গেজেটে প্রকাশিত হয়েছে, আমি ত পাব্লিকের কাছ থেকে এ সম্বন্ধে কোন বক্তব্য শুনিনি। সুতরাং এটি সিলেক্ট কমিটির কাছে গেলে, নিশ্চয়ই তাঁরা সব কিছু বিবেচনা করে দেখবেন।

এই বলে, আমি, এই বিলটি সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য প্রস্তাব করেছি, আশাকরি, সকলে একমত হয়ে আমার প্রস্তাব গ্রহণ করবেন।

The motion that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965, be circulated for eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee, as amended that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965, be refered to a Select Committee consisting of—

1 Shri Saila Kumar Mukherjee,
2 Shri Bijoy Singh Nahar,
3 Shri Jagannath Kolay,
4 Shri Naresh Nath Mookerjee,
5 Kumar Jagadish Chandra Sinha,
6 Sbri Asoke Krishna Dutta,
7 Shrimati Shakila Khatun,
8 Shri Narendra Nath Sen,
9 Shri Sankardas Banerji,
10 Shrimati Biva Mitra,
11 Shri Abani Kumar Basu,
12 Dr. Pratap Chandra Chunder,
13 Dr. Sushil Das Gupta,
14 Shri Siddhartha Sankar Ray,
15 Shri Anil Maitra,
16 Shri Bijesh Chandra Sen,

17 Shri Ananda Gopal Mukhopadhyay,
18 Shri Bejoy Krishna Bhattacharya,
19 Shri Bhakti Bhusan Mandal,
20 Dr. Kanai Lal Bhattacharya,
21 Dr. Narayan Chandra Roy,
22 Shri Nikhil Das,
23 Dr. A. M. O. Ghani,
24 Shri Anadi Das,
25 Shri Bejoy Kumar Banerjee,
26 Shri Khagendra Kumar Roy Chaudhury, and
27 Shrimati Ila Mittra,

with instructions to submit their report by the 28th February, 1966, wast then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-32 p.m. till 1 p m. on Wednesday, the 19th January, 1966, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 19th January, 1966, at 1 p. m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 176 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p. m.]

Drainage Scheme in Bilbasia and Jibanti areas of Murshidabad district

***521.** (Admitted question No. *2301.) **Shri Birendra Narayan Ray :** সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলার বিলবসিয়া এবং জীবন্তী নদী এলাকার জল নিষ্কাশন, বন্যা নিবারণের জন্য ক্যানেল কাটার যে একটি পরিকল্পনা সরকারের ছিল তাহার সর্বশেষ পরিস্থিতি কি ?

Shri Syamadas Bhattacharyya : বিলবসিয়া ও জীবন্তী নদী এলাকার জল নিষ্কাশন ও বন্যা নিবারণের সমস্যা সমগ্র কান্দি এলাকার জল নিষ্কাশন ও বন্যা নিরোধ সমস্যার সহিত জড়িত। কান্দি ও তৎপার্শ্ববর্তী অঞ্চলের জল নিষ্কাশন ও বন্যা নিরোধের উদ্দেশ্যে একটি সর্বাঙ্গীন প্রকল্প প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইয়াছে। বর্তমানে হরিণঘাটা নদী গবেষণাগারে এই প্রকল্প সম্পর্কিত মডেল এক্সপেরিমেন্টের কাজ চলিতেছে।

Shri Birendra Narayan Ray : এই পরিকল্পনা কোন বছর প্রথম নেওয়া হয়েছিল ?

Shri Syamadas Bhattacharyya : এখন আমি সেটা বলতে পারবনা।

Shri Birendra Narayan Ray : একথা কি ঠিক যে ১৯৬০ সালে এই পরিকল্পনা করেছিলেন ?

Shri Syamadas Bhattacharyya : আমি যা তথ্য দিতে পারি তা সব প্রশ্নোত্তরের মধ্যেই লেখা আছে। এই প্রসংগে আমি এটুকু শুধু এখানে যোগ করতে পারি যে, বিলবসিয়া অঞ্চলের জন্য কোন পরিকল্পনা এখনো গ্রহণ করা হয়নি।

Shri Birendra Narayan Ray : মন্ত্রিমহাশয়ের একথা কি জানা আছে যে, এই পরিকল্পনাটি গৃহীত হলে কয়েক হাজার একর জমি দুফসলী হবে এবং মুর্শিদাবাদ জেলা deficit area থেকে surplus areaতে পরিণত হবে ?

Shri Syamadas Bhattacharyya: এই কথা ঠিক, সেই জন্যই হরিণঘাটায় একটা model experiment করা হচ্ছে। আমরা জানি এই পরিকল্পনা গ্রহণ করতে পারলে অনেক উপকার হবে।

Shri Birendra Narayan Ray: যাতে এইটা তাড়াতাড়ি নিষ্পন্ন হয় তার ব্যবস্থা করবেন কি?

Shri Syamadas Bhattacharyya: যথাসাধ্য তাড়াতাড়ি করবার জন্য হরিণঘাটা গবেষণাগারকে বলেছি।

Drainage Scheme in Berhampore police-station

***522. (Admitted question No. *2320.) Shri Sanat Kumar Raha**: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন মুর্শিদাবাদ জেলার বর্তমান বৎসরে জল নিষ্কাশনের অভাবে বহরমপুর থানার অন্তর্গত তেলকার বিল সংলগ্ন প্রায় ১০,০০০ বিঘা জমির ফসল নষ্ট হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এই এলাকার জল নিষ্কাশনের জন্য কি কি ব্যবস্থা করা হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya: (ক) বর্তমান বৎসরে জল নিষ্কাশনের অভাবে তেলকার বিল এলাকার প্রায় ১৮,০০০ বিঘা জমির ফসল ক্ষতিগ্রস্থ হইয়াছে।

(খ) এই অঞ্চলের জল নিষ্কাশন ও বন্যা সমস্যা অত্যন্ত জটিল এবং ইহা কান্দি এলাকা এবং তাসন্নিহিত অঞ্চলের জল নিষ্কাশন ও বন্যা নিরোধ সমস্যার সহিত জড়িত। কান্দি প্রকল্প প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইয়াছে। বর্তমানে হরিণঘাটা নদী গবেষণাগারে এই প্রকল্প সমপর্কিত মডেল এক্সপেরিমেণ্টের কাজ চলিতেছে।

Shri Sanat Kumar Raha: আমার প্রশ্নটাও শ্রীবীরেন রায় মহাশয়ের প্রথম প্রশ্নের সংগে জড়িত। সে জন্যই আমি বলছিলাম এই পরিকল্পনার কোন অংশের কাজ এখনি করা যায় কিনা যাতে আশুফল পাওয়া যেতে পারে।

Shri Syamadas Bhattacharyya: আমরা দেখেছি তেলকার বিল খুব নীচু যার জন্য বর্ষাকালে জল নিষ্কাশন সুষ্টুভাবে সম্পন্ন হয় না, সেজন্য জীবন্তী খালের উপর একটা sluice দিয়ে জলনিকাশের ব্যবস্থা করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha: এই অঞ্চলের চাষীরা আপনাদের কাছে কোন স্মারকলিপি পাঠিয়েছেন এই সম্পর্কে?

Shri Syamadas Bhattacharyya: খুব সম্ভব পাঠিয়েছিলেন। আমরা বলেছিলাম ঐ এলেকা অত্যন্ত নীচু যার ফলে জলনিকাশ হতে না পারায় দরুণ বহু ফসল নষ্ট হয়। সে জন্যই একটা sluice দিয়ে জল বের করে দেবার ব্যবস্থা হচ্ছে।

Shri Sanat Kumar Raha: একটা canal কেটে ভাগীরথী দিয়ে জল বের করে দেবার প্রস্তাব যদি সরকার বিবেচনা করেন তাহলে কাজটা অনেক সহজ হতে পারে। Detailed Plan হবার আগে এই সব ছোট ছোট ব্যাপারগুলির প্রতি যদি সরকার নজর দেন তাহলে অবিলম্বে অনেক ফসল বৃদ্ধি হতে পারে এটা আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা।

(No Reply)

Rise in price of plots of lands in Calcutta

***523.** (Admitted question No. *2351.) **Shri Aswini Roy :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতায় জমির দাম উত্তরোত্তর অস্বাভাবিক বৃদ্ধি পাইতেছে ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ৷ হয় তবে উক্ত মূল্যবৃদ্ধি রোধের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন কি না ?

Shri Syamadas Bhattacharyya : (ক) হাঁ।

(খ) সরকার চিন্তা করিয়াছেন। আপাততঃ কলিকাতার জমির চাহিদা হ্রাস ও মূল্যবৃদ্ধি রোধের জন্য সরকার কলিকাতার উপকণ্ঠে লবণ হ্রদ উন্নয়ন পরিকল্পনায় বহু জমি বিক্রয় করিতেছে। ন্যায্যমূল্যে জমির প্লট বিক্রয় ও বাড়ী তৈয়ার করিয়া ভাড়া নেওয়ার জন্য কলিকাতার প্রায় ২৯০ একর জমি গ্রহণের জন্য প্রজ্ঞাপন প্রকাশ করা হইয়াছে এবং শহরতলীতে অনেক জমি গ্রহণের প্রজ্ঞাপণ প্রকাশ করা হইয়াছে। হলদিয়ায় বন্দর ও শিল্প উন্নয়ণ পরিকল্পনা কার্যকরী করা হইতেছে।

Shri Sanat Kumar Raha : এই যে বিকল্প ব্যবস্থার কথা মন্ত্রিমহাশয় বল্লেন সেটা করার সংগে সংগে জমির মূল্যমান সম্পর্কে কোন Ordinance বা কোন বিধিপ্রণয়ণের জন্য সরকার চেষ্টা করবেন কিনা ?

Shri Syamadas Bhattachayya : এখন কথা হল, Ordinance যদি আনতেই হয় তাহলে আগের থেকে সেটা ঢাক ঢোল পিটিয়ে প্রকাশ করা ঠিক হবে না। দ্বিতীয়ত কথা হল Ordinance করে যদি মূল্যবৃদ্ধি রোধ করা যায় তাহলে আমরা চেষ্টা করে দেখব।

Shri Abani Bose : মন্ত্রিমহাশয় বল্লেন অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে, পরিমাণটা কি তিনি দয়া করে জানাবেন ?

Shri Syamadas Bhattachayya : না, এখন জানাতে পারছি না।

Shri Abani Kumar Bose : আপনারা যে বিকল্প ব্যবস্থা গ্রহণ করছেন মূল্যবৃদ্ধি নিরোধকল্পে তা যথেষ্ট বলে মনে করেন কি ?

Shri Syamadas Bhattacharyya : যথেষ্ট যে নয় সে সম্পর্কে আমরা অবহিত আছি। আরো অনেক কিছু করা দরকার আমরা জানি।

[1-10—1-20 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhayay : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেমন বিভিন্ন জায়গায় হলদিয়া, কি দুর্গাপুরে যে প্রজেক্ট ডেভালপমেন্ট ইন দি ইনটারেস্ট অব দি কান্ট্রির জন্য জমি নোটিফাই করে রাখা হয়েছে তেমনি কলকাতা এবং বৃহৎ কলকাতা, শিল্পাঞ্চলে ঐ ধরণের নোটিফিকেশন করে রাখা হবে কিনা যাতে জমি নিয়ে কোন ফাটকাবাজী বা এই ধরণের মূল্যবৃদ্ধি না হতে পারে ?

Shri Syamadas Bhattacharyya : এটা উত্তরের মধ্যেই আছে। খাস কলকাতায় ২ শত একর জমির উপর নোটিফিকেশন করা হয়েছে এবং কলকাতা শহরতলীতে কয়েক হাজার একর জমিতে নোটিফিকেশন করা হয়েছে বিভিন্ন জায়গায়। কলকাতায় যাতে চাপ কমাতে পারি, কলকাতার জমির যাতে আর অস্বাভাবিক মূল্য বৃদ্ধি না হতে পারে এবং মূল্যকে

একটা স্বাভাবিক স্তরে আনা যেতে পারে সেই উদ্দেশ্যে এই সব জমির উপর নোটিফিকেশন করা হয়েছে যাতে ফাটকাবাজী না হতে পারে এবং সরকার এই জমিতে হাউসিং ডিপার্টমেন্টের মাধ্যমে, অন্যান্য উপায়ে বাড়ীঘর তৈরী করে বা ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করে বিক্রী করার উদ্দেশ্যে জমির মূল্য যাতে কমিয়ে নিয়ে আনতে পারি সেই উদ্দেশ্যে এই কাজ করা হয়েছে।

Shri Ananda Gopal Mukhopadhayay : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে সমস্ত প্লট নোটিফাই করা হয়েছে তাছাড়া যেসব ভেকানট প্লট আছে বা যে সব জায়গা ডেভালপ করা যেতে পারে এমন যে সব জায়গা আছে সেই সব জায়গাতেও এইভাবে নোটিফিকেশন প্রয়োগ করবেন কিনা ?

Shri Syamadas Bhattacharyya : ভেকান্ট প্লট থাকলে আমি যতদূর হাউসিং ডিপার্টমেন্টের সংগে কথাবার্তা বলে দেখেছি যে আমরা নোটিফাই করবো, বিশেষ করে যে সব জমি নিয়ে ফাটকাবাজী বা স্পেকুলেশন হতে পারে, অধিক মূল্যে বিক্রী করার উদ্দেশ্যে যে সব জমি আটকে রাখা হয়েছে বলে সন্দেহের কারণ আছে, যে সব জমি বাড়ী করবার জন্য কিনে রাখা হয় নি, ফাটকাবাজীর উদ্দেশ্যে ফাঁকা জমি পড়ে আছে, সে সব জমির উপর নিশ্চয়ই নোটিফিকেশন করবো।

Shri Ananda Gopal Mukhopadhayay : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই নোটিফিকেশন করার জন্য সরকারের দেরী করার কি কারণ এই হতে পারে কলকাতায় এই সমস্ত জমি এমন সমস্ত ধনশালী ব্যক্তিদের হাতে আছে তাদের বিরুদ্ধে সরকার চট করে কিছু করতে দেরী করছেন ?

Shri Syamadas Bhattacharyya : এই সাজেশন সম্পূর্ণ ভ্রমাত্মক। কারণ এই প্রশ্নের মধ্যে অ্যাসিউম করে নেওয়া হয়েছে যে নোটিফিকেশন করতে দেরী করা হয়েছে। বরং আমি এই কথা বলবো নোটিফিকেশন এতখানি বিস্তৃত জমিতে করা হয়েছে যে অনেক সময় অনেকের মনে আশংকার কারণ হয়েছে। আমরা জমি ফাঁকা দেখলেই তা নোটিফাই করছি। অনেক জায়গাতে দেখা গিয়েছে হয়ত ক্ষুদ্র ক্ষুদ্র ব্যক্তির সংগৃহীত টাকা দিয়ে জমি কিনে রাখা হয়েছে সেখানে বাড়ী করবার জন্য তারা মনস্থ করেছিলেন সেইসব জমি আমরা ছেড়ে দিচ্ছি। কিন্তু যেখানে ফাঁকা জমি পাচ্ছি কলকাতা শহরে, বা তার বাইরে সমস্ত জায়গাতে নোটিফিকেশন করার ইচ্ছা আমাদের আছে এবং সেইভাবে ব্যবস্থা করা হচ্ছে।

Shri Ananda Gopal Mukhopadhayay : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই নোটিফিকেশনের বলে যারা ছোট ছোট জমি কিনেছেন নিজেদের বাড়ী করবার জন্য তাদের ত কোন বাধা সৃষ্টি হবে না উপরন্তু তাদের সুবিধা হবে এবং সরকার এই নোটিফিকেশন ত্বরান্বিত কত তাড়াতাড়ি করবেন ?

Shri Syamadas Bhattacharyya : আমরা নোটিফিকেশন অনেক করেছি, আমি ত বললাম যে খাস কলকাতার মধ্যে ২ শত একর জমিতে নোটিফিকেশন করেছি এবং কলকাতা শহরতলীতে আমি এখনই ফিগার দিতে পারছি না, আমার মনে হয় কয়েক হাজার একর পর্যন্ত হতে পারে, এই সব জমির উপর নোটিফাই করেছি এবং কোন ফাঁকা জায়গা এখনও যদি পাই এবং মাননীয় সদস্যদের কারো যদি জানা থাকে তাহলে আমাদের জানালে আমরা হাউসিং বিভাগের সংগে যোগাযোগ করে অবিলম্বে নোটিফিকেশন করবার ব্যবস্থা করতে পারি।

Shri Kashi Kanta Moitra : স্যার, আমি একই সংগে দুটি প্রশ্ন আপনার কাছে রাখছি। প্রথমতঃ হচ্ছে আনন্দবাবুর প্রশ্নের উত্তরে বললেন যে জমির ফাটকাবাজী বা স্পেকুলেশন বন্ধ করার জন্য আপনার নোটিফিকেশন করে জমি আটকে রাখার ব্যবস্থা করেছেন,

আমার প্রশ্ন হচ্ছে সরকার এটা জানেন কি না যে এই রকম রেকলেসলি সরকার জমির উপর নোটিফাই করে সেই নোটিফায়েড জমিগুলিকে প্রাপ্ত ওয়েতে ডেভেলপ না করার ফলে সেই এলাকার টাউনসিপ হবার কথা তার আশেপাশে জমিগুলি ফাটকাবাজীর সুবিধার জন্য এক শ্রেণীর লোক এগ্রিকালচারাল ল্যাণ্ডগুলিকে আগে থেকে কিনে নিচ্ছে এটা জানেন কিনা? দৃষ্টান্ত স্বরূপ আপনাকে বলছি আপনারা দু'বছর আগে সংবাদপত্রে বেহালায় ২ শত কোটি টাকা খরচ করে একটা টাউনসিপ গড়ে তুলবেন বলেছিলেন কিন্তু সেই নোটিফায়েড এরিয়ায় আজ পর্যন্ত কোন কাজ হয়নি, কয়েক হাজার টাকা এমনি খরচ হয়ে গিয়েছে সার্ভে ইত্যাদি করতে এবং rhat plan, I understand, has been abandoned এটা সত্য কিনা?

Shri Syamadas Bhattacharyya : এ দুটি খবরের কোন খবরই আমার জানা নেই।

Dr. Radhakrishan Singh : এই সমস্ত নোটিফায়েড এরিয়ার ঝামেলা করার চেয়ে এমন কোন মনস্থির করেছেন কিনা যে ব্যক্তিগত জমির পরিমাণ কলকাতা এবং আশেপাশে বাস্তুজমির পরিমাণ সিলিং যাকে বলছি সেটা স্থির করবার কোন পরিকল্পনা আছে কি?

Shri Syamadas Bhattacharyya : আপাততঃ কোন পরিকল্পনা নেই। এখন আমি যেটা বলেছি সেটা আর একবার বলি যেখানে ফাঁকা জমি পড়ে আছে সেই জমিতে মনে হবার সংগত কারণ আছে যে সেই সব জমিতে ফাটকাবাজী হতে পারে বা অধিক মূল্যে বিক্রি করবার জন্য আটকে রাখা হয়েছে সেই সব ফাঁকা জমির উপর নোটিফিকেশন করা হয়েছে, নোটিফিকেশন করবার লিগ্যাল এফেক্ট হচ্ছে যে তারিখে নোটিফাই করা হয়েছে সেই তারিখে যে মূল্য জমি বিক্রি করা যেতে পারে তার বাইরে বিক্রি করে অধিক মূল্য যাতে না নিতে পারে সেইজন্য এই সব ফাঁকা জমির উপর নোটিফাই করে রাখা হয়েছে। এবং সব জমি প্লট প্লট করে মধ্যবিত্তদের কাছে বিক্রি করা হয়। তাছাড়া যেখানে যেখানে সম্ভব হাউসিং ডিপার্টমেন্ট কর্তৃক বাড়ী তৈরী করে সেই বাড়ী বিক্রি করা হয় অথবা ফ্ল্যাট বিক্রি করা হয়। এইভাবে কলকাতার জমি অস্বাভাবিক মূল্য রোধ করাটাই এর উদ্দেশ্য।

Shri Ananda Gopal Mukhopadhya : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেহেতু কলকাতাতে কর্পোরেশন কিম্বা মেট্রোপলিটন অর্গানিজেশন বর্তমান আছে এবং যেহেতু এই সমস্ত জায়গায় নোটিফাই করার সরকারের উদ্দেশ্য হচ্ছে যাতে ফাটকাবাজীতে দাম না বাড়ে সেহেতু সরকার ভবিষ্যতে সমস্ত ভেক্যান্ট ল্যাণ্ড ইন ক্যালকাটা এক সংগে নোটিফাই করে এই প্ল্যানিং অথরিটি কি কর্পোরেশনকে এমন কোন নির্দেশ আইনের মাধ্যমে দিতে পারেন এই সব জায়গা সম্বন্ধে প্ল্যান পাশ করাতে হলে সরকারের অনুমোদন ছাড়া বা বিশিষ্ট অথরিটির অনুমোদন ছাড়া হবে না?

Shri Syamadas Bhattacharyya : এই অভিমত বিশেষ গুরুত্ব সহকারে বিবেচনা করা যেতে পারে।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় খাস কলকাতা শহরে ২ শত একর জমিতে নোটিফাই করেছেন বললেন. তিনি কি জানাবেন কলকাতার আশেপাশে যেমন হাওড়ায় এই রকম কোন জমি নোটিফাই করা হয়েছে কিনা? এই আর একটা প্রশ্ন আমি যোগ করতে চাই, ফাঁকা জমির কথা বলেছেন, ফাঁকা জমি সম্বন্ধে উনি যা বলছেন হাউসহোল্ড পারপাসের জন্য অ্যাকয়ার করা যাবে যে সব ল্যাণ্ড তার পাশে যেসব প্যাডি গ্রোয়িং ল্যাণ্ড আছে যা নিয়ে ফাটকাবাজী চলছে সে সম্বন্ধে কিছু চিন্তা করেছেন কিনা?

Shri Syamadas Bhattacharyya : হাওড়াতে অনেক জমি নেওয়া হয়েছে, হাওড়া শহরের কাছে এবং হাওড়ার অন্তরবর্তী জায়গাতেও প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে জমি দখল করার জন্য। তবে যেসব কৃষি জমি আছে সেই জমি নিয়ে ফাটকাবাজী যাতে না হতে পারে ল্যাণ্ড রিফর্মস আইন অনুযায়ী কৃষি জমি যাতে রূপান্তরিত না হয় তার জন্য বিধান আছে এবং আমরা চাই না উত্তকৃষ্ট কৃষিজমি ফাটকাওয়ালাদের কারসজিতে বাস্তুজমিতে পরিণত হয়, অধিকন্তর মুনাফায় পরিণত হয়।

Shri Kashi Kanta Maitra : আপনি যে উত্তর দিলেন তাতে আমি স্তম্ভিত হলাম। আপনি সখেরবাজার বেহালায় দুইশত কোটি টাকার একটা স্কীম করে হাজার হাজার বিঘা জমি আটকে রেখেছিলেন, সেই স্কীম অ্যাবানডান্টন হয়েছে কি না বলুন ?

Shri Syamadas Bhattacharyya : আসলে এই প্রশ্নটা আমাকে না করে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করলে উত্তর পাবেন, আমি এ প্রশ্নের উত্তর দিতে পারবো না।

Collection of land revenue in the hill subdivision of Darjeeling

***524.** (Admitted question No. *2502.) **Shri Bhadra Bahadur Hamal :** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) what amount of Land Revenue has been collected during the period from 1962-63 to 1964-65 in the three hill suddivisions of Darjeeling namely, Kurseong, Kalimpong and Darjeeling ; and

(b) what amount has been paid as commission to mandals out of these collections ?

[1-20—1-30 p. m.]

Shri Shyamadas Bhattacharyya : (a) & (b) A statement is placed below :

(a) Total Land Revenue Collected

	1962-63	1963-64	1964-65
Darjeeling (Sardar Circular and Tauzi)	2,82,141.53	2,98,301.35	3,01,676.24
Kurseong	28,355.02	68,844.49	75,731.42
Kalimpong (including Development Area)	1,25,139 29	1,08,552.57	1,14,983.83
Total	4,85,635.84	4,75.698.41	4,92 391 48

(b) Total Amount of Commission paid to Mandals

	1962-63	1963-64	1964-65
Darjeeling (Sardar Circular and Tauzi)	16,328.46	12,940.76	12,589.04
Kurseong	12,866.26	5,959.31	7,971.99
Kalimpong (including Development Area)	6,720 62	6,424.38	6,285.89
Total	35,915.34	25,324.45	26,846.89

Shri Bhadra Bahadur Hamal : আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে এই বিষয়ে সাপ্লিমেন্টারি করার আগে দু চারটি কথা বলতে চাই। এই যে মণ্ডল প্রথা আছে, আপনি জানেন যে বৃটিশের সময় থেকে এটা চলে আসছে এবং আজও এটা কনটিনিউ করছে। আমি একটা কথা বলি ধরুন, যদি আমার কিছু জমি থাকে যদি আমি ল্যাণ্ড রেভিনিউতে গিয়ে নিজে টাকা জমা দিই তাহলে ঐ টাকা থেকে মণ্ডল কমিশন পাবে—বরাবর এই রকম চলেছে। আপনি যে হিসাব দিয়েছেন দেখলাম তিন বছরের মধ্যে অন্তত ৮০/৯০ হাজার টাকা কমিশন হচ্ছে।

Shri Shyamadas Bhattacharyya : কমিশন হচ্ছে শতকরা ১০ টাকা তার বেশী নয়, এবং সরকারী অফিসার ম রফৎ যেটা আদায় হয় তার উপর কোন কমিশন দেওয়া হয় না।

Shri Bhadra Bahadur Hamal : আমি যতদূর জানি সেটা অন্তত হিসাব করে কমিশন দেওয়া হয় এটা আমি আপনার নজরে আনলাম। আমি বলছি এই মণ্ডল প্রথাটা অনেক পুরানো যে রকম আমি আপনাকে আগে বলেছিলাম যে ওখানে ডি, আই, ফাণ্ড যে রকম পুরানো কাজ করে না, মণ্ডল প্রথাও সেইরকম পুরানো। আজকে যখন অঞ্চল পঞ্চায়েৎ জেলা পরিষদ হয়ে গেছে—তাদের থ্রু দিয়ে যদি কালেকসন করতে পারেন তাহলে অন্তত কিছুটা ডেভেলপমেন্টের কাজ লাগতে পারে। মণ্ডল শুধু একটা হুকুমনামা জারী করে—কাজেই এই বিষয়ে আমার সাপ্লিমেন্টারী হচ্ছে যে যখন অঞ্চল পঞ্চায়েত জেলা পরিষদ হয়ে গেছে তখন এই মণ্ডলের দরকার আছে কিনা ?

Shri Shyamadas Bhattacharyya : আগে যেভাবে আদায়ের প্রথা ছিল এখনও সেইভাবে চলেছে একথা ঠিক—কিন্তু কথা হচ্ছে এই যে বর্তমানে পঞ্চায়েত এবং জেলা পরিষদ বিভিন্ন পর্যায়ে হয়েছে সেক্ষেত্রে জেলা পরিষদের হাতে খাজনা আদায়ের একটা সম্পূর্ণ ভার দেবার জন্য একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগামী ১৩৭৩ সাল থেকে—এই বৈশাখ মাস থেকে সেই সিদ্ধান্ত অনুযায়ী কার্য করা হতে পারে—এই মণ্ডল প্রথাটা তুলে দেওয়া উচিত কি অনুচিত সেটা নিশ্চয় তখন জেলা পরিষদ আলোচনা করে দেখবেন—জেলা পরিষদের উপর সম্পূর্ণ ভার থাকবে—তারা যদি আদায় করা সম্পর্কে নূতন পদ্ধতি গ্রহণ করতে চান তাহলে সে সম্পর্কে সরকারের সংগে আলোচনা করে তারা একটা সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

Sanat Kumar Raha : দার্জিলিং কালিপং এবং কার্শিয়াং এলাকায় যে পারসেনটেজ অব রেভিনিউ কালেকসন হয় তা খুব কমই—সেটা বাড়াবার জন্য কি পরিকল্পনা আছে ? সেখানে কিছু কিছু ডেভেলপমেন্টাল প্রজেক্ট নেওয়া হয়েছে—তা সত্বেও কালেকসন কিছুই হচ্ছে না। ১৯৬৪-১৯৬৫-র যে রিপোর্ট দিয়েছেন তাতে যা মনে হয়—মনে হয় স্ট্যাটাসকো একই মেনটেন করছেন—কেন এই অবস্থা হোল—কেন ল্যাণ্ড রেভিনিউ কালেকসন বেশী হয় না ?

Shri Shyamadas Bhattacharyya : একথা ঠিক যে আমাদের ল্যাণ্ড রেভিনিউ কালেকসন ঐ জায়গাতে ৫০%-এর বেশী কোথায়ও হচ্ছে না—বা কোন জায়গাতে কিছু বেশী হলেও ৬০% পর্যন্ত হতে পারে—তবে অন্যান্য জায়গার তুলনা দিয়ে যদি দেখি—অর্থাৎ বাংলা দেশের অন্যান্য জায়গাতে আভারেজ কালেকসন এই রকমই হয়। তারপরে ওখানে এমন হতে পারে দারিদ্র্যজনিত অবস্থা হতে পারে—তবে আমরা মনে করি জেলা পরিষদের হাতে যদি আদায়ের ক্ষমতা সম্পূর্ণভাবে অর্পণ করা যায় তাহলে সেখানে ন্যায্যভাবে আদায় হতে পারে সেই সমস্ত টাকা আদায় হওয়া সম্ভব।

Shri Abani Kumar Basu : মাননীয় মন্ত্রিমহাশয় অতিরিক্ত প্রশ্নের উত্তরে যেটা বললেন যে জেলা পরিষদ ১৩৭৩ সাল থেকে খাজনা আদায় করবার অধিকারী হবে—আমি তাঁর কাছে জানতে চাচ্ছি যে বর্তমানে সরকারের নিযুক্ত তহশীলদার সেখানে যারা রয়েছে তাদের সার্ভিস কি জেলা পরিষদের কাছে ট্রান্সফার্ড হবে না, সেটা সরকারী কর্তৃত্বাধীনে থাকবে।

Shri Shyamadas Bhattacharyya : The Tahashildars and other staff now engaged in collection will be placed on deputation.

Construction of roads in Midnapore district

***525. (Admitted question No. *2510.) Shri Ananga Mohan Das :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ২য় পরিকল্পনার অন্তর্ভুক্ত কয়টি রাস্তায় কাজ এখনও শেষ হয় নাই ;

(খ) উক্ত রাস্তাগুলির মধ্যে কোন্ কোন্টির কাজ আগামী ১৯৬৬ সালের মার্চ মাসের মধ্যে শেষ হইবে ; এবং

(গ) ঐ সকল কাজ এখনও শেষ হয় নাই কেন ?

Shri Khagendra Nath Das Gupta : (ক) বারোটি রাস্তার কাজ।

(খ) ১৯৬৬ সালের মার্চ মাসের মধ্যে ঐ অসম্পূর্ণ ১২টি রাস্তার কোনটির কাজই সম্পূর্ণরূপে শেষ হইবার সম্ভাবনা নাই।

(গ) এ সম্পর্কে একটি তালিকা পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 525

১।	মোহনপুর, সোলপাট্টা, সোনাকানিয়া	১।	প্রথম ৯ মাইল শেষ হইয়া গিয়াছে বাকী ৪ মাইল নূতন রাস্তা এই অংশে ভূমি দখলের বিলম্বের জন্য কাজ ঠিক সময়ে সুরু হয় নাই।
২।	পটাশপুর-বালুচক	২।	৩য় পরিকল্পনায় ধার্য উচ্চীকরণের কাজ একই সঙ্গে চলিতেছে।
৩।	ডেবরা মাড়াতলা কশাই বাধ	৩।	ঐ
৪।	পটাশপুর-ভগবানপুর	৪।	ভূমি দখল বিলম্বে হওয়ার জন্য কাজ ঠিক সময়ে সুরু করা সম্ভব হয় নাই।
৫।	কেশপুর-নারাজল রাস্তার উচ্চীকরণ	৫।	আনুমানিক ১½ মাইলের অংশের ভূমি দখল এখনও পাওয়া যায় নাই সে জন্য কাজ এখনও শেষ হয় নাই।
৬।	কেশপুর-চন্দ্রকোনা	৬।	৩য় পরিকল্পনায় ধার্য রাস্তার চওড়া করিবার কাজ একই সঙ্গে চলিতেছে।
৭।	ঝাড়গ্রাম-জামবনী	৭।	ভূমি দখল বিলম্বে হওয়ার জন্য কাজ ঠিক সময়ে সুরু করা সম্ভব হয় নাই।
৮।	দহিজুরী-ধানপুর-সিলদা	৮।	রাস্তার কোন কোন অংশে এখনও ভূমি দখল পাওয়া যায় নাই বলিয়া কাজ শেষ করা সম্ভব হয় নাই।
৯।	খেজুরী-হেরীয়া	৯।	৩য় পরিকল্পনায় ধার্য উচ্চীকরণের কাজ একই সঙ্গে চলিতেছে।
১০।	জীরপাই-রামজীবনপুর	১০।	৩য় পরিকল্পনায় ধার্য রাস্তা চওড়া করিবার কাজ একই সঙ্গে চলিতেছে।
১১।	দক্ষিণ শীতলা-দাদনপাত্র	১১।	ভূমি দখলের বিলম্বের জন্য কাজ দেরিতে সুরু হইয়াছে।

১২। ময়না, পরমানন্দপুর, পিং ল — ১২। মোট ১৩ মাইলের মধ্যে ৮ মাইল রাস্তা পাকা হইয়াছে। বাকী ৫ মাইলের মধ্যে ১ মাইল রাস্তা প্রায় শেষ হইয়াছে এবং ৪ মাইলের কাজ ১৯৬৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হইবে আশা করা যায়। এই রাস্তার দোবান্দীর উপর পুলের কাজ চলিতেছে এবং আশা করা যায় দোবান্দী সমেত ছোট বড় পুলের কাজও ১৯৬৬ সালের ডিসেম্বর মাসে শেষ হইবে।

Shri Ananga Mohan Das : আপনারা দ্বিতীয় পরিকল্পনার ১২টি কাজ আরম্ভ করে শেষ করতে পারেন নি—অথচ তৃতীয় পরিকল্পনার কাজ আরম্ভ করলেন—এক একটা পরিকল্পনার কাজ শেষ না করে আর একটা পরিকল্পনার কাজ আরম্ভ করে সমস্ত কাজকে একেবারে ঝুলিয়ে রেখে দিয়ে এইভাবে গোলমাল করার কারণটা কি ?

Shri Khagendra Nath Das Gupta : আমি পূর্বে অনেকবার জানিয়েছি যে আমাদের যা সাধ্য থাকে তার উপর রাস্তার কাজ আমরা হাতে নিই—তার কারণ অনেক সময় অনেক রাস্তার কাজ এগোনো যায় না ভূমি দখল পাওয়া যায় না বলে। সেই জন্য এই যে ১২টি রাস্তার কথা বলা হোল এই ১২টি রাস্তার মধ্যে অনেকগুলির কাজ শেষ হয় নি ভূমি দখল পাওয়া যায় নি বলে। আর কয়েকটি রাস্তার কাজ তৃতীয় পরিকল্পনার এক সংগে চলছে বলে শেষ হয় নি।

Shri Anangamohan Das : আমি যতদূর জানি দ্বিতীয় পরিকল্পনায় মেদিনীপুর জেলায় যতগুলি রাস্তা ধরা হয়েছিল তার কোনটাতে দখল পাবার অসুবিধা ছিল না কারণ নোটিশ দেবার পর কতকগুলি রিকুইজিসন করা হয়েছে আর কতকগুলি অ্যাকুইজিসন নোটিশ দেওয়া হয়েছে। আপনাদের নোটিশ দেওয়ায় দেরী হয় কিনা বলতে পারি না—কিন্তু জনসাধারণের তরফ থেকে কোন বাধা সৃষ্টি হয় নি কাজেই দেরী হবার যে কথাটা দেওয়া হয়েছে এটা ঠিক নয়। অতএব দেরী কেন হচ্ছে তার প্রকৃত কারণ অনুসন্ধান করে চতুর্থ পরিকল্পনার কাজ আরম্ভ হবার পূর্বে এই রাস্তাগুলি যাতে শেষ হয় এই ব্যবস্থা করবেন কি ?

[1-30—1-40 p. m.]

Shri Khagendra Nath Das Gupta : আমি অনেক আগেই বলেছি যে ভূমি দখল পেতে বিলম্ব হবার দরুন এটা হয়েছে। আজও ভূমি দখল পাওয়া যায় নি।

Shri Ananga Mohan Das : রাস্তার জন্য যে দখল পাওয়া যায় নি এটা কোন রাস্তা ?

Shri Khagendra Nath Das Gupta : এটা হচ্ছে পটাশপুর-ভগবানপুর রাস্তা।

Khandagosh-Chawkpurahit road

***528. (Admitted question No. *2561.) Shri Jaharlal Banerjee :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার খণ্ডঘোষ থানায় খণ্ডঘোষ-চকপুরাহিত রাস্তাটির নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) ঐ রাস্তাটির নির্মাণকার্য কতদিনে সম্পূর্ণ হইবে ?

Shri Khagendra Nath Das Gupta : (ক) প্রায় ১৬ মাইল রাস্তার মধ্যে ৩ মাইল পাকা হইয়াছে ; ৭ মাইল দৈর্ঘ্যের উপর পাথর মড়াইয়ের কার্য চলিতেছে এবং বাকী অংশের মাটির কার্য ও পাথর সংগ্রহ চলিতেছে।

(খ) ১৯৬৭ সালের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Shri Jaharlal Banerjee : গত 4th April unstarred question No. 920 তার উত্তরে বলেছিলেন যে ১৯৬৪ সালে এই রাস্তা শেষ হবে। তারপর আর একটা questionএর উত্তরে বলেছিলেন যে ১৯৬৬ সালে শেষ হবে। আবার এখন বলছেন যে ১৯৬৭ সালে শেষ হবে। তাহলে আমরা কোনটা ধরে নেব ?

Shri Khagendra Nath Das Gupta : এর কারণ হচ্ছে এই রাস্তা দ্বিতীয় পরিকল্পনার সময় ধরা হয় নি। A Stageএর কাজ পাকা করা হয়েছিল। এক একটা পরিকল্পনায় এক একটা portion ধরা হচ্ছে। C Stageএর ১২ লক্ষ টাকা যা ধরা হয়েছিল সেটার উত্তর দিয়েছি যে এটা এই তারিখে হবে। কিন্তু বর্তমান পরিকল্পনায় এটা পাকা হবার কথা হচ্ছে।

Shri Jaharlal Banerjee : ১৯৬৬ সালের মধ্যে শেষ হবে বলেছিলেন সেটা তৃতীয় পরিকল্পনায় শেষ হবে বলেছিলে। এখন কি ১৯৬৬ সালের মধ্যে সেটা শেষ করবার নির্দেশ দেবেন ?

Shri Khagendra Nath Das Gupta : যদি ১৯৬৬ সাল বলে থাকি তার জায়গায় এখন বলছি ১৯৬৭ সালের মার্চ মাস। সুতরাং difference তিন মাসের। আমরা চেষ্টা করছি যাতে ১৯৬৬ সালের মধ্যে করতে পারি।

Shri Deb Saran Ghosh : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রাস্তাটা কি Election Road ?

(No reply)

Bally Bridge in Murshidabad district

***529.** (Admitted question No. *2305. **Shri Birendra Narayan Roy :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বালী ব্রিজটি রক্ষণাবেক্ষণের ভার কাহার উপর ন্যস্ত ;

(খ) উক্ত ব্রিজটি হইতে ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত কোন বৎসর কত টাকা (আয়) এবং (২) রক্ষণাবেক্ষণ এবং মেরামতির জন্য ব্যয় হইয়াছে ?

Shri Khagendra Nath Das Gupta : (ক) পূর্ত (সড়ক) বিভাগের উপর।

(খ)

আয়	ব্যয়
১৯৬২—১,১১,২৮৫-১০	২৪,১০০-১২
১৯৬৩— ৯৫,১১৮-৩৮	৩৭,৫৮২-৩৮
১৯৬৪— ৯৮,৮৩৮-২৬	২৭,৮৬৯-৬৩
১৯৬৫—১,১৪,১৪২-৯২ (নভেম্বর পর্যন্ত)	৩৬,৬৬০০-৩৮

Shri Birendra Narayan Roy : আপনি যে হিসাব দিলেন তাতে দেখা যায় যে ব্যয় এর চেয়েও আয় বেশী। অথচ এই ব্রিজটি floating ব্রিজ। এটা আজও পাকা হয়নি এর কারণ কি ?

Shri Khagendra Nath Das Gupta : অর্থাভাবই করণ।

Shri Birendra Narayan Roy : আপনারা প্রতি বৎসর সেখানকার earning করছেন, আপনারা ৫০, ৬০, বা ১০০ বৎসর ধরে সেখান থেকে tax আদায় করলেন অথচ এটাকে পাকা করছেন না কেন ?

Shri Khagenra Nath Das Gupta : অর্থাভাবে পাকা করতে পারিনি।

Shri Birendra Narayan Roy : আপনি কি জানেন এই floating bridge সব সময় খোলা থাকে এবং এর জন্য লোকের যাতায়াতের অসুবিধা হয় ?

Shri Khagendra Nath Das Gupta : জানা নেই।

Shri Sanat Kumar Raha : এই bridge কি জেলা পরিষদের হাতে দেবেন, সরকার থেকে কি এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে ?

Shri Khagendra Nath Das Gupta : না।

Shri Sanat Kumar Raha : জেলা পরিষদের হাতে যে সমস্ত আইন দেওয়া হয়েছে এবং যে সমস্ত অধিকার দেওয়া হয়েছে, সে অধিকার বলে তারা ব্রিজ পরিচালনা করবেন কিনা ?

Shri Khagendra Nath Das Gupta : আমি জানি না।

Shri Sanat Kumar Raha : এই যে ১ লক্ষ টাকা আয় ১৯৬২ সালে এবং ২৪ হাজার ৭ শত টাকা খরচ এবং ১৯৬৩ সালে ৯৫ হাজারের উপর আয় এবং ৩৭ হাজারের উপর খরচ এর দ্বারাই ত বুঝা যাচ্ছে আয় বেশী। এটা disparity হল কেন ?

Shri Khagendra Nath Das Guhta : ১৯৬২-৬৩ সালে আয় এরূপ হলেও, ব্যয় রয়েছে। Establishment-এ বিশেষ বাড়েনি কিন্তু maintenance cost বাড়লো অথচ আমাদের সেই অবস্থাতেই floating bridge-কে repairing works করতে হয়েছিল, এই হল অবস্থা।

Shti Sudhir Kumar Das : আপনি যে বললেন তাতে টোল না দিলে ব্রিজ করাবে না। এটা পাকা করতে কত টাকা খরচ হবে এরূপ কোন plan or estimate করা হয়েছে ?

Shri Khagendra Nath Das Gupta : 4th Plan করা হয়েছে আমি off. hand বলতে পারবো না। তবে মনে হয় ২৫।৩০ লক্ষ টাকা ত নিশ্চয়ই হবে।

Brochure titled "Janar Katha"

***530.** (Admitted question No. *2483.) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য—বর্গাদার ও ভূমি সংস্কার আইন সম্বন্ধে "জানার কথা" শীর্ষক একটি বিজ্ঞপ্তি বর্তমানে সরকার কর্তৃক প্রচারিত হইয়াছে ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি উদ্দেশ্যে উক্ত বিজ্ঞপ্তি প্রচার করা হয় ; এবং

(২) উক্ত উদ্দেশ্য সফল করিবার জন্য বর্গাচাষীর স্বার্থে কিরূপ প্রশাসনিক ব্যবস্থা লওয়া হইতেছে ?

Shri Syamadas Bhattacharyya : (ক) হ্যাঁ।

(খ) (১) অধিকাংশ ক্ষেত্রেই বর্গাদারগণ নিজেদের অধিকার বিষয়ক আইন সম্বন্ধে অজ্ঞ এবং আর্থিক দিকদিয়া অনগ্রসর। তাঁদের পক্ষে নিজেদের স্বার্থরক্ষা করিবার জন্য সব সময় আইনজীবির আশ্রয় গ্রহণ করা সম্ভব হয় না। তাঁদের এই নিরক্ষরতা ও দুর্বলতার সুযোগ লইয়া তাঁহাদিগকে অন্যায়ভাবে উচ্ছেদ বা হয়রানি করা হইতে পারে। সেইজন্যই বর্গাদারদের অধিকার বিষয়ে আইনকানুনগুলি ব্যাখ্যা করিয়া বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছে।

(খ) (২) সকল জেলার অধিকর্তাদের নিকট বিজ্ঞপ্তির প্রতিলিপি পাঠানো হইয়াছে এবং সুদূর গ্রামাঞ্চলেও সরকারী অধিকর্তাগণের মারফৎ এই বিজ্ঞপ্তি প্রচার করার ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া বর্গাদারদের আইনগত অধিকার ক্ষুণ্ণ হ'লে তাঁরা যাতে আশু প্রতিকার পায় সেজন্য পূর্বের ন্যায় ভাগচাষ অফিসার নিযুক্ত আছেন।

Shri Sanat Kumar Raha : মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করলেন যে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। যে উদ্দেশ্য বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিল যে বিজ্ঞপ্তি প্রচারের ফলে সে উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ করে দিয়েছে উপরন্তু আরও অনেক উচ্ছেদ হবার সম্ভাবনা আছে এবং উচ্ছেদ হয়েছে। এই খবর রাখেন কি?

Shri Syamadas Bhattacharyya : এটার ভিতরে খানিকটা মতামতের প্রশ্ন আছে। ব্যর্থ এটা হয়েছে, এটা আমি স্বীকার করে নিতে রাজী নই। তার কারণ হচ্ছে আমরা ব্যাপক ভাবে প্রচার করেছি। সুদূর গ্রামাঞ্চলে গ্রাম্য পঞ্চায়েত মারফত B.D.O. এর মারফত, গ্রাম পঞ্চায়েতের সভাপতির মারফত এবং বিভিন্ন কর্মচারীর মারফত নানান রকমভাবে প্রচার করা হয়েছে। সাধারণত অনেকের ধারনা আছে যে যার নাম Record ভুক্ত হয়নি এমন সমস্ত বর্গাদার ক্ষমতার অধিকারী নয়। এরূপ ধারণার ফলে অনেকের সেখানে unrecorded বর্গাদারদের এমন অনেক অনায়াসে ক্ষমতা থেকে বঞ্চিত করে থাকেন। এজ সম্পর্কে ব্যাপক প্রচারের প্রয়োজনের কথা অনেক সভ্যই বলেছেন এবং এটা অনুরোধ করেছেন। সেজন্য বিভিন্ন জায়গায় আমরা কর্মচারীর মারফত জানিয়েছি, জোতদারদের কি কি অধিকার আছে এবং যাতে সম্পূর্ণভাবে সে অধিকার ভোগ করতে পারে সেজন্য এই ব্যবস্থা করা হয়েছিল। এবং সেভাবেই সমস্ত কর্মচারীদের নির্দেশ দেওয়া হয়েছে যে তারা যেন বর্গাদারদের সমস্ত প্রকার আইন সংক্রান্ত সাহায্য করেন।

[1-40—1-50 p.m.]

আমরা একথা ঠিকই শুনেছি এবং জানিও যে বর্গাদাররা তাদের অধিকার সম্পর্কে যখন সচেতন হলেন, তখন তাদেরকে উচ্ছেদ করবার জন্য এক শ্রেণীর জোতদার, তারা চেষ্টা করছেন। কিন্তু বর্গাদার, তারা অজ্ঞ, অশিক্ষিত ও আর্থিক দিক দিয়ে অনগ্রসর হলেও, তাদের অধিকার সম্বন্ধে তারা সচেতন হবার ফলে, তাদের অধিকার তারা দাবী করতে পারছে। কিছু কিছু ক্ষেত্রে উচ্ছেদ হয়ত হচ্ছে, একথা ঠিক। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে বর্গাদারগণ তাদের অধিকার সম্বন্ধে সচেতন হয়েছেন, এবং তারা তাদের অধিকার আদায় করবার জন্য দাবী করতে সংঘবদ্ধ হয়েছেন।

Shri Sanat Kumar Raha : বর্গাদারদের বিরুদ্ধে জোতদাররা সচেতন হয়েছেন আরও বেশী। তারা পুলিশের ক্যাম্পে নিয়ে এসে, বর্গাদারদের পিটে মারছে। তার রিপোর্ট আমাদের পত্রিকায়, ছাপা কাগজে লেখা আছে, আমি পরে সেটা আপনাকে দেখাবো। আমি জানতে চাচ্ছি, সরকার কি এই রিপোর্ট পেয়েছেন, যে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টের নির্দেশের বিরুদ্ধে, পুলিশ কর্তৃপক্ষ ক্যাম্প তৈরী করে, বর্গাদারদের বিরুদ্ধে মিথ্যা মামলা রুজু করে তাদের হয়রানি করছে?

Shri Syamadas Bhattacharyya : না এমন কোন রিপোর্ট পাইনি।

Shri Sanat Kumar Raha : বর্গাচাষীর স্বার্থ রক্ষার জন্য পুলিশকে কি কোন instruction দেওয়া হয়েছিল সরকার পক্ষ থেকে, ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টের মন্ত্রী হিসাবে বলতে না পারলেও, আপনার এটা করণীয় ছিল যে, যেখানে বর্গাদারদের বিরুদ্ধে মিথ্যা ক্রিমিন্যাল কেস করে, তাদের স্বার্থ নষ্ট করা হচ্ছে, সেখানে পুলিশ ডিপার্টমেন্ট থেকে যদি খানিকটা বর্গাদারদের পক্ষে সাহায্য করা হ'ত, তাহলে জোতদাররা এই রকমভাবে নানা রকম মিথ্যা অজুহাত দেখিয়ে, petition করে, ১৪৪ ধারায় কেস করে, এক তরফা ধান কাটতে পারত না। বর্গাচাষীর পক্ষ থেকে ১৪৪ ধারায় কেস করা হয়েছে, সেই ১৪৪ ধারার কেসট্রাইং ম্যাজিষ্ট্রেট নেননি, এরকম কেসও অনেক আছে। কাজেই এই যে আপনি বিজ্ঞপ্তি প্রচার করছেন, এবং যা আপনি বললেন যে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে বটে, ব্লক ডেভেলপমেন্ট থেকে আরম্ভ করে গ্রাম পঞ্চায়েত পর্যন্ত বিলি করেছেন, এটা সম্পূর্ণ সত্য নয়, এবং শুধু, কোন কোন জায়গায় ইচ্ছামত করেছেন আঞ্চলিক প্রধানরা বা আঞ্চলিক মেম্বাররা, আর কেউ করেননি। কাজেই এই ব্যাপক প্রচার করার ফলে, সরকার থেকে বর্গাদারদের রক্ষা করবার জন্য কোন দায়িত্ব নেওয়া হল না, অথচ সরকার তাদের শত্রুর মুখে ঠেলে দিলেন। আমি জানতে চাই, এর বিরুদ্ধে সরকার ভবিষ্যতে এমন কি ব্যবস্থা গ্রহণ করবেন, যাতে বর্গাদারদের স্বার্থ রক্ষা করা যেতে পারে ?

Shri Syamadas Bhattacharyya : বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে গেলে, প্রথমে বর্গাদারদের জানাতে হবে তাদের কি অধিকার আছে, এবং সেই সঙ্গে, গ্রাম পঞ্চাতের সাধারণ সদস্য, at the lowest level-এ যেখানে আছেন, তাঁদেরও জানাতে হবে আঞ্চলিক পরিষদকেও জানাতে হবে, মাননীয় সদস্যরা এর বিরুদ্ধে ক্যাম্পেন করবেন, তবেই বর্গাদারদের অধিকার রক্ষিত হতে পারে। বর্গাদাররা সবচেয়ে অনগ্রসর শ্রেণী। কিন্তু, তারা প্রকৃত কৃষক, তারা নিরক্ষর অজ্ঞ, এবং তারা আর্থিক অবস্থায় সবচেয়ে হীন। কিন্তু প্রকৃত কৃষক হিসাবে তাদের যে অধিকার রয়েছে, সেই অধিকারগুলি ভোগ করবার জন্য তাদের উদ্বুদ্ধ করা দরকার, এক নম্বর কথা। দু নম্বর কথা হচ্ছে সরকার থেকে সর্বশ্রেণীর অফিসার ও সর্ব পর্যায়ের কর্মচারীদের এ বিষয় উদ্‌যোগী হবেন যে, বর্গাদাররা যাতে তাদের অধিকার সম্পর্কে সচেতন হয় এবং তারা তা দাবী করতে পারেন। এই দাবী করবার সহজ উপায় হচ্ছে, পুলিশের কাছে যাওয়া নয়, ভাগচাষী অফিসারের ? কাছে আবেদন জানানো তারা ভাগচাষ অফিসারের কাছে জানাতে পারেন, কিম্বা এস, ডি,ওর কাছে জানাতে পারেন, এবং তা জানালে, তাঁরা নিশ্চয় কিছু প্রতিকার পাবেন। সেই আবেদন জানানর ব্যাপারে, সহৃদয় শিক্ষিত সমাজ, যুব সমাজ, এবং যারা প্রগতিশীল, আইন কানুনে বিশ্বাস করেন, তাঁরা যাতে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করতে পারেন, সেইজন্য ব্যাপকভাবে গ্রামের ব্যবস্থা করা হয়েছে। এই প্রচারটাকে যদি আপনারা মনে করেন ঠিক হয়নি, মাননীয় সদস্য যে ভাবে বললেন, যেন এই প্রচারটাই খারাপ হয়েছে। আমাদের এই প্রচারটা খারাপ হয়েছে যদি বলেন, তাহলেও আমরা অনেক কিছু প্রচার না করে, চুপ করে বসে থাকতে পারি, এবং তাতে পুরাণ ব্যবস্থাই চলতে থাকবে।

Shri Sanat Kumar Raha : আপনি বললেন যে আপনারা compaign করুন কিন্তু আমরা compaign করতে গেলে, সেখানে সরকারপক্ষ থেকে বাধা দেওয়া হয়। সেদিন অ্যাসেম্বলীতে আপনাদেরই লোক, অর্দ্ধেন্দু বাবু রিপোর্ট করলেন calling attention এর উপর যে বামপন্থী কম্যুনিষ্টদের পক্ষ থেকে সেখানে উত্তেজনা সৃষ্টি করার জন্য, পুলিশ ক্যাম্প বসান হয়েছে। সেই মিটিংএর উদ্যোক্তা হিসাবে আমি সেখানে ছিলাম। দ্বিতীয়ত সেখানে compaing করার জন্য আমাদের উপর ডি, আই, আর প্রয়োগ করা হচ্ছে। বর্গাদারদের রক্ষা করতে গেলে, একদিকে আমাদের উপর ডি, আই, আর প্রয়োগ করছেন, অনেককে গ্রেপ্তার

করছেন, অপর দিকে, কৃষককে জোতদারদের হাতে ছেড়ে দিচ্ছেন এবং সঙ্গে, সঙ্গে পুলিশের হাতে আরও ক্ষমতা তুলে দিচ্ছেন, যাতে বর্গাদাররা আরও নির্দয়ভাবে জোতদারদের হাতে নিপীড়িত হতে পারে, তার ব্যবস্থা চলেছে। এই অবস্থার বিরুদ্ধে ভূমি রাজস্ব বিভাগ থেকে চিন্তা করা উচিত যে কিভাবে বর্গাদারদের রক্ষা করা যেতে পারে।

Shri Syamadas Bhattachayya : আইন-কানুন তাদের protection দিয়েছে। তিনি একটা কথা বললেন কোথায় ১৪৪ ধারা জারী করা হয়েছে, ভাগচাষীদের অত্যাচার করা হচ্ছে, মাননীয় সদস্যও সেখানে গিয়েও উৎপীড়িত হয়েছেন—এই সব ঘটনার কথা আমি তো কিছু জানি না। এই প্রচার কার্যের যদি কেউ বিরোধীতা করেন কোন প্রকারে আকারে ইঙ্গিতে,—ভাষায় ও আচরণে, তাহলে কোন কোন সদস্য হয়ত খুসী হবেন। কিছু প্রতিক্রীয়াশীল শক্তিরা খুব মাথাচাড়া দিয়ে উঠবে—এটা মনে রাখবেন।

Shri Sanat Kumar Raha : আমি জানতে চাই—ভূমি রাজস্ব দপ্তর থেকে যে প্রচার করছেন, সেই প্রচারের জন্য ভাগচাষীরাও শান্তিপূর্ণভাবে নামতে পারেন। তার ব্যবস্থা না করে থাকবে—এক তরফা পুলিশ ও জোতদারদের সুযোগ দিচ্ছেন—ভাগচাষীদের উচ্ছেদ করবার জন্য—একথা আপনি চিন্তা করেছেন কিনা? যদি না করেন, তাহলে কেন করেন নি? তার ফলে যে অপ্রীতিকর অবস্থার সৃষ্টি হয়েছে, তার বিরুদ্ধে কিছু আপনি করবেন কিনা?

Shri Syamadas Bhattacharyya : পুলিশ বর্গাদারদের বিরুদ্ধে ষড়যন্ত্র করবেন ও জোতদারদের পক্ষ গ্রহণ করবেন—এরকম proposition উপস্থিত করলে আমি তা গ্রহণ করতে অক্ষম।

Shri Panchu Gopal Bhaduri : মন্ত্রিমহাশয় যখন জানেন যে গ্রামের মধ্যে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক দিয়ে বর্গাদাররা অত্যন্ত নিম্নস্তরে এবং অত্যন্ত নিপীড়িত। সেইজন্য কোন আইন মারফৎ সুবিধা দেওয়ার সঙ্গে সরকারী বিভিন্ন বিভাগকে সচেতন করে সমবেত ভাবে একটা কর্মপদ্ধতি নেওয়া—আপনি সঙ্গত মনে করেন কিনা?

Shri Syamadas Bhattacharyya : কোন আইন করবার কথা হচ্ছে না। বর্তমানে Land Reforms যে আইন হয়েছে—তার ১৬ নম্বর, ১৮ নম্বর প্রভৃতি যে ধারাগুলি আছে, সেই ধারাগুলি সাধারণ্যে প্রচার ব্যবস্থা হয়েছে, নূতন কিছু প্রচার করবার ব্যবস্থা হয় নাই। আমি মনে করি—বার বার একথা আমাদের তরফ থেকে বলছি যে এই আইন যা দেওয়া হয়েছে—বর্গাদারদের অধিকতর ক্ষমতা ও অধিকার দেওয়ার আগে এই আইন যাতে ঠিকঠিকভাবে প্রয়োগ করা হয়—সেটা বলছি। মাননীয় সদস্যও বলছেন বর্গাদারদের পুরু ক্ষমতা দিন; বর্গাদারদের অনুকূলে যে আইনগুলি রচিত হয়েছে, সেই ধারাগুলি প্রয়োগ করা অবিলম্বে প্রয়োজন। সেইজন্য আমি মনে করি যে এই বিষয়গুলি সাধারণের মধ্যে বিশেষভাবে প্রচার করা দরকার এই উদ্দেশ্য নিয়ে আমরা এই বিজ্ঞপ্তি প্রচার করেছি। মাননীয় সদস্য যদি মনে করেন বিজ্ঞপ্তি প্রচার করা ভুল হয়েছে, তাহলে আমি সেটা বন্ধ করে দিতে পারি।

Shri Panchu Gopal Bhaduri : আমার সাপ্লিমেন্টারীর উত্তর আপনি দিলেন না। আমি জিজ্ঞাসা করেছিলাম আপনি কি এটা মনে করেন যে সরকার বিভিন্ন বিভাগে properly inform করে যদি একটা joint campaign করতে প্রস্তুত থাকেন, তাহলে গ্রামাঞ্চলের জোতদাররা যে রকম একটা শক্তিশালী অংশ—যাতে তাদের হাত থেকে বর্গাদাররা বাঁচতে পারে সেদিক থেকে আপনি সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টকে properly inform করে সমগ্র সরকারী মেশিনারীকে সচেতন করবেন যাতে বর্গাদারদের যে right দেওয়া হয়েছে তা তাঁরা ভোগ করতে পারেন তার কোন ব্যবস্থা করতে পারেন কিনা?

Shri Syamadas Bhattacharyya : আমরা ইতিমধ্যে যতটা সম্ভব বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মচারীকে জানিয়ে দিয়েছি এবং এ সম্বন্ধে তাঁদের অবহিত হতে বলেছি।

[1-50—2-00 p. m.]

Shri Nani Bhattacharyya : কিন্তু প্রশ্ন হচ্ছে, Government-এর এই firm policy-র কথা জেলার প্রশাসনিক দপ্তরের কাছে জানিয়েছেন কিনা যে it is the Government's firm policy. জমিদারী দখল আইন সংক্রান্ত সমস্ত বিধিনিষেধ ভালভাবে প্রয়োগ করতে হবে ? মহকুমা শাসক থেকে আরম্ভ করে জেলাশাসক ও পুলিশ দপ্তরে আপনারা এটা পরিষ্কারভাবে জানিয়েছেন কি যে, কেউ যদি কোন রকম পিড়নের সম্মুখীন হয় তাহলে পুলিশ বা প্রশাসনিক দপ্তর থেকে তাদের protect করা হবে।

Shri Syamadas Bhattacharyya : আইনে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতার কথা প্রচার করা হয়েছে। এখন Land Reforms এমন কতকগুলি ধারা আছে যেগুলি সম্পর্কে ভাগচাষীদের ভাল ধারণা নাই। তেমন জানেন শোনেন এমন লোকেরও ভাল ধারণা নাই। একাই মাননীয় সদস্যদের দ্বারা সমর্থিত হয়েছে। এখন সেগুলি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা হয়েছে।

Shri Nani Bhattacharyya : আমার প্রশ্নটা হল, আধিয়ারদের উপর হামলা হলে তাদের protection দেবার কথা মহকুমা ও জেলা শাসকদের জানানো হয়েছে কিনা ?

(No Reply)

Shri Nikhil Das : মালিকেরা অনেক সময় পুলিশের সাহায্যে অন্যায়ের আশ্রয় গ্রহণ করে আধিয়ারদের বিরুদ্ধে মিথ্যা মামলা রুজু করে এই সম্পর্কে সরকার জানেন কি না, এবং যদি জানেন তাহলে এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

Shri Syamadas Bhattacharyya : মাননীয় সদস্যকে আমি এইটুকু স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে এখানে প্রশ্নোত্তরের পরেই যে বিলের আলোচনা হবে তাতেই আরো ভালভাবে বর্গাদারদের অধিকার সংরক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। আরো একটা কথা এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের বলি, শুধুমাত্র সরকারী কর্মচারীদের সহায়তায় বর্গাদারদের স্বার্থ রক্ষিত হতে পারে না, তারজন্য জনমত তৈয়ারী করা প্রয়োজন।

Shri Sudhir Chandra Das : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ভাগচাষ কোর্ট এবং পুলিশের সংগে ষড়যন্ত্র করে মালিকরা বর্গাদার উচ্ছেদ করে দেয়।

Shri Syamadas Bhattachayya : এসব কথা আমরা অনেক সময়ই শুনতে পাই, কিন্তু এসব কথা বলে কোন লাভ হবে না যতক্ষণ না এই প্রতিবিধানের জন্য জনমত তৈরী হচ্ছে।

Drainage Schemes in Midnapore district

***531. (Admited question No. *2511.) Shri Ananga Mohan Das :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কয়টি বেসিনের জলনিকাশ পরিকল্পনা তৃতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে ; এবং

(খ) উহাদের মধ্যে কয়টির কাজ আরম্ভ হইয়াছে এবং কতদিনে উহাদের কাজ শেষ হইবে ?

Shri Syamadas Bhattacharyya : (ক) নিম্নলিখিত তিনটি বেসিনের জলনিকাশী প্রকল্প তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে :—

(১) কাঁথি বেসিনের জলনিকাশী প্রকল্প প্রথম পর্যায় ;

(২) বামুনিয়া দয়ুদপুর খাল খনন কার্যের দ্বারা সরপাই বেসিনের জলনিকাশী প্রকল্প ;

(৩) ময়না বেসিনের জলনিকাশী প্রকল্প।

(খ) প্রথম ও দ্বিতীয়টির কাজ আরম্ভ হইয়াছে। প্রথমটির কাজ ১৯৫৮ সাল নাগাদ শেষ হইবে। দ্বিতীয়টি কাজ ইতিপূর্বেই শেষ হইয়াছে।

তৃতীয়টির কাজ আরম্ভ হয় নাই।

Shri Ananga Mohan Das : মেদিনীপুর জেলায় অনেকগুলি বেসিন আছে, তার মধ্যে তিনটিমাত্র বেসিনের কাজ মঞ্জুর হয়েছে, বাকী পরিকল্পনাগুলি মঞ্জুর হল না এর কারণ কি ?

Shri Syamadas Bhattacharyya : মাননীয় সদস্যকে আমি জানাতে পারি এরজন্য মোট আনুমানিক খরচ পড়বে ২৫ লক্ষ ৩২৩ হাজার এই রকম। এগুলি অত্যন্ত জটিল ব্যাপার এখনো পরীক্ষাধীনে আছে, তৃতীয় পরিকল্পনায় এই কাজের জন্য ১৫ লক্ষ টাকা হয়েছিল। আর এই পরিকল্পনাটা এখনো Technical Engineerরা চূড়ান্তভাবে অনুমোদন করেন নি। তবে জরুরী অবস্থার জন্য প্রয়োজনানুরূপ টাকা না পেলেও এটা আমরা বাদ দিইনি, আমরা আশা করি আগামী বৎসরে এই কাজ আমরা শেষ করতে পারব। কাঁথি বেসিন পরিকল্পনার জন্য প্রথম পর্যায়ে ৩৬ লক্ষাধিক টাকা ব্যয়িত হবে বলে অনুমান করা হয়েছে। এই পরিকল্পনার অন্তর্গত পাণিটিয় খালের পুনঃ খনন এবং কাঁথি থেকে দীঘা পর্যন্ত সেতু নির্মাণের কাজ চলছে। মশাগ্রাম বিশ্রামাগার নির্মাণের কাজ আরম্ভ হয়েছে। এই প্রকল্পের দ্বারা ৫ হাজার ৪০০ একর জমি সম্পূর্ণভাবে এবং ১৩,১৯৫ হাজার একর জমি আংশিকভাবে উপকৃত হবে। ১৯৬৫ সালের মার্চ পর্য্যন্ত এই কাজের জন্য ৫ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয় হয়েছে। ১৯৬১ অর্থাৎ বর্তমান সালে ৪ লক্ষ ১৬ হাজার টাকা এবং আগামী ১৯৬৬-৬৭ সালে ৫ লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব আছে বামুনিয়া খালের কথা বলেছেন, এই কাজ সম্পূর্ণ হয়েছে, তবু এই বছরের সংশোধিত বাজেটের এর জন্য ১৪ হাজার টাকা বরাদ্দ আছে।

Shri Ananga Mohan Das : আপনি বল্লেন এই তিনটি স্কীম এখন পর্যন্ত ইঞ্জিনিয়ারদের বিবেচনাধীন আছে। তাহলে কি এই বুঝব যে ইঞ্জিনিয়ারদের পূর্বাহ্নে অভিমত না নিয়ে আন্দাজ করে স্কীম করা হয় ?

Shri Syamadas Bhattacharyya : Rough Estimate বা plan করে কাজ করা হয়। চূড়ান্তরূপ দিতে হলে, বিশেষ করে জল নিষ্কাষণের পরিকল্পায় Technical Committeeর approval লাগে ; এই Technical Committeeতে শুধু বাংলা দেশেরই নয়, ভারত সরকারেরও প্রতিনিধি থাকেন, তাঁরা দেখতে চান পরিকল্পনা সুচিন্তিতভাবে হচ্ছে, কি না, তাহলে উপকারের পরিবর্তে অপকার হতে পারে। এসব কারণে দেরী হয়। বর্তমানে available technical knowledgeএর মধ্যে এর বেশি কাজ করতে পারা যাচ্ছে না।

Shri Ananga Mohan Das : যখন কোন একটা পরিকল্পনা গ্রহণ করা হয় তখন এই পরিকল্পনা দ্বারা সব জমি উপকৃত হতে পারে, কতটা ফসল বাড়তে পারে এসব কি বিবেচনা করা হয় না ?

Shri Syamadas Bhattacharyya : সবই করা হয়, কত জমি উপকৃত হবে মোটামুটি ভাবে কত টাকা খরচ লাগবে এসবই বিবেচনা করা হয়, কিন্তু কোন কাজের কোন্ কোন্ পর্যায়ে কোথায় কোথায় বাঁধ, sluice বা অন্যান্য structure করতে হবে সেগুলি ইঞ্জিনিয়াররা ভালভাবে অনুধাবন করে তবে তাঁদের অনুমোদন দিয়ে থাকেন।

[2—2-10 p. m.]

Shri Sudhir Chandra Das : মাননীয় মন্ত্রিমহাশয়, এখনই মশাগ্রাম লক গেটের কাছে বিশ্রামাগারের কথা তুললেন। আমি জানতে চাই মশাগ্রাম লক গেট সম্বন্ধে কোন প্ল্যান, এসটিমেট করে আছে কিনা, কি অবস্থায় আছে বলতে পারবেন কি ?

Shri Syamadas Bhattacharyya : ওটা আমি বলতে পারছিনা, ওটা টেকনিক্যাল ব্যাপার, ওটা প্রশ্ন ছিল না।

STARRED QUESTIONS

to which answers were laid on the Table

Payment of compensation to the ex-Zamiders

*532. (Admitted question No. *2425.) **Shri Birendra Narayan Roy :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ইহা কি সত্য যে ভূতপূর্ব জমিদারদের যাঁহাদের মুনাফা বার্ষিক পাঁচ হাজার টাকা অথবা তদূর্ধে ছিল তাঁহাদের মধ্যে কিছু ব্যক্তি তাঁহাদের প্রাপ্য ক্ষতিপূরণের মোটামুটি ৮৫% (শতকরা পঁচাশী ভাগ) ক্ষতিপূরণ পাইয়া গিয়াছেন ?

The Minister for Land and Land Revenue : দুইটি ক্ষেত্রে বার্ষিক পাঁচ হাজার টাকা বা তদূর্ধ মুনাফাসম্পন্ন জমিদারকে প্রাপ্য ক্ষতিপূরণের মোটামুটি ৮৫% টাকা প্রদান করা হইয়াছে।

Government khas lands the Char areas of the Padma

*533. (Admitted question No. *2448.) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জলংগী থানার অধীন পদ্মার চরের খাসজমি সরকার কর্তৃক কত একর বন্টন করা হইয়াছে ;

(খ) মোট কত জমি এখনও বন্টিত হয় নাই ;

(গ) বন্দোবস্ত দেওয়া জমি কাহাদের নিকট কি ভাবে দেওয়া হইয়াছে ;

(ঘ) উক্ত জমি সকলেই এ বৎসর আবাদ করিয়াছেন কি না ; এবং

(ঙ) ইহা কি সত্য যে, সরকারপাড়া, জয়কৃষ্ণপুর ঘাট, বিষ্ণুপুর ও মধুবোনা এই সমস্ত গ্রামে খাসজমি অনাবাদী পড়িয়া আছে ?

The Minister for Land and Land Revenue : (ক) মোট ২১·২৬ একর জমি বাৎসরিক লাইসেন্সের ভিত্তিতে বন্টন করা হইয়াছে।

(খ) ১·৫০ একর।

(গ) একর প্রতি বার্ষিক ১০·০০ (দশ টাকা) হার লাইসেন্স ফিতে স্থানীয় কৃষিজীবিগণকে দেওয়া হইয়াছে।

(ঘ) উক্ত জমি এ বৎসর সকলেই আবাদ করিয়াছেন।

(ঙ) বিষ্ণুপুর নামে কোন গ্রাম বা মৌজা জলঙ্গী বা তৎপার্শ্বস্থ ডোমকল থানায় নাই। জয়কৃষ্ণপুরঘাট নামেও কোন গ্রাম এই দুই থানায় নাই। অবশ্য জয়কৃষ্ণপুর নামে একটি মৌজা জলঙ্গী থানার অধীন। জয়কৃষ্ণপুর ও মধুবোনা মৌজাদ্বয়ের কোন খাসজমি অনাবাদি পড়িয়া নাই ও সরকারপাড়া গ্রামে কোন খাসজমি নাই।

Mayna-Paramanandapur-Pingla road

***534.** (Admitted question No. *2518.) **Shri Ananga Mohan Das :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না পরমানন্দপুর-পিংলা রাস্তা কোন পরিকল্পনায় মঞ্জুর হইয়াছিল ; এবং

(খ) উহার কাজ ও উক্ত পরিকল্পনায় মঞ্জুরীকৃত মেদিনীপুর জেলার অন্যান্য অসম্পূর্ণ রাস্তাগুলির নির্মাণ কার্য কবে শেষ হবে ?

The Minister for Public Works (Roads) : (ক) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়।
(খ) একটি তালিকা পেশ করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 534

ক্রমিক নং	অসম্পূর্ণ রাস্তার নাম	নির্মাণকার্য শেষ হইবার সম্ভাব্য সময়
১	ময়না-পরমানন্দপুর-পিংলা	১৯৬৬ সালের ডিসেম্বর মাস
২	মোহনপুর-সোলপাট্টা-সোনাকালিয়া	,, ,, জুন ,,
৩	পটাশপুর-বাঙ্গুচক	,, ,, ডিসেম্বর ,,
৪	কেশপুর-নাড়াজোল (উন্নয়ন)	,, ,, ,, ,,
৫	কেশপুর-চন্দ্রকোণা	,, ,, জুন ,,
৬	ঝাড়গ্রাম-জামবনি	,, ,, মে ,,
৭	ডেবরা-ম্যাড়হাতলা-কসাই ব্যাংক	,, ,, ডিসেম্বর ,,
৮	দহিজুরী-বিনপুর-সিলদা	,, ,, ,, ,,
৯	খেজুরী-হেড়িয়া	১৯৬৭ সালের মার্চ্চ মাস
১০	দক্ষিণ শীতলা-দাদনাপাত্র	১৯৬৬ সালের জুন মাস
১১	পটাশপুর-ভগবানপুর	,, ,, ,, ,,
১২	ক্ষীরপাই-রামজীবনপুর	,, ,, ,, ,,

UNSTARRED QUESTIONS

to which written answer were laid on the Table

'Mahila Samity' in Ausgram, Galsi and Kanksa police-stations, Burdwan

984. (Admitted question No. 2450.) **Shri Monoranjan Bakshi :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আউশগ্রাম, গলসী ও কাঁকসা থানাসমূহে কোথায় কোথায় মহিলা সমিতি আছে ; এবং

(খ) এগুলি কোন সালে স্থাপিত হইয়াছে এবং ১৯৬৪-৬৫ সালে কোন্‌টি কত টাকা কোন্ ব্লক হইতে সাহায্য বাবদ পাইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) একটি বিবরণী দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. No. 984

বর্ধমান জেলার আউসগ্রাম, গলসী ও কাঁকসা থানার মহিলা সমিতিগুলির অবস্থান, স্থাপিত হওয়ার বৎসর এবং ব্লক হইতে সাহায্য বাবদ প্রাপ্ত অর্থ সম্পর্কে বিবরণ

থানা	ব্লক	মহিলা সমিতি	গ্রাম	কোন সালে স্থাপিত হইয়াছে	১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে ব্লক হইতে সাহায্যপ্রাপ্ত অর্থের পরিমাণ (টাকা)
আউসগ্রাম	আউসগ্রাম ১	(১) কল্যাণপুর	কল্যাণপুর	১৯৬০-৬১	২৪০
		(২) গুসকরা	গুসকরা	১৯৬৪-৬৫	৬০০
		(৩) বিল্বগ্রাম	বিল্বগ্রাম	ঐ	—
		(৪) দিগনগর	দিগনগর	ঐ	—
		(৫) নিউটন, গুসকরা	নিউটন, গুসকরা	ঐ	—
		(৬) বন নবগ্রাম	বন নবগ্রাম	১৯৬৫-৬৬	—
	আউসগ্রাম ২	(১) অমরগড়	অমরগড়	১৯৫৭-৫৮	১৪০
		(২) সর	সর	১৯৬১-৬২	১৪০
		(৩) এরাল	এরাল	ঐ	—
গলসী	গলসী ১	(১) মানকর	মানকর	১৯৬৪-৬৫	৯২০
	গলসী ২	(২) কৈতাড়া	কৈতাড়া	১৯৬৪	—
		(২) আদ্রাহাটি	আদ্রাহাটি	১৯৬৫	১০৪০
		(৩) খানো	খানো	ঐ	—
কাঁকসা	কাঁকসা	(১) কাঁকসা	কাঁকসা	১৯৬৪	৫০০
		(২) অযোধ্যা	অযোধ্যা	ঐ	৫০০

Land of Jurisdiction list No. 136, mauza Sanjip, Kharba police-station, Malda

985. (Admitted question No. 2540.) **Dr. Golam Yazdani :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানার অন্তর্গত জে, এল ১৩৬, মৌজা সাঞ্জিপ, খতিয়ান নং ১৩৪, দাগ নং ৫৪৬ এর জমির পরিমাণ কত ;

(খ) উক্ত জমি সরকারে ন্যস্ত কি না ;

(গ) যদি সরকারে ন্যস্ত হয় তবে কোন তারিখে এবং কোন জোতদারের নিকট হইতে ভেষ্ট হইয়াছে ;

(ঘ) উক্ত জমি এখন কাহার দখলে আছে ;

(ঙ) ইহা কি সত্য যে, উক্ত জমি একবার সরকারে ন্যস্ত হইয়াছিল এবং পরে জমির মালিককে আবার ফেরৎ দেওয়া হইয়াছে ; এবং

(চ) সত্য হইলে তাহার কারণ কি ?

The Minister for Land and Land Revenue : (ক) ১'২২ একর।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) শ্রীমতী বাণী রায়, স্বামী শ্রীনির্মলেন্দু রায়।

(ঙ) ও (চ) ১৯৩৬ সালের ১লা বৈশাখে রায়ত শ্রীগোবিন্দ ভূষণ সরকার, শ্রীবিভূতিভূষণ সরকার এবং শ্রীরাধিকাভূষণ সরকার (সাং কালিগ্রাম) নিকট হইতে উক্ত জমি ভেট করিয়াছে বলিয়া রেকর্ড হয়। পরে ২য় মুন্সেফ কোর্টের ৬৮।৬২ নং মোকর্দমার বিচারে শ্রীমতী বাণী রায়, স্বামী শ্রীনির্মলেন্দু রায়ের নামে স্বত্ব সাবস্ত হইয়াছে।

Purchase of Milk in Midnapur, Howrah, Burdwan and Hooghly Jails

986. (Admitted question No. 2573.) **Shri Bhabani Mukhopadhaya:** কারা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর, হাওড়া, বর্ধমান ও হুগলী জেলে কত দরে দুগ্ধ ক্রয় করা হয়; এবং

(খ) এই দুগ্ধ ভেজাল কি না, তাহা নিয়মিত পরীক্ষার জন্য কি ব্যবস্থা আছে?

The Minister for Home (Jails): (ক) মেদিনীপুর জেলে প্রতি লিটার ০.৬২ টাকায় হাওড়া জেলে ০.৭২ টাকায় (টোণ্ড) এবং ০.৬০ টাকায় (ডবল টোণ্ড) বর্ধমান জেলে ০.৯৩ টাকায় এবং হুগলী জেলে ০.৬০ টাকায় দুগ্ধ ক্রয় করা হয়।

(খ) হাওড়া জেলে হরিণঘাটা সরকারী দুগ্ধ সরবরাহ কেন্দ্র হইতে শীল'মোহর যুক্ত পাত্রে দুগ্ধ সরবরাহ করা হয়। ইহার ভেজাল সম্বন্ধে কারা কর্তৃপক্ষ কোনরূপ পরীক্ষা করেন না।

মেদিনীপুর, বর্ধমান এবং হুগলী জেলে মেডিক্যাল অফিসার ল্যাকটোমিটার যন্ত্রের সাহায্যে নিয়মিত দুগ্ধ পরীক্ষা করিয়া থাকেন। ইহা ছাড়া মেদিনীপুর এবং হুগলী জেল হইতে মাঝে মাঝে দুগ্ধের নমুনা কলিকাতাস্থ পশ্চিমবঙ্গ জনস্বাস্থ্য গবেষণাগারে পরীক্ষার জন্য পাঠান হইয়া থাকে।

Payment of minimum wages to the tea workers

987. (Admitted question No. 2596.) **Shri Nani Bhattacharjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if the Government is aware that the tea workers in the State are still subject to short payment of minimum wages and the short payment amounts to 40 paise in Duars and Terai and 80 paise in Darjeeling;

(b) if so, what steps have been taken by the Government to stop such short payment of statutory wages and what penal steps, if any, the Government has taken against the tea garden owners for the violation of the minimum Wages Act?

The Minister for Labour: (a) Yes.

(b) The matter is under examination of the Government.

Protection of plantation worker from rain and cold

988. (Admitted question No. 2601.) **Shri Nani Bhattacharjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

What steps if any, the State Government has taken to implement Plantation Labour Act in respect of the provision for free supply of umbrella, warm clothing and footwear?

The Minister for Labour : The State Government has issued a Notification (No. 475-L. W.. dated 13-5-65) which enjoins upon every employer to supply, free of cost, to each Plantation worker for protection from rain and cold, the following materials every two years ;

(i) an umbrella or a Jhapi,
(ii) and waterporoof apron, and
(iii) a woollen Jersy with full sleeve or a blanket.

No provision has been made for supply of footware to the Plantation workers.

The Chief Inspector of Plantations is looking after the implementation of the Government notification.

Asansol Planning Organisation

989. (Admitted question No 2608.) **Shri Aswini Roy :** (a) Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state if it is a fact that an Organisation by the name of Asansol-Durgapur Planning Organisation was set-up by the Government ?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister-in-charge of the Development be pleased to state :—

(i) the name and location of the organisation ;
(ii) the date when it come into being ;
(iii) the workers allotted to the Organisation ;
(iv) details of the workers done up till now ; and
(v) the names of the mauza in each police-station that have already been brought under the development programme of the said organisation ?

The Minister for Development and Planning : (a) Yes, a planning organisation has been set-up for the Asansol-Chittaranjan-Durgapur Complex.

(b) (i) Assansol Planning Organisation located at Asansol.

(ii) The Organisation, was set-up on 28-1-64

(iii) The objectives, duties, etc., of the Organisation have been stated in Schedule II to the State Government Resolution No. 6 TCP/38-1/64, dated 28-1-64, a copy of which has been laid on the Library Table

(iv) The Organisation has completed basic survey and data collection work and on the basis of the same has recently finalised the "Interim Development Plan" for the Asansol Planning area. The said Interim Development Plan is going to be published very soon.

(v) The jurisdiction of the Asansol Planning Organisation extends to the whole of the Asansol Subdivision in the district or Burdwan.

Resuscitation of derelict tanks for pisciculture

990. (Admitted question No. 1060.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) The amount of money sanctioned by the Department for resusciatation of derelict tanks for pisciculture purpose in the different districts in West Bengal in each year from 1961-62 up to 1964-65 ; and

(b) How many tanks have been re-excavated in each district in the said years and the costs thereof and also the quantity of increase of supply of fish as a result of the said works ?

The Minister for Fisheries : (a) and (b) Necessary particulars are being collected and will be furnished as soon as possible.

Applications for Corrugated Iron sheet in Midnapore District

991. (Admitted question No. 1247.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলায় কতজন তাহাদের বসতবাটির প্রয়োজনের জন্য টিনের পারমিট পাইবার উদ্দেশ্যে দরখাস্ত করিয়াছিল ; এবং

(খ) ঐ সকল দরখাস্তগুলির মধ্যে কতকগুলি তদন্ত হইয়াছে এবং কতজন পারমিট পাইয়াছেন ?

The Minister for Food and Supplies : (ক) সর্বসমেত ১,৭০৮টি দরখাস্ত পাওয়া গিয়াছিল।

(খ) ঐগুলির মধ্যে ১,৬৪৬টি ক্ষেত্রে তদন্ত হইয়াছে এবং ৪০টি ক্ষেত্রে পারমিট দেওয়া হইয়াছে।

Cultivation of Cotton

992. (Admitted question No. 1238.) **Shri Ananga Mohan Das :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গত বৎসর কি পরিমাণ জমিতে তুলা চাষ হইয়াছিল ;

(খ) প্রতি একর জমিতে কি পরিমাণ তুলার ফলন হইয়াছিল ; এবং

(গ) তুলা চাষ বৃদ্ধির জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা ?

The Minister of State for Agriculture and Community Development

(ক) প্রায় পঞ্চাশ (৫০) একর জমিতে প্রধানতঃ খাদি গ্রামোদ্যোগ এবং গান্ধী স্মারকনিধির উদ্যোগে চাষ হইয়াছিল।

(খ) ৫ মণ থেকে ৮ মণ তুলা (কার্পাস)।

(গ) একটি তুলা উন্নয়ন প্রকল্প চতুর্থ পরিকল্পনায় সরকারের বিবেচনাধীন আছে। বর্তমানে গবেষণা একম প্রসূত উন্নত বীজ সরবরাহ করা হয়।

Cinema rules

993. (Admitted question No. 1409.) Shri Ananga Mohan Das: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সিনেমা দরখাস্তের ব্যবধানে ও কি কি শর্তে গ্রামাঞ্চলে সিনেমা মঞ্জুর করা হয়, এবং

(খ) স্থায়ী ও অস্থায়ী সিনেমা মঞ্জুরের শর্তের পার্থক্য আছে কি না?

The Minister for Home (Political). (ক) ও (খ) বিভিন্ন প্রকারের সিনেমা লাইসেন্সদানের নিয়মাবলী ও শর্তাদি ১৯৫৬ সালের ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশন অফ পাবলিক এগজিবিসনস্) রুলস-এ লিপিবদ্ধ আছে।

Cinemas in Tamluk Subdivision

994. (Admitted question No. 1483.) Shri Ananga Mohan Das: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার কোন্ কোন্ থানাতে কয়টি করিয়া স্থায়ী সিনেমা মঞ্জুর আছে এবং নিয়মিতভাবে চলিতেছে; এবং

(খ) গত ১৯৬৩ ও ১৯৬৪ সালে ঐ মহকুমার কোন্ কোন্ থানায় কয়টি ক্ষেত্রে স্থায়ী সিনেমার লাইসেন্স পাওয়ার জন্য সরকার দরখাস্ত পাইয়াছিলেন এবং কয়টি ক্ষেত্রে লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Home (Political): (ক) মহিষাদল, নন্দীগ্রাম ও পাঁশকুড়া থানার প্রত্যেকটিতে একটি করিয়া এবং তমলুক থানাতে দুইটি স্থায়ী সিনেমা মঞ্জুর আছে। নন্দীগ্রাম থানার সিনেমাটি ভিন্ন উপরিউক্ত অন্যান্য সিনেমাগুলির প্রত্যেকটিই নিয়মিতভাবে চলিতেছে।

(খ) ১৯৬৩ সালে নন্দীগ্রাম ও সুতাহাটা থানার স্থায়ী সিনেমার জন্য তিনটি করিয়া দরখাস্ত পাওয়া গিয়াছিল। নন্দীগ্রাম থানায় একটি ক্ষেত্রে স্থায়ী সিনেমার লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে। ১৯৬৪ সালে পাঁশকুড়া, তমলুক ও ময়না থানার প্রত্যেকটিতে স্থায়ী সিনেমার জন্য একটি করিয়া এবং নন্দীগ্রাম থানায় ঐ উদ্দেশ্যে দুইটি দরখাস্ত পাওয়া গিয়াছিল। কোনও ক্ষেত্রেই এখনও লাইসেন্স মঞ্জুর করা হয় নাই।

Loan and grant-in-aid sanctioned for the expansion of Industries

995. (Admitted question No. 1891.) Shri Ananga Mohan Das: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে এই রাজ্যে শিল্প প্রতিষ্ঠান গঠন এবং সম্প্রসারণের জন্য কোন্ কোন্ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কি পরিমাণ অর্থ ঋণ বা অনুদান দেওয়া হইয়াছে;

(খ) ঐ অর্থ যথোপযুক্তভাবে ব্যয়িত হইয়াছে বলিয়া কতগুলি ক্ষেত্রে রিপোর্ট পাইয়াছেন; এবং

(গ) যাহারা উহা এখনও ব্যয় করে নাই তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries : (ক), (খ) ও (গ) বিস্তৃত তথ্যাদি সংগ্রহ করা সময়সাপেক্ষ; তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। যথাসময়ে পেশ করা হইবে।

General registered cases and title suits

996. (Admitted question No 1893.) **Shri Ananga Mohan Das :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৪ সালে পশ্চিম বাংলার জেলাওয়ারী ৩ বৎসরের ও ২ বৎসরের পুরাতন জেনারেল রেজিষ্টার্ড কেস এবং টাইটেল সুট-এর সংখ্যা কত?

The Minister for Judicial : প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। ইহা সংগৃহীত হইলেই প্রশ্নটির চূড়ান্ত উত্তর দেওয়া হইবে।

Prevention of clandestine trade in rice and paddy in Midnapore district

997. (Admitted question No. 1982.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেলেঘাই নদীর ধারে আসনান ঘাটে ধান ও চাউল এর চোরাকারবার নিবারণের উদ্দেশ্যে একটি চেক পোস্ট রহিয়াছে; এবং

(খ) উত্তর যদি হাঁ হয়, তাহালে এ পর্যন্ত কত ধান ও চাউলের চোরাকারবার ধরা পড়িয়াছে এবং কত লোক তার সংগে জড়িত?

The Minister for Home (Police) : (ক) হাঁ।

(খ) এ পর্যন্ত মোট ৫৮ কুইন্টাল ৯৬ কিলোগ্রাম এবং ৫০০ গ্রাম বেওয়ারিশ ধান আটক করা হইয়াছে; কিন্তু এ সম্পর্কে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিতে পারা যায় নাই।

Procurement of rice and paddy in Midnapore district

998. (Admitted question No. 1996.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার কোন মহকুমা হইতে কত ধান ও চাউল সরকার কর্তৃক সংগৃহীত হইয়াছিল;

(খ) উক্ত সংগৃহীত খাদ্যশস্যের মধ্যে মিলগুলি হইতে কত পরিমাণ সংগৃহীত হইয়াছে এবং কত পরিমাণ সমবায় সমিতিগুলি সংগ্রহ করিয়াছিল; এবং

(গ) উক্ত সংগৃহীত ধান ও চাউল কোথায় বণ্টিত হইয়াছিল?

The Minister for Food and Supplies : (ক) এই সম্পর্কে একটি বিবরণ প্রদত্ত হইল।

(খ) মিল হইতে সংগৃহীত চাউলের পরিমাণ—৭,১৮,৩৭০ কুইন্টাল।

সমবায় সমিতি হইতে সংগৃহীত ধান্যের পরিমাণ—১,৯৮৫ কুইন্টাল।

(গ) উক্ত সংগৃহীত ধান্য ও চাউল কলিকাতা ও হুগলী, হাওড়া, চব্বিশপরগনা এবং নদীয়া জেলায় বণ্টিত হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstared question No. 998

Statement showing the subdivisionwise procurement of rice and paddy on Government account of Midnapore district from December, 1964 to November, 1965

(Figures are in quintal)

	Name of subdivision of Midnapore district	Quantity Procured	
		Rice	Procured
1	Sadar North	3,31,240	1,763
2	Sadar South	2,47,656	227
3	Jhargram	60,768	598
4	Contai	63,006	896
5	Tamluk	14,691	...
6	Ghatal	1,009	...
		7,18,370	3,484

Procurement of rice in Jamboni Block, Midnapore

999. (Admitted question No. 2017.) **Shri Surendra Nath Mahato :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জাম্বনী থানায় ১৯৬৫ সালে আগস্ট মাস পর্যন্ত সরকার কর্তৃক কত ধান্য সংগৃহীত হইয়াছে ;

(খ) সাধারণ উপায়ে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে এবং ডিরেকটিভের মাধ্যমে কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে ;

(গ) যে সকল জোতদারের উপর সরকারকে ধান্য বিক্রয়ের জন্য ডিরেকটিভ দেওয়া হইয়াছিল তাহারা সকলে সরকারকে বা এজেন্টকে ধান্য সরবরাহ করিয়াছিল কি না ; এবং

(ঘ) না করিয়া থাকিলে কাহার নিকট কত পরিমাণ বাকী আছে এবং তাহার কারণ কি আর তাহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক), (গ) ও (ঘ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) কাহার নিকট হইতে কত ধান্য সংগৃহীত হইয়াছে তাহা সংগ্রহ করা হইতেছে। বর্তমানে এই তথ্য দেওয়া সম্ভব নহে।

Statement referred to in reply to clauses (Ka), (Ga) and (Gha) of unstarred question No. 999.

Police-station—Jamboni. (Figures in quintals).

Total quantity of paddy procured on Government account from January, 1965 to August, 1965 in police-station Jamboni	Name of the producers from whom the stocks noted in Col. 1 were purchased	Quantity purchased		Whether all the producers of whom directives were served have delivered the entire stocks	If the reply in Col. 4 is negative total quantity of paddy still due may be noted in this Column showing the names of the defaulters and the reasons and also mentioning the nature of action taken against them.	
		Voluntarily	By issue of Directives			
(1)	(2)	(3)		(4)	(5)	
Nil	Nil	Nil	626 Q. (Sold to Rice Mill as per direction)	No.	(1) Upendra Nath Mahato of Sonamukhi, P. O. Chichra.	10 40
				N. B.— Total requisitioned 658; Lifted by the month of August 1965 626; Unlifted 32	(2) Saluk Ch. Nandy of Kuldiha, P.O. Chilkigarh.	15·00
						25·40
				Out of balance, 4Q 24 Kg. has been requisitioned by the D.M., Midnapore, on appeal made by the notice and 2Q. 36 Kg. has been lifted by the month of November, 1965.	*Reason for non-lifting.*— (1) and (2) lifting has not been effected due to inaccessible areas, however, Rice Miller has already been asked to lift the same.	

Levy system

1000. (Admitted question No. 2019.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্গাচাষের অন্তর্গত জমির উপর কিভাবে লেভী ধার্য করা হইবে ; এবং

(খ) বর্গাচাষী ও বর্গা দিয়া চাষ করান হয় এরূপ জমির মালিকের পক্ষে লেভীর পদ্ধতি কি হবে ?

The Minister for Food and Supplies: (ক) ও (খ) ওয়েস্ট বেঙ্গল ফুড গ্রেইনস্ প্রকিয়োরমেন্ট (লেভি) অর্ডার, ১৯৬৫, অনুসারে জমির উৎপাদকগণকে কি হারে লেভি দিতে হইবে অধিকৃত ধান্যোৎপাদক জমির পরিমাণের ভিত্তিতে সরকার তাহা নির্ধারণ করিয়াছেন। উক্ত আদেশে উৎপাদক বলিতে বর্গাদারদেরও বুঝাইবে। যেখানে বর্গাচাষী ও বর্গা দিয়া চাষ করাইবার ফলে জমিতে উৎপন্ন ধান্য দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে ভাগ করিতে হয়, সেখানে সরকারকে লেভি হিসাবে নির্ধারিত হারে দেয় ধানের পরিমাণ যিনি যতটা পরিমাণ শস্যের অংশীদার তাঁহাকে সেই আনুপাতিক হারে দিতে হইবে।

Alleged issue of permit for bringing 2,000 quintals of rice from Bankura Police Co-operative Stores to Howrah

1001. (Admitted question No. 2109.) **Shri Abani Kumar Basu:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২২-১০-৬৫ তারিখে হাওড়া জেলার কতিপয় খুচরা চাউল ব্যবসায়ীকে বাঁকুড়া জেলার পুলিশ কো-অপারেটিভ স্টোরস্ হইতে দুই হাজার কুইণ্টাল চাল আমদানী করিবার পারমিট খাদ্য বিভাগ হইতে দেওয়া হয় ; এবং

(খ) সত্য হইলে, কি মূল্যে উক্ত চাউল আমদানী করার জন্য ব্যবসায়ীদের বলা হইয়াছিল ?

The Minister for Food and Supplies: (ক) না, ইহা সত্য নহে।
(খ) প্রশ্ন উঠে না।

Number of persons Knocked down by Private Motor Cars in Tollygunge area

1002. (Admitted question No. 2233.) **Shri Kashi Kanta Maitra:** Will the Miaister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many persons were knocked by private motor cars in Tollygunge area on the 1st October, 1965.

(b) how many of these persons were admitted into the Bangur Hospital, Tollygunge ;

(c) if any police case was started against drivers of the cars who caused injuries to the persons referred to in clause (b) above ;

(d) if so, in how many cases and against whom ; and

(e) if not, the reasons therefor ?

The Minister for Home (Police) : (a) Three persons.

(b) One person.

(c) No.

(d) Does not arise.

(e) As the incidents were not reported to the police.

Effect of Levy Order on Bargadars

1003. (Admitted question No. 2247.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্গাচাষী ও বর্গাচাষের জমির মালিককে কি হারে লেভীর ধান্যের দাম দেওয়া হইবে ?

The Minister for Food and Supplies : বর্গাচাষী ও চাষের জমির মালিক উভয়ই নিম্নোক্ত হারে সরকারের নিকট হইতে বিক্রীত ধানের মূল্য পাইবেন :

(ক) নূতন আমন ধান (১৯৬৫-৬৬ ক্রপ ইয়ারের মধ্যে যাহা কাটা হইয়াছে)

শ্রেণী	কুইন্ট্যালপ্রতি দর
১। অতিমিহি	৪২'৯০ পয়সা
২। মিহি	৪০'২০ পয়সা
৩। সাধারণ	৩৭'৫০ পয়সা

(খ) পুরাতন আমন ধান (১৯৬৫-৬৬ ক্রপ ইয়ারের পূর্বে যাহা কাটা হইয়াছে)

শ্রেণী	কুইন্ট্যালপ্রতি দর
১। অতিমিহি	৪৪'২০ পয়সা
২। মিহি	৪১'৫৫ পয়সা
৩। সাধারণ	৩৮'৮৫ পয়সা

Effect of new food policy on the free sale of rice

1004. (Admitted question No. 2248.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন খাদ্যনীতি চালু হবার পর গ্রাম ও শহরে খুচরা চাউলবিক্রেতা থাকিবে কি না ; এবং

(খ) থাকিলে উক্ত বিক্রেতা কিভাবে চাউল পাইবে ?

The Minister for Food and Supplies : (ক) হাঁ, নূতন খাদ্যনীতি চালু হইবার পরেও সর্বাধিক এক কুইন্টাল পর্যন্ত ধান ও চাউল লইয়া খুচরা ব্যবসায়ীদের ব্যবসা করিতে দেওয়া হইবে। কোন কোন বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে ইহাদের ৪ কুইন্টাল পর্যন্ত ধানচাল এক সংগে বিক্রয়ার্থে মজুত করিতে দেওয়ার প্রশ্নও বিবেচিত হইবে। কিন্তু এক সংগে কোন একজন ক্রেতাকে তাঁহারা ১০ কেজির বেশী ধান ও চাউল বিক্রয় করিতে পারিবেন না।

(খ) সরকারকে লেভী হিসাবে ধান বা চাউল বিক্রয় করিবার পরেও উৎপাদকদের নিকট যে উদ্বৃত্ত ধান ও চাউল থাকিবে তাহার বিক্রয়যোগ্য অংশ খুচরা বিক্রেতারা কিনিতে পারিবেন।

Effect of Milk Product Control Order at the sweetmeat shops

1005. (Admitted question No 2258.) **Shri Anangamohan Das :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌর এবং শহরতলী এলাকায় ছানা ও ক্ষীর তৈয়ারী ও আমদানী বন্ধের আদেশ দেওয়ায় কতগুলি মিষ্টান্ন দোকান ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) ঐ সকল দোকানের উক্ত দ্রব্যাদি হইতে মিষ্টান্ন প্রস্তুতকারী ও বিক্রয়কারী কর্মচারীর সংখ্যা কত?

The Minister for Animal Husbandry and Veterinary Services : (ক) যদি মিষ্টির দোকানগুলি অনুমোদিত মিষ্টান্ন এবং অন্যান্য খাবার অধিক পরিমাণে তৈয়ারী ও বিক্রি করে, তবে কোন দোকানেরই ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা নাই।

(খ) প্রায় ৩৯,০০০।

Government grant to the Board of Secondary Education

1006. (Admitted question No. 2259) **Shri Ananga Mohan Das :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে সরকার সেকেণ্ডারী বোর্ডকে কি কি বাবদ কত টাকা দিয়াছেন;

(খ) উক্ত অর্থ খরচের হিসাব যথাযথভাবে সরকারকে দেওয়া হয় কি না; এবং

(গ) প্রতি বৎসর উক্ত বোর্ড ছাত্র ছাত্রীগণের যে পরীক্ষা গ্রহণ করেন তাহার ফলাফলের রিপোর্ট সরকারকে দেন কি না?

The Minister for Education : (ক) প্রাক্তন মধ্যশিক্ষা পর্ষৎ তহবিলের চূড়ান্ত হিসাব নিকাশান্তে এবং গণিতক সমন্বয়ন সাপেক্ষ (সাবজেক্ট টু অ্যাডজাস্টমেণ্ট), নূতন পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎকে প্রারম্ভিক অবস্থায় দৈনন্দিন খরচ মিটাইবার জন্য গত ১৯৬৪ সালের জানুয়ারী মাসে এককালীন এক লক্ষ টাকা মঞ্জুর করা হয়। আর কোন অনুদান (গ্র্যাণ্ট) এ পর্যন্ত মঞ্জুর করা হয় নাই।

(খ) মধ্যশিক্ষা পর্ষদের সমস্ত হিসাব Examiner of Local Accounts. West Bengal (under A. G. Bengal). কর্তৃক নিরীক্ষিত হয়।

(গ) হ্যাঁ।

Alleged drawal of fictitious bills of pay, allowances, etc., in the West Bengal Fire Services Directorate

1007. (Admitted question No. 2260) **Shri Ananga Mohan Das :** গত ১১ই মে, ১৯৬৫ তারিখে প্রদত্ত অতিরিক্ত ১০৯০ (অনুমোদিত প্রশ্ন নং ৩২০০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ফায়ার সার্ভিস (ফায়ার সার্ভিসে) কোনও দিন কাজ করেন নাই এরূপ কিছু সংখ্যক ব্যক্তিগণ বেতন, এলাউন্স এবং ওভারটাইম বাবদ কিছু সরকারী অর্থ বে-আইনীভাবে গ্রহণ করায় যে তদন্ত আরম্ভ হয় তাহার ফলাফল বাহির হইয়াছে কিনা; এবং

(খ) বাহির হইয়া থাকিলে তাহা কি এবং সরকার এ সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Local Self-Government : (ক) না, তদন্ত এখনও শেষ হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Junior High, High and Multipurpose Schools in Birbhum district

1008. (Admitted question No. 2265.) **Dr. Radhanath Chattoraj** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় উচ্চ বিদ্যালয়ের সংখ্যা কত এবং বহুমুখী বিদ্যালয়ের সংখ্যা কত ;

(খ) উহাদের মধ্যে কতগুলি বালিকা উচ্চ বিদ্যালয় এবং বালিকা বহুমুখী বিদ্যালয় আছে ;

(গ) কতগুলি জুনিয়ার উচ্চ বিদ্যালয় আছে ;

(ঘ) উহাদের মধ্যে জুনিয়ার বালিকা বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(ঙ) পল্লী অঞ্চলে অধিক সংখ্যক জুনিয়ার উচ্চ বিদ্যালয় স্থাপনের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

The Minister for Education :

(ক)	উচ্চ বিদ্যালয়	—	৬৬
	বহুমুখী বিদ্যালয়	—	১০
	উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়	—	৩৯
(খ)	বালিকা উচ্চ বিদ্যালয়	—	৬
	বালিকা বহুমুখী বিদ্যালয়	—	১
	বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়	—	৪

(গ) ১১১।

(ঘ) ১১।

(ঙ) জুনিয়ার হাইস্কুল স্থানীয় প্রচেষ্টায় স্থাপিত হইয়া থাকে।

Distribution of blankets among the prisoners

1009. (Admitted question No. 2309.) **Shri Kanai Paul** : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কারাগারে দ্বিতীয় শ্রেণীর হাজতী এবং তৃতীয় শ্রেণীর মেয়াদীদের গ্রীষ্মে ও শীতকালে কখানা করে কম্বল দেওয়ার নিয়ম ; এবং

(খ) পশ্চিমবঙ্গের কোন কারাগারে বর্তমানে কতজন দ্বিতীয় শ্রেণীর হাজতী ও তৃতীয় শ্রেণীর মেয়াদী আছেন এবং এই সব হাজতী ও মেয়াদীদের এখন কতজনকে কখানা করে কম্বল দেওয়া হয়েছে ?

The Minister for Home (Jails) : (ক) কারাগারে দ্বিতীয় শ্রেণীর মেয়াদী বন্দীদের দুইখানা করিয়া কম্বল দিবার নিয়ম আছে। শীতের সময় একখানি করিয়া অতিরিক্ত কম্বল সকলকেই দেওয়া হয়।

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলের বর্তমানে দ্বিতীয় শ্রেণীর হাজতী এবং তৃতীয় শ্রেণীর মেয়াদী বন্দীদের সংখ্যা সম্বলিত একটি তালিকা নিম্নে সংস্থাপিত হইল। ইহাদের প্রত্যেককেই বর্তমানে (শীতকাল) তিনখানা করিয়া কম্বল দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1009

তালিকা

ক্রমিক সংখ্যা	কারাগারের নাম	১৫-১২-৬৫ তাং বন্দীসংখ্যা দ্বিতীয় শ্রেণীর হাজতী	তৃতীয় শ্রেণীর মেয়াদী
১	প্রেসিডেন্সী কারা	১,১৩৬	৭৩৭
২	আলিপুর কেন্দ্রীয় কারা	৩৫৩	১,২৩৬
৩	দমদম কেন্দ্রীয় কারা	৪৭৮	৮৫৪
৪	বহরমপুর কেন্দ্রীয় কারা	১২৫	১১,৪৮
৫	মেদিনীপুর কেন্দ্রীয় কারা	৪৫৯	১,২৬৮
৬	সিউড়ী কারা	১৩৬	৭৪
৭	বর্ধমান কারা	৩১৭	১৮৮
৮	দার্জিলিং কারা	১৮২	২৫
৯	হাওড়া কারা	৩২০	২১৯
১০	জলপাইগুড়ি কারা	৩২৪	১৪২
১১	কৃষ্ণনগর কারা	৩০৩	১৩১
১২	কোচবিহার কারা	১১৩	১৩০
১৩	হুগলী কারা	৪৪২	১৭৯
১৪	পুরুলিয়া কারা	৪৪৮	১৪১
১৫	আলিপুর বিশেষ কারা	১,০৮৮	৮১
১৬	আসানসোল বিশেষ কারা	৩৮৩	১৮৬
১৭	লালগোলা বিশেষ কারা	—	১৩
১৮	শিলিগুড়ি বিশেষ কারা	১১২	৯০
১৯	বাঁকুড়া উপকারা	১৭৪	১৪
২০	বিষ্ণুপুর উপকারা	৩৩	৭
২১	কালনা উপকারা	৩৭	২
২২	কাটোয়া উপকারা	৩৪	১১
২৩	শ্রীরামপুর উপকারা	১৫৩	৩০
২৪	আরামবাগ উপকারা	৩২	৭
২৫	চন্দননগর উপকারা	৭৭	৫
২৬	মালদহ উপকারা	২৬৭	৪৯
২৭	বালুরঘাট উপকারা	৯৮	৩৬
২৮	রায়গঞ্জ উপকারা	১৫৬	৫০
২৯	ইসলামপুর উপকারা	১২৮	১২
৩০	বনগাঁ উপকারা	৫০	২২
৩১	বারাসাত উপকারা	১০০	৭৫
৩২	ব্যারাকপুর উপকারা	১৯৩	১৩
৩৩	বসিরহাট উপকারা	১৭১	২১
৩৪	ডায়মণ্ডহারবার উপকারা	১৪৪	১৬
৩৫	কাঁথি উপকারা	৩৬	৩
৩৬	ঘাটাল উপকারা	৫২	৭
৩৭	ঝাড়গ্রাম উপকারা	৪৬	—

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1009—concld.

তালিকা

ক্রমিক সংখ্যা	কারাগারের নাম	১৫-১২-৬৫ তাং বন্দী সংখ্যা দ্বিতীয় শ্রেণীর হাজতী	তৃতীয় শ্রেণীর মেয়াদী
৩৮	তমলুক উপকারা	১৬	১১
৩৯	কালিম্পঙ উপকারা	১৭	৪
৪০	শিলিগুড়ি উপকারা	৬৬	১৫
৪১	কার্শিয়াঙ উপকারা	৭	১
৪২	জঙ্গিপুর উপকারা	৩৫	৬
৪৩	কাঁদিপাড়া উপকারা	৪৯	১
৪৪	লালবাগ উপকারা	৭২	১৯
৪৫	তুফানগঞ্জ উপকারা	৪৬	৪
৪৬	মেকলিগঞ্জ উপকারা	৫৯	—
৪৭	মাথাভাঙ্গা উপকারা	৪৩	৭
৪৮	দিনহাটা উপকারা	৮১	৮
৪৯	রামপুরহাট উপকারা	—	১৪
৫০	আলিপুরদুয়ার উপকারা	১১৮	৩৩
৫১	রাণাঘাট উপকারা	৯৪	২৩
৫২	উলুবেড়িয়া উপকারা	৮৪	১০

বিশেষ দ্রষ্টব্য :—ক্রমিক সংখ্যা ৮-এর জন্য দার্জিলিং কারার বন্দীদের প্রত্যেককে ৫ খানি করিয়া কম্বল সরবরাহ করা হইয়াছে। ক্রমিক সংখ্যা ১৫-এর জন্য আলিপুর কারার বিশেষ ১,০৮০ জন হাজতি বন্দীর মধ্যে ৩৭৫ জনের নিজস্ব বিছানাপত্র আছে এবং ১১৩ জনের প্রত্যেককে ৩ খানি করিয়া কম্বল দেওয়া হইয়াছে।

ক্রমিক সংখ্যা ৩৯-এর জন্য কালিম্পঙ উপকারাগারের বন্দীদের ৫ খানি করিয়া কম্বল দেওয়া হইয়াছে।

Alleged selling of rice at Rs.2.50 to Rs.3.00 per Kg. in Nadia, and Howrah

1010. (Admitted question No. 2317) **Shri Kanai Pal :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ২৬-৫-৬৫ তারিখে বিভিন্ন জেলায় কর্ডন প্রথা চালু হওয়ার পর ঘাটতি জেলা নদীয়া ও হাওড়ায় চাল ২·৫০ থেকে ৩ টাকা কেজি দরে প্রকাশ্যে বিক্রী হয়েছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় এই অসম্ভব মূল্য বৃদ্ধির কারণ কি ?

The Minister for Food and Supplies : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Paddy Purchasing Centre at Nima in Barea police-station, Kandi subdivision

1011. (Admitted question No. 2319.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারের পক্ষে ধান্য ক্রয় করিবার জন্য কান্দী মহকুমার বরোয়া থানায় নিমের ডাকবাংলোতে ক্রয়কেন্দ্র খোলা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই কেন্দ্রে ক্রয় করার জন্য কে নিযুক্ত হইয়াছেন, এবং

(২) এই এলাকায় কৃষককে নগদ মূল্যে ক্রয়ের সঙ্গে সঙ্গেই টাকা দেওয়া হইতেছে কি না?

The Minister for Food and Supplies: (ক) উক্ত বরোয়া থানার অন্তর্গত নিমা নামক স্থানে সরকারের পক্ষে ধান্য ক্রয় করিবার জন্য ক্রয়কেন্দ্র খোলা হইয়াছে।

(খ) (১) উক্ত ক্রয়কেন্দ্রের জন্য নিম্নলিখিতদের ডি-পি এজেন্টরূপে নিযুক্ত করা হইয়াছে:

(i) শ্রীকালিপদ ঘোষ—নিমা।

(ii) শ্রীজগদানন্দন দে—সাতিতারা।

(iii) বরোয়া থানা কো-অপারেটিভ এগ্রিকালচারেল মার্কেটিং সোসাইটি লিমিটেড—বরোয়া।

(খ) হ্যাঁ।

Comb Industry

1012. (Admitted question No. 2324.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চিরুনী-শিল্পে বিশেষ করিয়া যশোহরের চিরুনী হিসাবে খ্যাত শিল্পে গুরুতর সঙ্কটের কথা সরকার অবগত আছেন কি না;

(খ) যদি অবগত থাকেন তাহলে মন্ত্রিমহাশয় বলিবেন কি যে ইহার ফলে এই শিল্পে নিযুক্ত ব্যক্তিদের চাকুরী ও জীবিকার সংকটের সম্ভাবনা দেখা দিয়াছে কি না; এবং

(গ) এই শিল্পটিকে রক্ষা করিবার জন্য "সেলুলয়েড" সরবরাহ অব্যাহত রাখিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

The Minister for Cottage and Small Scale Industries: (ক) এই শিল্পে কাঁচামালের অভাবের কথা সরকার অবগত আছেন।

(খ) হ্যাঁ।

(গ) এই শিল্পে প্রয়োজনীয় "সেলুলস নাইট্রেট," শীট যাহাতে চিরুনী-শিল্প সংস্থাগুলি পায় তাহার জন্য চেষ্টা করা হইতেছে। সেলুলাস নাইট্রেটের বিকল্প কাঁচামাল হিসাবে "সেলুলোজ এসিটেট" ও "পলিসটিরিন মোলডিং পাউডার" হইতে কিছু কিছু "যশোহরের চিরুনী তৈয়ারী করিয়া বাজারে বিক্রয় করা হইতেছে এবং ইহা হইতে আরও উন্নত ধরণের চিরুনী তৈয়ারী করিবার চেষ্টা হইতেছে।

Ration for Labourer

1013. (Admitted question No. 2330.) **Shri Nikhil Das:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূক জানাইবেন কি —

(ক) কায়িক পরিশ্রমকারী শ্রমিকদের জন্য নির্দিষ্ট রেশনের কোটা কত; এবং

(খ) কলিকাতা ও শিল্পাঞ্চলে কতজন কায়িক পরিশ্রমকারী শ্রমিক এই বিশেষ কোটা পাইতেছেন?

The Minister for Food and Supplies: (ক) সাধারণ বরাদ্দ অপেক্ষা প্রতি সপ্তাহে অতিরিক্ত ২০০ গ্রাম চাউল, গম ও গমজাত দ্রব্য।

(খ) ৪৪,৬৮৮ জন।

Procurement of rice through Rice Mills and D.P. Agents

1014. (Admitted question No. 2332.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সরকার পক্ষের খাদ্য সংগ্রহের ব্যাপারে চালকল ও ডি, পি, এজেন্টদের যে শর্তে নিয়োগ করা হইয়াছে তাহাতে ঢলতা ও কসুরী হিসাবে বাড়তি ধান লইবার ব্যবস্থা আছে কি না; এবং

(খ) মুটে খরচ, রসিদ স্ট্যাম্প বাবদ পয়সা লইবার ব্যবস্থা আছে কি না; এবং নগদ দামে ক্রয় করিবার ব্যবস্থা করা হইয়াছে কিনা?

The Minister for Food and Supplies: (ক) চালকল ও ডি, পি এজেন্টদের উৎপাদকদের নিকট হইতে ঢলতা অথবা অন্য কিছু বাবদ বাড়তি ধান লইবার ক্ষমতা নাই। তবে ধান যদি সরকার যেরূপ মান নির্দিষ্ট করিয়াছেন তাহা অপেক্ষা নিকৃষ্ট ধরণের হয় তবে চালকল ও ডি-পি এজেন্টরা ধানের মূল্য ঐ বাবদ সরকার নির্দিষ্ট হারে কমাইতে পারেন।

(খ) যেখানে সরকারী ক্রয়কেন্দ্রে অথবা ডি-পি এজেন্টদের সংগ্রহকেন্দ্রেই ধান ক্রয়-বিক্রয় হয় সেখানে উৎপাদকের পুরা মূল্য দিবার ব্যবস্থা আছে কিন্তু যদি উৎপাদকগণ নিকটবর্তী ক্রয় অথবা সংগ্রহকেন্দ্রে নিজেরা ধান বহন করিয়া না আনে এবং চাউল কলের মালিক ও ডি-পি এজেন্টরাই এই পরিবহনের ভার গ্রহণ করিতে হয়, তবে, সেই ক্ষেত্রে ধানের মূল্য হইতে উক্ত পরিবহণ খরচ কাটিয়া লওয়া যাইতে পারে।

উৎপাদকগণ ধানের মূল্য বুঝিয়া পাইবার সময়ে প্রচলিত বর্তমান নিয়ম অনুসারে টাকার প্রাপ্তি রসিদের উপর যে রেভিনিউ স্ট্যাম্প লাগাইয়া দিবে উহার খরচ তাহারা নিজেরাই বহন করিবে।

চাউল কল ও ডি-পি এজেন্টরা নগদ মূল্য দিয়া ধান ক্রয় করিবে।

Border Police

1015. (Admitted question No. 2333.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Union Government has already taken over the administration and control of the Border Police; and

(b) if so, for what period and under what conditions?

The Minister for Home (Police): (a) Yes.

(b) No period has been stipulated; details not yet settled.

M. R. Dealers in Midnapore District

1016. (Admitted question No. 2334.) **Shri Ananga Mohan Das:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলায় ময়না থানায় কয়জন কোন জিলায় নিযুক্ত আছে;

(খ) তাহাদের মধ্যে কয়জনের বিরুদ্ধে গত দু বছরে সরকার দুর্নীতির অভিযোগ পাইয়াছেন ; এবং

(গ) পাইয়া থাকিলে তাহার কি প্রতিকার করা হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) ১২ জন এম-আর ডিলার।

(খ) এক জনের বিরুদ্ধে।

(গ) তদন্তে অভিযোগ ভিত্তিহীন প্রমাণিত হওয়ায় উক্ত ব্যক্তির বিরুদ্ধে কোনপ্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

Supply of Rice and Atta to Hotels and Restaurants in Calcutta

1017. (Admitted question No. 2336.) **Shri Aswini Roy :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কলিকাতায় বিধিবদ্ধ রেশনিং চালু হইবার পর কতগুলি হোটেল ও রেষ্টুরেন্টকে চাউল ও আটা সরবরাহ করা হয় ;

(খ) উক্ত সরবরাহের ভিত্তি ও পরিমাণ কি ; এবং

(গ) বর্তমানে উক্ত হারের কোন পরিবর্তন করা হইয়াছে কিনা ?

The Minister for Food and Supplies :

(ক) ৩,০৩৫টি হোটেল ও রেষ্টুরেন্ট ৫-১২-৬৫ তারিখ পর্যন্ত এইরূপ সরবরাহ পাইয়াছে।

(খ) এক ব্যক্তির সাপ্তাহিক রেশন বরাদ্দ ১ কেজি চাল ও ৯০০ গ্রাম গম ও গমজাত দ্রব্য। কোন হোটেলে যত লোককে সপ্তাহের মিল সার্ভ করা হয় তাহার গড় নির্ণয় করিয়া উপরোক্ত বরাদ্দের ভিত্তিতে ঐ হোটেলের সাপ্তাহিক বরাদ্দ ঠিক করা হয়।

(গ) ৩০-৯-৬১ তারিখ হইতে হোটেল ও রেষ্টুরেন্টের বরাদ্দের শতকরা ৫০ ভাগ সরবরাহ হইতেছে তবে তবে যে সকল হোটেলে আবাসিক ব্যবস্থা আছে সেই ক্ষেত্রে (খ) এ বর্ণিত হারে রেশন সরবরাহ করা হয়।

Lift Irrigation Pumps in Burdwan district

1018. (Admitted question No. 2338.) **Shri Ashwini Roy :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় আজ পর্যন্ত কতগুলি লিফ্‌ট ইরিগেশান পাম্প বসানো হইয়াছে ; এবং

(খ) তাহাদের স্থান এবং একরের ভিত্তিতে সেচক্ষমতা কত ?

The Minister for Agriculture and Community Development : (ক) ও (খ) বর্ধমান জেলায় এ পর্যন্ত ১১টি নদী সেচ প্রকল্প গ্রহণ করা হইয়াছে এবং উহার কাজও আংশিক অগ্রসর হইয়াছে। প্রতিটি প্রকল্পের স্থান এবং কোনটির ক্ষেত্রে কয়টি পাম্প বসান হইয়াছে তাহার একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

বর্তমানে উপরোক্ত ১১টি প্রকল্পের মাধ্যমে প্রায় ২,২০০ একর জমিতে সেচের ব্যবস্থা করা হইয়াছে। কার্য সমাপ্ত হইলে আরও প্রায় ৩,০০০ একর জমিতে জল দেওয়া যাইবে আশা করা যায়।

Statement referred to in reply to unstarred question No. 1018

নিম্নলিখিত স্থানগুলিতে ১১টি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। কতগুলি পাম্পিং মেশিন বসান হইয়াছে, তাহাও প্রদত্ত হইল

১ মালতিপুর, কালনা—১	৪টি
২ নাদনঘাট, পূর্বস্থলী	৪টি
৩ ভৈদার পাড়া, পূর্বস্থলী	৪টি
৪ মঙ্গলকোট, মঙ্গলকোট	৪টি
৫ খানপুর, কালনা	৫টি
৬ উত্তর রামেশ্বরপুর, কালনা	৪টি
৭ সীতাহাটি, কেতুগ্রাম	৫টি
৮ মন্তেশ্বর, মন্তেশ্বর	৪টি
৯ চন্দ্রপুর, কাটোয়া	৫টি
১০ পঞ্চগ্রাম, মেমারী	৪টি
১১ নরোহসবাটী, বায়না	৪টি

Number of D. P. Agents and Co-operative Societies appointed for procurement of Rice and Paddy

1019. (Admitted question No. 2354.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধান্য বা চাউল ক্রয়ের জন্য সরকার হইতে কত ডি. পি. এজেন্ট, কত ধান কল ও কত সমবায় সমিতি নিযুক্ত হইয়াছে; এবং

(খ) কিরূপ এলাকা ও সীমানার ভিত্তিতে এই সমস্ত ক্রয়কেন্দ্র খোলা হইয়াছে?

The Minister for Food and Supplies: (ক) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) ক্রয়কেন্দ্রগুলি সেই সমস্ত স্থানে খোলা হইয়াছে যেখানে গ্রামাঞ্চল হইতে বহুল পরিমাণে ধান বিক্রয়ের জন্য আনা হয়। ইহা ছাড়া কোন এলাকায় অতিরিক্ত ক্রয়কেন্দ্র খুলিতে হইলে পূর্বের কেন্দ্রগুলি হইতে দূরে বসবাসকারী কৃষকদের সুবিধাদানের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করা হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1019

Statement showing the number of D. P. Agents

Serial No.	Name of districts	No. of D. P. Agents: Co-operative Society	No. of D. P. Agents: Other D. P. Agents
1	Burdwan	51	24
2	Bankura	19	42
3	Jalpaiguri	11	48
4	Midnapore	51	62
5	Howrah	10	11
6	Murshidabad	13	65
7	Darjeeling	3	1
8	24-Parganas	31	129
9	Nadia	16	5
10	Malda	6	40
11	Hooghly	16	27
12	Purulia	74	60
13	Birbhum	17	56
14	West Dinajpur	48	27
15	Cooch Behar	13	6
		379	603

N.B.—Rice Mills are not appointed D. P. Agents.

Application of Levy Order on the share croppers holding two to five areas of lands

1020. (Admitted question No. 2355.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি দুই একরের উপর হইতে ৫ একর পর্যন্ত সেচ ও অ-সেচ এলাকার ভাগচাষীর উপর হইতে কি পরিমাণ লেভি আদায় হইবে এবং কি হারে লেভি ধার্য হইবে ?

The Minister for Food and Supplies: ওয়েস্ট বেঙ্গল ফুড গ্রেইনস প্রকিওরমেন্ট (লেভি) অর্ডার, ১৯৬৭, অনুসারে উৎপাদক বলিতে বর্গাদারদেরও বুঝাইবে। যেখানে বর্গাচাষী দিয়া চাষ করাইবার ফলে জমিতে উৎপন্ন ধান্য দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে ভাগ করিতে হয়, সেখানে সরকারকে লেভি হিসাবে নির্ধারিত হারে দেয় ধানের পরিমাণ যিনি যতটা পরিমাণ শস্যের অংশীদার তাহাকে সেই আনুপাতিক হারে দিতে হইবে। দুই একর হইতে ৫ একর পর্যন্ত সেচ ও অ-সেচ এলাকার উৎপাদকের সরকারকে দেয় লেভির পরিমাণ নিম্নরূপ:—

জমির পরিমাণ	দেয় লেভির পরিমাণ: সেচ এলাকা	দেয় লেভির পরিমাণ: অ-সেচ এলাকা
২ একর পর্যন্ত	১.০০ কুই:	কিছু না
৩ ,, ,,	৪.৫০ কুই:	১.৫০ কুই:
৪ ,, ,,	৯.০০ কুই:	৩.৫০ কুই:
৫ ,, ,,	১৩.৫০ কুই:	৫.৫০ কুই

Ration shops in factories

1021. (Admitted question No. 2363.) Shri Gopal Basu : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রমিক কর্মচারীদের সুবিধার জন্য প্রতিটি কারখানায় রেশনের দোকান চালু করার ব্যবস্থা করা হইতেছে কি ; এবং

(খ) শ্রমিকদের জন্য রেশনের বরাদ্দ বাড়ানোর কোনও ব্যবস্থা হইয়াছে কি না ?

The Minister for Food and Supplies : (ক) যে সমস্ত শিল্প সংস্থায় কমপক্ষে ৩০০ জন কর্মী আছে সেখানেই কর্মীদের খাদ্যশস্য বিতরণের জন্য ন্যায্যমূল্যের দোকান চালু করিবার অনুমতি দেওয়া হয় তবে ঐ সকল দোকান লাভ-ক্ষতিহীন ভিত্তিতে চালাইতে হয়।

(খ) রেশন অন্তর্ভুক্ত এলাকায় কঠোর কায়িক শ্রমিকদের জন্য সাধারণ সাপ্তাহিক বরাদ্দ ছাড়া অতিরিক্ত ২০০ গ্রাম রেশন বরাদ্দের ব্যবস্থা আছে। কিন্তু জেলাগুলিতে এম. আর. এলাকায় এইরূপ অতিরিক্ত বরাদ্দ ব্যবস্থা এখনও করা হয় নাই।

Deficit of rice and atta during 1965-66

1022. (Admitted question No. 2366.) Shri Gopal Basu : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫-৬৬ সালে পশ্চিমবঙ্গে কি পরিমাণ খাদ্য (চাল ও আটা) ঘাটতি আছে ; এবং

(খ) ঐ সকল কেন্দ্র এবং অন্যান্য রাজ্য হইতে চাল ও আটা কি পরিমাণ সরবরাহ করা হইয়াছে ?

The Minister for Food and Supplies :

(ক) ঘাটতির পরিমাণ (হাজার টনে)

চাউল	—	৮৩১
অন্যান্য খাদ্যশস্য (গম/গমজাত দ্রব্য প্রভৃতি)	—	১০০
	মোট—	৭৫১.২

(খ) ১-৪-৬৫ হইতে ৩০-১১-৬৫ পর্যন্ত সরবরাহের পরিমাণ (হাজার মেঃ টনে)

চাউল	—	১৮৭.৫
গম	—	৫৬৩.৭
	মোট—	৭৫১'২

Supply of rice and atta in Barrackpore subdivision

1023. (Admitted question No. 2369.) Shri Gopal Basu : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) ব্যারাকপুর মহকুমার শিল্পাঞ্চল সংলগ্ন গ্রাম এলাকায় রেশনের চাল ও আটা পর্যাপ্ত পরিমাণে এবং নিয়মিত সরবরাহ হইতেছে না ; এবং

(২) ইহার ফলে খোলা বাজারে চাউল, আটা অত্যন্ত উচ্চ মূল্যে বিক্রয় হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, এই দুরবস্থার প্রতিকারের জন্য শিল্পাঞ্চল সন্নিহিত এইসব গ্রাম ও উদ্বাস্তু কলোনীগুলিকে পূর্ণ রেশনিং-এর আওতায় আনিবার ব্যবস্থা করা হইতেছে কিনা ?

The Minister for Food and Supplies : (ক) (১) না। খাদ্যশস্যের আমদানী অনুসারে চাল ও আটা নির্ধারিত পরিমাণে সারা বৎসর সরবরাহের ব্যবস্থা চালু আছে।

(২) আটা কেবলমাত্র এম, আর, দোকান হইতে বিতরণ করা হয়। ইহা খোলা বাজারে বিক্রয় হয় না। কালোবাজারে সরকার নির্দিষ্ট মূল্যের উর্ধ্ব মূল্যে চাউল বিক্রয় ধরা পড়িলে তাহার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়।

(খ) এই রাজ্যের কতকগুলি শিল্পাঞ্চল ও তদ্‌সন্নিহিত এলাকায় পূর্ণ রেশনিং চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। সরবরাহের ব্যবস্থা অনুসারে এই প্রশ্ন পর্যায়ক্রমে বিবেচ্য।

Seizure of paddy and rice by cordon police

1024. (Admitted question No. 2397.) **Shri Sanat Kumar Raha :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্ডন পুলিশ ধান ও চাল ধরিলে তাহার রসিদ দেওয়া হয় কি না ; এবং

(খ) উক্ত ধৃত ধান ও চালের হিসাব কে রাখে ?

The Minister for Home (Police) : (ক) ধান ও চাল ধরিবার অবহিত পরেই দ্রব্যাদির একটি তালিকা প্রস্তুত করা হয় এবং ঐ তালিকার একটি নকল যে ব্যক্তির নিকট হইতে ঐসব ধান ও চাল পাওয়া গিয়াছে তাহাকে দেওয়া হয়। এতদ্ভিন্ন অন্য কোনও প্রকার রসিদ দেওয়া হয় না।

(খ) সংশ্লিষ্ট থানা কর্তৃক প্রপার্টি রেজিষ্টারে ধৃত ধান ও চালের হিসাব রাখা হয়।

Production of Rabi crops in Nabagram, Murshidabad and Lalgola police-stations

1025. (Admitted question No. 2409.) **Shri Birendra Narayan Roy :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) নবগ্রাম, (২) মুর্শিদাবাদ এবং (৩) লালগোলা থানার কোন অঞ্চল গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে কি পরিমান জমিতে রবিশস্য উৎপন্ন হইয়াছিল ; এবং

(খ) উক্ত থানাগুলির কোন অঞ্চলে কত একর জমিতে বর্তমান বৎসরে ১৯৬৫-৬৬ সালে রবিশস্য আবাদ হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) ও (খ) কেবল জেলাভিত্তিক (অর্থাৎ সমগ্র জেলার) কৃষি পরিসংখ্যান রাখা হয়। সুতরাং থানাভিত্তিক এই তথ্য প্রদান করা সম্ভব নয়।

Non-supply of rice at Berhampore, Murshidabad and Jangipur towns

1026. (Admitted question No. 2415.) **Shri Birendra Narayan Roy :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার (১) বহরমপুর, (২) মুর্শিদাবাদ, (৩) জংগীপুর রঘুনাথগঞ্জ শহরে গত দুই মাস হইতে নিয়মিতভাবে রেশনে চাউল দেওয়া হইতেছে না ; এবং

(খ) উক্ত শহরগুলিতে গত অক্টোবর হইতে বর্তমান সময় পর্যন্ত কত চাউল সরবরাহ করা হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) না।

(খ) ১০,৪০২ কুইন্ট্যাল ৩৩ কেজি, ১৫ই ডিসেম্বর পর্যন্ত।

Cement

1027. (Admitted question No. 2416.) Shri Birendra Narayan Roy: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী ১লা জানুয়ারী হইতে সিমেন্টের উপর নিয়ন্ত্রণ উঠিয়া যাইতেছে এবং মূল্যও বাড়িয়া যাইতেছে; এবং

(খ) বর্তমানে পশ্চিমবংগে মোট সিমেন্টের স্টক কত?

The Minister for Food and Supplies: হ্যাঁ।

(খ) বিনিয়ন্ত্রণের পরে সমগ্র পশ্চিমবংগে সিমেন্টের মোট স্টক বর্তমানে কত তাহা বলা সময়সাপেক্ষ। ইহা ব্যতীত সিমেন্টের স্টক সর্বদা আসিতেছে এবং বিক্রয় হইতেছে। ফলে কোন সময়েই এই রাজ্যে সিমেন্টের ষ্টকের একেবারে সঠিক পরিমাণ জানা সম্ভব নহে। তবে বিনিয়ন্ত্রণের পূর্বে এই রাজ্যের জন্য ভারত সরকারের সিমেন্টের ত্রৈমাসিক বরাদ্দ ছিল ১,৪৪,০০০ মেট্রিক টন। আনুমানিক ইহার ৮০ ভাগ প্রকৃতপক্ষে এই রাজ্যে আসিয়া পৌঁছাইত।

Seizure of spurious passports

1028. (Admitted question No. 2418.) Shri Birendra Narayan Roy: স্বরাষ্ট্র (পাশপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬০-৬১; ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে কিছু জাল পাশপোর্ট ধরা পড়িয়াছিল;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) তিন বৎসরে এরূপ কয়টি জাল পাশপোর্ট ধরা পড়িয়াছে এবং উহা কোন্ কোন্ দেশে যাইবার জন্য প্রস্তুত করা হইয়াছিল;

(২) উক্ত ভুয়া পাশপোর্টের সুযোগে কতজন ব্যক্তি বিদেশে যাইতে পারিয়াছেন, এবং

(৩) উক্ত কারবারের সঙ্গে জড়িত সন্দেহে কয়জনের বিরুদ্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

The Minister for Home (Passport): (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত তিন বৎসরে ১১৩টি জাল পাশপোর্ট ধরা পড়িয়াছে। ঐ পাশপোর্টগুলি মালয়, পাকিস্তান, ফ্রান্স, মিশর ইংল্যাণ্ড ও অন্যান্য কমনওয়েলথভুক্ত দেশসমূহে যাইবার জন্য প্রস্তুত করা হইয়াছিল।

(২) ৪৭ জন।

(৩) ৫০ জনকে আদালতে অভিযুক্ত করা হইয়াছিল।

Amirabad and Palsanda Health Centres

1029. (Admitted question No. 2420.) Shri Birendra Narayan Roy: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার (১) আমিরাবাদে এবং (২) পলসণ্ডায় অবস্থিত স্বাস্থ্যকেন্দ্র দুইটি চালু হইয়াছে কি; এবং

(খ) উক্ত জেলার মহকুমা শহর মুর্শিদাবাদ মহকুমা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পরিকল্পনা কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Health: (ক) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ শহরে কোন মহকুমা স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা নাই। তবে মুর্শিদাবাদ সদর হাসপাতাল রোগীর সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়াতে ঐ শহরে ১১৫ শয্যা বিশিষ্ট একটি অতিরিক্ত হাসপাতাল স্থাপনের ব্যবস্থা করা হইতেছে। আশা করা যায় এক বৎসরের মধ্যেই ঐ হাসপাতাল চালু করা যাইবে।

Package Scheme

1030. (Admitted question No. 2428.) **Shri Birendra Narayan Roy :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্ধমান জেলা ছাড়া অন্য কোনও জেলায় নিবিড় কৃষি পরিকল্পনা (প্যাকেজ স্কীম) সরকার গ্রহণ করিয়াছেন কি না ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর না হয় তবে অদূর ভবিষ্যতে উক্ত পরিকল্পনা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গ্রহণ করিবার সম্ভাবনা আছে কি না ?

The Minister of State for Agriculture and Community Development : (ক) না।

(খ) এই পরিকল্পনা ভারত সরকারের অনুমোদন ছাড়া গ্রহণ করা যায় না। ভবিষ্যতে অন্য জেলায় লওয়া হইবে কি না, সে সম্বন্ধে এখন সঠিকভাবে কিছু বলা যায় না।

Paddy procurement targets for different district

1031. (Admitted question No. 2431.) **Shri Aswini Roy :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা ভিত্তিতে ১৯৬৫ সালের ডিসেম্বর মাস হইতে ১৯৬৬ সালের ডিসেম্বর পর্যন্ত ধান্য সংগ্রহের কোনো কোটা নির্ধারিত হইয়াছে কি ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) জেলা ভিত্তিতে আমন ধান্য সংগ্রহের নির্ধারিত কোটা কত ; এবং

(২) উক্ত কোটার কি পরিমাণ সরকারী নিযুক্ত এজেন্ট মারফৎ ও কি পরিমাণ সমবায় সমিতি ও বিপনন সমিতি মারফৎ সংগৃহীত হইবে ?

The Minister for Food and Supplies : (ক) হাঁ।

(খ) (১) এতদসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(২) উক্ত কোটায় যে পরিমাণ সমবায় সমিতি মারফৎ সংগৃহীত হইবে বলিয়া নির্ধারণ করা হইয়াছে তাহার একটি বিবরণী এতদসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (Kha)(1) of unstarred question No. 1031

Procurement targets for different districts as fixed by the Government

	Districts	Quantity in terms of rice (Aman) (Figures in thousand Metric Tonnes)
1	24-Parganas	175·00
2	Nadia	27·20
3	Murshidabad	62·70
4	Burdwan	164·75
5	Birbhum	181·25
6	Bankura	100·75
7	Midnapore	200·25
8	Hooghly	74·50
9	Howrah	32·50
10	West Dinajpur	176·00
11	Jalpaiguri	89·25
12	Darjeeling	9·75
13	Malda	64·50
14	Cooch Behar	60·50
15	Purulia	61·10
		1,480·00

Statement referred to in reply to clause (Kha) (2) of unstarred question No. 1031

Procurement targets for purchase on Government account through Co-operatives for different districts as fixed by the Department of Co-operation

	Districts	Quantity of paddy (Figures in Metric Tonnes)
1	Midnapore	50,000
2	Bankura	30,000
3	Purulia	20,000
4	Birbhum	14,000
5	West Dinajpur	30,000
6	Cooch Behar	6,000
		1,50,000

Electrification scheme for rural areas of Murshidabad district

1032. (Admitted question No. 2436.) **Shri Sanat Kumar Raha:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৬-৬৭ সালে মুর্শিদাবাদ জেলায় কয়টি গ্রামের বৈদ্যুতিকরণ করা হইবে ?

The Minister for Commerce and Industries: ১৯৬৬-৬৭ সালে মুর্শিদাবাদ জেলায় কয়টি গ্রামের বৈদ্যুতিকরণ করা হইবে তাহা এখন বলা সম্ভব নয়—কারণ কৃষির উপর সম্পূর্ণ শুল্ক আরোপ করিয়া গ্রাম্য বৈদ্যুতিকরণ সম্পর্কে সরকারী নীতির সাম্প্রতিক পুনর্বিন্যাসের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষৎ গ্রাম্য বৈদ্যুতিকরণ পরিকল্পনাকে এখনও চূড়ান্ত রূপদানে সক্ষম হন নাই। ১৯৬৬-৬৭ সালের এপ্রিল/মে মাসে উক্ত পরিকল্পনার চূড়ান্ত রূপদান সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

Closure of Husking Machines in Burdwan district

1033. (Admitted question No. 2545.) **Shri Manoranjan Bakshi:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য সম্প্রতি বর্ধমান জেলায় লাইসেন্সপ্রাপ্ত চালু 'হাস্কিং মেসিনগুলি' বন্ধ করিয়া দেওয়া হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে স্থানীয় এলাকার বর্তমান মরশুমে ক্ষুদ্র ও মাঝারী অবস্থাপন্ন চাষীগণের চাল তৈরী করিবার কি ব্যবস্থা করা হইবে ?

The Minister for Food and Supplies: (ক) সমস্ত 'হাস্কিং মেসিন' বন্ধ করিয়া দেওয়া হয় নাই। তবে কতকগুলি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

(খ) প্রত্যেক অঞ্চলে অন্ততঃ একটি 'হাস্কিং মেসিন' চলু রাখিবার ব্যবস্থা করা হইয়াছে।

Bogus Ration Cards in Konnagar-Rishra Sub-area

1034. (Admitted question No. 2452.) **Shri Haridas Chakraberty :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত তিন মাসের মধ্যে কোন্নগর, রিষড়া সাব-এরিয়ায় কিছু সংখ্যক ভুয়া রেশন কার্ড ধরা পড়িয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ভুয়া রেশন কার্ডের সংখ্যা কত এবং এসম্পর্কে কাহাকেও গ্রেপ্তার করা হইয়াছে কি না ?

The Minister for Food and Supplies : হ্যাঁ।

(খ) ১৬টি রেশন কার্ড (৫৭৪ ইউনিট)। কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

Creation of a new post of Adviser to the Chief Minister

1035. (Admitted question No. 2463.) **Shri Birendra Narayan Roy :** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি "মুখ্যমন্ত্রীর উপদেষ্টা" নামে একটি নূতন পদ সৃষ্টি করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে উহার কারণ কি ?

The Minister for Home (General Administration) : (ক) হ্যাঁ।

(খ) কতকগুলি বিশেষ গুরুত্বপূর্ণ পরিকল্পনার প্রয়োগ ও রূপায়ণের মধ্যে সমন্বয় সাধনের ব্যাপারে, বিশেষতঃ খাদ্যশস্য সংগ্রহ ও বণ্টন, অধিক খাদ্য উৎপাদন, সমবায় সমিতিগুলির ভূমিকা ইত্যাদি ব্যাপারে, জেলাগুলি পরিদর্শন ও জেলাশাসকগণকে ও বিভাগগুলিকে পরামর্শদান করিবার জন্য একজন উচ্চবর্গের অভিজ্ঞ অফিসারদের নিয়োগ একান্ত আবশ্যক হইয়াছে। এই উদ্দেশ্যে "মুখ্যমন্ত্রীর উপদেষ্টা এবং পদাধিকারে অধিকারে অতিরিক্ত মুখ্যসচিব" নামে একটি পদ সৃষ্টি করা হইয়াছে।

Alleged smuggling of rice from North Bengal to Nepal

1036. (Admitted question No. 2476.) **Shri Sanat Kumar Raha :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that rice worth about two crores of rupees has been smuggled from North Bengal to Nepal during this year ; and

(b) if so, whether anybody concerned with this smuggling has so far been arrested ?

The Minister for Home (Police) : (a) No.

(b) Does not arise.

Procurement of rice after March, 1966

1037. (Admitted question No. 2479.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী মার্চ মাসের পর সরকার কর্তৃক ধান ও চাল সংগ্রহ করা হইবে কি না ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তখন উক্ত ধান ও চালের কি দর বিক্রেতাকে দেওয়া হইবে ?

The Minister for Food and Supplies : (ক) যদিও ওয়েস্ট বেঙ্গল ফুডগ্রেন প্রোকিওরমেন্ট (লেভি) আদেশানুযায়ী যে কোন বৎসরে ৩১এ মার্চ পর্যন্ত সংগ্রহের বিধিবদ্ধ মেয়াদ, তথাপি সরকার প্রয়োজনানুসারে মার্চ মাসের পরেও সংগ্রহ চালাইতে পারিবেন।

(খ) বর্তমানে এ বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

Restriction on movement of rice from Kandi subdivision

1038. (Admitted question No. 2482.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমা হইতে অন্য মহকুমায় নিজ পরিবারের খাদ্য হিসাবে নিজ জমির ধান বা চাল আনিবার কোন ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে ঐ জেলার অভ্যন্তরে এক মহকুমা হইতে অন্য মহকুমায় নিজ পরিবারের ব্যবহারের জন্য জমির মালিকদিগকে ধান বা চাল আনিতে দিবার কোন ব্যবস্থা সরকার করিতেছেন কি না?

The Minister for Food and Supplies : (ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমাকে ভারত সরকার ওয়েস্ট বেঙ্গল এসেন্সিয়েল কমোডিটিজ (রেস্ট্রীকশন অন্ মুভমেন্ট) কন্ট্রোল অর্ডার, ১৯৬৫, অনুসারে কর্ডন (কর্ডন) করা হইয়াছে। ফলে পারমিটের সাহায্য ব্যতীত উক্ত মহকুমার বাহিরে ধান ও চাল প্রেরণ করা নিষিদ্ধ রহিয়াছে।

(খ) রাজ্যের সমস্ত এস, ডি, ও, খাদ্য বিভাগের বিভিন্ন শ্রেণীর জেলা ও মহকুমা অফিসার এবং ব্লক ডেভেলপমেন্ট অফিসারদের নিজ নিজ এলাকার মধ্যে কর্ডন করা হইয়াছে এইরূপ কোন অঞ্চল হইতে জেলায় অপর কোন অঞ্চলে ধান ও চাউল প্রেরণের পারমিট দিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

Borstal School at Berhampore

1039. (Admitted question No. 2485.) **Shri Sanat Kumar Raha :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর বোরস্ট্যাল স্কুলে গত তিন বছরে কত সংখ্যক ছাত্র ভর্তি হয়;

(খ) উক্ত ছাত্রদের মধ্যে কতজন মুক্তি পাইয়া স্বীয় উপার্জনে নির্ভরশীল হইয়াছেন; এবং

(গ) এই ছাত্রদের কি কি বিষয়ে শিক্ষা দেওয়া হয় এবং মোট শিক্ষক কত জন?

The Minister for Relief and Social Welfare :

(ক) ১৯৬৩ সাল হইতে বোরস্ট্যাল স্কুলে ছাত্র ভর্তি সংখ্যা হইল—

১৯৬৩	২০ জন
১৯৬৪	৩৪ জন
১৯৬৫	৪০ জন

(খ) গত তিন বৎসরের মুক্তিপ্রাপ্ত ছাত্রদের সংখ্যা—

১৯৬৩	২৫ জন
১৯৬৪	২৯ জন
১৯৬৫	৪০ জন

মুক্তিপ্রাপ্তদের মধ্যে কতজন স্বীয় উপার্জনে নির্ভরশীল হইয়াছেন তাহার সঠিক তথ্য জানা নাই।

(গ) বোরস্টাল স্কুলে প্রাইমারী মান পর্যন্ত সাধারণ শিক্ষা ছাড়া—

১। কারপেন্টারী
২। বুক বাইণ্ডিং,
৩। টেইলারিং,
৪। উইভিং,
৫। প্রিন্টিং,
৬। স্মিথিং,
৭। ক্লে মডেলিং,
৮। এগ্রিকালচার,
৯। সবজী বাগান,
১০। পক্ষীপালন,

বিষয়ে, শিক্ষা দেওয়া হয়।

শিক্ষক সংখ্যা হইল :

ইন্সট্রাকটর (ইন্সট্রাকটরস)	৭ জন
হেডমাস্টার (হেডমাস্টার, প্রাইমারী স্কুল)	
শিক্ষক (টিচার, প্রাইমারী স্কুল)	৫ জন
	১২ জন

Supply of gram in the hill subdivisions of Darjeeling district

1040. (Admitted question No. 2499.) **Shri Bhadra Bahadur Hamal :** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) দার্জিলিং-এর পার্বত্য মহকুমায় সরকারী নিয়ন্ত্রণ দরে ডাল ও ছোলা দেওয়ার কোন ব্যবস্থা আছে কি না ; এবং

(খ) ব্যবস্থা থাকিলে, কি দরে ও কত পরিমাণ দেওয়া হয় ?

The Minister for Food and Supplies : (ক) হাঁা, ছোলা ও ছোলার ডাল সরবরাহের ব্যবস্থা আছে।

(খ) সরবরাহের কোন পরিমাণ নির্দিষ্ট নাই। প্রতি ক্ষেত্রে চালানী দ্রব্যের আনুসাঙ্গিক খরচাদি বিবেচনা করিয়া জেলার ডেপুটি কমিশনার ছোলা ও ছোলার ডালের খুচরা বিক্রয়ের মূল্য স্থির করেন। এই মূল্য নিম্নে প্রদত্ত হইল :—

শহরাঞ্চলে

ছোলা—৭৪—৭৮ পয়সা প্রতি কে: জি:।

ছোলার ডাল—৭৯—৮৪ পয়সা প্রতি কে: জি:।

গ্রামাঞ্চলে

ছোলা—৭৮—৮২ পয়সা প্রতি কে: জি:

ছোলার ডাল—৮০—৮৮ পয়সা প্রতি কে: জি:।

Police-search in industrial concerns of Calcutta

1041. (Admitted question No. 2507.) **Shri Ananga Mohan Das:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৬ মাসে এই নগরীর কয়টি শিল্প প্রতিষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ তল্লাসী করিয়াছে ;

(খ) এই তল্লাসীর ফলে কয়টি স্থানে সেল্‌স ট্যাক্স ফাঁকি দেওয়ার চেষ্টা ধরা পড়িয়াছে ; এবং

(গ) এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

The Minister for Home (Police): (ক) একটিতেও নহে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Arrest of Pak infiltrators in West Bengal

1042. (Admitted question No. 2508.) **Shri Ananga Mohan Das:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে ১৯৬৪ সালে পাকিস্তানী অনুপ্রবেশকারীর সংখ্যা কত ছিল ; এবং

(খ) উক্ত অনুপ্রবেশকারীর মধ্যে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ?

The Minister for Home (Police): (ক) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে ৩,৫৫৫ সংখ্যক পাকিস্তানী অনুপ্রবেশকারী ধৃত হইয়াছিল।

(খ) উক্ত অনুপ্রবেশকারীদের মধ্যে ৩,৩৫৫ জনকে গ্রেপ্তার করিয়া অভিযুক্ত করা হইয়াছিল। অবশিষ্ট ২০০ জনের মধ্যে ১৪৩ জন সীমান্ত অতিক্রম করার সময় ধরা পড়িলে তাহাদিগকে সেখান হইতেই পাকিস্তানে ফেরৎ পাঠান হয়। আর ৫৭ জন ভারত ত্যাগের নোটিশ পাইয়া নিজ দেশে ফিরিয়া যায়।

Procurement of rice and paddy

1043. (Admitted question No. 2509.) **Shri Ananga Mohan Das:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সময় পর্যন্ত এই রাজ্যে কত ধান ও চাউল সরকার সংগ্রহ করিয়াছেন ; এবং

(খ) উক্ত সংগ্রহের মধ্যে সমবায় সমিতিগুলি এবং চাউলকলগুলি কত সংগ্রহ করিয়াছে ?

The Minister for Food and Supplies: (ক) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

(খ) ডি. পি. এজেন্ট হিসাবে নিযুক্ত সমবায় সমিতিগুলি সহ ডি. পি. এজেন্টগণের মাধ্যমে ২-১-৬৬ পর্যন্ত যত ধান সংগ্রহ করা হইয়াছে তাহার একটি বিবরণী সংলগ্ন করা হইল। চাউলকলগুলির নিকট হইতে সংগৃহীত চাউলের হিসাব (ক) প্রশ্নের উত্তরে দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1043

Statement showing districtwise purchase of rice and paddy in 1965 up to 31st December, 1965 (as per reports received here up to 31st December, 1965)

(Figures in quintal)

	Name of district	Rice	Paddy
1	Burdwan	5,02,750	62,173
2	Birbhum	7,95,723	54,139
3	Bankura	4,90,353	30,356
4	Purulia	63,107	73,651
5	Midnapore	7,19,275	48,119
6	Hooghly	71,557	6,270
7	Howrah	15 288	...
8	24-Parganas	2,27,701	472
9	Nadia	128	108
10	Murshidabad	21,958	27,481
11	Malda	5 609	5,371
12	West Dinajpur	2 27,581	1,85,947
13	Darjeeling	18,327	929
14	Cooch Behar	29,713	23,348
15	Jalpaiguri	74,663	16,549
		*32,63,733	5,34,913

*This includes 2,13,172 quintals voluntarily sold by rice mills in addition to the statutory levy.

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1043

Procurement of paddy through Co-operatives up to 2nd January, 1966.

(Figures in Metric Tonnes).

Range	Up to 2-1-66
Purulia	6,239
Bankura	5,200
Birbhum	9,218
Midnapur-I	6,541
Mindapore-II	1,453
Midnapore-III	770
West Dinajpore	12,960
Cooch Behar	3,007
Burdwan-I	8,585
Burdwan-II	5,263
Howrah	4
Hooghly	1,483
Nadia	242
Murshidabad	1,093
24-Parganas (North)	26
24-Parganas (South)	15
Malda	1,982
Jalpaiguri	1,511
Total ...	65,692

Particulars of some categories of land

1044. (Admitted question No. 2515) **Shri Sanat Kumar Raha :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুই একরের উপর হইতে পাঁচ একর পর্যন্ত কত অসেচ ও সেচ জমির মালিক আছে; এবং

(খ) এইরূপ জমির কত অংশ ভাগচাষে আছে এবং এইরূপ ভাগচাষীর সংখ্যা কত?

The Minister for Land and Land Revenue : (ক) ও (খ) এই বিষয়গুলি সম্পর্কে সরকারী কোন তথ্য নাই।

Tender call for mechanised brick plant at Palta

1045. (Admitted question No. 2517) **Dr. Narayan Chandra Roy :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ম্যাকানাইজড্ ব্রিক প্ল্যান্ট অ্যাট পলতার জন্য সম্প্রতি যে টেণ্ডার ডাকা হয় তাহাতে কয়জন কি কি দর দেন এবং কাহাকে ঐ কাজটি দেওয়া হয়;

(খ) ইহা কি সত্য যে, গত ২৭-১০-৬৫ তারিখে ঐ একই টেণ্ডার কল দিয়া পরে বাতিল করা হয়; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Development and Planning : (ক) নিম্ন বর্ণিত ঠিকাদারেরা টেণ্ডারের দর দিয়াছিলেন। টেণ্ডারের দর তাহাদের নামের বিরুদ্ধে লিখিত হইল :

১। শ্রী এস কে বসাক—৫,১৩,৬১১ টাকা।

২। শ্রী এইচ কে ব্যানার্জী—৫ ১৩,৬৩৬ টাকা।

৩। মেসার্স দত্ত এণ্ড কোঃ প্রাইভেট লিঃ—৫,১৫,৭১৫ টাকা।

৪। মেসার্স রিলাইবেল এনজিনিয়ারীং কোঃ—৫,২০,৮৫৩ টাকা।

৫। মেসার্স নব ভারত এনিজিনিয়ারিং কোঃ—৫,৪৯,৪২৯ টাকা।

মেসার্স দত্ত এণ্ড কোঃ-কে সর্বনিম্ন দর (৫,১৩,৬১১ টাকা)-এ এই কাজটা বিলি করা হয়।

(খ) হ্যাঁ।

(গ) ২৭-১০-৬৫ তারিখে যে টেণ্ডার আহ্বান করা হইয়াছিল তাহাতে মেসার্স অশোক কনস্ট্রাকসন কোঃ সর্বনিম্ন দর দিয়াছিল। মাত্র তিনজন ঠিকাদার টেণ্ডার দাখিল করিয়াছিল। স্বভাবতঃই টেণ্ডার প্রতিযোগিতামূলক হয় নাই। তাহা ছাড়া, অশোক কনস্ট্রাকসন কোঃ-র জটিল এবং ভারী কাজ অভিজ্ঞতা না থাকায় অপর দুইজন টেণ্ডারারকে সর্বনিম্ন দরে কাজ করিতে বলা হইয়াছিল। তাহারা তখন সর্বনিম্ন দরে কাজ করিতে অস্বীকার করে। সেজন্য টেণ্ডার বাতিল করিয়া দেওয়া হয়।

Sale of Baby Food

1046. (Admitted question No. 2522.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতা বাজারে বর্তমান সময়ে বেবীফুড অত্যাধিক দামে বিক্রিত হচ্ছে; এবং

(খ) সর্বপ্রকার বেবীফুড যাহাতে সংগত দামে বিক্রিত হয় সরকার তজ্জন্য কিরূপ ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Food and Supplies : (ক) না।

(খ) সরকার ইতিমধ্যেই 'ওয়েস্ট বেঙ্গল অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট, ১৯৫৮' অনুসারে কয়েক শ্রেণীর বেবীফুডের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দিয়াছেন।

Re-categorisation of Ration Cards

1047. (Admited question No. 2523.) **Shri Ananga Mohan Das :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সালে পল্লী অঞ্চলে কিভাবে রেশন কার্ড পুনর্বিন্যাস করা হইবে ;

(খ) রেশন কার্ডের উল্লিখিত ভিত্তিতে নিয়মিত রেশন সরবরাহের ব্যবস্থা হইবে কি না ; এবং

(গ) কিরূপ লোকসংখ্যার ভিত্তিতে প্রতি অঞ্চলে রেশন দোকান খোলার ব্যবস্থা হইবে ?

The Minister for Food and Supplies : (ক) ১৯৬৬ সাল হইতে সংশোধিত রেশন ব্যবস্থার অধিনে রেশনকার্ডের নূতন শ্রেণীবিন্যাস করা হইয়াছে জমিতে উৎপন্ন ধান্যের কতটা অংশ একটি পরিবারের প্রাপ্য তাহার ভিত্তিতে। গ্রাম ও শহরাঞ্চলের লোকের জন্য কোন পৃথক শ্রেণীবিন্যাস করা হয় নাই।

(খ) হাঁ।

(গ) গ্রামাঞ্চলে এক একটি এম. আর. সপের সংগে ২,০০০ হইতে ২,৫০০ ইউনিট যুক্ত থাকিবে এইরূপ ঠিক হইয়াছে।

Primary Health Centres under Pingla and Moyna Development Blocks

1048. (Admitted question No. 2525.) **Shri Ananga Mohan Das :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা ও ময়না ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের স্থান নির্বাচন হইয়াছে কি না ; এবং

(খ) উহাদের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে ?

The Minister for Health : (ক) পিংলা ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্থান নির্বাচিত হইয়াছে। ময়না ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য উপযুক্ত স্থান এখনও পাওয়া যায় নাই।

(খ) পিংলা ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য নির্বাচিত জমির কিয়দংশ মেদিনীপুর জিলা পরিষদের। ঐ জমি সরকারকে স্থানান্তরিত করিবার জন্য জিলা পরিষদকে অনুরোধ করা হইয়াছে। ঐ জমি পাওয়া গেলেই পিংলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য আরম্ভ হইবে। ময়না ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য আরম্ভ হওয়া সম্বন্ধে এখনওই কিছু বলা সম্ভব নয়।

Supply of rice and charcol to Jawans when on leave

1049. (Admitted question No. 2528.) **Shri Bhadra Bahadur Hamal :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জওয়ানরা যখন ছুটিতে দার্জিলিং জেলায় নিজ বাড়ী আসে তখন তাঁহাদের জন্য চাল ও চারকোল দিবার কোন বিশেষ ব্যবস্থা আছে কি না ?

The Minister for Food and Supplies : হ্যাঁ। জওয়ানরা ছুটিতে বাড়ী আসিলে তাহাদিগকে অস্থায়ী এম. আর. কার্ড দেওয়া হয়। ইহাতে তাহারা এম. আর. দোকান হইতে চাউল, গম প্রভৃতি কিনিতে পারেন।

বনবিভাগ হইতে সরবরাহ পাওয়া গেলে কেবলমাত্র সদর মহকুমার পরিবার পিছু মাসে ১ বস্তা চারকোল দেওয়া হয়।

Quota of paddy for the rice-mills

1050. (Admitted question No. 2534.) **Shri Sanat Kumar Raha :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কতগুলি চালকল ধান কিনিতেছে ;

(খ) ধান কেনার ব্যাপারে তাহাদের প্রত্যেকের জন্য কোন কোটা আছে কি না ?

The Minister for Food and Supplies : (ক) ৪২৩টি।

(খ) কেবলমাত্র পুরুলিয়া জেলায় ১২টি ও কোচবিহার জেলায় ১৯টি চালকলের কোটা নির্দিষ্ট হইয়াছে।

Proposal of alternative food for the town-people

1051. (Admitted question No. 2542.) **Shri Sailendra Nath Adhikari :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার শহরবাসীদের জন্য তণ্ডুলজাতীয় খাদ্যের পরিবর্তে কাঁচকলা প্রভৃতি উদ্ভিদজাতীয় খাদ্যের বিকল্প ব্যবস্থা করিতেছেন ;

(খ) সত্য হইলে, এই বিকল্প খাদ্যব্যবস্থা জনপ্রিয় করিতে সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন ; এবং

(গ) এই বিকল্প খাদ্য কি চাউল বা গমের মত সমগুণ সম্পন্ন হইবে ?

The Minister for Food and Supplies : (ক) বর্তমানে এরূপ কোন সিদ্ধান্ত রাজ্য-সরকার গ্রহণ করেন নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Preparation of a list of food items with the co-operation of WHO

1052. (Admitted question No. 2544.) **Shri Sailendra Nath Adhikari :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডবলিউ. এইচ. ও. সংস্থার সহযোগীতায় পশ্চিম বাঙ্গলায় খাদ্যবিভাগ কি কোনও খাদ্যতালিকা ও খাদ্যদ্রব্য তৈরীর প্রোগ্রাম চালু করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে এ বাবদ পশ্চিমবংগ সরকার কিরূপ খরচ করিয়াছেন ; এবং

(গ) ঐ প্রোগ্রামে কিরূপ সাফল্য হইয়াছে ?

The Minister for Food and Supplies : (ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Cost of prizes given away in Calcutta Police Annual Sports, 1965

1053. (Admitted question No. 2545) **Shri Lakshmi Ranjan Josse :** Will the Minister-in-charge of the the Home (Police) Department be

pleased to state what was the total cost of prizes given aways to the various competitors in the recent Calcutta Police Annual Sports, 1965 ?

The Minister for Home (Police) : Rs. 2,099.84 P.

Appointment of Shri R. Gupta as Adviser to the Chief Minister

1054. (Admitted question No. 2546.) **Shri Bijoy Kumar Banerjee :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the reason and necessity for appointment of Shri R. Gupta, Adviser to the Chief Minister ;

(b) the monthly salary and other perquisites offered to R. Gupta ?

The Minister for Home (General Administration) : (a) In connection with the implementation of the various schemes of crucial importance embarked upon by Government, particularly in the sphere of State procurement and distribution of foodgrains, cordoning, working of Co-operatives, agricultural production, etc., it has become necessary to appoint a senior and experienced officer who will tour the districts, co-ordinate the various measures and give advice to the District Magistrates in the course of his tours and resolve the difficulties, delays and bottlenecks, if any, on the spot and will also report to the Chief Minister on the working of the different schemes, discuss with him difficulties, if any, and suggest improvements where necessary. With this object Shri R. Gupta, retired Chief Secretary, has been appointed as Adviser to the Chief Minister and ex-officio Additional Chief Secretary.

(b) He will get a pay of Rs. 3,000 per month inclusive of pension.

Bonus for the employees of Govt. Industries

1055. (Admitted question No. 2565.) **Shri Aswini Roy :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার পরিচালিত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন ছাড়া বোনাস দেওয়ার কোনও তথ্য আছে কি ; এবং

(খ) তথ্য থাকিলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি গত ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের প্রতিটি বৎসরে উক্ত প্রতিষ্ঠানগুলি কর্তৃক মঞ্জুরীকৃত ও দেয় বোনাসের পরিমাণ ?

The Minister for Labour : (ক) হ্যাঁ, দুই একটি ক্ষেত্র ছাড়া তথ্যাদি আছে।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

সরাসরি বিভাগীয় আওতাধীনে পরিচালিত প্রতিষ্ঠানগুলিতে বোনাস আইন প্রযোজ্য নয়। এই প্রতিষ্ঠানগুলিতে বোনাস প্রদানের রীতিও নাই। এইসব শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর্মিবর্গকে বাৎসরিক কিছু অর্থ প্রদানের প্রশ্নটি বর্তমানে বিবেচনাধীন আছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1055

বিবরণী

	প্রতিষ্ঠানের নাম	সাল	প্রদত্ত বোনাসের হার	মন্তব্য
১।	মেসার্স ওরিয়েন্টাল গ্যাস কোং, ১৪ কানাল ওয়েস্ট রোড, কলিকাতা-৯।	১৯৬২-৬৩ ১৯৬৩-৬৪ ১৯৬৪-৬৫	(১) যে সকল কর্মী সারা বৎসর কাজ করিয়াছেন তাঁহাদের দেড় মাসের মূল বেতন। (২) যে সকল কর্মি ৬ মাস পর্যন্ত কাজ করিয়াছেন তাঁহাদের আনুপাতিক হারে। (৩) যে সকল কর্মী ৬ মাসের কম কাজ করিয়াছেন তাঁহাদের কোন বোনাস দেওয়া হয় নাই।	যদিও প্রতিষ্ঠানটি সরাসরি বিভাগীয় আওতাধীনে পরিচালিত তবুও পূর্ব-প্রচলিত রীতি অনুসারে বোনাস দেওয়া হইয়াছে।
২।	দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড, দুর্গাপুর, জেলা বর্ধমান।	১৯৬২-৬৩ ১৯৬৩-৬৪	কর্মীদের ১ মাসের মূল বেতন এক্স-গ্রেসিয়ারূপে দেওয়া হইয়াছে।	
		১৯৬৪-৬৫	(১) যে সকল কর্মি মাসিক ৫০০ টাকার উপর হইতে মাসিক ১,৬০০ টাকা পর্যন্ত বেতন পান, তাঁহাদের বার্ষিক বেতনের ৪ শতাংশ। (২) যে সকল কর্মী মাসিক ৫০০ টাকা পর্যন্ত বেতন পান, তাঁহাদের বার্ষিক ৪ শতাংশ এবং তৎসহ কিছু এক্স-গ্র্যাসিয়া যোগ করিয়া এক মাসের বেতনের সম পরিমাণ অর্থ দেওয়া হইয়াছে।	

প্রতিষ্ঠানের নাম	সাল	প্রদত্ত বোনাসের হার	মন্তব্য
৩। কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা	১৯৬২-৬৩ ১৯৬৩-৬৪	বিষয়টি বিবেচনাধীন আছে।	
	১৯৬৪-৬৫	বার্ষিক বেতনের ৪ শতাংশ অথবা ৪০ টাকা যে ক্ষেত্রে যাহা বেশী।	
৪। উত্তরবঙ্গ পরিবহণ সংস্থা	১৯৬২-৬৩	বিবেচনাধীন আছে।	
	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫ সালে পূজার সময় অগ্রিম হিসাবে প্রদত্ত ৩১,০৬৫ টাকা (এখনও আদায় হয় নাই) ১৯৬৩-৬৪ সালের বোনাস বাবদ ব্যয় দেখানো হইবে।	দৈনিক বেতনে নিযুক্ত কর্মীদের বোনাসের প্রশ্নটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।
	১৯৬৪-৬৫	দৈনিক হারে নিযুক্ত কর্মী ব্যতীত অন্যান্য কর্মীদের বার্ষিক বেতনের ৪ শতাংশ অথবা ৪০ টাকা যে ক্ষেত্রে যাহা বেশী।	
৫। কল্যাণী স্পিনিং মিলস্, কল্যাণী, নদীয়া।	১৯৬২-৬৩	(১) শিল্প বিরোধ আইনের আওতায় 'ওয়ার্কমেন' পর্যায়ভুক্ত কর্মিবর্গকে এক মাসের মূল বেতন। (২) অন্যান্য কর্মীদের ১৫ দিনের মূল বেতন।	
	১৯৬৩-৬৪ ১৯৬৪-৬৫	সকল কর্মীদের ১ মাসের মূল বেতন।	
৬। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড।	১৯৬২-৬৩	কোন তথ্য নাই।	
	১৯৬৩-৬৪ ১৯৬৪-৬৫	বোনাস দেওয়া হয় নাই।	বোনাস দেয় কিনা এ প্রশ্নটি হাইকোর্টে বিচারাধীন রহিয়াছে।

Grant to some non-existent Tol by the Vangiya Sanskrita Shiksha Parishat

1056. (Admitted question No. 2570.) **Dr. Kanai Lal Bhattacharyya :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) Whether it is a fact that Vangiya Sanskrita Shiksha Parishat, Calcutta, sanctioned grant-in-aid to one Tol of Nabadwip, run by one Pandit Balaram Vyakarana Tirtha under the name and style Radharaman Chatuspathi, which had subsequently proved to be non-existant ; and

(b) If so ; what action has since been taken by the Government against the officer of the Parishat, who had been responsible for the same ?

The Minister for Education : (a) No, the Radharaman Chatuspathi, Nabadwip, which ceased to function from 1964-65 was never paid any grant-in-aid by the Vangiya Sanskrita Siksha Parishat.

(b) Does not arise.

Road from Jiagunj-Bagdahar point to Harirampur ghat

1057. (Admitted question No. 2577.) **Shri Sailendra Nath Adhikary :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার বহরমপুর-জঙ্গীপুর স্টেট হাইওয়ের জিয়াগঞ্জ বাগডহর পয়েন্ট হইতে পলাশবাড়ী ঘাট হইয়া হরিরামপুর ঘাট পর্যন্ত সড়কটিকে পিচরোডে রূপান্তরিত করিবার কাজ কতদিনের মধ্যে শুরু হইবে এবং কত দিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Public Works (Roads) : রাস্তাটি বর্তমানে জিলা পরিষদের তত্ত্বাবধানে। উহাকে পিচরোডে রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা সরকারের আপাততঃ নাই।

Allowances for Tahasildars

1058. (Admitted question No. 2580.) **Shri Sailendra Nath Adhikary :** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তহশীলদারগণের কোনও বেতন আছে কি না ; উত্তর হ্যাঁ হইলে কত ;

(খ) ইহারা কোন শ্রেণীর সরকারী কর্মচারী বলিয়া গণ্য হইতেছে ;

(গ) ইহাদের বেতন বাড়ান ও মহার্ঘ ভাতা দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি না ?

The Minister for Land and Land Revenue : (ক) তহশীলদারগণ কোন মাসিক বেতন পান না তবে তাহারা মাসিক ২১ টাকা ভাতা পান এবং আদায়ী টাকার উপরে নিম্নবর্ণিত হারে কমিশন পান :

(১) প্রথম ৩,০০০ টাকা অথবা নিম্নে	২½ পারসেন্ট
(২) পরের ২,০০০ টাকা অথবা নিম্নে	৩ পারসেন্ট
(৩) পরের ৩,০০০ টাকা অথবা নিম্নে	৪ পারসেন্ট
(৪) পরের ২,০০০ টাকা অথবা উর্ধ্বে	৪½ পারসেন্ট

(খ) তহশীলদারগণ পার্টটাইম সরকারী কর্মচারী বলিয়া কেবলমাত্র ভ্রমণ ভাতার ক্ষেত্রে তাহাদিগকে তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারীরূপে গণ্য করা হয়।

(গ) তহশীলদারগণ পার্টটাইম কর্মচারী ; সুতরাং তাঁহারা মহার্ঘ ভাতা পাইতে অধিকারী নহেন। আদায়ের খরচ অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি না করিয়া তাঁহাদের ভাতা কিংবা কমিশন কিছু পরিমাণে বৃদ্ধি করা যায় কি না ; এই বিষয়টি সরকারের বিচারাধীনে আছে।

Unrealised Sales Tax

1059. (Admitted question No. 2588.) **Shri Sailendra Nath Adhikary :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সেলস ট্যাক্স আইনানুসারে ধার্য সেলস ট্যাক্স এ পর্যন্ত কি পরিমাণ অনাদায় আছে ;

(খ) বৃহৎ ব্যবসায় প্রতিষ্ঠানগুলির কয়টি ক্ষেত্রে সেলস ট্যাক্স আদায় আজিও দেয় নাই ; এবং

(গ) ঐ ট্যাক্স আদায়ের জন্য সরকার কী ব্যবস্থা করিতেছেন ?

The Minister for Finance: (ক) আনুমানিক ১৮ কোটি ২২ লক্ষ টাকা অর্থাৎ ১৯৪১ সালে বিক্রয় কর আইনের সূচনা হইতে আজ অবধি এই বকেয়া আছে।

(খ) বেঙ্গল ফাইনান্স সেলস ট্যাক্স আইন, ১৯৪১-এর শর্ত অনুসারে কোন ব্যবসায়ী বা ডিলারের বার্ষিক মোট বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ বা টার্নওভার ৫০,০০০ টাকার বেশী হইলে এবং কোন উৎপাদক বা ম্যানুফ্যাকচারার-এর পূর্বোক্ত অর্থের পরিমাণ ১০,০০০ টাকার বেশী হইলে, এরূপ ব্যবসায়ী বা উৎপাদককে রেজেষ্ট্রি করা হয়। এইরূপ রেজেষ্ট্রিকৃত ব্যবসায়ী বা উৎপাদক কোন অ-রেজেষ্ট্রিকৃত ব্যবসায়ী বা জনসাধারণকে দ্রব্যসামগ্রী বিক্রয় করিলে আইন অনুযায়ী তাহাদের বিক্রয় কর দিতে হয়। আইনের শর্ত অনুযায়ী উক্ত রেজিষ্ট্রিকৃত ব্যবসায়ীগণ বাণিজ্য কর বিভাগের অফিসারগণ কর্তৃক কর-নির্ধারণের পূর্বেই বিক্রয় কর বাবদ তাঁহাদের অনুমান অনুযায়ী টাকা রিটার্ন দাখিল করার সময় সরকারকে দিয়া থাকেন। কর নির্ধারণের পরে যদি কোন টাকা উক্ত ব্যবসায়ীর নিকট পাওনা হয় তাহা পরে নোটিশ দিয়া আদায় করা হয়। অনাদায়ী টাকার জন্য সার্টিফিকেট কেস করা হয়। বাণিজ্য কর বিভাগের কর্মচারীরা সর্বদাই যাহারা আইন অনুসারে রেজেষ্ট্রিকৃত হইতে বাধ্য তাহাদের রেজিষ্ট্রিকৃত করেন। কাজেই যে সমস্ত ব্যবসায়ী বা উৎপাদক রেজিষ্ট্রিকৃত হইয়াছেন তাহাদের নিকট হইতে সেলস ট্যাক্স একেবারে অনাদায়ী থাকা সম্ভব নয়।

তবে, যে সমস্ত ব্যবসায়ীর বাৎসরিক মোট বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ ২৫ লক্ষ টাকা বা তদূর্ধ্বে, সেরূপ প্রায় ১৪৪টি ব্যবসায়ীর ক্ষেত্রে কিছু কিছু কর এখনও অনাদায়ী আছে। তবে তাহার সঠিক পরিমাণ এত অল্প সময়ে নির্ধারণ করা সম্ভব নয়।

(গ) বকেয়া কর আদায়ের জন্য আইনানুযায়ী যথারীতি সার্টিফিকেট করা হইয়াছে এবং সার্টিফিকেট অফিসারগণকে নিয়মিত স্মারকপত্র দেওয়া হইতেছে। ইহাদের সহিত যোগাযোগ রক্ষার জন্য কয়েকজন ইন্সপেক্টর ও অফিসারকে ভার দেওয়া হইয়াছে। তাঁহারা এই ব্যাপারে যথারীতি ব্যবস্থা গ্রহণ করিতেছেন। এই সম্বন্ধে সার্টিফিকেট অফিসার ও অতিরিক্ত জেলা-শাসকের সহিত সময় সময় আলোচনা করা হয়। এইরূপ ব্যবসায়ীগণকে সেলস ট্যাক্স ডিক্লারেশন ফরম দেওয়ার ব্যাপারে কড়াকড়ি ব্যবস্থা অবলম্বন করা হয়।

Recommendation of Central Wage Board on Jute

1060. (Admitted question No. 2590.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the recommendations of Central Wage Board on Jute have been implemented in the Jute Mills of West Bengal;

(b) if so,

(1) whether all the Budli hands have been given Employment Card, and

(2) whether the fall-back wages are being paid to the piece-rated workmen?

The Minister for Labour: (a) Yes.

(b) (1) Employment books have been issued to Budlies in most of the mills. In a few cases, employment books in which necessary entries are being made are likely to be distributed shortly.

(2) Yes; the piece-rated workmen by and large, are earning fall-back wages.

Extension of the Payment of Bonus Act to the Public Sector Undertakings

1061. (Admitted question No. 2602.) **Shri Nani Bhattacharjee :** Will the Minister-in-charge of the Labour Drpartment be pleased to state—

(a) if the State Government received any communication from the Union Labour Minister in 1965 in the matter of extending the Payment of Bonus Act to all Public Sector Undertakings under the State Government; and

(b) if so, what action has since been taken in regard to it?

The Minister for Labour : (a) Yes.

(b) It was already decided to pay Bonus before the last Pujas in the State Undertakings under Government of West Bengal.

Price of milk supplied from Calcutta Central Diary

1062. (Admitted question No. 2609.) **Shri Ashwsi Roy :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা কেন্দ্রীয় ডেয়ারীর (ডেয়ারী) দুধের দাম বর্ধিত করার সিদ্ধান্ত সরকার লইয়াছেন;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) মূল্য বৃদ্ধির কারণ কি,

(২) প্রতি ধরণের লিটার প্রতি দুধের দাম কত হইবে, এবং

(৩) বর্ধিত হার কখন হইতে চালু হইবে ?

The Minister for Animal Husbandry and Veterinary Services : (ক) হাঁ।

(খ) (১) বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের অধীনে দুগ্ধ সংগ্রহ এবং সরবরাহের ব্যাপারে যে ক্ষতি হইতেছিল, তাহা যথাসম্ভব কমানই বর্তমান মূল্যবৃদ্ধির কারণ।

(২) বিভিন্ন প্রকার দুধের লিটার প্রতি দাম নিম্নরূপ—লিটার প্রতি দাম :

	টাকা
গরুর দুধ	১-৪৪
স্ট্যাণ্ডার্ড মিল্ক	১-০০
ডবল-টোণ্ড মিল্ক (অর্ডিনারী রেট)	০-৭২
ডবল-টোণ্ড মিল্ক (সাবসিডাইজ রেট)	০-৬৪

(৩) ১৯৬৬ সালের ১ই জানুয়ারী হইতে বর্ধিত হার চালু করা হইয়াছে।

Chhana sweetmeats

1063. (Admitted question No. 2610.) **Shri Aswini Roy :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতায় বিবাহ প্রভৃতি উৎসবে গৃহজাত ছানার বা ক্ষীরের মিষ্টি ব্যবহার নিষিদ্ধ হইয়াছে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হাঁ' হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বিশেষ ক্ষেত্রে সরকারী পারমিটের কোনও নিয়ম আছে কি, এবং

(২) নিয়ম থাকিলে তাহার বিবরণ কি ?

The Minister for Animal Husbandry and Veterinary Services : (ক) না।

(খ) (১) এবং (২) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্নদ্বয় উঠে না।

Building of the Sarada Prosad Institution for Girls, Ultadanga

1064. (Admitted question No. 2612.) **Shrimati Ila Mitra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উল্টাডাঙ্গার একমাত্র বালিকা বিদ্যালয় সারদা ইনষ্টিটিউশন ফর গার্লস্ স্কুলের বাড়ী সম্প্রতি সরকার কর্তৃক রিকুইজিশন করা হইয়াছে;

(খ) সত্য হইলে উহার কারণ কি; এবং

(গ) ঐ স্কুলের জন্য কোন নূতন বিদ্যাভবন নির্মাণের পরিকল্পনা করা হইয়াছে কি?

The Minister for Education : (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) বর্তমানে রাজ্য সরকারের এইরূপ কোন পরিকল্পনা নাই।

Proposal for the extension of Bus Route No. 9

1065. (Admitted question No. 2614.) **Shrimati Ila Mitra :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গঙ্গনগী ব্রীজ হইতে আর-জি-কর হসপিটাল পর্যন্ত ৯নং বাস রুট এক্সটেণ্ড করবার প্রস্তাব সরকারের আছে; এবং

(খ) সত্য হইলে কবে তাহা কার্যকরী হবে?

The Minister for Home (Transport) : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Proposal for the extension of shuttle bus service on Route No. 9

1066, (Admitted question No. 2615.) **Shrimati Ila Mitra :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ৯নং শাট্‌ল বাস যাহা উল্টাডাঙ্গা মেন রোড দিয়া খালের উপর উল্টাডাঙ্গা স্টেশন পর্যন্ত যায়—তাহা ১০নং বি-আর-এস স্কীমের অধিবাসীদের সুবিধার জন্য কাঁকুড়গাছি পর্যন্ত এসটেণ্ড করিবার পরিকল্পনা সরকারের আছে; এবং

(খ) সত্য হইলে তাহা কি নাগাদ কার্যকরী হইবে?

The Minister for Home (Transport) : (ক) না।

(ক) প্রশ্ন উঠে না।

Allowances for the Political Sufferers

1067. (Admitted question No. 2625.) **Shri Sanat Kumar Raha :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রাজনৈতিক নির্যাতিতের ভাতা কি বিচারে মঞ্জুর করা হয় এবং কি কি বিষয় বিবেচনা করিয়া উহার মাসিক হার নির্ধারণ করা হয়?

The Minister for Finance : নির্বাচনের গুরুত্ব এবং আর্থিক ও শারীরিক অবস্থা বিবেচনা করিয়া ভাতার পরিমাণ অথবা মাসিক হার নির্ধারণ করা হয়।

Night Schools in Purulia district

1068. (Admitted question No. 1355. **Shri Adyaitya Mondal :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ থানায় কতগুলি নৈশ বিদ্যালয় আছে ;

(খ) বান্দোয়ান থানায় কোন্ কোন্ গ্রামে উক্ত নৈশ বিদ্যালয়গুলি অবস্থিত ;

(গ) কতগুলি নৈশ বিদ্যালয় চালু আছে ; এবং

(ঘ) চালু অবস্থায় না থাকিলেও উক্ত নৈশ বিদ্যালয়গুলির অনেককেই খরচ খরচা সরকার দিয়া যাইতেছেন, ইহা কি সত্য ?

The Minister for Education : (ক) নিম্নলিখিত থানায় নৈশ বিদ্যালয়ের সংখ্যা :—

থানা		নৈশ বিদ্যালয়
১। আড়শা		৯
২। বাঘমুণ্ডি		১৪
৩। বলরামপুর		৪
৪। বরাহবাজার		৪
৫। বান্দোয়ান	—	১০
৬। হুড়া	—	৪
৭। জয়পুর	—	৩
৮। ঝালদা	—	৩০
৯। কাশীপুর	—	২১
১০। মানবাজার	—	২২
১১। গেঙুড়িয়া	—	৮
১২। পাড়া	—	৩
১৩। পুরুলিয়া	—	১৫
১৪। পুঞ্চা	—	১৭
১৫। রঘুনাথপুর	—	২২
১৬। সাঁতুড়ি	—	১
মোট	—	১৮৭

(খ) উক্ত থানার নৈশ বিদ্যালয়গুলি নিম্নলিখিত গ্রামে অবস্থিত :—

(১) বাহাদুরপুর, (২) ধবনি, (৩) লতাপাড়া, (৪) পারগেলা, (৫) কুচিয়া, (৬) পাহাড়পুর, (৭) যশপুর, (৮) ভালু, (৯) মাংলা, (১০) ঝিখুগোড়া (চিলাগুড়িয়া)।

(গ) রঘুনাথপুর থানার রঘুনাথপুর ১নং ব্লকে ৪টি নৈশ বিদ্যালয় চালু অবস্থায় নাই। জেলার অবশিষ্ট সব কয়টি নৈশ বিদ্যালয়ই চালু অবস্থায় রহিয়াছে।

(ঘ) কোন অচল নৈশ বিদ্যালয়কে সরকারী অনুদান দেওয়া হয় নাই।

Action taken on the recommendation of W. B. Sadachar Samity

1069. (Admitted question No. 2587.) **Shri Sailendra Nath Adhikary :** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সদাচার সমিতি গঠিত হইবার পর হইতে অদ্যাবধি কয়টি ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ করিয়াছেন ;

(খ) ঐ সুপারিশগুলির কয়টি ক্ষেত্রে কার্যকরী করা হইয়াছে ; এবং

(গ) যে সুপারিশগুলি কার্যকরী করা হয় নাই তাহার কারণ কি ?

The Minister for Home (General Administration) : (ক), (খ) ও (গ) পশ্চিমবঙ্গ সদাচার সমিতি গঠিত হইবার পর এ পর্যন্ত মোট ১৬২ খানি দরখাস্ত ও অভিযোগ সমিতির নিকট হইতে পাওয়া গিয়াছে। ঐগুলি ভিজিল্যান্স কমিশন, সংশ্লিষ্ট বিভাগ, অধিকার ও দপ্তরের তদন্তের জন্য প্রেরিত হইয়াছে।

ঐগুলির মধ্যে ২১টি ক্ষেত্রে তদন্তের কাজ শেষ হইয়াছে এবং উহার ফলাফল সমিতিকে জানানো হইয়াছে। ঐগুলির অধিকাংশ ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হয় নাই। কোন কোন ক্ষেত্রে অভিযোগকারীকে খুঁজিয়া পাওয়া যায় নাই এবং কোন কোন ক্ষেত্রে দরখাস্তে বর্ণিত অভিযোগ তাঁহার দরখাস্ত অস্বীকার করিয়াছেন।

অবশিষ্ট দরখাস্তগুলির তদন্ত চলিতেছে।

Government Motor Boats, Steam Boats and Steamers

1070. (Admitted question No. 1252.) **Shri Ananga Mohan Das :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের কয়টি মোটর বোট, কয়টি ষ্টিম বোট ও কয়টি ষ্টিমার আছে ;

(খ) ঐগুলির জন্য কতজন কি প্রকারের কর্মচারী আছে এবং তাহাদের বেতন ও ভাতার হার কত ;

(গ) ঐগুলি কোন্ কোন্ তারিখে কি মূল্যে এবং কোন্ কোন্ বিভাগকে কি কাজের জন্য দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) ঐগুলির কোন কোনটি কোন তারিখে মেরামত করা হইয়াছে ও তাহার ব্যয় কোন কোন বিভাগ হইতে বহন করা হইয়াছে ?

The Minister for Home (Transport) : (ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে নিম্নলিখিত মোটর লঞ্চ, মোটর বোট, ষ্টিম লঞ্চ ইত্যাদি আছে :—

মোটর লঞ্চ	৪৩
মোটর বোট	৩২
ষ্টিম লঞ্চ	৫
অন্যান্য	৫

(খ) ঐগুলির জন্ত কর্মচারীর সংখ্যা এবং তাহাদের বেতন ও ভাতার হার নিম্নে দেওয়া হইল:

কর্মচারীর নাম	সংখ্যা	বেতন ও ভাতার হার		চিকিৎসা ভাতা
		বেতন	মহার্ঘ ভাতা	
১। সারেঙ্গ	৫০	১০০-১৪০	১০	১০%
২। ড্রাইভার	৬৩	১৪০-২১০	১০	১০%
৩। সুখানী	৩৯	৮০-১০৫	১০	১০%
৪। গ্রীজার	৪৫	৬৭—৮৪	১০	৫.০০
৫। লস্কর	১৩২	৬৫—৮৫	১০	৫.০০
৬। পাচক	৬	৬০—৭৫	১০	৫.০০
৭। ঝাড়ুদার	৬	৬৫—৮৫	১০	৫.০০
৮। ফিটার	২	১১০-১৭০	১০	১০%
৯। টিণ্ডাল	৬	১০০-১৪০	১০	১০%
১০। ইঞ্জিনীয়ার	১	২১০-৩০০	২০	১০%
১১। মাস্টার	১	১৭৫-৩২৫	২০	১০%
১২। ইলেকট্রিসিয়ান	১	১৪০-২১০	১০	১০%

(গ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) (১) মেরামতের তারিখ ও তাহার খরচ উক্ত টেবিলে উপস্থাপিত তালিকাতে দেওয়া হইল।

(২) জলযানগুলি যে যে বিভাগে কাজে নিযুক্ত সেই সেই বিভাগই মেরামতের খরচ বহন করে।

Primary Schools in Durgapore Notified Area

1071. (Admitted question No. 1650.) **Shri Aswini Roy:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর নোটিফায়েড এলাকায় প্রাথমিক স্কুলের কোন সংখ্যাতত্ত্ব আছে কি;

(খ) থাকিলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) স্কুলগুলির নাম ও অবস্থানের বিবরণ;

(২) ছাত্র ও ছাত্রী সংখ্যা;

(৩) প্রত্যেক স্কুলে শিক্ষক ও শিক্ষয়িত্রীর সংখ্যা ও তাহাদের বেতন ও ভাতার বিবরণ?

The Minister for Education: (ক) ও (খ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত বিবরণীটি দ্রষ্টব্য।

Escape of some prisoners from Presidency Jail

1072. (Admitted question No. 2413.) **Shri Birendra Narayan Roy:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি প্রেসিডেন্সী জেল হইতে কয়জন বন্দী এবং একজন ওয়ার্ডেন পালাইয়া গিয়াছে;

(খ) ১৯৫৯ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেল হইতে অনুরূপভাবে পালানোর ঘটনা কয়টি ঘটিয়াছে এবং কোনটিতে কতজন বন্দী পলায়ন করিয়াছে; এবং

(গ) উহাদের মধ্যে কয়জন বন্দী পুনরায় ধরা পড়িয়াছে।

The Minister Home (Jails): (ক) হ্যাঁ, গত ইংরাজী ৭-১২-৬৫ তারিখে তিনজন কয়েদী কলিকাতা প্রেসিডেন্সী কারা হইতে পালাইয়া গিয়াছে। সেই সময় হইতে একজন ওয়ার্ডারও নিখোঁজ হয়।

(খ) ও (গ) ইংরাজী ১৯৫৯ সাল হইতে ইংরাজী ১৯৬৫ সাল পর্যন্ত প্রতি বৎসর পশ্চিমবঙ্গের বিভিন্ন কারা হইতে বন্দী পলায়নের ঘটনা এবং তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় বিশদ তথ্য সম্বলিত বিবরণ লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

Procurement of Paddy and Rice

1073. (Admitted question No. 2417.) **Shri Birendra Narayan Roy:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নূতন খাদ্যনীতি চালু হওয়ার পর হইতে বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কত ধান বা চাউল পাওয়া গিয়াছে;

(খ) উহার মধ্যে (১) সমবায়ের মাধ্যমে, (২) মিলের মাধ্যমে এবং (৩) সরকার মনোনীত ব্যক্তি মাধ্যমে কত ধান চাউল পাওয়া গিয়াছে;

(গ) বর্তমানে জেলাওয়ারী কয়জনকে সরকার এজেন্ট মনোনীত করিয়াছেন (নাম সহ); এবং

(ঘ) উক্ত মনোনয়নের কোন মাপকাঠি (স্ট্যাণ্ডার্ড) আছে কিনা?

The Minister for Food and Supplies: (ক) সংলগ্ন একটি বিবরণীতে ঐ তথ্য সন্নিবেশিত হইল।

(খ) ১-১১-৬৫ হইতে ১৪-১২-৬৫ পর্যন্ত সমবায়, মিল এবং সরকার মনোনীত ব্যক্তি মাধ্যমে যত ধান ও চাউল পাওয়া গিয়াছে তাহার একটি বিবরণী দেওয়া হইল।

(গ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) সুপ্রতিষ্ঠ পাইকারী ব্যবসায়ী এবং লব্ধপ্রতিষ্ঠ ব্যবসায়ীদের মধ্য হইতেই নির্বাচন করিয়া ডি, পি. এজেন্টদের নিযুক্ত করা হয়। সমবায় সমিতিগুলির আর্থিক সংগতি ও পরিচালন ব্যবস্থা বিবেচনা করিয়া স্থানীয় সহ-নিয়ামক মহাশয়ের সুপারিশ এবং জেলাশাসকের অনুমোদনক্রমে জেলা-নিয়ামক মহাশয় ডি, পি, এজেন্ট মনোনীত করিয়া থাকেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1073

Statement showing districtwise procurement of rice and paddy in November and December, 1965

(As per reports received in November and December, 1965)

(Figure in quintals)

		Rice	Paddy
1.	Burdwan	64,060	62,173
2.	Birbhum	1,94,921	54,139
3.	Bankura	1,10,937	18,587
4.	Purulia	16,374	49,836
5.	Midnapore	76,039	46,824
6.	Hooghly	6,137	4,501
7.	Howrah	...	...
8.	24-Parganas	1,814	395
9.	Nadia	9	108
10.	Murshidabad	4,256	26,871
11.	Malda	...	...
12.	West Dinajpur	15,792	99,126
13.	Darjeeling	1,970	922
14	Cooch Behar	1,354	19,636
15.	Jalpaiguri	1,966	14,617
		4,95,629	3,97,652

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1073.

Quantities of rice and paddy purchased on Government account through Co-operative agents, other agents and Rice Mills from November, 1965 to 14th December, 1965.

(Figures in Quintals).

District	Co-operative Agents		Other Agents		Rice Mill
	Rice	Paddy	Rice	Paddy	Rice
1 Burdwan	—	17 213	—	—	37.155
2 Birbhum	—	20,241	—	1,767	1,28,826
3 Bankura	—	2,490	—	3,062	76,970
4 Purulia	945	16,066	803	7,287	9,340
5 Midnapore	—	11,856	—	4,428	40,944
6 Hooghly	—	8,247	—	7,795	4,195
7 Howrah		—	—	—	—
8 24-Parganas	—	—	—	—	1,749
9 Nadia		—	—	—	—
10 Murshidabad	—	2,314	—	8,168	1,694
11 West Dinajpur	—	30,320	—	5,640	10,709
12 Malda	—	3,549	—	14,420	—
13 Darjeeling	—	—	—	—	469
14 Cooch Behar	—	202	—	1,140	474
15 Jalpaiguri	—	1,292	—	775	—
Total	945	1,13,790	803	54,482	3,12,525

Rice=3,14 2733 Q.

Paddy=1,68,272 Q.

Paddy cultivation in Government Farms in Burdwan district

1074. (Admitted question No. 2568.) **Shri Ashwini Roy:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় সরকার (ব্লক ও কৃষি দপ্তর) পরিচালিত ধান্য চাষের ক্ষেত্র কতগুলি আছে;

(খ) উক্ত ক্ষেত্রগুলিতে গত ১৯৬৪ ও ১৯৬৫ সালের প্রতি বৎসরে প্রতিটি ক্ষেত্রে—

(১) আমন ধান্য চাষে নিযুক্ত জমির পরিমাণ;

(২) মোট ধান্যের উৎপাদন; এবং

(৩) উৎপাদনে মোট ব্যয়?

The Minister of State for Agriculture and Community Development: (ক) বর্ধমান জেলায় কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তর পরিচালিত ধান্য চাষের ক্ষেত্রের সংখ্যা মোট ১০টি।

(খ) উক্ত ক্ষেত্রগুলিতে ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালের প্রতি বৎসর প্রতিটি ক্ষেত্রে (১) আমন ধান্য চাষে নিযুক্ত জমির পরিমাণ; (২) মোট ধান্য উৎপাদন; এবং (৩) উৎপাদনে মোট ব্যয়ের পরিমাণ সম্বলিত একটি তালিকা এতৎসহ লাইব্রেরী টেবিলে সন্নিবেশিত হইল। ১৯৬৫-৬৬ সালের জন্য এইরূপ কোন পরিসংখ্যান এখনও প্রস্তুত হয় নাই।

Aid to the families of injured or deceased Jawans

1075. (Admitted question No. 2405.) **Shri Birendra Narayan Roy:** গত ১৬-১১-৬৫ তারিখে প্রদত্ত তারকিত ১৬৮ নং (অ্যাডমিটেড প্রশ্ন নং *১০০৬) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত নয়জন নিহত জওয়ানের পরিবারের জন্য এবং একজন আহত জওয়ানের জন্য পশ্চিমবঙ্গ সরকার কি কি প্রকার সাহায্য দিয়াছেন অথবা সাহায্য দানের কথা বিবেচনা করিতেছেন?

The Minister for Home (Defence): রাজ্য সরকার তাঁহাদের পরিচালনাধীন তহবিল হইতে উক্ত জওয়ানদিগের পরিবারবর্গকে যে সকল সাহায্য দিয়াছেন এবং বিভিন্ন সূত্র হইতে সাহায্য প ইতে তাঁহাদিগকে সহায়তা করিয়াছেন সেই সম্পর্কে বিস্তৃত তথ্য লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণীতে উপস্থাপিত হইল।

বিবরণীতে উল্লিখিত সাহায্যাদি ব্যতীত অন্যান্য সকল প্রকার সম্ভাব্য উপায়ে ঐ সকল পরিবারের কল্যাণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবার জন্য সংশ্লিষ্ট জেলাশাসকদিগকে এবং জেলা সৈনিক, নাবিক এবং বৈমানিক পর্ষদসমূহকে নির্দেশ দেওয়া হইয়াছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : I have received three notices of Adjournment Motion from :

(1) Shri Kashi Kanta Maitra on the subject of announcement of the Minister-in-charge of Irrigation and Waterways Department regarding the price of plots of the Salt Lake Township Scheme ;

(2) Shrimati Ila Mittra on the subject of reported decision of the Ministry of Education, Government of India, to defer the consideration of upward revision of pay scales of college teachers ;

(3) Shri Gour Chandra Kundu on the subject of non-availability of rice in Nadia District.

I have withheld my consent. I will now request Shri Kashi Kanta Maitra to read the notice that has been given by him.

Sari Kashi Kanta Maitra : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যে অ্যাডজোর্নমেণ্ট মোশান আপনি আজকে নাকচ করে দিলেন সেটা হচ্ছে উত্তর লবণ হ্রদ এলাকায় সরকার যে উপনগরী তৈরি করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং নিম্ন মধ্যবিত্ত পরিবারের বসবাসের উপযোগী যে নগরী গড়ে তুলবেন বলে আশ্বাস দিয়েছিলেন, পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বাঙালীর কাছে এই আশ্বাস এবং অংগীকার দিয়েছিলেন এবং যার কাগজে নোটিফিকেশন পশ্চিমবংগ সরকার বের করেছেন, আজকে তাই জমেণ্ট বেরিয়েছে তাতে ওঁরা দাম যা ঠিক করেছেন, বলেছেন যে plots of 2 and 3 cottahs Rs. 3,000, plots of 4 cottahs Rs.6,000, plots of 5 cottahs Rs.8,000, plots of 6 cottahs Rs 9,000 এবং সেখানে আপনারা দেখছেন যে দাম প্রায় ৭ গুণ পর্যন্ত বাড়ান হয়েছে ২০ হাজার টাকা পর্যন্ত তাঁরা কাঠা করেছেন। আমি এটুকু বলছি যে বাংলা দেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায় বাংলা দেশের কাছে যে অংগীকার রেখে গেলেন নূতন মুখ্যমন্ত্রী তাঁর সেই অংগীকার, প্রতিশ্রুতির কোন মর্যাদা রাখলেন না। আমরা প্রায়ই শুনি একটা সরকার যেসব অংগীকার করে আসেন পরবর্তী সরকার তা মেনে নেন। তাসখন্দ চুক্তি যা হল তা নূতন ভারতবর্ষের যিনি নায়ক হবেন তিনি অক্ষরে অক্ষরে পালন করবেন। ডাঃ রায় একটা বিরাট প্রতিশ্রুতি বাংগালীর কাছে রেখে গেলেন সেই প্রতিশ্রুতিকে কিরকমভাবে পালন করবার চেষ্টা করা হচ্ছে, না অ্যাডভার্টাইজমেণ্ট দিলেন, ২৫ হাজার দরখাস্ত এলো এই প্লট পাবার জন্য, তারপর আমার প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয় যে জবাব দিয়েছেন, আমি নিজে দরখাস্ত করিনি, তা সত্ত্বেও একথা আমি মন্ত্রিমহাশয়কে বলছি কারণ অগনিত টেলিফোন পাচ্ছি যে আমরা এই ধরণের দরখাস্ত করেছিলাম কিন্তু আজকে যদি ২০ হাজার টাকা কাঠা হয় তাদের কাদের জন্য এটা হচ্ছে? দুঃখের কথা কারেণ্ট সেসনে কাউন্সিলে মাননীয় মন্ত্রিমহাশয় একই মর্মে বিবৃতি দিয়েছিলেন যে ৩ হাজার, ৪ হাজার, ৬॥ হাজার টাকা এবং বেশী জমি ৭ হাজার টাকা কাঠা ধার্য করেছিলেন। তাই আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই তাঁরা কি ভাবছেন জনসাধারণকে এইভাবে তাঁরা ধোঁকা দিয়ে যাবেন, এইভাবে প্রতারিত করে যাবেন? আমি বলছি স্যার, টাকা যদি তাঁদের তুলতে হয় তাহলে এইভাবে টাকা তোলার মানে হয় না। এই ব্ল্যাকমানিকে হোয়াইটমানি করবার জন্য, বড় বড় ধনিক সম্প্রদায়কে সেখানে রাখবার জন্য ১৫, ২০ হাজার টাকা কাঠা করেছেন এটা আমি মনে করি অত্যন্ত অন্যায়, এটা হচ্ছে It is an act of breach of faith এবং এটা stab in the back of lower-middle class people.

Mr. Speaker : মি: মৈত্র,

Shri Kashi Kanta Maitra : স্যার, এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমাকে একটু বলতে দিন।

Mr. Speaker : "মি: মৈত্র, গুরুত্বপূর্ণ এটা হতে পারে কিন্তু হাপ অ্যান আওয়ার ডিসকাশন এই কোশ্চেনের উপর দিলে পর তাহলে আমার মনে হয় it would be doing justice to this matter. আপনি অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছেন, অ্যাডজোর্নমেন্ট মোশন এই জন্য হতে পারে না। তাই আই হ্যাব উইথহেল্ড মাই কনসেন্ট"। আমি আপনাকে পারমিশন দিয়েছি মোশনটা রিড করার জন্য, কিছু বলার জন্য নয়।

Shri Kashi Kanta Maitra : স্যার, আপনি যে বলতে দিয়েছেন এজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি এবং কৃতজ্ঞতা জানাচ্ছি এবং এই পারমিশন দিয়ে আপনি উল্লেখযোগ্য প্রিসিডেন্ট করে দিচ্ছেন কিন্তু আপনিই বলুন যে সাধারণ লোক আমাদের কি বলবে? কিছুদিন আগে খবরের কাগজে এই অ্যাডভার্টাইজমেন্ট সরকার দিয়েছেন, ডা: রায় বলে গিয়েছিলেন নো প্রফিট নো লস এই স্কীমেতে এই উপনগরী তৈরী হবে। তাহলে গরীব মানুষের কোটি কোটি টাকা খরচ করে যে সল্ট লেক রিক্ল্যামেশন হল সেটা কি যারা কলকাতার ইনডাষ্ট্রিয়াল, ফাইনানশিয়াল টাইকুনস্ তারাই পাবে, তাদের জন্য কি এই উপনগরী তৈরী করছেন? এটা কিছুতেই হতে পারে না। It is a stab on the common man, middle-class, lower middle-class and it is an act of gross breach of faith. সেজন্য বলছি এর দ্বারা সরকার প্রমাণ করছেন তাঁরা অক্ষম, তাঁরা অপদার্থ এবং তাঁরা পাবলিক মানি নিয়ে এইভাবে গরীব এবং লোয়ার মিডিল ক্লাসকে সুইনডিল এবং চিটিং করছেন, জনসাধারণকে তাঁরা প্রতারিত করছেন।

Shrimati Ila Mittra : মাননীয় স্পীকার মহাশয়, আমি যে গুরুত্বপূর্ণ একটা ব্যাপারে আপনার কাছে অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম আপনি সেটা উইথহেল্ড করেছেন। কিন্তু এর উপরে আমি শুধু একটা কথা বলতে চাই যে এই হাউসের কাছে গতবারে ঠিক এই সময়েই এই ব্যাপারে বলেছিলাম। আমার অ্যাডজোর্নমেন্ট মোশন হচ্ছে এই—The serious situation resulting from the decision of the Union Education Ministry to defer the consideration of the question of upward revision of pay-scales of college teachers to 1967-1968. This decision will cause breach of promise as given to these college teachers that their pay-scales will be revised this year. This will force them to take to the path of strike on the eve of examinations which they do not desire. মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধহয় জানেন যে গত বছর ৫ হাজার কলেজীয় শিক্ষকদের যে সংগঠন সেই সংগঠনের পক্ষ থেকে এখানে আমি জানিয়েছিলাম যে তাঁদের পে স্কেল বৃদ্ধির দাবীতে সারা বাংলা দেশের সমস্ত কলেজের পরীক্ষা বয়কট নিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং তাঁরা পরীক্ষার খাতা দেখবেন না এটা ঠিক করেছিলেন। তারই ভিত্তিতে ইউনিয়ন এডুকেশন মিনিষ্ট্রি এবং আমাদের এখানকার এডুকেশন মিনিস্টার, মুখ্যমন্ত্রী এবং ইউ, জি, সি, এই তিনজনে সেদিন এই অ্যাসিয়োরেন্স দিয়েছিলেন আগামী বছর কি হবে তা বলতে না পারলেও বলেছিলেন যে নিশ্চয়ই পে-স্কেল বৃদ্ধি করা হবে। এই প্রতিশ্রুতির ভিত্তিতে আমরা সেই আন্দোলন উইথড্র করে নিই। কিন্তু অত্যন্ত দুঃখের সংগে জানাচ্ছি যে হঠাৎ ২২শে ডিসেম্বর ইউনিয়ন এডুকেশন মিনিষ্ট্রি থেকে এই চিঠি পাই যে চিঠিতে আমাদের কলেজ শিক্ষক অ্যাসোসিয়েশনের সেক্রেটারিকে লেখা হয়েছে। I write this to acknowledge with thanks the receipt of your letter No. 1742/65 dated December 26, 1965 to the Minister of Education and to inform

you that the question of upward revision of pay-scales of college teachers has been deferred for consideration in 1967-68 in view of the scarcity of financial resources due to emergency. এই ইউনিয়ন এডুকেশন মিনিষ্ট্রি থেকে এই সংবাদ পাবার পর আমরা বিস্মিত এবং স্তম্ভিত হয়ে পড়েছি এবং আমরা বাংলা দেশের সরকারের পক্ষ থেকে কোন রকম প্রতিশ্রুতিও এ ব্যাপারে শুনতে পাচ্ছি না এবং এই চিঠির ভিত্তিতে ৫ হাজার কলেজীয় শিক্ষকের যে সংগঠন, সম্প্রতি তার কার্যকরী সমিতি যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা হচ্ছে তাঁরা সমস্ত পরীক্ষার খাতা দেখা বয়কট করবেন এবং আজকের যুগান্তর, স্টেটসম্যান এবং প্রতিটি কাগজে কার্যকরী সমিতির সেই সিদ্ধান্তের খবর বেরিয়েছে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এইটুকু অনুরোধ করবো যে, এখানে এডুকেশন মিনিস্টার এবং মুখ্যমন্ত্রীকে বার বার বলা হয়েছে যে এটা কংকারেন্ট সাবজেক্ট নয়, বাংলা দেশের সরকারের এতে বিশেষ দায়িত্ব আছে, আজকে এই দুর্দিনে এই সমস্ত শিক্ষকদের উত্তেজিত করে আন্দোলনের পথে ঠেলে দেওয়া সমীচীন হবে না। সেদিক থেকে এই সিচুয়েশন অ্যাভয়েড করার জন্য তাঁরা যদি কোন পন্থা অবলম্বন করতে পারেন, কোন রকম অ্যাসিয়োরেন্স দিতে পারেন তাহলে কিছুটা সুরাহা হতে পারে। স্পীকার মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি আপনি এডুকেশন মিনিস্টারকে এ বিষয়ে অ্যাসিয়োরেন্স দেবার জন্য অনুরোধ করুন।

[2-10—2-20 p.m.]

Shri Gour Chandra Kundu : My adjournment motion runs as follows :

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, no rice is being available in the district of Nadia due to the cordoning and also due to inhuman repressive measures on the part of the Police.

Due to the cordon system, flow of rice from surplus district Burdwan to defict district Nadia has been totally stopped as a result of which rice is not being available in any place of Nadia district. Due to police atrocities and repression small retailers also are not being allowed to sell any rice in open markets. Public are being greatly harassed and arrested if they carry even 2 kg of rice within the district even. Peasants are being arrested while carrying even 5 kg of paddy for husking. Due to the above measures by Government the public are not getting rice. Supply of rice through M. R. shops in towns is very very inadequate and no rice is being supplied to any person in rural areas. Serious crisis is prevailing in Nadia. Public are suffering much.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—এখানে নদীয়া জেলার মন্ত্রী উপস্থিত আছেন, নদীয়া জেলায় একটা দারুণ দুর্ভিক্ষের অবস্থা চলেছে—বর্ধমান জেলা থেকে চাল আসা বন্ধ করে দিয়েছেন—তার ফলে নদীয়া জেলা ডেফিসিট ডিষ্ট্রিক্ট সেখানে চাল বা ধান আসতে পারে না—বর্ধমান থেকে এই চাল আসা বন্ধ হবার ফলে সেখানে চালের দাম আগুন হয়ে গেছে এবং কোথায়ও চাল পাওয়া যায় না,—সেখানে চাল প্রকিওর করা হচ্ছে—কিন্তু বাজারে কোন চাল এলে এক কেজি, দু কে, জি, পুলিশ তাকে চালান দিয়ে দিচ্ছে—কেউ যদি হাসকিং মিলে ধান বা চিড়ে ভাঙাতে যায় তাহলে তাদের ধরে

চালান দেওয়া হচ্ছে ; তারফলে বাজারে চাল নেই—রেসনে ৫০০ করে চাল দেওয়া হচ্ছে গ্রামে, ক্যাম্প কলোনী কোথায়ও চাল দেওয়া হচ্ছে না—সম্প্রতি কিছু আটা পাওয়া যাচ্ছে—কিন্তু চাল কোথায়াও পাওয়া যাচ্ছে না—গ্রামের সমস্ত লোকেরই জমি নেই ; তাহলে তারা কোথা থেকে চাল পাবে—রেসনে চাল পাবে না, বাজারে চাল পাবে না ; এরফলে নদীয়ায় সাঙ্ঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। আজকের স্টেটসম্যান কাগজে দেখলাম সেণ্টার থেকে বলছে ইণ্টার ডিস্ট্রিক্ট কর্ডনিং সিসটেম উঠিয়ে দেওয়া উচিত। আমি এই অ্যাডজর্নমেণ্ট মোসনের মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই কর্ডনিং উঠিয়ে নিন—কারণ আপনারা রেসনে চাল দিতে পারবেন না—এই ক্ষমতা আপনাদের নেই যে প্রত্যেককে তাদের প্রয়োজনমত চাল বা গম আপনারা দিতে পারবেন—এ আমরা আশাও করি না—এ ক্ষমতা পশ্চিমবঙ্গ সরকারের নেই—অতএব মানুষ যাতে কণ্ট্রোল ছাড়াও বাইরে চাল কিনে খেতে পারে তারজন্য যদি বর্ধমান জেলা এবং নদীয়াকে একটা জোন করতে পারেন তাহলে ভাল হয়, তা নাহলে এই কর্ডনিং তুলে দিন, আর ঐ পুলিশের তরফ থেকে ছোট ছোট চাষী যারা ধান বা চাঁড়ে ভানাতে যাচ্ছে তাদের উপর যাতে অমানুষিক নির্যাতন না হয় তার ব্যবস্থা করুন। হাজার হাজার কেস রাণাঘাট কৃষ্ণনগর কোর্টে করা হচ্ছে—হাজার হাজার লোককে গ্রেপ্তার করা হয়েছে সেইজন্য বলছি যে মন্ত্রিমহাশয় এদিকে একটু বিশেষভাবে দৃষ্টি দেবেন এই অনুরোধ জানাচ্ছি।

Shri Kanai Lal Bhattacharyya : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস শেষ হয়ে যাচ্ছে, কাজেই আমি জিজ্ঞাসা করছি যে তাসখন্দ চুক্তির পর দেশে আজকে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে দেখতে পাচ্ছি, উনি সমস্ত মিউনিসিপ্যালিটির নির্বাচনগুলি পিছিয়ে দিয়েছিলেন, আমি জিজ্ঞাসা করতে চাই বিশেষত: এই হাওড়া করপোরেসনের নির্বাচন এই এপ্রিল মে মাসের মধ্যে হবে কি না, কারণ হাওড়া মিউনিসিপ্যাল করপোরেসনে এখন যাঁরা আছেন—তাঁরা কংগ্রেস দল হতে পারেন। কিন্তু তাঁরা বিগত চার পাঁচ বছরের মধ্যে তাঁদের অযোগ্যতা প্রমাণ করেছেন, গত পাঁচ বছরের মধ্যে তিনবার তাঁদের আমলে ধর্মঘট হোল, এবং হাওড়ার স্বাস্থ্য সেখানে বিশেষভাবে নষ্ট হয়েছে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে যদি আপনি নির্বাচন না করেন তাহলে এই বোর্ডকে সুপারসিড করে গভর্নমেণ্টের হাতে নিয়ে নেবেন কি না, আমি মনে করি যে এইরকম একটা বোর্ড থাকার চেয়ে গভর্নমেণ্টের হাতে গেলে সেখানে শাসন ভাল হবে—অন্তত এইরকম ধরণের হাওড়ার জনসাধারণের স্বাস্থ্য বিপর্যস্ত হবে না। সেইজন্য মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এ সম্বন্ধে তাঁরা কিছু চিন্তা করছেন কিনা ?

Shri S. M. Fazlur Rahaman : স্যার, নির্বাচন স্থগিত রাখার কোন প্রশ্ন উঠে না, পরিবর্তিত অবস্থার সাথে খাপ খাইয়ে যাতে তড়িৎ গতিতে নির্বাচনকার্য পরিচালিত হয় সেই ব্যবস্থাই অবলম্বিত হচ্ছে। কাজেই নির্বাচন পরিচালনার প্রাথমিক যে কাজগুলি আছে সেগুলি নির্বাচন বন্ধ করার সাময়িক আদেশ থাকা সত্বেও সেই কাজগুলি ঠিক যেমনভাবে চলছিল তেমনইভাবে চলছে।

Shri Kanai Lal Bhattacharyya : নির্বাচন কবে হবে ?

Shri S. M. Fazlur Rahaman : নির্দিষ্ট দিনটা ঠিক বলতে পারবো না তবে—প্রাথমিক কাজগুলি তো করতে হবে ?

Shri Sailendra Nath Adhikari : স্যার, বোর্ডে যাঁরা এখনও আছেন তাঁরা যে লক্ষ লক্ষ টাকা তছরূপ করছেন এই ধর্মঘটের সুযোগ নিয়ে সে সম্বন্ধে কি ওঁর ডিপার্টমেণ্টের কোন ডিউটি নেই সুপারসিড করার ? আজকে হাওড়ায় যা অবস্থা তাতে আপনাকেও চিন্তিত হয়ে উঠতে হবে—তার কারণ সেখানে দুটো জিনিস আছে—একদিক দিয়ে লেবার মিনিস্টার তিনি তো

মালিকের ভঙ্গিতে বলেছেন যে তাঁরা উইথড্র করুন, আর একদিক দিয়ে যাঁরা এখন এই মিউনিসিপ্যালিটি চালাচ্ছেন তাঁরা এই মিউনিসিপ্যালিটির নাম দিয়ে ইতিমধ্যেই কয়েক হাজার টাকা নিয়ারলি এ ল্যাক অব রুপিজ খরচ করে ফেলেছেন। কাজেই এখানে মিনিস্টার ইন চার্জ তাঁর একটা কর্তব্য আছে।

Shri Panchu Gopal Bhaduri : মিঃ স্পীকার, স্যার, সম্প্রতি খুব গুরুত্বপূর্ণ একটা অবস্থা, সেটা হচ্ছে কলকাতা বন্দরে খাদ্যবাহী জাহাজ খুব শীঘ্র এসে পড়বে। সেইজন্য আমি আমাদের বিশেষকরে শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে কলকাতা পোর্ট কমিশনারের তিন হাজার কর্মী ২৪শে ডিসেম্বর থেকে তাঁদের কাজের স্থায়িত্ব দাবী করে শান্তিপূর্ণভাবে পোর্ট কমিশনারের অফিসের সামনে বসে আছেন। তাঁদের দাবী খুবই সামান্য—তাঁরা তাঁদের কর্মের স্থায়িত্ব চান এবং আনুসঙ্গিক কিছু সুযোগসুবিধা চান। সেদিক থেকে সামনে আমাদের যে খাদ্যবাহী জাহাজ আসবে সেই খাদ্যবাহী জাহাজ থেকে মাল খালাস করা দরকার। তারজন্য মাল যারা খালাস করেন এইরকম তিন হাজার ওয়ার্কার তাঁদের কর্মের স্থায়িত্ব—শুধু এইটুকু দাবী পালন না করার জন্য তাঁরা যে অবস্থান করে আছেন সেটা পালন করার দিক থেকে আমাদের শ্রমমন্ত্রী যদি তাঁদের সংগে কথাবার্তা বলে একটু বিবেচনা করে কেন্দ্রীয় সরকারকে জানান তাহলে অবিলম্বে মীমাংসা হয়ে এই খাদ্যবাহী জাহাজ থেকে খাদ্য নামবে। এখন সর্বত্রই দুর্ভিক্ষের অবস্থা চলছে। সেইজন্য আমি অনুরোধ করবো যে শ্রমমন্ত্রী এখানে কিছু ঘোষণা করুন—কিংবা তিনি একটু আন্তরিকতার সংগে চেষ্টা করুন, যাতে এই তিন হাজার পোর্ট কমিশনারের শ্রমিক আবার কাজে ফিরে আসতে পারেন এবং ঐ খাদ্যবাহী জাহাজ থেকে মাল খালাস করা যাতে বিন্দুমাত্র অসুবিধা না হয়।

Shri Sanat Kumar Raha : স্যার, আমি মাননীয় সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বক্তব্য হচ্ছে যে বাংলা দেশে কেরসিনের অভাব, মুর্শিদাবাদ জেলায় কেরসিনের অভাব এই স্তরে দাঁড়িয়েছে যে কোন গ্রামে এবং শহরে কেরসিন পাওয়া যায় না—ছেলেপিলেদের লেখাপড়া বন্ধ হয়ে গেছে। গ্রামাঞ্চলে কেরসিন দু মাস থেকে নেই—এই হচ্ছে অবস্থা। একদিকে খাদ্যসংকট আর এক দিকে রাত্রে আলো নেই—এবং শীতের সময় পড়াশুনার অসুবিধা—এইভাবে নানাদিক থেকে আমরা একটা চরম সংকটজনক অবস্থার মধ্যে পড়েছি। আজ কলকাতা, হাওড়া—সব জেলাতে একই কেরসিনের অভাব অনুভূত হচ্ছে। কাজেই অবিলম্বে এই কেরসিনের অভাব দূর করা দরকার। আর একটা দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি সম্প্রতি মুর্শিদাবাদ জেলাতে কেরসিনে জল পাওয়া গেছে। কোন লোকের বিরুদ্ধের কেস দেওয়া হয় নি। যে কোম্পানী সেই মাল পাঠিয়েছে সেই কোম্পানী সম্পর্কে ইনভেস্টিগেসন হবে শোনা যাচ্ছে—এস. ডি. ও এবং ম্যাজিস্ট্রেটরা বলেছেন এই সব তেল বিলি হবে জলটা সরিয়ে দেবার পর। আমি জানি না বাংলা দেশে বা সারা ভারতবর্ষের কেরসিন তেল নিয়ে কি ঘটছে। কাজেই আমি সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই কেরসিনের অভাব দূর করুন।

[2-20—2-30 p. m.]

Shri A. H. Besterwitch : Sir, the Food Minister is not here. Of course, the Deputy Leader, Shri Khagendra Nath Das Gupta is here. Sir, I have received a wire from Alipurduar subdivision saying that there is no rice and no serial supply in the M. R. shops in the whole of Alipurduar subdivision—Khagen Babu knows this—and particularly in Sisubari Hat, Rangila Bajna and Jateswar in Madarihat Thana there is absolutely no rice in the market.

Mr. Speaker: You have done the right thing; please give the telegram here.

Shri A. H. Besterwitch: Here in the Assembly the Minister said that a transaction of 10 kilos of rice is allowed but the police is not allowing people to carry even two kilos of rice from one place to another.

Shri Nathaniel Murmu: Mr. Speaker, Sir, আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে বিশেষকরে খগেনবাবু যিনি উত্তর বাংলার procurement-এর দায়িত্বে আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমি পশ্চিমদিনাজপুর জেলা ঘুরে এসেছি সেখানে levy-র ব্যবস্থা নিয়ে যে অব্যবস্থা চলছে তার অবিলম্বে প্রতিকার করা দরকার। Levy-র notice যে ভাবে জারী করা হচ্ছে সেটা শুনুন। সরকারী নিয়ম হচ্ছে ধান্য জমির উপর লেভি হবে। কিন্তু পাইকারী ভাবে সমস্ত জমির উপর নোটিশ যাচ্ছে। আমি একটা নাম দিচ্ছি রামাকান্ত দেবশর্মা, জামিরাইল, থানা কুসমুণ্ডী, যার ৫৮ শতক জমি এর ১১ কুইন্টাল ধান হয় তার উপর লেভি হয়েছে। অনুসন্ধান করে জানতে পারলাম সরকারী কর্মচারীদের উপর না কি notice আছে যে অমুক তারিখের মধ্যে লেভির notice হবে—এর জন্য পাইকারীভাবে তারা নোটিশ দিয়ে যাচ্ছে। এর ফলে পশ্চিমদিনাজপুর জেলায় একটা আতঙ্ক সৃষ্টি হয়েছে। খগেনবাবু শীঘ্র সেখানে যাচ্ছেন বলে আমি তাঁকে অনুরোধ করব তিনি এ বিষয়ে একটা তদন্ত করুন। দ্বিতীয় হচ্ছে আমাদের জেলায় একদম কেরসিন নেই, খোলাবাজারেও পাওয়া যাচ্ছে না। তাই মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব সেখানে যাতে কেরসিন তেলের সরবরাহ তাড়াতাড়ি করা যায় তার ব্যবস্থা করুন।

Dr. Narayan Chandra Roy: স্যার, আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বড়িশায় বিবেকানন্দ গার্লস কলেজের ব্যাপার নিয়ে বড় গোলমাল হচ্ছে। সেখানকার অধ্যক্ষা ও ছাত্রীদের মধ্যে ৩।৪ মাস ধরে গোলমাল চলছে। অধ্যক্ষার ঔদ্ধত্যের জন্য এই গোলমাল হচ্ছে এর তাঁর সাজা না দেওয়া পর্যন্ত এই বিক্ষোভ চলবে। তারা একটা মিছিল এনেছিল, আমরা সেটা ফিরিয়ে দিয়েছি এই বলে যে আমরা তাকে বলেছি শিক্ষামন্ত্রীকে জানাব। তাই বলব গোড়ার দিকে যদি কোন শিক্ষাপ্রতিষ্ঠানের গোলমাল মিটিয়ে ফেলা যায় তাহলে শিক্ষার অমর্যাদা হয় না। ২১ তারিখ থেকে তাদের পরীক্ষা হবে তার আগেই এ বিষয়ে হস্তক্ষেপ করলে ভাল হয়।

Shri Balai Lal Das Mahapatra: আমি আমার এলাকা রামনগর এবং দিঘা থানার খাদ্যব্যবস্থার প্রতি পূর্বে বিধান সভায় দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তার কোন প্রতিকার হয় নি। দিনের পর দিন সংকটজনক অবস্থা হচ্ছে এই দুটো থানায় বরাবর ঘাটতি অঞ্চল বাইরের খাদ্যের উপর নির্ভর করতে হয়। এখানে Chief Minister-এর order ঘোষণা করা হয়েছে যে ১ কেজি চাল বিক্রী করবার জন্য licence নিতে হবে এবং পরে ২ কেজি চাল সরকার কিনে নেবেন। তার ফলে বাজারে চাল শূন্য হয়ে গেছে এবং সেখানে ১ মণ, দেড়মণ করে ফলন হচ্ছে—লেভির আওতা থেকে তাদের বাদ দেবার জন্য আবেদন করেছিল। কিন্তু Chief Minister বলেছেন যে কোন specific case থাকে তো বলুন আমি দেখছি। আমি বলছি সেখানকার ২নং B.D.O. যার পাঁচ একর পর্যন্ত জমি আছে তার কাছেও লেভির notice দিয়েছে অথচ সরকারী আদেশে বলেছেন যে ২৫ একর পর্যন্ত লেভির আওতা আসবে, সেখানে B.D.O. ২৭ একর ১৪ ডিসিমিলিট্রি করছেন বুঝতে পাচ্ছি না—১১০ কুইন্টল ২০ কেজি দাবী করা হয়েছে। তার নাম কুঞ্জবিহারী দাস, এর নামে আবেদন করেছেন। আমি খাদ্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করেছি সেখানে ধান চাল পাওয়া যাচ্ছে না। শিওবাড়ী, উলিয়াহাট, পাটনাহাট সেখানে ধান-চাল নেই, সেখানে পুলিশের হামলা বন্ধ করবার জন্য আবেদনে বলেছিলাম সেখানে Ration card দেওয়া হয়নি সেখানে এক বিভীষিকার রাজত্ব চলেছে।

Mr. Speaker : মিঃ মহাপাত্র, I have given you leave to mention সুতরাং I cannot allow you to speak. I will request you to take your seat—আপনি বসুন সময় নেই।

Shri Balai Lal Das Mahapatra : স্যার, আজকে সেখানে এই অবস্থা চলেছে। পুলিশ যে বিভীষিকার সৃষ্টি করেছে তার প্রতিই আমি দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Monorajan Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা অত্যন্ত দুঃখের বিষয় যে দিন প্রধানমন্ত্রী শাস্ত্রীজি মারা যান ১০ই তারিখে ৩-২০ মিনিটের সময়। তারপর ৬-১৫ থেকে আকাশবাণী থেকে সংবাদ প্রচার করা হয়। ভারত গভর্নমেণ্ট নির্দেশ দেন এবং সে নির্দেশ ঘোষণা করা হয় যে শোক পালনের জন্য সমস্ত অফিস, কাছারি, আদালত এবং কারখানা বন্ধ থাকবে। তারপর আমি সকাল সাড়ে আটটা নয়টা থেকে বার বার টেলিফোন পেলাম, কারখানার পর কারখানা থেকে যে মালিকরা ছুটি দিতে চাইছে না। শুধু তাই নয় আপনি বোধ হয় জানেন কিনা জানি না কিন্তু এই মালিকরাই নাকি সবচেয়ে শোকে অভিভূত হয়ে ছিলেন এবং তারাই পরের শোকসভায় গিয়ে জাঁকিয়ে বসেছিলেন। কিন্তু শ্রমিকদের শোকপালন করবার যে অধিকার আছে, তাদের সেদিন ছুটি বলে চলে যাবার যে অধিকার দেওয়া হয়েছিল সে অধিকার কেড়ে নেবার অধিকার তাদের কে দিয়েছিল জানি না। ঐ বিলদার, গোয়েঙ্কা কারখানা, হুকুমচাঁদ জুটমিল, ভারতিয়া কারখানা যেটা কংগ্রেস পার্লামেন্টের একজন সভ্য তিনি এখানে ছিলেন না। এই সব ভারতীয়া কারখানা, Tex-maco, Hind Motors, Cental Cotton Millএ সেখানে একজন Astt. Secretaryকে তো গ্রেপ্তারই করা হয়েছে। তারপর একটা telephone এসেছে কালকে যে Ladco Jute Millএর যার মালিক কুখ্যাত আমেরিকার কোম্পানী তারা সেদিন মিল বন্ধ করে নি। যারা টিফিনের পর এসেছে সেই সমস্ত শ্রমিক তাদের সবাইকে চার্জসীট দিয়েছে। এটা শুধু ভারত সরকারের আইন অমান্য করা নয়, সমস্ত দেশবাসীর সঙ্গে মিলিত শ্রমিকদের শোক পালন করবার যে অধিকার তা দেওয়া হয় নি। তাদের চার্জসীট দিয়ে সেখানে এই অবস্থার উদ্ভব করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি নিশ্চই এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন যাতে মিল মালিকরা ভবিষ্যতে এরূপ না করেন। নেহেরুর মৃত্যুর পরেও আমরা জানি অনেক কারখানা এরূপ করেছে।

Shri Bijoy Singh Nahar : মাননীয় মনোরঞ্জনবাবু যে কথা বললেন সে সম্বন্ধে আমি ছোট্ট একটু বলতে চাই। আমি জানাতে চাই যে সেদিন যে ছুটির নির্দেশ দেন ভারত সরকার সেটা Negotiable Instruments, Act-এ এটার মধ্যে কারখানা পড়ে না। সাধারণভাবে এইসব ব্যাপারে সরকার থেকে কি করা হয় সেটা আমি বলছি সমস্ত Chamber সমূহে এবং কারখানার মালিকদের এইভাবে জানিয়ে দেওয়া হয়, আমরা এই ব্যাপারে অনুরোধ জানাই। আমরা এবার প্রথম দিনের জন্য ছুটি ভারত সরকার যা জানিয়েছিলেন তা দেবার পর আবার খবর এসেছিল দ্বিতীয় দিনের জন্য এবং সেটাও আমরা সঙ্গে সঙ্গে জানিয়ে দিয়েছি। I.G.M.কে দু দিনের ছুটির কথা। কয়েকটি কারখানায় কয়েক ঘণ্টা কাজ হয়েছিল যারা কাজ করেছিল বলা হয়েছে তারাও মাহিনা পাবে এবং যারা কাজ করেনি তারাও মাইনা পাবে আমি জানাতে চাই কোথায় কি হয়েছে তা খবর করে আমি দেখব এবং Lad Co. কোম্পানী যদি এরূপ করে থাকে, যদি এরূপ অন্যায় করে থাকেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

[2-30—2-40 p. m.]

Shri Khagendra Nath Das Gupta : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৯শে ডিসেম্বর, ১৯৬৫ তারিখে মুর্শিদাবাদ জেলায় ভরতপুর থানার হাজতে এক বন্দীর মৃত্যু সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করিয়া মাননীয় সদস্য শ্রীঅভয়পদ সাহা যে নোটিশ দিয়েছেন, তাহার উত্তরে আমি নিম্নোক্ত বিবৃতি দিতে চাই। গত ২৯শে ডিসেম্বর তারিখে ভরতপুর থানার অন্তর্গত সাহাপুর নিবাসী খুদু শেখের পুত্র তিনকড়ি শেখ ভোর সাড়ে চারটার সময় যখন ২৫ কিলোগ্রাম চাউল লইয়া কাতাইকোনাঘাট চেকপোষ্টে কতিপয় পুলিশ কর্মচারী তাহাকে গ্রেপ্তার করে এবং এই দিনই বেলা দুটোর সময় ধৃত মালসহ ভরতপুর থানায় পাঠাইয়া দেওয়া হয়। ভরতপুর থানায় তাহার বিরুদ্ধে অত্যাবশ্যক পণ্য দ্রব্য আইনের ৭ (১) ধারায় এক কেস লেখা হয় এবং তাহার দেহ তল্লাসীর পর তাহাকে থানার হাজতে আটকে রাখা হয়। তিনকড়ি শেখের পরণে একটা লুঙ্গি, একটি ফতুয়া, একটি জামা ও একটি কোট ছিল এবং একটি ব্যবহৃত গামছা ও তাহার কাছে ছিল। সন্ধ্যায় প্রহরাধীন অবস্থায় আসামী তার হাত পা ধোয় এবং অন্যান্য কার্যাদি সম্পন্ন করে। রাত্রি সাড়ে আটটায় তাহাকে খাবার দেওয়া হয় এবং সে রোজা রাখিতেছিল বলিয়া তাহার অনুরোধক্রমে পরদিন সূর্য্য হবার আগে অতি প্রত্যুষে যাহাতে সে তাহার আহার গ্রহণ করিতে পারে, সেজন্য কিছু অতিরিক্ত খাবার ও দেওয়া হয়।

রাত্রি সাড়ে এগারটায় হাজতের সশস্ত্র প্রহরী হাজতের সম্মুখে একটি হ্যারিকেন জ্বালাইয়া রাখিয়া হাজতঘরের প্রায় বিপরীত দিকে মালখানার সামনে শয়ন করিতে যায়। হাজতে তখন তিনকড়ি শেখ ব্যতীত অন্য কোন আসামী ছিল না। শয়ন করিতে যাইবার সময়ে প্রহরী আসামীকে জীবিত অবস্থায় দেখিতে পায় পরদিন প্রত্যুষে পাঁচটার সময় প্রহরীটি হাজতের সম্মুখে গিয়ে আসামীকে ডাকিতে থাকে এবং কোনরূপ সাড়া না পাওয়ায়—হ্যারিকেনটি তুলিয়ে ধরে এবং দেখিতে পায় যে তিনকড়ি শেখ হাজতের দক্ষিণ দিকের জানালা হইতে ঝুলিতেছে। প্রহরী তখন থানার অফিসারদের ডাকিয়া আনে। হাজতে প্রবেশ করিয়া অফিসাররা দেখিতে পান যে আসামী তাহার গামছা দিয়ে গলায় ফাঁসি লাগাইয়া ঝুলিতেছে এবং তাহার দেহে প্রাণ নাই।

কান্দির প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট শ্রী এস, নিয়োগী মৃতের আত্মীয়স্বজন ও অন্যান্য সাক্ষীদের উপস্থিতিতে ময়না তদন্ত করেন এবং ইহা একটা আত্মহত্যার ব্যাপার বলিয়া মত প্রকাশ করেন। কান্দি মর্গে ডাঃ বি, কে, ঘোষ শব ব্যবচ্ছেদ করিয়া পরীক্ষা করিয়া দেখেন এবং গলায় ফাঁসি লাগাইয়া আত্মহত্যাই এই মৃত্যুর কারণ বলিয়া অভিমত ব্যক্ত করেন। মৃতের দেহে অন্য কোনরূপ আঘাতের চিহ্ন ছিল না।

তিনকড়ি শেখের ভ্রাতা নব শেখের কাছ হইতে জানা যায় যে মৃতের কোন পারিবারিক বা অনুরূপ কোন অশান্তি ছিল না। পুলিশও ইহার আগে কখনো তাহাকে গ্রেপ্তার করে নাই। থানাতেও তাহার সহিত কোনরূপ অশোভন বা রূঢ় আচরণ করা হয় নাই। মনে হয় পুলিশের হাতে ধৃত হওয়ায় সে বিহ্বল হইয়া পড়ে এবং অনুশোচনায় আত্মহত্যা করে। এই বিষয়ে স্থানীয় জনসাধারণের মধ্য কোনরূপ ক্ষোভ বা অসন্তোষ দেখা দেয় নাই। এ ব্যাপারে আরো তদন্ত করা হইতেছে।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : Honourable members, I have received one notice of Calling Attention from Shrimati Ila Mittra on the subject of consideration of upward revision of pay-scales of college teachers deferred by the Education Ministry of the Government of India.

The Hon'ble Minister-in-charge may make a statement today, if possible, or give a date for it.

GOVERNMENT BILL

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965

Shri Syamadas Bhattacharyya : I beg to introduce the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Shyamadas Bhattacharyya : I beg to move that the West Bengal Land Reforms Second Amendment) Bill, 1965, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন যাবৎ আমরা দেখতে পাচ্ছি—কোন কোন জেলাতে বিশেষ করে হুগলী এবং বর্দ্ধমান জেলাতে অনেক জায়গায় বড় বড় চাষীরা মূল্যবান কৃষিজমি কিনে সেখান থেকে বালি উত্তোলন করছেন। আমাদের দেশে এমনি জমির পরিমাণ খুব কম—মাথাপিছু জমির হার অত্যন্ত কম। তার উপর এই বালি তোলবার ফলে উৎকৃষ্ট কৃষিজমি—অনেক জয়গায় শস্যোৎপাদনে অক্ষম হয়ে পড়ছে বা অনেক জায়গায় শস্যের উৎপাদন ব্যাহত হচ্ছে। এই কারণে আমি মনে করি—কৃষিজমি থেকে যদি কেউ বালি তুলতে চান, তাহলে তাকে আগে থেকে সরকারের অনুমতি নিতে হবে এবং সরকারের তরফ থেকে এটা দেখা কর্তব্য হবে—যাতে এই বালি তোলার ফলে কৃষিজমি—কৃষিকার্যের অনুপযুক্ত না হয়ে পড়ে। এই উদ্দেশ্যে একটা ধারা বর্তমান বিধেয়কে সন্নিবিষ্ট করা হয়েছে। এই বিধয়কে দ্বিতীয় বক্তব্য হলো খুব গুরুত্বপূর্ণ। কিছুক্ষণ আগে মাননীয় সদস্যগণ প্রশ্নোত্তরের মাধ্যমে সেদিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। জমির মালিক আইনের বিধান লঙ্ঘন করে যদি কোন জায়গাতে বর্গাদারকে বর্গা থেকে উচ্ছেদ করে, তাহলে সেই সম্পর্কে ভূমি সংস্কার আইনের ১৯ (ক) ধারায় যে প্রতিবিধানের ব্যবস্থা করা হয়েছে সেখানে সেই উৎখাত বর্গাদার মালিকের বিরুদ্ধে দরখাস্ত করতে পারেন, মামলা করতে পারেন এবং সেখানে সে যে সময়ের জন্য অন্যায়ভাবে উৎখাত হয়েছিল, সেই সময়ের জন্য তার প্রাপ্য ফসল থেকেও সেই সময়ের জন্য বঞ্চিত হবেন। এই বিধান আছে ১৯ (ক) ধারায়, কিন্তু দেখা যাচ্ছে কোন কোন জায়গায় মাননীয় সদস্য কেউ কেউ বলেছেন এই বিধান যথেষ্ট নয়। আমি দেখেছি এই বিধান বিভিন্ন জায়গায় প্রয়োগ করা হয়েছে restoration of possession under section 93 অনেক জায়গায় করা হয়েছে। মাননীয় সদস্যগণ ইচ্ছা করলে সেই বিবরণ দাখিল করতে পারি। আমার মনে হয় এতে মাননীয় সদস্যগণ একমত যে এই বিধানের চেয়ে আরো কঠোর বিধান করা দরকার, যেখানে নিরক্ষর অজ্ঞ, শিক্ষা-দীক্ষায় অনগ্রসর শুধু নয়, তারা আর্থিক বিষয়েও অসহায় প্রকৃত বর্গাদার জমি থেকে উচ্ছেদ হয় মালিক অন্যায় করার ফলে আইন লংঘন করে উচ্ছেদ করা হয়, সেখানে মালিকের বিরুদ্ধে কঠোর শাস্তি বিধানের প্রয়োজন আছে আমি মনে করি অনেকে তা স্বীকার করবেন। সেইজন্য দ্বিতীয় গুরুত্বপূর্ণ ধারাটা এই বিধেয়কের মধ্যে এনেছি। এতে প্রস্তাব করেছি যদি কোন মালিক বর্গাদারকে বলপূর্বক উচ্ছেদ করেন তাহলে তাঁরা ছয় মাস জেল ও হাজার টাকা জরিমানা অথবা জেল ও জরিমানা দুইই হতে পারে।

আর একটা প্রকরণ আছে—তাতে সরকার যাতে তাঁর ক্ষমতা অধীনস্থ কর্মচারীর হাতে ন্যস্ত করতে পারেন তার ব্যবস্থা করবার প্রস্তাব করা হয়েছে। জমি থেকে বালি তোলার অনুমতি দেওয়ার ব্যাপারে সমস্ত ক্ষমতা যদি সরকারের হাতে কেন্দ্রীভূত থাকে, তাহলে এতে অসুবিধা হতে পারে। সেইজন্য ক্ষমতা বিকেন্দ্রীয়করণের উদ্দেশ্যে দ্বিতীয় ও পঞ্চম প্রকরণে ঐ বিধানগুলি সংযোজনের ব্যবস্থা করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে এই বিধেয়ককে গ্রহণ করবার জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : There are some motions for circulation of the Bill all of which are in order.

Shri Khagendra Kumar Roy Chowdhury : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ করে দুটি বিষয়ে সুবিধা করার জন্য আমাদের শ্যামাদাসবাবু যে জিনিসটা সংযোজন করছেন, ওতে বিশেষ আপত্তি করার কিছু নাই। কিন্তু উনি একটি কথা অনেকবার বলেছেন, আমরা ভেবেছিলাম উনি তো অনেকবার বলেছেন এ সম্বন্ধে একটা comprehensive বিল আনবেন। বিশেষকরে কিছু দিন আগে ও-পক্ষের বন্ধুদের খুব লম্ফঝম্ফ হয়েছিল যে এবার জোতদারদের মোটে ধানই দেব না; চার টাকা মণ ধানের দাম তাদের দেব। আর ভাগচাষীকে জমির টাইটেল দিয়ে দেব। প্রফুল্লবাবুও যে economic holding-এর কথা বলেছেন, তাই ভেবেছিলাম ঐসব কিছু তাঁরা করবেন। জোতদারদের ধান দেবেন না; চার টাকা দাম দেবেন। সেই মনোভাব Land Reforms বিলের মধ্যে এই যে ধারাগুলি আনছেন, তার মধ্যে প্রকাশ করবেন। কিন্তু তা আসেনি, আসলে ভাল হতো। এই যে ধারাটা এখানে আছে বর্গাদারকে উচ্ছেদ করলে ৬ মাস

[2-40—2-50 p. m.]

জেল বা ১ হাজার টাকা জরিমানা হবে কিম্বা উভয়ই হবে, এটা কি প্রমাণ করতে পারবেন? কোনদিন পারবেন না। বাংলা দেশে আজ পর্যন্ত এত কৃষক আন্দোলন হল, কিন্তু ভাগচাষীরা কি কোন দিন রসিদ লিখিয়ে নিতে পেরেছে? সর্বত্রই কৃষি-মজুর বলে লেখা আছে। যদি তাদের উচ্ছেদ করা হয় তাহলে আইনে কোন দিন ধরতে পারবেন না। সুতরাং এই আইনটা করে আপনি আত্মসন্তুষ্টি লাভ করলেও ভাগচাষীকে কোন relief দিতে পারবেন না। সুতরাং এই ধারার বিরোধীতা না করলেও আমি এখানে এই আশংকা প্রকাশ করে যাচ্ছি যে, এই ধারাটা প্রয়োগ করবার মত জোতদাররা রাখেনি। টালি এবং ইঁট কাটা সম্পর্কে এখানে যে কথা বলা হয়েছে এটা আগেও ছিল। সাধারণভাবে আগেও বলেছি যে কৃষিজমির উন্নতির জন্য জমি থেকে বালি উত্তোলন বা জমি কাটা নিষিদ্ধ। এইজন্য সাধারণ লোককে সরকারের কাছ থেকে permission নিতে হবে, এবং নির্দিষ্ট ফরমে এর জন্য দরখাস্ত করতে হবে। এই ব্যবস্থার ফলে কি? না, অল্প আয়ের লোক যারা নিজেদের জমি থেকে মাটি কেটে ঘর-বাড়ী তৈরী করত তারা এর থেকে বঞ্চিত হবে। আমরা জানি দু'ফিট মাটি কাটলে চাষের জমির কোন ক্ষতি হয় না। শ্যামাদাসবাবু expert-দের opinion নিয়ে দেখতে পারেন, তাঁরাও বলবেন ২ ফিট কেটে নেওয়া হলে চাষের জমির কোন ক্ষতি হয় না। এর ফলে হবে কি, এই জন্য যারা টালি ও ইঁট ইত্যাদির ব্যবসা করে তাদের উপর চাষীদের সাধারণ নিম্ন আয়ের লোকদের চিরদিনের জন্য নির্ভরশীল করে দেওয়া হল। একদিকে সাধারণ লোককে আপনারা বলছেন ঘর-বাড়ী তৈরী কর, আর অন্যদিকে তার যে সুযোগ ছিল তা থেকে তাদের বঞ্চিত করছেন।

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

মাননীয় স্পীকার মহাশয়, ভূমিসংস্কার সম্বন্ধে একটার পর একটা amendment আসছে, কিন্তু এ পর্যন্ত ভূমিসংস্কার সম্পর্কে একটা সামগ্রিক বিল এল না। বাংলা দেশে ৭॥ লক্ষ পরিবার ভাগচাষী, লোকসংখ্যা গুণলে ৩৭/৩৮ লক্ষ লোক এতে জড়িয়ে রয়েছে। দুঃখের বিষয়, এদের সম্পর্কে এই সরকারের কোন দূরদর্শিতার পরিচয় আমরা পাইনি। যেই ভূমি সংস্কার আইন এল অমনি লোক হুঁসিয়ার হয়ে গেল, এবং উচ্ছেদ সুরু

হয়ে গেল। চারিদিক থেকে ষড়যন্ত্র করে ভাগচাষীদের উচ্ছেদ শুরু হয়ে গেল, আজ কয়টা লোক উচ্ছেদ হতে বাকী আছে? তাই আমি শ্যামাদাসবাবুকে বলতে চাই, উচ্ছেদ যদি বন্ধ করতে চান তিনি, তাহলে ভাগচাষীর সম্পর্কে সামগ্রিক চিন্তা করতে হবে, তাদের জমির উপর স্বত্ব দিতে হবে। তাদের নিজেদের খাবার থামার চাই; তৃতীয় নং হল ৪০ ভাগ যে বিধিভুক্ত নিয়ম আছে সেটা যাহাতে পালিত হয় সেদিকে দৃষ্টি রাখা; ৪র্থ নং হচ্ছে, ভাগচাষীরা যাহাতে রসিদ পায় তার ব্যবস্থা করা। আজকে আমরা দেখতে পাই যে ভাগচাষ কেউ কোন জায়গায় function করে না। চূড়ান্তভাবে তারা তাদের কর্তব্য neglect করে। কোন চাষী যদি ভাগচাষ বোর্ডে যায় তাদের বলা হয় মিটমাট করে নাও, এভাবে তাদের discourage করা হয়। এই মন্ত্রিসভা যদি প্রকৃতই ভাগচাষীদের উন্নতি হোক এই চান তাহলে আমি যে কয়টা বিষয়ের প্রতি ওঁদের দৃষ্টি আকর্ষণ করলাম সেগুলি যাতে যথোপযুক্তভাবে পালিত হয় তার প্রতি সর্বাগ্রে নজর দিতে হবে। আরেকটা কথা বলব, এইভাবে picemeal legislation করে ভাগচাষীদের কোন সমস্যাই সমাধান করতে পারা যাবে না। আমার বক্তব্য হচ্ছে, ১৯৫৬ সালে যে ভাগচাষ বিল এসেছে, আর তার পরে যে বর্গাদার আইন এসেছে তার মধ্যে মোট ৮০টি ধারা আছে। এই

[2-50—3-00 p. m.]

৮০ ধারার মধ্যে আপনি গ্রামে প্রত্যক্ষভাবে যখন যাবেন তখন দেখবেন গ্রামের যে সামাজিক অবস্থা তার সংগে কায়েমী স্বার্থের যোগ, তার সংগে প্রশাসনিক দপ্তরের যে যোগ, তার সংগে পুলিশের যে সংযোগ সবগুলি মিলে আপনাকে ভালমন্দ কাজ করতে দেবে না এইটাই আমাদের প্র্যাকটিক্যাল অভিজ্ঞতা। কাজেই আমার বক্তব্য হচ্ছে শ্যামাদাসবাবু ভাল লোক, দেশ তাঁর কাছে অনেক আশা করে, তিনি হয়ত ভালভাবে আইন বিষয়ে বোঝেন এবং ভালভাবে কাজ করার চেষ্টা করেন, আমাদের বিশ্বাস তিনি অনেক সময় অ্যাসেম্বলীতে যে কথা বলেন তার যুক্তি এবং মতলব সম্পর্কে আমরা কোন রকম সন্দেহ পোষণ করি না কিন্তু কথা হচ্ছে ভাল কথার আড়ালে আপনার হাতে তামাক খেয়ে চলে যাচ্ছে। শ্যামাদাসবাবু, ভূমি রাজস্ব দপ্তর থেকে প্রজ্ঞাপনপত্র প্রচার করলেন বর্গাদারদের অবহিত করবার জন্য, লাভ হল কি, না বর্গাদাররা অবহিত হওয়া সত্ত্বেও জোতদারদের সংগঠন এত জোরদার যে তারা সেই সংগঠনের বলে পুলিশের সহযোগিতায় ১৪৪ ধারা জারী করে এক তরফা ধান কাটলো এবং পুলিশ বর্গাদারদের সাহায্য না করে জোতদারদেরই সাহায্য করলো। এইসব কথা আমরা বিরোধীপক্ষ থেকে বার বার এস, ডি, ও'র কাছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে, সুপারিন্টেণ্ডেন্ট অব পুলিশের কাছে বলেছি, শ্যাম দাসবাবুর দপ্তরে এইসব চিঠি লেখা হয়েছে, এইসব চিঠি যদি তিনি দেখেন তাহলেই তিনি বুঝতে পারবেন যে কারা এর দ্বারা সমাজে উপকৃত হচ্ছে, এই বিল নীতিগতভাবে সমর্থন করছি। আমরা জানি এটা কার্যকরী হলে বর্গাদারদের স্বার্থ রক্ষিত হবে। কিন্তু এখানে শুধু বলছেন যে কোর্টে কেস ফাইল করলে তাদের ফাইল হয়ে যাবে, এই রকম একটা কগনিজেবেল সেকসন রেখেছেন। কিন্তু ভাগচাষীদের হাতে এমন পয়সা নেই যে আগে নিজে কোর্টে গিয়ে কেস করবে। তাই কেসের যাবতীয় খরচের দায়িত্ব যদি সরকার বহন করেন তাহলে বর্গাদারদের কিছুটা উপকার হবে।

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মিঃ স্পীকার, স্যার, ভূমি সংস্কার আইনের উপর মাননীয় রাজস্বমন্ত্রী যে সংশোধনী এনেছেন সেটা নীতিগতভাবে আমি সমর্থন করি এবং এর উদ্দেশ্য নিশ্চয়ই মহৎ সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু অ্যামেণ্ডমেন্টটা এত দেরীতে এসেছে যে বাংলা দেশের ভাগচাষীরা এতে কতটুকু উপকৃত হবে সে সম্পর্কে আমার সন্দেহ আছে। আজকে এই যে সংযোজনটা এরমধ্যে এনেছেন আমরা বহুবার বিধানসভায় এই দাবী করেছি যে আইনের মধ্যে এই রকম একটা ধারা সন্নিবেশিত করা

হোক। কিন্তু এত দেরীতে এই ধারাটা সংযোজনের কাজে আত্মনিয়োগ করেছেন, যে সময়ের মধ্যে বাংলা দেশের বহু ভাগচাষী উচ্ছেদ হয়ে গেছে। উদাহরণস্বরূপ বলা যায়, ধরুন একটা টায়ফায়েড রোগী যখন পুরা বিকারের রূপ নিচ্ছে তখন ডাক্তার তাকে নির্দেশ দিচ্ছেন যে এই সময়ে তাকে অ্যান্টি বায়োটীক শক্তিশালী ওষুধ দিতে হবে তখন শ্যামাদাসবাবু কিছু করলেন না, যখন রোগী মরছে তার প্যালপিটিসান আরম্ভ হয়ে গেছে যখন ডাক্তার বলছে যে তাকে এই সময়ে কোরামিন দিতে হবে তখন শ্যামাদাসবাবু বললেন যে অ্যান্টিবায়োটিক ওষুধ দেব, তারপর রোগী যখন মারা গেল তখন শ্যামাদাসবাবু তাকে কোরামিন ইনজেকসান দিলেন। এখানে অবস্থা ঠিক তেমনি দাঁড়িয়েছে। ভূমিসংস্কার সম্পর্কে বার বার এইভাবে বিল না নিয়ে এসে দীর্ঘ সময়ে হোক আর এক দুই মাসে হোক বাংলা দেশের কংগ্রেসপক্ষ এবং বিরোধীপক্ষের সদস্য দের যাঁদের ভূমি সংস্কার সম্পর্কে অভিজ্ঞতা আছে তাঁদের নিয়ে এবং ভূমি সংস্কারের বিভিন্ন সমস্যা সমাধানের দিকে যাঁদের অভিজ্ঞতা আছে তাঁদের নিয়ে আলোচনার পর যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনতেন তাহলে ভাল কাজ করতেন। কিন্তু তা না করে এইভাবে হচপচ করে একটা বিল আনলেন, ফলে ফল ভাল হচ্ছে না। বাংলা দেশের ভূমিব্যবস্থার আমূল পরিবর্তন আপনাদের অপদার্থ কৃষিনীতির জন্য তাড়াতাড়ি আসছে না। এই কৃষিব্যবস্থা যাতে একটা অস্থায়ী ব্যবস্থায় পরিণত না হয়, কৃষিনীতি যাতে ভেংগে না পড়ে, বাংলা দেশের গরীব চাষী এবং জোতদারদের মধ্যে যাতে সংঘর্ষ না বাঁধে তার জন্য একটা সুষ্ঠু কৃষিনীতি গঠন করবার জন্য অবিলম্বে একটা কমপ্রিহেনসিভ বিল আনুন। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিধেয়কটি এনেছেন সেটা আমি সমর্থন করছি, কিন্তু এটা যদি ২/৩ বছর আগে আনতেন তাহলে এত বেশী উচ্ছেদ হত না। কিন্তু একটা জিনিস আপনার দৃষ্টি এড়িয়ে গেছে কিনা আমি জানি না সেটা হচ্ছে ভাগচাষ কোর্ট সম্পর্কে। আপনারা ভাগচাষ কোর্টে যে ভাগচাষ অফিসার নিয়োগ করেছেন সেই ভাগচাষ অফিসার হচ্ছে জে. এল. আর. ও.। তাঁকে সারা সপ্তাহে অনেক কাজ করতে হয়, সপ্তাহে একটা দিন তিনি বিচার করেন, ফলে ভাগচাষ কোর্টে এক একটা কেস নিষ্পত্তি হতে ৬/৮ মাস লেগে যায়। আমরা বার বার আপনার কাছে দাবি জানিয়েছি যে ভাগচাষ কোর্ট একটা ভিন্ন কোর্ট করুন, রেভিনিউ অফিসার পর্যায়ের একজন অফিসার সেখানে নিযুক্ত করুন, তাঁর জন্য কোন কাজ থাকবে না, তিনি অন্যান্য কোর্টের মত ভাগচাষ কোর্টে বসবেন, এটা করলে বিচার তাড়াতাড়ি নিষ্পত্তি হতে পারে বিশেষ করে আপনারা যে সুবিচার করতে চাইছেন সেই সুবিচার হবে এবং বিরোধ নিষ্পত্তি তাড়াতাড়ি হবে। তাই আজকে আমি দুটো অনুরোধ আপনার কাছে করছি, একটা হচ্ছে সমস্ত পর্যায়ে ভূমিসংস্কার সম্পর্কে যারা অভিজ্ঞ তাঁদের নিয়ে আলোচনা করে একটা কমপ্রিহেনসিভ বিল আনার ব্যবস্থা করুন এবং সেটা যতদিন না করতে পারছেন ততদিন তাড়াতাড়ি একটা অ্যামেণ্ডমেন্ট নিয়ে এসে ভাগচাষ কোর্টটা একটা ভিন্ন কোর্ট হিসাবে ফাংকসান করবার ব্যবস্থা করুন এবং একজন রেভিনিউ অফিসারকে সেই ভাগচাষ কোর্টে নিযুক্ত করে তাড়াতাড়ি বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা করুন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion theron by the 31st January, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৫ সালে একবার এই ভূমি সংস্কার বিল এসেছিল, তাতে আমরা কিছু সময় নিয়েছিলাম, সেই সময় আমরা দাবি করেছিলাম যে একটা কমপ্রিহেনসিভ বিল আনা হোক, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সেই রকম ধরণের বিল আনবেন। তারপর দেখেছি ইট, টাইল সম্বন্ধে কয়েকদিন আগে একটা বিল পাশ করেছিলেন, আবার আমাদের সামনে ঐ ধরণের একটা বিল নিয়ে এসেছেন, তার সংগে সংগে ভাগচাষ ইত্যাদি ব্যাপারে একটা বিল নিয়ে এসেছেন। আমরা ভূমি সংস্কার সম্পর্কে বার বার সরকারের দৃষ্টি আকর্ষণ

করেছি, ভূমি সংস্কারের মূল উদ্দেশ্য ছিল প্রকৃত চাষীর হাতে জমি দেওয়া এবং বাংলা দেশের খাদ্য উৎপাদন বাড়ান। আমি মনে করি যদি প্রকৃত চাষীর হাতে জমি দেওয়া যায় তাহলে খাদ্য উৎপাদন বাড়বে এবং সংগে সংগে বাংলা দেশের যে কৃষি অর্থনীতি সেটা শক্তিশালী হবে। ১৯৫৩ সালে যখন জমিদারী দখল আইন পাশ হয় তখন ডাঃ রায় ঠিক এই কথাই আমাদের সামনে রেখেছিলেন এবং তখন তিনি বলেছিলেন যে বাংলা দেশে বৈপ্লবিক পরিবর্তন আসবে। অবশ্য ১০ বছর পরে কি বৈপ্লবিক পরিবর্তন এসেছে সেটা মন্ত্রিমহাশয় নিজে এবং দেশের লোক তা বুঝতে পারছে। আজ পর্যন্ত যে সব বে আইনী জমি আছে সেগুলিকে তাঁরা উদ্ধার করে প্রকৃত চাষীর হাতে দিতে পারলেন না অথচ ভূমি সংস্কার করে কি বৈপ্লবিক পরিবর্তন এনেছেন আমি বুঝতে পারছি না। ওঁরা বারবার বিপ্লবের কথা বলেন, জমি দেবার ব্যাপারে বিপ্লব, খাদ্যের ব্যাপারে বিপ্লব, জমি দখলের ব্যাপারে বিপ্লব কিন্তু আসল বিপ্লব বাংলা দেশে আসছে না সেটা আমরা বেশ বুঝতে পারছি। আমরা করাচী কংগ্রেসের কথা ছেড়ে দিলাম, প্ল্যানিং কমিশনের কথা ছেড়ে দিলাম, অথবা সংবিধান যে কথা বলে গিয়েছে যে চাষার হাতে জমি দাও সেটাও বাদ দিলাম কিন্তু মায়াপুরে যে বিপ্লব আনলেন যে প্রকৃত চাষার হাতে জমি দেবেন বলে, কংগ্রেসদল সেখানে চাষীর হাতে জমি দেবার যে প্রস্তাব গ্রহণ করেছিলেন, কিন্তু কয়েকদিন আগে অতুল্যবাবু একটা বিবৃতি দিয়ে বললেন যে জমির মালিকরা ধানের মূল্য এক পয়সাও পাবে না, অন্তঃ মুখ্যমন্ত্রী একটা কথা বলেছিলেন যে জমির মালিকরা তাদের ধানের মূল্য মণ প্রতি ৪ টাকা থেকে ৬ টাকা পাবে, তাঁরা এটা স্বীকার করেন কি না জানি না অন্ততঃ কাগজে একথা বেরিয়েছিল, তিনি বলেছিলেন যে ৪ টাকা থেকে ৬ টাকা দাম পাবে, কিন্তু অতুল্যবাবু বলছেন যে এক পয়সাও পাবে না। অর্থাৎ যে জমি দখল করে, জমির মালিক তার কোন মূল্য নেই এই কথা তিনি বলতে চান। খুব ভাল কথা। মুখ্যমন্ত্রী যে স্ট্যাটিসটিক্স এখানে রেখেছেন সেই স্ট্যাটিসটিক্স দিয়েই আমি তাঁর সামনে একটি বক্তব্য রাখতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে বলেছিলেন ৫ একর থেকে ২৫ একর পর্যন্ত যারা জমির মালিক তাদের সংখ্যা হচ্ছে ৪॥ লক্ষ পরিবার, আর তার নীচে শূন্য থেকে ৫ একর পর্যন্ত যারা জমির মালিক তাদের সংখ্যা হচ্ছে ৩১ লক্ষ পরিবার। অর্থাৎ বাংলা দেশে চাষীর সংখ্যা ৩৫ লক্ষ পরিবার তারমধ্যে ৪॥ লক্ষ মাত্র ৫ থেকে ২৫ একর পর্যন্ত জমির মালিক।

[3-00—3-10 p.m.]

এবং তাঁর স্ট্যাটিসটিক্স নিয়ে বলছি তিনি বলছেন ৩২ লক্ষ একর জমি ভাগচাষ হয়, কিন্তু এই ৩২ লক্ষ একর জমিতে যে ভাগচাষ হয় ভাগচাষীদের প্রকৃত অবস্থা কি, তারা বলছেন যে জবরদস্তি করে কেউ জমি থেকে ভাগচাষীকে উচ্ছেদ করতে পারবেন না। কিন্তু যতক্ষণ ঐ ভূমি সংস্কার আইনের যে ১৭ ধারা আছে তাতে এমন সমস্ত ব্যবস্থা আছে যে জোরজার করার দরকার হবে না। সেখানে যদি ঠিকভাবে জমি চাষ না করতে পারে হারাহারিভাবে ফসল ফলাতে না পারে তাহলে কোন গ্রাউণ্ডের অভাব হবে না—কোন কারণ দেখাবার প্রয়োজন হবে না কোন জোর জবরদস্তির দরকার হবে না। এইভাবে জমি থেকে উচ্ছেদ হয়ে যাবে না। তারপরে যে কাণ্ড করেছেন ইতিমধ্যে যে মালিকরা জমির মূল্য পাবে না। আমি বলছি যে রেকর্ড করা ছাড়াও আরও বহু ভাগচাষী আছে যারা আপোষে ভাগে করেন—তার সংখ্যা বড় কম নয়। আপনারা যে সংবাদপত্রে স্টেটমেন্ট দিচ্ছেন, মুখ্যমন্ত্রী বলেছিলেন যারা ভাগচাষীর দ্বারা জমি চাষ করে তাদের মালিককে চার টাকা থেকে ছয় টাকা ধানের মণ দেওয়া হবে। অতুল্যবাবু বলছেন কোন পয়সা তারা পাবেন না। তার ফলে হচ্ছে রেকর্ড করা ভাগচাষীর উচ্ছেদ হবার ব্যবস্থা রয়েছে। আপোষে যারা চাষ করেন ভাগচাষ করেন সেখানে জমির মালিক পাবেন ৪ থেকে ৬ টাকা আর ভাগচাষী পাবেন ১৪ থেকে ১৫ টাকা নয়—এই জন্য আসচে বছর তারা ভাগে জমি চাষ করবার চেষ্টা করবেন না। অসুবিধা কিছু নেই—কারণ রায়তের এখনও পর্যন্ত যে সংজ্ঞা রয়েছে তা তারা পরিবর্তন করেন নি। রায়তের সংজ্ঞায় রয়েছে যে একজন লোক সে নিজে হাতে জমি চাষ করতে পারে অথবা তার আত্মীয়ের দ্বারা বা ভাগচাষীর দ্বারা বা মজুরের দ্বারা চাষ করতে

পারে। যতক্ষণ পর্যন্ত এই সংজ্ঞা আছে ততক্ষণ পর্যন্ত মালিকের কোন অসুবিধা নেই—তারা নিজের হাতে জমি চাষ করতে পারে বা মজুরের দ্বারা চাষ করাবে। কাজেই যারা আগে থেকে ভাগচাষ করছেন তারা উচ্ছেদ হয়ে যাবে। আমি জানি যে এটা একটা ধাপ্পা। আপনারা তা পারবেন না—আপনারা একদিকে ভাগচাষীদের হাতে রাখছেন আর একদিকে মালিকদের হাতে রাখছেন—আমি বলবো যে এই ধাপ্পা বেশী দিন চলে না যতদিন পর্যন্ত আপনারা ভাগচাষীদের প্রকৃত জমির মালিক না করতে পারছেন ততক্ষণ পারবেন না। আপনাদের হাতে ভেস্টেড ল্যাণ্ড যতটুকু এসেছে আজ ১০ বছরের মধ্যে আপনারা তা বিতরণ করতে পারলেন না। আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যারা ভূমিহীন চাষী অথবা দু একরের কম জমির মালিক তাদের দেবেন। কিন্তু তাও দিতে পারেন নি। কাজেই আমরা দেখছি যে ভাগচাষীদের সম্বন্ধে আপনারা কোন ব্যবস্থা আজ পর্যন্ত করতে পারলেন না। অতএব এই বিলের দ্বারা খুব বেশী কিছু হবে না। কারণ এর দ্বারা ভাগচাষীরা উচ্ছেদ হবে। দ্বিতীয় কথা হচ্ছে আপনারা এই বিলের মধ্যে অন্য জমি থেকে বালি সরাবেন—১৯৬৫ সালে বিল পাশ করেছেন। তাহলে বোঝা যাচ্ছে যখন আপনারা বিল আনেন তখন আপনাদের কোন দূরদৃষ্টি থাকে না। যখন যা খুশী সেইভাবে বিল নিয়ে আসেন আবার তিনদিন পরে আর একটা বিল আনেন সেই জন্য বলছি—একটু চিন্তা করে ভাল বিল আনুন। কারণ এর দ্বারা হচ্ছে কি জমি থেকে বালি সরাতে গেলে আপনাদের অনুমতি নিতে হবে আপনাদের ঘুষ দিতে হবে এইভাবে নানাভাবে হয়রানি হতে হবে। আপনারা বলছেন প্রেসক্রাইবড অথরিটি—সেখানে বি, ডি, ও-র কাছে যাবে না কোথায় যাবে। সেইজন্য আমি বলছি যে বাংলা দেশে সত্যিকারের চাষীদের উপকারের জন্য একটা কমপ্রিহেন্সিভ বিল আনুন যাতে বাংলা দেশের এই খাদ্যসমস্যা দেখা দিয়েছে তার সমাধান হয় যাতে প্রকৃত চাষীর হাতে জমি যায় এই লক্ষ্যকে হাতে রেখে অবিলম্বে একটা বিল আনবেন এটাই আপনার কাছে বলছি।

Shri Anadi Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

স্যার, আমার পূর্বে এ সম্পর্কে যাঁরা বলেছেন তাঁদের সংগে আমি একমত যে এই অ্যামেণ্ডমেন্টটা একটা ধাপ্পা ছাড়া আর কিছুই নয়, সেখানে সাজা দেবার ব্যবস্থা করা হয়েছে এই পর্যন্ত। কিন্তু কোর্টে গিয়ে প্রমাণ করা যে সত্যিই সে ভাগচাষী কিনা এটা প্রথম কথা। এটা প্রমাণ করবার বেলায় গিয়ে দেখা যাবে যে সেটা প্রমাণ হোল না। কাজেই এ আইন আরও যদি কঠোর করা হোত তাহলেও এরদ্বারা বিশেষ কাজ হোত না, তবে সাজা দেবার ব্যবস্থা আছে যারা উচ্ছেদ করবে বর্গাদারকে তাদের। সুতরাং এটা সমর্থনযোগ্য, সেদিক থেকে এটা সমর্থন করছি। একটা কমপ্রিহেন্সিভ ল্যাণ্ড রিফর্মস বিল আনার কথা ছিল, আনা হচ্ছে না, তার কারণ আমরা বুঝতে পারি যে আপনাদের মনের মধ্যে একটা নূতন জিনিস, নূতন চিন্তা দেখা দিয়েছে যে চাষীকে জমি দাও। এক বিঘা জমির চাষী সেও চাষী, দু বিঘা জমির চাষী সেও চাষী ৫-১০-১৫ বিঘা জমির চাষী সেও চাষী—এদের সকলের হাতে যদি জমি রাখা যায় তাহলে আপনাদের এই গরীব চাষীদের সার দিতে হবে, লাঙ্গলের খরচ দিতে হবে—লোন দিতে হেবে—এইসব নানারকম ঝঞ্ঝাটের মধ্যে আপনারা পড়েন। তখন একটা নূতন চিন্তা দেখা দিচ্ছে আপনাদের মধ্যে যতদূর আমরা বুঝতে পারি যে এই ছোট চাষীগুলির হাত থেকে জমি কেড়ে নাও, নিয়ে এমন লোকের হাতে দাও যাদের আর সরকার থেকে সার দিতে হবে না—লাঙ্গলের খরচ দিতে হবে না—বীজের খরচ দিতে হবে না—তারা নিজের নিজের খরচে জমিতে উপযুক্ত চাষ করতে পারবে—এই হচ্ছে ইকনমিক হোল্ডিং—যা প্রফুল্লবাবু বলেছিলেন। এটাকে যদি ব্যাখ্যা করা যায় তাহলে এই দাঁড়ায় যে কিছুটা জমি হলেই ইকনমিক হোল্ডিং হবে—সেটা অবশ্য আপনারা বলেন নি—কিন্তু না বললেও এটা ঠিক যে বেশ কিছুটা জমি আন্দাজমত ২০/৩০ বিঘার কম হলে ইকনমিক হোল্ডিং হয় না। আর ১৫ বিঘার বেশী জমি আছে এমনতর চাষী পরিবারের সংখ্যা মাত্র সাড়ে চার লক্ষ যা আমাদের

মুখ্যমন্ত্রী বলেছেন। আর বাকী ৩১ লক্ষ রইলো যাদের ১৫ বিঘারও কম। সুতরাং যদি এই চাষীগুলিকে ইকনমিক হোল্ডিং দিতে হয় তাহলে তাদের কাছ থেকে জমি কেড়ে নিতে হয়—কেড়ে নিয়ে এক এক জনকে বেশী করে জমি দিতে হয়। ইকনমিক হোল্ডিংয়ের এই মানে দাঁড়ায় এবং এইরকম উদ্দেশ্য যে ধীরে ধীরে আপনাদের মনে গজাবে এবং এখন গজাচ্ছে এটা বুঝতে পারি এবং সেইজন্য ল্যাণ্ড রিফর্মস আইনের মধ্যে এতো গলদ রাখা হয়েছে। বর্গাদারদের রায়তীর স্বত্ব দেওয়া দরকার—একথাটা অনেকবার নানাভাবে বিধানসভায় উঠেছে, অন্যান্য জায়গায়ও নানাভাবে দাবী উঠেছে—কিন্তু এগুলি না করে বর্গাদাররা থাকুক তাদের রায়তী স্বত্ব দেবার দরকার নেই, বর্গাদারকে যেন উচ্ছেদ করতে না পারে এবং উচ্ছেদ করতে যাতে না পারে তারজন্য কঠোর শাস্তি এবং সেই কঠোর শাস্তি দেবার বেলায় দেখা গেল যে প্রমাণ করবার কোন রাস্তা বর্গাদারের নেই। আজকে দরকার ছিল এই জমি যাদের তারা যাতে নিজের খামারে ধান তুলতে পারে অন্ততঃ কিছু না করেন এটা অন্তত যদি হোত যদি এমনতর করতেন যে মামলার খরচগুলি গভর্নমেণ্ট থেকে দেবে এই যদি করতেন এবং বিচারের জন্য জনসাধারণ থেকে ভাইভোরসড হয়ে কোর্টে এসে মামলা না করে ওখানে গ্রামাতে পিপলস কোর্টে বসে যে কে কে সত্যই বর্গাদার ছিল কি না ছিল সে বিষয়ে ব্যবস্থা করতে পারতেন তাহলে এই আইনটার কিছু মানে হোত—তা নাহলে এ আইনের কোন মানে হয় না। যেখানে আমাদের বোর্ডের কাছে গেলে পর তারা দরখাস্ত নেয় না, যেখানে জোতদারদের সংগে পুলিশের যোগসাজস নানাভাবে থাকে এবং অন্যান্য প্রতিক্রিয়াশীলের সংগে নানাভাবে থাকে, প্রশাসনিক ব্যবস্থায় থাকে সেখানে আইন করে কি হবে? কাজেই আমি

[3-10—3-20 p. m.]

মনে করি এই আইন বদলে সত্যকারের কৃষির উন্নতি হতে পারে এমনতরভাবে যাতে নূতন একটা কমপ্রিহেনসিভ বিল রচনা করা যায় সেরূপভাবে নিশ্চয়ই মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন এই অনুরোধ করে আমি শেষ করছি।

Shri Sailendra Nath Adhikari : আমি একটা Point of Order এ বলছি যখন মাননীয় সদস্যগণ একটা গুরুত্বপূর্ণ বিলের উপর বলছেন তখন মাননীয় মন্ত্রিমহাশয় স্বকর্ণে শুনছেন বলে মনে হয় না, ইন্দিরা গান্ধী না হয় জিতলেন তা বলে কি তিনি আমাদের কথা শুনবেন না।

Shri Shyamadas Bhattacharyya : আপনাদের সমস্ত কথাই শুনছি।

Shri Panchu Gopal Bhaduri : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে নূতন বিধায়ক এনেছেন এতে তার সদিচ্ছা সম্পর্কে আমার কোন সন্দেহ নেই। কিন্তু যেহেতু আপনি জানেন to part to hell even with good intension তাই সদিচ্ছা নিয়াও নরকে যাওয়া যায় এবং তাই কৃষকদের ও ভাগচাষীদের ভাল করা মুস্কিল, সেজন্য আমি বলবো অতীত ইতিহাস আপনি অনুগ্রহ করে স্মরণ করুন, অতীত ইতিহাসে যেখানে মধ্যস্বত্ব বিলোপের পর সিলিং করে তাঁরা ভূমিসংস্কারের যা কিছু বিধি সারা ভারতবর্ষে হয়েছে ১৯৫৬ সাল পর্যন্ত তারপর সমস্ত ভারতবর্ষের তথ্য পরীক্ষা করে বিখ্যাত অর্থনীতিবিদ প্রফেসার দাঁতওয়ালা বলেছেন গত কয়েক বৎসরে যত চাষী উচ্ছেদ হয়েছে গত ১০০ বৎসরে ব্রিটিশ ইতিহাসে সমগ্রভাবে তত কৃষকের উচ্ছেদ নেই। কাজেই অত্যন্ত সদিচ্ছা প্রনোদিত, অত্যন্ত বিপ্লব বলে আখ্যাত যেসব বিধানগুলি এসেছে তাতে কৃষকদের সর্বনাশই হয়েছে। সম্প্রতি এই সভার বাইরের এক জন ভদ্রলোক শ্রীঅতুল্য ঘোষ তিনি জোতদার এবং ভাগচাষী সম্পর্কে বাইরে যে সমস্ত উক্তি করেছিলেন তা অত্যন্ত সতেজ এবং বলিষ্ঠ উক্তি। জোতদারকে বাতিল করে দিয়ে ভাগচাষীকে জমির অধিকারী করতে হবে, তার ফলে মন্ত্রিমহাশয়, এ বিল দিয়ে যে বিধায়ক দিচ্ছেন তাতে

সেখানে তিনি বলেছেন বলপূর্বক উচ্ছেদ সাজা দেওয়া হবে, কিন্তু ছল পূর্বক করলে কি হবে? বল না করে ছলের কোন বিকাশ না করে এবং যে উচ্ছেদ হল নালিশ না করে তাহলে নালিশ যে করে তার কোন ব্যবস্থা করেননি, তিনি যে জিনিসটা বলে গেছেন গ্রামের set up সেটা তিনি একেবারে ভুলে গেছেন। গ্রামের যে সামাজিক পটভূমি তাতে শতকরা ১০ জন লোক বড় বড় জোতের মালিক।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir, we are short of quorum in the House.

(The quoram bell was rung at this stage)

Shri Panchu Gopal Bhaduri : মিঃ স্পীকার, স্যার, আমি একটা অপ্রাসঙ্গিক কথা বলবো আজকে কংগ্রেস দলের প্রধানমন্ত্রীর নমিনেসান হয়েছে তার জন্য মেম্বাররা উল্লাস করছেন তাতে আপত্তি নেই এবং যদিও আমার বক্তিতার মাঝখানে ছেদ পড়লো তাতেও আপত্তি নেই। আমি যে কথা বলতে চাই শ্যামাদাসবাবুর গ্রামের যে বাস্তব চিত্র সে চিত্র তাঁর চোখের সামনে নেই। সে চিত্র হচ্ছে গ্রামের যারা শতকরা ৫ জন লোক যারা বড় বড় জোতের মালিক তাঁররাই হচ্ছেন আবার গ্রামের কর্তাদার। সরকার থেকে Cooperative মারফৎ কিম্বা অন্যভাবে মাত্র ১০ ভাগ ধান দেওয়া হয় এবং বড় চাষীদের ক্রেডিট ৫০ ভাগ দিয়েথাকেন এবং গ্রামের ভাগচাষী তাদের হাত পা এই সমস্ত বৃহৎ চাষীদের কাছে বাঁধা, কাজেই তিনি আইনটা যদি সম্পূর্ণ ভাবে না করেন তাহলে Court এর প্রোটেকসান কিছুই পায়না যদি তিনি আইনের ভিতরে ভাগচাষীকে অধিকার দেন যে সে খামারে ধান তুলতে পারবে কিম্বা তার চেয়ে বেশী জোতদার যে রায়তি জমির মালিক আজও হতে পারে সে রায়তি defenition বদলে সাক্ষাৎ কৃষক রায়ত বলে define না করেন তাহলে সাক্ষাৎ কৃষক হিসাবে ভাগচাষীর যে অধিকার তা কোনদিন সে ভোগ করতে পারবেন না একদিকে ক্রেডিটের জন্য বৃহৎ চাষীর কাছে যেতে হবে তেমনি অন্য দিকে সামাজিক রাজনৈতিক সমস্ত কাজেই তার বাধা। গত ২ মাস আগে অতুল্যবাবুর বক্তিতার পর আমি জানি আমাদের হুগলী জেলায় জঙ্গীপাড়া আরামবাগ থানার ভাগচাষীকে দিয়ে নাদাবী লেখান হয়েছে ভাগচাষী জমিদারকে লিখে দিয়েছে যে আমরা ক্ষেতমজুর আমরা ভাগচাষী নই। এর থেকে ভাগচাষীকে বাঁচার কোন অধিকার দিয়েছেন। এ অধিকার দেওয়া সম্বন্ধে আপনারা মায়াপুরে যে সিদ্ধান্ত নিয়েছিলেন তা থেকে দূরে সরে যাচ্ছেন সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলেছিলেন তাতে কোন কোন সদস্য আনন্দিত হয়েছিলেন মুখ্যমন্ত্রী শাক খাওয়া চাষীদের জমি অধিকার করা সম্বন্ধে বলেছিলেন, তিনি আর একটা কথা ভেবেছেন ইকনমিক হোলডিং এর কথা ইকনমিক হোলডিং যদি লাঙ্গলের ভিত্তিতে হয় তাহলে ১৫ বিঘা ইকনমিক হোলডিং হচ্ছে, আর যদি ট্রাকটারের ভিত্তিতে ইকনমিক হোলডিং হয় তাহলে ২০০ বিঘা জমি নিয়ে ইকনমিক হোলডিং হতে পারে। তাই আমাদের মুখ্যমন্ত্রী ইকনমিক হোলডিং এর কথা বলতে গিয়ে তিনি বড় জমিদারদের ধনী চাষী করবার কথা ভেবেছেন কিনা জানি না। আমি যে কথা বুঝি তাতে শাক খাওয়া কৃষককে রক্ষা করতে গেলে রায়তের সংজ্ঞা পরিবর্তন করতে হবে এবং তারজন্য একটা Amendment করতে হবে। এখন যে অধিকার ভাগচাষীকে দিয়েছেন সে অধিকার একটা Negative অধিকার তার সংগে একটা প্রজেটিভ সাইড যোগ করতে হবে। ভাগচাষী যে তার ফসল নিজের খামারে তুলতে পারবে এবং নিজের খামারে গিয়ে ভাগ হবে এরজন্য একটা ভাল কমপ্রেহেনসিভ লেজিসলেসান আনা দরকার, তাতে তাতে রায়তের ডেফিনেশান পরিবর্তন করতে হবে এবং অন্য Depertmentএর হলেও কৃষিঋণ সমস্ত ক্ষেত মজুরদের বাতিল করতে হবে এবং অন্য চাষীদের কৃষিঋণ substantially scale down করতে হবে। এবং অপর দিকে pasitive sideএ কৃষি ঋণের জন্য সরকার থেকে ব্যবস্থা করতে হবে। পজিটিভ সাইডেতে কৃষিঋণের জন্য সরকার থেকে

[3-20—4 p.m.]

ব্যবস্থা করতে হবে। তারপর ১৯৫৫ সালে ইমপেরিয়াল ব্যাঙ্ককে জাতীয় করণ করে ন্যাশনাল ব্যাঙ্ক নাম দেওয়া হয়, এবং এমন কথা হয়েছিল যে branchwise ট্রেড করে, তার মারফৎ কৃষককে ঋণ দেওয়া হবে। কিন্তু তার ঋণ দেওয়ার যে পদ্ধতি, তাতে কৃষকের ঋণের সুদ কম হয় না, শতকরা ১০ টাকা সুদ দিতে হয়, এবং ঋণও সে যা পায়,—তার ঋণ যা দরকার তার মাত্র শতকরা ১০ ভাগ ঋণ সে সরকার মারফৎ পাচ্ছে। কাজে কাজেই এই ঋণের পরিমাণ পর্যাপ্ত হওয়া দরকার। তা না করতে পারলে যারা ভাগচাষীকে তাদের অভাবের সময় ধান কর্জ দেয় বা টাকা ঋণ দেয়, তাদের যে সোসাল প্রভাব, সামাজিক প্রভাব, সেই সামাজিক প্রভাবের জন্যে, তাদের দিয়ে লিখিয়ে নেয় জোতদাররা—যে তোমরা লিখে দাও কবুলিয়াৎ, খামারী কবুলিয়াৎ। এ থেকে কৃষককে কি করে আপনারা বাঁচাবেন তা আমি বুঝতে পারছি না। সেই জন্যে আপনার সদিচ্ছার প্রতি আমার শ্রদ্ধা জ্ঞাপন করেও আমি বলছি যে আপনার এই সদিচ্ছা অত্যন্ত নিষ্ফল। কারণ এই সদিচ্ছাকে সত্য সত্য কার্য পরিণত করতে হলে ভাগচাষীকে এখনই তার খামারে ফসল তোলবার অধিকার দিতে হবে। পরবর্তীকালে যে কমপ্রিহেনসিভ আইন হবে, তাতে রায়তের যে সংজ্ঞা বা ডেফিনিসন, সেটা বদলাবার কথা বলেছেন, সেটা অনুগ্রহ করে করবেন। তার সঙ্গে কৃষিঋণ সম্পর্কে নিশ্চয়ই আপনাকে এই সিদ্ধান্ত নিতে হবে, যেমন সেই আপনাদের প্রথম যে কংগ্রেস থেকে অ্যাগ্রেরিয়ান রিফর্ম কমিটি হয়েছিল এবং কুমারাপ্পা সাহেব তার প্রেসিডেন্ট হিসাবে, সেটাকে পাইলট করেন, সেখানে ক্ষেতমজুর সম্পর্কে, তিনি সুপারিশ করেছিলেন সমস্ত ক্ষেতমজুরদের এই ধরনের কৃষিঋণ বাতিল করা হোক, এবং বাকী চাষীদের কৃষিঋণ held down করা হোক, এবং তার সঙ্গে সঙ্গে সরকার থেকে কৃষিঋণ দেওয়ার ব্যবস্থা করা হোক। সেটা যতক্ষণ পর্যন্ত না করতে পারছেন ততক্ষণ পর্যন্ত আপনার এই সদিচ্ছার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেও আপনাকে বলছি শ্যামাদাসবাবু, আপনি বিগত ১২ বৎসরের কংগ্রেস ইতিহাস থেকে শিখুন আপনি কংগ্রেসের ভিতরকার সেই সমস্ত অর্থনীতিবিদ অধ্যাপক দাঁতওয়ালা এবং তার সমীক্ষা থেকে শিখুন, এবং শিখে অন্ততঃ এই রকম শুধুমাত্র খুঁটিনাটি পুটকে পাটকা একটা জিনিস আনবেন না। কারণ সর্বনাশ যেটা ঘটে যাচ্ছে, সেটা অত্যন্ত সাংঘাতিক সর্বনাশ। সেইজন্য আমি আপনাকে আবার অনুরোধ করবো যে এ সম্পর্কে বিশেষভাবে চিন্তা করে, একটা positive wayতে এই আইনটি পরিবর্তন করার চেষ্টা করুন, এবং পরবর্তীকালে যে কমপ্রিহেনসিভ বিলটি আনবেন, সেটি যেন সামগ্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে রচিত করা হয় সেদিকে লক্ষ্য রাখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bijesh Sen : মিঃ স্পীকার, স্যার, আপনি এখন একটু রিসেস দিন, আমাদের প্রাইম মিনিস্টার, মহিলা প্রার্থি শ্রীমতী ইন্দিরা গান্ধী নির্বাচিত হয়ায় আমরা খুব উল্লাসিত।

(At this stage the House was adjourned for half an hour)

[After adjournment]

Dr. Golam Yazdani : I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th March, 1966.

মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে আমাদের সামনে এই যে সংশোধনী বিলটা আনা হয়েছে, সে সম্বন্ধে বলতে গিয়ে আমি এই কথা বলতে পারবো যে যখনই এই ধরণের সংশোধনী বিল আনা হয়েছে, তখনই আমরা এটা আশা করেছিলাম যে গভর্নমেন্টের কাছ থেকে অন্ততঃ এই Land Reforms Act-এ যে সমস্ত খুঁৎ আছে, সেই সমস্ত খুঁৎগুলি সংশোধনের চেষ্টা করা হবে।

এই সংশোধনী বিল বলতে এই কথা বুঝি যে Land Reforms সম্বন্ধে এত কথা বলা হয়েছে বিধানসভায় যে এরমধ্যে এত বেশী গলদ রয়েছে। জনসাধারণের স্বার্থের দিকে লক্ষ্য করা যায়, তাহলে দেখা যাবে যে তার অনেকগুলি ধারা এই Land Reforms Act-এর সংশোধিত হওয়া দরকার। আমরা দেখেছি ক্ষুদ্র দুটি Section এখানে সংশোধনী হিসেবে আনা হয়েছে। তার যৌক্তিকতা যে কতটুকু তা বিশ্লেষণ করলে বুঝতে পারবো। আমার মনে হচ্ছে এই সংশোধনী আনার কোন অর্থ হয় না। আমি বলতে চাই এই Land Reforms Act-এর যে সমস্ত জিনিসগুলি অত্যন্ত প্রয়োজন অর্থাৎ যে অসুবিধার মধ্যে আজকে সারা বাংলা দেশের চাষীরা পড়েছে এবং Land Reforms Act-এর যে সমস্ত দোষ সেই সমস্ত দোষের জন্য আজকে বাংলা দেশের চাষীরা যে ভাবে নিঃস্ব হয়ে যাচ্ছে, অন্ততঃ সেগুলি এই সংশোধনীতে আনা উচিত ছিল। আমি বিশেষ করে বলবো—Section 4(3), section 5, section 6 এই সমস্ত section-গুলোর সংশোধনী আনা উচিত ছিল।

তারপর জমির যে সিলিং করে দেওয়া হয়েছে ধানীজমি এক একটি পরিবারের agricultural land কতখানি থাকবে, কম থাকা উচিত কি বেশী থাকা উচিত এ সম্বন্ধে বহু তর্ক-বিতর্ক হয়ে গেছে। আমি আশা করেছিলাম এই সমস্ত জিনিসগুলি সরকার চিন্তা করেছেন। এই Land Reforms Act-এ per head সিলিং ২৫ বিঘা হবে, না, কোথায় কি হবে এগুলিও আলোচনা হয়ে গেছে। আমি একটা কথা মনে করিয়ে দিতে চাই—মালদহের ২৫ বিঘা জমি, আর বর্ধমানের ২৫ বিঘা জমির সমান হতে পারে না। এ ছাড়া আবার tea garden, mango garden, orchard হাট-বাজারও রাখতে পারবে। এই সমস্ত জিনিস বারে বারে গভর্নমেন্টের সামনে রাখা হয়েছে এবং বলা হয়েছে অন্ততঃ সারা বাংলা দেশের কথা চিন্তা করে, গরীব চাষীদের কথা চিন্তা করে আপনি একটা সমতা রক্ষা করে বিভিন্ন Zone ভাগ করে করে আপনি অন্ততঃ কত ধানীজমি রাখতে পারবেন তার কথা চিন্তা করুন, সেই কথা ঠিক করুন। কিন্তু সেদিকে সরকারের কোন লক্ষ্য নাই।

এই যে বে-নামী হস্তান্তর হয়ে গেল Land Reforms Act চালু হবার আগে, চালু হচ্ছে হচ্ছে করে গ্রামের লোকের যাদের বেশী বেশী জমি আছে, সেই জোতদাররা যে সেই জমি কিভাবে হস্তান্তর করেছিলেন, তার ইতিহাস, মাননীয় চেয়ারম্যান, আপনি নিশ্চয় জানেন। এবং

[4·00—4·10 p.m.]

আজ পর্যন্ত এই বে-নামী হস্তান্তরগুলি আপনারা উদ্ধার করার কোন ব্যবস্থা করলেন না। স্বভাবতঃই আমরা মনে করেছিলাম যে Land Reforms Act-এর যখনই একটা কোন সংশোধনী আসবে অন্ততঃ এই যে গুরুতর ত্রুটিবিচ্যুতি রয়েছে Land reforms Act-এর মধ্যে এর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষিত হবে। এবং mala fide transfer বে-নামী হস্তান্তর সম্বন্ধে আমরা বারে বারে বলেছি যে সরকারের যদি সত্যিকারের ইচ্ছা থাকে mala fide transfer এই সমস্ত আমরা ধরিয়ে দিতে পারি কিন্তু আপনারা, আপনারা তা করলেন না। ৫/৬ ইত্যাদি ধারাগুলি আপনারা সংশোধন করলেন না, সেজন্য আপনারা ধরতে পারছেন না। এবং আমরা মনে করি ধরবার আপনাদের ইচ্ছাও নাই। তারপর বর্গাদারদের সম্বন্ধে এখানে একটা সংশোধন আনছেন। আমি এখানে বলতে চাই মন্ত্রিমহাশয় সংশোধনী আনছেন ৪ নম্বর রুলে ১৯ নম্বর সেকশনে কিন্তু এটা বর্গাদারদের প্রতি সহানুভূতি দেখিয়ে এই সংশোধনী আনা হচ্ছে এটা আমি মনে করি না। কেন না যে ধরণের সংশোধনী আনা হয়েছে এইরকম ধরণের একটা ধারা রয়ে গেছে। আমি বলছি আপনাদের যে Land Reforms Act রয়েছে তাতে ১৯ নম্বরে যে ধারা 19(a) যেটা আছে সেখানে বলা আছে যে ওখানে ১৭ নম্বর, ১৮ নম্বর কিম্বা ১৯ নম্বর ধারা মতাবেক যদি যে কাজ না করে সেটা যদি লঙ্ঘন করে, তাহলে ঐ ৬ মাস জেল বা

৫০০ টাকা জরিমানা এটা আছে। ১৭ নম্বর ধারাতেই বলছে। তাহলে এখানে improvement টা কি হল। এখানে জরিমানা শুধু আপনি বেশী করলেন। আপনি কি মনে করেন ৫০০ টাকার বেশী জরিমানা হলেই সব বর্গাদার উচ্ছেদ বন্ধ হয়ে যাবে ? এটা আমি মনে করি না।

তারপর আর একটা সংশোধনী যেটা এনেছেন সেটা হল যে ইঁট তৈরী করা, টালি তৈরী করা ইত্যাদি। কৃষিজমি থেকে বালি তুলতে পারবে না। Statement of Objects and Reasons-এ আপনি বলে দিয়েছেন যে the practice of quarrying sand from agricultural lands has spread very widely in some areas of the State and this has adversely affecting agricultural production অর্থাৎ এটা agricultural production-কে affect করছে এটাই আপনাদের মনের মধ্যে খুব বেশী লেগেছে সেজন্য আপনারা এটাকে বন্ধ করতে চান। পরশু দিনই ১১ তারিখের যুগান্তরে একটা চিঠি বেরিয়েছে যে তাতে তারা অভিযোগ করছে ডায়মণ্ডহারবারের কতকগুলি লোক যে সেখানে ডায়মণ্ডহারবার রোডের ডোকাগ্রামের পূর্ব সীমান্তে সরকারের কি কাজ করবার জন্য প্রায় ১,৭০০ বিঘার বেশী agricultural land acquisition করে নিয়েছেন এবং যে কাজের জন্য নিয়েছিলেন তা প্রায় ১ বছরের উপরে কোন use করা হল না, পতিত পড়ে রয়েছে। অথচ সরকারের তরফ থেকে বলা হচ্ছে যে এতটুকু জমি তোমরা নষ্ট করবে না সেখানে শত শত বিঘা জমি আপনাদের অনাবাদী পড়ে রয়েছে। সুতরাং আপনারা এখানে যা বলছেন সে সব কথার কোন মূল্য নাই।

তারপর আমি বলতে চাই যে, আমরা পানাগড়ে জীপ selection করতে গিয়েছিলাম তখন দেখেছি যে শত শত একর মিলিটারী আওতায় পড়ে আছে। এটা আমাদের বাংলা দেশের মধ্যেই বলে বলছি। এগুলি আপনারা Central Govt.-এর সঙ্গে কোন ব্যবস্থা করে জমিগুলি আপনারা ব্যবহার করতে পারছেন না তা আমরা বুঝতে পারছি না। অথচ আপনারা বলেন যে আমাদের agricultural production কম হয়ে যাচ্ছে বলে বক্তৃতা দেন।

এরপর আমি যে amendment নিয়ে এসেছি তার কথা আমি পরে বলব। কিন্তু মূল বক্তব্যের মধ্যে আমি বলতে চাই যে আজকে ছোট ছোট amendment এখানে নিয়ে আসছেন কিন্তু যখনই Land Reforms Act-এর Amendment নিয়ে আসবেন তখনই আমরা আশা করব যে Land Reforms Act-এর মধ্যে যে সমস্ত খুঁত রয়েছে যার জন্য আমাদের agricultural production বাড়ছে না অন্তত: সেই সমস্ত খুঁতগুলিকে আপনি সংশোধন করবার জন্য একটা সংশোধনী বিল নিয়ে আসেন তাহলে আমরা নিশ্চয়ই welcome করব।

Shri Abhoy Pada Saha : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের সামনে ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী যে ভূমি সংস্কার আইনের সংশোধন এনেছেন সে সংশোধন অবশ্য খুব ছোট দুটো ব্যাপার কিন্তু খুবই গুরুত্বপূর্ণ সংশোধন এটা সন্দেহ নাই। প্রথমটা হচ্ছে কৃষির উপর যাতে কৃষিজমি নষ্ট না হয় সেই হিসাবে এই সংশোধনীটা নিয়ে আসা হয়েছে। এ সম্বন্ধে আমার বক্তব্য কিছু নেই। এটা ঠিকই যে যদি কৃষিজমি বিভিন্ন জমির মালিক অন্য স্বার্থে সে জমি কৃষির অযোগ্য করে তোলে তাহলে নিশ্চয়ই রোধ করতে হবে। এটা অবশ্য ভাল জিনিস। আরেকটা যে সংশোধনী নিয়ে এসেছে সেটাও অবশ্য ভাল যে বর্গাদারদের স্বার্থের সম্বন্ধে, তিনি বিল উত্থাপন করার সময় যে ব্যাখ্যা করলেন এটাতে বোঝা গেল যে তার যথেষ্ট দরদ আছে বর্গাদারদের উপর। বর্গাদাররা আমাদের দেশে সব থেকে নিঃপেষিত লোক। আমাদের ভূমি এবং ভূমিরাজস্বমন্ত্রী

[4-10—4-20 p. m.]

যে ব্যাখ্যা করলেন তাতে বোঝা গেল যে তাদের উপর তাঁর যথেষ্ট আন্তরিকতা এবং সহানুভূতি আছে। কিন্তু যে আইন করা হচ্ছে এবং আগেও যে ভূমি সংস্কার আইন করা হয়েছে সেটা তাদের স্বার্থে প্রযোজ্য হচ্ছে কি না সেটা দেখার কোন ব্যবস্থা নেই। আমি ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রীকে বলবো বর্গাদারদের ভাগ সম্বন্ধে সরকার থেকে যে বিধিব্যবস্থা করে দেওয়া হয়েছে সেই

বিধি ব্যবস্থা অনুযায়ী তারা ঠিক ভাগ পাচ্ছে কিনা এটা সরকারের দেখার কোন ব্যবস্থা নেই। ইদানীং সরকার থেকে প্রচারের ব্যবস্থা করা হয়েছে, তিনি বললেন যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হয়েছে, যে আইন পাশ হয়েছে সেই আইন অনুযায়ী বর্গাদারদের ভাগের ব্যাপারে সরকারী প্রচারের ব্যবস্থা হয়েছে এবং গ্রামসভার কাছে সেখানকার অধ্যক্ষদের মারফত প্রচার করার ব্যবস্থা করার কথাও তিনি বললেন। কিন্তু আমরা দেখছি যে গ্রামসভার অধ্যক্ষরা জোতদার যেখানে সেখানে প্রচার হয় না, যেখানে বর্গাদারদের প্রতিনিধি আছে সেখানে প্রচার হয়েছে। আমাদের দেশে স্তর হচ্ছে বিভিন্ন, যে সব স্বায়ত্বশাসন সংস্থা আছে সেই সংস্থার মধ্যে অধিকাংশ জোতদাররা দখল করে আছে, বর্গাদারদের প্রতিনিধি সেখানে খুব কম আছে। সেই হিসাবে যদি তিনি মনে করে থাকেন যে যন্ত্রের দ্বারা প্রচারের ব্যাপক ব্যবস্থা করা হয়েছে তাহলে সেটা ঠিক নয়। অনেক জায়গায় অপপ্রচার হয়েছে, বর্গাদারদের স্বার্থে আগে আমাদের দেশে যে আইন পাশ হয়েছে সেই আইন অনুযায়ী বর্গাদাররা তাদের স্বার্থ বুঝে পাচ্ছে না। অবশ্য তিনি আর একটা কড়া আইন করলেন যে যদি কোন জমির মালিক বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করে তাহলে তার জেল হবে, সাজা হবে। এট খুব ভাল কথা, কিন্তু আইন যদি শুধুমাত্র কাগজেপত্রে থাকে, আইন যদি ঠিক ঠিক প্রযোজ্য না হয়, যাদের জন্য আইন করা তারা যদি উপকার না পায় তাহলে আইন করে লাভ নেই। সেজন্য আমি ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে নিবেদন করবো যাদের জন্য তিনি সহানুভূতি দেখালেন সেই বর্গাদাররা আইন অনুযায়ী ঠিক ঠিক ভাগ পাচ্ছে কি না, আইনের সুযোগ পাচ্ছে কি না সেটা লক্ষ্য করা দরকার। কারণ তাদের শিক্ষাদীক্ষা নেই, তাদের সাহায্য করার মত সংগঠন খুব কম আছে, যদিও থাকে সেখানেও আবার দলাদলি, রাজনৈতিক নানা কারণ থাকে, ফলে তাদের জন্য কিছু করতে গেলে ফলটা হয় ঠিক উলটো। সেই হিসাবে নিরপেক্ষভাবে যাতে বর্গাদারদের স্বার্থ ঠিক থাকে, বর্গাদারদের জন্য যে আইন করা হচ্ছে সেই আইন অনুযায়ী যাতে তারা সুযোগ পায় সেদিকে সর্বাধিক লক্ষ্য রাখতে হবে।

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আকারে সংশোধনী বিল আনা হয়েছে তাতে আমরা আশা করেছিলাম যে তাঁরা আরো কিছু গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে সংশোধনী এনে ভূমি সংস্কারকে একটা ভাল রূপ দিতে পারবেন। এটা ঠিক যে বর্গাদার উচ্ছেদ রোধ করার জন্য আমরা বহুদিন থেকে চিৎকার করে আসছি, হাজার হাজার বর্গাদার উচ্ছেদ হয়ে গিয়েছে, সেজন্য বিলম্ব হলেও তিনি তাদের স্বার্থে এবারে যে ধারাটা এনেছেন সেটা তাদের কিছুটা রক্ষা কবচ হবে এ বিষয় আমি নিঃসন্দেহ। কিন্তু যথেষ্ট ক্ষতি ইতিমধ্যে হয়ে গিয়েছে। আমরা আশা করেছিলাম যে গুরুত্বপূর্ণ বিষয়টা আমরা বারবার তুলেছি সেটা হচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় ভাগচাষীদের প্রতি খুব দরদ দেখাচ্ছেন, কিন্তু যেটা নস্ত জমি, ভেষ্টেড জমি, অন্ততঃপক্ষে সেটা বর্গাদাররা চাষ করুক, কেন তাদের সেটাতে স্থায়ী স্বত্ব দিতে পারছেন না, কেন জমিদারী মনোভাব নিয়ে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে তাদের ১ বছর ধরে অস্থায়ী বন্দোবস্ত দিয়ে রেখেছেন, পার্মানেন্ট বন্দোবস্ত দিতে পারেন নি সেটাই আমি জানতে চাই। বর্গাদার, রেকর্ডেড বর্গাদার, আনরেকর্ডেড বর্গাদার যারা সত্যিকারের প্রমাণিত হয়েছে ভেষ্টেড সম্পত্তিতে তাদের অগ্রাধিকার থাকা উচিত এই রকম একটা অর্ডার দিয়েছেন বটে কিন্তু আজ পর্যন্ত স্থায়ী স্বত্ব দেবার বন্দোবস্ত করেন নি কেন? আমরা মনে করেছিলাম এটার একটা প্রভিশন তাঁরা নিশ্চয়ই আনবেন। দ্বিতীয় কথা হচ্ছে বেনাম সম্পর্কে আমার কয়েকজন বন্ধু বলেছেন, আমি উত্থাপন করছি এই জন্য যে আমাদের সেখানে বহু বেনাম হয়েছে। অনেক সময় তিনি এই কথা প্রকাশ করেছেন যে ধরে দেবার ব্যবস্থা করে দিন, এই উত্তরে আমরা সন্তুষ্ট নই। কেন না ১৯৫৩ সালে যখন এই আইন পাশ করা হয় তখন আমরা উল্লেখ করেছিলাম যে আনরেজিষ্টার্ড আমলনামা হচ্ছে, বেনামী সম্পত্তি করার জন্য

খিড়কির দরজা রেখে দেওয়া হয়েছে। সেই আন রেজিষ্টার্ড আমদ নামাকে রোধ করতে না পারলে আপনারা কিছুতেই বেনাম সম্পত্তি রক্ষা করতে পারবে না, বিশেষ করে ৫(ক) ধারাতে বেনামী সম্পত্তিগুলি বিচার করবার জন্য যে ব্যবস্থা করা হয়েছিল তাতেও অনেক টাকাকড়ি ঘুষ দিয়ে তারা রক্ষা পেয়ে গিয়েছে, বেনাম সম্পত্তি উদ্ধার হয়নি। বেনাম সম্পত্তি উদ্ধার করা সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কোন নজর নেই। এদিকে কথা দিয়েছিলেন যে জমিদারী উচ্ছেদের পরে তাদের ক্ষতিপূরণের টাকা দেবেন। আমরা সেই সময় তুলেছিলাম যে আপনারা কোথা থেকে টাকা দেবেন বলুন। তখন বলেছিলেন আমাদের বিধানবাবু যেখান থেকে হোক টাকা এনে সব দিয়ে দেবেন। আমরা এই কথা বলেছিলাম যে যদি টাকা দিতে না পারেন তাহলে জমির ধানটাকে ১০ বছরে উসুল করে দেওয়া হোক, তাহলে আমাদের গভর্নমেন্টকে টাকা দিতে হবে না, আপনা আপনি মাছের তেলে মাছ ভাজা হয়ে যাবে, আমাদের উপর দায়িত্ব আসবে না। জমিদারদের যেটা খাসজমি অর্থাৎ যেটা রায়তদের জমি তাকে ক্ষতিপূরণ দেবার প্রতিশ্রুতি দিয়েছেন, ১০ বছরে দেবেন বলেছেন। তাতে ১০০ কোটি টাকা হয়েছে, তার মধ্যে মাত্র ২০ কোটি টাকা দিয়েছেন, ১২ বছরে এই শোধ করতে পেরেছেন মাত্র। তাকে দিতে পারবেন কি পারবেন না তা বলতে পারছেন না, একটা সঠিক আইন আনতে পারছেন না, কোন কথা দিতে পারছেন না অথচ বলেছিলেন যে ১০ বছরের মধ্যে শোধ করে দেবো। আমরা তখন একটা বিকল্প প্রস্তাব রেখেছিলাম যেখানে যদি আপনি ১০ বছরের টাইম দেন তাহলে আমাদের সরকারের কোন দায়িত্ব আসবে না, সেটা ধানেই শোধ হয়ে যেতো এবং সরকার সেই জমিটা দখল করে নিতে পারতেন। কিন্তু আপনারা তা করেন নি, জমির ধান নিয়ে দু'পক্ষ ঝগড়াঝাটি করলো, ভাগচাষী করলো, জোতদার করলো, কিছু পুলিশে খেলো, কিছু ভাগচাষ বোর্ড খেলো, সেটা এটো লুটের সম্পত্তি হয়ে রইলো, তার কোন সঠিক রূপ দিতে পারলাম না। যখন ক্ষতিপূরনের টাকা আমরা দিতে পারছি না, টাকা দেবার সামর্থ আমাদের নেই তখন সেটা ধানে শোধ করে দেওয়া উচিত ছিল। এই প্রস্তাব আমরা সরকারের কাছে তুলেছিলাম সেটা কি করলেন আমরা জানি না। তারপর খাদ্য বাড়ানর জন্য আমাদের যে অনেক অসুবিধা আছে সে সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, জল নিকাশী যত দেখেছি তা সব প্রায় অবরুদ্ধ। মন্ত্রিমহাশয় যদি কাঁথি, তমলুক মহকুমায় যান তাহলে দেখতে পাবেন সেখানে যত বড় বড় খাল সেগুলি খড়িপাটা দিয়ে ৫০ হাত অন্তর বন্ধ করে দেওয়া হয়েছে, ফলে ঐ অবরুদ্ধ খাল ভরাট হয়ে যাচ্ছে। আমাদের কাঁথি মহকুমায় ইটাবাড়িয়া খাল বলুন, ইটা বাড়িয়া খাল বলুন, মির্জাপুর খাল বলুন, বালিয়া খাল বলুন, আর ছোট ছোট নদীই বলুন সেগুলিকে উর্ধার করবার জন্য কোন আইন আমরা দেখতে পাচ্ছি না। তারপরে ভাগচাষী সম্পর্কে একটা কথা বলেই আমি আমরা বক্তব্য শেষ করতে চাই। উচ্ছেদ বন্ধ করার জন্য এঁরা যে আইন এনেছেন তাকে আমি সমর্থন জানিয়েছি, কিন্তু মন্ত্রিমহাশয়ের উপস্থিতিতে অতুল্যবাবু আমাদের কাঁথি সভাতে যে বাণী ঝাড়লেন, মন্ত্র আওড়ালেন তাতে উলটো মন্ত্র হয়েছে, কেন না ভাগচাষীর উচ্ছেদ সেখানে ব্যাপক আকারে হবে। তার প্রতিরোধ কি ? আপনি রক্ষা করার জন্য আইন করলেন যে উচ্ছেদ করা যাবে না, যদি উচ্ছেদ করে তাহলে জেল হবে, একদিকে এই মন্ত্র দেখতে পাচ্ছি আর একদিকে দেখতে পাচছি রাজস্ব মন্ত্রিমহাশয় নিজে উপস্থিত আছেন সেখানে কংগ্রেসের পক্ষ থেকে অতুল্য ঘোষ বক্তৃতা দিচ্ছেন যে জমি ভাগচাষী দিয়ে চাষ করায় তার জমির কোন মূল্য নেই। সেখানে কংগ্রেসের পক্ষ থেকে বক্তৃতা করা হচ্ছে অতুল্য ঘোষ এবং

[4-20—4-30 p. m.]

অন্যান্য লোকেরা বলছেন যে ভাগচাষী দিয়ে যিনি চাষ করান তাঁর জমির মূল্য নেই—একথা বলাতে সে নিশ্চয় জমিটা চাষ করতে যাবে তখন আইনে ঠেকাবেন কি করে ? তার প্রভিসন তো করে রেখেছেন। সুতরাং এই আইনটা প্রহসনে পরিণত হবে বলে আমি মনে করি। এইজন্য আমি জিজ্ঞাসা করি রাজস্ব মন্ত্রীকে যে এটা কি আইনগত অধিকারে বললেন—এমন কি কোন আইন করেছেন যে ভাগচাষী দিয়ে চাষ করালে জমির মালিকের ধানের মূল্য ৪ টাকা অথবা ৯ টাকা

দেওয়া হবে না—এই রকম আইন না থাকা সত্ত্বেও আপনার উপস্থিতিতে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য কংগ্রেসী নেতারা বলছেন কোন সাহসে—তাঁর কাছ থেকে এটার উত্তর চাই। যদি সাহস থাকে তাহলে সেটাই করে দিন তাহলে তো বুঝতে পারি। কই তাতো করছেন না। আইনগত বাস্তবে না করে এমন ফাঁকা কথা বলছেন যাতে উচ্ছেদ বেশী হবে বলে আমি মনে করি।

Shri Bhakti Bhusan Mondal : I move that the Bill be circulated for the perpose of eliliciting opinion thereon by the 12th February, 1966.

মাননীয় চেয়ারম্যান স্যার, এই যে আইনটা আনা হয়েছে, সে সম্বন্ধে আমাদের রাজস্ব মন্ত্রীকে নিশ্চয় ধন্যবাদ দিচ্ছি এবং এটা যে কিছুটা স্টেক ক্যারদারলি হচ্ছে এ সম্বন্ধে আমাদের মনে কোন রকম সন্দেহ থাকা উচিত নয়, কিন্তু কয়েকটি বিষয় সম্বন্ধে আমরা বার বার আপনাকে বলছি এবং as a lawyer আমরা দেখছি যে অনেক difficulty হয়। সেইজন্য বলেছি যে ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট এবং Land Reforms Act এই দুটো মিলে যেমন আগেকার দিনে Bengal Tenancy Act ছিল সেই রকম একটা comprehensive Act করুন। যা হোক তা করছেন না—অনেক হয়তো difficulty আছে; কিন্তু practical difficulty হচ্ছে যে basis-এ কথা বলছেন যে penal section-টা প্রযোজ্য হবে যদি সে বর্গাদার বলে পরিগণিত হয়। এখন এই বর্গাদারের যে definition দেওয়া হচ্ছে সেই definition-টি comprehensive definition নয়। বিশেষ করে আমি বলছি বীরভূম জেলা, মুর্শিদাবাদ জেলা, বর্ধমান জেলা, বাঁকুড়া জেলা, পুরুলিয়া জেলা এই সব জেলাতে একটা system আছে যে system-টাকে বর্গাদার system বলে না কৃষাণ system বলে। এটা কৃষাণদের উপর প্রযোজ্য হবে এই কথাটা within the four corners of the Land Reforms Act বা কোন জায়গায় আমরা দেখতে পাচ্ছি না। অথচ আমরা বলতে পারি ৭০—৮০% হচ্ছে এই কৃষাণ। বর্গাদার এক রকম আমাদের দিকে নেই বললেই চলে। উনি একটা প্রচারপত্র পাঠিয়েছিলেন—এই প্রচারপত্র গ্রামে গ্রামে দেবার কথা হয়েছিল—কিন্তু যে এজেন্সি ওঁরা ঠিক করলেন যেমন অঞ্চলের প্রধান, অধ্যক্ষ কিংবা আঞ্চলিক পরিষদ প্রায় আমার এলাকায় আমি বলতে পারি যে রাজনগর থানা, দুবরাজপুর থানা, খয়রাশোল থানা, ইলামবাজার থানা এই থানার মধ্যে কিন্তু এই এজেন্সী publicity দেন নি। প্রায় ৮০খানি গ্রামের ভাগচাষী এক জায়গায় সমবেত হয়ে ওঁকে আমরা বলেছি এবং এখন স্যান্যালবাবুকে বলেছিলাম যে আমরা ঐ খরচা দেবো ঢোল দেবার—সেই টাকাটা আমরা গভর্নমেন্টকে দিতে রাজী আছি। এটা গভর্নমেন্টের তরফ থেকে প্রচার করা হচ্ছে এটা আপনি আমাদের অন্তত ব্যবস্থা করে দিন। উনি আমাদের বলেছিলেন যে এ. ডি. এম. কে দিয়ে করানো যেতে পারে—কিন্তু এমন অবস্থা হয়েছে যে গ্রামে গ্রামে একটা ভয় এবং আশংকার ফলে দাঁড়িয়েছে যে এটা হয়ে যাবে বলে সমস্ত লোককে উচ্ছেদ করা হচ্ছে এবং এই উচ্ছেদ করার ফলে এমন অবস্থা হয়েছে যে যে গ্রামে কৃষাণরা ছিল—আজকে আমাদের অঞ্চলের বেশীর ভাগ কৃষাণরা নিজেদের বাড়ীতে ধান রাখেন না—ধান মনিবের বাড়ীতে রাখা হয়। আর ওয়ান থার্ড ভাগ যে পেতো সেটা ওয়ান থার্ড in form of labour, not in form of share. সেজন্য সেটা ভাগচাষ আইন কোর্ট কন্ট্রোল হয় না। যারা মালিক আছে তারা অভাব দেবার ফলে যা কিছু ধান তারা পেতো সেটা এ বছর পাচ্ছে না এবং একটা দারুণ অবস্থার সৃষ্টি হয়েছে। সেইজন্য গভর্নমেন্টের sanction আছে এর জন্য আমরা বলেছিলাম যে এই ঢোল দেওয়া হোক। আমি এইজন্য বলতে চাচ্ছি যে বর্গাদারদের ডেফিনেসন একেবারে কমপ্লিসিট না করে কেবল বর্গাদার কথাটা বলে দিলে আমার মনে হয় খুব তা কাজ হবে না এবং যতগুলি কোর্ট রয়েছে অর্থাৎ কগনিজ্যান্স অ্যাণ্ড ডেলেগেশনের যে প্রভিসন দিয়েছেন এই আইনের দ্বারা একটা লোককেও সাজা দেওয়া যাবে না—অর্থাৎ বর্গাদার যে জমি থেকে উচ্ছেদ হয়ে যাবে এবং তা কোর্টে কনটেস্টেশন

হওয়া খুবই মুস্কিল কারণ বর্গাদারদের ডেফিনেসন নিয়ে গণ্ডগোল লাগবে। সেই জন্য বলছি যে আমার মনে হয় ডেফিনিসটা আরও পরিষ্কার করা উচিত। এটা হচ্ছে নং ১—নং ২ হচ্ছে আমরা জানি এবং সবাই ফিল করেছি, যে যে বেসিসে তাকে বর্গাদার বলা হবে অর্থাৎ বর্তমানে আর. এস. রেকর্ডে এই আর এস রেকর্ডে বোধ হয় ওয়ান পারসেন্ট লোকের নাম বর্গাদার হিসাবে রেকর্ড করা নেই। কাজেই কোর্টে কেস করতে গেলে পর correctness of presumption of the R. S. record এটা প্রথম যখন কোয়েশ্চেন উঠবে সংগে সংগে বোনাফাইডি এই পয়েন্টে তারা খালাস হয়ে যাবে। কারণ পরচা যেমন দাখিল করে দেবে মালিক পক্ষ, দেখা যাবে যে পরচাতে বর্গাদার হিসাবে রেকর্ড নেই। তখন কোয়েশ্চেন উঠবে বোনাফাইডি। বোনাফাইডির প্রশ্ন উঠলে সংগে সংগে claim of rights যেটা আছে সেই বেসিসে তারা খালাস হয়ে যাবে। কাজেই সেকসনটা থাকলেও আর. এস. রেকর্ডে নাম না থাকার ফলে এই অবস্থার সৃষ্টি হবে। অনেকে বলেছেন কবুলিয়তের ব্যাপার। কবুলিয়ত মানে যদি জানতাম যে লেখাপড়া কবুলিয়তে সই হয় তাহলে একটা কিছু হোত কিন্তু তা হচ্ছে না। যারা কৃষাণ করতে যাবে তাকে সাদা কাগজে সই করিয়ে নিচ্ছেন—সাদা কাগজে সই করিয়ে নেবার পর সেটা কেবল কৃষাণ মজুর বলে করছেন না, যে গরুদুটো তার ঘরে আছে লিখে দিচ্ছে এই গরুদুটো মালিকের এবং আরও অনেকে কিছু সাদা কাগজে লিখে সই করিয়ে নিচ্ছে। এটা অবশ্য কোন রকমভাবে চেক করা যাবে না—অসম্ভব ব্যাপার। আগে যা করেছেন সেই কমিটি কি করলেন তা আমরা জানতে পারছি না, কারণ এগুলো হচ্ছে রিয়েল প্রবলেম। উনি এর আগে ঘোষণা করেছিলেন যে High Committee for Land Reforms কিন্তু সেই কমিটি এগুলি সম্বন্ধে কোন দৃষ্টি দিচ্ছেন কি না তা আমরা কিছুই জানতে পারছি না। সেই জন্য অ্যাকচুয়াল ফ্যাক্টটা প্লেস করলাম। সুতরাং এই আইনে আবার একটা কমিটির প্রভিসন করা দরকার যে কমিটি ডিসট্রিক্ট লেভেলে থাকবে এবং অল পলিটিক্যাল পার্টির রিপ্রেজেন্টেটিভ থাকবে, যেখানে অন্তত একটা দল আর একটা দলকে বলতে পারবে যে এই এই আইনগুলি হওয়া ভাল এবং প্রয়োজন। তাই আমি বলছি এর সংগে এটুকু সংযোজন করলে ভাল হোত এবং আমার মনে হয় এটা সর্বাঙ্গ সুন্দর হোত যদি আমরা যেগুলি সাজেস্ট করলাম সেগুলি থাকতো। অতএব সেগুলি না থাকার জন্য আমি সম্পূর্ণভাবে এটাকে সাপোর্ট করতে পারছি না।

Shri Apurba Lal Majumdar: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of May 1966.

Shri Syamadas Bhattacharyya: মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় সদস্যগণ এই বিধেয়কটি আলোচনা করতে গিয়ে মোটামুটি বিধেয়কটিকে সমর্থন জানিয়েছেন এবং বলেছেন যে এই বিধেয়কের দ্বারা ভাগচাষী বা বর্গাদারদের কিছু কিছু অধিকার বাড়ানো হচ্ছে এবং তারা যাতে এই অধিকারগুলি ভোগ করতে পারে সে সম্বন্ধে কিছু বিস্তৃত ব্যবস্থা করা হচ্ছে। তবে তাঁরা আশঙ্কা করেছেন প্রথম নং, মাননীয় খগেনবাবু যেমন বলেছেন বিধেয়কটি ঠিকই আছে কিন্তু এই বিধেয়কের দ্বারা কাজ হবে না। তার কারণ প্রমাণ করবেন কি করে যে একজন বর্গাদার প্রকৃত বর্গাচাষ

[4-30—4-40 p.m.]

করেন কিনা। আমি একটা হিসাব দিতে পারি ১৯ (খ) ধারায় গত তিন বৎসরে আমাদের কতগুলি বিচারে রেষ্টোরেসান অফ পাওয়ার হয়েছে। অর্থাৎ অন্যায়ভাবে এ আইনের বিধান অমান্য করে মালিকরা বর্গাদার উচ্ছেদ করেছে সেখানে বর্গাদার ভাগচাষ অফিসের কাছে আবেদন করে প্রতিকার পেয়েছেন এবং রেষ্টোরেসান অফ পাওয়ার পেয়েছেন। ১৯ (খ) ধারা অনুসারে এমন ক্ষেত্র দেখেছি তিন বৎসরে ১৩৪টা হয়েছে তারা বলেছে আমাকে বেআইনীভাবে উচ্ছেদ করা হয়েছে, আমি উচ্ছেদ হবার যোগ্য নই আমাকে ভাগচাষী বলে অস্বীকার করা হচ্ছে এইবলে ভাগচাষ officer এর কাছে গেছে এবং ভাগচাষ অফিসার তদন্ত করে মামলার বিচার করে

রেস্টোরেশান অফ পাওয়ার ১৯ (২) বিধান অনুসারে দিয়েছেন। আমি ১৯ (খ) ধারার Case বলছি ১৯৬২ সালে ১৬৪টা হয়েছে তারমধ্যে ৫৬ জন রেস্টোরেসান অফ পাওয়ার পেয়েছে ১৯৬৩ সালে ১১০ জনের মধ্যে ৪৮ জন এবং ১৯৬৪ সালে ১২১ টার মধ্যে ৩০ জন রেস্টোরেসান অফ পাওয়ার পেয়েছেন। এটা কম হতে পারে কিন্তু হবে না একথা বলছি না। আমার বক্তব্য হচ্ছে বর্তমানে যে ধারা আছে সে ধারগুলি প্রয়োগ করা যাবে না তার দ্বারা কেউ কোন অধিকার ভোগ করতে পারে না একথা ঠিক নয়। ভোগ করতে পারে যার দলিলপত্র যদি দেখাতে পারেন আমার যেটা বক্তব্য ছিল সেটা হচ্ছে আমাদের যে ধারাগুলি আছে সে ধারাগুলিতে বর্গাদারদের পুরাপুরি টেনেন্ট করা হয়নি, পুরাপুরি স্বায়ত্তি সত্ব দেওয়া হয়নি এবং যে যে অধিকারগুলো দেওয়া হয়েছে সেগুলোকে খুব অবাস্তব বলে মনে করি না। আমরা মনে করি সেই অধিকারগুলি যদি ভোগ করান যায় তাহলে বর্গাদারদের স্বার্থ অনেকটা রক্ষিত হবে। বর্গাদার টেনেন্ট হবে কি হবে না একথা না বলাই ভাল, তবে একথা বলছি যখন বর্গাদারদের অধিকার দেবার কথা হচ্ছে তখন বর্গাদার উচ্ছেদ হচ্ছে। ১৯৩৮ সালে যখন ফ্লাউড কমিসানের রিপোর্ট বার হয় তখন সে ফ্লাউড কমিসানের রিপোর্টে এটা দেখতে পাওয়া যায়। অর্থাৎ এ আশঙ্কা আগেও ছিল এখনও আছে। বর্গাদারদের বেশী অধিকার দেবার কথা হলে বর্গাদার উচ্ছেদ হচ্ছে আমরা বর্গাদারদের অধিকতর ক্ষমতা দেবো কি দেবোনা এ প্রশ্ন করলে বলবো বর্গাদারদের অধিকতর ক্ষমতা আমরা দেবো, এ সম্ভবনা আছে বলে সে সম্ভবনা যাতে বর্গাদারদের বিপক্ষে না যায় এ উদ্দেশ্য নিয়ে আমরা বর্গাদারদের বর্তমানে অধিকার কি কি আছে সেগুলি বিস্তৃতভাবে প্রচার করছি। মাননীয় সদস্যদের বলছি এটা ঠিক Political Party না নিয়ে জাতীয় প্রগ্রাম হিসাবে নিয়ে আমরা এখানে আইন পাশ করছি, এ আইন বিতর্কমূলক হলেও এ আইন আমরা সর্বসম্মতভাবে পাশ করেছি। যদিও অনেক বলেছেন বিস্তৃতভাবে আইনের ব্যবস্থা করা হোক তবুও এ অবস্থায় যদি আমরা সকলে মিলে চেষ্টা করে Non-Political compaign হিসাবে গ্রহণ করি তাহলে বর্গাদারদের অধিকার হাতে কলমে প্রচার করতে পারবো। এখানে কোন মৌলিক কথা বলছি না আমার কোন departure from the existing rules, departure from the existing laws and principles নেই।

শুধু এইকথা বলা মানে যে ধারাগুলি, যে অধিকারগুলি আইনের মাধ্যমে বর্গাদারদের দেওয়া হয়েছে সেই ধারাগুলি যাতে বর্গাদাররা ভোগ করতে পারেন তারজন্য যখন ব্যাপকভাবে প্রচার করা দরকার non-political কি না all India campaign হওয়া দরকার ঠিক তেমনি ভাবে আইনের ব্যবস্থা করা দরকার। যদি কাউকে অন্যায়ভাবে উচ্ছেদ করা হয় তাহলে শুধু তার বিরুদ্ধে restoration of possession করা উচিত নয় forefeiture of share of the producer ঠিক নয় আরও বেশী করা দরকার। তার বিরুদ্ধে জেল বা জরিমানা বা জেল ও জরিমানার ব্যবস্থা যাতে হতে পারে। মাননীয় সদস্য ইয়াজদানি সাহেব বলেছিলেন 19 (A) যেখানে আছে সেখানে 19 (B)-র প্রয়োজন ছিল না। আপনি বললেন 19 (A)তে আছে ৬ মাস জেল হতে পারে এখানে আপনি যে জরিমানা করেছেন সেই জরিমানা করার কি প্রয়োজন ছিল? আমি আপনাকে বলছি 19 (A) যদি পড়ে দেখেন তাতে আছে any person who fails to comply with an order made under sections 17 18 or 19 shall be punishable with imprisonment for a term, etc., তার মানে ১৭।১৮।১৯ ধারায় যদি কোন order পাশ হয়ে থাকে তাহলে সেই order অমান্য করলে শাস্তির বিধান আছে। 19 (B)তে যদি বেআইনীভাবে কেউ উচ্ছেদ করে তাহলে সে মালিক কিভাবে শাস্তি পাবেন সেই কথাই বলা হয়েছে। এটা 19 (A) তে cover হয় না এটা সম্পূর্ণ নূতন বিধান। এটা কোন মৌখিক কথা নয়। যতটুকুন অধিকার বর্গাদার ভোগ করবেন বলে ব্যবস্থা করছি সেটুকুর জন্য এই বিধান করা হয়েছে। Unrecorded বর্গাদার সম্বন্ধে আমরা বলেছি কোন পার্থক্য করা

কৃষি বর্গাদারদের যে definition এখানে দেওয়া হয়েছে সে সম্বন্ধে ভক্তিবাবু বললেন বর্গাদারের definition আরও broad based করলে ভাল হোত বর্গাদারদের definition এরমধ্যে এইরূপ বলা হয়েছে a bargadar means a person who under the system generally known as adhi, barga or bhag, cultivates the land of another person on condition of delivering a share of the produce of such land to that person এখন বলা হচ্ছে he may be a recorded or unrecorded bargader.—even a recorded bargadar may cease to be a bargadar for some time, therefore, the mere title of a bargadar named in the record does not confer any right for all time to come এখানে বলা হয়েছে বর্গাদার এই এই রকম বলা হবে। সে তার share of produce deliver এই সম্বন্ধে কিষাণ চাষ করে। কিষাণ এইরকম লোক যে ব্যক্তি অপরের জমি চাষ করে নিজের গরু, লাঙ্গল আছে এর বিনিময়ে যে উৎপন্ন ফসল তার কিছু অংশ নিজে রাখে এবং কিছু অংশ মালিককে দেয়। You may call him Kishan he is a bargadar according to the definitions given here. যদি না হয় তাহলে আমি দেখব। আমার কথা হচ্ছে কিষাণ যদি এমন লোক হয় যার নিজের গরু, লাঙ্গল নেই, মালিক দেয় তবে চাষ করে এই শর্তে যতটা ফসল হবে তার নির্দিষ্ট অংশ মালিককে দেবে তাহলে সে বর্গাদারের মধ্যে পড়বে। এটাই সরকারী ভাষা হবে তার কৃষাণ নাম না দেবার জন্য যদি অসুবিধা হয় নিশ্চই আমরা সেটা বিবেচনা করে দেখবো।

Shri Bhakti Bhusan Mondal : এটা সম্বন্ধে পেসিফিক রুলিং আছে। ক্যালকাটা উইকলি নোটিস্ এ দেখবেন তাতে আছে কৃষাণ বললে শেয়ার কভার করবে না। কাজেই আমাদের চাষীরা বেশীর ভাগ এর অ্যাডভানটেজ পাচ্ছে না।

আমরা সভা হিসাবে বিভিন্ন গ্রামাঞ্চল থেকে এসেছি—তাঁরা নিশ্চয়ই ভাগচাষী মামলা সম্বন্ধে কোন না কোন সময় জড়িত হয়েছেন। আমি বলতে পারি একজন ভাগচাষী রেকর্ডেড না হলেও তিনি অধিকার পাচ্ছেন বিভিন্ন জায়গায় তা দৃষ্টান্ত দেওয়া যায়। (শ্রীসনৎ কুমার রাহা: কোন্ প্রমাণের ভিত্তিতে ?) প্রমাণের ভিত্তি বলা যাবে না। আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে বলছি একজন বর্গাদার রেকর্ডেড হতে পারে আন রেকর্ডেড হতে পারে, রেকর্ড করে একটা Statement Show করেছেন এবং রেকর্ড করার পর বর্গাদার হয়েছে ও তারপর বর্গাদারের অধিকার পাবে। রেকর্ড অনেক দিন পর পর হয়েছে। Recorded, unrecorded দুরকমই বর্গা হতে পারে।

[4-40—4-50 p. m.]

কিন্তু রেকর্ড করবার পরে, যিনি বর্গা হয়েছেন, তিনিও বর্গার সমান অধিকার এখানে পাবেন। আর রেকর্ডও বছর বছর হচ্ছে না, বেশ কয়েক বছর পরে, পরে হচ্ছে। সুতরাং রেকর্ড করাটা এক নির্দেশ চিহ্নের ব্যাপার হচ্ছে। কেবলমাত্র একটা statement show করছে। আমি বলছি unrecorded বর্গাদারও বিপুল অধিকার পাবেন, বর্গাদারদের যে সমস্ত অধিকার আছে, সেগুল।

Shri Bhakti Bhusan Mandal : Unrecorded যেটা, সেটা প্রমাণ করবেন কি করে ?

Shri Syamadas Bhattacharyya : এ সম্বন্ধে মাননীয় সদস্যকে, কি বলবো! এটা প্রমাণ করা খুব কঠিন নয়। এ প্রমাণ করা নানা ভাবে হতে পারে। আপনার যে সমস্ত উকিল বন্ধু আছেন, তাঁদের জিজ্ঞাসা করবেন, কিভাবে প্রমাণ করা হয়।

Shri Bhakti Bhusan Mondal : মিঃ চেয়ারম্যান, স্যার, আমাকে এক মিনিট বলতে দিন। জিনিসগুলি আমি clarify করে নিতে চাই। ঐ যে উনি বলছেন recorded, unrecorded-এর কোন তফাৎ নেই। কিন্তু যখন এগুলি penal section-এ নিয়ে আসতে চাইবেন, তখন ঐ persumption of correctness, প্রমাণ করবেন কি করে, যদি ঐটা ঠিক ভাবে settlement-এ না থাকে? আগেকার লোকেরা বলতে পারেন যে আমরা এখানে ১২ বছর আগে কাজ করেছি। ১২ বছর আগে হলে আপনার ধরুন ১৯৫০-তে যে R. S. record-টা বেরিয়েছে, তখন তাঁর হয়ত বলতে পারেন যে, তাদের নাম নেই। অতএব presumption-টা তাদের against-এ হবে।

Shri Syamadas Bhattacharyya : I am sorry, I am unable to accept your interpretation.

আমার কথা হচ্ছে, বর্গাদার লিখিত, ও অলিখিত হলেও সমান ভাবে মর্যাদা পাবেন, এই আইনের বলে, এবং সেই মর্য্যাদা যাতে পেতে পারেন, তার জন্যই এই Penal Section-টা এখানে রাখা হয়েছে।

মাননীয় বলাইবাবু এবং সুধীরবাবু, পি-এস-পি দলের দুইজন সদস্য, এখানে আছেন, তাঁরা দু-জনেই একটি কথা বারবার বলছেন যে অতুল্যবাবু নাকি কাথিতে একটি রাজনৈতিক সভায় বলেছিলেন যে ভাগচাষের যাদের জমি, তাদের ধানের দাম কম হওয়া উচিত। যদি তিনি একথা বলতে পারেন, সেটাকে এখানে টেনে এনে, বলবার কি কারণ আছে, তা আমি বুঝতে পারছি না। দুইজন মাননীয় সদস্যই একথা বলেছিলেন যে তিনি সেখানে বে-আইনীভাবে কাজ করেছেন। আইনের প্রতি, মাননীয় সদস্য সুধীরবাবু ও বলাইবাবুর এত শ্রদ্ধা, যে তাঁরা বলছেন যে তিনি সেখানে বে-আইনী ভাবে কাজ করেছেন। আমি এখানে একটা কথা বলবো মাননীয় সদস্যদের অবগতির জন্য, যে সেখানে আইনের প্রতি যদি তাঁদের এতই শ্রদ্ধা ছিল তাহলে মাননীয় সুধীরবাবু এবং বলাইবাবু, তাঁরা লেভী আইন বন্ধ করবার জন্য যে প্রচারপত্র ছাপিয়েছিলেন নিজেদের নামে, এবং তা নিয়ে বক্তৃতা করেছিলেন, তখন কার স্বার্থে করেছিলেন? সে কি, যে জোতদারের কথা এতবার করে বললেন, সেই জোতদারদের স্বার্থেই? আমি বলতে চাচ্ছি, যে জোতদার স্বার্থের কথা এবং যে বর্গাদারদের কথা আজকে বলেছিলেন, সেই বর্গাদারদের স্বার্থের বিরুদ্ধে আপনারা সেদিন বলেছিলেন, এই কথা মনে করিয়ে দিচ্ছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

Dr. Golam Yazdani : Sir, I beg to move that in clause 1, in line 2, for the words "(Second Amendment) Act, 1965" the words "(Amendment) Act, 1966" be substituted.

Shri Syamadas Bhattacharyya : Sir, I accept the amendment.

The motion of Dr. Golam Yazdani that in clause 1, in line 2, for the words "(Second Amendment) Act, 1965" the words "(Amendment) Act, 1966" be substituted was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Sudhir Chandra Das : I move that in clause 3, in proposed sub-section (2A)(a), in line 2, after the word "holding" the words "unless the removal of sand is necessary for making the land fit for cultivation" be inserted.

মি: Chairman, স্যার, এর Statement of Objects and Reasons বলা হয়েছে—

"The practice of quarrying sand from agricultural land has spread very widely in some areas of the State and it is adversely affecting agricultural production."

এই উদ্দেশ্যে তিনি কেবল আইনটা সংশোধন করতে চাচ্ছেন। কিন্তু আইনটা যেভাবে আনলেন, যে ভাবে সংশোধনী চাচ্ছেন Agricultural land যাতে নষ্ট না হয় তার জন্য বালি খোড়া বন্ধ করতে চাচ্ছেন। এই হচ্ছে তার উদ্দেশ্য। কিন্তু এটা কে আপনি করলেন কী? "No raiyat shall quarry sand or permit any person from quarrying sand from his holding."

অর্থাৎ তার জোত থেকে বালি খুড়তে তিনি পারবেন না। আপনি দেখেছেন স্যার, সুবর্ণরেখা থেকে রসুলপুর নদী পর্যন্ত বিস্তীর্ণ জায়গা—বালির জায়গা। সেই বালিয়াড়ি এক মাইল চওড়া হয়ে চলে গেছে। সেখানে হাজার হাজার লোক বাস করছে। আইন যদি এই হয় যে কোন লোক বালি খুঁড়তে পারবে না permission ছাড়া, তাহলে তো মস্ত অসুবিধা দেখা দেবে। কারণ সেখানে যে উঁচু বালিয়াড়ি রয়েছে, সেখানে ঘর-বাড়ী করতে হলে বা পুকুর কাটতে হলে, সেখানে বালি খোঁড়া দরকার, বালি খুড়ে তুলে ফেলে তবে সেসব করতে হবে। এটা খুব জরুরী ব্যাপার। আপনি সেখানে গিয়েছেন, বালির জায়গা, যেখানে লোকের প্রয়োজন মত বসতির জন্য বালি খুড়তে হবে, পুকুর কাটার জন্য ও বালি খোড়া দরকার হবে। আপনি provision রাখলেন কী? আপনি বললেন কোন জায়গায় বালি খুঁড়তে হলে আপনার permission নিতে হবে অর্থাৎ No raiyat shall quarry sand or permit any person to quarry sand from his holding.

আপনি জানেন, দেখে এসেছেন, আমাদের সেটা বালি এলাকা; সেখানে প্রকাণ্ড প্রকাণ্ড বালিয়াড়ি—sand heaps আছে, সেসব remove করতে হবে বাড়ীঘর তৈরী করবার জন্য। সেখানে একজন দরখাস্ত করেছিল, তারপর সেখানে enquiry এবং ঘুষ চলবে। যেখানে

sandy place, সেখানে এই রকম difficulty আসবে এবং লক্ষ লক্ষ লোকের ভয়ানক অসুবিধা হবে বলে আমি মনে করি। তাই আমি amendment এনেছিলাম—

Unless removal of sand is necessary for making the land fit for cultivation and for construction of building and houses and for digging tanke and ponds.

আমি এই কথা যোগ করে দিচ্ছি। যদি ও আমার মূল Amendment এ ছিল—

Unless removal of sand is necessary for making land fit for cultivation, "be inserted".

আমি সেখানে fit for cultivation ছাড়াও তার সঙ্গে construction of building and houses and digging of tanks and ponds এই কথাগুলি ঐ amendment-এর সঙ্গে যোগ করছি। তা নাহলে সেখানে হাজার হাজার লোক বিপন্ন হবে এবং আপনাদের অফিসারদের ঘুষ দিতে বাধ্য হবে। লোকে দরখাস্ত করবে, enquiry হবে, অত্যন্ত ঝামেলা হবে, গোলমাল হবে। আপনার ঠিক ঠিক যদি সেই উদ্দেশ্য হয় objects and reasons-এ যা বলেছেন cultivation নষ্ট না হয়। কিন্তু যেখানে ঘরবাড়ী পুকুর লোকে করবেন, cultivation-এর জন্য sand তুলে দিতে চান, কারণ sand চাপা পড়ে গিয়ে জমির fertility নষ্ট হচ্ছে; সেই কারণে আমি ঐ Amendment দিয়েছি। আশাকরি মন্ত্রিমহাশয় সেটা বিবেচনা করবেন। এটা যদি বিবেচনা করেন তাহলে আপত্তি আছে cultivation land নষ্ট করার জন্য quarry করা উচিত নয়। এটা হলে তিনি যে Amendment এনেছেন তা আমি সমর্থন করবো। তা না হলে আমি সমর্থন করতে পারবো না। Brick সম্বন্ধে আমার কোন amendment

[4-50—5-00 p. m.]

নাই, তাহলে আমি এখানে বলতে চাই যে Brick সম্বন্ধে যে ধারা এনেছেন সেটা আমরা Select কমিটিতে তুলেছিলাম তার কারণ হচ্ছে ইট যতটুকু দরকার ততখানি আমাদের করতে হবে, ইটের Production আপনি কমাতে পারছেন না। সে ক্ষেত্রে আমাদের কয়েক হাজার শ্রমিক বেকার হয়ে যাচ্ছে যারা cultivated land-কে নষ্ট করে না বরং উঁচু জমি কেটে cultivation-এর জন্য আরও প্রস্তুতি করে নেয়। আমাদের ওখানে যদি বন্ধ হয়ে যায় তাহলে প্রায় ৪ হাজার শ্রমিক বেকার হয়ে যাচ্ছে। এবং সে সম্বন্ধে Petition, B. D. G.-এর মারফৎ আপনার কাছে পর্যন্ত এসেছে, এখন পর্যন্ত তারা permision পায় নি। আমি বলি এই যে fundamental right সংবিধানগত অধিকারকে নষ্ট করা হয়েছে বলে আমি মনে করি; যদি কেউ ইট তৈরী করতে চায় তাহলে করতে পারবে এটাই থাকা উচিত ছিল এবং এটার বিরোধীতা আমি করছি। এবং sand সম্বন্ধে আমি যে Amendment এনেছি সেটা যেন আপনি বিবেচনা করেন।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 3, the following proviso be added to proposed sub-section (2A)—

> **"Provided that he shall not burn bricks or tiles for his own use or otherwise near dwelling houses or fruit gardens within a distance from which the smoke will cause injury to the health of the people of the locality or injure the fruit trees."**

আমি যে জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কেন না আমরা যে জিনিষগুলি দেখেছি এবং যার প্রতিকার পাইনি সেজন্যই আমি এই amendment দিয়েছি। আমাদের ঐদিকে এমন কেস হয়েছিল যে ইটের ভাটা করবার জন্য এবং ইট তৈরী করার জন্য কোন কোন জায়গায় permission দেওয়া হয়েছিল এবং কোন কোন জায়গায় without permission তারা করেছিল। এই রকম কেস হয়ে গেছে যে বাড়ীর কাছে গ্রামে এই রকম দলাদলি যে একজন লোক বাস করে গ্রামের এক প্রান্তে কিন্তু অন্য প্রান্তে তার একজন শত্রুপক্ষীয় গ্রামবাসী বাস করে এবং তার বাড়ীর পাসে একজনের জমি আছে। সুতরাং সেই জমিতে সে ইট তৈরী করতে লাগল। এবং যখন ইটে আগুন দেওয়া হল তখন ঐ যে ইটের ধুঁয়া সেই সমস্ত পাড়াকে একেবারে দিন রাত ধুঁয়ায় আচ্ছন্ন করে রাখল। তখন সেই সমস্ত লোকগুলি D.M.এর কাছে এবং District Health Officerএর কাছে দরখাস্ত করে করে একেবারে হিমসিম খেয়ে গেল। এবং যারা হয়ত enquiry করতে এসেছে তাদের কিছু টাকা ঘুষ দিয়ে দিয়েছে এবং তারা কোন কিছু ব্যবস্থা গ্রহণ করেনি। যখন Government থেকে কিছু করা হল না তখন নিজেরা গিয়ে জল দিয়ে ইটের ভাটা নিবিয়ে দেবার চেষ্টা করল এবং সেখানে ফৌজদারী কেস হয়ে গেল। এবং যার ফলে মারামারি খুনাখুনি পর্যন্ত হয়ে গেল।

তারপরে আমি fruit garden সম্বন্ধে আমি দিয়েছি তার কারণ মালদহে যেখানে বড় বড় আমের বাগান আছে সেখানে ইটের ভাটা করে গাছের আমের মুকুল নষ্ট করে দেয়। এবং এ সম্বন্ধে সরকারী অফিসারদের কাছে গিয়েও কোন প্রতিকার হয় না। আমি বলতে চাই আপনারা যখন ইট এবং টালী তৈরী করবার একটা restriction করতে চাচ্ছেন তখন যদি আমার এই provisoটা যদি গ্রহণ করেন আমাদের মফস্বল এলাকাতে যে সমস্যা আছে তার সমাধান হয়। সেজন্য বলছি আমার এই amendmentটা আশা করি বিবেচনা করবেন।

Shri Balai Lal Das Mahapatra : মাননীয় চেয়ারম্যান মহাশয়, সুধীরবাবু যে amendmentটা এনেছেন তার সমর্থনে আমি দুই একটা কথা বলতে চাচ্ছি। মাননীয় মন্ত্রি মহোদয় তার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলেন যে জমি যাতে উর্বরাশক্তি নষ্ট না হয় সেজন্য বালি কেউ সরাতে পারবে না। আমি জানি না যেখানে অতিরিক্ত বালি সেখানে বালি সরিয়ে দিলে তার উর্বরা শক্তি নষ্ট হয় কি করে আমি বুঝতে পারি না। কাঁথি মহকুমার রামনগর, কণ্টাই এবং খেজুরী এই তিনটি থানার কথা বলছি যেখানে বালু উড়ে এসে জমিকে আরও খারাপ করে। এবং তখন বালু সরিয়ে দিতে হয়। এতে এখন কি হবে যে প্রকৃত চাষী সে চাষ করতে পারবে না—এদের কাছ থেকে অনুমতি আনতে ছুটাছুটি করতে হবে এবং অনুমতি না আনলে আবার ফৌজদারী কেস হবে। সেজন্য আমি মনে করি যেখানে তিনি এখনও সব জমি আবাদযোগ্য করতে পারেন নি। এই এক কোটি ৩২ লক্ষ আবাদযোগ্য জমির মধ্যে ৩০ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছেন বাকী জমি এখন ভগবানের দিকে তাকিয়ে আছে। সব জমিগুলি চাষযোগ্য করতে পারতেন তাহলে বাংলা দেশে খাদ্যের অভাব হত না।

তারপরে তিনি আমাদের গালাগালি দিয়ে বললেন যে আমরা নাকি লেভির প্রতিবাদ করেছি। লেভির প্রতিবাদ শুধু অন্য কারণে করিনি বাংলা দেশে জমির জলের অভাবের জন্য উৎপাদন বাড়তে পারছে না অথচ জবরদস্তিভাবে বলছেন তোমাদের এত ধান দিতে হবে। আমি বলতে চাই যাতে উৎপাদন বাড়ে তার ব্যবস্থা করুন তা না করে চাষীর উপর জুলুম কেন করছেন। তার এখানে যেটা বলছেন যে মাটি খুরতে হলে permission নিতে হবে। আমি জিজ্ঞাসা করি এক ফুট মাটি কাটলে কেন জমি নষ্ট হবে। এমন অনেক উঁচু জমি আছে যেখানে এক ফুট মাটি কাটলে জমির উর্বরাশক্তি বেড়ে যায়। সেজন্য বলছি বাস্তব অবস্থা না জেনে যদি বিল আনেন তাহলে চাষীরা অযথা হয়রান হবে। সেজন্য সুধীরবাবু যে amendment এনেছেন সেটা যদি গ্রহণ করেন তাহলে সবদিক থেকে সুবিধা হবে।

[5—5-10 p.m.]

Shri Syamadas Bhattacharyya : মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় সদস্য ইয়াজদানী মহাশয় বলেছেন যে ফলের বাগান বা বসতি ইত্যাদি জায়গায় যাতে ইট ভাটা না হয় তার ব্যবস্থা এর মধ্যে রাখা উচিত, আমিও এটা ভাবছিলাম। এখানে Except in accordance with such terms are conditions of appointment to such office as may be prescribed এর মধ্যে করা যায় কি না সেটা আমরা চিন্তা করে দেখবো। তবে মাননীয় সদস্য নিজেই চেষ্টা করেছেন, বোধ হয় ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সংগে কথা বলেছেন, হেলথ অফিসারের সংগে কথা বলেছেন, বোধ হয় এই বিষয়ে তাঁরাই উপযুক্ত কর্তৃপক্ষ। তবে ঘন বসতির মধ্যে বা আম বাগানের কাছে বা ফলের বাগানের কাছে মাটি বা বালি তুলে ইট ভাটা তৈরী করলে খুব ক্ষতি হবে যে কথা বলছিলেন সেটা টার্মস অ্যাণ্ড কণ্ডিশনের মধ্যে দেওয়া যায় কি না এ এ সম্বন্ধে আমি নির্দেশ দিয়েছি। আর মাননীয় সদস্য বলাইবাবু এবং সুধীরবাবু যে কি বলেন আমি বুঝতে পারি না। তাঁরা এখানে আবার লেভির কথা নিয়ে এসেছেন। তাঁরা লেভির বিরোধিতা করেছেন সেকথা উচ্চস্বরে বলার কি দরকার আছে সেটাত মিটে গিয়েছে। এখানে আমরা কার স্বার্থে কথা বলছি, এখানে দু'জন আছে, ভাগচাষী আছে আর সাধারণ কৃষক আছে। মেদিনীপুর জেলার কাঁথি মহকুমা পশ্চিমবঙ্গের সমগ্র অংশ নয়, অন্যান্য জায়গা রয়েছে, আমি বলছিলাম হুগলী এবং বর্ধমান জেলার কথা। মাননীয় সদস্য এদিকে যদি যান তাহলে দেখতে পাবেন রেল লাইনের দুধারে, জি, টি, রোডের দুধারে বহু জমি পড়ে আছে সেই জমি থেকে বালি তোলা হচ্ছে। বালি তোলা নিষেধ করতে পারছি না কারণ আইন নেই। আমি বলছি এই বালি তুলে মূল্যবান কৃষিজমিকে যে একেবারে কৃষির অযোগ্য করে ফেলা হচ্ছে সেটা বন্ধ করা দরকার। মাননীয় সদস্যদের কোথাও বালি উড়ে এসে সমুদ্র থেকে স্তূপ হয়ে গিয়েছে সেখানে তুলতে দেওয়া হবে না এটা তিনি কোথায় পেলেন আমি বুঝতে পারছি না। তবে ওঁরা যদি বলেন যে আমরা লোককে পীড়ন করবার জন্য এই আইন এনেছি তাহলে আমার বলার কিছু নেই। এখানে আমিত কোন অসুবিধা দেখতে পেলাম না। মাননীয় সদস্যর বোধ হয় মনে আছে গতবারের আগের বারে যখন এই আইন পাশ হয় তখন তিনি বলেছিলেন টাইলস্ অ্যাণ্ড ব্রিকস্ ম্যানুফ্যাকচারিং এর ব্যাপারে যে এটা সাংঘাতিক ব্যাপার হবে। এখনই বললেন যে ৪০০ লোক বেকার হয়ে গিয়েছে কেন বেকার হবে তাত আমি বুঝতে পারছি না। এখানে এই কথা বলা হয়েছে ফর দেয়ার ওন ইউজ, নিজের বাড়ী সংস্কার করবার জন্য বা তৈরী করবার জন্য তিনি ইট তৈরী করতে পারবেন, কোন জায়গার বারণ করা হয়নি। কিন্তু যেখানে ব্যবসার উদ্দেশ্যে ইট তৈরী করবে সেখানে সরকারের অনুমতি কেন নেবে না সেটা আমি বুঝতে পারছি না। কৃষি জমিকে প্রাইভেট প্রপার্টি বলে দেখবার যে দৃষ্টিভংগী সেটা আস্তে আস্তে বদলে যাচ্ছে, এখন সেটাকে ন্যাশনাল অ্যাসেট হিসাবে দেখতে হবে; আমার স্বত্ব রয়েছে বলে, টাইটেল অ্যাণ্ড ইন্টারেষ্ট রয়েছে বলে আমি যেমন খুশী ব্যবহার করবো, যেমন খুশী মাটি তুলবো সেই কৃষিজমিকে অকৃষি জমিতে রূপান্তরিত করবো সেটা হতে পারে না। আমি পি, এস, পি,র সদস্যদ্বয়কে এই কথা চিন্তা করতে বলবো এবং আমাদের বর্তমানে যে প্রগতিশীল গতি তার সংগে সামঞ্জস্য রেখে তাঁরা যেন কথা বলেন স্যার; আমি সমস্ত amendment oppose করছি।

The motion of Shri Sudhir Chandra Das that in clause 3, in proposed sub section (2A) (a), in line 2, after the word "holding" the words "unless the removal of sand is necessary for making the land fit for cultivation" be inserted was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3, the following proviso be added to proposed sub-section (2A)—

"Provided that he shall not burn bricks or tiles for his own use or otherwise near dwelling houses or fruit gardens within a

distance from which the smoke will cause injury to the health of the people of the locality or injure the fruit trees"

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Sanat Kumar Raha : Sir, I beg to move that in clause 4, in proposed sub-section (2), lines 1-2, the words "after the commencement of the West Bengal Land Reforms (Second Amendment) Act, 1965" be omitted.

I also beg to move that in clause 4, in proposed sub-section (2), in line 4, after the word "Bargadar" the words "whether recorded as bargadar or not but acts as share-cropper though recorded as jan mazur by the owner of the land" be inserted

I also beg to move that in clause 4, in proposed sub-section (2), in line 9, after the words "with both" the words "and the Act can be applied with retrospective effect from 1963" be inserted.

মিঃ স্পীকার, স্যার, ক্লজ ৪ এ আমার ৩টি অ্যামেণ্ডমেন্ট আছে তার মধ্যে একটা হচ্ছে আফটার দি কমেনসমেন্ট অব দি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস (সেকেণ্ড অ্যামেণ্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৬৫, সেটাকে আমি তুলে নিতে বলছি এইজন্য যে যাতে রেট্রসপেকটিভ এফেক্ট পাওয়া যায়, আইনটা যদি কার্যকরী হয় তাহলে ফলটা যেন পূর্ব থেকে পাওয়া যায়। এটা করা যায় কি না দেখবেন। আর একটা অ্যামেণ্ডমেন্ট হচ্ছে বর্গাদারদের ডেফিনিশন সম্পর্কে। আমি এই ল্যাণ্ড রিফর্মস বিলে পরিষ্কার পাইনি এর ডেফিনিশন। আমার অ্যামেণ্ডমেন্টের আপত্তি করার কোন কারণ নেই, শ্যামাদাস বাবু যা বললেন তাঁর স্পিরিটের সঙ্গে এই অ্যামেণ্ডমেন্টের স্পিরিট একই বলে আমি মনে করি সেটা হচ্ছে বর্গাদার কথার পর কি থাকবে, না whether recorded as bargadar or not but acts as share-cropper or though recorded as Jan Mazur by the owner of the land. অর্থাৎ বর্গাদার সেই হবে সে রেকর্ডেড হোক বা আনরেকর্ডেড হোক, সে জন মজুর লেখান থাক বা কিষাণ লেখান থাক সকলকেই বর্গাদার বলে মনে করতে হবে। সুতরাং বর্গাদারের রাইটটা ব্যাখ্যা করে দিলে ভাল হয়। এটা সামান্য একটা ছোট অ্যামেণ্ডমেন্ট, এটা গ্রহণ করলে শ্যামাদাসবাবুর যে স্পিরিট বা ফর্ম তার সংগে সংঘর্ষের সৃষ্টি হয় না। আমি মনে করি আমার এই অ্যামেণ্ডমেন্টটা গ্রহণ করা উচিত।

Shri Syamadas Bhattacharyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা বারবার বলেছি, মাননীয় সদস্যগণ জানেন এবং যাঁরা আইন ব্যবসা করেন তাঁরাও বিশেষভাবে জানেন যে বর্গাদার হতে গেলে এবং বর্গাদার হিসাবে কোন অধিকার দাবী করতে হলে যে রেকর্ডেড হতেই হবে তার কোন মানে নেই। এটা অনেকের অভিজ্ঞতা থাকার কথা বলে আমি মনে করি। কোন আনরেকর্ডেড বর্গাদার ভাগচাষ অফিসারের কাছে দরখাস্ত করে প্রত্যাখ্যাত হয়েছে এই গ্রাউণ্ডে যে হি ইজ নট এ রেকর্ডেড বর্গাদার আমার মনে হয় এই রকম অভিজ্ঞতা কারো হয়নি, অন্য গ্রাউণ্ড থাকতে পারে। বর্গাদার যিনি তিনি যে নামেই অভিহিত হন না কেন, তিনি কিষাণই হোন বা জন মজুরই হোন বা অন্য কোন তাঁর নাম থাকুক তিনি বর্গাদারের সমস্ত অধিকার পাবেন। এই সম্বন্ধে যদি কোন দিন অসুবিধা হয়ে থাকে, মাননীয় সদস্য ভক্তিভূষণবাবু বললেন যে কিষাণ বলে যারা পরিচিত তারা আসলে বর্গাদার, কিন্তু যেহেতু কিষাণ নাম আছে সেহেতু বর্গাদারের সুযোগ সুবিধা লাভ করতে পারে না আমরা সেগুলি ভাল করে দেখবো এবং তাহলে সেগুলি মন দিয়ে করে দিতে পারবো।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4, in proposed sub-section (2), lines 1-2, the words "after the commencement of the West Bengal Land Reforms (Second Amendment) Act, 1965" be omitted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4, in proposed sub-section (2), in line 4, after the word "bargadar" the words "whether recorded as bargadar or not but acts as share-cropper though recorded as jan mazur by the owner of the land" be inserted was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 4, in proposed sub-section (2), in line 9, after the words "with both" the words "and the Act can be applied with retrospective effect from 1963" be inserted was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1965.

Shri Syamadas Bhattacharyya : Sir, I beg to introduce the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Syamadas Bhattacharyya : Sir, I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment), Bill, 1965, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৭ সালের পশ্চিমবংগ বাড়ী অধিকগ্রহণ ও নিয়ন্ত্রণ অস্থ বিধান আইনের আয়ুষ্কাল আগামী ৩১শে মার্চ শেষ হয়ে যাবে। সরকারী প্রয়োজনে যাতে সহজে বাড়ী অধিকগ্রহণ করা যায় তার উক্ত আইনে রাজ্য সরকারকে ক্ষমতা প্রদান করা হয়েছে। বর্তমানে প্রায় সাড়ে এগারো শত বাড়ী অধিকগৃহীত হয়ে আছে। সরকারী প্রতিষ্ঠান ও সরকারী কর্মচারী, সরকারী বিভাগ, সরকারী অফিসের জন্য সাধারণতঃ বাড়ী অধিকগ্রহণ করা হয়। এই রাজ্যে এমনিতে খুবই স্থানাভাব তার উপর বর্তমান জরুরী অবস্থায় আমাদের বাড়ীঘর পাওয়ার সমস্যাটা আরো জটিল হয়েছে। এই জন্য আমরা ঐ আইনের আয়ুষ্কাল ১৯৬৬ সালের ৩১শে মার্চের পরে আরো বর্ধিত করার প্রয়োজন বলে মনে করি এবং সেই জন্যই এই বিধেয়কটি মাননীয় সদস্যদের সামনে উপস্থিত করা হয়েছে। এই সমস্ত অধিকগৃহীত বাড়ী ছেড়ে দেবার জন্য সেই বাড়ীওয়ালাকে দখল দেবার বিধানও আছে আইনের ১০(৩) ধারায়। কোন কোন ক্ষেত্রে বাড়ীর দখল দিতে গিয়ে অসুবিধা হয়। কারণ বাড়ীওয়ালারা নিজে বা প্রতিনিধি মারফত উপস্থিত থাকেন না, সেখানে দখল দিতে অসুবিধা হয়। এই সমস্ত ক্ষেত্রে বাড়ী দখল দেবার ব্যাপারে যে অসুবিধা দেখা দিয়েছে সেই অসুবিধা দূর করার জন্য প্রয়োজনীয় বিধান বিলের ৩নং প্রকরণে সন্নিবিষ্ট করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়কটি কথা বলে আমি আমার প্রস্তাবটা মাননীয় সদস্যদের সামনে উপস্থিত করছি।

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1965 be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: I move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

Mr. Chairman: Honourable Members, starred questions replies to which have so far been received in office and have not yet been delivered in the House will be treated as unstarred questions and their answers will be circulated to the Members.

The House stands adjourned *sine die*.

Adjournment

The House was accordingly adjourned *sine die* at 5. 12 p. m.

Note : The Assembly was prorogued with effect from the 20th January, 1966, by notification No. 129, A. R., dated the 19th January, 1966, and published in the *Calcutta Gazette, Extraordinary*, dated the 19th January, 1966.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. XLI—No. 3—Forty-First Session (Nov.—January, 1965-66)

(The 16th, 17th, 20th, 21st December, 1965 and 5th, 6th, 7th, 10th, 11th, 13th, 14th, 17th, 18th and 19th January, 1966)

[(Q.) Stands for questions]

Abul Mansur Habibulla, Shri Saiyad

Average yield of Aman Paddy in West Bengal (Q.) : p. 359

Complaints of criminal activities against some employees of Kancharapara T. B. Hospital (Q) : pp. 18-24.

Debate on Food Policy for 1966 : pp. 262-65.

Non-official Resolution : pp. 777-81.

Adhicary, Shri Sailendra Nath

Action taken on the recommendation of W. B. Sadachar Samity (Q.) p. 959.

Allowances for Tahasildars (Q.) : p. 959.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 513-16.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : p. 754-56.

Cattles in Haringhata Dairy Farm (Q.) : p. 854.

Cultivation of Gunja (Q.) : p. 348.

Debate on Food Policy for 1966 : p. 257-58

Dismissal and suspension of State Government employees (Q.) : p. 177.

Distribution of Relif (Q.) : p. 763.

Mention Cases : p. 637.

Non-official Resolution : p. 157, 796-97.

Notice of an Adjournment Motion on the subject of strike of sweepers of Howrah Municipality : p. 562.

Periodicals published by State Government (Q.) : pp. 447-51.

Preparation of a list of food items with the Co-operation of WHO (Q) : p. 950.

Proposal of alternative food for the town-people (Q.) : p. 950.

Return of Refugee families from other States Q.) : p. 762.

Road from Jiagunj-Bagdahar point to Harirampur Ghat (Q.) : p. 954.

Seed Farm in Bhagwangola Block No I (Q.) : p. 833.

Unrealised Sales Tax (Q.) : p. 954.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : p. 66.

Adjournment Motion(s)

Notice of an—on the the subject of announcement of the Minister-in-Charge of Irrigation and Waterways Department regarding the price of plots of the Salt Lake township Scheme : p. 964.

Notice of an—on the subject of enhancement of procurement paddy as reported in the newspapers : p. 856.

Notice of an—on the subject of non-availability of rice in Nadia district : p. 964.

Notice of an—on the subject of non-supply of rice to persons of Berhampore town possessing lands : p. 697.

Notice on an—on the subject of reported decision of the Government to raise retail prices of rice ih the Calcutta rationing area : p. 856.

Notice of an—on the subject of reported decision of the Ministry of Education, Government of India, to defer the consideration of upward revision of pay scales of college teachers . p. 964.

Notice of an—on the subject of strike of sweepers of Howrah Municipality : p. 562.

Baksi, Shri Monoranjan

Cases of theft of paddy from the fields (Q.) : p. 559.

Cinemas in Burdwan district (Q.) : p. 559.

Closure of Husking Machines in Burdwan district (Q) : p. 942.

Debate on Food Policy for 1966 : pp. 331-32

Mahila Samity in Ausgram-Galsi and Kanksa police-stations, Burdwan : p. 318.

Non-official Resolution : p. 161

Opening of a police-station at Bud Bud (Q.) : p. 696.

Purchase of paddy by the Co-operative Societies of Burdwan district (Q.) : p. 547,

Scheduled Castes and Tribes students in Kanksa High School, Burdwan (Q.) : p. 621.

Tubewells, Ringwells, etc., in Burdwan district (Q) : p. 484.

Violation of Guest Control Order (Q.) : p. 359.

Bandyopadhyay, Shri Smarajit

Statement on the calling attention regarding acute food crisis in Memari police-station, district Burdwan, due to closure of rice mills : p. 867.

Statement on the of calling attention notice regarding acute scarcity of kerosene oil in Calcutta : pp. 487-88.

Statement on the calling attention regarding mass discontent of people in Baruipur P. S. in 24 Parganas for non-availability of rice : pp. 651-52.

Statement on the calling attention notice regarding seizure of rice and paddy by Police in cordon area without giving any receipt : p. 291.

Statement of a calling attention regarding sudden stoppage of ration in Berhampore to persons holding one bigha of land : p. 867.

Bandyopadhyay, Shri Smarajit

Statement on the calling attention notice regarding unemployment due to restriction on the trade of flat rice and fried rice : pp. 488-89.

Statement on the calling attention regarding want of supply of rice for meeting modified rationing in the deficit pockets of Mursidabad district : pp, 649-50.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : p. 51-52, 70-72, 74, 75, 79, 80, 82, 83, 84, 85, 87, 89, 91, 92, 94, 97, 101.

The West Bengal Cold Storage (Licensing & Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp 401, 402, 403, 404, 406.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 422-24.

Banerjee, Shri Baidyanath

Presentation of the Seventh Report of the Committee on Estimates by—: p. 50.

Bancrjee, Shri Bijoy Kumar

Appointment of Shri R. Gupta as adviser to the Chief Minister (Q) : p. 951.

The Calcutta Metropolitan Water and Sanitation Bill, 1965, as reported by the Select Committee : pp. 664-65.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 718-19, 741-44.

Mention Case : p. 639.

Non-official Resolution : pp. 794-96,

Banerjee, Shri Gopal

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 520-22.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 655-57, 682-83, 748-51.

Introduction of Statutory Rationing System in North Dum Dum and Naba Barrackepore municipal areas (Q) : p. 833.

Managing Committee of the retail Consumers' Co-operative Society in Calcutta (Q) : p. 121.

Non-official Resolution : pp. 151-55.

Refugee dole (Q) : p. 538.

Banerjee, Shri Jaharlal

Khandagosh-Chawkpurhit road (Q) : p. 909.

Bankura, Shri Aditya Kumar

Pumping Plant for Grow More Food Scheme (Q) : pp. 479-80.

Basu, Shri Abani Kumar

Absorption of graduate and under-graduate Special Cadre teachers of Howrah (Q): p. 191.

Alleged issue of Permit for bringing 2,000 quintals of rice from Bankura Police Co-operative Stores to Howrah (Q): p. 927.

Bargadars and Ahhiars (Q): p. 555.

Fisheries Department of Howrah district (Q): p. 855.

Government Jeep under the S. D. O., Uluberia (Q): p. 845.

Government Khas Land in Uluberia mauza, Howrah (Q): p. 476.

Grrnt of loans or sibsidies to fishermen for augmenting fish production (Q): p. 389.

Improvement of Agriculture (Q). p. 124.

Number of Original Side Suits, First Appeal and Second Appeals pending in the High Court at Calcutta (Q): p. 122.

Number of teachers in primary school in Howrah (Q): p. 203.

Order of District Magistrate on the movement of "Muri" and "Chira" (Q): p. 839.

Possession land in Uluberia mauza, Howrah (Q): p. 380.

Production of different varieties of food and seed in Uluberia Block I Agriculture Farm (Q): p. 554.

Publication of some news in the 'Jugantar' of the 5th November, 1965 (Q): p. 822.

Resuscitation of derelict tanks for pisciculture (Q): p. 922.

Schemes under the Rural Manpower Programme (Q): p. 355.

Basu, Shri Amarendra Nath

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965. as reported by the Select Committee: pp. 525-27.

Basu, Shri Gopal

Barrackpore-Kalyani Road (Q): p. 485.

Constructing metalling and maintenance of in-roads in 24-Parganas and Barrackpore subdivisions (Q): pp. 480-81.

Construction of a subway near Railway Station (Q): p. 221.

Dearth of medicine in the E S. I. dispensaries of 24-Parganas district (Q): pp. 453-54.

Deficit of rice and atta during 1965-66 (Q): p. 938.

Drainage System in the Dum Dum Jail (Q): p. 444.

Establishment of General Hospitals at Naihati and Bhatpara (Q): p. 128

Proposal for establishment of a hospital under Barrackpore Development Block (Q): p. 384.

Ration Soops in factories (Q): p, 938.

Supply of drinking water within the Bhatpara and Naihati municipality areas (Q): p. 765.

Supply af rice and atta in Barrackpore subdivision (Q): p. 938.

Treatment under E S. I. Scheme at Specialist Centres (Q): pp. 32-33.

Basu, Shri Hemanta Kumar

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 497-500.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 663, 680.

The Calcutta Metropolitan Water and Sanitation Bill, 1965, as reported by the Select Committee : p. 708.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 719, 746-48.

Notice af an Adjournment Motion on the subject of Strike of Sweepers of Howrah Municipality : p. 564.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965 : pp. 894-95.

Besterwitch, Shri A. H.

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965 : p 879.

Mention Case : p. 644

Bhaduri, Shri Panchu Gopal

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965 : pp. 880-81.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 573-76, 655, 680, 720.

Debate on Food Policy for 1966 : pp. 329-31.

Mention Case : p. 235.

Mention Case : pp. 633, 640.

Notice of an Adjournment Motion on the subject of failure of the State Government to provide promised ration from the 1st January to persons of "A" category in the rural areas : p. 392.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 418-20.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 978-80.

Bhattacharya, Dr. Kanai Lal

Allegation of corruption against one Inspector of Tols, Vangiya Sanskrita Shiksha Parishat (Q.) : p. 615.

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965 : pp. 879-80.

Central Model School, Calcutta (Q.) : p. 204.

Grant to some non-existent Tol by the Vangiya Samaskrita Shiksha Parishat (Q.) : p. 953.

Howrah Improvement Trust Tribunal (Q.) : p. 189.

Statement regarding alleging entertainment of guests by some relative of Shri Ardhendu Sekhar Naskar in violation of Guest Contral Order : p. 50

Bhattacharya, Shri Nani

Accident in the Calcutta Surgical Cotton Co. (Q) : p. 33.

Application for Provident Fund money by the retrenched employees of Cassimbazar Manindra Mill : pp. 5-7.

Debate on Food Policy for 1966 : pp. 312-15.

Extension of the Payment of Bonus Act to the public sector undertakings (Q.) : p. 956.

Loan to the Cossimbazar Bengal Texile Mill (Q.) : p. 533.

Notice of an Adjournment Motion on the subject of Failure of the State Government to provide promised ration from the 1st January to persons of "A" Category in the rural areas : p. 392.

Payment of minimum wages to the tea workers (Q.) : p. 920.

Protection of Plantation Workers from rain and cold (Q.) : p. 920.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965 : pp. 896-97.

Bhattacharyya, Dr. Abani

Debate on Food Policy for 1966 : pp. 335-36.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : p. 418.

Bhattacharyya, Shri Mrigendra

Air Conditioning of Ministers' and Officers' Rooms (Q.) : p. 372.

Collection of revenue from tea-garden areas (Q.) : p. 556.

Convicted Prisoners (Q.) : p. 271.

Cultivable fallow lands in Ghatal subdivision Q.) : p. 555.

Office of Divisional Commissioner (Q.) : p. 370

Recruitment of persons in West Bengal Police and West Bengal Armed Police Services (Q) : p. 351.

Requisition of Police Force from other States (Q.) : p. 361.

Spurious Drug Manufacturing Factory (Q.) : p. 352.

Bhattacharyya, Shri Shyamadas

Statement of a Calling Attention regarding disposal of applications for Salt Lake Plots : p. 767.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 972, 986-89, 993-94.

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1965 : p. 995-96.

Bill(s)

The West Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment)—, 1965 : p. 876.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority—, 1965, as reported by the Select Committee : p. 424.

Bill(s)

The Calcutta Metropolitan Water and Sanitation Authority—, 1965, as reported by the Select Committee : p. 494.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority—, 1965, as reported by the Select Committee : p. 570.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority—, 1965, as reported by the Select Committee : p. 699.

The West Bengal Cold Storage (Licensing and Regulation)—.1965, as passed by the West Bengal Ligislative Council : pp. 51-98, 100-102.

The West Bengal Cold Storage (Licensing and Regulation)—, 1965, as passed by the West Bengal Legislative Council : p. 399.

The West Bengal Cold Storage (Licensing and Regulation)—,1965, as passed by the West Bengal Legislative Council : p. 412.

The West Bengal Land Reforms (Second Amendment)—, 1965 : p. 972.

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment)—, 1965 : p, 995.

The West Bengal Slum Areas (Improvement and Clearances)—, 1965 : p. 883.

Calling Attention(s)

Statement of a—regarding acute food crisis in Memari police-station, district Burdwan, due to closure of rice mills : p. 867.

Statement of a—regarding acute scarcity of kerosene oil in Calcutta : pp. 487-88.

Statement on a—regarding agitation in Alipurduar subdivisin of levy on holding up to 7 acres of land and fixation of price of paddy at Rs.18 : p. 225.

Statement on a—regarding closure of husking machines in the district of Burdwan : p. 223.

Statement of a—regarding disposal of applications for Salt Lake Plots : p. 767.

Statement on—regarding mass discontent of people in Baruipur P. S. in 24-Parganas for non-avilability of rice : p. 651.

Statement on—regarding mass discontent of peolle in Baruipur P. S, in 24-Parganas for non-avalability of rice : p. 651.

Statement on a—regarding mass scale desertion of East Pakistan refugees from Maharastra now staying at Howrah station and road-side railway stations : p. 222.

Statement on a—regarding reported letter of Shri M. C. Chagla, Union Education Minister, regarding legislation on university : p. 223.

Statement on a—regarding seizure of rice and paddy by Police in cordon area without giving any receipt : p. 291.

Statement of a—regarding sudden stoppage of ration in Berhampore to persons holding one bigha of land : p. 867.

Statement on a—regarding unemployment due to restriction on the trade of flat rice and fried rice : pp. 488-89.

Statement on—regarding want of supply of rice for meeting modified rationining in the deficit pockets of Murshidabad district : p. 649.

Chairman, Mr.

Conveying thanks to Honourable Members participating in the Debate on Food Policy for 1966 :

Chakravarty, Shri Haridas

Alleged violation of Shops and Establishments Act in Sales Division of Jay Engineering Works Ltd. (Q) : p. 445.

Bogus Ration Cards in Konnagar-Rishra Sub-area (Q) : p. 943.

Debate on Food Policy for 1966 : pp. 294-95.

Government Khas Lands in Salanpur police-station, Asansol (Q) : p. 128

Introduction of State buses in some routes by Durgapore State Transport Authorities (Q) : p. 201.

Non-official Resolution : pp. 785-88.

Squatters' Colonies (Q) : p. 536.

Chakravarty, Shri Hrishikesh

Cement for Midnapore district (Q) : p. 691.

Fallow lands vested in Government in Egra police-station, Midnapore (Q) : p. 125.

Lumps grants sanctioned to Anchal Panchayats under Egra I and II Blocks, Midnapore (Q) : p. 290.

Registered Co-operative Societies in Egra police-station, Midnapore (Q) : p. 391.

Chattaraj, Dr. Radhanath

Alarm bell in the Presidency Jail (Q) : p. 443.

Badsahi Road (Q) : p. 287.

Cultivable fallow lands in Birbhum ditrict (Q) : pp. 464-65.

Irrigation Scheme in Rajnagar police-station, Birbhum (Q) : pp. 476-77.

Junior High, High and Multipurpose Schools in Birbhum district (Q) : p. 930.

Langalhata Beel Drainage Scheme (Q) : p. 221.

Paddy Purchasing Centres in Birbhum district (Q) : p. 696.

Recommendation of the Flood Enquiry Committee, 1959, on the Mayurakshi Basin Scheme (Q) : p. 848.

Treatment and training in the School of Physical Medicine attached to the S. S. K. M. Hospital (Q) : pp. 387-88.

Choubey, Shri Narayan

Chief Minister's tour of collection of money for National Defence Fund (Q) : p. 819.

Civil Defence Organisation(s) : p. 840.

Deep Tubewells (Q) : p. 836.

Direction issued by the S. D. O., Sadar South Mednapore, regarding distribution of kerosene oil in Kharagpur (Q) : p. 212.

Verification of antecedents of Government employees (Q) : p. 213.

Chunder, Dr. Pratap Chandra

Motion for extension of time for presentation of report of the Committee on Public Accounts : p. 237.

Non-official Resolution : pp. 799-801.

Committee(s)

Presentation of Report of the Select—on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 : p. 293.

Presentation of the Seventh Report of the—on Estimates by Shri Baidyanath Banerjee : p. 50.

Conviction of Member : p. 394.

Das, Shri Anadi

Arrest of blackmarketeers in baby food in Calcutta and Howrah (Q) : p. 824.

Basis of allotment of doctors, nurses and compounders in hospitals (Q) : p. 275.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 519-20, 722-23.

Mention Case : pp. 51, 235, 633, 638.

Non-official Resolution : p. 162.

Non-official Resolution : pp. 797-99.

Notice of an Adjournment Motion on the Subject of Strike of Sweepers of Howrah Municipality : p. 564.

Pay-scales of the Pharmacists (Q) : p. 214.

Private wholesale trade in Paddy and Rice (Q) : pp. 466-67.

Purchase of Paddy by the Government (Q) : p. 466.

Scheme No. 13 of the Howrah Improvement Trust (Q) : p. 609.

Supply of rice and wheat through ration shops in Jagachha police-station (Q) : p. 839.

Total acerage of land under paddy cultivation and production of rice per acre (Q) : p. 376.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : p. 421.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 977-78.

Das, Shri Ananga Mohan

Advisory Committee for Primary Health Centre (Q.) : pp. 45-46.

Alleged drawal of fictitious bills of pay, allowances, etc., in the West Bengal Fire Services Directorate (Q.) : p. 929.

Applications for Corrugated Iron Sheet in Midnapore district (Q.) : p. 922

Arrest of dealers in mustard oils and seeds in Midnapore district (Q.) : p. 282.

Arrests in Midnapore district for unlawful trade in rice and paddy (Q.) : p. 835.

Das, Shri Ananga Mohan

Arrest of Pak infiltrators in West Bengal (Q.) p. 946.

Arrests of persons during Indo-Pak conflict (Q.) : p. 461.

Bonus to employees of State Government Industrial Undertakings (Q.): p.1

Cinema rules (Q.) : p. 923.

Cinemas in Tamluk subdivision (Q.) : p. 923.

Co-operative rice mills in Midnapore district (Q.) : p. 551.

Complaints against the Managing Committees of Secondary Schools in Midnapore district (Q.) : p. 605.

Construction of Roads in Middapore district (Q.) : p. 908.

Consumers Co-operative Stores in Midnapore district (Q.) : p. 368.

Crimes in Midnapore district (Q.) : pp. 461-62.

Cultivation of Coconuts and Betel-nuts (Q.) : p. 818.

Cultivation of Cotton (Q.) : p. 922.

Deputation pay to the teachers undergoing training at the Tamluk College (Q.) : p. 767.

Distribution of seedlings from Moyna Block, Midnapore (Q.) : pp. 467-69.

Distribution of seedlings from Moyna and Pingla Blocks, Midnapore (Q.) : pp. 271-73.

Drainge Schemes in Midnapore district (Q.) p. 915.

Effect of Milk Product Control Order on the sweetmeat (Q.) : p. 929.

Elections to Anchal Panchayats throughout the State (Q) : p. 767.

Expenditure incurred for the welfare of Scheduled Castes and Tribes people in Midnapore district (Q.) : pp. 283-86.

Factories for manufacturing instruments for technical education (Q.) : p. 180.

Factories for producing Engineering equipments in Howrah (Q.) : p. 550.

Financial assistance to the Scheduled Caste students in Mayna police-station, Midnapore (Q.) : pp. 41-42.

General registered cases and Title suits (Q.) : p. 924.

Government godowns for storing rice and paddy in Midnapore district (Q) : p. 215.

Government Grant to the Board of Secondary Education (Q.) : p, 929.

Government khas lands (Q.) : p. 846.

Government Motor Boats, Steam Boats and Steamers (Q) : 959.

Grants to the Anchal Panchayats of Midnapore district (Q.) p. 853.

Grants to the Calcutta University (Q.) : p. 618.

Grant to the West Bengal Board of Secondary Education for books printed and published by foreign publishers (Q.) : p. 851.

Import of mustard oil (Q.) : p. 840.

Junior Basic School (Q.) : p 767.

Loan and grant-in-aid sanctioned for the expansion of Industries (Q.) : p. 973.

Loans sanctioned for reclamation of tanks in Midnapore district (Q.) : p. 390.

Das, Shri Ananga Mohan

M. R. Dealers in Midnapore district (Q.) : p. 934.

Mayna-paramanandapur-Pingla road (Q.) : p. 918.

Moharars in the Joint Sub-Registry office of Tamluk and Moyna (Q.) : p. 374.

Number of cases pending in the High Court at Calcutta (Q.) : p. 125.

Number of Pakistani Nationals without valid passports detected in West Bengal (Q.) : p. 849.

Nursing personnel in the State Hospitals in Calcutta (Q) pp. 42-43.

Part-time appointment of primary school teachers (Q.) : p. 205.

Pisciculture Research Centres (Q) : p. 203.

Police-search in Industrial Concerns of Calcutta (Q.) : p. 946.

Prevention of clandestine trade in rice and paddy in Midnapore district (Q.) : p. 924.

Primary Health Centres under Pingla and Moyna Development Blocks (Q.) : p 949.

Primary Schools in Calcutta (Q.) : p 625.

Primary teachers in Midnapore district (Q.) : p. 616.

Primary vaccination at Jalchawk in Midnapore district (Q.) : p. 435.

Primary vaccination in the village of Jalchawk in Midnapore district (Q.) : pp. 444-45.

Procurement of rice and paddy (Q) : p. 946.

Procurement of rice and paddy in Midnapore district (Q) : p. 924.

Re-Categorisation of Ration Cards (Q.) : p. 949.

Realisation of Agricultural loan (Q.) : p. 845.

Reclamation of Khals and construction of Bridge in Midnapore district (Q) : p. 463.

Sale of Baby Food (Q.) : p. 948.

Seizure of Paddy (Q.) : p. 486.

Seizure of rice from the Calcutta-coming trains in S. E. Railway (Q.) : pp. 282-83.

Staffs under Smallpox Eradication Scheme (Q.) : pp. 454-58.

Supply of Cement and Tin in Tamluk subdivision, Midnapore (Q.) : p. 125.

T. A. and D A. drawn by B. D. O's. and Panchayat Supervisors of Blocks of Moyna, Tauluk, Panchkura and Pingla P. Ss., Midnapore (Q.) : pp. 40-41.

T. A., D. A., etc., drawn by Subdivisional Magistrates and Civil Supply Officers of Midnapore district (Q.) : p. 384.

Test relief schemes for Moyna police-station, Midnapore (Q.) : p. 216.

Unclaimed Chhana (Q.) : p. 766.

Wakf Estate in Midnapore district (Q.) : pp. 279-82.

Yatra Party in Midnapore district (Q.) : p. 370.

Das, Shri Nikhil

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 502-508.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 659-61, 671-72, 674-75, 678-80, 686.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 699-700, 703, 705-706, 716-17, 730, 740, 751-54.

Mention Case : pp 236, 636.

Minimum Wages for the Workmen in Glass Industry (Q) : p. 32.

Non-ferous Metal Factories (Q.) : p. 115.

Non-official Resolution : p. 170.

Non-official Resolution : pp. 788-91.

Notice of an Adjournment Motion on the subject of Failure of the State Government to provide promised ration from the 1st January to persons of "A" Category in the rural arears : p 392.

Notice of an Adjournment Motion on the subject of Strike of Sweepers of Howrah Municipality : p. 564.

Pay Scales of Typists in the Directorate and in the Secretariat (Q.) : p. 612.

Rution for Labourer (Q.) : p. 933.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp 421-22.

Das, Shri Shambhu Gopal

Non-official Resolution : p. 155.

Das, Shri Sudhir Chandra

Implementation of the Levy Order on Paddy (Q.) : p. 813.

Mention Case : p. 643.

Posting of Policemen before the Midnapore Congree Bhawan during July-August, 1965 (Q.) : p. 820

Realisation and non-Realisation of Canal Tax at village Chakta, Burdwan (Q.) : p. 363.

Receipts of Contribution to National Defence Fund in Midnapore (Q.) : p. 837.

Sabajpur Sambodhi Siksha Tirtha, Midnapore (Q.) : p. 625.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 983-85.

Das Gupta, Shri Khagendra Nath

Non-official Resolution : pp. 771, 803.

Das Gupta, Shri Sunil

Debate on Food Policy for 1966 : pp. 268-70.

Number of Ration Cards and their units in Cooch Behar district (Q.) : p. 289.

Procurement of Rice from Rice Mills in Cooch Behar district through Levy System (Q.) : p. 362.

Das Mahapatra, Shri Balai Lal

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp 516-18.

Debate on Food Policy for 1966 : pp. 334-35.

Grants to Ramnagar Balika Vidyalaya, Midnapore (Q. : p. 696.

Procurement of Paddy in Manikara Village of Amta police-station (Q.) : p. 833.

Sadi High School and Sadi Senior Basic High School, Midnapore (Q.) : p, 209.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 975-77, 992.

Debate on Food Policy for 1966 : pp. 237-70, 293-344.

Dey, Shri Jiban Krishna

Damage to Cooch Behar Jail (Q.) : pp. 7-9.

Debate on Food Policy for 1966 : pp. 299-303.

Factories for making stone-powder at Cassipore (Q.) : p. 120.

Food Crops damaged by hail-storm in Cooch Behar district (Q.) : p. 542.

Government Sponsord Schools in C.I.T. Estates (Q.) : p. 198.

Mention Case : pp. 134; 645.

N. E. S. Blocks in Tufangunj subdivision (Q) : p. 834.

Non-official Resolution : pp. 801-802.

Subdivisional Officer for Tufanganj subdivision (Q.) : p. 840.

The West Bsngal Cold Storage (Licensing and Rugulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 65, 420-21.

Dhibar, Shri Radhika

Cases of theft and dacoities in Bishnupur and Joypur police-stations (Q.) : p. 559.

Deep tubewells in Bishnupur and Joypur police-stations, Bankura (Q.) pp. 483-84.

Relief and Social Welfare Committee (Q.) : pp. 482-83.

Supply of Sugar in Bankura Sadar subdivision (Q.) : p. 214.

Unemployed persons in Bishnupur subdivision, Bankura (Q.)

Wheat Grinding Centres at Bishnupur, Bankura (Q.) : p. 388.

Division(s)

pp. 85, 92, 97, 138, 175, 407-11, 588-89, 603, 670-71, 687, 712, 726-27.

Dutta, Shri Asoke Krishna

Debate on Food Policy for 1966 : pp. 249-55.

Ghosh, Shri Deb Saran

Debate on Food Policy for 1966 : pp. 296-98.

Mention Case : p. 134.

Ghosh, Shri Sambhu Charan

Bandel Thermal Power Station (Q.) : p. 539.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : p. 522 25.

Electrification of Deep Tubewells (Q) p. 122.

Gouripur Electrical Supply Company (Q.) : p. 118.

Introduction of free and compulsory primary education in municipal areas (Q.) : p. 204.

Opening of post-graduate and Law classes in the Hooghly Muhsin College (Q) : p. 193.

Per-Capita Expenditure in different types of Schools (Q.) : p. 381.

Persons affected by the Bandel Thermal Power Station (Q.) : p. 551.

Private Electric Companies under the State Government management (Q.) : p. 117.

Private Members' Business : pp. 135-37.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 400, 405, 412.

Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar

'Calories' in Certain fruits and Vegetables (Q.) : p. 561.

Golam Yazdani, Dr.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 661-63.

Debate on Food Policy for 1966 : pp. 336-38.

Land of jurisdiction list No. 136, mauza Sanjip, Kharba police-station, Malda (Q) : p. 919.

Mention Case : p. 643.

Prize for facilitating arrest of Pak spies (Q.) : p. 286.

Stoppage of supply of rice from Modified Ration Shops in Kharba P. S., Malda (Q) : p. 361.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 ; pp. 980-82, 991-92.

Guha, Shri Kamal Kanti

Debate on Food Policy for 1966 : pp. 303-307.

Halder, Shri Adhar Chandra

Debate on Food Policy for 1966 : pp. 298-99.

Deep Tubewells for Sundarban Anchal (Q.) : p. 365.

Haldar, Shri Mahananda

Appointment of untrained teachers in Primary Schools. (Q.) : p. 612.

Hamal, Shri Bhadra Bahadur

Debate on Food Policy for 1966 : pp. 311-12.

Supply of gram in the hill subdivisions of Darjeeling district (Q.) : p. 945.

Supply of rice and charcol to Jawans when on leave (Q.) : p. 949

Hazra, Shri Monoranjan

Durgapur Expressway (Q) : p. 274.

Financial Assistance to the Libraries in Hooghly district (Q.) : p 391.

Labourers engaged in Rope-making Industry in some anchals of Serampur Subdivision (Q.) : p. 477

Loans granted to Fishermen in Hooghly district (Q.) : p. 627.

Potable Water in Dum Dum Central Jail (Q) : p. 387.

Potato purchase loan in Hooghly district (Q.) : pp. 286-87.

Quarters for the Jail Warders of Dum Dum Central Jail (Q.) : p. 387.

Rabindra Rachanabali (Q) : p. 476.

Ration Card holders in some municipalities of Hooghly district (Q) : p. 835

Special leave for the warders of Dum Dum Central Jail (Q.) : p. 479.

T. B. allowances for the warders of Dum Dum Jail (Q.) : p. 479.

Josse, Shri Lakshmi Ranjan

Border Police (Q.) : p. 934.

Mention Case : p. 645.

Kisku, Shri Mangla

Isolation ward of the Balurghat General Hospital (Q.) : pp. 481-82.

Kundu, Shri Gour Chandra

Debate on Food Policy for 1966 : pp. 237-42.

Mention Case : p 134.

Notice of an Adjournment Motion on the subject of non-anailability of rice in Nadia district : p. 964.

Lahiri, Shri Somnath

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 494-97.

Notice of an Adjournment Motion on the subject of enhancement of procurement of paddy as reported in the Newspapers and reported decision of the Government to raise retail prices of rice in the Calcutta Rationing Area : pp. 857-58.

Procurement of Rice from Rice Mills (Q.) : p. 355.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965 : pp. 889-94.

Leave of Absence : pp 135, 646.

Mahata, Shri Mahendra Nath

Auction Sale forests in Jambani police-station (Q.) : p. 121.

Main items in Agricultural Development in the Third Plan period (Q.) : p. 126.

Small Irrigation Schemes in Jhargram and Midnapore Sader North subdivisions (Q.) : p. 382.

Mahata, Shri Surendra Nath

Deep tubewell in Midnapore District (Q.) : pp. 276-78.

Fishermen Co-operative Societies in Jhargram subdivision (Q.) : p. 560.

Forest area under Government Control in Jhargram subdivision (Q.) : p. 560.

Junior High Schools in Jhargram subdivision (Q.) : p. 847.

Number of Blocks in Midnapore district (Q.) : 854.

Modified Ration Shops in Binpur Blook I, Midnapore (Q.) : p. 208.

Modified Ration shops in Binpur Block II, Midnapore (Q.) : p. 209.

Modified Ration Shop in Gopiballavpur Block I, Midnapore (Q.) : p. 207.

Modified Ration Shop in Gopiballavpur Block II, Midnapore (Q.) : p. 207.

Modified Ration Shops in Janbani Block, Midnapore (Q.) : p. 206.

Modified Ration Shops in Jhargram Block (Q.) : p. 205.

Modified Ration Shops in Nayagram Block, Midnapore (Q.) : p. 206.

Modified Ration Shops in Sankrail Block, Midnapore (Q.) : p. 208.

Old Age Pension Scheme in Binpur Block I, Midnapore (Q.) : p. 37.

Old Age Pension Scheme in Binpur Block II, Midnapore (Q.) : p. 37.

Old Age Pension Scheme in Gopiballavpur Block I, Midnapore (Q.) : p. 36.

Old Age Pension Scheme in Gopiballavpur Block II, Midnapore (Q.) : p. 36.

Mahata, Shri Surendra Nath

Old Age Pension Scheme in Jambani Block, Midnapore (Q.) : p. 37.

Old Age Pension Scheme in Jhargram Block, Midnapore (Q.) : pp. 36-37.

Old Age Pension Scheme in Nayagram Block, Midnapore (Q.) : p. 36.

Old Age Pension Scheme in Sankrail Block, Midnapore (Q.) p. 35.

Orphanages (Q.) : p. 374.

Procurement of Paddy in Binpur police-station, Midnapore (Q.) : pp. 474-75.

Procurement of Paddy in Gopiballavpur police-station, Midnapore : p. 692.

Price of Paddy and Rice in Jhargram subdivision (Q.) : p. 467.

Procurement of Paddy in Jhargram police-station, Midnapore (Q.) : pp. 472-73.

Procurement of Rice in Jamboni Block, Midnapore (Q) : p. 925.

Procurement of Rice in Nayagram police-station, Midnapore (Q.) : pp. 486-87.

Procurement of Rice in Sankrail police-station, Midnapore (Q.) : pp. 470-71.

Ration Cards at Jhargram (Q.) : p. 373.

Surrender of Sanctioned Money from Gopiballavpur Block II, Midnapore (Q.) : p. 38.

Upgrading of Junior High Schools in Jhargram subdivision (Q.) : p. 622.

Upgrading of 4-Class High Schools into 10-Class High Schools in Jhargram subdivision (Q.) : p. 375.

Mahato, Shri Girish

Cancellation of M R. Dealership in Purulia district (Q) : p. 366.

Debate on Food Policy for 1966 : pp. 255-57.

Inspection of M. R. Shops by D. E. B. Police in Purulia district : pp. 465-66.

Mention Case : p. 642.

Non-official Resolution : p. 160.

Requisition of paddy in Purulia district (Q) : p. 486.

T. R. Schemes sanctioned for Purulia district (Q) : pp. 388 89.

Yield rate and procurement method of paddy in the districts of West Bengal (Q) : p. 129.

Maitra, Shri Kashikanta

Cultivation of Sugarcane in Nadia district (Q) : p. 851.

Debate on Food Policy for 1966 : pp. 315-20.

Distribution of Jute Seeds to the peasants of Kotwali police-station, Nadia (Q) : p. 46.

Maitra, Shri Kashikanta

Grow More Food Scheme in Falakata, Mairadanga and Deogaon Anchals, Jalpaiguri (Q); p. 360.

Notice of an Adjournment Motion on the subject of announcement of the Minister-in-charge of Irrigation and Waterways Department regarding the price of plots of the Salt Lake Township Scheme: p. 964.

Notice of an Adjournment Motion on the subject of failure of the State Government to provide promised ration from the 1st January to persons of "A" category in the rural area : p. 392.

Number of persons knocked down by private Motor Cars in Tollygunge area (Q): p. 927.

Prafulla Krisit Parishad (Q) : p. 606.

Reference under rule 194 : p. 132.

River-side lands (Q) : p. 464.

Want of accommodation in the High Court Building (Q) : p. 349.

Maiti, Shrimati Abha

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill 1965 : 876.

Statement of a Calling Attention on the subject of mass scale desertion of East Pakistan refugees from Maharastra now staying at Howrah station and roadside railway station : p, 222.

Majhi, Shri Kandru

Fixation of price of paddy (Q) : p. 365.

Inspection of Rice Mills in Purulia district (Q) : p. 367.

Names of M. R. Dealers residing within five miles of border area in Purulia district (Q) : p. 365.

Purchase of paddy in Purulia district (Q) : p. 465.

Majumdar, Shri Apurbalal

Debate on Food Policy for 1966 : pp. 225-29.

Non-official Resolution : pp. 147-51, 781-84.

Release of D. I. R. detainees (Q) : p 809.

Supply of fish in Greater Calcutta (Q) : p. 610.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 56-59, 75-77, 87, 88, 89-90, 92, 95-96.

Mandal, Shri Adwaita

Mention Case : p. 50.

Modified rationing operation in the districts of Purulia and Murshidabad (Q): p. 391.

M. R. Shops in Purulia districts (Q) : p. 628.

Outbreak of Cholera in Purulia district (Q) : pp. 24-27.

Total area of forests in Purulia district and scheduled rate of full (Q): p. 380.

Mandal, Shri Bhakti Bhusan

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : p. 582-84.

Debate on Food Policy for 1966 : pp. 242-44.

Mention Case : p. 633.

Small Irrigation Scheme in Rajnagar, Khayrasol, Dubrajpur and Ilambazar Blocks, Birbhum (Q) : pp. 39-40.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp. 985-86.

Mitra, Shrimati Ila

Attention drawn to the Survey reports published in the newspapers about Primary Schools under the Corporation of Calcutta : p. 50.

Building of the Sarada Prosad Institution for Girls, Ultadanga (Q) : p. 957.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority ·Bill, 1765, as reported by the Select Committee : pp. 578-80.

Mention Case : p. 50.

Notice of an Adjournment Motion on the subject of reported decision of the Ministry of Education, Government of India, to defer the considaration of upward revision of pay scales of College teachers : p. 964.

Opening of Milk Canteen at B. R. S. Scheme No. 10, Kankurgchi (Q) : p. 855.

Proposal for the extension of Bus Route No. 9 (Q) : p. 957.

Rehabilitation of slum-dwellers of Manicktolla area : p. 530.

Mondal, Shri Dulalchandra

Yield rate of paddy in Sankrail police-station, Howrah (Q) : p. 380.

Mukherjee, Shri Girija Bhusan

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 720, 756-58.

Recommendation of Central Wage Board on jute (Q) : p. 955.

Mukherjee, Shri Saila Kumar

The Calcutta Metropolitan Water and Senitation Authority Bill, 1965 as reported by the Select Committee : pp. 424-31, 584-87, 652-57. 665-70, 672-74, 675-78 683-86. 701, 702, 704, 708-11, 723-24, 729, 730-31, 732, 733-34, 735-36, 737-39, 741, 758-60.

Notice of an Adjournment Motion on the subjejt of Strike of Sweepers of Howrah Municipality : pp. 566-67.

Presenting the Report of the Select Committee on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 : p. 293.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965 : pp. 883-87, 898-99.

Mukhopadhyay, Shri Ananda Gopal

Debate on Food Policy for 1966 : pp. 307-10.

Non-official Resolution : pp. 776-77.

Mukhopadhyay, Shri Bhabani

Alleged sanction of house building loan to Scheduled Castes people in Chinsura police-station, Hooghly (Q) : p 694.

Institution of Suits in Chandernagore subdivision under D.I.R. : p 273.

Preservation of the library at Chandernagore (Q) : p 847.

Provident Fund Rules for the teachers and employees of the Chandernagore Municipal Corporation (Q) : p 128.

Purchase of milk in Midnapore, Howrah, Burdwan and Hooghly Jails (Q) : p. 920.

Mukhopadhyay, Shrimati Purabi

Non-official Resolution : pp. 165 70, 773.

Private Members' Business : pp. 137-38.

Mukhopadhyay, Shrt Rabindra Nath

Alarm bell in the Presidency Jail (Q) : p 443.

Amount allotted for the flood control and town protection scheme in West Dinajpur district (Q) : p. 479.

Comb Industries (Q) : p. 933.

Computation of cost of living innex figures (Q) : pp. 14-16.

Period of suspension of the Industrial Workers (Q) : pp. 29-32.

Protection of Balurghat town (Q) : pp. 386 87.

Schemes for Water Supply and Drainage for South Subuarban Municipality (Q) : p. 378.

Street accidents in the Diamond Harbour Road (Q) : p. 381.

Murmu, Shri Nathaniel

Alleged assault on the Officer-in-charge of Khardaha police-station by two Militaryman (Q) : p 834.

Debate on Food Policy for 1966 : pp 247-49.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 69, 87, 100, 417-18.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : pp 974-75.

Naskar, Shri Ardhendu Sekhar

Mention Case : p 51.

Statement on a Calling Attention on the subject of agitation in Alipurduar subdivision about remission of levy on holding up to 7 acres of land and fixation of price of paddy at Rs. 18 : p. 225.

Statement on a Calling Attention on the subject of closure of husking machines in the district of Burdwan : p. 223.

Non-official Resolutions : pp. 140-74.

Obaidul Ghani, Dr. Abu Asad Muhammad

Alleged cremation of the dead body of Santi Dutta by police without his mother's knowledge (Q): p. 831.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 as reported by the Select Committee: pp. 576-78, 658, 708, 719-20.

Mention Case: p. 641.

Notice of an Adjournment Motion on the subject of Strike of Sweepers of Hawrah Municipality: pp. 565-66.

Tuberculosis Relief Association, Calcutta (Q): pp 27-29.

Obituary Reference(s)

pp. 103, 807.

Pal, Shri Bijoy

Alarm bell in Presidency Jail (Q): p. 443.

Bogus Ration Cards at Asansol (Q): p. 476.

Inclusion of the village Dakshin Dhadka within Asansol Municipality (Q): p. 389.

Lands in Asansol subdivision (Q): p. 482.

Municipal market at Chelidanga, Asansol (Q): pp 43-44.

Ration for the coal mines labour in Asansol subdivision (Q): p. 482

Setting up Panchayats throughout the State (Q): p. 558.

Pal, Shri Kanai

Alleged selling of rice at Rs. 2 50 to Rs. 3·00 per kg. in Nadia and Howrah (Q): p. 930.

Anchal Panchayats in Santipur Block, Nadia (Q): p. 628.

Bakeries and Biscuit Factories in Nadia district (Q): p. 697.

Bus Routes under R. T. A., Nadia (Q.): p. 129.

Cases filed in connection with general election of the Santipur Municipality (Q.): pp. 44-45.

Deed Registry Office at Santipur, Nadia (Q.): p. 288.

Deep tubewells in Nadia district (Q.): p. 851.

Diet of the patients of the Dhubulia T. B. Hospital, Nadia (Q.): pp. 12-14.

Dilapidated condition of Primary School at Methiadanga (Q.): p. 625.

Distribution of blankets among the prisoners (Q. : p. 930.

Distribution of Gratuitous relief (Q.): p. 540.

Distribution of Gratuitous Relief in Nadia district (Q.): pp. 218, 89.

Distribution of Gratuitous Relief in Ranaghat subdivision (Q.): p. 219.

Distribution of rationed articles in Santipur police-station (Q): p. 834.

Pal, Shri Kanai

Failure of Electricity in the Presidency Jail (Q.) : p. 850.

Facilities of fishing in tanks within the Presidency Jail Compound to the detenues (Q.) : p. 386.

Nadia District Hospital and Ranaghat Subdivisional Hospital (Q.) : pp. 287-88.

Number of periodicals published from Nadia district (Q.) : pp. 385-86.

Provident Fund money of the employees of Ranaghat Municipality (Q.) : p. 195.

Recipient of old age persion in Nadia district (Q.) : p. 220.

Santipur Veterinary Hospital (Q.) : p. 289.

Supply of butter to the patients of a few hospitals in Calcutta (Q.) : p. 35.

Supply of fish to the patients of Medical College Hospitals, Calcutta (Q.) : p. 34.

Point of Personal Explanation

by Shri Birendra Narayan Roy on certain reference made to him in course of debate on Food Policy for 1966 by Shri Ananda Gopal Mukherjee : p. 311.

Police Restriction on Hawkers

pp. 431-33.

Pramanik, Shri Puranjoy

Co-operative rice mills in Burdwan district (Q.) : p. 550.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council : pp. 62-64.

Presentation of Report of Committee on Public Accounts

p. 698.

Private Members' Business

pp. 135-39.

Raha, Shri Sanat Kumar

Alleged Smuggling of rice from North Bengal to Nepal (Q.) : p. 943.

Allowances for the political sufferers (Q.) : p. 957.

Application of Levy Order on the share croppers holding two to five acers of lands (Q.) : p. 936.

Borstal School at Berhampore (Q.) : p 944.

Brochure titled "Janar Katha" (Q.) : p 911.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 as reported by the Select Committee : pp. 652-53.

Raha, Shri Sanat Kumar

Cottages of Berhampore Sadar Hospital (Q.) : pp. 458-59.

Cultivation by Bargadars (Q) : p. 557.

D. P. Agent, Rice Mills and Co-operative Societies in Murshidabad (Q.) : p. 487.

Distribution of gratuitous relief in Radharghat Anchal, Berhampore (Q.) : p. 850.

Drainage Scheme in Berhampore police-station (Q) : p. 902.

Effect of Levy on Bargadars (Q.) : p 928.

Effect of New Food Policy on the free sale of rice (Q.) : p. 928.

Electrification of deep tubewells (Q.) : p. 363.

Electrification Scheme for rural areas of Murshidabad district (Q.) : p. 942.

Expenditure for the welfare of Scheduled Castes and Tribes people of Murshidabad district (Q) : p 104.

Family allowances to the D.I.R Detenus (Q.) : p. 378.

Fishermen Co-operative Society (Q.) : p. 286.

Free and Compulsory Primary Education in Midnapore areas (Q.) : p. 607.

Government Khas lands in the Char areas of the Padma (Q.) : p. 917.

Gram-dan (Q.) : p. 359.

Implementation of declaration of bonus by factory owners (Q.) : pp 9-12.

Levy on Paddy (Q.) : p. 376.

Levy system (Q.) p. 927.

Loan by the Rehabilition Industries Corporation to the Cossimbazar Bengal Textile Mills (Q.) : p. 533.

Mention Case : p. 51.

Mention Case : p. 633.

Minimum wages and increased dearness allowance of the employees of the Berhampore Municipality (Q.) : p. 478.

Notice of an Adjournment Motion on the subject of enhancement of procurement of paddy as reported in the Newspapers : p. 856.

Notice of an Adjournment Motion on the subject of non-supply of rice to persons of Berhampore town possessing lands : p. 697

Number of D. P. Agents and Co-operative Societies appointed for procurement of rice and paddy (Q.) : p. 936.

Orphanage at Berhampore (Q.) : p. 620.

Paddy purchasing centre at Nima in Baroa police-station, Kandi subdivision (Q.) : p. 933.

Particulars of some categories of land (Q.) : p. 948.

Payment of bonus in Cossimbazar Manindra Mill and B. T. Mill (Q.) : p. 34.

Raha, Shri Sanat Kumar

Payment of bonus in factories (Q.): pp. 1-5.

Payment of minimum wages to the labourers of municipalities (Q.): p. 436.

Pisciculture programme in Bishnupur, Katiganga, Chaltia and Bhandar Beels in Berhampore P. S. (Q.): p. 617.

Procurement of rice after March, 1966 (Q.): p. 943.

Procurement of rice through rice mills and D. P. Agents (Q.): p. 934.

Production of Jute and Aus Paddy in Murshidabad district (Q.): p. 359.

Production of Paddy in Irrigated and non-Irrigated Lands in the State (Q): p. 382.

Provident Fund Money of the retrenched labours of Cossimbazar Manindra Mills (Q.): pp. 451-52

Provident Fund Money of the employees of the Berhampore Municipality (Q.): p. 221.

Purchasing Centres for food articles (Q.): p. 390.

Quota of paddy for the rice mills (Q.): p. 950.

Recorded tanks for irrigation in West Bengal (Q.): p. 461.

Rehabilitation of retrenched sweetmeat shop workers (Q.) p. 195.

Restriction on movement of rice from Kandi subdivision (Q.) p. 944.

Retail dealers in paddy and rice (Q.): p. 843.

Return of refugees from Maharastra (Q.): p. 761.

Rice and Paddy purchasing centres in Murshidabad district (Q.): p. 376.

River Pump Irrigation Scheme at Khairakuri, Birbhum: p. 274.

Seizure of paddy and rice by cordon police (Q.): p. 939.

Soil Testing Leboratories (Q.): p. 830.

Supply of rice and wheat in M. R. shops of Murshidabad and Nadia districts (Q.): p. 478.

Tractors under Agriculture Department (Q.): p. 838.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council: pp. 83, 85, 93, 404, 413-17.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965: pp. 973-74, 994.

Ray, Shri Birendra Narayan

Aid to the families of injured or deceased Jawans (Q.): p. 963.

Air-Conditioning of Government Houses (Q): p. 559.

Amirabad and Palsanda Health Centres (Q.): p. 940.

Arrests of Adulterators and profiteers (Q.): p. 358.

Ray, Shri Birendra Narayan

Audit Report in respect of the Jeep of Mushidabad District School Board (Q) : p. 119.
Bally Bridge in Murshidabad district (Q.) : p. 910.
Cement (Q.) : p. 940.
Collectorate Emplpyees (Q) : p. 556.
Debate on Food Policy for 1966 : pp. 321-23
Drainage Scheme in Bilbasia and Jibanti areas of Murshidabad district (Q.) : p. 901.
Escape of some prisoners from Presidency Jail (Q.) : p. 960.
Firearms (Q.) : pp. 389-90.
Lands vested in Government (Q.) : p. 852.
Modified rationing operation in the districts of Purulia and Mushidabad (Q.) p. 391.
Murshidabad Water Supply Scheme (Q.) : pp. 438-39.
Non-supply of rice at Berhampore, Murshidabad and Jangipur towns (Q) : p. 939.
Package Scheme (Q.) : p. 941.
Payment of compensation to the ex-zaminders (Q.) : p. 917.
Procurement of Paddy and Rice (Q.) : p. 961.
Production of Rabi Crops in Nabagram, Murshidabad and Lalgola police-stations (Q.) : p. 939.
Requisition of land for rehabilitation of refugees (Q.) : p. 373.
Sagardighi-Gokarna Road, Murshidabad (Q.) p. 849.
Seizure of licensed firearms in Govt. Custody (Q.) p. 360.
Seizure of Spurious Passport (Q.) : p. 940.
Spurious Passports (Q.) : pp. 452-53.
Violation of Paddy and Rice Control Order (Q.) : p, 766.

Roy Chowdhury, Shri Khagendra Nath

Mention Case : p. 640.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965 : p. 973.

Referance under rule 194

p. 132.

Report(s)

Presentation of—of the Select Committee on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1955 : p. 293.
Presentation of the Seventh—of the Committee on Estimates by Shri Baidayanath Banerjee : p. 50.
Presentation of the Thirty First—of the Business Advisory Committee by Mr. Speaker : pp. 489-90.

Report of the Committee on Public Accounts

Mention for extension of time for presentation of— : p. 237.

Resolution(s)
Non-officials : p. 771.

Roy, Shri Arabinda
Non-official Resolution : p. 140.

Roy, Shri Aswini
Agreement on the bonus disputes of tea garden workers (Q.) : pp. 439-43.
Asansol Planning Organisation (Q:) : p. 921.
Assessment of ratable valuation of properies within Callcutta Corporation Area (Q.) : p. 205.
Bonus for the emplyees of Govt. Industries (Q.) : p. 951.
Bus route No. 83 from Kidderpore to Falta (Q.) : p. 619.
The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee : pp. 580-82, 653-55, 701, 714-15, 729, 731, 732, 734.
Channa Sweetmeats (Q.) : p. 956.
Daily production target of Coal from the Coke Oven Plant of Durgapur Project Ltd. (Q) : p. 837.
Debate on Food Policy for 1966 : pp. 244-47.
Effect of Milk Products Control Order on the employees of sweetmeat shops (Q.) : p. 194.
Flat Rice Mills in West Bngal (Q.) : p. 460.
Incentive bonus for the employees of Durgapur Project Ltd. (Q.) : p. 826.
Labour Co-operative Societies in Bankura district (Q.) : pp. 46-48.
Lift Irrigation Pumps in Burdwan district (Q.) : p. 935.
Memorandum from the students of India College of Arts and Craftsmanship, Calcutta (Q.) : p. 611.
Mention Case : pp. 50, 236. 633, 642.
Movement of Cattle in Calcctta (Q) : p 218.
Number of Bonus Disputes Pending (Q.) : pp 16-17.
Paddy cultivation in Government Farms in Burdwan district (Q.) : p 963.
Paddy procurement tergets for different districts (Q.) : p. 941.
Paddy perchase centres in Burdwan distrist (Q.) : p. 844.
Price of milk supply from Calcutta Central Diary (Q.) : p. 956.
Primary Schools in Durgapur Notified Area (Q.) : p. 960.
Procurement of paddy through Co-operative Societies (Q.) : p. 543.
Procurement of paddy through Co-operative Societies in Burdwan district (Q.) : p. 106.
Purchase of paddy through Co-operative Societies in Burdwan Sadar subdivision (Q) : p. 552.
Rise of price of plots lands in Calcutta (Q) : p. 903.
State Transport Corporation of West Bengal (Q.) : p. 126.
Supply of rice and atta to Hotels and Restaurants in Calcutta (Q.) : p. 935.

Roy, Shri Aswini

Sweetmeat Stalls in Calcutta (Q.): p. 384.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council: pp. 60-62, 73-74, 77-79, 82, 83, 84, 86, 91, 94, 101, 399, 402, 403, 406.

X-Ray Department of the Eden Hospital, Calcutta (Q.): pp. 34-35.

Roy, Shri Monaranjan

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Second Amendment) Bill, 1965: p. 877.

The Calcutta Metropolitan Water and Sanitation Bill, 1965, as reported by the Select Committee: pp. 570-73, 681, 706-708, 720-22, 744-46.

Compilation of Consumer's Price Index for Working Class (Q.): p. 14.

Debate on Food Policy for 1966: pp. 332-34.

Loan sanction by the West Bengal Financial Corporation (Q.): p. 629.

Memorandum to the Chief Minister by some woman (frut sellers) (Q.): p. 360.

Mention Case: pp. 634, 646, 647.

Non-official Resolution: p. 143-47.

Notice of an Adjournment Motion on the subject of Strike of Sweepers of Howrah Municipality: p. 565.

Supply of electricity in Barrackpore Industrial areas (Q.); p. 477.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council: pp 52-56.

The West Bengal Slum Area (Improvement and Clearance) Bill, 1965: pp. 887-89.

Roy, Shri Narayan Chandra

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committe: pp. 500-502, 664, 683.

Debate on Food Policy for 1966: pp. 323-25.

Non-official Resolution: pp. 771, 803-804.

Tender call for mechanised brick plant at Palta (Q.): p. 948

Saha, Shri Abhoy Pada

Mention Case: p. 134.

The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965, as passed by the West Bengal Legislative Council: pp 64, 72, 74, 75, 81.

The West Bengal Land Reform (Second Amendment) Bill, 1965: pp. 982-83.

Santra, Shri Jugal Charan

Lands vested in Government in Bistupur police-station, 24-Parganas (Q.): p. 626.

Paddy lands in 24-Parganas district (Q.): p. 850.

Debate on Food Policy for 1966: pp. 265-67.

Select Committee
Presentation of the report of the—on the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 : p. 293.

Sen, Shri Prafulla Chandra
Debate on Food Policy for 1966 : pp. 338-44.

Samsuddin Ahammad, Shri
Non-official Resolution : pp. 784-85.

Sumsul Bari, Shri Syed
Introduction of free and Compulsory Primary Education in Midnapore Municipality (Q.) : p. 622.
Primary Schools in Midnapore Town (Q.) : p. 623.
Tubewells in Midnapore Block (Q) : p. 485.

Shukla, Shri Krishna Kumar
Debate on Food Policy for 1966 : pp. 260-62.
Non-official Resolution : pp. 791-94.

Singha, Dr. Radhakrishna
Cases of adulteration in food and medicine (Q.) : pp. 445-47.
Collectorate Employees (Q.) : p. 556.
Debate on Food Policy for 1966 : pp. 259-60.
Requisition of Land for rehabilitation of refugees (Q.) : p. 373.

Sinha, Shri Rabindra Lal
Statement on a Calling Attention on the subject of reported letter of Shri M. C. Chagla, Union Education Minister, regarding legislation on University : p. 223.

Speaker, Mr.
Announcement of—on the Conviction of Member by Shri Kanai Pal : p. 394.
Leave of absence : p. 646.
Obituary Reference : p. 807.
Presentation of the Thirty-first Report of the Business Advisory Committee : pp. 489-90
Ruling given by—on a privilege raised by Shri Sambhu Charan Ghosh, after moving his motion for leave to introduce his Bill in Bengali entitled পশ্চিমবঙ্গ শিক্ষায়তন সমূহে ধূমপান বিধেয়ক (বিল), ১৯৬৫ : p. 98.

Thakur, Shri Shreemohan
Debate on Food Policy for 1966 : pp. 295-96.

Question(s)

Absorption of graduate and under-graduate special cadre teachers of Howrah : p. 191
Accident in the Calcutta Surgical Cotton Co. : p. 33.
Action taken on the recommendation of W. B. Sadacher Samity : p. 959.
Advisory Committee for Primary Health Centre : pp. 45-46.
Agreement on the bonus disputes of tea garden workers : pp. 439-43.
Aid to the families of injured or deceased Jawans : p. 963.
Air-conditioning of Government Houses : p. 559:
Air-conditioning of Ministers' and officers' Rooms : p. 372.
Alarm-bell in the Presidency Jail : p. 443.
Allegation of corruption against one Inspector of Tols, Vangiya Sanskrita Shiksha Parishat : p. 615.
Alleged assault on the Officer-in-charge of Khardaha police-station by two Militarymen : p. 834.
Alleged cremation of the dead body of Santi Dutta by police without his mother's knowledge : p. 831.
Alleged drawal of fictitious bills of pay, allowances, etc., in the West Bengal Fire Services Directorate : p. 929.
Alleged issue of permit for bringing 2,000 quintals of rice from Bankura Police Co-operative Stores to Howrah : p. 927
Alleged sanction of house-building loan to Scheduled Caste people in Chinsurah police-station, Hooghly : p. 694.
Alleged selling of rice at Rs. 2·50 to Rs.3 00 per kg. in Nadia and Howrah : p. 930.
Alleged smuggling of rice from North Bengal to Nepal : p. 943.
Alleged violation of Shops and Establishments Act in the sales division of Joy Engineering Works Ltd. : p. 445.
Allowances for the politieal sufferers : p. 957.
Allowances for Tahasildars : p. 954.
Amirabad and palsanda Health Centres : p. 940.
Amount allotted for the flood control and town protection scheme in West Dinajpur district : p. 479.
Anchal Panchayats in Santipur Block, Nadia : p. 628.
Applications for Corrugated Iron Sheet in Midnapore district : p. 922.
Application of Levy Order on the share-croppers holding two to five acres of lands : p. 936.
Application for Provident Fund money by the retrenched employees of Cossimbazar Manindra Mill : pp. 5-7.
Appointment of Shri R. Gupta as Adviser to the Chief Minister : p. 951.
Appointment of untrained teachers in Primary Schools : p. 612.
Arrests of Adulterators and Profiteers : p. 358.
Arrest of black marketeers in Baby Food in Calcutta and Howrah : p. 824.
Arrest of dealers in Mustard oils and seeds in Midnapore district : p. 282.

Question(s)

Arrests in Midnapore district for unlawful trade in rice and paddy: p. 835.

Arreste of Pak infiltrators in West Bengal : p. 946.

Arrest of persons during Indo-Pak conflict : p. 461.

Asansol planning organisation : p. 921.

Assessment of ratable valuation of properties within Calcutta Corporation area : p. 205.

Auction sale of forests in Jamboni police-station : 121.

Audit report in respect of the jeep of Murshidabad district School Board : p. 199.

Average yield of Aman Paddy in West Bengal : p. 359.

Badshahi Road : p. 287

Bakeries and Biscuit Factories in Nadia district : p. 697'

Bally Bridge in Murshidabad district : p 910.

Bandel Thermal Power Station : p. 539.

Bargadars and Adhiars : p. 555.

Barrackpore-Kalyani Road : p.485.

Basis of allotment of Doctors, Nurses and Compounders in Hospitals : p. 275.

Bogus Ration Cards at Asansol : p. 476.

Bogus Ration Cards in Konnagar-Rishra Sub-area : 943.

Bonus for the employees of Govt. Industries : p. 951

Bonus to employees of State Government Industrial Undertakings : p. 1.

Border Police : p. 934.

Borstal School at Berhampore : p. 944.

Brochure titled "Janar Katha" : p. 911.

Building of the Sarada Prosad Institution for Girls, Ultadanga : p. 957.

Bus Route No. 83 from Kidderpore to Falta : p. 619.

Bus Routes under R. T. A., Nadia : p. 129.

'Calories' in certain fruits and vegetables : p. 561.

Cancellation of M. R. Dealership in Purulia district : p, 366.

Cases of adulteration in food and medicine : pp. 445-47.

Cases filed in connection with general election of the Santipur Municipality. pp. 44-45.

Cases of theft and dacoities in Bishnupur and Jaypur police-stations : p. 559.

Cases of theft of paddy from the fields : p. 559.

Cattles in Haringhata Dairy Farm : p. 854.

Cement : p. 940.

Cement for Midnapore district : p. 691.

Central Model School, Calcutta : p. 204.

Chhana Sweetmeats : p. 956.

Chief Minister's tour of collection of money for National Defence Fund : p. 819.

Question(s)

Cinemas in Burdwan district : p. 559.
Cinema rules : p. 923.
Cinemas in Tamluk subdivision : p. 923.
Civil Defence Organisation : p. 840.
Closure of Husking Machines in Burdwan district : p. 942.
Collection of revenue from Tea garden areas : p. 556.
Collectorate Employees : p. 556.
Comb Industries : p. 933.
Complaints against the Managing Committees of Secondary Schools in Midnopore district : p. 605.
Computation of cost of living index figures : pp. 14-16.
Compilation of consumers' Price Index for Working Class : p. 14.
Complaints of criminal activities against some employees of Kanchrapara T. B. Hospital : pp. 18-24.
Constructing metalling and maintenance of in-road in 24-Parganas and Barrackpore subdivisions : pp. 480-81.
Construction of Roads in Midnapore district : p. 908.
Constructions of a subway near Railway Station : p. 221.
Consumers Co-operative Stores in Midnapore district : p. 368.
Convicted prisoners : p. 271.
Co-operative rice mills in Burdwan district : p. 550.
Co-operative rice mills in Midnapore district : p. 551.
Cottages of Berhampore Sadar Hospital : pp. 458-59.
Crimes in Midnapore district: pp. 461-62.
Cultivation by Bargadars : p. 557.
Cultivation of coconut and betel-nuts : p. 818.
Cultivation of Cotton : p. 922.
Cultivable fallow lands in Birbhum district : pp. 464-65
Cultivable fallow lands in Ghatal subdivison : p. 555.
Cultivation of Gunja : p. 348.
Cultivation of sugarcane in Nadia district : p. 851.
Daily production target of Coal from the Coke Oven Plant of Durgapur Project Ltd. : p. 837.
Damage to Cooch Behar Jail : pp. 7-9.
Dearth of medicine in the E.S.I. dispensaries of 24-Parganas district : pp. 453-54.
Deed Registry Office at Santipur, Nadia : p. 288.
Deep tubewells : p. 836.
Deep tubewells in Bishnupur and Joypur police-stations, Bankura : pp. 483-84.
Deep tubewell in Midnapore district : pp. 276-278.
Deep tubewells in Nadia district : p. 851.
Deep tubewells for Sundarban Anchal : p. 365.

Question(s)
Deficit of rice and atta during 1965-66 : p. 938.
Deputation pay to the teachers undergoing training at the Tumluk College : p. 767.
Diet of the patients of the Dhubulia T. B. Hospital, Nadia : pp. 12-14.
Dilapidated condition of Primary School at Methiadanga : p. 625.
Direction issued by the S. D. O., Sadar South, Midnapore, regarding distribution of Kerosene oil in Kharagpur : p. 212.
Dismissal and suspension of State Government employees : p. 177.
Distribution of blankets among the prisoners : p. 930.
Distribution of G. R. in Nadia district : p. 289
Distribution of Gratuitous Relief : p. 540.
Distribution of Gratuitous Relief in Nadia district : p. 218.
Distribution of Gratuitous Relief in Radharghat Anchal, Berhampore : p. 850.
Distribution of Gratuitous Relief in Ranaghat subdivision : p. 219.
Distribution of Jute seeds to the peasants of Kotwali police-station, Nadia : p. 46.
Distribution of relief : p. 763:
Distribution of rationed articles in Santipur police-station : p. 834.
Distribution of seedlings from Moyna Block, Midnapore : pp. 467-69.
Distribution of seedlings from Moyna and Pingla Blocks, Midnapore : pp. 271-73.
D. P. Agents, Rice Mills and Co-operative Societies in Murshidabad district : p. 487.
Drainage Scheme in Berhampore police-station : 902.
Drainage Scheme in Bilbasia and Jibanti areas of Murshidabad district : p. 901.
Drainage system in the Dum Dum Jail : p. 444.
Drainage Schemes in Midnapore district : p. 915.
Durgapur Expressway : p. 274
Effect of Levy Order on Bargadars : p. 928.
Effect of Milk Product Control Order at the sweetmeat shops : p. 929.
Effect of Milk Products Control Order on the employees of swsetmeat shops : 194.
Effect ot New Food Policy on the free sale of rice : p. 928.
Elections to Anchal Panchayats throught the State : p. 767.
Electrification of deep tubewells : pp. 122, 363.
Electrification Scheme for rural areas of Mushidabad district : p. 942.
Escape of some prisoners from Presidency Jail : p. 960.
Establishment of General Hospitals at Naihati and Bhatpara : p. 128.

Questions(s)

Expenditure for the welfare of Scheduled Castes and Tribes people of Murshidabad district : p. 104.

Expenditure incurred for the welfare of Scheduled Castes and Tribes people in Midnapore district : pp. 283-86.

Extension of the payment of Bonus Act to the Public Sector undertakings : p 956.

Facilities of fishing in tanks within the Presidency Jail Compound to the detenues : p. 386.

Factories for making stone powder at Cossipore : p. 120.

Factories for manufacturing instruments for technical education : p 180

Factories for producing Engineering equipments in Howrah : p 550.

Failure of Electricity in the Presidency Jail : p 850.

Fallow lands vested in Government in Egra police-station, Midnapore : p 125.

Family allowances to the D I R. Detenus : p 378.

Financial assistance to the Libraries in Hooghly district : p 391.

Fanancial assistance to the Scheduled Caste Students in Moyna police-station, Midnapore : pp. 41-42.

Firearms : pp. 389-90

Fisheries Department of Howrah district : p. 855.

Fishermen Co-operative Society : p. 286.

Fishermen Co-operative Societies in Jhargram subdivision : p. 560.

Fixation of price of paddy : p 365.

Flat Rice Mills in West Bengal : p. 460

Food crops damaged by hailstorm in Cooch Behar district : p. 542

Forest area under Government Control in Jhargram subdivision : p 560

Free and Compulsory Primary Education in Midnapore areas : p. 607.

General registered cases and title suits : p 924.

Gouripur Electrical Supply Company : p. 118.

Government godowns for storing rice and paddy in Midnapore district : p. 215.

Government Grant to the Board of Secondary Education : p. 929.

Government Jeep under the S D O., Uluberia : p. 845.

Government Khas Lands : p. 846.

Government Khas Lands in the Char areas of the Padma : p. 917.

Government Khas Lands in Salanpur police-station, Asansol : p. 128.

Government Khas Land in Uluberia mauza Howrah : P 476.

Government Motor Boats, Steam Boats and Steamers : p. 959.

Government Sponsored Schools in C.I.T. Estates : p. 198.

Question(s)

Gram-dan : p. 359.
Grant of loans or subsidies to fishermen for augmenting fish production : p. 389.
Grant to some non-existent Tol by the Vangiya Sanaskrita Shiksha Parisat : p. 953.
Grants to the Anchal Prachayats of Midnapore district : p. 853.
Grants to the Calcutta University : p. 618.
Grants to Ramnagar Balika Vidyalaya, Midnapore : p. 696.
Grant to the West Bengal Board of Secondary Education for books Printed and published by foreign publishers : p. 851.
Grow More Food Scheme in Falakata, Mairadanga and Deogaon Anchals, Jalpaiguri : p. 360.
Howrah Improvement Trust Tribunal : p. 189.
Implementation of declaration of bonus by factory owners : pp. 9-12.
Implimentation of the Levy Order on paddy : p. 813.
Import of mustard oil : p. 840.
Improvement of Agriculture : p. 124
Incentive bonus for the employees of Durgapur Project Ltd. : p. 826.
Inclusion of the village Dakshin Dhadka within Asansol Municipality : p. 389.
Inspection of M. R. Shops by D. E. B. Poliee in Purulia district : pp, 465-66.
Inspection of Rice Mills in purulia district : p, 367.
Institution of suits in Chandernagore subdivision under D.I.R. : p. 273.
Introduction of free and conpulsory primary education in municipal areas : p. 204.
Introduction of free and Compulsory Primary Education in Midnapore Municipality : p. 622.
Introduction of State Buses in some routes by Durgapore State Transport Authorities : p. 201.
Introduction of Statutory Rationing System in North Dum Dum and Naba Barrackpore municipal areas : p. 833.
Irrigation scheme in Rajnagar police-station, Birbhum : pp 476-77.
Isolation Ward of the Balurghat General Hospital : pp. 481-82.
Junior Basic Schools : p. 767.
Junior High, High and Multipurpose Schools in Birbhum district : p. 930.
Junior High Schools in Jhargram subdivision : p. 847.
Junior High Schools in Midnapore town : p. 694.
Khandagosh-Chawkpurhit road : p. 909.
Labour Co-operative Societies in Bankura district : pp 46-48.

Question(s)

Labourers engaged in Rope-making Industry in some anchals of Serampur subdivision : p. 477.
Land of jurisdiction list No. 136, mauza Sanjip, Kharba police-station, Malda : p. 919.
Lands in Asansol subdivision : p. 482.
Lands vested in Government : 852.
Lands vested in Government in Bistupur police-station, 24 Parganas : p. 626.
Langalhata Beel Drainage scheme : p. 221.
Levy on paddy : p. 376.
Levy system : p. 927.
Lift Irrigation pumps in Burdwan district : p. 935.
Loan to the Cossimbazar Bengal Textile Mill : p. 533.
Loans granted to Fishermen in Hooghly district : p. 627.
Loan and grant-in-aid sanctioned for the expansion of Industries : p. 923.
Loan by the Rehabilitation Industries Corporation to the Cossimbazar Bengal Texile Mills : p. 533.
Loans sanctioned for reclamation of tanks in Midnapore district : p. 390.
Loan sanctioned by the West Bengal Financial Corporation : p. 629.
Lump grants sanctioned to Anchal Panchayats under Egra I and II Blocks, Midnapore : p. 290.
'Mahila Samity' in Ausgram, Galsi and Kanksa police-stations, Burdwan : p. 918.
Main items in Agricultural Development in the Third Plan period : p. 126.
Managing Committee of the Retail Consumers' Co-operative Society in Calcutta : p 121.
Mayna-Paramanandapur-Pingla road : p. 918.
Memorandum from the students of India College of Arts and Craftsmanship, Calcutta : p. 611.
Memorandum to the Chief Minister by some women (Fruitsellers) : p. 360.
Minimum wages and increased dearness allowance of the employees of the Berhampore Municipality : p. 478.
Minimum wages for the workmen in Glass Industry : p. 32.
Modified Ration Shops in Binpur Block I, Midnapore : p. 208.
Modified Ration Shops in Binpur Block II, Midnapore : p. 209.
Modified Ration Shop in Gopiballavpur Block I, Midnapore : p. 207.
Modified Ration Shop in Gopiballavpur Block II, Midnapore : p. 207.

Question(s)

Modified Ration Shops in Jhagram Block : p 205.
Modified Ration Shops in Jambani Block, Midnapore : p. 206.
Modified Ration Shops in Nayagram Block, Midnapore : p. 206.
Modified Ration Shops in Sankrail Block, Midnapore : p. 208.
Modified rationing operation in the districts of Purulia and Murshidabad : p 391.
Moharars in the Joint Sub-Registry Office of Tamluk and Mayna : p. 374.
Movement of Cattle in Calcutta : p. 218.
M. R. Dealers in Midnapore district : p. 934.
M. R. Shops in Purulia district : p. 628.
Municipal market at Chelidanga, Asansol : pp 43-44.
Murshidabad Water Supply Scheme : pp. 438-39.
Nadia District Hospital and Ranaghat subdivisional Hospital : pp 287-88.
Names of M. R. Dealers residing within five miles of border area in Purulia district : p. 365.
N. E. S. blocks in Tufangunj subdivision : p. 834.
Non-ferrous metal factories : p. 115.
Non-supply of rice at Berhampore, Murshidabad and Jangipur towns : p. 939.
Number of Blocks in Midnapore district : p. 854.
Number of Bonus Disputes pending : pp. 16-17.
Number of cases pending in the High Court at Calcutta : p. 125.
Number of D P. Agents and Co-operative Societies appointed for procurement of rice and paddy : p. 936.
Number of Original Side Suits, First Appeal and Second Appeals pending in the High Court at Calcutta : p. 122.
Number of Pakistani Nationals without valid Passports detected in West Bengal : p. 849.
Number of Periodicals from Nadia district : pp. 385-86.
Number of persons knocked down by private motor cars in Tollygunge area : p. 927.
Number of Ration Cards and their units in Cooch Behar district : p. 289.
Number of teachers in primary school in Howrah : p 203
Nursing personnel in the State Hospitals in Calcutta : pp. 42-43.
Office of Divisional Commissioner : 370.
Old age pension scheme in Binpur Block I, Midnapore : p. 37.
Old age pension scheme in Binpur Block II, Midnapore : p. 37.
Old age pension scheme in Gopiballavpur Block I, Midnapore : p. 36.

Question(s)

Old age pension scheme in Gopiballavpur Block II, Midnapore : p. 36.
Old age pension scheme in Jambani Block, Midnapore : p. 37.
Old age pension scheme in Jhargram Block, Midnapore : pp 36-37.
Old age pension scheme in Nayagram Block, Midnapore : p. 36.
Old age pension scheme in Sankrail Block, Midnapore : p. 35.
Opening of milk canteen at B. R. S. Scheme No. 10, Kankurgatchi : p. 855.
Opening of a police-station at Bud Bud : 696.
Opening of post graduate and law classes in the Hooghly Muhsin College : p. 193.
Order of District Magistrate on the movement of "Muri" and "Chira". : p. 839.
Orphanages : p. 374.
Orphanage at Berhampore : p. 629.
Outbreak of Cholera in Purulia district : pp. 24-27.
Package Scheme : p. 941.
Paddy collection in Government Farms in Burdwan district : p. 963.
Paddy lands in 24-Parganas district : p. 859.
Paddy procurement tergets for different district : p. 941.
Paddy purchase Centres in Burdwan district : p. 844.
Paddy Purchasing Centres in Birbhum district : p. 696.
Paddy Purchasing Centre at Nima in Baroa police-station, Kandi sub-division : p. 933.
Particulars of some categories of land : p. 948.
Part-time appointment of Primary School teachers : p. 205.
Payment of Bonus in Factories : pp. 1-5.
Payment of bonus in Cossiombazar Manindra Mill and B. T. Mil : p. 34.
Payment of Compensation to the ex-Zaminders : p. 917.
Payment of minimum wages to the Labourers of Municipalities : p. 436.
Payment of minimum wages to the tea workers : p. 920.
Pay-scales of the Pharmacists : p. 214.
Pay-scales of Typists in the Directorate and Secretariat : p. 612.
Per-capita expenditure in different types of Schools : p. 381.
Periodicals published by State Government : pp. 447-51.
Period of Suspension of the Industrial Workers : pp. 29-32
Persons affected by the Bandel Thermal Power Station : p. 551.
Pisciculture Programme in Bishnupur, Katiganga, Chaltia and Bhandar Beels in Berhampore P. S. : p. 617.
Pisciculture Research Centres : p. 203.
Police Search in Industrial Concerns of Calcutta : p. 946
Possession of Land in Uluberia mauza, Howrah : p. 380.
Posting of Policemen before the Midnapore Congress Bhawan during July-August, 1965 : p. 820.

Question(s)

Potable water in Dum Dum Central Jail : p. 287.
Potato purchase loan in Hooghly district : pp. 286-87.
Prafulla Krisit Parishad : p. 606.
Preparation of a list of food items with the Co-operation of WHO : p. 950.
Preservation of the library at Chandernagore : p. 847.
Prevention of clandestine trade in rice and paddy in Midnapore district : p. 924.
Price of milk supplied from Calcutta Central Diary : p. 956.
Price of paddy and rice in Jhargram subdivision : p. 467.
Primary Health Centres under Pingla and Moyna Development Blocks : p. 949.
Primary Schools in Calcutta : p. 625.
Primary Schools in Durgapore Notified Area : p. 960.
Primary Schools in Midnapore Town : p. 623.
Primary teachers in Midnapore district : p. 616.
Primary Vaccination at Jalchawk in Midnapore district : p. 435.
Primary Vaccination in the village of Jalchawk in Midnapore district : pp. 444-45.
Private Electric Companies under the State Government management : p. 117.
Private wholesale trade in Paddy and Rice : pp. 466-67.
Prize for facilitating arrest of Pak Spies : p. 286.
Procurement of Paddy in Binpur police-station, Midnapore : pp. 474-75.
Procurement of paddy in Gopiballavpur police-station, Midnapore : p. 692.
Procurement of paddy in Jhargram police-station, Midnapore : pp. 472-73.
Procurement of paddy in Manikara village of Amta police-station : p. 833.
Procurement of paddy through Co-operative Societies : p. 543.
Procurement of paddy through Co-operative Societies in Burdwan district : p. 106.
Procurement of rice in Jamboni Block, Midnapore : p. 925.
Procurement of rice after March, 1966 : p 943.
Procurement of rice in Nayagram police-station, Midnapore : pp. 486-87.
Procurement of Paddy and Rice : p. 961.
Procurement of rice and paddy : p. 946.
Procurement of rice and paddy in Midnapore district : p. 924.
Procurement of rice from Rice Mills : p 355.
Procurement of rice from Rice Mills in Cooch Behar district through levy system : p. 362.
Procurement of Rice in Sankrial police-station, Midnapore : pp. 470-71.
Procurement of rice through rice mills and D. P. Agents : p. 934.

INDEX

Question(s)

Production of different varieties of food and seed in Uluberia Block I Agriculture Farm : p. 554.

Production of paddy in Irrigated and non-Irrigated Lands in the State : p. 382.

Production of jute and Aus paddy in Murshidabad district : p. 359.

Production of Rabi Crops in Nabagram, Murshidabad and Lalgolla police-stations : p. 939.

Proposal of alternative food for the town-people : p. 950.

Proposal for establishment of a hospital under Barrackpore Development Block : p. 384.

Proposal for the extension of Bus Route No. 9 : p. 957.

Protection of Balurghat town : pp. 386-87.

Protection of plantation workers from rain and cold : p. 920.

Provident Fund money of the employees of the Berhampore Municipality : p. 221.

Provident Fund money of the employees of Ranaghat Municipality : p. 195.

Provident Fund money of the retrenched labours of Cossimbazar Manindra Mills : pp. 451-52.

Provident Fund Rules for the teachers and employees of the Chandernagore Municipal Corporation : p. 128.

Publication of some news in the 'Jugantar' of the 5th November, 1965 : p. 822.

Pumping Plant for Grow More Food Scheme : pp. 479-80.

Purchase of Milk in Midnapore, Howrah, Burdwan and Hooghly Jails : p. 920.

Purchase of Paddy by the Co-operative Societies of Burdwan district : p. 547.

Purchase of paddy by the Government : p. 466.

Purchase of paddy in Purulia district : p. 465.

Purchase of paddy through Co-operative Societies in Burdwan Sadar subdivision : p. 552.

Purchasing Centre for food article : p. 390.

Quarters for the Jail Warders of Dum Dum Central Jail : p. 387.

Quota of Paddy for the rice mills : p. 950.

Rabindra Rachanabali : p. 476.

Ration Cards-holders in some Municipalities of Hooghly district : p. 835.

Ration Cards at Jhargram : p. 373.

Ration for Labour : p. 933.

Ration for the coal mines labour in Asansol subdivision : p. 482.

Ration Shops in factories : p. 938.

INDEX

Question(s)

Realisation and non-Realisation of Canal Tax at village Chakta, Burdwan : p 363.

Realisation of Agricultural loan : p. 845.

Recategorisation of Ration Cards : p. 949.

Receipts of contribution to National Defence Fund in Midnapur : p. 837.

Receipt of old age pension in Nadia district : p 220

Reclamation of Khals and construction of Bridge in Midnapore district : p. 463.

Recommendation of Central Wage Board on Jute : p 955

Recommendation of the Flood Enquary Committee, 1959, on the Mayurrakshi Basin Scheme : p 848

Recorded tanks for irrigation in West Bengal : p. 461.

Recruitment of persons in West Bengal Police and West Bengal Aramed Police Services : p. 351.

Refugee dole : p. 538.

Registered Co-operative Societies in Egra police-station, Midnapore : p. 391.

Rehabilitation of retrenched sweetmeat shop workers : p. 195.

Rehabilitation of slum dwellers in Maniktolla area : p. 529.

Release of D. I R. detainees : p. 809.

Relief and Social Welfare Committee : pp 482-83.

Restriction on movement of rice from Kandi subdivision : p. 944.

Resuscitation of derelict tanks for Pisciculture : p. 922.

Retail dealers in Paddy and Rice : p 843

Return of Refugees from Maharastra : p. 761.

Return of Refugee families from other States : p. 762.

Requisition of land for rehabilitation of refugees : p. 373.

Requisition of Paddy in Purulia district : p. 486.

Requisition of Police Force from other States : p 361.

Rice and paddy purchasing centres in Murshidabad district : p. 376.

Rise in price of plots of lands in Calcutta : p. 903

River Pump Irrigation Scheme at Khairakuri, Birbhum : p. 274.

Riverside Lands : p. 464.

Road from Jiagunj-Bagdahat point to Harirampur Ghat : p 954.

Sabajpur Sambodhi Siksha Tirth, Midnapore : p. 625

Sadi High School and Sadi Senior Basic High School, Midnapore : p. 209.

Sagardighi-Gokarna Road, Murshidabad : p. 849.

Sale of Baby Food : p. 948.

Santipur Veternary Hospital : p. 289.

INDEX

Question(s)

Scheduled Castes and Tribes Students in Kanksa High School, Burdwon : p. 621.

Scheme No. 13 of the Howrah Improvement Trust : p. 609.

Schemes for Water Supply and Drainage for South Subarban Municipality : p. 378.

Schemes under the Rural Manpower Programme : p. 355.

Seed Farm in Bhagwangola Block No. 1 : p. 833.

Seizure of Licened Firearms in Govt. custoday : p. 360.

Seizure of paddy : p. 486.

Seizure of paddy and rice by Cordon police : p. 939.

Seizure of rice from the Calcutta coming trains in S. E. Railway : pp. 282-83.

Seizure of Spurious Passports : p. 940.

Setting up of Panchayats throughout the State : p. 558.

Small Irrigation Scheme in Rajnagar, Khayrasol, Dubrapubr and Kambazar Blocks, Birbhum : pp. 39-40.

Small Irrigation Schemes in Jhargram and Midnapore Sadar North subdivisions : p. 382.

Soil Testing Laboratories : p. 830.

Special leave for the warders of Dum Dum Central Jail : p. 479.

Spurious Drug Manufacturing Factory : p. 352.

Spurious Passports ; pp. 452-53.

Squatters' Colonies : p. 536.

Staff under Smallpox Eradication Scheme : pp. 454-58.

State Transport Corporation in West Bengal : p. 126.

Stoppage of supply of Rice from Modified Ration Shops in Kharba P. S., Malda : p. 361.

Street accidents in the Diamond Harbour Road : p. 381.

Subdivisional Officer for Tufangunj subdivision : p. 840.

Supply of butter to the patients of a few hospitals in Calcutta : p. 35.

Supply of cement and tin in Tamluk subdivision, Midnapore : p. 125.

Supply of drinking water within the Bhatpara and Naihati Municipal areas : p. 765.

Supply of Electricity in Barrackpore Industrial areas : p. 477.

Supply of fish in Greater Calcutta : p. 610.

Supply of fish to the patients of Medical College Hospitals, Calcutta : p. 34.

Supply of gram in the hill subdivisions of Darjeeling district : p. 945.

Supply of rice and atta in Barrackpore subdivision : p. 938.

Supply of rice and Atta to Hotels and Restaurants in Calcutta : p. 935.

Supply of Rice and Charcol to Jawans when on leave : p. 949.

Supply of Rice and Wheat in M. R. Shops of Murshidabad and Nadia districts : p. 478.

INDEX

Question(s)

Supply of Rice and Wheat through Ration Shops in Jagachha police-station : p. 839.

Supply of Sugar in Bankura Sadar Subdivision : p. 214.

Surrendar of sanctioned money from Gopiballavpur Block II, Midnapore : p. 38.

Sweetmeat Stalls in Calcutta : p. 384.

T. A. and D. A. drawn by B.D.O's. and Panchayat Supervisors of Blocks of Mayna, Tamluk, Panchkura and Pingla police-stations, Midnapore : pp. 40-41.

T. A., D. A., etc., drawn by Subdivisianal Magistrates and Civil Supply Officers of Midnapore district : p. 384.

T. B. allowances for the warders of Dum Dum Jail : p. 479.

Tender call for mechanised brick plant at Palta : p. 948.

Test reliet Schemes for Moyna police-station, Midnapore : p. 216.

Total acreage of Land under paddy cultivation and production of rice per acre : p. 376.

Total area of forests in Purulia district and scheduled rate of fuel : p. 380.

T. R. Schemes sanctioned for Purulia district : pp 388-89.

Tractors under Agriculture Department : p. 838.

Treatment and training in the School of Physical Medicine attached to the S. S. K. M. Hospital : pp. 387-88

Treatment under E.S.I scheme at Specialist Centres : pp. 32-33.

Tuberculosis Relief Association, Calcutta : pp. 27-29.

Tubewells in Midnapore Block : p. 485.

Tubwells, Ringwells, etc. in Burdwan district : p. 484.

Unclaimed Chhana : p. 766.

Unemployed persons in Bishnupur subdivision, Bankura : p. 484.

Unrealised Sales Tax : p. 954:

Upgrading of Junior High Schools in Jhargram subdivision : p. 622.

Upgrading of 4-Class Junior High Schools into 10-Class High Schools in Jhargram subdivision : p. 375.

Verification of antecedents of Government employees : p. 213.

Violation of Guest Control Order : p. 359.

Violation of Paddy and Rice Control Order : p. 766.

Wakf Estate in Midnapore district : pp. 279-82.

Want of accommodation in the High Court Building : p. 349.

Wheat Grinding Centres Bishnupur, Bankura : p. 388.

X-Ray Department of the Eden Hospital, Calcutta : pp. 34-35.

Yatra Party in Midnapore district : p. 370.

Yield rate and procurement method of Paddy in the districts o West Bengal : p. 129.

Yield rate of paddy in Sankrail police-station, Howrah : p. 380.